



দ্বিতীয় খণ্ড

উপন্যাস ব্যতীত সমগ্র বাঙ্লা রচনা

যোগেশচন্দ্র বাগল কর্তৃক সম্পাদিত বাঙকম-সাহিত্যের পরিচয় সমন্বিত





সাহিত্য সংসদ। ৩২এ আচার্য প্রফালুর রোড। কলিকাতা ৯

RR

- 10 3.88005
- 262651/2, 21

প্রথম প্রকাশ - দোলপর্যাপমা ১৮৬১

- 11.2 11

প্রকাশক : শ্রীমহেন্দ্রনাথ দত্ত শিশ্ব সাহিত্য সংসদ প্রাইভেট লিঃ ৩২এ আচার্য প্রফক্লচন্দ্র রোড। কলিকাতা ৯

STATE CENTRAL LIBRATION NO 77 6-86

DATE 22 8 0 5

মুদ্রক : শ্রীসরন্বতী প্রেস লিঃ
(পশ্চিমবর্পা সরকারের পরিচালনাধীন)
৩২ আচার্য প্রফাল্লচন্দ্র রোড। কলিকাতা ৯

প্রচ্ছদপট : শ্রীপীয্ব মিত পরিবেশক : ইন্ডিয়ান ব্ক ডিন্ট্রিউটিং কোং ৬৫/২ মহাস্থা গান্ধী রোড। কলিকাতা ৯

প্রকাশকের নিবেদন

বিষ্ক্রম রচনাবলী দ্বিতীয় খন্ড প্রকাশিত হইল। এই খন্ডে উপন্যাস ব্যাতরেকে বিষ্ক্রমচন্দ্রের অন্যান্য সম্দ্র বাঙলা রচনা সন্নিবেশিত হইল। প্রথম খন্ড প্রকাশকালে আমরা বাঙলা পাঠক-পাঠিকাগণের নিকট যে বাসনা জ্ঞাপন করিয়াছিলাম তাহা প্রেণ করিতে পারিয়া নিজেদের কৃতার্থ মনে করিতেছি।

প্রথম খন্ডের মত এ খন্ডটিকেও বথাসম্ভব সন্তান্ধ করিয়া প্রকাশ করিতে আমরা প্রয়াস পাইয়াছি। পর্ব্ব বারেই আমরা বলিয়াছিলাম যে, সাহিত্য-সম্বাট্ বঞ্চিমচন্দ্রের উপন্যাসসম্হের বহু সংক্ষরণ বাজারে প্রচলিত থাকিলেও জনপ্রিয় সন্তান্ধ সংক্ষরণ প্রকাশের দিকে আদৌ দ্ভিট দেওয়া হয় নাই। বর্ত্তমান দর্ই খন্ড প্রকাশ দ্বারা আমরা এই অভাব মিটাইতে যথাসাধ্য চেন্টা করিয়াছি।

পুনন্তকের মুদ্রণ পারিপাট্য, কাগজের স্থায়িত্ব, সুন্ঠান ও মজবন্ত বাঁধাই, মনোরম আবরণী প্রভৃতি বিভিন্ন দিক হইতে এই খণ্ডটিকে একটি আদর্শ সংস্করণ করিতে যত্নের চুটি করি নাই। প্রথম খণ্ড হইতে দ্বিতীয় খণ্ড আয়তনে অনেক বড় হওয়ায় আমরা উহার মূল্য বাড়াইতে বাগ্য হইয়াছি। ইহা সত্ত্বেও মনে হয় ইহা সাধারণ পাঠকের ক্রয়-ক্ষমতার বাহিরে যায় নাই। ঋষি বিশ্বকমচন্দ্রের প্রতি আন্তর্গিরক শ্রদ্ধা জ্ঞাপনার্থ আমরা যে আয়োজন করিতেছি তাহাতে বিদন্ধ সন্ধীসমাজের সহায়তা ও সমর্থনি ইতিমধ্যে লাভ করা গিয়াছে। তাঁহাদের নিকট আমরা কৃতক্ত্র। বর্ত্তমান খণ্ডটি প্রথম খন্ডের নাায় যে তাঁহাদের সাগ্রহ অনুমোদন লাভ করিবে এ বিশ্বাস আমাদের আছে।

এই খণ্ডে বিষ্ক্রমচন্দ্রের উপন্যাস ব্যতীত অন্যান্য সাহিত্যের পরিচয়সমন্বিত একটি স্বচিত্তিত তথ্যবহ্ন ভূমিকা স্সাহিত্যিক এবং ঐতিহাসিক শ্রীষ্ফুক্ত যোগেশচন্দ্র বাগল মহাশয় লিখিয়া দিয়াছেন। ইহার জন্য তিনি আমাদের বিশেষ ধন্যবাদার্হ।

বাংলা ক্লাসিক্স মাত্রেরই স্থারিত্ব দান ও জনপ্রিয় করিবার পক্ষে এর্প স্চুঠ্ব ও শোভন সংস্করণ প্রকাশ আমাদের জাতীয় কর্তব্যের মধ্যে গণ্য হওয়া উচিত। বিজ্ঞম রচনাবলীর ১ম ও ২য খণ্ড কির্পে আদরণীয় হইবে তাহার উপরই আমাদের প্রবত্তী প্রয়াস নির্ভর করিবে।

দ্বিতীয় মুদ্রণের ভূমিকা

বিজ্ক্ষ্মচন্দ্রের সাহিত্যখণ্ডটির দ্বিতীয় মুদ্রনের প্রকাশনায় আমরা যারপরনাই আনন্দ অনুভব করিতেছি। বিজ্ক্ষ্মচন্দ্রের প্রবন্ধাবলী গত শতকে রচিত হইলেও, আজও যে তাহার আবেদন পাঠকের মনে সমুজ্জ্বল রহিয়াছে, ইহা প্রকৃতই বর্ত্তমান বাঙালী পাঠকসমাজের সাহিত্যপ্রতির পরিচায়ক। বাঙলা সাহিত্যের প্রকাশক হিসাবে আমরা তাঁহাদের সাধুবাদ জ্ঞাপন করি।

প্রথম মূদুণটি বিলাতি বাইবেল কাগজে মুদ্রিত হইয়াছিল। কিন্তু বর্ত্তমানে আমদানি বাধানিমেধের জন্য বিলাতি বাইবেল কাগজ দুক্প্রাপ্য ও দুম্লা হওয়ায় বিশেষ নিদুদ্দে এদেশীয় কাগজপ্রাস্থতকারকের নিকট হইতে অনুরূপ কাগজ প্রস্থত করাইয়া বর্ত্তমান সংক্রিরণটি মুদ্রিত ইইল। বিশ্বাস করি, ইহাতে প্রকাশনা সোক্তিবের মান হাসপ্রাপ্ত হয় নাই। আনুষ্ঠিক বহুবিধ মূল্যব্দির জন্য অনিচ্ছা সত্ত্বে এই মুদ্রণটির মূল্য বৃদ্ধি করিতে হইল।

চতুর্থ মুদ্রণের ভূমিকা

চতুর্থ মনুদ্রণ বাহির করিতে কিণ্ডিং বিলম্ব হইল, ইহার জন্য এন্টি স্বীকার করিতেছি। এই মনুদ্রণে 'সংযোজন' শীর্ষক একটি অধ্যায় সন্নিবিষ্ট করা হইয়াছে। মনুদ্রণে অত্যধিক ব্যয়-ব্যক্তির দর্মন খণ্ডটির মূল্যবৃদ্ধি করিতে বাধ্য হইলাম।

ষষ্ঠ মন্ত্রণের ভূমিকা

সরকারী আন্ক্ল্যে স্বল্পম্ল্যে কাগজ পাওয়া গেলেও মুদ্রণ-ব্যয় এত বিপ্ল পরিমাণে বাড়িয়াছে, যে বর্ত্তমান মূদ্রণের মূল্য পূর্বমূল্য সাড়ে বাইশ টাকার স্থলে মাত্র পঞ্চাশ প্রসা ক্মাইরা বাইশ টাকা করা গেল; ইচ্ছা থাকা সত্ত্বে এর বেশী ক্মান গেল না।

অষ্টম মন্দ্রণের ভূমিকা

এই মুদ্রণের পাঠ নির্ভূপ করিবার জন্য আমরা যথাসাধ্য চেণ্টা করিয়াছি। বঙ্গীয় সাহিত্য পরিষৎ কর্তৃক প্রকাশিত বণ্ডিকম শতবাধিক সংস্করণকে আদর্শ গ্রহণ করিয়া এই মুদ্রণের পাঠ মেলান হইয়াছে। অত্যধিক মুদ্রণ-বায়ব্দ্ধির জন্য গ্রন্থের ম্লাও বৃদ্ধি করিতে হইল. বৃত্তি মাল্জনীয়।



সাহিত্য-প্রসঙ্গ

এগার-আটাশ

প্রথম ভাগ

ला क्तरुश	>-	84
ব্যাদ্রাচার্য্য ব্হল্লাঙ্গল ১; ইংরাজন্তোত ৯; বাব্ ১০; গার্ম্পত্য দণ্ডবিধির আইন ১৩; বসন্ত এবং বিরহ ২১; স্বর্ণ গোলক ২৩; রামারণের সমালোচনা ২৭; বর্ষ সমালোচনা ২৯; কোন "স্পেশিয়ালের" পত্র ৩১; Bransonism ৩৩; হন্মদ্বাব্দংবাদ ৩৭; গ্রাম্য কথা ৪০; বাঙ্গালা সাহিত্যের আদর ৪৪; New Year's Day ৪৭।		
কমলাকান্ত	85-	>><
ক্ষলাকান্তের দপ্তর : এক—"কে গায় ওই?" ৪৯; মন্যা ফল ৫১; ইউটিলিটি বা উদর-দর্শন ৫৪; পতঙ্গ ৫৬; আমার মন ৫৮; চন্দ্রালোক ৬২; বসন্তের কোকিল ৬৭; স্থীলোকের রূপ ৬৯; ফ্লের বিবাহ ৭৩; বড় বাজার ৭৫; আমার দ্র্গেণিংসব ৭৯; একটি গাঁত ৮১; বিড়াল ৮৫; ঢেপি ৮৮। ক্ষলাকান্তের পত্ত : কি লিখিব? ৯০; পলিটিক্স ৯২; বাঙ্গালির মন্যাম ৯৪; ব্ড়া বয়সের কথা ৯৬; ক্মলাকান্তের বিদায় ১০০। ক্ষলাকান্তের জোবানবন্দী : ১০১।		
মুচিরাম গ্রড়ের জীবনচরিত	>> 0-	5 2 V
দ্বিতীয় ভাগ		
বিজ্ঞানরহস্য অর্থাৎ বৈজ্ঞানিক প্রবন্ধসংগ্রহ	>>>-	268
Great Solar Eruption (আদ্বর্গ সৌরোৎপাত) ১২১; Multitudes of Stars (আকাশে কত তারা আছে?) ১৩২; Dust (খ্লা) ১৩৪; Aerostation (গ্রনপ্রতিন) ১৩৬; The Universe in motion (চন্দ্রল জগং) ১৪১; Antiquity of Man (কত কাল মন্ব্য?) ১৪৪; Protoplasm (জৈবনিক) ১৪৮; Curiosities of Quantity and Measure (প্রিমাণ্-রহস্য) ১৫২; The Moon (চন্দ্রালোক) ১৫৬।		
বিবিধ প্রবন্ধ (প্রথম খণ্ড)	>6>-	२৫७
উত্তরচরিত ১৫৯; গীতিকাব্য ১৮৬; প্রকৃত এবং অতিপ্রকৃত ১৮৮; বিদ্যাপতি ও জয়দেব ১৮৯; আর্য্যজাতির স্ক্র্যু শিল্প ১৯২; দ্রোপদী ১৯৪; অন্-করণ ২০০; শকুন্তলা, মিরন্দা এবং দেস্দিমোনা ২০৪; বাঙ্গালির বাহ্ম্বল ২০৯; ভালবাসার অত্যাচার ২১৩; জ্ঞান ২১৭; সাংখ্যদর্শন ২২১; ভারত-কল্পক ২৩৪; ভারতবর্ষের স্বাধীনতা এবং পরাধীনতা ২৪১; প্রাচীন জনুক্রমের রাজ্মনীতি ১৪৫: সাচীনা এবং নরীনা ১৪১।		

বিবিধ প্রবন্ধ (দ্বিতীয় খণ্ড)

269- OFO

ধন্ম এবং সাহিত্য ২৫৭; চিন্তুশ্বিদ্ধ ২৫৯; গোরদাস বাবাজির ভিক্ষার ঝুলি ২৬০; কাম ২৭১; বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন ২৭২; হিদেব সম্বন্ধে বিজ্ঞানশাস্ত্র কি বলে ২৭০; বঙ্গদশনের পচ-স্চনা ২৮০; সঙ্গীত ২৮৪; বঙ্গদেশের কৃষক ২৮৭; বহুবিবাহ ৩১৪; বঙ্গে রাঙ্গালাধিকার ৩১৯; বাঙ্গালা শাসনের কল ৩২৭; বাঙ্গালার ইতিহাস ৩৩০; বাঙ্গালার কলকে ৩৩০; বাঙ্গালার ইতিহাস সম্বন্ধে ক্ষেকটি কথা ৩৩৬; বাঙ্গালার ইতিহাসের ভ্রাংশ ৩৪০; বাঙ্গালীর উৎপত্তি ৩৪৪; বাহুবল ও বাক্যবল ৩৬০; বাঙ্গালা ভাষা ৩৬৮; মন্ব্যত্ম কি? ৩৭৪; লোকশিক্ষা ৩৭৬; রাম্বন পোদ ৩৭৮।

সাম্য

985- 80A

তৃতীয় ভাগ

কৃষ্ণচরিত্র

809- 649

প্রথম খণ্ড (উপক্রমণিকা): গ্রন্থের উদ্দেশ্য ৪০৭; ক্ষের চরিত্র কির্প ছিল তাহা জানিবার উপায় কি? ৪০৮; মহাভারতের ঐতিহাসিকতা ৪১০; মহাভারতের ঐতিহাসিকতা—ইউরোপীয়দিগের মত ৪১২; কুন্দেকেরে যুদ্ধ কবে হইয়াছিল ৪১৪; পাণ্ডবদিগের ঐতিহাসিকতা—ইউরোপীয় মত ৪১৭; পাণ্ডবদিগের ঐতিহাসিকতা ৪২১; ক্ষের ঐতিহাসিকতা ৪২২; মহাভারতে প্রক্ষিপ্ত ৪২৪; প্রক্ষিপ্তনিব্র্বাচনপ্রণালী ৪২৭; নির্বাচনের ফল ৪২৮; অনৈস্থিতি ব অতিপ্রকৃত ৪০০; ঈশ্বর প্রথিবীতে অবতীর্ণ হওয়া কি সম্ভব? ৪০২; প্রাণ ৪০৬; হরিবংশ ৪৪২; ইতিহাসাদির পৌন্ব্রাপ্র্যু ৪৪০।

দ্বিতীয় খণ্ড (বৃন্দাবন) : যদ্বংশ ৪৪৭; কৃষ্ণের জন্ম ৪৪৮; শৈশ্ব ৪৯৯; কৈশোর লীলা ৪৫০; ব্রজগোপী—বিষ্ণুপুরাণ ৪৫৩; ব্রজগোপী—ভাগবত—বদ্রহরণ ৪৬২; ব্রজগোপী—ভাগবত—বদ্রহরণ ৪৬২; ব্রজগোপী—ভাগবত—রাসলীলা ৪৬৫; শ্রীরাধা ৪৬৭; বন্দাবনলীলার পরিসমাপ্তি ৪৭৫।

ভূতীয় খণ্ড (মথ্না-দানকা): কংসবধ ৪৭৭; শিক্ষা ৪৭৮; জরাসন্ধ ৪৮০; ক্ষের বিবাহ ৪৮২; নরকবধাদি ৪৮৪; দারকাবাস—স্যমন্তক ৪৮৬; কৃষ্ণের বহুবিবাহ ৪৮৮।

চতুর্য খণ্ড (ইন্দ্রপ্রস্থ) : দ্রৌপদীস্বরংবর ৪৯৪; কৃষ্ণ-যুর্বিচিঠর সংবাদ ৪৯৫; স্ব্ভদ্রাহরণ ৪৯৮; খাণ্ডবদাহ ৫০৪; কৃষ্ণের মান্বিকতা ৫০৬; জরাসন্ধবধের পরামশ ৫০৮; কৃষ্ণ-জরাসন্ধ-সংবাদ ৫১৩; ভীম-জরাসন্ধের যুদ্ধ ৫১৭; অর্ঘাভিহরণ ৫১৯; শিশ্বপালবধ ৫২৩; পাণ্ডবের বনবাস ৫২৬।

পশুম খণ্ড (উপশ্বর): মহাভারতের যুক্তের সেনোদ্যোগ ৫২৮; সঞ্জয়যান ৫০১; যানসন্ধি ৫০৪; শ্রীকৃষ্ণের হস্তিনা-যাত্রার প্রস্তাব ৫০৫; যাত্রা ৫০৭; হস্তিনায় প্রথম দিবস ৫০৮; হস্তিনায় দ্বিতীয় দিবস ৫৪১; কৃঞ্-কর্ণসংবাদ ৫৪০; উপসংহার ৫৪৫।

ষণ্ট খণ্ড (কুর্কের): ভীন্মের যুদ্ধ ৫৪৬; জয়দ্রথবধ ৫৪৮; দ্বিতীয় স্তরের কবি ৫৫০; ঘটোৎকচবধ ৫৫২; দ্রোণবধ ৫৫৪; কৃষ্ণকথিত ধর্ম্মতিত্ব ৫৬০; কর্ণবধ ৫৬৭; দ্রেগ্যধনবধ ৫৬৯; যুদ্ধশেষ ৫৭০; বিধি সংস্থাপন ৫৭৪; ক্মণীতা ৫৭৫; কৃষ্ণপ্রয়াণ ৫৭৭।

नश्चम चण्छ (প্রভাস) : यम् दर्भयदस्य ৫৭৯; উপসংহার ৫৮১।

		नग्न				
শম্ভ (অন্শীলন) দ্বংথ কি? ৫৮৪; দ্ব ৫৯০; জন্মীলন ৫ শারীরিকী বৃত্তি ৬০৬ ঈশ্বরে ভক্তি ৬২০ ভক্তি — টুল উদ্দেশ্য ৬২৬; ভক্তি : ভক্তান ৬২৯; ভক্তি : ৬৩৩; ভক্তি : ভগবশা প্রাণ ৬০৬; ভক্তি : ফ্বজনপ্রীতি ৬৫৫; ফ্ চিত্তরঞ্জিনী বৃত্তি ৬৬৬ ৬৭২; ক্রোড়প্র-গ ৬৭	খ কি? ৫৮৬ ৯৪; সামঞ্জস্য ; জ্ঞানাৰ্চ্জনী : : ঈশ্বরে ভক্তি- ভক্তি : ভগবন্দা ভগবন্দাগীতা—স বিভা—ভক্তিযোগ ভক্তির সাধন ৬৪ রদেশপ্রীতি ৬৬ ; উপসংহার ৬		জ্ঞাস্য ও সুখ মন্বা তাজ কান্বা তাজ : জ্যা কাৰ্বা তাজ : জ্যা কি : জ্যা কি : জ্যা কাৰ্বা তাজ কাৰ্ব তাজ কাৰ্বা তাজ কাৰ্ব তাজ কাৰ্বা তাজ কাৰ্ব কাৰ্বা তাজ কাৰ	৬৯৯; ৬১৫; বন্দাীতা বিন্দাীতা ভ্রোনাদি —িবিষ্ণ্- ৬৬১;	€A8—	৬৭৯
শ্ৰীমন্তগ্ৰদ্গীতা	•••	•••	•••		ARO-	996
দেবতত্ত্ব ও হিন্দ্ধম্ম	•••		•••	•••	995-	४२२
		চতুর্থ ভাগ				
সম্পাদিত গ্রন্থের ভূমিকা রায় দীনবন্ধ মিত্র বাং ঈশ্বরচন্দ্র গ্রেপ্তর জীবন মিত্র ৮৬১; সঞ্জীবচন্দ্র	হাদ্বরের জীবন চরিত ও কবিষ	৮৩৫; বাঙ্গাল	া সাহিত্যে °প	 ৮২৩; গ্ৰারীচাদ	४२७ —	ษษ๖
সাময়িক পতে প্রকাশিত ন্তন গ্রন্থের সমালোচনা গ্রন্থের সংক্ষিপ্ত সমালো মৃত মাইকেল মধুস্দন সর্ উইলিয়ন গ্রে ও কলপতর্ ৮৯৬; ব্র ৯০১; জ্ঞান সম্বন্ধে দা পলাশির ব্দ্ধ ৯০৭; স্চনা ['প্রচার'] ৯১১ লর্ড রিপ্রের উংস্বের ৯২০; মাসিক সংবাদ	৮৭০; Three াচন ৮৭৩; দ্ব দত্ত ৮৮৩; জ সর্ জর্জ কা সংহার ৮৯৯; শ্নিক মত ৯০ বঙ্গদর্শনের বি ; আদি রাজা স জমা-খরচ ৯১১	Years in E Years in E T	urope ৮৭ ভুরাট মিল মানস বিকাশ দেবপ্জা সংক্ষিপ্ত সফ ০২; ঋডুদশন ০৯; বঙ্গদশন	০; প্রাপ্ত ৮৮০; ৮৮৫; ৮৯০; মালোচনা ১০৬; ৯১০;	¥ 9 0—	\$ 2 \$
পতাৰলী	•••	***	•••	•••	\$ \$ \$ \$ -	৯২৭
পাঠ্যপত্তক—সহজ রচনা	শি <u>ক্</u> ষা	•••		•••	258-	580
		পঞ্চম ভাগ				
গদ্য পদ্য বা কবিতাপ, হ প্রুপনাটক ৯৪১; সংয দাবিতী ৯৪৯; আদর ১ মন এবং স্থ ৯৫৬; ও রাজার উপর রাজা ৯৬০	্জা ৯৪৪; আব ১৫১; বায়, ৯৫ দলে ফুল ৯৫৬	২; আকবর শা ; ভাই ভাই ৯৫	হের খোষ রোজ ১৭: দুর্গোৎসব	5 287; 5 260; 1 267;	385-	
বাল্যরচনা ললিতা ৯৬৫: মানস	 5951	•••	•••	•••	> 64-	228

প্রেকাকারে অপ্রকাশিত বাল্যরচনা : পদ্য ৯৭০: বিরলে বাস ৯৭০: জীবন ও সৌন্দর্য্য অনিতা ৯৭৪: হেমন্ত বর্ণনাছলে স্থার সহিত পতির কথোপকখন ৯৭৪: শিশির বর্ণনাছলে স্থা-পতির কথোপকথন ৯৭৬: দ্রদেশ গমনের বিদায় ৯৭৮; কামিনীর প্রতি উত্তি ৯৭৯; চন্দ্রন্ত ৯৮১; বসভের নিকট বিদায় ৯৮০; বিচিত্র নাটক ৯৮০; বর্ষা বর্ণনাছলে দম্পতির রসালাপ ৯৮৫: বিষম বিচিত্র নাটক ৯৮৭: বর্ষার মানভঞ্জন ৯৯২: গদ্য ৯৯৩; বর্ষাঋত ৯৯৪।

অসম্পূর্ণে রচনা

... >>6->055

রাজমোহনের স্থা ৯৯৫: নিশীথ রাক্ষসীর কাহিনী ১০১৪: ভিক্ষা ১০১৫: নাটিকা ১০১৭।

मः द्याक्रनी

2050-205R

বিরহিণীর দশ দশা ১০২৩;

বিজ্ঞানসভা ১০২৪।

পরিশিষ্ট

2004-2006

প্রথম ভাগ : লোকরহস্য (বিজ্ঞাপন) ১০২৯; কমলাকাস্ত (বিজ্ঞাপন) ১০২৯; মুচিরাম গুড়ের জীবনচরিত (বিজ্ঞাপন) ১০২৯।

দ্বিতীয় ভাগ: বিবিধ প্রবন্ধ (বিজ্ঞাপন) ১০৩০; সাম্য (বিজ্ঞাপন) ১০৩১।

ছতীর ভাগ : কৃষ্ণচরিত্র (বিজ্ঞাপন) ১০৩১: ধর্মাতত্ত্ব (ভূমিকা) ১০৩৩:

শ্রীমন্তগবন্দগীতা (ভূমিকা) ১০০০।

চতথ ভাগ : बह्ना भिक्ना (Advertisement) ১০০৪। পঞ্চম ভাগ : গদ্য পদ্য বা কবিতাপ স্তুক (বিজ্ঞাপন) ১০৩৫।


সংযোজন

5009-5062

সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়কে লিখিত পত্র ১০৩৭: জ্যোতিষচন্দ্র চট্টোপাধ্যায়কে লিখিত পত্র ১০৪১; রামদাস সেনকে লিখিত পত্র ১০৪৫; বিপিনচন্দ্র চট্টোপাধ্যায়কে লিখিত পত্র ১০৪৫: বাণ্কমচন্দ্রের শেষ উইল ১০৪৫: অসম্পূর্ণ নাটক ১০৪৭।







প্রথম খণেড বিভিন্ন-জীবনী সংক্ষেপে প্রদন্ত হইয়াছে। ভিন্নাতে আমরে প্রক্রপশনির কথাও বিলয়ছি। বিসদর্শনি প্রকাশের তিন-চারি বংসর পর্ক ইইতেই বিভিন্ন রচনা ও বক্তৃতার বিভিন্নচন্দ্র সাধারণভাবে বাঙালী সমাজের এবং বিশেষভাবে বাংলা সাহিত্যের উর্মাত করিতেছিলেন। বেঙ্গল সোস্যাল সায়েন্স প্রসাসিয়েশন বা বঙ্গীর সমাজবিজ্ঞান সভার প্রদন্ত দুইটি বক্তৃতা এবং কিলকাতা রিভিয় তৈ প্রকাশিত একটি প্রকর পাঠে এ বিষয়ে আমরা অবগত হই। প্রথম দুইটি বক্তৃতা ছিল বখালেমে বাংলার পালপার্ম্বর্ণ এবং বাংলা সাহিত্যের উপর। কিলকাতা রিভিয় র প্রকাটি বাংলা সাহিত্য সম্বদ্ধে বিশাদ আলোচনা। সাহিত্যাবিষয়ক দুইটি প্রবন্ধেই বিশ্বমন্দ্র বাংলা সাহিত্যের উর্মাতর অন্ততঃ তিনটি অন্তরায় নিশ্দেশ করেন. যথা—(১) ইংরেজী শিক্ষাপ্রাপ্ত ব্যক্তিদের বাংলা সাহিত্য চর্চার অনুরাগ ও আমনোযোগ, (২) সাহিত্য-পুত্রকের যথোপযুক্ত সমালোচনার অভাব এবং (৩) জ্ঞানগর্ভ ও বুদ্বিগ্রাহ্য কঠিন বিষয়সমহ পুত্রকে প্রদন্ত ইইলে তাহা বাঙালী পাঠক বুনিবে না এই ধারণা-বশে সহজ করিয়া বাংলা পুত্রক গ্রন্থন। এই অন্তরায় বা প্রবন্ধ নহে, ঘরোয়া বৈঠকেও বন্ধুবান্ধবদের সঙ্গে তিনি এ সম্বন্ধে বিশেষ আলোচনায় প্রবৃত্ত হন। এই সকল চিন্তা-ভাবনা-আলোচনার ফল বিধ্বমন্দর কর্তৃক বিঙ্গান্দর্শনি প্রকাশ (বৈশাথ ১২৭১ বঙ্গাব্দ)।

'বঙ্গদর্শন' যে মনন-সাহিত্যে যুগান্তর স্ভি করে, ইহার প্রকাশারন্ত হইতেই তাহা উপলব্ধি হইতে থাকে। এই পত্রিকাথানির লেখকগোষ্ঠীর মধ্যে নবীন প্রবীণ বহু ব্যক্তিই ছিলেন। নবীনদের মধ্যে পরবন্ত্রী কালে অনেকে স্বৃপন্তিত ও স্কাহিত্যিক বলিয়া প্রখ্যাতও হইয়াছিলেন। কিন্তু সকলের ম্লে ছিলেন বিষ্কমচন্দ্র। 'বঙ্গদর্শন' স্বৃপরিচালন ও স্বৃষ্ঠ্য সম্পাদনে তিনি কঠোর পরিশ্রম করিতেন. বহু বিনিদ্র রজনীও তাঁহাকে কাটাইতে হইত।—তিনি নিজে এ কথা বলিয়া গিয়াছেন। মাসের পর মাস 'বঙ্গদর্শনে'র বহুলাংশ তিনি রচনা করিয়া প্রেণ করিতেন। বিষ্কমচন্দ্র সাহিত্যক্ষেত্রে যে কঠোর সাধনায় লিপ্ত হইয়াছিলেন তাহাতে তাঁহার লেখনী সোনার কাঠি হইয়া দাঁড়ায়; যাহাই লিখিতেন এই সোনার কাঠির স্পর্শে তাহাই যেন সোনা হইয়া ঘাইত।

গত শতাব্দীর ষষ্ঠ দশকের মধ্যে বঞ্চিমচন্দ্রের একথানি ইংরেজী উপন্যাস (Raj-mohan's Wife) এবং তিনখানি বাংলা উপন্যাস ('দ্বংগশিনন্দিনী', 'কপালকুণ্ডলা' এবং 'ম্ণালিনী') প্রকাশিত ইইয়াছিল। 'দ্বংগশিনন্দিনী' প্রকাশ হইবা মাত্র বিষ্কমচন্দ্র যে প্রশংসা লাভ করিয়াছিলেন, অন্যান্য উপন্যাসগর্বালও পর পর বাহির হইলে অন্বর্গ অভিনন্দনই পাইতে থাকেন। ইংরেজী শিক্ষিত পাঠক-সমাজ বাংলা সাহিত্যে এক অভিনব যুগের সূচ্না এই উপন্যাসগর্বালর মধ্যে দেখিতে পাইলেন। বিশেষ বিশেষ ঘটনা এই সকল উপন্যাসের উপজীব্য হইলেও বিষ্কমচন্দ্রকে বাঙালী সমাজ লইয়াই আলোচনা করিতে হইয়াছিল। বাঙালীর স্খদ্রেখ অভাব-অনটন, আচার-আচরণ, ইতিহাস-ঐতিহ্য এ সকল দিকেও তাঁহার লেখনী পরিচালিত হইতেছিল।

বিক্ষমতন্দ্র পাশ্চান্তা শিক্ষায় ব্যুংপন্ন। 'উচ্চশিক্ষিত' হইয়াও, অন্য দশ জনের মত ইঙ্গা-বঙ্গীভূত না হইয়া কির্পে তিনি বাঙালী তথা স্বদেশী ভাবাপন্ন হইয়া উঠিলেন, ইহা বাস্তবিকই অনুসন্ধেয় বিষয়। বিজ্ঞমচন্দ্রের কলেজী শিক্ষা কলেজ পরিত্যাদোর সঙ্গে সন্তেই পরিসমাপ্ত না হইয়া ঐ সময়ের অগ্রগামী ভাবধারার সঙ্গে পরিচয়ের প্রকৃষ্ট পন্থা হইয়া দাঁড়ায়। আর এই ভাবধারার সঙ্গে পরিচয়েরা সঙ্গে পরিচয়ালাভের ফলেই তিনি যে সমাজ তথা মানব-সেবায় উদ্বৃদ্ধ এবং প্রবৃত্ত হইয়াছিলেন তাহাও সম্যক্ বৃত্বা যায়।

বিক্সমচন্দ্র 'সাম্য' প্রবৈদ্ধে শাক্যসিংহ এবং যীশ্বপ্রীন্টের স্তরে 'সাম্যাবতার রুসো'কে স্থান দিয়াছেন। তিনি অবশ্য পরবন্তী কালে 'সাম্যে' প্রকাশিত অভিমতসমূহ অনেকটা বজ্জনি করিয়াছিলেন, প্রস্তুকথানির প্রচুর চাহিদা থাকা সত্ত্বেও জীবিত-কালে আর প্রকাশিত করেন নাই। কিন্তু প্রথম জীবনে বিক্সমচন্দ্র পাশ্চান্ত্য ভাবধারার কতথানি প্রভাবিত হইয়াছিলেন, এই একটি

भाव मृष्णेखरे रेश द्वियात भएक यर्थके। जनएमात्र ७ तूरमा जन्मेमम मजान्मीराज छारमात्र চিন্তাধারায় আলোড়ন উপস্থিত করিয়াছিলেন এবং ইহার ফলেই ফরাসী বিপ্লব সম্ভব হইয়াছিল। সামা, মৈন্রী, স্বাধীনতা—এই তিনটি বালাঁ বা slogan লইয়া ফরাসী বিপ্লব আরম্ভ হয়। এই বাদীরয় মূলে রাখিয়া রিটেনে ও জাম্মানীতেও একদল দার্শনিক পণ্ডিত স্ব স্ব মতবাদ প্রতিষ্ঠায় রত হইলেন। ইংলন্ডে জের্রেমি বেন্থাম (১৭৪৮-১৮৩২) হিতবাদ দর্শন প্রচার করেন। 'হিতবাদ'-এর লক্ষ্য হইল অধিক সংখ্যক লোকের অধিক পরিমাণ হিত বা মঙ্গল সাধন ('Greatest good of the greatest number')। রাজা রামমোহন রায় বেন্থামের মতবাদের সঙ্গে সম্যক্ পরিচিত ছিলেন। বিলাতে অবস্থান কালে আলাপ পরিচয়ের ফলে উভয়ের মধ্যে ঘনিষ্ঠতা জন্মে। বেন্থামের হিতবাদ দর্শনের প্রভাবে ব্রিটেনের রাষ্ট্রীয় ব্যবস্থা বিশেষরূপে সংস্কৃত ও পরিশোধিত হইয়াছিল। ভারতবর্ষে, বিশেষতঃ বাংলার নব্য শিক্ষাপ্রাপ্ত যুবকদের মধ্যে প্রথম প্রথম পাশ্চাক্তা যুক্তিবাদের প্রাধান্য দেখা দিলেও, তাহাদের ভিতরে উত্ত হিতবাদ দর্শনের মূল কথা ক্রমে প্রচারিত হইতে থাকে। তাহাদের মধ্যে অগ্রণী দল যে সমাজ-সেবায় ঐ যুগেই অতথানি অগ্রসর হইয়াছিলেন তাহার মূলে বেন্থামের হিতবাদ দশনি কম কার্য্য করে নাই। বঙ্কিমচন্দ্রের রচনার মধ্যে 'হিতবাদ'-এর প্রভাব স্কুস্পন্ট। তিনি বেন্থাম বার্ণত আনন্দ বা সূত্রের ব্যাখ্যাও পরুরাপর্নর গ্রহণ করিয়াছিলেন। শেষ জীবনে বহু বিষয়ে **তাঁহার মত পরিবত্তিত হই**য়াছিল। 'হিতবাদ' সম্বন্ধেও তাঁহার ধারণার পরিবর্ত্তন ঘটে, কিন্তু হিতবাদের কার্য্যকারিতা ও গ্রনাগ্রন সম্বন্ধে তিনি বরাবর সজাগ ছিলেন। ধর্ম্মচচ্চার হিত-বাদের স্থান নির্ণায় করিতে গিয়া বঙ্কিমচন্দ্র বলিয়াছেন :

হিতবাদ মতটা হাসিয়া উড়াইয়া দিবার বন্ধু নহে। হিতবাদীদিগের প্রম এই যে, তাঁহারা বিবেচনা করেন যে সমস্ত ধন্মতিত্বটা এই হিতবাদমতের ভিতরই আছে। তাহা না হইয়া, ইহা ধন্মতিকের সামানা অংশ মাত্র। আমি যেখানে উহাকে হান দিলাম, তাহা আমার ব্যাখ্যাত অনুশীলনতত্বের একটি কোণের কোণ মাত্র। তত্ত্বটা সত্যম্লক, কিন্তু ধন্মতিত্বের সমস্ত ক্রের আব্ত করে না। ধন্ম ভিক্তিতে সম্বভ্তিত সমদ্ভিত। সেই মহাশিখর হইতে যে সহস্র সহস্র নিঝারিণী নামিয়াছে—হিতবাদ ইহা তাহার একটি ক্রেতম স্লোতঃ। ক্র্রুতম স্লোতঃ। ক্র্রুতম হাতঃ ইউক—ইহার জল পবিত্র। হিতবাদ ধন্ম —অধন্ম নহে" (ধন্মতিত্বঃ ২২শ অধ্যায়—আজ্প্রীতি)।

এই যুগে ফ্রান্সে আগন্ট কোঁতের (১৭৯৮-১৮৫৭) আবির্ভাব জগতের ইতিহাসে একটি স্মরণীয় ঘটনা। তিনি যে মতবাদ প্রচার করেন তাহা "Positive Philosophy" নামে আখ্যাত। বাংলায় অনেকে ইহার অনেক রকম তব্জমা করিয়াছেন, যেমন ধ্রববাদ, প্রত্যক্ষবাদ, **দৃষ্টবাদ ইত্যাদি। আম**রা এখানে ধ্রুববাদই বলিব। বঙ্কিমচন্দ্র আগষ্ট কোঁতের ধ্রুববাদের সঙ্গে সমাক্ পরিচিত তো ছিলেনই, উপরস্থ ইহাদ্বারা বিশেষ প্রভাবিতও হইয়াছিলেন। শেষ **জীবনে হিন্দ**্রধর্ম্মের ভিতরেই জগতের যাবতীয় দার্শনিক ও ধম্মীয় চিন্তার পরাকাণ্ঠা দেখিলেও কোঁত-প্রবর্ত্তিত ধ্রববাদের প্রতি বঙ্কিমচন্দ্রের শ্রদ্ধা কণামাত্রও হ্রাস পায় নাই। প্রথম জীবনে 'বঙ্গদর্শনে' প্রকাশিত তাঁহার বিভিন্ন রচনায় কোঁতের মতবাদ স্বন্দরভাবে পরিস্ফুট হইয়াছে। ১৮৭৪ সনে ধ্রববাদ লইয়া যখন এদেশে বাদান্বাদ উপস্থিত হয় তখন তিনি সর্হদ্বর স্ক্রপিন্ডত রাজকৃষ্ণ মুখোপাধ্যায়কে দিয়া 'কোমতি দর্শন' নামে একটি স্ক্রপাঠ্য প্রবন্ধ রচনা করাইয়াছিলেন। প্রথম বংসরের 'বঙ্গদর্শানে'ও (শ্রাবণ ১২৭৯), ইংরেজী ১৮৭২ সনে, কোঁত-**দশনের উপর একটি প্র**বন্ধ বাহির হয়। বাঙ্কমচন্দ্র যে বঙ্গদেশে ধ্রুববাদ প্রচারের বিশেষ অনুরাগী ছিলেন, পণ্ডিতপ্রবর কৃষ্ণকমল ভট্টাচার্য্যের একটি কথা হইতেও তাহা আমরা বেশ ব্রবিতে পারি। "কোঁতের দর্শনশাস্ত্র সম্বন্ধে আলোচনার সময় আইসে নাই, the time is not ripe for it''—कृष्ककमल এकमा এकथा र्वालरल, र्वाञ्कमानन र्वालग्नाছिरलन, "रकन? रयहाँ Truth তার আবার সময় অসময় কি?" আগণ্ট কোঁত সমাজকে "মানবদেবী"রূপে কল্পনা করিয়াছিলেন, তাঁহার মতবাদের নির্য্যাস বঙ্কিমচন্দ্রের এই কথা কয়টির মধ্যে আছে। বলা বাহ্মলা, বঙ্কিমচন্দ্রও ইহা পূর্ণভাবে গ্রহণ করিয়াছিলেন:

"সমাজকে ভক্তি করিবে। ইহা সমরণ রাখিবে বে, মান্বের যত গণে আছে—সবই সমাজে আছে।

[🕶] ধর্মাতত্ত্ব : অন্টম অধ্যায়—শারীরিকী বৃত্তি।

[†] প্রোতন প্রসঙ্গ (প্রথম পর্য্যায়)—বিপিনবিহারী গ্রেপ্ত, প্রঃ ৭২

সমাজ আমাদের শিক্ষাদাতা, দন্ডপ্রণেতা, ভরণপোষণ এবং রক্ষাকর্ত্ত । সমাজই রাজা সমাজই শিক্ষক। ভক্তিভাবে সমাজের উপকারে যত্নবান হইবে। এই তত্ত্বের সম্প্রসারণ করিয়া ওগুল্ভ কোম্ং 'মানবদেবীর' প্রজার বিধান করিয়াছেন। স্তুতরাং এ বিষয়ে আর বেশী বলিবার প্রয়োজন নাই।"

১৮৮৮ খ্রীষ্টাব্দে প্রকাশিত 'ধর্মাতত্ত্ব প্রথম ভাগ অনুশালন'-এ (১১শ অধ্যায়—ঈশ্বরে ভক্তি) বাধ্কমচন্দ্র এই উক্তি করিয়াছেন। ইহার অস্ততঃ পনর বংসর পূর্ব্ব হইতেই কোতের মতবাদ তাঁহার রচনায় প্রকটিত হইতে থাকে। 'কমলাকান্তের দপ্তর'—প্রথম সংখ্যায় ('বঙ্গদর্শন', ভাদ্র ১২৮০) বাধ্কমচন্দ্র লেখেন:

"প্রত্রীতি সংসারে সন্ধ্বর্যাপিনী—ঈশ্বরই প্রতি। প্রতিই আমার কর্ণে এখনকার সংসারসঙ্গীত। অনস্ত কাল সেই মহাসঙ্গীত সহিত মন্ধ্য-হাদয়তন্ত্রী বান্ধিতে থাকুক। মন্ধ্যজাতির উপর যদি আমার প্রতি থাকে, তবে আমি অন্য সূত্র্য চাই না।"

বিজ্ঞমান্দ্র 'হিতবাদের' সমর্থক বটে, কিন্তু কোত-প্রদাশিত ধ্রবাদের মধ্যেই ইহা সমাহিত বিলয়া—শাধ্র অধিক সংখ্যক লোকের অধিক পরিমাণ হিতসাধন নহে, সমগ্র মানব-সমাজেরই কল্যাণসাধন ইহার আদর্শ বিলয়া—বিজ্ঞমান্দ্র ধ্রবাদকে অতীব গ্রন্ধার সঙ্গে মনেপ্রাণে প্রথম ইইতেই গ্রহণ করিয়াছেন। 'দেবী চৌধুরাণী'তে (প্রকাশ কাল ১৮৮৪) অন্যতম 'মটো' রুপে কোঁতের 'Catechism of Positive Religion' হইতে এই উক্তিটি তিনি সমাদরের সহিত উন্ত করিয়াছেন—'The General Law of Man's Progress whatever the point of view chosen, consists in this that Man becomes more and more religious'। ১২৯২ ফাল্যুন সংখ্যা 'প্রচারে' প্রকাশিত 'চিক্তশ্রুদ্ধি' শীর্ষক প্রবন্ধেও বিজ্ঞমান্দ্র লেখেন:

"চিন্তশাদি থাকিলে সকল মতই শাদ্ধ. চিন্তশাদির অভাবে সকল মতই অশাদ্ধ। যাহার চিন্ত-শাদ্ধি নাই, তাহার কোন ধন্মইি নাই। চিন্তশাদ্ধি কেবল হিন্দাধন্মরিই সার, এমত নহে, ইহা সকল ধন্মের সার। ইহা হিন্দাধন্মের সার, থিন্দুগধন্মের সার, বৌদ্ধধন্মের সার, ইসলামধন্মের সার, নিরীশ্বর কোম্ও ধন্মেরিও সার। যাহার চিন্তশাদ্ধি আছে, তিনি শ্রেষ্ঠ হিন্দা, শ্রেষ্ঠ খিন্দিয়ান, শ্রেষ্ঠ বৌদ্ধ, শ্রেষ্ঠ মুসলমান, শ্রেষ্ঠ পজিটিভিন্ট।" (বিবিধ প্রবন্ধ-ছিতীয় ভাগ, "চিন্তশাদ্ধি" দুন্টব্য)।

'ধন্ম'তত্ত্বে'র বহু স্থলে কোঁতের মতবাদের সমর্থনস্কৃচক উল্লেখ আছে। এখানে আরও কয়েকটি উদ্ধৃতি দিতেছি। বিজ্মচন্দ্রের জীবন-দর্শনি যে ক্রমশঃ অন্তর্মুখী ইইয়া হিন্দুশান্দ্রের উপর ভিত্তি গাড়িয়াছিল তাহার যথেষ্ট পরিচয়্ন পাই এই সকল উদ্ভির কোন কোর্নাটর মধ্যে। দিষ্য যখন বলেন, 'শিক্ষা যে ধন্মের অংশ ইহা কোম্তের মত', তখন তাহার উত্তরে বিজ্মচন্দ্র গ্রুর্ব মুখ দিয়া বলাইয়াছেন, "হইতে পারে। এখন, হিন্দুধন্মের কোন অংশের সঙ্গে যদি কোম্ং মতের কোথাও কোন সাদৃশ্য ঘটিয়া থাকে, তবে যবনস্পর্শদােষ ঘটিয়াছে বলিয়া হিন্দুধন্মের সেট্রুকু ফোলিয়া দিতে হইবে কি? খিন্দুউধন্মে ঈশ্বরোপাসনা আছে বলিয়া, হিন্দুদিগকে ঈশ্বরোপাসনা পরিত্যাগ করিতে হইবে কি?" (ধন্মতিত্ত্বঃ ৫ম অধ্যায়—অনুশীলন), ইত্যাদি ইত্যাদি। আবার 'সর্ব্বত্ত্বদশী' হিন্দুধন্মে নারীর স্থান সম্পর্কে বলিতে গিয়াও বিজ্মচন্দ্র কোঁতের বিষয় এইর্প উল্লেখ করিয়াছেন:

"হিন্দুধর্ম্ম ইহাও বলে যে স্থারিও স্বামীর ভাক্তপাত হওয়া উচিত, কেন না, হিন্দুধর্ম্ম বলে যে স্থাকে লক্ষ্মীর্পা মনে করিবে। কিন্তু এখানে হিন্দুধর্ম্মের অপেক্ষা কোম্থ ধর্মের উক্তি কিছ্ম স্পষ্ট এবং প্রদ্ধার যোগ্য। যেখানে স্থা দ্ধেহে, ধন্মে বা পবিত্রতার প্রেণ্ড সেখানে তাঁহারাও স্বামীর ভক্তির পাত্র হওয়া উচিত বটে। গৃহধন্মে ই'হারা ভক্তির পাত্র; যাঁহারা ই'হাদের স্থানীয় তাঁহারাও সেইর্প ভক্তির পাত্র।" (ঐ ঃ ১০ম অধ্যায়—মন্ধ্যে ভক্তি)

আজ বিশ্বপ্রীতি, বিশ্বমানবতা, 'One World' বা 'এক জগং' কথাগ্নিল বড় চল। কিন্তু এই কথার মূল ভাব মোটেই ন্তন নহে। 'প্থিবী আমার নহে, আমি প্থিবী ভালবাসিব কেন?' ঐ প্রশ্নের এই উত্তর দিয়াছেন গ্রুর প্রমুখাং বিষ্কমচন্দ্র:

"ইউরোপে হিতবাদীদের 'greatest good of the greatest number' কোম্তের Humanity প্জা, সর্বোপরি খিন্তের জাগতিক প্রীতিবাদ, মন্ব্য মন্যে সকলেই এক ঈশ্বরের সন্তান, স্তরাং সকলেই ভাই ভাই, এই সকল উত্তর আছে।" (ঐ, ২১শ অধ্যায়—প্রীতি) কি ঐহিক, কি পারমাথিক, সকল বিষয়েই মন্যাজাতির জ্ঞানলাভ আবশ্যক। এই বিষয়ে গ্রু-শিষ্যের প্রশেনাত্তরছলে বিশ্বমচন্দ্র কোতের ধ্রুববাদের মূল কথাগর্নল এইর্প উল্লেখ করিয়াছেন:

"গর্র।.....জ্ঞানের দ্বারা সম্পায় ভূতকে আপনাতে এবং ঈশ্বরে দেখিতে পাওয়া যায়, ইতিবাক্যে কাহার কাহার পরস্পর সম্বন্ধে জ্ঞেয় বলিয়া কথিত হইয়াছে?

শিষ্য। ভূত, আমি এবং ঈশ্বর।

গ্রে। ভূতকে জানিবে কোন্ শাদের?

শিষ্য। বহি বিব জ্ঞানে।

গুরু। অর্থাৎ ঊনবিংশ শতাব্দীতে কোম্তের প্রথম চারি Mathematics, Astronomy, Physics, Chemistry, গণিত, জ্যোতিষ, পদার্থতিত্ব এবং রসায়ন। এই জ্ঞানের জন্য আজিকার দিনে পাশ্চান্তাদিগকে গুরু করিবে। তার পর আপনাকে জানিবে কোন্ শাস্তে?

শিষা। বহিন্দির্ভানে এবং অন্তব্দির্ভানে।

গ্রন্ত্র। অর্থাৎ কোম্তের শেষ দুই— Biology, Sociology, এ জ্ঞানও পাশ্চান্ত্যের নিকট যাচ্ঞার করিবে।

শিষ্য। তার পর ঈশ্বর জানিবে কিসে?

গ্রের্। হিন্দুশাস্তে, উপনিষদে, দশানে, প্রোণে, ইতিহাসে, প্রধানতঃ গীতায়। (ধম্মতিত্ত্ব : পণ্ড-দশা অধ্যায়—ভক্তি)

এই শেষোক্ত বাক্যে বিষ্কমচন্দ্র স্পণ্টই বুঝাইতে চাহেন যে, হিন্দুশান্দের মধ্যেই পরমার্থকৈ প্রাপ্ত হওয়া যায়। কিন্তু এ সম্বন্ধে কিন্তু বিলবার প্রের্থ পাশ্চান্তা চিন্তাধারার সঙ্গে তাঁহার যোগাযোগের কথা আরও একট্র উল্লেখ করিতে হইবে। একথা খুবই সত্য যে, বিষ্কমচন্দ্র সমসামায়ক পাশ্চান্তা বৈজ্ঞানিক ও দার্শনিক পশ্চিতগণের চিন্তাধারার সঙ্গে সম্যক্ পরিচিত ছিলেন। জনু ভটুয়ার্ট মিল, ম্যাথ্যু আর্গল্ড, চার্লস্ ভার্ইন্, স্পেন্সারেরু মতবাদের

তাঁহার বহন লেখায় তিনি করিয়াছেন। মিলের প্রভাব বিজ্ঞানের উপর বিশেষভাবে

া। শ্রীশচন্দ্র মজ্বমদার লিখিয়াছেন :

"জন ভট্রার্ট মিলের কথা উঠিল। বিভক্ষবাব্ বলিলেন, "এক সময় মিলের আমার উপর বড় প্রভাব ছিল। এখন সে সব গিয়াছে।" (বিভক্ষ-প্রসঙ্গ, পূ. ১৯৮)

ইহা ১৮৮৩-৮৪ সনের কথা। কিন্তু ইহার প্রায় দশ বংসর প্রের্ব, ১২৮০ (১৮৭৩ ইং) শ্রাবণ সংখ্যা 'বঙ্গদর্শনে' জন ষ্ট্রার্ট মিলের মৃত্যু উপলক্ষ্য করিয়া বিষ্ক্রমচন্দ্র যে প্রবন্ধ লেখেন তাহাতে কোঁত সম্বন্ধে মিলের মত আলোচনা করিয়া এইরূপ বলেন :

"মিল ও কোম্তের ন্যায় মহামহোপাধ্যায়গণ যে সকল বিষয়ের ঐক্যমত সংস্থাপন করিতে পারেন নাই, তাহার কোন পক্ষের মত সমর্থন করা সামান্য লোকের পক্ষে অবশাই অসাধ্য। স্ত্তরাং মতথ্ব মধ্যে কোন্টি শ্রেষ্ঠ এবং কোন্টি নিক্ষ্ঠ তিদ্বয়ের আমরা কোন কথা বলিতে পারি না। কিন্তু এই পর্যান্ত বলিতে ইচ্ছা করি যে মিল, কোম্ৎ দর্শন বিচার করিবার জন্য Auguste Comte and Positivism নামক যে প্রেক রচনা করিয়াছেন, তাহাতে জনসমাজের কথাঞ্চং ক্ষতি হইয়াছে। কিন্তু তাহা মিলের অভিপ্রেত নহে বলিয়া তম্জনা মিলকে বিশেষ দোষ দেওয়া যায় না। অনেকে কোম্তের গ্রন্থ পাঠ করা দ্বের্হ বলিয়া মিলের গ্রন্থ হইতে তাহার মতের সার সংগ্রহ করিবার চেষ্টা করেন। কিন্তু ইহার পরিশাম কেবল এই মান্ত্র হয় যে যেমন কিছুদিন প্রের্থ খিন্দীন মহাশয়েরা সকল কথা না ব্রিয়া কেবল হিন্দ্বধ্যের প্রতি বাঙ্গ করিতে পট্র হইতেন, মিলক্ত কোম্ং-ভাষোর পাঠক মহাশয়েরাও তদ্রপ কেবল বাঙ্গ করিবার ক্ষমতা লাভ করেন।"

তংকালিক পাশ্চান্ত্য ভাবধারণায় পর্ন্ট এবং প্রথম জীবনে বিশেষভাবে তাহার পক্ষপাতী হইয়াও, বিজ্ঞাচন্দ্র কির্পে 'স্বধন্ম' ফিরিয়া পাইলেন—হিন্দ্র শাস্ত্রগ্র্থাদির মধ্যে তাঁহার জিজ্ঞাসার সদর্ত্তর জানিতে পারিলেন তাহার আভাস আমরা একট্র প্রেই পাইয়াছি। এই সম্বন্ধে, আসুন আমরা এখন তাঁহার নিজের কথা শুনি। বিভ্কমচন্দ্র লিখিয়াছেন :

"আতি তর্ণ অবস্থা হইতেই আমার মনে এই প্রশ্ন উদিত হইত, 'এ জীবন লইয়া কি কবিব?' 'লইয়া কি করিতে হয়?' সমস্ত জীবন ইহারই উত্তর খাজিয়াছি। উত্তর খাজিতে খাজিতে জীবন প্রায় কাটিয়া গিয়াছে। অনেক প্রকার লোক-প্রচলিত উত্তর পাইয়াছি, তাহার সত্যাসত্য নির্পণ জন্য অনেক ভোগ ভূগিয়াছি, অনেক কণ্ট পাইয়াছি। যথাসাধ্য পড়িয়াছি, অনেক লিখিয়াছি, অনেক লোকের সঙ্গে কথোপকথন করিয়াছি, এবং কার্যাক্ষেত্রে মিলিত হইয়াছি। সাহিত্য, বিজ্ঞান, ইতিহাস, দর্শন, দেশনি

বিদেশী শাস্ত্র যথাসাধ্য অধ্যয়ন করিয়াছি। জীবনের সার্থাকতা সম্পাদন জন্য প্রাণপাত করিয়া পরিপ্রম করিয়াছি। এই পরিপ্রম, এই কন্টভোগের ফলে এইট্বুকু শিথিয়াছি যে, সকল বৃত্তির ঈশ্বরানুর্বার্তাতাই ভক্তি, এবং সেই ভক্তি ব্যতীত মন্বায় নাই। 'জীবন লইয়া কি করিব?' এ প্রশেনর এই উত্তর পাইয়াছি। ইহাই যথার্থ' উত্তর, আর সকল উত্তর অযথার্থ'। লোকের সমস্ত জীবনের পরিপ্রমের এই শেষ ফল; এই একমান্র স্বান্ধল। তুমি জিজ্ঞাসা করিতেছিলে আমি এ তত্ত্ব কোথায় পাইলাম। সমস্ত জীবন ধরিয়া, আমার প্রশেনর উত্তর খ্রাজয়া এত দিনে পাইয়াছি। তুমি এক দিনে ইহার কি ব্রিবে?" (ধন্মাতত্ত্ব: একাদশ অধ্যায়—ঈশ্বরে ভক্তি)

বাজ্কমচন্দের এই জীবনব্যাপী জিজ্ঞাসার একটি প্রধান সূত্র পাই ১৮৮২ খ্রীষ্টান্দে শোভাবাজার রাজবাটীর শ্রাদ্ধ লইয়া অধ্যক্ষ পাদ্রী হেণ্টির সহিত তাঁহার বাদান্বাদ হইতে। ইহার পর হইতেই তিনি গভীরভাবে হিন্দ্রশাস্ত্র অধ্যয়নে অভিনিবিষ্ট হইলেন। দেবী চৌধ্রাণী, রাজিসিংহ, সীতারাম—বাজ্কমচন্দ্রের এই জিজ্ঞাসারই এক একটি পরিণতি। সম্প্রেষে হিন্দ্রশাস্ত্রন্থসার শ্রীমদ্ভগবদ্গীতায় তিনি এই জিজ্ঞাসার পূর্ণ উত্তর লাভ করেন। ধর্ম্মতিত্ব, ক্রফ্চরিত্র, শ্রীমদ্ভগবদ্গীতা ও অন্যান্য শাস্ত্রমূলক আলোচনার মধ্যে তাঁহার জীবনব্যাপী জিজ্ঞাসা ক্রমে স্কৃতির্বিলাভ করে। বিজ্কম-সাহিত্যের মূল ধরিতে হইলে বিজ্কম জীবন-দর্শনের ক্রমিক অভিব্যক্তির সঙ্গেও আমাদের সমাক্ পরিচিত হওয়া আবশ্যক। বিজ্কমচন্দ্র হিন্দ্র্ধম্মক্রই জগতে 'সম্পূর্ণ' ধর্ম্ম বিলয়া গণ্য করিতেন। তাহার এই সিদ্ধান্তের হেতুও তিনি এইর্প দিয়া গিয়াছেন:

"ধর্ম্ম র্যাদ রথার্থা সূথের উপার হয়, তবে মন্যাজীবনের সর্ন্বাংশই ধর্মা কর্তৃক শাসিত হওয়া উচিত। ইহাই হিন্দুধন্মের প্রকৃত মর্মা। অন্য ধন্মে তাহা হয় না, এজন্য অন্য ধর্মা অসম্পূর্ণা; কেবল হিন্দুধন্ম সম্পূর্ণ ধর্মা। অন্য জাতির বিশ্বাস যে কেবল ঈশ্বর ও পরকাল লইয়াই ধর্মা। হিন্দুর কাছে, ইহকাল, পরকাল, ঈশ্বর, মন্যা, সমস্ত জীব, সমস্ত জগৎ—সকল লইয়া ধর্মা। এখন সর্ব্ব্যাপী সর্ব্বসূত্রমায়, পবিত্র ধর্মা কি আর আছে?" (ধর্মাতত্ত্ব: পঞ্চম অধ্যায়—অনুশীলন)

বিষ্ক্রমচন্দ্রের এতাদৃশ মনোবিবর্ত্তন লইয়া এ পর্য্যন্ত বিশেষ আলোচনা হইয়াহে বলিয়া মনে হয় না। এ বিষয়ে মনীষী হীরেন্দ্রনাথ দত্ত মহাশায় খুব সম্ভব সর্ব্বপ্রথম ধারাবাহিকভাবে কতকটা আলোচনা করিয়াছেন। তাঁহার এই আলোচনা দার্শনিক বিষ্ক্রমচন্দ্র" প্রস্তুকে সন্নিবেশিত হইয়াছে। বিষ্ক্রম-সাহিত্য-রাসকের পক্ষে এ প্রস্তুকখানি অপরিহার্য্য। বিষ্ক্রমের মনোবিবর্ত্তন তথা তাঁহার জীবনের দার্শনিক দিক সম্বন্ধে এখানে খুব অল্পই বলা সম্ভব হইল। এ বিষয়ে বিশ্বদ আলোচনার অবকাশ এখনও রহিয়াছে।

এখন, আমরা এখানে বিষয়বস্তুর বিভাগ সন্বন্ধে কিছ্ব বলিব। বিধ্কমচন্দ্রের সাহিত্যম্লক রচনা, মায় তাঁহার অলপ বয়সের রচনা, এখানে পাঁচ ভাগে বিভক্ত করা হইয়াছে। স্চী
দ্বেট ইহা ব্বা যাইবে। এ প্রসংগ্য একটি কথা আমাদের স্মরণ রাখা দরকার। কি উপন্যাস,
কি অন্য প্রক—বিধ্কমচন্দ্র প্রায় প্রতি সংস্করণেই উহাদের বিস্তর অদলবদল করিতেন। এজন্য
তাঁহার জীবিতকালে প্রকাশিত প্রথম ও শেষ সংস্করণের মধ্যে বিভিন্ন প্রস্তুকের অনেক পাঠভেদ
লক্ষিত হয়। এখানে জীবিতকালে প্রকাশিত প্রস্তুকগ্বলির শেষ সংস্করণের পাঠই গৃহীত হইল।

প্রথম ভাগ

বাংলা সাহিত্যের পরিপর্নাণ্ট এবং সমাজ-সেবা ম্থাতঃ এই দ্ইটি উন্দেশ্য লইয়া বিজ্কমচন্দ্র বঙ্গদর্শনি সম্পাদনা ও পরিচালনা স্বর্ করিলেন। বঙ্গদর্শনের স্বচনায় তংকালীন কয়েকজন উচ্চশিক্ষিত কৃতবিদ্য ব্যক্তিকে* তিনি ইহার লেখকগোষ্ঠীভুক্ত করিয়া লইয়াছিলেন। বিজ্কমচন্দ্রের অন্য কয়েকজন বন্ধ্ব, এবং ঐ সময়ে তর্ন্ব ও পরবর্তী কালে স্বপণ্ডিত ও স্বসাহিত্যিক বিলয়া পরিচিত কয়েকজনও ক্রমে ইহার নিয়মিত লেখক† হইয়াছিলেন। কিন্তু

^{*} দীনবন্ধ, মিত্র, হেমচন্দ্র বন্দ্যোপাধ্যার, জগদীশনাথ রার, তারাপ্রসাদ চট্টোপাধ্যার, কৃষ্ণক্ষক ভট্টাচার্য্য, রামদাস সেন, অক্ষয়চন্দ্র সরকার প্রভৃতি।

[†] রাজকৃষ্ণ মুখোপাধ্যায়, চন্দ্রনাথ বস্ব, রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়, নবীনচন্দ্র সেন, যোগেন্দ্রচন্দ্র ঘোষ, সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়, পূর্ণচন্দ্র চট্টোপাধ্যায়, (মহামহোপাধ্যায়) হরপ্রসাদ শাস্ত্রী প্রভৃতি।

পাঁরকার মান ঠিক রাখিয়া সকল সময় লেখা প্রকাশ করা স্কৃঠিন ব্যাপার। বিশেষতঃ বাঁৎকময়নুগে, যখন বাঁৎকমচন্দ্রের ভাষায় বলিতে গেলে উচ্চশিক্ষিত মহোদরগণ বাংলা ভাষাকে কুপামিশ্রিত অবজ্ঞার চক্ষে দেখিতেন, সেই যুগে উৎকৃষ্ট রচনাদ্বারা বঙ্গদর্শনের মত প্রথম শ্রেণীর মাসিকের প্রতাপ্র্বা যে কতদ্রের কন্ট্যাধ্য ছিল তাহা সহজেই অন্যেয়। আবার পাঁরকাখানিকে সাধারণগ্রাহ্য করিয়া তুলিতে হইলে ব্যঙ্গ-কোতুকপূর্ণ লঘ্-রচনাও কিছ্ম কিছ্ম পারবেশন করা আবশ্যক। বাঁৎকমচন্দ্র স্বাসাচীর ন্যায় লঘ্-গ্রুব, উভয় প্রকার রচনা দ্বারাই বিঙ্গদর্শনা-এর প্রতা প্রেণ করিতে লাগিলেন। আর ইহারই প্রতাক্ষ ফলস্বর্পে আমরা এক চমৎকার সাহিত্য লাভ করিয়াছি। এই অংশের তিনখানি প্রস্তক—লোকরহস্যা, কমলাকান্ত ও মন্টিরাম গ্রুডের জাঁবনচরিত লঘ্ অথচ শিক্ষাপ্রদ সাহিত্যের প্রকৃষ্ট নিদর্শন।

লোকরহস্য: এই নামে 'বঙ্গদর্শনি' হইতে সংকলিত বিপ্কমচন্দ্রের প্রথম বাঙ্গ-কোতুকপূর্ণ রচনা-পৃষ্টক বাহির হয় ১৮৭৪ খ্রীষ্টাব্দে। ইহার প্রথম সংস্করণের আখ্যাপত্রে 'কোতুক ও রহসা' এইর্প উল্লেখ ছিল। তখন ইহাতে আটটি মাত্র কোতুক রচনা সন্নির্বোশত হয়। এ ক'টি প্রকাশিত হয় 'বঙ্গদর্শনি' প্রথম সংখ্যা বৈশাখ ১২৭৯ হইতে চৈত্র ১২৮০ বঙ্গান্দের মধ্যে। প্রথম সংস্করণের ভূমিকায় বিপ্কমচন্দ্র লেখেন:

বিজ্ঞাপন

"এই প্রন্থে বঙ্গদর্শনের প্রথম ও দ্বিতীয় খণ্ড হইতে কয়েকটি প্রবন্ধ উদ্ধৃত হইয়া প্রনম্নিদ্রত হইল। এতং সম্বন্ধে একটি মাত্র কথা বলা আবশাক। বঙ্গদেশের সাধারণ পাঠকের এইরপে সংস্কার আছে যে, রহস্য মাত্র গালি; গালি ভিন্ন রহস্য নাই। স্কুতরাং তাঁহারা বিবেচনা করেন যে, এই সকল প্রবন্ধে যে কিছ্ব বাঙ্গ আছে, তাহা ব্যক্তিবিশেষকে গালি দেওয়া মাত্র। এই শ্রেণীর পাঠকদিগের নিকট নিবেদন যে তাঁহাদের জন্য এ গ্রন্থ লিখিত হয় নাই—তাঁহার। অনুগ্রহ করিয়া পাঠ না করিলেই আমি কৃতার্থ হইব।

"সামাজিক যে সকল দোষ, তাহাতে রহস্য লেখকের অধিকার সম্পূর্ণ। ব্যক্তিবিশেষের যে দোষ, তাহাতে রহস্য লেখকের কোন অধিকার নাই—কদাচিং অবস্থাবিশেষে অধিকার জন্মে; যথা, দ্রান্ত রাজ-প্রেরের দ্রান্তিজনক কার্য্যের প্রতি, অথবা মূর্খ গ্রন্থকর্তার গ্রন্থের প্রতি, রহস্য প্রযুজ্য। এ গ্রন্থের সে সকল উন্দেশ্য নহে। এ গ্রন্থে শ্রেণী বিশেষ বা সাধারণ মন্য্য ব্যতীত ব্যক্তিবিশেষের প্রতি কোন ইন্দিত নাই।"

'লোকরহস্যে'র দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হয় ১৮৮৮ সনে। ইহাতে বিজ্ঞ্মচন্দ্র ও পরে তদীয় অগ্রজ সঞ্জীবচন্দ্র সম্পাদিত 'বঙ্গদর্শন' হইতে চারিটি এবং প্রধানতঃ বিজ্ঞ্মচন্দ্রের অধ্যক্ষতায় পরিচালিত 'প্রচার' হইতে চারিটি একুনে আটটি অতিরিক্ত কোতুক নিবন্ধ সংযোজিত হয়। বিজ্ঞ্মচন্দ্রও প্রস্তুক্থানির 'দ্বিতীয় বারের বিজ্ঞাপন'-এ এ বিষয় উল্লেখ করিয়াছেন। 'রামায়ণের সমালোচনা' প্রতাতন হইলেও এ সংস্করণে প্রায় ন্তন করিয়া লিখিয়াছিলেন। এখানিই তাঁহার জীবিতকালের শেষ সংস্করণ।

'লোকরহস্য' সম্বন্ধে এ ধাবং সন্ধীজনেরা তেমন আলোচনা করেন নাই। তবে অধ্যাপক ডক্টর সন্বোধচন্দ্র সেনগন্প্ত প্রমন্থ করেকজন সাহিত্য-সমালোচক এদিকে কিছন কিছন আলোকপাত করিতে প্রয়াস পাইয়াছেন। 'লোকরহস্যে' আলোচিত বিষয়বন্ধু সম্বন্ধে অধ্যাপক শ্রীশচন্দ্র দাসের উক্তি এখানে উদ্ধৃত করিতেছি:

"সামাজিক প্রবন্ধের মধ্যে 'লোকরহসাই' বিংকমচন্দের অক্ষয় কাঁর্তি। ইহার অধিকাংশ প্রবন্ধে মানব-চরিত্র সম্বন্ধে লঘ্-কোতুকের মধ্য দিয়া যে বিদ্রুপ-বাণ নিক্ষিপ্ত হইয়াছছ, উহা অনেক ছলে Swift এর তিক্ত-মধ্র ব্যঙ্গের কথা স্মরণ করাইয়া দেয়। 'ব্যাঘাচার্য' ব্রহ্লাঙ্গ্রুলের' রস-উচ্ছলতা স্বার্থান্ধ মানব-পশ্র চরিত্রের উপর নির্মাম কষাঘাত; 'গার্দ্ধভিব' ব্যঙ্গোক্ততে তাহাই আরও নির্মাম। 'দানপত্য দন্ডবিধি আইনে' তিনি যে লঘ্ কল্পনার ইন্দ্রজাল ব্নিয়াছেন, তাহাই 'বসস্ত ও বিরহে' ও বিবিধ প্রবন্ধের 'প্রাচীনা ও নবীনা'য় কোতুক-দ্রিদ্ধ র্প ধারণ করিয়াছে। দেয়েক্তি প্রবন্ধে স্থাবন্ধর পারস্পরিক সম্বন্ধিটি বিত্রের মধ্য দিয়া অমীমাংসিত পরিগাতর রসচেতনার মধ্যে পরিস্মাপ্তি লাভ করিয়াছে। 'রামায়ণের সমালোচনে'র বিদ্রুপ অতিশ্রেন্তির সঞ্জাত—এইখানে অযোগ্যের আস্ফালন অরথা সম্মান ভারে লাছিত হইয়াছে। 'বাব্' প্রবন্ধটি 'লোকরহস্যে' একটি বিশিষ্ঠ স্থান অধিকার করিয়া থাকিবে। জনমেজয়-বৈশম্পায়ন প্রভৃতি মহাভারতোক্ত চরিত্রের মুখে প্রবন্ধটির বিস্তৃতি সাধন করিয়া বিভ্কমচন্দ্র ইছাকে একটি স্বৃগন্তীর প্রচানিত্বের কঠামে বাঁধিয়া রাখিয়াছেন। মানব-চরিত্র-ব্যাখ্যাতা বৈশাপায়ন তথা বিভিক্ষচন্দ্রের বৃদ্ধির অতিকিত স্কুরণ, বিদ্রুপের আকস্কিক বিসময়-স্বৃদ্ধি ও স্ক্রেপরির

অন্তৰ্ন (ভিন্ন স্থিনি) চত লক্ষ্য-ভেদই 'বাব্'কে ডিবলিনের জন্য ধ্ল্যবল্থিত করিয়াছে। আমরা যখন

বিষ্ণুর ন্যার তাহাদিশের দশ অবতার—কেরাশী অবতারে বধ্য অসুরে দপ্তরী; মাণ্টার অবতারে বধ্য ছার; কেন্দ্রন মাণ্টার অবতারে বধ্য টিকেটহীন পথিক; রাজ্মণাবতারে বধ্য চালকলা-প্রত্যাশী পুরোহিত; মংপ্রুশণী অবতারে বধ্য বিদিক ইংরাজ; ডাক্তার অবতারে বধ্য রোগী; উকিল অবতারে বধ্য মোরাজল; হাকিম অবতারে বধ্য বিচারাথী; জমিদার অবতারে বধ্য প্রজা; সম্পাদক অবতারে বধ্য ভদ্রলোক এবং নিক্স্মাবিতারে বধ্য পুস্করিশীর মংস্য।

—অমনি চমকিত ইইয়া উঠি, পরস্পরের দিকে তাকাই। দেখি, বণ্ডিকমচন্দ্র আমাদের সকলের এমন কি, তাঁহার নিজের দুর্ব্বলতার উপরও আঘাত করিয়াছেন। তখন, বিদুপের মৃদ্ধ আঘাতকেও আমরা সক্তজ্ঞ হাস্য দ্বারা অভ্যর্থনা করি।" ("বণ্ডিকম-ক্ষ্তি" : বণ্ডিকমচন্দ্রের প্রবন্ধ-সাহিত্য, প্র, ১৩২-৩)

১৮৯৬ খ্রীষ্টাব্দে মিরিয়ম এস্ নাইট 'স্বর্গ গোলকের' অনুবাদ "The Globe of Gold" নামে লণ্ডনস্থ "The Indian Magazine and Review"-র মার্চ্চ সংখ্যায় প্রকাশিত করেন।

কমলাকান্ত: এই প্রক্তথানির তিনটি অংশ—কমলাকান্তের দপ্তর, কমলাকান্তের পত্র এবং কমলাকান্তের জোবানবন্দী। কমলাকান্তের সম্দুদ্ধ রচনা 'বঙ্গদর্শনে' প্রকাশিত হয়। ইহার প্রথম অংশ অর্থাৎ কমলাকান্তের দপ্তর স্বতন্ত্র প্রকাকারে প্রকাশিত হয় ১৮৭৫ খ্রীণ্টান্দে, প্রত্যা সংখ্যা ১৬২। ১২৮০-৮২ বঙ্গান্দের মধ্যে 'বঙ্গদর্শনে' প্রকাশিত কমলাকান্ত সন্দর্ভগালি, একুনে এগারটি, ইহাতে সন্মিবেশিত হইয়াছিল। ইহার আখ্যাপত্রে 'প্রথম ভাগ' এইর্প উল্লেখিত ছিল। বিক্রমন্দর্শ প্রথম বারের বিজ্ঞাপনে' লিখিয়াছেন যে, দপ্তরের মোট চৌন্দটি সন্দর্ভের মধ্যে 'চন্দ্রালাকে', 'মশক' এবং 'ক্রীলোকের র্প' তাঁহার প্রণীত নহে বলিয়া প্রত্যকে এই তিনটি প্রমানিত করেন নাই। কমলাকান্তের দপ্তরের উৎস্গপিত্র আছে: "উৎস্কা'/পন্ডিতাগ্রগণ্য/ খ্রীযুক্ত বাব্র রামদাস সেন মহাশয়কে/এই গ্রন্থ/প্রশ্বোপহার স্বর্প/অর্থিত/হইল।"

এই প্রেকখান পরিবন্ধিত আকারে প্রকাশিত হয় ১২৯২ বঙ্গান্ধে (১৮৮৫?)। তখন ইহার ন্তন নামকরণ হয় "কমলাকান্তে"। কারণ বিশ্বমচন্দ্র 'কমলাকান্তের দপ্তর' ব্যতীত 'কমলাকান্তের পত্র' এবং 'কমলাকান্তের জোবানবন্দী' ইহাতে সংযোজিত করেন। এই সংকরণে প্রেবিকার পরিত্যক্ত 'চন্দ্রালোকে' এবং 'ক্যীলোকের রুপ' সামিবিট হইল। এই দ্ইটির লেখক যথান্তনে অক্ষয়চন্দ্র সরকার এবং রাজকৃষ্ণ মুখোপাধ্যার। 'মশক' রচনাটিও অক্ষয়চন্দ্র সরকারের। এটি তাঁহার 'মোতিকুমারী'তে প্রকাশিত হওয়ায় 'কমলাকান্তে' পরিত্যক্ত হইয়া থাকিবে। 'কমলাকান্তের পত্র' ও 'কমলাকান্তের জোবানবন্দী' শীর্ষক সংযোজনীর বিষয় বিশ্বমান বিশ্বত 'বিজ্ঞাপনে' দুন্টব্য। 'কমলাকান্তের দ্বিতীয় সংস্করণে (১৮৮৯) 'টে'কি' নামক প্রবন্ধটি ন্তন প্রদত্ত হয়।

'কমলাকান্ত দর্শন' ও 'কমলাকান্তি চং' লইয়া এযাবং কিছু কিছু আলোচনা হইয়াছে। বঙ্গীয়-সাহিত্য-পরিষণ সংস্করণের সম্পাদকদ্বর রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় এবং শ্রীসজনীকান্ত দাসও এ বিষয়ে একটি মনোক্ত ভূমিকা লিখিয়াছেন 'কমলাকান্তে'। 'কমলাকান্ত-জন্মের ইতিহাস' বলিয়া ইহার যে উদ্ভব কাহিনী তাঁহারা বিবৃত করিয়াছেন তাহা বিশেষভাবে প্রণিধানযোগ্য। তাঁহাদের মতে বাজ্কমচন্দ্রের—

"স্বভাবতঃ রহসাপ্রিয় মন প্রথমটা লোকরহস্যের সহন্ধ পথে একটা মৃত্তির উপান্ধ আৰিব্দার করিয়া কতক সাম্প্রনা লাভ করিয়াছিল। কিন্তু মাসের পর মাস নিছক রহস্য সৃষ্টি করিয়া তৃপ্ত থাকিবার মত পঙ্গবগ্রাহী মন বিক্রমচন্দ্রে ছিল না। প্রবহমান সংসারস্রোতের উপরিভাগে আপাত মনোহর তরক্ষত্রে ভাসিতে ভাসিতে ভাসিতে ভাসিতে করিয়া যে সকল হতভাগ্য জাবি তাঁহার আশেপাশে চিন্তাহীন নিঃশৃক্তার ভাসমান, তাহাদের ভরাবহ পরিরা যে সকল হতভাগ্য জাবি তাঁহার আশেপাশে চিন্তাহীন নিঃশৃক্তার ভাসমান, তাহাদের ভরাবহ পরিপত্তির কথা আপন অন্তরে অনুভব করিয়া হালকা হাসির বৃদ্ধুদ্বিলাসে তাঁহার মন সায় দিত না। অন্ধেশিয়াদ নেশাখোর কমলাকান্তের শ্রণাপ্রম হত্তরা ছাড়া তথন ভাহার উপার ছিল না। সোজাস্থিত সম্ভানে যে সকল কথা বিলতে ভিনি সন্কোচ বোধ করিতেন, কমলাকান্তের মুখ দিরা সেই সকল কথা তিনি অসক্ষেত্ত বিলতে পারিতেন, এবং এই রহস্যময় পাগলকে কেন্দ্র করিয়া মাসের পর্ম মাস পাঠক ভূলাইতে তাঁহাকে বেগ পাইতে হইত না। এক আধারে ব্যক্তর শর্করামন্তিত কারা, পলিটিক্স, সমাজ-বিক্সনে এবং দর্শন পরিবেশকার উপায় কৃষ্টি করিয়া সম্পাদক এবং প্রচারক বিক্সমচন্দ্র নিজের কাজ অনেকটা সহজ করিয়া ক্রলেন। ক্রমলাকান্ত জন্মের ইহাই ইতিহাস।" ("ক্রমলাকান্ত" বঙ্গীর-সাহিত্য-পরিবং-সংস্করণ, ভূমিকা এক)

শীব্দ্ধ অক্ষরকুমার দশুগন্প কমলাকান্তের শাশ্বত রুপ এই ক'ছরে সন্দর মুটাইরা তুলিরা-ছেন: "কি ভাষার মাধ্বের্যে, কি ভাবের মনোহারিরের, কি শত্রু সংযত সরস রসিকতার কি অকৃত্রিম স্বদেশপ্রেমে কমালাকান্ত বঙ্গদর্শনের গোরব। কমলাকান্ত একাধারে কবি, দার্শনিক, সমাজশিক্ষক, রাজনীতিজ্ঞ, ও স্বদেশপ্রেমিক; অথচ তাহাতে কবির অভিমান, দার্শনিকের আড়ুবর, সমাজশিক্ষকের অরসজ্ঞতা, রাজনৈতিকের কল্পনাহীনতা, স্বদেশপ্রেমিকের গোঁড়ামি নাই। হাসির সঙ্গে কর্লের, অস্তুতের সঙ্গে সত্যের, তরলতার সহিত মুর্শুদাহিনী জনালার, নেশার সঙ্গে তত্ত্বোধের, ভাব্কতার সহিত বস্তুতন্ত্বতার, গ্লেষের সহিত উদারতার এমন মনো-মোহন সমন্বর্ধ কে কবে দেখিরাছে?" ("বািক্মচন্দ্র," ১৩২৭, প্. ১৯৭)

'কমলাকান্তে' বিশ্বন্ধচন্দ্র কতথানি মৌলিকতা প্রদর্শন করিয়াছেন÷সে যুগে এ প্রশন উঠিয়াছিল। ইদানীন্তন কালেও এ সম্পর্কে কমবেশী আলোচনা হইয়ছে। এ সম্পর্কে অক্ষয়-কুমারের মত প্রণিধানযোগ্য। তিনি বলেন, "কেহ কেহ এখনও জিজ্ঞাসা করে কমলাকান্তের দপ্তরের মৌলিকতা কতথানি? হায় রে অদৃষ্ট! 'মৌলিকতা' 'মৌলিকতা' করিয়া অথবা আপনাদের দেশের স্কৃতিমারেরই মৌলিকতা সন্দেহ করিতে করিতে দেশটা অঞ্চপাতে বাইতে বাসিয়াছে। কৈশোরে 'কমলাকান্ত' পাঠ করিবার পর যখন বিস্ময়ে আত্মহারা হইয়াছিলাম, তখন ইংরেজী সাহিত্যে জ্ঞানভিমানী এক ব্যক্তি বড় গভ্তীরভাবে বালয়াছিলেন, 'ওটা De Quincey's Confessions of an Opium Eater —এর অনুকরণ।' বড় হইয়া ব্রিয়াছি উহা পশ্তিতের যোগ্য উক্তি নয়। কমলাকান্তের দৃই দশটা উক্তির অনুর্ব্প উক্তি বিশাল ইংরেজী সাহিত্যের কোথাও নাই এমন কথা বালব না, কমলাকান্তের জোবানবন্দী Pickwick Papers-এর Sam-এর জোবানবন্দীর আদশে রচিত হইয়াছে তাহাও বিশ্বাস করি, তব্ বালব উহাতে কমলাকান্তের মৌলিকতা হানি হয় নাই।" (ঐ, প্র. ১৯৭)

'কমলাকান্তের জোবানবন্দী' নাট্যীকৃত হইয়া একাধিকবার অভিনীত হইয়াছে। এই প্রন্তকের অন্তর্গত 'কমলাকান্তের দপ্তরে'—দাদশ সংখ্যা—"একটি গীত"এর মূল "এসো এসো ব'ধ্ এসো" সঙ্গীতটি সন্বন্ধে বিক্রমের কনিষ্ঠ সহোদর প্র্লিচন্দ্র চট্টোপাধ্যায় "বিক্রম-প্রসঙ্গে" (প্. ৫৪-৬৪) বিশেষভাবে আলোচনা করিয়াছেন। বিক্রমচন্দ্রের এই কমলাকান্তী চং তাঁহার জীবিত কালে এবং পরেও বহুজন কর্ত্ক অনুসূত হইয়াছিল। চন্দননগরের চার্চন্দ্র রায় কমলাকান্তী চঙে "কমলাকান্তের পত্ত প্রকাশিত করিলে শিল্পাচার্য্য অবনীন্দ্রনাথ ঠাকুর প্রন্তক্থানির সমালোচনায় বিক্রমচন্দ্রের কমলাকান্ত সন্বন্ধে এইরূপ উক্তি করিয়াছিলেন :

"বিক্মচন্দের কমলাকান্ত যদি একটি মান্য হতো তো এতকাল ধরে সে বেচে থাকতেই পারতো না—কিন্তু সে নাকি একটা ধ্মকেতুর মতো, তাই থেকে থেকে আসে এবং চলে বার প্রথিবীর গারে আলোর বাটা ব্লিয়ে দিরে। বিক্সমের যুগে এই বাটা একবার দেশের গারে পড়েছিল।" ("ভারতী"—ফাল্ম্ন ১৩৩০, পূ. ১০৭৯)

ম্চিরাম গ্রেড়র জীবনচরিত: ১২৮৭, আয়িন মাসের 'বঙ্গদর্শনে' (সেপ্টেম্বর ১৮৮০) 'ম্চিরাম গ্রেড়র জীবনচরিত' প্রথম প্রকাশিত হয়। স্বতন্দ্র প্রকাশরে গ্রাথিত হয় ইহার তিন-চারি বংসর পরে ১২৯০ বঙ্গান্দে (ইং ১৮৮৪)। বেঙ্গল গবর্ণমেপ্টের এসিন্টাণ্ট সেদেটারীর পদ লাভের প্রায় এক বংসর প্রেব ইহা রচিত হয়। স্তরাং এই পদ পরিত্যাগের বিরক্তিকর অবস্থার সঙ্গে উহার কোন সংস্রব থাকা সম্ভব নর। সমাজে যে 'ম্চিরাম গ্রুড়' রহিয়াছে তাহাদের প্রতি সাধারণের দৃষ্টি নিবন্ধ করাই বিশ্বমচন্দের উদ্দেশ্য ছিল। বড়ই পরিতাপের বিষয়, বস্তর্মানে 'ম্চিরাম গ্রুড়'র সংখ্যা যেন ক্রমে বাড়িয়াই চলিয়াছে। শ্রীযুক্ত অক্ষয়ক্রমার দত্যের এ প্রক্রথানি সন্বন্ধে লেখেন:

"রাজপদে অনেক অবোগ্য ব্যক্তি সোভাগ্যবলৈ অনুচিত সম্মান লাভ করে বটে এবং হয়ভ বোগ্যতর অনেক ব্যক্তিও নানা ঘটনাচক্রে উপযুক্তর প সম্মান ও পদোমতি প্রাপ্ত হয়েন না, কিন্তু বিভক্ষচন্দ্র নিজ্ঞ জীবনে সরকারের নিকট হইতে কখনও অনাদর পান নাই। এমত অবস্থায় মুচিরামের স্থিট কেন এ প্রশন অনেকেরই মনে উঠিতে পারে। তিনি নিজ সাহ্বিসে এবং হয়ত নিজ্ঞ স্টেলনেই নিজের পার্শে অনেক মুচিরাম, ঘটিরাম দেখিয়াছিলেন। তাহাদের ক্রিয়াকলাপ ও তাহাদের মধ্যে কাহারও কাহারও সরকারে প্রতিপত্তি নিশ্চমুই তাঁহার মনে হাসারসের উদ্রেক করিরাছিল। মুচিরামে বিভক্ষ পাঠকাশকে সেই হাসারসের ভাগ দিয়াছেন। অবশ্য ইহাতে হাসোর মনে বে বিশ্বপের বিষক্ষালা মিশ্রিত আছে তাহা অস্বীকার করা যায় না। যাহা নিন্দার্হ ও উপহাসবোগ্য বিভক্ষ তাহারই নিন্দা ও উপহাস

করিয়াছেন। মুচিরাম-বটিরাম ইত্যাদির স্থি একহিসাবে প্রকৃষ্ট সমাজসেবা.......('বজ্কিমচন্দ্র', প্. ২৭৪)।

বিজ্কমচন্দ্রের জীবিতকালে এ পুস্তুকের একটি সংস্করণই মাত্র প্রকাশিত হয়।

পরিষং-সংস্করণ বিশ্কম-রচনাবলীর সম্পাদকদ্বয় 'লোকরহস্যে'র ভূমিকায় এই সকল কোতৃক ও রহস্যমূলক রচনা সম্পর্কে ধাহা বিলয়াছেন তাহার কিরদংশ এখানে উল্লেখ করি :

"বঙ্গদর্শনের সম্পাদক হিসাবে প্রতাপ্রণের এবং বিবিধ বিষয়ক আলোচনার দ্বারা পরিকার অঙ্গদোতির সম্পাদনের জন্য অর্থাং সাধারণ পাঠকের মনোরঞ্জনের জন্য স্বাসাচী বিভিন্নকে আপাত-দ্ভিতে অত্যন্ত লঘ্ বিষয় লইয়াও ব্যঙ্গ ও রসিকতার ভঙ্গীতে লেখনী ধারণ করিতে হইয়াছে—ক্ষনাকান্ত', 'লোকরহস্য', ও 'ম্চিরাম গ্রুড়ের জীবনচরিত' বিভক্ষচন্দ্রের বিপরীত বা লঘ্নদকের পরিচয়। কিন্তু গোপাল ভাঁড়ের গম্প অথবা ঈশ্বর গ্রুড়ের সমাজবিষয়ক কবিতাগর্নল যে অর্থে লঘ্, বিভক্ষচন্দ্রের এই সকল হালকা রচনা সে অর্থে লঘ্, নহে। তাঁহার হাসি বা ব্যঙ্গের অন্তর্মানে অধিকাংশ ক্ষেত্রেই অপমান-লাঞ্ছনার জন্মলা ও বেদনার অশ্র্যু লাক্ষ্যাইয়া আছে। 'বিবিধ প্রবন্ধে' বিভক্ষচন্দ্র যে সকল চরম কথা বলিতে পারের নাই, 'লোকরহস্যে' ও 'ক্মলাকান্ডে' বিদ্রুপের আবরণে সে সকল কথা অতি সহজেই বলিতে পারিয়াছেন। বাংলাদেশের চিরন্তন গতান্গতিকতার বির্রুকে হ্তোমের পরেই ক্যলাকান্ড বিভক্ষের এই বিদ্রোহ।"

দ্বিতীয় ভাগ

এই অংশে 'বিজ্ঞানরহস্য', 'বিবিধ প্রবন্ধ' এবং 'সাম্য' গ্রথিত হইয়াছে। মানবসেবা বিশ্বম-চন্দ্রের লক্ষ্য। কাজেই সমাজের উন্নতিম্লক কোন বিষয়ই তাঁহার দ্বিও এড়ার নাই। সকল দিকেই তিনি সব্যসাচীর মত লেখনী পরিচালনা করিয়াছিলেন। এই তিনখানি প্রস্তুকে তাহা সম্যক্ত প্রকটিত হইতেছে।

ৰিজ্ঞানরহস্য: বিশ্বুকাচন্দ্র ভারতবর্ষের উন্নতিকলেপ বহিবিজ্ঞান, অর্থাৎ পাশ্চান্ত্য ভূত-বিজ্ঞানের সেবা বা সাধনা যে অত্যাবশ্যক তাহা মনেপ্রাণে বিশ্বাস করিতেন। এ প্রসঙ্গে তংকৃত "ভারতবর্ষীয় বিজ্ঞান সভা" প্রবন্ধটির (বঙ্গদর্শন, ভাদ্র ১২৭৯) প্রতি পাঠক-পাঠিকার দ্বিট বিশেষভাবে আকর্ষণ করি। বঙ্গদর্শন ভিতীয় সংখ্যা (জ্যৈষ্ঠ ১২৭৯) হইতে বিশ্বুকাচন্দ্র বিজ্ঞানবিষয়ক আলোচনার স্ত্রুপাত করেন। বিজ্ঞানের নবাবিশ্বুক জটিল তত্ত্বসমূহ সরল ও সরস করিয়া বিভিন্ন প্রবন্ধে 'বঙ্গদর্শন' মারফত পরিবেশন করিতেন। এই সকল প্রবন্ধ ১৮৭৫ সন্দে 'বিজ্ঞানরহস্য' নামক গ্রন্থে প্রকাশিত হয়। তাহার জাবিত কালে ইহার আর একটি সংস্করণ মার হইয়াছিল ১২৯১ বঙ্গাব্দে। বিশ্বুকাচন্দ্রের ষের্প ধারা, 'বঙ্গদর্শন' হইতে পত্ত্বুকাকারে প্রকাশকালে প্রথম সংস্করণে, এবং দ্বিতীয় সংস্করণ প্রকাশকালে তিনি প্রবন্ধান্ত্রির সংশোধন ও কতকটা রদবদল করেন। প্রথম সংস্করণে ১২৭৯-৮০ সালের বঙ্গদর্শনি হইতে উন্ত প্রবন্ধনিচয় মার সঞ্চলিত হয়। এই সংস্করণের বাংলা স্ত্রীপত্রে এগ্রেলির নাম ছিল—আন্চর্য্য সোরোংপাত, আকাশে কত তারা আছে, ধ্লা, গগনপর্যাটন, চঞ্চল জগৎ, কতকাল মন্য্য, জৈবনিক, পরিমাশ রহস্য এবং সর্ উইলিয়াম টমাস্ কৃত জাবস্ক্রিকার ব্যাখ্যা। প্রথম সংস্করণের 'বিজ্ঞাপন'টি ছিল এইর্প:

"বঙ্গদর্শন হইতে উদ্ধৃত হইরা এই করেকটি প্রবন্ধ প্রকাশিত হইল। প্রবন্ধগালি লেখকের সন্তোবজনক হয় নাই—কৃতবিদ্যা পাঠকেরও হইবার সন্তাবনা নাই। বৈজ্ঞানিক তত্ত্বের আলোচনায় অনেক
প্রকের সাহায্য প্রয়েজন করে; এ সকল প্রবন্ধ যেখানে লিখিত হইরাছিল, সেখানে বৈজ্ঞানিক প্রতক
পাওরা কন্টকর। অনেক কথা কেবল স্মৃতির উপর নির্ভার করিরা লিখিত হইরাছে,—অথচ স্মৃতির নার্র্বা বিশ্বাসঘাতিনী কেহ নাই। লিখিত বিষয়ের বাখার্থা নির্পণ জন্য অনেক সময় আবশ্যক, লেখক
সময়াভাবে নিতান্ত কাতর। অতথ্যব এই সকল প্রবন্ধে যে অনেক প্রান্তি আছে, ইহা নিতান্ত সন্তব। থিনি যেখানে যে শ্রম দেখিবেন, অনুগ্রহ করিরা ভাষা লেখককে জানাইবেন, ভবিষাতে তাহা সংশোধন করা
ঘাইবে।

"এই সকল প্রবন্ধ প্রধানতঃ হুস্কলী, টি-ডল, প্রক্টর, লকিয়র, লায়েল প্রভৃতি লেখকের মতাবলন্দন করিয়া লিখিত হইয়াছে। কোনটিই অনুবাদ নহে। তবে টি-ডল সাহেবের 'Dust and Disease' নামক প্রবন্ধের সার মন্দ্র', 'ধ্লা', প্লেসর সাহেবের প্রন্থ হইতে 'গ্রুমনপ্রটিন', হন্ধলীর 'Lay Sermona' ইতে 'জৈবনিক', এবং লায়েল সাহেবের 'Antiquity of Man' হইতে 'কৃতকাল মন্দ্র' নামক প্রবন্ধ সংক্লিত হইয়াছে।

"লেখকের প্রধান উদ্দেশ্য এই যে আলোচিত বৈজ্ঞানিক তত্ত্ব সকল সাধারণ বাঙ্গালী পাঠক, বাঙ্গালা বিদ্যালয়ের উচ্চতর শ্রেণীর বালকেরা এবং আধ্বনিক শিক্ষিত বাঙ্গালী স্থাী, ব্রিক্তে পারেন। কডদ্রে এ উদ্দেশ্য সফল হইষে বালতে পারি না।"

'বিজ্ঞানরহস্যে'র প্রথম সংস্করণে 'ধ্লা' প্রবন্ধটি যে আকারে গ্রথিত হইয়াছে, 'বঙ্গদর্শনে' (ফালান ১২৭৯) ঠিক সে আকারে ছিল না। প্রতকে ইহার গোড়ার অংশ পরিত্যক্ত হয়। সেই অংশটি এই :

"আমাদিগের দেশে অন্য যে বিষয়েরই অভাব থাকুক না কেন, কেবল এক বিষয়ের অভাব নাই—বড় ২ বিষয়ে ক্রুর ২ প্রবন্ধ। আমাদের দেশে অম বন্দের অভাব আছে; কিন্তু দর্শন, বিজ্ঞান, প্রাব্ত্ত, রাজনীতি, সমাজনীতি, ও ধন্মানীতি, এ সকলের অভাব নাই; চাদনীর চকে জ্বতা কিনিলে বিনামাল্যে অনায়াসে শিখিতে পারা যায়। জ্বতা বাঁযা কাগজ পড়িলেই হইল। স্কুলের ছেলে বিশুর; উমেদারও অনেক; সকলের চাকরি জ্বটে না; কাগজ কলম ধার চাহিলে পাওয়া যায়, কেন না, কেহ পরিশোধের প্রত্যাশা করে না; মুদ্রায়ন্ত অতি স্বলভ। লিখিতে হইলে ছোট বিষয়ে লেখা অযুক্তি—স্বতরাং অম বন্দ্রের যাদ্শ অভাব—বড় ২ বিষয়ে প্রবন্ধের তাদ্শ অভাব নাই। আমাদিগের ক্ষয়ের ব্রেকিতে বিবেচনা হইয়াছিল বে, দর্শনি বিজ্ঞানাদির কথা যাহাই হউক, কাব্য সমালোচনা কিছু কঠিন; কেন না, দর্শনিদি শিখিলে তাল্বষয়ে লেখা যায়, কিন্তু কাব্যের সমালোচনা কেবল শিক্ষার বশীভূত নহে। কিন্তু আমাদিগের দেশের সোভাগ্য যে তাহারই কিছু ছড়াছড়ি অধিক। মা সরস্বতীর অন্ত্রহ।

দৈখিয়া শ্নিয়া আমরা স্থির করিয়াছি, আমরা কোন গ্রেত্র বিষয়ের আলোচনা করিব না।
আমরা ক্ষ্রেত্রিদ্ধ এবং অলপজ্ঞান, স্তরাং গ্রেত্র বিষয়ের সমালোচনায় অক্ষম। কোন সামান্য বিষয়
অবলম্বন করিয়া একটি প্রস্তাব লিখিব। এই প্রতিজ্ঞা করিয়া সামান্য বিষয়ের অন্সন্ধান করিতেছিলাম।
অন্সন্ধান কালে আমাদের সম্মুখে একজন ঝাড়্দার' সম্মার্জনী হস্তে, রাজপথ পরিক্কার করিতেছিল,
বড় ধ্লা উড়াইতেছিল। দেখিয়া আমরা স্থির করিলাম বে, বাহার তত্ত্ব করিতেছিলাম, তাহা পাইয়াছি
—আমরা ধ্লা সম্বন্ধেই লিখিব। ধ্লার মত সামান্য পদার্থ আর সংসারে নাই।

ভাবিলাম যে ধুলার সন্বন্ধে অনেক ন্তন কথা লিখিতে পারিব, যথা—প্রথমতঃ, ধুলার জল ঢালিলে কাদা হয়; বিতীয়তঃ, ধুলা চচ্চে গেলে কর্কর্ করে; তৃতীয়তঃ, ধুলা দাঁতে গেলে কিচ্কিচ্ করে; চতুর্থতঃ, রেইলে বড় ধুলা লাগে ইত্যাদি নানাবিধ ন্তন এবং বিস্ময়ন্তনক তত্ত্বের আবিশ্লিয়া করিব, ইচ্ছা করিয়াছিলাম। সকল স্থানে রাস্তা ঘাটে ভাল জল দেওয়া হয় না বলিয়া মিউনিসিপাল কম্মচারীদিগকে কিঞ্চিং স্কাভ্য গালিগালাজ করিব, এমতও ইচ্ছা ছিল। মনে করিয়াছিলাম, কাব্যালকারেও ধ্লার প্রয়েজন দেখাইতে পারিব, য়থা 'ধ্লায় ধ্সর অঙ্গ', 'ধ্লায় মিশাবে দেহ' ইত্যাদি। বছুতঃ আমরা কম্পনা করিয়াছিলাম যে, কোন প্রকারে পাঠক মহাশয়ের 'চক্ষে ধ্লা' দিব। পারি ত, আপনারাও কিছ্ 'ধ্লা বাক্স পাতা' উপাক্ষিন করিব।

দুর্ভাগ্যক্রমে আমাদিগের স্মরণ হইল যে, আচার্য্য টিন্ডলও ধ্লা সন্বন্ধে একটি দীর্ঘ প্রস্তাব লিখিরাছেন। এবং তাহা পাঠ করিয়া ধ্লা সামান্য তত্ত্ব বিলয়া বোধ হয় না, অত গ্রেব্তর এবং দুর্জের বিষয় বলিয়া স্বীকার করিতে হয়। আচার্য্য স্বয়ং এক জন ইউরোপের মান্য বিজ্ঞানবিং মহামহোপাধ্যায়। তিনি বহুদিন অবধি পরিশ্রম করিয়া ধ্লাতত্ত্বের কিয়দংশ জানিতে পারিয়াছেন। স্তরাং সামান্য বিষয় বলিয়া ধ্লার উপর যে আদর হইয়াছিল, তাহার লাঘব হইল। আমাদিগের কপালক্রমে ধ্লাও সামান্য বিষয় নহে।"

প্রথম সংস্করণের সর্বশেষ প্রবন্ধটি (সর উইলিয়ম টমসনকৃত জীবস্থিটর ব্যাখ্যা) পুস্তকের দ্বিতীয় সংস্করণে একেবারে বাদ দেওয়া হইয়াছে।

বিবিধ প্রবন্ধ (প্রথম ও বিভায় ভাগ): এই প্রভক্ষয় সন্বন্ধে কিছন বলিতে গেলে, বিশ্বদর্শনের কথাই আমাদের মনে সন্বপ্রথম উদিত হয়। বিভক্ষচন্দ্র-সম্পাদিত বিশ্বদর্শনের কথাই আমাদের মনে সন্বপ্রথম উদিত হয়। বিভক্ষচন্দ্র-সম্পাদিত বিশ্বদর্শনের বাংলা স্মিহতো যে নবয়গ স্থিত করিয়াছিল তাহা আজ সন্বজনন্দ্রীকৃত। ইহার প্রেব্ধ 'তত্বোধিনী পরিকা', বিবিধার্থ সংগ্রহ, রহস্য সন্দর্ভ, শিক্ষা-দর্পণ প্রভৃতি মাসিক এবং সোমপ্রকাশ, অমৃত বাজার পরিকা প্রভৃতি সাপ্তাহিকে যে সকল ভাবধারার ক্রমবিকাশ ঘটিয়াছিল বিভক্ষচন্দ্রের ক্রেদর্শনে যেন ঐসব একটি পরিপ্রশ রূপ পরিগ্রহ করিল। বিজ্ঞান, দর্শন, সংক্রতকাবা, বাংলা সাহিত্য, ইতিহাস, ভাষাতত্ব, সমাজতত্ব, নৃতত্ব, প্রশ্বতত্ব, অর্থনীতি, শিক্ষা, সঙ্গীত, রাজ্ববিজ্ঞান, লোকশিক্ষা এমন কোন বিষয় ছিল না যাহা 'বঙ্গদর্শনে' প্রবন্ধাকারে আলোচিত না হইত। প্রেক সমালোচনাও 'সাহিত্য' পর্যায়ে উল্লোভ হইয়াছিল। আর এই সকলের এক বিরাট অংশ, প্রায় পনর আনার লেখক ছিলেন বিভক্ষচন্দ্র ক্রমণ বিষয়ক প্রবন্ধের জের টানিয়াছিলেন। তবে

তাঁহার মন তথন হিন্দুখেশের শাষত ভাবধারায় আপ্সত। ধর্মাতত্ব ও দর্শনাদিই তথন এ সকল আলোচনার প্রধান উপজীব্য। বাহা হউক, বিকমচন্দ্র ও সঞ্জীবচন্দ্র সম্পাদিত 'বঙ্গদর্শন' এবং বিক্ষমচন্দ্রের অধ্যক্ষতায় পরিচালিত 'প্রচার' হইতে সম্পাদিত প্রবন্ধের সম্পি এই দুই খণ্ডে মোটামন্টি সন্নিবেশিত করা হইরাছে।

'বিবিধ প্রবন্ধ-প্রথম ভাগ' প্রকাশিত হয় ১৮৮৭ খ্রীন্টাব্দে। এখানি 'বিবিধ সমালোচনা' (১৮৭৬) এবং 'প্রবন্ধ-প্রকে'র (১৮৭৯) সমাহার। 'বিবিধ সমালোচনে' মোট নর্মাট প্রবন্ধ ছিল —(১) উত্তরচরিত, (২) গাঁতিকাবা, (৩) প্রকৃত ও অতিপ্রকৃত, (৪) বিদ্যাপতি ও জয়দেব, (৫) আর্যাঞ্জাতির স্ক্রেমাশিল্প, (৬) কৃষ্ণচরিত্র, (৭) দ্রোপদা, (৮) সেকাল আর একাল এবং (৯) শকুন্তলা, মিরন্দা এবং দেস্দিমোনা। এ সম্দরের মধ্যে 'কৃষ্ণচরিত্র' "বিবিধ প্রবন্ধ, প্রথম ভাগে" স্থান পায় নাই। পরবত্তী কালে 'কৃষ্ণচরিত্র' সম্বন্ধে বিশ্বক্ষমচন্দ্রের মত বদলায় এবং তিনি এই শার্মে একথানি বিরাট ন্তন গ্রন্থ লেখেন। "কৃষ্ণচরিত্র" প্রবন্ধটি 'বঙ্গদর্শন' হইতে অনাগ্র পরিবেশিত হইল। 'সেকাল আর একালোর নাম দেওয়া হইল 'অনুকরণ'। বিশ্বক্ষমচন্দ্র 'বিবিধ সমালোচন' প্রকাশকালে এ সম্দর্ধ সমালোচনার স্থানে হানে হানে যথারীতি অদলবদল করিয়াছিলেন। প্রক্রের 'বিজ্ঞাপনে' তিনি লেখেন: "বঙ্গদর্শনে মংপ্রণীত যে সকল গ্রন্থ-সমালোচনা প্রকাশিত হইয়াছিল, তন্মধ্যে কতকগ্নিল পরিত্যাগ করিয়াছি। যে কর্মাট প্রবন্ধ প্রন্মর্যান্ত করিলাম, তাহার কিয়দংশ স্থানে ২ পরিত্যাগ করা হইয়াছে। আধ্বনিক গ্রন্থের দোকগ্নণ বিচার প্রায়ই পরিত্যাগ করা গ্রন্থান মাহিত্যবিষয়ক ম্লকথার বিচার আছে, সেই সকল অংশই প্রমর্যন্তিত করা হইয়াছে।"

"প্রবন্ধ-পা্সতকে" মাদিত হয় দশটি প্রবন্ধ—(১) বাঙ্গালীর বাহা্বল, (২) ভালবাসার অত্যাচার, (৩) জ্ঞান, (৪) সাংখ্যদর্শনি, (৫) হিন্দর্ধন্মের নৈস্যিতি মাল, (৬) ভারত কলম্ক, (৭) ভারত-বর্ষের স্বাধীনতা এবং পরাধীনতা, (৮) প্রাচীন ভারতবর্ষের রাজনীতি, (৯) প্রাচীনা এবং নবীনা—তিন রকম, এবং (১০) বাড়া বয়সের কথা। 'বাড়া বয়সের কথা' পরে কমলাকান্তে" ছান পাইরাছে। 'হিন্দর্ধন্মের নৈস্যিতি মালে' কিণ্ডিং পরিবদ্ধিত ও সংশোধিত হইয়া বিবিধ প্রবন্ধ—ছিতীয় ভাগে' প্রকাশিত হয় "ত্রিদেব সম্বন্ধে বিজ্ঞানশাস্ত্র কি বলে" এই নামে। প্রবন্ধ-পাস্তব্ধের বিজ্ঞানশাতি এই':

"এই গ্রন্থে যে কয়টি প্রবন্ধ সংগৃহণিত হইল তাহা সকলই 'বঙ্গদর্শনে' প্রকাশিত হইরাছিল। কোন কোন প্রবন্ধের স্থানে স্থানে কিছ্ম কিছ্ম পরিত্যাগ করা গিয়াছে। কথনও বা প্রবন্ধের নাম পরিবর্ত্তন করা গিয়াছে।

"এই জাতীয় আরও কয়েকটি মংপ্রণীত প্রবন্ধ বৈঙ্গদর্শনে' প্রকাশিত হইয়াছিল। নানা কারলে সেগন্নল এক্ষণে পন্নর্মন্তান্ধনের অযোগ্য বিবেচনা করিলাম।"

এখন, 'বিবিধ প্রসঙ্গ- দ্বিতীয় ভাগ' সন্দেশে আলোচ্য। এখানি প্রকাশিত হয় ১৮৯২ খ্রীন্টাব্দে। দ্বিতীয় ভাগে প্রবন্ধ-সংখ্যা মোট বাইশটি—ইহার অধিকাংশ 'বঙ্গদর্শমে' এবং অপ ভাগ 'প্রচারে' প্রকাশিত হইয়াছিল। এই ভাগের 'বিজ্ঞাপনে' 'বঙ্গদেশের কৃষক' প্রবন্ধটির প্রতি বিশিক্ষান্দ্র পাঠক-পাঠিকাদের দৃশ্তি বিশেষভাবে আকর্ষণ করেন। ইহাতে তিনি আরও লিখিয়াছেন যে, "'মন্মুড় কি?' ইতি শীর্ষক প্রবন্ধ, জন্ ভ্টুরার্ট মিলের জীবনচরিতের সমালোচনার ভাগাংশ মাত্র। ধন্মতিত্ব নামক গ্রন্থে যে অনুশীলনধন্ম ব্যাইয়াছি, তাহার বীজ ইহাতে আছে।" এই প্রবন্ধটি তিনি 'বঙ্গদর্শনে' প্রকাশিত করেন আশ্বিন ১২৮৪ বঙ্গাব্দে। এই ভাগের 'রামধন পোদ' শীর্ষক প্রবন্ধটির নাম ছিল "জাহার versus বিজ্ঞানশাস্য কি বঙ্গে?" গ্রামধন পোদ' শীর্ষক প্রবন্ধটির নাম ছিল "জাহার versus বিজ্ঞানশাস্য কি বঙ্গে?" শীর্ষক রচনা "বিবিধ প্রবন্ধ—ছিতীয় ভাগে" প্রকাশিত হয়। এই প্রবন্ধটি 'বঙ্গদর্শনে' কিন্তু বাহির হইয়ছিল "মিল, ডান্বিন এবং হিন্দুধন্ম" এই শিরোনামে। "প্রবন্ধ-পৃষ্ঠকে" প্রকাশিত এই প্রবন্ধর আরম্ভ নিন্দের অংশ ছিল:

"নবা বাহালী সম্প্রদান প্রচলিত হিন্দু ধর্মাকে উপধর্মাপরিক্ষণ এক বিষমর কলের আধারকরে প্রানেন। যে প্রত্যুব্ধ ইয়ার উদ্ধানন এবং সংক্ষেত্র করিয়াছিলেন, এবং বাঁহারা ইহাতে বিশ্বাস করেন, তাঁহাদিগকে আমরা ঘোরতর মূর্ব মনে করি। এদিকে আবার সেই প্রত্যুব্ধানের প্রদীত কাবা ও স্পানাদি দেখিয়া আঁইট্রিকাকে মহান্ত্রা মনে করি। এবং শ্রামান্ত্র মূর্ব কি প্রকাশের একর সংযুক্ত হঠন, এ প্রান্ত বামানের মনে উদর হয় না। বাহাবিক প্রোরালক ধ্যুব্ধ বিশ্বাস কি

প্রমুপ বেরতের মুখাতা? বাহা তিন সহস্র বংসর অবাধে কোটি কোটি মনুব্যের ভবিস্থা বিষয় হইয়া আসিতেতে, সম্প্রিক্সী বৌদ্ধম্ম বাহার নিকট প্রাভূত হইল, ডাহা কি কেবল মুখাতার ফল? তাহার কি কোন নৈস্থিকি ছিডি নাই? না থাকিলে এত বল হইবে কেন?

"এই নৈসন্ধিক ভিত্তির আমরা অনুসন্ধানে প্রবৃত্ত হইব। কিছু পূর্বকালে এই ভিত্তি যে আক্রার জার্মারালেরে চক্ষে দীপামান হইরাছিল, আমরা তাহা আর খ্রিছারা পাইব না। তাঁহারা কি প্রকারে চিন্তা ক্রিটেন, কি প্রধালীতে বিচার করিতেন, আমরা তাহা ব্রিডে পারি না। আমরা বাহা অনেক অনুসন্ধান করিয়া, অনেক বিচার করিয়া ছির করি, তাঁহারা হয়ত তাহা কেবল আভারতিরক দৃষ্ণিতে দেখিতে পাইতেন। আমরা সে পথে বাইব না—গেলে কিছু ব্রিডে পারিব না, কিছু ব্রেইতে পারিব না। এখন কোন তত্ত্বের নৈসন্ধিক ভিত্তি ব্রাইতে গেলে, ইউরোপার বিজ্ঞানের আলোকে তাহা লগতীক্ত করিছে হইবে। নহিলে উনবিংশ শতাব্দীতে কেহ ব্রিবে না। আমরা এ বিচারে একজন ইউরোপার দশেনিক এবং একজন ইউরোপার বিজ্ঞানবিদের আশ্রের গ্রহণ করিব। মিল ও ডাম্পিন আর্মাণিতকে পথ দেখাইরা দিবেন।"

া বিভিন্ন প্রিবিধ প্রবন্ধ প্রথম ভাগ ও দ্বিভীয় ভাগ গ্রন্থন কালে প্রবন্ধগর্নালর কোন শ্রেণীবিজ্ঞান করেন নাই। হীরেন্দ্রনাথ দত্ত পরিষং-সংস্করণের জন্য উহার এইর্প শ্রেণী বিজ্ঞান
করেন: সাহিত্য (৭টি প্রবন্ধ), প্রত্নতত্ত্ব (৪টি), ইতিহাস ও অর্থনীতি (১০টি), দর্শন ও ধর্ম্মর্থ (৬টি), এবং বিবিধ (৭টি)। প্রত্নতত্ত্ব এবং ঐতিহাসিক নিবন্ধগর্নাতে বিজ্ঞান্দর যে কির্প ক্ষম্পান্ধংসা ও গবেষণার পরিচর দিয়াছেন দার্শনিক হীরেন্দ্রনাথ দত্ত এবং ঐতিহাসিক রাখালদাস বন্দ্যোপাধ্যার সে সম্বন্ধে তাঁহাদের অভিমত লিখিয়া গিয়াছেন। ঐতিহাসিক প্রবন্ধগর্নালর সম্পর্কে রাখালদাস বন্দ্যোপাধ্যারের স্কৃতিন্তিত মন্তব্য এখানে উদ্ধৃত করিতেছি:

"মুণালিনী, দুর্গেশিনন্দিনী, সীতারাম, রাজসিংহ প্রভৃতি ঐতিহাসিক উপন্যাস ব্যতীত বঙ্গদর্শনে ভিন্ন ভিন্ন সময়ে প্রকাশিত কতকগুলি প্রবন্ধে বণ্ডিমচন্দ্র বঙ্গদেশে প্রথম ঐতিহাসিক আলোচনার ব্রুরপাত করিরাছিলেন। এই সকল প্রবন্ধ সাধারণতঃ দুইটি বৃহৎ ভাগে বিভক্ত হইতে পারে—"ভারত-কর্মণক বা বাঙ্গালার কলৎক" এবং "বাঙ্গালীর উংপত্তি"। তখনও বিদেশীয় ঐতিহাসিকগণ ভারতের ইচ্ছিহাস-রচনায় আধুনিক বিজ্ঞানানুমোদিত প্রণালী অবলব্দন করেন নাই। বাঁহারা ভারতবর্ষে অবস্থান ক্রিয়া ইতিহাস রচনা করিতেন, তাঁহারা তখনও এই প্রণালীর নাম পর্যান্ত শুনিরাছিলেন কিনা সন্দেহ।... এই মুগে বিষ্ক্রমন্তের লেখনী হইতে কতকগুলি ঐতিহাসিক সতা নিঃসূত হইয়াছিল, বিগত অশ্ব **শতাব্দীর শত শত নতেন আবিব্দারেও তাহাদিগের সত্যতা সম্বন্ধে কাহারও সন্দেহ উপস্থিত হয় নাই।** খাঁক্ষচন্দ্র এই ঐতিহাসিক সত্যগর্লি মহাজন উভিন্ন মতন বালিয়া যান নাই: এখন আমরা যেমন করিয়া **ঐতিহাসিক সত্য প্রমাণ করিবার চেণ্টা করি, বহ**ু সত্যাসত্যের মধ্য হইতে বেমন করিয়া ঐতিহাসিক সার সত্যট্টু বাছিয়া লইয়া বন্ধ করি, তিনিও তেমনি করিয়া সের্প প্রণালী অবলম্বনেই তাঁহার উল্লিখ্যনির সভাতা প্রতিপাদন করিয়া গিরাছেন। তাঁহার 'ভারত-কলধ্ক' প্রবন্ধ প্রকাশের পর বিয়াল্লিশ বংসর অতীত হইয়া গিয়াছে এবং 'বাঙ্গালার কলম্ক' প্রকাশের পরে ত্রিশ বংসর অতীত হইয়াছে, কিন্তু অক্সান্ত্রিধ বে সমন্ত প্রমাণ আবিদকৃত হইরাছে তাহার কোনটিই বিশ্কমচন্দ্রের বিরুদ্ধবাদী বলিয়া বোধ হয় না। এখনও কোন লেখক এমন কথা বলিতে সাহস করেন নাই বে, মুসলমানগণ বত সহজে প্রাচীন সিরিরা বা পারস্যদেশ অধিকার করিয়াছিলেন, ভারতবর্ষও সেইর্প অনারাসে অধিকৃত হইয়াছিল। ব্যক্ষিক 📆 শ্বনালিনীতে লক্ষ্মণ সেনের নবখীপ হইতে প্রসারনের কথা বিবৃত করিয়াছেন বটে কিন্ত তিনিই প্রথমে সপ্তদশ অশ্বারোহী লইয়া বখ্তিয়ার খিলিজীর বঙ্গবিজয়ের অসভবতা প্রমাণের জন্য দশ্ভারমান হইরাছিলেন। তখনও 'তবকাং-ই-নাসিরি'র কোন বিশ্বাসযোগ্য সংস্করণ মৃদ্রিত হয় নাই, 'ৰাভাটি'র অনুবাদ মুদ্রিত হয় নাই, তখন ইলিয়টু কর্তুক প্রকাশিত 'ভাজ-উল্ল-মাসি'র ও 'ত্বকাৎ-ই নালিরির সারাশেমাটে এতদেশীর লেখক ও পাঠকবর্গের একমাট্র অবলবন ছিল। আরু সেই কালে ব্যক্তিক ব্যক্তালার মাস্ত্রমান বিজয় সম্বন্ধে যে সমস্ত প্রমন করিরাছিলেন তাহা শুনিলে আশ্রুর্যান্বিত इ**हेटक रुज़।" ("मातालग"—दैर्गगाथ, ५०२२, श**. ७৯१-४)

"বাক্সলীর উৎপত্তি সন্বন্ধেও রাখালদাস বন্দ্যোপাধ্যারের উত্তি বিশেষ প্রণিধানবোগ্য:

শ্রীতহাসিক বলিতে বণিক্ষচন্দ্রের বিতীর কাঁতি বাসালীর বিশ্লেষণ। ১২৮৭ সালের পোর মাস হাইতে ১২৮৮ সালের জ্যান্ড মাস পর্বান্ত বণিক্ষচন্দ্রের বাসালীর উৎপত্তি নামক প্রবন্ধ ধারাবাহিকর্পে প্রকাশিত ছইরাছিল। ক্লথকার প্রতিপাদ্য বিষয় সাত ভাগে বিভন্ত করিয়াছিলেন এবং সম্পূর্ণের প্রমাণ ক্লিয়াছিলেন বে, বাসালা পেনের শ্রীবিদ্যালীসন্দ বিশ্লুছ আর্যাবংশ-সম্ভূত নহেন। বাসালার মধ্যে বিভ্রু জনার্লা। অনা কোন আর্যান্ত্রেশ অনার্বান্তর এত প্রবন্ধ হাট বৃহত্ত নাংগ তেলিশ বংসর প্রেম্ব আর্যাছিলানী বাসালা সেন্দে এই কথা বিসায় বিশ্লেষ্ট্রের বং সাহস্কের পরিচয় দিয়াছিলেন, তাহা ভাইত্রে স্ক্রান্ত্রান প্রশাল করে। এই প্রাণ করে। এই প্রাণ ভাইত্রের স্ক্রান্ত্রান প্রাণ্ড বিশ্লুছ বি

সালা: 'ফানল'লে' প্রকাশিত তিনটি প্রভাব (জৈন্ট, আবাঢ় ১২৮০ ও কার্ত্তি ১২৮২) এবং "বললেনের কৃষক" নামীর ধারাবাহিক প্রবংশর কিয়াবংশ লইয়া 'সামা' ১৮৭৯ খ্রীন্টালে প্রকাকারে প্রকাশিত হয়। 'সামো' প্রচারিত মত পরবর্ত্তী কালে বিক্রমচন্দ্র ভূজা বিবেটনা করিতেন। এজন্য তিনি ইহা আর পন্নর্মন্ত্রণ করান নাই। 'সামো' মিলের মতামত অনেক ভান প্রয়াছিল।

শ্রীশচন্দ্র মজ্বমদার গিলখিয়াছেন :

"বিক্ষমবাব্ বলিলেন, 'এক সমরে মিলের আমার উপর বড় প্রভাব ছিল, এখন সে সব গিরাছে।' নিজের লিখিত প্রবন্ধের কথা উঠিলে বলিলেন, 'সাম্যটা সব ভূল, খ্ব বিক্রয় হয় বটে, কিন্তু আর ছাপাব না'।" ("বিক্ষম-প্রসঙ্গ", প্র. ১৯৮)

সাম্য বিলাপ্ত করিরা বিশ্বমচন্দ্র "বিবিধ প্রসঙ্গ—দ্বিতীর ভাগে" 'বঙ্গদেশের কৃষক' প্রবন্ধটি সম্পূর্ণ সন্ধিবিন্ট করেন। 'সায়েগর বিষয়বন্তুর আলোচনা প্রসঙ্গে অক্ষরকুমার দত্তগম্প্ত অন্যান্য

कथात्र यथा वर्णन :

"সে যাহা হউক, বঙ্গদর্শনে প্রকাশিত তিনটি প্রস্তাবের প্রথম প্রস্তাবে বিশ্বিম সাধারণভাবে সমাজে ছোট বড়, ধনী দরিদ্র, বিজিত বিজেতা, রাজপুরুষ ও সাধারণ প্রজা, স্কুলর অস্কুলর, ব্রিজমান মুর্খ প্রভৃতি নানাবিধ বৈষম্যের কথা আলোচনা করিয়াছেন। প্রসঙ্গক্রমে প্রাচীন ভারতে উংকট বর্ণবিষমাজনিত সামাজিক মর্যাদা ও অধিকারের তারতম্য লোপের জন্য ব্রুদেব কর্তৃক চেন্টার কথাও আলোচিত হইয়াছে। ছিতীয় প্রস্তাবে রুলো ও তংসমসামান্ত্রক ফরাসী সমাজের অবস্থা এবং তৃতীয় প্রস্তাবে বঙ্গীয় সমাজে স্থাপিরুবুবে অধিকারবৈষ্টের কথা বিশেষভাবে বার্ণতি হইয়াছে। এই সকল বৈষ্ট্যা প্রদর্শন করিবার সময় বিশ্বমান্ত্রক অনক স্থলেই সম্বিচত ধারতা ও নিরপেক্ষতা রক্ষা করিতে পারেন নাই।" ("বিক্যান্দ্র্যু", প্. ২২৬)

তৃতীয় ভাগ

এই ভাগে 'কৃষ্ণচরির', 'ধর্মাতত্ত্', 'প্রীমদ্ভগবদ্গীতা' এবং 'দেবতত্ত্ব ও হিন্দুধ্ম'—হিন্দুন্ধ্মনিবরক এই গ্রন্থ চতুষ্টর সিরবেশিত হইল। বিশ্বকাচদেরে মনোবিবর্ত্তন ক্রমে ক্রমে কি ধারার ঘটিতেছিল তাহার কিন্তিং আভাস আমরা আরস্তে দিতে প্ররাস পাইরাছি। পাশ্চান্ত্য দর্শনি ও ভাবধারার আলোচনার তাঁহাকে ধীরে ধীরে অন্তর্ম্থীন করে এবং শোবে হিন্দু দর্শনি ও শান্তে, বিশেষ শ্রীমদ্ভগবদ্গীতার তিনি "সম্পূর্ণ" হিন্দুধ্মমি উপলব্ধি করেন। তিনি 'নবজীবন' ও 'প্রচারে' ধারাবাহিকভাবে হিন্দুধ্মমিবিষয়ক তিন্টি প্রবন্ধ কিটিথতে শ্রুর্ করেন। এই তিন্টি প্রবন্ধের একটি অনুশীলনধ্মমিবিষয়ক, দ্বিতীয়টি দেবতক্ত্বিষয়ক এবং ভৃতীয়টি কৃষ্ণচরিত্র।

কৃষ্ণচারি : দুই বংসরের মধ্যেও উক্ত প্রবন্ধার শেষ না হওরার, বিশ্বনাচন্দ্র অগত্যা ১৮৮৬ খ্রীন্টাব্দে ইহার একটি 'কৃষ্ণচারিক্র—প্রথম ভাগ' শিরোনামে পুন্তকাকারে প্রকাশিত করিলেন। ইহার 'বিজ্ঞাপনে' তিনি লেখেন, "আগে 'অনুশীলন ধর্ম্ম' প্রন্মানিত হইরা তংপরে 'কৃষ্ণচারিক্র' তাহা দেহবিশিন্ট। অনুশীলনে যে আদর্শে উপস্থিত হইতে হয়, কৃষ্ণচারিক্র কর্মা ক্ষেত্র আদর্শে। আগে তত্ত্ব ব্রাইয়া, তারপর উদাহরণের শ্বারা তাহা স্পন্টীকৃত করিতে হয়। কৃষ্ণচারিক্র সেই উদাহরণ।"

বিষ্কমচন্দ্র ১২৮১ চৈত্র সংখ্যা 'বঙ্গদর্শনে' অক্ষয়চন্দ্র সরকার কর্তৃক সম্পাদিত 'প্রাচীন কাব্য সংগ্রহে'র আলোচনা কালে 'কৃষ্ণচরিত্র' সম্বন্ধে শ্বীয় অনুসন্ধিংসার পরিচয় প্রদান করেন। এই অনুসন্ধিংসা কখনও ক্ষান্ত না হইয়া ক্রমণঃ চরিতার্থতাই খ্রিজতেছিল। ১২৯১ আদ্বিন সংখ্যা হইতে 'প্রচারে' কৃষ্ণচরিত্র ধারাদ্রমে প্রকাশিত হইতে থাকে। 'কৃষ্ণচরিত্র, প্রথম ভাগে' ইহা প্রথিত হয় (ইং. ৯৮৮৬)। প্রথম ভাগ গ্রন্থনের গরও, 'প্রচারে' পরবর্তী আরও কিছ্ অংশ বাহির হয়। ইহার পর একেবারে ১৮৯২ খ্রীন্টাব্দে 'কৃষ্ণচরিত্র' সম্পর্ণ গ্রন্থ প্রকাশিত হইল। ইহার পরিজ্ঞাপনে' বিক্রমচন্দ্র লেখেন:

"আমি বলিতে বাদ্য বে, প্রথম সংক্ষাের হে সকল মত প্রকাশ করিরাছিলাম, এখন তাহার কিছু কিছু পরিত্যাগ এবং কিছু কিছু পরিবর্তিত করিরাছি। কৃষ্ণের বলালীলা সন্বলে বিশিষ্টর্পে এই কথা আমার বস্তব্য। এর্থ মত পরিবর্তন স্বীকার করিছে আমি লম্জা করি নাঃ আমার স্বীধনে আমি অনেক বিষয়ে মত পরিবর্ত্তন করিয়াছি কে না করে? কৃষ্ণ বিষয়েই আমার মত পরিবর্ত্তনের বিচিন্ন উদাহরণ নিশিক্ষ হইরাছে। 'বঙ্গদশনে' যে কৃষ্ণারিত নিখিরাছিলাম, আর এখন বাহা লিখিলাম, আলোক অন্ধকারে বতদ্বে প্রভেদ, এতদ্ভেয়ে ততদ্বে প্রভেদ। মত পরিবর্ত্তন, বরোব্ছিন, অনুসন্ধানের বিভার এবং ভাবনার ফল।"

বিশ্বমচন্দ্র 'কৃষ্ণচরিত্রে' কির্পে গভীর ও ব্যাপক গবেষণার পরিচয় দিয়াছেন, ভাহা হীরেন্দ্রনাথ দন্ত 'দার্শনিক বিশ্বমচন্দ্র' প্তেকে 'প্রত্নতাত্ত্বক বিশ্বমচন্দ্র' এবং 'বিশ্বমচন্দ্র ও শ্রীকৃষ্ণ' এই দুটি অধ্যারে বিশেষভাবে দেখাইয়াছেন। হীরেন্দ্রনাথ বলেন:

"প্রত্নতত্ত্ব" বিষয়ে বণ্ডিকমচন্দের প্রধান অবদান—'কৃষ্ণচারির'। 'কৃষ্ণচারির' একাধারে ধর্ম্মাতত্ত্ব ও প্রত্নতত্ত্ব। ধর্মাতত্ত্বের কথা এখানে কিছু বলিব না, তবে নিবিড় ভাবে এই 'কৃষ্ণচারির' অধ্যয়ন করুন।

"বিংক্ষচন্দ্র 'কৃষ্কর্নিয়ে' প্রথমজঃ মহাভারতের ঐতিহাসিকতা প্রতিপন্ন করিরাছেন—তিনি নিপ্রশ্ভাবে দেখাইরাছেন, মহাভারত কল্পনাম্লক কাব্য নর, অনেকাংশে প্রামাণিক ইতিহাস (History).
বিংক্ষচন্দ্র বলেন, যে সকল প্রাচীন গ্লেথ কৃষ্ণের ব্ত্তান্ত পাওয়া বার, তল্মধ্যে মহাভারতই প্রাচীনতম
ভাহার পর হরিবংশ ও প্রাণ (রক্ষপ্রাণ, বিষ্ণুপ্রাণ, ভাগবত, রক্ষবৈবর্ত প্রাণ, পদ্মপ্রাণ প্রভৃতি)।
হরিবংশ মহাভারতের খিলপর্ব—হরিবংশেই উল্লেখ আছে, উহা মহাভারতের পরিশিন্টর্পে রচিত।"
("দার্শনিক বিংক্ষচন্দ্র", প্. ১৫৮)

বিশ্বস্থান শ্রীকৃষ্ণের ঈশ্বরত্বে বিশ্বাস করিতেন এবং "ধর্ম্মতত্ত্ব" চতুর্থ অধ্যায়ে তাহা স্পাণ্টতঃ বিবৃত্ত করিয়াছেন। কিন্তু তিনি লিখিয়াছেন, "কৃষ্ণের ঈশ্বরত্ব প্রতিপন্ন করা এ গ্রন্থের উদ্দেশ্য নহে। তাঁহার মানবচরিত্র সমালোচন করাই আমার উদ্দেশ্য"। ("কৃষ্ণচরিত্র"—দ্বিতীয়বারের বিজ্ঞাপনে)।

শব্দে ত্ব : 'কৃষ্ণচরির' প্রসঙ্গে 'অন্শীলনধর্ম্মবিষয়ক' আলোচনার কথা উল্লিখিত হইয়াছে। ইহা অক্ষরচন্দ্র সরকার সম্পাদিত 'নবজীবনে' প্রথম সংখ্যা (১২৯১, প্রাবণ) হইতে ধারাবাহিক ভাবে প্রকাশিত হইতে থাকে। ১২৯২, চৈত্র পর্যান্ত, কোন কোন সংখ্যা বাদ দিয়া 'ধর্ম্ম জিজ্ঞাসা', 'মন্যাত্ত্ব', 'অন্শীলন', 'স্থ', 'ভিক্তি', 'প্রীতি', 'দয়া', এর্প বিভিন্ন নামে প্রকাশিত ইয়া এই প্রবন্ধ-নিচর কিণ্ডিং পরিবর্ত্তন করিয়া এবং আরও কয়েকটি ন্তুন প্রবন্ধ সয়িবেশিত করিয়া বিশ্বমচন্দ্র "ধর্ম্মতত্ত্ব। প্রথম ভাগ। অনুশীলন" এই নামে ১৮৮৮ খ্রীষ্টাব্দে পর্ক্তকানের প্রকাশিত করিলেন। বিষ্ক্রমচন্দ্র গ্রহ্মালয়ের কথোপকথনছলে প্রক্তকানিতে 'ধর্মতত্ব' ব্র্যাইয়াছেন। বিষয় প্রাতন হইলেও বাচনভঙ্গী ন্তন। তাঁহারই কথায়, "ডোমরা উন্মবিশে শতাব্দীর লোক—উনবিংশ শতাব্দীর ভাষাতেই তোমাদিগকে ব্র্যাইতে হয়। ভাষার প্রভেদ হইতেছে বটে, কিন্তু সত্য নিত্য" ("ধর্ম্মতত্ব": একাদশ অধ্যায়—ঈশ্বরে ভক্তি)। দীর্ঘকাল স্থাবাব প্রতীচ্য প্রাচ্ছ শ্রম্মতিত্ব' বার্ণত হইয়াছে। হীরেন্দ্রনাথ দত্ত 'দাশিনিক বিক্রমচন্দ্র' (প্রত্রাছিলেন তাহাই 'ধর্ম্মতত্ব্র' বার্ণত হইয়াছে। হীরেন্দ্রনাথ দত্ত 'দাশিনিক বিক্রমচন্দ্র' (প্রত্রাছিলেন তাহাই 'ধর্ম্মতত্ব্র' বার্ণত হইয়াছে। হীরেন্দ্রনাথ দলে 'দাশিনিক অবদান তাঁহার 'ধর্ম্মতত্ব্র' বার্ণত করিয়াছেন—"বিক্রমচন্দ্রের সন্বেণ্ডম দাশিনিক অবদান তাঁহার 'ধ্বম্মতত্ব্র' বার্ণতেব্র' যে কয়িট বিষয় ব্র্যাইতে চেন্টা করিয়াছেন তাহা তাঁহারই ভারার্ক্র সংক্ষেপে এই:

- ্ "১। মন্বোর কতকগ্লি শক্তি আছে। আমি তাহার বৃত্তি নাম দিয়াছি। সেইগ্লির অনুশীলন, প্রকল্পত চরিতার্থতার মন্যায়।
 - হ। তাহাই মন্ধোর ধর্মা।
 - ৩। সেই অন্শীলনের সীমা, পরস্পরের সহিত ব্তিগ্রলির সামঞ্জস্য।
- ্ ৪। তাহাই সূৰে।" —"কৃষ্ণচরিত্র" ২র সং, ১৮৯২—উপক্রমণিকা; 'গ্রন্থের উন্দেশ্য'।

হীরেন্দ্রনাথ দত্ত "দার্শনিক বঞ্চিমচন্দ্র" পান্তকে 'বিক্মচন্দ্রের ধর্মাতত্ত্ব' অধ্যারের পাঁচটি নিবন্ধে (প্. ৬১-১২৪) এ বিষয়ে বিশদ আলোচনা করিয়াছেন। বিক্মচন্দ্রের মৃত্যুর অব্যবহিত পরে ধর্মাতত্ত্বের বিভাগ সংক্ষরণ প্রকাশিত হয়। ইহাতেও অনেক পরিবর্তন দৃষ্টি হয়। সভবতঃ বিক্মচন্দ্র করের সংশোধন করেন। শার্মাতত্ত্ব। প্রথম ভাগ'—হইতে মনে হয়, এখানির করে আর কিছু বিশিষ্যা, অভতঃ আর এক্ষাভ প্রকাশ করা বিক্সচন্দ্রের অভিপ্রেত ছিল। কিছু ভাবিনের পরিমাণে ভাছা হইয়া উঠে নাই।

শ্রীমদ্ভগ্রদ্গতি: বিশ্বমান্দ্র প্রীমদ্ভগ্রদ্গতি। কে প্রথিবীর যাবতীর ধর্ম্প্রান্থের মধ্যে প্রেডিডম স্থান দিয়াছেন। কাজেই ধর্ম্মাশান্দ্র আলোচনা কালে তিনি ইহার আলোচনায়ও যে লিপ্ত হইবেন তাহা সহজেই অনুমেয়। বস্তুতঃ ১২৯৩, শ্রাবণ সংখ্যা 'প্রচারে' তিনি ইহার ব্যাখ্যান আরম্ভ করিয়া দিয়াছিলেন। গতারে মার্ন্ন দিতীয় অধ্যায় পর্যান্ত ব্যাখ্যান ১২৯৫ বঙ্গান্দের ফাল্যুন সংখ্যায় সমাপ্ত হয়। ইহার পর তংকৃত গতা-ব্যাখ্যা আর কোথাও প্রকাশিত হয় নাই। কিন্তু চতুর্থ অধ্যায়ের ১৯শ ক্লোক পর্যান্ত ব্যাখ্যান পাশ্চুলিপি অবস্থায় ছিল। বিশ্বমান্দের মৃত্যুর পরে ১৯০২ খ্রীন্টাব্দে তাঁহার দেহির দিব্যেন্দ্রস্কর বন্দ্যোপাধ্যায় 'প্রচারে' প্রকাশিত এবং পাশ্চুলিপি অবস্থায় প্রাপ্ত অংশ কালীপ্রসায় সিংহকৃত অবশিষ্ট ভাগের মূল ও অনুবাদম্বায়া সম্পর্ন করিয়া প্রস্তুকাকারে প্রকাশ করেন। এখানে বিশ্বমাকৃত অংশই মুদ্রণপ্রমাদ সংশোধনান্তর প্রকাশিত হইল।

হীরেন্দ্রনাথ প্রেব্যক্তিখিত প্রেক্ত বিভক্ষচন্দ্র ও ভগবদ্গীতা। এবং বিভক্ষচন্দ্র ও গীতার ধন্মা শীর্ষক দুইটি অধ্যায়ে বিভক্ষচন্দ্র-ব্যাখ্যাত গীতাতত্ত্বের বিশদ আলোচনা করিরাছেন। যৌবনে হীরেন্দ্রনাথ বিভক্ষচন্দ্র প্রমুখাৎ গীতা সন্বন্ধে যে সব মন্তব্য শুনিরাছিলেন তাহা উক্ত প্রেকের পরিশিতে গীতার কথায় উদ্ধৃত করিরাছেন। ইহা হইতে জানা যায় যে, বিভক্ষচন্দ্রের দৃঢ় ধারণা ছিল দ্বাদশ অধ্যায়ে বিশ্বর্প দর্শনের পরই গীতার পরিসমাপ্তি, অবিশিক্ত হুর অধ্যায় পরবত্ত্বী কালের সংযোজন। দক্তজা বলেন, মূল ভগবদ্গীতার "অধ্যায় ও শ্লোক সংস্থান" (arrangement) অন্যর্প ছিল। গীতার বর্ত্তমান আকারে প্রায় সংস্থানের সময় কতকগ্মিল শ্লোক বিপর্যান্ত হুইয়া দ্বাদশ হুইতে অন্টাদশ অধ্যায়ের স্থানে স্থানে নিবদ্ধ হুইয়াছে। কিন্তু তথাপি বিভক্ষবাব্র একথা ঠিক যে. বিশ্বর্পদর্শনে অধ্যায়েই গীতার পরিসমাপ্তি।" ("দার্শনিক বিভক্ষচন্দ্র" (৫) পরিশিন্ট, প্র. ২১৫)

দেবতত্ব ও হিন্দ্ধর্ম্ম : এখান বিজ্ঞ্মচনেদ্রর জীবিত কালে প্রস্তুকাকারে তো গ্রাথিত হয়ই নাই, সাহিত্য-পরিষং-সংস্করণ প্রকাশের প্রেক্স ইহার অন্তিত্ব সম্বন্ধেও কেহ কোনর প আলোচনা করেন নাই। অথচ "কৃষ্ণচরিত্রে"র 'প্রথমবারের বিজ্ঞাপনে' দেবতত্ববিষয়ক রচনাটির স্মুস্পত্ট উল্লেখ আছে। ভিন্ন ভিন্ন শিরোনামে এই রচনাটি 'প্রচারে' প্রথম ও দ্বিতীয় বর্ষে ধারাদ্রমে বিজ্ঞ্জ্মসচন্দ্র প্রকাশিত করেন। ১৩৪৫ বঙ্গান্দের ২৯শে প্রাবণ শ্রীরামপ্রর মহকুমা বিজ্ঞ্জ্মশত-বার্ষিকী উৎসবের সভাপতির অভিভাষণে শ্রীবাক্ত সজনীকান্ত দাস সন্ধ্রপ্রথম বিজ্ক্ষ্মচন্দ্রের এই রচনাটির অন্তিত্বের কথা সাধারণের গোচরে আনেন। এই প্রস্তুকের নামকরণও তাহারই।

বিংকমচন্দ্র এই চারিখানি গ্রন্থে জীবন্দশায় যতদ্রে সম্ভব ধন্মশাস্ত্র সন্তব্ধ আলোচনা করিয়া গিয়াছেন এবং ইহা করিয়াছেন সমসাময়িকদের ভাষায় তাঁহাদের উপযোগী করিয়া। বিষকমচন্দ্রের শাস্ত্রালোচনা সন্বন্ধে রমেশচন্দ্র দত্তের উক্তি উল্লেখ করিয়া বর্তমান আলোচনা শেষ করিব

"জীবনের শেষ দশ বংসর তিনি ধন্ম সন্বন্ধে অনেক আলোচনা করিরাছিলেন। তিনি হিন্দুংধ্বের যেরপ আলোচনা করিয়াছেন, তাহা আধ্নিক সময়ের একটি লক্ষ্ণ—একটি চিহন্দ্রর্গ। অনৈক্য ছুলে ঐকা সংগঠন, অনুদার মত ও আচারের ছুলে উদার মত ও আচার সংস্থাপন, নিজ্জীব অনুষ্ঠানের ছুলে প্রাচীন ধন্মের সঞ্জীবনী শক্তি প্রচারকরণ, অজ্ঞানতার ও মূর্যাতার স্থলে হিন্দুধর্মের জ্ঞানবিতরণ, অবনতির ছলে উন্নতির পথ প্রদর্শন,—এইর্প ইচ্ছা, এইর্প ভাব, এইরপ আশা, আজি বঙ্গসমাজে কিছ্ কিছু অনুভূত হইতেছে। বিক্মচন্দ্রের ধন্মসন্বন্ধীয় গ্রন্থাগ্রিল এই ইচ্ছা, এই ভাব ও এই আশার বিকাশ মান্ত। বঙ্গদেশীয় হিন্দুগণ ক্রমশঃ ঐকালাভ করিতে শিথিতেছেন,—প্রাচীন ধন্মজ্ঞান এবং উদার আচার ও অনুষ্ঠান সেই ঐক্য সাধনের একমান্ত মন্ত।" ("সাহিত্য-পরিবাৎ-পন্তিকা", ১ম ভাগ, ১ম সংখ্যা শ্রাবণ, ১৩০১)

চতুর্থ ভাগ

এই ভাগে "সম্পাদিত গ্রন্থের ভূমিকা", "সাময়িক পরে প্রকাশিত ও পাস্তকাকারে অপ্রকাশিত রচনা", "পরাবলী" এবং "সহজ রচনা শিক্ষা" সামিরোশিত হইয়াছে। বহু, সম্পাদিত গ্রন্থের ভূমিকা বিক্ষান্দরে কিথিয়া গৈয়াছেন, ইহার মধ্যে ইংরেজীও অছে। স্কৌদুন্তে তাহা ক্রুমীয়। "দীনবৃদ্ধা মিরের গ্রন্থাবলী"র (সন্ধ্রিথম প্রকাশকাল ১২৮০ বঙ্গান্দ) ভূমিকাটি স্বতন্ত্র পা্তকাকারে "রায় দীনবৃদ্ধা মির বাহাদুরের জীবনী" শিরোনামে ১২৮৪ সালে প্রকাশিত

হয়। বঞ্চিমচন্দ্র ইহার স্বন্ধ মিত্রজার প্রচাণকে দান করেন। ১৮৮৬ খ্রীন্টাব্দে (১২৯৩ বঙ্গাব্দে) প্রকাশিত দীনবন্ধর বাল্যরচনা-সমন্বিত গ্রন্থাবলীতে "দীনবন্ধ্র মিত্রের কবিদ্ধ" শীর্ষক একটি সমালোচনাও তিনি লিখিয়া দেন।

'সাময়িক পরে প্রকাশিত ও প্রকাকারে অপ্রকাশিত রচনা' অংশে 'বঙ্গদর্শন', 'সাধারণী', 'শ্রমর' ও 'প্রচার' হইতে করেকটি বেনামী রচনা পরিষং-সংক্রনের সম্পাদকদ্বর বহু পরিশ্রাক্ষ করিয়া সংগ্রহ করেন এবং এই শিরোনামে তৎসম্বদর প্রকাশ করেন। তাঁহাদের মতে "এগ্রনির করেকটি বে বিধ্কমচন্দ্রের রচনা তাহা অনুমান, কিংবদন্তী ও স্মৃতিকথার উপর নির্ভ্রর করিয়া ছির করিতে হইয়াছে। করেকটি রচনা বে বিজ্ঞামের তাহার প্রত্যক্ষ প্রমাণ আছে।" ১২৭৯, ভাদ্র মাসের 'বঙ্গদর্শনে' প্রকাশিত "ভারতব্যব্যির বিজ্ঞানসভা" শীর্ষক প্রবন্ধ এবং ১২৯১, পৌষ সংখ্যা 'প্রচারে' প্রকাশিত "লর্ড রিপণের উৎসবের জমাখরচ" শীর্ষক নিবন্ধটিও আমরা বিজ্ঞান চন্দের রচনা বলিয়া অনুমান করি। দ্বিতীয়টি এখানে সিয়বেশিত হইল। প্রথমটি 'সংবোজনী'তে দিলাম।

পত্তাবলী: এই অংশে সাহিত্য-পরিষৎ-সংস্করণে প্রকাশিত আটখানি পত্তের সঙ্গে আমরা আতৈরিক্ত আরও দুইখানি পত্র সমিবেশিত করিরাছি। ইহার একখানি সঞ্জীবচন্দ্রকে এবং দ্বিতীয়খানি দ্রাভূষ্পত্ত জ্যোতিষচন্দ্রকে লিখিত।

সহজ্ব রচনা শিক্ষা: বিতক্ষচন্দ্র শেষ জীবনে দৃইখানি পাঠ্য প্রেক রচনা করেন। "সহজ্ব ইংরেজী শিক্ষা" পাওয়া যায় নাই। তবে জানা যায়, ইহার তৃতীয় সংস্করণ প্রকাশিত হয় ১৮৯৪ সনে। "সহজ্ব রচনা শিক্ষা"র প্রথম সংস্করণের কাল নিশীত হয় নাই। ইহার দ্বিতীয়, তৃতীয় ও চতুর্ধ সংস্করণ বাহির হয় বিভক্ষচন্দ্রের মৃত্যুর পর। চতুর্থ সংস্করণের (১৮৮৯) প্রেকখানি এখানে প্রন্ম্রিত হইয়ছে।

পঞ্চম ভাগ

এই অংশে "গদ্য পদ্য বা কবিতাপ,শুক," "বাল্য রচনা" এবং "অসম্পূর্ণ রচনা" সংযোজিত হইল।

গদ্য পদ্য বা কবিতাপ্ত্রক: এখান ১৮৯১ খ্রীন্টাব্দের দ্বিতীর সংস্করণ হইতে প্রমর্মিত হইরাছে। শ্ব্য "কবিতাপ্ত্রক" নামে বিজ্ঞ্জনন্দ্র ইহার প্রথম সংস্করণ প্রকাশ করেন ১৮৭৮ সনে। করেকটি গদ্য নিবন্ধ সংবোজিত হইরা ইহা উক্ত নামে দ্বিতীয় বার ম্বিদ্রত হয়। বলা বাহ্লা, বিজ্ঞান্দর এ সংস্করণে যথারীতি রচনাগ্রালর সংস্কার করিরাছিলেন। প্রস্তুকের দ্বুইটি বিজ্ঞান্দনে এ সম্পার প্রকাশের কারণ তিনি লিপিবদ্ধ করিরাছেন। কবিতাগ্রাল নিজ ও সঞ্জীবচন্দ্র-সম্পাদিত বিসদেশনে, সঞ্জীবচন্দ্র-সম্পাদিত প্রমরে এবং বিজ্ঞ্জান্দর অধ্যক্ষতার পরিচালিত 'প্রচারে' বাহির হইরাছিল। এ সকলের গ্রাগান্দ বিচারে পরিষধ্-সংস্করণের দ্বাদক্ষারের মতামত উল্লেখযোগ্য। তাহারা বলেন:

"ক্ষেরচনার স্বীর অক্ষমতা সন্বন্ধে বিক্মচন্দ্র সঞ্জাগ ছিলেন। প্রথম সংস্করণের ('ক্ষিতাপ্ত্রক'
—১৮৭৮) বিজ্ঞাপনে ক্ষিতাগ্নিল প্তেকাকারে মৃদ্রণের যে কৈফিয়ং তিনি দিয়াছেন, তাহা পাঠে ব্যাবার যে, নিজের এই রচনাগ্নিল সন্বন্ধে তাঁহার কোনও মোহ ছিল না।"

"বিরহিণীর দশ দশা" শীর্ষক কবিতাটি (বঙ্গদর্শন—ফাল্যান ১২৭৯, প. ৫২১) উক্ত কবিতাপক্তেক হইতে বাদ পড়িয়াছিল। এটি 'সংযোজনী'তে দেওয়া গেল।

উভয় সংস্করণেই বিক্কমচন্দ্র পণ্ডদশ বর্ষ বয়সে রচিত এবং ১৮৫৬ খ্রীষ্টাব্দে প্রকাশিত প্রথম কবিতাপত্ত্তক (প্রথম পত্তত্তকও বটে) "ললিতা। পত্রাকালিক গল্প। তথা মানস" সংশোধনান্তর সামবেশিত করিয়াছিলেন। এই পত্ততের প্রথম সংস্করণের বিজ্ঞাপনটি তাঁহার ঐ সময়কার গদ্য রচনার নিদর্শন হিসাবে এখানে প্রদন্ত হইল:

বিজ্ঞাপন

"স্কাব্যালোচক ক্লান্তেরই অন্ত কবিতান্তর পাঠে প্রতীত জন্মিবেক যে ইহা বস্তীর কাব্য রচনা রীতি পরিবর্তানের এক শ্লান্ত্রীকা বলিলে বলা বার। ভাষাতে গ্রন্থকার কভদ্র উত্তীপ হইরাছেন ভাষা পাঠক বহুলেকের বিকেন্য ক্লিকেন্য ক্লিকেন্ তিন বংসর প্রেব এই গ্রন্থ রচনাকালে। গ্রন্থকার জানিতে পারেন নাই যে তিনি ন্তন পদ্ধতির পরীক্ষা পদবীর্চ ইইয়াছেন। এবং তৎকালে স্বীয়মানস মাত্র রঞ্জনাভিলামজনিত এই কাব্যম্বকে সাধারণ সমীপবত্তী করিবার কোন কল্পনা ছিল না কিন্তু কতিপয় স্বর্সজ্ঞ বদ্ধর মনোনীত ইইবায় তাঁহাদিগের অনুরোধান্সারে এক্ষণে জনসমাজে প্রকাশিত ইইল। গ্রন্থকার স্বক্র্মাভিক্তি ফলভোগে অস্বীকার নহেন কিন্তু অপেক্ষাকৃত নবীন বয়সের অজ্ঞতা ও অবিবেচনাজ্যনিত তাবং লিপিদোষের এক্ষণে দশ্ত লইতে প্রস্তুত নহেন। গ্রন্থকার।"

বাল্যরচনা: চতুর্ন্দর্শন বংসর বয়স হইতেই বিক্সমচন্দ্রের কবিতা সংবাদপত্রে প্রকাশিত হইতে থাকে। কবিবর ঈশ্বরচন্দ্র গা্পু নিজ 'সংবাদ প্রভাকরে' তর্গুদের কবিতা ছাপিয়া তাহাদিগকে কবিতা রচনায় বিশেষ উৎসাহ দান করিতেন। তর্গ ছাত্রদের কবিতার প্রাইজ দেওয়া হইত। তিনি তাহাদের কবিতার বাদপ্রতিবাদেও উৎসাহ দিতেন। 'সংবাদ প্রভাকরে'র স্তম্ভে বিজ্সমচন্দ্র চট্টোপাধ্যায়, দীনবন্ধ্ মিত্র ও দ্বারিকানাথ অধিকারীর মধ্যে যে কবিতায় বাদ-প্রতিবাদ হইত তাহা কবিতার লড়াই বা কবিতা-যা্ক নামে সেকালে প্রাসদ্ধ ছিল। বিজ্কমচন্দ্রের প্রায় সমা্দর পদ্য রচনা 'সংবাদ প্রভাকরে' স্থান পায়। তাহার একটি কবিতা মাত্র প্রকাশিত হয়—শ্রীরামপার মিশন কর্ত্বক প্রকাশিত 'সমাচার দর্পণে'। ঈশ্বরচন্দ্র গা্ধের উৎসাহদান সম্বন্ধে বিজ্কমচন্দ্র লিখিয়াছেন—"আমি নিজে প্রভাকরের নিকট ঋণী। আমার প্রথম রচনাগার্লি প্রভাকরে প্রকাশিত হয়। সে সময়ে ঈশ্বরচন্দ্র গা্ধ্ব আমাকে বিশেষ উৎসাহ দান করেন।" (ভূমিকা : ঈশ্বরচন্দ্র গা্ধ্বের কবিতাসংগ্রহ)

অসম্পূর্ণ রচনা : এই অংশে চারিটি অসম্পূর্ণ রচনা স্থান পাইরাছে। "রাজমোহনের স্থা" বিশ্বমচন্দ্র লিখিত Rajmohan's Wife নামক উপন্যাসের তাঁহারই অন্বিদত করেকটি অধ্যায়। এ সম্প্রম তাঁহার প্রাতৃষ্পত্র শচীশচন্দ্র চট্টোপাধ্যায় 'বারিবাহিনী' প্রতকে নরটি অধ্যায়ে (প্. ১-৫০) সিয়বেশিত করেন। Rajmohan's Wife কিশোরীচাঁদ মিত্র সম্পাদিত Indian Field সংবাদপত্রে ১৮৬৪ খ্রীষ্টাব্দে ধারাবাহিকভাবে প্রকাশিত হইয়াছিল। অন্য রচনা তিনটি যে যে স্থান হইতে গৃহীত রচনা-শেষে তাহার নিদ্দেশি দেওয়া হইয়ছে।

উপন্যাস ব্যতিরিক্ত বিষ্ক্রমচন্দ্রের যাবতীয় বাঙ্গালয় রচনা (য়তদ্রের এ পর্যান্ত জানা বা পাওয়া গিয়াছে) এই খণ্ডের অন্তর্ভুক্ত হইয়াছে। মনন্দ্রশাহিত্যের বিভিন্ন বিভাগে—সাহিত্য, ইতিহাস, দর্শন, বিজ্ঞান, ভাষাতত্ত্ব, নৃতত্ত্ব, সাহিত্য-সক্রেরাচন, ধর্ম্মতত্ত্বালোচনা—নানা দিকেই তাঁহার কৃতিত্ব অসামান্য। সত্যকার ক্লাসিক্স-এর বাইতীয় গুণ তাঁহার রচনার মধ্যে রহিয়াছে, কারণ তিনি প্রাতন হইয়াও নৃতন। সত্তর-আশী বিষ্কার প্রেবর্ণ তিনি বাহা বিলয়া গিয়াছেন, আজিও তাহা বাসি হইয়া বায় নাই; পড়িলে আন্কোরা তাজা ঠেকিবে। আবার কত বিভিন্ন বিষয়ে বিজ্ঞাচন্দের ব্যংপত্তি ছিল, বিজ্ঞানসাহিত্য পাঠ করিলো ভাহাও সহজেই উপ্লোজি হইবে। এ বিষয়ে মনস্বী বিপিনচন্দ্র পালের উল্লি বিশেষভাবে স্মরশীয় :

"বিষ্ক্ষমচন্দ্রের গ্রন্থাবলী পড়িবার সময়, তিনি যে সে সমরের কোন্ তত্ত্বটা জানিতেন না, এদেশের বা ইউরোপের কোন্ লেখকের বা পশ্ডিতের সঙ্গে যে তাঁর ঘনিষ্ঠ পরিচয় ছিল না, ইহা ভাবিয়া উঠিতে পারি না। এ দেশের বেদ, উপনিষদ্, রন্ধাস্ত্র, প্রোতস্ত্র, গ্রাস্ত্র, মন্বাদিস্মৃতি, সাংখ্যবেদান্তাদি দর্শন, কালিদাস, মাঘ, ভারবী, ভবভূতি প্রভূতির কাব্য, রামায়্দমহাভারতাদি ইতিহাস, ভাগবতাদি প্রোণ, নানাবিধ তন্ত্র, বৌদ্ধ ও জৈন গ্রন্থ এ সকলের সঙ্গে তাঁর কতটা যে পরিচয় ছিল, তাঁর উপন্যাসে, প্রন্ধানলীতে, কৃষ্ণারিরে, গাঁতাভাষ্যে ইহার বিস্তর প্রমাণ পাওয়া যায়। অন্যাদকে ইউরোপীয় দার্শনিক কাণ্ট, হেগেল, কৃষ্ণো, কোম্টে এবং ইংরাজ চিন্তানায়ক স্পেন্সার, মিল্, বেন্থাম, হক্সলি টিন্ডেল্, ফ্রেডারিক হ্যারিসন প্রভৃতি, আর একদিকে মেধ্যু আর্ নন্ত, রেনা প্রভৃতি, এমন কি আধ্বনিক প্রস্নতত্ত্ব বা spiritualism বা মেসমেরিজম (mesmerism) পর্যান্ত তাঁর কতটা কেবল জানা নয়, আয়ন্ত ছিল, তা কালের বিস্তর প্রমাণ তাঁর লেখার মধ্যে রহিয়াছে। অধচ কোখাও একট্, অপপ্ররোগ বা পাশিভত্তা প্রকাশের চেন্টা দেখা যায় না। বিষ্ক্রমচন্দের প্রতিভা যে কত বড় ছিল, ইহাতেই আমরা তাহার একটা আতি প্রকৃষ্ট প্রমাণ প্রাপ্ত হই। নিজের শক্তির উপরে বে দার্ডাইতে পারে, নিজের প্রতিভার মৌলিকতা যে ব্রুকে, সে পরের বন্ধু লইয়া বড়াই করিডে যাইবে কেন? স্বরাজ্যে যে প্রতিষ্ঠিত, সে পরের নিক্ট হতৈ করই লইয়া থাকে, অপরের যশোভাতি বা জয়শ্রী ধার করিয়া আনিবার জন্য ব্যগ্র হয় না। ইহাতে যে তাঁর ইম্জন যায়।" ("নারারণ"—কৈয়ন্ট ১০২২, প্র. ৬৮৫-৬)

আটাশ

বঙ্গসাহিত্যের মাধ্যমে 'সমাজদেবী'র প্রজায় বিভক্ষচন্দ্র শক্তি ও সময় যথোচিত বিনিয়োগ করিরাছিলেন। সাহিত্যক্ত পাঠে এ কথাটি আমাদের সমাক্ হৃদয়ঙ্গম হইবে।

গ্রীযোগেশচন্দ্র বাগল

ছন্টবা: শেষ সংস্করণের বিভিন্ন প্রন্তকের সঙ্গে মৃদ্রিত বিজ্ঞাপন এবং আনুবঙ্গিক বিষয়-সমূহ পরিশিন্টে দেওয়া হইল। এই প্রসঙ্গটি রচনায় বিশ্বক্ষচন্দ্রের রচনাবলী—সাহিত্য-পরিষৎ প্রোতন প্রসঙ্গ (১ম পর্যায়) প্রভৃতি বহু প্রন্তক, এবং সামিয়িক প্রাদি হইতে সাহায়া লইয়াছি। যে সকল বন্ধবান্ধবের নিকট হইতে প্রন্তকগ্নিল সংগ্রহ ও অন্যান্য বিষয়ে সাহায়া পাইয়াছি তাহাদের কথা কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করি। য-চ-ব





লোকরহস্য

वाष्ट्राठार्य व्हलाञ्चल किंग्या क्रिक्ट क्रिक्ट क्रिक्ट

প্ৰথম প্ৰবন্ধ

একদা স্কুলরবন-মধ্যে ব্যাদ্রদিগের মহাসভা সমবেত হইয়াছিল। নিবিড় বনমধ্যে প্রশন্ত ভূমিখন্ডে ভীমাকৃতি বহুতর ব্যাদ্র লাঙ্গুলে ভর করিয়া, দংজ্বীপ্রভায় অরণ্যপ্রদেশ আলোকময় করিয়া, সারি সারি উপবেশন করিয়াছিল। সকলে একমত হইয়া অমিতোদর নামে এক অতি প্রচীন ব্যাদ্রকে সভাপতি করিলেন। অমিতোদর মহাশয় লাঙ্গুলাসন গ্রহণপ্র্বক সভার কার্য্য আরম্ভ করিলেন। তিনি সভাদিগকে সন্বোধন করিয়া কহিলেন:—

"অদ্য আমাদিগের কি শ্ব্ভ দিন! অদ্য আমরা যত অরণ্যাসী মাংসাভিলাষী ব্যাঘ্রকুলতিলক সকল পরস্পরের মঙ্গল সাধনার্থ এই অরণ্যমধ্যে একচিত হইয়াছি। আহা! কুংসাকারী, খল-স্বভাব অন্যান্য পশ্বত্যে রটনা করিয়া থাকে যে, আমরা বড় অসামাজিক, একা এক বনেই বাস করিতে ভালবাসি, আমাদের মধ্যে ঐক্য নাই। কিন্তু অদ্য আমরা সমস্ত স্কুসভ্য ব্যাঘ্রম্ভলী একচিত হইয়া সেই অম্লক নিন্দাবাদের নিরাস করিতে প্রবৃত্ত হইয়াছি! এক্ষণে সভ্যতার যের্প দিন দিন শ্রীবৃদ্ধি হইতেছে, তাহাতে আমার সম্পূর্ণ আশা আছে যে, শীঘ্রই ব্যাঘ্রেরা সভ্যজাতির অগ্রগণ্য হইয়া উঠিবে। এক্ষণে বিধাতার নিকট প্রার্থনা করি যে, আপনারা দিন দিন এইর্প জাতিহিতিষিতা প্রকাশপ্র্বেক পরম স্থে নানাবিধ পশ্ব্নন করিতে থাকুন।" (সভামধ্যে লাঙ্গল চট্চটারব।)

এক্ষণে হে দ্রাতৃবৃন্দ! আমরা যে প্রয়োজন সম্পাদনার্থ সমবেত হুইয়ছি, তাহা সংক্ষেপে বিবৃত করি। আপনারা সকলেই অবগত আছেন যে, এই স্ক্রেরনের ব্যাঘ্রসমাজে বিদ্যার চর্চ্চা ক্রমে লোপ পাইতেছে। আমাদিগের বিশেষ অভিলাষ হইয়ছে, আমরা বিশ্বান্ হইব। কেন না, আজিকালি সকলেই বিশ্বান্ হইতেছে। আমরাওঃ হইব। বিদ্যার আলোচনার জন্য এই ব্যাঘ্রসমাজ সংস্থাপিত হইয়ছে। এক্ষণে আমার বক্তব্য এই যে, আপনারা ইহার অনুমোদন কর্ন।"

সভাপতির এই বন্ধৃতা সমাপ্ত হইলে, সম্ভাগণ হাউমাউ শন্দে এই প্রস্তাবের অনুমোদন করিলেন। তখন যথারীতি কয়েকটি প্রস্তাব পঠিত এবং অনুমোদিত হইয়া সভাগণ কর্তৃক গ্রুহীত হইল। প্রস্তাবের সঙ্গে সঙ্গি বন্ধৃতা হইল। সে সকলে ব্যাকরণশৃদ্ধ এবং অলুক্রাল্লবিশিষ্ট বটে, তাহাতে শব্দবিন্যাসের ছটা বড় ভয়ঞ্চর; বন্ধুতার চেটি সন্ধোরন কাঁপিয়া গেল।

পরে সভার অন্যান্য কার্য্য হইলে, সভাপতি বলিলেন, "আপনারা জানেন যে, এই স্কুলরবনে ব্হল্লাঙ্গ্রুল নামে এক অতি পন্ডিত ব্যাঘ্র বাস করেন। অদ্য তিনি আমাদিগের অন্রোধে মন্যাচরিত্র সম্বন্ধে একটি প্রবন্ধ পাঠ করিতে স্বীকার করিয়াছেন।"

মন্বোর নাম শ্রনিয়া কোন কোন নবীন সভ্য ক্ষ্মা বোধ করিলেন। কিন্তু তংকালে পরিক ডিনরের স্টুনা না দেখিয়া নীরব হইয়া রহিলেন। ব্যাদ্রাচার্য্য ব্র্প্লাঙ্গ্র্বল মহাশয় সভাপতি কর্তৃক আহ্ত হইয়া গর্ম্জনপ্র্বেক গায়োখান করিলেন। এবং পথিকের ভীতিবিধায়ক স্বরে নিম্নালিখিত প্রবন্ধটি পাঠ করিলেন;—

"সভাপতি মহাশয়! বাঘিনীগা এবং ভদ্র ব্যাঘ্রগাণ! মন্ব্য একপ্রকার দ্বিপদ জ্পু। তাহারা পক্ষবিশিষ্ট নহে, স্তরাং তাহাদিগকে পাখী বলা যায় না। বরং চতুষ্পদগণের সঙ্গে তাহাদিগের সাদ্শ্য আছে। চতুষ্পদগণের যে যে অঙ্গ, যে যে অস্থি আছে, মন্যোরও সেইর্প আছে। অতএব মন্যাদিগকে এক প্রকার চতুষ্পদ বলা যায়। প্রভেদ এই যে, চতুষ্পদের ষের্প গঠনের পারিপাটা, মন্যের তাদ্শ্য নাই। কেবল ঈদ্শ প্রভেদের জন্য আমাদিগের কর্ত্ব্য নহে যে, আমরা মন্যাকে দ্বিপদ বলিয়া ঘূলা করি।

চতুষ্পদমধ্যে বানরদিগের সঙ্গে মন্ব্যগণের বিশেষ সাদৃশ্য। পশ্চিতেরা বলেন যে. কালক্রমে পশ্বদিগের অবয়বের উৎকর্ষ জন্মিতে থাকে; এক অবয়বের পশ্ব ক্রমে অন্য উৎকৃষ্টতর পশ্বর আকার প্রাপ্ত হয়। আমাদিগের ভরসা আছে যে, মন্ব্য-পশ্বও কালপ্রভাবে লাঙ্গ্বলাদিবিশিষ্ট হইয়া ক্রমে বানর হইয়া উঠিবে।

মন্ষ্য-পশ্ যে অত্যন্ত স্কাদ্ এবং স্ভক্ষা, তাহা আপনারা বোধ হয়, সকলেই অবগত আছেন। (শ্নিরা সভাগণ সকলে আপন আপন মুখ চাটিলেন)। তাহারা সচরাচর অনায়াসেই মারা পড়ে। মৃগাদির ন্যায় তাহারা দ্বত পলায়নে সক্ষম নহে, অথচ মহিষাদির ন্যায় বলবান্ বা শৃঙ্গাদি আয়্ধ-যুক্ত নহে। জগদীশ্বর এই জগং-সংসার ব্যাঘ্রজাতির স্থের জন্য সৃষ্টি করিয়াছেন, সন্দেহ নাই। সেই জন্য ব্যাঘ্রের উপাদেয় ভোজ্য পশ্কে পলায়নের বা আত্মরক্ষার ক্ষমতা পর্যন্ত দেন নাই। বান্তবিক মন্যাজাতি যের্প অরক্ষিত—নথ-দন্ত শৃঙ্গাদি বিজ্পত, গমনে মন্থর এবং কোমলপ্রকৃতি, তাহা দেখিয়া বিস্মিত হইতে হয় যে, কি জন্য ঈশ্বর ইহাদিগকে সৃষ্টি করিয়াছেন। ব্যাঘ্রজাতির সেবা ভিন্ন ইহাদিগের জীবনের কোন উদ্দেশ্য দেখা যায় না।

এই সকল কারণে, বিশেষ তাহাদিলের মাংসের কোমলতা হেতু, আমরা মন্ধ্য জাতিকে বড় ভালবাসি। দৃণ্টি মাত্রেই ধরিয়া খাই। আশ্চর্যের বিষয় এই যে, তাহারাও বড় ব্যায়ভক্ত। এই কথায় যদি আপনারা বিশ্বাস না করেন. তবে তাহার উদাহরণ স্বর্প আমার যাহা ঘটিয়াছিল. তদ্ব্যান্ত বলি। আপনারা অবগত আছেন, আমি বহুকালাবিধ দেশ দ্রমণ করিয়া বহুদশীর্বিয়াছি। আমি যে দেশে প্রবাসে ছিলাম, সে দেশ এই বাায়ভূমি স্কুলরবনের উত্তরে আছে। তথায় লো মন্ব্যাদি ক্ষ্রাশেয় অহিংল্ল পশ্বাশেই বাস করে। তথাকার মন্ব্য দিবিধ; এক জাতি কৃষ্ণবৃদ্ধি, এক জাতি শ্বেতবর্ণ। একদা আমি সেই দেশে বিষয়কন্মে প্রলক্ষে গম্ন করিয়াছিলাম।"

শ্নিয়া মহাদংশ্টানামে একজন উদ্ধাত্বভাব ব্যাঘ্র জিজ্ঞাসা করিলেন,—"বিষয়কম্মটা কি?" ব্রক্লাঙ্গলুল মহাশায় কহিলেন, "বিষয়কম্ম, আহারাদেবষণ। এখন সভালোকে আহারাদেবষণকে বিষয়কম্ম বলে। ফলে সকলেই যে আহারাদেবষণকে বিষয়কম্ম বলে, এমত নহে। সম্প্রান্ত লোকের আহারাদেবমণের নাম বিষয়কম্ম, অসম্প্রান্তের আহারাদেবমণের নাম জ্বাচুরি, উপ্প্রবৃত্তি এবং জিক্ষা। ধ্রের্রের আহারাদেবমণের নাম চুরি; বলবানের আহারাদেবমণ দস্যতা; লোকবিশেষে দস্যতা শব্দ ব্যবহার হয় না; তৎপরিবর্ত্তের বীরত্ব বিলতে হয়। যে দস্যরে দম্প্রপ্রণতা আছে, সেই দস্যরে কার্যেরির নাম দস্যতা; যে দস্যরে দম্প্রপ্রণতা নাই, তাহার দস্যতার নাম বীরত্ব। আপনারা যখন সভাসমাজে অধিন্তিত হইবেন, তখন এই সকল নামবৈচিত্রা প্রয়েজন নাই; এক উদ্ব-শ্রজা নাম রাখিলেই বীরত্বাদি সকল ব্রুঝাইতে পারে। সে যাহাই হউক, যাহা বলিতেছিলাম, শ্রবণ কর্ন। মন্যোরা বড় ব্যাঘ্রভক্ত। আমি একদা মন্যা্রসতি মধ্যে বিষয়ক্তম্মাপলক্ষে গিয়াছিলাম। শ্রনিয়াছেন, কয়েক বংসর হইল, এই স্কুলরবনে পোর্ট ক্যানিং কোম্পানি স্থাপিত হইয়াছিল।"

মহাদংখ্যা বক্তৃতা বন্ধ করাইয়া জিপ্তাসা করিলেন. "পোর্ট ক্যানিং কোন্পানি কির্প জন্তু?" ব্রুল্লান্দ্রল কহিলেন, "তাহা আমি সবিশেষ অবগত নহি। ঐ জন্তুর আকার, হস্তপদাদি কির্প, জিঘাংসাই বা কেমন ছিল, ঐ সকল আমরা অবগত নহি। শ্নিনয়াছি, ঐ জন্তু মন্বেরর প্রতিষ্ঠিত; মন্ব্রাদগেরই হদর শোদিত পান করিত; এবং তাহাতে বড় মোটা হইয়া মরিয়া গিয়াছে। মন্ব্যজাতি অত্যন্ত অপরিণামদশী। আপন আপন বধোপায় সর্ব্দা আপনারাই স্কান করিয়া থাকে। মন্ব্রেরা যে সকল অস্ত্রাদি ব্যবহার করিয়া থাকে, সেই সকল অস্ত্রই এ কথার প্রমাণ। মন্ব্রেরা যে সকল অস্ত্রের উন্দেশ্য। শ্নিরয়াছি, কখন কখন সহস্র সহস্র মান্ব্র প্রান্তরমধ্যে সমবেত হইয়া ঐ সকল অস্ত্রাদির দ্বারা পরস্পর প্রহার করিয়া বধ করে। আমার বোধ হয়, মন্ব্রাগণ পরস্পরের বিনাশার্থ এই পোর্ট ক্যানিং কোম্পানি নামক রাক্ষসের স্কান করিয়াছিল। সে বাহাই হউক, আপনারা ছির হইয়া এই মন্ব্য-ব্রান্ত প্রবণ কর্ন। মধ্যে মধ্যে রসভঙ্ক করিয়া প্রশ্ন জিল্ভাসা করিলে বক্তৃতা হয় না। সভ্যজাতিদিগের এর্প নিয়ম নহে। আমারা এক্ষণে সভ্য হইয়াছি, সকল কাজে সভ্যদিগের নিয়মান্সারে চলা ভাল।

আমি একদা সেই পোর্ট ক্যানিং কোম্পানির বাসস্থান মাতলার বিষয়কম্মোপলক্ষে গিয়া-ছিলাম। তথার এক বংশমন্ডপ-মধ্যে একটা কোমল মাংসযুক্ত নৃত্যশীল ছাগবংস দূজি করিয়া তদাস্বাদনার্থ মন্ডপ-মধ্যে প্রবিষ্ট হইলাম। ঐ মন্ডপ ভৌতিক-পশ্চাৎ জানিয়াছি, মনুযোরা উহাকে ফाँদ বলে। আমার প্রবেশ মাত্র আপনা হইতে তাহার দ্বার রুদ্ধ হইল। কতকগালি মনুষ্য তৎপরে সেইখানে উপস্থিত হইল। তাহারা আমার দর্শন পাইয়া পরমানন্দিত হইল, এবং আহ্যাদস্কে চীংকার, হাস্য, পরিহাসাদি করিতে লাগিল। তাহারা যে আমার ভূরসী প্রশংসা করিতেছিল, তাহা আমি ব্রঝিতে পারিয়াছিলাম। কেহ আমার আকারের প্রশংসা করিতেছিল, কেহ আমার দন্তের, কেহ নথের, কেহ লাঙ্গুলের গুণগান করিতে লাগিল। এবং অনেকে আমার উপর প্রীত হইয়া, পদ্মীর সহোদরকে যে সন্বোধন করে, আমাকে সেই প্রিয়সন্বোধন করিল। পরে তাহারা ভক্তিভাবে আমাকে মন্ডপ-সমেত স্কন্ধে বহন করিয়া, এক শকটের উপর উঠাইল। দুই অমলম্বেতকান্তি বলদ ঐ শকট বহন করিতেছিল। তাহাদিগকে দেখিয়া আমার বড় ক্ষুধার উদ্রেক হইল। কিন্তু তংকালে ভৌতিক মন্ডপ হইতে বাহির হইবার উপায় ছিল না, এ জন্য অন্ধভিক্ত ছাগে তাহা পরিত্তপ্ত করিলাম। আমি সূথে শকটারোহণ করিয়া ছাগমাংস ভক্ষণ করিতে করিতে এক নগরবাসী শ্বেতবর্ণ মনুষ্যের আবাসে উপস্থিত হইলাম। সে আমার সম্মানার্থ স্বরং দ্বারদেশে আসিয়া আমার অভার্থনা করিল। এবং লোহদ ডাদিভ্ষিত এক সরমা গৃহমধ্যে আমার আবাসস্থান নিদের্শ করিয়া দিল। তথায় সজীব বা সদ্য হত ছাগ মেষ গ্রাদির উপাদেয় মাংস শোণিতের দ্বারা আমার সেবা করিত। অন্যান্য দেশবিদেশীয় বহুতর মনুষ্য আমাকে দর্শন করিতে আসিত, আমিও ব্রবিতে পারিতাম যে, উহারা আমাকে দেখিয়া চরিতার্থ হইত।

আমি বহুকাল ঐ লোহজালাব্ত প্রকোষ্ঠে বাস করিলাম। ইচ্ছা ছিল না যে, সে সন্থ ত্যাগ করিয়া আর ফিরিয়া আসি। কিন্তু স্বদেশ-বাংসলা প্রযুক্ত থাকিতে পারিলাম না। আহা! যথন এই জন্মভূমি আমার মনে পড়িত, তখন আমি হাউ হাউ করিয়া ডাকিতে থাকিতাম। হে মাতঃ সন্দরবন! আমি কি তোমাকে কখন ভূলিতে পারিব? আহা! তোমাকে যখন মনে পড়িত, তখন আমি ছাগমাংস ত্যাগ করিতাম, মেবমাংস ত্যাগ করিতাম! (অর্থাৎ অস্থি এবং চম্ম মার ত্যাগ করিতাম)—এবং সন্ধানা লাঙ্গলোয়তের দ্বারা আপনার অস্তঃকরণের চিস্তা লোককে জানাইতাম। হে জন্মভূমি! যতাদন আমি তোমাকে দেখি নাই, ততাদন ক্ষুধা না পাইলে খাই নাই, নিদ্রা না আসিলে নিদ্রা যাই নাই। দুঃখের অধিক পরিচয় আর কি দিব, পেটে যাহা ধরিত, তাহাই খাইতাম, তাহার উপর আর দুই চারি সের মার মাংস খাইতাম। আর খাইতাম না।"

তখন ব্রক্লাঙ্গর্ল মহাশয়, জন্মভূমির প্রেম অভিভূত হইয়া অনেকক্ষণ নীরব হইয়া রহিলেন। বােধ হইল, তিনি অপ্রশৃত করিতেছিলেন, এবং দুই এক বিন্দু স্বচ্ছ ধারা পতনের চিহ্ন ভূতলে দেখা গিয়াছিল। কিন্তু কতিপয় যুবা ব্যায় তক করেন যে, সে ব্রক্লাঙ্গর্লের অপ্রশৃতনের চিহ্ন নহে। মনুষ্যালয়ের প্রচুর আহারের কথা স্মরণ হইয়া সেই ব্যাছের মুখের লাল পড়িয়াছিল।

লেক্তরর তখন ধৈষ্য প্রাপ্ত হইয়া প্রনর্রাপ বলিতে আরম্ভ করিলেন, "কি প্রকারে আমি সেই স্থান ত্যাগ করিলাম, তাহা বলিবার প্রয়োজন নাই। আমার অভিপ্রায় ব্রনিষয়াই হউক, আর ভুলচ্মেই হউক, আমার ভূত্য একদিন আমার মন্দির-মার্চ্জনান্তে দ্বার মন্ত রাখিয়া গিয়াছিল। আমি সেই দ্বার দিয়া নিজ্ঞান্ত হইয়া উদ্যানরক্ষককে মনুখে করিয়া লইয়া চলিয়া আসিলাম।

এই সকল ব্তান্ত সবিস্তারে বলার কারণ এই যে, আমি বহুকাল মন্যালয়ে বাস করিয়া আসিয়াছি—মন্যাচরিয় সবিশেষ অবগত আছি—শানিয়া আপনারা আমার কথায় বিশেষ আছা করিবেন, সন্দেহ নাই। আমি বাহা দেখিয়াছি, তাহাই বালব। অন্য পর্যটকদিলের ন্যায় অমূলক উপন্যাস বলা আমার অভ্যাস নাই। বিশেষ মন্যাসম্বন্ধে অনেক উপন্যাস আমরা চিরকাল শানিয়া আসিতেছি; আমি সে সকল কথায় বিশ্বাস করি না। আমরা পান্বপের শানিয়া আসিতেছি যে, মন্যোরা ক্ষাক্রীবী হইয়াও পর্যতাকার বিচিন্ন গৃহ নিম্মাণ করে। ঐর্প পর্যতাকার গৃহে তাহারা বাস করে বটে, কিন্তু কখন তাহাদিগকে ঐর্প গৃহ নিম্মাণ করিতে আমি চক্ষে দেখি নাই। স্তরাং তাহারা যে ঐর্প গৃহ করয়ং নিম্মাণ করিয়া থাকে, ইহার প্রমাণাভাব। আমার বােষ হয়, তাহারা যে সকল গৃহে বাস করে, তাহা প্রকৃত পর্যতি বটে, স্বভাবের স্থিট; তবে তাহা বহু গৃহাবিশিষ্ট দেখিয়া ব্রিজ্ঞাবী মন্ত্রপ্রশান তাহাতে আশ্রয় করিয়াছে।*

^{*} পাঠক মহাশর ব্রঙ্গাঙ্গলের ন্যায়শান্দের বাংপত্তি দেখিয়া বিস্মিত হইবেন না। এইর্প তর্কে মাক্ষম্লর ছির করিয়াছেন যে, প্রাচীন ভারতবর্ষীরেরা দিখিতে জানিতেন না। এইর্প তর্কে জেমস

মন্ব্য-জস্থ উভয়াহারী। তাহারা মাংসভোজী; এবং ফলম্লও আহার করে। বড় বড় গাছ খাইতে পারে না; ছোট ছোট গাছ সম্লে আহার করে। মন্ব্যেরা ছোট গাছ এত ভালবাসে যে, আপনারা ভাহার চাষ করিয়া ঘেরিয়া রাখে। ঐর্প রক্ষিত ভূমিকে ক্ষেত বা বাগান বলে। এক মন্ব্যের বাগানে অন্য মন্ব্য চরিতে পায় না।

মন্ধোরা ফলম্ল লতাগ্লমাদি ভোজন করে বটে, কিন্তু ঘাস খার কি না, বলিতে পারি না। কখন কোন মন্ধাকে ঘাস খাইতে দেখি নাই। কিন্তু এ বিষয়ে আমার কিছ্ সংশয় আছে। শ্বেতবর্ণ মন্ধোরা এবং কৃষ্ণবর্ণ ধনবান্ মন্ধোরা বহু বত্নে আপন আপন উদ্যানে ঘাস তৈয়ার করে। আমার বিবেচনায় উহারা ঐ ঘাস খাইয়া থাকে। নহিলে ঘাসে তাহাদের এত যত্ন কেন? এর্প আমি একজন কৃষ্ণবর্ণ মন্ধোর মূখে শ্নিনয়াছিলাম। সে বলিতেছিল, 'দেশটা উচ্ছয় গেল—যত সাহেব স্বো বড় মান্ধে বসে বসে ঘাস খাইতেছে।' স্তরাং প্রধান মন্ধোরা যে ঘাস খায়, তাহা এক প্রকার নিশ্চয়।

কোন মনুষ্য বড় কুদ্ধ হইলে বলিয়া থাকে, 'আমি কি ঘাস খাই ?' আমি জানি, মনুষ্যাদিগের স্বভাব এই, তাহারা যে কাজ করে, আঁত যত্নে তাহা গোপন করে। অতএব যেখানে তাহারা ঘাস খাওয়ার কথায় রাগ করে, তখন অবশ্য সিদ্ধান্ত করিতে হইবে যে, তাহারা ঘাস খাইয়া থাকে।

মন্ব্যেরা পশ্ব প্জা করে। আমার যে প্রকার প্জা করিয়াছিল, তাহা বলিয়াছি। অশ্ব-দিগেরও উহারা ঐর্প প্জা করিয়া থাকে; অশ্বদিগকে আশ্রর দান করে, আহার যোগায়, গাত্র ধোত ও মার্চ্জানাদি করিয়া দেয়। বোধ হয়, অশ্ব মন্ব্য হইতে শ্রেষ্ঠ পশ্ব বলিয়াই মন্ব্যেরা তাহার প্জা করে।

মন্বেররা ছাগ, মেষ, গবাদিও পালন করে। গো সম্বন্ধে তাহাদের এক আশ্চর্য ব্যাপার দেখা গিরাছে; তাহারা গোর্র দৃষ্ধ পান করে। ইহাতে পৃত্বেকালের ব্যাঘ্র পশ্চিতেরা সিদ্ধান্ত করিয়া-ছেন ষে. মন্বোরা কোন কালে গোর্র বংস ছিল। আমি তত দ্বে বাল না. কিন্তু এই কারণেই বোধ করি, গোর্র সঙ্গে মান্বের বৃদ্ধিগত সাদৃশ্য দেখা যায়।

সে যাহাই হউক, মন্বেরা আহারের স্ববিধার জন্য গোরে, ছাগল এবং মেষ পালন করিয়া থাকে। ইহা এক স্বরীতি, সন্দেহ নাই। আমি মানস করিয়াছি, প্রস্তাব করিব যে, আমরাও মানুষের গোহাল প্রস্তুত করিয়া মনুষ্য পালন করিব।

গো, অশ্ব, ছাগ ও মেষের কথা বলিলাম। ইহা ভিন্ন হস্ত্রী, উন্দ্র, গর্ম্পভ, কুক্কর, বিড়াল, এমন কি, পক্ষী পর্যান্ত তাহাদের কাছে সেবা প্রাপ্ত হয়। অতএব মন্যা জাতিকে সকল পশ্বর ভতা বলিলেও বলা যায়।

মন্য্যালয়ে অনেক বানরও দেখিলাম। সে সকল বানর দ্বিবিধ; এক সলাঙ্গ্রল, অপর লাঙ্গ্রল-শ্ন্য। সলাঙ্গ্রল বানরেরা প্রায় ছাদের উপর, না হয় গাছের উপর থাকে। নীচেও অনেক বানর আছে বটে, কিন্তু অধিকাংশ বানরই উচ্চপদস্থ। বোধ হয়, বংশমর্য্যাদা বা জাতিগোরব ইহার কারণ।

মন্ব্যচরিত্র অতি বিচিত্র। তাহাদের মধ্যে বিবাহের যে রীতি আছে, তাহা অত্যন্ত কৌতুকাবহ। তদ্ভিন্ন তাহাদিগের রাজনীতিও অত্যন্ত মনোহর। ক্রমে ক্রমে তাহা বিবৃত করিতেছি।"

এই পর্যান্ত প্রবন্ধ পঠিত হইলে, সভাপতি অমিতোদর, দ্রে একটি হরিদশিশ্ব দেখিতে পাইয়া, চেয়ার হইতে লাফ দিয়া তদন্সরণে ধাবিত হইলেন। আমিতোদর এইর্প দ্রদশী বিলয়াই সভাপতি হইয়াছিলেন। সভাপতিকে অকস্মাং বিদ্যালোচনায় বিমৃখ দেখিয়া প্রবন্ধপাঠক কিছ্ব ক্ষুপ্ত হইলেন। তাঁহার মনের ভাব ব্রিডে পারিয়া একজন বিজ্ঞ সভ্য তাঁহাকে কহিলেন, "আপনি ক্ষুদ্ধ হইলেন না, সভাপতি মহাশয় বিষয়কন্মের্শিপলকে দেণিড্য়াছেন। হরিদের পাল আসিয়াছে, আমি দ্বাল পাইতেছি।"

এই কথা শর্নিবামাত্র মহাবিজ্ঞ সভ্যেরা লাঙ্গুলোখিত করিয়া, যিনি যে দিকে পারিলেন, সেই দিকে বিষয়কন্মের চেন্টায় ধাবিত হইলেন। লেক্চররও এই বিদ্যাথীদিগের দৃষ্টান্ডের অনুবন্তী হইলেন। এইরূপে সে দিন ব্যাছদিগের মহাসভা অকালে ভঙ্গ হইল।

মিল ন্থির করিয়াছেন বে, প্রাচীন ভারতবয়ীরেরা অসভ্য জাতি, এবং সংস্কৃত ভাষা অসভ্য ভাষা। বস্তুতঃ এই ব্যান্ত পণিডতে এবং মনুষ্য পণিডতে অধিক বৈলক্ষণ্য দেখা যার না।

পরে তাঁহারা অন্য একদিন সকলে পরামর্শ করিয়া আহারান্তে সভার অধিবেশন করিলেন। সে দিন নিন্দির্বাহ্যে সভার কার্য্য সম্পন্ন হইয়া প্রবন্ধের অর্বাশিন্টাংশ পঠিত হইল। তাহার বিজ্ঞাপনী প্রাপ্ত হইলে, আমরা প্রকাশ করিব।

দিতীয় প্রবন্ধ

সভাপতি মহাশয়, বাঘিনীগণ, এবং ভদু ব্যাঘ্নগণ!

আমি প্রথম বক্তৃতায় অঙ্গীকার করিয়াছিলাম যে, মান্থের বিবাহপ্রণালী এবং অন্যান্য বিষয় সম্বন্ধে কিছ্ বলিব। ভদ্রের অঙ্গীকার পালনই প্রধান ধর্ম্ম। অতএব আমি একবারেই আমার বিষয়ে প্রবেশ করিলাম।

বিবাহ কাহাকে বলে, আপনারা সকলেই অবগত আছেন। সকলেই মধ্যে মধ্যে অবকাশ মতে বিবাহ করিয়া থাকেন। কিন্তু মন্ম্যবিবাহে কিছ্ন বৈচিত্র্য আছে। ব্যাঘ্র প্রভৃতি সভ্য পশ্বদিগের দারপরিগ্রহ কেবল প্রয়োজনাধীন, মন্ম্যপশ্ব সের্প নহে—তাহাদের মধ্যে অনেকেই এককালীন জন্মের মত বিবাহ করিয়া রাখে।

মন্ব্যবিবাহ দ্বিবধ—নিতা এবং নৈমিত্তিক। তন্মধ্যে নিতা অথবা পোরোহিত্য বিবাহই মানা। প্রোহিতকে মধ্যবত্তী করিয়া যে বিবাহ সম্পন্ন হইয়া থাকে, তাহাই পোরোহিত বিবাহ।

মহাদংখ্যা। প্রোহিত কি?

ব্হল্লাঙ্গব্দ। অভিধানে লেখে, প্ররোহিত চালকলাভোজী বঞ্চনাব্যবসায়ী মন্ম্যবিশেষ। কিন্তু এই ব্যাখ্যা দ্ব্ড। কেন না, সকল প্রোহিত চালকলাভোজী নহে, অনেক প্রোহিত মদ্য মাংস খাইয়া থাকেন: অনেক প্রোহিত সর্ব্জুক্। পক্ষান্তরে চালকলা খাইলেই প্রোহিত হয়, এমত নহে। বারাণসী নামক নগরে অনেকগর্বান ষাঁড় আছে—তাহারা চালকলা খাইরা থাকে। তাহারা প্রোহিত নহে, তাহার কারণ তাহারা বঞ্চক নহে। বঞ্চকে যদি চালকলা খায়, তাহা হইলেই প্রোহিত হয়।

পৌরোহত বিবাহে এইর্প একজন প্রোহিত বরকন্যার মধ্যবত্তী হইয়া বসে। বিসয়া কতকগ্লা বকে। এই বক্তৃতাকে মল্র বলে। তাহার অর্থ কি. আমি সবিশেষ অবগত নহি, কিন্তু আমি বের্প পশ্ডিত, তাহাতে ঐ সকল মশ্রের একপ্রকার অর্থ মনে মনে অন্ভূত করিয়াছি। বোধ হয়়. প্রোহিত বলে, "হে বরকন্যা! আমি আজ্ঞা করিতেছি, তোমরা বিবাহ কর। তোমরা বিবাহ কর। তোমরা বিবাহ করে। আমি নিত্য চালকলা পাইব—অতএব তোমরা বিবাহ কর। এই কন্যার গর্ভধানে, সমান্তেয়য়য়নে, স্বিতকাগারে, চালকলা পাইব—অতএব তোমরা বিবাহ কর। সন্তানের ষঠী-প্রসয়, অয়প্রাশনে, কর্ণবেধে, চ্ড়াকরণে বা উপনয়নে—অনেক চালকলা পাইব, অতএব তোমরা বিবাহ কর। তোমরা সংসারধশ্রে প্রত্ত হইলে, সন্বাদা ব্রত নিয়মে, প্রেলা পার্শ্বণে যাগ যজ্ঞেরত হইবে, স্বৃত্তরাং আমি চালকলা পাইব, অতএব তোমরা বিবাহ কর। বিবাহ কর, কথন এ বিবাহ রহিত করিও না। যদি রহিত কর, তবে আমার চালকলার বিশেষ বিঘা হইবে। তাহা হইলে এক এক চপেটাঘাতে তোমাদের ম্বৃত্তপাত করিব। আমাদের প্র্বেপ্র্র্মদিগের এইর্প আজ্ঞা।" বোধ হয়, এই শাসনের জন্ট পৌরোহিত বিবাহ কথন রহিত হয় না।

আমাদিগের মধ্যে যে বিবাহপ্রথা প্রচলিত আছে, তাহাকে নৈমিত্তিক বিবাহ বলা যায়। মন্যামধ্যে এর্প বিবাহও সচরাচর প্রচলিত। অনেক মন্যা এবং মান্বী, নিত্য নৈমিত্তিক উভয়বিধ বিবাহ করিয়া থাকে। কিন্তু নিত্য নৈমিত্তিক বিবাহে বিশেষ প্রভেদ এই যে নিত্য বিবাহ কেহ গোপন করে না, নৈমিত্তিক বিবাহ সকলেই প্রাণপণে গোপন করে। যদি একজন মন্যা অন্য মন্যের নৈমিত্তিক বিবাহের কথা জানিতে পারে, তাহা হইলে কখন কখন তাহাকে ধরিয়া প্রহার করে। আমার বিবেচনার প্রেরিহিতরাই এই অনর্থের মূল। নৈমিত্তিক বিবাহে তাহারা চালকলা পায় না—স্তরাং ইহার দমনই তাহাদের উদ্দেশ্য—তাহাদের শিক্ষামতে সকলেই নৈমিত্তিকবিবাহকারীকে ধরিয়া প্রহার করে। কিন্তু বিশেষ চমংকার এই যে, অনেকেই গোপনে স্বয়ং নৈমিত্তিক বিবাহ করে, অথচ পরকে নৈমিত্তিক বিবাহ করিতে দেখিলে ধরিয়া প্রহার করে!

ইহাতে আমার বিবেচনা হইতেছে বে, অনেক মন্ম্বাই নৈমিত্তিক বিবাহে সম্মত, তবে পুরোহিত প্রভৃতির ভয়ে মুখ ফুটিতে পারে না। আমি মনুষ্যালয়ে বাসকালীন জানিয়া

र्वाष्क्रम ब्रह्मावली

আসিয়াছি, অনেক উচ্চ শ্রেণীস্থ মন্বের নৈমিত্তিক বিবাহে বিশেষ আদর। যাঁহারা আমাদিগের ন্যায় স্মৃত্যাং পশ্বত্ত্ব, তাঁহারাই এ বিষয়ে আমাদিগের অন্করণ করিয়া থাকেন। আমার এমনও ভরসা আছে যে. কালে মন্মুজাতি আমাদিগের ন্যায় স্মৃত্যাং ইলে, নৈমিত্তিক বিবাহ তাহাদের মধ্যে সমাজসম্মত হইবে। অনেক মন্মুগণিতত তংপক্ষে প্রবৃত্তিদায়ক গ্রন্থাদি লিখিতেছেন। তাঁহারা স্বজাতিহিতৈষী, সন্দেহ নাই। আমার বিবেচনায়, সম্মানবর্দ্ধনার্থ তাঁহাদিগকে এই ব্যাঘ্র-সমাজের অনরারি মেন্বর নিম্কু করিলে ভাল হয়। ভরসা করি, তাঁহারা সভাস্থ হইলে, আপনারা তাঁহাদিগকে জলযোগ করিবেন না। কেন না, তাঁহারা আমাদিগের ন্যায় নীতিজ্ঞ এবং লোকহিতৈষী।

মন্ম্যমধ্যে বিশেষ এক প্রকার নৈমিত্তিক বিবাহ প্রচলিত আছে, তাহাকে মোদিক বিবাহ বলা যাইতে পারে। এ প্রকার বিবাহ সম্পন্নার্থ মান্ম মনুদার দ্বারা কোন মান্মীর করতল সংম্পান্ট করে। তাহা হইলেই মোদিক বিবাহ সম্পন্ন হয়।

महामरण्या। माना कि?

বৃহপ্লাঙ্গল । মনু মানুষাদিগের প্জা দেবতাবিশেষ। যদি আপনাদিগের কোত্তল থাকে. তবে আমি সবিশেষ সেই মহাদেবীর গ্ল কীর্ত্তন করি। মনুষ্য যত দেবতার প্জা করে, তক্ষধ্যে ইহার প্রতিই তাহাদের বিশেষ ভক্তি। ইনি সাকারা। স্বর্ণ, রোপ্য এবং তাম্রে ইহার প্রতিমা নিন্দ্র্যিত হয়। লোহ, টিন এবং কান্ঠে ইহার মন্দির প্রস্তুত করে। রেশম, পশম, কার্পাস, চন্দ্র্য প্রভৃতিতে ইহার সিংহাসন রচিত হয়। মানুষ্ণাণ রাত্রিদিন ইহার ধ্যান করে, এবং কিসে ইহার দর্শন প্রাপ্ত হইবে, সেই জন্য সন্ধাদা শশবান্ত হইয়া বেড়ায়। যে বাড়ীতে টাকা আছে জানে, অহরহ সেই বাড়ীতে মনুষ্যেরা যাতায়াত করিতে থাকে,—এমনই ভক্তি, কিছুতেই সে বাড়ীছাড়ে না—মারিলেও যায় না। যে এই দেবীর প্ররোহত, অথবা যাহার গ্রেই ইনি অধিষ্ঠান করেন, সেই বাজি মনুষ্যাধ্যে প্রধান হয়। অন্য মনুষ্যোরা সন্ধান্ত তাহার নিকট যুক্তকরে ন্তব স্থুতি করিতে থাকে। যদি মনুদ্রাদেবীর অধিকারী একবার তাহাদের প্রতি কটাক্ষ করে, তাহা হইলে তাহারা চরিতার্থ হয়েন।

দেবতাও বড় জার্মত। এমন কাজই নাই ষে, এই দেবীর অনুগ্রহে সম্পন্ন হয় না। প্থিবীতে এমন সামগ্রীই নাই যে, এই দেবীর বরে পাওয়া ষায় না। এমন দ্বুক্সম্বই নাই যে, এই দেবীর উপাসনায় সম্পন্ন হয় না। এমন দোষই নাই যে, ই'হার অনুকম্পায় ঢাকা পড়ে না। এমন গাুলই নাই যে, তাঁহার অনুগ্রহ ব্যতীত গাুল বিলয়া মন্য়্রসমাজে প্রতিপন্ন হইতে পারে; যাহার ঘরে ইনি নাই—তাহার আবার গাুল কি? যাহার ঘরে ইনি নিরজ করেন, তাহার আবার দোষ কি? মন্য়্রসমাজে মুদ্রামহাদেবীর অনুগাুহীত ব্যক্তিকেই ধার্ম্মিক বলে— মুদ্রাহীনতাকেই অধ্যাম্বলে। মুদ্রা থাকিলেই বিদ্বান্ হইল। মুদ্রা যাহার নাই, তাহার বিদ্যা থাকিলেও, মন্ম্রাশাস্থান্সারে সে মুর্খ বিলয়া গণ্য হয়। আমরা যদি "বড় বাঘ" বিল, তবে অমিতোদর, মহাদংশ্রা প্রভৃতি প্রকাশ্ডাকার মহাব্যান্ত্রগাকে ব্র্ঝাইবে। কিন্তু মন্ম্যালরে "বড় মান্ম" বিললে সের্শ অর্থ হয় না—আট হাত বা দশ হাত মান্ম্ব ব্র্ঝায় না, যাহার ঘরে এই দেবী বাস করেন, তাহাকেই "বড় মান্ম" বলে। যাহার ঘরে এই দেবী স্থাপিতা নহেন, সে পাঁচ হাত লম্বা হইলেও তাহাকে "ছোট লোক" বলে।

মনুদাদেবীর এইর্প নানাবিধ গ্রণগান প্রবণ করিয়া আমি প্রথমে সঞ্চলপ করিয়াছিলাম বে. মনুষ্যালয় হইতে ই'হাকে আনিয়া ব্যায়ালয়ে স্থাপন করিব। কিন্তু পশ্চাং যাহা শ্রনিলাম, তাহাতে বিরত হইলাম। শ্রনিলাম যে. মনুদ্রই মনুষ্যজাতির যত অনিডের ম্ল। ব্যায়াদি প্রধান পশ্বরা কথন স্বজাতির হিংসা করিয়া থাকে। মনুদ্রক্ষান সর্বাদা আত্মজাতির হিংসা করিয়া থাকে। মনুদ্রান্ত্রা হহার কারগ। মনুদ্রার লোভে, সকল মন্মেই পরস্পরের অনিষ্ট চেন্টায় রত। প্রথম বক্তায় বলিয়াছিলাম যে, মনুঘোরা সহস্রে সহস্রে প্রান্তরমধ্যে সমবেত হইয়া পরস্পরকে হনন করে। মনুদ্রই তাহার কারগ। মনুদ্রাদেবীর উত্তেজনায় সন্বর্দাই মনুষ্যেরা পরস্পর হত, আহত, পাঁড়িত, অবর্জ, অপমানিত, তিরস্কৃত করে। মনুষ্যলোকে বোধ হয়, এমত অনিষ্টই নাই যে, এই দেবীর অনুগ্রহপ্রেরিত নহে। ইহা আমি জানিতে পারিয়া, মনুদ্রাদেবীর উদ্দেশে প্রণাম করিয়া ভাঁহার প্র্জার অভিলাষ ত্যাগ্য করিলাম।

কিন্তু মন্ব্যেরা ইহা ব্বে না। প্রথম বক্তৃতাতেই বলিয়াছি যে, মন্ব্যেরা অত্যন্ত অপরিণাম-

দশ্রী—সর্ব্বদাই পরস্পরের অমঙ্গল চেণ্টা করে। অতএব তাহারা অবিরত র্পার চাকি ও তামার চাকি সংগ্রহের চেণ্টার কুমারের চাকের ন্যায় ঘ্রিরাা বেড়ার।

মন্ব্যাদিগের বিবাহতত্ত্ব যেমন কোতৃকাবহ, অন্যান্য বিষয়ও তদ্রপ। তবে, পাছে দীর্ঘ বক্তৃতা করিলে, আপনাদিগের বিষয়কন্মের সময় প্নর্পৃষ্ঠিত হয়, এই জন্য অদ্য এইথানে সমাধা করিলাম। ভবিষ্যতে যদি অবকাশ হয়, তবে অন্যান্য বিষয়ে কিছু বলিব।

এইর্পে বস্থৃতা সমাধা করিয়া পশ্ডিতবর ব্যাঘ্রাচার্য্য ব্হল্লাঙ্গরল, বিপর্ল লাঙ্গরলচট্চটারব-মধ্যে উপবেশন করিলেন। তখন দীর্ঘনখ নামে এক সর্গিক্ষিত যুবা ব্যাঘ্র গালোখান করিয়া, হাউ মাউ শব্দে বিতর্ক আরম্ভ করিলেন।

দীর্ঘনিখ মহাশয় গঙ্জনান্তে বলিলেন, "হে ভদ্র ব্যাঘ্রগণ! আমি অদ্য বক্তার সদ্বস্তৃতার জন্য তাঁহাকে ধন্যবাদ দিবার প্রস্তাব করি। কিন্তু ইহা বলাও কর্ত্তব্য যে, বক্তৃতাটি নিতান্ত মন্দ; মিথ্যাকথাপরিপূর্ণ, এবং বক্তা অতি গণ্ডমূর্খ।"

অমিতোদর। আপনি শাস্ত হউন। সভ্যজাতীয়েরা অত স্পষ্ট করিয়া গালি দেয় না। প্রচ্ছমভাবে আপনি আরও গ্রেহতর গালি দিতে পারেন।

দীর্ঘনিখ। যে আজ্ঞা। বক্তা অতি সতাবাদী, তিনি যাহা বলিলেন, তাহার মধ্যে অধিকাংশ কথা অপ্রকৃত হইলেও, দুই একটা সত্য কথা পাওয়া যায়। তিনি অতি সন্পশ্চিত ব্যক্তি। আনেকেই মনে করিতে পারেন যে, এই বক্ততার মধ্যে বক্তব্য কিছুই নাই। কিন্তু আমরা যাহা পাইলাম, তাহার জন্য কৃতজ্ঞ হওয়া উচিত। তবে বক্তৃতার সকল কথায় সম্মতি প্রকাশ করিতে পারি না। বিশেষ, আদৌ মন্ব্যমধ্যে বিবাহ কাহাকে বলে, বক্তা তাহাই অবগত নহেন। ব্যায়জাতির কুলরক্ষার্থ যদি কোন বাঘ কোন বাঘিনীকৈ আপন সহচরী করে (সহচরী, সঙ্গে চরে) তাহাকেই আমরা বিবাহ বলি। মান্বের বিবাহ সের্প নহে। মান্ব স্বভাবতঃ দুর্বল এবং প্রভুক্ত। স্ত্রাং প্রত্যেক মন্ব্যের এক একটি প্রভু চাহি। সকল মন্ব্যুই এক একজন স্থালোককে আপন প্রভু বিলয়া নিয্কু করে। ইহাকেই তাহারা বিবাহ বলে। যথন তাহারা কাহাকে সাক্ষী রাখিয়া প্রভু নিয়েল করে, তখন সে বিবাহকে পোরাহিত বিবাহ বলা যায়। সাক্ষীর নাম প্ররোহিত। বৃহল্লাঙ্গুল মহাশয় বিবাহমক্তের যে ব্যাখ্যা করিয়াছেন, তাহা অযথার্থ। সে মন্ত্র এইর্প;—

প্রোহিত। বল, আমাকে কি বিষয়ের সাক্ষী হইতে হইবে?

বর। সাক্ষী থাকুন, আমি এই স্ত্রীলোকটিকে জন্মের মত আমার প্রভূত্বে নিযুক্ত করিলাম। পুরো। আর কি?

বর । আর আমি জন্মের মত ই'হার শ্রীচরণের গোলাম হইলাম। আহার যোগানের ভার আমার উপর:—খাইবার ভার উ'হার উপর।

প্ররো। (কন্যার প্রতি) তুমি কি বল?

কন্যা। আমি ইচ্ছাক্রমে এই ভূতাটিকে গ্রহণ করিলাম। যত দিন ইচ্ছা হইবে, চরণসেবা করিতে দিব। যে দিন ইচ্ছা না হইবে, সে দিন নাতি মারিয়া তাডাইয়া দিব।

পুরো। শুভমস্ত।

এইর,প আরও অনেক ভূল আছে। যথা, মনুদাকে বক্তা মন্যাপ্জিত দেবতা বলিয়া বর্ণনা করিয়াছেন, কিন্তু বান্তবিক উহা দেবতা নহে। মনুদা একপ্রকার বিষচ্छ। মনুষোরা অত্যন্ত বিষপ্রিয়; এই জন্য সচরাচর মনুদাসংগ্রহজন্য যত্নবান্। মনুষাগণকে মনুদাভক্ত জানিয়া আমি প্রের্ব বিবেচনা করিয়াছিলাম যে, 'না জানি, মনুদা কেমনই উপাদেয় সামগ্রী; আমাকে একদিন খাইয়া দেখিতে হইবে।' একদা বিদ্যাধরী নদীর তীরে একটা মনুষাকে হত করিয়া ভোজন করিবার সময়ে, তাহার বন্দামধ্যে কয়েকটা মনুদা পাইলাম। পাইলামা উদরসাং করিলাম। পর-দিবস উদরের পীড়া উপাস্থত হইল। স্তরাং মনুদা যে এক প্রকার বিষ, তাহাতে সংশয় কি?

দীর্ঘ নথ এইর্পে বক্তৃতা সমাপন করিলে পর অন্যান্য ব্যাঘ্ন মহাশয়েরা উঠিয়া বক্তৃতা করিলেন। পরে সভাপতি অমিতোদর মহাশয় বলিতে লাগিলেন:—

"এক্ষণে রাত্রি অধিক হইয়াছে, বিষয়কন্মের সময় উপন্থিত। বিশেষ, হরিণের পাল কখন্
আইসে, তাহার স্থিরতা কি? অতএব দীর্ঘ বক্তৃতা করিয়া কালহরণ কর্ত্তব্য নহে। বক্তৃতা আতি
উত্তম হইয়াছে—এবং বৃহল্লাঙ্গলৈ মহাশয়ের নিকট আমরা বড় বাধিত হইলাম। এক কথা এই

विषक्य क्रानावली

বলিতে চাহি ষে, আপনারা দুই দিন ষে বক্তৃতা শুনিলেন, তাহাতে অবশা বৃথিয়া থাকিবেন ষে. মন্যু অতি অসভা পশ্। আমরা অতি সভা পশ্। সৃত্রাং আমাদের কর্ত্বা হইতেছে ষে, আমরা মন্যুগণকে আমাদের ন্যায় সভা করি। বােধ করি, মন্যুগিগকে সভা করিবার জনাই জ্লাদীশ্বর আমাদিগকে এই সৃন্দরবনভূমিতে প্রেরণ করিয়াছেন। বিশেষ, মান্যেরা সভা হইলে, তাহাদের মাংস আরও কিছু সুন্বাদৃ হইতে পারে, এবং তাহারাও আরও সহজে ধরা দিতে পারে। কেন না, সভা হইলেই তাহারা বৃথিতে পারিবে ষে, ব্যাঘ্রদিগের আহারার্থ শরীরদান করাই মন্যোর কর্ত্বা। এইর্প সভাতাই আমরা শিখাইতে চাই। অতএব আপনারা এ বিষয়ে মনোযোগী হউন। ব্যাঘ্রিগের কর্ত্বা যে, মন্যুগিগকে অগ্রে সভা করিয়া পশ্চাং ভোজন করেন।"

সভাপতি মহাশয় এইর পে বক্তৃতা সমাপন করিয়া লাঙ্গনেচট্চটারবমধ্যে উপবেশন করিলেন, তথন সভাপতিকে ধন্যবাদ প্রদানানস্তর ব্যাঘ্রদিগের মহাসভা ভঙ্গ হইল। তাঁহারা যে বথায় পারিলেন, বিষয়কন্মে প্রয়াণ করিলেন।

যে ভূমিখণেড সভার অধিষ্ঠান হইরাছিল, তাহার চারি পার্শ্বে কতকগর্নালন বড় বড় গাছ ছিল। কতকগর্নালন বানর তদ্বপরি আরোহণ করিয়া ব্ক্ষপগ্রমধ্যে প্রচ্ছন্ন থাকিয়া ব্যাদ্রদিগের বক্তৃতা শ্ননিতেছিল। ব্যাদ্রেরা সভাভূমি ত্যাগ করিয়া গেলে, একটি বানর মূখ বাহির করিয়া অন্যবানরকে ডাকিয়া কহিল, "বাল ভায়া, ডালে আছ?"

দ্বিতীয় বানর বলিল, "আজে, আছি।"

প্রথম বানর। আইস, আমরা এই ব্যাদ্রাদিগের বক্তৃতার সমালোচনায় প্রবৃত্ত হই।

দ্বি, বা। কেন?

প্র, বা। এই বাঘেরা আমাদিগের চিরশর্। আইস, কিছ্ব নিন্দা করিয়া শর্বা সাধা যাউক। দ্বি, বা। অবশ্য কর্ত্তব্য। কাজটা আমাদিগের জাতির উচিত বটে।

প্র, বা। আচ্ছা, তবে দেখ, বাঘেরা কেহ নিকটে নাই ত?

দ্বি, বা। না। তথাপি আপনি একট্ব প্রচ্ছন্ন থাকিয়া বল্বন।

প্র, বা। সেই কথাই ভাল! নইলে কি জানি, কোন্ দিন কোন্ বাঘের সম্মন্থে পড়িব, আর আমাকে ভোজন করিয়া ফেলিবে।

षि, वा। वन्ता कि पाय?

প্র, বা। প্রথম ব্যাকরণ অশক্ষ। আমরা বানরজ্ঞাতি, ব্যাকরণে বড় পশ্চিত। ইহাদের ব্যাকরণ আমাদের বাদ্ধরে ব্যাকরণের মত নহে।

দ্বি, বা। তার পর?

श्र, वा। ইহাদের ভাষা বড় মন্দ।

দ্বি, বা। হাঁ. উহারা বাঁদ্বরে কথা কয় না!

প্র, বা। ঐ যে অমিতোদর বলিল, 'ব্যাদ্রাদিগের কর্ত্তব্য, অগ্রে মনুষ্যাদিগকে সভ্য করিয়া পশ্চাৎ ভোজন করেন,' ইহা না বলিয়া যদি বলিত, 'অগ্রে মনুষ্যাদিগকে ভোজন করিয়া পশ্চাৎ সভ্য করেন,' তাহা হইলে সঙ্গত হইত।

ष्टि, वा। **अत्मर** कि-निश्ल आभारमत वानत विलय किन?

প্র, বা। কি প্রকারে বক্তৃতা হয়, তাহা উহারা জানে না। বক্তৃতায় কিছন কিচমিচ করিতে হয়, কিছন কম্প্রকাম্ফ করিতে হয়, দুই এক বার মূখ ভেঙ্গাইতে হয়, দুই এক বার কদলী ভোজন করিতে হয়; উহাদের কর্ত্তবা, আমাদের কাছে কিছন শিক্ষা লয়।

ছি, বা। আমাদিগের কাছে শিক্ষা পাইলে বানর হইত, বাান্ত হইত না।

এমত সময়ে আরো কয়েকটা বানর সাহস পাইয়া উঠিল। এক বানর বলিল, "আমার বিবেচনায় বক্তার মহন্দোষ এই ষে, বৃহল্লাঙ্গলে আপনার জ্ঞান ও বৃদ্ধির দ্বারা আবিষ্কৃত অনেক-গর্নলন নৃত্ন কথা বলিয়াছেন। সে সকল কথা কোন গ্রন্থেই পাওয়া যায় না। যাহা প্র্ব-লেখকদিগের চন্বিতচন্বাদ নহে, তাহা নিতান্ত দ্বা। আমরা বানর জাতি, চিরকাল চন্বিতচন্বাদ করিয়া বানরলোকের শ্রীবৃদ্ধি করিয়া আসিতেছি—ব্যাদ্রাচার্য্য যে তাহা করেন নাই ইহা মহাপাপ।"

তখন একটি রুপাী বানর বিলয়া উঠিল, "আমি এই সকল বক্তৃতার মধ্যে হাজার এক দোষ তালিকা করিয়া বাহির করিতে পারি। আমি হাজার এক স্থানে ব্রিকতে পারি নাই। যাহা আমার বিদ্যাব্যক্তির অতীত, তাহা মহাদোষ বই আর কি?" আর একটি বানর কহিল, "আমি বিশেষ কোন দোষ দেখাইতে পারি না। কিন্তু আমি বায়াম রকম মুখভঙ্গী করিতে পারি; এবং অশ্লীল গালিগালাজ দিয়া আপন সভাতা এবং রসিকতা প্রচার করিতে পারি।"

এইর্পে বানরেরা ব্যাদ্রণিলের নিন্দাবাদে প্রবৃত্ত রহিল। দেখিয়া এক স্থ্লোদর বানর বালল, "আমরা যের্প নিন্দাবাদ করিলাম, তাহাতে ব্হল্লাঙ্গ্রল বাসায় গিয়া মরিয়া থাকিবে। আইস, আমরা কদলী ভোজন করি।"

ইংরাজস্ভোত

(মহাভারত হইতে অনুবাদিত)

হে ইংরাজ! আমি তোমাকে প্রণাম করি। ১॥

তুমি নানাগ্রণে বিভূষিত, স্বন্দর কান্তিবিশিষ্ট, বহুল সম্পদ্যবৃত্ত; অতএব হে ইংরাজ! আমি তোমাকে প্রশাম করি। ২॥

তুমি হর্ত্তা—শান্দলের; তুমি কর্ত্তা—আইনাদির; তুমি বিধাতা—চার্কার প্রভৃতির। অতএব হে ইংরাজ! আমি তোমাকে প্রণাম করি।৩॥

তুমি সমরে দিব্যাস্ত্রধারী, শিকারে বল্লমধারী, বিচারাগারে অন্ধ ইণ্ডি পরিমিত ব্যাসবিশিষ্ট বেত্রধারী, আহারে কাঁটা-চাম চেধারী; অতএব হে ইংরাজ! আমি তোমাকে প্রণাম করি। ৪॥

তুমি একর্পে রাজপ্রী মধ্যে অধিষ্ঠান করিয়া রাজ্য কর; আর একর্পে পণ্যবীথিকা মধ্যে বাণিজ্য কর; আর একর্পে কাছাড়ে চার চাষ কর; অতএব হে গ্রিম্র্রে! আমি তোমাকে প্রণাম করি। ৫॥

তোমার সত্ত্রন্ণ তোমার প্রণীত গ্রন্থাদিতে প্রকাশ; তোমার রজোগন্থ তোমার কৃত ব্যুদ্ধাদিতে প্রকাশ; তোমার তমোগন্থ তোমার প্রণীত ভারতব্যীর সম্বাদপ্রাদিতে প্রকাশ া—অতএব হে গ্রিগন্থাত্বক! আমি তোমাকে প্রণাম করি।৬॥

তুমি আছ, এই জন্য তুমি সং! তোমার শত্রুরা রণক্ষেত্রে চিং; এবং তুমি উমেদারবর্গের আনন্দ; অতএব হে সচ্চিদানন্দ! তোমাকে আমি প্রণাম করি। ৭॥

তুমি ব্রহ্মা—কেন না. তুমি প্রজাপতি; তুমি বিস্ক্র্লুকেন না, কমলা তোমার প্রতিই কৃপা করেন; এবং তুমি মহেশ্বর—কেন না. তোমার গৃহিণী গৌরী। অতএব হে ইংরাজ! আমি তোমাকে প্রণাম করি। ৮॥

তুমি ইন্দ্র, কামান তোমার বজ্র; তুমি চন্দ্র, ইন্কম টেক্স তোমার কলব্দ; তুমি বায়, রেইলওয়ে তোমার গমন; তুমি বরন্ন, সমন্দ্র তোমার রাজ্য; অতএব হে ইংরাজ! আমি তোমাকে প্রশাম করি। ১॥

তুমিই দিবাকর, তোমার আলোকে আমাদের অজ্ঞানান্ধকার দ্বে হইতেছে; তুমিই অগ্নি—কেন না. সব খাও: তুমিই যম, বিশেষ আমলাবর্গের। ১০॥

তুমি বেদ. আর ঋক্যজনুসাদি মানি না; তুমি স্মৃত—মন্বাদি ভূলিয়া গিয়াছি; তুমি দর্শন— ন্যার, মীমাংসা প্রভৃতি তোমারই হাত। অতএব হে ইংরাজ! তোমাকে প্রণাম করি। ১১॥

হে শ্বেতকান্ত? তোমার অমল-ধবল দ্বিরদ-রদশ্র মহাশমশ্রশোভিত ম্বথমণ্ডল দেখিরা আমার বাসনা হইয়াছে, আমি তোমার শুব করিব; অতএব হে ইংরাজ! আমি তোমাকে প্রণাম করিব। ১২॥

তোমার হরিতকপিশ পিঙ্গললোহিত কৃষ্ণশ্রাদি নানা বর্ণশোভিত, অতিবন্ধরঞ্জিত, ভল্লক্-মেদমাজ্জিত কুন্তলাবলি দেখিয়া আমার বাসনা হইয়াছে, আমি তোমার স্তব করিব; অতএব হে ইংরাজ! আমি তোমাকে প্রদাম করি। ১৩॥

তুমি কলিকালে গৌরাঙ্গাবতার, তাহার সন্দেহ নাই। হ্যাট তোমার সেই গোপবেশের চুড়া; পেন্ট্রলন সেই ধড়া—আর হুইপ্ সেই মোহন মুরলী—অতএব হে গোপীবল্লভ! আমি তোমাকে প্রণাম করি। ১৪॥

হে বরদ! আমাকে বর দাও। আমি শাম্লা মাথার বাধিয়া তোমার পিছ্ পিছ্ বেড়াইব
—তুমি আমাকে চাকরি দাও। আমি তোমাকে প্রণাম করি। ১৫॥

ब्रठनावली

হে শন্ত জ্বর ! আমার শন্ত কর । আমি তোমার খোশামোদ করিব, তোমার প্রিয় কথা কহিব, তোমার মনরাখা কাজ করিব—আমায় বড় কর, আমি তোমাকে প্রণাম করি । ১৬ ॥

হে মানদ! আমায় টাইটল দাও, খেতাব দাও, খেলাত দাও;—আমাকে তোমার প্রসাদ দাও— আমি তোমাকে প্রদাম করি।১৭॥

হে ভক্তবংসল! আমি তোমার পাত্রাবশেষ ভোজন করিতে ইচ্ছা করি—তোমার করস্পর্শে লোকমণ্ডলে মহামানাস্পদ হইতে বাসনা করি,—তোমার স্বহস্তালিখিত দুই একখানা পত্র বাস্ত্র-মধ্যে রাখিবার স্পদ্ধা করি—অতএব হে ইংরাজ! তুমি আমার প্রতি প্রসন্ন হও; আমি তোমাকে প্রণাম করি। ১৮॥

হে অন্তর্যামন্! আমি যাহা কিছ্ম করি. তোমাকে ভুলাইবার জন্য। তুমি দাতা বলিবে বলিয়া আমি দান করি; তুমি পরোপকারী বলিবে বলিয়া আমি পরোপকার করি. তুমি বিদ্বান্ বলিবে বলিয়া আমি লেখাপড়া করি। অতএব হে ইংরাজ! তুমি আমার প্রতি প্রসম হও। আমি তোমাকে প্রণাম করি। ১৯॥

আমি তোমার ইচ্ছামতে ডিস্পেন্সরি করিব্; তোমার প্রীত্যথ স্কুল করিব; তোমার আজ্ঞামত

চাঁদা দিব: তুমি আমার প্রতি প্রসন্ন হও, আমি তোমাকে প্রণাম করি। ২০॥

হে সৌমা! যাহা তোমার অভিমত, তাহাই আমি করিব। আমি বৃট পাণ্টলুন পরিব, নাকে চস্মা দিব, কাঁটা চাম্চে ধরিব, টেবিলে খাইব—তুমি আমার প্রতি প্রসন্ন হও! আমি তোমাকে প্রণাম করি। ২১॥

হে মিণ্টভাষিন্! আমি মাতৃভাষা ত্যাগ করিয়া তোমার ভাষা কহিব; পৈতৃক ধন্ম ছাড়িয়া রাহ্মধন্মবিলন্বন করিব; বাব, নাম ঘুচাইয়া মিণ্টর লেখাইব; তুমি আমার প্রতি প্রসন্ন হও! আমি তোমাকে প্রণাম করি। ২২॥

হে স্ভেজক ! আমি ভাত ছাড়িয়াছি, পাঁউর্টি খাই; নিষিদ্ধ মাংস নহিলে আমার ভোজন হয় না; কুরুটে আমার জলপান। অতএব হে ইংরাজ ! আমাকে চরণে রাখিও, আমি তোমাকে প্রদাম করি।২৩॥

আমি বিধবার বিবাহ দিব; কুলীনের জাতি মারিব, জাতিভেদ উঠাইয়া দিব—কেন না, তাহা হইলে তুমি আমার সন্খ্যাতি করিবে। অতএব হে ইংরাজ! তুমি আমার প্রতি প্রসন্ন হও। ২৪॥

হে সর্ব্বদ! আমাকে ধন দাও, মান দাও, যশঃ দাও;—আমার সর্ব্বাসনা সিদ্ধ কর। আমাকে বড় চাকরি দাও, রাজা কর, রায়বাহাদ্র কর, কোন্সিলের মেম্বর কর, আমি তোমাকে প্রশাম করি। ২৫॥

র্যাদ তাহা না দাও, তবে আমাকে ডিনরে আট্হোমে নিমন্ত্রণ কর; বড় বড় কমিটির মেন্বর কর, সেনেটের মেন্বর কর, জনুন্দিস কর, অনরারী ম্যাজিন্টেট্ কর, আমি তোমাকে প্রণাম করি। ২৬ ॥

আমার স্পীচ্ শন্ন, আমার এশে পড়, আমায় বাহাবা দাও,—আমি তাহা হইলে সমগ্র হিন্দু,সমাজের নিন্দাও গ্রাহ্য করিব না। আমি তোমাকেই প্রণাম করি।২৭॥

হৈ ভগবন্! আমি অকিণ্ডন। আমি তোমার দ্বারে দাঁড়াইরা থাকি, তুমি আমাকে মনে রাখিও। আমি তোমাকে ডালি পাঠাইব, তুমি আমাকে মনে রাখিও। হে ইংরাজ! আমি তোমাকে কোটি কোটি প্রণাম করি।২৮॥

वाव्

জনমেজয় কহিলেন, হে মহর্ষে! আপনি কহিলেন যে, কলিযুকো বাবু নামে এক প্রকার মনুষ্যেরা পূথিবীতে আবিভূতি হইবেন। তাঁহারা কি প্রকার মনুষ্য হইবেন এবং পূথিবীতে জন্মগ্রহণ করিয়া কি কার্য্য করিবেন, তাহা শুনিতে বড় কোত্হল জন্মিতেছে। আপনি অনুগ্রহ করিয়া সবিস্তারে বর্ণন করুন।

বৈশন্পায়ন কহিলেন, হে নরবর! আমি সেই বিচিত্রবৃদ্ধি, আহারনিদ্রাকুশলী বাব্যগণকে আখ্যাত করিব, আপনি প্রবণ কর্ন। আমি সেই চস্মাঅলক্তত, উদরচরিত, বহুভাষী, সন্দেশ-প্রিয় বাব্যদিগের চরিত্র কীত্তিত করিতেছি. আপনি প্রবণ কর্ন। হে রাজন্, বাঁহারা

চিত্রবসনাব্ত, বেরহস্ত, রঞ্জিতকুন্তল, এবং মহাপাদ্ক, তাঁহারাই বাব্। যাঁহারা বাক্যে অজের, পরভাষাপারদশী, মাতৃভাষাবিরোধী, তাঁহারাই বাব্। মহারাজ ! এমন অনেক মহাব্দিসম্পন্ন বাব্ জিন্মবেন বে, তাঁহারা মাতৃভাষার বাক্যালাপে অসমর্থ হইবেন। যাঁহাদিগের দশেন্দ্রির প্রকৃতিন্তু, অতএব অপরিশক্ষ, যাঁহাদিগের কেবল রসনেন্দ্রির পরজাতিনিষ্ঠীবনে পবিত্র, তাঁহারাই বাব্। যাঁহাদিগের চরণ মাংসান্থিবিহীন শক্ষ লাডের ন্যায় হইলেও পলায়নে সক্ষম;—হস্ত দ্বর্খল হইলেও লেখনীধারণে এবং বেতনগ্রহণে স্পট্:—চম্ম কোমল হইলেও সাগরপার-নিম্মিত দ্রব্যবিশেষের প্রহারসহিষ্কু; যাঁহাদিগের ইন্দ্রিমাত্রেরই ঐর্প প্রশংসা করা যাইতে পারে, তাঁহারাই বাব্। যাঁহারা বিনা উদ্দেশ্যে সঞ্চয় করিবেন, সঞ্চয়ের জন্য উপাক্ষনে করিবেন, উপাক্ষন্দের জন্য বিদ্যাধ্যয়ন করিবেন, বিদ্যাধ্যয়নের জন্য প্রদান চুরি করিবেন, তাঁহারাই বাব্। মহারাজ ! বাব্ শব্দ নানার্থ হইবে। যাঁহারা কলিযুগে ভারতবর্ষের রাজ্যাভিষিক্ত হইরা,

মহারাজ! বাব্ শব্দ নানাথ হহবে। যাহারা কালখ্যে ভারতব্যে রাজ্যাভাষক্ত হহরা, ইংরাজ নামে খ্যাত হইবেন, তাঁহাদিগের নিকট "বাব্" অথে কেরালী বা বাজারসরকার ব্র্ঝাইবে। নির্ধনিদিগের নিকটে "বাব্" শব্দে অপেক্ষাকৃত ধনী ব্র্ঝাইবে। ভূত্যের নিকট "বাব্" অথে প্রভু ব্র্ঝাইবে। এ সকল হইতে পৃথক্, কেবল বাব্জশ্মনিব্রাভলাষী কতকগ্মলিন মন্যা জান্মবেন; কেবল তাঁহাদিগেরই গ্লাকীন্তনি করিতেছি। যিনি বিপরীতার্থ করিবেন, তাঁহার এই মহাভারত শ্রবণ নিষ্ফল হইবে। তিনি গোজান্ম গ্রহণ করিয়া বাব্দিগের ভক্ষ্য হইবেন।

হে নরাধিপ! বাব্রণ দিতীয় অগস্ত্যের ন্যায় সম্ব্রর্পী বর্ণকে শোষণ করিবেন, স্ফাটিক পাত্র ই'ছাদিগের গাল্ড্র। অগ্নি ই'ছাদিগের আজ্ঞাবহ হইবেন—"তামাকু" এবং "চুর্ট" নামক দ্ইটি অভিনব খাল্ডবকে আশ্রয় করিয়া রাত্রি দিন ই'ছাদিগের মুখে লাগিয়া থাকিবেন। ই'ছাদিগের বেমন মুখে অগ্নি, তেমান জঠরেও অগ্নি জর্বলিবেন। এবং রাত্রি তৃতীয় প্রহর পর্যান্ত ই'ছাদিগের রথস্থ যুগল প্রদীপে জর্বলিবেন। ই'ছাদিগের আলোচিত সঙ্গীতে এবং কাব্যেও অগ্নিদেব থাকিবেন। তথায় তিনি "মদন আগ্যুন" এবং "মনাগ্র্ন" রুপে পরিণত হইবেন। বার্বিলাসিনীদিগের মতে ই'ছাদিগের কপালেও অগ্নিদেব বিরাজ করিবেন। বায়ুকেই ই'ছারা ভক্ষণ করিবেন—ভদ্রতা করিয়া সেই দৃদ্ধর্শ কার্য্যের নাম রাখিবেন, "বায়ুকেনন"। চন্দ্র ই'ছাদের গ্রে এবং গ্রের বাহিরে নিত্য বিরাজমান থাকিবেন—কদাপি অবগ্রুণ্ঠনাবৃত। কেছ প্রথম রাত্রে কৃষ্ণক্ষের চন্দ্র, শেষ রাত্রে শ্রুক্পক্ষের চন্দ্র দেখিবেন, কেছ তদ্বিপ্রীত করিবেন। সুর্য্য ই'ছাদিগকে দেখিতে পাইবেন না। যম ই'ছাদিগকে ভূলিয়া থাকিবেন। কেবল অগ্নিনীকুমার-দিগকে ই'ছারা পূজা করিবেন। অগ্নিনীকুমারিদিগের মন্দিরের নাম হইবে "আস্তাবল"।

হে নরশ্রেষ্ঠ! যিনি কাব্যরসাদিতে বিশ্বত সঙ্গীতে দন্ধ কোকিলাহারী, যাঁহার পাশ্তিতা শৈশবাভান্ত গ্রন্থগত, যিনি আপনাকে অনস্তজ্ঞানী বিবেচনা করিবেন, তিনিই বাব,। যিনি কাব্যের কিছুই ব্যক্তিন না, অথচ কাব্যপাঠে এবং সমালোচনায় প্রবৃত্ত, যিনি বারযোষিতের চীংকার মাত্রকেই সঙ্গীত বিবেচনা করিবেন, যিনি আপনাকে অদ্রান্ত বলিয়া জানিবেন, তিনিই বাব,। যিনি রূপে কার্ত্তিকেয়ের কনিষ্ঠ, গুলে নিগুলৈ পদার্থ, কন্মে জড় ভরত, এবং বাক্যে সরস্বতী, তিনিই বাবু। যিনি উৎসবার্থ দুর্গাপ্তলা করিবেন, গ্রহিণীর অনুরোধে লক্ষ্মীপ্তলা করিবেন, উপ-গ্রহিণীর অনুরোধে সরস্বতীপূজা করিবেন, এবং পাঁটার লোভে গঙ্গাপূজা করিবেন, তিনিই वाद। याँदात गमन विकित तथ, गतन माधातन गुट्ट, भान माक्नातम, এवर आदात कमली मक्क, তিনিই বাবু। যিনি মহাদেবের তুল্য মাদকপ্রিয়, ব্রন্ধার তুল্য প্রজাসিস্কর, এবং বিষার তুল্য नीना-भर्दे, जिनिहे वात्। ह क्रेंब्रक्नज्यन ! विकृत मिर्ण এह वार्वामरात विराध मार्गा इटेर्ट्र । विकास नाम देशामत कका विवास महत्त्वा अवस्था अवस्था विकास स्थाप कि का स्थाप के स्थाप के स्थाप के स्थाप अनलभयाभारी श्रदेवन। विश्वत नार श्रेशिएशत् मण अवठात-यथा, क्रिताणी, भाषोत, तास्र, भूश्भूम्मी, जाउनात, जेकिन, शांकिम, जीममात, अन्यामभावभ्भामक व्यवर निष्करमा। विस्नृत नाार ই'হারা সকল অবতারেই অমিতবলপরাক্রম অস্কুরগণকে বধ করিবেন। কেরাণী অবতারে বধ্য অস্ত্রে দপ্তরী; মান্টার অবতারে বধ্য ছাত্র; ন্টেশ্যন মান্টার অবতারে বধ্য টিকেটহীন পথিক; ব্রাহ্মাবতারে বধ্য চালকলাপ্রত্যাশী পুরোহিত; মুংসুন্দী অবতারে বধ্য বণিক্ ইংরাজ; ডাক্তার অবতারে বধ্য রোগী: উকিল অবতারে বধ্য মোয়াক্কল: হাকিম অবতারে বধ্য বিচারাথী: জমিদার অবতারে বধ্য প্রজা: সম্পাদক অবতারে বধ্য ভদ্রলোক এবং নিষ্কর্ম্মাবতারে বধ্য পুরুর্বারণীর भश्मा।

ब्रह्मावली

মহারাজ! প্নুন্দ প্রবণ কর্ন। যাঁহার বাক্য মনোমধ্যে এক, কথনে দশ, লিখনে শত এবং কলহে সহস্র, তিনিই বাব্। যাঁহার বল হস্তে একগ্ন্ণ, মুখে দশগ্ন্ণ, প্রেড শতগ্ন্ণ এবং কার্যা-কালে অদ্শ্য, তিনিই বাব্। যাঁহার ব্লিষ্ক বাল্যে প্র্কুক্মধ্যে, যোবনে বোতলমধ্যে, বার্দ্ধক্যে গ্রিহণীর অঞ্জলে, তিনিই বাব্। যাঁহার ইণ্টদেবতা ইংরাজ, গ্রুর্ ব্লাহ্মধ্যবিত্তা, বেদ দেশী সম্বাদপত্র এবং তীর্থ "ন্যাশানল থিয়েটার", তিনিই বাব্। যিনি মিসনরির নিকট প্রীষ্টিয়ান, কেশবচন্দ্রের নিকট রাহ্ম, পিতার নিকট হিন্দ্র, এবং ভিক্ষ্ক ব্লাহ্মণের নিকট নান্তিক, তিনিই বাব্। যিনি নিজগ্রহে জল খান, বন্ধ্যারেই মদ খান, বেশ্যাগ্রহে গালি খান, এবং ম্নিব সাহেবের গ্রেহ গলাধাক্কা খান, তিনিই বাব্। যাঁহার ন্নানকালে তৈলে ঘ্ণা, আহারকালে আপন অঙ্গ্রালকে ঘ্ণা এবং কথোপকথনকালে মাতৃভাষাকে ঘ্ণা, তিনিই বাব্। যাঁহার ব্ল কেবল পরিচ্ছদে, তৎপরতা কেবল উমেদারিতে, ভক্তি কেবল গ্রিহণী বা উপগ্রহণীতে, এবং রাগ কেবল সদ্গ্রন্থের উপর, নিঃসন্দেহ তিনিই বাব্।

হে নরনাথ! আমি যাঁহাদিগের কথা বলিলাম, তাঁহাদিগের মনে মনে বিশ্বাস জন্মিবে যে, আমরা তান্ব,ল চবর্বণ করিয়া উপাধান অব্লম্বন করিয়া দ্বৈভাষিকী কথা কহিয়া, এবং তামাকু সেবন করিয়া ভারতবর্ষের প্রনর,দ্ধার করিব।

জনমেজয় কহিলেন, হে মর্নিপক্লব! বার্নিদগের জয় হউক, আপনি অন্য প্রসঙ্গ কর্ন।

গদ্দ ভ

হে গন্দভ। আমার প্রদত্ত, এই নবীন তৃণ সকল ভোজন কর্ন। ১।

আমি বহুষয়ে, গোবংসাদির অগম্য প্রান্তর সকল হইতে নবজলকণানিষেকস্বাভি তৃণাগ্রভাগ সকল আহরণ করিয়া আনিয়াছি, আপনি স্কর বদনমন্ডলে গ্রহণ করিয়া, মৃক্তানিন্দিত দন্তে ছেদনপ্র্বক আমার প্রতি কুপাবান্ হউন।

হে মহাভাগ! আপনার পূজা করিব ইচ্ছা হইয়াছে; কেন না, আপনাকেই সর্বান্ত দেখিতে পাই। অতএব হে বিশ্বব্যাপিন্! আমার পূজা গ্রহণ কর্ন।

আমি প্জা ব্যক্তির অন্সন্ধানে প্রবৃত্ত হইয়া, নানা দেশে নানা স্থানে পরিভ্রমণ করিয়া দেখিলাম, আপনি সর্ব্বেই বাসিয়া আছেন, সকলেই আপনার প্জা করিতেছে। অতএব হে দীর্ঘকর্ণ! আমারও প্জা গ্রহণ কর্ন।

হে গর্ম্প ভ! কে বলৈ তোমার পদগ্যনি ক্ষন্ত। যেখানে সেখানে তোমারই বড় পদ দেখিয়া থাকি। তুমি উচ্চাসনে বাসিয়া স্তাবকগণে পরিবৃত হইয়া, মোটা মোটা ঘাসের আঁটি খাইয়া থাক। লোকে তোমার শ্রবণেন্দ্রিয়ের প্রশংসা করে।

তুমিই বিচারাসনে উপবেশন করিয়া, মহাকর্ণদ্বয় ইতস্ততঃ সণ্ডালন করিতেছ। তাহার অগাধ গহরুর দেখিতে পাইয়া, উকীল নামক কবিগণ নানাবিধ কাব্যরস তন্মধ্যে ঢালিয়া দিতেছে। তথন তুমি শ্রবণত্তিস্বথে অভিভূত হইয়া নিদ্রা গিয়া থাক।

হে বৃহন্দ্র-ড! তথন সেই কাব্যরসে আর্ট্র ভিত হইয়া, তুমি দয়াময় হইয়া, অসীম দয়ার প্রভাবে রামের সম্বন্ধি শ্যামকে দাও, শ্যামের সম্বন্ধি কানাইকে দাও; তোমার দয়ার পার নাই।

হে রজকগ্রভ্ষণ ! কখনও দেখিয়াছি, তুমি লাঙ্গুল সঙ্গোপনপ্তের্বক কাণ্ঠাসনে উপবেশন করিয়া, সরস্বতীমশ্ডপমধ্যে বঙ্গীয় বালকগণকে গর্ম্পভলোক প্রাপ্তির উপায় বালিয়া দিতেছ। বালকেরা গর্ম্পভলোকে প্রবেশ করিলে, "প্রবেশিকায় উত্তীর্ণ হইল" বালিয়া, মহা গর্ম্জন করিয়া থাক। শানিয়া আমরা ভয় পাই।

হে প্রকান্ডোদর! তুমিই চতুম্পাঠীমধ্যে কুশাসনে উপবেশন করিয়া তৈলানিষিক্ত ললাটপ্রান্তরে চন্দনে নদী অভ্যিত করিয়া, তুলটহস্তে শোভা পাও। তোমার কৃত শাস্ত্রের র্যাখ্যা শর্নিয়া আমরা ধন্য করিতেছি। অতএব হে মহাপশো! আমার প্রদত্ত কোমল তুলাভকুর ভোজন কর।

তোমারই প্রতি লক্ষ্মীর কৃপা—তুমি নহিলে আর কাহারও প্রতি কমলার দরা হয় না। তিনি তোমাকে কখনও ত্যাগ করেন না, কিন্তু তাঁহাকে ব্দিমর গ্লে সর্ব্বদাই ত্যাগ করিয়া থাক। এই জনাই লক্ষ্মীর চাণ্ডলা কলব্দ। অতএব হে স্প্রেছ! তুল ভোজন কর।

তুমিই গায়ক। ষড়জ্, ঋষভ, গান্ধার প্রভৃতি সপ্ত স্কুরই তোমার কণ্ঠে। অন্যে বহুকাল তোমার অনুক্রণ করিয়া, দীর্ঘ শমশ্র রাখিয়া, অনেক প্রকার কাশি অভ্যাস করিয়া, তোমার মত স্বর পাইয়া থাকে। হে ভৈরবকণ্ঠ! ঘাস খাও।

তুমি বহুকাল হইতে পৃথিবীতলে বিচরণ করিতেছ। তুমিই রামায়ণে রাজা দশরথ, নহিলে রাম বনে যাইবে কেন? তুমি মহাভারতে পাণ্ডুপুত্র যুখিষ্ঠির, নহিলে পাণ্ডব পাশায় স্ত্রী হারিবে কেন? তুমি কলিযুগে বঙ্গদেশে বৃদ্ধ সেনরাজা ছিলে,—নহিলে বঙ্গদেশে মুসলমান কেন?

তুমি নানা র,পে, নানা দেশ আলো করিয়া য,গে য,গে প্রতিষ্ঠিত হইয়াছ। এক্ষণে তপস্যাবলে, ব্রহ্মার বরে, তুমি বঙ্গদেশে সমালোচক হইয়া অবতীর্ণ হইয়াছ। হে লোমশাবতার! আমার সমাহত কোমল নবীন তৃণাঙ্কুর সকল ভক্ষণ কর, আমি আহ্যাদিত হইব।

হে মহাপৃষ্ঠ! তুমি কখন রাজ্যের ভার বহ. কখন প্রস্তুকের ভার বহ, কখন ধোবার গাঁচরি বহ। হে লোমশ! কোন্টি গুরুবুভার, আমায় বলিয়া দাও।

তুমি কখন ঘাস খাও, কখন ঠেঙ্গা খাও; কখন গ্রন্থকারের মাথা খাও; হে লোমশ! কোন্টি সূভক্ষা, অর্থ্বাচীনকে বালিয়া দাও।

হে স্কুলর! তোমার রুপ দেখিয়া আমি মোহিত হইয়াছি। তুমি যখন গাছতলার দাঁড়াইয়া. নববর্ষাসার্রাসক্ত হইতে থাক, দুই মহাকর্ণ উদ্ধেন্থিত করিয়া মুখচন্দ্র বিনত করিয়া চক্ষ্ক দুটি ক্ষণে মুদ্রিত, ক্ষণে উন্মোষত করিতে করিতে ভিজিতে থাক,—তোমার প্রতে, মুন্ডে এবং স্কন্ধে বস্ধারা বহিতে থাকে—তখন তোমাকে আমি বড় স্কুলর দেখি। হে লোকমনোমোহন! কিছ্ম্ ঘাস খাও।

বিধাতা তোমায় তেজ দেন নাই, এজন্য তুমি শান্ত, বেগ দেন নাই, এজন্য সু্ধীর, বৃদ্ধি দেন নাই, এজন্য তুমি বিদ্বান্; এবং মোট না বহিলে খাইতে পাও না, এজন্য তুমি পরোপকারী। আমি তোমার যশোগান করিতেছি; ঘাস খাইয়া সুখী কর।

দাম্পত্য দণ্ডবিধির আইন

আমরা স্বীজাতি, নিরীই ভালমান্ম বলিয়া আজি কালি আমাদিগের উপর বড় অত্যাচার হইতেছে। প্রুবের এক্ষণে বড় স্পর্দা হইয়াছে, ভর্তুগণ স্বীকে আর মানে না, স্বীলোকদিগের প্রাতন স্বত্ব লুপ্ত হইতেছে, কেহই আর স্বীর আজ্ঞার বশবন্তী নহে। এই সকল বিষয়ের স্নির্ম করিবার জন্য আমরা স্বীস্বত্বরিক্ষণী সভা সংস্থাপিত করিয়াছি। সে সভার পরিচয় যদি সাধারণে সবিশেষ অবগত না থাকেন, তবে তাহার বিজ্ঞাপনী পশ্চাৎ প্রকাশ করিব। এক্ষণে বক্তব্য এই যে, আমাদিগের স্বত্বরক্ষার্থ সভা হইতে একটি বিশেষ সদ্পায় হইয়াছে। আমরা এ বিষয়ে ভারতব্যীয়ে গ্রগমিনেট আবেদনপত্র প্রেরণ করিয়াছি। এবং তংসমভিব্যাহারে ভর্তৃ-শাসনার্থ একটি দাম্পত্য দম্ভবিধির আইনের পাশ্ডলিপি প্রেরণ করিয়াছি।

সকলের দ্বন্ধ রক্ষার্থ যেখানে প্রতাহ আইনের সৃষ্টি ইইতেছে, সেখানে আমাদিগের চিরন্তন দ্বন্ধ রক্ষার্থ কোন আইন হয় না কেন? অতএব এই আইন সম্বরে পাস হইবে, এই কামনায় দ্বামিগণকে অবগত করিবার জন্য আমি তাহা বঙ্গদর্শনে প্রচার করিলাম। অনেক বাব্বলাক বাঙ্গালাতে আইন ভাল ব্রিকতে পারেন না, বিশেষতঃ আইনের বাঙ্গালা অনুবাদ সচরাচর ভাল হয় না, এবং আইন আদৌ ইংরাজিতেই প্রণীত হইয়াছিল, এবং ইহার বাঙ্গালা অনুবাদটি ভাল হয় নাই, স্থানে স্থানে ইংরাজির সঙ্গে ইহার প্রভেদ আছে, অতএব আমরা ইংরাজি বাঙ্গালা দুই পাঠালাম। ভরসা করি, বঙ্গদর্শনকারক একবার আমাদিগের অনুরোধে ইংরাজির প্রতি বিরাগ ত্যাগ করিয়া ইংরাজিসমেত এই আইন প্রচার করিবেন। সকলেই দেখিবেন যে, এই আইনিটিতে নতন কিছু নাই: সাবেক Lex non scripta কেবল লিপিবদ্ধ হইয়াছে মাত্র।

শ্রীমতী অন্তস্কেরী দাসী, স্মীস্বত্রকিশী সভার সম্পাদিকা।

THE MATRIMONIAL PENAL CODE

CHAPTER I.

INTRODUCTION.

Whereas it is expedient to provide a special Penal Code for the coercion of refractory husbands and others who dispute the supreme authority of Woman, it is hereby enacted as follows:

1. This Act shall be entitled the "Matrimonial Penal Code" and shall take effect on all natives of India in the married state.

CHAPTER II.

DEFINITIONS.

2. A husband is a piece of moving and moveable property at the absolute disposal of a woman.

ILLUSTRATIONS.

- (a) A trunk or a workbox is not a husband, as it is not a moving, though a moveable piece of property.
- (b) Cattle are not husbands, for though capable of locomotion, they cannot be at the absolute disposal of any woman, as they often display a will of their own.
- (c) Men in the married state, having no will of their own, are husbands.
 - 3. A wife is a woman having the right of property in a husband.

EXPLANATIONS.

The right of property includes the right of flagellation.

4. "The married state" is a state of penance into which men voluntarily enter for sins committed in a previous life.

দাম্পত্য দশ্ভবিধির আইন

প্রথম অধ্যায়

স্ফ্রীদিগের অবাধ্য স্বামী প্রভৃতির স্থাসনের জন্য এক বিশেষ আইন করা উচিত, এই কারণ নিন্দে লিখিতমত আইন করা গোল।

১ ধারা। এই আইন "দাম্পত্য দন্ডবিধির আইন" নামে খ্যাত হইবে। ভারতবর্ষীয় যে কোন দেশী বিবাহিত পুরুষের উপর ইহার বিধান খাটিবে।

দ্বিতীয় অধ্যায়

সাধারণ ব্যাখ্যা

২ ধারা। কোন স্থালোকের সম্পূর্ণ অধীন যে সচল অস্থাবর সম্পত্তি, তাহাকে স্বামী বলা যায়।

উদাহরণ

- (ক) বাক্স তোরঙ্গ প্রভৃতিকে স্বামী বলা যায় না, কেন না, যদিও সে সকল অস্থাবর সম্পত্তি বটে, তথাপি সচল নহে।
- (খ) গোর বাছরও স্বামী নহে. কেন না, যদিও গোর বাছরে সচল বটে, কিন্তু তাহাদের একটা স্বেচ্ছামতে কার্য্য করিবার ক্ষমতা আছে। সত্তরাং তাহারা কোন স্বীলোকের সম্পূর্ণ অধীনে নহে।
- (গ) বিবাহিত প্রেষেরাই স্বেচ্ছাধীন কোন কার্য্য করিতে পারেন না, এজন্য গোর্ বাছারকে স্বামী না বলিয়া তাঁহাদিগকেই স্বামী বলা যাইতে পারে।
- ত ধারা। যে স্বামীর উপর যে স্বীলোকের সম্পত্তি বলিয়া স্বত্ব আছে, সেই স্বীলোক সেই স্বামীর পত্নী বা স্বা।

অর্থের কথা

সম্পত্তি বলিয়া যাহার উপর স্বত্বাধিকার থাকে, তাহাকে মারপিট করিবারও স্বত্বাধিকার থাকিবে।

8 थाता। প्र्विक्म्यकृष्ठ भाभित क्रना भूत्र त्यत्र श्रार्शिम्फर्जिवत्मयत्क विवाद वत्न।

CHAPTER III.

OF PUNISHMENT.

5. The punishments to which offenders are liable under the provisions of the Code are:

FIRST, IMPRISONMENT.

Which may be either within the four walls of a bed-room, or within the four walls of a house.

Imprisonment is of two descriptions, namely,

- (1) Rigorous, that is, accompanied by hard words.
- (2) Simple

SECONDLY, Transportation, that is to another bed-room.

THIRDLY, Matrimonial servitude.

FOURTHLY, Forfeiture of Pocket-money.

- 6. "Capital punishment" under this Code, means that the wife shall run away to her paternal roof, or to some other friendly house, with the intention of not returning in a hurry.
 - 7. The following punishments are also provided for minor offences. First, Contemptuous silence on the part of the wife.

SECONDLY, Frowns.

THIRDLY, Tears and lamentation.

FOURTHLY, Scolding and abuse.

CHAPTER IV.

GENERAL EXCEPTIONS.

- 8. Nothing is an offence which is done by a wife.
- 9. Nothing is an offence which is done by a husband in obedience to the commands of a wife.
- 10. No person in the married state shall be entitled to plead any other circumstances as grounds of exemption from the provisions of the Matrimonial Penal Code.

তৃতীয় অধ্যায়

দশ্ভের কথা

৫ ধারা। এই আইনের বিধানমতে অপরাধীদিগের নিশ্নলিখিত দশ্ড হইতে পারে। প্রথম। কয়েদ।

অর্থাৎ শয্যাগ্রের চারি ভিত্তির মধ্যে কয়েদ, অথবা বাটীর চারি ভিত্তির মধ্যে কয়েদ। কয়েদ দুই প্রকার

(১) কঠিন তিরস্কারের সহিত।

(২) বিনা তিরস্কার।

দ্বিতীয়। শয্যান্তর প্রেরণ বা শয্যাগৃহান্তর প্রেরণ।

ততীয়। পত্নীর দাসত্ব।

চতুর্থ। সম্পত্তিদন্ড, অর্থাৎ নিজখরচের টাকা বন্ধ।

৬ ধারা। এই আইনে "প্রাণদন্ড" অর্থে ব্রুঝাইবে যে, দ্বী বাপের বাড়ী, কি ভাইয়ের বাড়ী চলিয়া যাইবেন, দীঘ্র আসিতে চাহিবেন না।

৭ ধারা। ক্ষুদ্র অপরাধের জন্য নিম্নলিখিত দণ্ড হইতে পারে।

প্রথম। মান।

দ্বিতীয়। দ্রুকটী।

তৃতীয়। অশ্রবর্ষণ বা উচ্চৈঃস্বরে রোদন।

চতুর্থ। গালি তিরস্কার।

চতুর্থ অধ্যায়

সাধারণ বজ্জিত কথা

৮ ধারা। স্ত্রীকৃত কোন ক্রিয়া অপরাধ বলিয়া গণ্য হইবে না।

৯ ধারা। স্থার আজ্ঞান,সারে স্থামিকৃত কোন ক্রিয়া অপরাধ বলিয়া গণ্য হইবে না। ১০ ধারা। ইহা ভিন্ন অন্য কোন প্রকার ওজর করিয়া কোন বিবাহিত প্রবৃষ বলিতে পারিবেন না যে, আমি দাম্পতা দম্ভবিধির আইনান,সারে দম্ভনীয় নই।

১৬

CHAPTER V.

OF ABETMENT.

1. A person abets the doing of a matrimonial offence who

First, Instigates, persuades, induces, or encourages a husband to commit that offence.

SECONDLY, Joins him in the commission of that offence, or keeps him company during its commission.

EXPLANATIONS.

A man not in the married state or even a woman, may be an abettor.

ILLUSTRATIONS.

(a) A the husband of B, and C, an unmarried man, drink together. Drinking is a matrimonial offence. C has abetted A.

(b) A the mother of B, the husband of C, persuades B to spend money in other ways than those which C approves.

As spending money in such ways is a matrimonial offence, A has abetted B.

12. When a man in the married state abets another man in the married state in a matrimonial offence, the abettor is liable to the same punishment as the principal. Provided that he can be so punished only by a competent court.

EXPLANATION.

A competent court means the wife having right of property in the offending husband.

13. Abettors who are females or male offenders not in the married state are liable to be punished only with scolding, abuse, frowns, tears and lamentations.

পশুম অধ্যায় অপরাধের সহায়তার বিধি

১১ ধারা। যে কোন ব্যক্তি—

প্রথম। অন্য ব্যক্তিকে কোন দাম্পত্য অপরাধ করিতে প্রবৃত্তি দের বা উৎসাহিত বা উদাহক করে.

দ্বিতীয়। বা তৎসঙ্গে সেই অপরাধে লিপ্ত হয় বা সেই অপরাধ করার সময়ে তাহার সঙ্গে থাকে.

তবে বলা যায় যে, ঐ অপরাধের সহায়তা করিয়াছে।

অর্থের কথা

অবিবাহিত পুরুষ বা কোন স্ত্রীলোকও দাম্পত্য অপরাধের সহায়তা করিতে পারে।

উদাহরণ

(ক) রাম, কামিনীর স্বামী। যদ্ব অবিবাহিত প্রেষ্থ। উভয়ে একত্রে মদ্যপান করিল। মদ্যপান একটি দাম্পত্য অপরাধ। যদ্ব, রামের সহায়তা করিয়াছে।

(খ) হরমণি, রামের মা। রাম কামিনীর স্বামী। কামিনী ষের্পে টাকা খরচ করিতে বলে, সের্পে খরচ না করিয়া, রাম হরমণির পরামর্শে অন্য প্রকার খরচ করিল। স্ত্রীর অনভিমতে খরচ করা একটি দাম্পত্য অপরাধ। হরমণি তাহার সহায়তা করিয়াছে।

১২ ধারা। যদি কোন বিবাহিত প্রেষ্ কোন দাম্পত্য অপরাধে অন্য বিবাহিত প্রেষ্কের সহায়তা করে, তবে সে আসল অপরাধীর সঙ্গে সমান দম্ভনীয়। কিন্তু তাহার দম্ভ উপযুক্ত আদালত নহিলে হইবে না।

অর্থের কথা

ঐ ব্যক্তি যে স্থার সম্পত্তি, সেই স্থাকেই উপযুক্ত আদালত বলা যায়।

১৩ ধারা। স্থালোক বা অবিবাহিত প্রের দাশপতা অপরাধের সহায়তা করিলে, তিরস্কার, শ্রুকুটী, এবং অশ্রবর্ষণ ও রোদনের দ্বারা দশ্ডনীয় মাত্র।

CHAPTER VI.

OF OFFENCES AGAINST THE STATE.

14. "The State" shall in this Code mean the married state only.

15. Whoever wages war against his wife on attempts to wage such war or abets the waging of such war shall be punished capitally, that is by separation, or by transportation to another bed-room and shall forfeit all his pocket-money.

- 16. Whoever induces friends or gains over children to side with him or otherwise prepares to wage war with the intention of waging war against the wife shall be punished by transportation to another bed-room and shall also be liable to be punished with scolding and with tears and lamentations.
- 17. Whoever shall render allegiance to any woman other than his wife shall be guilty of incontinence.

EXPLANATION.

(1) To show the slightest kindness to a young woman who is not the wife, is to render such young woman allegiance.

ILLUSTRATIONS.

A is the husband of B, and C is a young woman. A likes C's baby because he is a nice child and gives him buns to eat. A has rendered allegiance to C.

EXPLANATION.

(2) Wives shall be entitled to imagine offences under this section, and no husband shall be entitled to be acquitted on the ground that he has not committed the offence.

The simple accusation shall always be held to be conclusive proof of the offence.

EXPLANATION.

- (3) The right of imagining offences under this section shall be held to belong in general to old wives, and to women with old and ugly husbands; and a young wife shall not be entitled to assume the right unless she can prove that she has a particularly cross temper, or was brought up a spoilt child or is herself supremely ugly.
- 18. Whoever is guilty of incontinence shall be liable to all the punishments mentioned in this Code and to other punishments not mentioned in the Code.

बर्फ अक्षाय

স্থী-বিল্লোহিতার অপরাধ

১৪ ধারা। (অনুবাদক অক্ষম)

১৫ ধারা। যে কেহ স্থার সঙ্গে বিবাদ করে, কি বিবাদ করিতে উদ্যোগ করে, কি বিবাদ করায় সহায়তা করে, তাহার প্রাণদন্ড হইবে (অর্থাৎ স্থা তাহাকে ত্যাগ করিবেন) বা শ্যাগৃহ পৃথক হইবে এবং তাহার খরচের টাকা জব্দ হইবে।

১৬ ধারা। বে কেই বন্ধকোকে ম্রবিব ধরিয়া বা সন্তানদিগকে বশীভূত করিয়া বা অন্য প্রকারে স্থান্ত সহিত বিবাদ করিবার অভিপ্রায়ে বিবাদের উদ্যোগ করে, সে শ্যাগ্হান্তরে প্রেরিত হইবে. এবং তিরুক্সার, অপ্রবর্ষ এবং রোদনের দ্বারা দশ্ডনীয় হইবে।

১৭ ধারা। যে কৈহ আপন স্থাী ভিন্ন অন্য স্থালোকের প্রতি আসন্ত, তাহার অপরাধের নাম লাম্পটা।

खदर्थन कथा

প্রথম। দ্বী ভিন্ন অন্য কোন ধ্বতী দ্বীলোকের প্রতি কিছ্মান্ত দরা বা আনুক্লা করিলেই লাম্পট্য গণ্য হইবে।

উদাহ ৰূপ

রাম কামিনীর স্বামী। বামা অন্য এক ব্বতী। বামার শিশ্ব সন্তানটি দেখিতে স্ক্রের বিলয়া রাম তাহাকে আদর করে বা তাহার হাতে মিঠাই দেয়। রাম বামার প্রতি আসক্ত।

অর্থের কথা

দ্বিতীয়। স্বামীদিগকে নিষ্কারণে এ অপরাধে অপরাধী বিবেচনা করা, স্ফ্রীলোকদিগের অধিকার রহিল। আমি এ অপরাধ করি নাই বলিয়া কোন স্বামী খালাস পাইতে পারিবে না। "অপরাধ করিয়াছে" বলিলেই এ অপরাধ সপ্রমাণ হইয়াছে বিবেচনা করিতে হইবে।

অর্থের কথা

তৃতীয়। নিম্কারণে স্বামিগণকে এ অপরাধে অপরাধী বিবেচনা করিবার অধিকার, প্রাচীনা দ্বীদিগের পক্ষে বিশেষরূপে বার্ত্তবে, অথবা ষাহাদিগের স্বামী কুংসিত বা প্রাচীন, তাহাদিগের পক্ষে বার্ত্তবে। যদি কোন যুবতী দ্বী এ অধিকার চাহেন, তবে তাঁহাকে অগ্রে প্রমাণ করিতে হইবে যে, তিনি নিজে বদমেজাজি বা আদুরে মেয়ে বা তিনি নিজে কদাকার।

১৮ ধারা। যে কেহ লম্পট হইবে, সে এই আইনের লিখিত সকল প্রকার দশ্ভের দ্বারা দশ্ভনীয় হইবে এবং তাহার অন্য দশ্ভও হইতে পারিবে।

CHAPTER VII.

OF OFFENCES RELATING TO THE ARMY AND NAVY.

- 19. The army and navy shall in this Code mean the sons and the daughters and daughters-in-law.
- 20. Whoever abets the committing of mutiny by a son or a daughter or a daughter-in-law shall be liable to be punished by scolding and tears and lamentations.

CHAPTER VIII.

OF OFFENCES AGAINST THE DOMESTIC TRANQUILLITY.

21. An assembly of two or more husbands is designated an unlawful assembly if the common object of such husbands is,

First, To drink as defined below or to gamble or to commit any other matrimonial offence,

SECONDLY, To overawe by show of authority their wives from the exercise of the lawful authority of such wives,

THIRDLY. To resist the execution of a wife's order.

22. Whoever is a member of an unlawful assembly shall be punished by imprisonment with hard words and shall also be liable to contemptuous silence or to scolding.

OF DRINKING WINE AND SPIRITS.

- 23. Any liquid kept in a bottle and taken in a glass vessel is wine and spirits.
- 24. Whoever has in his possession wine and spirits as above defined is said to drink.

EXPLANATION.

He is said to drink even though he never touches the liquid himself. 25. Whoever is guilty of drinking shall be punished with imprisonment of either description within the four walls of a bed-room during the evening hours and shall also be liable to scolding.

সপ্তম অধ্যায়

পল্টন এবং নাবিকসেনা সম্বন্ধীয় অপরাধ

১৯ ধারা। এ আইনে পল্টন অর্থে ছেলের দল। নাবিকসেনা ঝি বউ। ২০ ধারা। যে দ্বামী, প্র বা কন্যা বা বধ্কর্ত্ব গ্রিণীর প্রতি বিদ্রোহিতার সহায়তা করিবে, সে তিরুক্কার ও রোদনের দ্বারা দশ্ডনীয় হইবে।

অক্তম অধ্যায়

গ্রমধ্যে শান্তি ভঞ্জনের অপরাধ

২১ ধারা। দুই, কি তাহার অধিক বিবাহিত ব্যক্তির জনতা হইলে যদি জনতাকারীদের নিন্দের লিখিত কোন অভিপ্রায় থাকে, তবে "বে আইন জনতা" বলা যায়।

প্রথম। যদি মদ্যপান করা, কি অন্য প্রকার দাম্পত্য অপরাধ করিবার অভিপ্রায় থাকে, দ্বিতীয়। যদি আস্ফালন দ্বারা পত্নীদিগকে আইন মত ক্ষমতা প্রকাশ করণে নিবৃত্ত করার দ্বন্য ভয় প্রদর্শন করার অভিপ্রায় থাকে.

তৃতীয়। বদি কোন স্থার আজ্ঞামত কম্মের প্রতিবন্ধক হইবার অভিপ্রায় থাকে। ২২ ধারা। যে কেহ "বে আইন জনতার ব্যক্তি" হয়, সে কঠিন তিরস্কারের সহিত কয়েদ হইবে, অথবা মান অথবা তিরস্কারের সহিত দণ্ডনীয় হইবে।

মদপোনের কথা

২৩ ধারা। যে কোন জলবং দুব্য বোতলে থাকে, এবং কাচের পাত্রে পীত হয়, তাহা মদ্য। ২৪ ধারা। উক্তর্প মদ্য যে ঘরে রাখে, সেই মদ্যপায়ী।

অর্থের কথা

সে ঐ দুব্য স্বহন্তে স্পর্শ না করিলেও মদ্যপায়ী।

২৫ ধারা। যে মদ্যপায়ী, সে প্রত্যহ সন্ধ্যার পর শয্যাগ্রহের চারি ভিত্তির মধ্যে কয়েদ থাকিবে, এবং তিরুক্কার প্রাপ্ত হইবে।

OF RIOTING.

26. Whoever shall speak in an ungentle voice to his wife shall be guilty of domestic rioting.

27. Whoever is guilty of domestic rioting shall be punished by contemptuous silence or by scolding or by tears and lamentations.

राष्ट्रायात कथा

২৬ ধারা। যে কেহ দ্বীর প্রতি কর্ক শ দ্বরে কথা কহে, সে হাঙ্গামা করে। ২৭ ধারা। যে কেহ গ্রমধ্যে হাঙ্গামা করিবে, তাহার সাজা মান বা তিরস্কার বা অগ্রবর্ষণ ও রোদন।

বসন্ত এবং বিরহ

রামী। সখি, ঋতুরাজ বসস্ত আসিয়া ধরাতলে উদয় হইয়াছেন। আইস, আমরা বসস্ত বর্ণনা করি। বিশেষ আমরা উভয়েই বিরহিণী; প**্**বর্ণগামিনী বিরহিণীগণ চিরকাল বসস্তবর্ণনা করিয়া আসিরাছেন, আইস আমরাও তাই করি।

বামী। সই, ভাল বলিয়াছ। আমরা বালিকা বিদ্যালয়ে লেখাপড়া শিখিয়া কেবল কুটনো

কুটিয়া মরিলাম, আইস অদ্য কাব্যালোচনা করি।

রামী। সই! তবে আরম্ভ করি। সখি! ঋতুরাজ বসস্তের সমাগম হইয়াছে। দেখ, প্থিবী কেমন অনিবৰ্শচনীয় ভাব ধারণ করিয়াছেন। দেখ, চ্তলতা কেমন নব মুকুলিত—

বামী। ব্ৰহ্মে ব্ৰহ্মে শজিনা খাড়া বিলম্বিত-

রামী। মলয় মার্ত মৃদ্ প্রধাবিত-

বামী। তদ্বাহিত ধূলায় দস্ত কিচ্কিচিত।

রামী। দ্র ছাড়ী—ও কি! শোন্। দ্রমরগণ প্রেপর উপর গান্ গান্ করিতেছে—

বামী। মাছিগণ ভাতের উপর ভন্ ভন্ করিতেছে—

রামী। ব্যেকাপরে কোকিলগণ প্রথমন্বরে কুহ, কুহ, করিতেছে—

বামী। গাজনতলায় ঢাকিগণ অন্টমস্বরে চড় চড় করিতেছে।

রামী। না ভাই, তোকে নিয়ে বসন্ত বর্ণনা হয় না। আমি শ্যামীকে ডাকি। আয় সই শ্যামী, আমরা বসন্ত বর্ণনা করি।

(শ্যামী আসিল)

শ্যামী। আমি ত সখি তোমাদের মত ভাল লেখা পড়া জানি না; একট্ব একট্ব জানি মাত্র, আমি সকল ব্ঝিতে পারিব না—আমাকে মধ্যে মধ্যে ব্ঝাইয়া দিতে হবে।

রামী। আচ্ছা! দেখ সখি, বসন্ত কি অপুৰ্বে সময়! কেমন চ্তলতা সকল নব মুকুলিত—

শ্যামী। সই, আঁবের গাছই দেখিয়াছি, আঁবের লতা কোন্গালা?

রামী। আঁবের লতা আছে শ্নিরাছি, কিন্তু কখন চক্ষে দেখি নাই। দেখি না দেখি, চ্ত-লতা ভিন্ন চ্তব্ক কখন পড়ি নাই। তবে চ্তলতাই বলিতে হইবে, চ্তব্ক বলা হইবে না। শ্যামী। তবে বল।

রামী। চ্তলতিকা নব মুকুলিত হইয়া—

শ্যামী। সই! এই বলিলে চুতলতা—আবার লতিকা হইল কেন?

রামী। আরও কিছু মিষ্ট হইল। চ্তলতিকা নব মুকুলিত হইয়া চারিদিকে সোগন্ধ বিকীণ করিতেছে—

वाभी। ভाই, आँदवत दात्न य वमखकात्न हु देख शिया कर्एया थरत।

শ্যামী। বলিলে কি হয়, কেমন মিষ্ট হইল দেখ দেখি।

রামী। তাহাতে শ্রমরগণ মধ্বলোভে উন্মন্ত হইয়া ঝঙ্কার করিতেছে, শর্নিয়া আমাদিগের প্রাণ বাহির হইতেছে।

শ্যামী। আহা! সখি, সতাই বলিয়াছ। সই, দ্রমর কাকে বলে?

রামী। মর্ নেকি, তাও জানিস্নে। ভ্রমর বলে ভোম্রাকে।

শ্যামী। ভোম্রা কোন্গ্লো ভাই?

রামী। ভোম্রা বলে ভিম্র্লকে।

শ্যামী। তা ভাই ভিম্র্ল আঁবের বোল দেখে পাগল হয় কেন? ভিম্র্লের পাগলামি কেমনতর? ওরা কি আবোল তাবোল বকে?

রামী। কে বলেছে পাগল হয়?

শ্যামী। ঐ যে তুমি বলিলে "উন্মন্ত হইয়া ঝঞ্কার করিতেছে।"

রামী। কোন শালী আর ভোদের কাছে বসুস্ত বর্ণনা করিবে!

শ্যামী। ভাই, রাগ কর কেন? তুমি বেশী লেখা পড়া শিখেছ, আমি কম শিখেছি— আমায় ব্ঝাইয়া দিলেই ত হয়। সকলেই কি তোমার মত রসিকে?

बीष्क्रम बहुनावनी

রামী। (সাহ ধ্কারে) আচ্ছা, তবে শোন্। স্রমরগণ মধ্লোভে উদ্মন্ত হইয়া ঝৎকার করিতেছে। তাহাদিগের গুন্গুন্ রবে আমাদের প্রাণ বাহির হইতেছে।

শ্যামী। সই, ভোম্রার ডাক "গুণ্ গুণ্" না "ভোঁ ভোঁ"?

ताभी। कविता वरनन, "ग्रम् ग्रम्"।

শ্যামী। তবে গুণ্ গুণ্ই বটে। তা উহাতে আমাদের প্রাণ বাহির হয় কেন? ভিম্র্ল কামড়াইলে প্রাণ বাহির হয় জানি, কিন্তু ভিম্র্ল ডাকিলেও কি মরিতে হইবে?

রামী। এ পর্যান্ত সকল বিরহিণীগণ গুণ্ গুণ্ রবে মরিয়া আসিতেছে, তুই কী পীর

যে মর্বি না?

বামী। আচ্ছা ভাই, শাস্ত্রে যদি লেখে ত না হয় মরিব। কিন্তু জিজ্ঞাসা করি, কেবল কি ভিম্বুলের ভাকে মরিতে হইবে, না বোলতা মৌমাছি গ্র্রে পোকার ডাক শ্নিলেও অন্তর্জালে শ্রবে?

রামী। কবিরা শুধু ভ্রমরের রবেই মরিতে বলেন।

বামী। কবিদের বড় অবিচার। কেন, গুরুরে পোকা কি অপরাধ করেছে?

রামী। তোর মর্তে হয় মরিস্, এখন শোন্।

বামী। বল।

রামী। কোকিলগণ বৃক্ষে বসিয়া পঞ্চম স্বরে গান করিতেছে।

শ্যামী। পঞ্চম স্বর কি ভাই?

রামী। কোকিলের স্বরের মত।

শ্যামী। আর কোকিলের স্বর কেমন?

রামী। পঞ্চম স্বরের মত।

শ্যামী। বৃঝিয়াছি। তার পর বল।

রামী। কোকিলগণ বৃক্ষে বসিয়া পণ্ডম স্বরে গান করিতেছে: তাহাতে বিরহিণীর অঙ্গ জনুর জনুর হইতেছে।

বামী। আর কুক্ড়োর পঞ্চম স্বরে অঙ্গ কেমন করে?

রামী। মরণ আর কি, কুক্ডোর আবার পশুম স্বর কি লো?

বামী। আমার তাতেই অঙ্গ জনুর জনুর হয়। কুক্ড়া ডাকিলেই মনে হয় যে, তিনি বাড়ী এলেই আমায় ঐ সর্বানেশে পাকী রাখিয়া দিতে হবে।

রামী। তার পর মলর সমীরণ। মৃদ্ মৃদ্ মলর সমীরণে বিরহিণী শিহরিরা উঠিতেছে। শামেমী। শীতে?

রামী। না—বিরহে। মলর সমীরণ অনোর পক্ষে শীতল, কিন্তু আমাদের পক্ষে অগ্নিতুল্য। বামী। সই, তা সকলের পক্ষেই। এই চৈত্র মাসের দুপুরের রোদ্রের বাতাস আগুনের হল্ফ।

বলিয়া কাহার বোধ হয় না?

রামী। ও লো, আমি সে বাতাসের কথা বলিতেছি না।

্রশ্যামী। বোধ হয়, তুমি উত্তরে বাতাসের কথা বলিতেছ। উত্তরে বাতাস যেমন ঠান্ডা, মলয় বাতাস তেমন নয়।

ब्राभी। वज्रखानिनम्भर्ग अङ्ग भिर्श्वशा উঠে।

বামী। গায়ে কাপড় না থাকিলে উত্তরে বাতাসেও গায়ে কাঁটা দিয়া ওঠে।

রামী। মর্ ছইড়ী, বসস্তকালে কি উত্তরে বাতাস বয় যে, আমি বসস্তবর্ণনায় উত্তরে বাতাসের কথা বলিব?

বামী। উত্তরে বাতাসই এখন বয়। দেখ, এখনকার যত ঝড়, সব উত্তরে। আমার বোধ হয়, বসন্তবর্গনে উত্তরে বাতাসের প্রসঙ্গ করাই উচিত। আইস, আমরা বঙ্গদর্শনে লিখিয়া পাঠাই যে, ভবিষ্যতে কবিগণ বসন্তবর্গনে মলয় বাতাস ত্যাগ করিয়া উত্তরে ঝড়ের বর্ণনা করেন।

त्राभी। जाहा हटेल वित्रहीरमत कि छेभात्र हटेंदि? जाहाता कि महेता कीमिट्द?

শ্যামী। সখি, তবে থাক। একলে তোমার বসন্তবর্গনা—উহ্ঃ উহ্ঃ সখি! মোলেম, মোলেম, গোলেম রে! গোলেম রে! ভূমে পত্ন, চক্ম ম্রিত]

রামী। কেন, কেন, সই, কি হয়েছে? হঠাৎ অমন হলে কেন?

শ্যামী। (চক্ষ্ ব্ জিয়া) ঐ শ্বনিলে না? ঐ সেওড়া গাছে কোকিল ডাকিতেছে। রামী। সখি, আশ্বস্তা হও, আশ্বস্তা হও, তোমার প্রাণকান্ত শীঘ্রই আসিবেন। সই, আমারও ঐর্প ফল্লা হইতেছে। নাথের সন্দর্শন ভিন্ন আমার বাঁচা ভার হইয়া উঠিয়াছে। (চক্ষ্ ম্বছিয়া) পাড়ার সকল প্রকুরের যদি জল না শ্বনাইত, তবে এত দিন ডুবিয়া মরিতাম। হে হদয়-বয়ভ, জাবিতেয়র! হে রমণীজনমনোমোহন! হে নিশাশেষোন্মেবান্ম্বক্ষলকোকোরেলাপমোন্তেজিত-হদয়স্র্যা! হে অতলজলদলতলনান্তরক্ষরাজিবন্মহাম্লাপ্র্র্বরত্ম! হে কামিনীকন্ঠবিলান্তি-রত্বরহারাধিক প্রাণাধিক! আর প্রাণ বাঁচে না। আমি অবলা, সরলা, চণ্ডলা, বিকলা, দীনা, হীনা, ক্ষীণা, পীনা, নবীনা, শ্রীহীনা,—আর প্রাণ বাঁচে না। আর কত দিন তোমার আশাপথ চাহিয়া থাকিব? যেমন সরোবরে সরোজিনী ভান্ব আশা করে, যেমন কুম্নিনী কুম্নবান্ধবের আশা করিয়া থাকে, যেমন চাতক মেঘের জলের আশা করিয়া থাকে—আমি তেমনি ভোমার আশা করিবতেছি।

শ্যামী। (কাঁদিতে কাঁদিতে) ষেমন রাথাল, হারাণ গোরুর আশায় দাঁড়াইয়া থাকে, ষেমন বালকে ময়রার দোকান হইতে লোক ফিরিবার আশায় দাঁড়াইয়া থাকে, যেমন অশ্ব তৃণাহরক গ্রাসকটের আশা করিয়া থাকে, হে প্রাণবন্ধো! আমি তেমনি তোমার আশা করিয়া আছি। যেমন মাছ ধ্রইতে গেলে পরিচারিকার পশ্চাৎ পশ্চাৎ মাজ্জার গমন করে, তেমনি তোমার পশ্চাৎ পশ্চাৎ আমার মন গিয়াছে। যেমন উচ্ছিন্টাবশেষ ফেলিতে গেলে, বৃভুক্ষ্ কুরুর পশ্চাৎ পশ্চাৎ যায়, আমার অবশ চিত্ত তেমনি তোমার পশ্চাৎ গিয়াছে। যেমন কলুর ঘানিগাছে প্রকাশ্ডকার বলদ ঘ্রিতে থাকে, তেমনি আশা নামে আমার প্রকাণ্ড বলদ, তোমার প্রণয়রূপ ঘানিগাছে ঘুরিতেছে। যেমন লোহার চাটাতে তপ্ত তৈলে কৈমাছ ভাজে তেমনি এই বিরহচাটাতে বসস্তর্প তপ্ত তৈলে আমার হদয়র্প কৈমাছকে অহরহ ভাজিতেছে। যেমন এই বসন্তকালের তাপে শাজনা খাড়া ফাটিতৈছে, তোমার বিরহসন্তাপে তেমনি আমার হদর খাড়া ফাটিতৈছে। যেমন এক লাঙ্গলে যোড়া গোর, যুড়িয়া ক্ষেত্রকে চাষা ক্ষতবিক্ষত করে, তেমনি এক প্রেমলাঙ্গলে বিরহ এবং বারস্ত্রীভক্তির প যোড়া গোরে যুড়িয়া আমার স্বামী চাষা আমার হৃদয়ক্ষেত্রকে ক্ষতবিক্ষত করিতেছেন। কথায় আর কি বলিব। বিরহের জনালায় আমার ডালে ন্ল হয় না, পানে চুল হয় ना, त्यारन यान रहा ना, क्यौरत मिष्ठे रहा ना। त्रीथ, वित्ररहत मृद्ध्य रहा मिन मर्रन रहा, रत्र मिन আমি তিন বেলা বই খাইতে পারি না: আমার দুধের বাটি অম্নি পড়িয়া থাকে। (চক্ষ্ম মুছিয়া) সখি, তোমার বসন্তবর্ণনা সমাপ্ত কর, দুঃখের কথায় আর কাজ নাই।

রামী। আমার বসস্তবর্ণনা শেষ হইয়াছে। শ্রমর, কোকিল, মলয় মার্ত এবং বিরহ, এই চারিটির কথাই বলিয়াছি, আর বাকি কি?

বামী। দড়ি আর কলসী।

সুৰণ গোলক

কৈলাসশিখনে, নবম্কুলশোভিত দেবদার্তলায় শার্ম্প্লাসনে বাসরা হরপার্বতী পাশা খেলিতেছিলেন। বাজি একটি স্বর্ণগোলক। মহাদেবের খেলায় দোষ এই—আড়ি মারিতে পারেন না—তাহা পারিলে সম্দ্রমন্থনের সময়ে বিবের ভাগটা তাঁহার ঘাড়ে পড়িত না। গোরী আড়ি মারিতে পট্—প্রমাণ প্থিবীতে তাঁহার তিন দিন প্রা। আর খেলায় যত হউক না হউক, কামাইয়ে অদ্বিতীয়া, কেন না, তিনিই আদ্যাশক্তি। মহাদেবের ভাল দান পড়িলে কাঁদিয়া হাট বাঁধান—আপনার যদি পড়ে পাঁচ দুই সাত, তবে হাঁকেন পোয়া বারো। হাঁকিয়া তিন চক্ষে মহাদেবের প্রতি কটাক্ষ করেন—যে কটাক্ষে স্ভিট্ছিতিপ্রলয় হয়, তাহার গুলে মহাদেব দান দেখিয়াও দেখিতে পায়েন না। বলা বাহুলা যে, দেবাদিদেবের হার হইল। ইহাই রীতি।

তখন মহাদেব পার্বতীকে স্বীকৃত কাণ্ডনগোলক প্রদান করিলেন। উমা তাইা গ্রহণ করিয়া প্রিবীতে নিক্ষেপ করিলেন। দেখিয়া, পণ্ডানন স্র্কৃটি করিয়া কহিলেন, "আমার প্রদন্ত গোলক ত্যাগ করিলে কেন?"

উমা কহিলেন, "প্রভো, আপনার প্রদত্ত গোলক অবশ্য কোন অপ্তর্ব শক্তিবিশিষ্ট এবং মঙ্গলপ্রদ হইবে। মনুষোর হিতার্থে তাহা প্রেরণ করিয়াছি।"

विषका बहुनावली

গিরিশ বলিলেন, "ভদ্রে! প্রজাপতি, বিষণ্ধ, এবং আমি, এই তিন জনে যে সকল নিয়ম নিবদ্ধ করিয়া স্ভিটিছ্তিলয় ক্রিডেছি, তাহার ব্যতিক্রমে কখন মঙ্গল হয় না। যে মঙ্গল হইবার তাহা সেই সকল নিয়মবিলির বলেই ঘটিবে। কাণ্ডনগোলকের কোন প্রয়োজন নাই। যদি ইহার কোন মঙ্গলপ্রদ গণ্ণ হয়, তবে নিয়মভঙ্গ দোবে লোকের অনিষ্ট হইবে। তবে তোমার অন্বরোধে উহাকে একটি বিশেষ গণ্ণযুক্ত করিলাম। বসিয়া উহার কার্য্য দর্শন কর।"

কালীকান্ত বস্ বড় বাব্। বয়স বংসর প'য়ত্রিশ, দেখিতে স্কার প্রেষ, কর বংসর হইল, প্র্নর্বার দার পারগ্রহ করিয়াছেন। তাঁহার স্ত্রী কামস্কারীর বয়ঃক্রম আঠার বংসর। তাঁহার পারী তাহার পিতৃভবনে ছিল। কালীকান্তবাব্ স্ত্রীর সদ্ভাষণে শ্বদারবাড়ী যাইতেছিলেন। শ্বদার বিশেষ সম্পন্ন ব্যক্তি—গঙ্গাতীরবন্ত্রী গ্রামে বাস। কালীকান্ত, ঘাটে নোকা লাগাইয়া পদরজে যাইতেছিলেন, সক্রে রামা চাকর একটা পোর্টমানেটা বহিয়া যাইতেছিল। পথিমধ্যে কালীকান্তবাব্ দেখিলেন, একটি স্বর্দাগোলক পড়িয়া আছে। বিস্মিত হইয়া তাহা উঠাইয়া লইলেন। দেখিলেন, স্কুর্শ বটে। প্রীত হইয়া তাহা ভূত্য রামাকে রাখিতে দিলেন; বলিলেন, "এটা সোলার, কেই হারাইয়া থাকিবে। কেই খোঁজু করে, বাহির ক্রিয়া দিব। নহিলে বাড়ী লইয়া যাইব। এখন রাখ।"

রামা বন্দ্রমধ্যে গোলকটি লক্ষাইয়া রাখিবার অভিপ্রায়ে, পথে পোর্টমান্টো নামাইল। পরে

कानीकाखवाद्व रस इटेंट लानकि धर्म कित्रा क्यार्या मुकारेन।

কিন্তু রামা আর পোর্টমান্টো মাথার তুলিল না। কালীকান্তবাব, স্বরং তাহা উঠাইরা মাথার করিলেন। রামা অগ্রসর হইরা চলিল, বাব, মোট মাথার পশ্চাৎ পশ্চাৎ চলিলেন। তথন রামা বলিল, "ওরে রামা।"

वाव, विनलन, "आखा?"

রামা বলিল, "তুই বড় বেআদব, দেখিস্ যেন আমার শ্বশ্রবাড়ী গিয়া বেআদবি করিস্না। তাহারা ভদলোক।"

বাব্ বলিলেন, "আজে তা কি পারি? আপনি হচ্ছেন ম্বনিব—আপনার কাছে কি বেআদবি করিতে পারি?"

কৈলাসে গোরী বলিলেন, "প্রভো, আমি ত কিছুই ব্রিণতে পারিতেছি না। আপনার স্বর্ণগোলকের কি গুণু এ?"

মহাদেব বলিলেন, "গোলকের গর্ণ চিন্তবিনিময়। আমি যদি নন্দীর হাতে এই গোলক দিই, তবে নন্দী ভাবিবে, আমি মহাদেব, আমাকে ভাবিবে নন্দী; আমি ভাবিব, আমি নন্দী, নন্দীকে ভাবিব মহাদেব। রামা ভাবিতেছে, আমি কালীকান্ত বসরু, কালীকান্তকে ভাবিতেছে, এ রামা চাকর। কালীকান্ত ভাবিতেছে, আমি রামা থানসামা, রামাকে ভাবিতেছে, কালীকান্তবাবু।"

কালীকান্তবাব, যথন শ্বশারবাড়ী পেণছিলেন, তখন তাঁহার শ্বশার অন্তঃপররে। কিন্তু বাহিরে একটা গণ্ডগোল উঠিল। দ্বারবান্ রামদীন্ পাঁড়ে বলিতেছে, "আরে ও খানসামাজি, তোম হারা মং বইঠিও—তোম হামারা পাশ আও।" শর্নিয়া রামা গরম হইরা, চক্ষ্র রক্তবর্ণ করিয়া বলিতেছে, "যা বেটা মেড়ুরাবাদী যা—তোর আপনার কাজ করগে।"

স্বারবান্ পোর্টমান্টো নামাইয়া নিল। কালীকান্ত বলিল, "দরওয়ানজি, বাব্বকে অমন করিয়া অপমান করিও না। উনি রাগ করিয়া চলিয়া যাইবেন।"

ছারবান্ জামাইবাব্বে চিনিত, খানসামাকে চিনিত না। কান্ত্রেডরে মুখে এইর্প কথা শর্নিরা মনে করিল, বেখানে জামাইবাব্ই ইহাকে বাব্ বলিতেছেন, সেখানে ইনি কোন ছম্মবেশী বড় লোক হইবেন। ছারবান্ তখন ভক্তিভাবে রামাকে যুক্তকরে আশীব্রাদ করিয়া কহিল, "গোলামিক কস্বর মাপ কিজিয়ে!" রামা কহিল, "আছা, তাম্ব ভেজ দেও!"

শ্বশ্রবাড়ীর থানসামা উদ্ধব, অতি প্রাচীন প্রোতন ভূতা। সেই বাঁধা হ'কার তামাকু সাজিরা আনিল। রামা, তাকিরার হেলান দিরা, তামাকু খাইতে লাগিল। কালীকান্ত চাকরদের ঘরে গিরা, কলিকার তামাকু থাইতে লাগিল। উদ্ধব বিশ্মিত হইরা কহিল, "দাদা ঠাকুর, এ কি এ?" কালীকান্ত কহিল, "ভ্রুঁর সাক্ষাতে কি ভামাকু থাইতে পারি?"

উদ্ধব গিয়া অক্তঃপর্রে কর্তাকে সংবাদ দিল "জামাইবাব্ আসিরাছেন, তাঁহার সঙ্গে একজন কৈ ছন্মবেশী মহাশর এসেছেন—জামাইবাব্ তাঁকে বড় মানেন, তাঁর সাক্ষাতে তামাকু পর্যাপ্ত খান না।"

কর্ত্তা নীলরতনবাব শীঘ্র বহিষ্পাটীতে আসিলেন। কালীকান্ত তাঁহাকে দেখিয়া দ্বে হইতে একটি সাণ্টাঙ্গে প্রণাম করিয়া সরিয়া গেল। রামা আসিয়া নীলরতনের পায়ের ধ্লা লইয়া কোলাকুলি করিল। নীলরতন ভাবিল, "সঙ্গের লোকটা সভ্যভব্য বটে—তবে জামাই বাবাজিকে কেমন কেমন দেখিতেছি।"

নীলরতনবাব, রামাকে স্বাগত জিজ্ঞাসা করিতে বসিলেন, কিন্তু কথাবার্ত্তা শর্থনিয়া কিছ্মই ব্রিবতে পারিলেন না। এদিকে অন্তঃপ্র হইতে জলযোগের স্থান হইয়াছে বলিয়া পরিচারিকা কালীকান্তকে ডাকিতে আসিল। কালীকান্ত বলিল, "বাপ রে, আমি কি বাব্র আগে জল খেতে পারি! আগে বাব্রকে জল খাওয়াও। তার পর আমার হবে এখন। আমি, মাঠাকর্ন, আপনাদের খাচ্চিই ত।"

"মাঠাকুর্ণ" শ্নিয়া পরিচারিকা মনে করিল, "জামাইবাব্ আমাকে একজন শাশ্ড়ী টাশ্ড়ী মনে করিয়াছেন—না করবেন কেন; আমাকে ভাল মান্বের মেয়ে বই ত আর ছোট লোকের মেয়ের মত দেখায় না। ওঁরা দশটা দেখেছেন—মান্ব চিন্তে পারেন—কেবল এই বাড়ীর পোড়া লোকেই মান্ব চেনে না।" অতএব বিন্দী চাকরাণী জামাইবাব্র উপর বড় খ্সী হইয়া অন্তঃপ্রে গিয়া বিলল, "জামাইবাব্র বিবেচনা ভাল—সঙ্গের মান্বটি না খেলে কি তিনি খেতে পারেন—তা আগে তাঁকে জল খাওয়াও, তবে জামাই খাবেন।"

বাড়ীর গৃহিণী মনে ভাবিলেন, "সে উপরি লোক, তাহাকে বাড়ীর ভিতর আনিয়া জল খাওয়ান হইতে পারে না। জামাইকেও বাহিরে খাওয়ান হইতে পারে না। তা, তার জায়গা হউক বাহিরে, আর জামাইয়ের জায়গা হউক ভিতরে।" গৃহিণী সেইর্প বন্দোবস্ত করিলেন। রামা বাহিরে, জলযোগের উদ্যোগ দেখিয়া বড় ক্র্ন্ধ হইল, ভাবিল, "এ কি অলোকিকতা?" এদিকে দাসী কালীকাস্তকে অস্তঃপ্রের ডাকিয়া আনিল। ঘরের ভিতর স্থান হইয়াছে, কিস্তু কালীকাস্ত উঠানে দাঁড়াইয়া বালল, "আমাকে ঘরের ভিতর কেন? আমাকে এইখানে হাতে দ্রটো ছোলা গ্রুড় দাও, খেয়ে একট্ জল খাই।" শ্নিয়া শালীরা বালল, "বোসজা মশাই যে এবার অনেক রকম রিসকতা শিখে এয়েছ দেখতে পাই।" কালীকাস্ত কাতর হইয়া বালল, "আজে, আমাকে ঠাট্টা করেন কেন, আমি আপনাদের তামাসার যোগ্য; " একজন প্রাচীনা ঠাকুরাণীদিদি বালল, "আমাদের তামাসার যোগ্য কেন? —যার তামাসার যোগ্য, তার কাছে চল।" এই বালয়া কালীকান্তের হাত ধরিয়া হড়হড় করিয়া টানিয়া ঘরের ভিতর লইয়া আসিল।

সেখানে কালীকান্তের ভার্য্যা কামস্করী দাঁড়াইয়া ছিল। কালীকান্ত তাহাকে দেখিয়া প্রভুপত্নী মনে করিয়া সান্টাঙ্গে প্রণাম করিল।

কামস্করী দেখিয়া চন্দ্রবদনে মধ্র হাসি হাসিয়া বলিল, "ওকি ও রঙ্গ—এ আবার কোন্ ঠাট শিখিয়া আসিয়াছ?" শ্নিয়া কালীকান্ত কাতর হইয়া কহিল, "আন্তের, আমার সঙ্গে অমন সব কথা কেন—আমি আপনার চাকর—আপনি মনিব!"

রসিকা কামসুন্দরী বলিল, "তুমি চাকর, আমি মুনিব, সে আজ না কাল? যত দিন আমার বয়স আছে, তত দিন এই সম্পক্ত থাকিবে। এখন জল খাও।"

কালীকান্ত মনে করিল, "বাবা, এ'র কথার ভাব যে কেমন কেমন। আমাদের বাব, যে একটা গেছো মেরের হাতে পড়েছেন দেখতে পাই। তা, আমার সবাই ভাল।" এই ভাবিয়া কালীকান্ত পন্নর্বার ভিন্তভাবে প্রণাম করিয়া পলাইবার উদ্যোগ করিতেছিলেন দেখিয়া কামস্কারী আসিয়া তাঁহার গাত্রবন্দ্র ধরিল; বলিল, "ওরে আমার সোণার চাঁদ! আমার সাত রাজার ধন এক মাণিক! আমার কাছ থেকে আর পলাতে হয় না।" এই বলিয়া কামস্কারী স্বামীকে আসনের দিকে টানিতে লাগিল।

কালীকান্ত আন্তরিক কাতরতার সহিত হাত যোড় করিয়া বলিতে লাগিল, "দোহাই বৈঠিকুরাণি, আপনার সাত দোহাই—আমাকে ছাড়িরা দিন—আপনি আমার স্বভাব জানেন না— আমি সে চরিত্রের লোক নই।" কামস্লেরী হাসিয়া বলিল, "তুমি বে চরিত্রের লোক, আমি বেশ জানি—এখন জল খাও।"

কালীকান্ত বলিল, "র্যাদ আপনার কাছে কেহ আমার এমন নিন্দা করিয়া থাকে, তবে সে ঠক —ঠকাম করিয়াছে। আপনার কাছে হাত্যোড় করিতেছি, আপনি আমার গ্রন্থন, আমার ছাড়িয়া দিন।"

কামস্পরী রাসকতাপ্রির; মনে করিল যে, এ একতর ন্তন রাসকতা বটে। বালল, "প্রাণাধিক, তুমি কত রাসকতা শিখিয়া আসিয়াছ, তাহা ব্ঝা যাইবে।" এই বালয়া স্বামীর দ্ই হস্ত ধারণ করিয়া আসনে বসাইবার জন্য টানিতে লাগিল।

হস্তধারণ মাত্র কালীকান্ত সর্ব্রনাশ হইল মনে করিয়া "বাবা রে, গেলাম রে, এগো রে, আমায় মেরে ফেল্লে রে" বলিয়া চীংকার আরম্ভ করিল। চীংকার শর্নান্যা গৃহস্থ সকলে ভীত হইয়া দোড়িয়া আসিল। মা, ভগিনী, পিসী প্রভৃতিকে দেখিয়া কামস্কুদরী স্বামীর হস্ত ছাড়িয়া দিল। কালীকান্ত অবসর পাইয়া উদ্ধৃত্বিধাসে প্লায়ন করিল।

গ্হিণী कामস, नदीरक जिल्लामा कितलान, "कि ना कामि-जामारे अमन करत छेर्ट्ला

কেন? তই কি মেরেছিস?"

বিস্মিতা কামস্ক্রনী মন্মপিণিড়তা হইয়া কহিল, "মারিব কেন? আমি মারিব কেন— আমার যেমন পোড়া কপাল!" ক্রমে ক্রমে স্বর কাঁদানতে চাড়িতে লাগিল—"আমার যেমন পোড়া কপাল—কোন্ আবাগী আমার সর্বানাশ করেছে—কে ওষ্ধ করেছে—" বালতে বালতে কামস্ক্রনী কাঁদিয়া হাট লাগাইল।

সকলেই বলিল, "হাঁ তুই মেরেছিস্; নহিলে অমন কাতরাবে কেন?" এই বলিয়া সকলে কামকে "পাপিষ্ঠা" "ডাইনী" "রাক্ষসী" ইত্যাদি কথায় ভর্ণসনা করিতে লাগিল। কামস্বদরী বিনাপরাধে নিন্দিতা ও ভর্ণসিতা হইয়া কাদিতে কাদিতে ঘরে গিয়া দার দিয়া শাইয়া পড়িল।

এদিকে কালীকান্ত বাহিরে আসিয়া দেখিল যে, বড় একটা গোলযোগ বাধিয়া উঠিয়াছে। নীলরতনবাব, স্বয়ং এবং দ্বারবান্ ও উদ্ধব, সকলে পাঁড়য়া যে যেখানে পাইতেছে, সে সেইখানে রামাকে প্রহার করিতেছে: किल, लांতি, চড়, চাপড়ের ব্রণ্টির মধ্যে রামা চাকর কেবল বলিতেছে, "ছেড়ে দে রে, বাবারে, জামাই মারে. এমন কখন শ্বান নাই, আমার কি-তোদেরই মেয়েকে একাদশী করতে হবে।" নিকটে দাঁড়াইয়া তরঙ্গ চাক্রাদী হাসিতেছে, সে সর্বাদা কালীকান্ত-বাবুর বাড়ীতে যাতায়াত করিত, সে রামা চাকরকে চিনিত, সেই বলিয়া দিয়াছে। কালীকান্তবাবু মারপিট দেখিয়া ক্ষিপ্তের ন্যায় উঠানময় বেড়াইতে লাগিল, বিলতে লাগিল, "কি সর্বানাশ হইল! বাব কৈ মারিয়া ফেলিল।" ইহা দেখিয়া নীলরতনবাব, আরও কোপাবিষ্ট হইয়া রামাকে বলিতে *লাগিলেন.* "তই বেটাই জামাইকে কি খাওয়াইয়া পাগল করিয়া দিয়াছিস—মার বেটাকে জুতো।" এই কথা বলায়, যেমন শ্রাবণ মাসে বৃষ্টির উপর বৃষ্টি চাপিয়া আইসে, তৈমনি নিদ্পোষী রামার উপর প্রহারবৃষ্টি চাপিয়া আসিল। মারপিটের চোটে বন্দ্রমধ্য হইতে লুকান স্বর্ণগোলকটি পাড়িয়া গেল। দেখিয়া তরঙ্গ চাক্রাণী তাহা কুড়াইয়া লইয়া নীলরতনবাব্র হস্তে দিল। বলিল, "ও মিল্সে চোর! দেখন, ও একটা সোণার তাল চুরি করিয়া রাখিয়াছে।" "দেখি" বলিয়া নীলরতনবাব, স্বর্ণগোলক হস্তে লইলেন,—অর্মান তিনি রামাকে ছাড়িয়া দিয়া, সরিয়া দাঁড়াইয়া কোঁচার কাপড় খুলিয়া মাথায় দিলেন; তরঙ্গও মাথার কাপড় খুলিয়া, কোঁচা করিয়া পরিয়া: পাদ্কা হস্তে রামাকে মারিতে প্রবৃত্ত হইল।

উদ্ধব তরস্থকে বলিল, "তুই মাগি আবার এর ভিতর এলি কেন?"

তরঙ্গ বলিল, "কাকে মাগি বলিতেছিস্?"

উদ্ধব বলিল, "তোকে।"

"আমাকে ঠাট্টা?" এই বলিয়া তরঙ্গ মহাক্রোথে হস্তের পাদ্বার দ্বারা উদ্ধাবকে প্রহার করিল। উদ্ধাবও ক্রেদ্ধা হইয়া, স্থালাককৈ মারিতে না পারিয়া, নালরতন্বাব্র দিকে চাহিয়া বলিল, "দেখনে দেখি কর্তা মহাশয়, মালির কত বড় স্পদ্ধা, আমাকে জন্তা মারে!" কর্তা তথন একট্খানি ঘোমটা টানিয়া, একট্ব রসের হাসি হাসিয়া, মৃদ্দ্রবরে কহিলেন, "তা মেরছেন মেরেছেন, তুমি রাগ করিও না। মুনিব, মারতে পারেন।"

শ্নিরা উদ্ধব আরও ক্রেদ্ধ হইয়া বলিল, "ও আবার কিসের ম্নিব—ওও চাকর, আমিও চাকর! আপুনি এমনি আজ্ঞা করেন! আমি আপনারই চাকর, ওর চাকর কেন হব? আমি

এমন চাকরি করি না।"

শর্নিয়া কর্ত্তা আবার একট্ব মধ্রে হাসি হাসিয়া বলিলেন, "মরণ আর কি! ব্রুড়ো বয়নে মিলেসর রস্ব দেখ! আমার চাকর আবার তুমি কিসে হতে গেলে?"

ু উদ্ধব অবাক্ হইল, মনে কৃরিল, "আজ কি পাগলের পাড়া পড়িয়াছে নাকি? উদ্ধব

বিস্মিত হইয়া রামাকে ছাড়িয়া দাঁড়াইল।

এমত সময়ে বাড়ীর গোরক্ষক গোবর্দ্ধনি ঘোষ সেইখানে আসিয়া উপস্থিত হইল। সে তরঙ্গের ব্রামী। তে তরঙ্গের অবস্থা ও কার্য্য দেখিয়া বিস্মিত হইল—তরঙ্গ তাহাকে গ্রাহ্যও করিল না। এদিকে কর্ত্তামহাশ্য গোবর্দ্ধনিকে দেখিয়া ঘোমটা টানিয়া এক পাশে দাঁড়াইলেন। গোবর্দ্ধনিকে আড়ে আড়ে দেখিয়া চুপি চুপি বলিলেন, "তুমি উহার ভিতর যাইও না।" গোবর্দ্ধনি তরঙ্গের আচরণ দেখিয়া অত্যন্ত রুষ্ট হইয়াছিল—দে কথা তাহার কাশে গেল না; সে তরঙ্গের চুল ধরিতে গেল। "নচ্ছার মাগি, তোর হায়া নেই" এই বলিয়া গোবর্দ্ধনি অগ্রসর হইতেছিল, দেখিয়া তরঙ্গ বলিল, "গোবরা, তুইও কি পাগল হয়েছিস না কি? যা, গোরর যাব দিগে যা" শ্নিয়া গোবর্দ্ধনি, তরঙ্গের কেশাকর্ষণ করিয়া উত্তম মধ্যম আরম্ভ করিল। দেখিয়া নীলরতনবাব, বলিলেন, "যা! পোড়াকপালে মিলেস কর্ত্তাকে ঠেঙ্গিয়ে খ্ন কর্লে।" এদিকে তরঙ্গও দ্বন্ধ হইয়া "আমার গায়ে হাত তুলিস" বলিয়া গোবের্দ্ধনিকে মারিতে আরম্ভ করিল। তথন একটা বড় গোলযোগ হইয়া উঠিল। শ্নিয়া পাড়ার প্রতিবাসী রাম মুখোপাধ্যায়, গোবিন্দ চট্টোপাধ্যায়ের হস্তে দিয়া বলিলেন, "দেখন্য দেখি মহাশয়, এটা কি?"

কৈলাসে পার্বিতী বলিলেন, "প্রভো! আপনার গোলক সম্বরণ কর্ন—ঐ দেখুন গোবিন্দ চট্টোপাধ্যার বৃদ্ধ রাম মুখোপাধ্যারের অন্তঃপ্রমধ্যে প্রবেশ করিয়া রামের বৃদ্ধা ভার্য্যকে পদ্দী সন্বোধনে কোতুক করিতেছে। আর রাম মুখোপাধ্যারের পরিচারিকা তাহার আচরণ দেখিরা সম্মান্তর্শনী প্রহার করিতেছে। এদিকে বৃদ্ধ রাম মুখোপাধ্যার, আপনাকে ব্বা গোবিন্দ চট্টোপাধ্যার মনে করিয়া, তাঁহার অন্তঃপ্রর গিয়া তাঁহার ভার্য্যাকে উপ্পা শ্নাইতেছে। এ গোলক আর মুহুর্কাল প্থিবীতে থাকিলে গ্রে গ্রে বিশ্ভথলা হইবে। অতএব আপনি ইহা সম্বরণ কর্ন।"

মহাদেব কহিলেন, "হে শৈলস্তে! আমার গোলকের অপরাধ কি? এ কাশ্ড কি আজ ন্তন প্থিবীতে হইল? তুমি কি নিতা দেখিতেছ না যে, বৃদ্ধ যুবা সাজিতেছে, যুবা বৃদ্ধ সাজিতেছে, প্রভু ভূতোর তুলা আচরণ করিতেছে, ভূতা প্রভু হইয়া বসিতেছে। কবে না দেখিতেছ যে, প্রুষ্থ স্থালোকের নাায় আচরণ করিতেছে, স্থালোক প্রুষ্থের মত বাবহার করিতেছে? এ সকল প্থিবীতে নিতা ঘটে, কিন্তু তাহা যে কি প্রকার হাসাজনক, তাহা কেহ দেখিয়াও দেখে না। আমি তাহা একবার সকলের প্রত্যক্ষীভূত করাইলাম। এক্ষণে গোলক সম্বৃত করিলাম। আমার ইচ্ছায় সকলেই প্রুক্বার স্ব স্ব প্রকৃতিন্তু হইবে, এবং যাহা ঘটিয়া গিয়াছে, তাহা কাহারও স্মরণ থাকিবে না। তবে, লোকহিতাথে আমার বরে বঙ্গদর্শন এই কথা প্থিবীমধ্যে প্রচারিত কবিবে।"

রামায়ণের সমালোচন কোন বিলাডী সমালোচক প্রণীড

আমি রামায়ণ গ্রন্থথানি আদ্যন্ত পাঠ করিয়া অতিশয় বিশ্বিত হইয়াছি। অনেক সময়ে রচনা প্রায় নিন্দ শ্রেণীর ইউরোপীয় কবিদিগের তুল্য। হিন্দ্ কবির পক্ষে ইহা সামান্য গোরবের বিষয় নহে। গ্রন্থকার যে আর কিছ্বদিন যত্ন করিলে একজন স্কৃবি হইতেন, তদ্বিষয়ে সন্দেহ নাই।

এই কাব্যগ্রন্থখানির স্থাল তাৎপর্য্য, বানরাদিগের মাহাত্ম্যবর্গন। বানরেরা বোধ হয়, আধ্বনিক Bonerwal নামা হিমাচল প্রদেশবাসী অনার্য্য জাতিগদের প্রেপ্র্য্য। অনার্য্য বানরগণ-কর্ত্তক লক্ষাজয় ও রাক্ষসদিগের সবংশে নিধন, ইহার বর্ণনীয় বিষয়। তখন আর্ব্যেরা অসভ্য ও অনার্যেরা সভ্য ছিল।

রামারণে কিছু কিছু নীতিগর্ভ কথা আছে। ব্রিছহীনতার যে কত দোষ, তাহা কবি ব্রথাইবার চেণ্টা করিরাছেন। এক নিশ্বোধ প্রাচীন রাজার চারিটি ভার্য্যা ছিল। বহু-বিবাহের বিষমর ফল সহজেই উপেন্ন হইল। ব্রিছমতী কৈকেরী স্বীর প্রের উন্নতির জন্য, অসভা বৃদ্ধকে ভূলাইরা ছলক্রমে সপদ্ধীগর্ভজাত রাজার জ্যেষ্ঠ প্রুক্ত বনবাসে প্রেরণ করিল। জ্যেষ্ঠ প্রুপ্ত ভারতবর্ষীর্যাদগের স্বভাবসিদ্ধ আলস্যবশতঃ আপন স্বদ্যধিকার বজার রাখিবার কোন যদ্ধনা করিয়া ব্রুড়া বাপের কথার বনে গেল। ইহার সহিত মহাতেজস্বী তুর্কবংশীর উরঙ্গজেবের তুলনা কর; ম্সলমান কেন এতকাল হিশ্বের উপর প্রভূত্ব করিয়াছে ব্রিকতে পারিবে। রাম গ্রমনকালে আপনার যুবতী ভার্য্যাকে সঙ্গে করিয়া লইয়া গেল। তাহাতে যাহা ঘটিবার ঘটিল।

ভারতবধীর স্থালোক যে স্বভাবতই অসতী, এই সীতার ব্যবহারই তাহার উত্তম প্রমাণ। সীতা যেমন গ্রের বাহির হইল, অমনই অন্য প্রের্থ ভজনা করিল। রামকে ত্যাগ করিয়া রাব্বের স্ক্রে লঙ্কায় রাজ্যভোগ করিতে গেল। নিবের্ণাধু রাম পথে পথে কাঁদিয়া বেড়াইতে

नागिन। रिन्मूता এই জন্যই न्तीलाकिमिगरक ग्रहत वारित करत ना।

হিন্দ্র্বভাবের জঘন্যতার লক্ষ্মণ আর একটি উদাহরণ। তাহার চরিত্র এর্পে চিত্রিত হইরাছে যে তন্দ্রারা লক্ষ্মণকে কন্মক্ষিম বোধ হয়। অন্যজ্ঞাতীয় হইলে সে একজন বড় লোক হইতে পারিত, কিন্তু তাহার এক দিনের জন্যও সে দিকে মন যায় নাই। সে কেবল রামের পিছ্র্ পিছ্র বেড়াইল, আপনার উন্নতির কোন চেণ্টা করিল না। ইহা কেবল ভারতব্যার্থিদিগের স্বভাবসিদ্ধ নিশ্চেণ্টতার ফল।

আর একটি অসভ্য মূর্খ ভরত। আপন হাতে রাজ্য পাইয়া ভাইকে ফিরাইয়া দিল। ফলতঃ রামায়ণ অকম্মা লোকের ইতিহাসেই পূর্ণ। ইহা গ্রন্থকারের একটি উদ্দেশ্য। রাম পত্নীকে হারাইলে অনার্য্য (বানর) জাতি তাহার কাতরতা দেখিয়া দয়া করিয়া রাবণকে সবংশে মারিয়া সীতা কাড়িয়া আনিয়া দিল, কিন্তু বর্ষ্বর জাতির নৃশংসতা কোথায় যাইবে? রাম দ্বীর উপর রাগ করিয়া তাহাকে একদিন প্রভাইয়া মারিতে গেল। দৈব সে দিন সেটার রক্ষা হইল। পরে তাহাকে দেশে আনিয়া দুই চারি দিন মাত্র স্ব্রেছিল। পরে বর্ষ্বরজাতির স্বভাবস্ক্রভ দ্রোধবশতঃ পরের কথা শুনিয়া দ্বীটাকে তাড়াইয়া দিল। কয়েক বংসর পরে সীতা থাইতে না পাইয়া রামের দ্বারে আসিয়া দাঁড়াইল। রাম তাহাকে দেখিয়া রাগ করিয়া মাটিতে প্রতিয়া ফেলিল। অসভ্য জাতির মধ্যে এইর্পই ঘটে। রামায়ণের দ্বুল তাৎপর্য্য এই।

ইহার প্রণেতা কে, তাহা সহজে স্থির করা ষায় না। কিন্দেন্তী আছে যে, ইহা বালমীকি প্রণীত। বালমীকি নামে কোন গ্রন্থকার ছিল কি না, তদ্বিষয়ে সংশয়। বলমীক হইতে বালমীকি শব্দের উৎপত্তি দেখা যাইতেছে, অতএব আমার বিবেচনায় কোন বলমীকমধ্যে এই গ্রন্থখানি

পাওয়া গিয়াছিল। ইহাতে কি সিদ্ধানত স্থির করা যায় দেখা যাউক।

রামারণ নামে একখানি বাঙ্গালা গ্রন্থ আমি দেখিয়াছি। ইহা কৃত্তিবাস প্রণীত। উভর গ্রন্থে অনেক সাদৃশ্য আছে। অতএব ইহাও অসম্ভব নহে যে, বাঙ্গমীকি রামারণ কৃত্তিবাসের গ্রন্থ হইতে সঙ্কলিত। বাঙ্গমীকি রামারণ কৃত্তিবাস হইতে সঙ্কলিত, কি কৃত্তিবাস বাঙ্গমীকি রামারণ হইতে সঙ্কলন করিয়ছেন, তাহা মীমাংসা করা সহজ নহে; ইহা স্বীকার করি। কিন্তু রামারণ নামটিই এ বিষয়ের এক প্রমাণ। "রামারণ" শঙ্কের সংস্কৃতে কোন অর্থ হয় না, কিন্তু বাঙ্গালায় সদর্থ হয়। বোধ হয়, "রামারণ" শঙ্কটি "রামা যবন" শঙ্কের অপদ্রংশ মারু। কেবল "ব"কার লুপ্ত হইয়ছে। রামা যবন বা রামা মুসলমান নামক কোন ব্যক্তির চরিত্র অবলম্বন করিয়া কৃত্তিবাস প্রথম ইহার রচনা করিয়া থাকিবেন। পরে কেহ সংস্কৃতে অনুবাদ করিয়া বঙ্গমীকমধ্যে লুকাইয়া রাখিয়াছিল। পরে গ্রন্থ বঙ্গায় বাঙ্গমীক নামে খ্যাত হইয়ছে।

রামারণ গ্রন্থখানির আমরা কিছ্ প্রশংসা করিয়াছি, কিন্তু বিশেষ প্রশংসা করিতে পারি না। উহাতে অনেক গ্রেন্তর দোষ আছে। আদ্যোপান্ত অক্সীলতাঘটিত। সীতার বিবাহ, রাবণকর্ত্বক সীতাহরণ, এ সকল অক্সীলতাঘটিত না ত কি? রামারণে কর্ণরসের অতি বিরল প্রচার। বানরকর্ত্বক সম্দূর্বথন, কেবল এইটিই রামারণের মধ্যে কর্ণরসাগ্রিত বিষয়। লক্ষ্মণভোজনে কিন্তিং বীররস আছে। বিশিতাদি ঋষিদিগের কিছ্ হাস্যরস আছে। ঋষিগণ বড় রসিক প্রবৃষ্ ছিলেন। ধন্মের কথা লইরা অনেক হাস্য পরিহাস করিতেন।

রামায়শের ভাষা যদিও প্রাঞ্জল এবং বিশদ বটে তথাপি অত্যন্ত অশ্বন্ধ বলিতে হইবে।

রামায়দের একটি কান্ডে বোদ্ধাদিশের কোন কথা না থাকায় তাহার নাম হইয়াছে "অবোদ্ধাকান্ড"। গ্রন্থকার তাহা "অবোদ্ধাকান্ড" না লিখিয়া "অবোধ্যাকান্ড" লিখিয়াছেন। প্রাচীন সংস্কৃত প্রন্থে এর্প অশ্বৃদ্ধ সংস্কৃত প্রায় দেখা যায়। আধ্বিনক ইউরোপীয় পন্ডিতেরাই বিশ্বৃদ্ধ সংস্কৃত অধিকারী।

বর্ষ সমালোচন

সম্বাদ পত্রের প্রথা আছে, নব বর্ষ প্রবৃত্ত হইলে গত বর্ষের ঘটনা সমালোচনা করিতে হয়। বঙ্গদর্শনি* সম্বাদপত্র নহে, সন্তরাং বঙ্গদর্শনি বর্ষসমালোচনে বাধ্য নহে। কিন্তু আমাদের কি সাধ করে না? যেমন অনেকে রাজা না হইয়াও রাজকায়দায় চলেন, যেমন অনেক কালা বাঙ্গালি হইয়াও সাহেব সাজিবার সাথে কোট পেন্টেল্ন আঁটেন, আমরাও তেমনি ক্ষ্মন্ত মাসিক পত্রিকা হইয়াও, দোর্ম্পন্ত প্রচণ্ড প্রতাপশালী সম্বাদপত্রের অধিকার গ্রহণ করিব, ইচ্ছা করিয়াছি।

কিন্তু মন্যাজাতির এমনই দ্রদৃষ্ট যে, যে যখন যে সাধ করে, তাহার সেই সাধে তখন বিঘা ঘটে। নৃতন বংসর গিয়াছে পৌষ মাসে, আমরা লিখিতেছি, অগ্রহায়ণ মাসের বঙ্গদর্শন! সন্ধানা, এ যে রাম না হইতে রামায়ণ! সোভাগ্যের বিষয় এই যে, বঙ্গদর্শন রচনাসন্বন্ধে কোন নিয়মই মানে না—অত্যন্ত স্বেচ্ছাচারী। অতএব আমরা মনের সাধ মনে না মিটাইয়া, সে সাধে বিষাদ ইত্যাদি অন্প্রাসের লোভ সন্বরণ করিয়া অগ্রহায়ণ মাসেই ১৮৭৫ সালের সমালোচনা করিব। অতএব হে গত বর্ষ! সাবধান হও, তোমাকে সমালোচনা করিব।

গত বৎসরে রাজকার্য্য কির্পে নির্বাহ প্রাপ্ত হইয়াছে, তদ্বিষয়ে অনেক অনুসন্ধান করিয়া জানিয়াছি যে, এই বৎসরে তিন শত পায়য়াট্ট দিবস ছিল, একদিনও কম হয় নাই। প্রতি দিবসে ২৪টি করিয়া ঘণ্টা, এবং প্রতি ঘণ্টায় ৬০টি করিয়া মিনিট ছিল। কোনটির আমরা একটিও কম পাই নাই। রাজপর্ব্রুমগণ ইহাতে কোন প্রকার হস্তক্ষেপণ করেন নাই। ইহাতে তাঁহাদিগের বিজ্ঞতার পরিচয় পাওয়া যায় বটে। অনেকে বলেন য়ে, এ বংসরে গোটাকত দিন কমাইয়া দিলে ভাল হইত; আমরা এ কথার অনুমোদন করি না; দিন কমাইলে কেবল চাকুরিয়াদিগের বেতন লাভ এবং সম্বাদপত্রলেথকদিগের শ্রমলাঘব; সাধারগের কোন লাভ নাই; (আমরা মাসিক, ১২ মাসে বারখানি কেহ ছাড়িবে না।) তবে গ্রীষ্মকালটি একেবারে উঠাইয়া দিলে ভাল হয় বটে। আমরা কর্তৃপক্ষগণকে অনুরোধ করিতেছি, বার মাসই শীতকাল থাকে, এমন একটি আইন প্রচারের চেষ্টা দেখুন।

আমরা শর্নিয়া দর্শখত হইলাম, এ বংসর সকলেরই এক এক বংসর পরমায়্ চুরি গিয়াছে। কথাটায় আমরা সম্পূর্ণ বিশ্বাস করি না। আমরা প্রত্যক্ষ দেখিতেছি, আমাদের ৭১ বংসর বয়স ছিল, এ বংসর ৭২ হইয়াছে। যদি পরমায়্ চুরি গেল, তবে এক বংসর বাড়িল কি প্রকারে? নিন্দক সম্প্রদায়ই এমত অযথার্থ প্রবাদ রটাইয়াছে।

এ বংসর যে স্বংসর ছিল, তাহার বিশেষ প্রমাণ এই যে, এ বংসর অনেকেরই সন্তান জনিয়াছে। টিল্টিমেন্টেল ডিপার্টমেন্টের স্বৃদক্ষ কম্মচিরিগণ বিশেষ তদন্তে জানিয়াছেন যে, কাহারও কাহারও প্র হইয়াছে, কাহারও কন্যা হইয়াছে, এবং কাহার গর্ভস্পাব হইয়া গিয়াছে। দ্বঃখের বিষয় এই যে, এ বংসর কতকগ্রলি মন্য়া, অধিক নহে, রোগাদিতে মরিয়াছে। শ্রনিয়াছি যে, এদেশীয় কোন মহাসভা পালিয়ামেন্টে আবেদন করিবেন যে, এই প্র্ণাভূম ভারতরাজ্যে মন্য়্য না মরিতে পায়। তাঁহারা এই র্প প্রস্তাব করেন যে, যদি কাহারও নিতান্ত মরা আবশ্যক হয়, তবে সে প্রলিশে জানাইয়া অন্মতি লইয়া মরিবে।

এ বংসর ফাইন্যান্সিরল ডিপার্টমেন্টের কাল্ড অতি বিচিত্র—আমরা শ্রুত হইরাছি বে, গবর্ণমেন্টের আরও হইরাছে, ব্যরও হইরাছে। ইহা বিস্ময়কর হউক বা না হউক, বিস্ময়কর ব্যাপার এই বে, ইহাতে গবর্ণমেন্টের টাকা, হয় কিছ্ উদ্বর্ড হইয়াছে, নয় কিছ্ অকুলান হইরাছে, নয় ঠিক ঠিক মিলিয়া গিয়াছে। আগামী বংসর (৭৬ সালো) টেক্স বসিবে কি না, তাহা এক্ষণে বলা যায় না, কিছ্ ভরসা করি, ৭৭ সালের এগ্রিল মাসে আমরা এ কথা নিশ্চিত বলিতে পারিব।

এই প্রবদ্ধ প্রথম বঙ্গদর্শনে প্রকাশিত হয়।

এবার বিচারালয় সকলের কার্য্যের আমরা বিশেষ স্বখ্যাতি করিতে পারিলাম না। সত্য বে. যে নালিশ করিয়াছে, তাহার বিচার হইয়াছে বা হইবে, এমন উদ্যোগ আছে, কিন্তু বাহারা नामिन करत नारे, जारात्मत्र भक्क कान विघात रत्र नारे। आमता रेश व्यक्तिक भारत ना; राशात्न সাধারণ বিচারালয়, সেখানে নালিশ কর ক বা না কর ক, বিচার চাই। কেহ রৌদু চাহ ক বা না চাহুক, সূর্যাদেব সর্বান্ত রোদ করিয়া থাকেন, কেহ বৃষ্টি চাহুক বা না চাহুক, মেঘ ক্ষেত্রে ক্ষেত্রে বৃষ্টি করিয়া থাকেন, এবং কেহ বিচার চাহ,ক বা না চাহ,ক, বিচারকের উচিত, গ্রহে গ্রহে ঢুকিয়া विठात कतिया जारमन । यीम त्कर वर्त्वन त्य, विठातक्रमण अतुभ विठातार्थ गुरूर गुरूर श्राटम করিতে গেলে গ্রেস্থগণের সম্মার্জনী সকল অকস্মাৎ বিঘা ঘটাইতে পারে, তাহাতে আমাদের বক্তব্য যে. গবর্ণমেন্টের কর্ম্মচারিগণ সম্মান্তর্নীকে তাদৃশ্য ভর করেন না-সম্মান্ত্র্নীর সঙ্গে নিন্দ্রশোর হাকিমদিগের বিলক্ষণ পরিচয় আছে এবং প্রায় প্রত্যহ ইহার সঙ্গে তাঁহাদের আলাপ হইয়া থাকে। যেমন ময়্র সপপ্রিয়, ই'হারাও তেমনি সম্মান্জনীপ্রিয়—দেখিলেই প্রায় ভক্ষণ করিয়া থাকেন। আমরা এমনও শানিয়াছি যে, গবর্ণমেন্টের কোন অধস্তন কর্ম্মাচারী প্রস্তাব করিয়াছেন যে. যেমন উচ্চশ্রেণীর কর্মাচারিগণের পরেস্কারের জন্য "অর্ডার অব দি স্টার অব ইণ্ডিয়া" সংস্থাপিত করা হইয়াছে, সেইরূপ নিন্দগ্রেণীর কম্মচারিগণের জন্য "অর্ডার অব দি ব্রুমুন্টিক " সংস্থাপিত করা হউক। এবং বিশেষ বিশেষ গণেবান ডিপ্রটি এবং সবজজ প্রভাতকে বাছিয়া বাছিয়া লাকলাইনের দড়িতে এই মহারম্নটিকে বাঁধিয়া তাঁহাদিগের গলদেশে লম্বমান করিয়া দেওয়া হউক। তাঁহাদের চাপকান চেন চাদরবিভূষিত সদাকম্পমান্ বক্ষে ইহা অপূर्व (गांछा धात्रंग कतित्व। त्राक्षश्चनामन्वत्भ श्रमेख रहेता हैंहा त्य नामत्त्र ग्रहीण रहेत्व. তাহা আমরা শপথ করিয়া বলিতে পারি। আমাদের কেবল আশুকা এই যে. এত উমেদওয়ার ষ্ট্রটিবে যে, ঝাঁটার সম্কুলান করা ভার হইবে।

গত বংসর স্বৃষ্টি ইইয়াছিল। কিন্তু সর্বাত্ত হয় নাই। ইহা মেঘদিগের পক্ষপাত বটে। যে সকল দেশে বৃত্তি হয় নাই, সে সকল দেশের লোকে গবর্ণ মেণ্টে এই মন্দ্র্য আবেদন করিয়াছেন, যে, ভবিষ্যতে যাহাতে সর্বাত্ত সমান বৃত্তি হয়, এমন কোন উপায় উন্তৃত হউক। আমাদিগের বিবেচনায় ইহার সদ্বৃপায় নির্বুপণ জন্য একটি কমিটি সংস্থাপিত করা উচিত। কোন কোন মান্য সহযোগী বলেন যে, যাদ সরকার হইতে মেঘদিগের বারবরদারি বরান্দ্র হয়, তাহা হইলে তাহাদিগের কোন দেশেই যাইবার আর আপত্তি থাকে না। কিন্তু আমাদিগের বিবেচনায় ইহাতেও স্বৃবিধা হইবে না—কেন না, বঙ্গদেশের মেঘসকল অত্যন্ত সোদামিনীপ্রিয়—সোদামিনীগাণকে ছাড়িয়া টাকার লোভেও দেশদেশান্তরে যাইতে স্বীকার করিবে না। আমরা প্রস্তাব করি যে, মেঘ সকল এবালিশ করিয়া দিয়া, ভিস্তীর বন্দোবস্তু করা হউক। ক্ষেত্রে একজন চাপরাশী বা স্ব্যোগ্য ডিপ্র্টি এক একজন ভিস্তীকে দীর্ঘ বংশথণ্ডে বাঁধিয়া উদ্বে উত্থিত করিয়া তুলিয়া ধরিবেক, ভিস্তী তথা হইতে ক্ষেত্রে জল ছড়াইয়া, পারে ত নামিয়া আসিবে। ভাল হয় না?

আমাদের দেশের কামিনীগণ যে দেশহিতৈষিণী নন—নহিলে ভিন্তীর প্রয়োজন হইত না। তাঁহারা যদি প্রাত্যহিক সাংসারিক কান্নাটা মাঠে গিয়া কাঁদিয়া আসেন, তাহা হইলে অনায়াসেই কৃষিকার্য্যের স্বিধা হয় ও মেঘ ডিপার্টমেন্ট এবালিশ করা যাইতে পারে। তবে আমরা লোকের শারীরিক ও মানসিক মঙ্গলার্থ বলি যে, আকাশব্দিটর পরিবর্ত্তে নারীনরনাশ্র্র আদেশ করিতে গোলে, একট্ব পাকা রকম প্রলিশের বন্দোবস্তু করা চাই। মেঘের বিদ্যুতে অধিক প্রাণী নাশ হয় না; কিন্তু রমণীনরনমেঘের কটাক্ষ-বিদ্যুতে, মাঠের মাঝখানে, চাষা-ভূষোর ছেলেদের কি হয় বলা যায় না—প্রলিশ থাকা ভাল।

শ্নিলাম, শিক্ষাবিভাগে বড় গোলবোগ উপস্থিত হইয়াছে। শ্নিরাছি, অনেক বিদ্যালয়ের ছাত্রেরা এক একটা কাণমাপা কাটি প্রস্তুত করিয়াছে। তাহাদের মনে বোর স্লেন্ছ উপস্থিত হইয়াছে—তাহারা বলে, অধ্যাপকদিগের প্রবদেশিয়গ্রালি মাপিয়া দেখিব—নহিলে তাহাদিগের নিকট পাড়িব না। আমরা ভরসা করি, মাপকাটি ছোট পাড়িবে, এমত সম্ভাবনা কোথাও নাই।

ষাহা হউক, দুর্বংসর হউক, সূবংসর হউক, তিনটি নিগ্রু তত্ত্ব আমরা দ্বির জানিতে পারিতেছি—তহিষয়ে কোন সংশয় নাই।

প্রথম, বংসরটি চলিয়া গিয়াছে। এ বিষয়ে মতান্তর নাই।

দ্বিতীয়, বংসর গিয়াছে. আর ফিরিবে না। ফিরাইবার জন্য কেহ কোন উদ্যোগ পাইবেন না। নিজ্ফল হইবে।

তৃতীয়, ফিরে আর না ফিরে, পাঠক! আপনার ও আমার পক্ষে সমান কথা. কেন না, আপনার ও আমার প'চান্তরেও ঘাস জল, ছিয়ান্তরেও ঘাস জল। আপনার মঙ্গল হউক, আপনি ঘাস জলের প্রতি দৃষ্টি রাখিবেন।

কোন "ম্পেশিয়ালের" পত্র

যুবরাজের সঙ্গে যে সকল "দেপশিয়াল" আসিয়াছিলেন, তাঁহাদিগের মধ্যে একজন কোন বিলাতীয় সম্বাদপত্রে নিম্নলিখিত পত্রখানি লিখিয়াছিলেন, আমরা অনুবাদ করিয়া প্রকাশ করিতেছি। সে বিলাতীয় সম্বাদপত্রের নামের জন্য যদি কেহ আমাদিগকে পীড়াপীড়ি করেন, তবে আমরা লাচার হইব। সম্বাদপত্রের নাম আমরা জানি না, এবং কোথায় দেখিয়াছিলাম, তাহা সমরণ নাই। পত্রখানির মুম্ম এই—

যুবরাজের সঙ্গে আসিয়া বাঙ্গালা দেশ যের্প দেখিলাম. তাহা এই অবকাশে বর্ণনা করিয়া আপনাদিগকে আপ্যায়িত করিব ইচ্ছা আছে। আমি এদেশ সম্বন্ধে অনেক অনুসন্ধান করিয়াছি, অতএব আমার কাছে যের্প ঠিক সম্বাদ পাইবেন. এমন অন্যের কাছে পাইবেন না। এদেশের নাম "বেঙ্গল"। এ নাম কেন হইল, তাহা দেশী লোকে বালতে পারে না। কিন্তু দেশী লোকে এদেশের অবস্থা সাবিশেষ অবগত নহে, তাহারা জানিবে কি প্রকারে? তাহারা বলে, প্রেব্ধে ইহার এক প্রদেশকে বন্ধ বালত, তৎপ্রদেশের লোককে এখনও "বাঙ্গাল" বলে, এজন্য এদেশের নাম "বাঙ্গালা"। কিন্তু এদেশের নাম বাঙ্গালা নহে—ইহার নাম "বেঙ্গল"—তাহা আপনারা সকলেই জানেন। অতএব এ কথা কেবল প্রবর্ণনা মাত্র। আমার বোধ হয়, বেঞ্জামিন গল (Benjamin Gall) সংক্ষেপতঃ বেন্ গল্ নামক কোন ইংরেজ এই দেশ প্রেব্ধ আবিষ্কৃত এবং অধিকৃত করিয়া আপন নামে বিধ্যাত করিয়াছিলেন।

রাজধানীর নাম "কালকাটা" (Calcutta) "কাল" এবং "কাটা" এই দুইটি বাঙ্গালা শব্দে এই নামের উৎপত্তি। এই নগরীতে কাল কাটাইবার কোন কণ্ট নাই, এই জন্যই ইহার নাম "কালকাটা"।

এদেশের লোক কতকগর্নাল বোরতর কৃষ্ণবর্ণ, কতকগর্নাল কিণ্ডিং গোর। যাহারা কৃষ্ণবর্ণ, তাহাদিগের প্রবর্ষে বোধ হয় আফ্রিকা হইতে আসিয়া বাস করিয়াছিল; কেন না, সেই কৃষ্ণবর্ণ বাঙ্গালিদিগের মধ্যে অনেকেই কৃণ্ডিত কেশ: নরতত্ত্বিদেরা ছির করিয়াছেন, কৃণ্ডিত কেশ হইলেই কাফ্রি। আর যাহারা কিণ্ডিং গোরবর্ণ, বোধ হয় তাহারা উপরিক্থিত বেন্ গল্সাহেবের বংশসম্ভূত।

দেখিলাম, অধিকাংশ বাঙ্গালি মাণ্ডেন্টরের তন্তুপ্রস্তুত বন্দ্র পরিধান করে। অতএব প্রপাইই সিদ্ধান্ত হইতেছে যে, ভারতবর্ষ মাণ্ডেন্টরের সংস্তবে আসিবার পূর্বে, বঙ্গদেশের লোক উলঙ্গ থাকিত। এক্ষণে মাণ্ডেন্টরের অনুকম্পার ভাহারা বন্দ্র পরিয়া বাঁচিতেছে। ইহারা সম্প্রতি মাত্র বন্দ্র পরিতে আরম্ভ করিরাছে, কি প্রকারে বন্দ্র পরিধান করিতে হয়, ভাহা এখনও ঠিক করিরা উঠিতে পারে নাই। কেহ কেহ আমাদিগের মত পেণ্টুলন পরে, কেহ কেহ তুর্ক দিগের মত পায়-জামা পরে, এবং কেহ কেহ কাহার অনুকরণ করিবে, তাহার কিছুই দ্বির করিতে না পারিরা বন্দ্রগালি কেবল কোমরে জড়াইয়া রাখে।

অতএব দেখ, ব্রিটিশ রাজ্য বেঙ্গল দেশে এক শত বংসর হইয়াছে মাত্র, ইতিমধ্যেই অসভ্য জাতিকে বন্দ্র পরিধান করিতে শিখাইয়াছে। স্বতরাং ইংলন্ডের যে কি অসীম মহিমা এবং তদ্দ্বারা ভারতবর্ষের যে কি পরিমাণে ধন এবং ঐশ্বর্যা বৃদ্ধি হইতেছে, তাহা বলিরা উঠা ধার না। তাহা ইংরেজই জানে। বাঙ্গালিতে বৃত্তিকতে পারে, এত বৃদ্ধি তাহাদিগের থাকা সম্ভব নহে।

দ্রংখের বিষয় যে, আমি কর্মানন বাঙ্গালিদিগের ভাষার অধিক ব্যুৎপত্তি লাভ করিতে পারি নাই; তবে কিছু কিছু শিখিয়াছি। এবং গোলেস্তান্ এবং বোস্তান নামে যে দুইখানি বাঙ্গালা প্রস্তুক আছে, তাহার অনুবাদ পাঠ করিয়াছি। ঐ দুইখানি প্রত্কের স্থুল মন্ম এই যে, ব্রধিন্ঠির নামে রাজা, রাবণ নামে আর একজন রাজাকে বধ করিয়া তাহার মহিষী মন্দোদরীকে হরণ করিয়াছিল। মন্দোদরী কিছুকাল বৃন্দাবনে বাস করিয়া কৃষ্ণের সঙ্গে লীলাখেলা করেন। পরিশোষে তাঁহার পিতা, কৃষ্ণের নিমন্দাণ না করায় তিনি দক্ষয়ভে প্রাণত্যাগ করেন।

আমি কিছু কিছু বাঙ্গালা শিখিয়াছি। বাঙ্গালিরা হাইকোর্ট কে হাইকোর্ট বলে, গবর্ণ মেণ্টকে গবর্ণ মেণ্ট বলে, ডিক্রীকৈ ডিক্রী বলে, ডিব্রমিষকে ডিব্রমিষ, রেলকে রেল, ডোরকে ডোর, ডবলকে ডবল, ইত্যাদি ইত্যাদি বলে। ইহাতে স্পষ্টই প্রতীয়মান হইতেছে যে, বাঙ্গালা ভাষা ইংরেজির একটি শাখা মাত্র।

ইহাতে একটি সন্দেহ উৎপদ্ম হইতেছে। যদি বাঙ্গালা ইংরেজির শাখাই হইল, তবে ইংরেজেরা এদেশে আসিবার প্রের্ব এদেশে কোন ভাষা ছিল কি না? দেখ, আমাদিগের খ্রান্টের নাম হইতে ইহাদিগের প্রধান দেবতা কৃষ্ণের নাম নীত হইয়াছে, এবং অনেক ইউরোপীয় পশ্ডিতের* মতে ইহাদিগের প্রধান প্রন্তুক তৎপ্রণীত ভগবদ্গীতা বাইবেল হইতে অনুবাদিত। স্তুরাং বাইবেলের প্রের্ব যে ইহাদিগের কোন ভাষা ছিল না, ইহা একপ্রকার ছির। তাহার পর কবে ইহাদিগের ভাষা হইল, বলা যায় না। বোধ করি, পশ্ডিতবের মক্ষম্লর মনোযোগ করিলে এ বিষয়ে মীমাংসা করিতে পারেন। যে পশ্ডিত মীমাংসা করিয়াছেন যে, অশোকের প্রের্ব আর্যোরা লিখিতে জানিত না, সেই পশ্ডিতই এ কথার মীমাংসায় সক্ষম।

আর একটি কথা আছে। সর উইলিয়ম জোন্স হইতে মক্ষমলের পর্যান্ত প্রাচ্যবিং পণ্ডিতেরা বলেন যে, এদেশে সংস্কৃত নামে আর একটি ভাষা আছে। কিন্তু এদেশে আসিয়া আমি কাহাকেও সংস্কৃত কহিতে বা লিখিতে দেখি নাই। সত্তরাং এদেশে সংস্কৃত ভাষা থাকার বিষয়ে আমার বিশ্বাস নাই। বোধ হয়, এটি সর উইলিয়ম জোন্স প্রভৃতির কারসাজি। তাঁহারা পশারের জন্য এ ভাষাটি স্থিতি করিয়াছেন।

যাহা হৌক, উহাদিগের সামাজিক অবস্থা সম্বন্ধে কিছু বলিব। তোমরা শ্বনিয়াছ যে, হিন্দ্রো চারিটি জাতিতে বিভক্ত; কিন্তু তাহা নহে। ইহাদিগের মধ্যে অনেকার্নল জাতি আছে, তাহাদের নাম নিম্নে লিখিতেছি।

১। ব্রাহ্মণ, ২। কারস্থ, ৩। শ্রে, ৪। কুলীন, ৫। বংশজ, ৬। বৈষণব, ৭। শাক্ত, ৮। রার, ১। ঘোষাল, ১০। টেগোর, ১১। মোলো, ১২। ফরাজি, ১৩। রামায়ণ, ১৪। মহাভারত, ১৫। আসাম গোরালপাড়া, ১৬। পারিয়া ডগস্।

বাঙ্গালিদিগের চরিত্র অত্যন্ত মন্দ। তাহারা অত্যন্ত মিথ্যাবাদী, বিনা কারণেও মিথ্যা কথা বলে। শর্নারাছি, বাঙ্গালিদিগের মধ্যে শ্রেণ্ঠ পশ্ডিত বাব্ রাজেন্দ্রলাল মিত্র। আমি অনেক-গর্নালন বাঙ্গালিকে জিজ্ঞাসা করিয়াছিলাম যে, তিনি কোন্ জাতি? সকলেই বলিল, তিনি কারস্থ। কিন্তু তাহারা আমাকে ঠকাইতে পারিল না; কেন না, আমি সেই পশ্ডিতবর মক্ষম্লরের গ্রন্থে! পড়িয়াছি যে, বাব্ রাজেন্দ্রলাল মিত্র ব্রান্ধা। দেখা যাইতেছে যে, ''Mitra'' শব্দ ''Mitre'' শব্দের অপশ্রংশ, অতএব মিত্র মহাশয়কে প্ররোহিতজাতীয়ই ব্রুঝায়।

বাঙ্গালিদিগের একটি বিশেষ গুল এই যে, তাহারা অত্যন্ত রাজভক্ত। যের প লাখে লাখে তাহারা যুবরাজকে দেখিতে আসিরাছিল, তাহাতে বোধ হইল যে, ঈদৃশ রাজভক্ত জাতি আর প্রিবীতে কোথাও জন্মগ্রহণ করে নাই। ঈশ্বর আমাদিগের মঙ্গল কর্ন, তাহা হইলে তাহা-দিগেরও কিছু মঙ্গল হইতে পারে।

বাঙ্গালিরা স্থালৈকিদিগকে প্রদানশীন করিয়া রাখে শ্না আছে। ইহা সত্য বটে, তবে সর্ব্বাহ নয়। * * যখন কোন লাভের কথা না থাকে, তখন স্থালাকিদিগকে অন্তঃপ্রের রাখে, লাভের স্কুনা দেখিলেই বাহির করিয়া আনে। আমরা বের্প ফোলিংপিস লইয়া ব্যবহার করি, বাঙ্গালিরা পোরাঙ্গনা লইয়াও সের্প করে; যখন প্রয়োজন নাই, তখন বান্ধবন্দি করিয়া রাখে,

^{*} Dr. Lorinzer &c.

[†] সাবধান, কেহ হাসিবেন না। মহামহোপাধ্যার পশ্ভিত ভুগাল্ভ ক্রার্ট বধার্থই এই মতাবলব্দী ছিলেন।

[!] Chips from a German Workshop.

^{**} বাঙ্গালী স্থালাকেরা কেহ কেহ অন্তঃপ্র পরিত্যাগ করিয়া রাজপ্রেকে অভার্থনা করিয়াছিল।

শিকার দেখিলেই বাহির করিয়া তাহাতে বার্দ পোরে। বন্দ্বকের সিসের গর্বলিতে ছার পক্ষিজাতির পক্ষছেদ হয়, বাঙ্গালির মেয়ের নয়নবাণে কাহার পক্ষছেদের আশা করে বলিতে পারি না। আমি বাঙ্গালির কন্যার অঙ্গাভরণের যের্প গর্শ দেখিয়াছি, তাহাতে আমার ইচ্ছা করে, আমারও ফোলিংপিসটিকে দুই একখানা সোণার গহনা পরাইব—দেখি, পাখী ঘ্রিয়া আসিয়া বন্দ্বকের উপর পড়ে কি না।

তব্ন নয়নবাণে কেন, শ্নিয়াছি বাঙ্গালির মেয়ে নাকি প্রক্রপবাণ প্রয়োগেও বড় সন্পট্। হিশ্ব সাহিত্যাক্ত প্রক্রপারে, আর এই বঙ্গকামিনীগণের পরিত্যক্ত প্রক্রপারে কোন সন্বন্ধ আছে কি না, তাহা আমি জানি না; যদি থাকে, তবে বাঙ্গালির মেয়েকে দ্রাকাঞ্চিশী বলিতে হইবে। শ্নিয়াছি, কোন বাঙ্গালি কবি নাকি লিখিয়াছিলেন "কি ছার মিছার ধন্, ধরে ফ্লবাণ"; এখন কথাটা একট্ব ফিরাইয়া বলিতে হইবে. "কি ছার মিছার ফ্ল, মারে ফ্লবান"। যাহা হউক, ফ্লবাণ সচরাচর প্রচলিত না হইয়া উঠে। বাঙ্গালায় ইংরেজ টেকা ভার হইবে—আমার সর্বাদ ভয় করে, আমি এই গরিব দোকানদারের ছেলে. দ্ব-টাকার লোভে সম্দ্র পার হইয়া আসিয়াছি—কে জানে, কখন বঙ্গকুলকামিনী-প্রেরিত কুস্মশর আসিয়া, এই ছেড়া তান্ব্ ফ্টা করিয়া, আমার ক্রদয়ে আঘাত করিবে, আমি অমনি ধপাস্ করিয়া চিতপাত হইয়া পড়িয়া যাইব! হায়! তখন আমার কি হইবে! কে মুথে জল দিবে!

আমি এমত বলি না যে, সকল বাঙ্গালির মেয়ে এর্প ফোলিংপিস, অথবা সকলেই এর্প প্রুপক্ষেপদী প্রেরণে সচতুরা। তবে কেহ কেহ বটে, ইহা আমি জনরবে অবগত হইয়াছি। শ্রনিয়াছি, তাঁহারা নাকি ভর্তুনিয়োগান্সারেই এর্প কার্য্যে প্রবৃত্ত। এই ভর্তুগণ দেশীয় শাদ্যান্সারেই এই পদ্ধতি অবলম্বন করিয়াছেন। হিন্দ্র্দিগের যে চারিটি বেদ আছে—তাহার মধ্যে চাণক্যপ্লোক নামক বেদে (আমি এ সকল শাদ্যে বিশেষ ব্যুংপদ্ম হইয়াছি) লেখা আছে যে, আত্মানং সততং রক্ষেৎ দারৈরগি ধনৈরগি।

ইহার অর্থ এই, হে পদ্মপলাশলোচনে শ্রীকৃষ্ণ! আমি আপনার উন্নতির জন্য তোমাকে এই বনফ্রলের মালা দিতেছি, তুমি গলায় পর।

BRANSONISM*

জন ডিক্সন সাহেবকে ফোজদারী আদালতে ধরিয়া আনিয়াছে। সাহেব বড় কালো,তা হলে হয় কি, সাহেব ত বটে—পাড়াগে য়ে কাছারিতে বিচার দেখিতে অনেক রঙ্গদার লোক ছন্টিয়া গেল। বিচার একটা দেশী ডিপ্র্টির কাছে হইবে। তাহাতে সাহেবের কিছন্ কট; তবে মনে মনে ভরসা আছে যে, বাঙ্গালিটা ভয়ে আমাকে ছাড়িয়া দিবে। ডিপ্র্টি মহাশ্যের রকম দেখিয়াও তাই বোধ হয়, একটা তেকেলে ব্রুড়ো—নিরীহ রকম ভাল মানুষ; জড়সড় হইয়া বসিয়া আছে।

এদিকে কনন্টেবল মহাশয়েরা কতকটা ভয়ে ভয়ে সাহেব মহাশয়কে ডকস্থ করিলেন। সাহেব ডকস্থ হইয়াই একটা গরম হইয়া হাকিমের পানে চাহিয়া চোখ ঘ্রাইয়া একটা বাঁকা বাঁকা ব্লিতে বলিলেন, "সে হামাকে টোমরা হেখানে কেন আনিলো?"

হাকিম বলিল, "কি জানি সাহেব! কেন আনিলো—তুমি কি করেছ?"

সাহেব। या करत ना किन, छोमात সাতে হামার कान वार्ष হোবে ना।

হাকিম। কেন সাহেব?

সাহেব। টুমি কালা বাঙ্গালি আছে।

হাকিম। তার পর?

সাহেব। হামি সাহেব আছে।

शांकिम। তা ত দেখ्ছि—তাতে कि श्ला?

সাহেব। তোমার—িক বলে? সেটা লেই।

হাকিম। তব্ ভাল—মাত্ভাষা ধরেছ, এতক্ষণ বাঁকা বাঁকা বাঁল ধরেছিলে কেন? কি নেই?

সাহেব। সেই ঝাতে মোক শ্বমা করে—সে তুমি জানে না?

* Ilbert বিল সম্বন্ধীয় বিবাদকালে ইহা লিখিত হয়।

হাকিম। সাহেব, আমি ভাল মান্য—তোমায় এখনও কিছ্ বলি নাই—কিন্তু আর "তুমি" "তুমি" করিও না—জরিমানা করিব।

সাহেব। ট্রাম মোর জরিমানা করিতে পারে না—আমি সাহেব আছে—তোমার সেই সেটা—

कि यल-स्मा लाहे।

হাকিম। কি নেই সাহেব?

সাহেব। সেই ষে—জর্ভিকেশন।

হাকিম। ওহো- Jurisdiction? বটে। তুমি কি বিলাতী সাহেব?

সা। হামি সাহেব আছে।

হা। त्रश्ोा এত काल किन?

সা। মুই কোয়লার কাম করেছিল।

হা। তোমার বাপের নাম কি?

সা। বাপের নামে কোটের কি কাম আছে?

হা। বলি সেটা জানা আছে কি?

সা। হামার বাপ বড় আদমি ছেলো—লেকেন লামটা এখন মনে পড়ছে না।

হাকিম। মনে কর না হয়। তোমার নামটা কি?

সাহেব। আমার নাম জান সাহেব—জান ডিক্সন্।

হা। বাপের নাম ডিক্সন্ নর?

সা। হোবে—ডিক্সন্ হোতে পারে—লেকেন—

বাদীর মোক্তার এই সময়ে বলিল, "হ্জ্র, ওর বাপের নাম গোবদ্ধনি সাহেব।"

সাহেব রাগ করিয়া বালল, "গোবন্ধন হইলো ত কি হইলো—তোমার বাপের নাম যে রামকান্ত—তোমার বাপ চূড়া বেচিত—আমার বাপ বড় আদমি ছেলো।"

হাকিম। তোমার বাপ কি করিত?

সাহেব। বড় লোকের সাদি দিত।

হাকিম। সে আবার কি? ঘটকালি করিত না কি?

মোক্তার। আজ্ঞে না—বিবাহের বাজনার জয়ঢাক ঘাড়ে করিত।

অনেকে হাসিল। হাকিম জ্বারস্ডিক্সনের আপত্তি নামঞ্জ্ব করিয়া বিচারে প্রবৃত্ত হইলেন। ফরিয়াদীকে তলব করায় র্পার পৈছা হাতে নধর কালো কোলো একজন স্ত্রীলোক উপস্থিত হইল। তাহাকে ষের্প জিজ্ঞাসাবাদ করা হইল, আর সে ষের্প উত্তর দিল, নিন্দের লিখিতেছি:—

প্রশ্ন—তোমার নাম কি?

উত্তর-রঙ্গিণী জেলেনী।

প্রশন-তুমি কি কর?

উত্তর। বিল খালে মাছ ধরে বেচি।

আসামী সাহেব কহিল, "ঝ্টা বাত! ও স্টেকি মাছ বেচে।"

জেলেনী বলিল, "তাও বেচি। তাহাতেই ত তুমি মরেছ।"

প্রশন। তোমার কিসের নালিশ?

উত্তর। চুরির নালিশ।

প্রশন। কৈ চুরি করেছে?

উত্তর। (সাহেবকে দেখাইয়া) এই বান্দীর ছেলে।

সাহেব। মুই সাহেব আছে—মুই বান্দী লই।

প্রশন। কি চুরি করেছ?

উত্তর। এই ত বলিলাম—এক মঠো স্টেকি মাছ।

श्रमा कि तकत्म हृति कतिल?

উত্তর। আমি ডালা পাতিরা তাতে স্টেকি মাছ সাজাইরা বেচিতেছিলাম—একজন খন্দের এলো—তা তার পানে ফিরে কথা কইতেছিলাম—এমন সময়ে সাহেব ডালা থেকে এক মুঠা মাছ তুলে নিয়ে পাকেটে প্রবিল। প্রশ্ন। তার পর, তুমি টের পেলে কেমন ক'রে?

উত্তর। পাকেটের যে আধখানা বই ছিল না—তা সাহেবের মনে ছিল না। স্টেকি মাছ সব ফুটো দিয়া মাটিতে পড়িয়া গোল।

এই কথা শর্নিয়া সাহেব রাগ করিয়া বলিল, "না বাব্রজি! ওর চুপড়িটাই ফ্টো, তাই মাছ বেরইয়ে পডেছিল।"

জেলেনী বলিল, "ওর পাকেটে দুই চারিটা মাছ পাওয়া গিয়াছিল।"

সাহেব বলিল, "সে মুই দাম দেবে ব'লে নিয়েছেলো।"

সাক্ষীর দ্বারা প্রমাণ হইল যে, ডিক্ সন সাহেব স্টুটিক মাছ চুরি করিয়াছেন। তখন হাকিম, সাহেবের জবাব লিখিতে বসিলেন। সাহেব জবাবে কেবল এই কথা বলিলেন যে, কালা বাঙ্গালির আমার উপর "জুটিকেশন নেই।" সে আপত্তি অগ্রাহ্য করিয়া হাকিম তাহাকে এক হপ্তা করেদের হুকুম দিলেন। দুই চারি দিন পরে এই কথাটা কলিকাতার একখানা ইংরেজি দৈনিক পত্রের সম্পাদকের কালে সেল। পর দিন প্রভাতে সেই পত্রের সম্পাদকীয় উক্তিমধ্যে নিম্নোজ্ত লীভর দেখা গেল।

"THE WISDOM OF A NATIVE MAGISTRATE.—A story of lamentable failure of justice and race antipathy has reached us from the Mofussil. John Dickson, an English gentleman of good birth though at present rather in straightened circumstances had fallen under the displeasure of a clique of designing natives headed by one Rungini Jeliani, a person, as we are assured on good authority, of great wealth, and considerable influence in native society. He was hauled up before a native Magistrate on a charge of some petty larceny which, if the trial had taken place before a European Magistrate, would have been at once thrown out as preposterous, when preferred against a European of Mr. Dickson's position and character. But Baboo Ialadhar Gangooly, the ebony-coloured Daniel before whose awful tribunal, Mr. Dickson had the misfortune to be dragged, was incapable of understanding that petty larcenies, however congenial to sharp intellects of his own country, have never been known to be perpetrated by men born and bred on English soil, and the poor man was convicted on evidence the trumpery character of which, was probably as well known to the magistrate as to the prosecutors themselves. The poor man pleaded his birth, and his rights as a European British subject, to be tried by a magistrate of his own race, but the plea was negatived for reasons we neither know nor are able to conjecture. Possibly the Babu was under the impression that Lord Ripon's cruel and nefarious Government had already passed into Law the Bill which is to authorize every man with a dark skin lawfully to murder and hang every man with a white one. May that day be distant yet! Meanwhile we leave our readers to conjecture from a study of the names Ialadhar and Ialiani whether the tie of kindred which obviously exists between prosecutor and magistrate has had no influence in producing this extraordinary decision."

এই লীডর বাহির হইলে পর উহা পড়িয়া জেলার মাজিন্টেট সাহেব জলধরবাবৃকে চাপরাশি পাঠাইয়া তলব করিয়া আনিলেন। গরিব রাহ্মণ নবমীর পাঁঠার মত কাঁপিতে কাঁপিতে হ্জুরের কাছে গিয়া উপস্থিত হইল। তিনি সেলাম করিতে না করিতে সাহেব গরম হইয়া বিলেন, ''What do you mean, Babu, by convicting a European British subject?''

ডিপ্রটি। What European British subject, Sir?

विष्या ब्राज्यावनी

Read here, I suppose you can do that. I am going to report you to the Government for this piece of folly.

এই বিলয়া সাহেব কাগজখানা বাব্র কাছে ফেলিয়া দিলেন বাব্র কডাইয়া লইয়া পডিলেন। সাহেব বলিলেন, 'Do you now understand?''

Deputy. Yes, Sir, but this man was not a European British subject.

Magistrate. How do you know that?

Deputy. He was very dark.

Magistrate. Do you find it laid down in the Law that a fair skin is the only evidence by which a man shall be adjudged to be a European subject? Deputy. No. Sir.

Magistrate. Well, what other evidence did you take?

এখন ডিপ্রটিবার্রটি বহুকালের ডিপ্রটি—জানিতেন যে, তর্কে তাঁহার জিত নিশ্চিত, কিন্ত তর্কে জিতিলেই বিপদ। অতএব স্কুচতুর দেশী চাকুরের যাহা কর্ত্তব্য,—তাহা করিলেন, তর্ক ছাডিয়া দিলেন। বলিনেন, "I do not presume to discuss the matter with you, Sir, I see I was wrong, and I am very sorry for it."

এখন মাজিম্মেট সাহেব নিতান্ত বোকা নহেন, ভিতরে ভিতরে একট্র রঙ্গদার। এই কথা শানিরাই তিনি জিজ্ঞাসা করিলেন, "Very sorry for what?"

Deputy. For convicting a European British subject.

Magistrate. Why so?

Deputy. Because it is very wrong for a native to convict a European British subject.

Magistrate. Why very wrong?

ডিপ্রটিটি সাহেবকে এক হাটে কিনিতে আর এক হাটে বেচিতে পারে। অমনি উত্তর দিল, "Very wrong, because a European British subject cannot commit a crime and a native cannot judge honestly."

Magistrate. Do you admit that?

Deputy. I do not see why I should not. I try to do my duty to the best of my ability, but I speak of my countrymen generally.

Magistrate. You don't think your countrymen ought to try Europeans? Deputy. Most certainly they should not. The glorious British Empire will come to an end if they do.

Magistrate. Well, Babu, I am glad to see you are so sensible. I wish all your countrymen were equally so; at least that all native magistrates were like you.

Deputy. Oh Sir! how can you expect it, when there are men at the top of our service who think differently.

Magistrate. Are you not yourself near the top? You must have served long.

Deputy. Unfortunately my claims to promotion have always been overlooked. I thought of speaking to you, Sir, on the subject.

Magistrate. You certainly deserve promotion. I will write to the Commissioner and see what can be done for you.

फिन्टिं **ज्थन मूहे हार्ज रामाम क**ित्रहा छेठिया शास्त्रनः। এই समरह करान्छे सारहर, राष्ट्र সাহেবের কাছে আসিয়া উপস্থিত হইলেন। ডিপর্টি বাহির হইয়া গেল জয়েণ্ট দেখিলেন। জ্যেতি, বড় সাহেবকৈ জিল্ঞাসা করিলেন "What could you have been saying to this fellow?'

Magistrate. Oh! He is very amusing.

Joint. How so?

Magistrate. He is both fool and knave. He thinks of pleasing me by traducing his own countrymen.

Joint. And did you tell him your mind?

Magistrate. O no! I promised him promotion, which I will try to get for him. He has at least the merit of not being conceited. A conceited native is perfectly useless as a subordinate, and I prefer encouraging men to make a moderate estimate of their own merits.

এ দিকে, ডিপন্টি ফিরিয়া আসিলে পর, আর এক ডিপন্টি বাব্র সঙ্গে তাঁহার সাক্ষাং হইল। দোশরা ডিপন্টি জলধরকে বলিলেন, "সাহেবের কাছে গিয়াছিলেন না কি?"

জলধর। হাঁ। কৈ পাপে পড়েছি!

২রা ডিপর্টি। কেন?

জলধর। সৈ দিনকার সেই বাপ্দী বেটাকে কয়েদ দিয়াছিলাম বলিয়া, সাহেব বলে, গবর্ণ-মেপ্টে আমার নামে রিপোর্ট করিবে।

২রা ডিপর্টি। তার পর?

জলধর। তার পর আর কি? প্রমোশ্যনের রিপোর্ট করিয়ে এলেম।

২রা ডিপর্টি। সে কি? কি মন্তে?

জলধর। মন্ত্র আর কি? দুটো মন রাখা কথা।

হন্মদ্বাব্সংবাদ

একদা প্রাতঃসূর্য্যকিরণোন্তাসিত কদলীকুঞ্জে শ্রীমান্ হন্মান বায়্র সেবনার্থ পরিভ্রমণ করিতেছিলেন। তাঁহার পরম রমণীয় লাঙ্গনুলবল্লী চক্রে চক্রে কুণ্ডলীকৃত হইয়া কখন প্রত্যু, কখন স্বন্ধে, কখন বৃক্ষশাখায় শোভিত হইতেছিল। চারি পাশে মর্ত্রমান, চাঁপা, কাঁচালি প্রভৃতি নানাজাতীয় স্পুক্ক এবং অপক রস্তা বৃক্ষ হইতে থরে থরে, কাঁদিতে কাঁদিতে শোভা পাইয়া স্বান্ধে দিক্ আমোদিত করিয়াছিল। বীরবর, কখন কোন গাছ হইতে এক আধটা পাড়িয়া, কখন আঘাণ, কখন চুন্বন, কখন লেহন এবং কদাচিং চর্ব্বণ করিয়া কদলীজাতীয় ফলমাত্রের অনস্ত মাধ্র্য সন্বন্ধে বহ্তর মানসিক প্রশংসা করিতেছেন। এমত সময়ে দৈবযোগে ব্ট, কোট, পেণ্টালন, চেন, চসমা, চুর্ট, চাব্কধারী ট্প্যাব্তমন্তক এক নব্য বাব্তথায় উপভিত। হন্মান্টদ্র দ্র হইতে এই অপ্র্বে ম্তি দেখিয়া মনে মনে ভাবিলেন, "কে এ? আকার ইঙ্গিতে বোধ হইতেছে, নিশ্চয় কিছ্কিয়্যা হইতে এ আসিতেছে। এর্প পরান্ত্রত বেশ, গমন, চাহনি প্রভৃতি অন্য কোন দেশে অসম্ভব। এ আমার স্বদেশী ও স্বজ্ঞাতি, অতএব ইহাকে আমি অবশ্য আদর করিব।"

এই ভাবিয়া, মহাত্মা পবনাত্মজ এক সরস চম্পককদলীবৃক্ষ হইতে উল্জন্ম হরিদ্রাবর্ণ এক গ্রুছ সন্পক কদলী উদ্মোচন করিয়া আদ্রাণ করিলেন। এবং তাহার দ্রাণে পরিতৃষ্ট হইয়া অতিথিসংকারে তংপ্রয়োগ মনে মনে ছির করিলেন। ইত্যবসরে সেই ট্পিকোটপরিবৃত মোহন মৃত্তি বীরবরের সম্মৃখাগত হইয়া তাহাকে সন্বোধন করিল। বিলল—''Good morning Mr. Hanuman! how do you do? So glad to see you! Ah! I see you are at break-fast already.''

হন্মান্ কহিলেন, "কিমিদং? কিং বদসি?"

বাব। What's that? I suppose that is the Kish-kinda patois? It is a glorious country—is it not? "There is a land of every land the pride."—and so on, as you know.

হন্। কম্বং! কম্মান্জনপদাৎ আগতোলি?

বাব। (জনাভিকে) It seems most barbarous gibberish—that precious lingo

of his; but I suppose I must put up with it. (2500) My dear Mr. Monkey, I am ashamed to confess that I am not quite familiar with your beautiful vernacular. I dare say it is a very polished language. I presume you can talk a little English.

তখন সেই মহাবীর প্রন্নন্দন সহসা মহাচক্ষ্মর ঘ্লিত করিয়া বৃহং লাঙ্গ্লপাশ বিস্তারণ প্রেক তাহা বাব্ জি মহাশয়ের গলদেশে অপিত করিলেন। এবং কুণ্ডলী করিয়া জড়াইতে লাগিলেন। তখন বাব্ মহাশয় হাঁ করিয়া ফেলিলেন, মুখের চুরুট পড়িয়া গেল। বলিলেন,

"I say—this seems somewhat—"

লেজের আর এক পে'চ।

"Somewhat unmannerly—to say the least—"

আর এক পে'চ।

"Dear Mr. Hanuman-you will hurt me."

আর এক পে'চ।

"Kind-good Mr. Hanuman."

হন্মান্ তথন বাব্ন মহাশয়কে লেজে করিয়া উদ্ধের্ব তুলিয়া ফেলিলেন, বাব্র টুপি, চসমা, এবং চাব্ক পড়িয়া গেল; কোট-পকেট হইতে ঘড়ি বাহির হইয়া চেনে ঝ্লিতে লাগিল। তথন বাব্র ম্থ শ্লাইল—ডাকিলেন, "ও হন্মান্ মহাশয়, ঘাট হয়েছে, ছাড়! ছাড়! ছাড়! রক্ষা কর! গরিবের প্রাণ যায়।"

তখন হন্মান্, বাব্র প্রতি সদয় হইয়া তাঁহাকে ভূতলে স্থাপনপ্র্থক লাঙ্গলপাশ হইতে তাঁহাকে বিম্বন্ধ করিলেন। অবসর পাইয়া বাব্ ট্পি. চসমা, চাব্ক কুড়াইয়া পরিলেন। হন্মান্ বলিলেন, "মহাশয়! দ্বাখত হইবেন না। আপনার ব্লি ইংরেজি, বেশ কিচ্চ্নিয়া, এবং ম্খতা পাহাড়ে-রকম দেখিয়া আপনার জাতি নির্প্ণার্থ আপনাকে এতটা কণ্ট দিয়াছি। এক্ষণে—"

বাবু। একণে কি?

হন্। এক্ষণে ব্রিয়াছি যে, আপনার জন্ম বঙ্গদেশীয় কোন মহিলার গভের্ত। এখন আপনি ক্লান্ত আছেন—একটা কদলী ভোজন করিবেন?

এখন বাব্ জির যের প জিব শ্কাইয়া আসিয়াছিল, তাহাতে একট্ সরস কদলী ভোজন অতিশয় আবশ্যক বলিয়া বোধ হইল—তিনি তখন প্রীত হইয়া উত্তর করিলেন, "With the greatest pleasure."

হন্। আপনার যে দেশে জন্ম, কদলী এবং বার্ত্তাকু অনুসন্ধানে আমি মধ্যে মধ্যে সে দেশে গমন করিয়া থাকি; এবং তন্দেশীয়া স্ক্রেরীগণ বড়ি নামে যে স্ক্রাদ্ ভোজা প্রস্তুত করিয়া থাকে, তাহাও কদাপি বিনান্মতিতে রামান্চর-সেবায় নিযুক্ত করিয়াছি। অতএব আমি বাঙ্গালা উত্তম বুঝি। অতএব মাড়ভাষাতেই আমার সঙ্গে বাক্যালাপ কর।

বাব্। তার আশ্চর্য্য কি? আপনি কলা দিতে চাহিতেছেন? আমি অতিশয় আহ্মাদের সহিত আপনার কদলী ভক্ষণ করিব।

হন্মান্ তথন বাব, মহাশয়কে এক ছড়া কলা ফেলিয়া দিলেন। সে দেবদ্ধ্রভি কদলী খাইয়া বাব, অতিশয় প্রতি হইলেন। হন্মান্ জিজ্ঞাসা করিলেন, "কেমন কলা?"

বাব,। অতি মিন্ট—delicious!

হন্। হে ট্প্যাব্ত মহাপ্র্য! মাতৃভাষায় কথা কও।

বাব,। ওটা আমার ভূল হইয়াছে, এইবার আমাকে Excuse কর্ন—

इन्। ठाई वा कारक वरन?

বাবু। আমাকে মাপ কর্ন—আমি বড়—কি বলব?—ইংরেজি কথাটা forgetful—তার বাঙ্গালা কি?

হন্। বংস! তোমার কথোপকথনে আমি প্রীত হইয়াছি। তুমি আরও কলা খাইতে পার। যত ইচ্ছা তত খাইতে পার। গাছে আছে, পাড়িয়া দিতেছি। আর আমা হইতে তোমার যদি কোন কার্য্য সিদ্ধ হইতে পারে, তবে তাহাও আমাকে বল, আমি তংসাধনে তংপর হইব। বাব,। ধন্যবাদ, হে আমার প্রিয় বানর মহাশর! এক্ষণে আপনার প্রতি আমি অতিশয় বাধ্য বোধ করিব, আপনি যদি দয়ালারপে আমাকে একটি বিষয় ব্যুঝাইয়া দেন।

इन्। कि विश्वत, दृ विश्वन्?

বাব্। সেই বিষয়, হন্মান্, যাহার অনুরোধে আপনার এখানে আসিয়াছি। আপনি রামরাজ্য দেখিয়াছেন। রামরাজ্যের মত রাজ্য না কি কখন হয় নাই—কেহ কেহ বলেন, সে সকল গল্প মাত্র, fable—

হন্। (চক্ষ্মারক্ত, এবং দ্রংদ্ধা বিম্কু) রামরাজ্য গল্প! বেটা, তবে আমিও গল্প? তবে আমার এই লাঙ্গ্লও একটা গল্প? দেখ্, তবে কেমন গল্প!

এই বলিয়া মহাক্রোধে হন্মান্ সেই অনস্ত কুণ্ডলীকৃত মহালাঙ্গুল আবার বাব্ বেচারার দক্ষে স্থাপন করিলেন। তথন বাব্ বিশ্বক্ষবদনে বলিলেন, "থাম থাম, হে মহালাঙ্গুল, তুমিও গল্প নও—তোমার লাঙ্গুল ত নহেই—সে বিষয়ে আমি শপথ করিতে পারি। কাজে কাজেই তোমার রামরাজ্যও গল্প নহে —The proof of the pudding is in the eating thereof—কথাটা কি, তুমি রামের দাস—আমি ইংরেজের দাস। তোমার রাম বড়, কি আমার ইংরেজ বড়? আমার ইংরেজ রাজ্যে একটা ন্তন জিনিস হইতেছে—তোমার রামরাজ্যে তা ছিল কি?

रन्। जिनिमणे कि? म्लक कप्ली?

বাব্। তা না। local self-government.

श्ना । एम कि?

বাব,। স্থানীয় আত্মশাসন। ছিল তোমাদের?

হন্। ছিল না ত কি? স্থানীয় আত্মশাসন ত স্থানবিশেষে আত্মশাসন? তাহা আমরা সম্প্রদাই করিতাম। আমার আত্মশাসন ছিল লাঙ্গুলে। লাঙ্গুলে আমি আত্মশাসন না করিলে ত্রেতায়্গের অন্ধ্রেক লোক সম্দ্রে চুব্নি খেয়ে মরিত। যখনই আমার লেজ সড়্ সড়্ করিত, ইচ্ছা হইত অম্ক্রের গলায় দিই; তখনই আমি লাঙ্গুল স্থানে আত্মশাসন করিতান—লেজটাকে পদ্বয়মধ্যে ল্কায়িত করিতাম। এমন কি, যে দিন স্বয়ং রামচন্দ্র সীতা দেবীকে অগিতে প্রবেশ করিতে বলেন, সে দিন আমার এই স্থানীয় আত্মশাসন না থাকিলে—এই লাঙ্গুল রামচন্দ্রের গলাতেই যাইত—আমার স্থানীয় আত্মশাসনগুণে লেজ পদ্বয়মধ্যে বিনান্ত হইল। আরও আমরা যখন লঞ্কা অবর্ক্ধ করিয়া বিসয়াছিলাম, তখন আহারাভাবে আমাদের সকলেরই আত্মশাসন উদরে নিহিত হইয়া সে অগুলে স্থানীয় হইয়া পাড়িয়াছিল।

वादः। মহাশয়ের ব্রিঝবার ভূল হইতেছে—সের্প আত্মশাসনের কথা বলিতেছি না।

হন্। শোনই না, স্থানীয় আত্মশাসন বড় ভাল। যথা—স্বীলোকের আত্মশাসন রসনায় হইলে উত্তম স্থানীয় আত্মশাসন হইল। ব্রাহ্মণ পশ্চিতের আত্মশাসনে শ্রনিয়াছি না কি ছানা সম্পেশের হাঁড়িতে স্থানীয় হইলেই বড় ভাল হয়। তোমাদের আত্মশাসন—

বাব,। কোথায়? প্রুচ্ঠ?

হন্। না। তোমাদের পৃষ্ঠ শাসনান্তর ক্ষেত্র বটে—কিন্তু তোমাদের আত্মশাসনের যথার্থ ক্ষেত্র তোমাদের চক্ষ্য দুইটি।

ববি,। সে কি রকম?

হন্। তোমাদের কালা পাইলেও তোমরা কাঁদ না। সে ভাল। রাগ্রিদিন খ্যান খ্যান, প্যান প্যান করিলে, প্রভূগণ জ্বনলাতন হইবার সম্ভাবনা।

वाव,। त्म याराहे रुखेक, आमि तम अपर्थ महानीय आधामामत्मत कथा विमार्जिकमाम ना।

হন্। তবে কি অর্থে?

বাব্। শাসন কাহাকে বলে, জানেন ত?

হন্। অবশ্য। তোমাকে চড় মারিলে তুমি শাসিত হইলে। এই ত শাসন?

বাব্। তা নয়, রাজশাসন জানেন না?

হন্। তা জানি। কিন্তু সে অথে, তুমি নিজে রাজা না হইলে আত্মশাসন করিবে কি প্রকারে?

বাব্। (স্বগত) একেই বলে বাঁদ্বরে ব্নিদ্ধ! (প্রকাশ্যে) বাদ রাজা দয়া করিয়া আপনার কাজ আমাদের কিছু ছাড়িয়া দেন?

वीच्या ब्राज्यावणी

হন্। তা হলে সে রাজারই লাভ। তিনি আপনার কাজ পরের ঘাড়ে দিয়া পাটরাণী নিয়ে রঙ্গ কর্ন, আর আমরা তাঁর খাট্নি খেটে মরি! এই ব্লি তোমাদের রামরাজ্য? হা রাম!

বাব্। কথাটা এখনও আপনার বোঝা হয় নাই। Freedom—liberty কাহাকে বলে জানেন?

হন্। কিম্পিন্ধ্যার কলেজে ওসব শেখায় না।

বাব:। Freedom বলে স্বাধীনতাকে। স্বাধীনতা কাহাকে বলে জানেন ত?

হন্। আমি বনের পশ্ব, স্বাধীনতা জানি না ত কি তুমি জান?

वार्। ভाल। তা यে भीतमाल मन्या न्वाधीन श्रेत, रेमरे भीतमाल मन्या मन्यी।

हन्। अर्थाः रय भित्रमाल मन्या भग्राचार आछ हहेरत. स्महे भित्रमाल मन्या मन्या।

বাব,। মহাশর! রাগ করিবেন না। কিন্তু এ কথাগ্রলা নিতান্ত হন্মানের মত হইতেছে।

হন্। আমি ত তাহাই, বাবুর মত কথাগুলি কি শুনি।

বাব, । স্বাধীনতাশ,ন্য মন্যাজন্মই পশ,জন্ম। পরাধীনেরা গো মহিষাদির ন্যায় রচজন্বদ্ধ হইয়া তাড়িত হয়। সোভাগ্যক্রমে আমাদের রাজপুর,ষেরা আজন্ম স্বাধীন—

হন্। আমাদের মত।

वात्। आण्राभामन स्मरे न्वाधीतनत लक्षण।

হন্। আমরাও সেই লক্ষণবিশিষ্ট। আমাদের মধ্যে আত্মশাসন ভিন্ন রাজশাসন নাই। আমরা প্রথিবীমধ্যে স্বাধীন জাতি। তোমরা কি আমাদের মত হইতে চাও?

বাব,। ছি!ছি! ব, ঝিলাম, বাঁদরে আত্মশাসন ব, ঝিতে পারে না।

दन्। ठिक कथा छारे! आरेम, मृदे ज्ञात कमली एडाजन कति।

গ্ৰাম্য কথা

প্রথম সংখ্যা-পাঠশালার পণ্ডিত মহাশয়

টিপ্ টিপ্ করিয়া বৃষ্টি পড়িতেছে; আমি ছাতি মাথায়, গ্রাম্য পথ দিয়া হাঁটিতৈছি। বৃষ্টিটা একট্ব চাপিয়া আসিল। তখন পথের ধারে একখানা আটচালা দেখিয়া, তাহার পরচালার নীচে আশ্রয় লইলাম। দেখিলাম, ভিতরে কতকগর্বাল ছেলে বই হাতে বাসিয়া পড়িতেছে। একজন পশ্ডিত মহাশয় বাঙ্গালা পড়াইতেছেন। কাণ পাতিয়া একট্ব পড়ানটা শ্বনিলাম। দেখিলাম, পশ্ডিত মহাশয়ের ব্যাকরণের উপর বড় অন্রয়া। একট্ব উদাহরণ দিতেছি। পশ্ডিত মহাশয় একজন ছাত্রকে জিজ্ঞাসা করিলেন, "বল দেখি, ভূ ধাতুর উত্তর ক্ত প্রত্য়ে করিলে কি হয়?"

ছাত্রটি কিছ, মোটা-ব্যন্ধি, নাম শ্বনিলাম, "ভোঁদা।" ভোঁদা ভাবিয়া চিন্তিয়া বলিল, "আজ্ঞা,

ভূ ধাতুর উত্তর ক্ত করিলে ভূক্ত হয়।"

পশ্ডিত মহাশর, ছাত্রের মূর্থতা দেখিরা চটিয়া উঠিলেন এবং তাহাকে "মূর্থ!" "গর্ন্দভ!" প্রভৃতি নানাবিধ সংস্কৃত বাক্যে অসংস্কৃত করিলেন। ছাত্রও কিছ্ গরম হইয়া উঠিল, বলিল "কেন পশ্ডিত মহাশর! ভুক্ত শব্দ কি নাই?"

পণ্ডিত। থাকিবে না কেন? ভুক্ত কিসে হয়, তা কি জানিস্না?

ছাত্র। তা জানিব না কেন? ভাল করিয়া চিবিয়া গিলিয়া ফেলিলেই ভুক্ত হয়।

পশ্তিত। বেলিক ! বানর ! তাই কি জিজ্ঞাসা কর্ছি ?

তখন ভোঁদার প্রতি বড়ই অসভুষ্ট হইয়া তিনি তাহার পার্ধবন্তী ছাত্র রামকে জিজ্ঞাসা করিলেন, "ভাল, রাম, তুমিই বল দেখি, ভুক্ত শব্দ কি প্রকারে হয়?"

রাম বলিল, "আজ্ঞা, ভুজ ধাতুর উত্তর ক্ত করিয়া ভুক্ত হয়?"

পান্ডিত মহাশর ভোঁদাকৈ বালিলেন, "শ্নালি রে ভোঁদা? তোর কিছ্ হবে না?" ভোঁদা রাগিরা বলিল, "না হয় না হোক্—আপনার যেমন পক্ষপাত!"

পশ্চিত। পক্ষপাত আবার কি রে, হন্মান্!

ভোদা। ওর কপালে "ভূজো", আমার কপালে "ভূ"?

ছাত্র যে স্কেব্দীর "ভূজো" এবং অদ্ভেটর তারতম্য স্মরণ করিয়া অভিমান করিয়াছে,

পশ্ডিত মহাশয় তাহা ব্ঝিলেন না। রাগ করিরা ভোঁদাকে এক ঘা প্রহার করিলেন, এবং আদেশ করিলেন, "এখন বল্, ভূ ধাতুর উত্তর ক্ত করিলে কি হয়?"

ভৌদা। (চোখে জল) আজে, তাঁ জানি না।

পণ্ডিত। জানিস নে? ভূত কিসে হয়, জানিস নে?—

ভোদা। আজে তা জানি। মলেই ভূত হয়।

পশ্ডিত। শ্ওর! গাধা! ভূ ধাতুর উত্তর ক্ত করে ভূত হয়।

ভোঁদা এতক্ষণে ব্রিঝল। মনে মনে স্থির করিল, মরিলেও যা হয়, ভূ ধাতুর উত্তর ক্ত করিলেও তা হয়। তখন সে বিনীতভাবে পশ্ভিত মহাশয়কে জিজ্ঞাসা করিল, "আজ্ঞে, ভূ ধাতুর উত্তর ক্ত করিলে কি শ্রাদ্ধ করিতে হয়?"

পশ্ডিত মহাশয় আর সহ্য করিতে পারিলেন না। বিরাশী সিন্ধা ওজনে ছাত্রের গালে এক চপেটাঘাত করিলেন। ছাত্র পর্স্তকাদি ফেলিয়া দিয়া কাঁদিতে কাঁদিতে বাড়ী চলিয়া গেল। তথন বৃত্তি ধরিয়া আসিয়াছিল, রঙ্গ দেখিবার জন্য আমিও সঙ্গে সঙ্গে গেলাম। ভোঁদার মাতার গৃহ বিদ্যালয় হইতে বড় বেশী দ্র নয়। ভোঁদা গৃহপ্রবেশকালে কামার স্বর দ্বিগ্ল বাড়াইল, এবং আছাড়িয়া পড়িল। দেখিয়া ভোঁদার মা তার কাছে এসে সাম্বনায় প্রবৃত্ত হইল। জিজ্ঞাসা করিল "কেন, কি হয়েছে, বাবা?"

ছেলে মাকে ভেঙ্গাইয়া বলিল, "এখন কি হয়েছে, বাবা! এমন ইম্কুলে আমায় পাঠাইয়াছিলি কেন পোড়ারমূখী?"

মা। কেন, কি হয়েছে, বাবা?

ছেলে। পোড়ারমূখী এখন বলেন, কি হয়েছে, বাবা! শিগ্গির তোর ভূ ধাতুর পর ক্ত হোক। শিগ্গির হোক! আমি তোর শ্রাদ্ধ করি।

মা। সে আবার কি বাপ! কাকে বলে?

ছেলে। শিগ্গির তোর ভূ ধাতুর পর ক্ত হোক। শিগ্গির হোক।

মা। সে কি মরাকে বলে বাপ?

ছেলে। তা না ত কি? আমি তাই বলতে পারি নাই ব'লে পশ্ডিত মশাই আমায় মেরেছে।

মা। অধঃপেতে মিন্সে। আক্রেল নেই! আমার এই এক রতি ছেলের আর কত বিদ্যা হবে! যে কথা কেউ জানে না, তাই বল্তে পারে নি ব'লে ছেলেকে মারে! আজ মিন্সেকে আমি একবার দেখ্বো।

এই বলিয়া গাছকোমর বাঁধিয়া ভোঁদার মাতা পশ্ডিত মহাশয়ের দর্শনাকাঞ্চায় চলিলেন। আমিও পিছ্ন পিছ্ন চলিলাম। সেই সন্প্রবতীকে অধিক দ্রে যাইতে হইল না। তথন পাঠশালা বন্ধ হইয়াছিল। পশ্ডিত মহাশয় গ্রে প্রত্যাবর্ত্তন করিতেছিলেন, পথিমধেয়ই উভয়ে সাক্ষাং হইল। তথন ভোঁদার মা বলিল, "হাাঁ গা, পশ্ডিত মহাশয়, যা কেউ জানে না, আমার ছেলে তাই বল্তে পারে নি ব'লে কি এমনি মার মার্তে হয়?"

পণ্ডিত। ও গো, এমন কিছ্ম শক্ত কথা জিজ্ঞাসা করি নাই। কেবল জিজ্ঞাসা করিয়াছিলাম, ভত কেমন ক'রে হয়।

ভৌদার মা। ভূত হয় গঙ্গা না পেলেই। তা ও সব কথা ও ছেলেমান্য কেমন ক'রে জানবে গা? ও সব কথা আমাদের জিজ্ঞাসা কর।

পশ্ডিত। ও লো, সে ভূত নয় লো।

ভোঁদার মা। তবে কি গোভূত?

পশ্ভিত। সে সব কিছন নয় গো, তুমি মেয়েমান্য কি ব্ৰবে? বলি একটা ভূত শব্দ আছে।

ভোঁদার মা। ভূতের শব্দ আমি অমন কত শানেছি। তা ও ছেলেমান্য, ওকে কি ও সব কথা ব'লে ভয় দেখাতে আছে?

আমি দেখিলাম যে, এ পশ্ভিতে পশ্ভিতে সমস্যা, শীঘ্র মিটিবে না। আমি এ রঙ্গের অংশ পাইবার আকাশ্কার অগ্রসর হইরা পশ্ভিত মহাশরকে বলিলাম. "মহাশর, ও স্থালাক, ওর সঙ্গে বিচার ছেড়ে দিন। আমার সঙ্গে বরং এ বিষয়ের কিছু বিচার কর্ন।"

পণ্ডিত মহাশয় আমাকে ব্রাহ্মণ দেখিয়া, একটা সম্ভ্রমের সহিত বলিলেন, "আপনি প্রশ্ন কর্ন।"

আমি বলিলাম, "আচ্ছা, ভূত ভূত করিতেছেন, বলুন দেখি ভূত কর্মট?"

পশ্ডিত সন্তুষ্ট হইয়া বলিলেন, "ভাল, ভাল। পশ্ডিতে পশ্ডিতের মতই কথা হয়। শন্নলি মাগা ?" তার পর আমার দিকে ফিরিয়া, এমনই মুখখানা করিলেন, যেন বিদ্যার বোঝা নামাইতেছেন। বলিলেন, "ভূত পাঁচটি।"

তখন ভোঁদার মা গড়িজারা উঠিয়া বলিল, "তবে রে মিন্সে? তুই এই বিদ্যায় আমার

ছেলে মারিস্! ভূত পাঁচটা! পাঁচ ভূত, না বারো ভূত?"

পশ্ডিত। সে কি, বাছা! ও ঠাকুরটিকে জিজ্ঞাসা কর, ভূত পঞ্চ। ক্ষিতাপ-

ভোঁদার মা। বারো ভত নয় ত আমার এতটা বিষয় খেলে কে? আমি কি এমনই দঃখী

ভোঁদার মা তখন কাঁদিতে আরম্ভ করিল। আমি তখন তাহার পক্ষাবলম্বনপূর্বেক বলিলাম, "छैनि या र्वामालन, তा २८७ भारत। जरनक ममराउटे भाना यात्र, जरनरकत विषयं महेशा कुछ्शम আপনাদিশের পিতকৃত্য সম্পন্ন করে। কখন শোনেন নাই, অমুকের টাকাটায় ভূতের বাপের শ্ৰাদ্ধ হইতেছে?"

কথাটা শানিয়া, পণ্ডিত মহাশয় ঠিক ব্রিডেে পারিলেন না, আমি বাঙ্গ করিতেছি, কি সত্য र्वामार्का । किन ना त्रिक्षो किन्द्र श्रुम। ठाँक এको एकगाना प्रिथा आमि र्वामामा "মহাশয়, এ বিষয়ের প্রমাণ প্রয়োগ ত সকলই অবগত আছেন। মন, বলিয়াছেন,—

"কুপণানাং ধনজৈব পোষ্যকুষ্মান্ডপালিনাম। ভূতানাং পিতৃপ্রাদ্ধেষ, ভবেরজ্ঞাং ন সংশয়ঃ॥"*

পশ্ডিত মহাশরের সংস্কৃতজ্ঞান ঐ ভূ ধাতুর উত্তর ক্ত পর্যন্ত। কিন্তু এ দিকে বড় ভয়, পাছে সেই শিষ্যমণ্ডলীর সম্মুখে, বিশেষতঃ ভোঁদার মার সম্মুখে আমার কাছে পরান্ত হয়েন—অতএব যেমন শ্রনিলেন, "ভূতানাং পিতৃপ্রান্ধেষ্ ভবেল্লন্ডাং ন সংশয়ঃ।" অমনই উত্তর করিলেন. "মহাশয়, যথার্থ আজ্ঞা করিয়াছেন। বেদেই ত আছে.—

"অন্তি গোদাবরীতীরে বিশালঃ শাক্ষলীতরঃ"

শ্বনিয়া ভোঁদার মা বড় তৃপ্ত হইল। এবং পশ্ডিত মহাশয়ের ভূয়সী প্রশংসা করিয়া বলিল, "তা, বাবা! তোমার এত বিদ্যা, তব, আমার ছেলে মার কেন?"

পশ্ডিত। আরে বেটি, তোর ছেলেকে এমনই বিদ্বান করিব বলিয়াই ত মারি! না মারিলে

एकांमात भा। वावा! भातित्व यीम विमा रश. जटव आभारमत वाड़ीत कर्खािंग्रेत किছ, रत्ना না কেন? ঝাটায় বল, কোঁস্তায় বল, আমি ত কিছুতেই কসুর করি না।

পশ্ভিত। বাছা! ও সব কি তোমাদের হাতে হয়? ও আমাদের হাতে।

ভোঁদার মা। বাবা! আমাদের হাতে কিছুই জোরের কসুর নাই। দেখিবে?

এই বলিয়া ভোঁদার মা একগাছা বাঁকারি কুড়াইয়া লইল। পণ্ডিত মহাশয়, এইরূপ হঠাৎ অধিক বিদ্যালাভের সম্ভাবনা দেখিয়া, সেখান হইতে উদ্ধান্ধাসে প্রস্থান করিলেন। শ্রনিয়াছি সেই অবধি পণ্ডিত মহাশয়, আর ভোঁদাকে কিছু, বলেন নাই। ভূ ধাতু লইয়া পাঠশালায় আর গোল-যোগ হয় নাই। ভোঁদা বলে, "মা, এক বাঁকারিতে পণ্ডিত মহাশয়কে ভতছাড়া করিয়াছে।"

দ্বিতীয় সংখ্যা—ধ্ৰু-শিক্ষা

I. THEORY.

"পড় বাবা, মাতৃবং পরদারেষ্য।" ছেলে। সে कारक वरन. वावा?

 অস্যার্থ। কুসলদিশের ধন আর বাঁহারা পোষ্যপ্তর্প কুম্মান্ডগর্বল প্রতিপালন করেন, তাঁহাদিগের ধন ভূতের বাপের শ্রান্ধে নন্ট হইবে সন্দেহ নাই।

বাপ। এই যত স্থালোক পরের স্থা, সবাইকে আপনার মা মনে করিতে হয়।

ছেলে। তারা সবাই আমার মা?

বাপ। হাঁ বাবা, তা বৈ কি।

ছেলে। বাবা, তবে তোমার বড় জনলা হলো। আমার মা হ'লে তারা তোমার কে হ'লো, বাবা?

বাপ। ছি!ছি!ছে! অমন কথা কি বলতে আছে! পড়. "মাতৃবং পরদারেষ, পরদ্রবাষ, লোচ্ট্রবং।"

ছেলে। অর্থ कि হলো, বাবা?

বাপ। পরের সামগ্রীকে লোভের মত দেখ্বে।

ছেলে। লোষ্ট কি?

বাপ। মাটির ঢেলা।

ছেলে। বাবা, তবে ময়রা বেটাকে আর সন্দেশের দাম না দিলেও হয়—মাটির ঢেলার আর দাম কি?

বাপ। তা নয়। পরের সামগ্রী মাটির মত দেখ্বে—নিতে যেন ইচ্ছা না হয়।

एहला। वावा, कुमात्त्रत वावना निथ्ल इस ना?

বাপ। ছি বাবা! তোমার কিছ্ম হবে না দেখ্ছি। এখন পড়, "মাতৃবং পরদারেষ্ম পরন্রবাষ্ম লোচ্ট্রবং।

আত্মবং সৰ্বভূতেষ্ট্ৰ যঃ পশ্যতি স পশ্চিতঃ॥"

ছেলে। আত্মবং সর্ব্বভূতেষ, কি. বাবা?

বাপ। এই আপনার মৃত সকলকেই দেখুবে।

ছেলে। তা হলেই ত হলো। যদি পরকে আপনার মত ভাবি, তা হ'লে পরের সামগ্রীকে আপনারই সামগ্রী ভাব্তে হবে, আর পরের স্থাকৈও আপনার স্থাী ভাব্তে হবে।

বাপ। দুর হ! পাজি বেটা, ছঃচো বেটা। (ইতি চপেটাঘাত)

II. PRACTICE.

(5)

কাদন্দিনী নামে কোন প্রোঢ়া কলসীকক্ষে জল আনিতে যাইতেছে। তখন অধীতশাস্ত্র সেই বালক, তাহার সম্মুখে আসিয়া উপস্থিত।

ছেলে। বলি, মা!

কাদন্বিনী। কেন, বাছা! আহা, ছেলেটির কি মিন্ট কথা গো! শ্বনে কান জবুড়ায়।

ছেলে। মা, সন্দেশ খেতে একটি পয়সা দে না মা!

कार्नान्वनी। वावा, आमि मुश्थी मान्य, भग्नमा काथा भाव, वावा?

ছেলে। দিবিনে বেটি? মুখপ্রিড়! হতভাগি! আঁটকুড়ি!

कान। जा मत्ना! कारनत अमन श्राकात्रमात्था ष्टरल!

ছেলে। দিবিনে বেটি, (ইতি প্রহার এবং কলসী-ধ্বংস)

(পরে ছেলের বাপ সেই রঙ্গভূমে উপন্থিত)

বাপ। এ কি রে বাঁদর?

ছেলে। কেন, বাবা! এ যে আমার মা। মার সঙ্গে যেমন করি, ওর সঙ্গেও তেমনি করেছি
—"মাতৃবং পরদারেম্ন।" কই মাগি, বাবাকে দেখে তুই ঘোমটা দিলি নে?

()

ময়রা আসিয়া ছেলের বাপের কাছে নালিশ করিল যে, ছেলের জনলায় আর দোকান করা ভার, ছেলে দোকান লঠে করিয়া সকল মিঠাই মন্ডা লইয়া আসে। গোয়ালা আসিয়া ক্ষীর ছানা সম্বন্ধে সেইরুপ নালিশ করিল।

বাপ তখন ছেলেকে ধরিয়া আনিয়া প্রহার আরম্ভ করিলেন। ছেলে বলিল, "মার কেন বাবা?"

বাপ। মার্ব না? তুই পরের দ্রব্য সামগ্রী লাটে পটে আনিস্।

ছেলে। বাবা চোরের ভর হয়েছে, তাই ঢিল কুড়িয়ে জমা করেছি—পরের সামগ্রী ত ঢিল।

সরস্বতীপ্জা উপস্থিত। বাপ প্রাতঃকালে ছেলেকে বাললেন, "যা, একটা ডুব দিয়ে এসে অঞ্জাল দে—নহিলে খেতে পাবিনে।"

ছেলে। খেয়ে দেয়ে বিকেলে অঞ্জলি দিলে হয় না?

বাপ। তাও কি হয়? খেয়ে কি অঞ্জলি দেওয়া হয় রে পাগল?

ছেলে। তবে এ বছরের অঞ্জলি আর বছরে একেবারে দিলে হয় না? এবার বড় শীত। বাপ। তা হয় না—সরস্বতীকে অঞ্জলি না দিলে কি বিদ্যা হয়?

ছেলে। একটা বছর কি ধারে বিদ্যা হয় না?

বাপ। দ্রে মুর্খ! যা, ডুব দিয়ে আস্গে যা। অঞ্জলি দেওয়া হ'লে দ্টো ভাল সন্দেশ দেব এখন।

"আচ্ছা" বালিয়া ছেলে নাচিতে নাচিতে ডুব দিতে গোল। বড় শীত—তেমনি বাতাস—জল কন্কনে। তখন ছেলে ভাবিয়া চিন্তিয়া, ঘাটে একটা পাঁচ বছরের বান্দীর ছেলে রহিয়াছে দেখিয়া, তাহাকে ধরিয়া, গোটা দ্বই চুবানি দিল। তারপর তাকে জল হইতে তুলিয়া টানিয়া বাপের কাছে ধরিয়া আনিল। বালিল, "বাবা! নেয়ে এসেছি।"

বাপ। কই বাপ্ম, কই নেয়েছ?

एहल। এই य वान्नी एडाँड़ा होत्य अतिह।

বাপ। বড় কাজই করেছ—তুই নেয়ে এসেছিস কই?

ছেলে। বাবা, "আত্মবং সর্বভূতেম্"—ওতে আমাতে কি তফাং আছে? ওর নাওয়াতেই আমার নাওয়া হয়েছে। এখন সন্দেশ দাও।

পিতা বেরহস্তে প্রের পিছ্র পিছ্র ছর্টিলেন। প্র পলাইতে পলাইতে বলিতে লাগিল, "বাবা শাস্ত জানে না।"

কিছ্ পরে সেই স্থাশিক্ষিত বালকের পিতা শ্বনিলেন যে, সে ওপাড়ার শিরোমণি ঠাকুরের টোলে গিয়া শিরোমণি ঠাকুরকে বিলক্ষণ প্রহার করিয়াছে। ছেলে ঘরে এলে পিতা জিজ্ঞাস্য করিলেন, "আবার এ কি করেছিস?"

ছেলে। কি করি বাবা! তুমি ত ছাড়বে না—বেত মারিবেই মারিবে। তাই আপনা আপনি সেই বেত খেরেছি।

পিতা। সে কি রে বেটা?—আপনা আপনি কি? শিরোমণি ঠাকুরকে মেরেছিস্ যে? ছেলে। বাবা—আত্মবং সর্বভূতেম্—শিরোমণি ঠাকুরে আর আমাতে কি আমি তফাং দেখি? পিতা প্রতিজ্ঞা করিলেন, ছেলেকে আর লেখাপড়া শিখাইবেন না।

বাঙ্গালা সাহিত্যের আদর DRAMATIS PERSONÆ

১। উচ্চদরের উচ্চার্শিক্ষত বাঙ্গালী বাব্র।

২। তস্য ভার্য্যা।

উচ্চশিক্ষিত। কি হয়? ভার্য্য। পড়ি শর্নি। উচ্চ। কি পড়?

ভাৰ্য্য। বা পড়িতে জানি। আমি তোমার ইংরাজিও জানি না, ফরাশীও জানি না, ভাগ্যে বা আহে, তাই পড়ি।

উচ্চ। ছাই ভঙ্মা বাঙ্গলাগলো পড় কেন? ওর চেয়ে না পড়া ভাল যে। ভার্যা। কেন? উচ্চ। ওগালো সব immoral, obscene, filthy.

ভার্যা। সে সব কাকে বলে?

উচ্চ। Immoral কাকে বলে জান-এই ইয়ে হয়-অর্থাং যা morality-র বিরুদ্ধ।

ভার্য্যা। সেটা কি চতুৎপদ জন্তুবিশেষ?

উচ্চ। না না—এই কি জান—ওর আর বাঙ্গলা কোথা পাব? এই যা moral নয়—তাই আর কি।

ভার্য্যা। মরাল কি? রাজহংস?

উচ্চ। ছি! ছি! O woman! thy name is stupidity.

ভার্য্যা। কাকে বলে?

উচ্চ। বাঙ্গলা কথায় ত আর অত ব্রঝান যায় না—তবে আসল কথাটা এই যে, বাঙ্গলা বই পড়া ভাল নয়।

ভার্য্যা। তা. এই বইখানা নিতান্ত মন্দ নয়-গল্পটা বেশ।

छेक । এक ताजा जात मृत्या मृत्या मृत्ये तागीत गल्भ ? ना नल-ममराखीत गल्भ ?

ভার্য্যা। তা ছাড়া আর কি গলপ হ'তে নেই?

উচ্চ। তা ছাড়া তোমার বাঙ্গলায় আর কিছু আছে না কি?

ভার্যা। এটা তা নয়। এতে কাট্লেট্ আছে, ব্র্যান্ডি আছে, বিধবার বিবাহ আছে— বৈষ্ণবীর গীত আছে।

উচ্চ। Exctly তাই ত বলছিলাম, ও ছাইভস্মগ্রলো পড়া কেন?

ভার্যা। কেন, পড়িলে কি হয়?

উচ্চ। পড়িলে demoralize হয়।

ভার্য্যা। সে আবার কি? ধেমোরাজা হয়?

উচ্চ। এমন পাপও আছে! Demoralize কি না—চরিত্র মন্দ হয়।

ভার্য্য। স্বামী মহাশয়! আপনি বোতল বোতল ব্রান্ড মারেন, বাদের সঙ্গে বসিয়া ও কাজ হয়, তারা এমনই কুচরিত্রের লোক যে, তাদের মৃখ দেখিলেও পাপ আছে। আপনার বন্ধুবর্গ ডিনরের পর যে ভাষায় কথাবার্ত্তা কন—শ্রুনিতে পাইলে খানসামারাও কাণে আঙ্গল্ল দেয়। আপনি যাদের বাড়ী ম্রগি মাটনের শ্রাদ্ধ করিয়া আসেন, প্থিবীতে এমন কুকাজ নেই যে, তাহারা ভিতরে ভিতরে করে না। তাহাতে আপনার চরিত্রের জন্য কোন ভয় নাই,—আর আমি গরিবের মেয়ে, একখানা বাঙ্গলা বই পড়িলেই গোল্লায় যাব?

উচ্চ। আমরা হলেম Brass pot; তোমরা হলে Earthen pot.

ভার্য্যা। অত পট পট কর কেন? কইমাছ ছাঁকা তেলে পড়েছ নাকি? তা যা হোক, একবার এই বইখানা একট্ব পড় না।

উচ্চ। (শিহরিয়া ও পিছাইয়া) আমি ও সব ছইুরে hand contaminate করি না। ভার্যা। কাকে বলে?

উচ্চ। ও সব ছারে হাত ময়লা করি না।

ভার্য্যা। তোমার হাত ময়লা হবে না, আমি ঝাড়িয়া দিতেছি।

(ইতি পা্স্তকথানি আঁচল দিয়া ঝাড়িয়া মাছিয়া স্বামীর হস্তে প্রদান। মানসিক ময়লা ভয়ে ভীত উচ্চশিক্ষিতের হস্ত হইতে পা্স্তকের ভূমে পতন।)

ভার্য্য। ও কপাল! আছো, তুমি যে বইখানাকে অত ঘ্লা করচো, কই—তোমার ইংরেজরাও তত করে না। ইংরেজরা নাকি এই বইখানা তরজমা করিয়া পভিতেছে।

উচ্চ। ক্ষেপেছ?

ভার্যা। কেন?

উচ্চ। বাঙ্গলা বই ইংরেজিতে তরজমা? এমন আষাঢ়ে গল্প তোমায় কে শোনায়? বইখানা seditious ত নয়? তা হলে government তরজমা করান সম্ভব। কি বই ওখানা?

ভার্য্যা। বিষব্ ক।

छेछ। स्म कार्क वरम?

ভাষ্যা। বিষ কাহাকে বলে জান না? তারই ব্ 🖘 ।

विक्य ब्रह्मावनी

উচ্চ। বিষ-এক কুড়ি।

ভার্য্যা। তা নয়—আর এক রকমের বিষ আছে জান না? যা তোমার জনলায় আমি একদিন খাব।

উচ্চ। ওহো! Poison! Dear me! তারই গাছ—উপষ্ত নাম বটে—ফেল! ফেল! ভার্ম্যা। এখন, গাছের ইংরেজি কি বল দেখি?

छेक्। Tree.

ভার্য্যা। এখন দুটো কথা এক কর দেখি?

উচ্চ। Poison Tree! ওহে! বটে বটে! Poison Tree বলিয়া একখানি ইংরেজি বইয়ের কথা কাগজে পড়িতেছিলাম বটে। তা সেখানা কি বাঙ্গলা বইয়ের তরজমা?

ভার্ব্যা। তোমার বোধ হয় কি?

উচ্চ। আমার Idea ছিল যে, Poison Tree একখানা ইংরেজি বই, তারই বাঙ্গলা তরজমা হয়েছে। তা যখন ইংরেজি আছে, তখন আর বাঙ্গলা পড়বো কেন?

ভার্য্যা। পড়াটা ইংরেজি রকমেই ভাল—তা কেতাব নিয়েই হোক, আর গেলাস নিয়েই হোক। তা তোমাকে ইংরেজি রকমেই পড়িতে দিতেছি। এই বইখানা দেখ দেখি। এখানা ইংরেজির তরজমা—লেখক নিজে বলিয়াছেন।

উচ্চ। ও সব বরং পড়া ভাল। কি ইংরেজি বইয়ের তরজমা Robinson Crusoe না Watt on the Improvement of the Mind?

ভার্য্যা। ইংরেজি নাম আমি জানি না। বাঙ্গলা নাম ছায়াময়ী।

উচ্চ। ছায়াময়ী? সে আবার কি? দেখি (প্রন্তুক হস্তে লইয়া) Dante, by Jove. ভার্য্যা। (টিপি টিপি হাসিয়া) তা ওখানা ভাল বর্নঝতে পারি না—পোড়া বাঙ্গালির মেয়ে, ইংরেজির তরজমা বর্নঝ এত বর্নিক্ষ ত রাখিনে—ওটা তুমি আমায় বর্নঝয়ে দেবে?

উচ্চ। তার আর আশ্চর্য্য কি? Dante lived in the fourteenth century. অর্থাৎ

তিনি fourteenth century তে flourish করেন।

ভার্য্যা। ফুটন্ত সুন্দরীকে পালিশ করেন? এত বড কবি?

উচ্চ। কি পাপ! fourteen মানে চৌদ্দ।

ভার্য্যা। চৌন্দ স্কুদরীকে পালিশ করেন? তা চোন্দই হোক, আর পনেরই হোক, স্কুন্দরীকে আবার পালিশ করা কেন?

উচ্চ। বলি চোন্দ সেগুরিতে বর্তমান ছিলেন।

ভার্য্য। তিনি চোন্দ স্করীতে বর্ত্তমান থাকুন আর চোন্দ শ স্করীতেই বর্ত্তমান থাকুন, বইখানা নিয়ে কথা।

উচ্চ। আগে অথরের লাইফটা জানতে হয়। তিনি Florence নগরে জন্মগ্রহণ করিয়া সেখানে বড় বড় appointment hold করিতেন।

ভার্য্য। পোর্ট ম্যান্টো হলদে করিতেন। আমাদের এই কালো পোর্ট ম্যান্টোটা হলদে হয় না? উচ্চ। বলি বড় বড় চাকরি করিতেন। পরে Guelph ও Ghibilline দিগের বিবাদে— ভার্য্য। আর হাড় জনালিও না। বইখানা একট্র ব্রুমাও না।

छकः। जारे त्यारेरिजिल्लामः। अथरतत्र नारेकः ना कानितन वरे व्यक्तरव कि श्रकारत?

ভার্য্য। আমি দঃখী বাঙ্গালির মেরে, আমার অত ঘটার কাজ কি? বইখানার মন্মটা বন্ধাইরা দাও না।

উচ্চ। দেখি, বইখানা কি রকম লিখেছে দেখি।

(পরে পান্তক গ্রহণ করিয়া প্রথম ছত্র পাঠ)
"সন্ধ্যা গগনে নিবিড় কালিমা"

তোমার কাছে অভিধান আছে?

ভार्या। कन, कान कथाणे ठिकिन?

উচ্চ। গগন কাকে বলে?

ভার্য্যা। গগন বলে আকাশকে।

উচ্চ। "সন্ধ্যা গগনে নিবিড় কালিমা"—নিবিড় কাকে বলে?

ভার্য্য। ও হরি! এই বিদ্যাতে তুমি আমাকে শিখাবে? নিবিড় বলে ঘনকে। এও জান না? তোমার মুখ দেখাতে লজ্জা করে না?

উচ্চ। কি জান—বাঙ্গলা ফাঙ্গলা ও সব ছোট লোকে পড়ে, ও সবের আমাদের মাঝখানে চলন নেই। ও সব কি আমাদের শোভা পায়?

ভার্য্যা। কেন, তোমরা কি?

উচ্চ। আমাদের হলো Polished society –ও সব বাজে লোকে লেখে—বাজে লোকে পড়ে—সাহেব লোকের কাছে ও সবের দর নেই— polished societyতে কি ও সব চলে?

ভার্য্যা। তা মাতভাষার উপর পালিশ-ষষ্ঠীর এত রাগ কেন?

উচ্চ। আরে, মা মরে কবে ছাই হয়ে গিয়েছেন—তাঁর ভাষার সঙ্গে এখন আর সম্পর্ক কি? ভাষ্যা। আমারও ত ঐ ভাষা—আমি ত মরে ছাই হই নাই।

উচ্চ। Yes for thy sake, my jewel, I shall do it— তোমার খাতিরে একখানা বাঙ্গলা বই পড়িব। কিন্তু mind একখানা বৈ আর নয়!

ভাষ্যা। তাই মন্দ কি?

উচ্চ। কিন্তু এই ঘরে দার দিয়ে পড়্ব—কেহ না টের পায়।

ভার্য্যা। আচ্ছা তাই।

(বাছিয়া বাছিয়া একখানি অপকৃষ্ট অশ্লীল এবং দ্বনীতিপূর্ণ অথচ সরস প্রন্তুক স্বামীর হস্তে প্রদান। স্বামীর তাহা আদ্যোপান্ত পাঠ সমাপন।)

ভার্যা। কেমন বই?

উচ্চ। বেড়ে। বাঙ্গালায় যে এমন বই হয়, তা আমি জানিতাম না।

ভার্য্য। (ঘ্ণার সহিত) ছি! এই ব্বি তোমার পালিশ-ষণ্ঠী? তোমার পালিশ-ষণ্ঠীর চেয়ে আমার চাপড়া-ষণ্ঠী, শীতল ষণ্ঠী অনেক ভাল।

NEW YEAR'S DAY DRAMATIS PERSONÆ

রামবাব,

শ্যামবাব,

রামবাব্র স্ত্রী (পাড়াগে'য়ে মেয়ে)

রামবাব্ ও শ্যামবাব্র প্রবেশ (রামবাব্র স্ত্রী অন্তরালে)

শ্যামবাব্। গ্ড় মণিং রামবাব্—হা ভূ ভূ?

রামবাব,। গ, ভুমণিং শ্যামবাব, হা ভুছু। [উভয়ে প্রগাঢ় করমশ্বন]

শ্যামবাব্। I wish you a happy new year, and many many returns of the same.

রামবাব,। The same to you.

[শ্যামবাব্র তথাবিধ কথাবার্ত্রার জন্য অন্যত্র প্রস্থান। ও রামবাব্র অন্তঃপর্রে প্রবেশ]

রামবাব্র স্কুী। ও কে এসেছিল?

রাম্বাব্। ঐ ও বাড়ীর শ্যাম্বাব্।

স্থা। তা, তোমাদের হাতাহাতি **হচ্ছিল কেন**? রামবাব্। সে কি? হাতাহাতি কথন হ'লো?

স্ত্রী। ঐ যে তুমি তার হাত ধ'রে ঝে'ক্রে দিলে, সে তোমার হাত ধ'রে ঝে'ক্রে দিলে? তোমার লাগে নি ত?

নাম। তাই হাতাহাতি! কি পাপ! ওকে বলে shaking hands. ওটা আদরের চিহ্ন। স্মী। বটে! ভাগ্যে, আমি তোমার আদরের পরিবার নই! তা, তোমার লাগেনি ত?

রাম। একট নোক সা লেগেছে: তা কি ধরতে আছে?

স্থা। আহা তাই ত! ছ'ড়ে গেছে যে? অধঃপেতে ড্যাকরা মিন্সে! সকাল বেলা মর্তে আমার বাড়ীতে হাত কাড়াকাড়ি করতে এয়েছেন! আবার নাকি হুটোহুটি খেলা হবে? অধঃপতে মিন্সের সঙ্গে ও সব খেলা খেলিতে গাবে না।

রাম। সে কি? খেলার কথা কখন হ'লো?

স্ত্রী। ঐ ষে সেও ব'লে. "হাঁড়ুড়ুড়ু!" তুমিও ব'লে, "হাঁড়ুড়ুড়ু!" তা, হাঁড়ুড়ুড়ুখেলবার কি আর তোমাদের বয়স আছে?

রাম। আঃ, পাড়াগেশেরের হাতে পড়ে প্রাণটা গেলা! ওগো, হাঁ ডু ডু ডু নয়; হা ডু ডু— অর্থাৎ How do ye do উচ্চারণ করিতে হয়, "হা ডু ডু!"

স্ত্রী। তার অর্থ কি?

রাম। তার মানে, "তুমি কেমন আছ?"

স্ত্রী। তা কেমন ক'রে হবে? সে তোমায় জিজ্ঞাসা কর্লে, "তুমি কেমন আছ," তুমি ত কৈ তার কোন উত্তর দিলে না,—তুমি সেই কথাই পালটিয়া বলিলে!

রাম। সেইটাই হইতেছে এখানকার সভ্য রীতি।

স্ত্রী। পাল্টে বলাই সভ্য রীতি? তুমি যদি আমার ছেলেকে বল, "লেখাপড়া ক্রিস্নে কেন রে ছইটো?" সেও কি তোমাকে পাল্টে বল্বে, "লেখাপড়া ক্রিস্নে কেন রে ছইচো?" এইটা সভ্য রীতি?

রাম। তা নয় গো তা নয়। কেমন আছ জিজ্ঞাসা করিলে, উত্তর না দিয়ে পাল্টে জিজ্ঞাসা করিতে হয়, কেমন আছ। এইটা সভ্য রীতি।

স্ত্রী। (যোড়হাতে) আমার একটি ভিক্ষা আছে। তোমার দ্ব বেলা অস্ক্র্যু-আমায় দিনে পাঁচ বার তোমার কাছে খবর নিতে হয়, তুমি কেমন আছ; আমায় যেন তখন হা ডু ডু বলিয়া তাড়াইয়া দিও না। আমার কাছে সভা নাই হইলে!

রাম। না, না, তাও কি হয়? তবে এ সব তোমার জেনে রাখা ভাল।

দ্বী। তা ব'লে দিলেই জান্তে পারি। ব্রিথয়ে দাও না? আচ্ছা, শ্যামবাব্ব এলো আর কি কিচিরমিচির ক'রে ব'ল্লে আর চলে গেল; যদি হাঁ ডু ডু খেলার কথা বল্তে আসেনি, তবে কি কর্তে এয়েছিল?

রাম। আজ ন্তন বংসরের প্রথম দিন, তাই সম্বংসরের আশীর্ম্বাদ কর্তে এর্য়োছল।

স্ত্রী। আজ ন্তন বংসরের প্রথম দিন? আমার শ্বশ্র শাশ্ড়ী ত ১লা বৈশাথ থেকে ন্তন বংসর ধরিতেন।

রাম। আজ ১লা জানুয়ারী—আমরা আজ থেকে নৃতন বংসর ধরি।

স্ত্রী। শ্বশরে ধরিতেন ১লা বৈশাখ থেকে, তুমি ধর ১লা জান্রারী থেকে, আমার ছেলে বোধ করি ধরিবে ১লা শ্রাবণ থেকে?

রাম। তাও কি হয়? এ যে ইংরেজের মুল্ক—এখন ইংরেজি ন্তন বংসরে আমাদের নুতন বংসর ধরিতে হয়।

স্মী। তা, ভালই ত। তা, ন্তন বংসর ব'লে এতগ্নলো মদের বোতল আনিয়েছ কেন?

রামবাব্। স্বথের দিন, বন্ধ্ব বান্ধব নিয়ে ভাল ক'রে খেতে দেতে হয়।

স্ত্রী। তব্ ভাল। আমি পাড়াগে'য়ে মান্ব, আমি মনে করিয়াছিলাম, তোমাদের বংসর কাবারে ব্বি এই রকম কলসী উৎসর্গ কর্তে হয়। ভাবছিলাম, বলি বারণ কর্ব যে, আমার শ্বশ্র শাশ্মড়ীর উন্দেশে ও সব দিও না।

রাম। তুমি বড় নিৰ্বোধ!

দ্বী। তা ত বটে। তাই আরও কথা জিজ্ঞাসা কর্তে ভয় পাই।

রাম। আবার কি জিজ্ঞাসা করিবে?


স্ত্রী। এত কপি, সালগম, গান্ধর, বেদানা, পেস্তা, আঙ্গরে, ভেটকি মাছ সব আনিয়েছ কেন? খেতে কি এত লাগবে?

রাম। না। ও সব সাহেবদের ডালি সাজিয়ে দিতে হবে।

म्ही। हि, हि, अभन कम्भ करता ना। लाटक वर् क्कथा वन्दा।

नाम। कि कथा विनद्ध ?

ন্দ্রী। বল্বে, এদের বংসর কাবারে কলসী উৎসর্গও আছে, চোন্দ প্রেবেকে ভূজি উৎসর্গ করাও আছে। [ইতি প্রহারভরে গ্হিণীর বেগে প্রস্থান । রামবাব্র উকীলের বাড়ী গমন এবং হিন্দ্রের Divorce হইতে পারে কি না, তবিষয়ে প্রণন জিজ্ঞাসা।]



অনেকে কমলাকান্তকে পাগল বলিত। সে কখন কি বলিত, কৈ কিংক; প্রত্যের ছিল না। লেখাপড়া না জানিত, এমন নহে। কিছু ইংরেজি, কিছু সংস্কৃত জানিত। কিন্তু যে বিদ্যায় অর্থোপান্তর্গন হইল না, সে বিদ্যা কি বিদ্যা? আসল কথা এই, সাহেব স্বাবের কাছে যাওয়া আসা চাই। কত বড় বড় মুর্খ, কেবল নাম দন্তথত করিতে পারে,—তাহারা তালকে মুলুক করিল—আমার মতে তাহারাই পশ্ডিত। আর কমলাকান্তের মত বিদ্বান্, যাহারা কেবল কতকগুলা বহি পড়িয়াছে, তাহারা আমার মতে গণ্ডমুর্খ।

কমলাকান্ডের একবার চাকরি হইয়াছিল। একজন সাহেব তাহার ইংরেজি কথা শ্নিয়া, ডাকিয়া লইয়া গিয়া একটি কেরালীগিরি দিয়াছিলেন। কিন্তু কমলাকান্ড চাকরি রাখিতে পারিল ন। আপিসে গিয়া, আপিসের কাজ করিত না। সরকারি বহিতে কবিতা লিখিত—আপিসের চিঠিপত্রের উপরে সেক্ষপীয়র নামক কে লেখক আছে, তাহার বচন তুলিয়া লিখিয়া রাখিত; বিলবহির পাতায় ছবি আঁকিয়া রাখিত। একবার সাহেব তাহাকে মাস্কাবারের পে-বিল প্রস্তুত করিতে বলিয়াছিলেন। কমলাকান্ত বিলবহি লইয়া একটি চিত্র আঁকিল যে, কতকগ্নিল নাগা ফাকর সাহেবের কাছে ভিক্ষা চাহিতেছে, সাহেব দ্বই চারিটা পয়সা ছড়াইয়া ফেলিয়া দিতেছেন। নীচে লিখিয়া দিল "য়থার্থ পে-বিল।" সাহেব ন্তনতর পে-বিল দেখিয়া কমলাকান্তকে মানে বাদার দিলেন।

ক্ষলাকান্তের চাকরি সেই পর্যান্ত। অর্থেরও বড় প্রয়োজন ছিল না। ক্ষলাকান্ত তথন দারপরিগ্রহ করেন নাই। স্বায়ং যেখানে হয়, দ্বুইটি অয় এবং আধ ভরি আফিম পাইলেই হইত। যেখানে সেখানে পড়িয়া থাকিত। অনেক দিন আমার বাড়ীতে ছিল। আমি তাহাকে পাগল বলিয়া যয় করিতাম। কিন্তু আমিও তাহাকে রাখিতে পারিলাম না। সে কোথাও স্থায়ী হইত না। একদিন প্রাতে উঠিয়া ব্রহ্মচারীর মত গেরব্য়া-বস্দ্র পরিয়া, কোথায় চলিয়া গেল। কোথায় চলিয়া গেল, আর তাহাকে পাইলাম না। সে এ পর্যান্ত আর ফিরে নাই।

তাহার একটি দপ্তর ছিল। কমলাকান্তের কাছে ছে'ড়া কাগন্ধ পড়িতে পাইত না; দেখিলেই তাহাতে কি মাথা মুশ্ড লিখিত, কিছু ব্বিতে পারা যাইত না। কখন কখন আমাকে পড়িয়া শ্নাইত—শ্নিলে আমার নিদ্রা আসিত। কাগন্ধান একখানি মসীচিত্তি, প্রাতন, জীর্ণ বস্ত্রখণ্ডে বাধা থাকিত। গমনকালে, কমলাকান্ত আমাকে সেই দপ্তরটি দিয়া গেল। বলিয়া গেল, তোমাকে ইহা বখ্শিশ করিলাম।

এ অম্লা রত্ন লইয়া আমি কি করিব? প্রথমে মনে করিলাম, অগ্নিদেবকে উপহার দিই। পরে লোকহিতৈষিতা আমার চিত্তে বড় প্রবল হইল। মনে করিলাম যে, যে লোকের উপকার না করে, ছাহার বৃথায় জন্ম। এই দপ্তরটিতে অনিদ্রার অত্যুৎকৃষ্ট ঔষধ আছে—যিনি পড়িবেন, তাঁহারই নিদ্রা আসিবে। যাঁহারা অনিদ্রারোগে পীড়িত, তাঁহাদিগের উপকারার্থে আমি কমলাকান্তের রচনাশ্বলি প্রচারে প্রবন্ত হইলাম।

শ্রীভীষ্মদেব খোশনবীস

প্রথম সংখ্যা-একা

"কে গাম ওই"

বহুকাল বিস্মৃত স্থম্পপ্রের স্মৃতির ন্যায় ঐ মধ্র গণীত কর্ণরন্ধে প্রবেশ করিল। এত মধ্র লাগিল কেন? এই সঙ্গীত যে অতি স্কুদর, এমত নহে। পথিক পথ দিয়া, আপন মনে গায়িতে গায়িতে যাইতেছে। জ্যোৎস্লাময়ী রাত্রি দেখিয়া, তাহার মনের আনন্দ উছালয়া উঠিয়ছে। স্বভাবতঃ তাহার কণ্ঠ মধ্র;—মধ্র কণ্ঠে, এই মধ্মানে, আপনার মনের স্থের

विष्क्रम ब्रह्मावनी

মাধ্যা বিকীণ করিতে করিতে যাইতেছে। তবে বহুতন্ত্রীবিশিষ্ট বাদ্যের তন্ত্রীতে অঙ্গনিল-ম্পর্শের ন্যায়, ঐ গাীতিধননি আমার হৃদয়কে আলোড়িত করিল কেন?

কেন, কে বলিবে? রাত্রি জ্যোৎশ্লাময়ী—নদী-সৈকতে কোম্দী হাসিতেছে। অর্জাব্তা স্বন্দরীর নীল বসনের ন্যায় শীর্ণ-শরীরা নীল-সলিলা তর্রাঙ্গণী, সৈকত বেল্টিত করিয়া চলিয়াছেন; রাজপথে কেবল আনন্দ—বালক, বালিকা, য্বক, য্বতী, প্রোঢ়া, বৃদ্ধা, বিমল চন্দ্র-কিরণে শ্লাত হইয়া আনন্দ করিতেছে। আমিই কেবল নিরানন্দ—তাই ঐ সঙ্গীতে আমায় হাদয়যন্ত বাজিয়া উঠিল।

আমি একা—তাই এই সঙ্গীতে আমার শরীর কণ্টকিত হইল। এই বহুজনাকীর্ণ নগরী-মধ্যে, এই আনন্দময়, অনন্ত জনস্রোতোমধ্যে, আমি একা। আমিও কেন ঐ অনন্ত জনস্রোতোমধ্যে মিশিয়া, এই বিশাল আনন্দতরঙ্গ-তাড়িত জলব্দ্দসম্বের মধ্যে আর একটি বৃদ্ধ্দ না হই? বিশ্দ্ধ বিশ্দ্ধ বারি লইয়া সম্দ্র; আমি বারিবিশ্দ্ধ এ সম্বেদ্ধ মিশাই না কেন?

তাহা জ্বানি না—কেবল ইহাই জানি যে, আমি একা। কেহ একা থাকিও না। যদি অন্য কেহ তোমার প্রণয়ভাগী না হইল, তবে তোমার মন্যাজন্ম বৃথা। পৃত্প স্গন্ধি, কিন্তু যদি দ্বাদগ্রহণকর্তা না থাকিত, তবে পৃত্প স্গন্ধি হইত না—দ্বাদেশ্বিরবিশন্ত না থাকিলে গন্ধ নাই। প্রত্প আপনার জন্য ফুটে না। পরের জন্য তোমার হৃদয়-কুসুমকে প্রস্ফুটিত করিও।

কিন্তু বারেক মাত্র শ্রুত ঐ সঙ্গতি আমার কেন এত মধ্র লাগিল, তাহা বলি নাই। অনেক **मिन आनुत्माथि मुक्की मृहिन नाये—अदनक मिन आनुमानुख्य क**ित नाये। स्वीवतन, यथन প্রথিবী সুন্দরী ছিল, যখন প্রতি প্রেপে স্কান্ধ পাইতাম, প্রতি প্রমন্দ্ররে মধ্র শব্দ শ্রনিতাম, প্রতি নক্ষরে চিত্রা রোহিণীর শোভা দেখিতাম, প্রতি মনুষামুখে সরলতা দেখিতাম, তখন আনন্দ ছিল। প্রথিবী এখনও তাই আছে, সংসার এখনও তাই আছে, মনুষ্য চরিত্র এখনও তাই আছে। কিন্তু এ হদর আর তাই নাই। তখন সঙ্গীত শ্রনিয়া আনন্দ হইত। আজি এই সঙ্গীত শ্রনিয়া সেই আনন্দ মনে পড়িল। যে অবস্থায়, যে সুখে সেই আনন্দ অনুভূত করিতাম, সেই অবস্থা, সেই সূখ মনে পড়িল। মুহুরে জন্য আবার যৌবন ফিরিয়া পাইলাম। আবার তেমনি করিয়া, মনে মনে, সমবেত বন্ধ্বম-ভলীমধ্যে বসিলাম; আবার সেই অকারণসঞ্জাত উচ্চ হাসি হাসিলাম, যে কথা নিষ্প্রয়োজনীয় বলিয়া এখন বলি না, নিষ্প্রয়োজনেও চিত্তের চাণ্ডল্য হেতু তখন বলিতাম, আবার সেই সকল বলিতে লাগিলাম; আবার অকৃত্রিম হৃদয়ে পরের প্রণয় অকৃত্রিম বলিয়া মনে মনে গ্রহণ করিলাম। ক্ষণিক প্রান্তি জন্মিল—তাই এ সঙ্গীত এত মধ্যর লাগিল। শৃংধ, তাই নয়। তখন সঙ্গীত ভাল লাগিত,—এখন লাগে না— চিত্তের যে প্রফক্লেতার জন্য ভাল লাগিত. সে প্রফল্লতা নাই বলিয়া ভাল লাগে না। আমি মনের ভিতর মন লুকাইয়া সেই গত যৌবনসূখ চিন্তা করিতেছিলাম—সেই সময়ে এই প্রেক্স্তিস্চক সঙ্গীত কর্ণে প্রবেশ করিল, তাই এত মধুর বোধ হইল।

সে প্রফল্লতা, সে সন্থ, আর নাই কেন? সন্থের সামগ্রী কি কমিয়াছে? অর্জন এবং ক্ষতি উভরেই সংসারের নিয়ম। কিন্তু ক্ষতি অপেক্ষা অর্জন অধিক, ইহাও নিয়ম। তুমি জীবনের পথ ষতই অতিবাহিত করিবে, ততই সন্থদ সামগ্রী সণ্ডয় করিবে। তবে বয়সে স্ফ্রিজিমে কেন? পৃথিবী আর তেমন স্কুলরী দেখা যায় না কেন? আকাশের তারা আর তেমন জনুলে না কেন? আকাশের নীলিমায় আর সে উজ্জ্বলতা থাকে না কেন? বাহা তৃণপল্লবয়য়, কুসনুমস্বাসিত, স্বছ কল্লোলনী-শীকর-সিক্ত, বসন্তপবনবিধ্ত বলিয়া বোধ হইত, এখন তাহা বালুকাময়ী মর্ভূমি বলিয়া বোধ হয় কেন? কেবল রঙ্গিল কাচ নাই বলিয়া। আশা সেই রঙ্গিল কাচ। যৌবনে অভিজতি সন্থ অলপ, কিন্তু সনুখের আশা অপরিমিতা। এখন অভিজতি সন্থ অধিক, কিন্তু সেই রক্ষাল্ডবাগিনী আশা কোথায়? তখন জানিতাম না, কিসে কি হয়, অনেক আশা করিতাম। এখন জানিয়াছি, এই সংসারচক্রে আরোহণ করিয়া, যেখানকার আবার সেইখানে ফিরিয়া আসিতে হইবে; যখন মনে ভাবিতেছি, এই অগ্রসর হইলাম, তখন কেবল আবর্ত্তন করিতেছি মান্ত। এখন ব্রিয়াছি যে, সংসার-সমন্দ্রে সন্তরণ আরম্ভ করিলে, তরঙ্গে তয়কে আমাকে প্রহুত করিয়া আবার আমাকে ক্লে ফেলিয়া যাইবে। এখন জানিয়াছি যে, এ অন্ধণার পার নাই, এ সাগরে স্বীপ নাই, এ অন্ধকারে নাই। এখন জানিয়াছি যে, ক্লেকে নাই। এখন জানিয়াছি যে, কুসনুমে কীট আছে, কোমল পঞ্লবে কণ্টক আছে, আকাশে মেছ

আছে, নিশ্মলা নদীতে আবর্ত্ত আছে, ফলে বিষ আছে, উদ্যানে দর্প আছে; মন্ব্য-ছদয়ে কেবল আত্মাদর আছে। এখন জানিয়ছি যে, বৃক্ষে বৃক্ষে ফল ধরে না, ফুলে ফ্লেল গন্ধ নাই, মেঘে মেঘে বৃত্তি নাই, বনে বনে চন্দন নাই, গজে গজে মোজিক নাই। এখন বৃনিরতে পারিয়াছি যে, কাচও হীরকের ন্যায় উল্জ্বল, পিত্তলও স্বর্গের ন্যায় ভাস্বর, পঞ্চও চন্দনের ন্যায় শ্লিম, কাংস্যও রজতের ন্যায় মধ্রনাদী।—কিন্তু কি বালতেছিলাম, ভূলিয়া গেলাম। সেই গীতধর্নি! উহা ভাল লাগিয়াছিল বটে, কিন্তু আর দ্বিতীয় বার শ্লিনতে চাহি না। উহা যেমন মন্ব্যকণ্ঠজাত সংগীত, তেমান সংসারের এক সংগীত আছে। সংসাররসে রাসকেরাই তাহা শ্লিতে পায়। সেই সংগীত শ্লিনার জন্য আমার চিত্ত আকুল। সে সংগীত আর কি শ্লিনত না? শ্লিন, কিন্তু নানাবাদ্যধন্নিসংমিলিত বহ্কণ্ঠপ্রস্ত সেই প্রর্থিত সংসারগতি আর শ্লিনবা।। সে গায়কেরা আর নাই—সে বয়স নাই, সে আশা নাই। কিন্তু তৎপরিবর্ত্তে যাহা শ্লিনতেছি, তাহা অধিকতর প্রীতিকর। অনন্যসহায় একমার গীতধ্বনিতে কর্ণবিবর পরিপ্রিত হইতেছে। প্রীতি সংসারে সন্ধ্রাপনী—ঈশ্বরই প্রীতি। প্রীতিই আমার কর্ণে এক্ষণকার সংসার-সংগীত। অনস্ত কাল সেই মহাসংগীত সহিত মন্ব্য-হদয়-তন্দ্রী বাজিতে থাকুক। মন্ব্যজাতির উপর বাদি আমার প্রীতি থাকে, তবে আমি অন্য সূত্র চাই না।

প্ৰীকমলাকান্ত চক্ৰবন্তী

षिणीय সংখ্যা-धन्या कल

আফিমের একট্ বেশী মাত্রা চড়াইলে, আমার বোধ হয়, মন্ষ্যসকল ফলবিশেষ—মায়াব্সে সংসার-ব্দ্বে ঝ্লিয়া রহিয়াছে, পাকিলেই পড়িয়া যাইবে। সকলগ্নলি পাকিতে পায় না—কতক অকালে ঝড়ে পড়িয়া যায়। কোনটি পোকায় খায়, কোনটিকে পাখীতে ঠোক্রায়। কোনটি শ্কাইয়া ঝরিয়া পড়ে। কোনটি স্পক হইয়া, আহরিত হইলে গঙ্গাজলে ধোত হইয়া দেবসেবায় বা রাজাণভোজনে লাগে—তাহাদিগেরই ফলজন্ম বা মন্যাজন্ম সার্থক। কোনটি স্পক হইয়া, বৃক্ষ হইতে খসিয়া পড়িয়া মাটিতে পড়িয়া থাকে, শ্লালে খায়। তাহাদিগের মন্যাজন্ম বা ফলজন্ম বৃথা। কতকগ্নলি তিক্ত, কট্ব বা ক্ষায়—কিন্তু তাহাতে অম্লা ঔষধ প্রস্তুত হয়। কতকগ্নলি বিষময়—যে খায়, সেই মরে। আর কতকগ্নলি মাকাল জাতীয়—কেবল দেখিতে স্নুন্র।

কখন কখন বিমাইতে বিমাইতে দেখিতে পাই যে, পৃথক্ পৃথক্ সম্প্রদায়ের মন্ব্য পৃথক্ জাতীয় ফল। আমাদের দেশের এক্ষণকার বড়মানুষদিগের মনুষ্যজাতিমধ্যে কাঁটাল বলিয়া বোধ হয়। কতকগৃলি খাসা খাজা কাঁটাল, কতকগৃলির বড় আটা, কতকগৃলি কেবল ভুতুড়িসার, গর্র খাদ্য। কতকগর্নি ই'চোড়ে পাকে, কতকগর্নি কেবল ই'চোড়ই থাকে, কখন পাকে না। কতকগর্বল পাকিলে পাকিতে পারে, কিন্তু পাকিতে পায় না, প্রথিবীর রাক্ষস-রাক্ষসীরা ই'চোড়েই পাড়িয়া দালনা রাধিয়া খাইয়া ফেলে। যদি পাকিল ত বড় শ্লালের দৌরাত্মা। যদি গাছ ঘেরা থাকে ত ভালই। যদি কাঁটাল উচু ডালে ফলিয়া থাকে, ভালই; নহিলে শ্সালেরা কোনমতে উদরসাৎ করিবে। শ্রণালেরা কেহ দেওয়ান, কেহ কারকুন, কেহ নাএব, কেহ গোমস্তা, কেহ মোছায়েব, কেহ কেবল আশীব্দিক। যদি এ সকলের হাত এডাইয়া, পাকা কাঁটাল ঘরে গোল, তবে মাছি ভন্ ভন্ করিতে আরম্ভ করিল। মাছিরা কাঁটাল চায় না, তাহারা কেবল একটা একটা রসের প্রত্যাশাপন্ন। এ মাছিটি কন্যাভারগ্রস্ত, উহাকে এক ফোটা রস দাও,—ওটির মাতদায়, একট রস দাও। এটি একখানি প্রন্তক লিখিয়াছে, একট্র রস দাও,—সেটি পেটের দায়ে একখানি সম্বাদ-পত্র করিয়াছে, উহাকেও একট্র রস দাও। এ মাছিটি কটালের পিসীর ভাশ্র-পত্তের म्यालात म्यालीभूत-शरेरा भारा ना, किन्द्र तम माछ। तम मान्निवित रवेरल स्थारन रविनिवित ना পড়ে, কিছু, রস দাও। আবার এদিকে কটিল ঘরে রাখাও ভাল না—পচিয়া দুর্গন্ধ হইয়া উঠে। আমার বিবেচনায় কটিল ভাঙ্গিয়া, উত্তম নিজ্জল দুদ্ধের ক্ষীর প্রস্তুত করিয়া, কমলাকান্তের ন্যায় সুব্রাহ্মণকে ভোজন করানই ভাল।

ু তে দেশের সিবিল সান্ত্রিসের সাহেবদিগকে আমি মন্যাজাতিমধ্যে আয়ুফল মনে করি। এ দেশে আম ছিল না, সাগরপার হইতে কোন মহাত্মা এই উপাদের ফল এ দেশে আনিরাছেন। আয়ু দেখিতে রাঙ্গা রাঙ্গা, ঝাঁকা আলো করিয়া বসে। কাঁচায় বড় টক—পাণিলে স্থিমিন্ট বটে, কিন্তু তব্ হাড়ে টক যায় না। কতকগ্রুলো আম এমন কদর্য্য যে, পাণিলেও টক যায় না। কিন্তু দেখিতে বড় বড় রাঙ্গা রাঙ্গা হয়, বিক্রেতা ফাঁকি দিয়া পাঁচিশ টাকা শা বিক্র করিয়া যায়। কতকগ্রুলে আম কাঁচামিটে আছে—পাণিকলে পান্শে। কতকগ্রুলো জাঁতে পাকা। সেগত্রীল কুটিয়া নুন মাখিয়া আমসী করাই ভাল।

সকলে আয় খাইতে জানে না। সদ্য গাছ হইতে পাড়িয়া এ ফল খাইতে নাই। ইহা কিয়ংক্ষণ সেলাম-জলে ফেলিয়া ঠান্ডা করিও—র্যাদ জোটে, তবে সে জলে একটা খোশামোদ-বরফ দিও—বড় শীতল হইবে। তার পরে ছুরির চালাইয়া স্বচ্ছেন্দে খাইতে পার।

স্থালোকদিগকে লোকিক কথায় কলাগাছের সহিত তুলনা করিয়া থাকে। কিন্তু সে গেছো কথা। কদলীফলের সঙ্গে ভুবনমোহিনী জাতির আমি সোসাদৃশ্য দেখি না। স্থালোক কি কাঁদি কাঁদি ফলে? যাহার ভাগ্যে ফলে ফল্ফ্ক—কমলাকান্তের ভাগ্যে ত নয়। কদলীর সঙ্গে কামিনীগণের এই পর্যান্ত সাদৃশ্য আছে যে, উভরেই বানরের প্রিয়। কামিনীগণের এ গ্র্ণ থাকিলেও কদলীর সঙ্গে তাঁহাদিগের তুলনা করিতে পারি না। পক্ষান্তরে কতকগ্রাল কট্বভাষী আছেন, তাঁহারা ফলের মধ্যে মাকাল ফলকেই য্বতীগণের অন্বর্প বলেন। যে বলে, সে দ্র্মর্থ— আমি ইংহাদিগের ভৃত্যন্বর্প; আমি তাহা বলিব না।

আমি বলি, রমণীমণ্ডলী এ সংসারের নারিকেল। নারিকেলও কাঁদি কাঁদি ফলে বটে, কিন্তু (ব্যবসায়ী নহিলে) কেহ কখন কাঁদি কাঁদি পাড়ে না। কেহ কখন দ্বাদশীর পারণার অন্বরোধে, অথবা বৈশাখ মাসে ব্রাহ্মণসেবার জন্য একটি আধটি পাড়ে। কাঁদি কাঁদি পাড়িয়া খাওয়ার অপরাধে বদি কেহ অপরাধী থাকে, তবে সে কুলীন ব্রাহ্মণেরা। কমলাকান্ত কখন সে অপরাধে অপরাধী নহে।

বৃক্ষের নারিকেলের ন্যায় সংসারের নারিকেলের বয়োভেদে নানাবস্থা। করকচি বেলা উভরেই বড় নিম্নকর—নারিকেলের জলে উদর ন্নিম হয়—কিশোরীর অকৃত্রিম বিলাস-লক্ষণ-শ্ন্য প্রণয়ে হদর ন্নিম হয়। কিন্তু দ্বই জাতীয়,—ফলজাতীয় এবং মন্ব্যজাতীয়, নারিকেলের ডাবই ভাল। তখন দেখিতে কেমন উজ্জ্বল শ্যাম—কেমন জ্যোতিশ্র্মার, রোদ্র তাহা হইতে প্রতিহত হইতেছে—যেন সে নবীন শ্যাম শোভায় জগতের রোদ্র শীতল হইতেছে। গাছের উপর কাদি কাদি নারিকেল, আর গবাক্ষপথে কাদি কাদি ব্বতী, আমার চক্ষে একই দেখায়—উভয়ই চতুন্দিক আলো করিয়া থাকে। কিন্তু দেখ—দেখিয়া ভুলিও না—এই চৈত্র মাসের রোদ্র, গাছ হইতে পাড়িয়া ডাব কাটিও না—বড় তপ্ত। সংসারশিক্ষাশ্ন্যা কামিনীকে সহসা হদয়ে গ্রহণ করিও না—তোমার কলিজা পর্নুড়য়া যাইবে। আগ্রের ন্যায়, ডাবকেও বরফ-জলে রাখিরা শীতল করিও—বরফ না যোটে, প্রকুরের পাঁকে পর্নুতিয়া রাখিয়া ঠান্ডা করিও—মিন্ট কথায় না করিতে পার, কমলাকান্ত চক্রবর্তীরে আজ্ঞা, কড়া কথায় করিও।

নারিকেলের চারিটি সামগ্রী—জল, শস্য, মালা আর ছোব্ড়া। নারিকেলের জলের সঙ্গে স্থালাকের স্নেহের আমি সাদৃশ্য দেখি। উভয়ই বড় স্নিম্নকর। যথন তুমি সংসারের রোদ্রে দক্ষ হইয়া, হাঁপাইতে হাঁপাইতে, গৃহের ছায়ায় বাঁসায়া বিশ্রাম কামনা কর, তথন এই শাঁতল জল পান করিও—সকল যক্থা ভূলিবে। তোমার দারিদ্রা-চৈত্রে বা বন্ধন্বিয়োগ-বৈশাখে—তোমার যোবন-মধ্যাহে বা রোগতগু-বৈকালে, আর কিসে তোমার হদর শাঁতল হইবে? মাতার আদর, স্থার প্রেম, কন্যার ভক্তি, ইহার অপেক্ষা জাঁবনের সন্তাপে আর কি সন্থের আছে? গ্রীক্ষের তাপে ডাবের জলের মত আর কি আছে?

তবে, ঝুনো হইলে জল একট্র ঝাল হইয়া যায়। রামার মা ঝুনো হইলে পর, রামার বাপ ঝালের চোটে বাড়ী ছাড়িয়াছিল। এই জন্য নারিকেলের মধ্যে ডাবেরই আদর।

নারিকেলের শস্য, স্থালাকের বৃদ্ধি। করকচি বেলার বড় থাকে না; ডাবের অবস্থার বড় সৃহ্মিষ্ট, বড় কোমল; ঝুনোর বেলার বড় কঠিন, দস্তস্ফাট করে কার সাধ্য? তখন ইহাকে গৃহিলীপনা বলে। গৃহিলীপনা রসাল বটে, কিন্তু দাঁত বসে না। এক দিকে কন্যা বসিরা আছেন, মারের অলম্কারের বাক্স হইতে কিয়দংশ সংগ্রহ করিবেন,—কিন্তু ঝুনোর শস্য এমনি কঠিন বে, মেরের দাঁত বসিলা না—ঝুনো দ্বা করিয়া একটি মাকড়ি বাহির করিয়া দিল। হয়ত পুত্র বসিয়া আছেন, মারের নগদ প্রশালর উপর দাঁত বসাইবেন,—ঝুনো দ্বা করিয়া নগদ সাত

সিকা বাহির করিয়া দিল। স্বামী প্রাচীন বয়সে একটি ব্যবসায় ফাঁদিবার ইচ্ছা করিয়াছেন, কিন্তু শেষ বয়সে হাত খালি—টাকা নহিলে ব্যবসায় হয় না—ঝ্নোর পর্টান্তর উপর দ্বিট। দ্বই চারিটি প্রবৃত্তির্প দন্ত ফ্রটাইয়া দিলেন—ব্র্ড়া বয়সের দাঁত ভাঙ্গিয়া গেল। শেষ যদি দাঁত বসিল, নারিকেল জীর্ণ করিবার সাধ্য কি? যত দিন না টাকা ফিরাইয়া দেন, তত দিন অজ্ঞীর্ণ রোগে রাগ্রে নিদ্রা হয় না।

তার পরে মালা—এটি স্থালোকের বিদ্যা—কখন আধখানা বৈ প্রা দেখিতে পাইলাম না। নারিকেলের মালা বড় কাজে লাগে না; স্থালোকের বিদ্যাও বড় নর। মেরি সমর্বিল বিজ্ঞান লিখিয়াছেন, জেন্ অভেটন্ বা জর্জ এলিয়ট উপন্যাস লিখিয়াছেন—মন্দ হয় নাই, কিস্তু দ্ই মালার মাপে।

ছোব্ড়া স্বীলোকের র্প। ছোব্ড়া যেমন নারিকেলের বাহ্যিক অংশ, র্পও স্বীলোকের বাহ্যিক অংশ। দ্ই বড় অসার;—পরিত্যাগ করাই ভাল। তবে ছোব্ড়ায় একটি কাজ হয়— উত্তম রঙ্জ্ব প্রস্তুত হয়, তাহাতে জাহাজ বাঁধা ধায়। স্বীলোকের র্পের কাছিতেও অনেক জাহাজ বাঁধা গিয়াছে। তোমরা যেমন নারিকেলের কাছিতে জগলাথের রথ টান, স্বীলোকেরা র্পের কাছিতে কত ভারি ভারি মনোরথ টানে। যথন রথ-টানা বারণের আইন হইবে,—তখন তাহাতে এ রথ-টানা নিষেধের জন্য যেন একটা ধারা থাকে—তাহা হইলে অনেক নরহত্যা নিবারণ হইবে। আমি জানি না. নারিকেলের রঙ্জ্ব গলায় বাঁধিয়া কেহ কখন প্রাণত্যাগ করিয়াছে কি না. কিন্তু রমণীর র্পরঙ্জ্ব গলায় বাঁধিয়া কত লোক প্রাণত্যাগ করিয়াছে, কে তাহার গণনা করিবে?

বৃক্ষের নারিকেল এবং সংসারের নারিকেলের সঙ্গে আমার বিবাদ এই যে. আমি হতভাগা, দ্বইরের এককেও আহরণ করিতে পারিলাম না। অন্য ফল আকষী দিয়া পাড়া যায়, কিন্তু নারিকেল গাছে না উঠিলে পাড়া যায় না। গাছে উঠিতে গেলেও হয় নিজের পায়ে দিড় বাঁধিতে হইবে, না হয় ডোমের খোশামোদ করিতে হইবে।*

ডোমের খোশামোদ করিতেও রাজি আছি। কিন্তু আমার ভাগ্যদোষে কপালে নারিকেল যোটে না। আমি যেমন মান্য তেমনি গাছে তেমনি র্পগ্লের আকষী দিয়া নারিকেল পাড়িতে পারি। পারি. কিন্তু ভয়—পাছে নারিকেল ঘাড়ে পড়ে। এমন অনেক শ্যামী, বামী, রামী, কামিনী আছে যে, কমলাকান্তকেও স্বামী বালিয়া গ্রহণ করিতে পারে। কিন্তু পরের মেয়ে ঘাড়ে করিয়া সংসারযায়া নিন্তাহ করিতে, এ দীন অসমর্থ। অতএব এ যায়া, কমলাকান্ত ভক্তিভাবে, নারিকেল ফলটি বিশ্বেশ্বরকে দিলেন। তিনি একে শমশানবাসী, তাহাতে আবার বিষপান করিয়াছেন—ছাই ভাব নারিকেলে তাঁহার কি করিবে?

এ দেশে এক জাতি লোক সম্প্রতি দেখা দিয়াছেন, তাঁহারা দেশহিতৈষী বলিয়া খ্যাত। তাঁহাদের আমি শিম্ল ফ্ল ভাবি। যখন ফ্ল ফ্রটে, তখন দেখিতে শ্রনিতে বড় শোভা—বড় বড়, রাঙ্গা রাঙ্গা, গাছ আলো করিয়া থাকে। কিন্তু আমার চক্ষে নেড়া গাছে অত রাঙ্গা ভাল দেখার না। একট্ব একট্ব পাতা ঢাকা থাকিলে ভাল দেখাইত; পাতার মধ্য হইতে যে অলপ অলপ রাঙ্গা দেখা যায়, সেই স্পর। ফ্লে গন্ধ মার নাই—কোমলতা নাই, কিন্তু তব্ব ফ্লে বড় বড়, রাঙ্গা রাঙ্গা। যদি ফ্লে ঘ্রিয়া, ফল ধরিলা, তখন মনে করিলাম, এইবার কিছ্ব লাভ হইবে। কিন্তু তাহা বড় ঘটে না। কালক্রমে চৈব্র মাস আসিলে রোদ্রের তাপে, অন্তর্লঘ্ব ফল, ফট করিয়া ফাটিয়া উঠে: তাহার ভিতর হইতে খানিক ত্লা বাহির হইয়া বঙ্গদেশময় ছড়াইয়া পড়ে!

অধ্যাপক রাহ্মণগণ সংসারের ধৃত্রা ফল। বড় বড় লম্বা লম্বা সমাসে, বড় বড় বচনে, তাঁহাদিগের অতি স্দীর্ঘ কুস্ম সকল প্রস্ফ্রিটিত হয়, ফলের বেলা কণ্টকময় ধৃত্রা। আমি অনেক দিন হইতে মানস করিয়াছি যে, কুল্লটমাংস ভোজন করিয়া হিন্দু জন্ম পবিত্র করিব—কিস্তু এই অধ্য ধৃত্রাগ্রলার কাঁটার জনলায় পারিলাম না। গুণের মধ্যে এই যে, এই ধৃত্রায় মাদকের মাদকতা বৃদ্ধি করে। যে গাঁজাখোরের গাঁজায় নেশা হয় না, তাহার গাঁজার সঙ্গে দৃইটা ধৃত্রার বীচি সাজিয়া দেয়—যে সিদ্ধিখোরের সিদ্ধিতে নেশা না হয়, তাহার সিদ্ধির সঙ্গে দৃইটা

^{*}কমলাকান্ত বোধ হয়, প্রোহিতকে ডোম বালিতেছে; কেন না, প্রোহিতেই বিবাহ দেয়। উঃ কি পাষণ্ড!—ভীচ্মদেব।

विष्क्य बुह्मावली

ধ্তরোর বীচি বাটিয়া দেয়। বোধ হয়, এই হিসাবেই বঙ্গীয় লেখকেরা আপনাপন প্রবন্ধনধ্যে অধ্যাপকদিগের নিকট দ্ই-চারিটা বচন লাইয়া গাঁথিয়া দেন। প্রবন্ধ-গাঁজার মধ্যে সেই বচন-ধ্তরোর বীচিতে পাঠকের নেশা জমাইয়া তুলে। এই নেশায় বঙ্গদেশ আজি কালি মাতিয়া উঠিয়াছে।

আমাদের দেশের লেখকদিগকে আমি তে'তুল বলিয়া গাঁগ। নিজের সম্পত্তি খোলা আর সিটে, কিন্তু দৃষকেও স্পর্শ করিলে দিধ করিয়া তোলেন। গাঁলের মধ্যে কেবল অন্লগাঁল—তাও নিকৃষ্ট অন্লন। তবে এক গাঁল মানি—ইহারা সাক্ষাং কান্টাবতার। তে'তুল কাঠ নীরস বটে, কিন্তু সমালোচনার আগাঁনে পোড়েন ভাল। সত্য কথা বলিতে কি, তে'তুলের মত কুসামগ্রী আমি সংসারে দেখিতে পাই না। ষেই কিয়ংপরিমাণে খায়, তাহারই অজীর্ণ হয়, সেই অন্ল উপ্লার করে। যেই অধিক পরিমাণে খায়, সেই অন্লপিন্তরোগে চিরর্গ্ম। যাঁহারা সাহেব হইয়াছেন, টেবিলে বসিয়া, গ্যাসের আলোতে, বা আগাণ্ড জনালিয়া, ফয়জন্ব খানসামার হাতের পাক, কাঁটা চামচে ধরিয়া খাইতে শিখিয়াছেন,—তাঁহারা এক দায় এড়াইয়াছেন—তে'তুলের অন্লের বড় ধায় ধারিতে হয় না—আগাগোড়া তে'তুলের মাছ দিয়া ভাত মারিতে হয় না। কিন্তু যাহাদিগকে চালা-ঘরে বসিয়া, মনুঙ্গেরে পাতর কোলে করিয়া, পদী পিসীর রায়া খাইতে হয়, তাঁহাদের কি বন্দ্রণা! পদী পিসী কুলীনের মেয়ে, প্রাতঃল্পান করে, নামাবলী গায়ে দেয়, হাতে তুলসীর মালা, কিন্তু রাঁধিবার বেলা কলাইয়ের দাল, আর তে'তুলের মাছ ছাড়া আর কিছনুই রাঁধিতে জানেন না। ফয়জন্ব জাতিতে নেড়ে, কিন্তু রাঁধে অমৃত।

আর একটি মন্বাফলের কথা বলা হইলেই অদ্য ক্ষান্ত হই। দেশী হাকিমেরা কোন্ ফল বল দেখি? যিনি রাগ করেন কর্ন, আমি স্পণ্ট কথা বলিব, ই'হারা প্থিবীর কৃষ্মান্ড। যদি চালে তুলিয়া দিলে, তবেই ই'হারা উ'চুতে ফলিলেন—নহিলে মাটিতে গড়াগড়ি যান। যেখানে ইচ্ছা, সেখানে তুলিয়া দাও, একট্ন ঝড় বাতাসেই লতা ছি'ড়িয়া ভূমে গড়াগড়ি। অনেকগর্নল র্পেও কৃষ্মান্ড।—তবে কৃষ্মান্ড এখন দ্বই প্রকার ইইতেছে—দেশী কৃমড়া ও বিলাতী কৃষ্ড়া বিলাতী কৃষ্ডা বলিলে এমত ব্ঝায় না যে, এই কৃষ্ডাগর্নলি বিলাত হইতে আসিয়াছে। যেমন দেশী মুচির তৈয়ারি জন্তাকে ইংরেজি জন্তা বলে, ই'হারাও সেইর্প বিলাতী। বিলাতী কৃষ্ডার যে গোরব অধিক, ইহা বলা বাহ্লা। সংসারোদ্যানে আরও অনেক

कल कल, जन्माका मन्दारिशका अकन्मांग, कमर्या, हेक-

চক্রবন্তরী

তৃতীয় সংখ্যা—ইউটিলিটি* বা উদর-দর্শন

বেশ্থাম হিতবাদ দর্শনের স্থিত করিয়া ইউরোপে অক্ষর কীর্ত্তি স্থাপন করিয়া গিয়াছেন।
আমি এই হিতবাদমতে অমত করি না; বরং আমি ইহার অন্মোদক, তবে আপনারা জানেন
কি না, বালতে পারি না, আমি একজন স্যোগ্য দার্শনিক। আমি এই হিতবাদ দর্শন অবলম্বন
করিয়া, কিছ্ ভাঙ্গিয়া, কিছ্ গড়িয়া, একটি ন্তন দর্শনশাস্ত্র প্রণয়ন করিয়াছি। প্রকৃতপক্ষে,
ভাহা বাঙ্গালায় প্রচলিত হিতবাদ দর্শনের ন্তন ব্যাখ্যা মাত্র। তাহার স্থল মন্ম আমি সংক্ষেপতঃ
লিপিবন্ধ করিতেছি। প্রাচীন প্রথান্সারে দর্শনিটি স্ত্রাকারে লিখিত ইইয়াছে। এবং আমি
স্বয়্ধই স্ত্রের ভাষা করিয়া ভাহার সঙ্গে সঙ্গে লিখিয়াছি। বাঙ্গালাতেই স্ত্রগ্রিল লিখিত

^{* &}quot;ইউটিলিটি" শব্দের অর্থ কি? ইহার কি বাঙ্গালা নাই? আমি নিজে ইংরেজি জানি না—কমলাকান্তও কিছু বলিয়া দেয় নাই—অতএব অগত্যা আমার প্রকে জিজ্ঞাসা করিয়াছিলাম। আমার প্র ডেক্সনারী দেখিয়া এইর্প ব্যাখ্যা করিয়াছে "ইউ" শব্দে তৃমি বা তোময়া, "টেল্" শব্দে চাষ করা, "ইট্" শব্দে খাওয়া, "ই" অর্থে কি, তাহা সে বলিতে পারিল না, কিন্তু বোধ করি কমলাকান্ত, "ইউ-টিল-ইট-ই" পদে ইহাই অভিপ্রেত করিয়াছেন বে, "তোময়া চাম করিয়াই খাও" কি পাবন্ড! সকলকেই চাষা বলিল! ঈদ্শ দুর্বন্ত দশানন লম্বোদর গজাননের রচনা পাঠ করাতেও পাপ আছে। বোধ হয়, আমার প্রেটি ইংরেজি লেখাপড়ায় ভাল হইয়াছে, নচেং এর্প দ্রুছ শব্দের সদর্থ করিতে শারিত না।—শ্রীভীত্মদেব খোশনবীস।

হইয়াছে। আমি যে অসংস্কৃতজ্ঞ, এমত কেহ মনে করিবেন না। তবে সংস্কৃতে স্ত্রগালি কয়জন ব্রাঝতে পারিবে? অতএব, সাধারণ পাঠকের প্রতি অন্কৃত্ল হইয়া বাঙ্গালাতেই সমস্ত কার্য্য নিব্যাহ করিয়াছি। সে স্ত্রগ্রেথর সারাংশ এই;—

১। জीवमतीत्रम् बृहर शर्वावत्मम् छेमत्र बद्धा।

ভাষ্য — "বৃহং" — অর্থাৎ নাসিকা কর্ণাদি ক্ষর গহররকে উদর বলা যায় না। বলিলে বিশেষ প্রত্যবায় আছে।

"জীবশরীরস্থ বৃহৎ গহনর"—জীবশরীরস্থ বলিবার তাৎপর্য্য এই যে, নহিলে পর্বাতগন্তা প্রভাতকে উদর বলিয়া পরিচয় দিয়া কেহ তাহার প্রতিরে প্রত্যাশা করিতে পারেন।

"গহ্বর"—যদিও জীবশরীরন্থ গহ্বরবিশেষই উদর শব্দে বাচ্য, তথাপি অবস্থাবিশেষে অঞ্জাল প্রভৃতিও উদরমধ্যে গণ্য। কোন স্থানে উদর পুরাইতে হয়, কোন স্থানে অঞ্জাল পুরাইতে হয়।

२। উদরের তিবিধ প্রতিই পরম প্রেমার্থ।

ভাষ্য দ্লোরও এই মত। আধিভিতিক, আধ্যাত্মিক এবং আধিদৈবিক, এই ত্রিবিধ উদর-পর্ন্তি।

"আধিভোতিক"—অন্ন ব্যঞ্জন সন্দেশ মিন্টান্ন প্রভৃতি ভোতিক সামগ্রীর দ্বারা উদরের যে

প্রিত্ত হয়, তাহাই আধিভৌতিক প্রতি।

"আধ্যাত্মিক"—যাঁহারা বড়লোকের বাক্যে লব্ধ হইয়া কাল্যাপন করেন, তাহাদিগের আধ্যাত্মিক উদরপূর্ত্তি হয়।

"আধিদৈবিক"—দৈবান্কশপায় প্লীহা যকুৎ প্রভৃতি দ্বারা যাঁহাদের উদর প্রিরায় উঠে, তাঁহাদিগের আধিদৈবিক উদরপ্রতি।

৩। এতক্ষধ্যে আধিভোতিক প্রতিই বিহিত।

ভাষ্য — "বিহিত"—বিহিত শব্দের দ্বারা অন্যান্য প্রতিরে প্রতিষেধ হইল কি না, ভবিষ্যং ভাষ্যকারেরা মীমাংসা করিবেন।

এক্ষণে সিদ্ধ হইল, উদরনামক মহা-গহররে ল্বিচ সন্দেশ প্রভৃতি ভৌতিক পদার্থের প্রবেশই পরুর্যার্থ। অতএব এ গর্ত্তের মধ্যে কি প্রকার ভূত প্রবেশ করান যাইতে পারে, তাহা নির্ম্বাচন করা যাইতেছে।

৪। বিদ্যা বৃদ্ধি পরিশ্রম উপাসনা বল এবং প্রতারশা, এই বড়্বিধ প্রেবার্থেরি উপায়, প্রবিপণিডতেরা নিশ্পে করিয়াছেন।

ভাষ্য।—১। "বিদ্যা"—বিদ্যা কি, তাহা অবধারণ করা কঠিন। কেহ কেহ বলেন, লিখিতে ও পড়িতে শিখাকে বিদ্যা বলে। কেহ কেহ বলেন, বিদ্যার জন্য বিশেষ লিখিতে বা পড়িতে শিখার প্রয়োজন নাই, গ্রন্থ লিখিতে, সম্বাদ পগ্রাদি লিখিতে জানিলেই হইল। কেহ কেহ তাহাতে আপত্তি করেন যে, যে লিখিতে জানে না, সে প্রাদি লিখিবে কি প্রকারে? আমার বিবেচনায় এর্প তর্ক নিতান্ত অকিণ্ডিংকর। কুজীরশাবক ডিম্ব ভেদ করিবামার জলে গিয়া সাঁতার দিয়া থাকে, শিখিতে হয় না। সেইর্প বিদ্যা বাঙ্গালির স্বতঃসিদ্ধ, তজ্জন্য লেখা-পড়া শিখিবার প্রয়োজন নাই।

- ২। "বৃদ্ধি"—যে আশ্চর্য্য শক্তিম্বারা তৃলাকে লোহ, লোহকে তৃলা বিবেচনা হয়, সেই শক্তিকেই বৃদ্ধি বলে? কপলের সন্থিত ধনরাশির ন্যায় ইহা আমরা স্বয়ং সর্ব্বদা দেখিতে পাই, কিন্তু পরে কখন দেখিতে পায় না। পৃথিবীর সকল সামগ্রীর অপেক্ষা বোধ হয়, জগতে ইহারই আধিক্য। কেন না, কখন কেহ বলিল না যে, ইহা আমি অলপ পরিমাণে পাইয়াছি।
- ৩। "পরিপ্রম"—উপযুক্ত সময়ে ঈষদুক আল ব্যঞ্জন ভোজন, তংপরে নিদ্রা, বায়ু সেবন, তামাকুর ধ্মপান, গৃহিণীর সহিত সম্ভাষণ ইত্যাদি গুরুত্ব কার্যাসম্পাদনের নাম পরিপ্রম।
- ৪। "উপাসনা"—কোন ব্যক্তির সম্বন্ধে কোন কথা বলিতে গেলে, হয় তাহার গ্র্ণান্বাদ, নয় দোষকীর্ত্তন করিতে হয়। কোন ক্ষমতাশালী প্রধান ব্যক্তি সম্বন্ধে এর্প কথা হইলে, বিদ তিনি প্রকৃত দোষযুক্ত ব্যক্তি হয়েন, তবে তাঁহার দোষকীর্ত্তন করাকে নিন্দা বলে। আর তিনি বিদ দোষযুক্ত না হয়েন, তবে তাঁহার দোষকীর্ত্তনকে স্পন্টবক্তৃত্ব বা রসিকতা বলে। গ্রুণ পক্ষে, তিনি বিদ গ্র্ণহীন হয়েন, তবে তাঁহার গ্র্ণকীর্ত্তনকে ন্যায়নিন্টতা বলে। আর যদি তিনি মধার্থ গ্র্ণবান্ হয়েন, তবে তাঁহার গ্র্ণকীর্ত্তনকে উপাসনা বলে।

विषक्त ब्रह्मावली

৫। "বল"—দীর্ঘছদে বাক্য—মূখ চক্ষরে আরক্তভাব—ঘোরতর ডাক হাঁক,—মূখ হইতে অনগলৈ হিন্দী, ইংরাজী এবং নিষ্ঠীবনের বৃষ্টি,—দূরে হইতে ভঙ্গীদ্বারা কিল, চড়, ঘূবা এবং লাখি প্রদর্শন ও সান্ধ তিম্পান প্রকার অন্যান্য অঙ্গভঙ্গী—এবং বিপক্ষের কোন প্রকার উদ্যম দেখিলে অকালে প্লায়ন ইত্যাদিকে বল বলে।

वन वर्ज़्विध, यथाः-

মৌখিক অভিসম্পাত, গালি, নিন্দা প্রভৃতি।

হান্ত-কিল, চড় প্রদর্শন প্রভৃতি।

পাদ-পলারনাদি।

চাক্ষর-রোদনাদি। যথা, চাণকাপণ্ডিত,-"বালানাং রোদনং বলং" ইত্যাদি।

দ্বাচ প্রহারসঞ্চিতা ইত্যাদি।

মানস-দ্বেষ, ঈর্ষা, হিংসা প্রভৃতি।

৬। প্রতারণা—

নিম্নলিখিত ব্যক্তিদের পূথিবীমধ্যে প্রতারক বলিয়া জানিও।

এক, পণ্যাজীব। প্রমাণ—দোকানদার জিনিস বেচিয়া আবার মূল্য চাহিয়া থাকে। মূল্য-দাতা মাত্রেরই মত যে, তিনি ক্রকালীন প্রতারিত হইয়াছেন।

দ্বিতীয়, চিকিংসর্ক। প্রমাণ—রোগী রোগ হইতে মৃক্ত হইলে পরে যদি চিকিংসক বেতন চায়, তবে রোগী প্রায় সিদ্ধান্ত করিয়া থাকেন যে, আমি নিজে আরাম হইয়াছি; এ বেটা অনর্থক ফাঁকি দিয়া টাকা লইতেছে।

তৃতীয়, ধন্মোপদেন্টা এবং ধান্মিক ব্যক্তি। ই'হারা চিরপ্রথিত প্রতারক, ই'হাদিগের নাম "ভন্ড"। ই'হারা বে প্রতারক, তাহার বিশেষ প্রমাণ এই যে, ই'হারা অর্থাদির কামনা করেন না। ইত্যাদি।

৫। এই सर्विथ উপায়ের ছারা উদর প্তি বা প্রুমার্থ অসাধ্য।

ভাষ্য ।—এই সূত্রের দ্বারা পর্ন্ত্রপণিডতদিগের মত খণ্ডন করা যাইতেছে। বিদ্যাদি ষড়বিধ উপারের দ্বারা যে উদরপ্তির্তি হইতে পারে না, ক্রমে তাহার উদাহরণ দেওয়া যাইতেছে।

"বিদ্যা"—বিদ্যাতে যদি উদরপ্তি হইত, তবে বাঙ্গালা সম্বাদপত্তের অমাভাব কেন?

"বৃদ্ধি"—বৃদ্ধিতে যদি উদরপ্তির্তি হইত, তবে গন্দভি মোট বহিবে কেন?

"পরিশ্রম"—পরিশ্রমে যদি হইত, তবে বাঙ্গালি বাব্রা কেরাণী কেন?

"উপাসনা"—উপাসনায় যদি হইত, তবে সাহেবগণ কমলাকান্তকে অনুগ্রহ করেন না কেন? আমি ত মন্দ পে-বিল লিখি নাই।

"বল"—বলে যদি হইত, তবে আমরা পড়িয়া মার খাই কেন?

"প্রতারণা"—প্রতারণায় যদি হইত, তবে মদের দোকান কখন কখন ফেল হয় কেন?

৬। উদরপ্তি বা প্রেয়ার্থ কেবল হিতসাধনের দ্বারা সাধ্য।

ভাষ্য ।—উদাহরণ। ব্রাহ্মণ-পশ্চিতেরা লোকের কালে মন্দ্র দিয়া তাহাদের হিতসাধন করিরা থাকেন। ইউরোপীয় জাতিগণ অনেক বন্য জাতির হিতসাধন করিয়াছেন, এবং রুসেরা এক্ষণে মধ্য-আসিয়ার হিতসাধনে নিযুক্ত আছেন। বিচারকগণ বিচার করিয়া দেশের হিতসাধন করিতেছেন। অনেকে স্বিক্রেয় এবং অবিক্রেয় পৃষ্টক ও প্রাদি প্রণয়ন দ্বারা দেশের হিতসাধন করিতেছেন। এ সকলের প্রচুর পরিমাণে উদরপ্তি অর্থাং প্রুম্বার্থলাভ ইইতেছে।

प्रज्ञास्य प्रकार करें विकास करें ।

ভাষ্য ।—এই শেষ স্ত্রের দ্বারা হিতবাদ দর্শন, এবং উদর দর্শনের একতা প্রতিপাদিত হইল। স্তরাং এই স্থলে কমলাকান্তের স্ত্র-গ্রন্থের সমাপ্তি হইল। ভরসা করি, ইহা ভারতবর্ষের সপ্তম দর্শনিশাস্ত্র বলিয়া আদ্ত হইবে।

প্রীকমলাকান্ড চক্রবর্ত্তী

চতুর্থ সংখ্যা—পতঙ্গ

বাব্র বৈঠকখানায় সেজ জর্লিতেছে—পালে আমি, মোসারেবি ধরণে বাসরা আছি। বাব্ দলাদলির গলপ করিতেছেন,—আমি আফিম চড়াইরা ঝিমাইতেছি। দলাদলিতে চটিরা মান্তা বেশী করিয়া ফেলিয়াছি। বিধিলিপি! এই অখিল ব্রহ্মাণ্ডের অনাদি ক্রিয়াপরম্পরার একটি ফল এই ষে, উনবিংশ শতাব্দীতে কমূলাকান্ত চক্রবন্তী জন্মগ্রহণ করিয়া অদ্য রাক্রে নসীরাম বাব্র বৈঠকখানায় বিসিয়া মাত্রা বেশী করিয়া ফেলিবেন। স্তরাং আমার সাধ্য কি যে, তাহার অন্যথা করি।

বিমাইতে বিমাইতে দেখিলাম যে, একটা পতঙ্গ আসিয়া ফান্সের চারি পাশে শব্দ করিয়া ঘর্নিয়া বেড়াইতেছে। "চোঁ-ও-ও-ও" "বোঁ-ও-ও" করিয়া শব্দ করিতেছে। আফিমের ঝোঁকে মনে করিলাম, পতঙ্গের ভাষা কি বর্নিতে পারি না? কিছুক্ষণ কাণ পাতিয়া শর্নিলাম—কিছু ব্নিতে পারিলাম না। মনে মনে পতঙ্গকে বলিলাম. "তুমি কি ও চোঁ বোঁ করিয়া বলিতেছ, আমি কিছু বর্নিতে পারিতেছি না।" তখন হঠাৎ আফিম প্রসাদাৎ দিব্য কর্ণ প্রাপত হইলাম—শর্নিলাম, পতঙ্গ বলিল, "আমি আলোর সঙ্গে কথা কহিতেছি—তুমি চুপ কর।" আমি তখন চুপ করিয়া পতঙ্গের কথা শর্নিতে লাগিলাম। পতঙ্গ বলিতেছে—

দেখ, আলো মহাশর, তুমি সেকালে ভাল ছিলে—পিতলের পিলস্বজের উপর মেটে প্রদীপে শোভা পাইতে—আমরা স্বচ্ছন্দে পর্বিড়য়া মরিতাম। এখন আবার সেজের ভিতর ঢ্রকিয়াছ— আমরা চারিদিকে ঘুরে বেড়াই—প্রবেশ করিবার পথ পাই না, পর্বিড়য়া মরিতে পাই না।

দেখ, পর্ডিয়া মরিতে আমাদের রাইট আছে আমাদের চিরকালের হক্। আমরা পতঙ্গ জাতি, পর্বিশির আলোতে পর্ডিয়া মরিয়া আসিতেছি—কখন কোন আলো আমাদের বারণ করে নাই। তেলের আলো, বাতির আলো, কাঠের আলো, কোন আলো কখন বারণ করে নাই। কাচ মর্ডি দিয়া আছ কেন, প্রভু? আমরা গরিব পতঙ্গ—আমাদের সহমরণ নিষেধের জারি কেন? আমরা কি হিন্দ্র মেয়ে যে, পর্ডিয়া মরিতে পাব না?

দেখ, হিন্দ্র মেয়ের সঙ্গে আমাদের অনেক প্রভেদ। হিন্দ্র মেয়েরা আশা-ভরসা থাকিতে কখন প্রভিয়া মরিতে চাহে না—আগে বিধবা হয়, তবে প্রভিয়া মরিতে বসে। আমরাই কেবল সকল সময়ে আত্মবিসর্জনে ইচ্ছ্রক। আমাদের সঙ্গে স্ফ্রীজাতির তুলনা?

আমাদের ন্যায়, স্বীজাতিও রুপের শিখা জর্বলিতে দেখিলে বাঁপ দিয়া পড়ে বটে। ফলও এক.—আমরাও প্রভিয়া মরি. তাহারাও প্রভিয়া মরে। কিন্তু দেখ, সেই দাহতেই তাদের স্থ.— আমাদের কি স্থ? আমরা কেবল প্রভিবার জন্য প্রভি. মরিবার জন্য মরি। স্বীজাতিতে পারে? তবে আমাদের সঙ্গে তাহাদের তুলনা কেন?

শন্ন, যদি জনলন্ত রপে শরীর না ঢাকিলাম, তবে এ শরীর কেন? অন্য জীবে কি ভাবে, তাহা বলিতে পারি না, কিন্তু আমরা পতঙ্গজাতি, আমরা ভাবিয়া পাই না, কেন এ শরীর?— লইয়া কি করিব? নিত্য নিত্য কুসন্মের মধ্য চুন্বন করি, নিত্য নিত্য বিশ্ব-প্রফল্লেকর স্ব্যাকিরশে বিচরণ করি—তাহাতে কি সন্থ? ফন্লের সেই একই গন্ধ, মধ্র সেই একই মিন্টতা, স্ব্যার সেই এক প্রকারই প্রতিভা। এমন অসার, প্রাতন বৈচিত্রাশ্না জগতে থাকিতে আছে? কাচের বাইরে আইস, জন্তুলন্ত রপেশিখায় গা ঢালিব।

দেখ. আমার ভিক্ষাটি বড় ছোট—আমার প্রাণ তোমাকে দিয়া যাইব, লইবে না? দিব বৈ ত গ্রহণ করিব না। তবে ক্ষতি কি? তুমি রুপ, পোড়াইতে জন্মিয়াছ, আমি পতঙ্গ, পর্ড়িতে জন্মিয়াছি; আইস, যার যে কাজ, করিয়া যাই। তুমি হাসিতে থাক, আমি প্রিড়।

তুমি বিশ্বধন্ধসক্ষম—তোমাকে রোধিতে পারে, জগতে এমন কিছুই নাই—তুমি কাচের ভিতর ল্কাইয়া আছ কেন? তুমি জগতের গতির কারণ—কার ভয়ে তুমি ডোমের ভিতর ল্কাইয়াছ? কোন্ ডোমে এ ডোম গড়িয়াছে? কোন্ ডোমে তোমাকে এ ডোমের ভিতর প্রিয়াছে? তুমি যে বিশ্বব্যাপী, কাচ ভাঙ্গিয়া আমায় দেখা দিতে পার না?

তুমি কি? তা আমি জানি না—আমি জানি না—কেবল জানি যে, তুমি আমার বাসনার বস্তু
—আমার জাগুতের ধ্যান—নিদ্রার স্বপ্প—জীবনের আশা—মরণের আশ্রয়। তোমাকে কথন জানিতে
পারিব না—জানিতে চাহিও না—যে দিন জানিব, সেই দিন আমার স্থ যাইবে। কাম্য বস্তুর
স্বরূপ জানিলে কাহার স্থ থাকে?

তোমাকে কি পাইব না? কত দিন তুমি কাচের ভিতর থাকিবে? আমি কাচ ভাঙ্গিত পারিব না? ভাল থাক—আমি ছাড়িব না—আবার আসিতেছি—বোঁ-ও-ও

পতঙ্গ উডিয়া গেল।

নসীরাম বাব, ডাকিল, "কমলাকান্ত!" আমার চমক হইল—চাহিয়া দেখিলাম—বরীঝ বড় ए जिया পिए बाब्यिम । किन् प्रारिया परिया नजीतामक विनित्व भारतमाम ना-परियाम, মনে হইল, একটা বৃহৎ পতন্ধ বালিশ ঠেসান দিয়া, তামাকু টানিতেছে। সে কথা কহিতে লাগিল —আমার বোধ হইতে লাগিল যে, সে চোঁ বোঁ করিয়া কি বালতেছে। এখন হইতে আমার বোধ হইতে লাগিল যে, মনুষ্য মাত্রেই পতঙ্গ। সকলেরই এক একটি বহি আছে—সকলেই সেই বহিতে পর্বাঞ্জয়া মরিতে চাহে, সকলেই মনে করে, সেই বহিতে পরিভয়া মরিতে তাহার অধিকার আছে—কেহ মরে, কেহ কাচে বাধিয়া ফিরিয়া আসে। জ্ঞান-বহি, ধন-বহি, মান-বহি, রূপ-বহিং, ধন্ম-বহিং, ইন্দ্রিয়-বহিং, সংসার বহিংময়। আবার সংসার কাচময়। যে আলো দেখিয়া মোহিত হই—মোহিত হইয়া যাহাতে ঝাঁপ দিতে যাই—কই, তাহা ত পাই না—আবার ফিরিয়া বোঁ করিয়া চলিয়া যাই—আবার আসিয়া ফিরিয়া বেড়াই। কাচ না থাকিলে, সংসার এত দিন প্রতিয়া যাইত। যদি সকল ধন্মবিং চৈতন্যদেবের ন্যায় ধন্ম মানস-প্রত্যক্ষে দেখিতে পাইত. তবে কয় জন বাঁচিত। অনেকে জ্ঞান-বছির আবরণ-কাচে ঠেকিয়া রক্ষা পায়, সম্রেতিস, গেলিলিও তাহাতে প্রভিয়া মরিল। র্প-বহি, ধন-বছি, মান-বহিতে নিত্য নিত্য সহস্র পতঙ্গ প্রভিয়া মারতেছে.—আমরা স্বচক্ষে দেখিতেছি। এই বহিন্ত দাহ যাহাতে বার্ণত হয়, তাহাকে কাবা বলি। মহাভারতকার মান-বহ্নি সাজন করিয়া দুর্যোধন পতঙ্গকে পোড়াইলেন; জগতে অতুলা কাবাগ্রন্থের সূচি হইল। জ্ঞানবহিজ্ঞাত দাহের গীত"Paradise Lost"। ধর্ম-বহির অদ্বিতীয় কবি দেশ্ট পল। ভোগবহির পতঙ্গ, "আশ্টনি, ক্লিওপেত্রা"। রূপ-বহির "রোমিও ও জুলিয়েত," ঈর্ষা-বহির "ওথেলো"। গীতগোবিন্দ ও বিদ্যাস্ক্রারে ইন্দ্রির-বহিং জুর্নিতেছে। দ্বেহ-বহ্নিতে সীতাপতক্ষের দাহ জন্য রামায়ণের সৃষ্টি। বহ্নি কি, আমরা জানি না। রূপ, তেজ, जान, किया, गींठ, व नकल कथात जर्थ नारे। विशास मर्गन र्शात मार्स, विख्वान राति मारन। ধশ্মপ্রেক হারি মানে, কাব্যগ্রন্থ হারি মানে। ঈশ্বর কি, ধশ্ম কি, জ্ঞান কি, ল্লেহ কি? তাহা কি. কিছু জানি না। তবু সেই অলোকিক, অপরিজ্ঞাত পদার্থ বেড়িয়া বেড়িয়া ফিরি। আমরা পতঙ্গ নাত কি?

দেখ ভাই, পতক্ষের দল. ঘ্রিয়া ঘ্রিয়া কোন ফল নাই। পার, আগ্রনে পড়িয়া প্রিড়িয়া মর: না পার, চল, "বোঁ" করিয়া চলিয়া যাই।

গ্রীকমলাকান্ত চক্রবন্তী

পঞ্চম সংখ্যা—আমার মন

আমার মন কোথায় গেল? কে লইল? কই, যেখানে আমার মন ছিল, সেখাতে ত নাই। যেখানে রাখিয়াছিলাম, সেখানে নাই। কে চুরি করিল? কই, সাত প্থিবী খংজিয়া ত আমার

"मनारात" काशांक भारेनाम ना। जरत क र्रोत करिन?

একজন বন্ধ্ব বিললেন, দেখ, পাকশালা খ্রিজয়া দেখ, সেখানে তোমার মন পড়িয়া থাকিতে পারে। মানি, পাকের ঘরে আমার মন পড়িয়া থাকিত। যেখানে পোলাও. কাবার, কোফতার স্বান্ধ, যেখানে ডেক্চী-সমার্ড়া অরপ্র্ণার মৃদ্ব মৃদ্ব ফুটফুটব্টব্টব্টক্ককোধ্বনি, সেইখানে আমার মন পড়িয়া থাকিত। যেখানে ইলিস মংস্য, সতৈল অভিবেকের পর ঝোলগঙ্গার দ্বান করিয়া, মৃত্রয়, কাংস্যময়, কাচময় বা রক্তময় সিংহাসনে উপবেশন করেন, সেইখানেই আমার মন প্রশত হইয়া পড়িয়া থাকে, ভক্তিরসে অভিভূত হইয়া, সেই তীর্থস্থান আর ছাড়িতে চায় না। যেখানে ছাগ-নন্দন, দ্বিতীয় দ্বানির ন্যায় পরোপকারার্থ আপন অন্থি সমর্পণ করেন, যেখানে মাংসসংয্ক্ত সেই অস্থিতে কোরমা-র্প বদ্ধ নিন্মিত হইয়া, ক্র্যার্প ব্লাস্র ববের জন্য প্রভূত থাকে, আমার মন সেইখানেই, ইন্তম্বলাভের জন্য বসিয়া থাকে। যেখানে, পাচকর্পী বিফুক্ত্ক, ক্র্রির্প স্কর্শন চক্র পরিত্যক্ত হয়, আমার মন সেইখানেই গিয়া বিস্কৃত্ক হইয়া দাঁড়ায়। অথবা যে আকাশে ল্রিচ-চন্দের উদয় হয়, সেইখানেই আমার মন-রাহ্ গিয়া তাহাকে গ্রাস করিতে চায়। অন্যে যাহা বলে বলক্ক, আমার মন সেইখানেই প্রক্র । হালদারিদিগের বাড়ীর রামমান দেখিতে অতি কুর্বাসতা, এবং তাহার বয়য়্রফ্রম যাট্ বৎসর, কিস্তু রাঁধে ভাল এবং পরিবেশনে

মুক্তহন্তা বলিয়া, আমার মন তাহার সঙ্গে প্রসক্তি করিতে চাহিয়াছিল। কেবল রামমণির সজ্ঞানে গঙ্গালাভ হওয়ায় এটি ঘটে নাই।

স্কলের প্রবর্ত্তনায় পাকশালায় মনের সন্ধান করিলাম, সেখানে পাইলাম না। পলায়, কোফ্তা প্রভৃতি অধিষ্ঠাতৃদেবগণ জিজ্ঞাসায় বলিলেন. তাঁহারা কেহ আমার মন চুরি করেন নাই।

বন্ধ্ব বলিলেন, একবার প্রসন্ধ গোয়ালিনীর নিকট সন্ধান জান। প্রসম্রের সঙ্গে আমার একট্ব প্রশন্ন ছিল বটে, কিন্তু সে প্রশন্নটা কেবল গব্যরসাত্মক। তবে প্রসন্ধ দেখিতে শ্বনিতে মোটাসোটা, গোলগাল, বয়সে চল্লিশের নীচে, দাঁতে মিসি, হাসিভরা মৃথ, কপালের একটি ছোট উল্কিটিপের মত দেখাইত; সে রসের হাসি পথে ছড়াইতে ছড়াইতে যাইত, আমি তাহা কুড়াইরা লইতাম. এই জন্য লোকে আমার নিন্দা করিত। প্রজার বামণের জ্বালার বাগানে ফ্বল ফ্রটিতে পার না—নচেং গব্যরসে ও কাব্যরসে বিলক্ষণ বিনিমর চলিত। ইহাতে আমার নিজের জন্য আমি যত দুর্হাথত হই, না হই. প্রসমের জন্য আমি একট্ব দুর্হাথত। কেন না, প্রসন্ন সতী, সাধনী, পতিব্রতা। এ কথাও আমি মৃথ ফ্রটিয়া বলিতে পাই না। বলিয়াছিলাম বলিয়া, পাড়ার একটি নন্টবৃদ্ধি ছেলে ইহার বিপরীত অর্থ করিয়াছিল। সে বলিল যে, প্রসন্ন আছেন, এজন্য সং বা সতী বটে, তিনি সাধ্ব ঘোষের স্বাী, এজন্য সাধনী; এবং বিধবাবন্থাতেও পতিছাড়া নহেন, এজন্য ঘোরতর পতিরতা। বলা বাহ্নল্য যে, যে অশিষ্ট বালক এই ঘ্রণিত অর্থ মৃথে আনিয়াছিল. তাহার শিক্ষার্থ, তাহার গণ্ডদেশে চপেটাঘাত করিয়াছিলাম, কিন্তু তাহাতে আমার কলঞ্ক গেল না।

বর্থন লিখিতে বসিয়াছি, তখন স্পন্ধ কথা বলা ভাল—আমি প্রসম্বের একট্র অন্রাগী বটে। তাহার অনেক কারণ আছে—প্রথমতঃ, প্রসম্ব যে দ্বদ্ধ দেয়, তাহা নিক্জল, এবং দামে সন্তা; দ্বিতীয়, সে কখন কখন ক্ষীর, সর, নবনীত আমাকে বিনাম্ল্যো দিয়া যায়; তৃতীয়, সে একদিন আমাকে কহিয়াছিল, "দাদাঠাকুর, তোমার দপ্তরে ও কিসের কাগজ ?" আমি জিজ্ঞাসা করিলাম, "শ্রনিব?" সে বলিল, "শ্রনিব।" আমি তাহাকে কয়েকটি প্রবন্ধ পড়িয়া শ্রনাইলাম—সে বসিয়া শ্রনিল। এত গ্রেণে কোন্ লিপিব্যবসায়ী ব্যক্তি বশীভূত না হয়? প্রসম্বের গ্রেণের কথা আর অধিক কি বলিব—সে আমার অন্যরোধে আফিম্ ধরিয়াছিল।

এই সকল গুণে আমার মন কখন কখন প্রসঙ্গের ঘরের জানেলার নীচে ঘ্ররিয়া বেড়াইত, ইহা আমি স্বীকার করি। কিন্তু কেবল তাহার ঘরের জানেলার নীচে নর, তাহার গোহালঘরের আগড়ের পাশেও উকি মারিত। প্রসঙ্গের প্রতি আমার যের্প অন্রাগ, তাহার মঙ্গলা নামে গাইরের প্রতিও তদ্প। এক জন ক্ষীর সর নবনীতের আকর, দ্বিতীয়, তাহার দানকর্মী। গঙ্গা বিস্কৃপদ হইতে জন্মগ্রহণ করিয়াছেন বটে, কিন্তু ভগীরথ তাহাকে আনিয়াছেন; মঙ্গলা আমার বিস্কৃপদ; প্রসঙ্গ আমার ভগীরথ; আমি দৃই জনকেই সমান ভালবাসি। প্রসঙ্গ এবং তাহার গাই, উভরেই স্কুলরী; উভরেই স্কুলাঙ্গী, লাবণাম্যনী, এবং ঘটোধামী। এক জন গব্যরস স্কুন করেন, আর এক জন হাস্যরস স্কুন করেন। আমি উভরেই নিকট বিনাম্ল্যে বিক্রীত।

কিন্তু আজি কালি সন্ধান করিয়া দেখিলাম, প্রসম্ভের গবাক্ষতলে, অথবা তাহার গোহালঘরে আমার মন নাই। আমার মন কোথা গেল?

কাঁদিতে কাঁদিতে পথে বাহির হইলাম। দেখিলাম, এক ব্বতী জলের কলসী কক্ষে লইয়া যাইতেছে। তাঁহার ম্থের উপর গভীর-কৃষ্ণ দোদ্লামান কুণিগুতালকরাজি, গভীর-কৃষ্ণ দ্র্যায় বেংগ গভীর-কৃষ্ণ চণাল নয়নতারা দেখিয়া বোধ হইল, যেন পদ্মবনে কতকগ্রলা দ্রমর ঘ্ররা বেড়াইতেছে—বাসতেছে না, উড়িয়া বেড়াইতেছে। তাহার গমনে যের্প অঙ্গ দ্রালতেছিল, বোধ হইল, যেন লাবণাের নদীতে ছোট ছোট টেউ উঠিতেছে; তাহার প্রতি পদক্ষেপে বোধ হইল, যেন পাঁজরের হাড় ভাঙ্গিয়া দিয়া চলিয়া যাইতেছে। ইহাকে দেখিয়া আমার বোধ হইল, নিঃসন্দেহ এই আমার মন চুরি করিয়াছে। আমি তাহার সঙ্গে চলিলাম। সে ফিরিয়া দেখিয়া ঈষ্ণ রুফ্ডাবে জ্ঞাসা করিল, "ও কি ও? সঙ্গ নিয়েছ কেন?"

আমি বলিলাম, "তুমি আমার মূল চুরি করিয়াছ।"

য**ুবতী কট্**ন্তি করিয়া গালি দিল। বলিল, "চুরি করি নাই। তোমার ভগিনী আমাকে যাচাই করিতে দিয়াছিল। দর কবিয়া আমি ফিরিয়া দিয়াছি।"

সেই অর্বাধ শিক্ষাপ্রাপ্ত হইয়া, মনের সন্ধানে আর রসিকতা করিতে প্রয়াস পাই না, কিন্তু

মনে মনে ব্রিঝয়ছি যে, এ সংসারে আমার মন কোথাও নাই। রহস্য ছাড়িয়া সত্য কথা বিলতেছি, কিছুতেই আমার আর মন নাই। শারীরিক স্থে স্বচ্ছন্দতায় মন নাই, যে রহস্যালাপের আমি প্রিয় ছিলাম, সে রহস্যালাপে আমার মন নাই। আমার কতকগ্রিল ছে'ড়া প্রিথ ছিল—তাহাতে আমার মন থাকিত, তাহাতে আমার মন নাই। অর্থসংগ্রহে কখন ছিল না
—এখনও নাই। কিছুতে আমার মন নাই— আমার মন কোথা গেল?

ব্রিময়াছি, লঘ্রচেতাদিগের মনের বন্ধন চাই; নহিলে মন উড়িয়া যায়। আমি কখন কিছ্বতে মন বাঁধি নাই-এজন্য কিছুতেই মন নাই। এ সংসারে আমরা কি করিতে আসি. তাহা ঠিক বলিতে পারি না-কিন্তু বোধ হয়, কেবল মন বাঁধা দিতেই আসি। আমি চিরকাল আপনার রহিলাম-পরের হইলাম না, এই জনাই পূথিবীতে আমার সূখ নাই। যাহারা প্রভাবতঃ নিতাস্ত আত্মপ্রিয়, তাহারাও বিবাহ করিয়া, সংসারী হইয়া, স্ত্রী পুরের নিকট আত্মসমর্পণ করে, এজন্য তাহারা সুখী। নচেৎ তাহারা কিছুতেই সুখী হইত না। আমি অনেক অনুসন্ধান করিয়া দেখিয়াছি, পরের জন্য আত্মবিসজ্জান ভিন্ন প্রথিবীতে স্থায়ী সংখের অন্য কোন মলে नारे। धन, यमः, रेन्द्रिशामिनक मृथ আছে বটে, किन्तु जारा श्राशी नटि। এ সকল প্রথম বারে যে পরিমাণে সুখদায়ক হয়, দ্বিতীয় বারে সে পরিমাণে হয় না, তৃতীয় বারে আরও जन्म मृथमात्रक रत्र, कृत्म जाजात्म जारात्व किছु र मृथ थात्क ना। मृथ थात्क ना, किछू দুইটি অসুখের কারণ জন্মে: প্রথমতঃ অভাস্ত বস্তুর ভাবে সুখ না হউক, অভাবে গুরুতর অসুখ হয়: এবং অপরিতোষণীয়া আকাজ্ফার বৃদ্ধিতে যন্ত্রণা হয়। অতএব পূথিবীতে যে সকল বিষয় কাম্য বস্তু বলিয়া চিরপরিচিত, তাহা সকলই অত্যপ্তিকর এবং দ্বঃখের মূল। সকল স্থানেই যশের অনুগামিনী নিন্দা, ইন্দ্রিস্থের অনুগামী রোগ, ধনের সঙ্গে ক্ষতি ও মনস্তাপ; কান্ত বপ্ জরাগ্রস্ত বা ব্যাধিদুটে হয়: সুনামেও মিথ্যা কলৎক রটে: ধন পত্নীজারেও ভোগ করে: মান সম্প্রম মেঘমালার ন্যায় শরতের পর আর থাকে না। বিদ্যা তপ্তিদায়িনী নহে, কেবল অন্ধকার হইতে গাঢ়তর অন্ধকারে লইয়া যায়, এ সংসারের তত্ত্বজিজ্ঞাসা কথন নিবারণ করে না। স্বীর উদ্দেশ্য সাধনে বিদ্যা কখন সক্ষম হয় না। কখন শানিয়াছ, কেহ বলিয়াছে, আমি ধনোপাৰ্জন করিয়া সুখী হইয়াছি বা যশস্বী হইয়া সুখী হইয়াছি? যেই এই কয় ছত্র পড়িবে, সেই বেশ করিয়া স্মরণ করিয়া দেখুক, কখন এমন শুনিয়াছে কি না। আমি শপথ করিয়া বলিতে পারি, কেহ এমন কথা কখন শুনে নাই। ইহার অপেক্ষা ধনমানাদির অকার্য্যকারতার গুরুতর প্রমাণ আর কি পাওয়া যাইতে পারে? বিসময়ের বিষয় এই মে. এমন অকাট্য প্রমাণ থাকিতেও মন,্ম্যামাত্রেই তাহার জন্য প্রাণপাত করে। এ কেবল কুশিক্ষার গুণ। মাতৃন্তন্য দুশ্ধের সঙ্গে ধনমানাদির সব্বসারবত্তায় বিশ্বাস শিশুর হৃদয়ে প্রবেশ করিতে থাকে—শিশু দৈখে, রাগ্রিদিন পিতা মাতা দ্রাতা ভগিনী গ্রে ভূত্য প্রতিবেশী শত্র, মিত্র সকলেই প্রাণপণে হা অর্থ, হা যশ, হা মান, হা সম্ভ্রম! করিয়া বেড়াইতেছে। স্বৃতরাং শিশ্ব কথা ফ্রটিবার আগেই সেই পথে গমন করিতে শিখে। কবে মনুষ্য নিত্য সূত্রের একমান্ত মূল অনুসন্ধান করিয়া দেখিবে? যত বিদ্বান্ ব্রন্ধিমান্, দার্শনিক, সংসারতভূবিং, যে কেহ আস্ফালন কর, সকলে মিলিয়া দেখ, পরসূখবন্ধনি ভিন্ন মনুষ্যের অন্য সুখের মূল আছে কি না। নাই। আমি মরিয়া ছাই হইব, আমার নাম পর্যান্ত লাপ্ত হইবে, কিন্তু আমি মাক্তকণ্ঠে বলিতেছি, এক দিন মনা্যামাত্রে আমার এই কথা ব্যবিবে যে, মন্বের স্থায়ী স্থের অন্য মলে নাই। এখন ষেমন লোকে উন্মত্ত হইয়া ধন মান ভোগাদির প্রতি ধাবিত হয়, এক দিন মনুষ্যজাতি সেইরূপ উন্মত্ত হইয়া পরের সূথের প্রতি ধাবমান হইবে। আমি মরিয়া ছাই হইব, কিন্তু আমার এ আশা একদিন ফলিবে! ফলিবে, কিন্ত কত দিনে! হার, কে বলিবে, কত দিনে!

কথাটি প্রাচীন। সার্দ্ধ দ্বিসহস্র বংসর প্র্রের্থ শাক্যাসিংহ এই কথা কত প্রকারে বলিয়া গিয়াছেন। তাহার পর, শত সহস্র লোকশিক্ষক শত সহস্র বার এই শিক্ষা শিথাইয়াছেন। কিন্তু কিছুতেই লোকে শিথে না—কিছুতেই আত্মাদরের ইন্দ্রজাল কাটাইয়া উঠিতে পারে না। আবার আমাদের দেশ ইংরেজি মূল্যুক হইয়া এ বিষয়ে বড় গন্ডগোল বাধিয়া উঠিয়াছে। ইংরেজি শাসন. ইংরেজি সভ্যতা ও ইংরেজি শিক্ষার সঙ্গে সঙ্গে "মেটিরিয়েল্ প্রস্পেরিটির" উপর অন্ত্রাগ

^{*} वादा मन्भम्।

আসিয়া দেশ উৎসম দিতে আরম্ভ করিয়াছে। ইংরেজ জাতি বাহ্য সম্পদ্ বড় ভালবাসেন—ইংরেজি সভ্যতার এইটি প্রধান চিহ্—তাঁহারা আসিয়া এদেশের বাহ্য সম্পদ্ সাধনেই নিযুক্ত—আমরা তাহাই ভালবাসিয়া আর সকল বিস্মৃত হইয়াছি। ভারতবর্ষের অন্যান্য দেবম্বির্সকল মান্দরচ্যুত হইয়াছে—সিদ্ধু হইতে ব্রহ্মপত্র পর্যান্ত কেবল বাহ্য সম্পদের প্রজা আরম্ভ হইয়াছে। দেখ, কত বাণিজ্য বাড়িতেছে—দেখ, কেমন রেলওয়েতে হিন্দু-ভূমি জালনিবদ্ধ হইয়া উঠিল—দেখিতেছ, টেলিগ্রাফ কেমন বস্থু! দেখিতেছি, কিন্তু কমলাকান্তের জিল্ডাসা এই যে, তোমার রেলওয়ে টেলিগ্রাফে আমার কতট্বুকু মনের সত্ব বাড়িবে? আমার এই হারান মন খর্জিয়া আনিয়া দিতে পারিবে? কাহারও মনের আগ্রন নিবাইতে পারিবে? ঐ যে কৃপণ ধনত্বায় মারতেছে, উহার ত্যা নিবারণ করিবে? অপমানিতের অপমান ফিরাইতে পারিবে? র্পোন্মত্তের চোড়ে র্পাসীকৈ তুলিয়া বসাইতে পারিবে? না পারে, তবে তোমার রেলওয়ে টেলিগ্রাফ প্রভৃতি উপাড়িয়া জলে ফেলিয়া দাও—কমলাকান্ত শর্ম্মা তাতে ক্ষতি বিবেচনা করিবেন না।

কি ইংরেজি, কি বাঙ্গালা, যে সম্বাদ-পত্র, সাময়িক পত্র, স্পীচ, ডিবেট, লেক্চর, যাহা কিছু, পড়ি বা শ্রুনি, তাহাতে এই বাহ্য সম্পদ্ ভিন্ন আর কোন বিষয়ের কোন কথা দেখিতে পাই না। হর হর বম্বম্! বাহা সম্পদের প্জা কর। হর হর বম্বম্! টাকার রাশির উপর টাকা ঢাল! টাকা ভক্তি, টাকা মুক্তি, টাকা নতি, টাকা গতি! টাকা ধর্ম্ম, টাকা অর্থ, টাকা কাম টাকা মোক্ষ! ও পথে যাইও না, দেশের টাকা কমিবে, ও পথে ষাও, দেশের টাকা বাড়িবে! বমু বমু হর হর! টাকা বাড়াও, টাকা বাড়াও, রেলওয়ে টেলিগ্রাফ অর্থ-প্রসূতি, ও মন্দিরে প্রণাম কর! যাতে টাকা বাড়ে, এমন কর; শুনা হইতে টাকা বৃণ্টি হইতে থাকুক! টাকার ঝন্ঝনিতে ভারতবর্ষ পর্বিয়া যাউক! মন! মন আবার কি? টাকা ছাড়া মন কি? টাকা ছাড়া আমাদের মন নাই; টাঁকশালে আমাদের মন ভাঙ্গে গড়ে। টাকাই বাহ্য সম্পদ্। হর হর বম্ বম্! বাহ্য সম্পদের পূজা কর। এ পূজার তাম্রুমারী ইংরেজ নামে খ্যিগণ পুরোহিত: এডাম্ স্মিথ প্রোণ এবং মিল তন্ত্র হইতে পূজার মন্ত্র পড়িতে হয়: এ উৎসবে ইংরেজি সম্বাদ-প্রসকল ঢाक ঢान, वाङ्गाना मन्वाम-পত काँमिमात: भिक्षा এवः উৎসাহ ইহাতে নৈবেদা, **এ**वः इन इहाट ছাগবीল। এ প্রভার ফল, ইহলোকে ও পরলোকে অনস্ত নরক। তবে, আইস, সবে মিলিয়া বাহ্য সম্পদের প্রা করি। আইস, যশোগঙ্গার জলে ধৌত করিয়া, বগুনা-বিল্বদলে মিষ্টকথা-চন্দন মাখাইয়া, এই মহাদেবের পূজা করি। বল, হর হর বম্ বম্! বাহা সম্পদের পূজা করি। বাজা ভাই ঢাক ঢোল,—ছ্যাড়্ছ্যাড়্ছ্যাড়্ছ্যাড়্ছ্যাড়্ছ্যাড়্! বাজা ভাই কাঁসিদার,— টাং ট্যাং ট্যাং নাট্যাং নাট্যাং! আস্কুন প্রেরাহিত মহাশয়! মন্ত্র বল্পন। আমাদের এই বহু-कारात्र भूताजन घुजुरेक लहेशा स्वर्धा स्वाहा र्वालशा आगुरन जलान । रकाशा छाँहे ইউটিলিটেরিয়েন্ কামার! পাঁটা হাড়িকাটে ফেলিয়াছি; একবার বাবা পঞ্চানন্দের* নাম করিয়া. এক কোপে পাচার কর! হর হর বম বম! কমলাকান্ত দাঁডাইয়া আছে. মুডিটি দিও! তোমরা স্বচ্ছদে পূজা কর!

প্জা কর. ক্ষতি নাই, কিন্তু আমাকে গোটাকত কথা ব্ঝাইয়া দাও। তোমার বাহ্য সম্পদে কয় জন অভদ্র ভদ্র হইয়াছে? কয় জন আশিণ্ট শিণ্ট হইয়াছে? কয় জন অধান্মিক ধান্মিক হইয়াছে? কয় জন অপবিত্র পবিত্র হইয়াছে? এক জনও না? যদি না হইয়া থাকে, তবে তোমার এই ছাই আমরা চাহি না—আমি হ্কুম দিতেছি, এ ছাই ভারতবর্ষ হইতে উঠাইয়া দাও।

তোমাদের কথা আমি বৃবি। উদর নামে বৃহৎ গহ্বর, ইহা প্রতাহ ব্জান চাই; নহিলে নয়। তোমরা বল যে, এই গর্জ যাহাতে সকলেরই ভাল করিয়া বৃদ্ধে, আমরা সেই চেষ্টায় আছি। আমি বিল, সে মঙ্গলের কথা বটে, কিন্তু উহার অত বাড়াবাড়িতে কাজ নাই। গর্জ বৃজাইতে তোমরা এমনই বাস্ত হইয়া উঠিতেছ যে, আর সকল কথা ভূলিয়া গেলে। বরং গর্জের এক কোল খালি থাকে, সেও ভাল, তব্ আর আর দিকে একট্মন দেওয়া উচিত। গর্জ বৃজান হইতে মনের সৃষ্থ একটা স্বতন্দ্র সামগ্রী; তাহার বৃদ্ধির কি কোন উপায় হইতে পারে না? তোমরা

^{*} পঞ্চানন নাম প্রসিদ্ধ নহে—পঞ্চানকাই প্রসিদ্ধ। মদ্দ, সাংস্য, গাড়িজর্ডি, পোষাক এবং বেশ্যা— এই পাঁচটি আনন্দে এই নতেন পঞ্চানকা।

এত কল করিতেছ, মনুষ্যে মনুষ্যে প্রণয় বৃদ্ধির জন্য কি একটা কিছু কল হয় না? একটা বৃদ্ধি

थाछोदेशा एमथ, निरंदन जनन दनकल रहेशा याहेरव।

আমি কেবল চিরকাল গর্ত্ত ব্রুজাইয়া আসিয়াছি—কখন পরের জন্য ভাবি নাই। এই জন্য সকল হারাইয়া বিসয়াছি—সংসারে আমার স্বখ নাই; প্থিবীতে আমার থাকিবার আর প্রয়োজন দেখি না। পরের বোঝা কেন ঘাড়ে করিব, এই ভাবিয়া সংসারী হই নাই। তাহার ফল এই যে, কিছুতেই আমার মন নাই। আমি স্বখী নহি। কেন হইব? আমি পরের জন্য দায়ী হই নাই. সাথে আমার অধিকার কি?

সূথে আমার অধিকার নাই, কিন্তু তাই বলিয়া মনে করিও না যে, তোমরা বিবাহ করিয়াছ বিলয়া সূথী হইয়াছ। যদি পারিবারিক ক্লেহের গুলে তোমাদের আত্মপ্রিয়তা লাপু না হইয়া থাকে, যদি বিবাহনিবন্ধন তোমাদের চিত্ত মাডিজতি না হইয়া থাকে, যদি আত্মপরিবারকে ভালবাসিয়া, তাবং মন্মাজাতিকে ভালবাসিতে না শিখিয়া থাক, তবে মিথ্যা বিবাহ করিয়াছ; কেবল ভূতের বোঝা বহিতেছ। ইলিয়ে পরিকৃপ্তি বা প্রুমাখ নিরীক্ষণের জন্য বিবাহ নহে। যদি বিবাহবন্ধে মন্মা-চরিত্রের উৎকর্ষ সাধন না হইল, তবে বিবাহের প্রয়োজন নাই। ইলিয়াদি অভ্যাসের বশ; অভ্যাসে এ সকল একেবারে শান্ত থাকিতে পারে। বরং মন্মাজাতি ইলিয়েকে বশীভূত করিয়া প্থিবী হইতে লাপ্ত হউক, তথাপি যে বিবাহে প্রীতি শিক্ষা না হয়, সে বিবাহে প্রয়োজন নাই।

এক্ষণে কমলাকান্ত য**ুক্তকরে সকলের নিকট নিবেদন করিতেছে, তোমরা কেহ কমলা**কান্তের একটি বিবাহ দিতে পার?

बर्फ সংখ্य-চন্দ্রালোকে

এই তৃগ-শব্দ-শোভিত হরিংক্ষেরে, এই কলবাহিনী ভাগীরখী-তীরে, এই স্ফর্টস্রালােকে আজি দপ্তরের শ্রীবৃদ্ধি, কলেবর-বৃদ্ধি করিব। এইর্প চন্দ্রালােকেই না ট্রেলস্ শন্দাা ট্রয়ের উচ্চ প্রাচীরে আরােহণ করিয়া, কিসীদাকে স্মরণ করিয়া, উক্ষ শ্বাস ত্যাগ করিতেন! এইর্প চন্দ্রালােকেই না থিবসী স্বন্দরী এইর্প মৃদ্র শিশির-পাত-সিক্ত শব্দ মৃদ্র পদে দলিত করিয়া পিরামসের সঞ্চেতস্থানাভিম্থে অভিসারিণী ইইতেন? অভিসারিণী শব্দাতিতে অভি একটি উপসর্গ আছে, স্ একটি ধাতু আছে এবং স্থীবাচক একটি 'ইনী' আছে; এই জীবনে কমলাকান্ত শন্দা কত উপসর্গ দেখিলেন, কত লােকের ধাতু ছাড়িল গঠিল দেখিলেন, কত ইনীও এলেন গোলেন, কিন্তু সাাপসর্গ ধাতুবিশিল্ট একটি ইনীও কখন দেখিলাম না। কমলাকান্ত উপসর্গে কোন ইনীর ধাতু বিগড়াইল না। কমলাভিসারিণী, এর্প নায়িকা কখন হইল না। যাহারা দিধ দৃদ্ধ বিক্রয়ার্থ আগমন করে, তাহাদিগকে শ্রীমন্তাগবতে "পসারিণী" বলিয়াছে, কথন অভিসারিণী বলিয়াছে, এর্প স্মরণ হয় না, তাহা যদি বলিত, তাহা হইলে অনেক অভিসারিণী দেখিয়াছি বলিতে পারিতাম।

চন্দ্র, তুমি হাস্য করিতেছ? হেসে হেসে ভেসে উঠিতেছ? তোমার সাতাইশ ইনী শৃদ্ধ আমাকে দেখিয়া, আমার প্রতি চক্ষ্ব টিপিয়া উপহাস করিতেছ? দক্ষ রাজার ষেমন কর্ম্ম একেবারে সাতাইশটিকে এক চন্দ্রে সমর্পণ করিলেন, আর এখন কমলাকান্ত শর্ম্মা বিবাহের জন্য লালায়িত! অমল-ধবল-কিরণরাশি স্থাংশাে! আর সকল তোমার থাক্, তুমি অন্ততঃ অপ্লেষা মন্বাকে ছাড়িয়া দেও, আমি ওই দ্রুটিকৈ বড় ভালবাািস। আমার মত নিক্ষমা লােক উহাদের কল্যাণে অন্ততঃ দ্রুই দিন গ্রুবাসস্থ উপলন্ধি করিতে পারে। আমি ঐ ভগিনীদ্বয়কে আমার ভবনে চিরকাল জন্য স্থান দান করিয়া, স্থেখ কাল কর্ত্তন করিব। ইহাদিগের আরও অনেক গ্রুণ আছে—লােকে নিজে অক্ষমতানিবন্ধন কোনে কর্মা করিতে না পারিয়া, স্বচ্ছন্দে ইহাদিগের দােহাই দিয়া, লােকের কাছে আম্ফালন করিতে পারে। আমিও নসীবাব্র কাপড় কিনিতে যদি নির্বাদ্ধিতাবশতঃ প্রতারিত হইয়া আমি, তবে আমার সহধন্মিণীদ্বয়ের স্কদ্ধে সমস্ত দােষ অপণ্

চন্দ্রদেব! তুমি আমার কথার কর্ণপাত করিলে না? এখনও মন্দাকিনীর মন্দান্দোলিত বক্ষ-বসন করস্পর্শে প্রতিভাসিত করিতেছ? এখনও মন্দ সমীরণের সহ পরামর্শ করিয়া ব্রুক্তর অগ্রভাগে পলকে পলক ঝলক বর্ষণ করিবে? এখনও তৃণক্ষেত্রে মণি মুক্তা মরকত অকাতরে ছড়াইয়া দিবে? উল্বৰ্বনে মুক্তা, আর কেহ ছড়াক আর না ছড়াক, দেখিতোছি তুমি ছড়াইয়া থাক। আর আজ আমি ছড়াইব!

এই সংসারের লোক, এই বল্লালসেনের প্র-পরা-অপ-পোত্রেরা এবং তাঁহার নির-দূরে-বি-অধি-দোহিত্রেরা আমাকে জনালাতন করিয়া তুলিয়াছে। আমার বক্ষের উপরি বিশ্ববিদ্যালয় স্থাপিত **इटे**शाह्य। वि. এ. ना राल विराय राय ना। এইবার সংসার ডবিল। উচ্চ শিক্ষায় ফল कि? ছাপর খাট-র পার কলসী, গরদের কাচা, এবং স্বর্ণালন্কার-ভূষিতা, পট্টবসনাব্তা, একটি বংশর্থান্ডকা! হরি হরি বল, ভাই! তুলগ্রাহী পাণ্ডিত্যাভিমানী বি. এ. উপাধিধারী উচ্চশিক্ষাপ্রাপ্ত নব বঙ্গবাসীর, कलभी वन्त वर्भ थोुंगराय मुखारा गुनाना रहेन !!! अथरा छेनापि नारेग्नाहिरना वरात সমাধি পাইলেন, তিনি বিলাতী রক্ষে লীন হইলেন। বঙ্গীয় যুবক সংসারী হইলেন। তাঁহার উচ্চশিক্ষা তাঁহাকে তাঁহার চরমধামে পে'ছিয়া দিয়াছে। তিনি সহস্র তোলক পরিমিত রঞ্জতপাত্র. শত তোলক পরিমিত স্বর্ণালঞ্কার এবং সংসার-কৃটীরের একমাত্র দণ্ডিকা, একটি বংশ-খণ্ডিকা, পাইয়াছেন, তিনি তাঁহার চিরবাঞ্ছিত হেমকূট পর্বতি নিকটস্থ কিম্পিন্ধ্যাপ্রবীর সরকারি ওকালতী পাইয়াছেন, হরি হরি বল, ভাই! তাঁহার এত দিনে সমাধি হইল!!! তিনি উচ্চশিক্ষালাভাথ वर, यद्भ कामञ्करों का प्रत्भव नमीनकरलव नाम कर्शाख कवित्राहिलन। এই উक्रिमिक्काव कना তিনি নিশীথপ্রদীপে অনন্যমনে শাহারা মর্ভুমির বাল্কাপুঞ্জের সংখ্যা অবধারণ করিয়াছিলেন। এই উচ্চশিক্ষার জনাই শালিমানের উদ্ধের্ব বায়ান্ন প্রের্য, নিন্দে সাড়ে তিপ্পান্ন প্রের্থের কুলচি মুখস্থ করিয়াছেন। এই উচ্চশিক্ষা-বলে তিনি শিখিয়াছেন যে, টাউনহলে বক্তৃতা করিতে পারিলেই পরম প্রের্মার্থ; ইংরেজের নিন্দা যে কোন প্রকারে করিতে পারিলেই রাজনীতির একশেষ হইল। এবং বংশ-দণ্ডিকা স্থাপন করিয়া উমেদার গোষ্ঠীর বৃদ্ধি করিয়া দেশ জঙ্গলময় করিতে পারিলেই কলির জীবধন্মের চরিতার্থতা হইল।

এরপ বংশদিভিকা-প্রয়াসী আমি নহি; আমি উইল করিয়া যাইব, সাত প্রেষ্ বিবাহ করিতে না হয় তাও কর্ত্তব্য, তথাপি এরপে বংশদিভিকা আশ্রয়ে স্বর্গপ্রাপ্তির বাঞ্ছাও কেহ না করে। যদি জীবপ্রবাহ বৃদ্ধি করাই বিবাহের উদ্দেশ্য হয়, তবে আমি মংস্যাদি বিবাহ করিব, যদি টাকার জন্য বিবাহ করিতে হয়, তবে আমি টাকশালের অধ্যক্ষকে বিবাহ করিব; আর যদি সৌন্দর্ব্যার্থে বিবাহ করিতে হয়, তবে—ঘোমটাটানা চাদবদনীদের উদ্দেশে প্রণাম করিয়া ঐ আকাশের চাদকে বিবাহ করিব।

ভাগীরিথ। যাদ তুমি শান্তন্বক্ষে অথবা তদপেক্ষা উচ্চতর হিমালয়-ভবনে, অথবা আরো উচ্চতর ধ্রুজ টির জটা-কলাপে বিরাজ করিতে, তাহা হইলে কে আজ তোমার উপাসনা করিত। তুমি নীচগা হইয়া, মর্ত্রের অবতরণ করিয়া সহস্রধা হইয়া সাগরোন্দেশে গমন করিয়াছিলে বিলয়াই সাগর-বংশের উদ্ধার হইয়াছে। সমীরণ। তুমি যদি অঞ্জনার অঞ্চল লইয়া চিরচ্নীড়াসক্ত থাকিতে, অথবা মলয়াচলে স্বীয় প্রমোদভবনে চন্দ্ন-শাখা নমিত করিয়া বা এলা লতা কম্পিত করিয়া পরিপ্রমণ করিতে, তাহা হইলে কে তোমাকে "স্বমেব জগত্জীবনং পালনং" বিলয়া আর তোমার স্তব-স্থৃতি করিত। এই বাল-বসন্ত-বিহারী বিহঙ্গমকুলের কার্কাল যদি কেবল নন্দন-কাননেই প্রতিধ্বনিত হইত, তাহা হইলে কমলাকান্ত চন্দ্রবর্ত্তী তাহাদের নাম করিয়া এই রাত্রিকালে স্বীয় মসী লেখনীর অনর্থকে ক্ষয় করিবে কেন। স্বাংশা। যদি তুমি ক্ষীরোদ-সাগর-তলে, অমৃত-ভান্ডারে, প্রবাল-পালত্বে মৌক্তিক-শ্বায় শা্রত থাকিতে, তাহা হইলে কে তোমার সহিত রমণী-মৃখ-মন্ডলের তুলনা করিত। অথবা তোমার ঐ সাতাইশটি চন্মান্বয় ভর্তুকা লইয়া খল্ব সার শ্বশ্বন-মন্দির দক্ষালয়ে বাস করিতে, তাহা হইলে আজি কমল শন্মা কি তোমার দুর্শন্তিভলাবী হইয়া—এই শ্বশাননিকট বটতলায় তীরস্থ হইয়া বাস করে।

শশী! যদি তোমার ব্যাকরণ পড়া থাকে, তবে আমাকে মাপ করিও, আমি প্রাণান্তেও শশিন্ বলিতে পারিব না—আমি এতক্ষণ তোমার গ্রেণের অনুধ্যান করিতেছিলাম; শশী, তুমি অনাথার কুটীরন্বারে প্রহরী রূপে অনিমেষনরনে বিসয়া থাক, আধভাষী শিশু বখন নাচিতে নাচিতে

विष्क्य ब्रुध्नावली

তোমায় ধরিতে যায়, তুমি তাহার সঙ্গে নাচিতে নাচিতে খেলা কর, বালিকা যখন স্বচ্ছ সরোবরহৃদয়ে তোমায় একবার দেখিতে পাইয়া, একবার না পাইয়া, তোমার সদদর্শন লাভার্থ, ইতস্ততঃ
সরোবরকল্লে দেখিতে থাকে, তখন তুমি এক একবার ঈষং দেখা দিয়া তাহার সহিত কেবল
ল্কেচ্রির খেলিতে থাকে, নববধ্ যখন মন্দ বাত সহিত প্রাসাদোপরি একাকিনী দীর্ঘপ্রাস
ফেলিতে থাকে, তখন তুমি নারিকেলকুঞ্জান্তরাল হইতে আঁত ধীরে ধীরে তাহার হদয় ভরিয়া
অমৃত বর্ষণ করিয়া তাহাকে ক্রমে শীতল কর; যখন তরিক্রণী আশা-তরিক্রত-হদয়ে ধীর প্রবাহে
মন্দর্গতিতে সিশ্ব-অভিগামিনী হয়, তখন তুমিই তাহাকে স্বর্ণ-ভূষণে ভূষিত করিয়া আশীব্রণাদ
করিয়া পথ প্রদর্শন করিয়া থাক; গোলাপ যখন বসন্ত-রাগে এক ব্লে চারিদিক্ দেখিয়া হেলিতে
দ্বিতে থাকে, তখন তুমিই তাহাকে মালতী লতাকে চুন্বন করিতে কালে কালে পরামর্শ দেও।
আবার সেই তুমিই অসদভিসন্ধিংস্ক নর যখন কুলকামিনীর ধন্মনাশে প্রবৃত্ত হয়, তখন তোমার
কোমল মুখ্মন্ডলে এমনি দুরুটি করিতে থাক যে, সে তোমার মুখ্পানে আর দ্ভিক্রেপ করিতে
সমর্থ হয় না; তুমিই নরহত্যাকারীর তরবারিফলকে বিদ্বাং চমকাইয়া দেও, তাহার পাপ শোণিতবিন্দুতে চৌর্ঘিট রোরব প্রতিফলিত করিয়া দেখাইয়া দেও।

তুমি ক্রীড়াশীল শিশ্র চলং স্বর্ণস্থালী, তর্গের আশা-প্রদীপ; য্বক য্বতীর যামিনীযাপনের প্রধান সন্তোগ-পদার্থ; এবং স্থাবিরের স্মৃতি-দর্পণ। তুমি অনাথার প্রহর্নী, স্থির
দীপধারী; তুমি পথিকের পথপ্রদর্শন; গৃহীর নৈশ স্থা; তুমি পাপীর পাপের সাক্ষী;
প্রায়াদ্বার চক্ষে তাঁহার যশঃপতাকা। তুমি গগনের উজ্জ্বল মণি; জগতের শোভা। আর এই
স্মশানবিহারী শ্রীকমলাকান্তের একমাত্র সন্বল; তুমি ভালর ভাল, মন্দের মন্দ; রসে রস, বিরসে
বিষ। তুমি কমলাকান্তের সহধন্মিণী; শশী, আমি তোমার বড় ভালবাসি, আমি তোমাকেই
বিবাহ করিব। সকলে হরি হরি বল, ভাই! আজ এইখানে বাসর যাপন—সকলে একবার হরি
হবি বল, ভাই!

वम् राज्ञानाथ! जन्त रा भारत्य! जरत जनन माता जज़ारेरा रहेन।

চন্দ্র আমাদিগের আর্যা মতে পরে ব বটে, কিন্তু বিলাতীয় শন্মাদিগের মতে ইনি কোমলাঙ্গী।

মতে চন্দ্র হি,* ইংরাজিমতে চন্দ্র শী। এখন উপায়? হি কি শী, তাহা স্থির
হইবে কি প্রকারে?

বাস্তবিক এই বিষয়ে সংসারের লোকের সঙ্গে আমার কখন মতের ঐক্য হইল না। আমার এ বিষয়ে নানা সন্দেহ হয়। যে ওয়াজিদালিশাহা লক্ষ্মো নগরী হইতে স্বচ্ছন্দে চতুন্দোলা-**रतार्टा माहित्याला**स व्यागमन क्रिया, राज राजी कर्णाण कर्णाणी लरेसा क्रीफा करतन, राजालाल সহিত বারি-হ্রদে নিতা স্নান করিয়া, স্বীয়ান্র্পী পিঞ্জরস্থ ব্লব্লিকে সঘ্ত পলাম প্রদান করেন, তিনি হি না শী? এবং যে মহিষী দেশ-বাংসলো ঐহিক সূখ সম্পত্তি বিসম্জন করিয়া—রাজপুরুষগণের শরণাপন্ন হওয়াপেক্ষা ভিক্ষান্ন শ্রেয়ঃ বোধে নেপালের পর্বতীয় थरमर्ग आश्रञ्ज नरेशार्ष्टन, जिनि भी ना शी? जर्ज ज जारमर्क रि-भीत थरज्ज कता यात्र ना। তবে যৃদ্ধ-নৈপ্লো হি-শীর প্রভেদ হইবে? যে জোয়ান, ওলিয়ান্স দুর্গ আক্রমণকালে সব্বপ্রথমে পদার্পণ করিয়াছিল, যে ফ্রান্সের প্রবন্ধার করিয়াছিল, তাহাকে শী বলিব, না হি বলিব? আর যে বেড্ফোর্ড—তাহাকে পাকচক্রে ফেলিবার জন্য সেই জোয়ানের কারাগারে भूत्र एयत वन्त मःत्रक्रम कतिशाष्ट्रिल, ठाटाएक्ट वा टि विलय, ना भी विलय? ना, युक्त-रकोभएल बर्रीकरा भाविनाम ना। ज्रात भाना यास, त्य वनीसान्, त्मरे भूत्र्य, आत त्य आि मृर्क्वन, তাহারাই স্থালোক। ভাল-কোমণ আপনাকে নীতিরাজ্যের সব্বেস্বর্ণা স্থির করিয়া ইউরোপীয় পণ্ডিতমন্ডলীর নিকট কর যাদ্ধা করিয়াছিলেন, সেই অতুল প্রতাপশালীকে যে মাদম ক্লোতিলড দেবো न्वीय প্রতাপের আয়ত্ত করিয়াছিলেন, তাঁহাকে শী বিলব, না হি বলিব? রোমক প্রতনের কৈসরগণ এক একজন প্রথিবীর রাজা, যে মৈসরী রাজ্ঞী ক্লিওপেটরা এরপে তিন জন কৈস্বের উপর রাজত্ব করিয়াছেন, তাঁহাকে শী বলিব, না হি বলিব? বাস্তবিক জগতে কে হি, কে শী, তাহা স্থির করা যায় না। সে দিন কীর্ত্তন হইতেছিল, যখন কীর্ত্তন-গায়িকা বলিল—"সিংহিনী

^{*} হি শী কাহাকে বলে? শ্র্নিরাছি, দ্ইটি ইংরাজি সর্বানাম—হি প্রালিক—শী স্থালিক।
—শীভালিকেব।

হইয়া শিবাপদ সেবিব?" এবং বন্ধ নব্য-সম্প্রদায়েরা মন্ত্রস্তর্জবং, চিত্তপুত্রলিকার ন্যায় তাহার মুখ নিরীক্ষণ করিতে লাগিলেন, আমার বাস্তবিক সেই কীর্ত্তন-গায়িকাকে সিংহবং বোধ হইরাছিল এবং সেই সমস্ত বাঙ্গালি যুবককেই আমি শিবাস্বরূপ মনে করিয়াছিলাম। তখন যদি আমাকে কেহ জিজ্ঞাসা করিত, এর কোন্গর্লি হি, আর কোন্গর্লিই বা শী: তাহা হইলে আমি অবশ্য বলিতাম যে, সেই কীর্ত্তনকারিণীই হি এবং তাহার জড়বং শ্রোত্বগৃহি শী। বাস্তবিক বঙ্গীর যুবকেরা কোথাও হি, কোথাও শী, এবং সর্ব্বর বিকলেপ ইট্ হন। তাহার নিত্যবিধিও আছে। यथा—ইয়ারকিতে হি, শযাগাহে শী, এবং বিষয়কম্মে ইট্। তাঁহারা বক্ততার সময়ে दन दि, সাহেবের কাছে শী, মদ খাইলে হন ইট্। ফলে ইট্ ষাহা হউক, হি, শীর বিষয়ে আমার ञाপना ञार्भान ञानक मत्म्बर रहा। मध्य हाउँ रहा जामात नाम मश्रमा कि तिहा कि विहास করিয়াছিল বলিয়া, যে প্রসন্ন, স্বচ্ছলে প্রেদ্মে-কুম্ভ তাহার মন্তকে নিক্ষেপ করিয়া, চাট্যোর বক্ষ-কবাটের বল পরীক্ষা করণার্থ কোনর্প বিশেষ আয়াধ প্রয়োগ করিতে ইচ্ছা করিয়াছিল, সে প্রসম সংসারের মতে হইল শী—আর আমি—নসীবাব, কি না একদিন বলিয়াছিলেন যে,— "চক্রবন্ত্রী বিষয়তে বিষয়তে আজ বিছানাটা পোডালে. একদিন একটা লব্ফাকান্ড করিবে দেখছি" - मरे ভरत আফিঙ্গের মাত্রা কমাইয়া দিলাম, সেই আমি হইলাম হি? এইর প বিচারের জনাই সংসারের সঙ্গে আমার বিবাদ বিসম্বাদ। ফল কথা, যখন আমি নিজে হি, কি শী, তাহা নিশ্চয় করা দঃকর, তথন চন্দ্র হি কিম্বা শী, তাহার স্থিরতা কি প্রকারে হইবে? যদি চন্দ্র হি হয়েন, ত আমি শী—কেন না, আমার সহিত চন্দ্রের ভালবাসা জন্মিয়াছে। এবং আমার চন্দ্রকে বিবাহ করিতেই হইবে। আর আমি যদি প্রকৃত একজন কমলাকান্ত চক্রবন্তী হই, তাহা হইলে চন্দ্র শী। চন্দ্র বিলাতীয় মতে শী। আমি তাহা হইলে চন্দ্রকে বিলাতীয় মতে পাণিগ্রহণ কবিব ।

এখন নানা মতে নানা কার্য্য হইতেছে; আমি বিলাতীয় মতে বিবাহ করিব। এখন দশাবতার দশকম্মানিবত হইয়াছেন। নংসা, কৃম্মা, বরাহ টেবিলের শোভা সম্বর্জন করিতেছেন। ন্সিংহরাম কমলাকান্তর্প দৈত্যকুলের প্রহ্যাদগণের আগ্রয়ীভূত হইয়াছেন। বামনাবতারে বঙ্গীয় ব্বকগণ. আমার সোণারচাদ শশীকে স্পর্শ করিতে স্পর্জা করে। প্রথম রামের স্থানে ই'হারা মাতৃ-সেবা, দ্বিতীয় রামের স্থানে পঙ্গী-সেবা, এবং শেষ রামের নিকটে বার্ণী-সেবা শিক্ষা করিয়াছেন। ই'হারা বৌদ্ধ-মতে সংসারের অনিত্যতা দ্বির করিয়া, কাল্কমতে সংহারম্ভি ধারণ করিয়াছেন। এখনকার কালে শাক্ত-মতে ভোজ্য প্রস্তুত হইয়া, তাহা শৈব গ্রিশ্লে বিদ্ধ করিয়া গলাধ্যকরণ করিতে হয়; তাহার পর সৌর পান সেবনীয়। আবার জির্শালমের প্রথম গোরাঙ্গের উপদেশ মত ভজনশালা করিতে হয়। মেজা গোরাঙ্গ নবন্ধীপবাসীর মত হরি-সংকীর্ভন করিতে হয়, রাধানগরের ছোট গোরাঙ্গের মত সংস্কৃত শ্লোক পাঠ করিতে হয়।

স্তরাং শশী, প্রশশী, আজি আমি তোমাকে ইংরাজী মতে, শী স্থির করিয়া, হোস্ বাহালে স্কু শরীরে, খোস্ তবিয়তে ইচ্ছাপ্রেক বিবাহ করিলাম। আমি প্র-পোরাদিক্রমে পরম স্থে অন্যের বিনা সরিকতে তোমাতে ভোগ দখল করিতে থাকিব। ইহাতে তুমি কিম্বা তোমার স্থলাভিষিক্ত কেহ কথন কোন আপত্তি কর বা করে, তাহা নামঞ্জার হইবে। তোমার সাতাইশটিতে আজ হইতে আমার সম্পূর্ণ স্বত্বাধিকার হইল।

আর অমন করিয়া, পা টিপিয়া, পা টিপিয়া, ঢলে পড়িয়া রোহিণীর সঙ্গে কথা কহিলে কি হইবে? আর অমন মুচ্কে হেসে পাতলা মেঘের ঘোমটা টেনে তর্ তর্ করিয়া কত দ্র চলিয়া ষাইবে? ইতি কোটশিপ্ সমাপ্ত:—

এক্ষণে গান্ধব্ব বিবাহ। আমি বরমাল্য প্রদান করিলাম, তুমি করমাল্য প্রদান কর। কন্যাকর্ত্তা হৈল কন্যা, বরকর্তা বর। নিজ মন প্রয়েছিত, শ্মশানে বাসর॥

একবার হার বল, ভাই! হার হার বোল।

আন্ত অর্বাধ আর চন্দ্রকে দেখিয়া কমল মুদ্রিত হইবে না। কমল ফ্রুল হইতে দেখিলে আর চন্দু ম্লান হইবে না। এইবার ভারতবর্ষীয় কবিগদের কবিছ লোপ হইল—প্রের্ব

কমল মুদিত আঁখি চন্দ্রেরে হেরিলে,

এখন

চন্দ্রের দেখিতে দেখ কমল আঁখি মিলে। চন্দ্রের হৃদরে কালি কলঙ্ক কেবল,

কমল হৃদরে চন্দ্র কৈবল উন্জ্বল।
আহা! আমি আমার চন্দ্রকে হারাইয়া দিয়াছি। বর বড়, না ক'নে বড়, এই দেখ, বর বড়—
চন্দ্রে সবে ষোল কলা হ্রাস বৃদ্ধি তার,
চক্রবন্তী পরিপূর্ণ এক কাঁদি কলায়।

চন্দের বোল কলা হ্রাস ব্যন্ধ তার, চক্রবত্তী পরিপর্শ এক কাঁদি কলার। সেই কলা কভু ল_বপ্ত কভু বর্ত্তমান। কমলের বাগানের সব মর্ত্তমান।

দেখ শশী, এখন নিৰ্দ্ধন হইল। তোমাকে গোটাকত কথা বলিতে ইচ্ছা করি। তুমি তোমার রূপ-গোরবে গব্বিতা হইয়া যেখানে সেখানে ও রূপের ছড়াছড়ি করিও না। যথন পত্র-শোকাতুরা মাতা বক্ষে করাঘাত করিয়া তোমার দিকে লক্ষ্য রাখিয়া ফ্রন্সন করিতে থাকে. তখন তুমি তাহার কাছে রূপ দেখাইয়া কি করিবে? তখন কলম্কিনি! তোমার রূপরাশি গাঢ় মেঘান্তরালে ল্কায়িত করিয়া রাখিও। যখন সংসারজ্বালাজালে লোকে দম্ব হইয়া তোমার দরবারে আসিয়া অভিযোগ করিবে, তখন তোমার সৌন্দর্য্য-বিকাশ তাহার কাছে করিও না: যে সংসারদগ্ধ, তাহার পক্ষে সে সৌন্দর্য্য তীব্র বিষ-ক্ষেত্ররূপ হইবে। বরং রক্তরাগে তাহার সহিত वामान क्रित्र । य नकमत्क प्ना क्रिज्ञाह, कारात्र शीं एत नरा क्रिए भारत ना। व्यात বে ঐহিক চরম সুখের সীমা উপলব্ধি করিয়া আত্মবিসম্প্রনে প্রস্তুত হইয়াছে, তাহাকে আর বৃথা আশা দিয়া সাম্থনা করিও না। তুমি এক্ষণে আমার এক-ভোগ্যা, তুমি আর কি দেখাইয়া व्यभत्रतक जान्यना कतिरत? किन्नु कमलाकारखत जमस वजमस नार्ट, घटन विघटन नार्ट, ज्राथ प्रश्नथ নাই। তুমি সর্ম্বাদাই আমার নিকট আসিবে; তোমার নিজকথা আমাকে বলিবে, আমার কথা শ্বনিয়া যাইয়া, আপনার অন্তরে আপনার অস্থি-মঙ্জার সহিত সেই কথা মিশাইয়া, রাখিয়া দিবে। তুমি জ্যোৎক্ষা রাগ্রিতে আমার সহিত দেখা করিতে আসিও, ও কোমল কান্তি লইয়া অন্ধকারে বিচরণ করিও না। অদ্য আমাদের যে সুখের দিন, তাহা তুমি আমি ব্যতীত কে বুঝিতে পারিবে? অদ্য হইতে মাস গণনা করিয়া, প্রতি মাসের শেষে আমরা এই গঙ্গাতীরে শৃৎপ-বাসর সমাপন করিব। সকল পূর্ণ মাসেই তুমি হঠাং আমার কাছে আগমন করিও না: পঞ্জিকাকার-গণের সহিত দিন-ক্ষণের পরামশ করিয়া কমলাভিসারিণী হইও, নচেৎ একদিন রাহ, তোমাকে পথিমধ্যে হঠাৎ মসীময়ী করিয়া ক্লিষ্ট করিবে। আর এই বিবাহ-রাগ্রিতে নব বধুকে অধিক উপদেশ প্রদান করিতে গেলে ধর্ম্ম-যাজকতার ভাগ হয়। সূতরাং অলমতিবিস্তরেণ।

এখন একবার

কমল শশীর বাসর ঘরে, ডাক রে কোকিল পঞ্চম স্বরে!

এখন শশী, একবার এই মর্ত্যলোকে অবতীর্ণ হইয়া তরঙ্গের উপর অণ্সরা-ছাঁদে নৃত্য কর দেখি! একবার কাল মেথের ভিতর বেগে দেড়িইয়া গিয়া, একবার অনস্ত গগনের অনস্ত পথে উন্টাইয়া পড় দেখি! একবার গভীর মেথে ক্ষুদ্র ছিদ্র করিয়া রন্ধ্য পথে এক চক্ষ্য দিয়া আমার দিকে মধ্র দৃষ্টিপাত কর দেখি! একবার নক্ষয়ে নক্ষয়ে কলহ বাধাইয়া দিয়া, তাহারা যেমন পরস্পর সংগ্রাম করিতে আসিবে, অমনি তাহাদের উভয় দলের ব্যুহ বিদীর্ণ করিয়া বেগে ধাবিত হও দেখি! একবার দ্বুত সঞ্চালনে প্রান্তি বোধ করিয়া ম্কুর্টাবিনিন্দিত স্বেদবিন্দ্র্বিক্ত কপালে ঘোমটা তুলিয়া দিয়া গগনগবাকে ছির দৃষ্টিতে বিসয়া বায়্ব সেবন কর দেখি! একবার অজস্তা স্থাবর্ষণ করিয়া চকোরচক্রের অপরিত্ত রসনার তৃপ্তি সাধন কর দেখি; একবার শ্রুক্তকে কমলাকান্তের হৃদয়ে আবির্ভাত হও, কমলাকান্ত শয়ন করিল।

শশী, ত্মি ক্ষীরোদ-সাগরজা ত্রিভ্বন-বিহারিশী হইরাও বালিকা-স্বভাব-স্কৃত অভিমানের ভজনা করিলে? কমলাকান্ত কোন্ দোবে দোবী বলিতে পারি না—কখন একবার স্মী-পুরেষ-ভেদ-জটিলতা-জাল-ভেদনার্থ উদাহরণজ্লে প্রসমর নাম করিরাছিলাম বলিয়া এত অভিমান

আজিকার রজনীতে ভাল দেখার না। দেখ, তুমি কলাক্টনী, তব্ আমি তোমাকে গ্রহণ করিলাম। তোমাকে বিবাহ করিরাছি বলিরা অদ্যাব্ধি Lunatic* নাম ধরিলাম। ছেন্টেড্রিছেরো বিলরা থাকেন, তুমি পাষাশী—তব্ আমি তোমাকে বিবাহ করিলাম। তাঁহারা বলেন, তোমাতে মন্বাদ্ধ নাই, তব্ আমি তোমাকে বিবাহ করিলাম। তব্ রাল?—তবে এই সংসার-গরল-খণ্ডন, এই গিরি-তর্-শির্রিস-মণ্ডন, ঐ কর-লেখা আমার মাথার তুলিরা দাও। পার র্যাদ, ঐ অনন্তনীল বৃদ্দাবনে, মেঘের ঘোমটা একবার টানিরা, একবার রাই মানিনী হইরা বসো! আমি একবার স্থালাকের পারে ধরিরা এ জড়জীবন সার্থক করিরা লই। আজি আমি শত দোষে দোষী হইলেও তোমা হইতেই আমার সকল পাপের প্রারশিচত্ত হইবে। তুমি আমার চান্দ্রারণের চন্দ্র-ফলক! আমার বৈতরণীর নবীন বংস।

অমন করিলে আমি শত সহস্র বিবাহ করিব। এখন কমলাকান্ত ন্তন বিবাহের রীতি পদ্ধতি শিক্ষা করিরাছে। কমল এখন স্বাং বর, কর্ত্তা, প্রোহিত, ঘটক ইইতে শিখিরাছে। কমল এখন বেখানে সেখানে বিবাহ করিতে পারে। যখন দেখিব, নব পক্লবিকা শাখা-স্কন্ধ ইইতে মুখ বাড়াইরা করপগ্র সঞ্চালনে আহ্বান করিতেছে, তখনই আমি তাহাকে বিবাহ করিব। যখন দেখিব, পশ্মমুখী স্বচ্ছ সরসী-দর্পণে আপনার মুখ বিজ্কম গ্রীবার নিরীক্ষণ করিয়া হাসিতেছে, তখনই আমি স্থলকমলে, জলকমলে মিশাইয়া দিব। যখন দেখিব, নির্বারিকাণী রামধনুক ধরিয়া আনিয়া তাহাই লোফালার্কি করিয়া খেলা করিতেছে, তখনই তাহাকে সেই ধন্ই স্পর্শ করাইয়া শপথ দিয়া আমার সঙ্গিনী করিয়া লইব। যখন দেখিব, অনন্ত শায়ায় স্বর্ণাদি মিণভুষায় স্বেতাশ্বরে ভূষিত ইইয়া উত্তর দক্ষিণ শারনে নিয়া যাইতেছে, তখনই তাহাকে পাণিগ্রহশে ধীরে ধীরে জাগরিত করিয়া অন্ধান্ধের ভাগিনী করিব। যখন দেখিব, কুঞ্জলতা কাণে ঝুম্কা দোলাইয়া শ্যাম চিকুররাশি চারি দিকে ছড়াইয়া নিস্তন্ধভাবে মৃদ্ধ সৌর কিরণে ঈষতপ্ত ইইতেছে, তখনই তাহার কেশগাক্তমধ্যে মন্তক সন্মিবেশিত করিয়া তাহার ঝুমকা সরাইয়া দিয়া তাহার বরকে চিনাইয়া দিব। কমলাকান্ত চক্রবন্ত্রী এখন বিবাহ করিতে শিখিল, ঘটকালাী শিখিল, আর কাহারও উপাসনা করিবে না। যদি তোমরা আমার পরামর্শে শ্রন্ধা কর, ত আমার মত বিবাহ কর—আমি বেশ ঘটকালী জানি. তোমাদের মনের মত সামগ্রী মিলাইয়া দিব।

সপ্তম সংখ্যা—বসন্তের কোকিল

তুমি বসন্তের কোকিল, বেশ লোক। যথন ফ্লে ফ্টে, দক্ষিণ বাতাস বহে, এ সংসার সনুধের স্পর্শে দিহরিয়া উঠে, তখন তুমি আসিয়া রসিকতা আরম্ভ কর। আর যখন দার্গ শীতে জীবলোকে থরহির কম্প লাগে, তখন কোথায় থাক, বাপন্? যখন প্রাবদের ধারায় আমার চালাঘরে নদী বহে, যখন বৃষ্টির চোটে কাক চিল ভিজিয়া গোমর হয়, তখন তোমার মাজা মাজা কালো কালো দ্লোলি ধরনের শরীরখানি কোথায় থাকে? তুমি বসন্তের কোকিল, শীত বর্ষার কেন্দ্র নও।

রাগ করিও না—তোমার মত আমাদের মাঝখানে অনেক আছেন। যখন নসী বাব্র তালনুকের খাজনা আসে, তখন মান্ব-কোকিলে তাঁহার গৃহকুঞ্জ প্রিরা যায়—কত টিকি, ফোঁটা, তেড়ি, চসমার হাট লাগিয়া যায়,—কত কবিতা শ্লোক, গাঁত, হেটো ইংরেজি, মেটো ইংরেজি, চোরা ইংরেজি, ছেডা ইংরেজিতে নসী বাব্র বৈঠকখানা পারাবত-কাকলি-সংকুল গৃহসৌধবং বিকৃত হইরা উঠে। যখন তাঁহার বাড়ীতে নাচ, গান, যাত্রা, পর্ব উপন্থিত হয়, তখন দলে দলে মান্ব-কোকিল আসিয়া, তাঁহার ঘর বাড়ী আঁখার করিয়া তুলে—কেহ খায়, কেহ গায়, কেহ হাসে, কেহ কালে, কেহ তামাক পোড়ায়, কেহ হাসিয়া বেড়ায়, কেহ মাত্রা চড়ায়, কেহ টেবিলের নীচে গড়ায়। যখন নসী বাব্র বাগানে যান, তখন মান্য-কোকিল, তাঁহার সঙ্গে পিণীড়ায় সারি দেয়। আর যে রাগ্রে অবিল্ঞান্ত বৃষ্টি হইতেছিল, আর নসী বাব্র প্রেটির অকালে মৃত্যু

^{*} চন্দ্রগ্রন্ত, চাঁদে পাওরা বা পাগল।

[†] আমি জানি, কমলাকান্ত এক দিন প্রসন্ন গোরালিনীর পারে ধরিয়াছেন। কিন্তু সে দুছের জন্য।
—-রীভীক্ষদেব।

হইল, তথন তিনি একটি লোক পাইলেন না। কাহারও "অস্থ", এজন্য আসিতে পারিলেন না; কাহারও বড় স্থ—একটি নাতি হইয়াছে. এজন্য আসিতে পারিলেন না; কাহারও সমস্ত রাত্রি নিদ্রা হয় নাই, এজন্য আসিতে পারিলেন না; কেহ সমস্ত রাত্রি নিদ্রায় অভিভূত, এজন্য আসিতে পারিলেন না। আসল কথা, সে দিন বর্ষা, বসন্ত নহে, বসন্তের কোকিল সে দিন আসিবে কেন?

তা ভাই বসন্তের কোকিল, তোমার দোষ নাই, তুমি ডাক। ঐ অশোকের ডালে বিসয়া রাঙ্গা ফুলের রাশির মধ্যে কালো শরীর, জবলস্ত আগানের মধাগত কালো বেগানের মত, লাকাইয়া রাখিয়া, একবার তোমার ঐ পঞ্চম স্বরে, কু—উ বলিয়া ডাক। তোমার ঐ কু—উ রবটি আমি বড় ভালবাসি। ত্রমি নিজে কালো-পরামপ্রতিপালিত, তোমার চক্ষে সকলই "কু"-তবে যত পার, ঐ পশুম স্বরে ডাকিয়া বল, "কু—উ"। যখন এ প্রথিবীতে এমন কিছু সুন্দর সামগ্রী দেখিবে বে, তাহাতে তোমার দ্বেষ, হিংসা, ঈর্ষার উদয় হয়, তখনই উচ্চ ডালে বসিয়া ডাকিয়া কলিও, "কু-উ"-কেন না, তুমি সৌন্দর্যাশনা, পরামপ্রতিপালিত। যথনই দেখিবে, লতা সন্ধ্যার বাতাস পাইয়া, উপর্যাইপরি বিন্যন্ত পর্মপ-শুবক লইয়া দর্বলয়া উঠিল, অমনি সর্গন্ধের তরক ছ, िंग-जथन जिल्हा विन्तु "क्-छै:।" यथनरे प्रिथित, जन्नश्य गन्नताज এककारन क्रिका আপনাদিগের গল্ধে আপনারা বিভোর হইয়া. এ উহার গায়ে ঢলিয়া পডিতেছে. তখনই তোমার সেই ডাল হইতে ডাকিয়া বলিও, "কু—উঃ।" যখন দেখিবে, বকুলের অতি ঘনবিনাস্ত মধ্বরশ্যামল **ল্লিফোল্জ্বল প্**তর্যাশর শোভা আর গাছে ধরে না—পূর্ণ যৌবনা সুন্দরীর লাবণ্যের ন্যায় হাসিয়া হাসিয়া, ভাসিয়া ভাসিয়া, হেলিয়া দুলিয়া, ভাসিয়া গলিয়া, উছলিয়া উঠিতেছে, তাহার অসংখ্য প্রম্ফাট কুসামের গন্ধে আকাশ মাতিয়া উঠিতেছে—তখন তাহারই আশ্রয়ে বসিয়া, সেই পাতার স্পর্শে অঙ্গ শীতল করিয়া, সেই গন্ধে দেহ পবিত্র করিয়া, সেই বকুলকুঞ্জ হইতে ভাকিও, এ "কু—উঃ।" যখন দেখিবে, শত্ত্র-মত্থী, শত্ত্বশরীরা, সত্ত্রনরী নবমল্লিকা সন্ধ্যা-শিশিরে সিক্ত হইয়া, আলোক-প্রাথর্য্যের হ্রাস দেখিয়া ধীরে ধীরে মুখখানি খুলিতে সাহস করিতেছে—ন্তরে ন্তরে অসংখ্য অকলক্ষ দল-রাজি বিকসিত করিবার উপক্রম করিতেছে,—যখন দেখিবে যে, ভ্রমর সে রূপ দেখিয়া—"আদরেতে আগনুসারি"—কণ্ঠভরা গনুন্গনুন্ মধ্য ঢালিয়া দিতেছে—তখন, হে কালামনুখ ! আবার "কু-উঃ" বলিয়া ডাকিয়া মনের জনালা নিবাইও। আর যখনই গৃহস্তের গৃহপ্রাঙ্গশস্থ দাড়িবশাখার বসিরা দেখিবে, সেই গৃহপ্তপর্পিণী কন্যাগণে সেই লতার দোলানি, সেই গদ্ধরাজের প্রস্ফটেতা, সেই বকুলের রূপোচ্ছনাস, সেই মল্লিকার অমলতা, একাধারে মিলিত করিয়াছে, তখনই তাহাদের মুখের উপর, ঐ পঞ্চম-স্বরে, গৃহপ্রাচীর প্রতিধর্নিত করিয়া, সবাইকে ডাকিয়া বলিও, এত রূপ, এত সূখ, এত পবিত্রতা—এ "কু—উঃ"! ঐটি তোমার জিত —ঐ পঞ্চম-স্বর! নহিলে তোমার ও কু—উ কেহ শ্বনিত না। এ প্থিবীতে গ্রাডন্টোন, ডিম্রেলি প্রভৃতির ন্যায়,—তুমি কেবল গলাবাজিতে জিতিয়া গেলে—নহিলে অত কালো চলিত না; তোমার চেয়ে হাড়িচাঁচা ভাল। গলাবাজির এত গ্রুণ না থাকিলে, যিনি বাজে নবেল निश्वारहन, जिन तालमनी टरेरन रकन? आत जन चे तार्ज भान शानि तारमर हान शरेरनन ना किन?

তবে, কোকিল, তুমি প্রকৃতির মহা-পার্লিয়ামেণ্টে দাঁড়াইয়া নক্ষ্ণময় নীলচন্দ্রতেপ-মণ্ডিত, গিরিনদনিগরকুঞ্জাদি বেঞে স্কৃতিক্ষত, ঐ মহাসভা-গৃহে, তোমার এ মধ্র পণ্ডম-স্বরে—কু—উঃ বিলয়া ডাক—সিংহাসন হইতে হণ্ডিংস পর্যান্ত সকলেই কাঁপিয়া উঠ্ক। "কু—উ"! ভাল, তাই; ও কলকণ্ঠে কু বিললে কু মানিব, স্ব বিললে স্ব মানিব। কু বৈ কি? সব কু। লতায় কণ্টক আছে; কুস্বমে কীট আছে; গদ্ধে বিষ আছে; পত্ত শ্বুক্ষ হয়, র্প বিকৃত হয়, দ্বীজাতি বন্ধনা জানে। কু—উঃ বটে—তুমি গাও। কিন্তু তুমি ঐ পন্তম-স্বরে কু বলিলেই কু মানিব—নচেৎ কুকড়ো বাবাজি "কু ক্ম কু কু" বলিয়া আমার স্থের প্রভাত-নিদ্রাকে কু বলিলে আমি মানিব না। তার গলা নাই। গলাবাজিতে সংসার শাসিত হয় বটে, কিন্তু কেবল চেণ্চাইলে হয় না; বদি শন্ধ-মন্দ্র সংসার জয় করিবে, তবে যেন তোমার স্বরে পশ্তম লাগে—বে-পর্দা বা কড়িমধ্যমের কাজ নয়। সর্জেমস্ মালিণ্টশ্, তাঁহার বক্ততায় ফিলজফির* কড়িমধ্যম মিলাইয়া হারিয়া

⁺ म्मान्।

গেলেন—আর মেকলে রেটরিকের* পশুম লাগাইরা জিতিয়া গেলেন। ভারতচন্দ্র আদিরস পশুমে ধরিয়া জিতিয়া গিরাছেন—কবিক কলের অবভঙ্গর কে শন্নে? দেখ, লোকের বৃদ্ধ পিতা-মাতার বেসনুরো বকাবিকতে কোন্ ফল দর্শে? আর যখন বাবনুর গ্রিংলী বাবনুর সনুর বাধিয়া দিবার জন্য বাবনুর কাণ টিপিয়া ধরিয়া পশুমে গলার আওয়াজ দেন, তখন বাবনু পিডিং-পিডিং বলেন, কি না?

তবে তোমার স্বরকে পশুম স্বর কেন বলে, তাহা ব্রি না। বাহা মিষ্ট তাহাই পশুম? দুইটি পশুম মিষ্ট বটে,—সুরের পশুম, আর আল্তাপরা ছোট পারের গ্রুত্রী পশুম। তবে, সুর, পশুমে উঠিলেই মিষ্ট; পারের পশুম, পা হইতে নামাইলেই মিষ্ট।

কোন্ত্র পঞ্চম, কোন স্বর সপ্তম, কে মধ্যম, কে গান্ধার, আমাকে কে ব্রুথইয়া দিবে? এটি হাতীর ডাক, ওটি ঘোড়ার ডাক, সেটি ময়্বের কেকা, ওটি বানরের কিচিমিচি, এ বলিলে ত কিছু ব্রিওতে পারি না। আমি আফিংখোর—বেস্বরো শ্রিন, বেস্বরো ব্রিঝ, বেস্বরো লিখি—ধৈবত গান্ধার নিষাদ পশুমের কি ধার ধারি? যদি কেছ পাখোরাজ তানপ্রা দাড়ি দাঁত লইয়া আমাকে সপ্ত স্বর ব্রুথইতে আসে, তবে তাহার গঙ্জন শ্রিনয়া মঙ্গলা গাইয়ের সদ্যপ্রস্ত বংসের ধর্নি আমার মনে পড়ে—তাহার পীতাবশিষ্ট নিঙ্জল দ্বেদ্ধর অন্ধ্যানে মন ব্যস্ত হয়্ম স্বর ব্রুথা হয় না। আমি গায়কের নিকট কৃতজ্ঞ হইয়া তাঁহাকে কায়মনোবাক্যে আশীর্ষ্বাদ করি, যেন তিনি জন্মান্তরে মঙ্গলার বংস হন।

এখন আয়, পাখী! তোতে আমাতে একবার পশ্চম গাই। তুইও যে, আমিও সে—সমান দ্বংখের দ্বংখী, সমান স্ব্রের স্ব্রুখী। তুই এই প্রুপকাননে, বৃক্ষে বৃক্ষে আপনার আনন্দে গাইয়া বেড়াস্—আমিও এই সংসার-কাননে, গ্রেহ গ্রেহ, আপনার আনন্দে এই দপ্তর লিখিয়া বেড়াই—আয়, ভাই, তোতে আমাতে মিলে মিশে পশ্চম গাই। তোরও কেহ নাই—আনন্দ আছে, আমারও কেহ নাই—আনন্দ আছে। তোর প্র্রিজপাটা ঐ গলা; আমার প্রিজপাটা এই আফিসের ডেলা; তুই এ সংসারে পশ্চম স্বর ভালবাসিস্—আমিও তাই; তুই পশ্চম স্বরে কারে ডাকিস? আমিই বা কারে? বল্লু দেখি, পাখী, কারে?

যে স্নদর, তাকেই ডাকি; যে ভাল তাকেই ডাকি। যে আমার ডাক শানে, তাকেই ডাকি। এই যে আশ্চর্যা ব্রহ্মাণ্ড দেখিয়া কিছনুই বাঝিতে না পারিয়া বিস্মিত হইয়া আছি, ইহাকেই ডাকি। এই অনস্ত স্নদর জগৎ-শরীরে বিনি আস্থা, তাঁহাকে ডাকি। আমিও ডাকি, তুইও ডাকিস্। জানিয়া ডাকি, না জানিয়া ডাকি, সমান কথা; তুইও কিছন জানিস্ না, আমিও জানি না; তোরও ডাক পোছিবে, আমারও ডাক পোছিবে। যদি সর্বাশশগ্রহী কোন কর্ণ থাকে, তবে তোর আমার ডাক পোছিবে না কেন? আয়, ভাই, একবার মিলে মিশে দাই জনে পঞ্চম-শ্বরে ডাকি।

তবে, কুহ্বরেবে সাধা গলায়, কোকিল একবার ডাক্ দেখি রে! কণ্ঠ নাই বলিয়া আমার মনের কথা কখন বলিতে পাইলাম না। যদি তোর ও ভূবন-ভূলান স্বর পাইতাম, ত বলিতাম। তুই আমার সেই মনের কথা প্রকাশ করিয়া দিয়া এই প্রস্পময় কুঞ্জবনে একবার ডাক্ দেখি রে! কি কথাটি বলিব বলিব মনে করি, বলিতে জানি না, সেই কথাটি তুই বল্ দেখি রে! কমলাকান্তের মনের কথা, এ জন্মে বলা হইল না—র্যাদ কোকিলের কণ্ঠ পাই—অমান্যী ভাষা পাই, আর নক্ষ্যাদিগকে শ্রোতা পাই, তবে মনের কথা বলি। ঐ নীলাম্বরমধ্যে প্রবেশ করিয়া, ঐ নক্ষ্যামণ্ডলীমধ্যে উড়িয়া, কখন কি কুহ্ব বলিয়া ডাকিতে পাইব না? আমি না পাই, তুই কোকিল আমার হয়ে একবার ডাক্ দেখি রে?

শ্রীকমলাকান্ত চক্রবন্তী

অণ্টম সংখ্যা-শ্বীলোকের রূপ

অনেক ভামিনী র পের গোরবে পা মাটিতে দেন না। ভাবেন যে দিক্ দিয়া অঙ্গ দোলাইয়া চলিয়া যান, লাবণ্যের তরঙ্গে সে দিকের সংজ্ঞা ভূবিয়া যায়; ন তন জগতের স্থিত হয়। তাঁহারা মনে করেন, তাঁহাদের র পের ঝড় যে দিকে বর, সে দিকে সকলের থৈর্য-চালা উড়িয়া যায়, ধর্ম্ম-কোটা ভাঙ্গিয়া পড়ে; যথন প্রের্বের মন-চড়ায় তাঁহাদের র পের বান ভাকে, তথন তাঁহাদের

^{*} অলৎকার।

কর্ম্ম-জাহাজ, ধর্ম্ম-পান্সী, বৃদ্ধি-ডিঙ্গি, সব ভাসিরা বার। কেবল সৌন্দর্য্যভিমানিনী ক্ষিত্র কুরুর এইর প প্রতীতি নহে; প্রেষেরাও ষখন মহিলাগদের মোহিনী শক্তির বশীভূত হইয়া তাঁহাদিগের রূপের মহিমা বর্ণনারম্ভ করেন, তথন যে তাঁহারাও কি বলেন, ভাবিলে বিস্মিত হইতে হয়। তথন গগনের জ্যোতিষ্ক, প্রথিবীর পর্যত, পশ্-পক্ষী, কীট-পতঙ্গা, লতা-গ न्यापि जक्ना करे नरे हा छे जार बना जीना जीने जाजान-जावांत जतनक करे जाजानिक कि त्रहा পাঠান। র্পসীর ম্থমণ্ডলের সহিত তুলনা করিয়া তাঁহারা প্রশাশীকে নিমলুগ করিয়া আবার মসীবং ম্পান বলিয়া ফেরং পাঠান: গরিব চাদ, আপনার কলক্ষ আপনি বুকে করিয়া রাতারাতি আকাশের काञ्च সারিয়া পলায়ন করে। সুন্দরীর ললাটের সিন্দুরবিন্দু দেখিয়া তাঁহারা উষার সীমন্ত-শোভা তর্ম তপনের নিন্দা করেন: রাগে স্ব্রিদেব, প্রথবী দক্ষ করিয়া চলিয়া যান। রসময়ীর আস্যের হাস্যরাশি অবলোকন করিয়া প্রফল্লে কমলে সোর-রশ্মির লাস্য বা বিকসিত কুমুদে কোমুদীর নৃত্য তাঁহারা আর ভালবাসেন না: সেই অর্বাধ ক্মল কুমুদে কীট-পতঙ্গের অধিকার। কামিনীর কণ্ঠহার নিরীক্ষণ করিয়া তাঁহারা নিশার তারকামালার প্রতি অবজ্ঞা প্রকাশ করেন: বোধ করি, ভবিষ্যতে জ্যোতিষের অনুশীলন ত্যাগ করিয়া, তাঁহারা স্বর্ণকারের বিদ্যার মন দিবেন। রক্ষিণীর শরীরসঞ্চালনে তাঁহারা এত লাবণ্যলীলা বিলোকন করেন যে, জ্যোৎল্লাময়ী রজনীতে মন্দ মন্দ আন্দোলিত বৃক্ষপত্রে বা নিয়ত কন্পিত সিন্ধহিল্লোলে চন্দ্রিকার খেলায় जौरामिलात जात मन উट्टि ना। এर जनार वा. ताटा निष्ठा यान, ववर नमीटक कमनी कमनी করিয়া শুনিষ্ঠে থাকেন। আবার যখন রম্মণীর নয়ন বর্ণান করেন, তখন সরোবরে মলয়-মারুতে **माम् नामान नी लाश्यन मृ** ति थाकुक, विश्वम एलात किছ हे जौरामिलात ভान नाला ना।

এই নারীম্ত্রির স্তাবকক্লের উপমান্ভবশক্তির কিছ্ প্রশংসা করিতে হয়। এক চক্ষ্ম, তাঁহাদিগের কণ্ণনাপ্রভাবে কখন পক্ষী, যথা খঞ্জন, চকোর; কখন মংস্যা, যথা সফরী; কখন উদ্ভিদ্, যথা পদ্ম, পদ্মপলাশ, ইন্দীবর; কখন জড় পদার্থ, যথা আকাশের তারা। এক চন্দ্র, কখনও রমণীর মুখমণ্ডল, কখনও তাহার পায়ের নথর। উচ্চ কৈলাস-শিথর, এবং ক্ষুদ্র কোমল কোরক, একেরই উপমান্তল; কিন্তু ইহাতেও কুলার না বিলয়া দাড়িন্দ্র, কদন্দ্র, করিকুন্ত এই বিষম উপমাল্ভখলে বন্ধ হইরাছে। জলচর ক্ষুদ্র পক্ষী হংস, এবং স্থলচর প্রকাশত চতুম্পদ হন্তী, ইহাদিগের গমনে বৈষম্য থাকাই স্বাভাবিক উপলব্ধি; কিন্তু কবিদিগের চক্ষে উভয়েই রমণী-কুল-চরণ-বিন্যালের অনুকারী। আবার যে সে হাতীর গমনের সহিত, এই হংসগামিনীদিগের গমনসাদৃশ্য নিন্দেশ করা বিধেয় নহে; যে হাতী হাতীর রাজা, সেই হাতীর সঙ্গেহ গজেন্দ্র-গামিনীগণের গতি তুলনীয়। শানিয়াছি, হাতী এক দিনে অনেক দ্রে যাইতে পারে; অশ্বাদি কোন পদ্ম তত পারে না। যাহাদিগকে দ্রে যাইতে হয়, তাহারা এই গজেন্দ্রগামিনীদিগের পিঠে চড়িয়া যান না কেন? যে দিকে রেলওয়ে হয় নাই, সে দিকে বাছয়া বাছয়া গজগামিনী মেয়ের ভাক বসাইলে কেমন হয়?

আমিও এক কালে কামিনীভক্ত কবিদলভুক্ত ছিলাম। আমি তখন এই অথিল সংসারে রমণীর ন্যার স্কুলর বন্ধু আর দেখিতে পাইতাম না। চম্পক, কমল, কুন্দ, বন্ধুলীব, শিরীব, কদন্ব, গোলাপ প্রভৃতি প্রুপচর তখন কামিনী-কান্তি-গ্রাথত কুস্ম-মালিকার ন্যায় মনোহর বোধ হইত না। বলিতে কি, বসন্তের কুস্মবতী বস্মতী অপেক্ষাও আমি কুস্মময়ী মহিলাকে ভালবাসিতাম; বর্ষার উচ্ছনিসত-সালিলা চিররিঙ্গণী তরিঙ্গণী অপেক্ষাও রসবতী য্বতীর পক্ষপাতী ছিলাম। কিপ্তু এক্ষণে আর আমার সে ভাব নাই। আমার দিব্যক্তান হইয়ছে। আমি মায়াময়ী মানবীমন্ডলের কুহক-জাল ছিল করিয়া বাহির হইয়া পলায়ন করিয়াছি। জালিয়ার পচা জালে রাঘব বোয়াল পড়িলে, বেমন জাল ছিড়িয়া পলায়ন করে, আমি তেমনি পলায়ন করিয়াছি; ক্রুদ্র মাকড়সার জালে বেমন গ্র্বুরে পোকা পড়িলে জাল ছিড়িয়া পলায়ন করে, আমি তেমনি করিয়াছি; দ্বুজ গোর্বু একবার দড়ি ছিড়িতে পারিলে যেমন উধর্মাসে পলায়ন করে, আমি তেমনি দেড়ৈ মারিয়া পলায়ন করেরাছি। সকলই আফিমের প্রসাদে।

^{*} আমার বিবেচনার চন্দ্রের সহিত নখরের তুলনা আত স্ক্রের—কেন না, উত্তম পদবিন্যাস হইতে পারে—কথা, নখর-নিকর-হিমকর-করন্থিত কোকিল-ক্রিজত কুঞ্জকুটীরে।—এটি আমার নিজের রচনা।

হে মাতঃ আফিম দেবি! তোমার কোটা অক্ষর হউক। তুমি বংসর বংসর সোলার জাহাজে চড়িয়া চীনদেশে প্রা খাইতে যাও! জাপান, সাইবিরিয়া, ইউরোপ, আমেরিকা, সকলই তোমার অধিকারজুক্ত হউক; তোমার নামে দেশে দেশে দুর্গোংসব হউক। কমলাকান্তকে পারে রাখিও। আমি তোমার কুপার সাধারণের উপকারার্থে নিজের মন খুলিয়া দুই চারিটি কথা বালব।

কথা শন্নিয়া কেবল স্থালোক কেন, অনেক প্রের্বেও আমাকে পাগল বলিবেন। বল্বন, ক্ষতি নাই। ন্তন কথা যে বলে, সেই পাগল বলিয়া গণ্য হয়। গালিলিও* বলিলেন, প্থিবী ঘ্রিরতেছে। ইতালীর ভদ্র সমাজ, ধাম্মিক সমাজ, বিধান্ সমাজ শ্রনিয়া হাসিলেন; শ্রনিয়া স্থিব করিলেন, গালিলিওর মতিপ্রম হইয়াছে। কালের স্রোত বহিয়া গোল। ইতালীর ভদ্র সমাজ, ধাম্মিক সমাজ, বিধান্ সমাজ আর প্থিবী ঘ্রিরতেছে শ্রনিলে হাসেন না; গালিলিওকে আর মতিপ্রান্ত জ্ঞান করেন না।

সকলে সৌন্দর্য্য বিষয়ে স্থালোকের প্রাধান্য স্বাকার করেন। বিদ্যা, বৃদ্ধি, বলে প্রয়্রেষে শ্রেষ্ঠতা স্বাকার পাইয়াও, য়ৢপের টিকা স্থালোকের মস্তকে দেন। আমার বিবেচনার এটি মস্ত ছুল। আমি দিব্য চক্ষে দেখিয়াছি যে. প্রয়্রের রুপ অপেক্ষা স্থালোকের রুপ অনেক দ্র নিক্ষণ্ট। যে মানমরী মোহিদাগাণ! কুটিল কটাক্ষে কালক্টে বর্ষণ করিয়া আমাকে এই দোষে দক্ষ করিও না; কালসপাঁ-বিনিন্দিত বেদাগালায়া আমাকে বন্ধন করিও না, শ্রুধন্তে কোপে তীক্ষ্মা দর ষোজনা করিয়া আমাকে বিদ্ধ করিও না। বিলতে কি, তোমাদের নিন্দা করিতে ভয় করে। পথ ব্রিয়া যদি তোমরা নথ-ফাদ পাতিয়া রাখ, তবে কত হস্তা বদ্ধচরণ হইয়া, তোমাদের নাকে ঝালিতে পারে—কমলাকান্ত কোন্ ছার! তোমাদের নথের নোলক খাসয়া পড়িলে, মানম্ খুন ইবার অনেক সন্ভাবনা; চন্দ্রহারের একখানি চাদ যদি স্থানচ্যুত হইয়া কাহারও গায়ে লাগে, তবে তাহার হাত পা ভাঙ্গা বিচিত্র নহে। অতএব তোমরা রাগ করিও না। আর হে রমণীপ্রয়, কম্পনাপ্রিয়, উপমাপ্রিয় কবিগণ, তোমাদিগের স্থাদিবার সম্থময়া স্বশ্ময়া প্রতিমা ভাঙ্গিত প্রবৃত্ত হইয়াছি বলিয়া, তোমরা আমাকে মারিতে উদ্যত হইও না। আমি সপ্রমাণ করিয়া দিব যে, তোমরা কুসংস্কারবিষ্ট পোন্ডালক। তোমরা উপাস্য দেবতার প্রকৃত মর্ন্তি পরিত্যাগ প্র্বক্ বিকৃত প্রতিম্থির পভুজা করিতেছ।

যাহার স্করে কেশপাশ আছে, সে আর পরচুলা ব্যবহার করে না। যাহার উল্জব্ধ ভাল দাঁত আছে, তাহার কৃত্রিম দন্তের প্রয়োজন হয় না। যাহার বর্ণে লোকের মন হরণ করে. তাহার আর রং মাখিয়া লাবণ্য বৃদ্ধি করিতে হয় না। যাহার নয়ন আছে, তাহার আর কাচের চক্ষর আশ্রম লইতে হয় না। যাহার চরণ আছে, তাহাকে আর কাষ্ঠপদ অবলম্বন করিতে হয় না। এইর্প যাহার যে বস্থু আছে, সে তাহার জন্য লালায়িত হয় না। যে ব্রিঝতে পারে যে, প্রকৃতি কোন পদার্থে তাহাকে বণ্ডিত করিয়াছেন, সেই তদ্বিষয়ে আপনার অভাব মোচনার্থ বন্ধ করিয়া থাকে। এই সকল দেখিয়া শর্নিয়া আমি ক্ষির করিয়াছি যে, স্ত্রীলোকদিগের মধ্যে সৌন্দর্য্যের অত্যন্ত অভাব। তাহারা সর্ব্বদা আপন আপন রূপ বাড়াইতে ব্যন্ত: কি উপায়ে আপনাকে স্কুন্দরী দেখাইবে, ইহা লইয়াই উন্মাদিনী: ভাল ভাল অলম্কার কিসে পাইবে, নিয়ত ইহাই তাহাদিলের ভাবনা, ইহাই তাহাদিগের চেষ্টা: এমন কি বলা যাইতে পারে যে, অলম্কারই তাহাদিগের জপ, অলঞ্চারই তাহাদিগের তপ্ অলঞ্চারই তাহাদিগের ধ্যান, অলঞ্চারই তাহাদিগের জ্ঞান। স্বীয় দেহ সন্দ্রিত করিতে এত যাহাদিগের যন্ত্র, তাহাদিগের প্রকৃত সৌন্দর্য্য যে অধিক আছে, এর প বোধ হয় ना। यादात नाक मृन्यत नर्ट. स्मर्ट नात्क नथत्भ तन्यत् तन्यत् तन्यत् तन्यत् तन्यत् तन्यत् तन्यत् तन्यत् যাহার কাণ স্কর নহে, সেই ঢাকাই-কানর্প নানা ফলফ্রল পণ্যপক্ষিবিশিষ্ট বাগানের যোড়া কালে ঝুলাইয়া দেয়। যাহার হৃদয় ভাল নহে, সেই সেথানে সাতনর ফাঁসির দড়ি টাঙ্গাইয়া পুরুষজাতির, বিশেষতঃ গুনাপায়ী বালকদিগের ভীতি বিধান করে। যে অলম্কার বিনাও আপনাকে স্ক্রী বলিয়া জানে, সে কখন অলম্কারের বোঝা বহিতে এত বাগ্র হয় না। প্রেরে ভূকা বিনা সন্তুক্ত থাকে; স্ফ্রীলোক ভূকা বিনা মনুষ্যসমাজে মুখ দেখাইতে লভ্জা পায়। অভএব স্থীলোকদিগের নিজের ব্যবহার দারা বুঝা যাইতেছে যে, প্রের্যাপেক্ষা স্থীজাতি সৌন্দর্য্যবিষয়ে নিকৃষ্ট।

^{*} কোপনিকস্

শ্বীজাতি অপেক্ষা বৈ প্রুক্তরাতির সৌন্দর্য অধিক, প্রকৃতির সৃষ্টি-পদ্ধতি সমালোচনা করিয়া দেখিলে আরও স্পন্ট প্রতীতি হইবে। যে বিস্তীর্ণ চন্দ্রকলাপ দেখিয়া জলদম্কুট ইন্দ্রধন্ হারি মানে, সে চন্দ্রকলাপ ময়্বের আছে; ময়্বীর নাই। যে কেশরে সিংহের এত শোভা, তাহা সিংহের নাই। যে ঝ্রিটতে ব্যভের কান্তি বৃদ্ধি করে, গাভীর তাহা নাই। কুক্টের যেমন স্কুলর তায়চ্ডা ও পক্ষ সকল আছে, কুক্টোর তেমন নাই। এইর্প দেখিতে পাইবে য়ে, উচ্চ শ্রেণীর জীবদিগের মধ্যে স্থা অপেক্ষা প্রুক্ স্কুটী মন্মা স্থিত করিতে প্রবৃত্ত হইয়া স্ভিকর্তা যে এই নিয়মের ব্যাতিক্রম করিয়াছেন, এমন বোধ হয় না। হে ম্লু "বিদ্যাস্ক্রর"কার! তোমার মনে কি এই তত্তি উদিত হইয়াছল? এজনাই কি তৃমি নায়কের নাম স্কুলর রাখিয়াছিলে? তৃমি কি ব্রিয়াছিলে যে, স্থালোক যত কেন বিদ্যাবতী হউক না, প্রুব্রের স্বাভাবিক সৌন্দর্য ও ব্রদ্ধির নিকটে তাহাকে পরাভব স্বীকার করিতে হইবে।

সোন্দর্যের বাহার যোবনকালে। কিন্তু, র্পান্ধ ভামিণীগণ! তোমাদিগের যোবন কতক্ষণ থাকে? জোয়ারের জ্বলের মত আসিতে আসিতেই যায়। কুড়ি হইতেই তোমরা বৃড়ী হইলে। অন্প দিনের মধ্যেই তোমাদিগের অঙ্গ সকল শিথিল হইয়া পড়ে। বয়স আসিয়া শীয়্রই তোমাদিগের গলার লাবণ্য-মালা ছি'ড়িয়া লয়। চিয়্লাপ প'য়তায়িশে প্রুমের যে শ্রী থাকে, বিশ প'চিশের উধের্ব তোমাদিগের তাহা থাকে না। তোমাদিগের র্পের ছিতি সোদামিনীর ন্যায়, ইন্দ্রধন্র ন্যায়, মহুর্ত্তেক জন্য না হউক, অত্যুম্প কালের জন্য সন্দেহ নাই। যাহারা র্পোপভাগে উন্মত্ত, আমি আহারে বিসলেই তাহাদের যন্দ্রণা অনুভূত করিতে পারি;—আমার জীবনে ঘার দ্বংখ এই যে, অম বাজন পাতে দিতে দিতেই ঠান্ডা হইয়া যায়। তেমনি, স্বীলোকের সোন্দর্যার্শ বৃক্ডি চালের ভাত, প্রণয়-কলাপাতে ঢালিতে ঢালিতে ঠান্ডা হইয়া যায়—আর কাহার সাধ্য খায়? শেষে বেশভ্ষার্শ তেব্ল মাখিয়া, একট্ব আদর-লবনের ছিটা দিয়া কোনরপে গলাধঃকরণ করিতে হয়।

হে সোন্দর্যাগন্তিত কামিনীকুল। সত্য করিয়া বল দেখি, এই র প ক্ষণস্থায়ী বলিয়াই কি তোমাদিগের র পের এত আদর? ভাল করিয়া দেখিতে না দেখিতে, ভাল করিয়া উপভোগ করিতে না করিতে অন্তর্হিত হইয়া যায় বলিয়া. তোমাদিগের র পের জন্য কি পর্বরেরা পিপাসিত চাতকের নায় উন্মত্ত? অপরিজ্ঞাত হারাধন বলিয়াই কি তোমরা উহার প্রকৃত মূল্যানির্দারে অন্যক্ত? কেবল ক্ষণস্থায়ী পদার্থ বলিয়া নয়, অপর কারণেও স্বালোকের সোন্দর্যা মনোহর মার্তি ধারণ করে। যে সকল গ্রন্থকারদিগের মত ভূমন্ডলে গ্রাহা হইয়াছে, তাঁহায়া সকলেই প্রবৃষ্, এ কারণে আমার বিবেচনায় অনুরাগনেত্রে কামিনীকুলের র প বর্ণনা করিয়াছেন। কথাই আছে, "যায় যাতে মজে মন, কিবা হাড়ি কিবা ডোম।" যে রমণীগণ প্রণয়ের পদার্থ, তাহাদিগকে কে সহজ চক্ষ্মতে দেখিবে? স্কুলর মাকুরের প্রভাবে দৃষ্ট বস্তু কুংসিত হইলেও স্কুলর দেখাইবে। মনোমোহিনীর র প নিরীক্ষণকালে তাহাতে প্রীতির অঞ্জনে মাথাইয়া দেখিব। প্রেয়্বাপেক্ষা তাহার মাধ্বা কেন না অধিক বোধ হইবে?

হে প্রশালের, পাশ্চাত্য করিরা তোমাকে অন্ধ বলিয়াছেন। কথাটা মিখ্যা নয়। তোমার প্রভাবে লোকে প্রিয় বস্তুর দোষ দেখিতে পায় না। তোমার অঞ্জনে যাহার নেত্র রঞ্জিত হইয়াছে, সে বিশ্বমোহন পদার্থ-পরন্পরায় পরিবৃত থাকে। বিকট মুর্ত্তিকে সে মনোহর দেখে। কর্কা শ্বরকে সে মধ্ময় ভাবে। প্রেতিনার অঙ্গ-ভঙ্গাকৈ মৃদ্-মন্দ মলয়-মারুতে দোদ্লামানা লালতলবঙ্গলতার লাবণ্যলীলা অপেক্ষাও স্থকরী জ্ঞান করে। এজনাই চীনদেশে খাদা নাকের আদর। এজনাই বিলাতী বিবিদের রাঙ্গা চূল ও বিড়াল চোকের আদর। এজনাই কাফিদেশে খ্রল ওন্টাধরের আদর। এজনাই বাঙ্গালাদেশে উল্ক-চিত্তিত মিশি-কলন্দিত চাদবদনের আদর। এজনাই মানবসমাজে স্থারিরপের আদর। আর যদি স্থালাকেরা প্রব্যের নায় মনের কথা মুখে আনিতেন, তাহা হইলে, হে প্রশারেদেব, নিজের গালে হউক না হউক, অস্ততঃ তোমার গরণও আমরা শ্রনিতে পাইতাম বে, পারুষের সৌন্দর্যের কাছে স্থালাকের রুপ কিছাই নয়। যদিও অন্তরের গাল্প ভাব বাকায়ারা ব্যক্ত করিতে মহিলাগণ অত্যন্ত সংকৃচিতা, তথাপি কার্যায়ারা তাহাদিগের আন্তরিক গালু তত্তুগালি কিয়ংপরিমাণে প্রকাশিত হইয়া পড়ে। কে না দেখিয়াছে বে, সান্দরীয় পরস্পরের সৌন্দর্য্য স্বীকার করিতে চাহেন না, অথচ পারুষের ভক্ত হইয়া বসেন?

ইহাতে কি ব্রাইতেছে না যে, মনে মনে তাঁহারা স্থালোকের র্পাপেক্ষা প্রুষের র্পের পক্ষপাতিনী?

র্প, র্প, করিয়া স্থালোকের সন্ধানাশ হইয়াছে। সকলেই ভাবে, র্পই কামিনীকুলের মহাম্লা ধন, র্পই কামিনীকুলের সন্ধানা মহাম্লা ধন, র্পই কামিনীকুলের সন্ধানা করেন, লোকে কেবল র্পের বিনিময়েই দিতে চায়। ইহাতেই মন্য়্রসমাজের কলন্ক বারাঙ্গনাবার্গের স্থিট। ইহাতেই পরিবারমধ্যে স্থালোকের দাসীয়।

অস্থামী সোন্দর্য ই যোষিদ্মন্ডলীর একমাত্র সম্বল, সংসার-সাগর পার হইবার একমাত্র কান্ডারী, এ কথা আর আমি শ্রনিতে চাহি না। অনেক দিন শ্রনিয়াছি। শ্রনিয়া কাণ ঝালাপালা হইয়া গিয়াছে। শ্রনিতে আর পারি না। আমি শ্রনিতে চাই যে. নারীজ্ঞাতির রপোপেক্ষা শত গ্রণে, সহস্র গ্রণে, লক্ষ গ্রণে কোটী গ্রণে মহত্ত্বের গ্রণ আছে। আমি শ্রনিতে চাই যে, তাঁহারা ম্তিমতী সহিস্কৃতা, ভক্তি ও প্রীতি। যাঁহারা দেখিয়াছেন যে, কত কণ্ট সহা করিয়া জননী সন্তানের লালন পালন করেন, যাঁহারা দেখিয়াছেন যে, কত যত্নে মহিলাগণ পীড়িত আত্মীয়বর্গের সেবা শ্রশ্রেষা করেন, তাঁহারা কামিনীকুলের সহিস্কৃতার কিণ্ডিং পরিচয় পাইয়াছেন। যাঁহারা কখন কোন স্বন্ধরীকে পতি প্রত্রের জন্য জীবন বিসঙ্জন, ধন্মের্র জন্য বাহাসমুখ বিসঙ্জন করিতে দেখিয়াছেন, তাঁহারা ব্রিঝাছেন যে, কির্প প্রীতি ও ভক্তি স্বীহৃদয়ে বসতি করে।

যথন আমি উংকৃষ্টা যোষিদ্ধগের বিষয়ে চিন্তা করিতে যাই, তথনই আমার মানসপটে, সহমরণপ্রব্রা সতীর মৃতি জাগিয়া উঠে। আমি দেখিতে পাই যে, চিতা জনলিতেছে, পতির পদ সাদরে বক্ষে ধারণ করিয়া প্রজনলিত হৃতাশনমধ্যে সাধনী বাসিয়া আছেন। আস্তে আস্তে বিহি বিস্তৃত হইতেছে, এক অঙ্গ দন্ধ করিয়া অপর অঙ্গে প্রবেশ করিতেছে। আগিদদ্ধা স্বামিচরণ ধ্যান করিতেছেন, মধ্যে মধ্যে হরিবোল বলিতে বলিতেছেন বা সংক্তে করিতেছেন। দৈহিক ক্ষেশ-পরিচায়ক লক্ষণ নাই। আনন প্রফ্লা ক্রমে পাবকশিখা বাড়িল, জীবন ছাড়িল, কায়া ভক্মীভত হইল। ধন্য সহিষ্কৃতা। ধন্য প্রীতি! ধন্য ভক্তি!

যখন আমি ভাবি যে, কিছু দিন হইল, আমাদিগের দেশীয়া অবলা অঙ্গনাগণ কোমলাঙ্গী হইয়াও এইর্পে মরিতে পারিত, তখন আমার মনে ন্তন আশার সঞ্চার হয়, তখন আমার বিশ্বাস হয় যে, মহত্ত্বে বীজ আমাদিগের অন্তরেও নিহিত আছে। কালেও কি আমরা মহত্ত্ব দেখাইতে পারিব না? হে বঙ্গ পোরাঙ্গনাগণ—তোমরা এ বঙ্গদেশের সার রক্ন! তোমাদের মিছা র্পের বড়াইয়ে কাজ কি?

नवम সংখ্যা—ফ্রলের বিবাহ

বৈশাখ মাস বিবাহের মাস। আমি ১লা বৈশাখে নসী বাব্র ফ্লবাগানে বসিয়া একটি বিবাহ দেখিলাম। ভবিষ্যং বরকন্যাদিগের শিক্ষার্থ লিখিয়া রাখিতেছি।

মিলিকা ফ্লের বিবাহ। বৈকাল-শৈশব অবসানপ্রায়, কলিকা-কন্যা বিবাহযোগ্যা হইরা আসিল। কন্যার পিতা বড় লোক নহে, ক্ষুদ্র বৃক্ষ, তাহাতে আবার অনেকগন্লি কন্যাভারগ্রস্ত। সম্বন্ধের অনেক কথা হইতেছিল, কিস্তু কোনটা স্থির হয় নাই। উদ্যানের রাজা স্থলপদ্ম নিদ্দেষি পার বটে, কিস্তু ঘর বড় উ'চু. স্থলপদ্ম অভ দ্র নামিল না। জবা এ বিবাহে অসম্মত ছিল না, কিস্তু জবা বড় রাগী, কন্যাকর্তা পিছাইলেন। গন্ধরাজ্ঞ পার ভাল, কিস্তু বড় দেমাগ, প্রায় তাহার বার পাওয়া বায় না। এইর্প অব্যবস্থার সময়ে দ্রমররাজ ঘটক হইয়া মিল্লকা-ব্ক্সদনে উপস্থিত হইলেন। তিনি আসিয়া বলিলেন, "গৃন্। গুল! গুল্ মেয়ে আছে?"

মল্লিকাব্দ্ধ পাতা নাড়িয়া সায় দিলেন, "আছে! স্তমর প্রাসন গ্রহণ করিয়া বলিলেন, "গাহুণ্ গাহুণ্ গাহুণ গাহুণাগাহুণ্! মেয়ে দেখিব।"

वृक्क, भाशो ने केविया, म्हीम् छन्यना अवग्र केनवणी कन्ता प्रथाहरता।

ভ্রমর একবার বৃক্ষকে প্রদক্ষিণ করিয়া আসিয়া বলিলেন, "গৃহণ্! গৃহণ্! গৃহণ্! গৃহণ্ দেখিতে চাই। ঘোমটা খোল।"

লক্ষ্যশীলা কন্যা কিছ্বতেই ঘোম্টা খুলে না। বৃক্ষ বলিলেন, "আমার মেরেগার্লি বড় লাজ্বক। তুমি একটা অপেকা কর, আমি মুখ দেখাইতেছি।"

बिष्का ब्रह्मावणी

ভ্রমর ভৌ করারা **স্থলপন্মের বৈ**ঠকখানায় গিয়া রাজপ**্**রের সঙ্গে ইয়ারকি করিতে বসিলেন। এদিকে মল্লিকার সন্ধাঠাকুরাশী-দিদি আসিয়া তাহাকে কত ব্যুঝাইতে লাগিল-বলিল, "দিদি, **এकবার বেমিটা খোল—नेहेल**, বর আদিবে না—লক্ষ্মী আমার, চাঁদ আমার, সোণা আমার, ইত্যাদি।" কলিকা কত বার ঘাড় নাড়িল, কতবার রাগ করিয়া মুখ ঘুরাইল, কত বার বলিল, "ठोन्मिन, ठूरे या! किन्हु स्मर्थ अक्षात्र ज्ञिक्ष श्वात्य ग्राह्म इरेश ग्राथ थ्रानिन। उथन घठक মহাশয় ভৌ করিয়া রাজবাড়ী হইতে নামিয়া আসিয়া ঘটকালীতে মন দিলেন। কন্যার পরিমলে মন্ধ হইরা বলিলেন, "গুণ্ গুণ্ গুণ্, গুণ্ গুণাগুণ্! কন্যা গুণবতী বটে। ঘরে মধ্য কত ?" কন্যাকর্তা বৃক্ষ বলিলেন, "ফর্ম্প দিবেন, কড়ায় গণ্ডায় ব্যুঝাইয়া দিব।" ভ্রমর বলিলেন,

"গুণু গুণু, আপনার অনেক গুণু—ঘটকালীটা ?"

কন্যাকর্ত্তা শাখা নাড়িয়া সায় দিল, "তাও হবে।"

শ্রমর—"বলি ঘটকালীর কিছ্ব আগাম দিলে হয় না? নগদ দান বড় গ্রণ্—গ্রণ্ গ্রণ্ श्रीवा"

ক্ষ্ম বৃক্ষটি তখন বিরক্ত হইয়া, সকল শাখা নাড়িয়া বলিল, "আগে বরের কথা বল—

স্রমর—"বর অতি সঃপান্ত।—তাঁর অনেক গ্রাণ-ন—ন্।" কে "তিনি?"

क्तामावनान गत्काभाषााয়। তাঁর অনেক—গ্ন-ন্—ন্।"

नकल करथा भक्ष मन्तरा भन्निराज भार नो, जामि रकरल जा किम श्रेमानार मिरा कर्ण পाইরাই এ সকল শর্নিতেছিলাম। আমি শর্নিতে লাগিলাম, কুলাচার্য্য মহাশর, পাখা ঝাড়িরা, ছয় পা ছড়াইয়া গোলাবের মহিমা কীর্ত্তন করিতেছিলেন। বলিতেছিলেন যে, গোলাব বংশ বড় কুলীন: কেন না, ইহারা "ফুলে" মেল। যদি বল, সকল ফুলেই ফুলে, তথাপি গোলাবের গোরব অধিক; কেন না, ইহারা সাক্ষাৎ বাঞ্চামালীর সন্তান; তাহার স্বহস্তরোপিত। যদি বল, এ ফুলে কাঁটা আছে, কোন্ কুলে বা কোন্ ফুলে নাই?

বাহা হউক, ঘটকরাজ কোন্রতে সম্বন্ধ স্থির করিয়া বৌ করিয়া উড়িয়া গিয়া, গোলাব বাব্র বাড়ীতে খবর দিলেন। গোলাব, তখন বাতাসের সঙ্গে নাচিয়া নাচিয়া, হাসিয়া হাসিয়া, লাফাইয়া লাফাইয়া খেলা করিতেছিল, বিবাহের নাম শ্রনিয়া আহ্মাদিত হইয়া কন্যার বয়স

জিজ্ঞাসা করিল। ভ্রমর বলিল, "আজি কালি ফুটিবে।"

लाध् िल नग्न छेनिष्ठ्रं लालाव विवाद यातात छेत्मान कीत्रां नानितन । छेक्रिक्रां नश्वर বাজাইতে আরম্ভ করিল; মোমাছি সানাইয়ের বায়না লইয়াছিল, কিন্তু রাতকাণা বলিয়া সঙ্গে यारेरा भारतम ना। थर्पाराएवरा साम धरितमः आकारम ठातारामि रेरेरा माभिन। राकिन আগে আগে ফুকুরাইতে লাগিল। অনেক বর্ষাত্র চলিল: স্বয়ং রাজকুমার শুলপন্ম দিবাবসানে অস্কুকর বলিয়া আসিতে পারিলেন না, কিন্তু জবাগোষ্ঠী—শ্বেত জবা, রক্ত জবা, জরদ জবা প্রভৃতি সবংশে আসিয়াছিল। করবীরের দল, সেকেলে রাজাদিগের মত বড় উচ্চ ডালে চড়িয়া আসিয়া উপস্থিত হইল। সে'উতি নীতবর হইবে বলিয়া, সাজিয়া আসিয়া দুলিতে লাগিল। গরদের জ্যোড় পরিয়া চাঁপা আসিয়া দাঁড়াইল—বেটা ব্রাণ্ডি টানিয়া আসিয়াছিল, উগ্র গন্ধ ছটিতৈ লাগিল। গন্ধরান্তেরা বড় বাহার দিয়া, দলে দলে আসিয়া, গন্ধ বিলাইয়া দেশ মাতাইতে লাগিল। অশোক নেশায় লাল হইয়া আসিয়া উপস্থিত; সঙ্গে এক পাল পিপ্ড়া মোসায়েব হইয়া আসিয়াছে; তাহাদের গ্রণের সঙ্গে সম্বন্ধ নাই, কিন্তু দাঁতের জ্বালা বড়-কোন্ বিবাহে না এর্প वत्रयात राष्ट्रारहे, आत रकान् विवार ना जाराता र म करहेरिया विवान वाधाय ? कूत वक, कुछेन প্রভৃতি আরও অনেক বরষাত্র আসিয়াছিলেন, ঘটক মহাশয়ের কাছে তাঁহাদের পরিচয় শানিবেন। সর্বাহই তিনি যাতারাত করেন এবং কিছ, কিছ, মধ, পাইয়া থাকেন।

আমারও নিমন্ত্রণ ছিল, আমিও গেলাম। দেখি, বরপক্ষের বড় বিপদ্। বাতাস বাহকের বারনা লইরাছিলেন; তখন হ্—হ্মু করিয়া অনেক মর্দানি করিয়াছিলেন, কিন্তু কাজের সমর काशाय मुकारेलन, कर भरिक्या भाग ना। प्राथमाम, वत वत्रवात, नकतम अवाक रहेया স্থিরভাবে দক্ষিইয়া আছেন। মল্লিকাদিগের কুল যায় দেখিয়া, আমিই বাহকের কার্য্য স্বীকার क्रिलाम । बर्ब, बरायात ज्ञकारक ज्ञाला अर्देश महिकाश्वरत राजाम ।

সেখানে দেখিলাম, কন্যাকুল, সকল ভগিনী, আহ্মাদে ঘোম্টা খুনিলয়া, মুখ ফুটাইয়া পরিমল ছুটাইয়া, স্বুখের হাসি হাসিতেছে। দেখিলাম, পাতায় পাতায় জড়াজড়ি, গদ্ধের ভাশ্ডারে ছড়াছড়ি পাড়য়া গিয়াছে—রুপের ভরে সকলে ভাঙ্গিয়া পাড়তেছে। যুথি, মালতী, বকুল, রজনীগদ্ধা প্রভৃতি এয়োগণ স্থী-আচার করিয়া বরণ করিল। দেখিলাম, প্ররোহিত উপস্থিত; নসী বাব্র নবমববীয়া কন্যা (জীবস্ত কুস্ম্মর্পিণী) কুস্মলতা স্চ স্তা লইয়া দাড়াইয়া আছে; কন্যাকর্ত্তা কন্যা সম্প্রদান করিলেন; প্রেরাহিত মহাশয় দুই জনকে এক স্তায় গাঁথিয়া গাঁটছড়া বাঁধিয়া দিলেন।

তখন বরকে বাসর-ঘরে লইয়া গেল। কত যে রসময়ী মধ্ময়ী স্কুলরী সেখানে বরকে ঘেরিয়া বিসল, তাহা কি বলিব। প্রাচীনা ঠাকুরাণী দিদি টগর সাদা প্রাণে বাঁধা রসিকতা করিতে করিতে শ্কাইয়া উঠিলেন। রঙ্গণের রাজাম্বে হাসি ধরে না। ষ্ই, কন্যের সই, কন্যের কাছে গিয়া শ্ইল; রজনীগদ্ধাকে বর তাড়কা রাজ্ঞসী বলিয়া কত তামাসা করিল; বকুল একে বালিকা, তাতে যত গ্ল, তত র্প নহে; এক কোণে গিয়া চুপ করিয়া বিসরা রহিল; আর ঝ্ম্কা ফ্ল বড় মান্বের গ্রিণীর মত মোটা মাগী নীল শাড়ি ছড়াইয়া জমকাইয়া বিসল। তখন—

"क्मनकाका— **७**ठे वाड़ी याहे—ताठ हरस्रष्ट, ७ कि, ज्रात शर् र र ?"

কুসন্মলতা এই কথা বলিয়া আমার গা ঠেলিতেছিল; চমক হইলে, দেখিলাম কিছ্ই নাই। সেই প্রুপবাসর কোথার মিশিল? —মনে করিলাম, সংসার অনিতাই বটে—এই আছে, এই নাই। সে রম্য বাসর কোথার গোল,—সেই হাস্যম্খী শ্রুদ্মিতস্থাময়ী প্রুপস্করীসকল কোথার গোল? যেখানে সব যাইবে, সেইখানে—স্মৃতির দর্পণতলে, ভূতসাগরগর্ভে। যেখানে রাজ্য প্রজা, পর্বত সম্দ্র, গ্রহ নক্ষ্ণগ্রাদি গিয়াছে বা যাইবে, সেইখানে—ধ্রংসপ্রে! এই বিবাহের ন্যায় সব শ্নেয় মিশাইবে, সব বাতাসে গলিয়া যাইবে—কেবল থাকিবে—কি? ভোগ? না, ভোগ্য না থাকিলে ভোগ থাকিতে পারে না। তবে কি? স্মৃতি?

कुम्म विलल, "उठ ना-कि करका?"

আমি বলিলাম, "দুর পাগলি, আমি বিয়ে দিচ্ছিলাম।"

কুস্ম ঘে'বে এসে, হেসে হেসে কাছে দাঁড়াইয়া আদর করিয়া জিজ্ঞাসা করিল, "কার বিরে, কাকা?"

আমি বলিলাম, "ফুলের বিয়ে।"

"ওঃ পোড়া কপাল, ফুলের? আমি বলি কি! আমিও যে এই ফুলের বিয়ে দিয়েছি।" "কই?"

"এই यে माना गाँथियाছि।" দেখিলাম, সেই मानाय आमात्र वत कनाा तरियाहि।

मण्य সংখ্যা-- वर् वाङात

প্রসম গোয়ালিনীর সঙ্গে আমার চিরবিচ্ছেদের সম্ভাবনা দেখিতেছি। আমি নসীরাম বাব্র গ্রে আসিয়া অবধি তাহার নিকট ক্ষীর সর, দিধ দ্বদ্ধ এবং নবনীত খাইতেছি। আহারকালে মনে করিতাম, প্রসম কেবল পরলোকে সন্গতির কামনায় অনস্ত প্র্ণা সঞ্চয় করিতেছে—; জানিতাম, সংসারারণাে বাহারা প্র্ণার্ক ম্ন ধরিবার জন্য ফাঁদ পাতিয়া বেড়ায়, প্রসম তন্মধা স্কুত্রা; ভোজনাস্তে নিতাই প্রসমের পরকালে অক্ষয় ন্বর্গ, এবং ইহকালে মোতাত বৃদ্ধির জন্য দেবতার কাছে প্রার্থনা করিতাম। কিন্তু এক্ষণে হায়! মানব-চরিত্র কি ভীষণ ন্বার্থপিরতায় কলজ্কিত! এক্ষণে সে ম্লা চাহিতেছে!

সন্তরাং তাহার সপ্সে চিরবিচ্ছেদের সম্ভাবনা। প্রথম দিন সে বখন ম্লা চাহিল, রসিকতা করিয়া উড়াইয়া দিলাম—ছিতীয় দিনে বিস্মিত হইলাম—তৃতীয় দিনে গালি দিয়াছি। এক্ষণে সে দূষ দই বন্ধ করিয়ছে। কি ভয়ানক! এত দিনে জানিলাম, মন্মুজাতি নিতান্ত স্বার্থপর; এত দিনে জানিয়াছি যে, যে সকল আশা ভরসা স্বাহে হদয়ক্ষেত্র রোপণ করিয়া বিশ্বাস-জলে পন্ট কর, সকলই বৃখা। এক্ষণে জানিয়াছি যে, ভঙ্কি প্রীতি ক্লেহ প্রশাদি সকলই বৃখা। গলপ —আকাশকুসনুম! ছায়াবাজি! হায়! মন্মুজাতির কি হইবে! হায়, অর্থলা্ক গোয়ালা জাতিকে কে নিন্তার করিবে! হায়! প্রসাম নামে গোয়ালার করে গোরা, চুরি যাবে!

প্রসমের দৃদ্ধ দিধ আছে, সে দিবে, আমার উদর আছে, খাইব, তাহার সঙ্গে এই সম্বন্ধ ইহাতে সে মূল্য চাহে কোন্ অধিকারে, তাহা আমি ব্রবিতে পারিলাম না। প্রসম বলে, আমি অধিকার অনিধিকার ব্রবিধ না; আমার গোর্ব, আমার দৃ্ধ, আমি মুল্য লইব। সে ব্রেথ না বে, গোর্ব কাহারও নহে; গোর্ব গোর্বর নিজের; দৃ্ধ, যে খায় তারই।

তবে এ সংসারে মূল্য লওয়া একটা রীতি আছে, স্বীকার করি। কেবল খাদ্য সামগ্রী কৈন, সকল সামগ্রীই মূল্য দিয়া ক্রন্ন করিতে হয়। দুখে দই, চাল দাল, খাদ্য পেয়, পরিধেয় প্রভৃতি পণ্য দ্রব্য দুরে থাকুক, বিদ্যা বৃদ্ধিও মূল্য দিয়া কিনিতে হয়। কালেজে মূল্য দিয়া বিদ্যা কিনিতে হয়। আনেকে ভাল কথা মূল্য দিয়া কিনিয়া থাকেন। হিন্দুরা সচরাচর মূল্য দিয়া ধন্ম কিনিয়া থাকেন। যশঃ মান অতি অংপ মূল্যেই ক্রীত হইয়া থাকে। ভাল সামগ্রী মূল্য দিয়া কিনিতে হইবে, ইহাও বৃনিকতে পারি, কিন্তু মন্ম্য এমনই মূল্যাপ্রয় য়ে, বিনামূল্যে মন্দ সামগ্রীও কেহ কাহাকে দেয় না। য়ে বিষ খাইয়া মরিবার বাসনা কর, তাহাও তোমাকে বাজার হইতে মূল্য দিয়া কিনিয়া খাইতে হইবে।

অতএব এই বিশ্বসংসার একটি বৃহৎ বাজার—সকলেই সেখানে আপনাপন দোকান সাজাইরা বাসরা আছে। সকলেরই উদ্দেশ্য মূল্যপ্রাপ্তি। সকলেই অনবরত ডাকিতেছে, "আমার দোকানে ভাল জিনিষ—খরিন্দার চলে আর"—সকলেরই একমাত্র উদ্দেশ্য, থরিন্দারের চোথে ধ্লা দিয়া রাদ মাল পাচার করিবে। দোকানদার খরিন্দারে কেবল যুদ্ধ, কে কাকে ফাঁকি দিতে পারে। সম্ভা খরিদের অবিরত চেন্টাকে মনুষ্যজীবন বলে।

ভাবিয়া চিভিয়া, মনের দঃখে আফিমের মাত্রা চডাইলাম। তখন জ্ঞাননেত্র ফুটিল। সম্মুখে ভাবের বাজার স্ক্রিস্তৃত দেখিলাম। দেখিলাম, অসংখ্য দোকানদার, দোকান সাজাইয়া বসিয়া আছে—অসংখ্য খারন্দারে খারদ করিতেছে—দেখিলাম, সেই অসংখ্য দোকানদারে অসংখ্য র্থারন্দারে পরস্পরকে অসংখ্য অঙ্গুন্ত দেখাইতেছে। আমি গামছা কাঁধে করিয়া, বাজার করিতে वाहित रहेनाम। প্रथम्परे तूर्लात पानाम। य जिनिम चात नारे, स्मरे पाकारन जाला यारेट इस-टर्माथनाम त्य. मश्मात्त त्मरे त्मरहा हाणे। भृथिवीत त्भिभीगम माह हरेसा कर्ज़ চুপড়ির ভিতর প্রবেশ করিয়াছেন। দেখিলাম, ছোট বড় রুই, কাতলা, মুগেল, ইলিস, চুনো প্রিটি, কই, মাগ্রুর খরিন্দারের জন্য লেজ আছড়াইয়া ধড়ফড় করিতেছে: যত বেলা ব্যাডিতেছে. তত বিক্রয়ের জন্য খাবি খাইতেছে।—মেছনীরা ডাকিতেছে, "মাছ নেবে গো! কল পত্রেরর সম্ভা মাছ, অর্মান ছাড়বো-বোঝা বিক্রি হলেই বাঁচি।" কেহ ডাকিতেছে, "মাছ নেবে গো!-ধন সাগরের মিঠা মাছ—যে কেনে, তার প্রনর্জন্ম হয় না—ধর্ম্ম অর্থ কাম মোক্ষ বিবির মুন্ডে পরিণত হইয়া তার ঘর দ্বারে ছডাছডি যায়, যার সাধ্য থাকে কিনিবে। সোণার হাঁডিতে চোখের कल निष्क क्रिया क्रम्य-आगारन क्रा क्रांन मिया वाधिर क्यांन क्रिया नाधिर क्रियान আর। সাবধান। হীরার কাঁটা—নাতি ঝাঁটা—গলায় বাঁধলে শাশ-ডীর পী বিভালের পায়ে পড়িতে হয়—কটার জনালায়, খরিন্দার হলে কি পলায়! কেহ ডাকিতেছে, "ওরে আমার সরম পर्छि, विक्ति रहनरे डिठि। त्यारन बात्न जम्बतन, एठल चिरा करन, यारक नित्र रक्रतन, त्राज्ञा "कामा एक रहे होमा अत्निष्ट-एमर्थ श्रीतम्मात भागम इत्र! किरन निरंत घत आत्मा कत्र।"

এইর প দেখিরা শ্নিরা মাছ কিনিতে প্রবৃত্ত হইলাম—কেন না, আমার নিরামিষ ঘরকর্না। দেখিলাম, মাছের দালাল আছে; নাম প্রোহিত। দালাল খাড়া হইলে পর জিজ্ঞাসা করিলাম—শ্নিলাম, দর "জীবন সর্বাহ্ব।" যে মাছ ইচ্ছা. সেই মাছ কেন, একই দর "জীবন সর্বাহ্ব।" জিজ্ঞাসা করিলাম, "ভাল, এ মাছ কত দিন খাইব?" দালাল বলিল, "দ্ব দিন চারি দিন, তার পর পচিয়া গন্ধ হইবে" তখন "এত চড়া দরে, এমন নশ্বর সামগ্রী কেন কিনিব?" ভাবিয়া আমি মেছে। হাটা হইতে পলায়ন করিলাম। দেখিয়া মেছনীরা গামছা কাঁধে মিন্সেকে গালি পাড়িতে লাগিল।

রুপের বাজার ছাড়িয়া বিদ্যার বাজারে গেলাম। দেখিলাম, এখানে ফলম্ল বিচার হয়। এক ছানে দেখিলাম, কতকগালি ফোটা-কটা টিকিওরালা রাক্ষণ তসর গরদ পরিয়া নামাবিলা গারে, ঝুনা নারিকেলের দোকান ধ্লিয়া বাসরা ধরিন্দার ভাকিতেছেন—"বেচি আমরা ঘটছ পটত্ব বহু গড়—মুদ্ধে চাল থাকিলেই স্ব-ছ, নইলে ন-ছ। দ্রব্যহ্ব জাতির গাণ্ড পদার্থ—বাপের প্রাক্ষে বিদায় না দিলেই তুই বেটা অপদার্থ। পদার্থতত্ত্ব নামে বনুনা নারিকেল—খাইতে বড় কঠিন—
তাহার প্রথম ছোবড়ায় লেখে যে, ব্রাহ্মণীই পরম পদার্থ। অভাব নামে নারিকেল চতুর্বিধাশ—
তোমার দরে ধন আছে, আমার দরে নাই, ইহা অন্যোন্যাভাব। যতক্ষণ না পাই, ততক্ষণ প্রাপ্তভাগ;
খরচ হইয়া গেলেই ধন্যাভাব; আর আমাদের দরে সর্ম্বদাই অত্যন্ত অভাব। অভাব নিত্য, কি
আনত্য, যদি সংশয় থাকে, তবে আমাদের ভাণ্ডারে উকি মার—দেখিবে, নিত্যই অভাব। অভ্যব
আমাদের বনুনা নারিকেল কেন। ব্যাপ্য, ব্যাপ্ত, ব্যাপ্ত, ব নারিকেলের শান, ব্রাহ্মদের হন্ত হইল
ব্যাপ্য, রজত হইল ব্যাপক; আর তুমি দিলেই ঘটিল ব্যাপ্তি; এই বনুনা নারিকেল কেন, এখনই
বন্নিবে। দেখ বাপন্, কার্য্য কারণ সম্বদ্ধ বড় গ্রুর্তর কথা; টাকা দাও, এখনই একটা কার্য্য
হইবে, কম দিলেই অকার্য। আর কারণ বন্ধাইব কি, এই যে দন্ত প্রহর রৌদ্রে বন্না নারিকেল
বেচিতে আসিয়াছি, ব্রাহ্মণীই তাহার কারণ—কিছু যদি না কেন. তবে নারিকেল বহা,—অকারণ।
অতএব নারিকেল কেন, নহিলে এই বনুনা নারিকেল মাথায় ঠনুকিয়া মরিব।"

ব্রাহ্মণদিগের সেই প্রথর তপনতপ্ত হম্মাক্ত ললাট এবং বাগ্বিত ডাঞ্চনিত অধরস্বধাব্দিট দেখিয়া দয়া হইল—জিজ্ঞাসা করিলাম, "হাঁ, ভট্টাচার্য্য মহাশয়! ঝ্না নারিকেল কিনিতে আপত্তি নাই, কিন্তু দোকানে দা আছে ? ছইলিবে কি প্রকারে ?"

"ना वाभू, मा রाখि ना।"

"তবে নারিকেল ছোল কিসে?"

"আমরা ছুলি না—আমরা কামড়াইয়া ছোবড়া খাই।"

শ্বনিয়া, আমি রাহ্মণাদিগকে নমস্কার করিয়া পাশের দোকানে গেলাম।

দেখিলাম, ইহাদিগের সম্মুখেই এক্সপেরিমেন্টেল সায়েন্সের দোকান। কতকগর্মল সাহেব দোকানদার, ঝুনা নারিকেল, বাদাম, পেস্তা, স্পারি প্রভৃতি ফল বিক্রয় করিতেছেন। ঘরের উপরে বড় বড় পিতলের অক্ষরে লেখা আছে।

> MESSRS BROWN JONES AND ROBINSON NUT SUPPLIERS

> ESTABLISHED 1757 ON THE FIELD OF PLASSEY.

MESSRS BROWN JONES AND ROBINSON
Offer to the Indian Public
A Large Assortment of

NUTS.
PHYSICAL, METAPHYSICAL,

LOGICAL, ILLOGICAL,
AND

SUFFICIENT TO BREAK THE JAWS

AND

DISLOCATE THE TEETH OF ALL INDIAN YOUTHS

WHO STAND IN NEED OF HAVING THEIR DENTAL SUPERFLUITIES CURTAILED.

দোকানদার ডাকিতেছেন—"আর কালা বালক, Experimental Science খাবি আর । দেখ, ১ নম্বর এক্সেপোরিমেণ্ট—ঘুরি; ইহাতে দাঁত উপড়ে, মাথা ফাটে এবং হাড় ভাঙ্গে। আরুরা

* নৈরারিকেরা বলেন, অভাব চতুন্বিধ; অন্যোন্যাভাব, প্রাগভাব, ধরংসভাব আর অভান্তাভাব।

- - Erberg - 1

এ সকল এরপেরিমেন্ট বিনাম্ল্যে দেখাইরা থাকি—গরের মাথা বা নরম হাড় পাইলেই হইল। আমরা স্কুল পদার্থের সংবাগে বিরোগ সাধনে পট্—রাসায়নিক বলে বা বৈদ্যুতীয় বলে বা চৌন্বক বলে, জড়পদার্থের বিশ্লেরণেই স্কুল্ফ—কিন্তু সন্ধাপেক্ষা মুন্ট্যাঘাতের বলে মন্তকাদির বিশ্লেরণেই আমরা কৃতকার্য। মাধ্যাকর্ষণ, যৌগিকাকর্ষণ, চৌন্বকাকর্ষণ প্রভৃতি নানাবিধ আকর্ষণের কথা আমরা অবগত আছি, কিন্তু সন্ধাপেক্ষা কেশাকর্ষণেই আমরা কৃতবিদ্য। এই সংসারে জড়পদার্থের নানাবিধ বোগ দেখা বায়; বথা—বায়্তে অন্সজন ও ববক্ষারজানের সামান্য বোগ, জলে জলবান ও অন্সজনের রাসায়নিক বোগ, আর তোমাদিগের প্রতি, আমাদের হন্তে, মুন্টিবোগ। অতএব এই সকল আশ্চর্য ব্যাপার দেখিবে যদি, মাথা বাড়াইয়া দাও; এক্সপোরিমেন্ট করিব। দেখিবে, গ্রাবিটেশ্যনের বলে এই সকল নারিকেলাদি তোমাদের মন্তকে পড়িবে; পর্কশন্ নামক অন্তৃত শান্দিক রহস্যেরও পরিচয় পাইবে, এবং দেখিবে, তোমার মন্তিত্বিভ্রারর পদার্থের গ্লে তুমি বেদনা অন্ভুত করিবে।

অগ্রিম মূল্য দিও; তাহা হইলে চ্যারিটিতে এক্সপেরিমেণ্ট খাইতে পারিবে।"

আমি এই সকল দেখিতে শ্নিনতেছিলাম, এমত সময়ে সহসা দেখিলাম যে, ইংরেজ দোকান-দারেরা, লাঠি হাতে, দ্রুতবেগে রাহ্মণিদগের ঝ্না নারিকেলের গাদার উপর গিয়া পড়িলেন, দেখিরা রাহ্মণেরা নারিকেল ছাড়িয়া দিয়া, নামার্বাল ফেলিয়া, মৃক্তকছ হইয়া উদ্ধর্শবাসে পলায়ন করিতে লাগিলেন। তখন সাহেবরা সেই সকল পরিত্যক্ত নারিকেল দোকানে উঠাইয়া লইয়া আসিয়া বিলাতী অস্ত্রে ছেদন করিয়া, স্ব্রেখ আহার করিতে লাগিলেন। আমি জিজ্ঞাসা করিলাম যে, "এ কি হইল?" সাহেবরা বিলালেন, "ইহাকে বলে, Asiatic Researches." আমি তখন ভীত ইইয়া, আজ্বারীরে কোন প্রকার Anatomical Researches আশ্বেরা, সেখান হইতে পলায়ন করিলাম।

সাহিত্যের বাজার দেখিলাম। দেখিলাম, বাল্মীনিক প্রভৃতি ঋষিণাণ অমৃত ফল বেচিতেছেন; ব্নিলাম, ইহা সংস্কৃত সাহিত্য। দেখিলাম, আর কতকগর্নাল মন্ব্যা নিচু পীচ পেয়ারা আনারস আঙ্গর প্রভৃতি স্ক্রান্ ফল বিক্র করিতেছেন—ব্নিলাম, এ পাশ্চাত্য সাহিত্য। আরও একখানি দোকান দেখিলাম—অসংখ্য শিশ্বাণ এবং অবলাগণ তাহাতে ক্র-বিক্র করিতেছে—ভিড়ের জন্য তন্মধ্যে প্রবেশ করিতে পারিলাম না—জিজ্ঞাসা করিলাম. "এ কিসের দোকান?"

বালকেরা বলিল, "বাঙ্গালা সাহিত্য।"

"বেচিতেছে কে?"

"আমরাই বেচি। দুই এক জন বড় মহাজনও আছে। তদ্তির বাজে দোকানদারের পরিচয় পশ্বাবলী নামক গ্রন্থে পাইবেন।"

"কিনিতেছে কে?"

"আমরাই ।"

বিক্রেয় পদার্থ দেখিবার বাসনা হইল। দেখিলাম—খবরের কাগজ জড়ান কতকগ্নলি অপক কদলী।

তাহার পরে কল্ব পাঁটতে গেলাম; দেখিলাম যত উমেদার, মোসায়েব সকলে কল্ব সাজিরা তেলের ভাঁড় লইরা সারি বাসিরা গিরাছে। তোমার টাাঁকে চাকরি আছে, শ্বনিতে পাইলেই পা টানিয়া লইয়া, ভাঁড় বাহির করিয়া, তেল মাখাইতে বসে। চাকরি না থাকিলেই—র্যাদ থাকে, এই ভরসায়, পা টানিয়া লইয়া, তেল লেপিতে বসে। তোমার কাছে চাকরি নাই—নাই নাই—নগদ টাকা আছে ত—আছা, তাই দাও—তেল দিতেছি। কাহারও প্রার্থনা, তোমার বাগানে বাসয়া তুমি যথন রাশ্ডি খাইবে, আমি তোমার চরণে তৈল মাখাইব—আমার কন্যার বিবাহটি বেন হয়। কাহারও আবদার, তোমার কালে অবিরত খোলামোদের গন্ধ তৈল ঢালিব—বাড়ীর প্রাচীরটি বেন দিতে পারি। কাহারও কামনা, তোমার তোষাখানার বাতি জ্বালিয়া দিব—আমার খবরের কালজখানি বেন চলে। শ্বনিয়াছি, কল্বদিগের টানাটানিতে অনেকের পা খোঁড়া হইয়া গিয়াছে। আমার শক্ষা হইল, পাছে কোন কল্ব আফিলের প্রার্থনায় আমার পায়ে তেল দিতে আরম্ভ করে। আমি পলায়ন করিলাম।

তার পরে যশের ময়রাপটী ৷ সন্বাদপত্রলেখক নামে ময়রাগণ, গর্ডে সন্দেশের দোকান প্রতিষয়, লগদ মালো বিক্রম করিতেছে—রাস্তার লোক ধরিয়া সন্দেশ গতাইয়া দিয়া, হাত পাতিতেছে—ম্ল্য না পাইলেই কাপড় কাড়িয়া লইতেছে। এদিকে তাঁহাদের বিক্রেয় যশের দুর্গকৈ পথিক নাসিকা আবৃত করিয়া পলায়ন করিতেছে। দোকানদারগাণ বিনা ছানায়, শুধু গুরুড়, আদ্চর্য্য সন্দেশ করিয়া, সন্তা দরে বিক্রয় করিতেছেন। কেই টাকাটা সিকেটায়, আনা দ্ব আনায়, কেই কেবল থাতিরে—কৈই বা এক সাঁজ ফলাহার পেলেই ছাড়েন—কেই বা বাব্রয় গাড়িতে চড়িতে পেলেই যশোবিক্রয় করেন। অন্যত্র রাজপুর্ব্বগাণ মিঠাইওয়ালা সাজিয়া, য়ায়বাহাদ্বর, রাজাবাহাদ্বর খেতাব, খেলাত, নিমল্বণ, ধন্যবাদ প্রভৃতি মিঠাই লইয়া দোকান পাতিয়া বিসয়া আছেন,—চাঁদা, সেলাম, খেশামোদ, ডাক্তারখানা, রাজাঘাট, ম্ল্যু লইয়া মিঠাই বেচিতেছেন। বিক্রয়ের বড় বেবন্দোবস্তু—কেই সম্বর্জ্ব দিয়া এক ঠোঙ্গা পাইতেছে না—কেই শুধু সেলামে দেড় মণ লইয়া যাইতেছে। এইয়্প অনেক দোকান দেখিলাম—কিন্তু সম্বর্গ্রই পচা মালা আধা দরে বিক্রয় হইতেছে—খাঁটি দোকান দেখিলাম না। কেবল একখানি দোকান দেখিলাম—তাহা অতি চমংকার।

দেখিলাম, দোকানের মধ্যে নিবিড় অন্ধকার—কিছ্ দেখা যায় না। ডাকিয়া দোকানদারের উত্তর পাইলাম না—কৈবল এক সর্ব্বপ্রাণিভীতিসাধক অনস্ত গর্ল্জন শ্রনিতে পাইলাম—অম্পালোকে দ্বারে ফলক-লিপি পডিলাম।

যশের পণ্যশালা। বিক্রেয়—অনন্ত যশ। বিক্রেতা—কাল। ম্ল্যে—জীবন।

জীয়ন্তে কেছ এখানে প্রবেশ করিতে পারিবে না। আর কোথাও সংযশ বিক্রয় হয় না।

পড়িয়া ভাবিলাম—আমার যশে কাজ নাই—কমলাকান্তের প্রাণ বাঁচিলে অনেক যশ হইবে।
বিচারের বাজারে গেলাম—দেখিলাম, সেটা কসাইখানা। টর্নুপি মাথায়, শামলা মাথায়—ছোট
বড় কসাইসকল, ছর্নর হাতে গোর্ব কাটিতেছে। মহিষাদি বড় বড় পশ্বসকল শঙ্গ নাড়িয়া
ছর্টিয়া পলাইতেছে;—ছাগ মেষ এবং গোর্ব প্রভৃতি ক্ষ্র পশ্বসকল ধরা পড়িতেছে। আমাকে
দেখিয়া গোর্ব বিলিয়া একজন কসাই বিলিল, "এও গোর্ব কাটিতে হইবে।" আমি সেলাম করিয়া
পলাইলাম।

আর বড় বাজার বেড়াইবার সাধ রহিল না—তবে প্রসম্রের উপর রাগ ছিল বলিয়া একবার দইরেহাটা দেখিতে লাগিলাম—গিয়া প্রথমেই দেখিলাম যে, সেখানে খোদ কমলাকান্ত চক্রবন্তী নামে গোয়ালা—দপ্তরর্প পচা ঘোলের হাঁড়ি লইয়া বসিয়া আছে—আপনি ঘোল খাইতেছে, এবং পরকে খাওয়াইতেছে।

তখন চমক হইল—চক্ষ্ব চাহিলাম—দেখিলাম, নসী বাব্র বাড়ীতেই আছি। ঘোলের হাঁড়ি কাছে আছে বটে। প্রসন্ন এক হাঁড়ি ঘোল আনিয়া আমাকে সাধিতেছে—"চক্রবর্তী মশাই—রাগ করিও না। আজ আর দ্বধ নাই—এই ঘোলট্বকু আনিয়াছি—ইহার দাম দিতে হইবে না।"

এकामन সংখ্যা—आग्रात मृत्रगारमव

সপ্তমীপ্জার দিন কে আমাকে এত আফিল চড়াইতে বলিল! আমি কেন আফিল থাইলাম! আমি কেন প্রতিমা দেখিতে লোলাম! বাহা কখন দেখিব না, তাহা কেন দেখিলাম! এ কুহক কে দেখাইল!

দেখিলাম—অকস্মাৎ কালের স্লোত, দিগস্ত ব্যাপিয়া প্রবলবেগে ছ্রটিতেছে—আমি ভেলার চড়িয়া ভাসিয়া বাইতেছি। দেখিলাম—অনন্ত, অক্ল, অন্ধনরে, ব্যাত্যাবিক্ষা ভরক্ষশক্ষ্য সেই

बिक्का ब्रह्मावली

শ্রোত—মধ্যে মধ্যে উজ্জ্বল নক্ষ্ণণ উদর হইতেছে, নিবিতেছে—আবার উঠিতেছে। আমি নিতান্ত একা—একা বলিয়া ভর করিতে লাগিল—নিতান্ত একা—মাতৃহীন—মা! মা! করিয়া ডাকিতেছি। আমি এই কলে-সম্দ্রে মাতৃস্কানে আসিয়াছি। কোথা মা! কই আমার মা? কোথায় কমলাকান্ত-প্রস্তি বঙ্গভূমি! এ খোর কাল-সম্দ্রে কোথায় তুমি? সহসা স্বগীর বাদ্যে কর্ণর্জ্জ্রল পরিপূর্ণ হইল—রিপ্ত এভাতার্গোদ্রবং লোহিতোজ্জ্বল আলোক বিকীণ্ হইল—রিপ্ত মন্দ পবন বহিল—সেই তরঙ্গসক্ত্র জলরাশির উপরে, দ্রপ্রান্তে দেখিলাম—স্বর্ণমণ্ডিতা, এই সপ্তমীর শারদীয়া প্রতিমা! জলে হাসিতেছে, ভাসিতেছে, আলোক বিকীণ্ করিতেছে! এই কি মা? হাঁ, এই মা। চিনিলাম, এই আমার জননী জন্মভূমি—এই ম্ন্মানী—মৃত্তিকার্গিণী—অনন্তর্জ্জ্বিতা—এক্ষণে কালগর্ভে নিহিতা। রঙ্গমন্ডিত দশ ভূজ—দশ দিক্—দশ দিকে প্রসারিত তাহাতে নানা আর্ধর্পে নানা শক্তি শোভিত; পদতলে শত্র-বিমন্দিত্ত বীরজন কেশরী শত্র-নিষ্প্তিন নিযুক্ত! এ ম্বির্ত এখন দেখিব না—আজি দেখিব না, কাল দেখিব না—কালপ্রোক্ত পার না হইলে দেখিব না—কিন্তু এক দিন দেখিব—দিগ্ভুজা, নানা প্রহরণপ্রহারিণী শত্র্মন্দিনী, বীরেন্দ্রপূর্তবিহারিণী—দিক্ষণে লক্ষ্মী ভাগ্যর্গিণণী, বামে বিদ্যাবিজ্ঞানম্ভিম্মী, সঙ্গে বলর্পাী কান্তিকের, কার্য্যসিদ্ধির্পী গণেশ, আমি সেই কালপ্রোতমধ্যে দেখিলাম, এই স্বর্ণমন্ত্রী বঙ্গপ্রতিমা!

কোথার ফ্ল পাইলাম, বলিতে পারি না—িকস্থু সেই প্রতিমার পদতলে প্ৰুপাঞ্জলি দিলাম
—ডাকিলাম, "সম্বমঙ্গল্যে, শিবে. আমার সম্বাথসাধিকে! অসংখ্য সন্তানকুলপালিকে! ধর্ম্মা, অর্থ, সুখ্, দ্বঃখদায়িকে! আমার প্রুপাঞ্জলি গ্রহণ কর। এই ভক্তি প্রীতি বৃত্তি শক্তি করে লইয়া তোমার পদতলে প্রুপাঞ্জলি দিতেছি, তুমি এই অনন্তজলমণ্ডল ত্যাগ করিয়া এই বিশ্ববিমাহিনী ম্র্তি একবার জগৎসমীপে প্রকাশ কর। এসো মা! নবরাগরিঙ্গিণ নবকাধারিগি, নবদপে দিপিণি, নকন্বপ্লদার্শনি!—এসো মা, গৃহে এসো—ছয় কোটি সন্তানে একত্রে, এক কালে শ্বাদশ কোটি কর যোড় করিয়া, তোমার পাদপদ্ম প্রজা করিব। ছয় কোটি মুখে ডাকিব, মা প্রস্কৃতি অন্বিকে! ধাত্রি ধরিত্রি ধনধান্যদায়িকে! নগাঙ্কশোভিনি নগেন্দ্রবালিকে! শরংসন্দর্শির চার্প্র্পাচন্দ্রভালিকে! ডাকিব,—সিদ্ধুসেবিতে সিদ্ধু-প্র্রজতে সিদ্ধু-মথনকারিণি! শত্রবধে দশভুজে দশপ্রহরণধারিণি! অনন্তপ্রী অনন্তকালস্থায়িন! শক্তি দাও সন্তানে, অনন্তশন্তিশায়িন! তোমায় কি বলিয়া ডাকিব মা? ঐ ছয় কোটি মুন্ড ঐ পদপ্রান্তে ল্রন্তিত করিব—এই ছয় কোটি কণ্ঠে ঐ নাম করিয়া হ্রুকার করিব,—এই ছয় কোটি দেহ তোমার জন্য পতন করিব—না পারি, এই দ্বাদশ কোটি চক্ষে তোমার জন্য কালিব। এসো মা, গৃহে এসো—যাঁহার ছয় কোটি সন্তান—তাহার ভাবনা কি?

দেখিতে দেখিতে আর দেখিলাম না—সেই অনস্ত কাল-সমুদ্রে এই প্রতিমা ডুবিল! অন্ধকারে সেই তরঙ্গসঞ্কল জলরাশি ব্যাপিল, জলকল্লোলে বিশ্বসংসার প্রিল! তখন যুক্ত করে, সজল নয়নে, ডাকিতে লাগিলাম, উঠ মা, হিরন্মির বঙ্গভূমি! উঠ মা! এবার স্বস্তান হইব, সংপ্রথে চলিব—তোমার মুখ রাখিব। উঠ মা, দেবী দেবানুগৃহীত—এবার আপনা ভূলিব—ছাত্বংসল হইব, পরের মঙ্গল সাধিব—অধন্ম. আলসা, ইন্দিরভক্তি ত্যাগ করিব—উঠ মা—একা রোদন করিতেছি, কাদিতে কাদিতে চক্ষ্ম গেল মা! উঠ উঠ, উঠ মা বঙ্গজননী!

मा डेठिटनन ना। डेठिटन ना कि?

এস, ভাই সকল! আমরা এই অন্ধকার কালস্রোতে ঝাঁপ দিই। এস, আমরা দ্বাদশ কোটি ভূজে ঐ প্রতিমা তুলিয়া, ছয় কোটি মাথায় বহিয়া, ঘরে আনি। এস, অন্ধকারে ভয় কি? ঐ যে নক্ষরসকল মধ্যে মধ্যে উঠিতেছে, নিবিতেছে, উহারা পথ দেখাইবে—চল! চল! অসংখ্য বাহ্রর প্রক্ষেপে, এই কাল-সমৃদ্র তাড়িত, মথিত, বাস্ত করিয়া, আমরা সন্তরণ করি—সেই স্বর্ণপ্রতিমা মাথায় করিয়া আনি। ভয় কি? না হয় ভূবিব মাতৃহীনের জীবনে কাজ কি? আইস, প্রতিমা তুলিয়া আনি, বড় প্রজার ধ্ম বাধিবে। ছেম্বক ছাগকে হাড়িকাটে ফেলিয়া সংকীন্তি খজে মায়ের কাছে বলি দিব—কত প্রাব্তকার ঢাকী, ঢাক ঘাড়ে করিয়া, বঙ্গের বাজনা বাজাইয়া আকাশ ফাটাইবে—কত ঢোল, কাঁসি, কাড়া, নাগরায় বঙ্গের জয় বাদিত হইবে। কত সানাই পোঁধরিয়া গাইবে "কত নাচ গো!—" বড় প্রার ধ্ম বাধিবে। কত রাজালপান্ডিত লাটি মন্ডার লোভে বঙ্গপ্রজায় অর্দিসয়া পাতড়া মারিবে—কত দেশী বিদেশী ভদ্রভেদ্র আসিয়া মায়ের চরণে

প্রণামি দিবে—কড দীন দৃঃখী প্রসাদ খাইয়া উদর প্রিবে। কত নর্ত্তকী নাচিবে, কত গায়কে মঙ্গল গায়িবে, কত কোটি ভক্তে ডাকিবে, মা! মা!—

জয় জয় জয় জয়া জয়দাতি। জয় জয় জয় বঙ্গজগদ্ধাতি॥ জয় জয় জয় সূখদে অহাদে। জয় জয় জয় বরদে শর্মদে॥ জয় জয় জয় শাতে শাভুকরি। জয় জয় জয় শান্তি ক্ষেমঞ্চরি॥ ্ দ্বেষকদলনি, সম্ভানপালিন। জয় জয় দুরো দুর্গতিনাশিন।। জয় জয় লক্ষ্যি বারীন্দ্রবালিকে। জয় জয় কমলাকান্তপালিকে ॥ জয় জয় ভক্তিশক্তিদায়িকে। পাপতাপভয়শোকনাশিকে ॥ মৃদুল গম্ভীর ধীর ভাষিকে। कर भा कालि कर्तान जिम्त्रक॥ জয় হিমালয়নগবালিকে। অতুলিত পূর্ণচন্দ্রভালিকে॥ শুভে শোভনে সর্বার্থসাধিকে। জয় জয় শান্তি শক্তি কালিকে ॥ জয় মা কমলাকাশ্তপালিকে 11 নমোহস্তু তে দেবি বরপ্রদে শহভে। নমোহস্তু তে কামচরে সদা ধ্রবে॥ বন্ধাণীন্দ্রাণ রুদ্রাণ ভতভব্যে যশার্স্বান। তাহিং মাং সর্ব্বদুঃখেভ্যো দানবানাং ভরঙ্করি॥ নমোহস্তু তে জগন্নাথে জনান্দনি নমোহস্ত তে। প্রিয়দান্তে জগন্মাতঃ শৈলপর্যার বস্ক্ররে॥ গ্রায়স্ব মাং বিশালাক্ষি ভক্তানামার্ত্তিনাশিন।

দ্বাদশ সংখ্যা—একটি গতি

নমামি শিরসা দেবীং বন্ধনোহস্ত বিমোচিতঃ ॥*

"শোন্ প্রসন্ন, তোকে একটি গীত শানাইব।" প্রসন্ন গোয়ালিনী বলিল, "আমার এখন গান শানিবার সময় নয়—দাধ যোগাবার বেলা হলো।"

कमलाकान्छ। "अरुग अरुग वर्धः अरुग।"

প্রসন্ন। "ছি ছি ছি! আমি কি তোমার ব'ধ্;"

কমলাকান্ত। "বালাই! ষাট, তুমি কেন ব'ধ্ব হইতে যাইবে? অমার গাঁতে আছে"— এসো এসো ব'ধ্ব এসো আধ আঁচরে বসো—

স্বর করিয়া আমি কীর্ত্তন ধরাতে প্রসন্ন দ্বধের কে'ড়ে রাখিয়া বসিল, আমি গীতটি আদ্যোপান্ত গায়িলাম।

এসো এসো ব'ধ্ব এসো আধ আঁচরে বসো—
নয়ন ভরিয়ে তোমায় দেখি।

^{*} আর্যান্ডোর দেখ।

र्वाष्क्रम ब्रह्मावना

অনেক দিবসে,
তামার ধনে মিলাইল বিধি।
মাণ নও মাণিক নও যে হার করে গলে পরি
ফ্লুল নও যে কেশের করি বেশ।
নারী না করিত বিধি, তোমা হেন গ্ণানিধি,
লইয়া ফিরিতাম দেশ দেশ॥
ব'ধ্ব তোমায় যথন পড়ে মনে,
আমি চাই বৃন্দাবন পানে,
আলুইলে কেশ নাহি বাধি।
রন্ধনশালাতে যাই,
ডুয়া ব'ধ্ব গণে গাই,
ধ'য়ায় ছলনা করি কাঁদি।"

মিল ত চমৎকার, "দেখি" আর "বিধি" মিলিল! কিন্তু বাঙ্গালা ভাষায়, এইর্প মোহ মন্দ্র আর একটি শ্রনিব, মনে বড় সাধ রহিয়াছে। যখনই এই গান প্রথম কর্শ ভরিয়া শ্রনিয়াছিলাম, মনে হইয়াছিল, নীলাকাশতলে ক্ষ্রুদ্র পক্ষী হইয়া এই গীত গাই—মনে হইয়াছিল, সেই বিচিত্র স্থিকুশলী কবির স্ভিট দৈববংশী লইয়া, মেঘের উপর যে বায়্প্তর—শব্দানা, দৃশাশ্রা, গৃথিবী যেখান হইতে দেখা যায় না, সেইখানে বাসিয়া, সেই ম্রলীতে, একা এই গীত গাই—এই গীত কখন ভূলিতে পারিব না।

"এসো এসো ব'ধ, এসো"*

লোকের মনে কি আছে বলিতে পারি না, কিন্তু আমি কমলাকান্ত চক্রবন্তী, ব্রিঝতে পারি না যে, ইন্দ্রিয়-পরিত্তিতে কিছু সূখ আছে। যে পশ্য ইন্দ্রিয়-পরিতৃত্তি জনা পরসন্দর্শনের আকাজ্ফী, সে যেন কখন কমলাকান্ত শর্মার দপ্তর-মুক্তাবলী পড়িতে বসে না। আমি বিলাস-প্রিয়ের মূখে "এসো এসো বাধ, এসো" ব্রিঝতে পারি না। কিন্তু ইহা ব্রিঝতে পারি যে, মনুষ্য মনুষ্যের জন্য হইয়াছিল—এক হৃদয় অন্য হৃদয়ের জন্য হইয়াছিল—সেই হৃদয়ে হৃদয়ে সংঘাত. रुपरं रुपरं भिन्न, देश भन्या-जीवत्तर मृथ। देश्जत्म भन्यारुपरं धक्यात एया, जनारुपरं-কামনা। মন,বাহদর অনবরত হদরান্তরে ডাকিতেছে, "এসো এসো ব'ধ, এসো।" ক্ষুদ্র ক্ষুদ্র প্রবৃত্তিসকল শরীর রক্ষার্থ-মহতী প্রবৃত্তিসকলের উদ্দেশ্য, "এসো এসো ব'ধ্ব এসো।" তুমি চাকরি কর, খাইবার জন্য-কিন্তু যশের আকাঞ্চ্না কর, পরের অন্তরাগ লাভ করিবার জন্য, জন-সমাজের হৃদয়কে তোমার হৃদয়ের সঙ্গে মিলিত করিবার জন্য। তুমি যে পরোপকার কর, সে পরের হৃদয়ের ক্রেশ আপন হৃদয়ে অনুভূত কর বলিয়া। তুমি যে রাগ কর সে তোমার মনোমত कार्य) इटेन ना र्नानशाः इमरत इमग्र जामिन ना र्नानशाः मन्द्रत এट तद-"अरमा अरमा द'धः এসো।" সর্বকম্মের এই মল্র, "এসো এসো ব'ধ্ব এসো।" জড় জগতের নিয়ম আকর্ষণ। বৃহৎ গ্রহ উপগ্রহকে ডাকিতেছে, "এসো এসো ব'ধ, এসো।" সৌরপিশ্ড বৃহৎ গ্রহকে ডাকিতেছে, "এসো এসো ব'ধ্ব এসো।" জগৎ জগদন্তরকে ডাকিতেছে, "এসো এসো ব'ধ্ব এসো।" পরমাণ্য পরমাণ,কে অবিরত ডাকিতেছে, "এসো এসো ব'ধ, এসো।" জড়পিণ্ডসকল, গ্রহ উপগ্রহ ধুমকেত—সকলেই এই মোহমন্ত্রে বাঁধা পড়িয়া ঘুরিতেছে। প্রকৃতি পুরুষকে ডাকিতেছে "এসো এসো ব'ধ্ব এসো।" জগতের এই গন্তীর অবিশ্রান্ত ধর্নন—"এসো এসো ব'ধ্ব এসো।" কমলাকান্তের বংধ্ব কি আসিবে?

"আধ আঁচরে বসো।"

এই তৃণশব্দসমাছের. কণ্টকাদিতে কর্কশ সংসারারণ্যে, হে বাঞ্চিত! তোমাকে আর কি আসন দিব, আমার এই হৃদয়াবরণের অন্ধেকে উপবেশন কর। কুশকণ্টকাদি হইতে তোমার আছেদেন জন্য আমি এই আপন অঙ্গ অনাবৃত করিতেছি—আমার আঁচরে বসো। বাহাতে আমার লড্জারক্ষা, মানরক্ষা, বাহাতে আমার শোভা, হে মিলিত! তুমিও তাহার অন্ধেক গ্রহণ কর—আধ আঁচরে বসো। হে পরের হৃদয়, হে স্ক্লর, হে মনোরঞ্জন, হে স্ক্দ! কাছে এসো, আমাকে স্পর্শ কর, আমি তোমাতে সংলগ্ন হইব—দ্বে আসনগ্রহণ করিও না—এই আমার শরীরলগ্ন

পাঠককে গীতের সঙ্গে মিলাইয়া দেখিতে হইবে।

অঞ্চলান্ধে বসো। হে কমলাকান্ত! হে দ্বিনীত! হে আজন্মবিবাহশ্ন্য! তুমি এতদর্থে শান্তিপুরে কল্কাদার আঁচলের আধখানা ব্রিও না। তুমি যে অঞ্চলান্ধে বসিবে, তাহার তাঁতি আজও জন্মে নাই। মনের নগ্রন্থ জ্ঞান-বন্দ্রে আবৃত; অন্ধেকে তোমার হদর আবৃত রাখ, অন্ধেকে বাঞ্ছিতকে বসাও। তুমি মুখ—তথাপি তোমার অপেক্ষা মুখ যদি কেই থাকে, তাহাকে ডাক—"এসো এসো ব'ধ্ব এসো—আধ আঁচরে বসো।"

"নয়ন ভরিয়া তোমায় দেখি।"

কেহ কখন দেখিয়াছে? তুমি অনেক ধন উপাৰ্চ্জন করিয়াছ—কখন নয়ন ভরিয়া আত্মধন দেখিতে পাইয়াছ? তুমি যশস্বী হইবার জন্য প্রাণপাত করিয়াছ—কিন্তু আত্মযশোরাশি দেখিয়া কবে তোমার নয়ন ভারিয়াছে? রূপতৃষ্ণায় তুমি ইহজীবন অতিবাহিত করিলে—যেখানে ফ্লটি कृति, कृति एमाल, त्यथात भार्थीि छए, त्यथात त्राच इत्ते, भित्रिम्क छेटी, नमी तर, क्ल বরে, তুমি সেইখানে রূপের অনুসন্ধানে ফিরিয়াছ—যেখানে বালক, প্রফল্ল মুখমন্ডল আন্দোলিত করিয়া হাসে, যেখানে যুবতী ব্রীড়াভাবে ভাঙ্গা ভাঙ্গা হইয়া শৃ কতগমনে যায়, যেখানে প্রোঢ়া নিতান্তস্ফুটিতা মধ্যাহ্রপদ্মিনীবৎ অকাতরে রূপের বিকাশ করে, তুমি সেইখানেই রূপের সন্ধানে ফিরিয়াছ. কখন নরন ভরিয়া রূপ দেখিয়াছ? দেখ নাই কি যে, কুস্ম দেখিতে দেখিতে শ্কার, कल एर्नाथरा प्राप्त भारक. भराष, भराष, भराष, भारती छोड़िया याय, रामच छोलया याय, निर्मात स्राप्त লুকায়, নদী শুকায়, চাঁদ ডুবে, নক্ষত্র নিবিয়া যায়। শিশুর হাসি রোগে হরণ করে, যুবতীর बीज़-किरम ना यात्र? त्थोंज़ दशरम भ्यकारेश यात्र। रेरा मश्मात्त्रत प्रत्रमृष्ठे-रकर किन्द्र नज्ञन ভরিয়া দেখিতে পায় না। অথবা এই সংসারের শ্বভাদৃষ্ট কেহ কিছু, নয়ন ভরিয়া দেখিতে পায় না। গতিই সংসারের সূত্র্য—চাণ্ডলাই সংসারের সেন্দির্য্য। নয়ন ভরে না। সে নয়ন আমরা পাই নাই। পাইলেই সংসার দুঃখময় হইত; পরিতৃপ্তি-রাক্ষসী আমাদের সকল সুখকে গ্রাস করিত। যে কারিগর এই পরিবর্তনশীল সংসার, আর এই অতপ্য নয়ন সূজন করিয়াছেন, তাঁহার কারিগরির উপর কারিগরি, এই বাসনা, নয়ন ভরিয়া তোমায় দেখি। জগৎ পরিবর্ত্তনশীল, নয়নও অতৃপ্য, অথচ বাসনা—নয়ন ভরিয়া তোমায় দেখি।

হে র্প! হে বাহ্য সৌন্দর্য্য! হে অজ্ঞপ্রকৃতির সহিত সন্বন্ধবিশিষ্ট! কাছে আইস, নয়ন জরিয়া জোমায় দেখি। দ্রে বিসলে দেখা হইবে না; কেন না, দেখা কেবল নয়নে নহে। সংস্পর্শ বা নৈকট্য ব্যতীত মনের বৈদ্যুতী বহে না—আমরা সর্ব্ব শরীরে দেখিয়া থাকি। মন হইতে মনে বৈদ্যুতী চলিলে তবে নয়ন জরিবে! হায়! কিসেই বা নয়ন জরিবে! নয়নে যে পলক আছে!

"অনেক দিবসে,

মনের মানসে

তোমা ধনে মিলাইল বিধি হে!"

আমি কখন কখন মনে করিয়া থাকি, কেবল দৃঃখের পরিমাণ জন্যই দয়া করিয়া বিধাতা দিবসের সৃত্তি করিয়াছিলেন। নহিলে কাল অপরিমেয়, মন্য়া-দৃঃখ অপরিমিড হইড। আমরা এখন বলিতে পারি য়ে, আমি দৄর দিন, দৄর মাস বা দৄর বংসর দৄঃখভোগ করিতেছি; কিন্তু দিন রাহির পরিবর্ত্তন না থাকিলে, কালের পথ চিহুশুনা হইলে, কে না ব্রিড য়ে, আমি অনস্ত কাল দৄঃখভোগ করিতেছি? আশা তাহা হইলে দাঁড়াইবার স্থান পাইত না—এতাদন পরে আবার দৄঃখভোগ করিতেছি? আশা তাহা হইলে দাঁড়াইবার স্থান পাইত না—এতাদন পরে আবার দ্রুখান্ত হইবে, এ কথা কেহ ভাবিতে পারিত না—ব্কাদিশ্না অনস্ত প্রান্তরবং ক্লাবনের পথ অনুদ্রীণ হইত—জীবনযাহা দুর্বিহ ষন্থাশবর্শ হইড। অতএব এই বৃহৎ ক্লাগকেন্দ্র স্র্যোর পথ আমাদের সুখ দুঃখের মানদন্ড। দিবস-গণনায় সুখ আছে। সুখ আছে বিলয়াই দুঃখা জন দিবস গণিয়া থাকে। দিবস-গণনা দুঃখবিনোদন। কিন্তু এমন দৃঃখাও আছে য়ে, সে দিবস গণে না; দিবস-গণনা তাহার পক্ষে চিন্তবিনোদন নহে। আমি কমলাকান্ত চক্রবর্তী— প্রিবীতে ভুলিয়া মন্মুক্তন্ম গ্রহণ করিয়াছি—স্থহীন, আশাহীন, উন্দেশ্যশ্না, আকাক্ষাশ্না আমি কি জন্য দিবস গণিব? এই সংসার-সমুদ্রে আমি ভাসমান তুণ; সংসার-বাতাায় আমি ঘ্র্ণিমান ধ্রিকণা, সংসারারলায় আমি নিজ্বল বৃক্ষ—সংসারাকাশে আমি বারিশ্ন্য মেখ—আমি কেন দিবস গণিব?

গণিব। আমার এক দৃঃখ, এক সন্তাপ, এক ভরসা আছে। ১২০৩ সাল হইতে দিবস গণি। যে দিন বঙ্গে হিন্দুনাম লোপ পাইয়াছে, সেই দিন হইতে দিন গণি। যে দিন সপ্তদশ অশ্বারোছী বন্ধজন করিরাছিল, সেই দিন হইতে দিন গণি। হার! কত গণিব! দিন গণিতে গণিতে মাস হয়, মাস গণিতে গণিতে বংসর হয়, বংসর গণিতে গণিতে শতাব্দী হয়, শতাব্দীও ফিরিয়া ফিরিয়া সাত বার গণি। কই, অনেক দিবসে মনের মানসে বিধি মিলাইল, কই? যাহা চাই, তাহা মিলাইল কই? মন্যাত্ব মিলিল কই? একজাতীয়ত্ব মিলিল কই? ঐক্য কই? বিদ্যা কই? গোরব কই? শ্রীহর্ষ কই? ভটুনারায়ণ কই? হলায়্য কই? লক্ষ্যণসেন কই? আর কি মিলিবে না? হায়! সবারই ঈশ্সিত মিলে, কমলাকান্ডের মিলিবে না?

"মণি নও মাণিক নও যে, হার ক'রে গলে পরি—"

বিধাতা জগৎ জড়ময় করিয়াছেন কেন? র্প জড়পদার্থ কেন? সকলই অশরীরী হইল না কেন? হইলে হৃদয়ে হৃদয়ে কেমন মিলিত! যদি র্পের শরীরে প্রয়োজন ছিল, তবে তোমার আমার বিধাতা এক শরীর করেন নাই কেন? তাহা হইলে আর ত বিচ্ছেদ হইত না। এখন কি এক শরীর হয় না? আমার শরীরে এত স্থান আছে—তোমাকে তাহাতে কোথাও কি রাখিতে পারি না? তোমাকে কণ্ঠলয় করিয়া হৃদয়ে বিলম্বিত করিয়া রাখিতে পারি না? হায়! তুমি মিল নও, মালক নও য়ে, হার করিয়া গলে পরি।

আর বঙ্গভূমি! তুমিই বা কেন মণি-মাণিক্য হইলে না, তোমায় কেন আমি হার করিয়া, কণ্ঠে পরিতে পারিলাম না! তোমায় যদি কণ্ঠে পরিতাম, ম্সলমান আমার হৃদয়ে পদাঘাত না করিলে তাহার পদরেণ্ তোমাকে প্পর্শ করিতে পারিত না। তোমায় স্বৃদর্শের আসনে বসাইয়া, হৃদরে দোলাইয়া দেশে দেশে দেখাইতাম। ইউরোপে, আমেরিকে, মিশরে, চীনে, দেখিত, তুমি

আমার কি উজ্জ্বল মণি!

"আমায় নারী না করিত বিধি তোমা হেন গ্র্ণানিধি লইয়া ফিরিতাম দেশ দেশ।"

প্রথমে আহনান, "এসো এসো ব'ধ্ব এসো," পরে আদর, "আধ আঁচরে বসো," পরে ভোগ, "নয়ন ভরিয়া তোমায় দেখি।" তখন স্বখভোগকালীন প্রেদ্যখন্তি—"অনেক দিবসে, মনের মানসে, তোমা ধনে মিলাইল বিধি।" স্বখ দ্বিধি, সম্পূর্ণ এবং অসম্পূর্ণ। অসম্পূর্ণ স্বখ যথা, "মিল নও মাণিক নও যে হার ক'রে গলে পরি।"

পরে সম্পূর্ণ সূখ,

"আমার নারী না করিত বিধি, তোমা হেন গ্র্ণানিধি, লইয়া ফিরিতাম দেশ দেশ!"

সম্পূর্ণ অসহ্য সুথের লক্ষণ, শারীরিক চাণ্ডল্য, মান্সিক অন্থৈর্য। এ সুথ কোথার রাখিব, লইরা কি করিব, আমি কোথার ঘাইব, এ সুথের ভার লইরা কোথার ফোলব? এ সুথের ভার লইরা আমি দেশে দেশে ফিরিব; এ সুখ এক স্থানে ধরে না; যেখানে যেখানে প্থিবীতে স্থান আছে, সেইখানে সেইখানে এ সুখ লইরা ঘাইব, এ জগৎ সংসার এই সুথে পুরাইব। সংসার এ সুথের সাগরে ভাসাইব; মেরু হইতে মেরু পর্যান্ত সুথের তরঙ্গ নাচাইব, আপনি ডুবিয়া, উঠিয়া, ভাসিয়া, হেলিয়া, ছ্টিয়া বেড়াইব। এ সুথে কমলাকান্তের অধিকার নাই—এ সুথে বাঙ্গালির অধিকার নাই। সুথের কথাতেই বাঙ্গালির অধিকার নাই। গোপীর দুঃখ, বিধাতা গোপীকে নারী করিয়াছেন কেন—আমাদের দুঃখ, বিধাতা আমাদের নারী করেন নাই কেন—তাহা হইলে এ মুখ দেখাইতে হইত না।

সন্থের কথার বাঙ্গালির অধিকার নাই—কিন্তু দ্বংখের কথার আছে। কাতরোক্তি যত গভীর, যতই হৃদরবিদারক হউক না কেন, তাহা বাঙ্গালির মন্দ্র্যান্তি।—আর কাতরোক্তি, কোথার বা নাই? নবপ্রস্ত পক্ষিশাবক হইতে মহাদেবের শৃঙ্গধনি পর্যন্ত সকলই কাতরোক্তি। সম্পূর্ণ-সন্থে স্থাতি সন্থেরাকাকে প্রেশিক্ত স্মান্তি ব্যতীত সন্থের সম্পূর্ণতা কোথার? সন্থেও দৃত্ত্বসমূতি ব্যতীত সন্থের সম্পূর্ণতা কোথার? সন্থও দৃত্ত্বসমূত

"তোমায় যথন পড়ে মনে, আমি চাই বৃন্দাবন পানে, আলুইলে কেশ নাহি বাঁধি।" এই কথা সূত্রখন দৃঃথের সীমারেখা! বাহার নন্ট সূত্রের ক্ষাতি জাগরিত হইলে সূত্রের নিদর্শন এখনও দেখিতে পার, সে এখনও স্থা—তাহার সূত্র একেবারে লাপ্ত হয় নাই। তাহার বন্ধা, তাহার প্রিয়, বাঞ্চিত—গিয়াছে, কিন্তু তাহার বৃন্দাবন আছে—মনে করিলে, সে সেই সূত্র্যুমি পানে চাহিতে পারে। যাহার সূত্র গিয়াছে—স্ত্রের নিদর্শন গিয়াছে—বাধ্ব গিয়াছে, বৃন্দাবনও গিয়াছে, এখন আর চাহিবার স্থান নাই—সেই দৃঃখী, অনন্ত দৃঃখে দৃঃখী। বিধবা ব্রতী, মতে পতির যত্নরক্ষিত পাদ্বিল হারাইলে, যেমন দৃঃখে দৃঃখী হয়, তেমনিই দৃঃখে দৃঃখী। আমার এই বঙ্গদেশের সূত্রের স্ফাতি আছে—নিদর্শন কই? দেবপালদেব, লক্ষ্যালসেন,

আমার এই বঙ্গদেশের সুখের স্মৃতি আছে—নিদর্শন কই? দেবপালদেব, লক্ষ্মণিসেন, জরদেব. গ্রীহর্ষ,—প্রয়াগ পর্যান্ত রাজ্য, ভারতের অধীশ্বর নাম, গোড়ী রাণিত, এ সকলের স্মৃতি আছে, কিন্তু নিদর্শন কই? সুখ মনে পড়িল, কিন্তু চাহিব কোন্ দিকে? সে গোড় কই? সে যে কেবল যবনলাঞ্ছিত ভগ্নাবশেষ! আর্য্য রাজধানীর চিহ্ন কই? আর্য্যের ইতিহাস কই? জীবনচরিত কই? কীন্তি কই? কীন্তি শুস্ত কিয়াছে—সুখ-চিহ্নও গিয়াছে, ব'ধ্ গিয়াছে, বৃশাবনও গিয়াছে—চাহিব কোন্ দিকে?

চাহিবার এক শ্মশান-ভূমি আছে—নবন্ধীপ। সেইখানে সপ্তদশ যবনে বাঙ্গালা জয় করিয়াছিল। বঙ্গমাতাকে মনে পড়িলে, আমি সেই শ্মশান-ভূমি প্রতি চাই। যথন দেখি, সেই ক্ষাদ্র পল্লীগ্রাম বেডিয়া অদ্যাপি সেই কলধোতবাহিনী গঙ্গা তর-তর রব করিতেছেন, তখন গঙ্গাকে ডাকিয়া জিজ্ঞাসা করি—তুমি আছ, সে রাজলক্ষ্মী কোথায়? তুমি যাঁহার পা ধুয়াইতে, সেই মাতা কোথায়? তুমি যাঁহাকে বেড়িয়া বেড়িয়া নাচিতে, সেই আনন্দর্পিণী কোথায়? তুমি যাঁহার জন্য সিংহল, বালী, আরব, স্মুমিত্রা হইতে বুকে করিয়া ধন বহন করিয়া আনিতে, সে ধনেশ্বরী কোথায়? তুমি বাঁহার রুপের ছায়া ধরিয়া রুপেসী সাজিতে, সে অনস্তসৌন্দর্য শালিনী কোথায়? তুমি যাঁহার প্রসাদি ফুল লইয়া ঐ স্বচ্ছ হৃদয়ে মালা পরিতে, সে প্রুপাভরণা কোথায়? সে রূপ, সে ঐশ্বর্যা কোথায় ধুইয়া লইয়া গিয়াছ? বিশ্বাসঘাতিনি, তমি কেন আবার প্রবণমধ্য কল-কল তর-তর রবে মন ভূলাইতেছ? ব্যবি তোমারই অতল গর্ভমধ্যে যবনভরে ভীতা সেই लक्क्यी ভূবিয়াছেন, ব্রিঝ কুপ্রুক্তাণের আর মুখ দেখিবেন না বলিয়া ভূবিয়া আছেন। মনে মনে আমি সেই দিন কল্পনা করিয়া কাঁদি। মনে মনে দেখিতে পাই, মান্জিত বশাফলক উন্নত করিয়া, অশ্বপদশব্দমারে নৈশ নীরবতা বিঘিত্ত করিয়া, যবনসেনা নবদ্বীপে আসিতেছে। কালপূর্ণ দেখিয়া নবদ্বীপ হইতে বাঙ্গালার লক্ষ্মী অন্তহিত হইতেছেন। সহসা আকাশ অন্ধকারে ব্যাপিল; রাজপ্রাসাদের চুড়া ভাঙ্গিয়া পড়িতে লাগিল। পথিক ভীত হইয়া পথ ছাড়িল: নাগরীর অলঞ্কার খসিয়া পড়িল: কুঞ্জবনে পক্ষিগণ নীরব হইল: গ্রময়্রেকঠে অন্ধব্যক্ত কেকার অপরার্দ্ধ আর ফ,টিল না। দিবসে নিশীথ উপস্থিত হইল, পণ্যবীথিকার দীপমালা নিবিয়া গেল, প্জোগ্রে বাজাইবার সময়ে শঙ্খ বাজিল না: পণ্ডিতে অশ্বন্ধ মন্ত্র পড়িল: সিংহাসন হইতে শালগ্রামশিলা গড়াইয়া পড়িল। যুবার সহসা বলক্ষর হইল, যুবতী সহসা বৈধব্য আশুকা করিয়া কাঁদিল; শিশ্ব বিনারোগে মাতার ক্রেড়ে শুইয়া মরিল। গাঢ়তর, গাঢ়তর, গাঢ়তর অন্ধকারে দিক্ ব্যাপিল; আকাশ, অট্রালিকা, রাজধানী, রাজবর্ম দেবমন্দির, পণ্যবীথিকা, সেই অন্ধকারে ঢাকিল-কুঞ্জতীরভূমি, নদীসৈকত, নদীতরঙ্গ, সেই অন্ধকারে-আঁধার, আঁধার, আঁধার হইয়া ল,কাইল। আমি চক্ষে সব দেখিতেছি—আকাশ মেঘে ঢাকিতেছে —ঐ সোপানাবলী অবতরণ করিয়া রাজলক্ষ্মী জলে নামিতেছেন। অন্ধকারে নির্ব্বাণাম্ম্য আলোকবিন্দুবং, জলে দ্রুমে দ্রুমে সেই তেজোরাশি বিলীন হইতেছে। যদি গঙ্গার অতল-জলে না ডবিলেন, তবে আমার সেই দেশলক্ষ্মী কোথায় গেলেন?

ग्रद्धामन नःशा-विकाल

আমি শরনগ্রে, চারপায়ীর উপর বিসয়া, হ'কা হাতে ঝিমাইতেছিলাম। একট মিট্ মিট্ করিয়া ক্ষ্ত্র আলো জর্বিতেছে—দেয়ালের উপর চণ্ডল ছায়া, প্রেতবং নাচিতেছে। আহার প্রস্তুত হয় নাই—এজন্য হ'কা হাতে, নিমীলিতলোচনে আমি ভাবিতেছিলাম য়ে, আমি বিদ নেপোলিয়ন্ হইতাম, তবে ওয়াটাল জিতিতে পারিতাম কি না। এমত সময়ে একটি ক্ষ্ত্র শব্দ হইল, "মেও!"

त्रह्मावनी

চাহিয়া দেখিলাম—হঠাৎ কিছু ব্রিমতে পারিলাম না। প্রথমে মনে হইল, ওরেলিংটন হঠাৎ বিড়ালম্ব প্রাপ্ত হইয়া, আমার নিকট আফিঙ্গ ভিক্ষা করিতে আসিয়াছে। প্রথম উদ্যমে, পাষাণবং কঠিন হইয়া, বালব মনে করিলাম যে, ডিউক মহাশয়কে ইতিপ্তের্ব যথোচিত প্রক্রার দেওয়া গিয়াছে, এক্ষণে আর অতিরিক্ত প্রক্রার দেওয়া যাইতে পারে না। বিশেষ অপরিমিত লোভ ভাল নহে। ডিউক বালল, "মেও!"

তখন চক্ষ্য চাহিয়া ভাল করিয়া দেখিলাম যে, ওয়েলিংটন নহে। একটি ক্ষ্দ্র মার্জার; প্রসম্ম আমার জন্য যে দৃষ্ধ রাখিয়া গিয়াছিল, তাহা নিঃশেষ করিয়া উদরসাং করিয়াছে, আমি তখন ওয়াটালর মাঠে বাহু-রচনায় বাস্ত, অত দেখি নাই। এক্ষণে মার্জারস্কারী, নির্জল দৃষ্কপানে পরিত্তপ্ত হইয়া আপন মনের সূখ এ জগতে প্রকটিত করিবার অভিপ্রায়ে, অতি মধ্র করের বালতেছেন, "মেও!" বালতে পারি না, ব্বিঝ, তাহার ভিতর একট্ব বাঙ্গ ছিল; ব্রিঝ, মার্জার মনে মনে হাসিয়া আমার পানে চাহিয়া ভাবিতেছিল, "কেহ মরে বিল ছেটে, কেহ খায় কই।" ব্রিঝ সে "মেও!" শব্দে একট্ব মন ব্রিঝবার অভিপ্রায় ছিল। ব্রিঝ বিড়ালের মনের ভাব, "তোমার দৃষ্ধ ত খাইয়া বসিয়া আছি—এখন বল কি?"

বলি কি? আমি ত ঠিক করিতে পারিলাম না। দুধ আমার বাপেরও নয়। দুধ মঙ্গলার, দুহিয়ছে প্রসায়। অতএব সে দুদ্ধে আমারও যে অধিকার, বিড়ালেরও তাই; স্কুতরাং রাগ করিতে পারি না। তবে চিরাগত একটি প্রথা আছে যে, বিড়ালে দুব্ধ খাইয়া গেলে, তাহাকে তাড়াইয়া মারিতে যাইতে হয়। আমি যে সেই চিরাগত প্রথার অবমাননা করিয়া মনুষ্যকুলে কুলাঙ্গার স্বর্প পরিচিত হইব, ইহাও বাঞ্ছনীয় নহে। কি জানি, এই মার্জ্জারী যদি স্বজাতিমন্ডলে ক্মলাকান্তকে কাপ্রুষ বলিয়া উপহাস করে? অতএব প্রুষ্বের ন্যায় আচরণ করাই বিধেয়। ইহা স্থির করিয়া, সকাতরচিত্তে, হস্ত হইতে হুকা নামাইয়া, অনেক অনুসন্ধানে এক ভার যান্ডি আবিষ্কৃত করিয়া সগত্বে মার্জ্জারী প্রতি ধাবমান হইলাম।

মার্চ্জারী কমলাকান্তকে চিনিত; সে যতি দেখিয়া বিশেষ ভীত হওয়ার কোন লক্ষণ প্রকাশ করিল না। কেবল আমার মুখপানে চ্যাহয়া হাই তুলিয়া, একট্ম সরিয়া বসিল। বলিল, "মেও!" প্রশন ব্যাঝিতে পারিয়া যতি ত্যাগ করিয়া প্রনরিপ শয্যায় আসিয়া হাকা লইলাম। তথন দিব্যকর্শ প্রাপ্ত হইয়া, মান্জারের বক্তব্যসকল ব্যাঝিতে পারিলাম।

ব্রিকাম যে, বিড়াল বলিতেছে, "মারপিট কৈন? শ্বির হইরা হ'কা হাতে করিয়া, একট্র বিচার করিয়া দেখ দেখি? এ সংসারে ক্ষীর, সর, দ্বন্ধ, দিধ, মৎস্য, মাংস, সকলই তোমরা খাইবে, আমরা কিছু পাইব না কেন? তোমরা মন্ত্র্য, আমরা বিড়াল, প্রভেদ কি? তোমাদের ক্ষ্র্পেপাসা আছে—আমাদের কি নাই? তোমরা খাও, আমাদের আপত্তি নাই; কিন্তু আমরা খাইলেই তোমরা কোন্ শাস্ত্রান্সারে ঠেঙ্গা লাঠি লইয়া মারিতে আইস, তাহা আমি বহ্ব অন্সন্ধানে পাইলাম না। তোমরা আমার কাছে কিছু উপদেশ গ্রহণ কর। বিজ্ঞ চতুৎপদের কাছে শিক্ষালাভ ব্যতীত তোমাদের জ্ঞানোম্বির উপায়ান্তর দেখি না। তোমাদের বিদ্যালয়সকল দেখিয়া আমার বোধ হয়, তোমরা এত দিনে এ কথাটি ব্রিকতে পারিয়াছ।

"দেখ, শ্ব্যাশায়ী মন্ব্য! ধর্ম্ম কি? পরোপকারই পরম ধর্ম্ম। এই দ্ব্রুট্কু পান করিয়া আমার পরম উপকার হইয়াছে। তোমার আহরিত দ্বেদ্ধ এই পরোপকার সিদ্ধ হইল—অতএব তুমি সেই পরম ধর্ম্মের ফলভাগী—আমি চুরিই করি, আর হাই করি, আমি তোমার ধর্ম্মের ম্লীভূত কারণ। অতএব আমাকে প্রহার না করিয়া, আমার প্রশংসা কর। আমি তোমার ধর্মের সহায়।

"দেশ, আমি চোর বটে, কিন্তু আমি কি সাধ করিয়া চোর হইয়াছি? খাইতে পাইলে কে চোর হয়? দেখ, য়াঁহারা বড় বড় সাধ, চোরের নামে শিহরিয়া উঠেন, তাঁহারা অনেক চোর অপেক্ষাও অধ্যান্মিক। তাঁহাদের চুরি করিবার প্রয়োজন নাই বালয়াই চুরি করেন না। কিন্তু তাঁহাদের প্রয়োজনাতীত ধন থাকিতেও চোরের প্রতি যে মুখ তুলিয়া চাহেন না, ইহাতেই চোরে চুরি করে। অধন্ম কোরের নহে—চোরে যে চুরি করে, সে অধন্ম কৃপণ ধনীর। চোর দোষী বটে, কিন্তু কৃপণ ধনী তদপেক্ষা শত গুলে দোষী। চোরের দণ্ড হয়; চুরির মূল যে কৃপণ, তাহার দণ্ড হয় না কেন?

"দেখ, আমি প্রাচীরে প্রাচীরে মেও মেও করিয়া বেড়াই, কেহ আমাকে মাছের কাঁটাখানাও

ফেলিয়া দেয় না। মাছের কাঁটা, পাতের ভাত, নর্দামার ফেলিয়া দেয়, জলে ফেলিয়া দেয়, তথাপি আমাকে ডাকিয়া দেয় না। তোমাদের পেট ভরা, আমার পেটের ক্ষুধা কি প্রকারে জানিবে! হায়! দরিদ্রের জন্য ব্যথিত হইলে তোমাদের কি কিছ্ অগোরব আছে? আমার মত দরিদ্রের ব্যথায় ব্যথিত হওয়া, লভজার কথা সন্দেহ নাই। যে কখন অন্ধকে ম্বিড-ভিক্ষা দেয় না, সেও একটা বড় রাজা, ফাপরে পড়িলে রাত্রে ঘ্রমায় না—সকলেই পরের ব্যথায় ব্যথিত হইতে রাজি। তবে ছোটলোকের দুঃথে কাতর! ছি! কে হইবে?

"দেখ, যদি অমুক শিরোমণি, কি অমুক ন্যায়ালন্দার আসিয়া তোমার দুব্ধটুকু খাইরা বাইতেন, তবে তুমি কি তাঁহাকে ঠেঙ্গা লইয়া মারিতে আসিতে? বরং যোড়হাত করিয়া বলিতে, আর একট্ কি আনিয়া দিব? তবে আমার বেলা লাঠি কেন? তুমি বলিবে, তাঁহারা অতি পশ্ডিত, বড় মান্য লোক। পশ্ডিত বা মান্য বিলয়া কি আমার অপেক্ষা তাঁহাদের ক্ষুধা বেশী? তা ত নয়—তেলা মাথায় তেল দেওয়া মন্যাজাতির রোগ—দরিদ্রের ক্ষুধা কেহ বুঝে না। যে খাইতে বলিলে বিরক্ত হয়, তাহার জন্য ভোজের আয়োজন কর—আর যে ক্ষুধার জন্মলায় বিনা আহ্বানেই তোমার অয় খাইয়া ফেলে, চোর বিলয়া তাহার দশ্ড কর—ছি! ছি!

"দেখ, আমাদিগের দশা দেখ, দেখ প্রাচীরে প্রাচীরে, প্রাঙ্গণে প্রাঙ্গাদে প্রাসাদে, মেও মেও করিয়া আমরা চারি দিক্ দৃষ্টি করিতেছি—কেহ আমাদিগকে মাছের কাঁটাখানা ফেলিয়া দেয় না। বাদি কেহ তোমাদের সোহাগের বিড়াল হইতে পারিল—গৃহমার্ম্জার হইয়া ব্দের নিকট যুবতী ভার্যার সহোদর, বা মুর্খ ধনীর কাছে সতরও খেলওয়ারের স্থানীয় হইয়া থাকিতে পারিলু—তবেই তাহার প্র্তিট। তাহার লেজ ফ্রলে, গায়ে লোম হয়, এবং তাহাদের

রূপের ছটা দেখিয়া, অনেক মার্জ্জার কবি হইয়া পড়ে।

"আর, আমাদিগের দশা দেখ—আহারাভাবে উদর কুশ, অন্থি পরিদৃশ্যমান, লাঙ্গুল বিনত, দাঁত বাহির হইয়াছে—জিহ্রা ঝ্লিয়া পড়িয়াছে—জবিরত আহারাভাবে ডাকিতেছি. 'মেও! মেও! খাইতে পাই না!—' আমাদের কালো চামড়া দেখিয়া ঘ্লা করিও না! এ প্থিবীর মংস্য মাংসে আমাদের কিছু অধিকার আছে। খাইতে দাও—নহিলে চুরি করিব। আমাদের কৃষ্ণ চন্ম্মা, শুক্ত মুখ, ক্ষীণ সকর্ণ মেও মেও শ্রনিয়া তোমাদিগের কি দ্বংখ হয় না? চোরের দন্ড আছে, নিন্দারতার কি দন্ড নাই? দরিদ্রের আহার সংগ্রহের দন্ড আছে, ধনীর কার্পণার দন্ড নাই কেন? তুমি কমলাকান্ত, দ্রদশী, কেন না আফিংখার, তুমিও কি দেখিতে পাও না যে, ধনীর দোযেই দরিদ্র চোর হয়? পাঁচ শত দরিদ্রকে বিশ্বত করিয়া একজনে পাঁচ শত লোকের আহার্য্য সংগ্রহ করিবে কেন? যদি করিল, তবে সে তাহার খাইয়া যাহা বাহিয়া পড়ে, তাহা দরিদ্রকে দিবে না কেন? যদি না দেয়, তবে দরিদ্র অবশ্য তাহার নিকট হইতে চুরি করিবে'; কেন না, অনাহারে মরিয়া যাইবার জন্য ও প্রথিবীতে কেহ আইসে নাই।"

আমি আর সহ্য করিতে না পারিয়া বলিলাম, "থাম! থাম মার্ল্জারপণিডতে! তোমার কথাগন্লি ভারি সোশিয়ালিন্টিক্! সমাজবিশ্বখলার ম্লে! যদি যাহার যত ক্ষমতা, সে তত ধনসন্তর করিতে না পায়, অথবা সন্তয় করিয়া চোরের জনলায় নিন্ধিঘে, ভোগ করিতে না পায়, তবে কেহ আর ধনসন্তয়ে যক্ষ করিবে না। তাহাতে সমাজের ধনবৃদ্ধি ইইবে না।"

মূচ্জার বুলিল, "না হইল ত আমার কি? সমাজের ধনবৃদ্ধির অথ ধনীর ধনবৃদ্ধি। ধনীর

ধনবৃদ্ধি না হইলে দরিদ্রের কি ক্ষতি?"

আমি ব্রোইয়া বিললাম যে, "সামাজিক ধনবৃদ্ধি ব্যতীত সমাজের উন্নতি নাই।" বিড়াল রাগ করিয়া বিলল যে, "আমি যদি খাইতে না পাইলাম, তবে সমাজের উন্নতি লইয়া কি করিব?"

বিড়ালকে ব্ঝান দায় হইল। যে বিচারক বা নৈয়ায়িক, কন্মিন্ কালে কেই তাহাকে কিছ্ ব্ঝাইতে পারে না.। এ মার্ল্জার স্বিবারক, এবং স্বতার্কিকও বটে, স্বতরাং না ব্রিবার পক্ষেইহার অধিকার আছে। অতএব ইহার উপর রাগ না করিয়া বলিলাম, "সমাজের উন্নতিতে দরিদ্রের প্রয়োজন না থাকিলে না থাকিতে পারে, কিন্তু ধনীদিগের বিশেষ প্রয়োজন. অতএব চোরের দংডবিধান কর্ত্ব্য।"

মার্চ্জারী মহাশয়া বলিলেন, "চোরকে ফাঁসি দাও, তাহাতেও আমার আপত্তি নাই, কিন্তু তাহার সঙ্গে আর একটি নিয়ম কর। যে বিচারক চোরকে সাজা দিবেন, তিনি আগে তিন দিবস উপবাস করিবেন। তাহাতে যদি তাঁহার চুরি করিয়া খাইতে ইচ্ছা না করে, তবে তিনি স্বচ্ছদেশ

চোরকে ফাঁসি দিবেন। তুমি আমাকে মারিতে লাঠি তুলিরাছিলে, তুমি অদ্য হইতে তিন দিবস উপবাস করিয়া দেখ। তুমি যদি ইতিমধ্যে নসীরাম বাব্র ভান্ডারঘরে ধরা না পড়, তবে আমাকে ঠেঙ্গাইয়া মারিও, আমি আপত্তি করিব না।"

বিজ্ঞালোকের মত এই যে, যখন বিচারে পরাস্ত হইবে, তখন গছীরভাবে উপদেশ প্রদান করিবে। আমি সেই প্রথান,সারে মার্ল্জারকে বলিলাম যে, "এ সকল অতি নীতিবির,ন্ধ কথা, ইহার আন্দোলনেও পাপ আছে। তুমি এ সকল দ্বশ্চিন্তা পরিত্যাগ করিয়া ধর্মাচরণে মন দাও। তুমি যদি চাহ, তবে পাঠাথে তোমাকে আমি নিউমান ও পার্করের গ্রন্থ দিতে পারি। আর কমলাকান্তের দপ্তর পড়িলেও কিছ্ব উপকার হইতে পারে—আর কিছ্ব হউক বা না হউক, আফিঙ্গের অসীম মহিমা ব্রিকতে পারিবে। এক্ষণে স্বস্থানে গমন কর, প্রসন্ত কল কিছ্ব ছানা দিবে বলিয়াছে, জলযোগের সময় আসিও, উভয়ে ভাগ করিয়া খাইব। অদ্য আর কাহারও হাঁড়ি খাইও না; বরং ক্ষ্বধায় যদি নিতান্ত অধীর হও, তবে প্রনন্ধার আসিও, এক সরিষাভোর আফিঙ্গ দিব।"

মার্চ্জার বলিল, "আফিঙ্গের বিশেষ প্রয়োজন নাই, তবে হাঁড়ি খাওয়ার কথা, ক্ষ্মান্সারে বিবেচনা করা যাইবে।"

মার্ম্জার বিদায় হইল। একটি পতিত আত্মাকে অন্ধকার হইতে আলোকে আনিয়াছি, ভাবিয়া কমলাকান্তের বড় আনন্দ হইল!

শ্রীকমলাকান্ত চক্রবন্তী

ठजूष्म मः भग्र—राजं क

আমি ভাবি কি, ষদি পৃথিবীতে ঢেকি না থাকিত, তবে খাইতাম কি? পাখীর মত দাঁড়ে বিসিয়া ধান খাইতাম? না, লাঙ্গুলকর্ণদৃল্যমানা গজেন্দ্রগামিনী গাভীর মত মরাইয়ে ম্ব্রু দিতাম? নিশ্চয় তাহা আমি পারিতাম না—নবযুবা কৃষ্ণকায় বস্নুদ্না, কৃষাণ আসিয়া আমার পঞ্জরে ঘাইপাত করিত, আর আমি ফোঁস্ করিয়া নিঃশ্বাস ফোলয়া শঙ্গ লাঙ্গুল লইয়া পলাইতাম। আর্য্যসভ্যতার অনস্ত মহিমায় সে ভয় নাই—ঢেকি আছে—ধান চাল হয়। আমি এই পরোপকারনিয়ত ঢেকিকে আর্য্যসভ্যতার এক বিশেষ ফল মনে করি—আর্য্যসাহিত্য, আর্য্যদর্শন আমার মনে ইহার কাছে লাগে না—রামায়ণ, কুমারসম্ভব, পাণিনি, পতঞ্জাল, কেহ ধানকে চাল করিতে পারে না। ঢেকিই আর্য্যসভ্যতার মুখেনজনুলকারী প্র্র,—গ্রাদ্ধাধিকারী,—নিত্য পিশ্ডদান করিতেছে। শুরুর্ কি ঢেকিশালে? সমাজে, সাহিত্যে, ধন্মসংস্কারে, রাজসভায়,—কোথায় না ঢেকি আর্য্যসভ্যতার মুখেনজনুলকারী প্রত,—গ্রাদ্ধাধিকারী,—নিত্য পিশ্ডদান করিতেছে। দৃশ্বথের মধ্যে ইহাতেও আর্য্যসভ্যতা মুক্তিলাভ করিল না, আজিও ভূত হইয়া রহিয়াছে। ভরসা আছে, কোন ঢেকি অচিরাৎ তাহার গয়া করিবে।

তে কির এই অপরিমের মাহান্মের কারণান, সন্ধানে আমি বড় সম্বংস,ক হইলাম। এ উনবিংশ শতাব্দী, বৈজ্ঞানিক সময়—অবশ্য কারণ অনুসন্ধান করিতে হয়। কোথা হইতে তে কির এই কার্য্যক্ষতা! এই পরোপকারে মতি! এই Public spirit? নাবন্ধুনা বন্ধুসিদ্ধিঃ?—বিনা কারণে কি ইহা জন্মে? অনুসন্ধানার্থ আমি তে কিশালে গোলাম।

দেখিলাম, ঢেকি খানায় পড়িতেছে। বিন্দ্বমাত্র মদ্যপান করে নাই, তথাপি প্রনঃ প্রনঃ খানায় পড়িতেছে, উঠিতেছে, বিরতি নাই। ভাবিলাম, মুহুন্মর্হ্রঃ খানায় পড়াই কি এত মাহান্ম্যের কারণ? ঢেকি খানায় পড়ে বলিয়াই কি এত পরোপকারে মতি? এতটা Public spirit? ভাবিলাম—না, তাহা কখনই হইতে পারে না। কেন না, আমার রামচন্দ্র ভাষাও দুই বেলা খানায় পড়িয়া থাকেন—কিন্তু কই, তাঁহার ত কিছু মান্ত Public spiritনাই। শোণিজকালয়ের বাহিরে ত তাঁহার পরোপকার কিছু দেখিনা। আরও—মনের কথা ল্কাইলে কি হইবে? আমিও—আমি শ্রীকমলাকান্ত চন্দ্রতী স্বয়ং, একদিন খানায় পড়িয়াছিলাম। দ্রাক্ষারসের বিকার-বিশেষের সেবনে আমার এই গর্ত্তলোক প্রাপ্তি ঘটে নাই—কারণান্তরে। প্রসন্ন গোয়ালিনী—গোপাঙ্গনাকুল-কলন্তিকনী,—এক দিন তাহার মঙ্গলা গাইকে ছাড়িয়া দিয়াছিল। ছাড়িবামান্ত মঙ্গলা, উদ্বর্ধপুঞ্জে, প্রশতশঙ্কে ধারমানা! কি ভাবিয়া মঙ্গলা ছুটিল তা বলিতে পারি না,—

স্থীজাতি ও গোজাতির মনের কথা কি প্রকারে বালব? কিন্তু আমি ভাবিলাম, আমিই তাহার উভয় শ্রের একমাত্র লক্ষ্য। তথন আমি কটিদেশ দৃঢ়তর বদ্ধ করিয়া, সদর্পে বদ্ধপরিকর ইইয়া, উদ্ধর্মাসে পলায়নমান! পশ্চাতে সেই ভীষণা ঘটোধনী রাক্ষসী! আমিও যত দৌড়াই, সেও তত দৌড়ায়। কাজেই, দৌড়ের চোটে ওচট খাইয়া, গড়াইতে গড়াইতে গড়াইতে, চন্দ্রস্থা; গ্রহনক্ষত্রের ন্যায় গড়াইতে গড়াইতে গড়াইতে গড়াইতে লিক্রের ভাবয় ন্যায় গড়াইতে গড়াইতে গড়াইতে লিকরেলাক প্রাপ্তি! "আল, থাল, কেশপাশ, মনুথে না বহিছে শ্বাস"—হায়! তথন কি আমার হৃদয়-আকাশমধ্যে Public spirit রূপ প্রণ্চন্দ্রের উদয় ইইয়াছিল? না হইয়াছিল এমত নহে। তথন আমি সিদ্ধান্ত করিয়াছিলাম যে, বসমুন্ধরা যদি গোশনুন্যা হয়েন, আর নারিকেল, তাল, খল্জর্বর প্রভৃতি বৃক্ষ হইতে দুর্দ্ধানঃসরণ হয়, তবে এই দ্র্দ্ধপোষ্য বাঙ্গালিজাতির বিশেষ উপকার হয়। তাহারা শ্রুভণিত্ব, ইইয়া দৃদ্ধ পান করিতে থাকে। সে দিন সেই বিবরপ্রাপ্তি হেতু আমার পরহিতকামনা এত দ্র প্রবল হইয়াছিল যে, আমি প্রসন্নকে সময়ান্তরে বলিয়াছিলাম, "আয় দবিদমুদ্ধক্ষীরনবনীত-পরিবেণ্ডিতা গোপকন্যে! তুমি গোর্ন্গ্র্লিল বিক্রয় করিয়া স্বয়ং লাউ ভূসি খাইতে থাক, তুমি স্বয়ং ঘটোধনী হইয়া বহত্তর দ্রমপোষ্য প্রতিপালন করিতে পারিবে,—কাহাকেও গা্বাইও না।" প্রভুত্তরে প্রসন্ন হঠাৎ সম্মান্তর্কনী হস্তে গ্রহণ করায়, সে দিন আমাকে পরহিতরত পরিত্যাগ করিতে হইয়াছিল।

অতএব পরহিতেচ্ছা, দেশবাংসলা "সাধারণ আত্মা" অর্থাং Public spirit, বিশেষতঃ কার্য্যদক্ষতা, এ সকল খানায় পড়িলে হয় কি না? যদি না হয়, তবে টেকির এ কার্য্যদক্ষতা, এ মহাবল কোথা হইতে আসিল? আমি এই ক্টতকের মীমাংসার জন্য সন্দিহানচিত্তে ভাবিতেছিলাম, এমত সময়ে মধ্রকশ্ঠে কে বিলল, "চক্রবত্তী মহাশয়! হাঁ করিয়া কি ভাবিতেছ? টেকি কখনও দেখ নাই?"

চাহিয়া দেখিলাম, তরক্ষিণী মাতক্ষিনী দুই ভাগনী ঢোকতে পাড় দিতেছে। সে দিকে এতক্ষণ চাহিয়া দেখি নাই। হাতী দেখিতে গিয়া অন্ধ কেবল শা্ব্ড দেখিয়াছিল, আমিও ঢোক দেখিতে গিয়া কেবল ঢোকর শা্ব্ড দেখিতেছিলাম। পিছনে যে দুই জনের দুইখানি রাঙ্গা পা ঢোকর পিঠে পাড়িতেছে, তাহা দেখিয়াও দেখি নাই! দেখিবামাত্র যেন কে আমার চোথের ঠুনিল খালিয়া লাইল।

আমার দিব্য জ্ঞানের উদর হইল—কার্য্যকারণসম্বন্ধপরম্পরা আমার চক্ষে প্রথর সূর্যকিরণে প্রভাসিত হইল। ঐ ত ঢেকির বল!—ঐ ত ঢেকির মাহাত্ম্যের মূল কারণ!—ঐ রমণীপাদপদ্ম! ধপাধপ পাদপদ্ম পিঠে পড়িতেছে, আর ঢেকি ধান ভানিয়া চাল করিতেছে। উঠিয়া পড়িয়া— ঢক ঢক কচ লচ! কত পরোপকারই করিতেছে! হায় ঢেকি! ও পায়ের কি এত গ্ল! পিঠে পাইয়া তুমি এই সাত কোটি বাঙ্গালিকে অল্ল দিতেছ—তার উপর আবার দেবতার ভোগ দিতেছ! এস, মেয়েয়ান্বের শ্রীচরণ! তুমি ভাল করিয়া ঢেকির পিঠে পড়, আমি কৃতজ্ঞতাপাশে বন্ধ হইয়া তোমায়—হায়! কি করিব?—কাসার মল পরাই!

আর ভাই, টে'কির দল! তোমাদের বিদ্যা বৃদ্ধি বৃত্তিয়াছি। যখনই পিঠে রমণীপাদপন্দ ওরফে মেয়ে লাখি পড়ে, তখনই তোমরা ধান ভান,—নহিলে কেবল কাঠ—দার্ময়—গর্ভে শর্ড় লুকাইয়া, লেজ উচ্চু করিয়া, টে'কিশালে পড়িয়া থাক। বিদ্যার মধ্যে থানায় পড়া, আনন্দের মধ্যে ধানায়"; প্রস্কারের মধ্যে সেই রাঙ্গা পা। আবার শর্ত্তিনিতে পাই, তোমাদের একটি বিশেষ গ্রণ আছে নাকি?—ঘরে থাকিয়া নাকি মধ্যে মধ্যে কুমীর হও? আর ভাই টে'কি, আর একটা কথা জিজ্ঞাসা করি—মধ্যে মধ্যে স্বগোঁ বাওয়া হয় শ্রনিয়াছি, সত্য সতাই কি সেখানে গিয়াও ধান ভানিতে হয়? দেবতারা সকলে অমৃত খায়, পারিজাত লোফে, অশ্সরা লইয়া ফ্রীড়া করে, মেঘে চড়ে, বিদ্যুৎ ধরে, রতি রতিপতির সঙ্গেল লুকোচুরি খেলে—তুমি নাকি ততক্ষণ কেবল ঘেচর ঘেচর করিয়া ধান ভান? ধন্য সাধ্য ভাই তোমার!

ঢেকি কোন উত্তর দিল না, কেবলই ধান ভানে। রাগ করিয়া সেখান হইতে চলিয়া গেলাম—
একেবারে কমলাশ্রমে। কমলাশ্রমটা কি? *ননীবাব, সম্প্রতি ধান ভানিতে গিয়াছেন। নিপ্রত্যাশী
নাপিতানী একখানি ভাঙ্গা চালা ঘর রাখিয়া উত্তরাধিকারি-বিরহিতা হইয়া স্বর্গারেহণ করিয়াছে
—ঘরখানির এমনি অবস্থা যে, আর কেহ তাহার কামনা করিল না—স্বতরাং আমি তাহাতে
কমলাশ্রম করিয়াছি—কেবল কমলাকান্তের আশ্রম নহে—সাক্ষাৎ কমলার আশ্রম। আমি সেইখানে
চারপাইর উপর পডিয়া আফিক্স চড়াইলাম। তখন চক্ষ্ব ব্রজিয়া আসিল। জ্ঞাননেট উদয় হইল।

र्वाष्क्रम ब्रह्मावली

দেখিলাম, এ সংসার কেবল ঢেকিশাল। বড় বড় ইমারত, বৈঠকখানা, রাজপ্রী সব ঢেকিশালা

—ভাহাতে বড় বড় ঢেকি, গড়ে নাক প্রিরয়া খাড়া হইরা রহিয়াছে। কোথাও জমিদারর্পে

ঢেকি, প্রজাদিগের হংপিশ্ড গড়ে পিষিয়া, ন্তন নিরিখ র্প চাউল বাহির করিয়া স্থে সিদ্ধ
করিয়া অস্ন ভোজন করিতেছেন। কোথাও আইনকারক ঢেকি, মিনিট রিপোর্টের রাশি গড়ে

পিষিয়া, ভানিয়া বাহির করিতেছেন—আইন; বিচারক ঢেকি সেই আইনগর্নল গড়ে পিষিয়া
বাহির করিতেছেন—দারিয়া, কারাবাস—ধনীর ধনাস্ত—ভাল মান্বের দেহান্ত। বাব্ ঢেকি,
বোতল গড়ে পিতৃধন পিষিয়া বাহির করিতেছেন—পিলে যকং; তার গ্হিণী ঢেকি একাদশীর
গড়ে বাজার খরচ পিষয়া বাহির করিতেছেন—অনাহার। সন্ধাপেক্ষা ভয়ানক দেখিলাম লেখক

ঢেকি—সাক্ষাৎ মা সরস্বতীর মুল্ড ছাপার গড়ে পিষয়া বাহির করিতেছেন—স্কুলব্ক!

দেখিতে দেখিতে দেখিলাম—আমিও একটা মন্ত ঢেকি—কমলাশ্রমে লন্দ্রমান ইইরা পড়িরা আছি; নেশার গড়ে মনোদ্বঃখ খান্য পিষিয়া দপ্তর চাউল বাহির করিতেছি। মনে মনে অহৎকার জাল্মল—এমন চাউল ত কাহারও গড়ে হইতেছে না। তখন ইচ্ছা হইল—এ চাউল মনুষ্য-লোকের উপযুক্ত নহে, আমি স্বর্গে গিয়া ধান ভানিব। তখনই স্বর্গে গেলাম—"অশ্বমনোরথে।" স্বর্গে গিয়া, দেবরাজকে প্রণাম করিয়া বলিলাম, "হে দেবেন্দ্র! আমি শ্রীকমলাকান্ত ঢেকি—স্বর্গে ধান ভানিব।"

দেবেন্দ্র বলিলেন, "আপত্তি কি-পর্রুকার চাই কি?"

আমি। উৰ্বশী মেনকা রম্ভা।

দেবরাজ। উর্বাদী মেনকা পাইবে না—আর যাহা চাহিলে, তাহা ত মর্ত্তলোকেও তুমি পাইয়া থাক,—আটটার হিসাবে।

আমি দুর্ম্ম ্থ—বলিলাম, "কি ঠাকুর, অণ্টরন্তা! সে কি আজকাল নরলোকের পাবার যো আছে? সে আজকাল দেবতাদেরই একচেটে।"

সন্তুষ্ট হইয়া দেবরাজ আমাকে বক্শিশ হ্কুম করিলেন,—এক সের অমৃত, আর এক ঘণ্টার জন্য উর্বাশীর সঙ্গীত। চৈতন্য হইয়া দেখিলাম, পাশে ঘটিতে এক সের দ্বাদ্ধ,—আর প্রসন্ত্র, দাঁড়াইয়া চীৎকার করিতেছে—"নেশাথোর!" "বিট্লো!" "পেটাথাঁ!" ইত্যাদি ইত্যাদি। আমি উর্বাশীকে বলিলাম, "বাইজি! এক ঘণ্টা হইয়াছে—এখন বন্ধ কর।"

কমলাকান্ডের পগ্র

প্রথম সংখ্যা-কি লিখিব?

প্জ্যপাদ শ্রীষাক্ত বঙ্গদশনি সম্পাদক মহাশয় শ্রীচরণকমলেষা।

আমার নাম শ্রীক্মলাকান্ত চক্রবন্তী, সাবেক নিবাস শ্রীশ্রীশাসধাম, আপনাকে আমি প্রণাম করি। আপনার নিকট আমার সাক্ষাৎসন্বন্ধে পরিচয় নাই, কিন্তু আপনি নিজগুলে আমার বিশেষ পরিচয় লইয়াছেন, দেখিতেছি। ভীক্ষদেব খোশ্নবীস, জুয়াটোর লোক আমি প্রেবহি ব্রিয়াছিলাম—আমি দপ্তরিট তাঁহার নিকট গাছিত রাখিয়া তীর্থদেশনে যাত্রা করিয়াছিলাম; তিনি সেই অবসর পাইয়া সেইটি আপনাকে বিক্রয় করিয়াছেন। বিক্রয় কথাটি আপনি স্বীকার করেন নাই, কিন্তু আমি জানি, ভীক্ষদেব ঠাকুর বিনাম্ল্যে শালগ্রামকে তুলসী দেন না. বিনাম্ল্যে যে আপনাকে শ্রীক্মলাকান্ত চক্রবন্তী প্রণীত দপ্তর দিবেন, এমন সন্ভাবনা অতি বিরল। এই জুয়াচুরির কথা আমি এত দিন জানিতাম না। দৈবাধীন একটি যোড়া জুতা কিনিয়া এ সন্ধান পাইলাম। একথানি ছাপার কাগজে জুতা যোড়াটি বান্ধা ছিল, দেখিয়া ভাবিতেছিলাম যে, কাহার এমন সৌভাগ্যের উদয় হইল যে, তাহার রচনা শ্রীমৎ কমলাকান্ত শার্মার চরণযুগলের ব্যবহার্যা

^{* &}quot;কমলাকান্তের দপ্তর" বঙ্গদর্শনে প্রথম প্রকাশিত হয়। যখন এই পত্রগর্নল বঙ্গদর্শনে প্রকাশিত হয়, তখন সঞ্জীব বাব্ ইহার সম্পাদক।

পাদ্বাধ্য মণ্ডন করিতেছে! মনে করিলাম, সার্থক তাহার লেখনীধারণ! সার্থক তাহার নিশাখ-তৈলদাহ! মুর্থের দ্বারা তাহার রচনা পঠিত না হইয়া সাধ্য জনের চরণের সঙ্গে যে কোন প্রকার সম্বন্ধযুক্ত হইয়াছে. ইহা বঙ্গীয় লেখকের সোভাগ্য। এই ভাবিয়া কোত্হলাবিল্ট হইয়া পড়িয়া দেখিলাম যে, কাগজখানি কি। পড়িলাম, উপরে লেখা আছে, "বঙ্গদর্শন।" ভিতরে লেখা আছে, "কমলাকান্তের দপ্তর।" তখন বুঝিলাম যে, আমারি এ পূর্ব্জম্মান্জিত সুকৃতির ফল।

আরও একট্ব কোত্হল জন্মিল। বঙ্গদর্শন কি, তাহা জানিবার ইচ্ছা হইল। একজন বন্ধকে জিজ্ঞাসা করিলাম যে. "মহাশয়, বঙ্গদর্শনটা কি, তাহা বলিতে পারেন?" তিনি অনেকক্ষণ ভাবিলেন। অনেকক্ষণ পরে মন্তক উত্তোলন করিয়া বলিলেন, "বোধ হয় বঙ্গদেশ দর্শন করাই বঙ্গদর্শন।" আমি তাঁহার পাণ্ডিত্যের অনেক প্রশংসা করিলাম, কিন্তু অগত্যা অন্য বন্ধকেও ঐ প্রশন করিতে হইল। অন্য বন্ধ সিদ্ধান্ত করিলেন যে, শকারের উপর যে রেফটি আছে, বোধ হয়, তাহা মুদ্রাকরের ভ্রম; শব্দটি "বঙ্গদশন," অর্থাৎ বাঙ্গালার দাঁত। আমি তাঁহাকে চতুৎপাঠী খ্লিতে পরামর্শ দিয়া অন্য এক স্মাক্ষিত ব্যক্তিকে জিজ্ঞাসা করিলাম। তিনি বঙ্গ শব্দে শব্দে-বাঙ্গালা ব্যাখ্যা করিয়া বলিলেন, "ইহার অর্থ প্র্বে বাঙ্গালা দর্শন করিয়া রবিধা"; অর্থাৎ 'A Guide to Eastern Bengal.' এইর্প বহু প্রকার অনুসন্ধান করিয়া অবশেষে জ্ঞানিতে পারিলাম যে, বঙ্গদর্শন একখানি মাসিক পত্রিকা এবং তাহাতে কমলাকান্ত শন্ধার মাসিক পিণ্ডদান হইয়া থাকে। এক্ষণে আবার শ্ননিতেছি, কোন ধন্ধর ঐ দপ্তরগ্নলি নিজপ্রশীত বলিয়া প্রচারিত করিয়াছেন। আরও কত হবে!

অতএব হে বঙ্গদর্শন-সম্পাদক মহাশয়! অবগত হউন যে, আমি শ্রীকমলাকান্ত শম্মণ সশরীরে ইহজ্জতে অদ্যাপি অধিষ্ঠান করিতেছি এবং আপনাদিগের বিশেষ আপত্তি থাকিলেও আরও কিছুদিন অধিষ্ঠান করিব, এমত ইচ্ছা রাখি।

এক্ষণে কি জন্য আপনাকে অদ্য পর্য লিখিতেছি, তাহা অবগত হউন। উপরে দেখিতে পাইবেন, "শ্রীশ্রীশনিসধাম" লিখিয়াছি। অর্থাৎ আমার নিসবাব, শ্রীশ্রীশ ঈশ্বরে বিলীন ইইয়ছেন! ভরসা করি যে, তিনি সর্ব্বশ্রেয় শ্রীপাদপন্মে পেণিছিয়ছেন, কিন্তু বাস্তাবিক তাঁহার গতি কোন্পথে ইইয়ছে, তাহার নিশ্চিত সম্বাদ আমি রাখি না। কেবল ইহাই জানি যে, ইহলোকে তিনি নাই। অতএব আমারও আশ্রয় নাই! অহিফেনের কিছ্ গোলযোগ হইয়া উঠিয়ছে। তাহার কিছু বন্দোবন্ড করিতে পারেন? আমার দপ্তরের জন্য আপনি খোশনবীস মহাশয়কে কি দিয়াছিলেন বলিতে পারি না; কিন্তু আমাকে এক আধ পোয়া আফিক পাঠাইলেই (আমার মাত্রা কিছু বেশা) আমি এক একটি প্রবন্ধ পাঠাইতে পারিব। আপনার মঙ্গল হউক! আপনি ইহাতে ধ্রির্ভিক করিবেন না।

কিন্তু আপনার সঙ্গে একটা বন্দোবন্ত পাকাপাকি করিবার আগে, গোটা কত কথা জিপ্তাসা আছে। এ কমলাকান্তি কলে, ফরমারেস মত সকল রক্মের রচনা প্রস্তুত হয়—আপনার চাই কি? নাটক নবেল চাই, না পালিটিক্সের দরকার? কিছু ঐতিহাসিক গবেষণা পাঠাইব, না সংক্ষিপ্ত সমালোচনার বাহার দিব? বিজ্ঞানশাস্তে আপনার প্রসন্তি, না ভোগোলিকতত্ত্ব রসে আপনি স্বর্রাসক? শুল কথাটা, গ্রহ্ম বিষয় পাঠাইব, না লঘ্ম বিষয় পাঠাইব? আমার রচনার মূল্য, আপনি গজ্ঞ দরে দিবেন, না মণ দরে দিবেন? আর যদি গ্রহ্ম বিষয়েই আপনার অভির্চি হয়, তবে বলিবেন, তাহার কি প্রকার অলঞ্চার সমাবেশ করিব। আপনি কোটেশ্যন ভালবাসেন, না ফ্টনোটে আপনার অন্ব্রাগ? যদি কোটেশ্যন বা ফ্টনোটের প্রয়োজন হয়, তবে কোন্ ভাষা হইতে জামার কোটেশ্যন সংগ্রহ করা হইয়াছে—আফ্রিকা ও আমেরিকার কতকগ্মিল ভাষার সন্ধান পাই নাই। কিছু সেই সকল ভাষার কোটেশ্যন, আমি অচিরাৎ প্রস্তুত করিব, আপনি চিন্তিত হইবেন না।

র্যাদ গরের বিষয়ক রচনা আপনার নিতাদত মনোনীত হয়, তবে কি প্রকার গরের বিষয়ে আপনার আকাজ্ফা, তাহাও জানাইবেন। আমি স্বয়ং সে দিকে কিছু করিতে পারি না পারি, আমার এক বড় সহায় জুটিয়াছে। ভীজ্মদেব খোশনবীস মহাশয়ের পুত্র যিনি ইউটিলিটি শব্দের আশ্চর্যা ব্যাখ্যা করিয়াছিলেন, তাঁহাকে আপনার স্মরণ থাকিতে পারে। তিনি এক্ষণে

কৃতবিদ্য হইয়াছেন। এম, এ, পাস করিয়া বিদ্যার ফাঁস গলায় দিয়াছেন। গ্রুর্ বিষয়ে তাঁহার সম্পূর্ণ অধিকার। ইম্কুলের বহি চাই কি? তিনি বর্ণপরিচয় হইতে রোমদেশের ইতিহাস পর্যান্ত সকলই লিখিতে পারেন। ন্যাচরল্ হিন্টারয় একশের করিয়া রাখিয়াছেন; প্রতান পেনি-মেগেজিন্ হইতে অনেক প্রবন্ধের অন্বাদ করিয়া রাখিয়াছেন. এবং গোলডিস্মিথ কৃত এনিমেটেড্ নেচরের সারাংশ সঞ্চলন করিয়া রাখিয়াছেন। সে সব চাই কি? গ্রুর মধ্যে গ্রুর্ যে পাটীগাণিত এবং জ্যামিতি, তাহাতেও সাহসশ্না নহেন। জ্যামিতি এবং গ্রিকোণমিতি চুলোয় যাক, চতুন্তেশামিতিতেও তাঁহার অধিকার—দৈববিদ্যাবলে তিনি আপনার পৈতৃক চতুন্তেশা শ্রুর্টিও মাপিয়া ফোলয়াছেন। বলা বাহ্ল্ডা যে, শ্রুনিয়া লোকে ধন্য ধন্য করিয়াছিল। তাহার ঐতিহাসিক কীন্তির কথা কি বলিব? তিনি চিতোরের রাজা আল্ফেড দি গ্রেটের একখানি জীবন-চরিত দশ-পনের প্রতা লিখিয়া রাখিয়াছেন এবং বাঙ্গালা সাহিত্য-সমালোচন-বিষয়ক একখানি গ্রন্থ মহাভারত ইইতে সঞ্চলিত করিয়া রাখিয়াছেন। তাহাতে কোমত ও হবটি স্পেন্সরের মত খন্ডন আছে; এবং ডার্বুইন যে বলেন, যে মাধ্যাকর্ষণের বলে প্থিবী শ্রির আছে, তাহারও প্রতিবাদ করিয়াছেন। ঐ গ্রন্থে মালতীমাধ্ব হইতে চারি পাঁচটা প্লোক উদ্ধৃত করা হইয়াছে, স্কুতরাং এখানি মোটের উপরে ভারি রকমের গ্রুর্বিষয়ক গ্রন্থ হইয়া উঠয়াছে। ভরসা করি, সমালোচনাকালে আপনারা বলিবেন, বাঙ্গালা ভাষায় ইহা অদ্বিতীয়।

ভরসা করি, গ্রন্থ বিষয় ছাড়িয়া লঘ্থ বিষয়ে আপনার অভিন্তি ইইবে না। কেন না, সে সকলের কিছ্ অস্থিব। খোশনবীসপ্ত একথানি নাটকের সরঞ্জাম প্রস্তুত রাখিয়াছেন বটে; নায়িকার নাম চন্দ্রকলা কি শশিরস্তা রাখিবেন ন্থির করিয়াছেন,—তাঁহার পিতা বিজয়প্তরের রাজা ভীমসিংহ; আর নায়ক আর একটা কিছ্ সিংহ; এবং শেষ অঙ্কে শশিরস্তা নায়কের বৃকে ছ্রির মারিয়া আপনি হা হতোহিস্ম করিয়া প্রিড়িয়া মরিবেন, এই সকল ন্থির করিয়াছেন। কিন্তু নাটকের আদ্য ও মধ্যভাগ কি প্রকার হইবে, এবং অন্যান্য "নাটকোল্লিখিত ব্যক্তিগণ" কির্প করিবেন, তাহা কিছ্ই ন্থির করিতে পারেন নাই। শেষ অঙ্কের ছ্রি-মারা সিনের কিছ্ লিখিয়া রাখিয়াছেন: এবং আমি শপথ প্র্বক আপনার নিকট বালতে পারি যে, যে কুড়ি ছব লিখিয়া রাখিয়াছেন, তাহাতে আটটা "হা, সিখ!" এবং তেরটা "কি হলো! কি হলো!" সমাবেশ করিয়াছেন। শেষে একটি গীতও দিয়াছেন—নায়িকা ছ্রি হস্তে করিয়া গায়িতেছে; কিন্তু দ্বুংখর বিষয় এই ষে, নাটকের অন্যান্য অংশ কিছ্বই লেখা হয় নাই।

যদি নবেলে আপনার আকাজ্জা হয়, তাহা হইলেও আমরা অর্থাৎ খোশনবীস কোম্পানী কিছ্ব অপ্রস্তুত নহি। আমরা উত্তম নবেল লিখিতে পারি, তবে কি না ইচ্ছা ছিল যে, বাজে নবেল না লিখিয়া ডনকুইক্সোট বা জিলবার পরিশিষ্ট লিখিব। দ্বর্ভাগ্যবশতঃ দুইখানি প্রস্তুকের একখানিও এ পর্য্যন্ত আমাদের পড়া হয় নাই। সম্প্রতি মেকলের এসের পরিশিষ্ট লিখিয়া দিলে আপনার কার্য্য হইতে পারে কি? সেও নবেল বটে।

যদি কার্য চাহেন, তবে মিরাক্ষর অমিরাক্ষর বিশেষ করিয়া বলিবেন। মিরাক্ষর আমাদের হইতে হইবে না—আমরা পয়ার মিলাইতে পারি না। তবে অমিরাক্ষর যত বলিবেন, তত পারিব। সম্প্রতি খোশনবীসের ছানা, জীম্তনাদবধ বলিয়া একখানি কাব্যের প্রথম খন্ড লিখিয়া রাখিয়াছেন, ইহা প্রায় মেঘনাদবধের তুল্য-দেই চারিটা নামের প্রভেদ আছে মার। চাই?

আর বদি লঘ্ গ্রুর্ সব ছাড়িয়া, খোশনবিসী রচনা ছাড়িয়া, সাফ কমলাকান্তি ঢঙে আপনার র্বচি হয়, তবে তাও বল্বন, আমার প্রণীত ছাই ভঙ্গম যাহা কিছ্ব লেখা থাকে, তাহা পাঠাই। মনে থাকে যেন, তাহার বিনিময়ে আফিঙ্গ লইব! ওজন কড়ায় গণ্ডায় ব্বিয়া লইব— এক তিল ছাডিব না!

আপনি কি রাজি? আপনি রাজি হউন বা না হউন, আমি রাজি।

দিতীয় সংখ্যা-পলিটিক্স্

শ্রীচরণেষ, আফিঙ্গ পাইরাছি। অনেকটা আফিঙ্গ পাঠাইরাছেন—শ্রীচরণকমলেষ,। আপনার শ্রীচরণকমলযু,গলেষ,—আরও কিছ, আফিঙ্গ পাঠাইবেন।

ব্রিষতে পারিলাম না। আপনি লিখিয়াছেন যে, এক্ষণে নয় আইনে অন্যন্ত কিছু পলিটিক্স্
কম পড়িবে—তুমি কিছু পলিটিক্স্ ঝাড়িলে ভাল হয়। কেন মহাশয়? আমি কি দোষ
করিয়াছি যে, পলিটিক্স্ সব্জেয়রপী ঝামা ইট মাথায় মারিব? কমলাকান্ত ক্রান্ত্রাক্রাক্র
ভাষা জগতে আমার স্বার্থ নাই, আমার উপর পলিটিকেল চাপ কেন? আমি রাজা, না খোশাম্দে,
না জ্রোচোর, না ভিক্ষাক, না সম্পাদক, যে আমাকে পলিটিক্স্ লিখিতে বলেন? আপনি
আমার দপ্তর পাঠ করিয়াছেন, কোথায় আমার এমন স্থল ব্রিয়র চিহ্ন পাইলেন যে, আমাকে
পলিটিক্স্ লিখিতে বলেন? আফিক্সের জন্য আমি আপনার খোশামোদ করিয়াছি বটে, কিন্তু
ভাই বলিয়া আমি এমন স্বার্থপির চাট্কার অদ্যাপি হই নাই যে, পলিটিক্স্ লিখি। ধিক্
আপনার সম্পাদকতায়! ধিক্ আপনার আফিক্স দানে! আপনি আজিও ব্রিমতে পারেন নাই
যে, কমলাকান্ত শ্র্মা উচ্চাশয় কবি, কমলাকান্ত ক্ষ্মল্রজীবী পলিটিশ্যন নহে।

আপনার এই আদেশ প্রাপ্তে বড়ই মনঃক্ষ্ম হইয়া এক পাঁতত ব্ক্লের কান্ডোপাঁর উপবেশন করিয়া বঙ্গদর্শন-সম্পাদকের ব্রিদ্ধবৈপরীতা ভাবিতেছিলাম। কি করি! ভরিটাক্ আফিঙ্গ গলদেশের অধাভাগে যেন তেন প্রকারেণ প্রেরণ করিলাম। সম্মুখে শিবে কল্বর বাড়ী—বাড়ীর প্রান্ধান বাড়া বলদ বাঁধা আছে—মাটিতে পোঁতা নাদায় কল্বপঙ্গীর হস্তমিশ্রিত খলি-মিশান লিলত বিচালিচ্প গোগণ ম্বিদতন্যনে, স্বেথর আবেশে কবলে গ্রহণ করিয়া ভোজন করিতেছিল। আমি কতকটা স্থিরচিত্ত হইলাম—এখানে ত পলিটিক্স্ নাই। এই নাদার মধ্য হইতে গোগণ পলিটিক্স্-বিকার-শ্বা অকৃত্রিম স্থ পাইতেছে—দেখিয়া কিছ্ব তৃপ্ত হইলাম। তখন আহিফেন-প্রসাদ-প্রসন্ন চিত্তে লোকের এই পলিটিক্স্ প্রিয়তা সম্বন্ধে চিত্তা করিতে লাগিলাম। আমার তখন বিদ্যাস্ক্রর যাত্রার একটি গান মনে পড়িল।

বোবার ইচ্ছা কথা ফ্রটে, খোঁড়ার ইচ্ছা বেড়ার ছ্রটে, তোমার ইচ্ছা বিদ্যা ঘটে ইচ্ছা বটে ইত্যাদি।

আমাদের ইচ্ছা পলিটিক্স্—হপ্তায় হপ্তায় রোজ রোজ পলিটিক্স: কিন্তু বোবার বাক্চাতুরীর কামনার মত. খঞ্জের দ্রুতগমনের আকাৎক্ষার মত, অন্ধের চিদ্রদর্শনিলালসার মত. হিন্দ্র্বিধবার স্বামিপ্রণয়াকাৎক্ষার মত, আমার মনে আদরের আদরিদী গৃহিণীর আদরের সাধের মত,
হাস্যাস্পদ, ফলিবার নহে। ভাই পলিটিক্স্ওয়ালারা, আমি কমলাকান্ত চক্রবন্তী তোমাদিগের
হিতবাক্য বলিতেছি, পিয়াদার শ্বশ্রবাড়ী আছে, তব্ব সপ্তদশ অশ্বারোহী মাত্র যে জাতিকে জয়
করিয়াছিল, তাহাদের পলিটিক্স্ন্নাই। "জয় রাধে কৃষ্ণ! ভিক্ষা দাও গো!" ইহাই তাহাদের
পলিটিক্স্! তন্তিক্ষ অন্য পলিটিক্স্ যে গাছে ফলে, তাহার বীজ এ দেশের মাটিতে লাগিবার
সন্তাবনা নাই।

এইর্প ভাবিতেছিলাম. ইত্যবসরে দেখিলাম, শিব কল্বে পোঁত দশমবর্ষীর বালক, এক কাঁসি ভাত আনিয়া উঠানে বিসয়া খাইতে আরম্ভ করিল। দ্র হইতে একটি শ্বেতকৃষ্ণ কুর্বে তাহা দেখিল। দেখিয়া, একবার দাঁড়াইয়া, চাহিয়া চাহিয়া, ক্ল্ম মনে জিহ্বা নিষ্কৃত করিল। অমল-ধবল অয়রাশি কাংস্যপাত্রে কুস্মদামবং বিরাজ করিতেছে কুকুরের পেটটা দেখিলাম, পড়িয়া আছে। কুর্বের চাহিয়া, দাঁড়াইয়া দাঁড়াইয়া, একবার আড়ামোড়া ভাঙ্গিয়া হাই তুলিল।

তার পর ভাবিয়া চিতিয়া ধীরে ধীরে এক এক পদ অগ্রসর হইল, এক এক বার কল্র প্রুরের অমপরিপ্রিত বদন প্রতি আড়নয়নে কটাক্ষ করে, এক এক পা এগোয়। অকস্মাং আহিফেন-প্রসাদে দিবা চক্ষ্র লাভ করিলাম—দেখিলাম, এই ত পলিটিক্স্,—এই কৃষ্র ত পলিটিশ্যন! তথন মনোভিনিবেশ প্র্বেক দেখিতে লাগিলাম য়ে, কৃষ্ক্রর পাকা পলিটিকেল চাল চালিতে আরম্ভ করিল। কৃষ্ক্রর দেখিল—কল্প্রত কিছ্র বলে না—বড় সদাশয় বালক, কৃষ্ক্রর কাছে গিয়া, থাবা পাতিয়া বসিল। ধীরে ধীরে লাক্ষ্রল নাড়ে, আর কল্বর পোর ম্বেপানে চাহিয়া, হ্যা-হ্যা করিয়া হাঁপায়। তাহার ক্ষীণ কলেবর, পাতলা পেট, কাতর দ্লিট এবং ঘন ঘন নিঃশ্বাস দেখিয়া কল্প্রের দয়া হইল, তাহার পলিটিকেল্ এজিটেশ্যন সফল হইল;—কল্প্র একখানা মাছের কাঁটা উত্তম করিয়া চুবিয়া লইয়া, কৃষ্ক্রেরর দিকে ফেলিয়া দিল। কৃষ্ক্রর আগ্রহ সহকারে

আনন্দে উদ্মন্ত হইয়া, তাহা চর্ম্বণ, লেহন, গোলন এবং হজমকরণে প্রবৃত্ত হইল। আনন্দে তাহার চক্ষ্য ব্যক্তিয়া আসিল।

যথন সেই মংস্যকণ্টকসন্বন্ধে এই স্মহৎ কার্য্য উন্তমর্পে সমাপন হইল, তথন সেই স্চুত্র পলিটিশ্যনের মনে হইল যে, আর একখানা কাঁটা পাইলে ভাল হয়। এইর্প ভাবিয়া. পলটিশ্যন আবার বালকের ম্থপানে চাহিয়া রহিল। দেখিল, বালক আপনমনে গ্রুড় তেণ্ডুল মাখিয়া ঘোর রবে ভোজন করিত্তছে—কুরুর পানে আর চাহে না। তথন কুরুর একটি bold move অবলন্বন করিল—জাত পালিটিশ্যন, না হবে কেন? সেই রাজনীতিবিদ্ সাহসে ভর করিয়া আর একট্র অগ্রসর হইয়া বাসলেন। আর এক বার হাই তুলিলেন। তাহাতেও কল্বরছেলে চাহিয়া দেখিল না। অতঃপর কুরুর মৃদ্ মৃদ্ শব্দ করিতে লাগিলেন। বোধ হয় বলিতেছিলেন, হে রাজাধিরাজ কল্পুরু। কাঙ্গালের পেট ভরে নাই। তথন কল্বর ছেলে তাহার পানে চাহিয়া দেখিল। আর মাছ নাই—এক মুখি ভাত কুকুরকে ফেলিয়া দিল। প্রেক্ষর যে স্থে নন্দনকাননে বাসয়া স্থা পান করেন, কার্ডিনেল উল্সি বা কার্ডিনেল জেরেজ যে স্থে কার্ডিনেলের ট্রিপ পরিয়াছিলেন, কুরুর সেই স্থে সেই অয়ম্বিট ভোজন করিতে লাগিল। এমত সময়ে, কল্বাহিণী গৃহ হইতে নিক্ষান্ত হইল। ছেলের কাছে একটা কুকুর ম্যাক্ ম্যাক্ করিয়া ভাত খাইতেছে—দেখিয়া কল্পান্ধী রোষ-ক্যায়িত-লোচনে এক ইণ্টকথণ্ড লইয়া কুরুর প্রতি নিক্ষেপ করিলেন। রাজনীতিজ্ঞ তথন আহত হইয়া, লাঙ্গুলসংগ্রহপ্র্বর্ক বহুবিধ রাগ রাগিণী আলাপচারী করিতে করিতে দ্বুতবেগে পলায়ন করিল।

এই অবসরে আর একটি ঘটনা দৃষ্টিগোচর হইল। যতক্ষণ ক্ষীণজীবী কুর্ক্রর আপন উদরপ্তির জন্য বহুবার কৌশল করিতেছিল, ততক্ষণ এক ব্হংকায় ব্য আসিয়া কল্র বলদের সেই খোলবিচালি-পরিপ্র্ণ নাদায় মুখ দিয়া জাব্না খাইতেছিল—বলদ ব্রের ভীষণ শৃঙ্গ এবং স্থ্লকায় দেখিয়া, মুখ সরাইয়া চুপ করিয়া দাঁড়াইয়া কাতরনয়নে তাহার আহারনৈপ্র্ণা দেখিতেছিল। কুর্ক্রেরে দ্রীকৃত করিয়া, কল্বগ্হিণী এই দস্যুতা দেখিতে পাইয়া এক বংশখণ্ড লইয়া ব্যকে গোভাগাড়ে যাইবার পরামর্শ দিতে দিতে তংপ্রতি ধাবমানা হইলেন। কিন্তু ভাগাড়ে যাওয়া দ্রে থাকুক—ব্য এক পদও সরিল না—এবং কল্যুগ্হিণী নিকটবন্তিনী হইলে বৃহৎ শৃঙ্গ হেলাইয়া, তাঁহার হৃদয়মধ্যে সেই শৃঙ্গগ্রভাগ প্রবেশের সম্ভাবনা জানাইয়া দিল। কল্মুপত্নী তথন রশে ভঙ্গ দিয়া গৃহমধ্যে প্রবেশ করিলেন। বৃষ অবকাশ্মতে নাদা নিঃশেষ করিয়া হেলিতে-দ্রলিতে স্বস্থানে প্রস্থান করিল।

আমি ভাবিলাম যে, এও পলিটিক্স্। দুই রকমের পলিটিক্স্ দেখিলাম—এক কুরুর-জাতীয়, আর এক ব্যজাতীয়। বিস্মার্ক এবং গর্শাক্ষ এই ব্যের দরের পলিটিশ্যন—আর উল্সি হইতে আমাদের পরমান্থীয় রাজা মুচিরাম রায় বাহাদ্বর পর্যান্ত অনেকে এই কুরুরের দরেব পলিটিশ্যন।

তৃতীয় সংখ্যা—বাঙ্গালির মন্ব্যত্ব

মহাশয়! আপনাকে পত্র লিখিব কি—লিখিবার অনেক অনেক শত্র্। আমি এখন ষে কু'ড়ে ঘরে বাস করি, দ্বর্ভাগ্যবশতঃ তাহার পাশে গোটা দ্বই তিন ফ্রলগাছ প্রিতিয়াছি। মনে করিয়াছিলাম, কমলাকান্তের কেহ নাই—এই ফ্রলগ্রিল আমার সথা সথী হইবে। খোশামোদ করিয়া ইহাদের ফ্রটাইতে হইবে না—টাকা ছড়াইতে হইবে না, গহনা দিতে হইবে না, মনযোগান গোছ কথা বলিতে হইবে না, আপনার স্থে উহারা আপনি ফ্রটিবে। উহাদের হাসি আছে—কালা নাই; আমোদ আছে—রাগ নাই। মনে করিলাম, যদি প্রসল্ল গোয়ালিনী আমাকে ত্যাগ করিয়াছে, তবে এই ফ্রের সঙ্গে প্রণয় করিব।

তা, ফ্রল ফ্টিল—তারা হাসিল। মনে করিলাম—মহাশয় গো! কিছু মনে করিতে না করিতে, ফ্রটন্ত ফ্রল দেখিয়া ভোমরার দল,—লাখে লাখে ঝাঁকে ঝাঁকে, ভোমরা বোল্তা মোমাছি —বহুবিধ রসক্ষেপা রসিকের দল, আসিয়া আমার দ্বারে উপস্থিত হইলেন। তথন গ্রন্ ভন্ ভন্ ঝন্ ঝন্ ঘ্যান্ ঘ্যান্ করিয়া হাড় জ্বালাইতে আরম্ভ করিলেন। তাঁহাদিগকে অনেক ব্রাইয়া বালিলাম যে, হে মহাশয়গণ! এ সভা নহে, সমাজ নহে, এসোসিয়েশ্যন, লীগ.

সোসাইটি, ক্লব প্রভৃতি কিছ্নই নহে—কমলাকান্তের পর্ণ কুটীর মাত্র, আপনাদিগের ঘ্যান্ ঘ্যান্ করিতে হয়, অন্যত্র গমন কর্ন—আমি কোন রিজ্ঞালিউশানই দ্বিতীয়ত করিতে প্রস্তুত নহি; আপনারা স্থানান্তরে প্রস্থান কর্ন। গ্রন্ গ্রনের দল, তাহাতে কোন মতে সম্মত নহে—বরং ফ্রলগাছ ছাড়িয়া আমার কুটীরের ভিতর হয়া করিতে আরম্ভ করিয়াছে। এই মাত্র আপনাকে এক পত্র লিখিতে প্রবৃত্ত হইতেছিলাম—(আফিঙ্গ ফ্রাইয়াছে)—এমত সময়ে এক দ্রমর কুচকুচে কালো আসল বৃন্দাবনী কালাচাঁদ, ভোঁ করিয়া ঘরের ভিতর উড়িয়া আসিয়া কাণের কাছে ঘ্যান্ ঘ্যান্ আরম্ভ করিলেন—লিখিব কি, মহাশয়?

দ্রমর বাবাজি নিশ্চিত মনে করেন, তিনি বড় স্কুর্রাসক—বড় সম্বক্তা—তাঁহার ঘ্যানঘ্যানানিতে আমার সর্ব্বাঙ্গ জুড়াইয়া যাইবে। আমারই ফুলগাছের ফুলের পাপড়ি ছিডিয়া আসিয়া আমারই কাণের কাছে ঘ্যান্ঘ্যান? আমার রাগ অসহ্য হইয়া উঠিল: আমি তালবুভ হস্তে ভ্রমরের সহিত ষ্টের প্রবৃত্ত হইলাম। তখন আমি ঘ্র্ণন, বিঘ্র্ণন, সংঘ্র্ণন প্রভৃতি বহুবিধ বক্রগতিতে তালব ভাস্তা সঞ্চালন করিতে লাগিলাম; ভ্রমরও ডীন, উন্ডীন, প্রডীন, সমাডীন প্রভৃতি বহু বিধ কৌশল দেখাইতে লাগিল। আমি কমলাকান্ত চক্রবন্তী—দপ্তর মুক্তাবলীর প্রণেতা, কিন্ত হায় মনুষ্যবীর্যা! তুমি অতি অসার! তুমি চির্নাদন মনুষ্যকে প্রতারিত করিয়া শেষে আপন অসারতা প্রমাণীকৃত কর! তুমি জামার ক্ষেত্রে হানিবলকে, পলটোবার ক্ষেত্রে চার্লসেকে, ওয়াটর্ল্বর ক্ষেত্রে নেপোলিয়নকে, এবং আজি এই ভ্রমরসমরে কমলাকান্তকে বঞ্চিত করিলে! আমি যত পাখা ঘুরাইয়া বায়, সুষ্টি করিয়া ভ্রমরকে উড়াইতে লাগিলাম, ততই সে দুরাত্মা ঘুরিয়া ঘুরিয়া আমার মাথাম-ত বেডিয়া চোঁ বোঁ করিতে লাগিল। কখনও সে আমার বন্দ্রমধ্যে লক্কোয়িত হইয়া, মেঘের আড়াল হইতে ইন্দ্রজিতের ন্যায় র্ণ করিতে লাগিল, কখনও কৃষ্টকর্ণনিপাতী রামসৈন্যের नाय जामात वर्गालत नीर्क निया हाविया वारित रहेरू नागिन: कथनल माम्भमत्नत नाय শিরোর হমধ্যে আমার বার্যা সংনাস্ত মনে করিয়া, আমার শরম্বীরদনিশিত কুণ্ডিত শ্বেতকৃষ্ণ কেশদামমধ্যে প্রবেশ করিয়া ভেরী বাজাইতে লাগিল। তথন দংশনভয়ে অভ্যিত্র ইইয়া রূপে ভঙ্গ দিলাম। ভ্রমর সঙ্গে সঙ্গে ছুটিল। সেই সময়ে চৌকাঠ পায়ে বাধিয়া কমলাকান্ত —"পপাত ধরণীতলে!!!" এই সংসার সমরে মহারথী শ্রীকমলাকান্ত চক্রবন্তী—ির্যান দারিদ্রা, চিরকোমার এবং অহিফেন প্রভৃতির দ্বারাও কখন পরাজিত হয়েন নাই—হায়! তিনি এই ক্ষুদ্র পতঙ্গ কর্ত্তক পরাজিত হইলেন।

তখন ধ্ল্যবল্ণিত শরীরে দ্বিরফরাজের নিকট ক্ষমা প্রার্থনা করিতে লাগিলাম, "হে দ্বিরেফসত্তম! কোন্ অপরাধে দৃঃখী ব্রহ্মণ তোমার নিকট অপরাধী যে, তুমি তাহার লেখা পড়ার ব্যাঘাত করিতে আসিয়াছ? দেখ, আমি এই বঙ্গদর্শনে পত্র লিখিতে বসিয়াছি—পত্র লিখিলে আফিঙ্গ আসিবে—তুমি কেন ঘ্যান্ঘ্যান্ করিয়া তাহার বিঘা কর?" আমি প্রাতে একখানি বাঙ্গালা নাটক পড়িতেছিলাম—তখন অকঙ্গাং সেই নাটকীয় রাগগ্রন্থ হইয়া বলিতে লাগিলাম—"হে ভুঙ্গ! হে অনঙ্গরঙ্গতরঙ্গবিক্ষেপকারিন্! হে দৃশ্পত্তি পাষণ্ডভণ্ডিত্তলণ্ডভণ্ড-কারিন্! হে উদ্যানবিহারিন্—কেন তুমি ঘ্যান্ঘ্যান্ করিতেছ? হে ভুঙ্গ! হে দ্বিরেফ! হে ষট্পদ! হে অলে! হে দ্রমর! হে ভোমরা! হে ভোঁ ভোঁ—"

দ্রমর ঝুপ করিয়া আসিয়া সামনে বসিল। তখন গুনুন গরিয়া গলা দ্রস্ত করিয়া বলিতে লাগিল—আমি আহিফেনপ্রসাদে সকলেরই কথা ব্রিকতে পারি—আমি স্থিরচিত্তে শ্রিনতে লাগিলাম।

ভূঙ্গরাগ বলিতে লাগিলেন, "হে বিপ্র! আমারি উপর এত চোট কেন? আমি কি একাই ঘ্যান্ঘেনে! তোমার এ বঙ্গভূমে জন্মগ্রহণ করিয়া ঘ্যান্ঘ্যান্ করিব না ত কি করিব? বাঙ্গালী হইয়া কে ঘ্যান্ঘ্যানানি ছাড়া ? কোন্ বাঙ্গালির ঘ্যান্ঘ্যানানি ছাড়া অন্য ব্যবসা আছে। তোমাদের মধ্যে যিনি রাজা মহারাজা কি এমনি একটা কিছু মাথায় পার্গাড় গু হইলেন, তিনি গিয়া বেল্ভিডিয়রে ঘ্যান্ঘ্যান্ আরম্ভ করিলেন। যিনি হইবেন উমেদ রাখেন, তিনি গিয়া রাহিদিবা রাজদ্বারে ঘ্যান্ঘ্যান্ করেন। যিনি কেবল একটি চাকরির উমেদওয়ার—তাঁর ঘ্যান্ঘ্যানানির ত আর অস্ত নাই। বাঙ্গালি বাব্ যিনিই দৃই চারিটা ইংরেজি বোল শিথিয়াছেন, তিনি অমনি উমেদওয়াররুপে পরিণত হইয়া, দরখান্ত বা টিকিট হাতে দ্বারে দ্বানে ঘ্যান্ঘ্যান্—ডাঁশমাছির মত খাবার সময়ে, শোবার সময়ে, বসবার সময়ে, দাঁড়াবার সময়ে, দিনে, রাতে. প্রাক্তে, অপরাত্রে,

মধ্যাহে সায়াহে—ঘ্যান্ ঘ্যান্ ঘ্যান্! যিনি উমেদওয়ারি ছাড়িয়া স্বাধীন হইয়া উকীল হইলেন, তিনি আবার সনদী ঘ্যান্ঘেনে। সত্যমিখ্যার সাগরসঙ্গমে প্রাতঃয়ান করিয়া উঠিয়া, য়েখানে দেখেন, কাঠগড়ার ভিতর বিড়ে মাথায় সরকারি জবুজবু বসিয়া আছে—বড় জজ, ছোট জজ, সবজজ, ডিপর্টি, ম্বেশফ—সেইখানে গিয়া সেই পেশাদার ঘ্যান্ঘেনে, ঘ্যান্ঘ্যানানির ফোয়ারা খ্লিয়া দেন। কেহ বা মনে করেন, ঘ্যান্ঘ্যানানির চোটে দেশোদ্ধার করিবেন—সভাতলে ছেলে ব্রেড়া জমা করিয়া ঘ্যান্ঘ্যান্ করিতে থাকেন। কোন্ দেশে বৃষ্টি হয় নাই—এসো বাপর্ ঘ্যান্ঘ্যান্ করি; বড় চাকরি পাই না—এসো বাপর্ ঘ্যান্ঘ্যান্ করি—রমাকান্ডের মা মরিয়াছে—এসো বাপর্ ম্য়রণার্থ ঘ্যান্ঘ্যান্ করি না—তারা কাগজ কলম লইয়া, হপ্তায় হপ্তায়, মাসে মাসে, দিন দিন ঘ্যান্ঘ্যান্ করেন; আর তুমি যে বাপর্ আমার ঘ্যান্ঘ্যানানিতে এত রাগ করিতেছ, তুমিও ও কি করিতে বসিয়াছ? অসমার চোঁ বোঁই কি এত কট্?

"তোমায় সত্য বলিতেছি, কমলাকান্ত! তোমাদের জাতির ঘ্যানঘ্যানান আর ভাল লাগে না। দেখ আমি যে ক্ষুদ্র পতঙ্গ, আমিও শুধু ঘ্যান্ঘ্যান্ করি না—মধু সংগ্রহ করি আর হুল ফ্টাই। তোমরা না জান শুধু মধু সংগ্রহ করিতে, না জান হুল ফ্টাইতে—কেবল ঘ্যান্ঘ্যান্ পার। একটা কাজের সঙ্গে খোঁজ নাই—কেবল কাদ্নে মেয়ের মত দিবারাহি ঘ্যান্ঘ্যান্। একট্ব কাবকি লেখালেখি কম করিয়া কিছু কাজে মন দাও—তোমাদের শ্রীবৃদ্ধি হইবে। মধু করিতে শেখ—হুল ফ্টাইতে শেখ। তোমাদের রসনা অপেক্ষা আমাদের হুল শ্রেণ্ঠ—বাক্যবাণে মান্ষ মরে না; আমাদের হুলের ভয়ে জীবলোক সদা সশিভকত! স্বর্গে ইন্দের বজ্র মত্তের্গ ইংরেজের কামান, আকাশমার্গে আমাদের হুল। সে যাক, মধু কর; কাজে মন দাও। নিতান্ত যদি দেখ, রসনাকন্ড্রেন রোগ জন্য কাজে মন যায় না—জিবে কান্ঠাকি দিয়া ঘা কর—অগত্যা কাজে মন ষাইতে পারে। আর শুধু ঘ্যান্ঘ্যান্ ভাল লাগে না।"

এই বলিয়া ভ্রমররাজ ভোঁ করিয়া উডিয়া গেল।

আমি ভাবিলাম যে, এই দ্রমর অবশ্য বিশেষ বিজ্ঞ পতঙ্গ। শন্না আছে, মন্যোর পদবৃদ্ধি হইলেই সে বিজ্ঞ বিলায়া গণ্য হয়। এই জন্য দ্বিপদ মন্যা হইতে চতুৎপদ পশন্—পক্ষান্তরে যে সকল মন্যোর পদবৃদ্ধি হইয়ছে—তাহারা অধিক বিজ্ঞ বিলায়া গণ্য। এই ষট্পদের—একখানি না, দ্বানি না—ছয় ছয়খানি পা! অবশ্য এ ব্যক্তি বিশেষ বিজ্ঞ হইবে—ইহার অসামান্য পদবৃদ্ধি দেখা যায়। এই বিজ্ঞ পতঙ্গের পরামশ্ অবহেলন করি কি প্রকারে? অতএব আপাততঃ ঘ্যান্ঘ্যানানি বন্ধ করিলাম—কিন্তু মধ্বসংগ্রহের আশাটা রহিল। বঙ্গদর্শন প্রভপ হইতে অহিফেন মধ্ব
সংগ্রহ হইবে এই ভরসায় প্রাণ ধারণ করে—

আপনার আজ্ঞাবহ শ্রীকমলাকান্ত চক্রবত্তী ।

ठष्ट्रं नःथा-र्षा कारनत कथा

সম্পাদক মহাশয়! আফিঙ্গ পেণছে নাই, বড় কন্ট গিয়াছে। আজ যাহা লিখিলাম, তাহা বিস্ফারিত লোচনে লেখা। নিজ বৃদ্ধিতে, অহিফেন প্রসাদাৎ নহে। একটা মনের দ্বঃখের কথা লিখিব।

বৃদ্যা বরসের কথা লিখিব! লিখি লিখি মনে করিতেছি, কিস্তু লিখিতে পারিতেছি না। হইতে পারে যে, এই নিদার্শ কথা আমার কাছে বড় প্রির,—আপনার মন্ম্যান্তিক দৃঃখের পরিচয় আপনার কাছে বড় মিন্ট লাগে, কিস্তু আমি লিখিলে পড়িবে কে? যে যুবা, কেবল সেই পড়ে; বুড়ায় কিছু পড়ে না। বোধ হয়, আমার এই বুড়া বরসের কথার পাঠক জুটিবে না।

অতএব আমি ঠিক ব্র্ড়া বয়সের কথা লিখিব না। বলিতে পারি না; বৈতরণীর তরঙ্গাভিহত জীবনের সেই শেষ সোপানে আজিও পদার্পণ করি নাই: আজিও আমার পারের কড়ি সংগ্রহ করা হয় নাই। আমার মনে মনে বিশ্বাস ষে, সে দিন আজিও আসে নাই। তবে যৌবনেও আমার আর দাবি দাওয়া নাই; মিয়াদি পাট্টার মিয়াদ ফ্রোইয়াছে। এক দিকে মিয়াদ অতীত হইল, কিন্তু বাকি বকেয়া আদায় উস্কুল করা হয় নাই, তাহার জন্য কিছু পীড়াপীড়ি আছে;

যৌবনের আখির করিয়া ফারখাত লইতে পারি নাই। তাহার উপর মহাজনেরও কিছু ধারি; অনাব্যিটর দিনে অনেক ধার করিয়া খাইয়াছিলাম, শোধ দিতে পারি এমত সাধ্য নাই। তার উপর পার্টনির কড়ি সংগ্রহ করিবার সময় আসিল। আমার এমন দুঃখের সময়ের দুটো কথা বলিব, তোমরা যৌবনের সূখ ছাড়িয়া কি একবার শুনিবে না?

আগে আসল কথাটা মীমাংসা করা যাউক—আমি কি ব্ডা? আমি আমার নিজের কথাই বলিতেছি এমত নহে, আমি ব্ডা, না হয় য্বা, দ্ইয়ের এক স্বীকার করিতে প্রস্তুত আছি। কিন্তু যাঁহারই বয়সটা একট্ব দোটানা রকম—যাঁরই ছায়া প্র্বিদিকে হেলিয়াছে. তাঁহাকেই জিজ্ঞাসা করি, মীমাংসা কর্ন দেখি, আপনি কি ব্ড়া। আপনার কেশগ্রনি, হয়ত আজিও অনিন্দা প্রমরক্ষ, হয়ত আজিও দত্তসকল অবিচ্ছিয় মুক্তামালার লঙ্জান্থল, হয়ত আপনার নিদ্রা অদাপি এমন প্রগাঢ় যে, দ্বিতীয় পক্ষের ভার্যাও তাহা ভাঙ্গিতে পারে না;—তথাপি, হয়ত আপনি প্রচীন। নয়ত, আপনার কেশগ্রলি শাদা কালোয় গঙ্গা যম্বানা হইয়া গিয়াছে, দশন মুক্তাপাতি ছিড়িয়া গিয়াছে, দ্ই একটি মুক্তা হারাইয়া গিয়াছে—নিদ্রা, চক্ষ্রর প্রতারণামাত্র, তথাপি আপনি যুবা। তুমি বলিবে ইহার অর্থ, "বয়সেতে বিজ্ঞ নহে, বিজ্ঞ হয় জ্ঞানে।" তাহা নহে—আমি বিজ্ঞতার কথা বলিতেছি না, প্রাচীনতার কথা বলিতেছি। প্রাচীনতা বয়সেরই ফল, আর কিছ্রই নহে। ধাতুবিশেষে কিছ্ব তারতম্য হয়, কেহ চিঙ্কাদে ব্ড়া, কেহ বিয়াল্পে যুবা। কিন্তু তুমি কখন দেখিবে না যে, বয়সের অধিক তারতম্য ঘটে। যে পায়তাল্লিশে যুবা বলাইতে চায়, সেহ য় যমাভারে ভীত, নয় তৃতীয় পক্ষে বিবাহ করিয়াছে; যে পায়তিশে ব্ড়া বলাইতে চায়, সেহ য় যাই বড়াই ভালবাসে, নয় পণ্ডিত, নয় কোন বড় দুঃখে দুঃখা।

িকস্থ এই অন্ধেক পথ অতিবাহিত করিয়া. প্রথম চসমাখানি হাতে করিয়া রুমাল দিয়া মর্ছিতে মর্ছিতে ঠিক বলা দায় য়ে, আমি বর্ডা হইয়াছি কি না! বর্ঝি বা হইয়াছি। বর্ঝি হই নাই। মনে ভরসা আছে, একটর চক্ষর দােষ হউক, দর্ই এক গাছা চুল পাকুক, আজিও প্রাচীন হই নাই। কই, কিছু ত প্রাচীন হয় নাই! এই চিরপ্রাচীন ভূবনমণ্ডল ত আজিও নবীন; আমার প্রিয় কোকিলের স্বর প্রাচীন হয় নাই; আমার সৌন্দর্য-মাখা, হীরা বসান, গঙ্গার ক্ষুত্র তরঙ্গভঙ্গ ত প্রাচীন হয় নাই; প্রভাতের বায়্ব, বকুল কামিনীর গন্ধ, বক্ষের শামলতা, এবং নক্ষরের উজ্জ্বলতা, কেহ ত প্রাচীন হয় নাই—তেমনই স্কুদ্র আছে। আমি কেবল প্রাচীন হয়লাম? আমি এ কথায় বিশ্বাস করিব না। প্থিবীতে উচ্চ হাসি ত আজিও আছে, কেবল আমার হাসির দিন গেল? প্থিবীতে উৎসাহ, ক্রীড়া, রঙ্গ, আজিও তেমনি অপর্য্যপ্ত, কেবল আমারই পক্ষে নাই? জগং আলোকময়, কেবল আমারই রাচি আসিতেছে? সলমন কোন্পানির দোকনে বজ্রাঘাত হউক, আমি এ চস্মা ভাঙ্গিয়া ফেলিব, আমি বর্ডা বয়স স্বীকার করিব না।

তব্ আসে—ছাড়ান যায় না। ধাঁরে ধাঁরে দিনে দিনে পলে পলে বয়শ্চোর আসিয়া, এ দেহপুরে প্রবেশ করিতেছে—আমি যাহা মনে ভাবি না কেন, আমি বৄড়া, প্রতি নিশ্বাসে তাহা জানিতে পারিতেছি। অন্যে হাসে, আমি কেবল ঠোঁট হেলাইয়া তাহাদিগের মন রাখি। অন্যে কাঁদে, আমি কেবল লোকলঙ্কায় মুখ ভার করিয়া থাকি—ভাবি, ইহারা এ বৃথা কালহরশ করিতেছে কেন? উৎসাহ আমার কাছে পশ্ডশ্রম—আশা আমার কাছে আত্মপ্রতারণা। কই. আমার ত আশা ভরসা কিছু নাই! কই—দুর হউক, যাহা নাই তাহা আর খাঁকিয়া কাজ নাই।

খনিজয়া দেখিব কি? যে কুস্মদাম এ জীবনকানন আলো করিত, পথিপার্ছে একে একে তাহা খনিয়া পড়িয়াছে। যে ম্খমন্ডলসকল ভালবাসিতাম, একে একে অদৃশ্য হইয়াছে, না হয় রোদ্রবিশ্বক বৈকালের ফ্লের মত শ্বকাইয়া উঠিয়াছে। কই, আর এ ভপ্নমন্দিরে, এ পরিতাক্ত নাট্যশালায়. এ ভাঙ্গা মজলিসে সে উভজ্বল দীপাবলী কই? একে একে নিবিয়া যাইতেছে। কেবল ম্খ নহে—হদয়। সে সরল, সে ভালবাসাপরিপ্র্ণ, সে বিশ্বাসে দৃঢ়, সোহান্দেগ্য ভ্রির, অপরাধেও প্রসম, সে বন্ধুবদয় কই? নাই। কার দোষে নাই? আমার দোষে নহে। বন্ধুর দোষে নহে। বয়সের দোষে অথবা যমের দোষে।

তাতে ক্ষতি কি? একা আসিয়াছি, একা যাইব—তাহার ভাবনা কি? এ লোকালয়ের সঙ্গে আমার বনিয়া উঠিল না—আচ্ছা—রোখণোধ। প্থিবী! তুমি তোমার নিয়মিত পথে আবর্তুন করিতে থাক, আমি আমার অভীষ্ট স্থানে গমন করি—তোমার আমার সন্বন্ধ রহিত হইল—তাহাতে, হে মুন্ময়ি জড়পিন্ডগোরব-পাঁড়িতে বস্ক্ররে! তোমারই বা ক্ষতি কি, আমারই বা

विक्रिय ब्रह्मावली

ক্ষতি কি? তুমি অনস্তকাল শ্নাপথে ঘ্রিবে, আমি আর অলপ দিন ঘ্রিব মাত্র। পরে তোমার কপালে ছাইগ্রাল দিয়া, যাঁর কাছে সকল জনালা জুড়ায়, তাঁর কাছে গিয়া সকল জনালা জুড়াইব!

তবে, স্থির হইল এক প্রকার যে, ব্র্ডা বয়সে পড়িয়াছি। এখন কর্ত্রব্য কি? "পণ্ডাশোদ্ধের্ব বনং রজেং?" এ কোন গণ্ডমুখের কথা। আবার বন কোথা? এ বয়সে, এই অট্টালিকাময়ী লোকপুণা আপণসমাকুলা নগরীই বন। কেন না. হে বষীরান্ পাঠক! তোমার আমার সঙ্গে আর ইহার মধ্যে কাহারও সহদয়তা নাই। বিপদ্কালে কেহ কেহ আসিয়া বলিতে পারে যে. "ব্র্ডা! তুমি অনেক দেখিয়াছ, এ বিপদে কি করিব বলিয়া দাও,—" কিন্তু, সন্পদ্কালে কেহই বলিবে না, "ব্র্ডা! আজি আমার আনন্দের দিন, তুমি আসিয়া আমাদিগের উৎসব বৃদ্ধি কর!" বরং আমোদ-আহাদে কালে বলিবে. "দেখ ভাই, যেন ব্র্ডা বেটা জানিতে না পারে।" তবে আর অরণেরে বাকি কি?

যেখানে আগে ভালবাসার প্রত্যাশা করিতে. এখন সেখানে তুমি কেবল ভয় বা ভাল্তর পাত্র। যে প্র তোমার যোবনকালে, তাহার শৈশবকালে, তোমার সহিত এক শ্যায় শয়ন করিয়াও অর্ধ-নিদ্রিত অবস্থাতেই, ক্ষুদ্র হস্ত প্রসারণ করিয়া, তোমার অনুসন্ধান করিত, সে এখন লোকম্থে সম্বাদ লয়, পিতা কেমন আছেন। পরের ছেলে, স্কুদর দেখিয়া যাহাকে কোলে তুলিয়া, তুমি আদর করিয়াছিলে, সে এখন কালক্রমে, বয়ঃপ্রাপ্ত, কর্মশকান্তি, হয়ত মহাপাপিষ্ঠ, প্থিবীয় পাপস্রোত বাড়াইতেছে, হয়ত, তোমারই দ্বেষক—তুমি কেবল কাঁদিয়া বলিতে পার. "ইহাকে আমি কোলে পিঠে করিয়াছি।" তুমি যাহাকে কোলে বসাইয়া ক, খ, শিখাইয়াছলে, সে হয়ত এখন লন্ধপ্রতিষ্ঠ পশ্ভিত, তোমার ম্র্থতা দেখিয়া মনে মনে উপহাস করে। যাহারই স্কুলের বেতন দিয়া তুমি মান্ম করিয়াছিলে, সে হয়ত এখন তোমাকে টাকা ধার দিয়া, তোমারই কাছে স্কুদ থায়। তুমি যাহাকে শিখাইতে, হয়ত সে তোমায় শিখাইতেছে। যে তোমার অগ্রাহ্য ছিল, তুমি আজি তার অগ্রাহ্য। আর অরণ্যের বাকি কি?

অন্তর্জাণ ছাড়িয়া বহির্জাগতেও এইরূপ দেখিবে। যেখানে তুমি স্বহস্তে প্রপোদ্যান নির্মাণ করিয়াছিলে,—বাছিয়া বাছিয়া গোলাপ, চন্দ্রমল্লিকা, ডালিয়া, বিগ্লোনিয়া, সাইপ্রেস, অরকেরিয়া আনিয়া প্রতিয়াছিলে, পাত্রহস্তে স্বয়ং জলসিঞ্চন করিয়াছিলে, সেখানে দেখিবে, ছোলা মটরের চাষ.—হারাধন পোদ গামছা কাঁধে মোটা মোটা বলদ লইয়া, নিবিব্যা লাঙ্গল দিতেছে—সে লাঙ্গলের ফাল তোমার হৃদয়মধ্যে প্রবেশ করিতেছে। যে অট্রালিকা তুমি যৌবনে, অনেক সাধ মনে মনে রাখিয়া, অনেক সাধ প্ররাইয়া যত্নে নির্ম্মাণ করিয়াছিলে, যাহাতে পালৎক পাড়িয়া নয়নে নয়নে অধরে অধরে মিলাইয়া ইহ-জীবনের অনশ্বর প্রণয়ের প্রথম পবিত্র সম্ভাষণ করিয়াছিলে. হয়ত দেখিবে, সে গ্রের ইষ্টকসকল দাম ঘোষের আস্তাবলের স্ব্রিকর জন্য চূর্ণ হইতেছে: সে পালন্দের ভন্নাংশ লইয়া কৈলাসীর মা পাচিকা ভাতের হাঁড়িতে জনাল দিতেছে—আর অরণ্যের বাকি कि? সকল জন্মলার উপর জন্মলা, আমি সেই যৌবনে যাহাকে সন্দর দেখিয়াছিলাম— এখন সে কুর্ণসিত। আমার প্রিয়বন্ধ, দাস, মিত্র, যৌবনের রূপে স্ফীতকণ্ঠ কপোতের ন্যায় সগবের্ব বেড়াইত-কত মাগী গঙ্গার ঘাটে, স্নানকালে তাহাকে দেখিয়া নমঃ শিবায় নমঃ বলিয়া ফুল দিত, "দাস, মিত্রায় নমঃ" বলিয়া ফুল দিয়াছে। এখন সেই দাস, মিত্র শুভককণ্ঠ, পলিত-কেশ, দন্তহীন, লোলচম্ম, শীর্ণকায়। দাসার একটা ব্রাণ্ডি আর তিনটা মারগা জলপানের মধ্যে ছিল,—এখন দাস্যু নামাবলীর ভয়ে কাতর, পাতে মাছের ঝোল দিলে, পাত ম,ছিয়া ফেলে। আর অরণ্যের বাকি কি?

গদার মাকে দেখ। যখন আমার সেই প্রেপাদ্যানে, তরঙ্গিণী নামে য্বতী ফ্ল চুরি করিতে যাইত, মনে হইত, নন্দনকানন হইতে সচল সপ্রক্ষ পারিজ্ঞাত বৃক্ষ আনিয়া কে ছাড়িয়া দিয়াছে। তাহার অলকদাম লইয়া উদ্যান-বায়, ক্রীড়া করিত, তাহার অগুলে কাঁটা বিধিয়া দিয়া, গোলাপ গছে রসকোল করিত। আর আজি গদার মাকে দেখ। বকাবিক করিতে করিতে চাল ঝাড়িতেছে —মলিনবসনা, বিকটদশনা, তীব্রসনা—দীর্ঘাঙ্গী, কৃষ্ণাঙ্গী, কৃশাঙ্গী, লোলচম্ম, পলিতকেশ, শক্তবাহ্র, কর্কশ-কণ্ঠ। এই সেই তর্রিঙ্গী—আর অরণ্যের বাকি কি?

তবে ভির বনে যাওয়া হবে না। তবে কি করিব? হিন্দুশাস্ত্রর বশবতী হইয়া কালিদাসও সর্বাপ্রান্ত্র বাদ্ধান রঘ্নগণের বাদ্ধাক্য মন্নিব্তির বাবস্থা করিয়াছেন। আমি নিশ্চিত বালতে পারি— কালিদাস চল্লিশ পার হইয়া রঘ্নবংশ লিখেন নাই। তিনি যে রঘ্নবংশ যৌবনে লিখিয়াছিলেন্

এবং কুমারসম্ভব চল্লিশ পার করিয়া লিখিয়াছিলেন, তাহা আমি দুইটি কবিতা উদ্ধার করিয়া দেখাইতেছি—

প্রথম অজবিলাপে.

"ইদম্ভেরিসতালকং ম্থং তব বিগ্রান্তকথং দ্রোতি মাম্। নিশি স্পুষিবৈকপৎকজং বিরতাভ্যন্তরষট্পদস্বনম্॥"*

এটি যৌবনের কামা। তার পর রতিবিলাপে.

> "গত এব ন তে নিবর্ত্তে স সখা দীপ ইবানিলাহতঃ। অহমস্য দশেব পশ্য মামবিসহাব্যসনেন ধূমিতাম্॥"†

এটি বুড়া বয়সের কালা।—

তা যাই হউক, কালিদাস ব্রুড়া বয়সের গোরব ব্রিঝলেও কখন ব্রুজের কপালে ম্র্নিবৃত্তি লিখিতেন না। বিস্মার্ক, মোল্ট্কেও ফ্রেডেরিক ব্রুড়া; তাঁহারা ম্র্নিবৃত্তি অবলম্বন করিলে —জম্মান ঐকজাত্য কোথা থাকিত? টিয়র প্রাচীন—টিয়র ম্র্নিবৃত্তি অবলম্বন করিলে ফ্রান্সের হ্বাধীনতা এবং সাধারণতন্ত্রাবলম্বন কোথা থাকিত? গ্লাড্ডোন এবং ডিপ্রেলি ব্রুড়া—তাঁহারা ম্র্নিবৃত্তি অবলম্বন করিলে পালিরামেন্টের রিফর্ম এবং আয়রিশ্ চচ্চের ডিসেন্টারিশমেন্ট কোথা থাকিত?

প্রাচীন বয়সই বিষয়ৈষার সময়। আমি অন্দ্র-দন্তহীন গ্রিকালের ব্যুড়ার কথা বলিতেছি না—
তাঁহারা দ্বিতীয় শৈশবে উপস্থিত। যাঁহারা আর যুবা নাই বলিয়াই ব্যুড়া, আমি তাঁহাদিগের
কথা বলিতেছি। যৌবন কন্মের সময় বটে, কিন্তু তখন কাজ ভাল হয় না। একে ব্যুদ্ধ
অপরিপক, তাহাতে আবার রাগ দ্বেষ ভোগাসন্তি, এবং স্ফ্রীগণের অনুসন্ধানে তাহা সতত
হীনপ্রভ; এজন্য মনুষ্য যৌবনে সচরাচর কার্যক্রম হয় না। যৌবন অতীতে মনুষ্য বহুদ্দার্শ,
স্থিববৃদ্ধি, লন্ধপ্রতিষ্ঠ, এবং ভোগাসন্তির অনধীন, এজন্য সেই কার্যকারিতার সময়। এই জন্য,
আমার পরামর্শ যে, বৃড়া হইয়াছি বলিয়া, কেহ স্বকার্য্য প্রিত্যাগ করিয়া মুনিবৃত্তির ভান
করিবে না। বাদ্ধক্যেও বিষয়িচিন্তা করিবে।

তোমরা বালবে, এ কথা বালতে হইবে না; কেহই জীবন থাকিতে ও শক্তি থাকিতে বিষয়-চেন্টা পরিত্যাগ করে না। মাতৃন্তনপান অবধি উইল করা পর্যান্ত আবালবৃদ্ধ কেবল বিষয়ান্বেষণে বিরত। সত্য, কিন্তু আমি সের্প বিষয়ান্বদানে বৃদ্ধকে নিযুক্ত করিতে চাহিতেছি না। যৌবনে যে কাজ করিয়াছি, সে আপনার জন্য; তার পর যৌবন গেলে যত কাজ করিবে, পরের জন্য। ইহাই আমার পরামর্শ। ভাবিও না যে, আজিও আপনার কাজ করিয়া উঠিতে পারিলাম না—পরের কাজ করিব কি? আপনার কাজ ফ্রায় না—যদি মন্যাজীবন লক্ষ বর্ষ পরিমিত হইত, তব্ আপনার কাজ ফ্রাইআছে, বিবেচনা করিয়া পরিহিতে রত হও। এই ম্নিব্তি যথার্থ ম্নিব্তি। এই ম্নিব্তি অবলম্বন কর।

যদি বল, বাদ্ধক্তিও যদি আপনার জন্য হউক, পরের জন্য হউক, বিষয়-কার্য্যে নিরত থাকিব, তবে ঈশ্বরচিন্তা করিব কবে?—পরকালের কাজ করিব কবে? আমি বলি, আশৈশব পরকালের কাজ করিবে, শৈশব হইতে জগদীশ্বরকে হৃদয়ে প্রধান স্থান দিবে। যে কাজ সকল কাজের উপর কাজ, তাহা প্রাচীন কালের জন্য তুলিয়া রাখিবে কেন? শৈশবে, কৈশোরে, যৌবনে, বাদ্ধক্যে, সকল সময়েই ঈশ্বরকে ডাকিবে। ইহার জন্য বিশেষ অবসরের প্রয়োজন নাই—ইহার

় তামার সেই স্থা বার্তাড়িত দীপের ন্যায় প্রলোকে গমন করিয়াছেন, আর ফিরিবেন না। আমি নিব্বাপিত দীপের দশাবং অসহা দঃখে ধ্মিত হইতেছি দেখ।

বায়্বশে অলকাগ্রিলন চালিত হইতেছে—অথচ বাকাহীন তোমার এই মূখ রাফিকালে প্রম্বিদত, স্তরাং অভ্যন্তরে ভ্রমর-স্পোন-রহিত একটি পশ্মের ন্যায় আমাকে ব্যথিত করিতেছে।

জন্য অন্য কোন কার্য্ব্যের ক্ষতি নাই। বরং দেখিবে, ঈশ্বরভক্তির সঙ্গে মিলিত হইলে সকল কার্য্যই মঙ্গলপ্রদ, বশস্কর এবং পরিশক্ষ হয়।

আমি ব্নিতে পারিতেছি, অনেকের এ সকল কথা ভাল লাগিতেছে না। তাঁহারা এতক্ষণ বালিতেছেন, তর্রাঙ্গণী য্বতাীর কথা হইতেছিল—হইতে হইতে আবার ঈশ্বরের নাম কেন? এই মাত্র বৃড়া বয়সের ঢে কি পাতিয়া বঙ্গদর্শনের জন্য ধান ভানিতেছিল—আবার এ শিবের গাঁত কেন? দোষ হইয়াছে স্বাকার করি, কিন্তু মনে মনে বোধ হয় যে. সকল কাজেই একট্ন একট্ন শিবের গাঁত ভাল।

ভাল হউক বা না হউক, প্রাচীনের জন্য উপায় নাই। তোমার তর্মাঙ্গণী হেমান্ত্রিনী স্বাক্তিশী কুর্মান্ত্রিনীর দল আর আমার দিকে ঘেণিবেব না। তোমার মিল, কোমত, দ্পেন্সর, ফ্রেরবাক মনোরঞ্জন করিতে পারে না। তোমার দর্শন, বিজ্ঞান, সকলই অসার—সকলই অন্ধের ম্গায়া। আজিকার বর্ষার দৃশ্দিনে—আজি এ কালরাত্রির শেষ কুলয়ে,—এ নক্ষত্রীন আমাবস্যার নিশির মেঘাগমে,—আমায় আর কে রাখিবে? এ ভবনদীর তপ্ত সৈকতে, প্রথববাহিনী বৈতরিণীর আবর্ত্তিষণ উপক্লে—এ দৃষ্ট্রর পারাবারের প্রথম তরঙ্গমালার প্রঘাতে, আর আমায় কে রক্ষা করিবে? আত বেগে প্রবল বাতাস বহিতেছে—অন্ধনর, প্রভা! চারি দিকেই অন্ধকার! আমার এ ক্ষ্মের জ্ঞো দৃশ্দুতের ভরে বড় ভারি হইয়াছে। আমায় কে রক্ষা করিবে?

भक्षम **मः**খ्या-कमलाकारखद विमाय

সম্পাদক মহাশ্য়!

বিদায় হইলাম, আর লিখিব না। বনিল না। আপনার সঙ্গে বনিল না, পাঠকের সঙ্গে বনিল না. এ সংসারের সঙ্গে আমার বনিল না। আপনার সঙ্গে আর আমার বনিল না। আর কি লেখা হয়? বেস্বরে কি এ বাঁশী বাজে? বাঁশী বাজি বাজি করে, তব্ব বাজে না—বাঁশী ফাটিরাছে। আবার বাজ দেখি, হদয়ের বংশী! হায়! তুই কি আর তেমনি করিয়া বাজিতে জানিস্? আর কি সে তান মনে আছে? না, তুই সেই আছিস—না আমি সেই আমি আছি, তুই ঘ্নে ধরা বাঁশী—আমি ঘ্নে ধরা—আমি ঘ্নে ধরা কি, কি ছাই তা আমি জানি না। আমার সে স্বর নাই—আর বাজাইব কি? আর সে রস নাই, শ্নিবে কে? একবার বাজ দেখি, হদয়! এই জগৎ সংসারে—বিধর, অর্থাচিন্তায় বিরত, মৃঢ় জগৎ সংসারে, সেইর্প আবার মনের ল্কান কথাগ্লি তেমনি করিয়া বল্ দেখি? বালিলে কেছ শ্নিবে কি? তখন বয়স ছিল—কত কাল হইল সে দপ্তর লিখিয়াছিলাম—এখন সে বয়স, সে রস নাই—এখন সে রস ছাড়া কথা কেছ শ্নিবে কি? আর সে বসস্ত নাই—এখন গলা-ভাঙ্গা কোকিলের কুহ্রব কেছ শ্নিবে কি?

ভাই, আর কথায় কাজ নাই—আর বাজিয়া কাজ নাই—ভাঙ্গা বাঁশে মোটা আওয়াজে আর কুরুর-রাগিণী ভাঁজিয়া কাজ নাই। এখন হাসিলে কেহ হাসিবে না—কাঁদিলে বরং লোকে হাসিবে। প্রথম বয়সের হাসিকান্নায় স্থ আছে—লোকে সঙ্গে সঙ্গে হাসে কাঁদে;—এখন হাসিকান্না। ছি!—কৈবল লোক হাসান!

হে সম্পাদককুলশ্রেণ্ঠ! আপনাকে স্বর্প বালতোছ—কমলাকান্তের আর সে রস নাই। আমার সে নসী বাব্ নাই—অহিফেনের অনটন—সে প্রসন্ন কোথায় জানি না—তাহার সে মঙ্গলা গাভী কোথায় জানি না। সত্য বটে, আমি তখনও একা—এখনও একা—কিন্তু তখন আমি একায় এক সহস্র—এখন আমি একায় আধখানা। কিন্তু একায় এত বন্ধন কেন? যে পাখীটি প্রিয়াছিলাম কবে মরিয়া গিয়াছে—তাহায় জন্য আজিও কাঁদি; যে ফুলটি ফুটাইয়াছিলাম—কবে শ্কাইয়াছে. তাহায় জন্য আজিও কাঁদি; যে জলবিম্ব, একবায় জলপ্রোতে স্বর্গরিশ্ম সম্প্রভাত দেখিয়াছিলাম—তাহায় জন্য আজিও কাঁদি। কমলাকান্ত অন্তরের অন্তরে সম্ম্যাসী—তাহায় এত বন্ধন কেন? এ দেহ পচিয়া উঠিল—ছাই ভঙ্গম মনের বাঁধনগালা পচে না কেন? ঘর প্রিয়া গেল—আগাননিভে না কেন? প্রকুর শ্কাইয়া আসিল—এ পঞ্চে পঞ্চজ ফুটে কেন? ঝড় থামিয়াছে—দরিয়ায় তুফান কেন? ফ্লাকাইয়াছে—এখনও—গন্ধ কেন? স্ব্ গিয়াছে—আশা কেন? স্ম্তি কেন? জাবিন কেন? ভালবাসা গিয়াছে—বন্ধ কেন? প্রাণ গিয়াছে—বিণ্ডদান কেন? কমলাকান্ত গিয়াছে—যে কমলাকান্ত চাঁদ বিবাহ করিত, কোকিলের সঙ্গে গায়িত, ফুলের বিবাহ

দিত, এখন আবার তার আফিঙ্গের বরান্দ কেন? বাঁশী ফাটিয়াছে—আবার সা. ঋ, গ, ম কেন? প্রাণ গিয়াছে, ভাই, আর নিশ্বাস কেন? সুখ গিয়াছে, ভাই, আর কামা কেন?

তব্ কাঁদি। জন্মিবা মাত্র কাঁদিয়াছিলাম, কাঁদিয়া মরিব। এখন কাঁদিব, লিখিব না।

অন্গত, স্বগত এবং বিগত শ্রীকমলাকান্ত চক্রবত্তী

কমলাকান্তের জোবানবন্দী

খোশনবীস জ্নিয়র প্রশীত

সেই আফিঙ্গখোর কমলাকান্তের অনেক দিন কোন সম্বাদ পাই নাই। অনেক সন্ধান করিয়াছিলাম, অকস্মাৎ সম্প্রতি একদিন তাহাকে ফৌজদারী আদালতে দেখিলাম। দেখি বে, রাম্মণ এক গাছতলায় বাসিয়া, গাছের গ্র্বড়ি ঠেসান দিয়া, চক্ষ্ব ব্রন্জিয়া ভাবায় তামাকু টানিতেছে। মনে করিলাম, আর কিছ্ব না, রাহ্মণ লোভে পড়িয়া কাহার ডিবিয়া হইতে আফিঙ্গ চুরি করিয়াছে—অন্য সামগ্রী কমলাকান্ত চুরি করিবে না—ইহা নিশ্চিত জানি। নিকটে একজন কালোকোন্তা কনেণ্টেবলও দেখিলাম। আমি বড় দাড়াইলাম না—িক জানি যদি কমলাকান্ত জামিন হইতে বলে। তফাতে থাকিয়া দেখিতে লাগিলাম বে, কান্ডটা কি হয়।

কিছ্কাল পরে কমলাকান্তের ডাক হইল। তখন একজন কনন্ডেবল র্ল ঘ্রাইয়া তাহাকে সঙ্গে করিয়া এজ্লাসে লইয়া গেল। আমি পিছ্ পিছ্ গেলাম। দাঁড়াইয়া, দুই একটি কথা শ্রনিয়া ব্যাপারখানা ব্রিক্তে প্রিলাম।

এজ্লাসে, প্রথামত মাচানের উপর হাকিম বিরাজ করিতেছেন। হাকিমটি একজন দেশী ধর্ম্মাবতার—পদে ও গৌরবে ডিপ্রটি। কমলাকান্ত আসামী নহে—সাক্ষী। মোকন্দমা গর্মুরি। ফরিয়াদী সেই প্রসন্ধ গোয়ালিনী।

কমলাকান্তকে সাক্ষীর কাটারায় প্রিয়া দিল। তখন কমলাকান্ত ম্দ্ মৃদ্ হাসিতে লাগিল। চাপরাশী ধমকাইল—"হাস কেন?"

কমলাকান্ত যোড়হাত করিয়া বলিল. "বাবা, কার ক্ষেতে ধান খেরেছি যে, আমাকে এর ভিতর পুরিলে?"

চাপরাশী মহাশয় কথাটা ব্ঝিলেন না। দাড়ি ঘ্রাইয় বলিলেন, "তামাসার জায়গা এ নয়
-হলফ পড়।"

কমলাকান্ত বলিল, "পড়াও না বাপ;।"

একজন মুহুরি তথন হলফ পড়াইতে আরম্ভ করিল। বলিল, "বল, আমি পরমেশ্বরকৈ প্রত্যক্ষ জানিয়া..."

क्रमलाकाछ। (र्जावस्त्राराः) कि वीनव?

মুহুরি। শুনুতে পাও না—"পরমেশ্বরকে প্রত্যক্ষ জেনে—"

কমলা। পরমেশ্বরকে প্রত্যক্ষ জেনে! কি সর্বনাশ!

হাকিম দেখিলেন, সাক্ষীটা কি একটা গণ্ডগোল বাধাইতেছে। জিল্ঞাসা করিলেন, "সর্ব্বনাশ কি?"

কমলা। পরমেশ্বরকে প্রত্যক্ষ জেনেছি-এ কথাটা বলতে হবে?

হাকিম। ক্ষতি কি? হলফের ফারমই এই।

কমলা। হ্জ্বর স্ববিচারক বটে। কিন্তু একটা কথা বলি কি, সাক্ষ্য দিতে দিতে দ্বই একটা ছোট রকম মিথ্যা বলি, না হয় বলিলাম—কিন্তু গোড়াতেই একটা বড় মিথ্যা বলিয়া আরম্ভ করিব, সেটা কি ভাল?

হাকিম। এর আর মিথ্যা কথা কি?

কমলাকান্ত মনে মনে বলিল, "তত বৃদ্ধি থাকিলে তোমার কি এ পদবৃদ্ধি হইত?" প্রকাশ্যে বলিল, "ধন্মাবতার, আমার একট্ব একট্ব বোধ হইতেছে কি যে, পরমেশ্বর ঠিক প্রত্যক্ষের বিষয়

बिष्कम ब्रह्मावनी

নর। আমার চোথের দোষই হউক আর যাই হউক, কখনও ত এ পর্যান্ত পরমেশ্বরকে প্রত্যক্ষ দেখিতে পাইলাম না। আপনারা বোধ হয় আইনের চসমা নাকে দিয়া তাঁহাকে প্রত্যক্ষ দেখিতে পারেন—কিন্তু আমি যখন তাঁহাকে এ ঘরের ভিতর প্রত্যক্ষ পাইতেছি না—তখন কেমন করিয়া বলি—আমি পরমেশ্বরকে প্রত্যক্ষ জেনে—"

ফরিয়াদীর উকীল চটিলেন—তাঁহার ম্লাবান সময়, যাহা মিনিটে মিনিটে টাকা প্রসব করে. তাহা এই দরিদ্র সাক্ষী নতা করিতেছে। উকীল তথন গরম হইয়া বলিলেন, "সাক্ষী মহাশয়!" Theological Lecture টা রাহ্মসমাজের জন্য রাখিলে ভাল হয় না? এখানে আইনের মতে চলিতে মন স্থির কর্ন।"

কমলাকান্ত তাঁহার দিকে ফিরিল। মৃদ্দ হাসিয়া বলিল, "আপনি বোধ হইতেছে উকীল।" উকীল। (হাসিয়া) কিসে চিনিলে?

ক্মলা। বড় সহজে। মোটা চেন আর ময়লা শামলা দেখিয়া। তা মহাশয়! আপনাদের জন্য এ Theological Lecture নয়। আপনারা পরমেশ্বরকে প্রত্যক্ষ দেখেন স্বীকার করি—
যখন মোয়াজেল আসে।

উকীল সরোবে উঠিয়া হাকিমকে বাললেন, ''I ask the protection of the Court against the insults of this witness.''

কোর্ট বলিলেন, "O Baboo! the witness is your own witness, and you are at liberty to send him away if you like."

এখন কমলাকান্তকে বিদায় দিলে উকীল বাব্র মোকন্দমা প্রমাণ হয় না—স্তরাং উকীল বাব্র চূপ করিয়া বসিয়া পড়িলেন। কমলাকান্ত ভাবিলেন, এ হাকিমটা জাতিভ্রন্ট—পালের মত নয়।

হাকিম গতিক দেখিয়া, মৃহ্বারিকে আদেশ করিলেন, যে, "ওথের প্রতি সাক্ষীর objection আছে—উহাকে simple affirmation দাও।" তখন মৃহ্বার কমলাকান্তকে বালল. "আছা. ও ছেডে দাও—বল, আমি প্রতিজ্ঞা করিতেছি—বল।"

কমলা। কি প্রতিজ্ঞা করিতেছি, সেটা জানিয়া প্রতিজ্ঞাটা করিলে ভাল হয় না? মুহুরি হাকিমের দিকে চাহিয়া বলিল, "ধর্ম্মাবতার! সাক্ষী বড় সের্কশ্।" উকীল বাবু হাকিলেন, "Very obstructive."

কমলাকান্ত। (উকীলের প্রতি) শাদা কাগজে দস্তখত করিয়া লওয়ার প্রথাটা আদালতের বাহিরে চলে জানি—ভিতরেও চলিবে কি?

উকীল। শাদা কাগজে কে তোমার দস্তথত লইতেছে?

কমলা। কি প্রতিজ্ঞা করিতে হইবে, তাহা না জানিয়া, প্রতিজ্ঞা করা, আর কাগজে কি লেখা হয় তাহা না দেখিয়া, দশুখত করা, একই কথা।

হাকিম তখন মুহুর্রিকে আদেশ করিলেন যে, "প্রতিজ্ঞা আগে ইহাকে শ্নাইয়া দাও— গোলমালে কাজ নাই।" মুহুর্রি তখন বলিল, "শোন, তোমাকে বলিতে হইবে যে, আমি প্রতিজ্ঞা করিতেছি যে, আমি যে সাক্ষ্য দিব, তাহা সত্য হইবে, আমি কোন কথা গোপন করিব না—সত্য ভিন্ন আর কিছু হইবে না।"

कमला। ७ मध् मध् मध् मध्।

ম,হ,রি। সে আবার কি?

কমলা। পড়ান, আমি পড়িতেছি।

ক্মলাকান্ত তখন আর গোলযোগ না করিয়া প্রতিজ্ঞা পাঠ করিল। তখন তাঁহাকে জিজ্ঞাসাবাদ করিবার জন্য উকীল বাব্ গাগ্রোখান করিলেন, কমলাকান্তকে চোখ রাঙ্গাইয়া বাললেন, "এখন আর বদ্মায়েশি করিও না—আমি যা জিজ্ঞাসা করি, তার যথার্থ উত্তর দাও। বাজে কথা ছাড়িয়া দাও।"

কমলা। আপনি যা জিজ্ঞাসা করিবেন, তাই আমাকে বলিতে হইবে? আর কিছু বলিতে পাইব না?

উकीम। ना।

কমলাকান্ত তখন হাকিমের দিকে ফিরিয়া বলিলেন, "অথচ আমাকে প্রতিজ্ঞা করাইলেন যে,

'কোন কথা গোপন করিব না।' ধর্ম্মাবতার, বে-আদাব মাফ হয়! পাড়ায় আজ একটা যাত্রা হইবে, শর্মানতে যাইব ইচ্ছা ছিল; সে সাধ এইখানেই মিটিল। উকীল বাব্ অধিকারী—আমি যাত্রার ছেলে, যা বলাইবেন, কেবল তাই বালব; যা না বলাইবেন, তা বালব না। যা না বলাইবেন, তা কাজেই গোপন থাকিবে। প্রতিজ্ঞা ভঙ্কের অপরাধ লইবেন না।"

হাকিম। যাহা আবশ্যক বিবেচনা করিবে, তাহা না জিজ্ঞাসা হইলেও বলিতে পার।

কমলাকান্ত তথন সেলাম করিয়া বলিল, "বহুৎ খুব।" উকীল তথন জিজ্ঞাসাবাদ আরম্ভ করিলেন, "তোমার নাম কি?"

कर्मला। श्रीकर्मलाकान्ड हक्तवन्ती।

উকীল। তোমার বাপের নাম কি?

কমলা। জোবানবন্দীর আভ্যুদিয়িক আছে না কি?

উকীল গ্রম হইলেন বলিলেন "হ্জ্র! এ সব Contempt of Court.'' হ্জ্রের, উকীলের দ্রন্দ্র্শা দেখিয়া নিতান্ত অসন্তুগ্ট নন—বলিলেন, "আপনারই সাক্ষী।" স্তরাং উকীল আবার কমলাকান্তের দিকে ফিরিলেন, বলিলেন, "বল। বলিতে হইবে।"

কমলাকান্ত পিতার নাম বলিল। উকীল তখন জিজ্ঞাসা করিলেন, "তুমি কি জাতি?"

কমলা। আমি কি একটা জাতি?

উকীল। তুমি কোন্ জাতীয়।

কমলা। হিন্দু জাতীয়।

উकील। आः! कान् वर्प?

কমলা। ঘোরতর কৃকবর্ণ।

উকীল। দুর হোক ছাই! এমন সাক্ষীও আনে! বলি তোমার জাত আছে?

क्मला। मात्र कः?

হাকিম দেখিলেন, উকীলের কথায় হইবে না। বলিলেন, "ব্রাহ্মণ, কায়স্থ, কৈবর্ত্ত, হিন্দরে নানা প্রকার জাতি আছে জান ত—তুমি তার কোন্ জাতির ভিতর?"

কমলা। ধন্মাবতার! এ উকীলেরই ধৃষ্টতা! দেখিতেছেন আমার গলায় যজ্ঞোপবীত, নাম বলিয়াছি চক্রবন্তী—ইহাতেও যে উকীল ব্বেন নাই যে, আমি ব্রাহ্মণ, ইহা আমি কি প্রকারে জ্ঞানিব?

হাকিম লিখিলেন, "জাতি ব্রাহ্মণ।" তথন উকীল জিজ্ঞাসা করিলেন, "তোমার বয়স কত?" এজ্লাসে একটা ক্লক ছিল—তাহার পানে চাহিয়া হিসাব করিয়া কমলাকাস্ত বলিল, "আমার বয়স একাল্ল বংসর, দুই মাস, তের দিন, চারি ঘণ্টা, পাঁচ মিনিট—"

উকীল। কি জ্বালা! তোমার ঘণ্টা মিনিট কে চায়?

কমলা। কেন. এইমাত্র প্রতিজ্ঞা করাইয়াছেন যে, কোন কথা গোপন করিব না।

উকীল। তোমার যা ইচ্ছা কর! আমি তোমায় পারি না। তোমার নিবাস কোথা?

কমলা। আমার নিবাস নাই।

উकील। र्वाल, वाफ़ी काथा?

कमला। वाड़ी मृद्रत थाक्, आमात अको कुठाती । नारे।

উকीन। তবে থাক কোথা?

কমলা। যেখানে সেখানে।

উকীল। একটা আন্ডা ত আছে?

क्रमला। ছिल, यथन नमी वाव, ছिल्लन। এथन आत नारे।

উकीन। এখন আছ কোথা?

কমলা। কেন, এই আদালতে।

উकीन। कान ছिल काथा?

কমলা। একথানা দোকানে।

হাকিম বলিলেন, "আর বকাবকিতে কাজ নাই—আমি লিখিয়া লইতেছি, নিবাস নাই। তারপর?"

উকীল। তোমার পেশা কি?

र्वाध्क्य ब्रह्मावली

কমলা। আমার আবার পেশা কি? আমি কি উকীল না বেশ্যা বে. আমার পেশা আছে?

উকীল। বলি, খাও কি করিয়া?

কমলা। ভাতের সঙ্গে ভাল মাখিয়া, দক্ষিণ হস্তে গ্রাস তুলিয়া, মূখে পূরিয়া গলাধঃকরণ করি।

উকীল। সে ডাল ভাত জোটে কোথা থেকে?

क्रमा। ज्यान् कारोलारे कारो, नरेल कारो ना।

উকীল। কিছ, উপাৰ্জন কর?

কমলা। এক পয়সাও না।

উকীল। তবে कि চুরি কর?

কমলা। তাহা হইলে ইতিপ্রেবে আপনার শরণাগত হইতে হইত। আপনি কিছু ভাগও পাইতেন।

উকীল তখন হাল ছাড়িয়া দিয়া, আদালতকে বলিলেন, "আমি এ সাক্ষী চাহি না। আমি ইহার জোবানবন্দী করাইতে পারিব না।"

প্রসন্ন বাদিনী, উকীলের কোমর ধরিল; বালল, "এ সাক্ষী ছাড়া ইইবে না। এ বামন সত্য কথা বালিবে, তাহা আমি জানি—কখনও মিছা বলে না। উহাকে তোমরা জিজ্ঞাসা করিতে জান না—তাই ও অমন করিতেছে। ও বামনের আবার পেশা কি? ও এর বাড়ী ওর বাড়ী খেরে বেড়ার, ওকে জিজ্ঞাসা করিতেছ, উপার্জন কর! ও কি বল্বে?"

উকীল তখন হাকিমকে বলিল, "লিখন, পেশা ভিক্ষা।"

এবার কমলাকান্ত রাগিল, "কি? কমলাকান্ত চক্রবন্তী' ভিক্ষোপজীবী? আমি মুক্তকণ্ঠে হলফের উপর বলিতেছি, আমি কখনও কাহারও কাছে এক পরসা ভিক্ষা চাই না।"

প্রসম আর থাকিতে পারিল না—সে বলিল, "সে কি ঠাকুর! কখন আফিঙ্গ চেয়ে খাও নাই?"

কমলা। দ্বে মাগি ধেমো গোয়ালার মেয়ে! আফিঙ্গ কি পরসা! আমি কখন একটি পরসাও কাহারও কাছে ভিক্ষা লই নাই।

হাকিম হাসিয়া বলিলেন, "কি লিখিব, কমলাকান্ত?"

কমলাকাস্ত নরম হইয়া বলিল, "লিখুন, পেশা ব্রাহ্মণভোজনের নিমন্ত্রণ সকলে হাসিল—হাকিম তাই লিখিয়া লইলেন।

তখন উকীল মহাশয় মোকন্দমায় প্রবৃত্ত হইলেন। জিজ্ঞাসা করিলেন, "তুমি কি ফরিয়াদীকে চেন?"

क्रमला। ना।

প্রসম হাঁকিল, "সে কি. ঠাকুর! চিরটা কাল আমার দ্বধ দই খেলে, আজ বল চিনি না?" কমলাকান্ত বালল, "তোমার দ্বধ দই চিনি না, এমন কথা ত বল্তেছি না—তোমার দ্বধ দই বিলক্ষণ চিনি। যথনই দেখি এক পোয়া দ্বধে তিন পোয়া জল, তথনই চিনিতে পারি যে, এ প্রসম্ম গোয়ালীর দ্বধ; যথনই দেখতে পাই যে, ঘোলের চেয়ে দই ফিকে, তথনই চিনতে পারি যে, এ প্রসম্ময়ীর দ্বধ। দ্বধ দই চিনি নে?"

প্রসম্ম নথ ঘ্রাইয়া বলিল, "আমার দুখে দই চেন, আর আমায় চিনিতে পার না?"

কমলাকান্ত বলিল, "মেয়েমান্যকে কে কবে চিনিতে পেরেছে দিদি? বিশেষ, গোয়ালার মেরের কাঁকালে যদি দুধের কে'ড়ে থাকিল, তবে কার বাপের সাধ্য তাকে চিনে উঠে?"

উকীল তখন আবার সওয়াল করিতে লাগিলেন, "ব্ঝা গেল: তুমি বাদিনীকৈ চেন—উহার সঙ্গে তোমার কোন সম্বন্ধ আছে?"

क्रमला। प्रम्म नम्- এত গ্র্ণ ना থাকিলে कि উकील হয়!

উকীল। তুমি আমার কি গুণ দেখিলে?

কমলা। বামনের ছেলে গোয়ালার মেয়েতেও আপনি একটা সম্বন্ধ খ্রিজয়া বেড়াইতেছেন। উকীল। এমন সম্বন্ধ কি হয় না? কে জানে তুমি ওর পোষাপুত্র কি না?

कमला। अत नम्न, किन्तु अत गाইरम्ब वरहे।

উকীল। ব্ঝা গোল. তোমার সঙ্গে বাদিনীর একটা সম্বন্ধ আছে. একেবারে সাফ বালিলেই হইত—এত দুঃখ দাও কেন? এখন জিজ্ঞাসা করি, তুমি এ মোকন্দমার কি জান?

কমলা। জানি যে, এ মোকন্দমায় আপনি উকীল, প্রসন্ন ফরিয়াদী, আমি সাক্ষী, আর এই

নেডে আসামী।

উকীল। তা নয়, গোর্ডুরির কি জান?

কমলা। গোর চুরি আমার বাপ-দাদাও জানে না। বিদ্যাটা আমার শিখাইবেন?—আমার দ্বধ দধির বড় দরকর।

উকীল। আঃ—বলি গোর চুরি দেখিয়াছ?

क्रमा। এक दिन एर्गिश शिष्टामा । नभी वार् इ अक्टो वक् ना-अक दिंग भू हि-

উকীল। কি ফল্রণা! বলি, প্রসন্ন গোয়ালিনীর গোর যখন চুরি যায়, তখন তুমি দেখিয়াছ?

কমলা। না—চোর বেটার এত বৃদ্ধি হয় নাই যে, আমাকে ডাকিয়া সাক্ষ্ণী রাখিয়া গোর্টা চুরি করে। তাহা হইলে আপনারও কাজে সুবিধা হইত, আমারও কাজের সুবিধা হইত।

প্রসম দেখিল, উকীলকে টাকা দেওয়া সার্থক হয় নাই—তখন আপনার হাতে হাল লইবার ইচ্ছায়, উকীলের কালে কালে বলিয়া দিল, "ও বাম্ন সব কিছুর সাক্ষী নয়—ও কেবল গোর্চেনে।"

উকীল মহাশয় তখন ক্ল পাইলেন। গজিজায়া উঠিয়া জিজ্ঞাসা করিলেন, "তুমি গোর চেন?"

কমলাকান্ত মধ্বর হাসিয়া বলিল, "আহা, চিনি বই কি—নহিলে কি আপনার সঙ্গে এত মিষ্টালাপ করি?"

হাকিম দেখিলেন, সাক্ষী বড় বাড়াবাড়ি করিতেছে—বাললেন, "ও সব রাখ।" প্রসন্ন গোয়ালীর শামলা গাই আদালতের সম্মুখে মাঠে বাঁধা ছিল—দেখা যাইতেছিল। ডিপ্র্টি বাব্ সেই দিকে চাহিয়া জিজ্ঞাসা করিলেন, "তুমি এই গোর্টিকে চেন?"

কমলাকাস্ত যোড়হাত করিয়া বলিল, "কোন্ গোর ্টি, ধন্ম বিতার?"

হাকিম বলিলেন, "কোন্ গোর্টি কি? একটি বই ত সামনে নাই?"

कमना। आर्थान प्रिंथर उरहन, वकि जामि प्रिंथर जीह, अरेनकग्रीन।

হাকিম বিরক্ত হইয়া বলিলেন, "দেখিতে পাইতেছ না-ঐ শামলা?"

কমলাকান্ত শামলা গাইয়ের দিকে না চাহিয়া উকীলের শামলার প্রতি চাহিল। বলিল, "এ শামলাও চুরির না কি?"

কমলাকান্তের নন্টামি হাকিম আর সহ্য করিতে পারিলেন না—বলিলেন, "তুমি আদালতের কাজের বড় বিঘা করিতেছ—Contempt of Court জন্য তোমার পাঁচ টাকা জরিমানা।"

কমলাকান্ত আভূমিপ্রণত সেলাম করিয়া যোড়হাত করিয়া বলিল, "বহুং খুব হুজুর! জরিমানা আদায়ের ভার কার প্রতি?"

হাকিম। কেন?

কমলা। কির্পে আদায় করিবেন, সে বিষয়ে তাঁহাকে কিছ্ব উপদেশ দিব।

হাকিম। উপদেশের প্রয়োজন কি?

কমলা। ইহলোকে ত আমার নিকট জরিমানা আদায়ের কোন সম্ভাবনা নাই—তিনি পরলোকে যাইতে প্রস্তুত কি না জিল্পাসা করিব।

হাকিম। জরিমানা না দিতে পার, কয়েদ যাইবে।

কমলা। কত দিনের জন্য, ধর্ম্মবিতার?

হাকিম। জরিমানা অনাদারে এক মাস কয়েদ।

कमला। प्रदेशाम द्रा ना?

হাকিম। বেশী মিয়াদের ইচ্ছা কর কেন?

কমলা। সময়টা কিছ্ মন্দ পড়িয়াছে—ব্রাহ্মণভোজনের নিমন্ত্রণ আর তেমন স্কৃত নয়— জেলখানায় যাহাতে মাস দ্ই ব্রাহ্মণভোজনের নিমন্ত্রণ হয়, সে ব্যবস্থা যদি আপনি করেন, তবে গরীব ব্রাহ্মণ উদ্ধার পায়।

बिष्कम तहनावली

এরপে লোককে জরিমানা বা কয়েদ করিয়া কি হইবে? হাকিম হাসিয়া বলিলেন, "আচ্ছা, তুমি যদি গোল না করিয়া সোজা জোবানবন্দী দাও, তবে তোমার জরিমানা মাপ করা শাইতে পারে। বল—ঐ গোর তুমি চেন কি না?"

হাকিম তথন একজন কনন্দেইবলকে আদেশ করিলেন যে, গোর্র নিকট গিয়া প্রসন্নের গাই দেখাইয়া দেয়। কনন্দেইবল তাহাই করিল। বিষয় উকীল বাব্ তখন জিজ্ঞাসা করিলেন, "ঐ গোর্ তৃমি চেন?"

कमला। সিংওয়ালা গোর—তাই বল্ন।

উকীল। তুমি বল কি?

কমলা। আমি বলি শামলাওয়ালা—তা যাক্—আমি সিংওয়ালা গোর্টা চিনি। বিলক্ষণ আলাপ আছে।

উকীল। ও কার গোর;?

কমলা। আমার।

উকীল। তোমার!

কমলা। আমারই।

হরি হরি! প্রসমের মুখ শুকাইল! উকীল দেখিল, মোকদ্দমা ফাঁসিয়া যায়। প্রসম তখন তম্জনি গম্জনি করিয়া বলিল, "তবে রে বিট্লে! গোরু তোমার!"

কমলাকান্ত বলিল, "আমার না ত কার! আমি ওর দুর্ধ খেয়েছি, ওর দুই খেয়েছি—ওর ঘোল খেয়েছি, ওর ছানা খেয়েছি—ওর মাখন খেয়েছি, ওর ননী খেয়েছি—ও গোর, আমার হলো না, তই বেটী পালিস ব'লে কি তোর বাবার গোর, হলো!"

উকীল অতটা ব্রিলেন না। বলিলেন, "ধ্রুমাবতার, witness hostile! permission দিন, আমি ওকে cross করি।"

কমলা। কি? আমায় cross করিবে?

উকীল। হাঁ, করিব।

কমলা। নৌকায়, না সাঁকো বেংধে?

উকীল। সে আবার কি?

কমলা। বাবা! কমলাকান্ত-সাগর পার হও. এত বড় হন্মান্ তুমি আজও হও নাই। এই বলিয়া কমলাকান্ত চক্রবন্তী রাগে গর্ গর্ করিয়া কাটরা হইতে নামিয়া যায়—চাপরাশী ধরিয়া আবার কাটরায় প্রিল। তখন কমলাকান্ত আল্ব থাল্ব হইয়া নিশ্চেট হইল—বিলল, "কর বাবা কুস্ কর!—আমি অগাধ সম্দ্র পড়িয়া আছি—যে ইচ্ছা সে লম্ফ দাও—'অপামিবাধারমন্ত্রক্ষং!—উকিল মহাশ্র! এ প্রশান্ত মহাসম্দ্র তরঙ্গ বিক্ষেপ করে না আপনি স্বচ্ছলে উল্লম্ফন কর্ন।"

উকীল তথন কোঁটকৈ বলিলেন, "ধর্মাবতার, দেখা যাইতেছে যে. এ ব্যক্তি বাতুল; ইহাকে আর কুস্ করিবার প্রয়োজন নাই। বাতুল বলিয়া ইহার জোবানবন্দী পরিত্যক্ত হইবে। ইহাকে বিদায় দেওয়া হউক।"

হাকিম কমলাকান্তের হাত হইতে নিষ্কৃতি পাইলে বাঁচেন, বিদায় দিতে প্রস্তুত, এমত সময়ে প্রসন্ন হাত যোড় করিয়া আদালতে নিবেদন করিল. "যিদ হুকুম হয়, তবে আমি স্বয়ং উহাকে গোটা কত কথা জিজ্ঞাসা করি, তার পর বিদায় দিতে হয়, দিবেন।"

হাকিম কোত্রলী হইয়া অন্মতি দিলেন। প্রসন্ন তখন কমলাকান্তের প্রতি চাহিয়া বলিল, "ঠাকুর! মোতাতের সময় হয়েছে না?"

কমলা। মোতাতের আবার সময় কি রে বেটী— অজরামরবং প্রান্তঃ বিদ্যাং নেশাঞ্চ চিন্তরেং।"

প্রসম। অং বং এখন রাখ—এখন মৌতাত করিবে?

কমলা। দে!

প্রসন্ম। আচ্ছা, আগে আমার কথার উত্তর দাও—তার পর সে হবে।

क्यला। তবে अन्नि अन्नि वन-अन्नि अन्नि जवाव पिरे।

প্রসম। বলি, গোর কার?

কমলা। গোর তিন জনের; গোর প্রথমে বয়সে গ্রমহাশয়ের; মধ্যবয়সে স্নীজাতির; শেষ বয়সে উত্তর্রাধকারীর; দড়ি ছি'ড়িবার সময়ে কারও নয়।

প্রসন্ন। বলি, ঐ শামলা-গাই কার?

কমলা। যে ওর দুধ খায় তার।

প্রসন্ন। ও গোর, আমার কি না?

কমলা। তুই বেটী কখন ওর এক বিন্দ্র দূখে খেলি নে, কেবল বেচে মর্রাল, গোর্র তোর হলো? ও গোর্র যদি তোর হয়, তবে বাঙ্গাল বেঙেকর টাকাও আমার। দে বেটী, গোর্টোরকে ছেড়ে দে—গরীবের ছেলে দূখে খেয়ে বাঁচুক।

হাকিম দেখিলেন, দুই জনে বড় বাড়াবাড়ি করিতেছে—আদালত মেছো-হাটা হইয়া উঠিল। তথন উভয়কে ধমক দিয়া, জিজ্ঞাসাবাদ নিজহস্তে লইলেন। জিজ্ঞাসা করিলেন. "প্রসন্ন এই গোরার দুধে বেচে?"

কমলা। আজে, হাঁ।

"উহার গোহালে এই গোর, থাকে?"

কমলা। ও গোর,ও থাকে, আমিও কখন কখন থাকি।

"ওই খাওয়ায়?"

কমলা। উভয়কে।

বাদিনীর উকীল তথন বালিলেন, "আমার কার্য্য সিদ্ধ হইয়াছে—আমি উহাকে আর জিজ্ঞাসা করিতে চাই না।" এই বালিয়া তিনি উপবেশন করিলেন। তথন আসামীর উকীল গাগ্রোখান করিলেন। দেখিয়া কমলাকান্ত জিজ্ঞাসা করিলেন, "আবার তুমি কে?"

আসামীর উকীল বলিলেন. "আমি আসামীর পক্ষে তোমাকে ক্রস্ করিব।"

কমলা। একজন ত ক্রস্ করিয়া গেল, আবার তুমি কুমার বাহাদ্র এলে না কি?

উকীল। কুমার বাহাদ্রর কে?

কমলা। রাজপত্তকে চেন না? তেতা যুগে আগে কুস্ করিলেন, প্রনাক্ষর মহাশয়। তার পর কুস্ করিলেন, কুমার বাহাদুর।*

উकीन। ७ नव ताथ-पूर्विम लात्र, एक वर्लाइ-किएन एकत?

কমলা। কখন শিঙ্গে—কখন শামলায়!

উকীল রাগিয়া উঠিয়া, গঙ্জন করিয়া, টেবিল চাপড়াইয়া বলিলেন, "তোমার পাগলামি রাখ—তুমি এই গোর, চিনিতে পারিতেছ কিসে?"

कमला। खे शम्वा-त्रत।

উকীল হতাশ হইয়া বলেন, "Hopeless" উকীল মহাশয় বসিয়া পড়িলেন—আর জেরা করিবেন না। কমলাকান্ত বিনীতভাবে বলিল, "দড়ি ছে'ড কেন, বাবা?"

উকীল আর জেরা করিবেন না দেখিয়া হাকিম কমলাকাস্তকে বিদায় দিলেন। কমলাকাস্ত উদ্ধর্মাসে পলাইল। আমি কিছু কাজ সারিয়া বাহিরে আসিয়া দেখিলাম যে, কমলাকাস্ত থেলো হুকা হাতে করিয়া বাসয়া আছে—চারি দিকে লোক জমিয়াছে—প্রসমও সেখানে আসিয়াছে কমলাকাস্ত তাহাকে তিরস্কার করিতেছে আর বালতেছে, "তোর মঙ্গলার বাঁটের দিব্য, তোর দ্ব্যের কে'ড্রে দিব্য, তোর ঘোলমউনির দিব্য, তোর ফাঁদি-নথের দিব্য, তুই বাদি চোরকে গোর্বছেড়ে না দিস্!"

আমি জিজ্জাসা করিলাম, "চক্রবত্তী মহাশয়! চোরকে গোর ছাড়িয়া দিবে কেন?"

কমলাকান্ত বলিল, "পূর্বকালে মহারাজ শোনজিংকে এক রাহ্মণ বলিয়াছিল যে, 'বংস. গোপন্বামী_ও তন্কর, ইহাদের মধ্যে যে ধেন্র দৃদ্ধ পান করে, সেই তাহার ষথার্থ অধিকারী। অনোর তাহার উপর মমতা প্রকাশ করা বিজন্বনা মাত্র।† এই হলো ভীন্মদের ঠাকুরের Hindu Law, আর ইহাই এখনকার ইউরোপের International Law। যদি সভ্য এবং উন্নত হইতে চাও, তবে কাড়িয়া খাইবে। গো শব্দে ধেন্ই বৃঝ আর প্থিবীই বৃঝ, ইনি তন্করভোগা।।

^{*} অঙ্গদ।

[†] শান্তিপৰ্ব, ১৭৪ অধ্যায়।

बिष्क्य ब्रह्मावली

সেকন্দর হইতে রণজিং সিংহ পর্যান্ত সকল তদ্করই ইহার প্রমাণ। Right of Conquest যদি একটা right হয়, তবে Right of theft, কি একটা right নয়? অতএব হৈ প্রসন্ম নামে গোপকন্যে! তুমি আইনমতে কার্য্য কর। ঐতিহাসিক রাজনীতির অনুবন্তী হও। চোরকে গোর ছাড়িয়া দাও।"

এই বলিয়া কমলাকান্ত সেখান হইতে চলিয়া গেল। দেখিলাম, মানুষটা নিতান্ত ক্ষেপিয়া

গিয়াছে।

খোশনবীস্ জর্নিয়র।

পরিশিন্ট

কাকাতৃয়া

প্রীকমলাকান্ত চক্রবর্ত্তী প্রণীত

মাস পাঁচ ছয় হইল, একদিন প্রাতে স্নানাদিক্রিয়াসম্পন্ন করিয়া কিণ্ডিং গর্ড ছোলা খাইয়া বিসিয়া তামাকু টানিতেছি, এমন সময় প্রসন্ন গোয়ালিনী আসিয়া উপস্থিত। স্-বামহস্ত কোমরন্থিত সাধ্ভাশ্ড জড়াইয়া রহিয়াছে, পোড়া ডান হাতে একটা পাখীর খাঁচা। খাঁচাটা অতি সাবধানে মাটিতে রাখিয়া প্রসন্ন বসিল। রকম দেখিয়া আমি জিজ্ঞাসা করিলাম, কত রঙ্গই জান?

প্রসন্ন উত্তর করিল-কেন, রঙ্গ আবার কি দেখিলে?

আমি। তোমার সব দৃধে দই আমাকে না দিয়া পাঁচজনকে বেচিয়া বেড়াও. এই ত এক রঙ্গ। আবার এতদিনের পর নৃতন পাখী কেন?

প্র। নতেন প্রোতন আবার কি? আমি ত আর কখন পাখী প্রিষ নাই।

আ। সৈ কি প্রসন্ন? আর কখন পাখী পোষ নাই কি? আমিই যে তোমার খাঁচার পাখী —তোমার ঐ পরম ভাশ্ডের মধ্যে আমি শ্রীকমলাকান্ত চক্রবন্তী ক্ষীরোদশয্যাশায়ী অনন্ত প্রব্যের ন্যায় সদাই যোগমুদ্ধ। ঐ ক্ষীরাধার ভাশ্ড আমার অনন্তশয্যার্পী খাঁচা। আমি ঐ খাঁচার ক্ষীরপায়ী পক্ষী। তাই বলি, আবার একটা পাখী কেন?

প্র। দেখিলাম পাখীটা আর একটা পাখীর বাসায় ঢ্বাকিতে গিয়া ঠোকর খাইয়া মাটিতে পড়িয়া ধড়ফড় করিতেছে। দেখিয়া বড় দঃখ হইল: তাই পাখীটাকে খাঁচায় পর্বারয়া আনিলাম।

আ। যে পরের বন্ধু লইবার জন্য অনিধিকার-প্রবেশের চেষ্টা করে, তাহার জন্য আবার দ্বঃখ কি? সে ত ঘোর অত্যাচারী! পিনালকোডের ৫১১ ধারান্সারে সে ঝোল আনা চুরি এবং অনিধিকার-প্রবেশের দায়ে দায়ী, তা জানিস্!

প্র। অমন কথা বল না! ওর কিছু নাই বলিয়াই অমন অসাহসের কাজ করিতে গিয়াছিল। আহা! যার নাই, তাকে যদি লোকে না দেবে ত সে কোথায় যাবে—আমরা মেয়েমান্য এই তব্বি।

প্রসম্প্রের মূথে দান দাতব্যের কথা বড়ই ভয়াবহ। আমার এককালে ভয় এবং রাগের সঞ্চার হইল। গ্রম হইয়া বলিলাম—

তবে ব্রিঝ ওই পাখীটাকে তোর যথাসব্বাস্ব দিবি? আমি ব্রিঝ আমার এই দ্বন্ধপ্রুট তনুখানি গঙ্গাজলে ভাসাইয়া দিব?

প্র। ও কি রকম কথা? আমি কি তোমাকে তাই কর্তে বল্ছি?

আ। নয়ই বা কেন? ঐ পাখীটাই যদি তোর সব দ্বাধ দই খেলে, তবে আমি বাতাস খেয়ে থাক্ব না Huxley সাহেবের protoplasm খেয়ে থাক্ব?

প্র। কেন, তুমিই খাবে, ও-ও খাবে।

আ। না, প্রসন্ন, কমলাকান্ত সর্রিকতে নাই।

প্র। সে আবার কি?

আ। ভাগাভাগিতে আমি নাই। দায়ভাগের ভাগাভাগির ভয়ে আমি সংসারধম্মই করিলাম না। আবার তোর ভাঁডেও ভাগাভাগি? প্র। কেন, তুমিই ত সে দিন কত দান ধম্মের কথা, কত হোমান্টি মটরস্টের কথা বল্ছিলে?

আ। সে পরকে শেখাবার জন্য।

প্র। ও মা, সে কি গো! আপুনার বেলা লুীলাখেলা পাপপুণা পরের বেলা!

আ। প্রসন্ন, কমলাকান্তের জাতিকে তুই এখনও চিনিস্ নাই। তা সে সব কথা যাক্। পাখীটাকে ছেড়ে দে।

প্র। তা হবে না। যাকে একবার ঠাঁই দিয়েছি তাকে তাড়াতে পার্ব না।

আ। সেটা ত তোদের জাতিরই ধর্ম্ম নয়?

এবার প্রসন্ন রাগিল। ব**লিল**—

কি, বামণ, তুমি ধর্ম্ম ধর্ম কর? তোমার মতন দুর্ম্ম ব ত ভূ-ভারতে নাই। তোমার কাছে আবার মানুষ আসে?

এই বলিয়া প্রসন্ন উঠিল। প্রতাহ প্রাতে আমাকে যে দুখটুকু দেয় তাহা না দিয়াই চলিল। দুখ চলিয়া যায় দেখিয়া আমি রাগে কাঁপিতে কাঁপিতে বলিলাম—আচ্ছা, আমিও একটা পাখী পুর্ষিব, আমার যা কিছু আছে সব তাকে দিব। প্রসন্ন ফিরিয়া দাঁড়াইয়া খাঁচাটা মাটীতে রাখিয়া দক্ষিণ হস্ত নাড়িয়া আমাকে বলিল—আচ্ছা, আমিও এই বলে যাচিচ, যে দিন তুমি পাখীকে পোষমানাতে পার্বে, সেই দিন আমি আমার এই দুধের কে'ড়ে ভেঙ্গে ফেল্ব।

এই বলিয়া প্রসন্ন খাঁচাটা তুলিয়া লইয়া ঠিকুরে বেরিয়ে গেল। কে'ড়ের দুখে চল্কে কাপড় বাহিয়া পড়িতে লাগিল। O what a fall was there!

আমি क्रमभाव विलम्त ना कविया পाशीत मन्नारन वाश्ति रहेलाम। अरनक ध्रीतलाम, अरनक পাখীর দোকানে গেলাম। কোথাও মনের মতন পাখী পাইলাম না। শেষে এক দোকানে একটি পাখী মনোনীত হইল, কিন্তু তথনই দামের কথা মনে পড়িল। আমি শ্রীকমলাকান্ত চক্রবন্তী, আমার ত একটি প্রসাও নাই; তবে কি বলিয়া পাখী কিনিতে আসিলাম? কিছু অবসন্ন इटेलाभ: किन्नु ज्थनटे मत्न इटेल या कमलाकात्म्यत प्रताम क्सम्मन अन्यनिर्वाणिक लाक आह्न? আর সম্বলহান হইয়াও কে না বড় বড় সওদার চেষ্টায় ফিরিতেছে? কে না বড় বড় পদ, লম্বা লম্বা খেতাবের জন্য ঘ্ররিয়া বেড়াইতেছে? কিন্তু তাহারা কেহই ত লম্জা, অপমান, ঘৃণা, কিছুই অনুভব করে না! তবে আমিই কেন লিজ্জত হই? এইরূপ ভাবিতে ভাবিতে আসিতেছি এমন সময় একটা কর্কশ শব্দ শনিতে পাইলাম। শব্দটা এইর পূ- Platcetud, Plateetud, Plateetud, বারন্বার এই অশ্রতপূর্ব শব্দ শ্রনিয়া কারণ জানিবার ইচ্ছা হইল। খ্রাজিতে খ্রাজিতে এক দরিদ্র মুসলমানের বাড়ীতে আসিলাম। উকি মারিয়া দেখিলাম উঠানে এক কচ্ছহীন বীরপুরেষ কতকগুলা মুগা জবাই করিতেছে-রক্তের স্রোত বহিয়া যাইতেছে। একখানা ঘরের দাবায় একটা স্ত্রীলোক পড়িয়া ছট্ফট্ করিতেছে, এবং বিষম যন্ত্রণাস্ত্রক চীংকার করিতেছে। ঘরের চালে ডাঁড়ে বিসয়া একটা পাখী একবার সেই রক্তের স্লোত দেখিতেছে. একবার সেই স্ত্রীলোকটাকে দেখিতেছে এবং আহ্মাদে উদ্মন্ত হইয়া নৃত্য করিতেছে। এক একবার স্থালোকটাকে ঠোক রাইবার চেষ্টা করিতেছে, এবং ঘর্রিয়া ফিরিয়া Plateetud, Plateetud করিতেছে। আমি গৃহস্বামীকে ভাকিলাম। গৃহস্বামী বাহিরে আসিলে তাহাকে জিজ্ঞাসা করিলাম—তোমার বাড়ীতে কাহার কোন পীড়া হইয়াছে?

গ্-স্বা। হাঁ, আমার স্থার হাঁট্রতে বড় একটা বেদনা হইয়াছে। আমি সেইজন্য বড় বিপাকে পড়িয়াছি। আমার বাড়ীতে আজ দশজন লোক খাবে, আর এই বিপদ।

আ। আমি একটা ঔষধ দিতেছি: জলে গ্রনিয়া হাঁট্রতে মালিশ করিয়া দেও, শীঘ্র আরাম হইবে। কিন্তু আমাকে কি দিবে?

গ্- স্বা। আপনি কি চান?

আ। ঐ পাখীটা।

গ্-স্বা। এথনি লইয়া যান। ওটাকে আমি খুব যত্ন করিয়া আনিয়াছিলাম, কিন্তু মহাশয়, এখন ওটা আমার ছেলেপিলেকে ঠুক্রে ঠুক্রে মারিয়া ফেলিতেছে। আপনি এখনই লইয়া যান।

তখন আমি বিষম গোলে পড়িলাম। আফিঙ্গ দিই কেমন করিয়া? যে আফিঙ্গ দেবাস্বরে

সমন্দ্র মন্থন করিয়া, স্থির সারভূত পদার্থস্বর্প লাভ করিয়া আমি লোভ-পরিশ্না সংসার-বিরাগী বলিয়া আমার জিম্মায় রাখিয়াছেন, সে আফিঙ্গ দিই কেমন করিয়া? কিন্তু না দিলেও নয়। প্রসমের কাছে আগে মুখ রাখা চাই, সেই দুখ দেয়। দেবাস্বরে আমাকে এক ছিলিম তামাকুও দেয় না। স্তরাং ক্ষণেক ইতঃস্ততঃ করিয়া অবশেষে চক্ষ্য ব্রিজয়া ছোট্ট একটি গ্রিল গৃহস্বামীর হাতে দিয়া পাখীটা লইয়া চলিয়া আসিলাম। কাজটা মন্দ করিলাম কি? উপকার করিয়া তাহার ম্লাস্বর্প পাখীটা লইলাম। কে না লয়? ডাব্ডার মহাশরেয়া দরিদ্র রোগীর নিকট হইতে fee লয়েন না? উকিল মহাশয়েয়া নিঃস্ব মোয়াক্লেলের নিকট হইতে fee লয়েন না? রাজপ্রের্ধেয়া দরিদ্র গৃহস্থের নিকট হইতে টেক্স লয়েন না? কুলকামিনীয়া দরিদ্র স্বামীর নিকট হইতে খোরপোষ লয়েন না? তবে আমিই কি এমন ভয়ানক কাজ করিলাম?

সেই দিন সন্ধ্যার পর আফিঙ্গ খাইয়া পাখীর ডাঁড়টা সামনে ঝুলাইয়া তামক খাইতে বিসলাম। ক্রমে আফিঙ্গ চড়িয়া উঠিল। তখন শ্নিলাম পাখীটা বালতেছে—আমাকে কেন তেমন জায়গা হইতে এখানে আনিলে? Plateetud, Plateetud।

আ। তুমি এই যে বেশ কথা কহিতে পার! তোমার নাম কি, বাড়ী কোথা?

পা। আমার নাম কাকাতুয়া, অর্থাৎ, তুয়া কাকা। তোমাদিগকে uncleship দিখাইবার নিমিন্ত আমার এ প্রদেশে আগমন। Plateetud, Plateetud।

আ। তুমি তবে এ দেশীয় নও? তোমার বাড়ী কোথা?

পা। আপাততঃ এখান হইতে অনেক পশ্চিমে।

আ। আগে কোথায় থাক্তে?

পা। সে অনেক কথা। শ্রনিবে কি?

আ। শ্রনিব। আজ কাল অনেকে প্রাতত্ত্ব চর্চ্চা করিয়া খ্ব সস্তাদরে নাম কিন্চে দেখি যদি আমিও কিছু করিতে পারি।

পা। শানিয়া আমাকে ছাড়িয়া দিবে বল?

আ। সে পরের কথা। আগে শুনি।

পা। আমি পাখী নই। আমি পশ্। বহুকাল প্রের্ব কৃষ্ণসাগরের নিকট আমার বাস ছিল। তখন আমি শ্কর ছিলাম। পাঁক ঘাঁটিতাম, পাঁক মাখিতাম, পাঁক খাইতাম। ক্রমে সেখানে মনুষ্যনামা এক প্রকার দ্বিপদবিশিষ্ট হিংস্ত্রক জস্তু দেখা দিল। এবং পাঁকাল মাছ মনে করিয়া আমাদিগকে ধরিয়া খাইতে লাগিল।

আ। শুকরকে পাঁকাল মাছ মনে করিল কেমন করে?

পা। শ্করও পাঁক ঘাঁটে, পাঁকাল মাছও পাঁক ঘাঁটে। অতএব শ্কর এবং পাঁকাল মাছ এক।

আমার Whately's Logic জানা ছিল, ফস্ করে বলিলাম—ওটা যে fallacy of undistributed middle হল।

পা। Tut, fal-la-cy of un-dis-tri-bu-ted mid-dle! ও ত logic-এর কথা। Antiquities -এর সহিত logic-এর সম্পর্ক কি? দিন কতক Antiquities চন্দ্রা কর, Weber সাহেবের গ্রন্থ পড়, তাহা হইলে আর কিছু আট্কাবে না, ও রকম খট্কা হবে না। দ্বিপদগণের তাড়নার আমরা পলাইতে লাগিলাম। যত পলাই ততই শীত, আর ততই আমাদের গায়ে বড় বড় লোম দেখা দিতে লাগিল। Plateetud; Plateetud।

আ। সেটা কি রকম করিয়া হইল?

পা। দেখ কথায় কথায় ছল ধরিলে প্রোতত্ত্ব শেখা যায় না। শিবের কপালে চোক হইল কেমন করিয়া? গণেশের ঘাড়ে হাতীর ম্বত্যু হইল কেমন করিয়া? হিমালয় পর্বতিটা দ্র্গার বাপ হইল কেমন করিয়া? কুমারী মেরীর গভে যীশ্রীভেটর জক্ম হইল কেমন করিয়া? এ সব প্রাণের কথা, কে না বিশ্বাস করে? তবে প্রাতত্ত্বের বেলা এত খট্কা কেন? দেখ প্রাণ আর প্রাতত্ত্ব একই জিনিস। উভয়েই প্রা কবিস্বায়। একস্বের কি চমংকার প্রমাণ দেখ দেখি! তবে দ্ইটি শক্ষের শেষ ভাগে যে একটা প্রভেদ দেখিতে পাও, সে কেবল প্রতায় ভেদে ঘটিয়াছে।

আ। তুমি সে সংস্কৃত ব্যাকরণও জান দেখিতেছি।

পা। আমি জানিব না ত কি তুমি জানিবে? সংস্কৃত ব্যাকরণ আমাদের পশ্চিমাণ্ডল হইতে ভারতবর্ষে আসিয়াছে, তা জান? আমি নিশ্চয় করিয়া বালতে পারিতেছি না, বই কাছে নাই, কিন্তু আমার বোধ হয় Weber সাহেবের গ্রন্থে একথারও প্রমাণ পাওয়া যাইতে পারে।

আ। কোবিদবর! বলিয়া যান্!

পা। পলাইতে পলাইতে শেষে আমরা সম্দ্রমধ্যান্থত একটা গিরিগ্রহায় ঢ্রকিয়া রক্ষা পাইলাম। সেখানে খ্ব শীত। সেই শীতে আমাদের ভূ'ড়ো পেট কু'ক্ড়ে গেল—আমরা সিংহ হইরা গেলাম। এই দেখ সেই সিংহের কেশর আমার ঘাড়ে উচ্চ ঝোটন আকারে বিরাজমান।

আ। আবার সেই রকম fallacy হল না?

পা। দেখ, এই মাত্র তোমাকে ব্রুঝাইয়া দিলাম, এ সকল প্রোতত্ত্ব, ইহাতে fallacy কোন ক্রমেই হইতে পারে না, তুমি সে সব কথা ইহারই মধ্যে ভুলিয়া গিয়াছ? তোমাকে আর শ্নাইয়া কি করিব, আমি ক্ষান্ত হইলাম।

আ। দেখ, তুমি রাগ করিও না, আমি একট্ব একট্ব আফিঙ্গ খাই বলিয়া সকল সময় আমার সব কথা মনে থাকে না।

পা। ওঃ! তুমি আফিঙ্গ খাও। তবে ত আমি তোমার একজন পরম স্কৃৎ, প্রধান শ্ভান্ধ্যারী। আমি নিজে আফিঙ্গ খাই না বটে, আফিঙ্গ খেলে আমার পেট ফাঁপে, কিন্তু আফিঙ্গখোর মাত্রই আমার শ্লেহের বস্তু, আমার পোষ্যপত্ত বলিলেও হয়। তবে শূন।

যখন সিংহ ছিলাম তথন মধ্যে মধ্যে গৃহা হইতে নিষ্ঠান্ত হইয়া নিকটস্থ একটা দেশে আহার সংগ্রহ করিতে যাইতাম। কিন্তু শীঘ্রই সে দিকে কাঁটা পড়িল। একটা ভূতের মেয়ে এক দিন এমনি আমাদের লেজ মৃচড়াইয়া দিয়াছিল যে, লেজগৃলা একেবারে চেপটা হইয়া গেল, আর সে দিকে যাইতে সাহস হইল না। কাজেই পেটের জন্মলায় আপনাপনি খাইতে আরম্ভ করিলাম। বাধ হয় এই রকম করিয়া সমস্ভ সিংহকুল নিঃশোষত হইয়া যাইত। কিন্তু "ভাগাবানের বোঝা ভগবান্ বয়"; ভাগাবলে আমাদের গায় পালক দেখা দিল। আমরা সাদা সাদা ডানা বিস্তার করিয়া সমৃদু পার হইয়া এ দেশে ওদেশে যাইতে লাগিলাম। যেখানে উত্তম আহারের সম্ভাবনা দেখিলাম, সেইখানে বাসা নিশ্মণি করিতে আরম্ভ করিলাম। যে প্রতিবাদী হইল, তাহাকে মারিয়া ফেলিলাম, অথবা তাড়াইয়া দিলাম। Plateetud; Plateetud।

আ। এদেশেও কি বাসা নিশ্মাণ করিয়াছ?

পা। করিয়াছি, কিন্তু পাকা পোক্ত রকম নয়।

আ। নয় কেন?

পা। এখানে এত বেশী খাই যে, শীঘ্র উদরাময় জ্বান্দিয়া যায়, বাড়ীতে না গেলে সারে না। আর গুহার ভিতর সঞ্চিত আহার লুকাইবার সুবিধাও খুব।

আ। আচ্ছা, তোমার দুইটি বই পা দেখিতেছি না। আর দুইটি পা কি হইল?

পা। সে বড় দুঃথের কথা, কাহাকেও বলিও না। সংক্ষেপে বলি—ইচ্ছানন্দপ্র নামক স্থানে একটা দ্বিপদবিশিষ্ট জ্বন্থুর বাসায় আহারের লোভে প্রবেশ করিয়াছিলাম। জন্তুটা আমাকে ধরিয়া আমার একটা পা কাটিয়া দিল। এবং মহানন্দপ্র নামক আর এক স্থানে এর্প কারণে আর একটা পা কাটা গিয়াছে! অতএব আমি পক্ষির্পে একটি পশ্ন। Plateetud, Plateetud।

এই সময় প্রসম্ন গোয়ালিনী সেখানে না থাকায় আমার বড়ই আপসোস হইল। থাকিলে শ্রনাইয়া দিতাম, পরের ঘরে ল্বকোচুরি খেলা কি রকম লাভের কাজ। পরে পাখীটাকে জিজ্ঞাসা করিলাম—তুমি কি ও Plateetud, Plateetud কর?

পা। এদেশে আসা অবধি আমি Plateetud বলিতে বড় ভালবাসি।

আ। কথাটার কোন অর্থ আছে কি?

পা। আছে বৈ কি। কথাটা plantain শব্দ হইতে উৎপন্ন।

আ। ব্ৰিয়াছি, তুমি Plantain খাইতে ভালবাস বলিয়া সৰ্বাদা Plateetud, Plateetud

পা। তা নয়; আমি এদেশের যথাসর্ব্বন্দ্ব লনুঠিয়া খাইতেছি। কাজেই দেশের দ্বিপদবিশিষ্ট

र्वाष्क्रम क्रानावली

জন্তুগ্র্লার ভাগ্যে plantain বই আর কিছ্ই থাকে না। তাহাদিগের edification-এর জন্য Plateetud বলি। ব্রুবেল ?

আ। আহা তুমি কি প্রোপকারী!

পা। তার প্রমাণ ঐ নীচে দেখ।

দেখিলাম ডাঁড়ের নীচে, মেজের উপর পিপীলিকার ন্যায় অসংখ্য ক্ষর্দ্র ক্ষর্দ্র ক্ষর্ কল্
কিল্ করিয়া বেড়াইতেছে। পাখীকে জিজ্ঞাসা করিলাম—ও সব ত পিপীলিকা দেখিতেছি।
ওখানে তোমার প্রোপ্কারিত্বের প্রমাণ কই?

পা। উহারা পিপীলিকার ন্যায় ক্ষুদ্র বটে, দেখিতেও প্রায় পিপীলিকা, কিস্তু উহারা পিপীলিকা নয়। উহাদিগকে বঙ্গজ বলে। ঐ দেখ আমার ডাঁড় থেকে এক ফোঁটা দ্বধ পড়িল আর বঙ্গজগুলা কিল্ কিল্ করিয়া মারামারি ঠেলাঠেলি করিয়া ঐ দ্বধটুকু খাইতে আসিল। আমার ডাঁড় হইতে যে দ্বই এক ফোঁটা দ্বধ পড়ে তাই খাইয়া উহারা জীবনধারণ করে। আমি উহাদের উপকারক নই?

আ। শুবু উপকারক? যখন তুমি উহাদের উদর চালাইতেছ, তখন তুমি উহাদের প্রাণপ্রবুষ, জীবাত্মা, পরমাত্মা, প্রেতাত্মা, হস্তা, কর্ত্তা, বিধাতা, সবই, কেন না উহারা উদরময় উদরসব্বাস্ব। আচ্ছা, উহাদের মধ্যে ঐ যে কতকগলার বড় বড় মাথা দেখিতেছি উহারা কে? উহাদের মাথা অত বড় কেন?

পা। মাথা বড় নয়। আমার কাছে মাথা খ্রিড়িয়া খ্রিড়িয়া উহারা মাথা ফ্লাইয়া ফেলিয়াছে। উহারাই প্রকৃত ব্রিদ্ধমান্। দেখিতেছ না উহারা ক্ষুদ্র ক্ষুদ্র শাস্ত শিষ্ট স্বজাতীয়-দিগকে মারিয়া ধরিয়া, তাড়াইয়া দিয়া আমার ডাঁড়ের নীচে দাঁড়াইয়া মাথা নাড়িয়া আমাকে কত সেলাম করিতেছে এবং আমার প্রসাদের সারাংশ সংগ্রহ করিয়া দ্রেছিত ক্ষুদ্র ক্ষুদ্র বঙ্গজের দলে প্রবেশ করিয়া মাথা উন্নত করিয়া বেডাইতেছে?

আ। এ তোমার বড় অন্যায়। তুমি ছোট ছোট কৃশাঙ্গগ্নিলকে যত্ন না করিয়া মোটা মোটা-গ্রন্থাকে অনুগ্রহ কর?

পা। দেখ, আমি প্রকৃতপক্ষে কাহাকেও যত্ন কি অনুগ্রহ করি না। আমার সমস্ত যত্ন এবং অনুগ্রহ আমাতেই অপিত। তবে, মোটা মাথাগনলো আমাকে খুব সেলাম করে এবং বিভীষদের ন্যায় আপনাদের ঘরের সমস্ত কথা আমাকে বিলয়া দেয়, তাই উহাদিগকে দনুধের উপর দুই একটা ছোলার খোসা দিয়া থাকি। Platectud।

আ। ওরা কি দানা খেতে কিছ্ব ভালবাসে?

পা। দানা নয়, খোসা, খোসা, খোসা, তার বেশী হজম করিবার ক্ষমতা উহাদের নাই। তবে এখন আমাকে ছাড়িয়া দাও। আমার ইতিহাস শ্নিলে ত?

আ। কেন, তুমি কোথায় যাবে?

পা। আমি সেই মুসলমানের বাড়ীতে গিয়া থাকিব।

আ। কেন, এখানে তোমার কিসের কণ্ট?

পা। এখানে ত মুগাঁ জবাই দেখিতে পাইব না, ছোট ছেলের নেড়া মাথা ঠোক্রাইতে পাইব না। এখানে কি সুখে থাকিব? আমাকে ছাড়িয়া দেও—আমি তোমাকে সর্বদা আফিঙ্গ সরবরাহ করিব— $Plateetud_1$

আ। সে ভাল কথা, কিন্তু দুই চারি দিন আমি তোমাকে ছাড়িব না—আমার একট্ জিল আছে।

প্রসম বলিয়া উঠিল—কি ঠাকুর, ছাড়িবে না. পোষ মানাবে? ঐ দেখ তোমার পাখী কট্ করে শিক্লি কেটে উড়ে গোল।

আমি চমকিয়া উঠিলাম। কিণ্ডিং অপ্রতিভ হইয়া বলিলাম—কে ও, প্রসন্নময়ি, কি মনে করে?

প্র। আর আদরে কাজ নাই। চল দুখ নেবে চল।

আ। এস। কিন্তু আগে একটা কাজ কর ত। ঐ ঝাঁটা গাছটা দিয়া বঙ্গজগ্নলাকে ঝাঁটাইয়া ফেলিয়া দেও ত।

গোয়ালিনী মাগী তাহাই করিল।

মুচিরাম গুড়ের জীবনচরিত

প্রথম পরিচ্ছেদ

মনুচিরাম গন্তু মহাশয় এই জগৎ পবিত্র করিবার জন্য, কোন্ শকে জন্মগ্রহণ করিয়াছিলেন, ইতিহাস তাহা লেখে না। ইতিহাস এর্প অনেকপ্রকার বদমাইশি করিয়া থাকে। এ দেশে ইতিহাসের সাক্ষাৎ পাওয়া যায় না, নচেৎ উচিত ব্যবস্থা করা যাইত।

যশোদা দেবীর গর্ভে সাফলরাম গ্রুড়ের ঔরসে তাঁহার জন্ম। ইহা দ্বঃথের বিষয় সন্দেহ নাই; কেন-না, উচ্চবংশের কথা কিছুই বালতে পারা গেল না। তবে ইহা বলা যাইতে পারে যে, তিনি রাজাণকুলোদ্ভব। গ্রুড় শ্রনিয়া কেহ মনে না করেন যে, তিনি মিষ্টবিশেষ হইতে জন্মিয়াছিলেন।

সাফলরাম গ্রুড় কৈবর্ত্তের রাহ্মণ ছিলেন। তাঁহার নিবাস সাধ্ভাষায় মোহনপল্লী, অপর ভাষায় মোনাপাড়া। মোহনপল্লী ওরফে মোনাপাড়ায় কেবল ঘর কতক কৈবর্ত্তের বাস। গ্রুড় মহাশর মোনাপাড়ায় একমাত্র রাহ্মণ—যেমন এক চন্দ্র রজনী আলোকময়ী করেন, যেমন এক স্থাই দিনমণি, যেমন এক বার্ত্তাকুদম্ধ গ্রুড় মহাশয়ের অল্লরাশির উপর শোভা করিতেন, তেমনি সাফলরাম এক রাহ্মণ মোহনপল্লী উজ্জ্বল করিতেন। প্রান্ধশান্তিতে কাঁচা পাকা কদলী, আতপ তন্তুল এবং দক্ষিণা, বন্ধী মাকালের প্রজায়, অল্লপ্রান্দিতে নারিকেল নাড়্, ছোলা, কলা আদি তাঁহার লাভ হইত। স্বৃতরাং ষাজনিক্রায় তাঁহার বিশেষ মনোযোগ ছিল। তাঁহারই ঐশ্বর্যের উত্তরাধিকারী এবং তদন্তির্জিত রম্ভাভোজনের হক্দার হইয়া মুচিরাম শ্রুক্ষণে জন্মগ্রহণ করিলেন।

জন্মগ্রহণের পর মুচিরাম দিনে দিনে বাড়িতে লাগিলেন। দেখিরা যশোদা, সেটা বালকের অসাধারণ পৌর্ষের লক্ষণ বিবেচনা করিয়া, অতিশয় গব্দানিবতা হইলেন। যথাকালে মুচিরামের অন্তর্শান হইল। নামকরণ হইল মুচিরাম। এত নগেল্র গজেল্র চন্দুভ্ষণ বিধ্ভূষণ থাকিতে তাঁহার মুচিরাম নাম হইল কেন, তাহা আমি সবিশেষ জানি না, তবে দুষ্ট লোকে বলিত যে, যশোদা দেবীর যোবনকালে কোন কালো-কালো কোঁক্ড়াচুল নধরশরীর মুচিরাম দাস নামা কৈবর্তপ্ত্র তাঁহার নয়নপথের পথিক হইয়াছিল, সেই অহিধি মুচিরাম নামটি যশোদার কাণে মিণ্ট লাগিত।

যাহাই হউক. যশোদা নাম রাখিলেন মুচিরাম। নাম পাইয়া মুচিরাম শর্ম্মা দিনে দিনে বাড়িতে লাগিলেন। ক্রমে "মা", "বাবা", "দ্ব", "দে" ইত্যাদি শব্দ উচ্চারণ করিতে শিখিলেন। তাহার অসাধারণ ধীশাক্তির বলে মিছাকাল্লায় এক বংসর পার হইতে না হইতেই সুপশ্ডিত হইলেন। তিন বংসর যাইতে না যাইতেই গ্রুরুভোজনে দোষ উপস্থিত হইল এবং পাঁচ বংসর যাইতে না যাইতেই মহামতি মুচিরাম মাকে পিতৃ উচ্চারণ করিতে এবং বাপকে শালা বালতে শিখিলেন। যশোদা কাঁদিয়া বালতেন, এমন গুণের ছেলে বাঁচ্লে হয়।

পাঁচ বংসরে সাফলরাম গ্রুড় মহাশয় কিছ্ম গোলে পড়িলেন। যশোদা ঠাকুরাণীর সাধ, পাঁচ বংসরে প্রের হাতে খড়ি হয়। সর্ধানাশ! সাফলরামের তিন প্রের্ষের মধ্যে সে কাজ হয় নাই। মাগী বলে কি? যে দিন কথা পড়িল, সে দিন সাফলরামের নিদ্রা হইল না।

যম্নার জল উজান বহিতে পারে, তব্ গৃহিণীর বাক্য নড়িতে পারে না। স্তরাং সাফলরাম হাতে খড়ির উদ্যোগ দেখিতে লাগিলেন; কিন্তু দুর্ভাগ্যবশতঃ তিন ক্রোশের মধ্যে পাঠশালা বা গ্রন্থ মহাশয় নাই। কে লেখাপড়া শিখাইবে? সাফলরাম বিষয়বদনে বিনীতভাবে যশোদা দেবীর শ্রীপাদপন্মে এই সম্বাদ-স্থানবিদিত হইলেন। যশোদা বলিলেন, "ভাল, তুমি কেন আপনিই হাতে খড়ি দিয়া ক, খ শিখাও না।" সাফলরাম একট্ ম্লান হইরা বলিলেন, "হাঁ, তা আমি পারি, তবে কি জান, শিষ্যসেবক যজমানের জনলায়—আজি কি রায়া হইল?" শানিবামার যশোদা দেবীর মনে পড়িল, আজি কৈবর্তেরা পাতিলেব্ দিয়া গিয়াছে। বলিলেন, "অধঃপতে মিন্সে—" এই বলিয়া পতিপ্রপ্রাণা যশোদা দেবী বিষয়মনে সজলনয়নে পাতিলেব্ দিয়া পান্তা ভাত খাইতে বসিলেন।

ALTERNATION OF THE PARTY OF THE

बिष्क्य ब्रह्मावली

অগত্যা মন্চিরাম অন্যান্য বিদ্যা অভ্যাসে সান্রাণ হইলেন। অন্যান্য বিদ্যার মধ্যে—"পরা অচরা চ"—গাছে ওঠা, জলে ডোবা, এবং সন্দেশ চুরি। কৈবর্ত্ত যজমান্দিগের কল্যানে গন্ডের ধরে সন্দেশের অভাব নাই। নারিকেলসন্দেশ এবং অন্যান্য সে সকল জাতীয় সন্দেশের সঙ্গে ছানার সাক্ষাৎ বা অসাক্ষাৎ কোন প্রকার সন্বন্ধ নাই, যাহা সন্দেশে মন্চিরামের ঘরে থাকিত, সে সকল মন্চিরামের বিদ্যাভ্যাসের কারণ হইল। কৈবর্ত্তের ছেলেদের সঙ্গে মন্চিরামের প্রত্যহ একটি ন্তন কোনল ইউভ—শানা গিয়াছে, কৈবর্ত্তি দিগের ঘরেও খাবার চুরি যাইত।

নবম বংসরে মাচিরামের উপনয়ন হইল। তার পর সাফলরাম এক বংসর প্রিয়তম পাত্রকে সন্ধ্যা আহিক শিখাইলেন। এক বংসরে মাচিরাম সন্ধ্যা আছিক শিখিয়াছিলেন কি না, আমরা জানি না। কেন না, প্রমণাভাব। তার পর মাচিরাম কখন সন্ধ্যা আছিক করেন নাই।

তংপরে একদিন সাফলরাম গ্রুড় অকস্মাৎ ওলাওঠারোগে প্রাণত্যাগ করিল।

দ্বিতীয় পরিচ্ছেদ

যশোদার আর দিন যায় না। যজমানদিগের পৌরোহিত্য কে করে? কৈবর্ত্তেরা আর এক ঘর বামন আনিল। যশোদা অলকষ্টে—ধান ভানিতে আরম্ভ করিলেন।

যখন মুচিরামের বয়স দশ বংসর, কৈবর্ত্তেরা চাঁদা করিয়া একটা বারোইয়ারি প্রা করিল। যাত্রা দিবার জন্য বারোইয়ারি; কৈবর্ত্তেরা শস্তা দরে হারাণ অধিকারীকে তিন দিনের জন্য বায়না করিয়া আনিয়া, কলাগাছের উপর সরা জনালিয়া, তিন রাত্রি যাত্রা শ্রনিল। মুচিরাম এই প্রথম যাত্রা শ্রনিল। যাত্রার গান, যাত্রার গলপ অনেক শ্রনিয়াছিল—কিন্তু একটা আন্ত-যাত্রা এই প্রথম শ্রনিল; চ্ড়া ধড়া ঠেঙ্গা লাঠি সহিত সাক্ষাং কৃষ্ণ এই প্রথম দেখিল। আহ্রাদ উছলিয়া উঠিল। নিশিষ্টত সম্বাদ রাখি যে, পর্রাদন মুচিরাম, গালাগালি মারামারি বা চুরি বা মাতাকে প্রহার, এ সকলের কিছ্ইে করে নাই।

মন্চিরামের একটা গন্দ ছিল, মন্চিরাম সন্কণ্ঠ। প্রথম দিন যাত্রা শন্নিরা বহু যত্নে একটা গানের মোহাড়াটা শিখিয়াছিল। পরদিন প্রভাত হইতে মাঠে মাঠে সেই গান গাইয়া ফিরিতে লাগিল। দৈবাৎ হারাণ অধিকারী লোটা হাতে, প্রক্রারণীতে হস্তমন্থপ্রক্রালনাদির অন্বরোধে যাইতেছিলেন—প্রভাতবায়্পরিচালিত হইয়া মন্চিরামের সন্স্বর অধিকারী মহাশরের কাণের ভিতর গেল। কাণে যাইতে যাইতে মনের ভিতর গেল,—মনের ভিতর গিয়া, কল্পনার সাহায়ে টাকার সিন্দন্কের ভিতরেও প্রবেশ করিল। অধিকারী মহাশরের নিকট গলার আওয়াজ, টাকার আওয়াজে পরিণত হয়়। সে দোষে অধিকারী মহাশয় একা দোষী নহেন—জিজ্ঞাসা করিলে অনেক উকীল মহাশয়েরা ইহার কিছু নিগাড় তত্ত্ব বালয়া দিতে পারিবেন। তাঁহাদের কাছেও গলার আওয়াজ টাকার আওয়াজে পরিণত হয়। উকীলবাবন্দেরই বা দোষ কি—Glorious British Constitution! হায়়। গলাবাজি সার!

অধিকারী মহাশয়—মান্বের সঙ্গে প্রেম করেন না—ির্রিটশ পালির্রামেন্টের মত এবও কুরঙ্গিশীসদৃশ, মন্বাকণ্টেই মৃদ্ধ—অতএব তিনি হাত নাড়িয়া ম্চিরামকে ডাকিলেন। ম্চিরাম আসিল। তাহার পরিচয় জিজ্ঞাসা করিয়া বলিলেন, "তুমি আমার যাত্রার দলে থাকিবে?"

ম কিরাম আহ্মাদে আটখানা। মাকে জিজ্ঞাসার অপেক্ষা রাখিল না—তথনই সঙ্গে যায়। কিন্তু অধিকারী মনে করিল যে, পরের ছেলে না বলিয়া লইয়া যাওয়া কিছু নয়। অতএব ম কিরামকে সঙ্গে করিয়া তাহার মার নিকট গেল।

শৃনিরা যশোদা বড় কাঁদা কটো আরম্ভ করিল—সবে একটি ছেলে—আর কেহ নাই—িক প্রকারে ছাড়িয়া দিবে? এদিকে আবার অল জুটে না—যদি একটা খাবার উপায় হইতেছে—কেমন করিয়াই বা না বলে? বিধাতা কি আর এমন স্যোগ করিয়া দিবেন? আমি না দেখিতে পাই, তব্ ত ম্টিরাম ভাল খাইবে, ভাল থাকিবে, ভাল পরিবে। যশোদা যাত্রাওয়ালার দ্বঃখ জানিত না। অগত্যা পাঁচ টাকা মাসিক বেতন রফা করিয়া যশোদা ম্টিরামকে হারাণ অধিকারীর হস্তে সমর্পণ করিল। তার পর আছাড়িয়া পড়িয়া প্রামীর জন্য কাঁদিতে লাগিল।

ম্চিরাম গ্ডের জীবনচরিত

ভৃতীয় পরিচ্ছেদ

মন্চিরাম অম্পদিনেই জানিল বে, যাত্রাওয়ালার জীবন সন্থের নয়। যাত্রাওয়ালা কেবল কোনিকলের মত গান করিয়া ভালে ভালে মনুকুল ভোজন করিয়া বেড়ায় না। অম্পদিনে মন্চিরামের শরীর শীর্ণ হইল। এ গ্রাম ও গ্রাম ছটোছন্টি করিতে করিতে সকল দিন আহার হয় না; রাত্রি জাগিয়া প্রাণ ওপ্টাগত; চুলের ভারে মাথায় উকুনে ঘা করিল; গায়ে খড়ি উড়িতে লাগিল; অধিকারীর কাণমলায় কাণমলায় দ্ই কাণে ঘা হইল। শৃধ্ব তাই নয়; অধিকারী মহাশয়ের পাটিপিতে হয়, তাঁকে বাতাস করিতে হয়, তামাক সাজিতে হয়, আরও অনেক রকম দাসত্ব করিতে হয়। অম্পদিনেই মন্টিরামের সোলার মেঘ বাম্পরাশিতে পরিশত হইল।

মন্চিরামের আরও দর্ভাগ্য এই যে, বর্ন্ধিটা বড় তীক্ষ্ম নহে। গীতের তাল যে, প্রক্রিণী-তীরস্থ দীর্ঘ ব্যক্ষ ফলে না, ইহা বর্নিতে তাহার বহুকাল গেল। ফলে তালিমের সময়ে তালের কথা পড়িলে, মন্চিরাম অন্যমনস্ক হইত—মনে পড়িত, মা কেমন তালের বড়া করে!— মন্চিরামের চক্ষ্ম দিয়া এবং রসনা দিয়া জল বাহিয়া যাইত।

আবার গান মুখস্থ করা আরও দায়—কিছুতেই মুখস্থ হইত না—কাণমলায় কাণমলায় কাণ রাঙ্গা হইয়া গেল। স্তরাং আসরে গায়িবার সময়ে পিছন হইতে তাহাকে বলিয়া দিতে হইত। তাহাতে মধ্যে মধ্যে বড় গোল বাঁধিত—সকল সময়ে ঠিক শুনিতে বা ব্বিত্ত পারিত না। একদিন পিছন হইতে বলিয়া দিতেছে—

"নীরদকুন্তলা—লোচনচণ্ডলা দর্যতি স্কুদররূপং"

মন্চিরাম গারিল—"নীরদ কুন্তলা—" থামিল—আবার পিছন হইতে বলিল, "লোচনচণ্ডলা"—
মন্চিরাম ভাবিয়া চিন্তিয়া গায়িল, "লন্চি চিনি ছোলা"। পিছন হইতে বলিয়া দিল, "দর্ধতি
সন্দরর্পং"—মন্চিরাম না ব্নিয়য়া গায়িল, "দবিতে সন্দেশ র্পং"। সেদিন আর গায়িতে
পাইল না।

মন্চিরামকে কৃষ্ণ সাজিতে হইত—কিন্তু কৃষ্ণের বক্তব্য সকল তাহাকে পিছন হইতে বলিয়া দিতে হইত—"আ—বা—আ—বা ধবলী"টি মন্খন্থ ছিল। একদিন মানভঞ্জন যাত্রা হইতেছে—পিছন হইতে মন্চিরামকে বক্তৃতা শিখাইয়া দিতেছে। কৃষ্ণকে বলিতে হইবে, "মানময়ির রাধে! একবার বদন তুলে কথা কও।" মন্চিরাম সবটা শন্নিতে না পাইয়া কতক দ্র বলিল, "মানময়ির রাধে, একবার বদন তুলে—" সেই সময়ে বেহালাওয়ালা ম্দঙ্গীর হাতে তামাকের কল্কে দিয়া বলিতেছিল, "গন্তৃক খাও—" শন্নিয়া মন্চিরাম বলিল, "রাধে—একবার বদন তুলে গন্তৃক খাও।" হাসির চোটে যাত্রা ভাঙ্গিয়া গেল।

মন্চিরাম প্রথমে ব্রিকতে পারিল না—হাসি কিসের—যাত্রা ভাঙ্গিল কেন? কিন্তু যখন দেখিল, আধিকারী সাজঘরে আসিয়া একগাছা বাঁক সাপটিয়া ধরিয়া, তাহার দিকে ধাবমান হইলেন, তখন ম্রিচরাম হঠাৎ ব্রিকল যে, এই বাঁক তাহার প্ষ্ঠদেশে অবতীর্দ হইবার কিছু গ্রুর্তর সম্ভাবনা—অতএব ক্থিত পৃষ্ঠদেশ স্থানাস্তরে লইয়া যাওয়া আশ্রু প্রয়োজন। এই ভাবিয়া ম্রিচরাম অকস্মাৎ নিষ্কান্ত হইয়া নৈশ অন্ধকারে অন্তহিত হইল।

অধিকারী মহাশয় বাঁকহস্তে তংপশ্চাং নিন্দ্রান্ত হইয়া, তাহাকে না দেখিতে পাইয়া, তাহার ও তাহার পিতৃপিতামহ, মাতা ও ভাগনীর নানাবিধ অযশ কীর্ত্তন করিতে লাগিলেন। ম্বিচরামও এক বৃক্ষান্তরালে থাকিয়া অস্ফ্রট্সবরে অধিকারী মহাশয়ের পিতৃমাতৃ সম্বন্ধে তদ্রুপ অপবাদ রটনা করিতে লাগিল। অধিকারী ম্বিচরামের সন্ধান না পাইয়া, সাজঘরে গিয়া বেশ তাাগ করিয়া, বার র্দ্ধ করিয়া শয়ন করিয়া রহিলেন। দেখিয়া ম্বিচরাম বৃক্ষছায়া ত্যাগ করিয়া, ব্দধারসমীপে দাঁড়াইয়া অধিকারীকে নানাবিধ অবক্তব্য কদর্য্য ভাষায় মনে মনে সম্বোধন করিতে লাগিল; এবং উভয় হস্তের অস্কুঠ উখিত করিয়া তাহাকে কদলীভোজনের অনুমতি করিল। তৎপরে র্দ্ধ কবাটকে বা কবাটের অন্তর্জান্ম্যিত অধিকারীর বদনচন্দ্রকে একটি লাখি দেখাইয়া, ম্বিচরাম ঠাকুরবাড়ীর মন্দিরের রোয়াকে গিয়া শয়ন করিয়া রহিল।

প্রভাতে উঠিয়া অধিকারী মহাশর গ্রামান্তরে যাইবার উদ্যোগ করিতে লাগিলেন। শুনিলেন,

মন্চিরাম আইসে নাই—কেহ কেহ বলিল, তাহাকে খাজিয়া আনিব? অধিকারী মহাশয় গালি দিয়া বলিলেন, "জন্ট্তে হয়, আপনি জন্ট্বে. এখন আমি খাজে বেড়াতে পারি নে।" দয়ালন্চিত্ত বেহালাওয়ালা বলিল, "ছেলেমান্ম—যদি নাই জন্ট্তে পারে—আমি খাজে আনিব।" অধিকারী ধমকাইলেন—মনে মনে ইচ্ছা, মন্চিরামের হাত হইতে উদ্ধার পান, এবং সেই সঙ্গে তাহার পাওনা টাকাগন্লি ফাঁকি দেন। বেহালাওয়ালা ভাবিল—মন্চিরাম কোনর্পে জন্টিবে। আর কিছন্ন বলিল না।

ষাত্রার দল চলিয়া গোল—মুচিরাম জুটিল না। রাত্রিজাগরণ—দেবালয়বরণেড সে অকাতরে নিদ্রা যাইতেছিল। উঠিয়া দল চলিয়া গিয়াছে শুনিয়া, কাঁদিতে আরম্ভ করিল। এমন বৃদ্ধি নাই যে, অধিকারী কোন্ পথে গিয়াছে, সন্ধান করিয়া সেই পথে যায়। কেবল কাঁদিতে লাগিল। প্র্জারি বামন অনুগ্রহ করিয়া বেলা তিন প্রহরে দ্বইটি ঠাকুরের প্রসাদ খাইতে দিল। খাইয়া, মুচিরাম কায়ার দ্বিতীয় অধ্যায় আরম্ভ করিল। যত রাত্রি নিকট হইতে লাগিল, তত ভাবিতে লাগিল—আমি কেন পলাইলাম! আমি কেন দাঁড়াইয়া মার খাইলাম না!

গ্রন্থকার ভনে, এবার যখন বাঁক উঠিতে দেখিবে, পিঠ পাতিয়া দিও। তোমার গোষ্ঠীর বাপচৌন্দপ্র্ব্ব ব্যুড়া সেনরাজার আমল হইতে কেবল পিঠ পাতিয়া দিয়াই আসিতেছে। তুমি পলাইবে কোথায়? এ স্কুসভা জগতের অধিকারীরা ম্বাচরাম দেখিলে বাঁকপেটাই করিয়া থাকে —ম্বিচরামেরা পিঠ পাতিয়াই দেয়। কেহ পলায় না—রাখাল ছাড়া কি গোর্ব থাকিতে পারে হে বাপ্ব? ঘাস জলের প্রয়োজন হইলেই, তোমাদের যখন রাখাল ভিন্ন উপায় নাই, তখন পাঁচনবাডিকে প্রাতঃপ্রণাম করিয়া গোজন্ম সার্থক কর।

চতুর্থ পরিচ্ছেদ

ঈশানবাব, একজন সংকুলোদ্ভূত কায়স্থ। অতি ক্ষাদ্ধ লোক—কেন না, বেতন এক শত টাকা মাত্র—কোন জেলার ফোজদারী আপিসের হেড কেরাণী। বাঙ্গালাদেশে মন্যাত্ব বেতনের ওজনে নিণীত হয়—কৈ কত বড় বাঁদর, তার লেজ মাপিয়া ঠিক করিতে হয়। এমন অধঃপতন আর কখন কোন দেশের হয় নাই। বন্দী চরণ-শৃড্খলের দৈঘ্য দেখাইয়া বড়াই করে।

ঈশানবাব্ ক্রু ব্যক্তি—ল্যাজ খাটো, বানরত্বে খাটো—কিন্তু মন্ব্যত্বে নহে। যে গ্রামে হারাণ অধিকারী সেই অপর্ব্ব মানভঞ্জন যাত্রা করিয়াছিলেন, ঈশানবাব্র সেই গ্রামে বাস। যাত্রাটা যে সময়ে হইয়াছিল, সে সময়ে তিনি ছর্টি লইয়া বাড়ীতে ছিলেন। যাত্রার ব্যাপার তিনি কিছ্ম জানিতেন কি না বলিতে পারি না। যাত্রার পরিদিন সন্ধ্যাকালে তিনি পথে বেড়াইতেছিলেন, দেখিলেন, একটি ছেলে—শ্বুকশরীর, দীর্ঘকেশ—অন্ভবে যাত্রার দলের ছেলে—পথে দাঁড়াইয়া কাদিতেছে!

ঈশানবাব, ছেলেটির হাত ধরিয়া জিজ্ঞাসা করিলেন, "কাঁদ্ছিস্ কেন বাবা?" ছেলে কথা কয় না। ঈশানবাব, জিজ্ঞাসা করিলেন, "তুমি কে?"

ছেলে বলিল, "আমি মন্চিরাম।"

ঈশা। তুমি কাদের ছেলে?

ম্চি। বামনদের।

त्रेगा। कान् वामनएतः?

মুচি। আমি গ্রড়েদের ছেলে।

ঈশা। তোমার বাড়ী কোথার?

মুচি। আমাদের বাড়ী মোনাপাড়া।

ঈশা। সে কোথা?

তা ত মুচিরামের বিদ্যার মধ্যে নহে। যাই হোক, ঈশানবাব অলপ সময়ে মুচিরামের দুর্ঘটনা ব্রবিষয়া লইলেন। "তোমাকে বাড়ী পাঠাইয়া দিব" এই বলিয়া মুচিরামকে আপনার বাড়ী লইয়া গেলেন। মুচিরাম হাত বাড়াইয়া স্বর্গ পাইল। ঈশানবাব, তাহার আহারাদি ও অবস্থিতির উত্তম ব্যবস্থা করিয়া দিলেন।

কিন্তু মোনাপাড়ার ত কোন ঠিকানা হইল না। স্তরাং ম্কিরাম ঈশানবাব্র গ্রে বাস

ম্চিরাম গ্রেড়র জীবনচরিত

করিতে লাগিল। সেখানে আহার পরিচ্ছেদের ব্যবস্থা উত্তম, এবং কাণ্মলার অত্যন্তাভাব, দেখিয়া মুচিরাম বাড়ীর জন্য বিশেষ বাস্ত হইল না।

এদিকে ঈশানবাব্র ছর্টি ফ্রাইল—সপরিবারে কর্মস্থানে যাইবেন। অগত্যা মর্চিরামও সঙ্গে চলিল। কর্মস্থানে গিয়াও ঈশান মোনাপাড়ার অন্সন্ধান করিলেন, কিন্তু কোন সন্ধান পাইলেন না। অগত্যা মর্চিরাম তাঁহার গলায় পড়িল। মর্চিরামও, যেখানে আহারের ব্যবস্থা উত্তম, সেখানে গলায় পড়িতে নারাজ নহে—তবে ঈশানবাব্র একটা ব্যবস্থা মর্চিরামের বড় ভাল লাগিল না। ঈশানবাব্র বলিলেন, "বাপর, যদি গলায় পড়িলে, তবে একট্র লেখা পড়া শিখিতে ইইবে।" ঈশানবাব্র তাহাকে পাঠশালায় পাঠাইয়া দিলেন।

এখানে মচিরামের মা অনেক দিন হইতে ছেলের কোন সম্বাদ না পাইয়া, পাড়ায় পাড়ায় বিস্তর কাঁদাকাটি করিয়া বেড়াইয়া, শেষ আহার-নিদ্রা ত্যাগ করিল। আহার-নিদ্রা ত্যাগ করিয়া রুত্র হইল। রুত্র হইয়া মরিয়া গেল।

পণ্ডম পরিচ্ছেদ

এদিকে, যশোদানন্দন শ্রীশ্রীম্চিরাম শর্মা—ঈশঃনমন্দিরে স্ন্বিরাজমান—সম্প্রিপে মাত্বিস্মৃত। যদি কখন মাকে মনে পড়িত, তবে সে আহারের সময়—ঈশাননাব্র ঘরের প্রফুল্পনাল্লার দিনাদার গব্য ঘৃত, স্ফান্ধি ঝোলে নিমন্ন রোহিতমংস্য, প্থিবীর ন্যায় নিটোল গোলাকার সদ্যভিজ্পত ল্বিচর রাশি—এই সকল পাতে পাইলে ম্বিরাম মনে করিতেন, "মা বেটী কি ছাই-ই আমাকে খাওয়াইত!" সে সময়ে মাকে মনে পড়িত—অন্য সময়ে নহে।

ম্বিরামের পাঠশালার লেখা পড়া সমাপ্ত হইল—অর্থাং গ্রুর্ মহাশয় বলিল, সমাপ্ত হইয়াছে। ম্বিরামের কোন গ্রুণ ছিল না, এমত বলি না; তাহা হইলে এ ইতিহাস লিখিতে আমি প্রবৃত্ত হইতাম না। ম্বিরামের কণ্ঠদ্বর ভাল ছিল বলিয়াছি—গ্রুণ নন্দর এক। গ্রুণ নন্দর দ্ই, তাহার হস্তাক্ষর অতি স্কুদর হইল। আর কিছ্ব হইল না। ঈশানবাব্ ম্বিরামকে ইংরেজি স্কুলে পাঠাইলেন।

মন্চিরাম, ধেড়ে ছেলে. স্কুলে চনুকিয়া বড় বিপদ্গ্রস্ত হইল। মাষ্টারেরা তামাসা করে, ছোট ছোট ছেলেরা িংল্থিল্ করিয়া হাসে। মন্চিরাম রাগ করে, কিন্তু পড়ে না। সন্তরাং মাষ্টারেরা হারাণ অধিকারীর পথে গেলেন। আবার কাণমলায় কাণমলায় মন্চিরামের কাণ রাঙ্গা হইয়া উঠিল। প্রথমে কাণমলা, তার পর বেত্রাঘাত, মন্ষ্ট্যাঘাত, চপেটাযাত, কীলাঘাত, এবং ঘন্সাঘাত। ঈশানবাবরের ঘরের তপ্ত লনুচির জোরে মনুচিরাম নিন্ধিবাদে সব হজম করিল।

এইর্পে মুচিরাম, তপ্ত লাচি ও বেত খাইরা, দকুলে পাঁচসাত বংসর কাটাইল। কিছা হইল না। ঈশানবাবা তাহাকে দকুল হইতে ছাড়াইরা লইলেন। ঈশানবাবার দয়ার শেষ নাই—মাজিন্টেট সাহেবের কাছে তাঁহার বিশেষ প্রতিপত্তি—মাচিরামের হাতের লেখাও ভাল— ঈশানবাবা মাচিরামের একটি দশ টাকার মাহারিগারি করিয়া দিলেন। বলিয়া দিলেন, "ঘাসালইও না বাপা, তা হলে তাড়াইয়া দিব।" মাচিরাম শর্মা প্রথম দিনেই একটা হাকুমের চোরাও নকল দিয়া আট গণ্ডা পয়সা হাত করিলেন, এবং সদ্ধার অলপকাল পরেই তাহা প্রতিবাসিনীবিশেষের পাদপশেম উৎসূর্গ করিলেন।

এদিকে ঈশানবাব,ও প্রাচীন হইয়া আসিয়াছিলেন। তিনি ইহার পরেই পেন্সন লইয়া দ্বকন্ম হইতে অবস্ত হইলেন এবং ম্বিচরামকে পৃথক্ বাসা করিয়া দিয়া সপরিবারে দ্বদেশে প্রস্থান করিলেন। ম্বিচরাম ঈশানবাব,কে একট্ব ভয় করিত—এক্ষণে তাহার পোয়া বারো পড়িয়া গেল।

यन्त्रे भतित्व्हम

পোয়া বারো—মূচিরাম জেলা লুর্ঠিতে লাগিল। প্রথমে লোকের কাছে চাহিয়া চিন্তিয়া দুই চারি আনা লইত। তার পর দাঁও শিথিল। ফেল্ব সেথের ধানগুলি জমীদার জোর করিয়া কাটিয়া লইতে উদ্যত, সাহেব দয়া করিয়া পুর্লিশকে হুকুম দিলেন, ফেল্বর সম্পত্তি রক্ষা করিবে। সাহেব হ,কুম দিলেন, কিন্তু পর্নিশের নামে পরওয়ানাখানি লেখা আর হয় না। পরওয়ানা লেখা মর্চিরামের হাত। পরওয়ানা ষাইতে যাইতে ধান থাকে না; ফেল্রু মর্চিরামকে এক টাকা, দর্ই টাকা, তিন টাকা, ক্রমে পাঁচ টাকা স্বীকার করিল—তংক্ষণাং পরওয়ানা বাহির হইল। তখন মাজিন্টেটোরা স্বহস্তে জোবানবন্দী লইতেন না—এক কোণে বিসয়া এক একজন মর্হ্রির ফিস্ফিস্ করিয়া জিপ্তাসা করিত, আর যাহা ইচ্ছা তাহা লিখিত। সাক্ষীরা এক রকম বিলত, মর্চিরাম আর এক রকম জোবানবন্দী লিখিতেন, মোকন্দমা বর্বিয়া ফি সাক্ষ্য-প্রতি চারি আনা. আট-আনা, এক টাকা পাইতেন। মোকন্দমা বর্বিয়া মর্চি দাঁও মারিতেন; অধিক টাকা পাইলে সব উন্টা লিখিতেন। এইর্পে নানাপ্রকার ফিকির ফন্দীতে মর্চিরাম অনেক টাকা উপার্জ্কন করিতে লাগিলেন—তিনি একা নহেন, সকলেই করিত—তবে মর্চি কিছ্রু আধক নিলক্জি—কখন কখন লোকের টেক হইতে টাকা কাড়িয়া লইত।

যাই হোক, মন্চি শীল্পই বড়মান্য হইয়া উঠিল—কোন্ মন্চি না হয়?—আচরাং সেই অক্তনান্দী প্রতিবাসিনী স্বর্ণালঞ্চারে ভূষিতা হইল। মদ, গাঁজা, গর্নল, চরস, আফিঙ্গ—যাহার নাম করিতে আছে এবং যাহার নাম করিতে নাই—সকলই মন্চিবাব্র গ্রুকে অহনিশি আলোক ও ধ্মময় করিতে লাগিল। মন্চিরামের চেহারা ফিরিতে লাগিল—গালে মাস লাগিল—হাড় ঢাকিয়া আসিল—বর্ণ জাপান লেদার ছাড়িয়া দিল্লীর নাগরায় পেশিছিল। পরিচ্ছদের বৈচিন্তা জন্মতে লাগিল—শাদা, কালো, নীল, জরদা, রাঙ্গা, গোলাপী প্রভৃতি নানা বর্ণের বন্দ্রে মন্চিরাম সর্ব্বদা রঞ্জিত। রান্তি দিন মাথায় তেড়ি কাটা, অধরে তান্বন্লের রাগ এবং কপ্টে নিধ্রর টম্পা। স্কুলরাং মন্চিরামের পোয়া বারো।

দোষের মধ্যে সাহেব বড় খিট্খিট্ করে। মুচিরাম একে ঘোরতর বোকা, কোন কর্ম্মই ভাল করিয়া করিতে পারিত না, তাহাতে আবার দ্বুষ্পর লোভ,—সকল-তাতে মুচিরাম গালি খাইত। সাহেবটাও বড় বদরাগী—অনেক সময়ে মুচিরামকে কাগজপত্র ছুইড়িয়া মারিত। সাহেবের ভিতরে ভিতরে হৃদয়ে দয়া ছিল—নচেৎ মুচিরামের চাকরী অধিক কাল টিকিত না।

সোভাগ্যক্রমে সে সাহেব বর্দাল হইয়া গেল—আর একজন আসিল।

এই ন্তন সাহেবটির নাম (Grongerham) লিখিবার সময়ে লোকে লিখিত গ্রন্থারহাম —বিলবার সময়ে বলিত গঙ্গারাম সাহেব। গঙ্গারাম সাহেব অতি ভদ্রলোক, দয়ার সাগর, কাহারও কোন অনিষ্ট করিতেন না, মোকন্দমা করিতে গিয়া, কেবল ডিসমিস করিতেন। তবে সাহেব কিছ্ অলস, কাজ কন্মে বড় মন দিতেন না, এবং নিজে সরল বলিয়া তাঁবেদারদিগের উপর বড় বিশ্বাস ছিল। সকল কন্মের ভার সেরেস্তাদার এবং হেড কেরাদীর উপর ছিল। যত দিন সাহেব ঐ জেলায় ছিলেন, একদিনের জন্য একখানি চিঠি স্বহস্তে মুশাবিদা করেন নাই—হেড কেরাদী সব করিত।

সাহেব প্রথম আসিয়া, মাচিরামের কালোকালো নধর সাচিক্রণ শরীরটি দেখিয়া, এবং তাহার আভূমিপ্রণত ডবল সেলাম দেখিয়া নিজের সরলচিত্তে একেবারে সিদ্ধান্ত করিলেন যে, আপিসের মধ্যে এই সর্ম্বাপেক্ষা উপযুক্ত লোক। সে বিশ্বাস তাঁহার কিছুতেই গেল না। যাইবারও কোন কারণ ছিল না—কেন না, কাজকন্মের তিনি খবর রাখিতেন না। একদিন আপিসের মীর মানুসীমিরজা গোলাম সর্ফাদর খাঁ সাহেব, দানিয়াদারি নামাফিক মনে করিয়া ফোত করিলেন। সাহেব পরদিনেই মাচিরামকে ডাকিয়া তংপদে অভিষিক্ত করিলেন। মীর মানুসীর বেতন কুড়ি টাকা—কিন্তু বেতন কি করে? পদটি রাধিরে পরিপ্রাত। অজরামরবংপ্রাক্ত মাচিরাম শর্মা রাচিরসঞ্জ করিতে লাগিলেন।

দোষ কি? অজরামরবংপ্রাজ্ঞ বিদ্যামর্থণ্ড চিন্তরেং। দ্ইটা একজনে পারে না—মুচিরাম বিদ্যাচিন্তা করিতে সক্ষম নহেন; কোষ্ঠীতে তাহা লেখে না—অতএব বিস্কৃশর্মার উপদেশান্ত্রনারে মৃত্যুক্তর রহিত হইরা তিনি অর্থচিন্তার প্রবৃত্ত। যদি সেই "হিতোপদেশ"গর্মল অধীত হইবার যোগ্য হয়—যদি সে গ্রন্থ এই উনবিংশ শতাব্দীতেও প্র্জার যোগ্য হয়—তবে মুচিরামও প্রাক্ত, আর এ দেশের সকল মুচিই প্রাক্ত।

বিষ্ফুশর্ম্মা ভারতবর্ষের মাকিয়াবেক্লি—চাণক্য ভারতের রোণফুকল। বাহারা এইর্প গ্রন্থ বিদ্যালয়ের বালক্দিগকে পড়াইবার নিরম করিয়াছে, তাহাদিগের উচিত, আবার বিদ্যালয়ে প্রবেশ

করা। তাহাদের শিক্ষা হয় নাই।

সপ্তম পরিচ্ছেদ

মর্চিরাম দর্ই তিন বংসর মীর ম্বসীগিরি করিল—তার পর কালেক্টরীর পেস্কারি খালি হইল। পেস্কারিতে বেতন পণ্ডাশ টাকা—আর উপাৰ্চ্জনের ত কথাই নাই। ম্রচিরাম ভাবিল, কপাল ঠ্কিয়া একখানা দরখাস্ত করিব।

তখন কালেক্টর ও ম্যাজিটেট পৃথক্ পৃথক্ ব্যক্তি হইত। সেখানে সে সময়ে হোম নামা এক সাহেব কালেক্টর ছিলেন। তিনি অতিশয় ব্যক্ষিমান্ ও কম্মঠি লোক ছিলেন, কিন্তু একটা দোষ ছিল—কিছু মিষ্ট কথার বশ।

মুচিরাম একথানি ইংরেজি দরখান্ত লিখাইয়া লাইল—মুচিরামের নিজবিদ্যা দরখান্ত পূর্যান্ত কুলায় না। যে দরখান্ত লিখিলা, মুচিরাম তাহাকে বলিয়া দিলেন, "দেখিও যেন ভাল ইংরেজি না হয়। আর যা হৌক না হৌক, দরখান্তের ভিতর যেন গোটা কুড়ি 'মাই লার্ড' আর 'ইওর লার্ডশিপ' থাকে।" লিপিকার সেই রকম দরখান্ত লিখিয়া দিল। তখন শ্রীমুচিরাম বেশভূষায় প্রবৃত্ত হইলেন। আপনার চারখানির ঢিলা পায়জামা পরিত্যাগ করিয়া, থানের ধুতি শ্রীঅকে পরিধান করিলেন; চুড়িদার আন্তান আলপাকায় চাপকান পরিত্যাগ পুর্বক, বুকফাক বন্ধক-ওয়ালা ঢিলা আন্তান লাংক্রথের চাপকান গ্রহণ করিলেন। লাট্রদার পার্গাড় ফেলিয়া দিয়া দ্বহন্তে মাথায় বিড়া জড়াইলেন; এবং চাদনির আম্দানি ন্তন চক্চকে জ্বা ত্যাগ করিয়া চটিতে চার্চরণদ্বয় মন্ডন করিলেন। ইতিপ্রের্ব গঙ্গারাম সাহেবকে হরিয়েক রকম সেলাম করিয়া, কাদো কাদো মুখ করিয়া, একখানা সুপারিস চিঠি বাহির করিয়া লইয়াছিলেন। এইর্প চিঠি, দরখান্ত ও বিহিত সম্জাসহিত সেই শ্রীমুচিরামচন্দ্র, যথায় হোম সাহেব এজলাসে বিসয়া দর্ননায় জল্বস করিতেছিলেন, তথায় গিয়া দর্শন দিলেন।

রেল দেওয়া কাটরার ভিতর, উচ্চতে হোম সাহেব এজলাস করিতেছেন। চারি দিকে অনেক মাথার পার্গাড় ও বাসিয়াছে—লোকে কথা কহিলেই চাপরাশী বাবাজিউরা দাড়ি ঘ্রাইয়া গালি দিতেছেন—একটা স্পানিয়েল টেবিলের নীচে শুইয়া, অর্থিগণের নয়নপথে লাঙ্গুল-শোভা বিকাশ করিতেছে—এক ফোঁটা গড়ে পড়িলে যেমন সহস্র সহস্র পিপীলিকা তাহা বেন্টন করে. খালি চাকরিটির মালিক হোম সাহেবকে তেমনি উমেদওয়ার ঘেরিয়া দাঁডাইয়াছে। সাহেব উমেদওয়ারদিগের দরখান্ত শ্রনিতেছেন। অনেক বড় বড় ইংরেজিনবীশ আসিয়াছেন—সেকেলে কে'দো কে'দো স্কলাশিপ হোল ভার। সাহেব তাঁহাদিগকে এক এক কথায় বিদায় করিলেন। "I dare say you are well up in Shakespeare and Milton and Bacon and so forth. Unfortunately we don't want quotations from Shakespeare and Milton and Bacon in the office. It is not the most learned man who is best fitted for this kind of work. So you can go, Baboo." जात्रक भारता মাথায় দিয়া, চেন ঝলোইয়া, পরিপাটী বেশ করিয়া আসিয়াছিলেন, সাহেব দুটিমাত্র তাঁহাদিগকে विशास जिल्लान । "You are very rich I see; I want a poor man who will work for his bread. You will throw up your place on the slightest quarrel. You can go." भामना कित्नत मन, जिल्मना नम्बार्थ कृत्र रिमतात नाात विमाय दहेरा नािशन। বাকি রহিল মুচিরাম, এবং তাহার সমকক জনকয়—বানর। সাহেব মুচিরামের দরখান্ত পড়িলেন -शामित्रा विमालन, "Why do you call me, my Lord? I am not a Lord."

ম্চিরাম যোড়হাতে হিন্দীতে বলিল, "বান্দা কো মাল্ম থা কি হ্জুর লার্ড-ঘ্রানা।" এখন হোম সাহেবের সঙ্গে একটা লার্ড হোমের দ্রসম্বন্ধ ছিল। সেই জন্য তাঁহার মনে বংশমর্য্যাদা সম্বাদা জাগর্ক ছিল; ম্চিরামের উত্তর শ্নিরা আবার হাসিয়া বলিলেন, "হো সকতা; লার্ড ঘ্রানা হো সকতা; লার্ড ঘ্রানা হো সকতা; লার্ড ঘ্রানা হো তাঁ নহি।"

সকলেই ব্রিজ যে, ম্রচিরাম কার্য্য সিদ্ধ করিয়াছে। ম্রচিরাম যোড়হাতে প্রত্যুত্তর করিল,

"বান্দা লোক কে ওয়ান্তে হজুর লার্ড হে'র।"

সাহেব মন্চিরামকে আর দ্বই চারিটা কথা জিস্কাসাবাদ করিয়া তাহাকেই পেস্কারিতে বহাল করিলেন।

र्वाध्क्य ब्रह्मावली

Struggle for existence? Survival of the Fittest! মুচির দলই এ প্থিবীতে চিরজয়ী।

হোম সাহেবের কিছু মাত্র দোষ নাই। দেশী, বিদেশী, সকল মনুষ্যই এইর্প। সকলেই মিষ্ট কথার বশ। অবোধ বাঙ্গালীরা আজকাল মিষ্ট কথা ভুলিতেছে। হোম সাহেব একজন অতিশয় স্দুদক্ষ, স্ববিজ্ঞ লোক। মূর্খ ম্বিচরামও তাঁহাকে ভুলাইতে পারিল—কেবল মিষ্ট কথার বলে।

অন্ট্রম পরিচ্ছেদ

মুচিরামবাব্—এখন তিনি একটা ভারি রকম বাব্, এখন তাঁহাকে শুধু মুচিরাম বলা যাইতে পারে না—মুচিরামবাব্ পেশ্লারি পাইয়া বড় ফাঁফরে পাড়িলেন। বিদ্যাব্দ্দিতে পেশ্লারি পাইস্থ কুলার না—কাজ চলে কি প্রকারে? "ভাগ্যবানের বোঝা ভগবানে বয়"—মুচিরামবাব্র বোঝা বাহিত হইল। ভজগোবিন্দ চক্রবন্তা নামে একজন তাইদনবাশ সেই কালেই রা আপিসে থাকে। ভজগোবিন্দ বার বংসর তাইদনবাশ আছে। সে ব্লিমান্, কম্মঠি, কালেই রার সকল কর্মা কাজ বার বংসর ধরিয়া শিখিয়াছে। কিন্তু মুর্ব্নি নাই—ভাগ্য নাই—এ পর্যান্ত কিছু হয় নাই। তাহার বাসাথরচ চলে না। মুচিরাম তাহাকে অবলম্বন করিলেন। আপনার বাসার লইয়া গিয়া রাখিলেন। ভজগোবিন্দ মুচিরামের বাসায় থাকে, খায় পরে, গৃহকদের্ম সহায়তা করে, রাতিকালে বাব্র ঘরে বাহিরে মোসাহেবী করে, এবং আপিসের সমস্ত কাজ কর্মা করিয়া দের। মুচিরাম তাহাকে টাকাটা সিকেটা দেওয়াইয়া দেন। ভজগোবিন্দের সাহাব্যে মুচিরামের কম্ম কাজ রেলগাড়ির মত গড় গড় করিয়া চলিল। হোম সাহেব অনেক প্রশংসা করিতেন। বিশেষ মুচিরাম বিশুদ্ধ প্রণালীতে সেলাম করিত, এবং "মাই লার্ড" এবং "ইওর অনার" কিছ্নতেই ছাড়িত না।

মুচিরামবাব্র উপার্জনের আর সামা রহিল না। হাতে অনেক টাকা জমিয়া গেল। ভজগোবিন্দ বলিল, "টাকা ফেলিয়া রাখিবার প্রয়েজন নাই—তাল ক মুল ক কর্ন।" মুচিরাম সম্মত হইলেন, কিন্তু যে যে জেলায় কম্ম করে, সে জেলায় বিষয় খরিদ করা নিষেধ। ভজগোবিন্দ বলিল যে, বেনামীতে কিন্দুন। কাহার বেনামীতে ? ভজগোবিন্দের ইচ্ছা, ভজগোবিন্দের নামেই বিষয় খরিদ হয়, কিন্তু সাহস করিয়া বলিতে পারিল না। এ দিকে মুচিরাম কাহারও বাসায় গলপ শ্রানয়া আসিলেন যে, স্ত্রীর অপেক্ষা আত্মীয় কেহ নাই। কথাটায় তাঁহার সম্পূর্ণ বিশ্বাস হইল কি না জানি না—কিন্তু মনে মনে ভাবিলেন যে, স্ত্রীর নামে বিষয় করাই বেনামীর প্রেত । এই এখনকার দেবর। আগে লোকে বিষয় করিত ঠাকুরের নামে—এখন বিষয় করিতে হয় ঠাকুর্বনের নামে। উভয় স্থলেই বিষয়কর্তা "সেবাইত" মার্র—পরম ভক্ত—পাদপম্মে বিক্রীত। এইর্প রাধাকান্ত জিউর স্থানে রাধামণি, শ্যামস্করের স্থানে শ্যামস্করের বিষয় হস্তান্তরের কিছ্ম সূর্বিধা হইয়াছে। দিধি ভোজনের পক্ষে নেপোর খ্রব স্কুযোগ হইয়াছে।

স্থীর বেনামীতে বিষয় করা শ্রেয়ঃ, ইহা মন্চিরাম ব্নিলেন, কিন্তু এই সংকলেপ একটা সামান্য রকম বিঘা উপস্থিত হইল—মন্চিরামের স্থা নাই। এ পর্যান্ত তাঁহার বিবাহ করা হয় নাই—অন্কলেপর অভাব ছিল না। কিন্তু এ স্থলে অন্কলেপ চলিবে কি না. তািদ্বরে পেস্কার মহাশয় কিছ্নু সন্দিহান হইলেন। ভজগোবিদের সঙ্গে কিছ্নু বিচার হইল—কিন্তু ভজগোবিদ্দ একপ্রকার ব্রুঝাইয়া দিল যে, এ স্থলে অন্কলপ চলিবে না। অতএব মন্চিরাম দারগ্রহণে কৃতসকলপ হইলেন। কোন্ কুল পবিত্র করিবেন, তাহার অন্বেষণ করিতেছিলেন, এমন সময়ে ভজগোবিদ্দ জানাইল যে, তাহার একটি অবিবাহিতা ভাগনী আছে—ভজগোবিদ্দের পিতৃকুল উল্জন্ন করায় ক্ষতি নাই। অতএব মন্চিরাম একদিন সন্ধ্যার পর শত্ন লগে মাথায় টোপর দিয়া, হাতে সন্তা বাঁধিয়া, এবং পট্টস্প্র পরিধান করিয়া ভদ্রকালী নান্দ্রী ভজগোবিদ্দের সহোদরাকে সোভাগ্যশালিনী করিলেন। তাহার পর হইতে ভদ্রকালীর নামে অনেক জমিদারী পত্তান ছলে, বলে, কলে, কোঁশলে খরিদ হইতে লাগিল। ভদ্রকালী হঠাং জেলার মধ্যে একজন প্রধানা ভ্রমাধকারিণী হইয়া দাঁভাইলেন।

মুচিরাম গুড়ের জীবনচরিত

নবম পরিচ্ছেদ

ভদ্রকালীর দ্বাদশ বংসর বয়সে বিবাহ হয়—মন্চিরামের এমনই অদৃ্ত্ত—বিবাহের পর দৃন্ত্ব বংসরের মধ্যেই ভদ্রকালী চেদ্দি বংসরের হইল। চেদ্দি বংসরের হইয়াই ভদ্রকালী ভদ্পগোবিদের একটি চাকরির জন্য মন্চিরামের উপর দেবিশ্বা আরম্ভ করিল, সন্তরাং মন্চিরাম চেন্টা চরিত্র

করিয়া ভজগোবিন্দের একটি মুহুরিগিরি করিয়া দিলেন।

ইহাতে ম্চিরাম কিছু বিপন্ন হইলেন। এক্ষণে ভজগোবিন্দের নিজের কাজ হইল—সে মনোযোগ দিয়া নিজের কাজ করে: মুচিরামের কাজ করিয়া দিবার তাহার তত অবকাশ থাকে না। ভজগোবিন্দ সমুপাত্র—শীঘ্রই হোম সাহেবের প্রিয়পাত্র হইল। মনুচরামের কাজের যে সকল নুটি হইতে লাগিল, হোম সাহেব তাহা দেখিয়াও দেখিতেন না। আভমিপ্রণত সেলাম এবং মাই লার্ড বুলির গুণে সে সকলের প্রতি অন্ধ হইয়া রহিলেন। মুচিরামের প্রতি তাহার দ্যা অচলা রহিল। দুর্ভাগ্যবশতঃ সময়ে হোম সাহেব বদলি হইয়া গেলেন, তাঁহার স্থানে রীড সাহেব আসিলেন। রীভ অতি বিচক্ষণ ব্যক্তি। অতি অলপ দিনেই বুঝিলেন—মুচিরাম একটি বৃক্ষদ্রন্ট বানর—অকন্মা অথচ ভারি রকমের ঘ্রযথোর। মুচিরামকে আপিস হইতে বহিত্কত করা মনে ছির করিলেন। কিন্তু রীড সাহেব যেমন বিচক্ষণ, তেমনি দয়াশীল ও ন্যায়বান; সে कालात दिनौर्वातत त्रिविनियान मार्ट्यता वाङ्गानौष्ठिगरक भारतत मार्ट्यत मार्ट्यत मार्ट्यत मार्ट्यता वाङ्गानौष्ठिगरक भारतत मार्ट्यता वाङ्गानौष्ठिगरक भारत्वत मार्ट्यत मार्ट् ছুতাছলে কাহাকে অন্নহীন করিতে রীড সাহেব নিভান্ত অনিচ্ছুক: কাহাকে একেবারে অন্নহীন করিতে অনিচ্ছাক। মাচিরাম যে বিপাল ভূসম্পত্তি করিয়াছে—রীড সাহেব তাহা জানিতে পারেন নাই। রীড সাহেব মুচিরামকে দুই একবার ইন্তেফা দিতে বলিয়াছিলেন বটে, কিন্তু মুচিরাম চোখে জল আনিয়া দুই চারি বার "গরীব খানা বেগর নারা যায়েগা" বলাতে তিনি নিরন্ত হইয়া-ছিলেন। তারপর, তাহাকে পেশ্কারির তুল্য বেতনে আবকারির দারোগাই দিতে চাহিয়াছিলেন— অন্যান্য মফুর্যাল চাকরি করিয়া দিতে চাহিয়াছিলেন,—কিন্তু আবার ম্রাচরাম চোথে জল আনিয়া বলে যে, আমার শরীর ভাল নহে, মফস্বলে গেলে মরিয়া যাইব—হ,জুরের চরণের নিকট থাকিতে চাই। স্বতরাং দয়াল্বচিত্ত রাভি সাহেব নিরস্ত হইলেন। কিন্তু তাহাকে লইয়া আর কাজও চলে না। অগত্যা রীড সাহেব মুচিরামকে ডিপ্রটি কালেক্টর করিবার জন্য গবর্ণমেন্টে রিপোর্ট করিলেন। সেই সময়ে হোম সাহেব বাঙ্গাল আপিসে সেক্রেটরি ছিলেন—রিপোর্ট পে'ছিবামাত মাচিরাম ডিপাটি বাহাদারিতে নিযুক্ত হইলেন।

রীড সাহেব ইহাতে বিজ্ঞ লোকের মতই কাজ করিয়াছিলেন। তিনি বিলক্ষণ জানিতেন যে, ভারি ঘুষ্থোরেও ডিপর্টি হইলেই ঘুষ খাওয়া ত্যাগ করে; ডিপর্টিগরি এক প্রকারে আমলাদিগের বৈধব্য—বিধবা হইলে আর মাছ খাইতে নাই। আর মর্চিরাম যে মুর্খ, তাহাতে কিছর
আসিয়া যায় না; সের্প অনেক ডিপর্টি আছে; ডিপ্রিগরিতে বিদ্যাব্যন্ধির বিশেষ প্রয়োজন
দেখা যায় না। অতএব রীড সাহেব লোকহিতার্থ মর্চিরামকে ডিপ্রিট করিবার জন্য রিপোর্ট

করিয়াছিলেন।

আপিসে সম্বাদ পেশছিল যে. মাচিরামের উচ্চ পদ হইয়াছে। একজন বাড়া মাহারি ছিল, সে বড় সাধাভাষা বাঝিত না। "উচ্চ পদ" শানিয়া সে বলিল, "কি? ঠ্যাঙ্গ উচ্চু করেছেন না কি? ভাগাড়ে দিয়া আইবা।"

দশম পরিচ্ছেদ

মন্চিরামের মাথার বজ্রাঘাত হইল। তিনি পেদ্কারিতে ঘৃষ লইরা অসংখ্য টাকা রোজগার করেন—আড়াই শত টাকার ডিপন্টিগিরিতে তাঁহার কি হইবে? মন্চিরাম সিদ্ধান্ত করিলেন—ডিপন্টিগিরি অদ্বীকার করিবেন। কিন্তু ভজগোবিদ্দ ব্ঝাইলেন যে, অদ্বীকার করিলে রীড সাহেব নিশ্চর ব্রিবে যে, মন্চিরাম ঘ্যের লোভে পেদ্কারি ছাড়িতেছে না—তাহা হইলে শীঘ্রই তাড়াইরা দিবে। তথন দৃই দিক্ ষাইবে। অগত্যা মন্চিরাম ডিপন্টিগিরি স্বীকার করিলেন। মন্চিরাম ডিপন্টি হইয়া প্রথম র্বকারী দন্তখতকালীন পড়িয়া দেখিলেন, লেখা আছে,

बिष्क्य ब्रुह्मावली

শ্রীযার বাবা মাচিরাম গাড় রায়বাহাদার ডিপাটি কালেক্টর। প্রথমটা বড়ই আহ্যাদ হইল,—কিন্তু শেষ किছ, नम्झाताथ श्रेरा नाणिन। य भूश्रीत त्वकाती निधित्राहिन, ठाशांक फाकित्रा र्वानालन, "अटर-ग्रुप्पो नारे निशितन। भास महीव्याम ताय्यारामात त्रायारामात क्रिक कि? कि জান, আমরা গড়ে বটে, কিন্তু আমাদের খেতাব রায়। তবে যখন অবস্থা তেমন ছিল না. তখন রায় **८थ**ार आमता निश्विषाम ना। ठा' এখন গড়েও काञ्च नाই—ताराउ काञ्च नारे, भारी, मारी महीहताम রায়বাহাদ্বর লিখিলেই হইবে।" মুহুরি ইঙ্গিত বুঝিল, হাকিমের মন সবাই রাখিতে চায়। সে ম হ রি ছিতীয় র বকারীতে লিখিল, "বাব ম হ চিরাম রায়, রায়বাহাদরে।" ম হ চিরাম দেখিয়া কিছ, বলিলেন না. দশুখত করিয়া দিলেন। সেই অবধি মুচিরাম "রায়" চলিতে লাগিল: কেহ লিখিত, "মুচিরাম রায়, রায়বাহাদুর," কেহ লিখিত, "রায় মুচিরাম রায় বাহাদুর।" মুচিরামের একটা যক্ষণা ঘ্রচিল-গ্রুড় পদবীতে তিনি বড় নারাজ ছিলেন, এখন সে জ্বালা গেল। তবে লোকে অসাক্ষাতে বলিত "গুনুডের পো"—অথবা "গুনুডে ডিপ্রুটি।" আর স্কুলের ছেলেরা কবিতা শুনাইয়া শুনাইয়া বলিত.

"গ্রুড়ের কল্সীতে ডুবিয়ে হাত ব্ৰুতে নারি সার কি মাত?"

কেহ বলিত.

"সরা মাল্সায় খুসি নই। ও গড়ে তোর নাগরী কই?"

মুচিরাম তাহাদের তাড়াইয়া মারিতে গেলেন, তাহারা তাঁহাকে মুখ ভেঙ্গাইয়া, উভয় হস্তের अमुक्ट मन्मर्गन कत्रादेशा. উक्तिः स्वतंत्र कविका आउफ़ारेटक आउफ़ारेटक भनारेन। नार्कत भर्धा ম किताम लम्या कौंठा वौधिया आहाए थारेलन-एहल्लिएत आनत्मत मीमा थाकिल ना। स्यास মুচিরাম স্কলের ছেলেদের মাসে মাসে কিছু সন্দেশ বরান্দ করিয়া দিয়া কবিতা হইতে উদ্ধার পাইলেন। কিন্তু আর একটা নতেন গোল হইল। শীতকালে খেজুর গুড়ের সন্দেশ উঠিল— ময়রারা তাহার নাম দিল ডিপ ুটি মণ্ডা।

বাজারে যাহা হউক, সাহেবমহলে মুচিরামের বড সুখ্যাতি হইল। বংসর বংসর রিপোর্ট

হইতে লাগিল, এরপে সুযোগ্য ডিপ্রটি আর নাই। এরপে সুখ্যাতির কারণ—

প্রথম। সেই মিষ্ট কথা। একবার তিনি কমিশনার সাহেবের সঙ্গে সাক্ষাৎ করিতে গিয়াছিলেন। সাহেব তখন মেমসাহেবের সঙ্গে ঝগড়া করিয়া গ্রমমেজাজ ছিলেন, এতেলা হইবামাত্র বলিলেন, "নেকাল দেও শালাকো।" বাহির হইতে মুচিরাম শানিতে পাইয়া সেইখান হইতে দুই হাতে সেলাম করিয়া বলিল. "বহুং খুব হুজুর। হামারা বহিনকো খোদা জিতা রাখে।"

দ্বিতীয়। মুচিরাম ডিপ্রটির হাতে প্রায় হপ্তম পঞ্জমের কাজ ছিল—অন্য কাজ বড় ছিল না। হপ্তম পঞ্জমের মোকন্দমার একে সহজেই বড় বিচার আচারের প্রয়োজন হইত না—তাতে আবার মুচিরাম বিচার আচারের বড় ধার ধারিতেন না—চোখ ব্রাজয়া ডিক্রী দিতেন—নথির কাগজও वर्ष পिएट न ना। मुख्याः भाष्कावात प्रिथा मास्वता धना धना कतिर लागिल। कनतव स्य ম্যাচরামের একেবারে হঠাৎ সম্বোচ্চ শ্রেণীতে পদব্যদ্ধি হইবে। কতকগুলো চেঙ্গড়া ছোঁড়া भर्नित्रा र्वानन, "आवं अपर्वाक्ष? हो भा रत ना कि?"

মিটাইবার জন্য সেখানকার কমিশ্যনার একজন ভারি বিচক্ষণ ডিপর্টি কালেক্টর পাইবার প্রার্থনা করিলেন। বোর্ড কলিলেন—বিচক্ষণ ডিপন্টি? সে ত মন্চিরাম ভিন্ন আর কাহাকে দেখি না— তাহাকেই চটুগ্রাম পাঠান হোক। গবর্ণমেণ্ট সেই কথা মঞ্জুর করিয়া মুচিরামকে চাটিগাঁ বদলি করিলেন।

সম্বাদ পাইরা ম, চিরাম বলিলেন, এইবার চাকরি ছাড়িতে হইল। তাঁহার শোনা ছিল, চাটিগা গেলেই লোকে জনুর প্লীহা হইয়া মরিয়া বায়। আরও শোনা ছিল যে, চাটিগা বাইতে সম্দ্র পার হইতে হয়—এক দিন এক রাত্রের পাড়ি—স্তরাং চাটিগাঁ বাওয়া কি প্রকারে हरेरे भारत ? विश्व **क्रकामी**—क्रमकामी अथन भूग योवना—रत्र वीमम, "आगि कान मरकरे চাটিগা বাইব না-কি তোমার বাইতে দিব না। তুমি বদি বাও, তবে আমি বিষ খাইব।" এই

ম্চিরাম গুড়ের জীবনচরিত

বলিয়া ভদ্রকালী একটা বড় খোরা লইয়া তেতুঁল গর্নালতে বসিলেন। ভদুকালী তেতুঁল ভালবাসিতেন—মর্চিরাম বলিতেন, "ওতে ভারি অন্বল হয়—ও বিষ।" তাই ভদুকালী তেতুল গর্নালতে বসিলেন—মর্চিরাম হাঁ হাঁ করিয়া নিষেধ করিতে লাগিলেন—ভদুকালী তাহা না শর্নিয়া "বিষ খাইব" বলিয়া সেই তেতুলগোলায় লবণ ও শর্করা সংযোগপর্ত্বক আধ সের চাউলের অন্ন মাখিয়া লইলেন। মর্চিরাম অশ্রুপ্র্লালেচনে শপথ করিলেন যে, তিনি কখনই চাটিগাঁ যাইবেন না। ভদুকালী কিছ্বতেই শর্নিল না—সম্বায় তেতুলমাখা ভাতগর্নাল খাইয়া বিষপান-কার্য্য সমাধা করিল। মর্চিরাম তংক্ষণাও চাকরিতে ইস্তেফা পাঠাইয়া দিলেন।

স্থান কথা, মন্চিরামের জমীদারীর আয় এত বৃদ্ধি হইয়াছিল যে, ডিপন্টিগিরির সামান্য

বেতন, তাঁহার ধর্ত্তব্যের মধ্যে ছিল না। সত্রবাং সহজে চাকরি ছাডিয়া দিলেন।

এकामम भारताष्ट्रम

চাকরি ছাড়িয়া দিয়া মুচিরাম ভদ্রকালীকে বলিলেন, "প্রিয়ে!" (তিনি সে কালের যাত্রার বাছা বাছা সম্বোধন পদগ্রনি ব্যবহার করিতেন) "প্রিয়ে!" বিষয় যেমন আছে—তেমনি একটি বাড়ী নাই। একটা বাড়ীর মত বাড়ী করিলে হয় না?"

ভদ্র। দাদা বলে, এখানে বড় বাড়ী করিলে, লোকে বল্বে, ঘ্রষের টাকায় বড় মান্ত্র

মুচি। তা, এখানেই বা বাড়ী করায় কাজ কি? এখানে বৃক প্রের বড়মান্বি করা যাবে না। চল, আর কোথাও গিয়া বাস করি।

ভদ্রকালী সম্মত হইলেন, কিন্তু নিজ পিত্রালয় যে গ্রামে, সেই গ্রামেই বাস করাই বিধেয়

विनया भत्रामर्ग मिलन। करन ভদুकानी आत कान धारमत नाम वर्ष कानिएक ना।

মন্চিরাম বিনীতভাবে ইহাতে কিছন আপত্তি করিলেন। তিনি শন্নিয়াছিলেন, যত বড়মান্বের বাড়ী কলিকাতায়—তিনিও বড়মান্ব, সন্তরাং কলিকাতাই তাঁহার বাসবাগ্যা, এইর্প অভিপ্রায় প্রকাশ করিলেন। এখন ভদ্রকালীর এক মাতুল, একদা কালীঘাটে প্রজা দিতে আসিয়া, এক কালে কলিকাতা বেড়াইয়া গিয়াছিলেন, এবং বাটী গিয়া গলপ করিয়াছিলেন যে, কলিকাতার কুলকামিনীগাণ সন্জিতা হইয়া রাজপথ আলোকিত করে। ভদ্রকালীর সেই অবধি কলিকাতাকে ভূতলন্থ দ্বগাঁ বিলয়া বাধে ছিল। তাঁহার অনেকগন্লি অলক্ষার হইয়ছে, পরিয়া সন্ব্জিননয়নপথবত্তিনী হইতে পারিলে অলক্ষারের সাথ্কতা হয়—ভদ্রকালী তৎক্ষণাং কলিকাতায় বাস করার প্রস্তাবে সম্মতা হইলেন।

তথন ভজগোবিল ছাটে লইয়া, আগে কলিকাতায় বাড়ী কিনিতে আসিল। বাড়ীর দাম শানিয়া, মাতিরামের বাবাগিরির সাধ কিছা কমিয়া আসিল—যাহা হউক, টাকার অভাব ছিল না, —অট্রালিকা ক্রীত হইল। যথাকালে মাতিরাম ও ভদ্রকালী কলিকাতায় আসিয়া উপস্থিত হইয়া

ন্তন গ্রে বিরাজমান হইলেন।

चामण श्रीब्रद्रक्ष

ভদুকালী কলিকাতার আসিয়া দেখিলেন, তাঁহার মনস্কামনা পূর্ণ হইবার কোন সন্তাবনা নাই। কলিকাতার কুলকামিনী রাজপথ আলোকিত করা দুরে থাকুক, পল্পীগ্রাম অপেকা কঠিনতর কারাগারে নিবন্ধ। যাহারা রাজপথ কল্মিত করিয়া দাঁড়ার, তাহাদিগের শ্রেণীভূক্ত হইবার ইচ্ছা ভদুকালী রাখেন না—স্তরাং তাঁহার কলিকাতার আসা ব্খা হইল। বিশেষ দেখিলেন, তাঁহার অক্সের অলম্কার দেখিয়া কলিকাতার স্থীলোক হাসে। ভদুকালীর অলম্কারের গর্ম্ব ঘুনিরা গেল।

মুচিরামের কলিকাতায় আসা বৃথা হইল না। তিনি প্রত্যহ গাড়ী করিয়া বাজার যাইতেন, এবং বাহা দেখিতেন, তাহাই কিনিতেন। বাব্টি ন্তন আমদানি দেখিয়া বিক্রেত্বর্গ পাঁচ টাকার জিনিসে দেড় শত টাকা হাঁকিত, এবং নিতান্তপক্ষে পণ্ডাশ টাকা না পাইলে ছাড়িত না। হঠাং মুচিরামের নাম বাজিয়া গোল বে, বাব্টি মধ্চক্রবিশেষ। পাড়ার বত বানর মধ্য লুঠিতে

ছুবিল। জুরাচোর, বদমাশ, মাতাল, লম্পট, নিজ্জ্মণ ভাল ধুবিত চাদর, জুবতা ও লাঠিতে অঙ্গ পরিশোভিত করিয়া, চুল ফিরাইয়া, বাবুকে সম্ভাষণ করিতে আসিল। মুচিরাম তাহাদিগকে কলিকাতার বড় বড় বাবু মনে করিয়া তাহাদিগকে বিশেষ আদর করিতে আরম্ভ করিলেন। তাহারাও আত্মীয়তা করিয়া তাঁহার বৈঠকখানায় আভা করিল—তামাক পোড়ায়. খবরের কাগজ্প পড়ে, মদ খায়, তাস পেটে, বাজনা বাজায়, গান করে, পোলাও ধরংসায় এবং বাবুর প্রয়োজনীয় এবং অপ্রয়োজনীয় দ্রব্যসামগ্রী কিনিয়া আনে। টাকাটায় আপনার বার আনা মুনাফা রাখে, বলে দাঁওয়ে যোওয়ে সিকি দামে কিনিয়াছি। উভয় পক্ষের স্ব্রের সীমা রহিল না।

যে গালিতে মুচিরাম বাড়ী লইয়াছিলেন, সেই গালিতে একজন প্রথমশ্রেণীর বাটপাড় বাস করিতেন। তাঁহার নাম রামচন্দ্র দত্ত। রামচন্দ্রবাব্ধর্ প্রথমশ্রেণীর বাটপাড়—একট্ব রাণ্ডি বা একখানা কটলেটের লোভে কাহারও আন্ত্রাত্তা করিবার লোক নহেন। তাঁহার বিতল গৃহ প্রস্তরম্কুর কাণ্ঠ কাচ কাপেটাদিতে সকুস্কম উদ্যানতুল্য রঞ্জিত; তাঁহার দরওয়াজায় অনেকগ্রলো দ্বারবান্ গালচাল্লা বাঁথিয়া সিদ্ধি ঘোঁটে; আস্তাবলে অনেকগর্বলি অশ্বের পদধর্নিন শ্না যায়—তিনখানা গাড়ি আছে. সোণাবাধা হর্কা, হীরাবাধা গ্রিহণী, হ্যান্ডনোটে বাঁধা ইংরেজ খাদক. এবং তাড়াবাঁধা কোগজ'—সকলই ছিল। তথাপি তিনি জ্বয়াচোর,—জ্য়াচুরিতেই এ সকল হইয়াছিল। তিনি যখন শ্রনিলেন, টাকার বোঝা লইয়া গ্রাম্য গর্দাভ পাড়ায় আসিয়া চরিয়া বেড়াইতেছে, তখন ভাবিলেন যে, গন্দভের প্রত্বিত টাকার বোঝা বিহবে কি প্রকারে—বোঝাটি নামাইয়া লইয়া তাহার উপকার করিতে হইবে। আহা। অবোধ পশ্ব। এত ভারি বোঝা বহিবে কি প্রকারে—বোঝাটি নামাইয়া লইয়া তাহার উপকার করি।

প্রথম প্রয়োজন, মন্চিরামের সঙ্গে আলাপ পরিচয়। রামচন্দ্রবাবন বড়লোক—মন্চিরামের বাড়ী আগে যাইবেন না। ইঙ্গিত পাইয়া একজন অন্চর মন্চিরামের কাণে তুলিয়া দিল, রামচন্দ্রবাবন কলিকাতার অতি প্রধান লোক, আর মন্চিরামের প্রতিবাসী—মন্চিরামের সঙ্গে আলাপ করিবার জন্য অতি ব্যস্ত। সতেরাং মন্চিরাম গিয়া উপস্থিত।

এইর্পে উভয়ে উভয়ের নিকট পরিচিত হইলেন। উভয়ে উভয়ের বাড়ী বাতায়াত হইতে লাগিল। ঘন ঘন যাতায়াতে ক্রমে সৌহান্দর্য বৃদ্ধি। রামচন্দ্রবাব্রর সেই ইচ্ছা! তিনি চতুর, মুচিরাম নিব্বোধ; মুচিরাম গ্রাম্য, তিনি নাগরিক। অলপ কালেই মুচিরাম-মংস্য ফাঁদে পড়িল —রামচন্দ্রের সঙ্গে বন্ধুতা করিল। রামচন্দ্র তাঁহার মুর্ব্বিব হইলেন—মুচিরামের নাগরিক জীবনযাত্রানিব্বাহে শিক্ষাগ্র্ব্ব হইলেন।

ত্রয়োদশ পরিচ্ছেদ

তিনি নাগরিক জীবননিবর্ণাহে মুচিরামের শিক্ষাগ্রর্—কলিকাতার্প গোচারণভূমে তাঁহার রাথাল—কালীঘাট হইতে চিতপ্র পর্যান্ত, তখন মুচিরামবলদ স্থের গাড়ি টাদিরা যায়. রামবাব্ তখন তাহার গাড়োয়ান; সথের ছেকড়ায় এই খোঁড়া টাট্টি জুড়িয়া রামচন্দ্র পাকা কোচমানের মত মিঠাকড়া চাব্রক লাগাইতেন। তাহার হল্তে কমে গ্রাম্য বানর সহর্বে বানরে পরিণত হইল। কি গতিকের বানর, তাহা নিন্নোদ্ধৃত প্রাংশ পড়িলেই ব্রুঝা যাইতে পারে। এই সময় তিনি ভজগোবিন্দকে যে প্র লিখিয়াছিলেন, তাহা হইতে উদ্ধৃত করা গোল—

"তোমার প্রের বিবাহ শ্নিরা আহ্মাদ হইল। টাকার তেমন আন্ক্লা করিতে পারিলাম না—মাপ করিও। দুইখানা গাড়ি কিনিয়াছি—একখানা বের্য—একখানা ব্রেনবেরি। একটা আরবের য্রিড়তে ২২০০ টাকা পড়িয়াছে। ছবিতে, আয়নতে, কারপেটে অনেক টাকা পড়িয়া গিয়াছে। কলিকাতার এত খরচ, তাহা জানিলে কখন আসিতাম না—সেখানে সাত সিকায় কাপড় ও মজনুরিসমেত আমার একটা চাপকান তৈয়ার হইত—এখানে একটা চাপকানে ৮৫ টাকা পড়িয়াছে। এক সেট র্পার বাসনে অনেক টাকা লাগিয়াছে। থাল, বাটি, গোলাস, সে বাসনের কথা বলিতোছি না—এ সেট টেবিলের জন্য। বরকন্যাকে আমার হইয়া আশীব্রিদ করিবে।"

এই হলো বানরামি নন্বর এক। তারপর, মাচিরাম, কলিকাতায় যে কেহ একটা খ্যাতিযাক্ত, তাহারই বাড়ীতে, রামচন্দ্রবাবার পশ্চাতে পশ্চাতে যাইতে আরম্ভ করিলেন। কোন নামজাদা বাবা তাহার বাড়ীতে আসিলে জন্ম সার্থক মনে করিতেন। কিসে আসে, সেই চেন্টায় ফিরিতেন।

ম্চিরাম গ্রেড্র জীবনচরিত

এইর্প আচরণে, রামবাব্র সাহায্যে, কলিকাতার সকল বদ্ধিষ্ট্ লোকের সঙ্গে তাঁহার আলাপ হইল। টাকার মান সর্ব্ব: মুচিরামের টাকা আছে: সুতরাং সকলেরই কাছে তাঁহার মান হইল।

তারপর মাত্রিরাম কলিকাতার ইংরেজ মহল আক্রমণ করিলেন। রামবাবার পরিচয়ে যত ছোট বড় ইংরেজের বাড়ী যাতায়াত করিলেন। অনেক জায়গাতেই ঝাঁটা লাথি থাইলেন। কোন কোন স্থানে মিষ্ট কথা পাইলেন। অনেকস্থানেই একজন মাতাল জমীদার বালিয়া পরিচিত হইলেন।

তারপর রিটিশ ইন্ডিয়ান আসোসিয়েশ্যনে ঢ্বিলেন। নাম লেখাইয়া বংসর বংসর টাকা দিতে লাগিলেন। রামচন্দ্রবাব্র সঙ্গে প্রতি অধিবেশনে যাইতে আরম্ভ করিলেন। রামবাব্র কথিত মহামহিমমহাসভার "একটা বড় কামান।" তিনি যখনই বড় কামান দাগিতে যাইতেন, এই ছোট মনুচিপিগুলটি সঙ্গে লইয়া যাইতেন—স্কুতরাং পিগুলটি ক্রমে মনুখ খ্লিয়া পন্টপাট করিতে আরম্ভ করিল। মাচিরামও রিটিশ ইন্ডিয়ান সভায় একজন বক্তা হইয়া দাঁড়াইলেন। তিনি বাকিতেন মাথামান্ডু, কিস্তু ছাপার বিজ্ঞাপনীতে যাহা বাহির হইত, সে আর একপ্রকার। মাচিরাম নিজে তাহার কিছাই বানিতে পারিতেন না। যাহারা ব্রে, তাহারা পাঁড়য়া নিন্দা করিত না। স্কুতরাং মাচিরাম ক্রমে একজন প্রসিদ্ধ বক্তা বালয়া খ্যাতি লাভ করিতে লাগিলেন। যেথানে লোকে বড়লোক বালয়া গণ্য হয়, মাচিরাম তাহার কোন যায়গায় যাইতেই ছাড়িত না। গবর্ণমেন্ট হৌসে ও বেলবিডীরে গেলে বড়লোক বালয়া গণ্য হয়, সা্তরাং সে গবর্ণমেন্ট হৌসে ও বেলবিডীরে গাইত। যাইতে বাইতে সে লেন্টেনান্ট গবর্ণরের নিকট সা্পরিচিত হইল। লেপ্টেনাণ্ট গবর্ণর তাহাকে একজন নয়, নিরহংকারী, নিরীহ লোক বালয়া জানিলেন। জ্মীদারী সভার একজন নায়ক বালয়া প্রেবিই রামচন্দ্রের নিকট পরিচয় পাইয়াছিলেন।

সম্প্রতি বাঙ্গাল কোন্সিলে একটি পদ খালি হইল। একজন জমীদারী সভার অধিনায়ককে তাহাতে প্রতিষ্ঠিত করিবেন, ইহাই লেপ্টেনান্ট গবর্ণর বাহাদ্র গ্রির করিলেন। বাহনি করিতে মনে মনে ভাবিলেন, "ম্রাচরানের ন্যায় এ পদের যোগ্য কে? নিরহণ্কারী, নিরহি—সেকেলে খাঁটি সোণা, একালের ঠন ঠনে পিতল নয়। অতএব ম্রাচরামকে বহাল করিব।"

অচিরাৎ অনরেবল বাব, মাচিরাম রায় বাঙ্গাল কোঁনিসলে আসন গ্রহণ করিলেন।

চতুদ্দশ পরিচ্ছেদ

বড় বাড়াবাড়িতে অনারেবল মুচিরাম রায়ের রুবির শুক্টেয়। আসিল। ভজগোবিন্দ ফিকিরফিন্দিতে অলপ দামে অধিক লাভের বিষয়গুলি কিনিয়া দিয়াছিলেন—তাঁহার কার্যাদক্ষতায় ক্রীত সম্পত্তির আয় বাড়িয়াছিল—কিন্তু এখন তাহাতেও অনাটন হইয়া আসিল। দুই একখানি তালুক বাঁধা পড়িল—রামচন্দ্রবাব্রর কাছে। রামচন্দ্রবাব্রর সঞ্চম্প এতদিনে সিদ্ধ হইয়া আসিতেছিল—এই জন্য তিনি আত্মীয়তা করিয়া মুচিরামকে এত বড় বাব্ করিয়া তুলিয়াছিলেন। রামচন্দ্র অর্জেক মুল্যে তালুকগর্মল বাঁধা রাখিলেন—জানেন যে, মুচিরাম কখনও শুধরাইতে পারিবে না—অর্জেক মুল্যে বিষয়গর্মল তাঁহার হইবে। আরও তালুক বাঁধা পড়ে, এমন গতিক হইয়া আসিল। এই সময়ে ভজগোবিন্দ আসিয়া উপস্থিত হইল। সে শুনিয়াছিল, যে, গবর্ণর প্রভৃতি বড় বড় সাহেব তাহার ভগিনীপতির হাতধরা—এই সুযোগে একটা বড় চাকরি যেটাইয়া লইতে হইবে—এই ভরসায় ছুটি লইয়া কলিকাতায় আসিলেন। আসিয়া শুনিলেন, মুচিরামের গতিক ভাল নহে। তাহার উদ্ধারের উপায় বলিয়া দিলেন।

কলিলেন, "মহাশয়, আপনি কখন তালকে যান নাই। গেলেই কিছ্ব পাওয়া যাইবে। তালকে যান।"

মন্চিরাম আনন্দিত হইল, ভাবিল, "তাই ত! এমন সোজা কথাটা আমার মনে আসিল না।" মন্চিরাম খুশী হইয়া, ভজগোবিশের কথায় স্বীকৃত হইল।

চন্দনপুর নামে তাল্বক—সেইখানে বাব্ গেলেন। প্রজাদিগের অবস্থা বড় ভাল। সে বংসর নিকটবন্তী স্থান সকলে দ্বভিক্ষ উপস্থিত—কিন্তু সে মহালে কিছ্ব না। কখন ম্বাচরাম প্রজাদিগের নিকট মান্তন মাথট লয়েন নাই। ম্বিচরাম ির্বিরোধী লোক—তাহাদের উপর কোন অত্যাচার করিতেন না। আজ ভজগোবিন্দের প্রাম শ স্পরীরে তথায় উপস্থিত হইয়া বিললেন, "আমার কন্যার বিবাহ উপস্থিত—বড় দার ্রস্ত ইইয়াছি, কিছ্ব ভিক্ষা দাও।" প্রজারা

र्वाष्क्रम त्रावनी

দরা করিল—প্রজা সূথে থাকিলে জমীদারকে সকল সময়ে দরা করিতে প্রস্তুত। জমীদার আসিরাছে সন্বাদ পাইরা, পালে পালে প্রজা টে'কে টাকা লইরা মূচিরাম-দর্শনে আসিতে আরম্ভ করিল। মূচিরামের চেষ্ট টাকার পরিপূর্ণ হইতে লাগিল। কিন্তু ইহাতে আর একদিকে তাঁহার আর একপ্রকার সৌভাগ্যের উদয় হইল।

প্রজারা দলে দলে ম্নিচ-রাম-দর্শনে আসে—কোন দিন পঞাশ, কোন দিন ষাট, কোন দিন আশী, কোন দিন অদশী, কোন দিন একশত এইর্প। যাহাদের বাড়ী নিকট, তাহারা দর্শন করিয়া ফিরিয়া যায়, যাহাদের বাড়ী দ্র, তাহারা দোকান হইতে খাদ্যসামগ্রী কিনিয়া একটা বাগানের ভিতর রাঁধিয়া বাড়িয়া খায়। মহালটি একে খ্ব বড়—ম্চিরামের এত বড় জমীদারী আর নাই—তাহাতে গ্রামগ্লির মধ্যে বিল খাল অনেক থাকায়, দ্ই চারিজন প্রজাকে প্রায় রাঁধিয়া খাইয়া যাইতে হইত। একদিন অনেক দ্র হইতে প্রায় একশত প্রজা আসিয়াছে—তাহাদের বাড়ী একটা ভারি জলা পার; নিকাশ প্রকাশে তাহাদের বেলা গেল; তাহারা বাড়ী ফিরিতে পারিল না। বাগানে রাঁধাবাড়া করিতে লাগিল। রাত্রি থাকিয়া প্রাতে যাত্রা করিবে। তাহারা যখন খাইতে বসিল, সেই সময়ে নিকটক্ষ মাঠ পার হইয়া অশ্বজানে একটি সাহেব যাইতেছিলেন।

সাহেবটির নাম মীন্ওয়েল্। তিনি ঐ জেলার প্রধান রাজপ্রর্য—ম্যাজিন্টেট কালেক্টর। সাহেবটি ভাল লোক—ন্যায়বান্—হিতৈষী এবং পরিশ্রমী। কিসে এ দেশের লোকের মঙ্গল সাধন করিবেন, সেই জন্য সর্ব্বদা চিন্তিত। প্র্বেই বলিয়াছি, সে বংসর ঐ অঞ্চলে দ্বিভিক্ষ ইইয়াছিল; সাহেব দ্বভিক্ষ তদারকে বাহির হইয়াছিলেন। নিকটস্থ কোন গ্রামে তাঁহার তাম্ব্র পাড়িয়াছিল—তিনি এখন অশ্বারোহণে তাম্ব্রতে যাইতেছিলেন। যাইতে যাইতে দেখিতে পাইলেন, একটা বাগানের ভিতর কতকগলো লোক ভোজন করিতেছে।

দেখিয়াই সহজেই সিদ্ধান্ত করিলেন, ইহারা সকলে দ্বতিক্ষপীড়িত উপবাসী দরিদ্র লোক, কোন বদান্য ব্যক্তি ইহাদের ভোজন করাইতেছে। সবিশেষ তত্ত্ব জ্ঞানিবার জন্য, নিকটে একজন চাষাকে দেখিয়া জিজ্ঞাসাবাদ আরম্ভ করিলেন।

চাষা অবশ্য ইংরেজি জানে না। সাহেব উত্তম বাঙ্গালা জানেন, পরীক্ষা দিয়া প্রুক্তার পাইয়াছেন; স্তুতরাং চাষার সঙ্গে বাঙ্গালায় কথোপকথন আরম্ভ করিলেন।

সাহেব চাষাকে জিজ্ঞাসা করিলেন, "টোমাডিগের গ্ড়ামে* ডুড়্বেক্কা† কেমন আছে?"

চাষা ত জানে না ডুড়্বেক্কা কাহাকে বলে। সে ফাঁফরে পড়িল। ডুড়্বেক্কা কোন ব্যক্তি-বিশেষের নাম হইবে, ইহা একপ্রকার স্থির হইল। কিন্তু "কেমন আছে?" ইহার উত্তর কি দিবে? যদি বলে যে, সে ব্যক্তিকে আমি চিনি না, তাহা হইলে সাহেব হয়ত এক ঘা চাব্ক দিবে, যদি বলে যে, ভাল আছে, তাহা হইলে সাহেব হয়ত ডুড়্বেক্কাকে ডাকিয়া আনিতে বিলিবে; তাহা হইলে কি করিবে? চাষা ভাবিয়া চিন্তিয়া উত্তর করিল, "বেমার আছে।"

"বেমার—Sick?" সাহেব ভাবিতে লাগিলেন, "Well, there may be much sickness without there being any scarcity—the fellow does not understand perhaps; these people are so dull—I say তুড়বেকা কেমন আছে—অটিক আছে কিংবা অলপ আছে?"

এখন চাষা কিছ্ব ভাব পাইল। স্থির করিল যে, এ যখন সাহেব, তবে অবশ্য হাকিম। (সে দেশের নীলকর নাই) হাকিম যখন জিজ্ঞাসা করিতেছে যে, ডুড়্বেক্কা অধিক আছে, কি অলপ আছে—তখন ডুড়্বেক্কা একটা টেক্সের নাম না হইয়া যায় না। ভাবিল, কই, আমরা ত ডুড়্বেক্কার টেক্স দিই না; কিন্তু যদি বলি, আমাদের গ্রামে সে টেক্স নাই—তবে বেটা এখনই টেক্স বসাইয়া যাইবে। অতএব মিছা কথা বলাই ভাল। সাহেব প্নরপি জিজ্ঞাসা করিলেন. "টোমাডের গ্র্ডামে ডুড়্বেক্কা অটিক কিম্বা অলপ আছে?"

চাষা উত্তর করিল, "হ্জ্বের, আমাদের গাঁরে ভারি ডুড়্বেক্কা আছে।"

সাহেব ভাবিলেন, ''Hump! I thought as much—'' পরে বাগানে যে সকল লোক খাইতেছিল, তংগ্রতি অঙ্গনিনিন্দেশি করিয়া জিজ্ঞাসা করিলেন, "কে বোজন করিল?" (উন্দেশ্য "ভোজন করাইল")

^{*} ক্লমে। † দ্ভিক।

ম্চিরাম গ্ডের জীবনচরিত

চাষা। প্রজারা ভোজন কোচ্ছে।

সাহেব চটিয়া, "টাহা আমি জানে— They eat, that I see but who pays?— টাকা কাহাড়?"

এখন সে চাষা জানে যে, যত টাকা আসিতেছে, সকলই জমীদারের সিন্ধকে যাইতেছে; সে নিজেও কিছু, দিয়া আসিয়াছিল—অতএব এবার বিনা বিলম্বে উত্তর ক্রিল টাকা জমীদারের।"

সাহেব। Ah! there it is; they do their duty—how it is that some people find pleasure in maligning them? জমীদারের নাম কি?

চাষা। ম, চিরাম রায়।

সাহেব। কট ডিবস বোজন কড়িয়াছে?

চাষা। তা ধর্ম্মাবতার, প্রজারা রোজ রোজ আসে, খাওয়া দাওয়া করে।

সাহেব। এ গ্ড়ামের নাম কি?

চাষা। চন্ননপরে।

সাহেব নোটব্ৰুক বাহির করিয়া তাহাতে পেশ্সিলে লিখিলেন,

For Famine Report

"Babu Muchiram Ray, Zemindar of Chinnapur—feeds every day a large number of his ryots."

সাহেব তখন ঘোড়ায় চাব্বক মারিয়া টাপে চলিলেন। চাষা আসিয়া গ্রামে রটাইল, একটা সাহেব টাকায় আট আনা হিসাবে টেক্স বসাইতে আসিয়াছিল, চাষা মহাশরের ব্রদ্ধিকৌশলে বিমুখ হইয়াছে।


এ দিকে মীন্ওয়েল্ সাহেব যথাকালে ফেমিন্ রিপোর্টে লিখিলেন। একটি পারাগ্রাফ শুধু মুচিরাম রায় সম্বন্ধে। তাহাতে প্রতিপত্ন হইল যে, মুচিরাম জমীদারদিগের আদশস্থিল।

এই দুঃসময়ে অন্নদান করিয়া সকল প্রজাগনলির প্রাণরক্ষা করিয়াছে।

রিপোর্ট কমিশ্যনরীতে গেল। কমিশ্যনরের হস্ত হইতে কিছু উজ্জ্বলতর বর্গে রঞ্জিত হইরা
—কমিশ্যনর সাহেব লেখক ভাল—গবর্গমেণ্টে গেল। গবর্গমেণ্টের এই বিবেচনা—যে যার প্রজ্ঞা,
সেই যদি দর্ভিক্ষের সময়ে তাহাদের আহার যোগায়, তাহা হইলেই "দর্ভিক্ষ প্রশেনর" উত্তম
মীমাংসা হয়। অতএব মর্চরামের ন্যায় বদান্য জমীদার্রদিগের সম্মানিত ও উৎসাহিত করা
নিতান্ত কর্ত্তব্য। তজ্জন্য বাঙ্গালা গবর্গমেণ্ট ভারতবর্ষীর গবর্গমেণ্টের নিকট অনুরোধ
করিলেন যে, বাব্ মর্চিরাম রায় মহাশয়কে—পাঠক একবার হরি হরি বল—রাজাবাহাদ্বর উপাধি
দেওয়া যায়।

ইণিডয়ান গবর্ণমেণ্ট বলিলেন, তথাস্থু। গেজেট হইল, রাজা মর্চিরাম রায় বাহাদ্রর। তোমরা সবাই আর একবার হরি বল।





বৈজ্ঞানিক প্রবন্ধসংগ্রহ

আশ্চর্য্য সৌরোৎপাত

১৮৭১ সালে সেপ্টেম্বর মাসে আমেরিকা-নিবাসী অন্ধিতীয় জ্যোতির্ম্পি ইয়ঙ্ সাহেব যে আশ্চর্য্য সোরোৎপাত দ্ভিট করিয়াছিলেন, এর্প প্রকান্ড কান্ড মন্মাচক্ষে প্রায় আর কথন পড়ে নাই। তত্ত্বলনায় এট্না বা বিসিউবিয়াসের অগ্নিবিপ্লব, সমন্দ্রোচ্ছনাসের তুলনায় দ্বন্ধ-কটাহে দুন্ধোচ্ছনাসের তুল্য বিবেচনা করা যাইতে পারে।

যাঁহারা আধ্রনিক ইউরোপীয় জ্যোতিব্বিদ্যার সবিশেষ অনুশীলন করেন নাই, এই ভয়ৎকর ব্যাপার তাঁহাদের বোধগম্য করার জন্য সূর্যোর প্রকৃতিসম্বন্ধে দুই একটি কথা বলা আবশাক।

সূর্য্য অতি বৃহৎ তেজাময় গোলক। এই গোলক আমরা অতি ক্ষুদ্র দেখি, কিন্তু উহা বাস্তবিক কত বৃহৎ, তাহা প্থিবীর পরিমাণ না ব্বিবলে ব্ব্বা যাইবে না। সকলে জানেন যে, প্থিবীর ব্যাস ৭০৯১ মাইল। যদি প্থিবীকে এক মাইল দীর্ঘ, এক মাইল প্রস্থু, এমত খণ্ডে খণ্ডে ভাগ করা যায়, তাহা হইলে উনিশ কোটি, ছয়য়িট্ট লক্ষ্ক, ছান্বিশ হাজার, এইর্প বর্গ-মাইল পাওয়া যায়। এক মাইল দীর্ঘে, এক মাইল প্রস্থু এবং এক মাইল উদ্দর্ব, এর্প ২৫৯,৮০০,০০০,০০০ ভাগ পাওয়া যায়। আশ্চর্য্য বিজ্ঞানবলে প্থিবীকে ওজন করাও গিয়ছে। ওজনে প্থিবী যত টন হইয়ছে, তাহা নিশ্ন অংকর দ্বারা লিখিলাম। ৬,০৬৯,০০০,০০০,০০০,০০০,০০০,০০০,০০০। এক টন সাতাশ মনের অধিক।

এই সকল অংক দেখিয়া মন অন্থির হয়; পৃথিবী যে কত বৃহৎ পদার্থ, তাহা বৃধিয়া উঠিতে পারি না। এক্ষণে যদি বলি যে, এমত অন্য কোন গ্রহ বা নক্ষণ্র আছে যে, তাহা পৃথিবী অপেক্ষা ন্রয়োদশ লক্ষ গৃলে বৃহৎ, তবে কে না বিস্মিত হইবে? কিন্তু বাস্তবিক স্থা পৃথিবী হইতে গ্রয়োদশ লক্ষ্ গৃলে বৃহৎ। গ্রয়োদশ লক্ষ্টি পৃথিবী একন্ত করিলে স্থোর আয়তনের সমান হয়।

তবে আমরা স্থাতিকে এত ক্ষ্ম দেখি কেন? উহার দ্রতাবশতঃ। প্রতিন গণনান্সারে স্থাতি পৃথিবী হইতে সার্দ্ধ নয় কোটি মাইল দ্রে ক্ষিত বলিয়া জানা ছিল। আধানিক গণনায় ক্ষির হইয়াছে যে. ৯১,৬৭৮,০০০ মাইল অর্থাৎ এক কোটি, চতুন্দ লক্ষ্ক, উনসপ্ততি সহস্র সার্দ্ধ সপ্তদশ যোজন, পৃথিবী হইতে স্থোত্তির দ্রতা।* এই ভয়াকর দ্রতা অন্মেয় নহে। স্বাদশ সহস্র পৃথিবী শ্রেণীপরম্পরায় বিনাস্ত হইলে, পৃথিবী হইতে স্থাতি পায় না।

এই দ্রতা অনুভব করিবার জন্য একটি উদাহরণ দিই। অস্মদাদির দেশে রেলওয়ে ট্রেণ ঘণ্টায় ২০ মাইল যায়। যদি পৃথিবী হইতে স্যাঁ পর্যান্ত রেলওয়ে হইত, তবে কত কালে স্যাঁলোকে যাইতে পারিতাম? উত্তর—যদি দিন রাতি ট্রেণ অবিরত, ঘণ্টায় বিশ মাইল চলে, তবে ৫২০ বংসর ৬ মাস ১৬ দিনে স্যাঁলোকে পেশছান যায়। অর্থাং যে ব্যক্তি ট্রেণে চড়িবে, তাহার সপ্তদশ প্রুষ ঐ ট্রেণে গত হইবে।

এক্ষণে পাঠক ব্বিতে পারিবেন যে, স্যামণ্ডলমধ্যে যাহা অণাবং ক্লাকৃতি দেখি, তাহাও বাস্তবিক অতি বৃহং। যদি স্যামধ্যে আমরা একটি বালির মত বিন্দৃও দেখিতে পাই, তবে ভাহাও লক্ষ ক্লোশ বিস্তার হইতে পারে।

নৃতন গণনার আরও কিছু বাড়িরাছে।

কিন্তু স্থা এমনি প্রচণ্ড রাশ্মিমর ধে, তাহার গায়ে বিশ্ব বিসর্গ কিছ্ দেখিবার সম্ভাবনা নাই। স্থের প্রতি চাহিয়া দেখিলেও অন্ধ হইতে হয়। কেবল স্থাগ্রহণের সময় স্থাতেজঃ চন্দ্রান্তরালে ল্কায়িত হইলে, তংপ্রতি দ্বিত করা যায়। তখনও সাধারণ লোকে চক্ষ্র উপর কালিমাখা কাচ না ধরিয়া, হততেজা স্থা প্রতিও চাহিতে পারে না।

সেই সময়ে যদি কালিমাখা কাচ ত্যাল করিয়া উত্তম দ্রবীক্ষণ যশের দ্বারা স্থা প্রতি দ্বিট করা যায়, তবে কতকগন্নি আশ্চর্য্য ব্যাপার দেখা যায়। প্র্ণ প্রাসের সময়ে, অর্থাং যখন চন্দ্রান্তরালে স্থামশ্ডল ল্ক্রায়িত, তখন দেখা যায়, মণ্ডলের চারিপার্মে, অপ্র্ব জ্যোতিশ্রি কিরীটিমশ্ডল তাহাকে ঘেরিয়া রহিয়ছে। ইউরোপীয় পশ্ডিতেরা ইহাকে "করোনা" বলেন। কিস্তু এই কিরীটিমশ্ডল ভিন্ন, আর এক অন্তুত বস্তু কখন কখন দেখা যায়। কিরীটিম্লে, ছায়াব্ত স্থের অঙ্গের উপরে সংলগ্ন, অথচ তাহার বাহিরে, কোন দ্রভের্ম পদার্থ উপাত দেখা যায়। ঐ সকল উপ্যত পদার্থ দেখিতে এত ক্ষ্মে যে, তাহা দ্রবীক্ষণ যন্য ব্যাতিরেকে দেখা যায় না। কিস্তু দ্রবীক্ষণ যন্যে দেখা যায় বলিয়াই তাহা বৃহং অন্মান করিতে হইতেছে। উহা কখন কখন অন্ধ লক্ষ মাইল উচ্চ দেখা গিয়াছে। ছয়্রটি প্থিবী উপর্যুপরি সাজাইলে এত উচ্চ হয় না। এই সকল উপ্যত পদার্থের আকার কখন পর্যাত্ত্বিক্, কখন বা অন্য প্রকার, কখন স্থ্য হইতে বিষ্কুত দেখা গিয়াছে। তাহার বর্ণ কখন উজ্জ্বল রক্ত, কখন গোলাপী, কখন নীল কপিশ।

পশ্ডিতেরা বিশেষ অন্সন্ধান দ্বারা স্থির করিয়াছেন যে, এ দকল স্থ্যের অংশ। প্রথমে কেহ কেহ বিবেচনা করিয়াছিলেন যে, এ সকল সৌর পর্বত; পরে স্থ্য হইতে তাহার বিয়োগ দেখিয়া সে মত তাগ করিলেন।

এক্ষণে নিঃসংশয় প্রমাণ হইরাছে যে, এই সকল বৃহৎ পদার্থ স্থাগর্ভ হইতে উৎক্ষিপ্ত। যের পার্থিব আগ্নের্যাগরি হইতে দ্রব বা বায়বীয় পদার্থসকল উৎপতিত হইয়া গিরিশ্সের উপরে মেঘাকারে দৃষ্ট হইতে পারে, এই সকল সৌর মেঘও তদ্রুপ; উৎক্ষিপ্ত বস্তু ষতক্ষণ না স্থোগার্পার প্রনঃ পতিত হয়, ততক্ষণ পর্যান্ত স্থ্পাকারে প্থিবী হইতে লক্ষ্য হইতে থাকে।

এক্ষণে পাঠক বিবেচনা করিয়া দেখনে যে, এইর্প একখানি সৌর মেঘ বা ন্ত্রপ দ্রবীক্ষণে দেখিলে কি ব্রিবতে হয়। ব্রিবতে হয় যে, এক প্রকাশ্ত প্রদেশ লইয়া এক বিষম বিপ্লব উপন্থিত হইয়াছে। সেই সকল উৎপাতকালে স্যাগভিনিক্ষিপ্ত পদার্থরাশি, এতাদৃশ বহ্দ্র-ব্যাপী হয় যে, তক্ষধ্যে এই প্থিবীর ন্যায় অনেকগ্রলি প্থিবী ডুবিয়া থাকিতে পারে।

এইর প সোরোংপাত অনেকৈই প্রফেসর ইয়ঙর প্রের্বে দেখিয়ছিন; কিন্তু প্রফেসর ইয়ঙ্
ষাহা দেখিয়াছেন, তাহা আবার বিশেষ বিস্ময়কর। বেলা দৃই প্রহরের সময়ে তিনি স্র্বামণ্ডল
দ্ববীক্ষণ দ্বারা অবেক্ষণ করিতেছিলেন। তংকালে গ্রহণাদি কিছু ছিল না। প্রের্বি গ্রহণের
সাহাষ্য ব্যতীত কেহ কখন এই সকল ব্যাপার নয়নগোচর করে নাই, কিন্তু ডাক্তার হাগিন্স প্রথমে
বিনা গ্রহণে এ সকল ব্যাপার দেখিবার উপায় প্রদর্শন করেন। প্রফেসর ইয়ঙ্ এর প বিজ্ঞানকুশলী যে, তিনি স্বেগ্র প্রচণ্ড তেজের সময়েও ঐ সকল সৌরস্ত্রপের আতপচিত্র পর্যান্ত
গ্রহণ করিতে সমর্থ হইয়াছেন।

কথিত সময়ে প্রফেসর ইয়ঙ্ দ্রবীক্ষণে দেখিতেছিলেন যে, স্থেরর উপরি ভাগে একখানি মেঘবং পদার্থ দেখা বাইতেছে। অন্যান্য উপায় দ্বারা সিদ্ধান্ত হইয়ছে যে, প্থিবী যের্প বায়বীয় আবরণে বেণ্ডিত, স্থামশ্ডলও তদ্প। ঐ মেঘবং পদার্থ সৌর বায়ৢর উপরে ভাসিতেছিল। পাঁচটি স্তভের ন্যায় আধারের উপরে উহা আর্ঢ় দেখা যাইতেছিল। প্রফেসর ইয়ঙ্ প্রেদিন বেলা দুই প্রহর হইতে ঐ রুপই দেখিতেছিলেন। তদর্বাধ তাহার পরিবর্তনের কোন লক্ষণই দেখেন নাই। স্তভগ্লি উল্জ্বল, মেঘথানি বৃহৎ—তন্তিয় মেঘের নিবিড্তা বা উল্জ্বলতা কিছুই ছিল না। স্ক্রেম স্ক্রেম স্তাকার কতকগ্লি পদার্থের সমিতিইল। ইহা বলা বাহ্লা যে, প্রফেসর ইয়ঙ্ ইহার দৈর্ঘা-প্রস্তুও মাপিয়াছিলেন। তাহার দৈর্ঘ্য লক্ষ্মাইল—প্রস্তু ৫৪,০০০ মাইল। বায়ার প্রিথবী সারি সারির সারের সমান হয় না।

দুই প্রহর বাজিয়া অন্ধ ঘণ্টা হইলে, মেঘ এবং তন্দ্রন্প স্তজ্ঞান্নির অবন্থা-পরিবর্তনের কিছ্ন কিছ্ন লক্ষণ দেখা যাইতে লাগিল। সেই সময়ে প্রকেসর ইয়ঙ্ সাহেবকে দ্রবন্দিণ রাখিয়া স্থানান্তরে যাইতে হইল। একটা বাজিতে পাঁচ মিনিট থাকিতে. যখন তিনি প্রত্যাবর্তন করিলেন, তখন দেখিলেন যে, চমংকার! নিন্দ হইতে উংক্ষিপ্ত কোন ভয়ত্কর বলের বেগে মেঘখণ্ড ছিম ভিম হইয়া গিয়াছে, তংপরিবত্তে সৌর গগন ব্যাপিয়া ঘনবিকীণ উল্জ্বল স্তাকার পদার্থসকল উদ্দের্ধ ধাবিত হইতেছে। ঐ স্তাকার পদার্থসকল অত প্রবল বেগে উদ্দের্ধ ধাবিত হইতেছিল।

সন্ত্রপিক্ষা এই বেগই চমংকার। আলোক বা বৈদ্যুতিক শক্তি প্রভৃতি ভিন্ন, গ্রুর্থবিশিষ্ট পদার্থের এর্প বেগ প্রাতিগোচর হয় না। ইয়ঙ্ব সাহেব যথন প্রত্যাব্ত হইলেন, ঐ সকল উল্জ্বল স্বোকার পদার্থ লক্ষ মাইলের উধের্ব উঠে নাই। পরে দশ মিনিটের মধ্যে যাহা লক্ষ মাইলে ছিল, তাহা দুই লক্ষ মাইলে উঠিল। দশ মিনিটে লক্ষ মাইল গতি হইলে, প্রতি সেকেন্ডে ১৬৫ মাইল গতি হয়। অতএব উংক্তিপ্ত পদার্থের দৃষ্ট গতি এই।

এই গতি কি ভয়ঞ্জর, তাহা মনেরও অচিন্তা। কামানের গোলা অতি বেগবান্ হইলেও কখন এক সেকেন্ডে অর্দ্ধ মাইল যাইতে পারে না। সচরাচর কামানের গোলার বেগের বহু শত গুমু এই সৌর পদার্থের বেগ, এ কথা বলিলে অত্যক্তি হইবে না।

দুই लक्ष मारेल উদ্ধেৰ্বতে এই বেগ দেখা গিয়াছিল। যে উণিক্ষপ্ত পদাৰ্থ দুই লক্ষ মাইল উদ্বের্ এত বেগবান্, নিগমিকালে তাহার বেগ কিরুপ ছিল? সকলেই জানেন যে, যদি আমরা একটা ইন্টক খল্ড উদ্ধের্ব নিক্ষিপ্ত করি, তাহা হইলে যে বেগে তাহা নিক্ষিপ্ত হয়, সেই কো শেষ পর্যান্ত থাকে না, দ্রুমে মন্দীভূত হইয়া পরিশেষে একবার বিনন্ট হইয়া যায়, ইন্টক খন্ডও ভূপতিত হয়। ইন্টকবেগের হ্রাসের দুই কারণ, প্রথম প্রথিবীর মাধ্যাকর্ষণী শক্তি, দ্বিতীয় বায়,জনিত প্রতিবন্ধকতা। এই দুই কারণই স্বোলোকে বর্তমান। যে বন্তু যত গুরু, তাহার মাধ্যাকর্ষণী শক্তি তত বলবতী। পূথিবী অপেক্ষা সূর্য্যের মাধ্যাকর্ষণী শক্তি সূর্য্যের নাড়ীমণ্ডলে ২৮ গুণ অধিক। তদুল্লখ্যন করিয়া লক্ষ ক্রোশ পর্য্যন্ত যদি কোন পদার্থ উত্থিত হয়, তবে তাহা যখন স্বাকে ত্যাগ করে, তংকালে তাহার গতি প্রতি সেকেন্ডে অবশস্ট ১৬৬ মাইল ছিল। ইহা গণনা দ্বারা সিদ্ধ। কিন্তু যদিও এই বেগে উৎক্ষিপ্ত হইলে, ক্ষিপ্ত বস্তু লক্ষ ফ্রোশ উঠিতে পারিবে, তাহা যে ঐ লক্ষ ফ্রোশের শেষার্দ্ধ লক্ষনকালে প্রতি সেকেন্ডে ১৬৬ মাইল ছ, চিবে, এমত নহে। শেষার্দ্ধ বেগ গড়ে ৬৫ মাইল মাত্র হইবে। প্রক্রীর সাহেব গ,ড় ওয়ার্ড সে লিখিয়াছেন যে, যদি বিবেচনা করা যায় যে, স্র্যালোকে বায়বীয় প্রতিবন্ধকতা নাই. তাহা হইলে এই উণক্ষিপ্ত পদার্থ সূর্য্যমধ্য হইতে যে বেগে নিগতি হইয়াছিল, তাহা প্রতি সেকেন্ডে ২৫৫ মাইল। কর্ণহিলের একজন লেখক বিবেচনা করেন যে, এই পদার্থ প্রতি সেকেন্ডে ৫০০ মাইলের অধিক বেগে নিক্ষিপ্ত হইয়াছিল।

কিন্তু স্থালোকে যে বায়বীয় পদার্থ নাই, এমত কথা বিবেচনা করিতে পারা যায় না। স্থা যে গাঢ় বাষ্পমন্ডল-পরিবৃত, তাহা নিশ্চিত হইয়াছে। প্রক্টর সাহেব সকল বিষয় বিবেচনা করিয়া স্থির করিয়াছেন যে, প্রথিবীতে বায়বীয় প্রতিবন্ধকতার যের্প বল, সোর বায়্র প্রতিবন্ধকতার যদি সেইর্প বল হয়, তাহা হইলে এই পদার্থ যখন স্থা হইতে নিগতি হয়, তখন তাহার বেগ প্রতি সেকেন্ডে আন্মানিক সহস্ত মাইল ছিল।

এই বেগ মনের অচিন্তা। এর্শ বেগে নিক্ষিপ্ত পদার্থ এক সেকেন্ডে ভারতবর্ষ পার হইতে পারে—পাঁচ সেকেন্ডে কলিকাতা হইতে বিলাত প'হ্ছিতে পারে, এবং ২৪ সেকেন্ডে অর্থাৎ অর্ধ্ব মিনিটের কমে. প্রথিবী বেডন করিয়া অর্গসতে পারে।

আর এক বিচিত্র কথা আছে, আমরা যদি কোন মুর্গপিণ্ড উদ্ধেন্ন নিক্ষেপ করি, তাহা আবার ফিরিয়া আসিয়া প্থিবীতে পড়ে। তাহার কারণ এই যে, প্থিবীর মাধ্যাকর্ষণী শক্তির বলে, এবং বায়বীয় প্রতিবন্ধকতায়, ক্ষেপণীর বেগ চন্দে বিনন্ত হইয়া, যখন ক্ষেপণী একেবারে কোহীন হয়, তখন মাধ্যাকর্ষণের বলে প্নেম্বার তাহা ভূপতিত হয়। স্ব্রালোকেও অবশ্য তাহাই হওয়া সম্ভব। কিন্তু মাধ্যাকর্ষণী শক্তি বা বায়বীয় প্রতিবন্ধকতায় শক্তি কখন অসীম নহে। উভরেয়ই সীমা আছে। অবশ্য এমত কোন বেগবতী গতি আছে যে, তম্বায়া উভয় শক্তিই পরাভূত হইতে পারে। এই সীমা কোথায়, তাহাও গশনা বারা সিদ্ধ ইইয়াছে। যে বস্তু নিগ্মকালে প্রতি

সেকেন্ডে ৩৮০ মাইল গমন করে, তাহা মাধ্যাকর্ষণী শক্তি এবং বায়বীয় প্রতিবন্ধকতার বল অতিক্রম করিয়া যায়। অতএব উপরিবর্ণিত বেগবান্ উৎক্ষিপ্ত পদার্থ, আর স্বালোকে ফিরিয়া আইসে না। স্তরাং প্রফেসর ইয়ঙ্ব যে সৌরোৎপাত দৃষ্টি করিয়াছিলেন. তদ্বক্ষিপ্ত পদার্থ আর স্বালোকে ফিরে নাই। তাহা অনস্তকাল অনস্ত আকাশে বিচরণ করিয়া ধ্মকেতু বা অন্যকোন খেচররূপে পরিগণিত হইবে কি, কি হইবে, তাহা কে বলিতে পারে!

প্রক্টর সাহেব সিদ্ধান্ত করেন যে, উৎক্ষিপ্ত বস্তু লক্ষ ক্রোশ পর্যান্ত দৃষ্টিগোচর ইইয়ছিল বটে, কিন্তু অদৃশ্যভাবে যে তদিধক দ্র উদ্ধর্বগত হয় নাই. এমত নহে। যতক্ষণ উহা উত্তপ্ত এবং জনালাবিশিষ্ট ছিল, ততক্ষণ তাহা দৃষ্টিগোচর ইইয়াছিল, ক্রমে শীতল ইইয়া অন্বজ্জলে ইইলে, আর তাহা দেখা যায় নাই। তিনি ভির করিয়াছেন যে, উহা সাদ্ধ তিন লক্ষ মাইল উঠিয়াছিল। অতএব এই সৌরোৎপাতনিক্ষিপ্ত পদার্থ অন্তুত বটে—লক্ষযোজনব্যাপী মনোগতি. এক ন্তন স্থির আদি।

আকাশে কত তারা আছে?

ঐ যে নীল নৈশ নভোমণ্ডলে অসংখ্য বিন্দঃ জর্বলিতেছে, ওগ্রাল কি?

ওগ্রনি তারা। তারা কি? প্রশ্ন জিজ্ঞাসা করিলে পাঠশালার ছাত্র মাত্রেই তংক্ষণাৎ বলিবে যে, তারা সব স্যা। সব স্যা। স্ব স্যা। স্যাত দেখিতে পাই বিশ্বদাহকর, প্রচণ্ডিকরণমালার আকর; তংপ্রতি দ্ভিনিক্ষেপ করিবারও মন্যোর শক্তি নাই; কিন্তু তারা সব ত বিশ্ব মাত্র; অধিকাংশ তারাই নরনগোচর ইইয়া উঠে না। এমন বিসদ্শের মধ্যে সাদ্শ্য কোথায়? কোন্ প্রমাণের উপর নির্ভর করিয়া বলিব যে, এগালি স্যা? এ কথার উত্তর পাঠশালার ছাত্রের দেয় নহে। এবং যাঁহারা আধ্বনিক ইউরোপীয় বিজ্ঞানশাস্তের প্রতি বিশেষ মনোযোগ করেন নাই, তাঁহারা এই কথাই অকস্মাৎ জিজ্ঞাসা করিবেন। তাঁহাদিগকে আমরা এক্ষণে ইহাই বলিতে পারি যে, এ কথা অলম্ঘ্য প্রমাণের দ্বারা নিশ্চিত হইয়াছে। সেই প্রমাণ কি, তাহা বিবৃত করা এম্থলে আমাদিগের উন্দেশ্য নহে। যাঁহারা ইউরোপীয় জ্যোতিবির্দ্যার সম্যক্ আলোচনা করিয়াছেন, তাঁহাদের পক্ষে সেই প্রমাণ এখানে বিবৃত করা নিষ্প্রয়োজন। যাঁহারা জ্যোতিষ সম্যক্ অধ্যয়ন করেন নাই, তাঁহাদের পক্ষে সেই প্রমাণ বোধগম্য করা অতি দ্বর্হ ব্যাপার। বিশেষ দ্বইটি কঠিন কথা তাঁহাদিগকে ব্র্ঝাইতে হইবে; প্রথমতঃ কি প্রকারে নভঃম্থ জ্যোতিক্রের দ্বতা পরিমিত হয়; দ্বিতীয় আলোক-পরীক্ষক নামক আশ্চর্য্য যন্ত্র কি প্রকার, এবং কি প্রকারে ব্যবহত হয়।

স্তরাং সে বিষয়ে আমরা প্রবৃত্ত হইলাম না। সন্দিহান পাঠকগণের প্রতি আমাদিগের অনুরোধ, তাঁহারা ইউরোপীয় বিজ্ঞানের উপর বিশ্বাস করিয়া বিবেচনা কর্ন যে. এই আলোক-বিন্দুর্গালি সকলই সৌর প্রকৃত। কেবল আত্যন্তিক দ্রতাবশতঃ আলোকবিন্দুর্বং দেখায়।

এখন কত স্থা এই জগতে আছে? এই প্রশ্নের উত্তর প্রদান করাই এখানে আমাদিগের উদ্দেশ্য। আমরা পরিষ্কার চন্দ্রবিষ্কা নিশীথে নিম্মল নিরন্দ্র্য আকাশমণ্ডল প্রতি দ্ভিপাত করিয়া দেখিতে পাই যে, আকাশে নক্ষ্য যেন আর ধরে না। আমরা বলি, নক্ষ্য অসংখ্য। বাস্তবিক কি নক্ষ্য অসংখ্য? বাস্তবিক শ্বধ্ব চক্ষে আমরা যে নক্ষ্য দেখিতে পাই, তাহা কি গণিয়া সংখ্যা করা যায় না?

ইহা অতি সহজ কথা। যে কেহ অধ্যবসায়ার, চৃহইয়া স্থিরচিত্তে গণিতে প্রবৃত্ত হইবেন, তিনিই সফল হইবেন। বস্তুতঃ দ্রবীক্ষণ ব্যতীত যে তারাসনল দেখিতে পাওয়া যায়, তাহা অসংখ্য নহে—সংখ্যা এমন অধিকও নহে। তবে তারাসকল যে অসংখ্য বােধ হয়, তাহা উহার দৃশ্যতঃ বিশ্ভখলতাজন্য মাত্র। যাহা শ্রেণীবদ্ধ এবং বিন্যন্ত, তাহা অপেক্ষা যাহা শ্রেণীবদ্ধ নহে এবং অবিন্যন্ত, তাহা সংখ্যায় অধিক বােধ হয়। তারাসকল আকাশে শ্রেণীবদ্ধ এবং বিন্যন্ত নহে বিলয়াই আশ্ব অসংখ্য বিলয়া বােধ হয়।

বন্ধুতঃ বত তারা দ্রবীক্ষণ ব্যতীত দ্থিতগোচর হয়, তাহা ইউরোপীয় জ্যোতিবিশিল্গণ কর্ত্তক প্নাঃ পানাও হইয়াছে। বিলিনি নগরে যত তারা ঐর্পে দেখা যায়, অগেলিন্দর তাহার সংখ্যা করিয়া তালিকা প্রকাশ করিয়াছেন। সেই তালিকায় ৩২৫৬টি মাত্র তারা আছে। পারিস নগর হইতে যত তারা দেখা যার, হন্বোল্টের মতে তাহা ৪১৪৬টি মাত্র। গেলামির আকাশমণ্ডল নামক গ্রন্থে চক্ষ্বর্দ শা তারার যে তালিকা প্রদত্ত হইরাছে, তাহা এই প্রকার:—

১ম	শ্রেণী			২ 0
২য়	শ্রেণী	•••	•••	৬৫
৩য়	জোন ু	•••	•••	200
	শ্রেণী			2200
७व्य	শ্রেণী	•••		0200

8646

এই তালিকার চতুর্থ শ্রেণীর তারার সংখ্যা নাই। তংসমেত আন্দাব্ধ ৫০০০ পাঁচ হাজার তারা শ্বধ্ব চক্ষে দৃষ্ট হয়।

কিন্তু বিষাব রেথার যত নিকটে আসা যায়, তত অধিক তারা নয়নগোচর হয়। বির্লিন ও পারিস নগর হইতে যাহা দেখিতে পাওয়া যায়, এ দেশে তাহার অধিক তারা দেখা যায়, কিন্তু এ দেশেও ছয় সহস্লের অধিক দেখা যাওয়া সম্ভবপর নহে।

এককালীন আকাশের অন্ধাংশ ব্যতীত আমরা দেখিতে পাই না। অপরার্দ্ধ অধন্তলে থাকে। সত্তরাং মন্যাচক্ষে এককালীন যত তারা দেখা যায়, তাহা তিন সহস্রের অধিক নহে।

এতক্ষণ আমরা কেবল শা্বা চক্ষের কথা বলিতেছিলান। যদি দ্রবীক্ষণ যশ্তের সাহায্যে আকাশমণ্ডল পর্যাবেক্ষণ করা যায়, তাহা হইলে বিদ্যিত হইতে হয়। তখন অবশ্য দ্বীকার করিতে হয় যে, তারা অসংখ্যই বটে। শা্বা চোখে যেখানে দ্বই একটি মাত্র তারা দেখিয়াছি, দ্রবীক্ষণে সেখানে সহস্র তারা দেখা যায়।

গেলামি এই কথা প্রতিপন্ন করিবার জন্য মিথুন রাশির একটি ক্ষুদ্রাংশের দুইটি চিত্র দিয়াছেন। ঐ স্থান বিনা দুরবীক্ষণে ষের্প দেখা যায়, প্রথম চিত্রে তাহাই চিত্রিত আছে। তাহাতে পাঁচটি মাত্র নক্ষত্র দেখা যায়। দ্বিতীয় চিত্রে ইহা দুরবীক্ষণে ষের্প দেখা যায়, তাহাই অধ্কিত হইয়াছে। তাহাতে পাঁচটি তারার স্থানে তিন সহস্র দুই শত পাঁচটি তারা দেখা যায়।

নের দ্বারাই বা কত তারা মন্বেয়র দৃষ্টিগোচর হয়, তাহার সংখ্যা ও তালিকা স্বিখ্যাত সর উইলিয়ম হর্শেল প্রথম এই কার্য্যে প্রবৃত্ত হয়েন। তিনি বহুকালাবিধি প্রতিরাত্রে আপন দ্রবীক্ষণসমীপাগত তারাসকল গণনা করিয়া তাহার তালিকা করিতেন। এইর্পে ৩৪০০ বার আকাশ পর্য্যবেক্ষণের ফল তিনি প্রচার করেন। যতটা আকাশ চন্দ্র কর্তৃক ব্যাপ্ত হয়, তদুপ আট শত গার্গনিক খন্ড মাত্র তিনি এই ৩৪০০ বারে পর্য্যবেক্ষণ করিয়াছিলেন। তাহাতে আকাশের ২৫০ ভাগের এক ভাগের অধিক হয় না। আকাশের এই ২৫০ ভাগের এক ভাগ মাত্রে তিনি ৯০,০০০ অর্থাং প্রায় এক লক্ষ তারা গণনা করিয়াছেন। ন্ত্র্ব নামা বিখ্যাত জ্যোতির্বিদ গণনা করিয়াছেন যে, এইর্পে সম্দায় আকাশমন্ডল পর্য্যবেক্ষণ করিয়া তালিকা নিবদ্ধ করিতে অশীতি বংসর লাগে।

তাহার পরে সর্ উইলিয়মের প্র সর্ জন হর্শেল ঐর্প আকাশ সন্ধানে রতী হয়েন। তিনি ২৩০০ বার আকাশ পর্য্যবেক্ষণ করিয়া আরও সপ্ততি সহস্ত তারা সংখ্যা করিয়াছিলেন।

অর্গেলন্দর নবম শ্রেণী পর্যন্ত তারা স্বীয় তালিকাভুক্ত করিয়াছেন। তাহাতে সপ্তম শ্রেণীর ১৩,০০০ তারা, অন্টম শ্রেণীর ৪০,০০০ তারা, এবং নবম শ্রেণীর ১৪২,০০০ তারা। উচ্চতম শ্রেণীর সংখ্যা প্রের্ব লিখিত হইয়াছে কিন্তু এ সকল সংখ্যাও সামান্য। আকাশে পরিক্তার রাত্রে এক স্থলে শ্বেত রেখা নদীর ন্যায় দেখা যায়। আমরা সচরাচর তাহাকে ছায়াপথ বলি। ঐ ছায়াপথ কেবল দোরবীক্ষণিক নক্ষরসমন্তি মাত্র। উহার অসীম দ্রেতাবশতঃ নক্ষরসকল দ্ভিগোচর হয় না, কিন্তু তাহার আলোকসমবায়ে ছায়াপথ শ্বেতবর্ণ দেখায়। দ্রেবীক্ষণে উহা ক্ষুদ্র ক্ষুদ্র তারাময় দেখায়। সর্ উইলিয়ম হর্শেল গণনা করিয়া দ্বির করিয়াছেন যে, কেবল ছায়াপথয়ে ১৮,০০০,০০০ এক কোটি আশী লক্ষ তারা আছে।

স্ত্র গণনা করেন যে, সমগ্র আকাশমন্ডলে দুই কোটি নক্ষ্য আছে।

विष्क्रम ब्रह्मावली

মস্র শাকোণাক্ বলেন, "সর্ উইলিয়ম হেশেলের আকাশসন্ধান এবং রাশিচক্রের চিত্রাদি দেখিয়া, বেসেলের কৃত কটিবন্ধ সকলের তালিকার ভূমিকাতে যের্প গড়পড়তা করা আছে, তৎসম্বন্ধে উইসের কৃত নিয়মাবলম্বন করিয়া আমি ইহা গণনা করিয়াছি যে, সম্নায় আকাশে সাত কোটি সত্তর লক্ষ নক্ষর আছে।"

এই সকল সংখ্যা শ্রনিলে হতবৃদ্ধি হইতে হয়। যেখানে আকাশে তিন হাজার নক্ষত দেখিয়া আমরা অসংখ্য নক্ষত্র বিবেচনা করি, সেখানে সাত কোটি সপ্ততি লক্ষের কথা দ্রে থাকুক, দ্ই কোটিই কি ভয়ানক ব্যাপার।

কিন্তু ইহাতে আকাশের নক্ষরসংখ্যার শেষ হইল না। দ্রবীক্ষণের সাহায্যে গগনাভান্তরে কতকার্লি ক্ষ্র ধ্রালার পদার্থ দৃষ্ট হয়। উহাদিগকে নীহারিকা নাম প্রদত্ত হইয়াছে। যে সকল দ্রবীক্ষণ অত্যন্ত শক্তিশালী, তাহার সাহায্যে এক্ষণে দেখা গিয়াছে যে, বহ্সংখ্যক নীহারিকা কেবল নক্ষরপর্ঞ। অনেক জ্যোতিব্বিদ্ বলেন, যে সকল নক্ষর আমরা শ্ব্রু চক্ষে বা দ্রবীক্ষণ দ্বারা গগনে বিকীর্ণ দেখিতে পাই, তংসম্দায় একটি মার নাক্ষরিক জগং। অসংখ্য নক্ষরময় ছায়াপথ এই নাক্ষরিক বিশ্বের অন্তর্গত। এমন অন্যান্য নাক্ষরিক জগং আছে। এই সকল দ্র-দৃষ্ট তারাপ্রশ্লময়ী নীহারিকা স্বতন্ত্র স্বতন্ত্র নাক্ষরিক জগং। সম্দ্রতীরে যেমন বালি, বনে যেমন পাতা, একটি নীহারিকাতে নক্ষররাশি তেমনি অসংখ্য এবং ঘনবিন্যন্ত। এই সকল নীহারিকান্তর্গত নক্ষরসংখ্যা ধরিলে সাত কোটি সন্তর লক্ষ কোথায় ভাসিয়া যায়। কোটি কোটি নক্ষর আকাশমন্ডলে বিচরণ করিতেছে বিললে অত্যুক্তি হয় না। এই আশ্চর্য ব্যাপার ভাবিতে ভাবিতে মন্ম্যবৃদ্ধি চিন্তায় অশক্ত হইয়া উঠে। চিন্ত বিসম্মাবিহ্নল হইয়া যায়। সক্রেগামিনী মন্ম্যবৃদ্ধিরও গগনসীমা দেখিয়া চিন্ত নিরস্ত হয়।

এই কোটি কোটি নক্ষর সকলই স্থা। আমরা যে এক স্থাকে স্থা বলি, সে কত বড় প্রকাশ্ড বন্ধু, তাহা সোরবিপ্রব সন্দর্কীয় প্রস্তাবে বর্ণিত হইয়াছে। ইহা প্থিবী অপেক্ষা রয়োদশ লক্ষ গ্লা বৃহৎ। নাক্ষরিক জগৎমধ্যস্থ অনেকগ্লিল নক্ষর যে, এ স্থাপেক্ষাও বৃহৎ, তাহা এক প্রকার ক্ষির হইয়াছে। এমন কি, সিরিয়স (Sirius) নামে নক্ষর এই স্থোর ২৬৬৮ গ্লা বৃহৎ, ইহা ক্ষির হইয়াছে। কোন কোন নক্ষর যে, এ স্থাপেক্ষা আকারে কিছন্ক দুরতর, তাহাও গণনা দ্বারা ক্ষির হইয়াছে। এইর্প ছোট বড় মহাভয়ঞ্বর আকারবিশিষ্ট, মহাভয়ঞ্বর তেজাময় কোটি কোটি স্থা অনস্ত আকাশে বিচরণ করিতেছে। যেমন আমাদিগের সোরজগতের মধ্যবত্তী স্থাকে ঘেরিয়া গ্রহ উপপ্রহাদি বিচরণ করিতেছে, তেমনি ঐ সকল স্থাপাধ্যে গ্রহ উপগ্রহাদি প্রমিতেছে, সন্দেহ নাই। তবে জগতে জগতে কত কোটি কোটি স্থা, কত কোটি কোটি প্থিবী, তাহা কে ভাবিয়া উঠিতে পারে? এ আশ্চর্যা কথা কে ব্লিকতে ধারণা করিতে পারে? যেমন প্থিবীর মধ্যে এক কণা বাল্কা, জগৎমধ্যে এই সসাগরা প্থিবী তদপেক্ষাও সামান্য, রেণ্নুমার,—বাল্কার বাল্কাও নহে। তদ্পরি মন্য্য কি সামান্য জীব! এ কথা ভাবিয়া কে আর আপন মন্যাম্ব লইয়া গর্ম্ব করিবে?

थ्ला

ধ্লার মত সামান্য পদার্থ আর সংসারে নাই। কিন্তু আচার্য্য টিন্ডল ধ্লা সন্বন্ধে একটি দীর্ঘ প্রস্তাব লিখিরাছেন। আচার্য্যের ঐ প্রবন্ধটি দীর্ঘ এবং দ্রহ্, তাহা সংক্ষেপে এবং সহজে ব্রুথান অতি কঠিন কর্মা। আমরা কেবল টিন্ডল সাহেবকৃত সিদ্ধান্তগ্রিলই এ প্রবন্ধে সন্মি-বেশিত করিব, বিনি তাঁহার প্রমাণ জিজ্ঞাস্ক্র হইবেন, তাঁহাকে আচার্য্যের প্রবন্ধ পাঠ করিতে হইবে।

১। ধ্লা, এই প্থিবীতলে এক প্রকার সর্বব্যাপী। আমরা যাহা পরিজ্কার করিরা রাখি না কেন, তাহা মৃহ্তু জন্য ধ্লা ছাড়া নহে। যত "বাব্লিরি" করি না কেন, কিছুতেই ধ্লা হইতে নিজ্কতি নাই। যে বায় অত্যন্ত পরিজ্কার বিবেচনা করি, তাহাও ধ্লায় পূর্ণ। সচরাচর ছায়ামধ্যে কোন রশ্ব-নিপতিত রোদ্রে দেখিতে পাই, যে বায় পরিজ্কার দেখাইতেছিল, তাহাতেও ধ্লা চিক্চিক্ করিতেছে। সচরাচর বায় যে এর্প ধ্লাপ্র্ণ, তাহা জানিবার জন্য আচাষী টিশ্ডলের উপদেশের আবশ্যকতা নাই, সকলেই তাহা জানে। কিন্তু বায় ছাঁকা যায়।

আচার্য্য বহুবিধ উপায়ের দ্বারা বায়ু অতি পরিপাটী করিয়া ছাকিয়া দেখিয়াছেন। তিনি অনেক চোঙ্গার ভিতর দ্রাবকাদি প্রিয়া তাহার ভিতর দিয়া বায়, ছাঁকিয়া লইয়া গিয়া প্রীক্ষা করিয়া দেখিয়াছেন যে. তাহাও ধ্লায় পরিপূর্ণ। এইরূপ ধ্লা অদৃশা; কেন না, তাহার কণাসকল অতি ক্ষ্র। রোদ্রেও উহা অদৃশ্য। অণ্বীক্ষণ যন্ত্রের দ্বারাও অদৃশ্য, কিন্তু বৈদান্তিক প্রদীপের আলোক রৌদ্রাপেক্ষাও উজ্জ্বল। উহার আলোক ঐ ছাঁকা বায়্র মধ্যে প্রেরণ করিয়া তিনি দেখিয়াছেন যে, তাহাতেও ধলো চিক্চিক্ করিতেছে। যদি এত যদ্পরিক্ত বায়তেও ধলা তবে সচরাচর ধনী লোকে যে ধলো নিবারণ করিবার উপায় করেন, তাহাতে ধলো নিবারণ হয় ना. टेटा वना वार ना। हाश्रामत्था तीम ना शिक्टन तीरम थ्ला एनथा यात्र ना, किन्तु तीम्मत्था উজ্জ্বল বৈদ্যতিক আলোকের রেখা প্রেরণ করিলে ঐ ধ্লা দেখা যায়। অতএব আমরা যে वात्र, भ,र, राज भ,र, राज निश्वारम श्ररण कित्रराजीह, जारा ध्रानिभूगी। यारा किह्न राजाहन कित्र তাহা ধ্লিপ্রণ'; কেন না, বায়, স্থিত ধ্লিরাশি দিবারাত্র সকল পদার্থের উপর বর্ষণ হইতেছে। আমরা যে কোন জল পরিষ্কৃত করি না কেন, উহা ধ্লিপূর্ণ। কলিকাতার জল পলতার কলে পরিষ্কৃত হইতেছে বলিয়া তাহা ধ্লিশনো নহে। ছাঁকিলে ধূলা যায় না।

२। এই ध्ला वार्खिवक সম্मायः भट्टे ध्ला नरह। जाहात जर्नकाः में देव भमार्थ। य प्रकल यम् मा ४ विक्नात कथा छेला वना राज. जारात यिक जाग काम काम की । य जाग कित নহে, তাহা অধিকতর গুরুত্ববিশিষ্ট: এজন্য তাহা বায়ুপরি তত ভাসিয়া বেডায় না। অতএব আমরা প্রতি নিশ্বাসে শত শত ক্ষাদ্র ক্ষাদ্র জীব দেহমধ্যে গ্রহণ করিয়া থাকি: জলের সঙ্গে সহস্র সহস্র পান করি: রাক্ষসবং অনেককে আহার করি। লণ্ডনের আর্টাট কোম্পানীর কলে ছাঁকা পানীয় জল টিন্ডল সাহেব পরীক্ষা করিয়া দেখিয়াছেন, এতদ্কিন্ন তিনি আরও অনেক প্রকার জল পরীক্ষা করিয়া দেখিয়াছেন। তিনি পরীক্ষা করিয়া সিদ্ধানত করিয়াছেন যে, জল সম্পূর্ণ-রূপে পরিষ্কার করা মনুষ্য-সাধ্যাতীত। যে জল স্ফাটিক পাত্রে রাখিলে বৃহৎ হীরকখন্ডের न्मार त्र्वाह्य त्वाध दर्र, जारां अप्रमान, की होन् भूर्त । क्रियन वा व्यवस्था स्मान वा विधायन ।

৩। এই সর্ব্ব্যাপী ধ্রলিকণা সংক্রামক পীড়ার মলে। অন্তিপ্রব্বে সর্ব্বত এই মত প্রচলিত ছিল যে, কোন এক প্রকার পচনশীল নিজ্জীব জৈব পদার্থ (Malaria) কর্ত্তক সংক্রামক পীডার বিস্তার হইয়া থাকে। এ মত ভারতবর্ষে অদ্যাপি প্রবল। ইউরোপে এ বিশ্বাস এক প্রকার উচ্ছিন্ন হইতেছে। আচার্য্য টিন্ডল প্রভৃতির বিশ্বাস এই যে. সংক্রামক পীড়ার বিস্তারের কারণ সজীব পীডাবীজ (Germ)। ঐ সকল পীড়াবীজ বায়তে এবং জলে ভাসিতে থাকে; ্এবং শরীরমধ্যে প্রবিষ্ট হইয়া তথায় জীবজনক হয়। জীবের শরীরমধ্যে অসংখ্য জীবের আবাস। কেশে উৎকুণ, উদরে কুমি, ক্ষতে কীট, এই কয়িট মন্ষ্য-শরীরে সাধারণ উদাহরণ। পশ্র মাত্রেরই গাত্রমধ্যে কীটসমূহের আবাস। জীবতত্তবিদেরা অবধারিত করিয়াছেন যে, ভূমে, জলে বা বায়তে যত জাতীয় জীব আছে, তদপেক্ষা অধিক জাতীয় জীব অন্য জীবের শরীরবাসী। যাহাকে উপরে "পীড়াবীজ" বলা হইয়াছে, তাহাও জীবশরীরবাসী জীব বা জীবোৎপাদক বীজ। শরীরমধ্যে প্রবিষ্ট হইলে তদংপাদ্য জীবের জন্ম হইতে থাকে। এই সকল শোণিতনিবাসী জীবের জনকতাশন্তি অতি ভয়ানক। যাহার শরীরমধ্যে ঐ প্রকার পীড়াবীন্স প্রবিষ্ট হয়, সে সংক্রামক পীডাগ্রস্ত হয়। ভিন্ন ভিন্ন পীডার ভিন্ন ভিন্ন বীজ। সংক্রামক জনবের বীজে জনব উৎপত্ন হয়: বসন্তের বীঞ্জে বসন্ত জন্মে: ওলাওঠার বীজে ওলাওঠা: ইত্যাদি।

৪। পীড়াবীজে কেবল সংক্রামক রোগ উৎপন্ন হয়, এমত নহে। ক্ষতাদি যে শুকায় না, ক্রমে পচে, দুর্গন্ধ হয়, দুরারোগ্য হয়, ইহাও অনেক সময়ে এই সকল ধ্লিকণার পী পীড়া-বীজের জন্য। ক্ষতমূখ কখনই এমত আচ্ছন্ন রাখা বাইতে পারে না যে, অদৃশ্য ধূলা তাহাতে লাগিবে না। নিডাস্ত পক্ষে তাহা ডাক্তারের অস্ত্র-মূথে ক্ষতমধ্যে প্রবেশ করিবে। ডাক্তার ষতই অস্ত্র পরিষ্কার রাখন না কেন, অদৃশ্য ধ্লিপন্ঞের কিছনতেই নিবারণ হয় না। কিন্তু ইহার একটি সন্দের উপায় আছে। ডাক্তারেরা প্রায় তাহা অবলন্দন করেন। কার্ব্বলিক অ্যাসিড নামক দ্রাবক বীজঘাতী; তাহা জল মিশাইয়া ক্ষতমূথে বর্ষণ করিতে থাকিলে প্রবিষ্ট বীজসকল মরিয়া যায়। ক্ষতমুখে পরিষ্কৃত তুলা বাধিয়া রাখিলেও অনেক উপকার হয়; কেন না, তুলা বায়, পরিষ্কৃত করিবার একটি উৎকৃষ্ট উপায়।

গগনপর্যটিন

পুরাণ ইতিহাসাদিতে কথিত আছে, পুর্বকালে ভারতবষীর রাজগণ আকাশ-মার্গে রথ চালাইতেন। কিন্তু আমাদের পুর্বেপ্রুর্মাদিগের কথা স্বতক্ত, তাঁহারা স্চরাচর এপাড়া ওপাড়ার ন্যায়, স্বর্গলোকে বেড়াইতে যাইতেন; কথার কথার সম্দূরে গণ্ড্য করিয়া ফেলিতেন; কেহ জগদীশ্বরকে অভিশপ্ত করিতেন, কেহ তাঁহাকে যুদ্ধে পরাস্ত করিতেন। প্রাচীন ভারতব্যীর-দিগের কথা স্বতক্ত; সামান্য মনুযাদিগের কথা বলা যাউক।

সামান্য মন্ধ্যের চিরকাল বড় সাধ গগন পর্যাটন করে। কথিত আছে, তারস্তম নগরবাসী আকৃষ্টিতস নামক এক ব্যক্তি ৪০০ খ্রীষ্টান্দে, একটি কাণ্টের পক্ষী প্রস্তুত করিয়াছিল; তাহা কিয়াক্ষণ জন্য আকাশে উঠিতে পারিয়াছিল। ৬৬ খ্রীষ্টান্দে, সাইমন নামক এক ব্যক্তি রোম নগরে প্রাসাদ হইতে প্রাসাদে উড়িয়া বেড়াইবার উদ্যোগ পাইয়াছিল। এবং তংপরে কনস্তাত্তিনোপল নগরে একজন ম্সলমান ঐর্প চেষ্টা করিয়াছিল। পঞ্চদশ শতাব্দার দাস্তে নামক একজন গণিতশাস্থাবিং পক্ষ নিম্মাণ করিয়া আপন অঙ্গে সমাবেশ করিয়া প্রাসমীন হুদের উপর উঠিয়া গগনমার্গে পরিদ্রমণ করিয়াছিলেন। ঐর্প করিতে করিতে একদিন এক উচ্চ অট্রালিকার উপর পড়িয়া তাঁহার পদ ভন্ম হয়। মাম্স্বরিনিবাসী অলিবর নামক একজন ইংরেজেরও সেই দশা ঘটে। ১৬৩৮ সালে গোল্ড্উইন নামক এক ব্যক্তি শিক্ষিত হংসদিগের সাহায্যে উড়িতে চেষ্টা করেন। ১৬৭৮ সালে বেনিয়র নামক একজন ফরাসী পক্ষ প্রস্তুতপ্বর্বক হস্তু পদে বাঁধিয়া উড়িয়াছিল। ১৭১০ সালে লরেন্ড দে গ্রুক্মন নামক একজন ফরাসী দার্নিমিত বায়্প্র্ণ পক্ষীর প্র্রেঠ আরোহণ করিয়া আকাশে উঠিয়াছিল। মাকুইস্ দে বাক্রিল নামক একজন আপন অট্রালিকা হইতে উড়িতে চেষ্টা করিয়া নদীগক্তে পতিত হন। বানাসার্ডেরও এই দশা ঘটিয়াছিল।

১৭৬৭ সালে বিখ্যাত রসায়নবিদ্যার আচার্য্য ডাক্তার বাক প্রচার করেন যে, জলজন বায়্-পরিপূর্ণ পাত্র আকাশে উঠিতে পারে। আচার্য্য কাবালো ইহা পরীক্ষার দ্বারা প্রমাণীকৃত করেন, কিন্তু তথনও ব্যোম্যানের কম্পনা হয় নাই।

ব্যোমযানের স্থিকতা মোনগোল্ফীর নামক ফরাসী। কিন্তু তিনি জলজন বায়্র সাহায্য অবলম্বন করেন নাই। তিনি প্রথমে কাগজের বা বস্তের গোলক নিম্মাণ করিয়া তন্মধ্যে উত্তপ্ত বায়্ব প্রিতেন। উত্তপ্ত হইলে বায়্ব লাম্ত্র হয়় স্তরাং তৎসাহায্যে গোলকসকল উদ্দেব্ উঠিত। আচার্য্য চার্লাস প্রথমে জলজন বায়্বপ্রিত ব্যোমযানের স্থিক করেন। গ্রোব নামক ব্যোমযানে উক্ত বায়্ব প্র্ণ করিয়া প্রেরণ করেন: তাহাতে সাহস করিয়া কোন মন্য্য আরোহণ করে নাই। রাজপ্রের্বেরাও প্রাণিহত্যার ভয়প্রযুক্ত কাহাকেও আরোহণ করিতে দেন নাই। এই ব্যোম্যান কিয়্মপ্রে উঠিয়া ফাটিয়া যায়, জলজন বাহির হইয়া যাওয়ায়, ব্যোম্যান তৎক্ষণাৎ ভূপতিত হয়। গোনেশ নামক ক্ষ্ব গ্রামে উহা পতিত হয়। আদ্ভটপ্র্ব থেচর দেখিয়া, গ্রাম্য লোকে ভীত হইয়া, মহা কোলাহল আরম্ভ করে।

অনেকে একবিত হইয়া গ্রামা লোকেরা দেখিতে আইল যে, কির্পু জল্থু আকাশ হইতে নামিয়াছে। দুই জন ধন্ম্যাজক বলিলেন যে, ইহা কোন অলোকিক জীবের দেহার্বাশণ্ট চন্দ্র। শ্রনিয়া গ্রামবাসিগণ তাহাতে ঢিলা মারিতে আরম্ভ করিল, এবং খোঁচা দিতে লাগিল। তন্মধ্যে ভূত আছে, বিবেচনা করিয়া, গ্রাম্যা লোকেরা ভূত শান্তির জন্য দলবদ্ধ হইয়া মন্ত্র পাঠপ্র্বক গ্রাম প্রদক্ষিণ করিতে লাগিল, পরিশেষে মন্ত্রলে ভূত ছাঁড়েয়া পলায় কি না দেখিবার জন্য, আবার ধীরে ধীরে সেইখানে ফিরিয়া আসিল। ভূত তথাপি বায় না—বায়্সংস্পর্শে নানাবিধ অঙ্গভঙ্গী করে। পরে একজন গ্রাম্য বীর, সাহস করিয়া তৎপ্রতি বন্দ্রক ছাড়িল। তাহাতে ব্যোম্যানের আবরণ ছিদ্রবিশিন্ট হওয়াতে, বায়্র বাহির হইয়া, রাক্ষসের শ্রীর আরও শীর্ণ হইল। দেখিয়া সাহস পাইয়া, আর একজন বীর গিয়া তাহাতে অভ্যাঘাত করিল। তখন কতম্ব দিয়া বহ্ল পরিমাণে জলজন নিগত হওয়ায়, বীরগণ তাহার দ্রগন্ধে ভয় পাইয়া রশে ভঙ্গ দিয়া পলায়ন করিল। কিন্তু এ জাতীয় রাক্ষসের শোণিত ঐ বায়্ব। তাহা ক্ষতমুখে নিগতি হইয়া গেলে, রাক্ষস ছিয়মুন্ড ছাগের ন্যায় "ধড়ফড়" করিয়া মরিয়া গেল। তখন বীরগণ প্রত্যাগত হইয়া তাহাকে অশ্বপুচ্ছে বন্ধনপূর্বক লইয়া গেলেন। এদেশে হইলে সঙ্গে সঙ্গে

একটি রক্ষাকালী প্র্জা হইত. এবং রাহ্মানেরা চন্ডীপাঠ করিয়া কিছ্ব লাভ করিতেন। তার পরে, মোনগোল্ফীর আবার আগ্নেয় ব্যোম্বান (অর্থাৎ বাহাতে জলজন না প্রিয়া, উত্তপ্ত সামান্য বায়্ প্রিরত হয়) বর্ষেল হইতে প্রেরণ করিলেন। তাহাতে আধ্বনিক বেল্নের নায় একখানি "রথ" সংযোজন করিয়া দেওয়া হইয়াছিল। কিন্তু সে বারও মন্বা উঠিল না। সেই রথে চড়িয়া একটি মেয়, একটি কুরুট ও একটি হংস স্বর্গ পরিভ্রমণে গমন করিয়াছিল। পরে স্বচ্ছন্দে গগনবিহার করিয়া, তাহারা সশ্বরীরে মর্ত্যধামে ফিরিয়া আসিয়াছিল। তাহারা প্রাপ্রান্ স্লেহ নাই।

এক্ষণে ব্যোম্যানে মন্যা উঠিবার প্রস্তাব হইতে লাগিল। কিন্তু প্রাণিহত্যার আশুওকার ফ্রান্সের অধিপতি, তাহাতে অসম্মতি প্রকাশ করিলেন। তাঁহার অভিপ্রায় যে, যদি ব্যোম্যানে মন্যা উঠে, তবে যাহারা বিচারালয়ে প্রাণদেন্ডের আজ্ঞাধীন হইয়াছে, এমত দুই ব্যক্তি উঠ্ক—মরে মরিবে। শ্নিরা পিলাতর দে রোজীর নামক একজন বৈজ্ঞানিকের বড় রাগ হইল—"কি! আকাশ-মার্গে প্রথম ক্রমণ করার যে গোরব, তাহা দুর্ব্তু নরাধর্মাদগের কপালে ঘাঁটবে!" একজন রাজ-প্রস্তুরীর সাহাযো রাজার মত ফিরাইয়া তিনি মার্কুইস দার্লাদেদর সমভিব্যাহারে ব্যোম্যানে আরোহণ করিয়া আকাশপথে পর্যাটন করেন। সে বার নির্বিঘ্যে প্রথবীতে ফিরিয়া আসিয়াছিলেন, কিন্তু তাহার দুই বৎসর পরে—আবার ব্যোম্যানে আরোহণপ্র্বেক, সম্দ্র পার হইতে গিয়া, অধঃপতিত ইইয়া প্রাণত্যাগ করেন। যাহা ইউক, তিনিই মন্বামধ্যে প্রথম গগন পর্যাটক। কেন না, দুম্পন্ত, প্রত্রেরা, ক্ষাভর্জন্ব প্রভৃতিকে মন্যা বিবেচনা করা অতি ধৃন্টের কাজ! আর যিনি জয় রাম বালয়া পঞ্চমবার্পথে সমৃদ্র পার হইয়াছিলেন, তিনিও মন্যা নহেন, নচেৎ তাঁহাকে এই পদে অভিষিক্ত করার আমাদিগের আপত্তি ছিল না।

দে রোজীরের পরেই চার্লাস্ ও রবার্ট একত্রে, রাজভবন হইতে, ছয় লক্ষ্ণাদিকের সমক্ষেজলজনীয় ব্যোমযানে উন্দুনীন হয়েন। এবং প্রায় ১৪,০০০ ফিট উদ্দের্ট উঠেন।

ইহার পরে ব্যোম্যানারোহণ বড সচরাচর ঘটিতে লাগিল। কিন্তু অধিকাংশই আমোদের জন্য। বৈজ্ঞানিক তত্ত পরীক্ষার্থ ঘাঁহারা আকাশ পথে বিচরণ করিয়াছেন, তন্মধ্যে ১৮০৪ সালে গাই লুসাকের আরোহণই বিশেষ বিখ্যাত। তিনি একাকী ২৩,০০০ ফিট উদ্ধের্ব উঠিয়া নানাবিধ বৈজ্ঞানিক তত্তের মীমাংসা করিয়াছিলেন। ১৮৩৬ সালে গ্রীন এবং হল•ড সাহেব, পনের দিবসের খাদ্যাদি বেলনুনে তুলিয়া লইয়া, ইংলন্ড হইতে গগনারোহণ করেন। তাঁহারা সমন্ত্র পার হইয়া, আঠার ঘণ্টার মধ্যে জাম্মানীর অন্তর্গত উইলবর্গ নামক নগরের নিকট অবতরণ করেন। গ্রীন অতি প্রসিদ্ধ গগন পর্য্যটক ছিলেন। তিনি প্রায় চতুন্দর্শি শত বার গগনারোহণ করিয়াছিলেন। তিনবার, বায়,পথে সম্দুপার হইয়াছিলেন—অতএব, কলিয়,গেও রামায়ণের দৈববলসম্পন্ন কার্য্যসকল পুনঃ সম্পাদিত হইতেছে। গ্রীন দুইবার সমদ্রমধ্যে পতিত হয়েন— এবং কৌশলে প্রাণরক্ষা করেন। কিন্তু বোধ হয়, জেমুস্গ্লেশর অপেক্ষা কেহ অধিক উদ্ধের উঠিতে পারেন নাই। তিনি ১৮৬২ সালে উল্বর্হাম্টন হইতে উল্ডীন হইয়া প্রায় সাত মাইল উদ্ধের্ব উঠিয়াছিলেন। তিনি বহুশতবার গগনোপরি ভ্রমণপূর্ব্বক, বহুবিধ বৈজ্ঞানিক তত্ত্বের প্রবীক্ষা করিয়াছিলেন। সম্প্রতি আর্মেরিকার গগন পর্যাটক ওয়াইজ সাহেব, ব্যোম্যানে আর্মেরিক। হইতে আটলাণ্টিক মহাসাগর পার হইয়া ইউরোপে আসিবার কম্পনায়, তাহার যথাযোগ্য উদ্যোগ করিয়া যাত্রা করিয়াছিলেন। কিন্তু সমুদ্রোপরি আসিবার পুর্ব্বে বাত্যামধ্যে পতিত হইয়া অবতরণ করিতে বাধ্য হইয়াছিলেন। কিন্তু সাহস অতি ভয়ানক!

পাঠকদিগের অদ্ভে সহসা যে গগন-পর্যাটন-স্থ ঘটিবে, এমত বোধ হয় না, এজন্য গগন-পর্যাটকেরা আকাশে উঠিয়া কির্প দেখিয়া আসিয়াছেন, তাহা তাঁহাদিগের প্রণীত প্রকাদি হইতে সংগ্রহ করিয়া এন্থলে সিমবেশ করিলে বোধ হয়, পাঠকেরা অসকুষ্ট হইবেন না। সম্দ্র নামটি কেবল জল-সম্দের প্রতি ব্যবহৃত হইয়া থাকে; কিন্তু যে বায়্ কর্তৃক প্থিবী পরিবেষ্টিত, তাহাও সম্দ্রবিশেষ, জলসম্দ্র হইতে ইহা বৃহত্তর। আমরা এই বায়বীয় সম্দ্রের তলচর জীব। ইহাতেও মেঘের উপদ্বীপ, বায়্বর স্লোতঃ প্রভৃতি আছে। তদ্বিষয়ে কিছ্ জানিলে ক্ষতি নাই।

ব্যোমযান অলপ উচ্চ গিয়াই মেঘসকল বিদীর্ণ করিয়া উঠে। মেঘের আবরণে পৃথিবী দেখা যায় না. অথবা কদাচিং দেখা যায়। পদতলে, অচ্ছিন্ন, অনন্ত দ্বিতীয় বস্কুরাবং মেঘজাল বিস্তৃত। এই বান্পীয় আবরণে ভূগোলক আবৃত; যদি গ্রহান্তরে জ্ঞানবান্ জীব থাকে, তবে তাহারা

विष्कम ब्रह्मावनी

প্থিবীর বাষ্পীয়াবরণই দেখিতে পায়; প্থিবী তাহাদিগের প্রায় অদৃশ্য। তদ্রপ আমরাও বৃহস্পতি প্রভৃতি গ্রহণ্ণের রোদ্রপ্রদীপ্ত, রোদ্রপ্রতিঘাতী, বাষ্পীয় আবরণ দেখিতে পাই। আধ্নিক

জ্যোতিবিবিদ্গণের এইর্প অন্মান।

এইর প প্থিবী হইতে সম্বন্ধরহিত হইয়া, মেঘময় জগতের উপরে স্থিত হইয়া দেখা যায়
যে, সর্ব্র জীবশ্না, শব্দশ্না, গতিশ্না, স্থির, নীরব। মন্তকোপরে আকাশ অতি নিবিড় নীল

—সে নীলিমা আশ্চর্যা। আকাশ বন্ধুতঃ চিরাদ্ধকার—উহার বর্ণ গভীর কৃষ্ণ। অমাবস্যার রায়ে
প্রদিশন্ন্য গৃহমধ্যে সকল দ্বার ও গবাক্ষ র্দ্ধ করিয়া থাকিলে যের্প অন্ধকার দেখিতে পাওয়া
যায়, আকাশের প্রকৃত বর্ণ তাহাই। তন্মধ্যে স্থানে স্থানে নক্ষরসকল প্রচণ্ড জনালাবিশিন্ট।
কিন্তু তদালোকে অনস্ত আকাশের অনস্ত অন্ধকার বিনন্ট হয় না—কেন না, এই সকল প্রদীপ
বহুদ্রেস্থিত। তবে যে আমরা আকাশকে অন্ধকারময় না দেখিয়া উল্জন্ল দেখি, তাহার কারশ
বায়্। সকলেই জানেন, স্র্য্যালোক সপ্তবর্ণয়য়। স্ফাটকের দ্বায়া বর্ণগর্নাল পৃথক্ করা যায়—
সপ্ত বর্ণের সংমিশ্রণে স্র্য্যালোক। বায়্ব জড় পদার্থ, কিন্তু বায়, আলোকের পথ রোধ করে না।
বায়, স্য্যালোকের অন্যান্য বর্ণের পথ ছাড়িয়া দেয়, কিন্তু নীলবর্ণকে র্দ্ধ করে। রুদ্ধ বর্ণ,
বায়ার হইতে প্রতিহত হয়। সেই সকল প্রতিহত বর্ণাত্মক আলোক-রেখা আমাদের চক্ষ্বতে প্রবেশ
করায়, আকাশ উল্জন্ল নীলিমাবিশিন্ট দেখি—অন্ধকার দেখি না।* কিন্তু যত উদ্বেশ্ব উটা যায়,
বায়ারন্তর তত ক্ষণতর হয়, গাগনিক উল্জন্ল নীলবর্ণ ক্ষণীণতর হয়; আকাশের কৃষ্ণ কিছ্
সেই আবরণ ভেদ করিয়া দেখিতে পাওয়া যায়। এই জন্য উন্ধন্তিলাকে গাঢ় নীলিমা।

শিরে এই গাঢ় নীলিমা—পদতলে, তুঙ্গ শৃঙ্গবিশিষ্ট পর্বতমালার শোভিত মেঘলোক—সে পর্বতমালাও বাষ্পীর—মেঘের পর্বত—পর্বতের উপর পর্বত, তদ্পরি আরও পর্বত—কেহ বা কৃষ্ণমধ্য, পার্শ্বদেশ রোদ্রের প্রভাবিশিষ্ট—কেহ বা রোদ্রাত, কেহ যেন খেত প্রস্তর-নিশ্মিত। কেহ যেন হীরক-নিশ্মিত। এই সকল মেঘের মধ্য দিয়া ব্যোমযান চলে। তখন. নীচে মেঘ, উপরে মেঘ, দক্ষিণে মেঘ, বামে মেঘ, সম্মুখে মেঘ, পশ্চাতে মেঘ। কোথার বিদ্যুৎ চমিকতেছে. কোথাও বড় বহিতেছে, কোথাও বৃদ্টি হইতেছে, কোথাও বরফ পড়িতেছে। মস্র ফন্বিল একবার একটি মেঘগর্ভস্থ রম্প্র দিয়া ব্যোম্বানে গম্ন করিয়াছিলেন; তাঁহার কৃত বর্ণনা পাঠ করিয়া বোধ হয়, যেমন মুক্সেরের পথে পর্বত্মধ্য দিয়া বাষ্পীর শকট গমন করে. তাঁহার ব্যোম্বান মেঘম্য দিয়া সেইরপ্র পথে গম্ন করিয়াছিল।

এই মেঘলোকে স্ব্রোদয় এবং স্ব্রান্ত অতি আশ্চর্য্য দৃশ্য—ভূলোকে তাহার সাদৃশ্য অন্মিত হয় না। ব্যোমযানে আরোহণ করিয়া অনেকে এক দিনে দ্ইবার দ্র্যান্ত দেখিয়াছেন। এবং কেহ কেহ এক দিনে দ্ইবার স্ব্রোদয় দেখিয়াছেন। একবার স্র্যান্তের পর রাত্তিসমাগম দেখিয়া, আবার ততোধিক উদ্ধের্ব উঠিলে দ্বিতীয় বার স্ব্রান্ত দেখা যাইবে এবং একবার স্ব্রোদয় দেখিয়া, আবার নিদ্নে নামিলে সেই দিন দ্বিতীয় বার স্ব্রোদয় অবশ্য দেখা যাইবে।

ব্যামখান হইতে যখন প্থিবী দেখা যায়, তখন উহা বিস্তৃত মানচিত্রের ন্যায় দেখায়; সর্ব্রের সমতল—অট্টালকা, বৃক্ষ, উচ্চভূমি এবং অল্পেয়ত মেঘও, যেন সকলই অন্চ, সকলই সমতল, ভূমিতে চিত্রিতবং দেখায়। নগরসকল যেন ক্ষুদ্র ক্ষুদ্র গঠিত প্রতিকৃতি, চলিয়া যাইতেছে বোধ হয়। বৃহৎ জনপদ উদ্যানের মত দেখায়। নদী শ্বেত স্ত্র বা উরগের মত দেখায়। বৃহৎ অর্ণবিযানসকল বালকের ক্রীড়ার জন্য নিম্মিত তরগাীর মত দেখায়। যাঁহারা লন্ডন বা প্যারিস নগরীর উপর উত্থান করিয়াছেল, তাঁহারা দৃশ্য দেখিয়া মৃদ্ধ হইয়াছেন,—তাঁহারা প্রশংসা করিয়া ফ্রাইতে পারেন নাই। গ্রেশর সাহেব লিখিয়াছিলেন যে, তিনি লন্ডনের উপরে উঠিয়া এককালে ত্রিশ লক্ষ্মন্যোর বাস-গ্র নয়নগোচর করিয়াছিলেন। রাত্রিকালে মহানগরীসকলের রাজপথস্থ দীপমালাসকল অতি রমণীয় দেখায়।

যাঁহারা পর্বতে আরোহণ করিয়াছেন, তাঁহারা জানেন বে, যত উদ্ধের্ব উঠা যার, তত তাপের অন্পতা। শিমলা, দারজিলিং প্রভৃতি পাব্বত্য স্থানের শীতলতার কারণ এই, এবং এই জন্য হিমালয় তুষারমন্তিত। (আশ্চর্যোর বিষয় যে, হিমাকে ভারতবর্ষীয় কবি "একো হি দোখো

^{*}কেহ কেহ বলেন ষে, বায়নুষধান্থ জ্ঞলবাষ্প হইতে প্রতিহত নীল রশ্মিরেখাই আকাশের উল্জন্ত নীলিয়ার কারণ।

গন্দসিমপাতে" বিবেচনা করিয়াছিলেন, আধন্নিক রাজপ্রেব্রেরা, তাহাকেও গুনুণ বিবেচনা করিয়া তথার রাজধানী সংস্থাপন করিয়াছেন।) ব্যোমযানে আরোহণ করিয়া উদ্বেদ্ধ উত্থান করিলেও এর্প ক্রমে হিমের আতিশয্য অন্তুত হয়। তাপ. তাপমান যন্তের দ্বারা মিত হইয়া থাকে। যন্ত্র ভাগে ভাগে বিভক্ত। মন্ব্যশোগিত কিছ্ব উষ্ণ, তাহার পরিমাণ ৯৮ ভাগ। ২১২ ভাগ তাপে জল বাষ্প হয়। ৩২ ভাগ তাপে জল তুষারত্ব প্রাপ্ত হয়। (তাপে জল তুষার হয়. এ কোন্ক্থা? বাস্তবিক তাপে জল তুষার হয় না, তাপাভাবেই হয়। ৩২ ভাগ তাপ, জলের স্বাভাবিক তাপের অভাববাচক।)

প্রের্থ বিজ্ঞানবিদ্গণের সংস্কার ছিল যে, উদ্ধের্ব তিন শত ফিট প্রতি এক ভাগ তাপ কমে। অর্থাৎ তিন শত ফিট উঠিলে এক ভাগ তাপহানি হইবে—ছয় শত ফিট উঠিলে দ্ই ভাগ তাপ কমিবে—ইত্যাদি। কিন্তু গ্লেশর সাহেব বহুবার পরীক্ষা করিয়া ছির করিয়াছেন যে, উদ্ধের্ব তাপহানি এর্প একটি সরল নিয়মান্গামী নহে। অবস্থাবিশেষে তাপহানির লাঘব গৌরব ঘটিয়া থাকে। মেঘ থাকিলে, তাপহানি অলপ হয়—কারণ, মেঘ তাপরোধক এবং তাপগ্রাহক। আবার দিবাভাগে যের্প তাপহানি ঘটে, রাত্রে সের্প নহে। গ্লেশর সাহেবের পরীক্ষার ফল নিম্নলিখিত মত—

ভূমি হইতে হাজার ফিট পর্য্যন্ত মেঘাচ্ছমাবস্থায় তাপহানির পরিমাণ ৪০৫ ভাগ, মেঘ না থাকিলে ৬০২ ভাগ, দশ হাজার ফিট পর্যান্ত, মেঘাচ্ছমাবস্থায় ২০২ ভাগ, মেঘ না থাকিলে ২ ভাগ। বিশ হাজার ফিট উদ্ধের্ব, মেঘাচ্ছমে ১০১ ভাগ; মেঘ শ্রেন্য ১০২ ভাগ তিশ হাজার ফিট উদ্ধের্ব মোট ৬০২ ভাগ তাপহাস পরীক্ষিত হইয়াছিল ইত্যাদি। তাপহাস হেতু উদ্ধের্ব স্থানে তুষার-কণা (Snow) দৃষ্ট হয়: এবং ব্যোমযান কখন কখন তন্মধ্যে পতিত হয়। উদ্ধের্ব শীতাধিকা, অনেক সময়ে যানারোহীদিগের কন্টকর হইয়া উঠে—এমন কি, অনেক সময়ে হাত পা অবশ হয়, এবং চেতনা অপহাত হয়।

উদ্ধের্ব তাপাভাবের কারণ তপ্ত বা তাপ্য সামগ্রীর অভাব। রোদ্র ভূমে যেমন প্রথর. উদ্ধের্ব বরং ততোধিক প্রথরতর বোধ হয়। কিন্তু তাহাতে কি তপ্ত হইবে? ভূমি অতি দ্রে, বায়্ অতিক্ষীণ,—অন্পপরমাণ্র। দশ বারটি ত্লার বস্তা উপর্যাহপরি রাখিয়া দেখিবেন. উপরিক্ষ ত্লার ভারে, নিন্দক্ষ বস্তার ত্লা গাঢ়তর হইয়ছে। তেমনি নিন্দক্ষ বায়ুই গাঢ়—উপরিক্ষ বায়ুক্ব লা। পরীক্ষা দ্বারা স্থির হইয়ছে যে—এক ইণ্ডি দীর্ঘ প্রস্তে, এর্প ভূমির উপরে যে ভার, তাহার পরিমাণ সাড়ে সাত সের। আমরা মস্তকের উপর অহরহঃ এই ভার বহন করিতেছি—তঙ্গেন্য কোন পীড়া বোধ করি না কেন? উত্তর, "অগাধজলসভারী" মংস্য উপরিক্ষ বারিরাশির ভারে পরীড়িত হয় না কেন? উপরিক্ষ বায়্তরসম্বের ভারে নিন্দক্ষ বায়্তরসকল ঘনীভূত—যত উদ্ধের্ব যাওয়া যায়, বায়্র তত ক্ষীণ হইতে থাকে। গগনপর্যাটকেরা ইহা পরীক্ষা করিয়া জানিয়াছেন, গ্রন্তা অনুসারে ৩৮০ মাইল উদ্ধের্ব মধ্যেই অন্ধেক বায়্র আছে; এবং পাঁচ ছয় মাইলের মধ্যেই সম্বায় বায়্র তিন ভাগের দুই ভাগ আছে। এই জন্য উদ্ধের্ব উঠিতে গেলে, নিশ্বাসপ্রশ্বাসের জন্য অত্যন্ত কন্ট হয়। মস্বের ফ্লামারিয়া দশ সহস্ত ফিট উদ্ধের্ব উঠিয়া, প্রথম বারে, যের্প কন্ট অনুভূত করিয়াছিলেন, তাহার বর্ণনা এইর্প করিয়াছেন, যথা—

"সাতটা বাজিতে এক পোয়া থাকিতে আমার শরীরমধ্যে এক অপ্রে আভান্তরিক শীতলতা অন্ভূত করিতে লাগিলাম। তংসহিত তন্দ্রা আসিল। কণ্টে নিশ্বাস ফোলতে লাগিলাম। কর্ণমধ্যে শোঁ শোঁ শব্দ হইতে লাগিলা এবং আধ মিনিট কাল, আমার হন্ত্রোগ উপন্থিত হইল। কণ্ঠ শ্বত্বক হইল। আমি এক পাত্র জল পান করিলাম—তাহাতে উপকার বোধ হইল। বে বোতলে জল ছিল—তাহা ছিপি খ্লিবার সময়ে, যেমন শ্যাশ্পেনের বোতলের ছিপি সশব্দে বেগে উঠিয়া পড়ে, জলের বোতলের ছিপি খ্লিতে সেইর্প হইল। ইহার কারণ সহজেই ব্রুষা যাইতে পারে। তথন আমাদিপের মন্তকের উপর বার্ব, এক ভাগ কম হইয়াছিল। যথন বোতলো ছিপি আটিয়া গগনে যাত্রা করিয়াছিলাম, তথনকার অপেক্ষা এখনকার বার্ব ভার এক ভাগ কম হইয়াছিল।"

দৃই একবার গগন-মার্গে যাতায়াত করিলে, এ সকল কণ্ট সহ্য হইরা আইসে, কিন্তু অধিক উদ্ধেন উঠিলে সহিষ্ণু ব্যক্তিরও কণ্ট হয়। গ্লেশর সাহেব এ সকল কণ্টে বিশেষ সহিষ্ণু ছিলেন, কিন্তু ছয় মাইল উদ্ধেন উঠিয়া তিনিও চেতনাশ্না ও মনুষ্নু হইয়াছিলেন। ২৯,০০০ ফিট উপরে উঠিলে পর, তাঁহার দৃষ্টি অম্পণ্ট হইয়া আইসে। কিয়ৎক্ষণ পরে তিনি আর তাপমান যদ্যের পারদ-শুন্ত অথবা ঘড়ির কাঁটা দেখিতে সক্ষম হইলেন না। টেবিলের উপর এক হাত রাখিলেন। যখন টেবিলের উপর হাত রাখিলেন, তখন হন্ত সম্পূর্ণ সবল; কিন্তু তখনই সেহাত আর উঠাইতে পারিলেন না—তাহার শক্তি অন্তর্হিতা হইয়াছিল। তখন দেখিলেন, দ্বিতীয় হন্তও সেই দশাপম হইয়াছে। অবশ। তখন একবার গাত্রালোড়ন করিলেন; গাত্র চালনা করিতে পারিলেন, কিন্তু বোধ হইল, যেন হন্ত-পদাদি নাই। ক্রমে এইর্পে তাঁহার সকল অঙ্গ অবশ হইয়া পড়িল; ভগ্নগ্রীবের ন্যায় মন্তক লম্বিত হইয়া পড়িল, এবং দৃষ্টি একেবারে বিলুপ্ত হইল। এইর্পে তিনি অকস্মাৎ মৃত্যুর আশাধ্বা করিতেছিলেন, এমত সময়ে হঠাৎ তাঁহার চৈতন্যও বিলুপ্ত হইল। পরে ব্যোম্যানের "সার্যাথ" রথ নামাইলে তিনি পুনুবর্ণার জ্ঞান প্রাপ্ত হইলেন।

রথ নামাইল কি প্রকারে? ব্যোমযানের গতিও দিবিধ, প্রথম, উদ্ধর্ব হইতে অধঃ বা অধঃ হইতে উদ্ধর্ব। দিতীয়, দিগন্তরে; যেমন শকটাদি অভিলিষিত দিকে যায়, সেইর্প। ব্যোমবান অভিলিষিত দিগন্তরে চালনা করা এ পর্যান্ত মন্যাের সাধ্যায়ন্ত হয় নাই—চালক মনে করিলে, উন্তরে, পশ্চিমে, বামে বা দক্ষিণে, সম্মর্থে বা পশ্চাতে যান চালাইতে পারেন না। বায়ৣই ইহার যথার্থ সার্রথ, বায়ুসার্রথি যে দিকে লইয়া যায়, ব্যোমযান সেই দিকে চলে। কিন্তু উদ্ধর্বাধঃ গতি মন্যাের আয়ন্ত। ব্যোমযান লঘ্ করিতে পারিলেই উদ্ধর্ব উঠিবে এবং পার্শ্ববন্তী বায়ৣর অপেক্ষা গ্রুর করিতে পারিলেই নামিবে। ব্যোমযানের "রথে" কতকটা বালুকা বোঝাই থাকে; তাহার কিয়দংশ নিক্ষিপ্ত করিলেই প্র্বাপেক্ষা লঘ্বা সম্পাদিত হয়—তখন ব্যোমযান আরও উদ্ধেব উঠে। এইর্পে ইচ্ছান্রমে উদ্ধেব উঠা যায়। আর যে লঘ্ বায়ু কর্তুক বেলুন পরিপ্রিত থাকায় তাহা গগনমন্ডলে উঠিতে সক্ষম, তাহার কিয়দংশ নির্গত করিবে পারিলেই উহা নামে। ঐ বায়ু নির্গত করিবার জন্য ব্যোমযানের শিরোভাগে একটি ছিদ্র থাকে। সেই ছিদ্র সচরাচর আব্ত থাকে, কিন্তু তাহার আবরণে একটি দিড় বাঁধা থাকে; সেই দিড় ধরিয়া টানিলেই লঘ্বায়ু বাহির হইয়া যায়; ব্যোমযান নামিতে থাকে।

দিগন্তরে গতি মনুষ্যের সাধ্যায়ত্ত নহে বটে, কিন্তু মনুষ্য বায়ার সাহায্য অবলম্বন করিতে সক্ষম। আশ্চর্য্যের বিষয় এই যে, ভিন্ন ভিন্ন ভরে ভিন্ন ভিন্ন দিগভিমুখে বায়, বহিতে থাকে। যথন ব্যোমারোহী ভূমির উপরে দক্ষিণ বায়, দেখিয়া, যানারোহণ করিলেন, তথনই হয়ত, কিয়ন্দরে উঠিয়া দেখিলেন যে, বায়, উত্তরে: আরও উঠিলে হয়ত দেখিবেন যে, বায়, পূর্বের্ব কি প্রশ্চ দক্ষিণে ইত্যাদি। কোন্ শুরে কোন্ সময়ে কোন্ দিকে বায়্ বহে, ইহা যদি মনুষ্যের জানা থাকিত তাহা হইলে ব্যোম্যান মনুষ্যের আজ্ঞাকারী হইত। যাঁহারা সূচতর, তাঁহারা কখন কখন বায়ার গতি অবধারিত করিয়া স্বেচ্ছান্রমে গগন পর্যাটন করিয়াছেন। ১৮৬৮ সালের আগস্ট মাসে মসরে তিসান্দর কালে নগর হইতে নেপ্তান নামক বেলানে গগনারোহণ করেন। চারি হাজার ফিট উদ্দের্ব উঠিয়া দেখিলেন যে, তাঁহাদিগের গতি উত্তর সমুদ্রে। অপরাহে এইরূপ তাঁহারা অকস্মাৎ অনিচ্ছার সহিত, অনন্ত সাগরের উপর যাত্রা করিলেন। কিন্তু তথন উপায়ান্তর ছিল না। এই সংকটে তাঁহারা দেখিলেন যে, নিন্দে মেঘসকল দক্ষিণগামী। তখন তাঁহারা নিশ্চিন্ত হইরা সমদ্রবিহারে চলিলেন। এইর্পে তাঁহারা ২১ মাইল পর্যান্ত সমন্দ্রোপরে বাহির হইয়া যান। তাহার পর লঘ্ব বায়্ব নির্গাত করিয়া দিয়া, নীচে নামেন। বায়ার সেই নিম্ন শুরে দক্ষিণ-বায়া পাইয়া তংকর্ত্তক বাহিত হইয়া পানব্দার ভূমির উপরে আসেন। কিন্তু দূর্ব্ব দ্বিবশতঃ অবতরণ করেন না। তার পর সন্ধ্যা হইয়া অন্ধকার হইল। বাম্পের গাঢ়তাবশতঃ নিন্দে ভূতল দেখা যাইতেছিল না। এমত অবস্থায় তাঁহারা কোথার যাইতেছিলেন. তাহা জানিতে পারেন নাই। অকসমাং নিদ্দ হইতে গম্ভীর সমাদ্র-কল্লোল উত্থিত হইল। তথন অন্ধকারে পনেবর্ণার অনস্ত সাগরোপরে বিচরণ করিতেছেন জানিতে পারিয়া, তাঁহারা আবার নিন্দে নামিলেন। আবার দক্ষিণ-বায়ার সাহাযো ভূমি প্রাপ্ত হইলেন।

উত্তরসমন্দ্রে বিচরণকালে তাঁহারা ক্ষেকটি অভুত ছারা দেখিয়াছিলেন। দেখিলেন যে, সমন্দ্রে যে সকল বাষ্পীরাদি জাহাজ চলিতেছিল, উদ্ধের্ব মেঘমধ্যে তাহার প্রতিবিন্দ্র। মেঘমধ্যে তেমনি সমন্দ্র চিত্রিত হইরাছে—সেই চিত্রিত সমন্দ্র তেমনি প্রকৃত জাহাজের ন্যায় ছায়ার জাহাজ চলিতেছে। সেই সকল জাহাজের তলদেশ উদ্ধের্ব, মান্তুল নিন্দের; বিপরীত ভাবে জাহাজ চলিতেছে। মেঘরাশি বহুন্দপ্রিকর্বের সমন্দ্রকে প্রতিবিন্দিত করিয়াছিল।

মস্র ফ্লামারিয় আর একটি আশ্চর্য প্রতিবিন্দ্র দেখিয়াছিলেন। দিবাভাগে, প্রায় পাঁচ সহস্র ফিট উদ্দের্ব আরোহণ করিয়া দেখিলেন, তাঁহাদিগের প্রায় শত ফিট মান্র দ্রে দ্বিতীয় একটি বেল্বন চলিয়াছে। আরও দেখিলেন যে, সেই দ্বিতীয় বেল্বনিটর আফৃতি তাঁহাদিগের বেল্বনেরই আফৃতি, যেমন তাঁহাদিগের বেল্বনের নিন্দে "রথ" যুক্ত ছিল, এবং তাহাতে যাঁহারা দুই জন আরোহী বিসয়াছিলেন, দ্বিতীয় বেল্বনেও সেইর্প রথ, এবং সেইর্প দুই জন আরোহী! আরও বিস্মিত হইয়া দেখিলেন যে, সেই দুই জন আরোহীর অবয়ব—তাঁহাদিগেরই অবয়ব! তাঁহারাই সেই দ্বিতীয় বেল্বনে বিসয়া আছেন। একটি বেল্বনে যেখানে যাহা ছিল—যেখানে যে দা্ড়, যেখানে যে স্তা, যেখানে যে যক্ত্র, দ্বিতীয় বেল্বনে ঠিক তাহাই আছে, ফ্লামারিয় দক্ষিণ হস্তোন্তোলন করিলেন—ভোতিক ফ্লামারিয় বাম হস্তোন্তোলন করিল। তাঁহার সঙ্গী একটা তদ্বপ পতাকা উড়াইল।

আরও বিক্সয়ের বিষয় এই যে, সেই ভোতিক ব্যোম্যানের ভোতিক রথের চতুঃপার্শ্বে অপর্থেব ড্রোতিক্সয়ির মণ্ডলসকল প্রতিভাত হইতেছিল। মধ্যে হরিং শ্বেতাভ মণ্ডল, তক্মধ্যে রথ। তংপাশ্বে ক্ষীণ নীল মণ্ডল; তাহার বাহিরে হরিদ্রাবর্ণ মণ্ডল; তংপরে কপিশ রক্তাভ মণ্ডল, শেষে অতসীকুসম্মবং বর্ণ; তাহা ক্রমে ক্ষীণতর হইয়া মেঘের সঙ্গে মিশাইয়া গিয়াছে।

এই ব্তান্ত ব্ঝাইবার স্থান এই ক্ষ্মুদ্র প্রবন্ধের মধ্যে হইতে পারে না। ইহা বলিলেই যথেন্ট হইবে যে, ইহা জলবাডেপর উপর প্রতিসৌরবিন্ত্র* মাত্র।

গগনপথে পাথিব শব্দ সহজে গমন করে, কিন্তু সকল সময়ে নহে, এবং সকল শব্দের গতি তুলার্প নহে। মেঘাচ্ছল শব্দরোধ ঘটে। গ্লেশর সাহেব চারি মাইল উদ্ধর্ব ইইতে রেলওয়ে দ্রেণের শব্দ শ্বনিতে পাইয়াছিলেন। এবং বিশ হাজার ফিট উপরে থাকিয়া কামানের শব্দ শ্বনিয়াছিলেন। একটি ক্ষুদ্র কুরুরের রব দ্বই মাইল উপর হইতে শ্বনিতে পাইয়াছিলেন. কিন্তু চারি হাজার ফিট উপরে থাকিয়া বহ্বসংখ্যক মন্বেয়র কোলাহল শ্বনিতে পান নাই। মস্র ফ্লামারিয়া আকাশ হইতে ভূমণ্ডলের বাদ্য শ্বনিতে পাইতেন। তাঁহার বোধ হইত, যেন মেঘমধ্যে কে সঙ্গীত করিতেছে।

অনেকেই অবগত আছেন যে, যখন পারিস অবর্দ্ধ হয়, তখন ব্যামযানযোগে পারিস হইতে গ্রাম্য প্রদেশে ডাক যাইত। শিক্ষিত পারাবতসকল সেই সকল ব্যামযানে চড়িয়া যাইত: তাহাদের প্রুছে উত্তর বাঁধিয়া দিলে লইয়া ফিরিয়া আসিত। লঘ্বতার অনুরোধে সেই সকল পত্র ফটোগ্রাফের সাহায্যে অতি ক্ষুদ্রাকারে লিখিত হইত—অতি বৃহৎ পত্র এক ইণ্ডির মধ্যে সমাবিষ্ট হইত। পড়িবার সময়ে অনুবাক্ষণ ব্যবহার করিতে হইত। স্থানাভাববশতঃ এই কোতুকাবহ তত্ত্ব আমরা সবিস্তারে লিখিতে পারিলাম না।

উপসংহারকালে বক্তব্য যে, ব্যোমযান এখনও সাধারণের গমনাগমনের উপযোগী বা যথেছ বিহারের উপায়ন্দবর্প হয় নাই। গ্লেশর সাহেব বলেন যে, বেল্নেরে দ্বারা সে উদ্দেশ্য সিদ্ধ হইবে না: যানান্তর ইহার দ্বারা স্চিত হইতে পারে; যানান্তর স্চিত না হইলে সে আশা পূর্ণ হইবে না। মন্যা কখন উড়িতে পারিবে কি না, মস্র ক্লামারিয়' এই তত্ত্বের সবিস্তারে আলোচনা করিয়া সিদ্ধান্ত করিয়াছিলেন যে, এক দিন মন্যাগণ অবশ্য পক্ষীদিগের ন্যায় উড়িতে পারিবে; কিন্তু আত্মবলে নহে। যখন মন্মা, পক্ষ বা পক্ষবং যল্য প্রস্তুত করিয়া, বাৎপীয় বা বৈদ্যুতিক বলে তাহা সন্থালন করিছে পারিবে, তখন মন্যোর বিহঙ্গপদপ্রাপ্তির সন্তাবনা। দেলোম নামক একজন ফরাসী একটি মৎস্যাকার বেল্ন কলপনা করিয়াছেন; তিনি বিবেচনা করেন, তংসাহায়ে মন্যা যথেছে। আকাশ-পথে যাতায়াত করিতে পারিবে। কিন্তু সে যন্ত্র হইতে এ পর্যান্ত কোন ফলোদার হয় নাই বলিয়া, আমরা তাহার বর্ণনায় প্রবৃত্ত হইলাম না।

5क्षम कशर

সচরাচর মন্যোর বোধ এই যে, গতি জগতের বিকৃত অবস্থা; স্থিরতা জগতের স্বাভাবিক অবস্থা। কিন্তু বিশেষ অনুধাবন করিলে বুঝা যাইবে যে, গতিই স্বাভাবিক অবস্থা; স্থিরতা

^{*} Ant' helia.

र्वाष्क्रम ब्रुह्मावली

কেবল গতির রোধ মাত্র। যাহা গাতিবিশিন্ট; কারণবশতঃ তাহার গতির রোধ হইলে, তাহার অবস্থাকে আমরা স্থিরতা বা স্থিতি বলি। যে শিলাখন্ড বা অট্টালিকাকে অচল বিবেচনা করিতেছি, বাস্তবিক তাহা মাধ্যাকর্ষণের বলে গাতিবিশিন্ট; নিশ্নস্থ ভূমি তাহার গতি রোধ করিতেছে বলিয়া, তাহাকে স্থির বলিতেছি। এ স্থিরতাও কাল্পনিক; প্থিবীতলম্থ অন্যান্য বস্তুর সঙ্গে তুলনা করিয়া বলিতেছি যে, এই পর্বত বা এই অট্টালিকা অচল, গাতিশ্ন্য —বস্তুতঃ উহার কেহই অচল বা গতিশ্ন্য নহে, প্থিবীর উপরে থাকিয়া উহা প্থিবীর সঙ্গে আবর্ত্তন করিতেছে। স্ক্রা বিবেচনা করিতে গেলে জগতে কিছু গতিশ্ন্য নহে।

কিন্তু সে কথা ছাড়িয়া দেওয়া যাক্। যাহা প্রথিবীর গতিতে গতিবিশিষ্ট, তাহাকে চণ্ডল বলিবার প্রয়োজন করে না। তথাপিও প্রথিবীতে এমত কোন বস্তু নাই, যে মুহূর্ত্ত জন্য স্থির।

চারি পার্শ্বে চাহিয়া দেখ, বায়্বহিতেছে, বৃক্ষপত্রসকল নাচিতেছে, জল চলিতেছে, জনিকল নিজ প্রয়োজন সম্পাদনার্থ বিচরণ করিতেছে। পরস্তু ইহার মধ্যেও কোন কোন বস্তু গতিশন্য দেখা যাইতেছে। কিন্তু মাধ্যাকর্ষণে বা অন্য প্রকারে র্দ্ধ বাহ্যিক গতি ভিন্ন, ঐ সকল বস্তুর অন্য গতি আছে। সেই সকল গতি আভ্যন্তারিক।

বস্থুমাত্রেরই কিরৎপরিমাণে তাপ আছে। যাহাকে শীতল বলি, তাহা বস্থুতঃ তাপশ্ন্স নহে। তাপের অলপতাকেই শীতলতা বলি, তাপের অভাব কিছুতেই নাই। যে তুষারখণ্ডের স্পর্শে অঙ্গছেদের ফ্রেশান্ডব করিতে হয়, তাহাতেও তাপের অভাব নাই—অলপতা মাত্র।

ষাহাকে তাপ বলি, তাহা পরমাণ, গণের আন্দোলন মাত্র। কোন বস্তুর পরমাণ, সকল পরস্পরের দ্বারা আরুষ্ট এবং সন্তাড়িত হইলে, তাহা তরঙ্গবং আন্দোলিত হইতে থাকে। সেই ক্রিয়াই তাপ। যেথানে সকল বস্তুই তাপয়ক্ত, সেখানে সকল বস্তুর পরমাণ, ই অহরহ পরস্পর কর্তৃক আরুষ্ট, সন্তাড়িত এবং সন্ধালিত। অতএব প্রথিবীশ্ব সকল বস্তুই আভ্যন্তরিক গতিবিশিন্ট।

আলোক সম্বন্ধেও সেই কথা। ইথর নামক বিশ্বব্যাপী আকাশীয় তরল পদার্থের পরমাণ্ন্দমণ্টির তরঙ্গবং আন্দোলনই আলোক। সেই গতিবিশিষ্ট পরমাণ্ন্দকলের সঙ্গে নয়নেন্দ্রিয়ের সংস্পর্শে আলোক অন্তুত হয়। সেই প্রকার তাপীয় তরঙ্গ সহিত ছার্গানন্দ্রয়ের সংস্পর্শে তাপ অন্তুত করি। এই সকল আন্দোলন-ক্রিয়া মন্বেয়ের দ্ভিটর অগোচর—উহা তাপর্পে এবং আলোকর্পেই আমরা ইন্দ্রিয় কর্তৃক গ্রহণ করিতে পারি—অন্য র্প নহে। তবে এই আন্দোলনিক্রার অস্তিত্ব স্বীকার করিবার কারণ কি? ইউরোপীয় বিজ্ঞানবিদেরা তাহা স্বীকার করিবার বিশেষ কারণ নিন্দেশ্য করিয়াছেন, কিন্তু তাহা এস্থলে বর্ণনিনীয় নহে।

প্রথিবীতলে আলোক সর্বা দেখিতে পাই। অতি অন্ধকার অমাবস্যার রাত্রে প্রথিবীতল একেবারে আলোকশ্না নহে। অতএব সর্বাত্তই সর্বাদা আলোকীয় আন্দোলনের গতি বর্ত্তানা।

বিজ্ঞানবিদেরা প্রতিপন্ন করিয়াছেন যে, আলোক, তাপ এবং মাধ্যাকর্ষণ, তিনটিই পরমাণ্র গতি মাত্র। অতএব প্রিথবীর সকল বস্তুই আভ্যন্তরিক গতিবিশিন্ট। যৌগিক আকর্ষণের বলে সেই সকল গতি সত্ত্বেও কোন বস্তুর পরমাণ্যসকল বিস্তুস্ত বা প্রেগ্ডুত হয় না।

প্রিবীতলে এইর্প। তারপর, প্রিবীর বাহিরে কি?

প্থিবী স্বয়ং অত্যন্ত প্রথর বেগবিশিষ্টা এবং অনন্তকাল আকাশমার্গে ধাবমানা। অন্যান্য গ্রহ উপগ্রহ প্রভৃতি যাহা সৌর জগতের অন্তর্গতি, তাহাও পৃথিবীর মত অবস্থাপন্ন সন্দেহ নাই। সেই সকল গ্রহ উপগ্রহে যে সকল পদার্থ আছে, তাহাও পার্থিব পদার্থের ন্যায় সর্ব্বদা বাহ্যিক এবং আভ্যন্তরিক গতিবিশিষ্ট। জ্যোতিব্বিদ্গণের দৌরবীক্ষণিক অনুসন্ধানে সে কথার অনেক প্রমাণ সংগৃহীত হইয়াছে।

সূর্য নামে যে বৃহৎ বন্ধু এই সৌর জগতের কেন্দ্রীভূত, তাহা ষের্প চাণ্ডল্যপূর্ণ, তাহা মন্ম্যের অন্ভবশান্তির অতীত। যে সূর্যামন্ডলের তাপ, আলোক, আকর্ষণ এবং বৈদ্যুতাদিকী শক্তি প্থিবীস্থ গতিমান্তেরই কারণ, সেই স্ব্যামন্ডলোপরে বা তদভান্তরে যে নানাবিধ ভয়ঞ্কর এবং অস্কৃত গতি নিয়ত বর্ত্তিবে, তাহা বঙ্গা বাহ্লা। সেই চাণ্ডল্যের একটি উদাহরণ "আশ্চর্যা সৌরোৎপাত" নামক প্রস্তাবে বর্ণিত হইয়াছিল।

কিন্তু স্বের্যাপরে এবং স্বাগন্তে যে নিয়ত গতির আধিপতা, কেবল ইহাই নহে; স্বাগ স্বায়ং গতিবিশিষ্ট। বিজ্ঞানবিদেরা স্থির করিয়াছেন যে, স্বাগ স্বায়ং এই তাবং সোর জগৎ সঙ্গে লইয়া প্রতি সেকেন্ডে ৪৮০ মাইল অর্থাং ঘণ্টার ১৭,১০০ মাইল আকাশ-পথে ধাবিত হইতেছে। এই ভয়ঞ্কর বেগে এই পদার্থরাশি কোথায় যাইতেছে? কেহ বলিতে পারে না কোথায় যাইতেছে। আকাশের একটি নাক্ষান্তিক প্রদেশকে ইউরোপীয়েরা হরক্যালিজ বলেন। স্বাচ তক্মধ্যস্থ লাম্ডা নামক নক্ষ্যাভিম্বে ধাবিত হইতেছে, কেবল এই পর্যান্ত নিশ্চিত হইয়াছে।

কিন্তু সূর্য্য এবং সৌর জগণ ত বিশ্বের অতি ক্ষ্মপ্রাংশ। অন্ধলার রাত্রে অনন্ত আকাশমন্তল ব্যাপিয়া যে সকল জ্যোতিষ্ক জর্মলতে থাকে, তাহারা সকলেই এক একটি সৌর জগতের কেন্দ্রীভূত। সে সকল কি গতিশ্না? ভাহাদিগেরও প্রাতাহিক উদয়ান্তাদি দেখিতে পাই, সেও প্রথিবীর প্রাতাহিক আবর্ত্তনজনিত চাক্ষ্ম দ্রান্তি মাত্র। নাক্ষ্যিক লোকের কি জগণ চন্দ্রল?

জ্যোতিন্বিদ্যার দ্বারা যতদ্রে অনুসন্ধান হইয়াছে, ততদ্রে জানিতে পারা গিয়াছে যে, নক্ষরলোকেও গতি সন্বিময়ী। যত অনুসন্ধান হইয়াছে, ততই ব্রুথা গিয়াছে যে, স্থেগির যে প্রকৃতি, নক্ষরমারেরই সেই প্রকৃতি। গ্রহ ভিন্ন অন্য তারাকে নক্ষর বালতেছি।

কতকগুলি নক্ষ্য সোর গ্রহগণের ন্যায় বর্ত্তনশাল। যেখানে আমরা চক্ষে একটি নক্ষ্য দেখিতে পাই, দ্রবাক্ষণ সাহাযে দেখিলে তথায় কখন কখন দুইটি, তিনটি বা ততোধিক নক্ষ্য দেখা যায়। কখন কখন এই দুই তিনটি নক্ষ্য পরস্পরের সহিত সদ্বন্ধরহিত, এবং পরস্পর হইতে দ্রিস্থিত, অথচ দর্শক যেখান হইতে দেখিতেছেন, সেখান হইতে দেখিতে গেলে আকাশের একদেশে ক্সিত দেখার, এবং একটি সরল রেখার মধ্যবন্তী হইয়া যুক্ম নক্ষ্যের ন্যায় দেখায়। কিন্তু কখন কখন দেখা যায় যে, যে নক্ষ্যম্বয় দেখিতে যুক্ম, তাহা বাস্তবিক যুক্মই বটে,—পরস্পরের নিকটবন্তী এবং পরস্পরের সহিত নৈস্গিক সম্বর্দ্ধবিশিষ্ট। এই সকল যুক্মাদি নক্ষ্য সম্বন্ধ আধুনিক জ্যোতিব্বিদেরা পর্যবেক্ষণা ও গণনার দ্বারা ক্ষ্রিকৃত করিরাছেন যে, উহারা পরস্পরকে বেড়িয়া বর্ত্তন করিতেছে। অর্থাৎ যদি ক, খ, এই দুইটি নক্ষ্যে একটি যুক্ম নক্ষ্য হয়. তবে ক, খ, উভরের মাধ্যাকর্ষণিক কেন্দ্রের চতুষ্পার্শ্বে ক, খ, উভর নক্ষ্য্য বর্ত্তন করিতেছে। কখন কখন দেখা গিয়াছে যে, এইর্মুপ দুইটি কেন, বহু নক্ষ্য্রে এক একটি নাক্ষ্য্রিক জগং। তক্মধ্যস্থ বিভক্ত নক্ষ্যরালি সকলই ঐ প্রকার আবর্ত্তনকারী। বিচিত্র এই যে, নিউটন প্রিবিতি বিসিয়া, পার্থিব পদার্থের গতি দেখিয়া, পার্থিব উপগ্রহ চন্দ্রের গতিকে উপলক্ষ্য করিয়া, যে সকল মাধ্যাকর্ষণিক গতির নিয়ম আবিষ্কৃত করিয়াছিলেন, দ্রবন্তী এবং সোর জগতের বহিঃস্থ এই সকল নক্ষয়ের গতিত দেই সকল নিয়মাধীন।

নক্ষরগণের প্রকৃতি এবং স্বর্যোর প্রকৃতি যে এক, তদ্বিবয়ে আর সংশয় নাই। ডাক্তার হু গিন্স প্রভৃতি বৈজ্ঞানিকেরা আলোক-পরীক্ষক যন্তের সাহায্যে জানিয়াছেন যে, যে সকল বস্তুতে সূর্য্য নিম্মিত, অন্যান্য নক্ষত্রেও সেই সকল বস্তু লক্ষিত হয়। অতএব স্থেয়াপরি ও সুর্যাগান্তে যে প্রকার ভরঙকর কোলাহল ও বিপ্লব নিত্য বর্তমান বলিয়া বোধ হয়, তারাগণেও সেইরূপ হইতেছে, সন্দেহ নাই। यে নক্ষত্র দূরবীক্ষণ সাহাযোও অম্পণ্ট দূর্ঘ্ট আলোকবিন্দু বলিয়া বোধ হয়, তাহাতে ক্ষণমাত্র যে সকল উৎপাত ঘটিতেছে, প্রথিবীতলে দশ বর্ষের নৈস্গিক ক্রিয়া একত্রিত করিলেও তাহার তুলা হইবে না। স্থামণ্ডলে সামান্য মাত্র কোন পরিবর্ত্তনে যে বিপ্লব ও নৈস্গিক শক্তিব্যায় স্টিচত হয়, তাহাতে পলক্ষাত্রে এই প্রথিবী ধরংস প্রাপ্ত হইতে পারে। প্রচন্ড বাত্যার কল্পোল অথবা কর্ণবিদারক অশনিসম্পাতশব্দ ইইতে লক্ষ লক্ষ গুণে ভীমতর কোলাহল অনবরত সেই সৌরমণ্ডলে নির্ঘোষত হইতেছে সন্দেহ নাই। আর এই যে সহস্র সহস্র, স্থির, শীতল, ক্ষুদ্র ক্ষুদ্র জ্যোতিত্বগণ দেখিতেছি, তাহাতেও সেইর্প হইতেছে: কেন না, সকলই স্থাপ্রকৃতিবিশিষ্ট, বরং আমাদিগের স্থা অনেক অনেক নক্ষতের অপেক্ষা ক্ষর এবং হীনতেজা। সিরিয়স্ নামক অত্যুজ্জরল নক্ষর, আমাদিগের নয়ন হইতে যত দুরে আছে, আমাদিণের সূর্য্য তত দুরে প্রেরিত হইলে, উহা তৃতীয় শ্রেণীর ক্ষুদ্র নকতের ন্যায় দেখাইত: আকাশের কত শত নক্ষত্র তদপেক্ষা উজ্জৱল জৱালায় জৱলিত। কিন্তু যদি সুর্যাকে অল্দেবরণ (রোহিণী?), কস্তর, বেটেলগ্নু প্রভৃতি নক্তরে স্থানে প্রেরণ করা যায়, ज्द मूर्यारक मिथा यादेरिक का मार्क्स्ट। शक्केंद्र मार्ट्स वर्रका एवं आकारण एवं मकल नकत দেখিতে পাই, বোধ হয় তাহার মধ্যে পঞ্চাশটিও আমাদের সূর্য্যাপেক্ষা ক্ষুদ্র হইবে না। অতএব স্যামণ্ডলে যেরপে চাণ্ডল্যের অস্তিম্ব অন্মান করা যায়, অধিকাংশ নক্ষত্রে ততোধিক চাণ্ডল্য বৰ্ত্তমান, সন্দেহ নাই।

কেবল তাহাই নহে, স্থা যেমন অভি প্রচন্ডবেগে, গ্রহণণ সহিত, আকাশ-পথে ধাবমান.

विष्क्रम ब्रह्मावणी

অন্যান্য নক্ষরগণও তদ্প। বরং অনেক নক্ষরের বেগ স্ব্যাপেক্ষা প্রচণ্ডতর। সিরিয়সের গতি প্রতি সেকেন্ডে ২০ মাইল, ঘণ্টায় ৭২,০০০ মাইল। বেগা নামক উল্জান্তল নক্ষরের বেগ প্রতি সেকেন্ডে ২০ মাইল, ঘণ্টায় ১৮০,০০০ মাইল, কস্তর প্রতি সেকেন্ডে ২৫ মাইল, ঘণ্টায় ১০,০০০ মাইল। পোলাক্সের গতি সেকেন্ডে ৪৯ মাইল, প্রায় বেগার ন্যায়। সপ্তর্মির মধ্যের পাঁচটির গতি সিরিয়সের ন্যায়, একটির গতি বেগার ন্যায়। এই বেগ অতি ভয়ণ্কর, বিশেষ যখন মনে করা যায় যে, এই সকল প্রচণ্ডবেগশালী পদার্থের আকার অতি প্রকাণ্ড(সিরিয়স্ স্ব্র্যাপেক্ষা সহস্র গ্রণ বৃহৎ), তখন বিশ্ময়ের আর সীমা থাকে না।

নক্ষ্যসকল অন্তুত গতিবিশিষ্ট হইলেও, চারি সহস্র বংসরেও তত্তাবতের স্থানদ্রংশ মন্ত্রাচক্ষে লক্ষিত হয় নাই। ঐ সকল নক্ষত্রের অসীম দ্রতাই ইহার কারণ। উৎকৃষ্ট দ্রবীক্ষণ
সাহায্যে, আশ্চর্য্য মান-যন্দ্র ও বিদ্যা-কোশলের বলে আধুনিক জ্যোতিন্বিদেরা কিণ্ডিৎ স্থানচ্যুতি
পর্য্যবেক্ষণ করিয়াছেন। তাহাতেই ঐ সকল গতি স্থিরীকৃত হইয়াছে।

নাক্ষাত্রক গতিতত্ব অতি আশ্চর্যা। গগনের একদেশে স্থিত নক্ষত্রও এক দিকেই ধাবমান না হইয়াও নানা দিকে ধাবমান। কখন বা একদিকেই ধাবমান। কোথায় ধাবমান? কেন ধাবমান?

म्यान क्रिक्ट आलाहना **७ ऋल** निष्धाराङनीय, এবং এक श्रकात अमाधा।

যাহা বলা গেল, তাহাতে প্রতীয়মান হইতেছে যে, গতিই জাগতিক নিয়ম—স্থিতি নিয়ম রোধের ফলমাত্র। জগৎ সর্ব্বান চণ্ডল। সেই চাণ্ডল্য বিশেষ করিয়া ব্রিকতে গেলে, অতি বিশ্ময়কর বোধ হয়। জীবনাধারে শোণিতাদির চাণ্ডল্যই জীবন। হুৎপিশ্চ বা শ্বাস্থলের চাণ্ডল্য রহিত হইলেই মৃত্যু উপস্থিত হয়। মৃত্যু হইলে পরেও, দৈহিক পরমাণ্মধ্যে রাসায়নিক চাণ্ডল্য সন্ধার হইয়া, দেহ ধরংস হয়। যেখানে দ্ন্তিপাত করিব, সেইখানে চাণ্ডল্য, সেই চাণ্ডল্য মঙ্গলকর। যে ব্রাদ্ধ চণ্ডলা, সেই ব্যক্ষি চিন্তাশালিনী। যে সমাজ গতিবিশিষ্ট, সেই সমাজ উর্ঘাতশীল। বরং সমাজের উচ্ছুত্থলতা ভাল, তথাপি স্থিরতা ভাল নহে।

কত কাল মনুষ্য?

জলে যের্প বৃদ্ধ উঠিয়া তথনই বিলীন হয়, পৃথিবীতে মন্ত্রা সেইর্প জন্মিতেছে ও মরিতেছে। প্রের পিতা ছিল, তাহার পিতা ছিল, এইর্প অনন্ত মন্ব্যশ্রেণীপরম্পরা স্ট এবং গত হইয়াছে, হইতেছে এবং যতদ্র ব্ঝা যায়, ভবিষাতেও হইবে। ইহার আদি কোথা? জগদাদির সঙ্গে ক মন্যের আদি, না প্থিবীর স্থির বহ্ন পরে প্রথম মন্যের স্টিউ হইয়াছে? প্রথিবীতে মন্যা কত কাল আছে?

শ্রীষ্টানদিগের প্রাচীন গ্রন্থান,সারে মন্ব্রের সৃষ্টি এবং জগতের সৃষ্টি কালি পরশ্ব হইয়াছে। যে দিন জগদীশ্বর কুম্ভকারর,পে কাদা ছানিয়া পৃথিবী গড়িয়া, ছয় দিনে তাহাতে মন্ব্র্যাদি প্রক্তল সাজাইয়ছিলেন, খ্রীষ্টানেরা অন্মান করেন যে, ছয় সহস্র বংসর প্রের্ব। এ কথা খ্রীষ্টানেরাও আর বিশ্বাস করেন না। আমাদিগের ধর্ম্ম-প্রস্তুকের কথার প্রতি আমরাও সেইর,প হতশ্রুষ্ধ হইয়াছি। বিজ্ঞানের প্রবাহে সর্ব্বর্ত্ত ধর্ম্ম-প্রস্তুকসকল ভাসিয়া যাইতেছে। কিন্তু আমাদিগের ধর্ম্ম-গ্রেক্ত এমন কোন কথা নাই যে, তাহাতে ব্র্বায় যে, আমি কালি বা ছয় শত বংসর বা ছয় সহস্র বংসর বা ছয় বংসর প্রের্ব এই ব্রহ্মান্ডের স্ক্রন হইয়াছে। হিন্দ্র শাদ্রান্ত্রান্তে কোটি বংসর প্রবের্ব, অথবা অনন্ত কাল প্রের্ব জগতের স্থিট। আধ্বনিক ইউরোপীয় বিজ্ঞানেরও সেই মত।

ভবে জগতের আদি আছে কি না, কেহ কেহ এই তর্ক তুলিয়া থাকেন। স্থি অনাদি, এ জগৎ নিত্য; ও সকল কথায় ব্ঝায় যে, স্থিটর আরম্ভ নাই। কিন্তু স্থিট একটি ক্রিয়া—ক্রিয়া মাত্র, কোন বিশেষ সময়ে কৃত হইয়াছে; অতএব স্থিট কোন কালবিশেষে হইয়া থাকিবে। অতএব স্থিট অনাদি বলিলে, অর্থ হয় না। যাঁহারা বলেন, স্থিট হইতেছে, যাইতেছে, আবার হইতেছে, এইর্শ অনাদি কাল হইতে হইতেছে, তাঁহারা প্রমাণশ্ন্য বিষয়ে বিশ্বাস করেন। এ কথার নৈস্থিকি প্রমাণ নাই।

"অস্জ্লচ জগং সর্বাং সহ প্রে কৃতাছভিঃ" ইত্যাদি বাকোর দ্বারা স্কিত হয় যে, জগং-স্থিত এবং মন্যা বা মন্যা-জনকদিগের স্থিত এক কালেই হইয়াছিল। এরপে বাকা শীহণদ্-গ্রন্থে অতি সচরাচর দেবার। যদি এ কথা যথার্থ হয়, তাহা হইলে, যতকাল চন্দ্র স্বা, ততকাল মন্বা। বৈজ্ঞানিকেরা এ তত্ত্বে কি প্রমাণ সংগ্রহ করিয়াছেন, তাহাই সমালোচিত করা এ প্রবন্ধের উদ্দেশ্য।

বিজ্ঞানের অদ্যাপি এমত শক্তি হয় নাই যে, জগৎ অনাদি, কি সাদি, তাহার মীমাংসা করেন। কোন কালে সে মীমাংসা হইবে কি না, তাহাও সন্দেহের ছল। তবে এক কালে, জগতের যে এ র্প ছিল না, বিজ্ঞান ইহা বলিতে সক্ষম। ইহা বলিতে পারে যে, এই পূথিবী এইর্প তৃণ-শস্য-বৃক্ষময়ী, সাগর-পর্বতাদিপরিপূর্ণ, জীবসঙ্কুলা, জীববাসোপযোগিনী ছিল না: গগন এককালে এর্প স্বাচন্দ্রনক্ষাদিবিশিষ্ট ছিল না। একদিন—তখন দিন হয় নাই—এককালে জল ছিল না, ভূমি ছিল না,—বায়ু ছিল না। কিন্তু যাহাতে এই চন্দ্র স্বাত্ত এই আই স্বাত্ত তারা হইয়াছে, যাহাতে জল বায়ু ভূমি হইয়াছে—যাহাতে নদ নদী সিদ্ধু—বন বিটপী বৃক্ষ—তৃণ লতা পূত্রপ—পশ্ব পক্ষী মানব হইয়াছে, তাহা ছিল। জগতের র্পান্তর ঘটিয়াছে, ইহা বিজ্ঞান বলিতে পারে। কবে ঘটিল, কি প্রকারে ঘটিল, তাহা বিজ্ঞান বলিতে পারে না। তবে ইহাই বলিতে পারে যে, সকলই নিয়মের বলে ঘটিয়াছে—ক্ষণিক ইচ্ছাধীন নহে। যে সকল নিয়মে অদ্যাপি জড় প্রকৃতি শাসিতা হইতেছে, সেই সকল নিয়মের ফলেই এই ঘার র্পান্তর ঘটিয়াছে। সেই সকল নিয়মে? তবে আর সের্প র্পান্তর দেখি না কেন? দেখিতেছি। তিল তিল করিয়া, মৃহ্তের্ত জগতের র্পান্তর ঘটিতেছে। কোটি কোটি বংসর পরে, প্রিথবী কি ঠিক এইরূপ থাকিবে? তাহা নহে।

কর্পে এই ঘোর র্পান্তর ঘটিল, এ প্রশেনর একটি উত্তর অতি বিখ্যাত। আমরা লাপ্লাসের মতের কথা বলিতেছি। লাপ্লাসের মত ক্ষুদ্র বিদ্যালয়ের ছারেরাও জানেন—সংক্ষেপে বর্ণিত করিলেই হইবে। লাপ্লাস সৌর জগতের উৎপত্তি ব্ঝাইয়ছেন। তিনি বলেন, মনে কর, আদৌ স্যা, গহ, উপগ্রহাদি নাই, কিন্তু সৌর জগতের প্রান্ত অতিক্রম করিয়া সবর্গর সমভাবে, সৌর জগতের পরমাণ্মকল ব্যাপিয়া রহিয়ছে। জড় পরমাণ্মারেরই, পরস্পরাকর্ষণ, তাপক্ষর, সঙ্কোচন প্রভৃতি যে সকল গণে আছে, ঐ জগদ্বাপী পরমাণ্যও থাকিবে। তাহার ফলে, ঐ পরমাণ্রাশি, পরমাণ্রাশির কেন্দুকে বেন্টন করিয়া ঘ্র্ণিত হইতে থাকিবে। তাং তাপক্ষতির ফলে কমে সংকৃচিত হইতে থাকিবে। সঙ্কোচনকালে, পরমাণ্যজগতের বহিঃপ্রদেশসকল মধ্যভাগ হইতে বিযুক্ত হইতে থাকিবে। বিযুক্ত ভন্নাংশ প্রবিস্থিত বেগের গ্রুণে মধ্য প্রদেশকৈ বেড়িয়া ঘ্রিতে থাকিবে। যে সকল কারণে ব্রিট্রাক্ত বিশ্বত হইবে। এইর্পে এক একটি গ্রহের উংপত্তি। এবং তাহা হইতে উপগ্রহগণেরও ঐর্পে উৎপত্তি। অবশিষ্ট মধ্যভাগ, সঙ্কোচ প্রাপ্ত হইয়া বর্তমান স্থের্য পরিণত হইয়াছে।

যদি স্বীকার করা যায় যে, আদৌ পরমাণ্ব মাত্র আকারশ্বা ইইয়া জগৎ ব্যাপিয়া ছিল—জগতে আর কিছ্ই ছিল না—তাহা হইলে ইহা সিদ্ধ হয় যে, প্রচলিত নৈসাগিক নিয়মের বলে জগৎ, স্র্যা,* চন্দ্র, গ্রহ, উপগ্রহ, ধ্মকেতু বিশিষ্ট হইবে—ঠিক এখন যের্প, সেইর্প হইবে। প্রচলিত নিয়ম ভিন্ন অন্য প্রকার ঐশিক আজ্ঞার সাপেক্ষ নহে। এই গ্রুত্ব তত্ত্ব, এই ক্ষুদ্র প্রবন্ধে ব্ব্যাইবার সম্ভাবনা নহে—এবং ইহা সাধারণ পাঠকের বোধগম্য হইতেও পারে না। আমাদের সে উন্দেশ্যও নহে। যাঁহারা বিজ্ঞানলোচনায় সক্ষম, তাঁহারা এই নৈহারিক উপপাদ্য সম্বন্ধে হবটি স্পেন্সরের বিচিত্র প্রবন্ধ পাঠ করিবেন। দেখিবেন যে, স্পেন্সর কেবল আকারশ্বন্য পরমাণ্বসমন্থির অন্তিম্ব মাত্র প্রভিদ্ধা করিয়া, তাহা হইতে জাগতিক ব্যাপারের সম্মুদায়ই সিদ্ধ করিয়াছেন। স্পেন্সরের কথা প্রামাণিক না হইলে হইতে পারে, কিন্তু বৃদ্ধির কোশল আশ্চর্য।

এইর্পে যে, বিশ্ব সৃষ্টি হইরাছে, এমত কোন নৈস্গিক প্রমাণ নাই। অন্য কোন প্রকারে যে সৃষ্টি হয় নাই, তাহারও কোন নৈস্গিক প্রমাণ নাই। তবে লাপ্লাসের মতে প্রমাণবির্দ্ধও কিছ্ন নাই।† অসম্ভব কিছ্ন নাই। এ মত সম্ভব, সঙ্গত—অতএব ইহা প্রমাণের অতীত হইলেও গ্রাহ্য।

ব ২─১০ ১৪৫

^{*} গতিশ্না নক্ষর মাত্রেই সূর্য্য। জগতে কোটি কোটি সূর্য্য।

[†] কোমং, মিল, স্পেণ্সর প্রভৃতি এই মত অনুমোদন করেন। সর্জন হশেলি বলেন, এ মত প্রমাণবির্দ্ধ।

এই মত প্রকৃত হইলে, স্বীকার করিতে হয় যে, আদৌ প্থিবী ছিল না। স্থাঙ্গ হইতে প্রিবী বিক্ষিপ্ত হইয়াছে। প্রিবী যখন বিক্ষিপ্ত হয়, তখন ইহা বাষ্পরাশি মাত্র-নহিলে বিক্ষিপ্ত হইবে না। অতএব প্রথিবীর প্রথমাবস্থা, উত্তপ্ত বাষ্পীয় গোলক।

একটি উত্তপ্ত বাম্পীয় গোলক—আকাশ-পথে বহু কাল বিচরণ করিলে কি হইবে? প্রথমে তাহার তাপহানি হইবে। যেখানে তাপের আধার মাত্র নাই—সেখানে তাপ-লেশ নাই: তাহা অচিন্তনীয় শৈত্যবিশিষ্ট। আকাশে তাপাধার কিছু, নাই—অতএব আকাশমার্গ অচিন্তনীয় শৈত্যবিশিষ্ট। এই শৈত্যবিশিষ্ট আকাশে বিচরণ করিতে করিতে তপ্ত বাষ্পীয় গোলকের অবশ্য তাপক্ষয় হইবে। তাপক্ষয় হইলে কি হইবে?

জলের উত্তপ্ত বাষ্প সকলেই দেখিয়াছেন। সকলেই দেখিয়াছেন যে, ঐ বাষ্প শতিল হইলে জল হয়। আরও শীতল হইলে, জল বরফ হয়। সকল পদার্থের এই নিয়ম। যাহা উত্তপ্ত অবস্থায় বাষ্পকৃত, তাপক্ষয়ে তাহা গাঢ়তা এবং কঠিনত্ব প্রাপ্ত হয়। অতএব বাষ্পীয় গোলকাকৃতি প্রথিবীর তাপক্ষয় হইলে, কালে তাহা এক্ষণকার গাঢ়তা এবং কঠিনাবস্থা প্রাপ্ত হইবে।

প্রিবী কঠিনত্ব প্রাপ্ত হইয়াও কিছুকাল অগ্নিতপ্ত ছিল, বিবেচনা হয়। অপেকাকৃত শীতলতা ঘটিলেই কঠিনতা জন্মিবে, কিন্তু কঠিনতা জন্মিলেই তাহার সঙ্গে জীবাবাসযোগ্য শীতলতা ছিল বিবেচনা করা যায় না। সেওঁ কালে ঘটিয়াছিল। তাপক্ষতি হেত যে শীতলতা, তাহা উপরিভাগেরই প্রথমে ঘটে, উপরিভাগ শীতল হইলেও, ভিতর তপ্ত থাকে। প্রথিবীর অভ্যন্তরে অদ্যাপি বিষম তাপ আছে। ভূতত্ত্বিদেরা ইহা প্রনঃ প্রনঃ প্রমাণীকৃত করিয়াছেন।

সেই উত্তপ্ত আদিমাবস্থায়, পূথিবীতলে কোন জীব বা উদ্ভিদের বাসের সম্ভাবনা ছিল না। উত্তপ্ত বাষ্পীয় গোলক জীবাবাসোপযোগী শীতলতা এবং কঠিনতা প্রাপ্ত হইতে লক্ষ লক্ষ যুগ অতিবাহিত হইয়াছিল, সন্দেহ নাই—কেন না, আমাদের দুংধের বাটি জুড়াইতে যে কালবিলন্ব হয়, তাহাতেই আমাদের ধৈর্যাচ্যতি জন্মে। অতএব প্রথিবীর উৎপত্তির লক্ষ লক্ষ যুগ পরেও জীব বা উদ্ভিদের সাণ্টি হয় নাই।

যাঁহারা ভতত্তের কিছুমাত্র জানেন, তাঁহারাও অবগত আছেন যে, প্রথিবীর উপরে নানাবিধ ম,ত্তিকা এবং প্রস্তর স্তরে সমিবেশিত আছে। এইরপে স্তরসমিবেশ কিয়ন্দরে মাত্র পাওয়া যায়, তাহার পরে যে সকল প্রস্তর পাওয়া যায়, তাহা স্তরত্বশূন্য।

নীচে স্তরত্বশূন্য প্রস্তর, তদ্পরি স্তরে স্তরে নানাবিধ প্রস্তর, গৈরিক বা ম্তিকা। এই সকল স্তর্মনবদ্ধ প্রস্তর, গৈরিক বা মাত্তিকাভান্তরে এমত অনেক প্রমাণ পাওয়া যায় যে, তাহা এক কালে সম্দ্রতলে ছিল। এমন কি, অনেকগর্লি শুর কেবল ক্ষুদ্র ক্ষুদ্র সম্দ্রচর জীবের শরীরের সমষ্টি মাত্র। চার্যান্ড নামে যে গৈরিক বা প্রস্তুর প্রচলিত, তাহা ইউরোপখন্টের অধিকাংশের এবং আশিয়ার কিয়দংশের নিন্দে শুর্রনিবদ্ধ আছে। এক্ষণে বর্তমান অনেকগর্নাল পর্বত কেবল চার্থাড়। এই চার্থাড় কেবল এক প্রকার ক্ষ্রুদ্র ক্ষ্রুদ্র সমুদ্রতলচর জীবের (Globigerinæ) মত দেহের সমৃতি মাত।

অতএব এই সকল গৈরিকন্তর এক কালে সম্দ্রতলস্থ ছিল। ভূভাগের কোন স্থান কখন সমাদ্রতলম্খ হইতেছে: আবার কাল সহকারে সমাদ্র সে স্থান হইতে সরিয়া যাইতেছে, সমাদ্রতল শুক্রক ভূমিখণ্ড হইতেছে। ভূগবর্ভান্থ রুদ্ধবায়, বা অন্য কারণে কোথাও ভূমি কাল সহকারে উন্নত, কাল সহকারে অবনত ইইতেছে। যেখানে ভূমি উন্নত হইল, সেখান হইতে সমূদ্র সরিয়া গেল, যেখানে অবনত হইল, তাহার উপরে সাগরজলরাশি আসিয়া পড়িল। তাহার উপরে সমাদ্রবাহিত মাত্রিকা, জীবদেহাদি পতিত হইয়া একটি নতেন স্তর সাজি হইল। মনে কর আবার কালে সমৃদু সরিয়া গেল—সমুদ্রের তল শৃংক ভূমি হইল—তাহার উপর বৃক্ষাদি জন্মিয়া— জীবসকল জন্মগ্রহণ করিয়া বিচরণ করিল। আবার যদি কখন উহা সমনুদ্রগর্ভস্থ হয়, তবে তদুপরি নতন শুর সংস্থাপিত হইবে, এবং তথায় যে সকল জীব বিচরণ করিত, তাহাদিতার দেহাবশেষ সেই শুরে প্রোথিত হইবে। জীবের অস্থি ধ্বংসপ্রাপ্ত হয় না-কিন্তু অতি দীর্ঘকাল প্রোথিত থাকিলে একরূপ প্রস্তরত্ব প্রাপ্ত হয়। এইরূপ অস্থ্যাদিকে "ফসিল" বলা যায়। পাতরিয়া क्यमा, क्रीमम कार्छ।

যে কর্মটি কথা উপরে বলিলাম, তাহাতে বুঝা যাইতেছে যে— ১। সন্ধানন্দে শুর্থশন্য প্রশুর। তদ্পরি অন্যান্য গৈরিকাদি শুরে শুরে সমিবিষ্ট। ২। স্তরপরম্পরা সাময়িক সম্বন্ধবিশিষ্ট। যে স্তর্রাট নিম্নে, সেটি আগে, যেটি তাহার উপরে, সেটি তাহার পরে হইয়াছে।

৩। যে স্তরে যে জীবের ফসিল অন্থি পাওয়া যায়, সেই স্তর যখন শৃত্রুক ভূমি বা জলতল ছিল, তখন সেই জীব বর্ত্তমান ছিল। যদি কোন স্তরে কোন জীববিশেষের ফসিল একবারে পাওয়া না যায়, তবে সেই স্তর স্ঞানকালে সেই জীব ছিল না।

৪। যদি কোন শুরে ক নামক জীবের ফাসল পাওয়া যায়, খ নামক জীবের ফাসল পাওয়া যায় না; তাহার উপরিস্থ কোন শুরে যদি ঐ খ নামক জীবের ফাসল পাওয়া যায়, তবে সিদ্ধ হইতেছে, খ নামক জন্তু ক নামক জন্তুর পরে সূষ্ট।

সর্ক্রনিশ্নস্থ শুরত্বপূন্য প্রশুরে কোন ফ্রিল ছিল না। অত্তব সিদ্ধ হইতেছে যে, প্থিবীর

প্রথম ভূমিতে কোন জীব বিচরণ করে নাই। তখন পূথিবী জীবশুনা ছিল।

যখন প্রথম শুরমধ্যে জীবদেহের ফসিল দেখা যায়, তখন মন্বাের অবস্থানের কোন চিহ্ন পাওয়া যায় না। মন্বা দ্রে থাকুক, বৃহৎ বা ক্ষ্র চতুষ্পদ জন্তুর ফসিল পাওয়া যায় না। মৎস্য বা সরীস্পের কোন চিহ্ন পাওয়া যায় না। যে সকল ক্ষ্র কীটাদিবৎ জীবের দেহাবশেষ পাওয়া যায়, ত৽মধ্যে শশ্ব্কই সর্বোংকৃষ্ট। অতএব আদিম জীবলােকে শশ্ব্কেরা প্রভুছিল।

তৎপরে মৎস্য দেখা দিল। ক্রমে উপরে উঠিতে সরীসৃপ জাতীয়ের সাক্ষাৎ পাওয়া যায়। প্র্বিকালীয় সরীসৃপ অতি ভয়৽কর, তাদৃশ বিচিত্র, বৃহৎ এবং ভয়৽কর সরীসৃপ এক্ষণে প্রিবীতে নাই। সরীসৃপের রাজ্যের পরে, স্তন্যপায়ী জীবের দেখা পাওয়া যায়। ক্রমে নানাবিধ হস্তী, ঋক্ষ, গণ্ডার, সিংহ, হরিণ জাতীয় প্রভৃতি দেখা যায়, তথাপি মন্ম্য দেখা যায় না। মন্মারের চিহ্ন কেবল সন্বোদ্ধর্ব স্তরে, অর্থাৎ আধ্বনিক ম্ভিকায়। তায়ন্দ্র অর্থাৎ দ্বিতীয় স্তরেও কর্দাচিৎ মন্মার চিহ্ন পাওয়া যায়। অতএব মন্মারের সৃষ্টি সর্বশেষে; মন্মার স্বাপেক্ষা আধ্বনিক জীব।*

"আধ্নিক" শব্দে এ ন্থলে কি ব্ঝায়, তাহা বিবেচনা করিয়া দেখা উচিত। যে সকল স্তরের কথা বলিলাম, সেগন্লির সমবায়, প্থিবীর দ্বকের স্বর্প। একটি স্তরের উৎপত্তি ও সমাপ্তিতে কত লক্ষ বংসর, কত কোটি বংসর লাগিয়াছে, তাহা কে বলিবে? তাহা গণনা করিবার উপায় নাই। তবে কেবল ইহাই বলা যাইতে পারে যে, সে কাল অপরিমিত—ব্যক্ষির ধারণার অতীত। সর্ব্বোদ্ধ স্তরেই মন্যা-চিহ্ন, এই কথা বলিলে, এমত ব্ঝায় না যে, বহ্ন সহস্র বংসর মন্যা প্থিবীবাসী নহে। তবে প্থিবীর বয়াক্রমের সঙ্গে তুলনা করিলে বোধ হয়, মন্যোর উৎপত্তি এই মুহুর্ত্তে হইয়াছে। এই জন্য মন্যাকে আধ্নিক জীব বলা যাইতেছে।

মিসরদেশের রাজাবলীর যে সকল তালিকা প্রচালত আছে, তাহাতে যদি বিশ্বাস করা যায়, তবে মিসরদেশে দশ সহদ্র বৎসরাবধি রাজশাসন প্রচালত আছে। হোমর, খ্রীন্টের নয় শত বৎসর প্রের্ব প্থিবীবিদিত মহাকাব্যন্থয় রচনা করেন; ইহা সর্ব্বাদিসম্মত। হোমরের গ্রন্থে মিসরের রাজধানী শতদ্বার্রবিশিষ্টা থিব্স নগরীর মহিমা কীন্তিত হইয়ছে। মন্মাজাতি সভ্যাবস্থায় একবার উন্নতির পথে পদাপ্র্ল করিলে, উন্নতি শীঘ্র শীঘ্র লাভ করিয়া থাকে বটে কিন্তু অসভ্যাদিগের স্বতঃসম্পন্ন যে উন্নতি, তাহা অচিস্তনীয় কাল বিলম্বে ঘটিয়া থাকে। ভারতীয় বন্য জাতিগণ চারি সহস্র বৎসর সভ্য জাতির প্রতিবেশী হইয়াও বিশেষ কিছু উন্নতি লাভ করিতে পারে নাই। অতএব সহজে ব্রিবতে পারা যায় যে, মিসরদেশে সভ্যতা স্বতঃ জন্মিয়া, যে কালে শতদ্বারিশিষ্টা নগরী সংস্থাপনে সক্ষম হইয়াছিল, তাহার পরিমাণ বহু সহস্র বৎসর। মিসরতভুজ্ঞেরা বলিয়া থাকেন যে, মেম্ফিজ প্রভৃতি নগরী থিব্স্ ইইতে প্রচীনা। এই সকল নগরীতে যে দেবালয়াদি অদ্যাপি বর্ত্তমান আছে, তাহাতে যুক্কজয়াদির উৎসবের প্রতিকৃতি আছে। সর্জ্বর্জ কর্ণওয়াল লুইস বলেন, ঐতিহাসিক সময়ে মিসরদেশীয়দিগকে কথন যুক্বপরায়ণ দেখা যায় না। অথচ কোন কালে তাহারা যুক্বপরায়ণ না থাকিলে, তাহার্ম্বত মান্দর্রাদিতে যুক্কজয়াংপবের প্রতিকৃতি থাকিবার সন্তাবনা ছিল না। অতএব বিবেচনা করিতে হইবে যে, ঐতিহাসিক কালের প্রের্বিই মিসরদেশীয়েরা এত দুর উন্নতি লাভ করিয়াছিল যে, প্রকাশত

^{*} এ কথার এমত ব্ঝার না ষে, মন্যোর পর কোন জ্বীবের উৎপত্তি হয় নাই। বোধ হয় বিড়াল মন্যোর কনিষ্ঠ।

ब्रुघनावली

মন্দিরাদি নিশ্মণি করিয়া জাতীয় কীন্তি সকল তাহাতে চিত্রিত করিত। অসভ্য জাতি কেবল আপন প্রতিভাকে সহায় করিয়া যে এত দ্বে উত্রতি লাভ করে, ইহা অনেক সহস্র বংসরের কাজ। তাহার পর ঐতিহাসিক কাল অনেক সহস্র বংসর। অতএব বহু সহস্র বংসর হইতে মিসরদেশে মন্যাজাতি সমাজবদ্ধ হইয়া বাস করিতেছে। সে দশ সহস্র বংসর, কি ততােধিক, কি তাহার কিছু নাুন, তাহা বলা যায় না।

মিসর্দেশ নীলনদী-নিম্মিত। বংসর বংসর নীলনদীর জলে আনীত কর্ম্পর্মাণতে এই দেশ গঠিত হইয়াছে। থিব্স্, মেম্ফিজ প্রভৃতি নগরী নীলনদীর পালর উপর স্থাপিত হইয়াছিল। এই নদী-কর্দ্ম-নিম্মিত প্রদেশ ১৮৫১ ও ১৮৫৪ সালে রাজবায়ে স্ব্যোগ্য তত্ত্বাবায়কের তত্ত্বাবায়ার নিখাত হইয়াছিল। নানা স্থানে খনন করা যায়। যেখানে খনন করা হইয়া গিয়াছিল, সেইখান হইতেই ভগ্ন মৃৎপাত্র, ইন্টকাদি উঠিয়াছিল। এমন কি, ষাঠ ফিট নীচে হইতে ইন্টক উঠিয়াছিল। সকল স্থানে এইর্প ইন্টকাদি পাওয়া গিয়াছিল, অতএব ঐ সকল ইন্টক প্রত্তন ক্পাদিনিহিত বলিয়া বিবেচনা করা যায় না। এই সকল খনন-কার্য্য হেকেকিয়ান বে নামক একজন স্বাশিক্ষত আরমাণিজাতীয় কর্মাচারীর তত্ত্বাবায়ায়ায় হইয়াছিল। লিনান্টবে নামক অপর একজন ক্মাচারী ৭২ ফিট নিন্দে ইন্টক প্রাপ্ত হইয়াছিলে।

মস্র গিরার্ড অন্মান করেন যে, নীলের কর্দ্ম, শত বংসরে পাঁচ ইণ্ডি মাত্র নিক্ষিপ্ত হয়। যদি শত বংসরে পাঁচ ইণ্ডিও ধরিয়া লওয়া যায়, তাহা হইলে হেকেকিয়ান ৬০ ফিট নীচে যে ইট পাইয়াছিলেন, তাহার বয়য়দ্রম অন্যান দ্বাদশ সহস্র বংসর। মস্ব রজীর হিসাব করিয়া বিলয়ছেন যে, নীলের কাদা শত বংসরে ২০ ইণ্ডি মাত্র জমে। যদি এ কথা সত্য হয়, তবে নিনাণ্টবের ইন্টকের বয়স তিশ হাজার বংসর।

অতএব যদি কেহ বলেন যে, ত্রিশ হাজার বংসরেরও অধিক কাল মিসরে মন্যোর বাস, তবে তাঁহার কথা নিতান্ত প্রমাণশূন্য বলা যায় না।

মিসরে যেখানে, যত দ্রে খনন করা গিয়াছে, সেইখানেই প্রথিবীস্থ বর্ত্তমান জন্তুর অস্থ্যাদি ভিন্ন লাপ্ত জাতির অস্থ্যাদি কোথাও পাওয়া যায় নাই। অতএব যে সকল স্তরমধ্যে লাপ্ত জাতির অস্থ্যাদি পাওয়া যায়, তদপেক্ষা এই নীল-কন্দমন্তর অত্যন্ত আধ্রনিক। আর যদি সেই সকল লাপ্ত জন্তুর দেহাবশেষবিশিষ্ট স্তরমধ্যে মন্ব্যের তংসহ সমসাময়িকতার চিহ্ন পাওয়া যায়, তবে কত সহস্র বংসর প্থিবীতল মন্ব্যের আবাসভূমি, কে তাহার পরিমাণ করিবে?

এরপ সমসাময়িকতার চিহ্ন ফ্রান্স ও বেল্জামে পাওয়া গিয়াছে।

জৈবনিক

ক্ষিতি, অপ্, তেজঃ, মর্থ এবং আকাশ, বহ্নকাল হইতে ভারতবর্ষে ভৌতিক সিংহাসন অধিকার করিয়াছিলেন। তাঁহারাই পশগভূত—আর কেহ ভূত নহে। এক্ষণে ইউরোপ হইতে ন্তন বিজ্ঞান-শাস্ত্র আসিয়া তাঁহাদিগকে সিংহাসন-চ্যুত করিয়াছেন। ভূত বিলয়া আর কেহ তাঁহাদিগকে বড় মানে না। ন্তন বিজ্ঞান-শাস্ত্র বলেন, আমি বিলাত হইতে ন্তন ভূত আনিয়াছি, তোমরা আবার কে? যদি ক্ষিত্যাদি জড়সড় হইয়া বলেন যে, আমরা প্রাচীন ভূত, কণাদকপিলাদির দ্বারা ভৌতিক রাজ্যে অভিষিক্ত হইয়া প্রতি জীব-শারীরে বাস করিতেছি, বিলাতী বিজ্ঞান বলেন, তোমরা আদৌ ভূত নও। আমার ''Elementary Substances'' দেখ—তাহারাই ভূত; তাহার মধ্যে তোমরা কই! তুমি, আকাশ, তুমি কেহই নও—সম্বন্ধবাচক শব্দ মাত্র। তুমি, তেজঃ, তুমি কেবল একটি ক্রিয়া,—গতিবিশেষ মাত্র। আর, ক্ষিতি, অপ্, মর্থ, তোমরা এক একজন দুই তিন বা ততোধিক ভূতে নিম্মিত। তোমরা আবার কিসের ভূত?

যদি ভারতবর্ষ এমন সহজে ভূতছাড়া হইত, তবে ক্ষতি ছিল না। কিন্তু এখনও অনৈকে পঞ্চ ভূতের প্রতি ভক্তিবিশিষ্ট। বাস্ত্রবিক ভূত ছাড়াইলে একটা বিপদ্প্রস্ত হইতে হয়। ভূতবাদীরা বিলবেন যে, যদি ক্ষিত্যাদি ভূত নহে, তবে আমাদিগের এ শরীর কোথা হইতে? কিসে নিম্মিত হইল? ন্তন বিজ্ঞান বলেন যে, "তোমাদের প্রাণ কথায় একেবারে অপ্রদ্ধা প্রকাশ করিয়া এ প্রশেনর উত্তর দিতে চাহি না। জীব-শরীরের একটি প্রধান ভাগ যে জল, ইহা অবশ্য দ্বীকার করিব। আর মর্তুতের সঙ্গে শরীরের একটি বিশেষ সম্বদ্ধ আছে,—এমন কি, শরীরের

বায়,কোষে বায়, না গেলে প্রাণের ধরংস হয়, ইহাও স্বীকার করি। তেজঃ সন্বন্ধে ইহা স্বীকার করিতে তোমাদের বৈশেষিকেরা যে জঠরাগি কল্পনা করিয়াছেন, তাহার অস্তিম্ব আমার লিবিকা অতি স্কোশলে প্রতিপন্ন করিয়াছেন। আর যদি সন্তাপকেই তেজঃ বল, তবে মানি য়ে, ইহা জীবদেহে অহরহঃ বিরাজ করে, ইহার লাঘব হইলে প্রাণের ধরংস হয়। সোডা পোতাস প্রভৃতি প্রথিবী বটে, তাহা অত্যলপ পরিমাণে শরীরমধ্যে আছে। আর আকাশ ছাড়া কিছ্ই নাই; কেন না, আকাশ সন্বন্ধজ্ঞাপক মাত্র। অতএব শরীরে পণ্য ভূতের অস্তিম্ব এ প্রকারে স্বীকার করিলাম। কিন্তু আমার প্রধান আপত্তি তিনটি। প্রথম, শরীরের সারাংশ এ সকলে নিম্মিত নহে; এ সকল ভিন্ন অন্য অনেক প্রকার উপকরণ আছে। দ্বিতীয়, ইহাদের ভূত বল কেন? ভূতীয়, ইহার সঙ্গে প্রাণাপানাদি বায়, প্রভৃতি যে কতকগর্মাল কথা বল, বোধ হয়, হিন্দ্র রাজাদিগের আমলে আবকারির আইন প্রচলিত থাকিলে, সে কথাগ্যলির প্রচার হইত না।"

"দেশ, এই তোমার সম্মুখে ইণ্টক-নিম্মিত মন্ষোর বাসগৃহ। ইহা ইণ্টক-নিম্মিত, সন্তরাং ইহাতে পৃথিবী আছে। গৃহস্থ ইহাতে পানাদির জন্য কলসী কলসী জল সংগ্রহ করিয়া রাখিয়াছে। পাকার্থ এবং আলোকের জন্য অগ্নি জনালিয়াছে, সন্তরাং তেজঃও বর্ত্তমান। আকাশ, গৃহমধ্যে সর্ম্বর্ত্তই বর্ত্তমান। সম্বর্ত্ত বায়নু যাতায়াত করিতেছে। সন্তরাং এ গৃহুও পঞ্চভূত-নিম্মিত? তুমি যেমন বল, মন্মের এ স্থানে প্রাণ বায়ন্ন, ও স্থানে অপান বায়ন্ন ইত্যাদি, আমিও তেমনি বলিতেছি, এই দ্বার-পথে যে বায়ন্ন বহিতেছে, তাহা প্রাণ বায়ন্ন ও বাতায়ন-পথে যাহা বহিতেছে, তাহা অপান বায়ন্ন ইত্যাদি। তোমারও নিদ্দেশ যেমন অমূলক ও প্রমাণশন্না আমার নিদ্দেশও তেমনি প্রমাণশন্না। তুমি জীব-শরীর সম্বন্ধে যাহা বলিবে, আমি এই অট্টালিকা সম্বন্ধে তাহাই বলিব। তুমি যদি আমার কথা অপ্রমাণ করিতে যাও, তোমার স্বপক্ষের কথাও অপ্রমাণ হইয়া পড়িবে। তবে কি তুমি আমার এই অট্টালিকাটি জীব বলিয়া স্বীকার করিবে?"

প্রাচীন দর্শনশাস্ত্রে এবং আধুনিক বিজ্ঞানে এই প্রকার বিবাদ। ভারতবর্ষবাসীরা মধ্যন্ত্র। মধ্যন্ত্রো তিন শ্রেণীভূক্ত। এক শ্রেণীর মধ্যন্ত্রেরা বলেন যে, "প্রাচীন দর্শন, আমাদের দেশীর। যাহা আমাদের দেশীর, তাহাই ভাল, তাহাই মান্য এবং যথার্থ। আধুনিক বিজ্ঞান বিদেশী, যাহারা খ্রীষ্টান হইয়াছে, সন্ধ্যা আহ্নিক করে না, উহারাই তাহাকে মানে। আমাদের দর্শনি সিদ্ধ শ্বি-প্রণীত, তাঁহাদিগের মন্য্যাতীত জ্ঞান ছিল, দিব্য চক্ষে সকল দেখিতে পাইতেন; কেন না, তাঁহারা প্রাচীন এবং এদেশীয়। আধুনিক বিজ্ঞান যাঁহাদিগের প্রণীত, তাঁহারা সামান্য মন্ত্র। স্বুতরাং প্রাচীন মতই মানিব।"

আর এক শ্রেণীর মধ্যন্থ আছেন, তাঁহারা বলেন, "কোন্টি মানিতে হইবে, তাহা জানি না। দর্শনে কি আছে, তাহা জানি না, বিজ্ঞানে কি আছে তাহাও জানি না। কালেজে তোতা পাখীর মত কিছু বিজ্ঞান শিখিয়াছিলাম বটে, কিন্তু যদি জিজ্ঞাসা কর, কেন সে সব মানি, তবে আমার কোন উত্তর নাই। যদি দুই মানিলে চলে, তবে দুই মানি। তবে, যদি নিতান্ত পীড়াপীড়ি কর, তবে বিজ্ঞানই মানি; কেন না, তাহা না মানিলে, লোকে আজি কালি মুর্খ বলে। বিজ্ঞান মানিলে লোকে বিলবে, এ ইংরেজি জানে, সে গোরব ছাড়িতে পারি না। আর বিজ্ঞান মানিলে বিনা কন্টে হিন্দুর্য়ানির বাঁধাবাঁধি হইতে নিম্কৃতি পাওয়া যায়। সে অলপ সুর্থ নহে। সুতরাং বিজ্ঞানই মানিব।"

তৃতীর শ্রেণীর মধান্থেরা বলেন, "প্রাচীন দর্শনিশাস্ত দেশী বলিয়া তংপ্রতি আমাদিগের বিশেষ প্রীতি বা অপ্রীতি নাই। আধ্নিক বিজ্ঞান সাহেবি বলিয়া তাহাকে ভক্তি বা অভক্তি করি না। যেটি যথার্থ হইবে, তাহাই মানিব—ইহাতে কেহ খ্রীষ্টান বা কেহ মুর্থ বলে, তাহাতে ক্ষতি বোধ করি না। কোন্টি যথার্থ, কোন্টি অযথার্থ, তাহা মীমাংসা করিবে কে? আমরা আপনার ব্যক্তিমত মীমাংসা করিব;—পরের ব্যক্তিতে যাইব না। দার্শনিকেরা আমাদিগের দেশী লোক বলিয়া তাঁহাদিগকে সন্ধ্র্ত্তি মনে করিব না—ইংরেজেরা রাজা বলিয়া তাঁহাদিগকে অপ্রাস্ত মনে করি না। 'সন্ধ্রত্ত্তি বা 'সিদ্ধ' মানি না, আধ্নিক মন্য্যাপেক্ষা প্রাচীন খার্মিদেগের কোন প্রকার বিশেষ জ্ঞানের উপায় ছিল, তাহা মানি না—কেন না, ষাহা অনৈসার্গক, তাহা মানিব না। বরং ইহাই বলি যে, প্রাচীনাপেক্ষা আধ্ননিকদিগের অথিক জ্ঞানবত্তার সন্ভাবনা। কেন না, কোন বংশে বদি প্রস্থানক্রমে সকলেই কিছু কিছু সঞ্চয় করিয়া যায়, তবে প্রপিতামহ অপেক্ষা প্রপেটা

र्वाष्क्रम ब्रह्मावली

थनवान् रहेरव मान्मर नारे। তবে আপনার क्यून व्यक्तिराज এ मकन भ्रायाच्या उर्ज्य भी भारमा করিব কি প্রকারে? প্রমাণান,সারে। যিনি প্রমাণ দেখাইবেন, তাঁহার কথায় বিশ্বাস করিব। যিনি কেবল আনুমানিক কথা বলিবেন, তাহার কোন প্রমাণ দেখাইবেন না, তিনি পিতৃপিতামহ হইলেও তাঁহার কথার অশ্রদ্ধা করিব। দার্শনিকেরা কেবল অনুমানের উপর নির্ভার করিয়া বলেন, ক হইতে খ হইয়াছে, গর মধ্যে ঘ আছে ইত্যাদি। তাঁহারা তাহার কোন প্রমাণ নিন্দেশ করেন না; কোন প্রমাণের অনুসন্ধান করিয়াছেন, এমত কথা বলেন না, সন্ধান করিলেও কোন প্রমাণ পাওয়া যায় না। যদি কখন প্রমাণ নিদ্দেশি করেন, সে প্রমাণও আন,মানিক বা কাম্পনিক, তাহার আবার প্রমাণের প্রয়োজন: তাহাও পাওয়া যায় না। অতএব আজন্ম মূর্খ হইয়া থাকিতে হয়, সেও ভাল, তথাপি দর্শন মানিব না। এ দিকে বিজ্ঞান আমাদিগকে বলিতেছেন, 'আমি তোমাকে সহসা বিশ্বাস করিতে বলি না, যে সহসা বিশ্বাস করে, আমি তাহার প্রতি অনুগ্রহ করি না; সে যেন আমার কাছে আইসে না। আমি যাহা তোমার কাছে প্রমাণের দ্বারা প্রতিপন্ন করিব, তুমি তাহাই বিশ্বাস করিও, তাহার তিলাদ্ধ অধিক বিশ্বাস করিলে তুমি আমার ত্যাজ্য। আমি যে প্রমাণ দিব, তাহা প্রত্যক্ষ। একজনে সকল কান্ড প্রত্যক্ষ করিতে পারে না, এজন্য কতকগুলি তোমাকে অন্যের প্রত্যক্ষের কথা শর্মানয়া বিশ্বাস করিতে হইবে। কিন্তু যেটিতে তোমার সন্দেহ হইবে. সেইটি তুমি স্বয়ং প্রত্যক্ষ করিও। সর্ব্বদা আমার প্রতি সন্দেহ করিও। দর্শনের প্রতি সন্দেহ করিলেই, সে ভঙ্গা হইয়া যার, কিন্তু সন্দেহেই আমার পর্বিট। আমি জীব-শরীর সম্বন্ধে যাহা বলিতেছি, আমার সঙ্গে শবচ্ছেদ-গৃহে ও রাসায়নিক পরীক্ষাশালায় আইস। সকলই প্রত্যক্ষ দেখাইব।' এইরপে অভিহিত হইয়া, বিজ্ঞানের গুহে গিয়া সকলই প্রমাণ সহিত দেখিয়া আসিয়াছ। স্তরাং বিজ্ঞানেই আমাদের বিশ্বাস।"

ষাঁহারা এই সকল কথা শর্নারা কুত্হলবিশিষ্ট হইবেন, তাঁহারা বিজ্ঞান মাতার আহ্বানান্সারে তাঁহার শবচ্ছেদ-গৃহে এবং রাসার্যানক পরীক্ষাশালায় গিয়া দেখনে, পঞ্চ ভূতের কি দন্দশা হইয়াছে। জীব-শরীরের ভৌতিক তত্ত্ব সম্বন্ধে আমরা যদি দুই একটা কথা বলিয়া রাখি, তবে তাঁহাদিগের পথ একট্ব স্বুগম হইবে।

বিষয়বাহ ল্যু ভয়ে কেবল একটি তত্ত্বই আমরা সংক্ষেপে ব্ঝাইব। আমরা অনুমান করিয়া রাখিলাম যে, পাঠক জীবের শারীরিক নিশ্মাণ সম্বন্ধে অভিজ্ঞ। গঠনের কথা বলিব না—গঠনের সামগ্রীর কথা বলিব।

এক বিন্দু শোণিত লইয়া অণ্নবীক্ষণ যশ্যের দ্বারা পরীক্ষা কর। তাহাতে কতকগৃলি ক্ষুদ্র ক্ষুদ্র চক্রাকার বন্ধু দেখিবে। অধিকাংশই রক্তবর্ণ এবং সেই চক্রাণ্মসমূহের বর্ণ হেতুই শোণিতের বর্ণ রক্ত, তাহাও দেখিবে। তন্মধ্যে মধ্যে মধ্যে, আর কতকগৃলি দেখিবে, তাহা রক্তবর্ণ নহে,—বর্ণহীন, রক্ত-চক্রাণ্ম হইতে কিণ্ডিং বড়, প্রকৃত চক্রাকার নহে—আকারের কোন নিরম নাই। শরীরাভ্যন্তরে যে তাপ, পরীক্ষামাণ রক্তবিন্দু যদি সেইর্প তাপসংযুক্ত রাখা যায়, তাহা হইলে দেখা যাইবে, এই বর্ণহীন চক্রাণ্মকল সজীব পদার্থের নায় আচরণ করিবে। আপনারা যথেছা চলিয়া বেড়াইবে, আকার পরিবর্তন করিবে, কখন কোন অঙ্গ বাড়াইয়া দিবে, কখন কোন ভাগ সক্ষীণ করিয়া লইবে। এইগৃলি যে পদার্থের সমষ্টি, তাহাকে ইউরোপীয় বৈজ্ঞানিকেরা প্রোটোক্তাম্ম বা বিওক্তাম্ম বলেন। আমরা ইহাকে "ক্রেবিনক" বলিলাম। ইহাই জীব-শরীর নির্ম্মাণের একমান্ত সামগ্রী। যাহাতে ইহা আছে, তাহাই জীব; যাহাতে ইহা নাই, তাহা জীব নহে। দেখা যাউক, এই সামগ্রীটি কি।

এক্ষণকার বিদ্যালয়ের ছাত্রেরা অনেকেই দেখিয়াছেন, আচার্য্যেরা বৈদ্যাতিক ষল্বসাহায়ে জল উড়াইয়া দেন। বান্তবিক জল উড়িয়া যায় না; জল অন্তর্হিত হর বটে, কিন্তু তাহার স্থানে দ্বুইটি বায়বীর পদার্থ পাওয়া যায়—পরীক্ষক সেই দ্বুইটি পৃথক্ পৃথক্ পাত্রে ধরিরা রাখেন। সেই দ্বুইটি প্নন্ধার একত্রিত করিয়া আগনুন দিলে আবার জল হয়। অতএব দেখা যাইতেছে যে, এই দ্বুইটি পদার্থের রাসায়নিক সংযোগে জলের জন্ম। ইহার একটির নাম অন্তলান বায়; দ্বিতীয়টির নাম জলজান বায়;

ষে বায় ্ব পৃথিবী ব্যাপিয়া রহিয়াছে, ইহাতেও অম্বজান আছে। অম্বজান ভিন্ন আর একটি বায়বীয় পদার্থও তাহাতে আছে। সেটি যবক্ষারেও আছে বলিয়া তাহার নাম যবক্ষারজান ইইয়াছে। অম্বজান ও যবক্ষারজান সাধারণ বায় তে রাসায়নিক সংযোগে যুক্ত নহে। মিগ্রিত মাত্র। বাঁহারা রসায়নবিদ্যা প্রথম শিক্ষা করিতে প্রবৃত্ত হয়েন, তাঁহারা শ্বনিয়া চমংকৃত হয়েন বে, হীরক ও অঙ্গার একই বস্তু। বাস্তবিক এ কথা সত্য এবং পরীক্ষাধীন। বে দ্রব্য উভয়ের সার, তাহার নাম হইয়াছে অঙ্গারজান। কাণ্ঠ তৃণ তৈলাদি বাহা দাহ করা যায়, তাহার দাহা ভাগ এই অঙ্গারজান। অঙ্গারজানের সহিত অন্বজানের রাসায়নিক যোগা ক্রিয়াকে দাহ বলে। এই চারিটি পদার্থ সর্ব্বাদা পরস্পরে রাসায়নিক যোগা সংবৃত্ত হয়। যথা, অন্বজানে জলয়ানে জল হয়। অন্বজানে নাইট্রিক আসিড নামক প্রসিদ্ধ ঔবধ হয়। অন্বজানে অঙ্গারজানে আঙ্গারিক অন্ব (কার্বাণিক আসিড) হয়। যে বাঙ্গের কারণ সোডা ওয়াটার উছলিয়া উঠে, সে এই পদার্থ। দীপশিখা হইতে এবং মন্মা-নিশ্বাসে ইহা বাহির হইয়া থাকে। যবক্ষারজান এবং জলজানে আমোনিয়া নামক প্রসিদ্ধ তেজস্বী ঔবধ হইয়া থাকে। অঙ্গারজান ও জলজানে তারিপন তৈল প্রভৃতি অনেকগ্রলি তৈলবং এবং অন্যান্য সামগ্রী হয়। ইত্যাদি।

এই চারিটি সামগ্রী যেমন পরস্পরের সহিত রাসায়নিক যোগে যুক্ত হয়, সেইর প অন্যান্য সামগ্রীর সহিত যুক্ত হয় এবং সেই সংযোগেই এই প্রিথবী নিন্মিত। যথা, সডিয়মের সঙ্গে ও ক্লোরাইনের সঙ্গে অন্তজানের সংযোগবিশেষ লবণ; চুণের সঙ্গে অন্তজান ও অঙ্গারজানের সংযোগবিশেষে মন্মর্বাদি নানাবিধ প্রস্তর হয়; সিলিকন এবং আলন্মিনার সঙ্গে অন্তজানের সংযোগে নানাবিধ মুক্তিকা।

দ্ইটি সামগ্রীর রাসায়নিক সংযোগে যে এক ফল হয়, এমত নহে। নানা মাত্রায় নানা দ্রব্যের সংযোগে নানা দ্রব্য হইয়া থাকে।

জলযান, অন্দলজান, অঙ্গারজান এবং যবক্ষারজান, এই চারিটিই একত্রে সংযুক্ত হইয়া থাকে। সেই সংযোগের ফল জৈবনিক। জৈবনিকে এই চারিটি সামগ্রীই থাকে, আর কিছুই থাকে না, এমত নহে; অন্দলজানাদির সঙ্গে কথন কখন গন্ধক, কখন পোতাস ইত্যাদি সামগ্রী থাকে। কিন্তু যে পদার্থে এই চারিটিই নাই, তাহা জৈবনিক নহে; যাহাতে এই চারিটিই আছে, তাহাই জৈবনিক। জীবনাত্তেই এই জৈবনিকে গঠিত; জীব ভিন্ন আর কিছুতেই জৈবনিক নাই। এই ভূলে জীব শব্দে কেবল প্রাণী বৃঝাইতেছে এমত নহে। উদ্ভিদ্ও জীব; কেন না, তাহাদিগের জন্ম, বৃদ্ধি, প্রাণ্টি ও মৃত্যু আছে। অতএব উদ্ভিদের শরীরও জৈবনিকে নিন্মিত। কিন্তু সচেতন ও অচেতন জীবে এ বিষয়ে একট্ব বিশেষ প্রভেদ আছে।

জৈবনিক জীব-শর্নীরমধ্যেই পাওয়া যায়, অন্যা পাওয়া যায় না। জীব-শর্নীরে কোথা হইতে জৈবনিক আইসে? জৈবনিক জীব-শরীরে প্রস্তুত হইয়া থাকে। উদ্ভিদ্ জীব, ভূমি এবং বায়্ হইতে অন্সজানাদি গ্রহণ করিয়া আপন শরীরমধ্যে তৎসম্দায়ের রাসায়নিক সংযোগ সম্পাদন করিয়া জৈবনিক প্রস্তুত করে; সেই জৈবনিক আপন শরীর নির্ম্মাণ করে। কিন্তু নিন্দ্র্যাণ করিয়া জৈবনিক পদার্থ প্রস্তুত করার যে শক্তি, তাহা উদ্ভিদ্দেরই আছে। সচেতন জীবের এই শক্তি নাই; ইহারা স্বয়ং জৈবনিক প্রস্তুত করিয়ে পারে না; উদ্ভিদ্দের ভাজন করিয়া প্রস্তুত জৈবনিক সংগ্রহপ্র্তুক শরীর পোষণ করে। কোন সচেতন জীব মৃত্তিকা খাইয়া প্রাণ ধারণ করিতে পারে না, কিন্তু তুণ ধান্য প্রভৃতি সেই মৃত্তিকার রস পান করিয়া জীবন ধারণ করিতেছে; কেন না, উহারা তাহা হইতে জৈবনিক প্রস্তুত করে; বৃষ মৃত্তিকা খাইবে না, কিন্তু সেই তুণ ধান্যাদি খাইয়া তাহা হইতে জৈবনিক গ্রহণ করিবে, ব্যাঘ্র আবার সেই বৃষকে খাইয়া জেবনিক সংগ্রহ করিবে। যাঁহারা এদেশের জমীদারগণের দ্বেষক, তাঁহারা বলিতে পারেন যে, উদ্ভিদ্ জীবেরা এ জগতে চাষা, তাহারা উৎপাদন করে; অপরেরা জমীদার, তাহারা চাষার উপান্ধ্রন না কাড়িয়া খায়, আপনারা কিছু করে না।

এখন দেখ, এক জৈবনিক সন্ধ্ৰাব নিম্মিত। যে ধান ছড়াইয়া তুমি পাখীকে খাওয়াইতেছ, সে ধান যে সামগ্ৰী, পাখীও সেই সামগ্ৰী, তুমিও সেই সামগ্ৰী। যে কুস্মুম দ্বাগ মাত্ৰ লইয়া, লোকমোহিনী স্পানী ফেলিয়া দিতেছেন, স্পানীও ষাহা, কুস্মুমও তাই। কীটও যাহা, সমাট্ও তাই। যে হংসপ্ছেলেখনীতে আমি লিখিতেছি, সেও যাহা, আমিও তাই। সকলই জৈবনিক। প্রভেদও গ্রুব্তর। জয়প্রী শ্বেড প্রস্তরে তোমার জলপান-পাত্র বা ভোজন-পাত্র নিম্মিত ইইয়াছে; সেই প্রস্তরে তাজমহল এবং জ্বা মসজিদও নিম্মিত ইইয়াছে। উভয়ে প্রভেদ নাই কেবলিবে? গোষ্পদেও জল, সম্বেত্রও জল, গোষ্পদে সমুদ্রে প্রভেদ নাই কেবলিবে?

কিন্তু স্থ্ল কথা বলিতে বাকি আছে। জৈবনিক ভিন্ন জীবন নাই, যেখানে জীবন, সেইখানে

र्वाष्क्रम ब्रह्मावली

জৈবনিক তাহার পূর্ব্বেগামী। "অন্যথা সিদ্ধিশ্নাস্য নিয়তা পূর্ব্ববিত্তিতা কারণত্বং" এ কথা যদি সতা হয়, তবে জৈবনিকই জীবনের কারণ। জৈবনিক ভিন্ন জীবন কুরাপি সিদ্ধ নহে এবং জৈবনিক জীবনের নিয়ত পূর্ববিত্তী বটে। অতএব আমাদের এই চণ্ডল, সূত্রখনুঃখবহুল, বহু ব্লেহাম্পদ জীবন, কেবল জৈবনিকের ক্রিয়া, রাসায়নিক সংযোগসমবেত জড় পদার্থের ফল। নিউটনের বিজ্ঞান, কালিদাসের কবিতা, হান্বোল্ট্ বা শঙ্করাচার্ব্যের পাণ্ডিত্য—সকলই জড পদার্থের ক্রিয়া; শাক্যসিংহের ধন্মজ্ঞান, আকবরের শৌর্য্য, কোমতের দুর্শুনবিদ্যা সকলই জডের গতি। তোমার বনিতার প্রেম, বালকের অমৃত ভাষা, পিতার সদ্পদেশ—সকলই জড় পদার্থের আকৃত্তন সম্প্রসারণ মাত্র—জৈবনিক ভিন্ন ভিতরে আর ঐন্তর্জালিক কেহ নাই। যে যুগের জন্য ত্মি প্রাণপাত করিতেহ, সে এই জৈবনিকের ক্রিয়া—যেমন সম্বুদ্রগঙ্জান এক প্রকার জড়-পদার্থকৃত কোলাহল, যশ তেমনি জড়পদার্থকৃত অন্য প্রকার কোলাহল মাত্র। এই সর্ব্বকর্ত্তা জৈবনিক অম্বজান, জলজান, অঙ্গারজান এবং যবক্ষারজানের রাসায়নিক সর্মাণ্ট। অতএব এই চারিটি ভৌতিক পদার্থই ইচ্ছাময়ের ইচ্ছায় সর্ব্বকর্তা। ইহারা প্রকৃত ভূত, এবং এই ভূতের কাণ্ডসকল আশ্চর্য্য বটে। পাঠক দেখিবেন যে, আমাদিগের পর্ন্ত্র্পরিচিত পণ্ড ভূত হইতে এই আধ্বনিক ভতগণের যে প্রভেদ, তাহা কেবল প্রমাণগত। নচেং উভয়েরই ফল প্রকৃতিবাদ (Materialism), সাং:খার প্রকৃতিবাদ হইতে আধ্নিক প্রকৃতিবাদের প্রভেদ, প্রধানতঃ প্রমাণগত। তবে আধ্রনিক বলেন, ক্ষিত্যাদি ভূত নহে. আমাদিগের পরিচিত এই ভূতগ্রনিই ভূত। যেই ভূত হউক, তাহাতে আমাদের বিশেষ ক্ষতি নাই.—কেন না, মনুষাজাতি ভূত ছাড়া হইল না। নাই ইউক—স্মরণ রাখিলেই হইল, ভূতের উপর সর্বভিত্ময় এক জন আছেন। তাঁহা হইতে ভূতের এ খেলা।

পরিমাণ-রহস্য

আমাদের সকল ইন্দ্রিয়ের অপেক্ষা চক্ষার উপর বিশ্বাস অধিক। কিছুতে যাহা বিশ্বাস না করি, চক্ষে দেখিলেই তাহাতে বিশ্বাস হয়। অথচ চক্ষের ন্যায় প্রবণ্ডক কেহ নহে। যে স্থেরির পরিমাণ লক্ষ্ণ লক্ষ্ণ যোজনে হয় না, তাহাকে একখানি স্বর্ণথালির মত দেখি। প্রকাণ্ড বিশ্বকে একটি ক্ষান্ত নক্ষ্ণ দেখি। যে চন্দ্রের দ্রতা স্থেরির দ্রতার চারি শত ভাগের এক ভাগও নহে, তাহা স্থেরির সমদ্রবত্তী দেখায়। যে পরমাণ্তে এই জগৎ নিন্দ্র্যত, তাহার একটিও দেখিতে পাই না। আণ্বীক্ষণিক জীব জৈবনিকাদি কিছুই দেখিতে পাই না। এই অবিশ্বাস-যোগ্য চক্ষাকেই আমাদের বিশ্বাস।

দশনৈন্দ্রিয়ের এইর্প শক্তিহীনতার গতিকে আমরা জগতের পরিমাণবৈচিত্র কিছ্ই ব্রিকতে পারি না। জ্যোতিকাদি অতি বৃহৎ পদার্থকৈ ক্ষুদ্র দেখি, এবং অতি ক্ষুদ্র পদার্থসকলকে একেবারে দেখিতে পাই না। ভাগ্যক্রমে, মন বাহ্যোন্দ্রয়াপেক্ষা দ্রদর্শী; অদর্শনীয়ও বিজ্ঞান দ্বারা মিত হইয়াছে। সে পরিমাণ অতি বিস্ময়কর। দুই একটা উদাহরণ দিতেছি।

সকলে জানেন যে, প্থিবীর ব্যাস ৭০৯১ মাইল। যাদ প্থিবীকে এক মাইল দীর্ঘ, এক মাইল প্রস্থা, এমত খণ্ডে ভাগ করা যায়, তাহা হইলে উনিশ কোটি ছয়র্ষটি লক্ষ ছাম্বিশ হাজার এইর্প কর্মাইল পাওয়া যায়। এক মাইল দীর্ঘে, এক মাইল প্রস্থা, এবং এক মাইল উদ্ধের্ব এর্প, ২৫৯.৮০০,০০০,০০০ ঘন মাইল পাওয়া যায়। ওজনে প্রিথবী যত টন হইয়াছে, তাহা অঞ্চের দ্বারা লিখিলাম—৬,০৬৯,০০০,০০০,০০০,০০০,০০০,০০০,০০০। এক টন সাতাইশ মশের অধিক।*

এই আকার কি ভয়ানক, তাহা মনে কল্পনা করা যায় না। সমগ্র হিমালয় পর্স্বত ইহার নিকট বাল্কাকণার অপেক্ষাও ক্ষ্র। কিন্তু এই প্রকাণ্ড পাথিবী স্যেগ্র আকারের সহিত তুলনায় বাল্কামান্ত। চন্দ্র একটি প্রকাণ্ড উপগ্রহ, উহা পাথিবী হইতে ২৪০,০০০ মাইল দ্রে অবস্থিত। স্থা এ প্রকার প্রকাণ্ড পদার্থ যে, তাহা অল্ডঃশ্ন্য করিয়া প্রথবীকে চন্দ্রময়েত তাহার মধ্যস্থলে স্থাপিত করিলে, চন্দ্র এখন ষের্প দ্রে থাকিয়া প্রথবীর পার্শ্বে বর্ত্তন করে.

আশ্চর্যা সোরোৎপাত দেখ।

সূর্য গোন্ডেও সেইরূপ করিতে পারে, এবং চন্দ্রের বর্ত্তনপথ ছাড়াও এক লক্ষ ষাট হাজার মাইল বেশী থাকে।

স্থেরির দ্রেতা কত মাইল, তাহা বালকেও জানে, কিন্তু সেই দ্রেতা অনুভূত করিবার জন্য, নিম্নলিখিত গণনা উদ্ধৃত করিলাম।

"অসমদাদির দেশে রেলওয়ে ট্রেণ ঘণ্টায় ২০ মাইল যায়। যদি প্রথিবী হইতে স্থা পর্যান্ত রেলওয়ে হইত, তবে কত কালে স্থালোকে যাইতে পারিতাম? উত্তর—যদি দিন রাত্তি, ট্রেণ অবিরত ঘণ্টায় বিশ মাইল চলে, তবে ৫২০ বংসর ৬ মাস ১৬ দিনে স্থালোকে পেণছান যায়। অর্থাং বে ব্যক্তি ট্রেণে চড়িবে, তাহার সপ্তদশ প্রযুষ ঐ ট্রেণেই গত হইবে।*

আর বৃহস্পতি শনি প্রভৃতি গ্রহসকলের দ্রেতার সহিত তুলনায় এ দ্রেতাও সামান্য। ব্বীর গণনা করিয়া বিলয়াছেন যে, রেল যদি ঘণ্টায় ৩৩ মাইল চলে, তবে স্থালোক হইতে কেহ রেলে যাত্রা করিলে, দিন রাত্র চলিয়া বৃহস্পতি গ্রহে ১৭১২ বংসরে, শনিগ্রহে ৩১১৩ বংসরে, উরেনসে ৬২২৬ বংসরে, নেপ্তানে ১৬৮৫ বংসরে পেশিছবে।

আবার এ দ্রতা নক্ষত্র স্থাগণের দ্রতার তুলনায় কেশের পরিমাণ মাত্র। সকল নক্ষত্রের অপেক্ষা আল্ফা সেণ্টরাই আমাদিগের নিকটবন্তী; তাহার দ্রতা ৬১ সিগনাই নামক নক্ষত্রের পাঁচ ভাগের চারি ভাগ। এই দ্বিতীয় নক্ষত্রের দ্রতা ৬৩,৬৫০,০০০,০০০,০০০ মাইল; আলোকের গতি প্রতি সেকেন্ডে ১৯২,০০০ মাইল। সেই আলোক ঐ নক্ষত্র হইতে আসিতে দশ বংসরের অধিক কাল লাগে। বেগা নামক নক্ষত্রের দ্রতা ১৩০,০০০,০০০,০০০,০০০ মাইল; আলোক সেখান হইতে ২১ বংসরে প্থিবীতে পেণিছে। ২১ বংসর প্তের্ব ঐ নক্ষত্রের যে অবস্থা ছিল তাহা আমরা দেখিতেছি—উহার অদ্যকার অবস্থা আমাদিগের জানিবার সাধ্য নাই।

আবার নীহারিকাগণের দ্রতার সঙ্গে তুলনায়, এ সকল নক্ষত্রের দ্রতা স্ত্র-পরিমিত বোধ হয়। বীলা (Lvra) নামক নক্ষত্রসমন্তির বিটা ও গামা নক্ষত্রের মধ্যবন্তী অঙ্গুরীয়বং নীহারিকার দ্রতা, সর্ উইলিয়ম্ হশেলের গণনান্সারে সিরিয়সের দ্রতার ৯৫০ গ্রাণ ঐ বিটা নক্ষত্রের দক্ষিণপ্রবিশ্বত গোলাক্ত নীহারিকা, ঐ মহাত্মার গণনান্সারে সৌর জগং হইতে ১,৩০০,০০০,০০০,০০০,০০০ মাইল। ত্রিকোণ নামক নক্ষত্রসমন্তিন্তিত এক নীহারিকা, সিরিয়সের দ্রতার ৩৪৪ গ্রণ দ্রের অবন্থিত; এবং স্ব্বৈন্কির ঢাল নামক নক্ষত্রসম্ভিতে ঘোড়ার লালের আকার যে এক নীহারিকা আছে, তাহার দ্রতা উক্ত ভীষণ মানদন্তের নয় শত গ্রণ অর্থাৎ ৫০,০০০,০০০,০০০,০০০,০০০

পাদরি ভাক্তার ক্রেন্রেস্বি বলেন যে, যদি আমাদিগের স্থাকে এত দ্র লইয়া যাওয়া যায় যে, তথা হইতে পাচিশ হাজার বংসরে উহার আলোক আমাদিগের চক্ষে আসিবে, উহা তথাপি লর্ভ রসের বৃহৎ দ্রবীক্ষণে দৃশ্য হইতে পারে। যদি তাহা সত্য হয়় তবে যে সকল নীহারিকা হইতে সহস্র সহস্র প্রচণ্ড স্রেরির রাম্ম একবিত হইয়া আসিলেও, নীহারিকাকে ঐ দ্রবীক্ষণে ধ্মরেথামাত্রবং দেখা যায়, না জানি যে, কত কোটি বংসরে আলোক তথা হইতে আসিয়া আমাদিগের নয়নে লাগে। অথচ আলোক প্রতি সেকেণ্ডে ১৯২,০০০ মাইল, অর্থাং প্রিবীর পরিধির অন্টগ্ন যায়।

আশ্চর্য্য সৌরোৎপাত দেখ।

এই হইতেছে যে, প্রত্যহ প্থিবীর ন্যায় বৃহৎ দৃই শত বাতীর গোলক পোড়াইলে যে তাপ সস্কৃত হয়, স্বাধিন একদিনে তত তাপ খরচ করেন। তাঁহার তাপ যের্প খরচ হয়, সেইর্প নিত্য নিত্য উৎপন্ন হইয়া জমা হইয়া থাকে। তাহা না হইলে এই মহাতাপক্ষয়ে স্বাধি অলপকালে অবশ্য তাপশ্ন্য হইতেন। কথিত হইয়াছে যে, স্বাধি দাহামান পদার্থ হইলে এই তাপ ব্যয় করিতে দশ বংসরে আপনি দক্ষ হইয়া যাইতেন।

মস্রে প্ইলা গণনা করিয়াছেন যে, সতের মাইল উচ্চ করলার খনি পোড়াইলে যে তাপ জন্মে, এক বংসরে স্মৃত্য তত তাপ ব্যয় করেন। যদি স্যেগ্র তাপবাহিতা জলের ন্যায় হয়, তবে বংসরে ২০৬ ডিগ্রী স্থেগ্র তাপ কমিবে। কুণ্টন-ক্রিয়াতে তাপ স্থি হয়। স্থেগ্র ব্যাস তাহার দশ সহস্রাংশের একাংশ কমিলেই, দুই সহস্র বংসরে ব্যায়ত তাপ স্থা পুনঃ প্রাপ্ত হইবে।

স্থেরের তাপশালিতার যে ভয়ানক পরিমাণ লিখিত হইল, শ্বির নক্ষরমধ্যে অনেকগর্নল তদশেক্ষা তাপশালী বোধ হয়। সে সকলের তাপ পরিমিত হইবার উপায় নাই; কেন না, তাহার রৌদ্র প্থিবীতে আসে না, কিন্তু তাহার আলোক পরিমিত হইতে পারে। কোন কোন নক্ষরের প্রভাশালিতা পরিমিত হইয়াছে। আলফা সেণ্টরাই নামক নক্ষরের প্রভাশালিতা স্থেরে ২০০২ গ্র্ন। বেগা নক্ষর ষোড়শ স্থেরের প্রভাবিশিন্ট এবং নক্ষরাজ সিরিয়স দ্বই শত পঞ্চবিংশতি স্থেরের প্রভাবিশিন্ট। এই নক্ষর আমাদিগের সোর জগতের মধ্যবত্তী হইলে প্থিব্যাদি গ্রহসকল অলপকালমধ্যে বান্প হইয়া কোথায় উড়িয়া যাইত।

এই সকল নক্ষত্রে সংখ্যা অতি ভয়ানক। সর্ উইলিয়ম হশেল গণনা করিয়া ছির করিয়াছেন যে, কেবল ছায়াপথে ১৮,০০০,০০০ নক্ষত্র আছে। স্কুব বলেন, আকাশে দুই কোটি নক্ষত্র আছে। মসুর শাকর্ণাক বলেন, নক্ষত্রসংখ্যা সাত কোটি স্তুর লক্ষ। এ সকল সংখ্যার মধ্যে নীহারিকাভ্যন্তরবত্তী নক্ষত্রসকল গণিত হয় নাই। যেমন সম্দ্রতীরে বাল্কা, নীহারিকা সেইরপে নক্ষত্র। এখানে অঞ্ক হারি মানে।

র্যাদ অতি প্রকাশ্ড জগংসকলের সংখ্যা এইর্প অনন্মেয়, তবে ক্ষ্ট্র পদার্থের কথা কিবলিব? ইত্রেণবর্গ বলেন যে, এক ঘন ইণ্ডি বিলিন্ শ্লেট প্রস্তরে চল্লিম হাজার Gallionella নামক আদ্বীক্ষণিক শম্ব্ক আছে—তবে এই প্রস্তরের একটি পর্বতপ্রেণীতে কত আছে, কেমনে ধারণা করিতে পারে? ডাক্তার টমাস টম্সন্ পরীক্ষা করিয়া দেখিয়াছেন যে, সীসা, এক ঘন ইণ্ডির ৮৮৮,৪৯২,০০০,০০০,০০০ ভাগের এক ভাগ পরিমিত ইইয়া বিভক্ত ইইতে পারে। উহাই সীসার পরমাণ্র পরিমাণ। তিনিই পরীক্ষা করিয়া দেখিয়াছেন যে, গদ্ধকের পরমাণ্ব গুজনে এক গ্রেণের ২,০০০,০০০,০০০ ভাগের এক ভাগ।

(সম্দ্রের গভীরতার পরিমাণ)

লোকের বিশ্বাস আছে যে, সম্দুদ্র কত গভীর, তাহার পরিমাণ নাই। অনেকের বিশ্বাস, সমুদ্র "অতল।"

অনেক স্থানে সমন্দ্রের গভীরতা পরিমিত হইয়াছে। আলেক্জান্দ্রানিবাসী প্রাচীন গণিত-ব্যবসায়িগণ অনুমান করিতেন যে, নিকটস্থ পর্বাতসকল যত উচ্চ, সমনুদ্রও তত গভীর। ভূমধ্যস্থ (Mediterranean) সমন্দ্রের অনেক স্থানে ইহার পোষক প্রমাণ পাওয়া গিয়াছে। তথায় এ পর্যান্ত ১৫,০০০ ফিটের অধিক জল পরিমিত হয় নাই—আল্ম্স পর্বাত-শ্রেণীর উচ্চতাও ঐরপে।

মিসর ও সাইপ্রাস দ্বীপের মধ্যে ছয় সহস্র ফিট, আলেক্জান্দ্রা ও রোড্শের মধ্যে নয় সহস্র নয় শত, এবং মালটায় প্র্রে ১৫,০০০ ফিট জল পাওয়া গিয়াছে। কিন্তু তদপেক্ষা অন্যান্য সম্দ্রে অধিকতর গভীরতা পাওয়া গিয়াছে। হন্বোল্টের কক্ষ্মস্ গ্রন্থে লিখিত আছে যে, এক স্থানে ২৬,০০০ ফিট রশি নামাইয়া দিয়াও তল পাওয়া যায় নাই—ইহা চারি মাইলের অধিক। ডাক্টোর ক্লেরেস্বি লিখেন যে, সাত মাইল রশি ছাড়িয়া দিয়াও তল পাওয়া যায় নাই। প্রিথবীর সর্ব্যেক্তম প্র্বত-শক্ত পাঁচ মাইল মাই উচ্চ।

কিন্তু গড়ে, সমন্দ্র কত গভীর, তাহা না মাপিয়াও গণিতবলে জানা যাইতে পারে। জলোচ্ছনাসের কারণ—সমন্দ্রের জলের উপর সূর্য্য চন্দ্রের আকর্ষণ। অতএব জলোচ্ছনাসের পরিমাণের হেডু, (১) স্থা চন্দ্রের গ্রন্থ. (২) তদীয় দ্রেতা, (৩) তদীয় সম্বর্তনকাল.
(৪) সম্দ্রের গভীরতা। প্রথম, দ্বিতীয়, এবং তৃতীয় তত্ব আমরা জ্ঞাত আছি; চতুর্থ আমরা জ্ঞান না, কিস্তু চারিটির সমবায়ের ফল, অর্থাৎ জলোচ্ছনাসের পরিমাণ, আমরা জ্ঞাত আছি। অতএব অজ্ঞাত চতুর্থ সমবায়ী কারণ অনায়াসেই গণনা করা যাইতে পারে। আচার্যা হটন এই প্রকারে গণনা করিয়া স্থির করিয়াছেন যে, সম্দ্র গড়ে, ৫·১২ মাইল, অর্থাৎ পাঁচ মাইলের কিছ্ম্ অধিক মান্ত্র গভীর। লাপ্লাস রেন্ট নগরে জলোচ্ছনাস পর্যাবেক্ষণের বলে যে ''Ratio of Semidiurnal Coefficients'' স্থির করিয়াছিলেন, তাহা হইতেও এইর্প উপলব্ধি করা যায়।

(अपम)

সচরাচর শব্দ প্রতি সেকেন্ডে ১০৩৮ ফিট গিয়া থাকে বটে, কিন্তু বের্থেম ও ব্রেগেট নামক বিজ্ঞানবিং পশ্চিতেরা বৈদ্যাতিক তারে প্রতি সেকেন্ডে, ১১,৪৫৬ ফিট বেগে শব্দ প্রেরণ করিয়াছিলেন। অতএব তারে কেবল পন্ন প্রেরণ হয়, এমত নহে; বৈজ্ঞানিক শিল্প আরও কিছ্ব উর্মাত প্রাপ্ত হইলে মনুষ্য তারে কথোপকখন করিতে পারিবে।*

মনুষ্যের কণ্ঠদ্বর কৃত দূরে যায়? বলা যায় না। কোন কোন যুবতীর ব্রীড়ার্দ্ধ কণ্ঠদ্বর শর্নিবার সময়ে, বিরন্তিক্রমে ইচ্ছা করে যে, নাকের চসমা খ্রালিয়া কাণে পরি, কোন কোন প্রাচীনার চীংকারে বোধ হয়, গ্রামান্তরে পলাইলেও নিষ্কৃতি নাই। বিজ্ঞানবিদেরা ও বিষয়ে কি সিদ্ধান্ত করিয়াছেন, দেখা যাউক।

প্রাচীন মতে আকাশ শব্দবহ; আধর্নিক মতে বায়্ শব্দবহ। বায়্র তরঙ্গে শব্দের সৃষ্ঠি ও বহন হয়। অতএব যেখানে বায়্ তরল ও ক্ষীণ, সেখানে শব্দের অপ্পন্টতা সম্ভব। ব্লাঙ্-শ্রোপরি শব্দ অপপন্টপ্রাব্য বিলিয়া শস্যোর বর্ণনা করিয়াছেন। তিনি বলেন, তথায় পিস্তল ছর্নিড়লে পটকার মত শব্দ হয়; এবং শ্যাম্পেন খ্রিললে কাকের শব্দ প্রায় শ্রনিতে পাওয়া যায় না। কিন্তু মার্শ্যেস বলেন যে, তিনি সেই শ্রেস্পাপেরেই ১৩৪০ ফিট হইতে মন্যা-কণ্ঠ শর্নিয়াছিলেন। এ বিষয়ে "গগনপর্যাটন" প্রবন্ধে কিঞিং লেখা হইয়াছে।

যদি শব্দবহ বায়ুকে চোঙ্গার ভিতরে রুদ্ধ করা যায়, তবে মনুষ্য-কণ্ঠ যে অনেক দুর হইতে শুনা যাইবে, ইহা বিচিত্র নহে। কেন না, শব্দ-তরঙ্গসকল ছড়াইয়া পড়িবে না।

শ্বির জল, চোঙ্গার কাজ করে। ক্ষ্র ক্ষ্র উচ্চতায় বায়্র প্রতিহত ইইতে পায় না—এজন্য শব্দ-তরঙ্গনকল, ভগ্ন হইয়া নানা দিক্ দিগন্তরে বিকীর্ণ হয় না। এই জন্য প্রশস্ত নদীর এপার হইতে ডাকিলে ওপারে শ্নিতে পায়। বিখ্যাত হিমকেন্দ্রান্ত্রারী পর্যাটক পারির স্মাভিব্যাহারী লেপ্টেনান্ট ফন্টর লিখেন যে, তিনি পোর্ট বোয়েনের এপার হইতে পরপারে ক্ষ্ত মন্থের সহিত কথোপকথন করিয়াছিলেন। উভয়ের মধ্যে ১০ মাইল ব্যবধান। ইহা আশ্চর্য্য বটে।

কিন্তু সর্ব্বাপেক্ষা বিষ্ণায়কর ব্যাপার ডাক্তার ইয়ং কর্তৃক লিখিত হইয়াছে। তিনি বলেন যে, জিবল্টরে দশ মাইল হইতে মনুষ্য-ক-ঠ শুনা গিয়াছে। কথা বিশ্বাসযোগ্য কি?

(জ্যোতিস্তরক)

প্রবন্ধান্তরে কথিত হইয়াছে যে, আলোক ইথর নামপ্রাপ্ত বিশ্বব্যাপী জাগতিক তরল পদার্থের আন্দোলনের ফল মাত্র। সূর্য্যালোক সপ্ত বর্ণের সমবায়; সেই দপ্ত বর্ণ ইন্দ্রধন্ অথবা স্ফাটিক প্রেরিত আলোকে লক্ষিত হয়। প্রত্যেক বর্ণের তরঙ্গসকল পৃথক্ পৃথক্; তাহাদিগের প্রাকৃতিক সমবায়ের ফলে, শ্বেত রোদ্র। এই সকল জ্যোতিস্তরঙ্গ-বৈচিত্রাই জগতের বর্ণবৈচিত্রের কারণ। কোন কোন পদার্থ, কোন কোন বর্ণের তরঙ্গসকল রুদ্ধ ক্রিয়া, অবশিষ্টগ্রনি প্রতিহত করে। আমরা সে সকল দ্রব্যকে প্রতিহত তরঙ্গের বর্ণবিশিষ্ট দেখি।

তবে তরঙ্গেরই বা বর্ণ-বৈষম্য কেন? কোন তরঙ্গ রক্ত, কোন তরঙ্গ পীত, কোন তরঙ্গ নীল কেন? ইহা কেবল তরঙ্গের বেগের তারতম্য। প্রতি ইণ্ডি স্থান মধ্যে একটি নিন্দিটি সংখ্যার তরঙ্গের উৎপত্তি হইলে, তরঙ্গ রক্তবর্ণ, অন্য নিন্দিটি সংখ্যার তরঙ্গ পীতবর্ণ, ইত্যাদি।

যে জ্যোতিন্তরঙ্গ এক ইণ্ডি মধ্যে ৩৭,৬৪০ বার প্রক্ষিপ্ত হয়, এবং প্রতি সেকেন্ডে

এই প্রবন্ধ লিখিত হওরার পরে টেলিফোনের আবিদ্ধিয়া।

र्वाष्क्रम ब्रह्मावनी

৪৫৮,০০০,০০০,০০০,০০০ বার প্রক্ষিপ্ত হয়, তাহা রক্তবর্ণ। পীত তরঙ্গ, এক ইণ্ডিতে ৪৪,০০০ বার. এবং প্রতি সেকেন্ডে ৫৩৫,০০০,০০০,০০০,০০০ বার. প্রক্ষিপ্ত হয়। এবং নীল তরঙ্গ প্রতি ইণ্ডিতে ৫১,১১০ বার এবং প্রতি সেকেন্ডে ৬২২,০০০,০০০,০০০,০০০ বার প্রক্ষিপ্ত হয়। পরিমাণের রহস্য ইহা অপেক্ষা আর কি বলিব? এমন অনেক নক্ষর আছে যে, তাহার আলোক প্রথিবীতে পঞ্চাশ বংসরেও পোছি না। সেই নক্ষর হইতে যে আলোকরেখা আমাদের নয়নে আসিয়া লাগে, তাহার তরঙ্গসকল কতবার প্রক্ষিপ্ত হইয়াছে? এবার যখন রাব্রে আক্রশ প্রতি চাহিবে, তখন এই কথাটি একবার মনে করিও।

(সম্দ্র-তরঙ্গ)

এই অচিন্তা বেগবান্ স্ক্র হইতে স্ক্রা জ্যোতিন্তরক্রের আলোচনার পর, পার্থিব জলের তরঙ্গমালার আলোচনা অবিধেয় নহে। জ্যোতিন্তরঙ্গের বেগের পরে, সম্দ্রের ঢেউকে অচল মনে করিলেও হয়। তথাপি সাগর-তরঙ্গের বেগ মন্দ নহে। ফিন্ড্লে সাহেব প্রমাণ করিয়াছেন যে, তাতি বৃহং সাগরোন্মিসকল ঘণ্টায় ২০ মাইল হইতে ২৭॥ মাইল পর্যান্ত বেগে ধাবিত হয়। ক্রোরেসবি সাহেব গণনা করিয়াছেন যে, আটলাণ্টিক সাগরের তরঙ্গ ঘণ্টায় প্রায় ৩০ মাইল চলে। এই বেগ ভারতববীয় বাদ্পীয় রথের বেগের অপেক্ষা ক্রিপ্রতর।

ষাঁহারা বাঙ্গালার নদীবর্গে নোকারোহণ করিতে ভীত, সাগরোদ্মির পরিমাণ সম্বন্ধে তাঁহাদের কির্প অনুমান, তাহা বালতে পারি না। উপকথায় "তালগাছপ্রমাণ ঢেউ" শুনা যায়—িকন্তু কেহ তাহা বিশ্বাস করে না। সমুদ্রে তদপেক্ষা উচ্চতর ঢেউ উঠিয়া থাকে। ফিল্ড্লে সাহেব লিখেন, ১৮৪৩ অব্দে কর্ম্বালের নিকট ৩০০ ফিট অর্থাৎ ২০০ হাত উচ্চ ঢেউ উঠিয়াছিল। ১৮২০ সালে নরওরে প্রদেশের নিকট ৪০০ ফিট পরিমিত ঢেউ উঠিয়াছিল।

সম্দ্রের টেউ অনেক দ্রে চলে। উত্তমাশা অন্তরীপে উভূত মগ্ন তরঙ্গ তিন সহস্র মাইল দ্রেন্থ উপদ্বীপে প্রহত হইয়া থাকে। আচার্য্য বাচ বলেন যে, জাপান দ্বীপাবলীর অন্তর্গতি সৈমোদা নামক স্থানে একটা ভূমিকম্প হয়; তাহাতে ঐ স্থানসমীপন্থ "পোতাগ্র্রেয়" এক বৃহৎ উম্মি প্রবেশ করিয়া, সরিয়া আসিলে পোতাগ্রয় জলশ্ন্য হইয়া পড়ে। সেই টেউ প্রশান্ত মহাসাগরের পরপারে, সানফ্রন্সিস্কো নগরের উপক্লে প্রহত হয়। সৈমোদা হইতে ঐ নগর ৪৮০০ মাইল। তরঙ্গরাজ ১২ ঘণ্টা ১৬ মিনিটে পার হইয়াছিলেন অর্থাৎ মিনিটে ৬॥॰ মাইল চলিয়াছিলেন।

চন্দ্রলোক

এই বঙ্গদেশের সাহিত্যে চন্দ্রদেব অনেক কার্য্য করিয়াছেন। বর্ণনায়, উপমায়,—বিচ্ছেদে, মিলনে,—অলজ্কারে, খোশামোদে—তিনি উলটি পালটি খাইয়াছেন। চন্দ্রবদন, চন্দ্ররদিম, চন্দ্রকরলেখা, শশী, মিস ইত্যাদি সাধারণ ভোগ্য সামগ্রী অকাতরে বিতরণ করিয়াছেন; কখন দ্বীলোকের স্কন্ধোপরি ছড়াছড়ি, তখন তাঁহাদিগের নখরে গড়াগড়ি গিয়াছেন; স্খাকর হিমকরকর্রনিকর, ম্গাঙ্ক, শশাঙ্ক, কলঙ্ক প্রভৃতি অন্প্রাসে, বাঙ্গালী বালকের মনোম্ম করিয়াছেন। কিন্তু এই উনবিংশ শতাব্দীতে এইর্প কেবল সাহিত্য-কুঞ্জে লীলা খেলা করিয়া, কার সাধ্য নিস্তার পায়? বিজ্ঞান-দৈত্য সকল পথ ঘেরিয়া বিসয়া আছে। আজি চন্দ্রদেবকে বিজ্ঞানে ধরিয়াছে, ছাড়াছাড়ি নাই। আর সাধের সাহিত্য-বৃন্দাবনে লীলা খেলা চলে না—কুঞ্জন্বারে সাহেব অকুর রথ আনাইয়া দাড়াইয়া আছে; চল, চন্দ্র, বিজ্ঞান-মথ্রয়য় চল; একটা কংস বধ করিতে হইবে।

যখন অভিমন্য্-শোকে ভদ্রাৰ্জ্বন অত্যন্ত কাতর, তখন তাঁহাদিগের প্রবোধার্থ কথিত হইয়াছিল যে, অভিমন্য চন্দ্রলোকে গমন করিয়াছেন। আমরাও যখন নীলগগন-সম্দ্রে এই স্বর্গের দ্বীপ দেখি, আমরাও মনে করি, ব্রিঝ এই স্বর্গময় লোকে সোনার মান্য সোনার থালে সোনার মাছ ভাজিয়া সোনার ভাত খায়, হীরার সরবত পান করে, এবং অপ্র্বে পদার্থের শয্যায় শয়ন করিয়া স্বপ্নশ্ন্য নির্লায় কাল কাটায়। বিজ্ঞান বলে, তাহা নহে—এ পোড়া লোকে যেন কেহ যায় না—এ দক্ষ মর্ভূমি মার। এ বিষয়ে কিণ্ডিং বলিব।

বালকেরা শৈশবে পড়িয়। থাকে, চন্দ্র উপগ্রহ। কিন্তু উপগ্রহ বলিলে, সৌরজগতের সম্প্রচন্দের প্রকৃত সম্বন্ধ নিন্দিন্ট হইল না। প্রথিবী ও চন্দ্র য্নগল গ্রহ। উভয়ে এক পথে, একর স্মৃত্য প্রদক্ষিণ করিতেছে—উভয়েই উভয়ের মাধ্যাকর্ষণ কেন্দ্রের বনবর্ত্তী—কিন্তু প্রথিবী গ্রবৃদ্ধে চন্দ্রের একাশী গ্র্ণ, এজন্য প্রথিবীর আকর্ষণী শক্তি চন্দ্রাপেক্ষা এত অধিক যে, সেই যুক্ত আকর্ষণে কেন্দ্র প্রথিবীন্থিত; এজন্য চন্দ্রকে প্রথিবীর প্রদক্ষিণকারী উপগ্রহ বোধ হয়। সাধারণ পাঠকে ব্রিবেন যে, চন্দ্র একটি ক্ষ্মুতর প্রথিবীর হারে ব্যাস ১০৫০ ক্রোশ; অর্থাৎ প্রথিবীর ব্যাসের চতুর্থাংশের অপেক্ষা কিছ্মু বেশী। যে সকল কবিগণ নায়িকাদিগকে আর প্রাচীন প্রথামত চন্দ্রম্থী বলিয়া সন্তুষ্ঠ নহেন—ন্তন উপমার অন্সন্ধান করেন—তাঁহাদিগকে আমরা পরামর্শ দিই যে, এক্ষণ অর্বাধ নায়িকাদাণকে প্রথিবীম্থী বলিতে আরম্ভ করিবেন। তাহা হইলে অলম্কারের কিছ্মু গোরব হইবে। ব্র্ঝাইবে যে, স্কুন্দরীর মুখ্যান্ডলের ব্যাস কেবল সহস্র ক্রোশ নহে—কিছ্মু ক্যা চারি সহস্র ক্রোশ।

এই ক্ষুদ্র প্থিবী আমাদিগের প্থিবী হইতে এক লক্ষ বিংশতি সহস্র ক্রেশ মাত্র—ত্রিশ হাজার যোজন মাত্র। গাগনিক গণনায় এ দ্বতা অতি সামান্য—এপাড়া ওপাড়া। ত্রিশটি প্থিবী গায় গায় সাজাইলে চন্দ্রে গিয়া লাগে। চন্দ্র পর্য্যন্ত রেলওয়ে যদি থাকিত, তাহা হইলে ঘণ্টায় বিশ মাইল গেলে, দিন রাত্রি চলিলে, পঞাশ দিনে প্রেশিছান যায়।

স্তরাং আধ্বনিক জ্যোতিবিদ্রাণ চন্দ্রকৈ অতি নিকটবন্তী মনে করেন। তাঁহাদিগের কৌশলে এক্ষণে এমন দ্রবীক্ষণ নিম্মিত হইরাছে যে, তন্দ্রারা চন্দ্রাদিকে ২৪০০ গ্রুণ বৃহত্তর দেখা যার। ইহার ফল এই দাঁড়াইয়াছে যে, চন্দ্র যদি আমাদিগের নেত্র হইতে পঞ্চাশং ক্রোশ মাত্র দ্রবন্তী হইত, তাহা হইলে আমরা চন্দ্রকে যেমন স্পন্ট দেখিতাম, এক্ষণেও ঐ সকল দ্রবীক্ষণ সাহায্যে সেইর্প স্পন্ট দেখিতে পারি।

এর্প চাক্ষরে প্রত্যক্ষে চন্দ্রকে কির্প দেখা যায়? দেখা যায় যে, তিনি হস্তপদাদিবিশিষ্ট দেবতা নহেন, জ্যোতিষ্মায় কোন পদার্থ নহেন, কেবল পাষাণ্ময়, আগ্নেয় গিরিপরিপ্রেণ্, জড়িপিন্ড। কোথাও অত্যুন্নত পর্য্বতিমালা—কোথাও গভীর গহরররাজি। চন্দ্র যে উন্জব্ধন, তাহা স্ম্যালোকের কারণে। আমরা প্থিবীতেও দেখি যে, যাহা রৌদ্রপ্রদীপ্ত, তাহাই দ্র হইতে থাকে। সে তত্ত্ব ব্র্ঝাইয়া লিখিবার প্রয়োজন নাই। কিন্তু ইহা সহজেই ব্র্ঝা যাইবে, যে স্থান উন্জব্ধনাতা প্রাপ্ত হয় না। সকলেই জানে যে, চন্দ্রের কলায় কলায় হ্রাস বৃদ্ধি এই কারণেই ঘটিয়া থাকে। সে তত্ত্ব ব্র্ঝাইয়া লিখিবার প্রয়োজন নাই। কিন্তু ইহা সহজেই ব্রঝা যাইবে, যে স্থান উন্নত, সেই স্থানে রৌদ্র লাগে—সেই স্থান আমরা উন্জব্ধন দেখি—যে স্থানে গহরের অথবা পর্যুক্তির ছায়া, সে স্থানে রৌদ্র প্রবেশ করে না—সে স্থলগর্বাল আমরা কালিমাপ্রণ দেখি। সেই অন্তুজ্বল রৌদ্রশ্ন্য স্থানগর্বালই "কলঙ্ক"—অথবা "মৃগ"—প্রাচীনাদিগের মতে সেইগর্মালই "কদম-তলায় ব্রুড়ী চরকা কাটিতেছে।"

চন্দ্রের বহিভাগের এর্প স্ক্র্যান্স্ক্র্য অন্সন্ধান হইয়াছে যে, তাহায় চন্দ্রের উৎকৃষ্ট মানচিত্র প্রস্তুত হইয়াছে; তাহার পর্বতাবলী ও প্রদেশসকল নাম প্রাপ্ত হইয়াছে—এবং তাহার পর্বতিমালার উচ্চতা পরিমিত হইয়াছে। বেয়র ও মাল্লর নামক স্পরিচিত জ্যোতিন্বিদ্রয় অন্যান ১০৯৫টি চান্দ্র পর্বতের উচ্চতা পরিমিত করিয়াছেন। তন্মধ্যে মন্ম্রেয়ে যে পর্বতের নাম রাখিয়াছে "নিউটন", তাহার উচ্চতা ২২,৮২৩ ফিট। এতাদৃশ উচ্চ পর্বত-শিখর, প্থিবীতে আন্দিস্ ও হিমালয়শ্রেণী ভিন্ন আর কোথাও নাই। চন্দ্র পৃথিবীর পঞ্চাশং ভাগের এক ভাগ মাত্র এবং গ্রেম্থে একাশী ভাগের এক ভাগ মাত্র; অতএব প্থিবীর তুলনায়, চান্দ্র পর্বতিসকল অত্যন্ত উচ্চ। চন্দ্রের তুলনায় নিউটন যেমন উচ্চ, চিন্বারোজা নামক বৃহৎ পার্থিবি শিখরের অবয়ব আর পঞ্চাশং গ্রেণ বৃদ্ধি পাইলে প্রিথবীর তুলনায় তত উচ্চ হইত।

চান্দ্র পর্ম্বত কেবল যে আশ্চর্য্য উচ্চ, এমত নহে; চন্দ্রলোকে আগ্নেয় পর্ব্বতের অত্যন্ত আধিক্য। অগণিত আগ্নেয় পর্ব্বতিশ্রেণী অগ্ন্যুন্সারী বিশাল রন্ধ্রসকল প্রকাশিত করিয়া রহিয়াছে—যেন কোন তপ্ত দ্রবীভূত পদার্থ কটাহে জনল প্রাপ্ত হইয়া কোন কালে টগ্রুগ্ করিয়া ফ্রটিয়া উঠিয়া জমিয়া গিয়াছে। এই চন্দ্রমন্ডল, সহস্রধা বিভিন্ন, সহস্র সহস্র বিবর্ববিশিষ্ট,—কেবল পাষাণ, বিদীর্ণ, ভন্ম, ছিম্নভিন্ন, দন্ধ, পাষাণময়। হায়! এমন চাঁদের সঙ্গে কে স্কৃদরী দিগের মুখের তুলনা করার পদ্ধতি বাহির করিয়াছিল?

र्वाष्क्रम ब्रह्मावली

এই ত পোড়া চন্দ্রলোক! এক্ষণে জিজ্ঞাসা, এখানে জীবের বর্সতি আছে কি? আমরা যত দরে জানি, জল বার্ ভিন্ন জীবের বর্সতি নাই; যেখানে জল বা বার্ নাই, সেখানে আমাদের জ্ঞানগোচরে জীব থাকিতে পারে না। যদি চন্দ্রলোকে জল বার্ থাকে, তবে সেখানে জীব থাকিতে পারে; যদি জল বার্ না থাকে, তবে জীব নাই, এক প্রকার সিদ্ধ করিতে পারি। এক্ষণে দেখা যাউক. তদ্বিষয়ে কি প্রমাণ আছে।

মনে কর, চন্দ্র পৃথিবীর ন্যায় বায়বীয় মন্ডলে বেন্টিত। মনে কর, কোন নক্ষর, চন্দ্রের পশ্চান্ডাগ দিয়া গতি করিবে। ইহাকে জ্যোতিষে সমাবরণ (Occultation) বলা ঘাইতে পারে। নক্ষর চন্দ্র কর্তৃক সমাবৃত হইবার কালে প্রথমে, বায়য়ৣয়য়ের পশ্চান্থতী হইবে; তৎপরে চন্দ্রশরীরের পশ্চাতে লাকাইবে। যখন বায়বীয় স্তরের পশ্চাতে নক্ষর ঘাইবে, তখন নক্ষর প্রেমত উজ্জন্ত্রল বোধ হইবে না; কেন না, বায়য়ু আলোকের কিয়ৎপরিমালে প্রতিরোধ করিয়া থাকে। নিকটন্থ বন্ধু আমরা যত স্পার্ট দেখি, দ্রেন্থ বন্ধু আমরা তত স্পার্ট দেখিতে পাই না—তাহার কারণ, মধ্যবত্তী বায়য়ৣয়র। অতএব সমাবরণীয় নক্ষর ক্রমে হুস্বতেজা হইয়া পরে চন্দ্রভারালে অদ্শ্য হইবে। কিন্তু এর্প ঘটিয়া থাকে না। সমাবরণীয় নক্ষর একেবারেই নিবিয়া যায়—নিবিবার প্রের্বি তাহার উজ্জন্ত্রতার কিছমুমার হ্রাস হয় না। চন্দ্রে বায়য়ু থাকিলে কখন এর্প হাটত না।

চন্দ্রে যে জল নাই, তাহারও প্রমাণ আছে, কিন্তু সে প্রমাণ আতি দ্বর্হ—সাধারণ পাঠককে অলেপ ব্রুমান যাইবে না। এবং এই সকল প্রমাণ বর্ণ-রেখা পরীক্ষক (Spectroscope) যন্দ্রের বিচিত্র পরীক্ষায় স্থিরীকৃত হইরাছে; চন্দ্রলোকে জলও নাই, বায়ন্ত নাই। যদি জল বায়ন্না থাকে, তবে প্রথিবীবাসী জীবের ন্যায় কোন জীব তথায় নাই।

আর একটি কথা বলিয়াই আমরা উপসংহার করিব। চান্দ্রিক উত্তাপও এক্ষণে পরিমিত হইয়াছে। চন্দ্র এক পক্ষকালে আপন মের্দুণেডর উপর সম্বর্ত্তন করে, অতএব আমাদের এক পক্ষকালে এক চান্দ্রিক দিবস। এক্ষণে সমরণ করিয়া দেখ যে, পৌষ মাস হইতে জ্যেষ্ঠ মাসে আমরা এত তাপাধিক্য ভোগ করি, তাহার কারণ—পৌষ মাসে দিন ছোট, জ্যেষ্ঠ মাসের দিন তিন চারি ঘণ্টা বড়। যদি দিনমান তিন চারি ঘণ্টা মাত্র বড় হইলেই, এত তাপাধিক্য হয়, তবে পাক্ষিক চান্দ্র দিবসে না জানি, চন্দ্র কি ভয়ানক উত্তপ্ত হয়। তাতে আবার পৃথিবীতে জল, বায়, মেঘ আছে—তঙ্জন্য পাথিব সন্তাপ বিশেষ প্রকারে শমতা প্রাপ্ত হইয়া থাকে, কিন্তু জল বায়, মেঘ ইত্যাদি চন্দ্রে কিছ্ই নাই। তাহার উপর আবার চন্দ্র পাষাণময়। অতি সহজে উত্তপ্ত হয়। অতএব চন্দ্রলোক অত্যন্ত তপ্ত হইবারই সম্ভাবনা। বিখ্যাত দ্রবীক্ষণ নির্মাণকারীর প্রত্ন লর্ডা রস চন্দ্রের তাপ পরিমিত করিয়াছেন। তাহার অন্মন্ধানে স্থিরীকৃত হইয়াছে যে, চন্দ্রের কোন কোন অংশ এত উষ্ণ, তত্ত্বলনায় যে জল অগ্নসংস্পর্শে ফ্রিটিতেছে, তাহাও শীতল। সে সন্তাপে কোন পার্থিব জীব রক্ষা পাইতে পারে না—ম্হ্র্ জন্যও রক্ষা পাইতে পারে না। এই কি শীতরনিম, হিমকর, স্বধাংশ্র? হায়! হায়! আদ্ধ প্রকে পদ্মলোচন আর কেমন করিয়া বলিতে হয়!*

অতএব স্থের চন্দ্রলোক কি প্রকার, তাহা এক্ষণে আমরা একপ্রকার ব্রিকতে পারিয়াছি। চন্দ্রলোক পাষাণময়,—বিদীণ, ভগ্ন, ছিয়-ভিয়, বন্ধর, দয়, পাষাণময়! জলশ্না, সাগরশ্না, নদীশ্না, তড়াগশ্না, বায়্শ্না, মেঘশ্না, ব্লিশ্না,—জনহীন, জীবহীন, তর্হীন, ত্গহীন, শব্দহীন,† উত্তপ্ত, জ্বলন্ত, নরককুভতুলা এই চন্দ্রলোক!

এই জন্য বিজ্ঞানকে কাব্য আঁটিয়া উঠিতে পারে না। কাব্য গড়ে—বিজ্ঞান ভাঙ্গে।

^{*} যদি কেহ বলেন যে, চন্দ্র স্বরং উত্তপ্ত হউন, আমরা তাঁহার আলোকের গৈত্য স্পর্শের প্রত্যক্ষ ধারা জানিরা থাকি। বাস্তবিক এ কথা সত্য নহে—আমরা স্পর্শ ধারা চন্দ্রলোকের গৈত্য বা উষ্ণতা কিছ্ই অন্ত্তুত করি না। অন্ধকার-রাত্রের অপেক্ষা জ্যোংলা রাত্রি শীতল এ কথা যদি কেহ মনে করেন, তবে সে তাঁহার মনের বিকার মাত্র। বরং চন্দ্রলোকে কিণ্ডিং সন্তাপ আছে; সেট্কু এত অলপ যে, তাহা আমাদিগের স্পর্শের অনুভবনীয় নহে। কিন্তু জান্তেদেশী, মেলনি, পিয়াজি প্রভৃতি বৈজ্ঞানিকেরা পরীক্ষার ধারা তাহা সিন্ধ করিয়াছেন।

[†] त्कन ना, वास् नारे।

বিবিধ প্রবন্ধ

প্রথম খণ্ড

উত্তরচরিত

উত্তরচারতের উপাধ্যানভাগ রামায়ণ হইতে গৃহীত। ইহাতে রামকর্ত্ত্রক সীতার প্রত্যাখ্যান ও তৎসঙ্গে প্রনিম্মলন বর্ণিত হইয়াছে। স্থূল ব্তান্ত রামায়ণ হইতে গৃহীত বটে, কিন্তু অনেক বিষয় ভবভূতির স্বকপোলকল্পিত। রামায়ণে যেরপে বাল্মীকির আশ্রমে সীতার বাস, এবং যেরপে ঘটনায় প্রনম্মিলন, এবং মিলনান্তেই সীতার ভূতলপ্রবেশ ইত্যাদি বর্ণিত হইয়াছে, উত্তরচারতে সে সকল সের্প বার্ণিত হয় নাই। উত্তরচারতে সীতার রসাতলবাস, লবের যদ্ধ এবং তদন্তে সীতার সহিত রামের প্রনাম্মলন ইত্যাদি বার্ণত হইয়াছে। এইরূপ ভিন্ন পন্থায় গমন করিয়া, ভবভূতি রসজ্ঞতার এবং আত্মশক্তিজ্ঞানের পরিচয় দিয়াছেন। কেন না, যাহা একবার বাল্মীকি কর্ত্রক বর্ণিত হইয়াছে, পৃথিবীর কোনু কবি তাহা প্নেব্র্ণান করিয়া প্রশংসাভাজন হইতে পারেন? যেমন ভবভূতি এই উত্তরচরিতের উপাখ্যান অন্য কবির গ্রন্থ হইতে গ্রহণ করিয়াছেন, তেমনি সেক্ষপীয়র তাঁহার রচিত প্রায় সকল নাটকের উপাখ্যানভাগ অন্য গ্রন্থকারের গ্রন্থ হইতে সংগ্রহ করিয়াছেন, কিন্তু তিনি ভবভূতির ন্যায় পুর্বেকবিগণ হইতে ভিন্ন পথে গমন করেন নাই। ইহারও বিশেষ কারণ আছে। সেক্ষপীয়র অদ্বিতীয় কবি। তিনি স্বীয় শক্তির পরিমাণ বিলক্ষণ বুঝিতেন—কোন্ মহাত্মা না বুঝেন? তিনি জানিতেন যে, যে সকল গ্রন্থকার্রাদণের গ্রন্থ হইতে তিনি আপন নাটকের উপাখ্যানভাগ গ্রহণ করিয়া-ছিলেন, তাঁহারা কেহই তাঁহার সঙ্গে কবিত্বশক্তিতে সমকক্ষ নহেন। তিনি যে আকাশে আপন কবিছের প্রোভজ্বল কিরণমালা বিস্তার করিবেন, সেখানে প্রের্গামী নক্ষ্রগণের কিরণ লোপ পাইবে। এজন্য ইচ্ছাপ্র্বিকই প্রেবিলখকদিগের অন্বন্তী হইয়াছিলেন। তথাপি ইহাও বক্তব্য যে, কেবল একখানি নাটকের উপাখ্যানভাগ তিনি হোমর হইতে গ্রহণ করিয়াছিলেন, এবং সেই ত্রৈলস্ ও ক্রেসিদা নাটক প্রণয়নকালে, ভবভূতি যেরপে রামায়ণ হইতে ভিন্ন পথে গমন তিনিও তেমনি ইলিয়দ হইতে ভিন্ন পথে গিয়াছেন।

বভাতও সেক্ষপীয়রের ন্যায় আপন ক্ষমতার পরিমাণ জানিতেন। তিনি আপনাকে, সীতানিব্বাসন ব্তান্ত অবলন্বনপূর্বক একখানি অত্যুৎকৃষ্ট নাটক প্রণয়নে সমর্থ বিলয়া, বিলক্ষণ জানিতেন। তিনি ইহাও ব্ঝিতেন যে, কবিগরের বাল্মীকির সহিত কদাচ তিনি তুলনাকাংক্ষী হইতে পারেন না। অতএব তিনি কবিগরের বাল্মীকিকে প্রণাম* করিয়া তাঁহা হইতে দ্রে অবন্থিতি করিয়াছেন। ইহাও স্মরণ রাখা উচিত যে, অস্মন্দেশীয় নাটকে মৃত্যুর প্রয়োগ নিবিদ্ধ† বলিয়া, ভবভূতি স্বীয় নাটকে সীতার প্থিবীপ্রবেশ বা তন্ধং শোকাবহ ব্যাপার বিনাপ্ত করিতে পারেন নাই।

উত্তরচরিতের চিত্রদর্শন নামে প্রথমাঞ্চ বঙ্গীয় পাঠকসমীপে বিলক্ষ্ণ পরিচিত; কেন না. শ্রীযুক্ত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগার মহাশায় এই অঞ্চ অবলন্দ্রন করিয়া, স্বপ্রণীত সীতার বনবাসের প্রথম অধ্যায় লিখিয়াছেন। এই চিত্রদর্শন করিস্কৃলভকৌশলময়। ইহাতে চিত্রদর্শনাপলক্ষেরামসীতার প্র্বেব্দ্রান্ত বর্ণিত আছে। ইহার উন্দেশ্য এমত নহে যে কবি সংক্ষেপে প্র্বেঘিনার সকল বর্ণন করেন। রামসীতার অলোকিক, অসীম, প্রগাঢ় প্রণয় বর্ণন করাই ইহার উন্দেশ্য। এই প্রণয়ের স্বর্প অনুভব করিতে না পারিলে, সীতানির্দ্বাসন যে কি ভয়ানক ব্যাপার, তাহা হৃদয়ঙ্গম হয় না। সীতার নির্দ্বাসন সামান্য স্থীবিয়োগ নহে। স্থীবিসঞ্জন মাত্রই ক্লেশকর—মন্মভেদী। যে কেহ আপন স্থীকে বিসঞ্জন করে, তাহারই

^{*} ইদং গ্রেভাঃ [কবিভাঃ] প্রেবিভাগ নমোবাকং প্রশাসমহে।-প্রস্তাবনা।

[†] দ্রাহ্বানং বধো বৃদ্ধং রাজ্যদেশাদিবিপ্রবং।
বিবাহে। ভোজনং শাপোৎসগৌ মৃত্যরতন্ত্রথা। —সাহিতাদর্পণে।

विष्क्य ब्रह्मावनी

হৃদরোন্ডেদ হয়। যে বাল্যকালের ক্রীড়ার সঙ্গিনী, কৈশোরে জীবনস্থের প্রথম শিক্ষাদারী, যৌবনে যে সংসারসৌন্দর্য্যের প্রতিমা, বাদ্ধক্যে যে জীবনাবলন্দ্র—ভাল বাস্কুক বা না বাস্কুক, কে সে স্থীকে ত্যাগ করিতে পারে? গৃহে যে দাসী, শয়নে যে অপসরা, বিপদে যে বন্ধু, রোগে যে বৈদ্য, কার্য্যে যে মন্থী, ক্রীড়ায় যে স্থী, বিদ্যায় যে শিষ্য, ধন্মে যে গ্রুর্;—ভাল বাস্কুক বা না বাস্কুক, কে সে স্থীকে সহজে বিসম্পর্ক করিতে পারে? আপ্রমে যে আরাম, প্রবাসে যে চিন্তা,—স্বান্থ্যে যে স্থু, রোগে যে ঔষধ—অম্পর্কনে যে লক্ষ্মী, ব্যয়ে যে য্ন্যঃ—বিপদে যে ব্রিদ্ধ, সম্পদে যে শোভা—ভাল বাস্কুক বা না বাস্কুক, কে সে স্থীকে সহজে বিসম্পর্কন করিতে পারে? আর যে ভাল বাসে, পত্নী বিসম্পর্কন তাহার পক্ষে কি ভয়ানক দ্ব্র্যটনা! আবার যে রামের ন্যায় ভাল বাসে? যে পত্নীর স্পর্শমাতে অস্থিরচিত্ত—জানে না যে,

——— "স্খমিতি বা দুঃখমিতি বা,
প্রবোধো নিদ্রা বা কিম্ব বিষবিষপ'ঃ কিম্ব মদঃ।
তব স্পদেশ স্পশেশ মম হি পরিম্টেশ্নিরগণো,
বিকারশৈচতনাং শ্রমর্থিত সম্শমীল্যতি চা॥"*

যাহার পক্ষে-

"ম্লানস্য জীবকুস্মুমস্য বিকাশনানি, সন্তর্পণানি সকলোন্দ্রিয়মোহনানি। এতানি তে স্বতনানি সরোর্হাক্ষি, কর্ণাম্তানি মনসশ্চ রসায়নানি॥†

যাহার বাহ, সীতার চিরকালের উপাধান.—

"আবিবাহসময়াদ্গুহে বনে, শৈশবে তদন, যৌবনে পুনঃ। স্বাপহেত্রন্পাশ্রিতোহন্যয়া, রামবাহঃবঃপধানমেষ তে॥"‡

যার পত্নী---

——"গেহে লক্ষ্মীরিয়মম্তবিত্তনিয়নয়োরসাবস্যাঃ স্পর্শো বপর্বি বহর্লশ্চন্দনরসঃ।
ত্বাং কণ্ঠে বাহরঃ শিশিরমস্ণো মৌক্তিকসরঃ।"§

তাহার কি কণ্ট, কি সর্প্রনাশ, কি জাবিনসন্প্রস্বধরংসাধিক ঘল্রণা! তৃতীয়াঙেক সেই যন্ত্রণার উপযুক্ত চিত্র প্রণয়নের উদ্যোগেই প্রথমাঙেক কবি এই প্রণয় চিত্রিত করিয়াছেন। এই প্রণয় সন্প্রপ্রাক্রকর মধ্যাহস্ম্যা—সেই বিরহ্যক্রণা ইহার ভাবী করালকাদন্বিনী,—যদি সে মেঘের কালিমা অনুভব করিবে, তবে আগে সেই স্থেরির প্রথরতা দেখ। বদি সেই অনন্ত

* "এক্ষণে আমি সুখভোগ করিতেছি, কি দুঃখভোগ করিতেছি; নিদ্রিত আছি, কি জাগরিত আছি; কিন্বা কোন বিষপ্রবাহ দেহে রক্তপ্রবাহের সহিত মিশ্রিত হইয়া, আমার এর প অবস্থা ঘটাইয়া দিয়াছে, অথবা মদ (মাদক দ্রব্য সেবন) জনিত মন্ততাবশতঃ এর প হইতেছে, ইহার কিছুই স্থির করিতে পারিতেছি না"।—ন্সিংহবাব্রে অনুবাদ, ৩০ প্রতা।

এই প্রবন্ধ ন্সিংহবাব্র অন্বাদের সমালোচনা উপলক্ষে লিখিত হইয়াছিল। অতএব সে অন্বাদ

সৰ্বাঙ্গে সম্পূৰ্ণ না হইলেও তাহাই উদ্ধৃত হইবে।

† "কমলনরনে! তোমার এই বাকাগত্নি, শোকাদিসস্তপ্ত জীবনর্প কুস্মের বিকাশক, ইন্দিরগণের মোহন ও স্তপশিস্বর্প, কর্ণের অম্তস্বর্প, এবং মনের গ্লানিপরিহারক (রসায়ন) ঔষধস্বর্প।" ঐ ৩১ প্রা।

"রামবাহ্র বিবাহের সময় হইতে, কি গুহে, কি বনে, সর্ব্বর্তই শৈশবাক্সায় এবং পরে যৌবনা-

বস্থাতেও তোমার উপাধানের (মাথায় দিবার বালিসের) কার্য্য করিয়াছে।" ঐ ৩১ প্রন্থা।

§ "ইনিই আমার গ্রের লক্ষ্মীম্বর্প, ইনিই আমার নয়নের অম্তশলাকাম্বর্প, ই'হারই এই ম্পর্শ গাত্রলয় চন্দনম্বর্প স্থপ্রদ, এবং ই'হারই এক বাহ্ম আমার কণ্ঠস্থ দাতিল এবং কোমল ম্কাহারম্বর্প।" ঐ ৩১ প্রতা।

বিস্তৃত অন্ধকারময় দৃঃখসাগরের ভীষণ স্বর্প অন্তব করিবে, তবে এই স্কুলর উপক্ল,— প্রাসাদশ্রেণীসম্বজ্বল, ফলপ্রপপরিশোভিত ব্ক্ষবাটিকাপরিমন্তিত এই স্বর্পস্থময় উপক্ল দেখ। এই উপক্লেশ্বরী সীতাকে রামচন্দ্র নিদ্রিতাবস্থায় ঐ অতলস্পাশী অন্ধকারসাগরে ভূবাইলেন।

আমরা সেই মনোমোহিনী কথার ক্রমশঃ সমালোচনা করিব।

অঞ্কমনুথে, লক্ষ্ণা রাম সীতাকে একখানি চিত্র দেখাইতেছেন। জনকাদির বিচ্ছেদে দনুষ্মনায়মানা গভিনী সীতার বিনোদনার্থ এই চিত্র প্রস্তুত হইয়াছিল। তাহাতে সীতার অগ্নিশন্দ্ধি পর্যন্ত রামসীতার প্রেব্তান্ত চিত্রিত হইয়াছিল। এই "চিত্রদর্শন" কেবল প্রেমপ্রিপ্র্—ক্ষেহ যেন আর ধরে না। কথায় কথায় এই প্রেম। যথন অগ্নিশন্দ্ধির কথার প্রসঙ্গান্তে রাম, সীতাবমাননা ও সীতার পীড়ন জন্য আত্মতিরক্ষার করিতেছিলেন—তখন সীতার কেবল "হোদ্ অজ্জউত্ত হোদ্—এহি পেক্খন্ধা দাব দে চরিদং"—এই কথাতেই কত প্রেম! যথন মিথিলাব্তান্তে সীতা রামের চিত্র দেখিলেন, তখন কত প্রেম উছলিয়া উঠিল! সীতা দেখিলেন,

"অন্ধাহে দলগ্লবণীলন্প প্লসামলসিণিদ্ধমসিণসোহমাণমংসলেন দেহসোহগ্গেগ বিদ্ধাঅখি-মিদতাদদীসমাণসোম্মসন্ম্বসিরী অনাদরখ্ংডিদসঙ্করসরাসণো সিহণ্ডমন্দ্ধমন্হমণ্ডলো অজ্জ-উত্তো আলিহিদো।"।*

যখন রাম, সীতার বধ্বেশ মনে করিয়া বলিলেন,

প্রতন্ত্রিরলৈঃ প্রান্তোক্ষীলক্ষনোহরকুন্তলৈদর্শনম্বুকুলম্দ্ধালোকং শিশব্দ্ধতী ম্ব্যম্।
ললিতললিতৈজ্যোংলাপ্রায়েরকৃত্রিমবিভ্রমেরক্ত মধ্রেরক্বানাং মে কুত্ত্লমঙ্গকৈঃ॥—†

যখন গোদাবরীতীর স্মরণ করিয়া কহিলেন,

কিমাপ কিমাপ মন্দং মন্দমাসন্তিযোগা-দবিরলিতকপোলং জন্পতোরক্রমেণ। অশিথলপাররম্ভব্যাপ্তৈকৈকদোকো-রবিদিতগত্যামা রাহিরেব ব্যরংসীং॥±

যখন যম্নাতটম্থ শ্যামবট সমরণ করিয়া কহিলেন,

অলসল,লিতম্ন্ধান্যধ্বসঞ্জাতথেদাদািশথিলপরিরউেদ ত্তসংবাহনানি।
পরিম্দিতম্ণালীদ্বর্ধলান্যক্দািন,
ত্বমূর্সি মম কৃত্যা যত নিদ্রামবাপ্তা॥
১

* আহা! আর্ব্যপ্তের কি স্কের চিত্র! প্রফ্রপ্রায় নবনীলোৎপলবং শ্যামলীরশ্ধ কোমল শোভাবিশিষ্ট কি দেহ-সৌন্দর্য্য! কেমন অবলীলাক্রমে হরধন্ ভাঙ্গিতেছেন, মুখ্মন্ডল কেমন শিখন্ডে শোভিত! পিতা বিশ্মিত ইইয়া এই স্কের শোভা দেখিতেছেন! আহা কি স্কের!

া "মাত্রণ তৎকালে বালা জানকীর অঙ্গসোষ্ঠবাদি দেখিয়া কি স্খীই ইইয়াছিলেন, এবং ইনিও অতি স্ক্রু স্ক্রু ও অনতি-নিবিড় দন্তগর্লি, তাহার উভয়পার্যস্থ মনোহর কুন্তলমনোহর মুখন্তী, আর স্ক্রুর চন্দ্রকিরণ-সদৃশ নিম্মল এবং কৃত্রিমবিলাসরহিত ক্রুর ক্রুর হন্ত-পদাদি অঙ্গদ্বারা তাঁহাদের আনন্দের একশেষ করিয়াছিলেন।" ন্সিংহবাব্র অন্বাদ। এই কবিতাটি বালিকা বধ্র বর্ণনার চ্ডান্ত।

‡ "একচ শরন করিয়া পরস্পারের কপোলদেশ পরস্পারের কপোলের সহিত সংলগ্ন করিয়া এবং উভরে এক এক হস্ত দ্বারা গাঢ় আলিঙ্গন করিয়া অনবরত ম্দুস্বরে ও যদ্চ্চাক্রমে বহুবিধ গল্প করিতে করিতে অভ্যাতসারে রাহ্যি অতিবাহিত করিতাম।"

§ "রেখানে তুমি পথজনিত পরিপ্রমে ক্লান্তা হইয়া ঈষং কম্পবান, তথাপি মনোহর এবং গাঢ় আলিকনকালে অত্যন্ত মর্ম্পন্দারক, আর দলিত ম্থালিনীর ন্যার ম্লান ও দ্বর্শল হন্তাদি অঙ্গ আমার বৃদ্ধান্তলে রাখিয়া নিদ্রা গমন করিয়াছিলে।" ন্সিংহবাব্র অনুবাদ।

बिष्का ब्रह्मावनी

যথন নিদ্রাভঙ্গান্তে রামকে দেখিতে না পাইয়া কৃত্রিম কোপে সীতা বলিলেন,— ভোদ, কৃবিস্মং জই তং পেক্খমাণা অন্তলো পহবিস্মং।*

তখন কত প্রেম উছলিয়া উঠিতেছে! কিন্তু এই অতি বিচিত্র কবিত্বকোশলময় চিত্রদর্শনে আরও কতই স্কুলর কথা আছে! লক্ষ্মণের সঙ্গে সীতার কোতুক, "বচ্ছ ইঅং বি অবরা কা?" —িমিথলা হইতে বিবাহ করিয়া আসিবার কথায় দশরথকে রামের স্মরণ—"স্মরামি! হন্ত স্মরামি!" মন্থরার কথায় রামের কথা অন্তরিতকরণ ইত্যাদি। স্প্রনিথার চিত্র দেখিয়া সীতার ভয় আমাদের অতি মিন্ট লাগে,—

সীতা। হা অজ্জউত্ত এত্তিঅং দে দংসণং।

রামঃ। অরি বিপ্রয়োগতন্তে! চিত্রমেতং।

সীতা। যধাতধা হোদ, দক্জণো অস্ত্রং উপ্পাদেই।†

স্ত্রীচরিত্র সম্বন্ধে এটি অতি স্ক্রমিষ্ট ব্যঙ্গ; অথচ কেবল ব্যঙ্গ নহে।

কালিদাসের বর্ণনাশক্তি অতি প্রসিদ্ধ, কিন্তু ভবভূতির বর্ণনাশক্তিও উত্তম। কালিদাসের বর্ণনা তাঁহার অতুল উপমাপ্রয়োগের দ্বারা অত্যন্ত মনোহারিণী হয়। ভবভূতির উপমাপ্রয়োগ মতি বিরল; কিন্তু বর্ণনীয় বস্তু তাঁহার লেখনীমুখে স্বাভাবিক শোভার অধিক শোভা ধানণ করিয়া বসে। কালিদাস, একটি একটি করিয়া বাছিয়া বাছিয়া স্কুদ্র সামগ্রীগর্নল একতিত করেন; স্কুদ্র সামগ্রীগর্নলর সঙ্গে তদীয় মধ্র ক্রিয়া সকল স্কুচিত করেন, তাহার উপর আবার উপমাছেলে আরও কতকগর্নলন স্কুদ্র সামগ্রী আনিরা চাপাইয়া দেন। এজন্য তাঁহার কৃত বর্ণনা, যেমন স্বভাবের অবিকল অনুরূপ, তেমনি মাধ্রগারিপ্রেণ হয়; বীভংসাদি রসে কালিদাস সেই জন্য সফল হয়েন না। ভবভূতি বাছিয়া বাছিয়া মধ্র সামগ্রী সকল একত্রিত করেন না; যাহা বর্ণনীয় বস্তুর প্রধানাংশ বলিয়া বোধ করেন, তাহাই অভিকত করেন। দুই চারিটা স্কুল কথায় একটা চিত্র সমাপ্ত করেন—কালিদাসের ন্যায় কেবল বাসয়া বসিয়া তুলি ঘ্রেন না। কিন্তু সেই দুই চারিটা কথায় এমন একট্ব রস ঢালিয়া দেন যে, তাহাতে চিত্র অত্যন্ত সম্কুজ্বল, কথন মধ্র, কথন ভয়ৎকর, কথন বীভংস হইয়া পড়ে। মধ্রে কালিদাস অদ্বিতীয় —উংকটে ভবভূতি।

উপরে উত্তরচরিতের প্রথমাধ্ক হইতে উদাহরণস্বর্প কতকগ্নিলন বর্ণনা উদ্ধৃত হইরাছে.

—যথা রামচন্দ্র ও জানকীর পরস্পরের বর্ণিত বরকন্যা র্প। ভবভূতির বর্ণনাশক্তির বিশেষ
পরিচয়—দ্বিতীয় ও তৃতীয়াধ্কে জনস্থান এবং পণ্ডবটী এবং ষণ্ঠাধ্কে কুমার্রাদগের যুদ্ধ।
প্রথমাধ্ক হইতে আমরা আর একটি সংক্ষিপ্ত উদাহরণ উদ্ধৃত করি।

"বচ্ছ, এসো কুস্মিদকঅন্বতর্ত ভবিদবরহিণো কিরামহে আ গিরী, জত্থ অনুভাব-সোহগ্রমেন্তপরিসেস্থ্সরসিরী মুহুর্ত্তং মুচ্ছন্তো তৃএ পর্ন্দিএণ অবলন্বিদো তর্অলে অভ্যাতনো আলিহিদো।" ±

দুইটিমাত্র পদে কবি কত কথাই ব্যক্ত করিলেন! কি কর্ণরসচরমস্বর্প চিত্র স্জিত করিলেন!

চিত্র দর্শনান্তে সীতা নিদ্রা গেলেন। ইত্যবসরে দুর্ম্মর্থ আসিয়া সীতাপবাদ স্বাদ রামকে শুনাইল। রাম সীতাকে বিসম্প্রন করিবার অভিপ্রায় করিলেন।

রামচন্দ্রের চরিত্র নিন্দেশিষ, অকলঙ্ক, দেবোপম বলিয়া ভারতে খ্যাত, কিন্তু বস্তুতঃ বালমীকি কখন রামচন্দ্রকে নিন্দেশিষ বা সন্ধাগদ্মিত বলিয়া প্রতিপন্ন করিতে ইচ্ছা করেন নাই। রামায়ণগীত প্রীরামচন্দ্রের চরিত্রের অনেক দোষ, কিন্তু সে সকল দোষ গুণাতিরেকমাত্র। এই জন্য

- * ट्रोक-काभि ताभ कितव-यिम जौदारक एमिश्रा ना जूनिया यारे।
- † সীতা। হা আর্যাপ্তে, তোমার সঙ্গে এই দেখা। রাম। বিরহের এত ভয়—এ যে চিত্র।

भौजा। यादादे दुष्ठेक ना-मुम्बर्गन दुलारे मन्म घटात्र।

‡ কংস, এই যে পশ্বতি, বদুসারে কুসামিত কদন্দে ময়রেরা পাছে ধারতেছে—উহার নাম কি? দেখিতেছি, তর্তলে আর্থ্যপার লিখিত—তাহার পাশ্বসোদ্দর্শ্বের পরিশেষমার ধাসর প্রীতে তাহাকে চেনা বাইতেছে। তিনি মহামাহেঃ মাছে। বাইতেছেন—কাদিতে কাদিতে তুমি তাহাকে ধরিরা আছে।

বিবিধ প্রবন্ধ—উত্তরচরিত

তাঁহার দোষগন্দিনও মনোহর। কিন্তু গাণাতিরেকে যে সকল দোষ, তাহা মনোহর হইলেও দোষ বটে। প্রশারাম অতিরিক্ত পিতৃভক্ত বলিয়া মাতৃহস্তা, তাহা বলিয়া কি মাতৃবধ দোষ নহে? পাশ্ডবেরা মাতৃ-কথার অতিরিক্ত বশ বলিয়া একটি পদ্মীর পণ্ড স্বামী, তাই বলিয়া কি অনেকের একপদ্মীত্ব দোষ নয়?

রামচন্দ্রও অনেক নিন্দনীয় কর্ম্ম করিয়াছেন।—যথা বালিবধ। কিন্তু তিনি যে সকল অপরাধে অপরাধী, তন্মধ্যে এই সীতা বিসম্প্রনাপরাধ সর্বাপেক্ষা গ্রহতর। গ্রীরামের চরিত্র কোন্ দোষে কল্নবিত করিয়া কবি তাঁহাকে এই অপরাধে অপরাধী করিয়াছেন, তাহার আলোচনা করা যাউক।

যাঁহারা সামাজ্য শাসনে বতী হয়েন, প্রজারজন তাঁহাদিগের একটি মহদ্ধর্ম। গ্রীক ও রোমক ইতিব্রে ইহার অনেক উদাহরণ প্রকাশিত আছে। কিন্তু ইহার সামাও আছে। সেই সামা আতিক্রম করিলে, ইহা দোষর্পে পরিণত হয়। যে রাজা প্রজার হিতার্থ আপনার আহিত করেন, সে রাজার প্রজারঞ্জনপ্রবৃত্তি গ্র্ণ। ব্রুটস কৃত আত্মপ্রের বধদন্ডাজ্ঞা এই গ্রেণর উদাহরণ। যে রাজা প্রজার প্রিয় হইবার জন্য হিতাহিত সকল কার্য্যেই প্রবৃত্ত, সেই রাজার প্রজারঞ্জনপ্রবৃত্তি দোষ। নাপোলেয়নদিগের যুদ্ধে প্রবৃত্তি ইহার উদাহরণ। রোবস্পীর ও দাতোকৃত বহু প্রজাবধ ইহার নিকৃষ্টতর উদাহরণ।

ভবভূতির রামচন্দ্র এই প্রজারঞ্জনপ্রবৃত্তির বশীভূত হইয়া সীতাকে বিসম্প্রনি করেন। অনেকে স্বার্থসিদ্ধির জন্য প্রজারঞ্জক ছিলেন। কিন্তু রামচন্দ্রের চরিত্রে স্বার্থপরতামাত্র ছিলানা। স্তরাং তিনি স্বার্থ জন্য প্রজারঞ্জনে রতী ছিলোন না। প্রজারঞ্জন রাজাদিগের কর্ত্তব্য বিলয়াই, এবং ইক্ষনাকুবংশীয়দিগের কুলধর্ম্ম বিলয়াই তাহাতে তাঁহার এতদ্রে দার্চ্য। তিনি অন্টাবক্রের সমক্ষে প্রেব্র বিলয়াছিলেন,

স্নেহং দয়াং তথা সোখাং যদি বা জানকীমপি। আরাধনায় লোকস্য মুঞ্চতো নাস্তি মে ব্যথা॥*

এবং দুর্ম্ম্থের মুখে সীতার অপবাদ শুর্নিয়া বলিলেন,

সতাং কেনাপি কার্যোগ লোকস্যারাধনম্ বতং। যৎ প্রিভতং হি তাতেন মাঞ্চ প্রাণাংশ্চ মঞ্চতা॥ †

ভবভূতির রামচন্দ্র এই বিষম দ্রমে দ্রান্ত হইয়া কুলধন্দর্ম এবং রাজধন্দর্ম পালনার্থ, ভার্য্যাকে পবিত্রা জানিয়াও ত্যাগ করিলেন। রামায়ণের রামচন্দ্র সের্পু নহেন। তিনিও জানিতেন যে, সীতা পবিত্রা.—

অন্তরাম্মা চ মে বেত্তি সাঁতাং শাক্ষাং যশন্বিনীম্।
তিনি কেবল রাজকুলসালভ অকীর্তিশঙ্কাবশতঃ পবিত্রা পতিমান্তজীবিতা পদ্পীকে ত্যাগ
করিলেন। "আমি রাজা শ্রীরামচন্দ্র ইক্ষনাকুবংশীয়, লোকে আমার মহিষীর অপবাদ করে।
আমি এ অকীর্ত্তি সহিব না—যে স্থার লোকাপবাদ, আমি তাহাকে ত্যাগ করিব।" এইর্প
রামায়ণের রামচন্দের গবিতি চিক্তভাব।

বান্ত্রবিক সন্প্রত্রই, রামায়ণের রামচন্দ্র হইতে ভবভূতির রামচন্দ্র অধিকতর কোমলপ্রকৃতি। ইহার এক কারণ এই, উভয় চরিত্র, গ্রন্থ রচনার সময়োপযোগী। রামারণ প্রাচীন গ্রন্থ। কেহ কেহ বলেন যে, উত্তরকান্ড বাল্মীকিপ্রদীত নহে। তাহা হউক বা না হউক, ইহা যে প্রাচীন রচনা, তদ্বিষয়ে সংশয় নাই। তখন আর্য্যজ্ঞাতি বীরজ্ঞাতি ছিলেন। আর্য্য রাজগণ বীরস্বভাবসন্পন্ন ছিলেন। রামায়ণের রাম মহাবীর, তাঁহার চরিত্র গাস্ত্রীর্য্য এবং ধৈর্যাপরিপূর্ণ। ভবভূতি যংকালে কবি—তখন ভারতব্যীর্য়েরা আর সে চরিত্রের নহেন। ভোগাকাঞ্কা, অলসাদির দ্বারা, তাহাদের

^{* &}quot;প্রজারঞ্জনের অনুরোধে ল্লেহ, দয়া, আত্মসুখ, কিম্বা জানকীকে বিসদ্র্র্জন করিতে হইলেও আমি কোনরূপ ক্লেশ বোধ করিব না।" নৃসিংহবাব্র অনুবাদ।

^{† &}quot;লোকের আরাধনা করা সাধ্য ব্যক্তিদের পক্ষে সন্ধ্যতোভাবেই বিধের, এবং এইটি তাঁহাদের পক্ষে মহংরতস্বর প। কারণ, পিতা আমাকে এবং প্রাণ পরিত্যাগ করিয়াও তাহ। প্রতিপালন করিয়াছিলেন।"—ঐ

र्वाष्क्रम ब्रह्मावली

চরিত্র কোমলপ্রকৃতি হইয়াছিল। ভবভূতির রামচন্দ্রও সেইর্প। তাঁহার চরিত্রে বীরলক্ষণ কিছ্ই নাই। গান্তীর্য্য এবং ধৈর্য্যের বিশেষ অভাব। তাঁহার অধারতা দেখিয়া কথন কথন কাপ্রেষ্ বিলিয়া ঘ্লা হয়। সীতার অপবাদ শর্নানয়া ভবভূতির রামচন্দ্র যে প্রকার বালিকাস্লভ বিলাপ করিলেন, তাহাই ইহার উদাহরণ স্থল। তিনি শর্নায়াই ম্ছিত হইলেন। তাহার পর দ্মর্থর কাছে অনেক কাদাকাটা করিলেন। অনেক স্কার্শ বক্তা করিলেন। তন্মধ্যে অনেক সকর্শ কথা আছে বটে, কিন্তু এত বাগাড়েন্বরে কর্শরসের একট্ব বিঘা হয়। এত বালিকার মত কাদিলে রামচন্দ্রের প্রতি কাপ্রেষ্ব বলিয়া ঘ্লা হয়। উদাহরণ:—

"হা দেবি দেবৰজনসভবে! হা শ্ৰজন্মান গ্ৰহপবিত্ৰিতবসন্ধৰে! হা নিমিজনকবংশনিশিনি! হা পাৰকব্শিষ্ঠাৰ স্থতীপ্ৰশৃত্তশীলশালিনি! হা ৰামময়জীবিতে! হা মহাৰণ্যবাসপ্ৰিয়স্থি! হা

প্রিয়স্তোকবাদিনি! কথমেবংবিধায়ান্তবায়মীদৃশঃ পরিণামঃ!"*

এইবৃপ স্থলে রামায়ণের রামচন্দ্র কি করিয়াছেন? কত কাঁদিয়াছেন? কিছুই না। মহাবীর-প্রকৃত শ্রীরাম সভামধ্যে সীতাপবাদের কথা শ্নিনলেন। শ্নিনয়া সভাসদ্গণকে কেবল এই কথা জিজ্ঞাসা করিলেন, "কেমন, সকলে কি এইর্প বলে?" সকলে তাহাই বলিল। তথন ধীরপ্রকৃতি রাজা আর কাহাকে কিছু না বলিয়া সভা হইতে উঠিয়া গেলেন। মুর্চ্ছাও গেলেন না,—মাথাও কুটিলেন না—ভূমেও গড়াগড়ি দিলেন না। পরে নিভ্ত হইয়া, কাতরতাশ্ন্যা ভাষায় দ্রাতৃবর্গকে ডাকাইলেন। শ্রাতৃগণ আসিলে, পর্বাতবৎ অবিচলিত থাকিয়া, তাইাদিগকে আপন অভিপ্রায় জানাইলেন। বাললেন, "আমি সীতাকে পবিত্রা জানি—সেই জন্যই গ্রহণ করিয়াছিলাম—কিন্তু এক্ষণে এই লোকাপবাদ! অতএব আমি সীতাকে ত্যাগ করিব।" স্থিরপ্রতিক্ত হইয়া লক্ষ্যণের প্রতি রাজাক্তা প্রচার করিলেন, "তুমি সীতাকে বনে দিয়া আইস।" যেমন অন্যান্য নিত্যনিমিত্তিক রাজনার্যো রাজান্টেরকে রাজা নিযুক্ত করেন, সেইর্প লক্ষ্মণকে সীতাবিসক্রানি নিযুক্ত করিলেন। চক্ষে জল, কিন্তু একটিও শোক-স্টক কথা ব্যবহার করিলেন না। "মন্মাণি কৃন্ততি" ইত্যাদি বাক্য সীতাবিয়োগাশণকায় নহে—অপবাদ সন্বন্ধে। তথাপি তাঁহার এই করটি কথায় কত দ্বঃখই আমরা অন্তুত করিতে পারি! এই স্থল উত্তরকাণ্ড হইতে উদ্ধৃত এবং অনুবাদিত করিলাম।

তলৈ তলৈ তাৰতং শ্রুষা রাঘবঃ পরমার্ত্রবং।
উবাচ স্কুদঃ সর্বান্ কথমেতদ্বদ্তু মাম্॥
সবের্ব তু শিরসা ভূমার্বভিবাদ্য প্রণম্য চ।
প্রত্যুচ্ রাঘবং দীনমেবমেতর সংশয়ঃ॥
শ্রুষা তু বাকাং কাকুংস্থঃ সবের্বাং সম্দারিতম্।
বিস্জুরামাস তদা বয়স্যান্ শর্স্দুদনঃ॥
বিস্জুর তু স্কুদ্বর্গং ব্দ্ধা নিশ্চিত্য রাঘবঃ।
সমীপে দ্বাস্থ্যাসনিমিদং বচনমন্ত্রবীং॥
শীঘ্রমানর সোমিহিং লক্ষ্মাণং শ্ভলক্ষণং।
ভরতং চ মহাভাগং শহ্বুমুস্পরাজিতং॥

তে তু দৃষ্টনা মৃখং তথ্য সগ্রহং শশিনং যথা।
সন্ধ্যাগতিমিবাদিত্যং প্রভয়া পরিবন্ধিত তং॥
বাষ্পপ্রেণ চ নয়নে দৃষ্টনা রামস্য ধীমতঃ।
হতশোভং যথা পক্ষং মৃখ্যুকীক্ষা চ তস্য তে॥
ততোহভিবাদ্য ছরিতাঃ পাদো রামস্য মৃদ্ধভিঃ।
তন্তঃ সমাহিতাঃ সর্বের্ব রামস্ক্রগুণাবিত্র রং॥

* "হা দেবি যজ্জত্মিসভবে! হা জন্মগ্রহণপবিতিত্বস্করে! হা নিমি এবং জনকবংশের আনন্দদাতি! হা আরি বশিষ্ঠদেব এবং অর্কতীসদৃশ প্রশংসনীয়চরিতে! হা রামময়জীবিতে! হা মহাবনবাসপ্রিয়সহচরি! হা মধ্রভাবিলি! হা মিতবাদিনি! এইর্প হইয়াও শেষে তোমার অদ্ভেট এই ঘটিল।"—ন্সিংহবাব্র অন্বাদ।

বিবিধ প্রবন্ধ—উত্তরচরিত

তান পরিব্বজা বাহ,ভ্যাম,খাপ্য চ মহাবলঃ। আসনেত্বাসতেত্যক্তবা ততো বাকাং জগাদ হ॥ ভবস্তো মম সৰ্বস্বং ভবস্তো জীবিতং মম। ভবন্তিশ্চ কৃতং রাজ্যং পালয়ামি নরেশ্বরাঃ॥ ভবস্তঃ কুতশাস্ত্রার্থা বৃদ্ধ্যা চ পরিনিষ্ঠিতাঃ। সংভয় চ মদর্থোহ রমন্বেষ্ট্রো নরেশ্বরাঃ॥ তথা বদতি কাকুৎস্থে অবধানপরায়ণাঃ। উদ্বিমনসঃ স্বেব্ কিন্তু রাজাভিধাস্যতি॥ তেষাং সম্পবিষ্টানাং সব্বেষাং দীনচেতসাম্। উবাচ বাকাং কাকুৎস্থো মুখেন পরিশ ষ্যতা॥ সর্বে শৃণ্ত ভদ্রং বো মা কুরধরং মনোহন্যথা। পোরাণাং মম সীতায়া যাদৃশী বর্ত্ততে কথা॥ পোরাপবাদঃ স্মহান্ তথা জনপদস্য চ। বর্ত্ততে ময়ি বীভংসা সা মে মন্মাণি কুন্ততি॥ অহং কিল কুলে জাত ইক্ষাক্ণাং মহাত্মনাম্। সীতাপি সংকুলে জাতা জনকানাং মহাত্মনাম্॥

অন্তরাত্মা চ মে বেত্তি সীতাং শক্ষাং যশস্বিনীম্। ততো গ্হীআ বৈদেহীমযোধ্যামহমাগতঃ॥ অয়ং তুমে মহান্ বাদঃ শোকশ্চ হাদি বর্ততে। পোরাপবাদঃ সমহাংস্তথা জনপদস্য চ। অকীর্ত্তির্যস্য গীয়েত লোকে ভূতস্য কস্যাচিং॥ পতত্যেবাধমাপ্লোকান্ যাবচ্ছব্দঃ প্রকীর্ত্তাতে। অকীর্ত্তিনিন্দ্যতে দেবৈঃ কীর্ত্তিলোকেষ, প্রজ্ঞাতে॥ কীর্ত্তার্থাং তু সমারম্ভঃ সর্বেষাং স্ক্রেয়ানাম্। অপ্যহং জীবিতং জহ্যাং युष्पान् বা পুরুষ্য ভাঃ ॥ [অপবাদভয়ান্তীতঃ কিং প্রনর্জনকাম্বজাম ।] তস্মান্তবন্তঃ পশ্যন্ত পতিতং শোকসাগরে॥ নহি পশ্যাম্যহং ভূতে কিঞ্চিদ্দঃখমতোহধিকং। স দং প্রভাতে সৌমিত্রে স্মান্ত্রাধিষ্ঠিতং রথং॥ আরুহ্য সীতামারোপ্য বিষয়ান্তে সমুৎসূজ। গঙ্গায়ান্ত পরে পারে বাল্মীকেন্ত মহাত্মনঃ॥ আশ্রমো দিবাসজ্বাশস্তমসাতীরমাশ্রিতঃ। তঠৈনাম্বিজনে দেশে বিস্কা রঘুনন্দন॥ শীঘ্রমাগচ্ছ সৌমিত্রে করুত্ব বচনং মম। ন চাস্মিন্ প্রতিবক্তবাঃ সীতাং প্রতি কথগুন॥ তস্মাতং গচ্ছ সৌমিত্রে নাত্র কার্য্যা বিচারণা। অপ্রীতিহি পরা মহ্যং ছয়ৈতং প্রতিবারিতে॥ শাপিতা হি ময়া য্রং পাদাভ্যাং জীবনেন চ। य भाः वाकााख्यत ब्रुब्र्ब्न्यूर्न्स् कथ्छन। অহিতানাম তে নিতাং মদভীষ্টবিঘাতনাং॥ মানরস্তু ভবস্তো মাং যদি মচ্ছাসনে স্থিতাঃ। ইতোহদ্য নীয়তাং সীতা কুরুম্ব বচনং মম॥*

^{*} অনুবাদ। তাহার এই মত কথা শ্নিরা রাম, পরম দ্বেখিতের ন্যার স্কং সকলকে জিজ্ঞাসা করিলেন, "কেমন, এইর্প কি আমাকে বলে?" সকলে ভূমিতে মন্তক নত করিয়া অভিবাদন ও প্রশাম

এই রচনা অতি মনোমোহিনী। রামায়ণের রাম ক্ষান্তর, মহোজ্জনককুলসভ্জ্ক, মহাতেজন্তী। তিনি পৌরাপবাদ প্রবণে, হাদ্বিদ্ধ সিংহের ন্যায় রোষে দৃঃথে গঙ্জন করিয়া উঠিলেন। ভবভূতির রামচন্দ্র তৎপরিবর্ত্তে স্ত্রীলোকের মত পা ছড়াইয়া কাঁদিতে বসিলেন। তাঁহার ক্রন্দনের কিয়দংশ প্রেবই উদ্ধৃত করিয়াছি। রামায়ণের সঙ্গে তুলনা করিবার জন্য অবশিষ্টাংশও উদ্ধৃত করিলাম।

রাম। হা কণ্টমতিবীভংসকম্মা নৃশংসোহস্মি সংবৃত্তঃ
শৈশবাং প্রভৃতি পোষিতাং প্রিয়াং
সোহদাদপ্থগাশয়ামিমাম্।
ছম্মনা পরিদদামি মৃত্যবে
সোনিকো গৃহশকুভিকামিব॥
তং কিমস্পশ্নীয়ঃ পাতকী দেবীং দ্যধামি।
[সীতায়াঃ শিরঃ শৈবরম্মময্য বাহ্মাক্ষ্ন্]
অপ্রেক্ম্মানভালময়ি মুদ্ধে বিমৃণ্ড মাম্।
প্রিতাসি চন্দনদ্রভ্যা দুক্পিকং বিষ্দুম্ম্॥

করিয়া, দুঃখিত রাঘবকে প্রত্যুক্তরে কহিল, "এইর্পই বটে—সংশয় নাই।" তখন শহ্দনন রামচন্দ্র সকলের এই কথা শানুনিয়া বয়স্বগাঁকে বিদায় দিলেন। বয়ন্বগাঁকে বিদায় দিয়া, বাদিয় দায়া, বাদিয় দায়া অবধারিত করিয়া সমীপে আসীন দোবারিককে এই কথা বালিলেন যে, শা্ভলক্ষণ সামিত্রা-নন্দন লক্ষ্যাকে ও মহাভাগ ভরতকে ও অপরাজিত শহ্মাকে শীয় আন। * * * তাঁহারা রামের মা্থ, রাহ্গুন্ত চন্দের ন্যায় এবং সয়ায়াকালীন আদিত্যের ন্যায় প্রভাহীন দেখিলেন। ধীমান্ রামচন্দ্রের নয়নযা্গল বাল্পপা্র্ণ এবং মায় এবং সয়ায়াকালীন আদিত্যের ন্যায় প্রভাহীন দেখিলেন। ধীমান্ রামচন্দ্রের নয়নযা্গল বাল্পপা্র্ণ এবং মায় প্রত্যালা প্রক্রে কার্যা করিয়া এবং তাঁহার পদয্পল মন্তকে ধারণ করিয়া সকলে সমাহিত হইয়া রহিলেন। রাম অগ্রাপাত করিকে লাগিলেন। পরে বাহ্ম্বালের দ্বায়া তাঁহাদিগকে আলিঙ্গন ও উত্থানপা্র্কিক মহাবল রামচন্দ্র তাঁহাদিগকে "আসনে উপবেশন কর" এই বলিয়া কহিতে লাগিলেন, "হে নরেশ্বরগণ! আমার সন্বাস্ব তোমরা; তোমরা আমার জাবন; তোমাদিগের কৃত রাজ্য আমি পালন করি। তোমরা শাল্চার্থ অবগত; এবং তোমাদের বামি পরিমান্তির করাল রামচন্দ্র তাঁহার লাহ্বালন। বাম করাণ রামচন্দ্র কথা বলিলে অবধানপরায়ণ হাত্গণ, "রাজা কি বলেন" ইহা ভাবিয়া উদ্বিমান্ত হইয়া রহিলেন।

তখন সেই দীনচেতা উপবিষ্ট দ্রাত্রগণকে পরিশ্বেকম্থে রামচন্দ্র বলিতে লাগিলেন, "তোমাদিগের মঙ্গল হউক! আবার সীতার সন্বন্ধে পোরজনমধ্যে ষের্প কথা বর্তিরাছে, তাহা শ্বন—মন অন্যথা করিও না। জনপদে এবং পোরজনমধ্যে আমার স্বমহান্ অপবাদর্প বীভংস কথা রটিয়ছে, আমার তাহাতে মন্মাছেদ করিতেছে। আমি মহাত্মা ইক্ষবাকুদিগের কুলে জনিময়াছি, সীতাও মহাত্মা জনকরাজের সংকুলে জনিময়াছেন। আমার অন্তরাত্মাও জানে ষে, ষণান্বিনী সীতা শ্বেচরিত্রা।

তথন আমি বৈদেহীকে গ্রহণ করিয়া অযোধ্যায় আসিলাম। এক্ষণে এই মহান্ অপবাদে আমার হৃদয়ে শোক বার্ত্তিতেছে। পৌরজনমধ্যে এবং জনপদে স্মহান্ অপবাদ হইয়াছে। লোকে বাহার অকীর্ত্তিগান করে, যাবং সেই অকীর্ত্তি লোকে প্রকীর্ত্তিত হইবে, তাবং সে অধমলোকে পতিত থাকিবে। দেবতারা অকীর্ত্তির নিন্দা করেন, এবং কীর্ত্তিই সকল লোকে প্রকারীয়া। সকল মহাত্মা ব্যক্তিদের যত্ন কীর্ত্তিরই জনা। হে প্রব্রষর্যভগণ, আমি অপবাদভয়ে ভীত হইয়া জীবন ত্যাগ করিতে পারি, সীতার ত কথাই নাই।

অতএব তোমরা দেখ, আমি কি শোকসাগরে পতিত হইয়াছি! আমি ইহার অধিক দৃঃখ জগতে আর দেখি না। অতএব হে সোমিত্রে? তুমি কলা প্রভাতে স্মুন্দ্রাধিষ্ঠিত রথে সাঁতাকে আরোপণ করিয়া স্বরং আরোহণ করিয়া, তাঁহাকে দেশান্তরে ত্যাগ করিয়া আইস। গঙ্গার অপর পারে তমসা নদার তাঁরে মহাত্মা বাল্মীকি মুনির স্বগত্না আশ্রম। হে রঘ্নন্দন! সেই বিজনদেশে তুমি ইংহাকে ত্যাগ করিয়া শীদ্র আইস,—আমার বচন রক্ষা কর—সাঁতাপরিত্যাগ বিষয়ে তুমি ইহার প্রতিবাদ কিছুই করিও না। অতএব হে সোমিত্রে! বাও—এ বিষয়ে আর কিছু বিচার করিবার প্রয়োজন নাই। তুমি র্যদি ইহার বারণ কর, তবে আমার পরমাপ্রীতিকর হইবে। আমি চরণের স্পর্শে এবং জাঁবনের দ্বারা তোমাদিগকে শপ্রথ করাইতেছি যে, যে ইহাতে আমাকে অনুনয় করিবার জন্য কোনরূপ কোন কথা বাজবে, আমার অভীন্টহানি হেতুক তাহার শাহ্ম খ্যাতি নিত্য বার্তিবে। যদি আমার আজ্ঞাবহ থাকিয়া, তোমরা আমাকে সম্মান করিতে চাও, তোমরা তবে আমার বচন রক্ষা কর, অদ্য সাঁতাকে লইয়া যাও।

বিবিধ প্রবন্ধ—উত্তরচরিত

উত্থার। হস্ত বিপর্যান্তঃ সম্প্রতি জীবলোকঃ, অদ্য পর্যাবসিতং জীবিতপ্রয়োজনং রামস্য, শ্নামধ্না জীপারণ্যং জগৎ, অসারঃ সংসারঃ, কন্টপ্রারং শরীরং, অশরণোহস্মি, কিং করোমি, কা গতিঃ। অথবা

> দ্বঃথসংবেদনারৈব রামে চৈতন্যমাহিতম্। মন্মোপঘাতিভিঃ প্রাণেবজুকীলায়িতং স্থিরৈঃ॥

হা অন্ব অর্ক্ষতি, হা ভগবন্তো বশিষ্ঠবিশ্বামিটো, হা ভগবন্ পাবক, হা দেবি ভূতধারি, হা তাত জনক, হা তাত, হা মাতরঃ, হা পরমোপকারিন্ লঞ্চাপতে বিভীষণ, হা প্রিরস্থ মহারাজ্ব স্থাবি, হা সৌম্য হন্মন্, হা সথি গ্রিজটে, দ্বিতাঃ স্থঃ পরিভূতাঃ স্থঃ রামহতকেন। অথবা কোনামাহমেতেষামাহবানে।

> তে হি মন্যে মহাজ্মনঃ কৃত্যে ন দ্বাজ্মনা। ময়া গৃহীতনামানঃ স্পৃশান্ত ইব পাপ্সনা॥

যোহহম।

বিস্তভাদ্রাস নিপত্য লক্ষনিদ্রা-মন্মন্ট্য প্রিয়গ্রিশীং গ্রুস্য শোভাম্। আতৎকস্ফ্রিতকঠোরগর্ভগন্থবীং ক্রান্ড্যো বলিমিব নির্ঘৃণঃ ক্ষিপামি॥ সীতায়ঃ পাদো শিরসি কৃষা। দেবি দেবি, অয়ং পশ্চিমস্তে রামস্য শিরসি পাদপৎকজস্পশ্রঃ ইতি রোদিত।*

ইহার অনেকগর্নিন কথা সকর্ণ বটে, কিন্তু ইহা আর্যাবীর্যাপ্রতিম মহারাজ রামচন্দ্রের মুখ হইতে নিগতি না হইয়া, আধ্বনিক কোন বাঙ্গালি বাব্র মুখ হইতে নিগতি হইলে উপযুক্ত হইত। কিন্তু ইহাতেও কোন মান্য আধ্বনিক লেখকের মন উঠে নাই। তিনি স্বপ্রণীত বাঙ্গালা

* হায় কি কণ্ট! নিষ্ঠুরের মত, কি ঘূণাজনক কর্মাই করিতে প্রবৃত্ত হইয়াছি! বাল্যাবস্থা **হইতে** যাঁহাকে প্রিয়তমা বলিয়া প্রতিপালিত করিয়াছি; যিনি গাঢ় প্রণয়বশতঃ কোন রূপেই আপনাকে আমা হইতে ভিন্ন বোধ করেন না, আজি আমি সেই প্রিয়াকে-মাংসবিক্রয়ী যেমন গৃহেপালিতা পক্ষিণীকে অনায়াসে বধ করে, সেইরূপ ছলক্রমে করাল কালগ্রাসে নিপাতিত করিতে প্রবৃত্ত হইয়াছি। **অতএব** পাতকী সত্তরাং অস্প্রশ্য আমি দেবীকে আর কেন কলঙ্কিত করি? (ক্রমে ক্রমে সীতার মস্তক আপনার বক্ষঃস্থল হইতে নামাইয়া বাহ, আকর্ষণ প্রবিক) আয় মুদ্ধে! এ অভাগাকে পরিত্যাগ কর। আমি অদুষ্ঠ্যর এবং অল্রতপূর্বে পাপ কর্মা করিয়া চণ্ডালত্ব প্রাপ্ত হইয়াছি! হায়! তুমি চন্দনবৃক্ষপ্রমে এই ভয়ানক বিষব ক্ষকে (কি কৃক্ষণেই) আশ্রয় করিয়াছিলে? (উঠিয়া) হায় এক্ষণে জীবলোক উচ্ছিল্ল হইল। রামেরও আর জীবিত থাকিবার প্রয়োজন নাই। এক্ষণে পৃথিবী শ্না এবং জীর্ণ অরণা সদৃশ নীরস বোধ হইতেছে। সংসার অসার হইয়াছে। জীবন কেবলমাত্র ক্লেশের নিদানস্বরূপ বোধ হইতেছে। হার। এতদিনে আশ্রয়বিহীন হইলাম। এখন কি করি (কোথার যাই) কিছুই স্থির করিতে পারিতেছি না। (চিন্তা করিয়া) উঃ! আমার এখন কি গতি হইবে? অথবা (সে চিন্তায় আর কি হইবে?) যাবন্জীবন দুঃখভোগ করিবার নিমিত্তই (হতভাগ্য) রামের দেহে প্রাণবায়্বর সম্ভার হইয়াছিল, নতুবা নিজ জীবন পর্যান্তেও কেন বজ্রের ন্যায় মন্মতেদ করিতে থাকিবে? হা মাতঃ অরুদ্ধতি! হা ভগবন্ বশিষ্ঠদেব! হা মহাজন্ বিশ্বামিত! হা ভগবন্ অগ্নে! হা নিখিল ভূতধাতি ভগবতি বস্কেরে! হা তাত জনক! হা পিতঃ (দশরথ)! হা কোশল্যা প্রভৃতি মাতৃগণ! হা প্রমোপকারিন্ লক্ষাপতি বিভীষণ! হা প্রিয়বন্ধো সূত্রীব! হা সোমা হন্মন! হা স্থি চিজটে! আজি হতভাগ্য পাপিষ্ঠ রাম তোমাদিগের সর্ব্বনাশ (সর্বস্বাপহর্নণ) এবং অবমাননা করিতে প্রবৃত্ত হইয়াছে। (চিন্তা করিয়া) অথবা এই হতভাগ্য এখন তাঁহাদিগের নামোল্লেখ করিবার উপযুক্ত নহে। কারণ, এই পাপাস্থা কৃত্যু পামর কেবলমাত্র সেই সকল মহাত্মাদিগের নাম গ্রহণ করিলেও তাঁহারা পাপস্পৃষ্ট হইবার সম্ভাবনা। যেতেতক আমি দুঢ়বিশ্বাস বশতঃ বক্ষঃশ্বলে নিচিতা প্রেয়সীকে স্বপ্নাবস্থায় উদ্বেগ বশতঃ ঈষং কম্পিত গভাভরে মন্থরা দেখিয়াও অনায়াসেই উন্মোচন পূর্ব্বাক নিন্দায় হদয়ে মাংসাশী রাক্ষসদিগকে উপহারের ন্যায় নিক্ষেপ করিতে সমর্থ হইরাছি। (সীতার চরণম্বর মন্তক্ষারা গ্রহণপূর্ব্বক) দেবি! দেবি! রামের দ্বারা তোমার পদপৎকজের এই শেষ স্পর্শ হইল! (এই বলিয়া রোদন করিতে লাগিলেন।)

গ্রন্থে আরও কিছু বাড়াবাড়ি করিয়াছেন, তাহা পাঠকালে রামের কামা পড়িয়া আমাদিগের মনে হইয়াছিল যে, বাঙ্গালির মেয়েরা শ্বামী বা পুত্রকে বিদেশে চার্কার করিতে পাঠাইয়া

এইরূপ করিয়া কাঁদে বটে।

ভবভূতির পক্ষে ইহা বক্তব্য যে, উত্তরচরিত নাটক: নাটকের উদ্দেশ্য হাচ্চিত্র: রামায়ণ প্রভৃতি উপাখ্যান কাব্যের উদ্দেশ্য ভিন্নপ্রকার। সে উদ্দেশ্য কার্য্যপরম্পরার সরস বিবৃতি। কে কি করিল, তাহাই উপাখ্যান কাব্যে লেখকেরা প্রতীয়মান করিতে চাহেন: সে সকল কার্য্য করিবার সময়ে কে कि ভাবিল, তাহা স্পষ্টীকৃত করিবার প্রয়োজন তাদৃশ বলবং নহে। কিন্তু নাটকে সেই প্রয়োজনই বলবং। নাটককারের নিকট আমরা নায়কের হৃদরের প্রকৃত চিত্র চাহি। সত্তরাং তাঁহাকে চিত্তভাব অধিকতর স্পন্দীকৃত করিতে হয়। অনেক বাগাড়ম্বর আবশ্যক হয়। কিন্তু তথাপি উত্তরচরিতের প্রথমাঞ্চের রামবিলাপ মনোহর নহে। সে কথাগুলিন বীরবাক্য নহে— নবপ্রেমমান্ধ অসারবান যাবকের কথা।

প্রথমাৎক ও দ্বিতীয়ান্ত্রের মধ্যে দ্বাদশবংসর কাল ব্যবধান। উত্তরচরিতের একটি দোষ এই यে, नार्ठेकर्ना क किया मकरलंद भवन्भद कानगठ नेकिंग नारे। এই मन्द्रस উरेप्टेर्म एवेन नामक

সেক্ষপীয়রকৃত বিখ্যাত নাটকের সঙ্গে ইহার বিশেষ সাদৃশ্য আছে।

এই দ্বাদশবংসর মধ্যে সীতা যমল সন্তান প্রসব করিয়া স্বয়ং পাতালে অবস্থান করিলেন, তাঁহার প্রেরা বাল্মীকির আশ্রমে প্রতিপালিত এবং সূমিক্ষিত হইতে লাগিল। রামচন্দ্রের পূর্ব্বপ্রদত্ত বরে দিব্যাস্ত্র তাহাদের স্বতঃসিদ্ধ হইল। এদিকে রামচন্দ্র অশ্বমেধ যজ্ঞানুষ্ঠান করিতে লাগিলেন। লক্ষ্যণের পত্র চন্দ্রকেতু সৈন্য লইয়া যজ্ঞের অশ্বরক্ষণে প্রেরিত হইলেন। কোন দিন রামচন্দ্র দৈবাদেশে জানিলেন যে, শন্ত্রক নামক কোন নীচজাতীয় ব্যক্তি তাহার রাজামধ্যে তপশ্চরণ করিতেছে। ইহাতে তাহার রাজ্যমধ্যে অকালমূত্যু উপস্থিত হইতেছে। রামচন্দ্র ঐ শুদ্র তপস্বীর শিরচ্ছেদ মানসে সশস্তে তাহার অনুসন্ধানে নানা দেশ দ্রমণ করিতে লাগিলেন। শম্বুক পঞ্চবটীর বনে তপঃ করিতেছিল।

্ দ্বিতীয়াঙ্কের বিষ্ক্ষ্তকে মুনিপত্নী আরেয়ী এবং বনদেবতা বাসন্তীর প্রমুখাৎ এই সকল ব্রান্ত প্রকাশ হইয়াছে। যেমন প্রথমান্তেকর প্রবর্ণ প্রস্তাবনা, সের্প অন্যান্য অন্তেকর প্রবর্ণ একটি একটি বিষ্কৃষ্টক আছে। এগুলি অতি মনোহর। কখন বিদুষী ঋষিপত্নী, কখন প্রেমমরী বনদেবী, কখন তমসা মুরলা নদী, কখন বিদ্যাধর বিদ্যাধরী, এইরপে সৌন্দর্য্যময়ী সাণ্টির দ্বারা ভবর্ভাত বিষ্কম্ভক সকল অতি রমণীয় করিয়াছেন। দ্বিতীয়াঞ্চের আরম্ভেই স্কুলর।

যথা:---

অধ্বেশবেশা তাপসী। অয়ে, বনদেবতেয়ং ফলকুস্মুসপল্লবার্ঘেণ মাম্পতিষ্ঠতে। (১) শিক্ষা সম্বন্ধে আত্রেয়ীর কথা বড সন্দর—

> বিতরতি গ্রে: প্রাজ্ঞে বিদ্যাং ষথৈব তথা জড়ে নচ খল্ম তয়োভ্রানে শক্তিং করোতাপহন্তি বা। ভবতি চ তয়োভূয়ান্ভেদঃ ফলং প্রতি তদ্যথা প্রভবতি শ্রচিবিন্বোদ্গ্রাহে মণিন মুদাং চয়ঃ॥ (২)

হরেস্ হেমান উইলসন্ বলেন যে, উত্তরচরিতে কতকগর্লি এমত স্বন্দর ভাব আছে যে, তদপেক্ষা সন্দের ভাব কোন ভাষাতেই নাই। উপরে উদ্ধৃত কবিতা এই কথার উদাহরণস্বরূপ তিনি উল্লেখ করিয়াছেন।

রামচন্দ্র শন্দ্রকের সন্ধান করিতে করিতে পণ্ডবটীর বনে শন্দ্রককে পাইলেন, এবং বজাদারা তাহাকে প্রহার করিলেন। শন্দ্রক দিব্য প্রেষ: রামের প্রহারে শাপমক্ত হইয়া রামকে

⁽১) আহো! এই বনদেবতা ফলপ্রশপ্রস্থার্যের দ্বারা আমার অভ্যর্থনা করিতেছেন।
(২) গ্রের ব্রদ্ধিমান্কে বেমন শিক্ষা দেন, অভ্কেও তদুপ দিয়া থাকেন। কাহারও জ্ঞানের বিশেষ সাহাষ্য বা ক্ষতি করেন না। কিন্তু তথাপি তাহাদের মধ্যে ফলের তারতম্য ঘটে। কেবল নির্ম্মল মণিই প্রতিবিদ্ব গ্রহণ করিতে পারে: মুদ্রিকা তাহা পারে না।

বিবিধ প্রবন্ধ—উত্তরচরিত

প্রণিপাত করিল। এবং জনস্থানাদি রামচন্দ্রের প্রেপ্রিচিত স্থান সকল দেখাইতে লাগিল। উভয়ের কথোপকথনে বনবর্ণনা অতি মনোহর।

> রিমশ্যামাঃ কচিদপরতো ভীষণাভোগর্কাঃ স্থানে স্থানে মুখরককুভো ঝাঙ্কতৈনির্ঝরাণাম্। এতে তীর্থাশ্রমাগরিসারস্যর্তকান্তারমিশ্রাঃ সন্দুশ্যন্তে পরিচিতভূবো দন্ডকারণ্যভাগাঃ॥

এতানি খল্ব সন্ধ্ভিতলোমহর্ষণানি উন্মন্তচ•ডশ্বাপদকুলসঙ্কুলগিরিগহ্বরাণি জনস্থানপর্যান্ত-দীঘারণ্যানি দক্ষিণাং দিশমভিবর্ত্তান্তে। তথাহি

নিম্ক্জিষিতাঃ কচিৎ কচিদপি প্রোচশ্ডসভৃস্বনাঃ স্বেচ্ছাস্পুগভীরভোগভুজগস্বাসপ্রদীপ্তাগ্রয়ঃ। সীমানঃপ্রদরোদরেষ্য বিলসংস্বদপান্তসো যাস্বয়ং

অথৈতানি মদকলময়্রকণ্ঠকোমলচ্ছবিভিরবকীর্ণানি পর্যান্তেরবিরলানিবিষ্টনীলবহলচ্ছায়-তর্ণতর্বত্দািততানি অসম্ভ্রান্তবিবিধম্গয্থানি। পশ্যতু মহান্ভাবঃ প্রশান্তগন্তীরাণি মধ্য-মারণাকানি

তষ্যান্তঃ প্রতিসূর্য্যকৈরজগরন্বেদদ্রবঃ পীয়তে॥

ইহ সমদশকুভাকাভবানীরবীর্ং-প্রসবস্রভিশীতস্বচ্ছতোয়া বহান্ত। ফলভরপরিণামশ্যামজম্বন্নিকুঞ্জ-স্থলনমুখরভারিস্রোতসো নিব্বিগ্যঃ॥

অপিচ

দর্ধাত কুহরভাজামত্র ভল্লকেয্নামন্রসিতগর্র্দি স্থ্যানমন্ত্কতানি।
শিশিরকট্কষায়ঃ স্থ্যায়তে শল্পকীনামিভদলিতবিকীণ্গিল্থানযান্দগন্ধঃ॥ (১)

প্রবন্ধের অসহা দৈঘ্যাশঞ্কায় আর অধিক উদ্ধৃত করিতে পারিলাম না। শন্ব্ক বিদায়ের পর প্নরাগমনপ্র্বক রামকে জানাইলেন যে, অগস্তা রামাগমন শ্নিরা তাঁহাকে আশ্রমে আমন্ত্রিত করিতেছেন। শ্নিয়া রাম তথায় চলিলেন। গমনকালীন ফোণ্ডাবত

(১) এই যে পরিচিতভূমি দন্ডকারণা ভাগ দেখা যাইতেছে। কোথাও রিক্ষশ্যাম, কোথাও ভরত্কর র্ক্ষদ্শা, কোথাও বা নিঝরগণের ঝরঝরশব্দে দিক্ সকল শব্দিত হইতেছে; কোথাও প্রাতীর্থ, কোথাও মনিগণের আশ্রমপদ, কোথাও পর্বত, কোথাও নদ্বী এবং মধ্যে মধ্যে অরণা।

ঐ যে জনস্থান পর্যান্ত দীর্ঘ অরণ্য সকল দক্ষিণাদিকে চলিতেছে। এ সকল সর্ঘালোকলোমহর্ঘণ—
অস্থ্য গিরিগছেরর উম্মন্ত প্রচণ্ড হিংস্তা পশ্মাণে সমাকূল। কোথাও বা একেবারে নিঃশব্দ; কোথাও
পশ্মিণেরে প্রচণ্ড গচ্জনপরিপ্রণ্; কোথাও বা দ্বেচ্ছাস্থ গভীর গচ্জনকারী ভূজকের নিঃশ্বাসে অগ্নি
প্রজন্মিত। কোথাও গত্তে অকপ জল দেখা যাইতেছে। কৃষিত কৃকলাসেরা অজগরের ঘম্মবিন্দ্র পান
করিতেছে।

* * * দেখন, এই মধ্যমারণ্য সকল কেমন প্রশালত গছাঁর! মদকল মর্রের কণ্ঠের ন্যায় কোমলচ্ছাঁব পর্বতে অবকীল'; ঘননিবিষ্ট, নীলপ্রধান কাস্তি, আনিতপ্রায় বৃক্ষসম্হে শোভিড; এবং ভয়শুনা বিবিধ ম্গাব্ধে পরিপ্রেণ। স্বচ্ছতোয়া নিঝারিশীসকল বহুদ্রোতে বহিতেছে, আনন্দিত পঞ্জী সকল তা্রন্থ বেতসলতার উপর বসিতেছে, ভাহাতে বেতসের কুস্ম ব্স্তাত হইয়া সেই জলে পড়িয়া জলকে স্কান্ধি এবং স্শোভিল করিতেছে; স্রোতঃ পরিপক্ষকন্মর শ্যামজন্ব্বনাস্তে স্থালিত হওরাতে শব্দিত হইতেছে। গারিবিবর্বাসী ব্বা ভল্লক্ষিণের গ্রেক্ষর তিত্তি দালত গভাঁর ইইতেছে। এবং গ্রেক্স ব্যায় ভায় শঙ্কাকী বৃক্ষের বিক্তিপ্ত গ্রাম্থ হইতে শীতল কট্ ক্ষার স্থান্ধ বাহির হইতেছে।

र्वाष्क्रम ब्रह्मावली

পর্বাতাদির বর্ণনা অতি মনোহর। আমরা সচরাচর অনুপ্রাসালজ্কারের প্রশংসা করি না, কিন্তু এরপে অনুপ্রাসের উপর বিরক্ত হওয়াও যায় না।

গ্ৰপ্ৰকৃষ্ণকৃষ্টীরকৌশিক্ষটাঘ্ংকারবংকীচকন্তুম্বাঞ্চলরম্ক্মৌকুলিকুলঃ ক্রৌণ্ডাবতোহয়ং গিরিঃ।
এতিন্সিন্ প্রচলাকিনাং প্রচলতাম্ব্রেজিতাঃ ক্রিজৈতিরুষ্ণেজ্পতি প্রাণরোহিণতর্ন্সক্ষেব্ কুন্তীনসাঃ॥
এতে তে কুহরেব্ গশাদনদশোদাবরীবারয়ো
মেঘালন্কৃতমৌলিনীলশিখরাঃ ক্ষোণীভূতো দক্ষিণাঃ।
অন্যোন্যপ্রতিঘাতসন্কুলচলং কল্লোলকোলাহলৈরুত্তালাপ্ত ইমে গভীরপয়সঃ প্রাঃঃ সরিংসঙ্গমাঃ॥ (১)

তৃতীয়াধ্ক অতি মনোহর। সত্য বটে যে, এই উৎকৃষ্ট নাটকে ক্রিয়াপারম্পর্য বড় মনোহর নহে, এবং তৃতীয়াধ্ক সেই দোষে বিশেষ দৃষ্ট। প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পশুম অধ্ব যের প বিস্তৃত, তদন্রপ বহুল ক্রিয়াপরম্পরা নায়ক-নায়িকাগণ কর্তৃক সম্পন্ন হয় নাই। যিনি মাক্বেথ পাঠ করিয়াছেন, তিনি জানেন যে, নাটকে বিশিতা ক্রিয়া সকলের বাহুল্য, পারম্পর্য এবং শীদ্র সম্পাদন, কি প্রকার চিত্তকে মন্ত্রমুগ্ধ করে। কার্য্যগত এই গুণু নাটকের একটি প্রধান গুণু। উত্তরচরিতে তাহার বিরলপ্রচার; বিশেষতঃ প্রথম ও তৃতীয়াধ্কে। তথাপি ইহাতে কবি যে অপুন্ব কবিত্ব প্রকাশ করিয়াছেন, সেই গুণুণে আমরা সে সকল দোষ বিস্মৃত হই।

দ্বিতীয়াঙ্কের বিষ্কৃত্তক যেমন মধ্র, তৃতীয়াঙ্কের বিষ্কৃত্তক ততোধিক। গোদাবরী সংমিলিতা, তমসা ও ম্রলা নাম্নী দ্বইটি নদী রূপ ধারণ করিয়া রামসীতাবিষয়িণী কথা কহিতেছে।

অদ্য দ্বাদশ বংসর হইল, রামচন্দ্র সীতাকে বিসম্পর্কন করিয়াছেন। প্রথম বিরহে তাঁহার যে গ্রের্তর শোক উপস্থিত হইয়াছিল, তাহা প্র্বে বার্ণিত হইয়াছে। কালসহকারে সে শোকের লাঘব জন্মিবার সম্ভাবনা ছিল। কিন্তু তাহা ঘটে নাই; সন্বসন্তাপহন্ত্রা কাল এই সন্তাপের শমতা সাধিতে পারে নাই।

অনিভিক্ষো গভীরত্বাদন্তর্গ (চ্ঘনব্যথঃ। পটুপাকপ্রতীকাশো রামস্য করুলো রসঃ॥ (২)

এইর্প মন্মমিধ্যে র্দ্ধ সন্তাপে দক্ষ হইয়া রাম, পরিক্ষীণ শরীরে রাজকন্মান্তান করিতেন। রাজকন্মে ব্যাপ্ত থাকিলে, সে কন্টের তাদ্শ বাহ্য প্রকাশ পায় না; কিন্তু আজ পশুবটীতে আসিয়া রামের ধৈর্য্যাবলন্দ্রনের সে উপায়ও নাই। এ আবার সেই জনস্থান; পদে পদে সীতাসহবাসের চিহুপরিপ্র্ণ। এই জনস্থানে কত কাল, কত স্থে, সীতার সহিত বাস করিয়াছিলেন, তাহা পদে পদে মনে পড়িতেছে। রামের সেই দ্বাদশ বংসরের র্দ্ধ শোকপ্রবাহ ছ্রিরাছে—সে প্রবাহবলে, এই গোদাবরীস্ত্রোতঃ শিলাচয়ের ন্যায় রামের হদয়পায়াদ আজি কোথায় যাইবে, কে বলিতে পারে?

জনস্থানবাহিনী কর্ণাদ্রাবিতা নদীগ্নলিন্ দেখিল যে, আজি বড় বিপদ্। তখন ম্রলা কলকল করিয়া গোদাবরীকে বলিতে চলিল, "ভগবতি! সাবধান থাকিও—আজ রামের বড় বিপদ্। দেখিও, রাম যদি ম্চেণ্ যান, তবে তোমার জলকণাপ্ণ শীতল তরঙ্কের বাতাসে মৃদ্ধ মৃদ্ধ তাঁহার মৃচ্ছো ভঙ্ক করিও।" রঘ্কুলদেবতা ভাগীরখী এই শোকতপনাতপসস্তাপ

⁽১) এই পর্যাত দ্রোণ্ডাবত। এখানে অব্যক্তনাদী কুঞ্জকুটীরবাসী পেচককুলের ঘ্ংকারশব্দিত বামুযোগধননিত বংশবিশেষের গুরুছে ভীত হইয়া কাকেয়া নিঃশব্দে আছে। এবং ইহাতে সপেরা, চণ্ডল ময়ুরগণের কেকারবে ভীত হইয়া পুরাতন বটব্দের স্করে লুকাইয়া আছে। আর এই সকল দক্ষিদ পর্যাত। পর্যাতকুহুরে গোদাবরীবারিরালি গাশাদিননাদ করিতেছে; শিরোদেশ মেঘমালায় অলব্দুত হইয়া নীল শোভা ধারণ করিয়াছে; আর এই গভীরজ্ঞলশালিনী পবিত্রা নদীগণের সঙ্গম পরস্পরের প্রতিষাতসক্ষ্পল চণ্ডল তরঙ্গকোলাহলে দুর্দ্ধর্য হইয়া রহিয়াছে।

⁽২) অবিচলিত গভীরম্বহেতুক হলরমধ্যে র্ন্ধ, এ জন্য গাঢ়ব্যথ রামের সন্তাপ মুখবদ্ধ পাত্রমধ্যে পাকের সন্তাপের ন্যায় বাহিরে প্রকাশ পার না।

হইতে রামকে রক্ষা করিবার জন্য এক সন্ধাসন্তাপসংহারিণী ছায়াকে জনস্থানে পাঠাইলেন। সেই ছায়ার ক্লিজাতার অদ্যাপি ভারতবর্ষ মৃদ্ধ রহিয়াছে। সেই ছায়া হইতে কবি এই তৃতীয়াঙেকর নাম রাখিয়াছিলেন "ছায়া"—এই ছায়া, সেই বহ্কালবিস্মৃতা, পাতালপ্রবিষ্টা, শীর্ণদেহমান্র-বিশিষ্টা হতভাগিনী রামমোহিনী সীতার ছায়া।

সীতা লবকুশকে প্রসব করিলে পর, ভাগিরথী এবং প্থিবী বালক দ্ইটিকৈ বাল্মীকির আশ্রমে রাখিয়া সীতাকে পাতালে লইয়া গিয়া রাখিয়াছিলেন। অদ্য কুশলবের জন্মতিখি— সীতাকে দ্বহস্তাবিচিত কুস্মাঞ্জলি দিয়া পতিকুলাদিপ্রেষ্ স্বাদ্বের প্রা করিতে ভাগীরথী এই জনস্থানে পাঠাইলেন। এবং আপন দৈবশক্তিপ্রভাবে রঘ্কুলবধ্কে অদর্শনীয়া করিলেন। ছায়ার্পিলী সীতা সকলকে দেখিতে পাইতেছিলেন। সীতাকে কেহ দেখিতে পাইতেছিল না।

সীতা তখন জানেন না যে, রাম জনস্থানে আসিয়াছেন। সীতাও আসিয়া জনস্থানে প্রবেশ করিলেন। তথন তাঁহার আফৃতি কির্প? তাঁহার মুখ "পরিপাণ্ডুদুর্ব্বল কপোলস্কুদর"— কবরী বিলোল—শারদাতপসভপ্ত কেতকীকস্মান্তর্গত পত্নের ন্যায়, বন্ধনবিচ্যত কিসলয়ের মত সীতা সেই অরণ্যে প্রবেশ করিলেন। জনস্থানে তাঁহার গভীর প্রেম! প্রবস্থের স্থান দেখিয়া বিস্মৃতি জন্মিল—আবার সেই দিন মনে পড়িল। যখন সীতা রামসহবাসে এই বনে থাকিতেন, তখন জনস্থানবনদেবতা বাসন্তীর সহিত তাঁহার স্থিত্ব হইয়াছিল। তখন সীতা একটি করিশাবককে স্বহস্তে শল্পকীর পল্লবাগ্রভাগ ভোজন করাইয়া পত্রের ন্যায় প্রতিপালন করিয়াছিলেন। এখন সেই করিশাবকও ছিল। এইমাত্র সে বধ্সঙ্গে জলপানে গিয়াছে। এক মত্ত যথেপতি আসিয়া অকস্মাৎ তৎপ্রতি আক্রমণ করিল। সীতা তাহা দেখেন নাই। কিন্ত অন্যান্থিতা বাসন্তী দেখিতে পাইয়াছিলেন। বাসন্তী তখন উচ্চঃস্বরে ডাকিতে লাগিলেন. "সর্বনাশ হইল, সীতার পালিত করিকরভকে মারিয়া ফেলিল!" রব সীতার কর্ণে গেল। সেই জনস্থান, সেই পঞ্চবটী! সেই বাসন্তী! সেই করিকরভ! সীতার দ্রান্তি জন্মিল। পত্রীকৃত হান্তশাবকের বিপদে বিহ্বলচিত্ত হইয়া তিনি ডাকিলেন, "আর্যাপত্র! আমার পুত্রকে বাঁচাও!" কি ভ্রম! আর্য্যপত্নত্র! কোথায় আর্য্যপত্নত্র? আজি বার বংসর সে নাম নাই! অর্মান সীতা ম্চিছাতা হইয়া পড়িলেন। তমসা তাঁহাকে আশ্বস্তা করিতে লাগিলেন। এ দিকে রামচন্দ্র লোপামন্দ্রার আহ্বানান,সারে অগস্ত্যাশ্রমে যাইতেছিলেন। পণ্ডবটী বিচরণ করিবার মানসে সেইখানে বিমান রাখিতে বলিলেন। রামের কণ্ঠস্বর ম্চিছ্তা সীতার কাণে গোল। অর্মান সীতার মক্রেভিঙ্গ হইল—সীতা ভয়ে, আহ্যাদে, উঠিয়া বসিলেন। বলিলেন, "একি এ? জলভরা মেঘের স্থানতগন্তীর মহাশব্দের মত কে কথা কহিল? আমার কর্ণবিবর যে ভরিয়া গেল! আজি কে আমা হেন মন্দভাগিনীকে সহসা আহ্যাদিত করিল?" দেখিয়া তমসার চক্ষ্ম জলে ভরিয়া গেল। তমসা বলিলেন, "কেন বাছা, একটা অপরিস্ফুট শব্দ শুনিয়া মেঘের ডাকে ময়ুরীর মত চম্কিয়া উঠিলি?" সীতা বলিলেন, "কি বলিলে ভগবতি? অপরিস্ফুট? আমি যে স্বরেই চিনেছি, আমার সেই আর্য্যপত্রে কথা কহিতেছেন।" তমসা তখন দেখিলেন, আর লুকান ব্থা-বলিলেন, "শুনিয়াছি, মহারাজ রামচন্দ্র কোন শুদ্র তাপসের দণ্ড জন্য এই জনস্থানে আসিয়াছেন।" শুনিয়া সীতা কি বলিলেন? বার বংসরের পর স্বামী নিকটে, নয়নের পত্রেলীর অধিক প্রিয়, হৃদয়ের শোণিতের অধিক প্রিয়, সেই স্বামী আজি বার বংসরের পর নিকটে, শুনিয়া সীতা কি বলিলেন? শুনিয়া সীতা কিছুই আহ্যাদ প্রকাশ করিলেন না-"কই স্বামী—কোথায় সে প্রাণাধিক?" বলিয়া দেখিবার জন্য তমসাকে উৎপীড়িতা করিলেন না,

"দিঠ্ঠিআ অপরিহ**ী**নরাঅধন্মো ক্**থ**েসো রাআ"—"সোঁভাগ্যক্রমে সে রাজার রাজধর্মে পালনে তুর্টি হইতেছে না।"

যে কোন ভাষার যে কোন নাটকৈ যাহা কিছু আছে, এতদংশ সৌন্দর্যে তাহার তুলা, সন্দেহ নাই। "দিঠ্ঠিআ অপরিহনিরাঅধন্মো ক্খু সো রাআ।" এইর্প বাক্য কেবল সেক্ষপীয়রেই পাওরা যায়। রাম আসিয়াছেন শ্নিরা সীতা আহ্যাদের কথা কিছুই বলিলেন না, কেবল বললেন, "সোভাগ্যক্রমে সে রাজার রাজধন্ম পালনে ব্রটি হইতেছে না।" কিন্তু দ্রে হইতে রামের সেই বিরহক্রিট প্রভাতচন্দ্রমন্ডলবং আকার দেখিয়া "সখি, আমায় ধর" বলিয়া তমসাকে ধরিয়া বিসয়া পড়িলেন। এ দিকে রাম পঞ্চবটী দেখিতে দেখিতে, সীতাবিরহপ্রদৌপ্তানলে প্রভিতে

विक्क्य ब्रह्मावनी

প্রভিতে, "সীতে! সীতে!" বালয়া ভাকিতে ডাকিতে ম্ছিত হইয়া পড়িলেন। দেখিয়া সীতাও উচ্চৈঃস্বরে কাঁদিয়া উঠিয়া তমসার পদপ্রান্তে পতিত হইয়া ডাকিলেন, "ভগবৃতি তমসে! রক্ষা কর! রক্ষা কর! আমার স্বামীকে বাঁচাও।"

তমসা বলিলেন, "তুমিই বাঁচাও। তোমার স্পর্শে উনি বাঁচিতে পারেন!" শ্রনিয়া সীতা বলিলেন, "যা হউক তা হউক, আমি তাহাই করিব!" এই বলিয়া সীতা রামকে স্পর্শ করিলেন। (১) রাম চেতনা প্রাপ্ত হইলেন।

পরে সীতার প্রেকালের প্রিয়স্থী, বনদেবতা বাসন্তী সীতার প্রীকৃত করিশাবকের সহায়ান্বেষণ করিতে করিতে সেইখানে উপস্থিতা হইলেন। রামের সঙ্গে তাঁহার সাক্ষাৎ হওয়ায়, রাম করিশিশার রক্ষার্থ গেলেন। সে হস্তিশিশা স্বয়ং শত্রুজয় করিয়া করিণীর সহিত ক্রীড়া করিতে লাগিল। তদ্বর্ণনা অতি মধ্রে।

> যেনোশ্যাচ্ছবিস্থাকশলয় ব্লিদ্ধদন্তা ত্বরেণ व्याकृष्टेख म्यान्य नवनीशक्षवः कर्णभूताः । সোহরং পুরস্তব মদম্চাং বারণানাং বিজেতা যৎকল্যাণং বয়সি তরুণে ভাজনং তস্য জাতঃ॥

সখি বাসন্তি, পশ্য পশ্য, কান্তান্ব্রিচাতুর্যামপি অনুশিক্ষিতং বংসেন।

লীলোংখাতমূণালকান্ডকবলচ্ছেদেষ্ট্র সম্পাতিতাঃ প্রুৎপংপ্রুৎকরবাসিতস্য প্রসো গণ্ড্বসংক্রান্তয়ঃ। সেকঃ শীকরিণা করেণ বিহিতঃ কামং বিরামে প্রন-র্যংক্ষেহাদনরালনালনালনীপত্রাতপত্রং ধৃত্যু॥ (২)

এদিকে প্রীকৃত করী দেখিয়া সীতার গর্ভজ প্রাদিগকে মনে পড়িল। কেবল স্বামিদর্শনে বঞ্চিতা নহেন, প্রমুখ দর্শনেও বঞ্চিতা। সেই মাত্মুখনিগতি প্রমুখ্মতিবাকা উদ্ধৃত করিতেছি।

মম প্রকাণং ইসিবিরলকোমলধ্যলদসণ্ডজলকবোলং অণ্রদ্ধমন্দ্রকার্যালিবিহসিদং ণিবদ্ধ-কাকসিহণ্ডঅং অমলমূহপূণ্ডরীঅজুঅলং ণ পরিচুন্বিদং অজ্জউত্তেণ। (৩)

(১) "যা হউক তা হউক।" এই কথার কত অর্থাগান্তীর্যা! বিদ্যাসাগর মহাশয় এই বাক্যের টীকার লিখিয়াছেন যে, "আমার পাণিস্পর্শে আর্য্যপত্র বাঁচিবেন কি না, জানি না, কিন্তু ভগবতী বলিতেছেন বলিয়া আমি স্পর্শ করিব।" ইহাতে এই ব্রিজতে হইতেছে যে, পাণিস্পর্শ সফল হইবে কি না, এই সন্দেহেই সীতা বলিলেন, "যা হউক তা হউক।" কিন্তু আমাদিগের ক্ষ্দ্র ব্দ্ধিতে বোধ হয় যে, সে সন্দেহে সীতা বলেন নাই যে, "যা হবার হউক!" সীতা ভাবিয়াছিলেন, "রামকে স্পর্শ করিবার আমার কি অধিকার? রাম আমাকে ত্যাগ করিয়াছেন, তিনি আমাকে বিনাপরাধে বিসম্প্রন করিয়াছেন, —বিসম্প্রনি করিবার সময়ে একবার আমাকে ডাকিয়াও বলেন নাই যে, আমি তোমাকে ত্যাগ করিলাম— আজি বার বংসর আমাকে ত্যাগ করিয়া সম্বন্ধ রহিত করিয়াছেন, আজি আবার তাঁহার প্রিয়পঙ্গীর মত তাঁহার গাত্রস্পর্শ করিব কোন্ সাহসে? কিন্তু তিনি ত মৃতপ্রার! যা হউক তা হউক, আমি তাঁহাকে স্পর্শ করিব।" তাই ভাবিয়া সীতাস্পর্শে রাম চেতনাপ্রাপ্ত হইলে, সীতা বলিলেন, "ভঅবিদ তমলে। ওসরক্ষা, জই দাব মং পেকৃথিস্মদি তদো অলব্ভল্লাদসলিধাণেণ অহিঅদরং মম মহারাও কৃবিস্মদি।" তবু "মম মহারাও!"

(२) या नत्वान्गठ भूगामश्रद्धात्वत्र न्यात्र काभम मन्न बात्रा ट्यामात कर्ग तम्म वर्षेत्र कर्म कर्म कर्म कर्म कर्म পল্লব টানিয়া লইত, সেই তোমার পত্র মদমত্ত বারণগণকে জয় করিল, সত্তরাং এখনই সে যুবাবয়সের কল্যাণভাজন হইয়াছে। * * সখি বাসন্তি, দেখ, বাছা কেমন নিজ কান্তার মনোরঞ্জননৈপ্রাণ্ড শিখিয়াছে। খেলা করিতে করিতে মূণালকান্ড উৎপাটিত করিয়া তাহার গ্রাসের অংশে সুগন্ধি পদ্মসূত্রাসিত জলের গণ্ডুষ মিশাইয়া দিতেছে; এবং শ্রেডর বারা পর্যাপ্ত জলকণায় তাহাকে সিক্ত করিয়া, ক্লেহে অবক্রদণ্ড

নলিনীপরের আতপর ধরিতেছে।

(৩) আমার সেই পত্র দ্টির অমলম্খপন্মব্গল, বাহাতে কপোলদেশ ঈর্ষদ্বরল এবং কোমল ধবল দশনে উল্লেখন, বাহাতে ম্দ্রমধ্র হাসির অব্যক্তধর্নি অবিরল লাগিরা রহিয়াছে, বাহাতে কাকপক্ষ নিবন্ধ আছে, তাহা আর্যাপত্র কর্ত্তক পরিচুম্বিত হইল না!

म्यार क्रिया के अध्याप क्रिया क्रिय দরে, গিরিগহরর গোদাবরীর বারিরাশির গদ্গদ নিনাদ শ্বনা যাইতেছে। সম্মুখে প্রস্প্র প্রতিঘাতসঙ্কল উত্তালতরঙ্গ সরিৎসঙ্গম দেখা যাইতেছে। দক্ষিণে শ্যামচ্ছবি অনন্ত কাননগ্রেণী চলিয়া গিয়াছে। চারি দিকে সীতার পূর্বেসহবাসচিহ্ন সকল বিদ্যমান রহিয়াছে। তথায় একটি कमलीयनभधावखी भिलाजल. भ्रत्येश्ववामकाल, ताम भीजात माम भारत करित्राजन: माहेशात বসিয়া সীতা হরিণশিশ্রণণকে তুণ খাওয়াইতেন; এখনও হরিণেরা সেই প্রেমে সেইখানে ফিরিয়া বেডাইতেছে। বাসন্তী সেইখানে রামকে বসিতে বলিলেন। রাম সেখানে না বসিয়া অন্যত উপবেশন করিলেন। সীতা, প্রের্ব পশুবটীবাসকালে একটি ময়্রশিশ, প্রতিপালন করিয়া-ছিলেন। একটি কদম্ববৃক্ষে দুই একটি নবকুস,মোশ্সম হইয়াছে। তদুপরি আরোহণ করিয়া ছিলেন। একটি কদন্ববৃক্ষ সীতা ন্বহস্তে রোপণ করিয়া, ন্বয়ং বন্ধিত করিয়াছিলেন। রাম **एमिश्लन एवं, एमरे कमन्द्रेन मूरे वर्की नवकुम्य स्माम्य रहेशाह्य। जम्मीत आ**रतार्ण क्रिया সীতাপালিত সেই ময়রেটি নত্যান্তে ময়রী সঙ্গে রব করিতেছিল। বাসন্তী রামকে সেই ময়রেটি দেখাইলেন। দেখিয়া রামের মনে পড়িল, সীতা তাহাকে করতালি দিয়া নাচাইতেন, নাচাইবার সমরে তালের সহিত সীতার চক্ষরও পল্লবমধ্যে ঘ্রারত। এইর্পে বাসন্তী রামকে সেই প্র্বিস্মৃতি-পীড়িত করিয়া,—সখীনিব্রাসনজনিত রাগেই এইর্প পীড়িত করিয়া, প্রথমে জিজ্ঞাসা করিলেন, "মহারাজ! কুমার লক্ষ্মণ ভাল আছেন ত?" কিন্তু সে কথা রামের কাণে গেল না—তিনি সীতাকরকমলবিকীণ জলে পরিবদ্ধিত বৃক্ষ, সীতাকরকমলবিকীণ নীবারে পুষ্ট পক্ষী, সীতা-করকমলবিকীর্ণ তলে প্রতিপালিত হরিণগণকেই দেখিতেছিলেন। বাসন্তী আবার জিজ্ঞাসা করিলেন, "মহারাজ! কুমার লক্ষ্মণ কেমন আছেন?" এবার রাম কথা শুনিতে পাইলেন, কিন্ত ভাবিলেন, বাসন্তী "মহারাজ!" বলিয়া সন্বোধন করিলেন কেন? এ ত নিম্প্রণয় সন্বোধন। আর কেবল কুমার লক্ষ্মণের কথাই জিজ্ঞাসিলেন, তবে বাসস্তী সীতাবিসম্পর্নবৃত্তান্ত জানেন। রাম প্রকাশ্যে কেবল বলিলেন, "কুমারের কুশল," এই বলিয়া নীরবে রোদন করিতে লাগিলেন। বাসন্তী তখন মুক্তকণ্ঠা হইয়া কহিলেন, "দেব! এত কঠিন হইলে কি প্রকারে?

ছং জীবিতং ছমসি মে হৃদয়ং দ্বিতীয়ং ছং কৌমুদী নয়নয়োরমৃতং ছমকে।

তুমি আমার জীবন, তুমি আমার দ্বিতীয় হৃদয়, তুমি নরনের কৌম্দী, অঙ্গে তুমি আমার অম্ত,—এইর্প শত শত প্রিয় সম্বোধনে বাহাকে ভূলাইতে,—তাহাকে—" বলিতে বলিতে সীতাঙ্গাতিমনুদ্ধা বাসন্তী আর বলিতে পারিলেন না; অচেতন হইলেন। রাম তাঁহাকে আশ্বন্তা করিলেন। চেতনা পাইয়া বাসন্তী কহিলেন, "আপনি কেমন করিয়া এ কাজ করিলেন?"

त्राभ। त्नारक वृत्य ना वनिया।

वामखी। कन वृत्य ना?

রাম। তাহারাই জানে।

তখন বাসন্তী আর সহিতে পারিলেন না। বালিলেন, "নিষ্ঠ্র! দেখিতেছি, কেবল যশঃ তোমার অতান্ত প্রিয়।"

এই কথোপকথনের সম্চিত প্রশংসা করা দুঃসাধ্য। সীতাবিসম্প্রন জন্য বাসন্তী রামপ্রতি লেধব্বুজা হইয়াছিলেন, তিনি মানসিক বন্দ্রণার্প সেই অপরাধের দশ্ড প্রশীত করিলেন, সহজেই রামের শোকসাগর উছলিয়া উঠিল। রামের যে একমার শোকেপশমের উপায় ছিল—
আত্মপ্রসাদ, তাহাও বিনম্প্র করিলেন। রাম জানিতেন যে, তিনি প্রজারঞ্জনর্প কুলধম্মের রক্ষার্থই সীতাবিসম্প্রনির্ম মার্মাছেল। রাম জানিতেন যে, তিনি প্রজারঞ্জনর্প কুলধর্মের রক্ষারে। বাসন্তী দেখিলেন যে, সে ধর্ম্মরক্ষা কেবল স্বার্থপরতার পৃথক্ একটি নামমার। সে কুলধর্ম্ম রক্ষার বাসনা কেবল র্পান্তরিত যশোলিপ্রা মার। কেবল যশোলাভের স্বার্থপের বাসনার বশবর্তী হইয়া রাম এই কাজ করিয়াছেলে। বাসন্তী আরও দেখিলেন যে, যে যশের আকাঙ্কার তিনি এই নির্ম্বের কার্য্য করিয়াছিলেন, সে আকাঙ্কার তিনি এই নির্ম্বের লাভ লালসায় পত্নবিধর্প গ্রহ্তর অপরশের ভাগী হইয়াছেন। বনমধ্যে সীতার কি হইল, তাহার স্থিরতা কি? ইহার অপেক্ষা গ্রহ্তর অপযশ আর কি হইতে পারে?

र्वाष्क्रम ब्रह्मावली

তথন রামের শোকপ্রবাহ আবার অসম্বরণীয় বেগে ছ্রিটল। সীতার সেই জ্যোৎস্নাময়ী মৃদ্রম্ব্রমণালকণ্প দেহলতিকা কোন হিংল্ল পশ্র কর্তৃক বিনন্ট হইয়াছে, সন্দেহ নাই। এই ভাবিয়া রাম "সীতে! সীতে!" বলিয়া সেই অরণ্যমধ্যে রোদন করিতে লাগিলেন। কখন বা যে কলককুৎসাকারক পৌরজনের কথায় সীতা বিসম্প্রন কর্য়াছিলেন, তাহাদিগের উদ্দেশে বলিতে লাগিলেন, "আমি অনেক সহ্য করিয়াছি, আমার প্রতি প্রসম্ন হও।" বাসস্তী ধৈর্য্যাবলম্বন করিতে বলিলেন। রাম বলিলেন, "সঝি, আবার ধৈর্য্যের কথা কি বল? আজি দ্বাদশ বংসর সীতাশ্ন্য জগৎ—সীতা নাম পর্যন্ত লুপ্ত হইয়াছে—তথাপি বাঁচিয়া আছি—আবার ধৈর্য্য কাহাকে বলে?" রামের অত্যন্ত ধল্পা দেখিয়া বাসস্তী তাঁহাকে জনস্থানের অন্যান্য প্রদেশ দেখিতে অনুরোধ করিলেন। রাম উঠিয়া পরিশ্রমণ করিতে লাগিলেন। কিন্তু বাসন্তীর মনে স্থাবিসম্প্রন্দঃখ জ্বলিতেছিল—কিছুতেই ভলিলেন না। বাসন্তী দেখাইলেন:—

অস্মিমের লতাগ্হে ত্বমভবস্তকার্গদত্তেক্ষণঃ সা হংসৈঃ কৃতকোতুকা চিরমভূজ্যোদাবরীসৈকতে। আয়ান্ত্যা পরিদ, মর্মনায়িত্যিব ত্বাং বীক্ষ্য বন্ধন্তরা কাতর্য্যাদরবিক্দকুট্যুলনিভো মন্ত্রঃ প্রশামাঞ্জলিঃ। (১)

আর রাম সহ্য করিতে পারিলেন না। দ্রান্তি জন্মিতে লাগিল। তথন উচ্চৈঃন্বরে রাম ডাকিতে লাগিলেন. "চন্ডি জানকি, এই যে চারি দিকে তোমাকে দেখিতেছি—কেন দরা কর না? আমার ব্বক ফাটিতেছে; দেহবদ্ধ ছিন্ডিতেছে; জগৎ শ্ন্য দেখিতেছি; নিরস্তর অস্তর জ্বলিতেছে; আমার বিকল অস্তরাদ্ধা অবসন্ন হইয়া অন্ধনরে ডুবিতেছে; মোহ আমাকে চারি দিক্ হইতে আচ্ছন্ন করিতেছে; আমি মন্দভাগ্য—এখন কি করিব?" বলিতে বলিতে রাম মন্দ্রিত হইলেন।

ছায়ার পিলী সীতা তমসার সঙ্গে আদ্যোপান্ত নিকটে ছিলেন। বাসন্তী রামকে পীড়িত করিতেছেন দেখিয়া, সীতা প্নঃ প্নঃ তাঁহাকে তিরস্কার করিতেছিলেন—কত বার রামের রোদন শর্নিয়া আপান মন্মপীড়িত হইতেছিলেন, আবার সীতা রামচন্দের দ্বঃখের কারণ হইলেন বালয়া, কত কাতরোক্তি করিতেছিলেন। আবার রামকে ম্ছিতি দেখিয়া সীতা কাঁদিয়া উঠিলেন, "আর্যাপরে! তুমি যে সকল জীবলোকের মঙ্গলাধার! তুমি এ মন্দভাগিনীকে মনে করিয়া বার বার সংশায়তজীবন হইতেছ? আমি যে মলেম।" এই বালয়া সীতাও ম্ছিতাপ্রায়! তমসা এবং বাসন্তী তাঁহাকে উঠাইলেন। সীতা সসন্দ্রমে রামের ললাট স্পর্শ করিলেন। কি স্পর্শস্ব্থ! রাম যাদ ম্পেশিন্ড হইয়া থাকিতেন, তাহা হইলেও তাঁহার চেতনা হইত। আনন্দ-নিমীলিতলোচনে স্পর্শস্ব্থ অন্তব করিতে লাগিলেন, তাঁহার শরীরধাতু অন্তরে বাহিরে অম্তন্ময় প্রলেপে যেন লিপ্ত হইল—জ্ঞান লাভ করিলেও আনন্দেতে আর এক প্রকার মোহ তাঁহাকে অভিভূত করিল। রাম বাসন্তীকে বলিলেন, "সথি বাসন্তি! ব্রিঝ অদৃত্ট প্রসন্ন হইল!"

বাসন্তী। কিসে?

রাম। আর কি সখি! সীতাকে পাইয়াছি।

বাসস্তী। কৈ তিনি?

রাম। এই যে আমার সম্মুখেই রহিয়াছেন।

বাসন্তী। মন্মতেদী প্রলাপ বাক্যে আমি একে প্রিয়সখীর দ্বংখে জর্বলতেছি, তাহাতে আবার এমনতর এ হতভাগিনীকে কেন জনলাইতেছেন?

রাম বলিলেন, "সখি, প্রলাপ কই? বিবাহকালে বৈবাহিক মঙ্গলস্ত্রযুক্ত যে হাত আমি ধরিয়াছিলাম—আর যে হাতের অম্তশীতল স্বেচ্ছালর স্থম্পশে চিনিতে পারিতেছি, এ ত সেই হাত! সেই তুহিনসদৃশ, বর্ষাশীকরতুল্য শীতল, কোমল লবলীব্দের নবাৎকুরতুল্য হস্তই আমি পাইয়াছি।"

(১) সীতা গোদাবরীসৈকতে হংস লইয়া কোতৃক করিতে করিতে বিলম্ব করিতেন তখন তৃমি এই লতাগ্তে থাকিয়া তাঁহার পথ চাহিয়া রহিতে। সীতা আসিয়া তোমাকে বিশেষ দৃশ্মনায়য়৾ন দেখিয়া, তোমাকে প্রণাম করিবার জন্য পদ্মকলিকা তৃল্য অঙ্গলিব শ্বারা কি স্ক্রের অঞ্জলিবন্ধ করিতেন!

বিবিধ প্রবন্ধ—উত্তরচরিত

এই বলিয়া রাম তাঁহার ললাটেছ অদৃশ্য সীতা-হন্ত গ্রহণ করিলেন। সীতা ইতিপ্রেই রামের আনন্দমোহ দেখিয়া অপস্ত ইইবেন বিবেচনা করিয়াছিলেন; কিন্তু সেই চিরসন্ভাবসোম্যদাঁতিল স্বামিস্পর্শে তিনিও মুদ্ধা ইইলেন; অতি যত্নে সেই রামললাটাছত হন্তকে ধরিয়া
রাখিলেও সে হন্ত কাঁপিতে লাগিল, ঘামিতে লাগিল, এবং জড়বং হইয়া অবশ হইয়া আসিতে
লাগিল! যথন রাম, সীতার হন্তের চিরপরিচিত অম্তশীতল স্বুম্পর্শের কথা বলিলেন, সীতা
মনে মনে বলিলেন, "আর্যপুত্র, আজিও তুমি সেই আর্যাপ্তেই আছ!" শেষে যথন রাম সীতার
কর গ্রহণ করিলেন, তথন সীতা দেখিলেন, স্পর্শমোহে প্রমাদ ঘটিল। কিন্তু রাম সে হাত ধরিয়া
রাখিতে পারিলেন না; আনন্দে তাঁহার ইন্দ্রিয়সকল অবশ হইয়া আসিয়াছিল, তিনি বাসত্তীকে
বলিলেন, "সথি, তুমি একবার ধর।" সীতা সেই অবকাশে হাত ছাড়াইয়া লইলেন; লইয়া.
স্পর্শস্থজনিত স্বেদরোমাণ্ডকল্পিতকলেবরা হইয়া প্রনকশ্পিত নবজলক্দাসিক্ত স্ফুটকোরক্
কদন্দের ন্যায় দাঁড়াইয়া রহিলেন। মনে করিলেন, "কি লন্জা, তমসা দেখিয়া কি মনে করিতেছেন।
ভাবিতেছেন, এই ই'হাকে ত্যাগ করিয়াছেন, আবার ই'হার প্রতি এই অনুরাগ।"

রাম ক্রমে জানিতে পারিলেন যে, কই, কোথা সীতা—সীতা ত নাই। তথন রামের শোক-প্রবাহ দ্বিগুল ছুটিল। রোদন করিয়া, ক্রমে শান্ত হইয়া বাসন্তীকে বলিলেন, "আর বতক্ষণ তোমাকে কাঁদাইব? আমি এখন যাই।" শুনিয়া সীতা উদ্বেগের সহিত তমসাকে অবলন্বন করিয়া বলিতে লাগিলেন, "ভগবতি তমসে! আর্য্যপত্র যে চলিলেন?" তমসা বলিলেন, "চল, আমরাও যাই।" সীতা বলিলেন, "ভগবতি, ক্ষমা কর! আমি ক্ষণকাল এই দত্বর্জভ জনকে দেখিয়া লই।" কিন্তু বলিতে বলিতে এক বছ্রতুল্য কঠিন কথা সীতার কাণে গেল। রাম বাসন্তীর নিকট বলিতেছেন, "অশ্বমেধের জন্য আমার এক সহধান্মণিী আছে—" সহধান্মণী! সীতা কান্পিতকলেবরা হইয়া মনে মনে বলিলেন, "আর্য্যপত্র! কে সে?" এই অবসরে রামও কথা সমাপ্ত করিলেন, "সে সীতার হিরন্ময়ী প্রতিকৃতি।" শত্নিয়া সীতার চক্ষের জল পাড়তে লাগিল; বলিলেন, "আর্য্যপত্র! এখন তুমি তুমি হইলে। এতাদনে আমার পরিত্যাগলজ্জাশল্য বিমোচন করিলে!" রাম বলিতেছেন, "তাহারই দ্বায়া আমার বাম্পাদিশ্ব চক্ষরে বিনোদন করি।" শত্নিয়া সীতা বলিলেন, "তুমি যার এত আদর কর, সেই ধন্য। তোমার যে বিনোদন করে, সেই ধন্য। সে জীবলোকের আশানিবন্ধন হইয়াছে।"

রাম চলিলেন। দেখিয়া সীতা করযোড়ে, "ণমো ণমো অপুন্ধপ্রাজণিদদংসাণং অজ্জউত্তরচরণকমলাণং" এই বলিয়া প্রণাম করিতে ম্চিছত হইয়া পড়িলেন। তমসা তাঁহাকে আশ্বস্ত করিলেন। সীতা বলিলেন, "আমার এ মেঘান্তরে ক্ষণকাল জন্য প্রিমাচন্দ্র দেখা মাত্র।"

তৃতীয়াধ্কের সার মশ্ম এই। এই অঞ্চের অনেক দোষ আছে। ইহা নাটকের পক্ষে নিতান্ত অনাবশ্যক। নাটকের যাহা কার্য্য, বিসম্পর্নান্তে রাম সীতার প্রনশ্মিলন, তাহার সঙ্গে ইহার কোন সংপ্রব নাই। এই অঞ্চ পরিত্যক্ত হইলে নাটকের কার্য্যের কোন হানি হয় না। সচরাচর এর্প একটি স্বদীর্ঘ নাটকাঞ্চ নাটকমধ্যে সন্নির্বোশিত হওয়া, বিশেষ রসভঙ্গের কারণ হয়। যাহা কিছ্ব নাটকে প্রতিকৃত হইবে, তাহা উপসংহতির উদ্যোজক হওয়া উচিত। এই অঞ্চ কোন অংশে তদ্রপ নহে। বিশেষ, ইহাতে রামবিলাপের দৈর্ঘ্য এবং পোনঃপ্রনা অসহা। তাহাতে রচনাকোশলের বিপর্যায় হইয়াছে। কিন্তু সকলেই ম্কুকণ্ঠে বিলবেন য়ে, অন্য অনেক নাটক একবারে বিল্পু হয়, বরং তাহাও স্বীকর্ত্রব্যা, তথাপি উত্তরচারতের এই তৃতীয়াঞ্ক ত্যাগ করা যাইতে পারে না। কাব্যাংশে ইহার তুল্য রচনা অতি দ্বর্শভ।

উত্তরচরিত সমালোচন ক্রমে এত দীর্ঘায়ত হইয়া উঠিয়াছে যে, আর ইহাতে অধিক স্থান নিয়োগ করা কর্ত্তব্য নহে। অতএব অবশিষ্ট কয় অঞ্চের সমালোচনা অতি সংক্ষেপে করিব।

এ দিকে বাল্মীকি প্রচার করিলেন যে, তিনি এক অভিনব নাটক রচনা করিরাছেন। তদভিনর দর্শন জন্য সকল লোককে নির্মান্তত করিলেন। তদশর্শনার্থ বিশিষ্ঠ, অর্ক্সতী, কৌশল্যা, জনক প্রভৃতি বাল্মীকির আশ্রমে আসিয়া সমবেত হইলেন। তথায় লবের স্কুলর কান্তি এবং রামের সহিত সাদৃশ্য দেখিয়া কোশল্যা অত্যন্ত ঔংস্কাপরবশ হইয়া, তাঁহার সহিত আলাপ করিলেন। দুহিত্বিয়োগে জনকের শোক্রিকট দশা, কৌশল্যার সহিত তাঁহার আলাপ,

লবের সহিত কৌশল্যার আলাপ, ইত্যাদি অতি মনোহর, কিন্তু সে সকল উদ্ধৃত করিবার আর অবকাশ নাই।

চন্দ্রকেতু, অশ্বনেধের অশ্বরক্ষক সৈন্য লইরা, বাল্মীকির আশ্রম সিমধানে উপনীত হইলেন। তাঁহার অবর্ত্তমানে সৈন্যদিগের সহিত লবের বচসা হওয়ায় লব অশ্ব হরণ করিলেন এবং বৃদ্ধে চন্দ্রকেতুর সৈন্যদিগকে পরাস্ত করিলেন। চন্দ্রকেতু আসিয়া তাহাদিগের রক্ষায় প্রবৃত্ত হইলেন। চন্দ্রকেতু এবং লব পরস্পরের প্রতি বিপক্ষতাচরণকালে এত দ্বর উভয়ের উভয়ের প্রতি সৌজন্য এবং সশ্ব্যবহার করিলেন যে, ইহা—নাটকের এতদংশ পড়িয়া বোধ হয় যে, সভ্যতার চ্ড়াপদবাচ্য কোন ইউরোপীয় জাতি কর্ত্বক প্রণীত হইয়াছে। ভবভূতির সময়ে ভারতবর্ষীয়েরা সামাজিক ব্যবহার সন্বন্ধে বিশেষ উৎকর্ষ লাভ করিয়াছিলেন, ইহা তাহার এক প্রমাণ।

আকাশে বের্প নক্ষয় ছড়ান, ভবভূতির রচনামধ্যে সেইর্প কবিত্বরত্ব ছড়ান আছে। চতুর্থ এবং পশ্চম অধ্ক হইতে এই সকল রক্ষ আহরণ করিতে পারিলাম না, তথাপি পশ্চম হইতে দুই একটি উদাহরণ না দিয়া থাকিতে পারা যায় না। লব চন্দ্রকেতুর সৈন্যের সহিত যুক্ষ করিতেছিলেন, এমন সময়ে চন্দ্রকেতু তাঁহাকে যুদ্ধে আহ্বান করাতে তাহাদিগকে ত্যাগ করিয়া চন্দ্রকেতুর দিকে ধাবমান হইলেন, "স্তুনীয়ন্ধ্ররাদিভাবলীনামবমর্দ্দাদিব দ্প্তাসংহশাবঃ।" (১) তিনি চন্দ্র-কেতুর দিকে আসিতেছেন, পরাজিত সৈন্যগণ তথন তাঁহার পশ্চাৎ ধাবিত হইতেছে;—

দপেশ কোতৃকবতা মায় বন্ধলক্ষ্যঃ
পশ্চাদ্বলৈরন্মুন্তোহয়মুদীর্শধিকা।
দ্বোসমুদ্ধতমর্ত্তরলস্য ধত্তে
মেঘস্য লাঘবতচাপধরস্য লক্ষ্মীম্॥ (২)

নিঃসহায় পাদচারী বালকের প্রতি বহু সেনা ধাবমান দেখিয়া চন্দ্রকেতৃ তাহাদিগকে নিবারণ করিলেন। দেখিয়া লব ভাবিলেন. "কথমনুকম্পতে নাম?" ভারতবর্ষীয় কোন গ্রন্থে এরুপ বাক্য প্রযুক্ত আছে, এ কথা অনেক ইউরোপীয় সহজে বিশ্বাস করিবেন না।

লব কর্তৃক জ্যুকান্দ্র প্রয়োগ বর্ণনা অন্বাভাবিক, অতিপ্রাকৃত, এবং অন্পন্ট হইলেও. আমরা তাহা উদ্ধৃত না করিয়া থাকিতে পারিলাম না;—

> পাতালোদরকুঞ্বপনুঞ্জিততমঃশ্যামৈর্ন ভোজ্ছকৈ-র্বপ্তস্থ্রদারক্টকপিলজ্যোতিজ্জর লন্দীপ্তিভিঃ। কল্পাক্ষেপকঠোরভৈরবমর স্থাক্তেরবাকীর্যাতে মীলম্মেঘতড়িংকড়ারকুম্ন হিছিন্যান্তিনে ইটরিব ॥ (৩)

লবের সহিত রামের রুপসাদৃশ্য দেখিয়া, স্মল্যের মনে একবার আশা জান্মিয়াই, সীতা নাই, এই কথা মনে পড়াতে সে আশা তথনই নিবারিত হইল। ভাবিলেন, "লতায়াং প্র্বল্নায়াং প্রস্নস্যাগমঃ কুতঃ!" বৃদ্ধ স্মল্যের মুখে এই বাক্য শ্রনিয়া, সহদয় পাঠকের রোমিও সম্বদ্ধে বৃদ্ধ মন্টাগ্র মুখে কটিদংশিত কুসুমকোরকের উপমা মনে পড়িবে।

ষষ্ঠাঞ্চের বিক্ছজটি বিশেষ মনোহর। বিদ্যাধর্মিথ্ন গগনমার্গে থাকিয়া লব-চন্দ্রকেতৃর যুদ্ধ দেখিতেছিলেন। যুদ্ধে তাঁহাদিগের কথোপকথনে বার্গাত হইয়াছে। শ্রীযুক্ত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশর লিখিয়াছেন যে, ভবভূতির কাব্যের "মধ্যে মধ্যে সংস্কৃতে এবং প্রাকৃতে এমত দীর্ঘ সমাসঘটিত রচনা আছে, তাহাতে অর্থ বোধ ও রসগ্রহ সম্বদ্ধে ব্যাঘাত ঘটিয়া উঠে।" ভবভূতির অসাধারণ দোষ নিব্বাচনকালে বিদ্যাসাগর মহাশয় এই কথা বলিয়াছেন। আমরা

(১) ষেমন মেঘের শব্দ শন্নিয়া, দৃগু সিংহ-শিশন্ও হস্তি-বিনাশ হইতে নিব্ত হয়, সেইর্প।

(২) সকোতুক দপে আমার প্রতি বদ্ধলক্ষ্য হইয়া ধন্ উখিত করিয়া, সৈন্যের দ্বারা পশ্চাতে অনুস্ত হইয়া, ইনি দুই দিক্ হইতে বায়ুসগুলিত এবং ইন্দুধন্শোভিত মেঘের মত দেখাইতেছেন।

(৩) পাতালাভান্তরবর্ত্তী কৃষ্ণমধ্যে রাশীকৃত অন্ধলারের নায় কৃষ্ণবর্ণ এবং উত্তপ্ত, প্রদীপ্ত পিন্তলের বিপদ্ধলবং জ্যোতিবিশিষ্ট জ্যুন্তলংগ্রেলর দারা আকাশমণ্ডল রন্ধাণ্ডপ্রলয়নালীন দ্নির্নার ভৈরব বার্মর দারা বিশ্বিপ্ত এবং মেঘমিলিত বিদান্থকর্তৃক পিঙ্গলবর্ণ এবং গাহাব্যক্ত বিদ্যাদিশিধরব্যাপ্তবং দেখাইতেছে।

বিবিধ প্রবন্ধ-উত্তরচরিত

প্রেব যাহা উত্তরচরিত হইতে উদ্ধৃত করিয়াছি, তন্মধ্যে এইর্প দীর্ঘ সমাসের অনেক উদাহরণ পাওয়া যাইবে। এই কিক্ডকমধ্যে ঐর্প দীর্ঘ সমাসের বিশেষ আধিকা। আমরা কয়েকটি উদ্ধৃত করিতেছি, যথা প্রপাব্দিট;—

"অবিরল্লুলেতবিক্চকনককমলকমনীয়সস্ততিঃ

অমরতর ্তর্ণমণিম কুলনিকরমকরণদ-

স্করঃ প্রপনিপাতঃ।"

প্নশ্চ, বাণস্থ অগ্ন:-

"উচ্চন্ডবক্রখন্ডাবস্ফোটপট্বতরস্ফ্রিঙ্গবিকৃতিঃ উত্তালতুম্ ভগবান উষ্ণব্দিঃ।"

উত্তালতুম্ললেলিহানজনালাসম্ভারভৈরবো

পুনশ্চ, বারুণাস্ত্রসূষ্ট মেঘ:-

"অবিরলবিলোলধ্রন্তবিশ্জাল্লদাবিলাসমণিডদেহিং মন্তমোরক-ঠসামলোহং জলহরেহিং।" এবং তংকালে স্টির অবস্থা:—

"প্রবলবাতার্বলিক্ষোভগন্তীরগর্ণগর্ণায়মানমেঘমেদ্রান্ধকারনীরশ্বনিবন্ধম্ একবার্রবিশ্বগ্রসন-বিকটবিকরালকালকপ্টমর্থকন্দর্ববিত্তমান্মিব য্গান্তযোগনিদ্রানির্দ্ধসম্বদ্বারনারায়ণোদর্নিবিষ্ট্রনিব ভূতজাতং প্রবেপতে।"

কৃদৃশ দীর্ঘ সমাস যে রচনা-দোষমধ্যে গণ্য, তাহা আমরা স্বীকার করি। যাহা কিছুতে অর্থবাধের বিষম হয়, তাহাই দোষ। ঈদৃশ সমাসে অর্থবাধের হানি, স্ত্তরাং ইহা দোষ। নাটকে ইহা বিশেষ যে দোষ, তাহাও স্বীকার করি; কেন না. ইহাতে নাটকের অভিনরোপযোগিতার হানি হয়। তথাপি এই সমাসগর্মল কবিস্বপরিপ্র্ণ, ইহা অবশ্য স্বীকার করিতে হইবে।

লব ও চন্দ্রকেতু যুদ্ধ করিতেছিলেন, এমন সময়ে রাম সেই স্থানে উপনীত হইলেন। তিনি উভয়কে যুদ্ধ হইতে নিরস্ত করিলেন। লব তাঁহাকে রাজা রামচন্দ্র বলিয়া জানিতে পারিয়া, ভিক্তভাবে প্রণাম ও নম্বভাবে তাঁহার সহিত আলাপ করিলেন। কুশও যুদ্ধসন্দাদ শুনিয়া সে স্থানে উপস্থিত হইলেন, এবং লব কর্ত্বক উপদিষ্ট ইইয়া রামের সহিত সেইর্প ব্যবহার করিলেন। রাম উভয়কে সয়েহে আলিঙ্কন এবং পিতৃযোগ্য প্রণয়সন্ভাষণ করিতে লাগিলেন। পরে সকলে, বাল্মীকির আশ্রমে, তৎপ্রদীত নাটকাভিনয় দেখিতে গেলেন।

তথায় রামান, জ্ঞান্রমে লক্ষ্মণ দুষ্ট্রগর্কৈ যথাস্থানে সন্নিবেশিত করিতে লাগিলেন। ব্রাহ্মণ, ক্ষতিয়, পৌরগণ, জনপদবাসী প্রজা ও দেবাস,র এবং ইতর জীব, স্থাবর জঙ্গম সকলে ঋষি-প্রভাবলে সমাগত হইয়া লক্ষ্মণকর্ত্ব যথাস্থানে সন্নিবেশিত হইলেন। পরে অভিনয়ারম্ভ হইল। রাম ও লবকুশ দুষ্ট্রগর্মধ্যে ছিলেন।

সীতা বিসম্প্রনি ব্তান্তই এই অন্তুত নাটকের প্রথমাংশ। সীতা লক্ষ্মণকর্ত্বক পরিত্যক্ত হইলে, তাঁহার কাতরতা, গঙ্গাপ্রবাহে দেহসমর্পণ, তক্মধ্যে ষমলসন্তান প্রসব, গঙ্গা এবং প্রথিবী কর্ত্বক তাঁহার ও শিশ্বদিগের রক্ষা ও তৎসঙ্গে সীতার প্রস্থান ইত্যাদি অভিনীত হইল। দেখিয়া রাম ম্ছিত্ত হইলেন। তখন লক্ষ্মণ উচ্চৈঃন্বরে বাল্মীকিকে লক্ষ্যা করিয়া বলিতে লাগিলেন, "ভগবন্! রক্ষা কর্ন! আপনার কাব্যের কি মন্ত্র্যা?" নটদিগকে বলিলেন, "তোমরা অভিনয় বন্ধ কর।"

তথন সহসা দেববি কর্তৃক অন্তরশীক্ষ ব্যাপ্ত হইল! গঙ্গার বারিরাশি মথিত হইল। ভাগীরথী এবং প্রথিবীর সহিত জলমধ্য হইতে উঠিলেন—কৈ? স্বরং সীতা। দেথিয়া লক্ষ্মণ বিস্মিত এবং আহ্যাদিত হইয়া রামকে ডাকিলেন, "দেথ্ন! দেখ্ন!" কিন্তু রাম তথনও অচেতন। তথন সীতা অর্কতীকর্তৃক আদিন্দী হইয়া রামকে স্পর্শ করিলেন। বলিলেন. "উঠ, আর্যাপত্র!"

রাম চেতনাপ্রাপ্ত হইলেন। পরে যাহা ঘটিল, বলা বাহ্না। সেই সর্প্রলাকসমারোহ সমক্ষে সীতার সতীত্ব দেবগণকত্ত্বি স্বীকৃত হইল। দেববাক্যে প্রজাগণ ব্রিকল সীতা লবকুশকেও পাইলেন। রামও তাঁহাদিগকে পুত্র বলিয়া চিনিলেন। পরে সপ্রা ভার্য্যা গ্রে লইয়া গিয়া সংখে রাজ্য করিতে লাগিলেন।

নাটকের ভিতর এই নাটকখানি বিনি অভিনীত দেখিকেন বা পাঠ করিবেন, তিনিই যে অগ্রপাত করিবেন, তদ্বিরে সংশন্ধ নাই। কিন্তু আমরা এতদংশ উদ্ধৃত করিলাম না। এই উপসংহার অপেক্ষা রামারণের উপসংহার অধিকতর মধ্র এবং কর্ণ রসপ্ণ। আমরা পাঠকের প্রীত্যথে তাহাই উদ্ধৃত করিতে বাসনা করি। বাল্মীকি কর্ত্বক সীতা অযোধারে আনীত হয়েন। যে স্চনার ঋষি সীতাকে আনরন করেন, তান্ধশেষ বঙ্গীর পাঠকমাত্রেই "সীতার বনবাস" পাঠ করিয়া অবগত আছেন—সতীত্ব সম্বদ্ধে শপথ করিলে সীতাকে গ্রহণ করিবেন, রাম এই অভিপ্রায় প্রকাশ করিয়াছিলেন। এই কথা প্রচার হইলে পর, সীতা-শপথ দর্শনার্থ বহু লোকের সমাগম হইল।

১০৯ সর্গ ।

তস্যাং রজন্যাং ব্যুষ্টায়াং যজ্ঞবাটং গতো নূপঃ। ঋষীন্ সৰ্বান্ মহাতেজাঃ শব্দাপয়তি রাঘবঃ॥ বশিভেঠা বামদেবশ্চ জাবালিরথ কাশ্যপঃ। বিশ্বামিত্রো দীর্ঘতপা দুর্বাসাশ্চ মহাতপাঃ :: প্রলম্ভ্যোহপি তথা শক্তিভাগবিদ্যের বামনঃ। মার্ক ভেয়শ্চ দীর্ঘায়, স্মেশিলাল্যশ্চ মহাযশাঃ।। গর্গদ্চ চ্যবনদৈচব শতানন্দদ্চ ধন্মবিং। ভরদ্বাজ্প্র তেজ্ম্বী অগ্নিপ্রেশ্চ সপ্রভঃ॥ নারদঃ পব্বতিশৈচ্ব গোত্মশ্চ মহাযশাঃ। এতে চান্যে চ বহবো মনেয়ঃ সংশিতরতাঃ॥ কোত্রলসমাবিষ্টাঃ সর্ব্ব এব সমাগতাঃ। রাক্ষসাশ্চ মহাবীর্য্যা বানরাশ্চ মহাবলাঃ ॥ সৰ্ব এব সমাজশম্মহাত্মানঃ কৃত্হলাং। ক্ষরিয়া যে চ শ্দোন্চ বৈশ্যানেচব সহস্রশঃ॥ নানাদেশাগতাশ্চৈব ব্রাহ্মণাঃ সংশিতব্রতাঃ। সীতাশপথবীক্ষার্থং সর্ব্ব এব সমাগতাঃ॥ তদা সমাগতং সৰ্বমশ্মভূত্মিবাচলং। শ্রহা মর্নবরস্তর্ণং সস্থতিঃ সম্পাগমং॥ তম্বিং প্রতঃ সীতা অন্বগচ্ছদ্বাঙ্ম,খী। কৃতাঞ্জলিব্বাষ্পকলা কৃত্বা রামং মনোগতং॥ णाः मृष्टेना श्राविभाशाणीः बन्नानमन् शामिनीः। বাল্মীকেঃ পৃষ্ঠতঃ সীতাং সাধ্বাদো মহানভুং॥ ততো হলহলাশব্দঃ সর্বেষামেবমাবভৌ। দুঃখজন্মবিশালেন শোকেনাকুলিতাত্মনাং ॥ সাধ্ব রামেতি কেচিত্ত্ব সাধ্ব সীতেতি চাপরে। উভাবেব চ তত্তান্যে প্রেক্ষকাঃ সংপ্রচক্রশঃ॥ ততো মধ্যে জনোঘস্য প্রবিশ্য মানিপাঙ্গবঃ। সীতাসহায়ে। বাল্মীকিরিতিহোবাচ রাঘবং॥ ইয়ং দাশরথে সীতা স্বতা ধর্মাচারিণী। অপ্রাদাৎ পরিত্যক্তা মুমাশ্রমসমীপতঃ ॥ লোকাপবাদভীতস্য তব রাম মহারত। প্রত্যায়ং দাস্যতে সীতা তামনুজ্ঞাতুমহাসি॥ ইমো তু জানকীপুৱাবুভো চ ষমজাতকো। সতে। তবৈব দৰে বে। সভামেতদ ব্ৰবীমি তে॥ প্রচেতসোহহং দশমঃ পরেরা রাঘবনন্দন। ন স্মরাম্যন্তং বাক্যমিমো ত তব পত্রেকো ॥

বিবিধ প্রবন্ধ উত্তরচরিত

বহুবর্ষসহস্রাণি তপশ্চর্য্য ময়া কৃতা।
নোপাশনীয়াং ফলস্তস্যা দুক্টেরং যদি মৈথিলী॥
মনসা কশ্মণা বাচা ভূতপূর্বাং ন কিল্বিষং।
তস্যাহং ফলমশনাম অপাপা মৈথিলী বদি॥
অহং পঞ্চস্ক ভূতেব্ব মনঃষচ্চেব্ব রাঘব।
বিচিন্ত্য সীতা শুক্ষেতি জগ্রাহ বর্নান্ধারে॥
ইয়ং শুক্ষসমাচারা অপাপা পতিদেবতা।
লোকাপবাদভীতস্য প্রত্যাহং তব দাস্যতি॥
তস্মাদিয়ং নরবরাম্মজ শুক্ষভাবা
দিব্যেন দ্ভিট্বিষ্যেণ ময়া প্রদিন্টা।
লোকাপবাদকল্বীকৃতচেতসা যা
ত্যক্তা ময়া প্রিয়তমা বিদিত্যিপ শুক্ষা॥

১১০ সগ্।

বাল্মীকেনৈবম**ুক্তন্তু** রাঘবঃ প্রত্যভাষত। প্রাঞ্জলিজ্জাগতো মধ্যে দুষ্ট্রা তাং এবমেত মহাভাগ যথা বদসি ধন্মবিং। প্রত্যয়স্থ মম রক্ষাংস্তব বাক্যৈরকলমবৈ॥ প্রতায় চ পরে। দত্তো বৈদেহ্যা সরেসমিধৌ। শপথশ্চ কৃতন্ত্রত তেন বেশ্ম প্রবেশিতা॥ লোকাপবাদো বলবান্ যেন ত্যক্তা হি মৈথিলী। সেয়ং লোকভয়াদ ব্ৰহ্মনপাপেত্যভিজানতা।। পরিত্যক্তা ময়া সীতা তদ্ভবান্ ক্ষন্তুমহতি। জানামি চেমো পুরো মে ষমজাতো কুশীলবো ৷৷ শান্ধায়াং জগতো মধ্যে বৈদেহ্যাং প্রীতিরম্ভ মে। অভিপ্রায়ন্ত বিজ্ঞায় রামস্য সুরস্ত্রমাঃ॥ সীতায়াঃ শপথে তিসমন্ সর্ব্ব এব সমাগতাঃ। পিতামহং প্রস্কৃত্য সর্ব্ব এব সমাগতাঃ॥ আদিত্যা বসবো রুদ্রা বিশ্বেদেবা মরুদ্রাণাঃ। সাধ্যাশ্চ দেবাঃ সর্কেব তে সক্ষেব চ পরমর্ষয়ঃ॥ নাগাঃ স্কুপর্ণাঃ সিদ্ধাশ্চ তে সব্বের্ব হুণ্টমানসাঃ। मृष्ठेवा रमवान,यौरटेम्ठव त्राचवः श्रुनतत्ववौर ॥ প্রত্যারো মে মুনিপ্রেষ্ঠ ঋষিবাকৈরকলমধৈঃ। শালায়াং জগতো মধ্যে বৈদেহ্যাং প্রীতিরস্ত মে॥ সীতাশপথসংদ্রান্তাঃ সর্ব্ব এব সমাগতাঃ। তাতো বায়ঃ শৃতঃ প্রণ্যো দিব্যগন্ধো মনোরমঃ॥ তং জনোঘং সুরশ্রেষ্ঠো হ্যাদরামাস সর্বতঃ। তদস্তুত্মিবাচিন্তাং নিরৈক্ষন্ত সমাহিতাঃ। মানবাঃ সম্বরিভেট্টভ্যঃ প্রবং কৃত্যুগে যথা॥ সৰ্বান্ সমাগতান্ দৃষ্ট্বা সীতা কাষায়বাসিনী। অৱবীং প্রাঞ্জ লিব্যক্তমধোদ ভিরবা সমুখী ॥ यथादः ताघवामनाः मनमाभि न हिख्ता। তথা মে মাধবী দেবী বিবরং দাতুমহতি॥ মনসা কম্মণা বাচা যথা রামং সমষ্ঠরে। তথা মে মাধবী দেবী বিবরং দাতুমহতি॥

र्वाष्क्रम ब्रह्मावना

বথৈতং সত্যমক্তং মে বেশ্মি রামাৎ পরং ন চ। তথা মে মাধবী দেবী বিবরং দাতুমহতি॥ তথা শপন্ত্যাং বৈদেহ্যাং প্রাদরোসীব্রদম্ভুতং। कृष्णाम् चिष्ठः पिराः त्रिःशानम्बन्द्रमः॥ **প্রিয়মানং শিরোভিস্ত নাগৈরমিতবিক্রমৈঃ।** দিব্যং দিব্যেন বপর্ষা দিব্যরত্নবিভূষি**ত**ঃ॥ তিস্মংস্তু ধরণীদেবী বাহ,ভ্যাং গৃহ্য মৈথিলীং। স্বাগতেনাভিনদৈন্নামাসনে চোপবেশয়ং॥ তামাসনগতাং দৃষ্ট্রা প্রবিশস্তীং রসাতলং। পুষ্পব্যিরবিচ্ছিলা দিব্যা সীতামবাকিরং॥ সাধ্কারণ্ট স্মহান্দেবানাং সহসোখিতঃ। সাধ্য সাধিত্বতি বৈ সীতে যস্যান্তে শীলমীদ্শং॥ এবং বহুবিধা বাচো হান্তরীক্ষগতাঃ সূরাঃ। ব্যাজহু হ ভিমনসো দৃষ্ট্রা সীতাপ্রবেশনং॥ যজ্ঞবাটগতাশ্চাপি মুনয়ঃ সৰ্ব এব তে। রাজান-চ নরব্যাঘ্রা বিস্ময়াহ্মোপরেমিরে ॥ অস্তরীকে চ ভূমো চ সর্বে স্থাবরজঙ্গমাঃ। দানবাশ্চ মহাকায়াঃ পাতালে পলগাধিপাঃ ॥ क्रिकिटनमः मश्त्रकाः क्रिकानभवावगः। কেচিদ্রামং নিরীক্ষত্তে কেচিৎ সীতামচেতসঃ॥ সীতাপ্রবেশনং দৃষ্ট্রা তেষামাসীৎ সমাগমঃ। তশ্বহ্রেমিবাত্যর্থং সমং সম্মোহিতং জগং॥ (১)

(১) সেই রজনী অতিবাহিত হইলে, মহাতেজা রাজা রামচন্দ্র বজ্ঞস্থল গমনপ্র্বেক খ্যিসকলকে আহ্বান করাইলেন। অনস্তর বাশন্ট, বামদেব, কশাপবংশোন্তব জাবালি, দীর্ঘাতপা বিশ্বামিন্ত, মহাতপা দ্বর্ঘাসা, প্রেল্ডা, শাক্তি, ভাগবি, বামন, দীর্ঘারা, মার্কান্ডের, মহাযশা মৌশ্লালা, গর্গ, চাবন, ধর্মাজ্ঞ শাডানন্দ, তেজস্বী ভরম্বাজ্ঞ, অগ্নিপন্ত সমুগ্রভ, নারদ, পর্ব্বত ও মহাযশা গৌতম, এবং অন্যান্য সংশিতরত ম্নিগণ কোত্ইলাচ্যান্ত ইইরা সকলেই সমাগত ইইলেন। মহাবাম্য রাক্ষসগণ ও মহাবল বানরগণ, মহাত্মা ক্ষৃতিরগণ, এবং সহস্র সহস্র বৈশ্য ও শ্রেগণ এবং নানা দেশাগত রতধারী রাক্ষণসকল কৃত্ইলব্দাতঃ সাতাশপথ দর্শন জন্য সকলেই সমাগত ইইলেন।

মহর্ষি বালমীকি, তংকালে সমাগত জনমন্ডলী কৌতুকদর্শনার্থ পর্স্বত্বং নিশ্চলভাবে দন্ডারমান, ইহা প্রবণ করিয়া সীতাসহিত শীদ্র আগমন করিলেন। সীতাও কৃতাঞ্জালি, বাল্পাকুলনয়না এবং অধামনুখী হইয়া মনোমধ্যো রামকে চিন্তা করিতে করিতে সেই খ্যির পশ্চাং পশ্চাং গমন করিতে লাগিলেন। রক্তার অনুগামিনী প্রতির নাায় বালমীকির পশ্চাষ্তিনী সেই সীতাকে দেখিবামাত্র সেই স্থলে অতি মহং সাধুবাদ হইতে লাগিল। তংপরে দুঃখজ অতিমহং শোক হেতু ব্যথিতান্তঃকরণ জনসকলের বিপ্লে হলহলা শব্দ উত্থিত হইল। দর্শকবৃশ্দমধ্যে কতকগ্রিল সাধ্ব রাম, কতকগ্রিল সাধ্ব জানকী ও কতকগ্রিল উভয়ই সাধ্ব, এই প্রকার কহিতে লাগিল।

তদনন্তর ম্নিপ্রেণ্ড বাদমীকি সাঁতা সহিত জনবৃন্ধমধ্যে প্রবিষ্ট হইয় রামকে এইর্প বলিতে লাগিলেন : হে দাশরিথ ! ধন্মচারিণী, স্বতা এই সাঁতা লোকাপবাদ হেতু আমার আশ্রম সমীপে পরিতান্তা হইয়াছিলেন। হে মহারত রাম ! ইনি এক্ষণে লোকাপবাদভাত তোমার নিকট প্রতার প্রদান করিবেন; তুমি অনুজ্ঞা কর । এই দৃর্ধার্য বাল জানকাপ্রে তোমারই প্রু ইহা আমি তোমাকে সত্য বলিতেছি । হে রাষ্থ্যনন্দন ! আমি প্রচেতার দশম প্রু, আমি মিখ্যা বাক্য স্মরণও করি না; ইহারা তোমারই প্রু । আমি বহু সহস্র বর্ষ তপস্যা করিয়াছি; বদ্যাপ এই জানকী দৃশ্চারিণী হয়েন, তাহা হইলে আমি বেন তাহার ফল প্রাপ্ত না হই । কারমনে এবং কন্মছারা আমি প্রেশ্ব কথনই পাপাচরণ করি নাই; বদ্যাপ জানকী নিশাপা হয়েন, তবে আমি বেন তাহার ফলভোগ করিতে পারি ৷ হে রাষ্থ্য আমি পঞ্চ ভূত ও অভিছানীর মনেতে সাঁতাকে বিশ্বদ বিবেচনা করিয়াই বননির্বরে গ্রহণ করিয়াছিলাম ৷ এই অপ্যাপা পতিপ্রারণা শ্রুচারিণী, লোকাপবাদভীত তোমার নিকট প্রতার প্রদান করিবেন ।

বিবিধ প্রবন্ধ-উত্তরচরিত

আমরা উত্তরচরিত নাটকের প্রকৃত সমালোচনা করি নাই। পাঠকের সহিত আনুপ্রশ্বিক নাটক পাঠ করিয়া বেখানে ঘেখানে ভাল লাগিয়াছে, তাহাই দেখাইয়া দিয়াছি। প্রশ্বের প্রত্যেক অংশ প্থক্ করিয়া পাঠককে দেখাইয়াছি। এর্পে গ্রন্থের প্রকৃত দোষগালের ব্যাখ্যা হয় না। এক একখানি প্রস্তর পৃথক্ পৃথক্ করিয়া দেখিলে তাজমহলের গোরব ব্রিয়তে পারা যায় না। একটি একটি বৃক্ষ পৃথক্ পৃথক্ করিয়া দেখিলে উদ্যানের শোভা অনুভূত করা যায় না। এক একটি অঙ্গ প্রত্যুক্ত বর্ণনা করিয়া মনুষাম্ত্রির অনিন্ব্রচনীয় শোভা বর্ণন করা যায় না। কোটি কলস জলের আলোচনায় সাগরমাহাত্মা অনুভূত করা যায় না। সেইর্প কাবাগ্রন্থের। এ স্থান ভাল রচনা, এই স্থান মন্দ রচনা, এইর্প তাহায় সন্বাংশের পর্য্যালোচনা করিলে প্রকৃত গুনাগান্দ ব্রিতে পারা যায় না। যেমন অট্টালকার সোল্যুক্ত করিতে হইলে, তাহার

হে রাজনন্দন! যেহেতু তুমি তোমার এই প্রিরতমাকে বিশ্বন্ধা জানিয়াও লোকাপবাদ ভয়ে পরিত্যাগ করিয়াছিলে, তত্জনাই দিবাজ্ঞানে বিশ্বন্ধা জানিয়াও এই শপথার্থ আদেশ করিয়াছি।

রাম বালমীকি কর্ত্তক এইর্পে কথিত হইয়া এবং সেই দেবর্বার্ণনী জানকীকে দেখিয়া কৃতাঞ্চলিপ্রবাক জগণন্থ জনগণের সমাপে এইর্পে বালিতে লাগিলেন। হে ধন্মজ্ঞ। হে মহাভাগ। আপান
বাহা বালিতেছেন, তাহাই সত্য। হে রন্ধান্। আপনার পবিত্র বাকোতেই আমার প্রতায় ইইয়াছে, এবং
বৈদেহীও লঞ্চামধ্যে প্রবালন দেবগণ সমীপে প্রতায় প্রদান ও শপথ করিয়াছেন, তন্জনাই আমি
ই'হাকে গ্রে প্রবিন্দ করাইয়াছিলাম। হে রন্ধান্। এই জানকীকে আমি পবিত্রা জানিয়াও শ্বদ লোকাপবাদভয়ে ত্যাগ করিয়াছি। আর যমল কুশালব আমারই প্র, আমি তাহা জানি; কিন্তু আপান
আমাকে ক্ষমা করিবেন। আমি যে কারণে জানকীকে ত্যাগ করিয়াছি, সেই লোকাপবাদ আমার পক্ষে
সর্বপেক্ষা বলবান্। জাগমধ্যে পবিত্রা জানকীতে আমার প্রীতি থাকক।

অনন্তর সীতা-শপথ বিষয়ে রামের অভিপ্রায় জানিয়া দেবগণ ব্রদ্ধাকে প্রেরবন্তী করিয়া সেই ছলে সমাগত হইলেন এবং আদিতাগণ বস্থাণ র্দ্রগণ বার্গণ বিষদেবগণ সকল সাধাগণ দেবগণ সকল পরমর্যিগণ নাগগণ পক্ষিগণ সকলেই হন্টান্তঃকরণ হইয়া সে ছলে আগমন করিলেন। রাম সমাগত সেই সকল দেবগণ ঋষিগণকে দেখিয়া প্রনর্থার বাল্মীকিকে সন্বোধন করিয়া বিলতে লাগিলেন।

হে মুনিশ্রেষ্ঠ! পবিত্র শ্বিষ্ঠাকো আমার প্রতায় আছে। জগতে বিশ্বন্ধালিনী সীতার প্রতি আমার প্রীতি থাকুক; কিন্তু সীতাশপথ দশ্নজন্য কোত্রলালান্ত হইয়া সকলে সমাগত হইয়াছেন।

তখন দিব্য গন্ধবিশিষ্ট মনোহর এবং সম্বাপাপপুণা-সাক্ষী পবিত্র বায়্ প্রবাহিত ইইয়া সেই জনবৃন্দকে আহ্মাদিত করিল। প্র্বাকালে সতাব্যুগের নায় সেই আশ্চর্য্য অচিন্তনীয় বাগের, সকল রাম্ম হইতে সমাগত জনমন্ডলী সমাহিত হইয়া দেখিতে লাগিল। কায়ায়-বস্পারিধানা সীতা সকলকে সমাগত দেখিয়া অধাম্খী, অধাদ্থি এবং কৃতান্ধাল হইয়া এইর্প কহিতে লাগিলেন। যদি আমি মনেতেও রাম ভিক্র অন্য চিন্তা না করিয়া থাকি, তবে প্থিবীদেবী আমাকে বিবর প্রদান কর্ন। র্যাদ আমি কায়মনোবাক্যে রামার্চান করিয়া থাকি, তবে প্থিবীদেবী আমাকে বিবর প্রদান কর্ন। "আমি রাম ভিক্র জানি না," আমার এই বাক্য যদি সতা হয়, তবে প্থিবীদেবী আমাকে বিবর প্রদান কর্ন।

বৈদেহী এইর্শ শপথ করিলে, তখন অমিতবিচ্ন, দিব্য রক্সালক্ত নাগগণ কর্তৃক মন্তকে বাহিত, দিব্যকান্তি, দিব্য সিংহাসন রসাতল হইতে সহসা আবিতৃতি হইল এবং সেই স্থলে প্থিবীদেবী দুই বাহ্মারা সীতাকে গ্রহণ করিয়া এবং স্বাগত প্রশ্নে অভিনন্দন করিয়া সেই উত্তমাসনে উপবেশন করাইলেন।

সিংহাসনার্ঢ়া সেই সাঁতাকে রসাতলে প্রবেশ করিতে দেখিয়া তদ্পরি স্বর্গ হইতে প্রশেব্দি হৈতে লাগিল এবং দেবগণের অতি বিপ্ল সাধ্বাদ হঠাৎ উথিত হইল। সাঁতার রসাতল প্রবেশ দেখিয়া অন্তরীক্ষণত দেবগণ হন্টান্তঃকরণ হইয়া, "সাঁতা সাধ্ সাঁতা সাধ্ যাঁহার এইর্প চরিত্র" ইত্যাদি নানাপ্রকার বাক্য কহিতে লাগিলেন। বক্সক্রলাগত সেই সকল ম্নিগণ ও মন্যাশ্রেণ্ট রাজ্ঞগণ এই অন্তুত ঘটনাহেত্ বিস্মর হইতে বিরত হইতে পারিলেন না। তৎকালে আকাশে, ভূতলে স্থাবর জক্ষম পদার্থ ও মহাকার দানবগণ এবং পাতালে নাগগণ সকলেই হন্টান্তঃকরণ হট্রাছিলেন। তাঁহারা হন্টমনে শব্দ করিতে লাগিলেন; কাহারা বা ধ্যানন্ত হইলেন, কাহারাও বা রামকে দেখিতে লাগিলেন, এবং কেহ কেই বা নিঃসংজ্ঞ হইয়া সাঁতাকে অবলোকন করিতে লাগিলেন। এইর্পে সমাগত সেই সকল শ্ববি প্রভৃতির সাঁতার রসাতল প্রবেশ দেখিয়া এই প্রকার সমাগম হইয়াছিল এবং সেই ম্হুর্তে সম্বার জগৎ সমকলেই মোহিত ইইয়াছিল।

वश्विक क्रमावनी

অনস্থবিস্তার এককালে চক্ষে গ্রহণ করিতে হইবে, কাব্য নাটক সমালোচনও সেইর্প। মহাভারত এবং রামারণের অনেকাংশ এমন অপকৃষ্ট যে, তাহা কেহই পড়িতে পারে না। যে আগ্রবীক্ষণিক সমালোচনার প্রবৃত্ত হইবে, সে কখনই এই দ্বই ইতিহাসের বিশেষ প্রশংসা করিবে না। কিন্তু মোটের উপর দেখিতে গেলে বলিতে হইবে যে, এই দ্বই ইতিহাসের অপেক্ষা শ্রেষ্ঠ কাব্য প্রথিবীতে আর নাই।

সত্তরাং উত্তরচরিত সম্বন্ধে মোটের উপর দুই চারিটা কথা না বলিলে নর। অধিক বলিবার

স্থান নাই।

কবির প্রধান গণে, স্থিটক্ষমতা। যে কবি স্থিটক্ষম নহেন, তাঁহার রচনায় অন্য অনেক গণে থাকিলেও বিশেষ প্রশংসা নাই। কালিদাসের ঋতুসংহার, এবং টমসনের তদ্বিষয়ক কাব্যে উৎকৃষ্ট বাহ্য প্রকৃতি বর্ণনা আছে। উভয় গ্রন্থই আদ্যোপাস্ত স্থাধ্বর, প্রসাদগণেবিশিষ্ট, এবং ব্যভাবান্কারী। তথাপি এই দুই কাব্য প্রধান কাব্য বিলয়া গণ্য হইতে পারে না—কেন না. তদ্বভয়মধ্যে স্থিটচাতুর্গ্য কিছুই নাই।

সৃষ্টিক্ষমতা মাত্রই প্রশংসনীয় নহে। অনেক ইংরাজি আখ্যায়িকালেখকের রচনামধ্যে ন্তন সৃষ্টি অনেক আছে। তথাপি ঐ সকলকে অপকৃষ্ট গ্রন্থমধ্যে গণনা করিতে হয়। কেন না, সেই সকল সৃষ্টি স্বভাবান,কারিণী এবং সৌন্দর্য্যবিশিষ্টা নহে। অতএব কবির সৃষ্টি

श्वाचान्याती व्याद स्मिन्यर्गियां ना श्रेटल, रकान क्षणात्रा नारे।

সোন্দর্য্য এবং স্বভাবান,কারিতা, এই দুইয়ের একটি গুণ থাকিলেই কবির স্ভিতর কিছ্ন প্রশংসা হইল বটে, কিন্তু উভয় গুণ না থাকিলে কবিকে প্রধান পদে অভিষিক্ত করা যায় না। আরব্য উপন্যাস বলিয়া যে বিখ্যাত আরব্য গ্রন্থের প্রচার হইয়াছে. তল্লেখকের স্ভিতর মনো-হারিম্ব আছে, সন্দেহ নাই। কিন্তু তাহাতে স্বভাবান,কারিতা না থাকায় "আলেফ লয়লা" প্রথিবীর অত্যংকুট কাব্যগ্রন্থমধ্যে গণ্য নহে।

কবল দ্বভাবান,কারিণী স্থিরও বিশেষ প্রশংসা নাই। যেমন জগতে দেখিয়া থাকি, কবির রচনার মধ্যে তাহারই অবিকল প্রতিকৃতি দেখিলে কবির চিত্রনৈপ্রণ্যের প্রশংসা করিতে হয়, কিন্তু তাহাতে চিত্রনৈপ্রণ্যেরই প্রশংসা, স্ঘিটচাতুর্যের প্রশংসা কি? আর তাহাতে কি উপকার হইল? যাহা বাহিরে দেখিতেছি, তাহাই গ্রন্থে দেখিলাম; তাহাতে আমার লাভ হইল কি? যথার্থ প্রতিকৃতি দেখিয়া আমোদ আছে বটে—কেবল দ্বভাব-সঙ্গত গুণবিশিষ্টা স্থিতে সেই আমোদ মাত্র জনিয়া থাকে। কিন্তু আমোদ ভিন্ন অন্য লাভ যে কাব্যে নাই, সে কাব্য সামান্য বলিয়া গণিতে হয়।

অনেকে এই কথা বিষ্ণায়কর বলিয়া বোধ করিবেন। কি এ দেশে, কি স্মৃসভা ইউরোপীয় জাতিমধ্যে, অনেক পাঠকেরই এইর্পে সংস্কার যে, ক্ষণিক চিত্তরঞ্জন ভিন্ন কাব্যের অন্য উদ্দেশ্য নাই। বস্তুতঃ অধিকাংশ কাব্যে (বিশেষতঃ গদ্য কাব্যে বা আধুনিক নবেলে) এই চিত্তরঞ্জন প্রবৃত্তিই লক্ষিত হয়—তাহাতে চিত্তরঞ্জন ভিন্ন গ্রন্থকারের অন্য উদ্দেশ্য থাকে না; এবং তাহাতে চিত্তরঞ্জনোপযোগিতা ভিন্ন আর কিছ্ম থাকেও না। কিন্তু সে সকলকে উৎকৃষ্ট কাব্য বলিয়া গণ্যা যাইতে পারে না।

বদি চিত্তরঞ্জনই কাব্যের উদ্দেশ্য হইল, তবে বেশ্থামের তর্কে দোষ কি ?* কাব্যেও চিত্তরঞ্জন হয়, শতরণ্ড খেলায়ও চিত্তরঞ্জন হয়। বরং অনেকেরই ঐবান্হো অপেক্ষা একবাজি শতরণ্ড খেলায় অধিক আমোদ হয়। তবে তাঁহাদের পক্ষে কাব্য হইতে শতরণ্ড উৎকৃষ্ট বয়ু ? এবং স্কট্ কালিদাসাদি অপেক্ষা একজন পাকা খেলোয়াড় বড় লোক ? অনেকে বলিবেন যে, কাব্যপ্রদত্ত আনন্দ বিশ্বন্ধ আনন্দ—সেই জন্য কাব্যের ও কবির প্রাধান্য। শতরণ্ডের আমোদ অবিশ্বন্ধ কিসে?

এর্প তর্ক যদি অষধার্থ না হয়, তবে চিন্তরঞ্জন ভিন্ন কাব্যের মুখ্য উদ্দেশ্য আর কিছ্ অবশ্য আছেই আছে। সেটি কি?

অনেকে উক্তর দিবেন, "নীতিশিক্ষা"। বদি তাহা সত্য হয়, তবে "হিতোপদেশ" রঘ্বংশ

^{*} राज्याम वरनान, आस्मान जमान इटेरन कारतात अवर 'भर्नान्भन्' रथनात अक्टे मत्र।

হইতে উৎকৃষ্ট কাব্য। কেন না, বোধ হয়, হিতোপদেশে রঘ্বংশ হইতে নীতিবাহন্তা আছে। সেই হিসাবে কথামালা হইতে শকুগুলা কাব্যাংশে অপকৃষ্ট।

কেহই এ সকল কথা স্বীকার করিবেন না। যদি তাহা না করিলেন, তবে কাব্যের মুখ্য উদ্দেশ্য কি? কি জন্য শতরণ্ঠ খেলা ফেলিয়া শক্তলা পড়িব?

কাব্যের উদ্দেশ্য নীতিজ্ঞান নহে—কিন্তু নীতিজ্ঞানের যে উদ্দেশ্য, কাব্যেরও সেই উদ্দেশ্য। কাব্যের গোণ উদ্দেশ্য মনুষ্যের চিত্তোৎকর্ষ সাধন—চিত্তশন্ত্রি জনন। কবিরা জগতের শিক্ষাদাতা —কিন্তু নীতিবাখ্যার ঘারা তাঁহারা শিক্ষা দেন না। কথাচ্ছলেও নীতিশিক্ষা দেন না। তাঁহারা সোন্দর্যের চরমোৎকর্ষ স্ক্রনের ছারা জগতের চিত্তশন্ত্রি বিধান করেন। এই সৌন্দর্য্যের চরমোৎকর্ষর স্থিত কাব্যের মুখ্য উদ্দেশ্য। প্রথমোক্তটি গোণ উদ্দেশ্য, শেষোক্তটি মুখ্য উদ্দেশ্য।

কথাটা পরিষ্কার হইল না। যদিও উত্তরচরিত সমালোচন পক্ষে এ কথা আর অধিক পরিষ্কার করিবার প্রয়োজন নাই, তথাপি প্রস্তাবের গৌরবাননুরোধে আমরা তাহাতে প্রবৃত্ত হইলাম।

চোর চুরি করে। রাজা তাহাকে বলিলেন, "তুমি চুরি করিও না; আমি তাহা হইলে তোমাকে অবর্ত্বন্ধ করিব।" চোর ভয়ে প্রকাশ্য চুরি হইতে নিব্ত হইল. কিন্তু তাহার চিত্তশ্ত্বিজ জিমল না। সে যখনই ব্রিঝবে, চুরি করিলে রাজা জানিতে পারিবেন না, তখনই চুরি করিবে।

তাহাকে ধন্মোপদেশক বলিলেন, "তুমি চুরি করিও না—চুরি ঈশ্বরাজ্ঞাবির্দ্ধ"। চোর বলিল. "তাহা হইতে পারে, কিন্তু ঈশ্বর যথন আমার আহারের অপ্রতুল করিয়াছেন, তথন আমি চুরি করিয়াই থাইব"। ধন্মোপদেশক বলিলেন, "তুমি চুরি করিলে নরকে যাইবে"। চোর বলিল. "তদ্বিষয়ে প্রমাণাভাব"।

নীতিবেতা কহিতেছেন, "তুমি চুরি করিও না; কেন না, চুরিতে সকল লোকের অনিষ্ট, যাহাতে সকল লোকের অনিষ্ট, তাহা কাহারও কর্ত্তব্য নহে"। চোর বলিবে, "যদি সকল লোক আমার জন্য ভাবিত, আমি তাহা হইলে সকলের জন্য ভাবিতে পারিতাম। লোকে আমায় খেতে দিক্, আমি চুরি করিব না। কিন্তু যেখানে লোকে আমায় কিছু দেয় না, সেখানে তাহাদের অনিষ্ট হয় হউক, আমি চুরি করিব"।

কবি চোরকে কিছু বলিলেন না, চুরি করিতে নিষেধ করিলেন না। কিন্তু তিনি এক সম্বাজনমনোহর পবিত্র চরিত্র স্জন করিলেন। সম্বাজনমনোহর, তাহাতে চোরেরও মন মৃদ্ধ হইবে। মন্যোর স্বভাব, যে যাহাতে মৃদ্ধ হয়, পৃনঃ পৃনঃ চিত্ত প্রীত হইয়া তদালোচনা করে। তাহাতে আকাজ্ফা জন্ম—কেন না, লাভাকাজ্ফার নামই অনুরাগ। এইর্পে পবিত্রতার প্রতি চোরের অনুরাগ জন্ম। স্তরাং চুরি প্রভৃতি অপবিত্র কার্যো সে বীতরাগ হয়।

"আত্মপরায়ণতা মন্দ—তুমি আত্মপরায়ণ হইও না।" এই নৈতিক উক্তি রামায়ণ নহে। কথাচ্ছলে এই নীতি প্রতিপন্ন করিবার জন্য রামায়ণের প্রণয়ন হয় নাই। কিন্তু রামায়ণ হইতে ভারতবর্ষের আত্মপরায়ণতা দোষ যতদ্র পরিবার হইয়ছে, ততদ্র, কোন নীতিবেন্তা, ধর্ম্মবেন্তা, সমাজকর্তা বা রাজা বা রাজকর্মচারিকর্তৃক হয় নাই। স্মিববেচক পাঠকের এতক্ষণ বোধ হইয় থাকিবেক যে, উন্দেশ্য এবং সফলতা উভয় বিবেচনা করিলে, রাজা, রাজনীতিবেন্তা, বাবস্থাপক, সমাজতত্ত্বেন্তা, ধর্মোপদেন্টা, নীতিবেন্তা, দার্শনিক, বৈজ্ঞানিক সর্ব্বাপেক্ষাই কবির শ্রেণ্ডত্ব। কবিত্ব পক্ষে যের্পুপ মানসিক ক্ষমতা আবশ্যক, তাহা বিবেচনা করিলেও কবির সেইর্পু প্রাধান্য। কবিরা জগতের শ্রেণ্ড শিক্ষাদাতা, এবং উপকারকর্ত্তা, এবং সর্ব্বাপেক্ষা অধিক মানসিক শক্তিসম্পার।

কি প্রকারে কাব্যকারেরা এই মহৎ কার্যা সিদ্ধ করেন? যাহা সকলের চিত্তকে আরুণ্ট করিবে, তাহার স্থিতীর দ্বারা। সকলের চিত্তকে আরুণ্ট করে, সে কি? সৌন্দর্য্য; অতএব সৌন্দর্য্য স্থিতীই কাব্যের মুখ্য উন্দেশ্য। সৌন্দর্য্য অর্থে কেবল বাহা প্রকৃতির বা শারীরিক সৌন্দর্য্য নহে। সকল প্রকারের সৌন্দর্য্য ব্রন্ধিতে হইবেক। যাহা ক্রান্ত্র্যার্নিট লোক ভিন্ন কাহারও মন মুদ্ধ হয় না। এ জন্য স্বভাবান্কারিতা সৌন্দর্য্যের একটি গ্রেশ মান্ত্র—স্বভাবান্কারিতা ছাড়া সৌন্দর্য্য জন্ম না। তবে যে আমরা স্বভাবান্কারিতা

এবং সোল্পর্গ দুইটি প্থক্ গুল বলিয়া নিল্পেশ করিয়াছি, তাহার কারণ, সৌল্পর্যের অনেক অর্থ প্রচলিত আছে।

আর একটি কথা ব্ঝাইলেই হয়। এই জগৎ ত সৌন্দর্যাময়—তাহার প্রতিকৃতি মাত্রই সৌন্দর্যাময় হইবে। তবে কেন আমরা উপরে বলিয়াছি যে, যাহা প্রকৃতির প্রতিকৃতি মাত্র, সে দ্র্ণিতে কবির তাদৃশ গৌরব নাই? তাহার কারণ, সে কেবল প্রতিকৃতি—অন্বলিপি মাত্র—তাহাকে "স্থিট" বলা যায় না। যাহা সত্যের প্রতিকৃতি মাত্র নহে—তাহাই স্থিট। যাহা স্বভাবান্কারী, অথচ স্বভাবাতিরিক্ত, তাহাই কবির প্রশংসনীয় স্থিট। তাহাতেই চিত্র বিশেষর্পে আকৃষ্ট হয়। যাহা প্রকৃত, তাহাতে তাদৃশ চিত্ত আকৃষ্ট হয় না। কেন না, তাহা অসম্পূর্ণ, দোষসংস্পৃত্ট, প্রাত্তন, এবং অনেক সময়ে অস্প্র্ট। কবির স্থিট তাঁহার স্বেচ্ছাধীন—স্ত্রাং সম্পূর্ণ, দোষস্থান, নবীন, এবং স্পণ্ট হইতে পারে।

এইর্প যে সৌন্দর্য্যস্থি কবির সন্ধ্প্রধান গ্ণ-সেই অভিনব, স্বভাবান্কারী, স্বভাবাতিরিক্ত সৌন্দর্য্যস্থি-গ্নে, ভারতব্যীয় কবিদিগের মধ্যে বাল্মীকি এবং মহাভারত-কার প্রধান। এক এক কাব্যে ঈদৃশ স্থিতিবৈচিত্র্য প্রায় জগতে দ্বর্লভ।

এ সম্বন্ধে ভবভূতির স্থান কোথায়? তাহা তাঁহার তিনখানি নাটক পর্যালোচিত না করিলে অবধারিত করা যায় না। তাহা আমাদিগের উদ্দেশ্য নহে। কেবল উত্তরচরিত দেখিয়া তাঁহাকে অতি উচ্চাসন দেওয়া যায় না। উত্তরচরিতে ভবভূতি অনেক দ্রে পর্যন্ত বাল্মীকির অন্বন্ধী ইইতে বাধ্য ইইয়াছেন, স্তরাং তাঁহার স্ভিটারেধ্য নবীনত্বের অভাব, এবং স্ভিটাতুর্য্যের প্রচার করিবার পথও পান নাই। চরিত্র স্ক্রন সম্বন্ধে ইহা বলা যাইতে পারে যে, রাম ও সীতা ভিল্ল কোন নায়ক নায়িকার প্রাধান্য নাই। সীতা, রামায়দের সীতার প্রতিকৃতি মাত্র। রামের চরিত্র, রামায়দের রামের চরিত্রের উৎকৃতি প্রতিকৃতিও নহে—ভবভূতির হস্তে সে মহচ্চিত্র যে বিকৃত হইয়া গিয়াছে, তাহা প্রেবহি প্রতিপন্ন করা গিয়াছে। সীতাও তাঁহার কাছে, অপেক্ষাকৃত পরসাময়িক স্থীলোকের চরিত্র কতক দ্রে পাইয়াছেন।

তাই বলিয়া এমত বলা যায় না বে, উত্তরচরিতে চরিত্রস্থিত-চাতৃর্য্য কিছুই লক্ষিত হয় না। বাসস্তী ভবভূতির অভিনব স্থিত বটে, এবং এ চরিত্র অত্যন্ত মনোহর। আমরা বাসস্তীর চরিত্রের সবিশেষ পরিচয় দিয়াছি, সতরাং তৎসম্বন্ধে আর বিস্তারের আবশ্যক নাই। এই পরদ্বংখকাতরহৃদয়া, ক্লেহময়ী, বনচারিণী যে অবধি প্রথম দেখা দিলেন, সেই অবধিই তাঁহার প্রতি পাঠকের প্রীতি সঞ্চার হইতে থাকিল।

তন্তিক্ষ চন্দ্রকৈতু ও লবের চিত্রও প্রশংসনীয়। প্রাচীন কবিদিগের ন্যায় ভবভূতিও জড় পদার্থকে রুপবান্ করণে বিলক্ষণ স্কুচতুর। তমসা, মুরলা, গঙ্গা, এবং প্থিবী এই নাটকে মানবীরুপিণী। সেই রুপগুলিন যে মনোহর হইয়াছে, তাহা পুর্বেই বলিয়াছি।

কবির সৃষ্টি—চরিত্র, রুপ. স্থান. অবস্থা, কার্য্যাদিতে পরিণত হয়। ইহার মধ্যে কোন একটির সৃষ্টি কবির উদ্দেশ্য হওয়া টুচিত নহে। সকলের সংযোগে সৌন্দর্যের সৃষ্টিই তাঁহার মুখ্য উদ্দেশ্য। চরিত্র, রুপ. স্থান, অবস্থা, কার্য্য, এ সকলের সমবায়ে যাহা দাঁড়াইল, তাহা যদি সাক্ষর হইল, তবেই কবি সিদ্ধকাম হইলেন।

ভবভূতির চরিত্রস্ক্রনের ক্ষমতার পরিচয় দিয়াছি। অন্যান্য বিষয়ে তাঁহার স্ক্রনকোশলের পরিচয় ছায়া নামে উত্তরচরিতের তৃতীয়াঞ্ব। আমাদিগের পরিশ্রম যদি নিম্ফল না হইয়া থাকে, তবে পাঠক সেই ছায়ার মোহিনী শক্তি অন্ভূত করিয়াছেন। ঈদ্শ রমণীয়া স্ভি অতি দলেভ।

স্থি-কৌশল কবির প্রধান গ্র্ণ। কবির আর একটি বিশেষ গ্র্ণ রসোন্ডাবন। রসোন্ডাবন কাহাকে বলে, আমরা ব্রুঝাইতে বাসনা করি, কিন্তু রস শব্দটি ব্যবহার করিয়াই আমরা সে পথে কটিা দিয়াছি। এ দেশীর প্রাচীন আলৎকারিকদিগের ব্যবহৃত শব্দগ্রিল একালে পরিহার্য। ব্যবহার করিলেই বিপদ্ ঘটে। আমরা সাধ্যান্সারে তাহা বঙ্জন করিয়াছি, কিন্তু এই রস্থানটি ব্যবহার করিয়া বিপদ্ ঘটিল। নর্রাট বৈ রস নয়, কিন্তু মন্ব্যাচিত্তবৃত্তি অসংখ্য। রতি, শোক, লোধ, স্থায়ী ভাব; কিন্তু হর্ব, অমর্ব প্রভৃতি ব্যভিচারী ভাব। ক্লেহ, প্রণয়, দয়া, ইহাদের কোথাও স্থান নাই;—না স্থায়ী, না ব্যভিচারী—কিন্তু একটি কাব্যান্প্রোগী কদর্ব্য মানসিক ব্তি আদিরসের আকারস্বর্প স্থায়ী ভাবে প্রথমে স্থান পাইয়াছে। ক্লেহ, প্রণয়, দয়াদিপরি-

জ্ঞাপক রস নাই; কিন্তু শান্তি একটি রস। সত্তরাং এবিশ্বিধ পারিভাষিক শব্দ লাইরা সমালোচনার কার্য্য সম্পন্ন হর না। আমরা যাহা বলিতে চাহি, তাহা অন্য কথায় ব্রুঝাইতেছি—আলঞ্কারিক-দিগকে প্রণাম করি।

মনুষ্যের কার্য্যের মূল তাহাদিগের চিত্তবৃত্তি। সেই সকল চিত্তবৃত্তি অবস্থান্সারে অত্যক্ত বেগবতী হয়। সেই বেগের সমূচিত বর্ণনিদ্বারা সৌন্দর্যের সৃজন, কাব্যের উদ্দেশ্য। অস্মন্দেশীয় আলঞ্জারিকেরা সেই বেগবতী মনোবৃত্তিগণকে "স্থায়ী ভাব" নাম দিয়া এ শব্দের এর্পুপরিভাষা করিয়াছেন যে, প্রকৃত কথা বৃঝা ভার। ইংরাজি আলঞ্জারিকেরা তাহাকে Passions বলেন। আমরা তাহার কাব্যগত প্রতিকৃতিকে রসোন্তাবন বলিলাম।

রুসোন্তাবনে ভবভূতির ক্ষমতা অপরিসীম। যথন যে রস উদ্ভাবনের ইচ্ছা করিয়াছেন. তথনই তাহার চরম দেখাইয়াছেন। তাঁহার লেখনী-মুথে ক্ষেহ উচ্ছালতে থাকে—শোক দহিতে থাকে, দন্ত ফর্নলতে থাকে। ভবভূতির মোহিনী শক্তিপ্রভাবে আমরা দেখিতে পাই যে, রামের শরীর ভাঙ্গিতেছে; মন্দ্র্ম ছি'ডিতেছে; মন্তক ঘ্রিতেছে; চেতনা লুপ্ত হইতেছে—দেখিতে পাই. সীতা কথন বিসময়িষ্ঠামতা: কথন আনন্দোখিতা; কথন প্রেমাভিভূতা; কথন অভিমানকুণ্ঠিতা; কথন আত্মাবমাননাসপ্র্তিতা: কথন অন্তাপবিবশা; কথন মহাশোকে ব্যাকুলা। কবি যথন যাহা দেখাইয়াছেন, একেবারে নায়ক নায়িকার হৃদয় যেন বাহির করিয়া দেখাইয়াছেন। যথন সীতা বিললেন, "অক্ষহে—জলভরিদমেহখাণদগন্তীরমংসলো কুদোণ্য এসো ভারদীণিগ্রোসো! ভরিক্তমাণকর্মবিবরং মং বি মন্দ্রভাইণিং ঝিন্ত উন্মাবেণি!" তথন বোধ হইল, জগৎ সংসার সীতার প্রেমে পরিপূর্ণ হইল। ফলে রসোন্তাবনী শক্তিতে ভবভূতি প্থিবীর প্রধান কবিদিগের সহিত তুলনীয়। একটি মাত্র কথা বিলয়া মানবমনোব্তির সমন্ত্রবং সীমাশ্নাতা চিত্রিত করা মহাকবির লক্ষণ। ভবভূতির রচনা সেই লক্ষণাচান্ত। পরিতাপের বিষয় এই যে, সে শক্তি থাকিতেও ভবভূতি রামবিলাপের এত বাহ্বল্য করিয়াছেন। ইহাতে তাঁহার যশের লাঘব হুইবাছে।

আমাদিগের ইচ্ছা ছিল যে. এই রামবিলাপের সহিত, আর কয়থানি প্রসিদ্ধ নাটকের কয়েকটি স্থান তুলিত করিয়া তারতম্য দেখাই। কিন্তু স্থানাভাবে পারিলাম না। সহদয় পাঠক, শকুন্তলার জন্য দুক্মন্তের বিলাপ, দেস্দিমোনার জন্য ওথেলোর বিলাপ, এবং ইউরিপিদিসের নাটকে আল্কেন্ডিযের জন্য আদ্মিতসের বিলাপ, এই রামবিলাপের সঙ্গে তুলনা করিয়া দেখিবেন।

বাহ্য প্রকৃতির শোভার প্রতি প্রগাঢ় অনুরাগ ভবভূতির আর একটি গুণ। সংসারে ষেথানে যাহা স্নৃদ্ধ্য, স্গন্ধ বা স্থকর, ভবভূতি অনবরত তাহার সন্ধানে ফিরেন। মালাকার ষেমন প্রদেশ্যা, স্গন্ধ বা স্থকর, ভবভূতি অনবরত তাহার সন্ধানে ফিরেন। মালাকার ষেমন প্রদেশায়ান হইতে স্থলর কুস্মগ্রিল তুলিয়া সভামশ্রুপ রঞ্জিত করে, ভবভূতি সেইর্প স্বল্ব বস্থু অবকীর্ণ করিয়া এই নাটকথানি শোভিত করিয়াছেন। যেখানে স্নৃদ্ধ্য বৃক্ষ, প্রফুল্ল কুস্ম, স্থাতিল স্বাসিত বারি,—যেখানে নীল মেঘ, উত্তক্ষ পর্বত, ম্দ্নিনাদিনী নিঝরিণী, শ্যামল কানন, তরক্ষপঞ্জলা নদী—যেখানে স্থলর বিহঙ্গ ক্রীড়াশীল করিশাবক, সরলম্বভাব ক্রেক্স-সেইখানে কবি দাড়াইয়া একবার তাহার সৌন্দর্য দেখাইয়াছেন। কবিদিগের মধ্যে এই গ্র্ণিট সেক্ষ্পীয়র ও কালিদাসের বিশেষ লক্ষ্ণীয়। ভবভূতিরও সেই গ্র্ণ বিশেষ প্রকাশমান।

ভবভূতির ভাষা অতিচমংকারিণী। তাঁহার রচনা সমাসবহ্নতা ও দুর্ব্বোধ্যতাদোষে কলজ্বিতা বলিয়া বিদ্যাসাগর মহাশয় কর্ত্ব নিশ্বিত হইয়াছে। সে নিশ্বা সম্লক হইলেও সাধারণতঃ যে ভবভূতির বাবহৃত সংস্কৃত ও প্রাকৃত অতিমনোহর, তদ্বিষয়ে সংশয় নাই। উইলসন বিলয়াছেন যে, কালিদাস ও ভবভূতির ভাষার ন্যায় মহতী ভাষা কোন দেশের লেখকেই দৃষ্ট হয় না।

উত্তরচরিতের যে সকল দোষ, তাহা আমরা বধাস্থানে বিবৃত করিয়াছি—প্নরক্রেশের আবশ্যক নাই। আমরা এই নাটকের সমালোচনা সমাপন করিলাম। অন্যান্য দোষের মধ্যে দৈর্ঘ্য দোষে এই সমালোচন বিশেষ দ্বিত হইয়াছে। এজনা আমরা কৃণ্ঠিত নহি। যে দেশে তিন ছত্রে সচরাচর গ্রন্থসমালোচনা সমাণ্ড করা প্রথা, সে দেশে একথানি প্রাচীন গ্রন্থের সমালোচন দীর্ঘ হইলে দোষ্টি মার্চ্জনিতীত হইবে না। বদি ইহার দারা একজন পাঠকেরও কাব্যান্বাগ বদ্ধিত হয় বা তাঁহার কাব্যারস্গ্রাহিণী শক্তির কিণ্ডিন্মান্ত সহায়তা হয়, তাহা হইলেই এই দীর্ঘ প্রবন্ধ আমরা সফল বিবেচনা করিব।

গীতিকাব্য*

কাব্য কাহাকে বলে, তাহা অনেকে ব্ঝাইবার জন্য বত্ন করিয়াছেন, কিন্তু কাহারও বত্ন সফল হইয়াছে কি না সন্দেহ। ইহা স্বীকার করিতে হইবে যে, দ্বই ব্যক্তি কখন এক প্রকার অর্থ করেন নাই। কিন্তু কাব্যের যথার্থ লক্ষ্ণ সম্বন্ধে মতভেদ থাকিলেও কাব্য একই পদার্থ, সন্দেহ নাই। সেই পদার্থ কি, তাহা কেহ ব্ঝাইতে পার্ন বা না পার্ন, কাব্যপ্রির ব্যক্তি মাত্রেই এক প্রকার অনুভব করিতে পারেন।

কাব্যের লক্ষণ যাহাই হউক না কেন, আমাদিগের বিবেচনায় অনেকগর্নলন গ্রন্থ, যাহার প্রতি সচরাচর কাব্য নাম প্রযুক্ত হয় না, তাহাও কাব্য। মহাভারত, রামায়ণ ইতিহাস বলিয়া খ্যাত হইলেও তাহা কাব্য; শ্রীমন্তাগবত প্রনাণ বলিয়া খ্যাত হইলেও তাহা অংশবিশেষে কাব্য: স্কটের উপন্যাসগ্রলিকে আমরা উৎকৃষ্ট কাব্য বলিয়া স্বীকার করি: নাটককে আমরা কাব্যমধ্যে গণ্য করি, তাহা বলা বাহ্নলা।

ভারতবর্ষীর এবং পাশ্চান্ত্য আলব্দারিকেরা কাব্যকে নানা শ্রেণীতে বিভক্ত করিয়াছেন। তাহার মধ্যে অনেকগ্রালন বিভাগ অনর্থক বলিয়া বোধ হয়। তাহাদিগের কথিত তিনটি শ্রেণী গ্রহণ করিলেই বথেন্ট হয়, যথা, ১ম দৃশ্যকাব্য, অর্থাৎ নাটকাদি; ২য় আখ্যানকাব্য অথবা মহাকাব্য; রঘ্বংশের ন্যায় বংশাবলীর উপাখ্যান, রামায়ণের ন্যায় ব্যক্তিবিশেষের চরিত, শিশ্র-পালবধের ন্যায় ঘটনাবিশেষের বিবরণ, সকলই ইহার অন্তর্গত; বাসবদন্তা, কাদ্দ্বরী প্রভৃতি গাদ্য কাব্য ইহার অন্তর্গত, এবং আধ্যানিক উপান্যাস সকল এই শ্রেণীভুক্ত। ৩য়, খণ্ডকাব্য বেলন কাব্য প্রথম ও দ্বিতীয় শ্রেণীর অন্তর্গত নহে, তাহাকেই আমরা খণ্ডকাব্য বলিলাম।

দেখা যাইতেছে যে, এই ত্রিবিধ কাব্যের রূপগত বিলক্ষণ বৈষম্য আছে। কিন্তু রূপগত বৈষম্য প্রকৃত বৈষম্য নহে। দৃশ্যকাব্য সচরাচর কথোপকথনেই রচিত হয়, এবং রঙ্গাঙ্গনে অভিনীত হইতে পারে, কিন্তু যাহাই কথোপকথনে গ্রন্থিত, এবং অভিনয়োপযোগী, তাহাই যে नाएक वा जराष्ट्राणीम्, अभाज नरह। अम्मर्गत त्मारकत माधातगण्डः উপরোক্ত ভ্রান্তিম্লক সংস্কার আছে। এই জন্য নিতা দেখা যায় যে. কথোপকথনে গ্রন্থিত অসংখ্য প্রন্তুক নাটক বলিয়া প্রচারিত, পঠিত, এবং অভিনীত হইতেছে। বাস্তবিক তাহার মধ্যে অনেকগালিই নাটক নহে। পাশ্চান্ত্য ভাষার অনেকগ্রালন উৎকৃষ্ট কাব্য আছে, যাহা নাটকের ন্যায় কথোপকথনে গ্রান্থিত কিন্তু বস্তুতঃ নাটক নহে। "Comus", "Manfred", "Faust" ইহার উদাহরণ। অনেকে শক্তলা ও উত্তররামচরিতকৈও নাটক বলিয়া স্বীকার করেন না। তাঁহারা বলেন ইংরাজি ও প্রীক ভাষা ভিন্ন কোন ভাষায় প্রকৃত নাইক নাই। পক্ষান্তরে গেটে বলিয়াছেন যে, প্রকৃত नाएंद्रक्त भएक, कर्त्थाभकथरन शन्थन या अভिनस्तित উপযোগিতা निजास आवशाक नरह। আমাদিগের বিবেচনায় "Bride of Lammermoor" কে নাটক বলিলে অন্যায় হয় না। ইহাতে বুঝা যাইতেছে যে, আখ্যানকাব্যও নাটকাকারে প্রণীত হইতে পারে; অথবা গীতপরম্পরায় সমিবেশিত হইয়া গীতিকাবোর রূপ ধারণ করিতে পারে। বাঙ্গালা ভাষায় শেষোক্ত বিষয়ের উদাহরণের অভাব নাই। পক্ষান্তরে দেখা গিয়াছে, অনেক খণ্ডকাব্য মহাকাব্যের আকারে রচিত হইরাছে। যদি কোন একটি সামান্য উপাখ্যানের স্ত্রে গ্রন্থিত কাব্যমালাকে আখ্যানকাব্য বা মহাকাব্য নাম দেওয়া বিধেয় হয়, তবে "Excursion" এবং "Childe Harold" কে ঐ নাম দিতে হয়। কিন্তু আমাদিগের বিবেচনায় ঐ দুই কাব্য খণ্ডকাব্যের সংগ্রহ মাত্র।

খণ্ডকাব্য মধ্যে আমরা অনেক প্রকার কাব্যের স্থান করিয়াছি। তন্মধ্যে এক প্রকার কাব্য প্রাধান্য লাভ করিয়া ইউরোপে গীতিকাব্য (Lyric) নামে খ্যাত হইয়াছে। অদ্য সেই শ্রেণীর কাব্যের কথার আমাদিগের প্রয়োজন।

ইউরোপে কোন বস্তু একটি পৃথক নাম প্রাপ্ত ইইয়াছে বলিয়া, আমাদিগের দেশেও যে একটি পৃথক নাম দিতে ইইবে, এমত নহে। যেখানে বস্তুগত কোন পার্থকা নাই, সেখানে নামের পার্থকা অনর্থক এবং অনিষ্টান্তনত কিন্তু ষেখানে বস্তুগতি পৃথক, সেখানে নামও

অবকাশরভিনী। কলিকাতা।

পূথক হওয়া আবশ্যক। যদি এমত কোন বন্ধু থাকে যে, তাহার জন্য গীতিকাব্য নামটি গ্রহণ করা আবশ্যক, তবে অবশ্য ইউরোপের নিকট আমাদিগকে ঋণী হইতে হইবে।

গীত মন্বোর এক প্রকার স্বভাবজাত। মনের ভাব কেবল কথার ব্যক্ত হইতে পারে, কিন্তু কণ্ঠভঙ্গীতে তাহা স্পণ্টীকৃত হয়। "আঃ" এই শব্দ কণ্ঠভঙ্গীর গালে দৃঃখবোধক হইতে পারে, বিরক্তিবাচক হইতে পারে, এবং ব্যক্ষোক্তও হইতে পারে। "তোমাকে না দেখিয়া আমি মরিলাম!" ইহা শ্ব্ব বলিলে, দ্বঃখ ব্ঝাইতে পারে, কিন্তু উপযুক্ত স্বরভঙ্গীর সহিত বলিলে দ্বঃখ শতগাণ তাধিক ব্ঝাইবে। এই স্বরবৈচিত্রোর পরিণামই সঙ্গীত। স্তরাং মনের বেগ প্রকাশের জন্য আগ্রহাতিশ্যাপ্রযুক্ত, মন্বা সঙ্গীতপ্রিয়, এবং তংসাধনে স্বভাবতঃ যত্নশীল।

কিন্তু অর্থযুক্ত বাক্য ভিন্ন চিত্তভাব ব্যক্ত হয় না, অতএব সঙ্গীতের সঙ্গে বাকোর সংযোগ

আবশ্যক। সেই সংযোগোৎপন্ন পদকে গীত বলা যার।

গীতের জন্য বাক্যবিন্যাস করিলে দেখা যায় যে, কোন নিয়মাধীন বাক্যবিন্যাস করিলেই

গীতের পরিপাট্য হয়। সেই সকল নিয়মগর্মার পরিজ্ঞানেই ছন্দের স্থিট।

গীতের পারিপাট্যজন্য আবশ্যক দুইটি—স্বরচাত্র্য্য এবং শব্দচাত্র্য্য। এই দুইটি পৃথক্ পৃথক্ দুইটি ক্ষমতার উপর নির্ভার করে। দুইটি ক্ষমতাই একজনের সচরাচর ঘটে না। যিনি সুক্রিব, তিনিই সুগায়ক, ইহা অতি বিরল।

কাজে কাজেই, একজন গীত রচনা করেন, আর একজন গান করেন। এইর্পে গীত হইতে গাীতকাব্যের পার্থ কা জন্মে। গীত হওয়াই গাীতকাব্যের আদিম উন্দেশ্য; কিন্তু যখন দেখা গোল যে, গীত না হইলেও কেবল ছন্দোবিশিষ্ট রচনাই আনন্দদায়ক, এবং সম্পূর্ণ চিত্তভাব-ব্যঞ্জক, তখন গীতোন্দেশ্য দূরে রহিল; অগেয় গাীতকাব্য রচিত হইতে লাগিল।

অতএব গীতের যে উন্দেশ্য, যে কাব্যের সেই উন্দেশ্য, তাহাই গাঁতিকাব্য। বক্তার

ভাবোচ্ছবাসের পরিস্ফুটতামাত্র যাহার উদ্দেশ্য, সেই কাব্যই গীতিকাব্য।

বিদ্যাপতি চন্ডীদাস প্রভৃতি বৈষ্ণব কবিদিগের রচনা, ভারতচন্দ্রের রসমঞ্জরী, মাইকেল মধ্যস্থান দত্তের ব্রজাঙ্গনা কাবা, হেমবাব্র কবিতাবলী, ইহাই বাঙ্গালা ভাষায় উৎকৃষ্ট গীতিকাব্য। অবকাশরঞ্জিনী আর একখানি উৎকৃষ্ট গীতিকাব্য।

যখন হদয়, কোন বিশেষ ভাবে আচ্ছের হয়,—য়েহ. কি শোক. কি ভয়, কি যাহাই হউক, তাহার সম্দায়াংশ কখন ব্যক্ত হয় না। কতকটা ব্যক্ত হয়, কতকটা ব্যক্ত হয় না। যাহা ব্যক্ত হয়, তাহা কিয়ার দায়া বা কথা দায়া। সেই কিয়া এবং কথা নাটককারের সামগ্রী। যেটকু অব্যক্ত থাকে, সেইটকু গীতিকাব্যপ্রশেতার সামগ্রী। যেটকু সচরাচর অদৃষ্ট, অদর্শনীয়, এবং অন্যের অনন্দেয় অথচ ভাবাপয় ব্যক্তির র্শ্ধ হদয়মধ্যে উচ্ছের্নিসত, তাহা তাঁহাকে ব্যক্ত করিতে হইবে। মহাকাবের বিশেষ গ্ল এই যে, কবির উভয়বিধ অধিকার থাকে; ব্যক্তব্য এবং অব্যক্তব্য, উভয়ই তাঁহার আয়ত্ত। মহাকাব্য, নাটক এবং গীতিকাব্যে এই একটি প্রধান প্রভেদ বিলয়া বোধ হয়। অনেক নাটককর্তা তাহা বৃব্দেন না, স্ত্রাং তাঁহাদিগের নায়ক নায়কার চরিত্র অপ্রাকৃত এবং বাগাড়ন্বরবিশিষ্ট হহয়া উঠে। সত্য বটে যে, গীতিকাব্যলেখককেও বাক্যের দ্বারাই রসোন্তাবন করিতে হইবে; নাটককারেরও সেই বাক্য সহায়। কিয়্কু যে বাক্য ব্যক্তব্য, নাটককার কেবল তাহাই বলাইতে পারেন। যাহা অব্যক্তব্য, তাহাতে গীতিকাব্যকারের অধিকার।

উদাহরণ ভিন্ন ইহা অনেকে ব্-ঝিতে পারিবেন না। কিন্তু এ বিষয়ের একটি উত্তম উদাহরণ উত্তরচরিত সমালোচনায় উদ্ধৃত হইরাছে। সীতাবিসঙ্জনকালে ও তৎপরে রামের বাবহারে যে তারতম্য ভবভূতির নাটকে এবং বাল্মীকির রামায়ণে দেখা যার, তাহার আলোচনা করিলে এই কথা হাদরক্ষম হইবে। রামের চিত্তে যখন যে ভাব উদর হইতেছে, ভবভূতি তৎক্ষণাং তাহা লেখনীম্থে ধৃত করিয়া লিপিবদ্ধ করিয়াছেন; বাক্তব্য এবং অব্যক্তব্য উভয়ই তিনি স্বকৃত নাটকমধ্যাত করিয়াছেন। ইহাতে নাটকোচিত কার্য্য না করিয়া গীতিকাব্যকারের অধিকারে প্রবেশ করিয়াছেন। বাল্মীকি তাহা না করিয়া কেবল রামের কার্য্যানুলিই বর্ণিত করিয়াছেন, এবং তত্তৎ কার্য্য সম্পাদনার্থ যতখানি ভাবব্যক্তি আবশ্যক, তাহাই ব্যক্ত করিয়াছেন। ভবভূতি-

যখন এই প্রবন্ধ লিখিত হয়, তখন রবীন্দ্রবাব্র কাব্য সকল প্রকাশিত হয় নাই।

কৃত ঐ রামবিলাপের সঙ্গে ডেসডিমোনা বধের পর ওমেলোর বিলাপের বিশেষ করিয়া তলনা করিলেও এ কথা বুঝা যাইবে। সেক্ষপীয়র এমত কোন কথাই তংকালে ওথেলোর মুখে বাস্ত करतन नाहे. यादा जरकानीन कार्याार्थ वा ज्यानात कथात जेखदा वाख्य कता श्रासामन इटेरजर ना। ব্যক্তব্যের অতিরেকে তিনি এক রেখাও যান নাই। তিনি ভবর্ভাতর ন্যায় নায়কের হৃদয়ানু-সন্ধান করিয়া ভিতর হইতে এক একটি ভাব টানিয়া আনিয়া, একে একে গণনা করিয়া, সারি দিয়া সাজান নাই। অথচ কে না বলিবে ষে, রামের মুখে যে দুঃখ ভবভৃতি ব্যক্ত করিয়াছেন. তাহার সহস্র গুল দুঃখ সেক্ষপীয়র ওথেলোর মুখে বাক্ত করাইয়াছেন।

সহজেই অনুমেয় যে, यादा वाङवा, তাदा পর সম্বন্ধীয় বা কোন কার্য্যোদ্দিট, যাহা অব্যক্তব্য, তাহা আত্মচিত্ত সম্বন্ধীয়: উক্তি মাত্র তাহার উদ্দেশ্য। এরপে কথা যে নাটকে এবেবারে সমিবেশিত হইতে পারে না, এমত নহে, বরং অনেক সময়ে হওয়া আবশাক। কিন্ত ইহা কখন নাটকের উন্দেশ্য হইতে পারে না. নাটকের যাহা উন্দেশ্য, তাহার আনুবঙ্গিকতাবশতঃ

প্রয়োজন মত কদাচিৎ সন্নিবেশিত হয়।

প্রকৃত এবং অতিপ্রকৃত

कावातरमत मामश्री मन, रामत काम । यादा मन, बाह्म एरात जाना अथवा यादा जादात मामान क তদ্বাতীত আর কিছুই কাব্যোপযোগী নহে। কিন্তু কখনও কখনও মহাকবিরা, যাহা অতিমান্য. তাহারও বর্ণনায় প্রবৃত্ত হইয়াছেন। তন্মধ্যে অধিকাংশই মনুষাচরিত্রচিত্রের আনুষ্ঠিক মাত্র। মহাভারত, ইলিয়দ প্রভৃতি প্রাচীন কাব্যসকল, এই প্রকার পার্থিব নায়ক নায়িকার চিত্রান বঙ্গিক দেবচরিত্র বর্ণনায় পরিপূর্ণ। দেবচরিত্র বর্ণনায় রসহানির বিশেষ কারণ এই যে, যাহা মনুষ্য-চরিত্রান,কারী নহে, তাহার সংখ্যা মন,ষ্যা লেখক বা মন,ষ্যা পাঠকের সহদয়তা জন্মিতে পারে না। র্যাদ আমরা কোথাও পড়ি যে, কোন মনুষ্য যমুনার এক বহুজলবিশিষ্ট হুদমধ্যে নিমগ্ন হইয়া অজগর সপ্ কর্ত্তক জলমধ্যে আক্রান্ত হইয়াছে, তবে আমাদিগের মনে ভয়সণ্ডার হয়: আমাদিগের জানা আছে যে, এমন বিপদাপল মনুষ্টোর মৃত্যুরই সম্ভাবনা: অতএব তাহার মৃত্যুর আশুকায় আমরা ভীত ও দুঃখিত হই; কবির অভিপ্রেত রস অবতারিত হয়. তাঁহার ষত্নের সফলতা হয়। কিন্তু যদি আমরা পূর্বে হইতে জানিয়া থাকি যে, নিমগ্ন মনুষা বস্তুতঃ মনুষা নহে, দেবপ্রকৃত, জল বা সপের শক্তির অধীন নহে, ইচ্ছাময় এবং সব্পশিক্তিমান, তখন আর আমাদের ভয় বা कृष्ट्रम थारक ना: रूकन ना, आमता आर्शरे क्यानि स, এर अर्क्स, अरिनश्वत भूत्र व अथनरे কালির দমন করিয়া জল হইতে পুনর খান করিবেন।

এমত অবস্থাতেও যে প্রেকবিগণ দৈব বা অতিমান্য চরিত্র সূষ্ট করিয়া লোকরঞ্জনে সক্ষম হইয়াছেন, তাহার একটি বিশেষ কারণ আছে। তাঁহারা দেবচরিত্রকৈ মন,ষাচরিত্রান,কত করিয়া বর্ণনা করিয়াছেন; স্তরাং সে সকলের সঙ্গে পাঠক বা শ্রোতার সহদয়তার অভাব হয় না। মনুষাগণ বে সকল রাগদ্বেষাদির বশীভূত: মনুষ্য যে সকল সূথের অভিলাষী, দুঃখের অপ্রিয়: মন্যা যে সকল আশায় ল্ব. সৌন্দর্য্যে মৃদ্ধ, অনুতাপে তপ্ত, এই মন্যাপ্রকৃত দেবতারাও তাই। শ্রীকৃষ্ণ, জগদীশ্বরের আংশিক বা সম্পূর্ণ অবতারস্বরূপ কল্পিত হইলেও মনুষ্যের ন্যায় মানবধন্ম বিলম্বী। মানবচরিত্রগত এমন একটি উৎকৃষ্ট মনোব,ত্তি নাই যে, তাহা ভাগবতকারকৃত শ্রীকৃষ্ণচরিত্রে অঞ্চিত হয় নাই। এই মানুষিক চরিত্রের উপর অতিমানুষ বল এবং বৃদ্ধির সংযোগে চিত্রের কেবল মনোহারিত্ব বৃদ্ধি হইয়াছে: কেন না, কবি মানুষিক বলবুদ্ধিসোল্যের চরমোংকর্ষ সূজন করিয়াছেন। কাব্যে অতিপ্রকৃতের সংস্থানের উদ্দেশ্য এবং উপকার এই এবং তাহার নিয়ম এই যে, যাহা প্রকৃত, তাহা যে সকল নিয়মের অধীন, কবির সৃষ্ট অতি-প্রকৃতও সেই সকল নিয়মের অধীন হওয়া উচিত।

সংস্কৃতে এমন একখানি এবং ইংরাজিতে একখানি মহাকাব্য আছে যে, দৈব এবং অতিপ্রকৃত চরিত্র তাহার আনুষ্টাক বিষয় নহে, মূল বিষয়। আমরা কুমারসম্ভব এবং Paradise Lost নামক কাব্যের কথা বলিতেছি। মিল্টনের নায়ক দেবপ্রকৃত ঈশ্বরবিদ্রোহী সয়তান, এবং তাঁহার অন্চরবর্গ । ক্রান্ত্রের সহিত তাহাদিগের বিবাদ, জগদীশ্বর এবং তাহার অন্চরের সহিত তাহাদিলার যুক্তা মিল্টন কোন পক্ষকেই সমাক প্রকারে মানবপ্রকৃতিবিশিষ্ট করেন নাই। স্তরাং তিনি কাব্যরসের অত্যুৎকৃষ্ট অবতারগায় কৃতকার্য্য ইইয়াও, লোকমনোরশ্বনে তাদ্শ কৃতকার্য্য হয়েন নাই। Paradise Lost অত্যুৎকৃষ্ট মহাকাব্য হইলেও, প্রায় কেহ তাহা আনুপ্র্বিক পাঠ করেন না। আনুপ্রিকি পাঠ কছাকর হয়য় উঠে। মিল্টনের ন্যায় প্রথম শ্রেণীর কবির রচনা না হয়য় বিদ ইহা মধ্যম প্রেণীর কোন কবির রচনা হয়ত, তবে বোধ হয়য় কেই পড়িত না। ইহার কারণ, মনুবাচরিত্রের অননুকারী দৈবচরিত্রে মনুবারের সহদয়তা হয় না। এই কাব্যে বেখানে আদম ও ইবের কথা আছে, সেইখানেই অধিকতর সন্থায়য়য়। কিন্তু ইহারা এ কাব্যের প্রকৃত নায়ক নায়িকা নহে—তাহাদের উল্লেখ আনুবিক্রিক মার। আদম ও ইব প্রকৃত মনুবাপ্রকৃত; তাহারা প্রথম মনুব্য, পাথিব সন্থ দ্বংথের অনধীন, নিশ্পাপ; বে সকল শিক্ষার গ্রেণ মনুব্য মনুব্য, সেরকা শিক্ষা পায় নাই। অতএব এই কাব্যে প্রকৃত মনুবাচরিত্র বার্ণিত হয় নাই।

কুমারসম্ভবে একটিও মনুষ্য নাই। যিনি প্রধান নায়ক, তিনি স্বয়ং পরমেশ্বর। নায়িকা পরমেশ্বরী। তদ্ভিম পর্বত, পর্বতমহিষী, ঋষি, রক্ষা, ইন্দ্র, কাম, রতি ইত্যাদি দেব দেবী। বাস্ত্রবিক এই কাব্যের তাৎপর্য্য অতি গড়ে। সংসারে দুই সম্প্রদায়ের লোক সর্ব্বাদা পরস্পরের সহিত বিবাদ করে দেখা যায়। এক, ইন্দিয়পরবশ, ঐহিক সুখমান্রাভিলাষী, পার্রাত্রক চিন্তাবিরত: দ্বিতীয়, বিষয়বিরত সাংসারিক সুখ্মাত্রের বিদ্বেষী, ঈশ্বরচিন্তামগ্ন। এক সম্প্রদায় কেবল শারীরিক সূত্রে সার করেন: আর এক সম্প্রদায় শারীরিক সূত্রের অনুচিত বিশ্বেষ করেন। বস্তুতঃ উভয় সম্প্রদায়ই ভ্রান্ত। যাঁহারা ঈশ্বরবাদী, ঈশ্বরপ্রদত্ত ইন্দ্রিয় অমঙ্গলকর বা অশ্রদ্ধেয় মনে করা তাঁহাদের অকর্ত্ব্য। শারীরিক ভোগাতিশ্যাই দুষ্য; নচেং পরিমিত শারীরিক সূখ সংসারের নিয়ম, সংসাররক্ষার কারণ ঈশ্বরাদিন্দ, এবং ধন্মের প্রশ্বাজনক। এই শারীরিক এবং পার্রান্তকের পরিণয় গতি করাই কুমারসম্ভব কাব্যের উদ্দেশ্য। পার্থিব পর্বতোৎপন্না উমা শরীরর পিণী, তপশ্চারী মহাদেব পারত্রিক শান্তির প্রতিমা। শান্তির প্রাপণাকাঞ্কার উমা প্রথমে মদনের সাহায্য গ্রহণ করিয়াছিলেন, কিন্তু নিম্ফল হইলেন। ইন্দ্রিয় সেবার দ্বারা শান্তি প্রাপ্ত হওয়া যায় না। পরিশেষে আপন চিত্ত বিশক্তে করিয়া, ইন্দ্রিয়াসন্তি সমলতা চিত্ত হইতে দরে করিয়া, যখন শান্তির প্রতি মনোভিনিবেশ করিলেন, তখনই তাঁহাকে প্রাপ্ত হইলেন। সাংসারিক সূথের জন্য আবশ্যক চিত্তশাদ্ধ চিত্তশাদ্ধি থাকিলে ঐহিক ও পার্রাহ্রক প্রস্পর বিরোধী নহে: পরস্পরে পরস্পরের সহায়।

এইর্পে কবি, মনোবৃত্তি প্রভৃতি লইয়া নায়ক নায়িকা গঠন করিয়া, লোকপ্রতীত্যর্থ লোকিক দেবতাদিগের নামে তাহা পরিচিত করিয়াছেন। কিন্তু দেবচিত প্রণয়নে তিনি মিল্টন অপেক্ষা অধিক কৌশল প্রকাশ করিয়াছেন। কবিত্ব ধরিতে গেলে, Paradise Lost হইতে কুমারসম্ভব অনেক উচ্চ। আমাদিগের বিবেচনায় কুমারসম্ভবের তৃতীয় সর্গের কবিত্বের নায় কবিত্ব, কোন ভাষার কোন মহাকাব্যে আছে কি না সন্দেহ। কিন্তু কবিত্বের কথা ছাড়িয়া দিয়া, কেবল কৌশলের কথা ধরিতে গেলে মিল্টন অপেক্ষা কালিদাসকে অধিক প্রশংসা করিতে হয়। Paradise Lost পাঠে শ্রম বোধ হয়; কুমারসম্ভব আদ্যোপাস্ত প্নয় পাঠ করিয়াও পরিতৃত্তি জন্মে না। ইহার কারণ এই বে, কালিদাস কয়েকটি দেবচরিত্র মন্মার্চরিত্রান্ত্রক করিয়া অশেষ মাধ্রাবিশিন্ট করিয়াছেন। উমা স্বয়ং আদ্যোপাস্ত মান্মনী, কোথাও তাহার দেবত্ব লক্ষিত হয় না। তাহার মাতা মেনা, মান্মী মাতার নায়। "পদং সহেত প্রমরসা পেলবং" ইত্যাদি কবিতান্ধের সঙ্গে মণ্টাগ্রের উক্তারিত ''Like the bud bit by an envious worm'' &ে. ইতি উপমার তুলনা কর্ন। দেখিবেন, উমার মাতা এবং রোমিওর পিতা একই প্রকৃতি —হাড়ে হাড়ে মানব। মেনা পাষাদ্রাণী, কিন্তু কুলবতী মানবীদিগের নায়ে তাহার হদয় কস্মস্কুক্রমার।

বিদ্যাপতি ও জয়দেব

বাঙ্গালা সাহিত্যের আর যে দৃঃখই থাকুক, উৎকৃষ্ট গাঁতিকাব্যের অভাব নাই। বরং অন্যান্য ভাষার অপেক্ষা বাঙ্গালায় এই জাতীয় কবিতার আধিকা। অন্যান্য কবির কথা না ধরিলেও, একা বৈষ্ণব কবিগণই ইহার সম্দূর্যিশেব। বাঙ্গালার প্রাচীন কবি—জয়দেব—গাঁতিকাব্যের প্রণেতা। পরবন্তী বৈষ্ণব কবিদিণের মধ্যে বিদ্যাপতি, গোবিন্দদাস, এবং চণ্ডীদাসই প্রসিদ্ধ, কিন্তু আরও কতকগ্নলিন এই সম্প্রদারের গাঁতিকাব্যপ্রশেতা আছেন; তাঁহাদের মধ্যে অন্যুন চারি পাঁচ জন উৎকৃষ্ট কবি বালারা গণ্য হইতে পারেন। ভারতচন্দ্রের রসমঞ্জরীকে এই শ্রেণীর কাব্য বালিতে হয়। রামপ্রসাদ সেন আর একজন প্রসিদ্ধ গাঁতি-কবি। তৎপরে কতকগ্নলি "কবিওয়ালার" প্রাদ্ধর্ভাব হয়, তন্মধ্যে কাহারও কাহারও গাঁত অতি স্কুলর। রাম বস্তু, হর্ ঠাকুর, নিতাই দাসের এক একটি গাঁত এমত স্কুলর আছে যে, ভারতচন্দ্রের রচনার মধ্যে তত্ত্ব্য কিছু নাই। কিন্তু কবিওয়ালাদিগের অধিকাংশ রচনা অশ্রদ্ধের ও অশ্রাব্য সন্দেহ নাই।

সকলই নিয়মের ফল। সাহিত্যও নিয়মের ফল। বিশেষ বিশেষ কারণ হইতে বিশেষ বিশেষ নিয়মান,সারে, বিশেষ বিশেষ ফলোৎপত্তি হয়। জল উপরিস্থ বায়, এবং নিম্নস্থ প্রিবীর অবস্থান, সারে, কতকগ্নিল অলংঘ্য নিয়মের অধীন হইয়া, কোথাও বাষ্প, কোথাও ব্রন্থিবিন্দ, কোথাও শিশির কোথাও হিমকণা বা বরফ, কোথাও কুজু রুটিকার পে পরিণত হয়। তেমনি সাহিত্যও দেশভেদে, দেশের অবস্থাভেদে, অসংখ্য নিয়মের বশবত্তী হইয়া রূপান্ডরিত হয়। সেই সকল নিয়ম অত্যন্ত জটিল, দুৰ্জোয়, সন্দেহ নাই: এ পর্যান্ত কেহ তাহার সবিশেষ তত্ত নিরূপণ করিতে পারেন নাই। কোমণ বিজ্ঞান সম্বন্ধে যেরূপ তত্ত্ব আবিষ্কৃত করিয়াছেন, সাহিত্য সম্বন্ধে কেহ তদুপে করিতে পারেন নাই। তবে ইহা বলা যাইতে পারে যে, সাহিত্য দেশের অবস্থা এবং জাতীয় চরিত্রের প্রতিবিন্দ্র মাত্র। যে সকল নিয়মান,সারে দেশভেদে, রাজ-বিশ্ববের প্রকারভেদ, সমাজবিশ্ববের প্রকারভেদ, ধর্ম্মবিশ্ববের প্রকারভেদ ঘটে, সাহিত্যের প্রকারভেদ সেই সকল কারণেই ঘটে। কোন কোন ইউরোপীয় গ্রন্থকার সাহিতোর সঙ্গে সমাজের আভান্তরিক সম্বদ্ধ ব্রুঝাইতে চেন্টা করিয়াছেন। বক্ল ভিন্ন কেহ বিশেষ রূপে পরিশ্রম করেন নাই, এবং হিতবাদ মতপ্রিয় বক্লের সঙ্গে কাব্যসাহিত্যের সম্বন্ধ কিছু, অংপ। মনুষ্যচরিত্র হইতে ধর্ম্ম এবং নীতি মৃছিয়া দিয়া, তিনি সমাজতত্ত্বে আলোচনায় প্রবৃত্ত। বিদেশ সম্বদ্ধে যাহা হউক, ভারতবর্ষ সম্বন্ধে এ তত্ত কেহ কখন উত্থাপন করিয়াছিলেন, এমত আমাদের স্মরণ হয় না। সংস্কৃত সাহিত্য সম্বন্ধে মক্ষম্লরের গ্রন্থ বহুমূল্য বটে, কিন্তু প্রকৃত সাহিত্যের সঙ্গে সে গ্রন্থের সামানা সম্বন্ধ।

ভারতবর্ষীয় সাহিত্যের প্রকৃত গতি কি? তাহা জানি না, কিন্তু তাহার গোটাকত স্থূল স্থলে চিহ্ন পাওয়া যায়। প্রথম ভারতীয় আর্য্যগণ অনার্য্য আদিমবাসীদিগের সহিত বিবাদে বাস্ত: তখন ভারতব্যীরেরা অনার্য্যকলপ্রমথনকারী, ভীতিশনো, দিগন্তবিচারী, বিজয়ী বীর জাতি। সেই জাতীয় চরিত্রের ফল রামায়ণ। তার পর ভারতবর্ষের অনার্য্য শত্রুসকল ক্রমে বিজ্ঞিত, এবং দুরপ্রস্থিত: ভারতবর্ষ আর্যাগণের করস্থ, আয়ত্ত, ভোগ্য এবং মহা সম্দ্রিশালী। তখন আর্যাগণ বাহা শত্রের ভয় হইতে নিশ্চিন্ত, আভ্যন্তরিক সম্মন্ধি সম্পাদনে সচেন্ট, হন্তগত অনন্ত রত্নপ্রসবিনী ভারতভূমি অংশীকরণে ব্যস্ত। যাহা সকলে জয় করিয়াছে, তাহা কে ভোগ করিবে? এই প্রশেনর ফল আভান্তরিক বিবাদ। তখন আর্য্য পৌরুষ চরমে দাঁডাইয়াছে—অন্য শন্তর অভাবে সেই পোর্ষ পরস্পরের দমনার্থ প্রকাশিত হইয়াছে। এই সময়ের কাব্য মহাভারত। বল যাহার, ভারত তাহার হইল। বহু কালের রক্তব্ঞি শমিত হইল। স্থির হইয়া, উন্নতপ্রকৃতি আর্য্যকল শান্তিসংখে মন দিলেন। দেশের ধনবৃদ্ধি শ্রীবৃদ্ধি ও সভাতাবৃদ্ধি হইতে লাগিল। রোমক হইতে যবদ্বীপ ও চৈনিক পর্যান্ত ভারতবর্ষের বাণিজা ছাটিতে লাগিল। প্রতি নদীকলে অনন্তসোধমালাশোভিত মহানগরী সকল মন্তক উত্তোলন করিতে লাগিল। ভারতবর্ষীয়েরা সুখী হইলেন। সুখী এবং কৃতী। এই সুখ ও কৃতিছের ফল ভক্তিশাস্ত্র ও मर्गानगान्त u अवस्था कार्त्या जाएग श्रीवश्या हा नारे। किन्न नामा वा अवस्था कार्या চিরস্থায়িনী নহেন; উভয়েই চণ্ডলা। ভারতবর্ষ ধর্মশৃতখলে এর্প নিবদ্ধ হইয়াছিল যে, সাহিত্যরস্মাহিণী শক্তিও তাহার বশীভতা হইল। প্রকৃতাপ্রকৃত বোধ বিলুপ্ত হইল। সাহিত্যও ধন্মান কারী হইল। কেবল তাহাই নহে, বিচারশাক্তি ধন্মমোহে বিকৃত হইয়াছিল—প্রকৃত ত্যাগ করিয়া অপ্রকৃত কামনা করিতে লাগিল। ধর্ম্মই তৃষ্ণা, ধর্ম্মই আলোচনা, ধর্ম্মই সাহিত্যের বিষয়। এই ধর্মামেহের ফল পরোণ। কিন্তু যেমন এক দিকে ধন্মের স্লোভঃ বহিতে লাগিল, তেমনি আরু এক দিকে বিলাসিতার স্রোতঃ বহিতে লাগিল। তাহার ফল কালিদাসের কাব্য নাটকাদি 🗠 😅

विविध अवक-विमार्गिक ७ जनमान

ভারতবর্ষীরেরা শেষে আসিয়া একটি এমন প্রদেশ অধিকার করিয়া বর্সাত স্থাপন করিয়াছিলেন যে, তথাকার জল বায়্র গ্লেণ তাঁহাদিগের স্বাভাবিক তেজ লুপ্ত হইতে লাগিল। তথাকার তাপ অসহা, বায়্ব জল বাজপণ্ণ, ভূমি নিন্দা এবং উর্জ্বার, এবং তাহার উৎপাদ্য অসার, তেজোহানিকারক ধান্য। সেখানে আসিয়া আর্যাতেজ অন্তর্হিত হইতে লাগিল, আর্যাপ্রকৃতি কোমলতাময়ী, আলস্যের বশবন্তিনী, এবং গৃহসুখাছিলাম্বিণী হইতে লাগিল। সকলেই ব্রিক্তে পারিতেছেন যে, আমরা বাঙ্গালার পরিচয় দিতেছি। এই উচ্চাছিলাম্বান্য, অলস, নিশ্চেন্ট, গৃহসুখপরায়ণ চরিত্রের অনুকরণে এক বিচিত্র গাঁতিকাব্য সৃষ্ট হইল। সেই গাঁতিকাব্যও উচ্চাছিলাম্বান্য, অলস, ভোগাসক্ত, গৃহসুখপরায়ণ। সে কাব্যপ্রশালী অতিশয় কোমলতাপূর্ণ, অতি সুমধ্র, দম্পতিপ্রশয়ের শেষ পরিচয়। অন্য সকল প্রকারের সাহিতাকে পশ্চাতে ফেলিয়া, এই জাতিচরিত্রানুকারী গাঁতিকাব্য সাতে আট শত বংসর পর্যান্ত বঙ্গদেশে জাতীয় সাহিত্যের পদে দাঁড়াইয়াছে। এই জন্য গাঁতিকাব্যের এত বাহ্লা।

वक्रीय भौजिकावादनथर्मामादक मृद्धे मत्न विख्ल कता यारेट भारत। এक मन, প্রাকৃতিক শোভার মধ্যে মনুষ্যকে স্থাপিত করিয়া তংপ্রতি দুটি করেন; আর এক দল, বাহ্য প্রকৃতিকে मृद्रत त्रािथया रकवल मन्याञ्चमशरकरे मृण्डि करतन। **वक मल मानवञ्चमरात मनातन अव उरे**शा বাহাপ্রকৃতিকে দীপ করিয়া তদালোকে অন্বেষা বস্তুকে দীপ্ত এবং প্রস্ফুট করেন; আর এক দল. আপনাদিগের প্রতিভাতেই সকল উজ্জ্বল করেন. অথবা মন্স্যুচরিত্র-থনিতে যে রত্ন মিলে. তাহার দীপ্তির জন্য অন্য দীপের আবশ্যক নাই, বিবেচনা করেন। প্রথম শ্রেদীর প্রধান জয়দেব, দ্বিতীয় শ্রেণীর মুখপাত্র বিদ্যাপতিকে ধরিয়া লওয়া যাউক। জয়দেবাদির কবিতায় সতত মাধর্বা যামিনী, মল্যসমীর, ললিতলতা, কুবলয়দলশ্রেণী, স্ফুটিত কুসমে, শরচ্চন্দ্র, মধ্করবৃন্দ্র, কোকিলকজিত কল্প, নবজলধর, এবং তৎসঙ্গে কামিনীর মুখমণ্ডল, দ্রবেল্লী, বাহুলতা, বিশ্বেষ্ঠি, সরসীর হলোচন, অলস্ নিমেষ, এই সকলের চিত্র, বাতোম্মাথত তাটনীতরঙ্গবং সতত চাক্চিক্য সম্পাদন করিতেছে। বাস্তবিক এই শ্রেণীর কবিদের কবিতায় বাহা প্রকৃতির প্রাধান্য। বিদ্যাপতি যে শ্রেণীর কবি, তাঁহাদিগের কাব্যে বাহ্য প্রকৃতির সম্বন্ধ নাই, এমত নহে—বাহ্য প্রকৃতির সঙ্গে মানবহুদয়ের নিত্য সম্বন্ধ, স্কুতরাং কাব্যেরও নিত্য সম্বন্ধ; কিন্তু তাঁহাদিগের কাব্যে বাহ্য প্রকৃতির অপেক্ষাকৃত অস্পন্টতা লক্ষিত হয়, তৎপরিবর্ত্তে মনুষাহদয়ের গড়ে তলচারী ভাবসকল প্রধান স্থান গ্রহণ করে। জয়দেবাদিতে বহিঃপ্রকৃতির প্রাধান্য, বিদ্যাপতি প্রভৃতিতে অভঃপ্রকৃতির রাজ্য। জয়দেব, বিদ্যাপতি উভয়েই রাধাকৃঞ্চের প্রশয়কথা গীত করেন। কিন্ত জয়দেব যে প্রশয় গীত করিয়াছেন, তাহা বহিরিন্দ্রিয়ের অনুগামী। বিদ্যাপতি প্রভৃতির কবিতা, বিশেষতঃ চণ্ডীদাসাদির কবিতা বহিরিন্দ্রিরে অতীত। তাহার কারণ কেবল এই বাহা প্রকৃতির শক্তি। দুলে প্রকৃতির সঙ্গে স্থলে শরীরেরই নিকট সম্বন্ধ, তাহার আধিক্যে কবিতা একট্র ইন্দ্রিয়ান,সারিণী হইয়া পড়ে। বিদ্যাপতির দল মন্মাহ্রদয়কে বহিঃপ্রকৃতি ছাড়া করিয়া, কেবল তৎপ্রতি দৃষ্টি করেন; স্তরাং তাঁহার কবিতা, ইন্দ্রিরের সংস্রবশ্না, বিলাসশ্না পবিত্র হইয়া উঠে। জয়দেবের গতি, রাধারুক্তের বিলাসপূর্ণ; বিদ্যাপতির গতি রাধাকৃষ্ণের প্রণয়পূর্ণ। জয়দেব ভোগ; বিদ্যাপতি আকাৰ্ক্ষা ও স্মৃতি। জ্বাদেব সূখ, বিদ্যাপতি দৃঃখ। জ্বাদেব বসন্ত, বিদ্যাপতি বর্ষা। জ্বাদেবের কবিতা. উৎফ্লুক্মল্জালশোভিত, বিহঙ্গমাকুল, স্বচ্ছ বারিবিশিষ্ট সুন্দর সরোবর; বিদ্যাপতির কবিতা দ্রেগামিনী কোবতী তরঙ্গসংকুলা নদী। জয়দেবের কবিতা স্কর্ণহার, বিদ্যাপতির কবিতা র, দ্রাক্ষমালা। জয়দেবের গান মরজবীণাসঙ্গিনী স্ত্রীক ঠগীতি: বিদ্যাপতির গান সায়াহ-সমীরণের নিশ্বাস।

আমরা জয়দেব ও বিদ্যাপতির সম্বন্ধে যাহা বলিয়াছি, তাঁহাদিগকে এক এক ভিন্নশ্রেদীর গাঁতিকবির আদর্শস্বর্প বিবেচনা করিয়া তাহা বলিয়াছি। যাহা জয়দেব সম্বন্ধে বলিয়াছি. তাহা ভারতচন্দ্র সম্বন্ধে বর্তে, যাহা বিদ্যাপতি সম্বন্ধে বলিয়াছি, তাহা গোবিন্দদাস চম্ডীদাস প্রভৃতি বৈক্ষব কবিদিগের সম্বন্ধে বেশী খাটে, বিদ্যাপতি সম্বন্ধে তত খাটে না।

আধ্নিক বাঙ্গালি গাঁতিকাব্যলেথকগণকে একটি তৃতীয়শ্রেণীভুক্ত করা যাইতে পারে। তাঁহারা আধ্নিক ইংরাজি গাঁতিকবিদিগের অন্যামী। আধ্নিক ইংরাজি কবি ও আধ্নিক বাঙ্গালি কবিগণ সভ্যতা বৃদ্ধির কারণে স্বতন্ত একটি পথে চলিয়াছেন। প্র্ব-কবিগণ, কেবল আপুনাকে চিনিতেন, আপুনার নিকটবন্তী যাহা, তাহা চিনিতেন। যাহা আভ্যন্তরিক বা নিকটক্ত,

তাহার প্ৰথান্প্ৰথ সন্ধান জানিতেন, তাহার অনন্করণীয় চিত্রসকল রাখিরা গিরাছেন। এক্ষণকার কবিগণ জ্ঞানী—বৈজ্ঞানিক, ইতিহাসবেত্তা, আধ্যাত্মিকতত্ত্বিং। নানা দেশ, নানা কাল, নানা বস্তু তাঁহাদিগের চিত্তমধ্যে স্থান পাইয়াছে। তাঁহাদিগের বৃদ্ধি বহুবিষ্যিণী বলিয়া তাঁহাদিগের কবিতা বহুবিষ্যিণী হইয়াছে। তাঁহাদিগের বৃদ্ধি দ্রসম্বন্ধপ্রাহিণী বলিয়া তাঁহাদিগের কবিতাও দ্রসম্বন্ধপ্রশাশকা হইয়াছে। কিন্তু এই বিস্তৃতিগৃণ হেতু প্রগাঢ়তাগৃণের লাঘব হইয়াছে। বিদ্যাপতি প্রভৃতির কবিতার বিষয় সঙ্কীণ, কিন্তু কবিত্ব প্রগাঢ়: মধ্সদ্দা বা হেমচন্দ্রের কবিতার বিষয় বিস্তৃত, কিন্তু কবিত্ব তাদৃশ প্রগাঢ় নহে। জ্ঞানবৃদ্ধির সঙ্গে সঙ্গে কবিত্বদানিকর হাস হয় বলিয়া যে প্রবাদ আছে, ইহা তাহার একটি কারণ। যে জল সঙ্কীণ কূপে গভাঁর, তাহা তড়াগে ছড়াইলে আর গভাঁর থাকে না।

কাব্যে অক্তঃপ্রকৃতি ও বহিঃপ্রকৃতির মধ্যে যথার্থ সন্তবন্ধ এই যে, উভয়ে উভয়ের প্রতিবিন্দ্র নিপতিত হয়। অর্থাৎ বহিঃপ্রকৃতির গুণে হদয়ের ভাবান্তর ঘটে, এবং মনের অবস্থাবিশেষে বাহা দুশ্য সুখকর বা দুঃখকর বোধ হয়—উভয়ে উভয়ের ছায়া পড়ে। যখন বহিঃপ্রকৃতি বর্ণনীয়, তখন অক্তঃপ্রকৃতির সেই ছায়া সহিত চিত্রিত করাই কাব্যের উদ্দেশ্য। যখন অক্তঃপ্রকৃতি বর্ণনীয়, তখন বহিঃপ্রকৃতির ছায়াসমেত বর্ণনা তাহার উদ্দেশ্য। যিনি ইহা পারেন, তিনিই সুক্রি। ইহার ব্যাতিক্রমে এক দিকে ইন্দ্রিমপরতা, অপার দিকে আধ্যাত্মিকতা দোষ জন্মে। এ স্থলে শারীরিক ভোগাসাক্তিকেই ইন্দ্রিমপরতা বালতেছি না, চক্ষ্রাদি ইন্দ্রিয়ের বিষয়ে আনুরক্তিকে ইন্দ্রিমপরতা বালতেছি না, চক্ষ্রাদি ইন্দ্রিয়ের বিষয়ে আনুরক্তিকে ইন্দ্রিয়পরতা বালতেছি। ইন্দ্রিয়পরতা দোষের উদাহরণ, জয়দেব। আধ্যাত্মিকতার উদাহরণ, Wordsworth.

আর্যজাতির স্ক্রু শিল্প*

একদল মনুষ্য বলেন যে, এ সংসারে সূত্র্য নাই, বনে চল, ভোগাভোগ সমাপ্ত করিয়া মৃত্তি বা নিব্রণি লাভ কর। আর একদল বলেন, সংসার সৃত্যুম্য বন্ধকের বন্ধনা অগ্রাহ্য করিয়া, খাও, দাও, ঘুমাও। বাঁহারা সূত্র্যাভিলাষী, তাঁহাদিগের মধ্যে নানা মত। কেহ বলেন ধনে সূত্র, কেহ বলেন মনে সূত্র; কেহ বলেন ধন্মের, কেহ বলেন অধন্মের; কাহার সূত্র কাহারও সূত্র জ্ঞানে। কিন্তু প্রায় এমন মনুষ্য দেখা যায় না, যে সোল্দর্যে সূত্রী নহে। তুমি স্কুলরী ক্রামনা কর; স্কুলরী কন্যার মূথ দেখিয়া প্রীত হও; স্কুলর শিশ্র প্রতি চাহিয়া বিমৃদ্ধ হও; স্কুলরী প্রবধ্র জন্য দেশ মাথার কর। স্কুলর ফ্লগগলে বাছিয়া শয্যায় রাখ, ঘর্ম্মান্তিল ললাটে যে অর্থ উপাত্রন করিয়াছ, স্কুলর গৃহ নির্মাণ করিয়া, স্কুলর উপকরণে সাজাইতে, তাহা ব্যায়িত করিয়া ঋণী হও: আপনি স্কুলর সাজিবে বলিয়া, স্কুলর ব্যা করা, স্কুলর ক্রা স্কুলর ব্যালী পিত্তল কাসাও যাহাতে স্কুলর হয়, তাহার যক্ক কর। স্কুলর দেখিয়া পাখী পোষ, স্কুলর ব্যক্ত স্কুলর উদ্যান রচনা কর, স্কুলর মূথে স্কুলর হাসি দেখিবার জন্য, স্কুলর কাঞ্চন রক্কে স্কুলর উদ্যান রচনা কর, স্কুলর মূথে স্কুলর হাসি দেখিবার জন্য, স্কুলর কাঞ্চন রক্কে স্কুলর ক্রান্ত এত বিস্তারে বলিতেছি।

এই সৌন্দর্যাত্বা যের্প বলবতী, সেইর্প প্রশংসনীয়া এবং পরিপোষণীয়া। মন্যের যত প্রকার স্থ আছে, তক্মধ্যে এই স্থ সন্ধাপেক্ষা উৎকৃষ্ট; কেন না, প্রথমতঃ ইহা পবিত্র, নিম্মল, পাপসংপদান্ন্য; সৌন্দর্যের উপভোগ কেবল মানসিক স্থ, ইন্দ্রিয়ের সঙ্গে ইহার সংস্পদা নাই। সত্য বটে, স্কার বস্তু অনেক সময়ে ইন্দ্রিয়ত্গির সহিত সম্বর্মবিশিষ্ট; কিন্তু সৌন্দর্যজনিত স্থ ইন্দ্রিয়ত্গিপ্ত হইতে ভিন্ন। রক্ষথচিত স্কার্শ জলপাত্রে জলপানে তোমার ষের্প ত্বা নিবারণ হইবে, কুগঠন ম্ংপাত্রেও ত্বা নিবারণ সেইর্প হইবে; স্কাপাত্রে জলপান করায় যেট্কু অতিরিক্ত স্থ তাহার সঙ্গে মিশে বটে, কিন্তু পরের স্বর্ণাত্রে জলপান করিয়া ত্বা নিবারণাতিরিক্ত যে স্কুল, তাহা সৌন্দর্যাজনিত মাত্র বলিয়া স্বীকার করিতে হইবে। দ্বিতীয়তঃ,

^{*} স্কা শিক্ষের উৎপত্তি ও আর্য্যকাতির শিল্পচাত্রী, শ্রীশ্যামাচরণ শ্রীমানি প্রণীত। কলিকাতা।

বিবিধ প্রবন্ধ—আর্যজাতির স্ক্রে শিক্প

তীব্রতায় এই সূত্র সর্বসত্থাপেক্ষা গ্রন্তর; যাঁহারা নৈস্গিক শোভাদর্শনিপ্রিয় বা তাঁহারা ইহার অনেক উদাহরণ মনে করিতে পারিবেন; সৌন্দর্য্যের উপভোগজনিত সূত্র, অনেক সময়ে তীব্রতায় অসহ্য হইয়া উঠে। তৃতীয়তঃ, অন্যান্য সূত্র পৌনঃপর্ন্যে অপ্রীতিকর হইয়া উঠে, সৌন্দর্যাজনিত সূত্র চিরনত্তন, এবং চিরপ্রীতিকর।

অতএব যাঁহারা মন্ব্যুজাতির এই স্থবন্ধন করেন. তাঁহারা মন্ব্যুজাতির উপকারকদিগের মধ্যে সন্বোচ্চ পদ প্রাপ্তির যোগ্য। যে ভিখারী খঞ্জনী বাজাইয়া নেড়ার গাঁত গাইয়া মৃণ্টিভিক্ষা লইয়া যায়, তাহাকে কেহ মন্ব্যুজাতির মহোপকারী বিলয়া স্বীকার করিবে না বটে, কিন্তু যে বাল্মীকি, চিরকালের জন্য কোটি কোটি মন্যোর অক্ষয় সূত্র্য এবং চিন্তোংকর্যের উপায় বিধান করিয়াছেন, তিনি যশের মন্দিরে নিউটন, হার্বি, ওয়াট্ বা জেনরের অপেক্ষা নিম্ন স্থান পাইবার যোগ্য নহেন। অনেকে লেকি, মেক্লে প্রভৃতি অসারগ্রাহী লেথকদিগের অনুবত্তী হইয়া কবির অপেক্ষা পাদ্বকারারকে উপকারী বিলয়া উচ্চাসনে বসান; এই গণ্ডমূর্খ দলের মধ্যে আধ্ননিক অন্ধাশিক্ষিত কতকগ্রনি বাঙ্গালি বাব্ অগ্রগণ্য। পক্ষান্তরে ইংলন্ডের রাজপ্র্যুব-চ্ড়ামণি গ্রাডন্টোন, স্কটলন্ডজাত মন্যাদিগের মধ্যে হিউম্, আদম স্মিথ, হন্টর, কলাইল থাকিতে ওয়ল্টর স্কটকে সন্ধ্োপরি স্থান দিয়াছেন।

যেমন মনুষ্যের অন্যান্য অভাব প্রণার্থ এক একটি শিল্পবিদ্যা আছে, সৌন্দর্য্যাকাঙ্কা প্রণার্থ বিদ্যা আছে। সৌন্দর্য্য স্জনের বিবিধ উপায় আছে। উপায়ভেদে সেই বিদ্যা পৃথক্ সূত্পক্ রূপ ধারণ করিয়াছে।

আমরা যে সকল স্কুদর বস্তু দেখিয়া থাকি, তন্মধ্যে কতকগন্ত্রির কেবল বর্ণ মাত্র আছে— আর কিছু নাই: যথা আকাশ।

আর কতকগর্নার, বর্ণ ভিন্ন, আকারও আছে; যথা পরুপ।

কতকগর্মার, বর্ণ ও আকার ভিন্ন, গতিও আছে; যথা উরগ।

কতকগুলির, বর্ণ, আকার, গতি ভিন্ন, রব আছে: যথা কোকিল।

মনুষোর বর্ণ, গতি ও রব ব্যতীত অর্থযুক্ত বাক্য আছে।

অতএব সোন্দর্য্য স্জনের জন্য, এই কর্মাট সামগ্রী—বর্ণ, আকার, গতি, রব ও অর্থয**্ত** বাক্য।

যে সৌন্দর্যাজননী বিদ্যার বর্ণমাত্র অবলম্বন, তাহাকে চিত্রবিদ্যা কহে।

যে বিদ্যার অবলম্বন আকার, তাহা দ্বিবিধ। জড়ের আরুতিসৌন্দর্য্য যে বিদ্যার উন্দেশ্য, তাহার নাম স্থাপত্য। চেতন বা উদ্ভিদের সৌন্দর্য্য যে বিদ্যার উন্দেশ্য, তাহার নাম ভাস্কর্য।

যে সৌন্দর্যাজনিকা বিদ্যার সিদ্ধি গতির দ্বারা, তাহার নাম নৃত্য।

রব যাহার অবলম্বন, সে বিদ্যার নাম সঙ্গীত।

বাক্য যাহার অবলম্বন, তাহার নাম কাব্য।

কাব্য, সঙ্গীত, নৃত্য, ভাশ্কর্য্য, স্থাপত্য এবং চিত্র, এই ছয়টি সৌন্দর্য্যজনিকা বিদ্যা। ইউরোপে এই সকল বিদ্যার যে জাতিবাচক নাম প্রচালত আছে তাহার অনুবাদ করিয়া "স্ক্ল্যুশিল্প" নাম দেওয়া হইয়াছে।

সোন্দর্যপ্রস্তি এই ছয়টি বিদ্যায় মন্যাজীবন ভূষিত ও স্থময় করে। ভাগ্যহীন বাঙ্গালির কপালে এ স্থুনাই। সুক্ষ্ম শিল্পের সঙ্গে তাহার বড় বিরোধ। তাহাতে বাঙ্গালির বড় অনাদর,

विष् घृगा। वाङ्गान मुशी हरेए जात ना।

দ্বীকার করি, সকল দোষট্কু বাঙ্গালির নিজের নহে। কতকটা বাঙ্গালির সামাজিক রীতির দোষ;—প্রেপ্রের ভদ্রাসন পরিত্যাগ করা হইবে না, তাতেই অসংখ্য সন্তান-সন্ততি লইয়া গত্র্মধ্যে পিপীলিকার ন্যায়, পিল্ পিল্ করিতে হইবে—স্ত্রাং স্থানাভাববশতঃ পরিষ্কৃতি এবং সৌল্বর্যসাধন সন্তবে না। কতকটা বাঙ্গালির দারিদ্রাজন্য। সৌল্বর্য অর্থসাধ্য—অনেকের সংসার চলে না। তাহার উপর সামাজিক রীত্যন্সারে আগে পৌরস্ফীগণের অলঞ্কার, দোলদ্র্গোৎসবের ব্যয়, পিত্শ্রাদ্ধ, মাতৃশ্রাদ্ধ, প্রেক্শালা তুল্য কদর্য্য স্থানে বাস করিতে হইবে, ইহাই সামাজিক রীতি। ইচ্ছা করিলেও সমাজশৃংখলে বদ্ধ বাঙ্গালি, সে রীতির বিপরীতাচরণ করিতে পারেন

না। কতকটা হিন্দ্রধন্মের দোষ; যে ধর্ম্মান্সারে উৎকৃষ্ট মন্মরপ্রস্তুত হর্ম্মাও গোমর লেপনে পরিষ্কৃত করিতে হইবে, তাহার প্রসাদে স্ক্রেয় শিলেপর দুদর্শারই সম্ভাবনা।

এ সকল স্বীকার করিলেও দোষক্ষালন হয় না। যে ফিরিক্সি কেরাণীগির করিয়া শত মৃদ্রায় কোন মতে দিনপাত করে, তাহার সঙ্গে বংসরে বিংশতি সহস্র মৃদ্রার অধিকারী গ্রাম্য ভূস্বামীর গৃহপারিপাট্য বিষয়ে ভূলনা কর। দেখিবে, এ প্রভেদটি অনেকটাই স্বাভাবিক। দুই চারি জন ধনাট্য বাবাবু, ইংরেজদিগের অনুকরণ করিয়া, ইংরেজের ন্যায় গৃহাদির পারিপাট্য বিধান করিয়া থাকেন এবং ভাস্কর্য্য ও চিন্রাদির দ্বারা গৃহ সন্জিত করিয়া থাকেন। বাঙ্গালি নকলানিশ ভাল, নকলে শৈথিল্য নাই। কিন্তু তাঁহাদিগের ভাস্কর্য্য এবং চিন্রসংগ্রহ দেখিলেই বোধ হয় য়ে, অনুকরণ-স্পৃহাতেই ঐ সকল সংগ্রহ ঘটিয়াছে—নচেং সৌন্দর্য্যে তাঁহাদিগের আন্তরিক অনুরাগ নাই। এখানে ভাল-মন্দের বিচার নাই, মহার্য্য হইলেই হইল; সামবেশের পারিপাট্য নাই, সংখ্যায় অধিক হইলেই হইল। ভাস্কর্য্য চিন্র দুরে থাকুক, কাব্য সম্বন্ধেও বাঙ্গালির উন্তমাধম বিচারশক্তি দেখা বায় না। এ বিষয়ে স্বশিক্ষিত অশিক্ষিত সমান—প্রভেদ অতি অলপ। নৃত্য গতি—সে সকল ব্রিঝ বাঙ্গালা হইতে উঠিয়া গোল। সৌন্দর্য্যবিচারশক্তি, সৌন্দর্য্যরসাম্বাদনসমুখ, ব্রিঝ বিধাতা বাঙ্গালির কপালে লিখেন নাই।

দ্রোপদী

(প্রথম প্রস্তাব)

কি প্রাচীন, কি আধ্নিক, হিন্দ্রকাব্য সকলের নামিকাগণের চরিত্র এক ছাঁচে ঢালা দেখা যায়। পতিপরায়ণা, কোমলপ্রকৃতিসম্পন্না, লজ্জাশীলা, সহিস্কৃতা গুনুগের বিশেষ অধিকারিণী— ইনিই আর্যাসাহিত্যের আদর্শস্থলাভিষিক্তা। এই গঠনে বৃদ্ধ বাল্মীকি বিশ্বমনোমোহিনী জনকন্মহিতাকে গড়িয়াছিলেন। সেই অবধি আর্য্য নামিকা সেই আদর্শে গঠিত হইতেছে। শকুন্তলা, দময়ন্তী, রত্মাবলী প্রভৃতি প্রসিদ্ধ নামিকাগণ—সীতার অনুকরণ মাত্র। অন্য কোন প্রকৃতির নামিকা যে আর্যাসাহিত্যে দেখা যায় না, এমত কথা বলিতেছি না—কিন্তু সীতান্বত্তিনী নামিকারই বাহন্দ্য। আজিও যিনি সম্ভা ছাপাথানা পাইয়া নবেল নাটকাদিতে বিদ্যা প্রকাশ করিতে চাহেন, তিনিই সীতা গড়িতে বসেন।

ইহার কারণও দর্বন্মের নহে। প্রথমতঃ সীতার চরিত্রটি বড় মধ্র, দ্বিতীয়তঃ এই প্রকার দ্বীচরিত্রই আর্য্যক্রাতির নিকট বিশেষ প্রশংসিত, এবং তৃতীয়তঃ আর্য্যক্রীগণের এই জাতীয় উৎকর্ষই সচরাচর আয়ত্ত।

একা দ্রোপদী সীতার ছায়াও স্পর্শ করেন নাই। এখানে মহাভারতকার অপর্ব ন্তন স্ভিট প্রকাশিত করিয়াছেন। সীতার সহস্র অনুকরণ হইয়াছে, কিন্তু দ্রোপদীর অনুকরণ হইল না।

সীতা সতী, পশুপতিকা দ্রোপদীকেও মহাভারতকার সতী বলিয়াই পরিচিতা করিয়াছেন; কেন না, কবির অভিপ্রায় এই ষে, পতি এক হোক, পাঁচ হোক, পতিমাদ্র ভজনাই সতীত্ব। উভয়েই পত্নী ও রাজ্ঞীর কর্ত্তব্যান ভানে আক্ষুমাতি, ধর্ম্মনিভা এবং গ্রন্থনের বাধ্য। কিন্তু এই পর্যান্ত সাদৃশ্য। সীতা রাজ্ঞী হইয়াও প্রধানতঃ কুলবধ্ব, দ্রোপদী কুলবধ্ব হইয়াও প্রধানতঃ প্রচন্ড তেজস্বিনী রাজ্ঞী। সীতায় স্বীজাতির কোমল গ্রুগগ্রিলন পরিস্ফুট, দ্রোপদীতে স্বীজাতির কঠিন গ্রুগসকল প্রদীপ্ত। সীতা রামের যোগ্যা জায়া, দ্রোপদী ভীমসেনেরই স্ব্যোগ্য বীরেন্দ্রাণী। সীতাকে হরণ করিতে রাবণের কোন কন্ট হয় নাই, কিন্তু রক্ষোরাজ লন্ড্কেশ যদি দ্রোপদীহরণে আসিতেন, তবে বোধ হয়, হয় কীচকের ন্যায় প্রাণ হারাইতেন, নয় জয়দ্রথের ন্যায়, দ্রোপদীর বাহ্রণে ভূমে গড়াগড়ি দিতেন।

দ্রোপদীচরিত্রের রীতিমত বিশ্লেষণ দ্রেহ; কেন না, মহাভারত অনস্ত সাগরতুল্য, তাহার অজস্ত্র তরঙ্গাভিঘাতে একটি নায়িকা বা নায়কের চরিত্র তুণবং কোথায় যায়, তাহা পর্য্যবেক্ষণ কে করিতে পারে! তথাপি দুই একটা স্থানে বিশ্লেষণে যত্ন করিতেছি।

দ্রোপদীর স্বরুত্বর। দ্রুপদরাজার পণ যে, যে সেই দ্রুর্বেধনীয় লক্ষ্য বিশিধের, সেই দ্রোপদীর পাণিগ্রহণ করিবে। কন্যা সভাতকে আনীতা। প্রথিবীর রাজগণ, বীরগণ, খাষিগণ সমবেত। এই মহাসভার প্রচন্ড প্রতাপে কুমারীকুস্ম শ্কাইয়া উঠে; সেই বিশোষামাণা কুমারী লাভার্থ

দ্বর্য্যোধন, জরাসন্ধ, শিশব্পাল প্রভৃতি ভূবনপ্রথিত মহাবীরসকল লক্ষ্য বিশিষতে ষত্ন করিতেছেন। একে একে সকলেই বিদ্ধনে অক্ষম হইয়া ফিরিয়া আসিতেছেন। হায়! দ্রোপদীর বিবাহ হয় না।

অন্যান্য রাজগণমধ্যে সর্ব্বশ্রেষ্ঠ অঙ্গাধিপতি কর্ণ লক্ষ্য বিথিতে উঠিলেন। ক্ষুদ্র কাব্যকার এখানে কি করিতেন বলা যায় না—কেন না, এটি বিষম সংকট। কাব্যের প্রয়োজন, পাশ্তবের সঙ্গে দ্রৌপদীর বিবাহ দেওয়াইতে হইবে। কর্ণ লক্ষ্য বিধিলে তাহা হয় না। ক্ষুদ্র কবি বোধ হয়, কর্ণকেও লক্ষ্য বিন্ধনে অশক্ত বিলয়া পরিচিত করিতেন। কিন্তু মহাভারতের মহাকবি জাজনলামান দেখিতে পাইতেছেন যে, কর্ণের বীর্য্য, তাহার প্রধান নায়ক অর্ল্জনের বীর্য্যের মানদন্ত। কর্ণ প্রতিদ্বন্ধী এবং অর্ল্জনের পরাভূত বলিয়াই অর্ল্জনের গোরবের এত আধিক্য; কর্ণকে অনোর সঙ্গে ক্ষুদ্রবীর্য্য করিলে অর্ল্জনের গোরব কোথা থাকে? এর্প সংকট, ক্ষুদ্র করিকে ব্রুঝাইয়া দিলে তিনি অবশ্য স্থির করিবেন যে, তবে অত হাঙ্গামায় কাজ নাই—কর্ণকে না তুলিলেই ভাল হয়। কাব্যের যে সর্ব্বাঙ্গসম্পন্নতার ক্ষতি হয়, তাহা তিনি ব্রেব্বেন না—সকল রাজাই যেখানে সর্ব্বাঙ্গস্ক্রনী লোভে লক্ষ্য বিধিতে উঠিতেছেন, সেখানে মহাবলপরাক্রান্ত কর্ণই যে কেন একা উঠিবেন না, এ প্রশেবর কোন উত্তর নাই।

মহাকবি আশ্চর্য্য কৌশলময়, এবং তীক্ষা দৃষ্টিশালী। তিনি অবলীলাদ্রমে কর্ণকে লক্ষ্যবিদ্ধনে উথিত করিলেন, কর্ণের বীর্য্যের গোরব অক্ষ্যুর রাখিলেন, এবং সেই অবসরে, সেই উপলক্ষে, সেই একই উপায়ে, আর একটি গ্রন্থতর উন্দেশ্য স্ক্রিম্ম করিলেন। দ্রোপদীর চরিত্র পাঠকের নিকটে প্রকটিত করিলেন। যে দিন জয়দ্রথ দ্রোপদী কর্ত্বক ভূতলশায়ী হইবে, যে দিন দ্বর্য্যোধনের সভাতলে দ্যোতজিতা অপমানিতা মহিষী স্বামী হইতেও স্বাতল্তা অবলম্বনে উন্মাখনী হইবেন, সে দিন দ্রোপদীর যে চরিত্র প্রকাশ পাইবে, অদ্য সেই চরিত্রের পরিচয় দিলেন। একটি ক্রুদ্র কথায় এই সকল উন্দেশ্য সফল হইল। বালায়াছি, সেই প্রচন্দ্রপ্রতাপ-সমন্বিতা মহাসভায় কুমারীকুস্ম শ্কাইয়া উঠে। কিন্তু দ্রোপদী কুমারী, সেই বিষয় সভাতলে রাজমণ্ডলী, বীরমণ্ডলী, ঋবিমণ্ডলীমধ্যে, দ্রপদরাজতুল্য পিতার, ধৃষ্টদ্যানতুল্য দ্রাতার অপেক্ষা না করিয়া, কর্ণকে বিন্ধনাদ্যত দেখিয়া বালিলেন, "আমি স্তপ্রকে বরণ করিব না।" এই কথা প্রবশমাত্র কর্ণ সামর্য হাস্যে স্ক্র্যাসন্দর্শনপ্রব্রক শরাসন পরিত্যাগ করিলেন।

এই কথার যতটা চরিত্র পরিস্ফাট হইল, শত প্ডা লিখিয়াও ততটা প্রকাশ করা দঃসাধ্য। এন্থলে কোন বিস্তারিত বর্ণনার প্রয়োজন হইল না—দ্রোপদীকে তেজস্বিনী বা গব্বিতা বলিয়া ব্যাখ্যাত করিবার আবশ্যকতা হইল না। অথচ রাজদ্বহিতার দ্বশ্বমনীয় গব্ব নিঃসঙ্কোচে বিস্ফারিত হইল।

ইহার পর দ্যুত্কীড়ায় বিজিতা দ্রোপদীর চরিত্র অবলোকন কর। মহাগন্ধিত, তেজস্বী, এবং বলধারী ভীমাণ্জন্ন দ্যুত্মনুখে বিসন্জিত হইয়াও কোন কথা কহেন নাই, শত্রুর দাসত্ব নিঃশব্দে স্বীকার করিলেন। এস্থলে তাঁহাদিগের অনুগামিনী দাসীর কি করা কর্ত্বাঃ স্বামিকর্তৃক দ্যুত্মনুখে সমপিত হইয়া স্বামিগণের ন্যায় দাসীত্ব স্বীকার করাই আর্যনারীর স্বভাবসিদ্ধ। দ্রোপদী কি করিলেন? তিনি প্রাতিকামীর মুখে দ্যুত্বান্ত্রা এবং দ্র্র্য্যেধনের সভায় তাঁহার আহনান শ্রনিয়া বলিলেন.

"হে স্তনন্দন! তুমি সভার গমন করিরা **যাধিতিরকে জিজ্ঞাসা কর, তিনি অগ্রে আমাকে,** কি আপনাকে দ্যুতমাথে বিসম্ভান করিরাছেন। হে স্তাত্মজ! তুমি যাধিতিরের নিকট এই ব্তান্ত জানিয়া এস্থানে আগমনপূর্ণকি আমাকে লইয়া যাইও। ধন্মরাজ কির্পে পরাজিত হইয়াছেন, জানিয়া আমি তথার গমন করিব।" দ্রোপদীর অভিপ্রায়, দাসত্ব স্বীকার করিবেন না।

দ্রেপিদার চরিত্রে দ্ইটি লক্ষণ বিশেষ স্কৃপন্ট—এক ধর্ম্মাচরদ, দ্বিতীয় দর্শ। দর্প, ধর্ম্মের কিছু বিরোধী, কিন্তু এই দুইটি লক্ষণের একাধারে সমাবেশ অপ্রকৃত নহে। মহাভারতকার এই দুই লক্ষণ অনেক নারকে একরে সমাবেশ করিয়াছেন; ভীমসেনে, অন্ধ্র্যানার, এবং সচরাচর ক্ষরিয়াচরিত্রে এতদুভরকে মিগ্রিত করিয়াছেন। ভীমসেনে দর্প প্র্যানারা, এবং অন্ধ্র্যানার অন্ধ্রমানার দেখা যায়। দর্প শব্দে এখানে আত্মগ্রাঘাপ্রিয়তা নির্দেশ করিতেছি না; মানসিক তেজ্ঞান্বিতাই আমাদের নির্দ্দেশ্য। এই তেজ্ঞান্বিতা হৌপদীতেও প্র্যানারা ছিল। অন্ধ্র্যানে এবং অভিমন্তে ইহা আত্মশক্তি নিশ্চয়তার পরিণত হইয়াছিল; ভীমসেনে ইহা বলব্ছির কারণ হইয়াছেল; দ্রোপদীতে ইহা ধর্ম্ব্রির কারণ হইয়াছে।

সভাতলে দ্রৌপদীর দর্প ও তেজস্বিতা আরও বন্ধিত হইল। তিনি দুঃশাসনকে বলিলেন, "যদি ইন্দাদি দেবগণও তোর সহায় হন, তথাপি রাজপুরেরা তোকে কখনই ক্ষমা করিবেন না।" স্বামিকুলকে উপলক্ষ করিয়া সন্বস্মীপে মুক্তকণ্ঠে বলিলেন, "ভরতবংশীয়গণের ধন্মে ধিক্! ক্ষয়ধ্মাঞ্জগণের চরিত্র একেবারেই নন্ট হইয়া গিয়াছে।" ভীম্মাদি গ্রুক্তনকে মুখের উপর তিরস্কার করিয়া বলিলেন, "ব্রিজাম—দ্রোণ, ভীম্ম ও মহাত্মা বিদুরের কিছুমাত্র স্বত্ব নাই।" কিছু অবলার তেজ কতক্ষণ থাকে! মহাভারতের কবি, মনুষ্যচরিত্র-সাগরের তল পর্যান্ত নখদর্শবিধ দেখিতে পাইতেন। যখন কর্ণ দ্রৌপদীকে বেশ্যা বলিল, দুঃশাসন তাহার পরিধের আকর্ষণ করিতে গোল, তখন আর দর্প রহিল না—ভয়াধিক্যে হদর দ্রবীভূত হইল। তখন দ্রৌপদী ডাকিতে লাগিলেন, "হা নাথ! হা রক্ষনাথ! হা দুঃখনাশ! আমি কৌরবসাগরে নিমগ্ন হইয়াছি—আমাকে উদ্ধার কর!" এন্থলে কবিত্বের চরমোৎকর্ষ।

দ্রোপদী স্ফ্রীজাতি বলিয়া তাঁহার হদয়ে দপ প্রবল, কিন্তু তাঁহার ধন্মজ্ঞানও অসামান্য—
যখন তিনি দিপিতা রাজমহিষী হইয়া না দাঁড়ান, তখন জনমণ্ডলে তাদৃশী ধন্মান্রাগিণী আছে
বোধ হয় না। এই প্রবল ধন্মান্রাগই, প্রবলতর দপের মানদণ্ডের স্বর্প। এই অসামান্য
ধন্মান্রাগ, এবং তেজস্বিতার সহিত সেই ধন্মান্রাগের রমণীয় সামঞ্জস্য, ধ্তরাজ্যের নিকট
তাঁহার বরগ্রহণ কালে অতি স্ক্রের্পে পরিস্ফ্রেট হইয়াছে। সে স্থানটি এত স্ক্রের যে, যিনি
তাহা শতবার পাঠ করিয়াছেন, তিনি তাহা আর একবার পাঠ করিলেও অস্ক্র্থী হইবেন না।
এজন্য সেই স্থানটি উদ্ধৃত করিলাম।

"হিতৈষী রাজা ধ্তরাষ্ট্র দুর্যোধনকে এইর্প তিরস্কার করিয়া সাম্থনাবাক্যে দ্রোপদীকে কহিলেন, হে দুন্পদতনয়ে! তুমি আমার নিকট স্বীয় অভিলয়িত বর প্রার্থনা কর, তুমি আমার

সম্দার বধ্গণ অপেক্ষা শ্রেষ্ঠ।

"দ্রোপদী কহিলেন, হে ভরতকুলপ্রদীপ! র্যাদ প্রসন্ন হইরা থাকেন, তবে এই বর প্রদান কর্ন যে, সর্ব্বধ্মর্থ শ্রীমান্ য্রাধিতির দাসত্ব হইতে মৃক্ত হউন। আপনার প্রগণ যেন ঐ মনস্বীকে প্রনায় দাস না বলে, আর আমার প্র প্রতিবিদ্ধ্য যেন দাসপ্র না হয়; কেন না. প্রতিবিদ্ধ্য রাজপ্রত, বিশেষতঃ ভূপতিগণকর্ত্বক লালিত, উহার দাসপ্রতা হওয়া নিতান্ত অবিধের। ধ্তরান্ত্র কহিলেন, হে কল্যাণি! আমি তোমার অভিলাষান্ত্রপ এই বর প্রদান করিলাম; এক্ষণে তোমাকে আর এক বর প্রদান করিতে ইচ্ছা করি; তুমি একমাত্র বরের উপযুক্ত নহ।

"দ্রোপদী কহিলেন, হে মহারাজ! সরথ সশরাসন ভীম, ধনঞ্জয়, নকুল ও সহদেবের দাসত্ব মোচন হউক। ধৃতরাত্ম কহিলেন, হে নিন্দিনি! আমি তোমার প্রার্থনান্রপে বর প্রদান করিলাম; এক্ষণে তৃতীয় বর প্রার্থনা কর। এই দুই বর দান দ্বারা তোমার যথার্থ সংকার করা হয় নাই, তৃমি ধন্মার্চারিণী, আমার সম্দায় প্রবধ্বাণ অপেক্ষা শ্রেষ্ঠ।

"দ্রৌপদী কহিলেন, হে ভগবন্! লোভ ধর্মনাশের হেতু, অতএব আমি আর বর প্রার্থনা করি না। আমি তৃতীয় বর লইবার উপযুক্ত নহি; যেহেতু, বৈশ্যের এক বর, ক্ষান্তিয়পত্নীর দুই বর, রাজার তিন বর ও রাহ্মণের শত বর লওয়া কর্ত্তব্য। এক্ষণে আমার পতিগণ দাসত্বর্গ দার্শ পাপপতেক নিমন্ন হইয়া প্রনরায় উদ্ধৃত হইলেন, উ'হারা প্রায় কর্ম্মনি, তান দ্বারা শ্রেরোলাভ করিতে পারিবেন।"

এইর্প ধর্ম্ম ও গব্বের স্মানজ্ঞসাই দ্রোপদীচরিত্রের রমণীয়তার প্রধান উপকরণ। যথন জয়দ্রথ তাঁহাকে হরণ মানসে কামাকবনে একাকিনী প্রাপ্ত হয়েন, তথন প্রথমে দ্রোপদী তাঁহাকে ধর্ম্মাচারসঙ্গত অতিথিসম্চিত সৌজন্যে পরিত্ত্ব করিতে বিলক্ষণ যত্ন করেন; পরে জয়দ্রথ আপনার দ্রেভিসন্ধি ব্যক্ত করায়, ব্যান্ত্রীর ন্যায় গঙ্জন করিয়া আপনার তেজারাশি প্রকাশ করেন। তাঁহার সেই তেজাগর্ম্ব বচনপরম্পরা পাঠে মন আনন্দসাগরে ভাসিতে থাকে। জয়দ্রথ তাহাতে নিরস্ত না হইয়া তাঁহাকে বলপ্র্থেক আকর্ষণ করিতে গিয়া তাহার সম্চিত প্রতিফল প্রাপ্ত হয়েন; যিনি ভীমার্জ্ঞ্জনের পত্নী, এবং খৃষ্টদান্তের ভাগনী, তাঁহার বাহ্বলে ছিয়ম্ল পাদপের ন্যায় মহাবীর সিশ্ধ্রেনীরামিপতি ভূত্লে পাত্তিত হয়েন।

পরিশেষে জয়দ্রথ প্রনর্থার বল প্রকাশ করিয়া তাঁহাকে রথে তুলেন; তখন দ্রোপদী যে আচরণ করিলেন, তাহা নিতান্ত তেজস্বিনী বীরনারীর কার্য্য। তিনি বুখা বিলাপ ও চিংকার

বিবিধ প্রবন্ধ-দ্রোপদী

কিছ্নই করিলেন না; অন্যান্য স্থালাকের ন্যায় একবারও অনবধান এবং বিলম্বকারী স্থামিগদের উদ্দেশ্যে ভংসনা করিলেন না; কেবল কুলপ্রোহিত ধৌম্যের চরণে প্রণিপাতপ্র্বেক জয়দ্রথের রথে আরোহণ করিলেন। পরে যখন জয়দ্রথ দৃশ্যমান পান্ডবিদিগের পরিচয় জিজ্ঞাসা করিতে লাগিলেন, তখন তিনি জয়দ্রথের রথস্থা হইয়াও যের্প গব্বিত বচনে ও নিঃশঙ্কচিত্তে অবলীলাক্রমে স্থামীদিগের পরিচয় দিতে লাগিলেন, তাহা প্রনঃ পা্নঃ পা্নের যোগ্য।

দ্রোপদী

(দিতীয় প্রস্তাব)

দশ বংসর হইল, বঙ্গদর্শনে আমি দ্রোপদী-চরিত্র সমালোচনা করিয়াছিলাম। অন্যান্য আর্যানারী-চরিত্র হইতে দ্রোপদীর চরিত্রের যে গ্রেত্বর প্রভেদ, তাহা যথাসাধ্য দেখান গিয়াছিল। কিন্তু দ্রোপদীর চরিত্রের মধ্যগ্রন্থি যে তত্ত্ব, তাহার কোন কথা সে সময় বলা হয় নাই। বালবার সময় তখন উপস্থিত হয় নাই। এখন বোধ হয়, সে কথাটা বলা যাইতে পারে।

সে তত্ত্বটার বহিবিকাশ বড় দীপ্তিমান্—এক নারীর পণ্ড স্বামী অথচ তাহাকে বিলয়া বিবেচনা করিবার কোন উপায় দেখা যায় না। এমন অসামঞ্জস্যের সামঞ্জস্য কোখা হুইল?

আমাদিগের ইউরোপীয় শিক্ষকেরা ইহার বড় সোজা উত্তর দিয়া থাকেন। ভারতবষীরেরা বর্বর জাতি—তাহাদিগের মধ্যে স্ফালোকের বহুনিবাহ পদ্ধতি পূর্ব্বকালে প্রচলিত ছিল, সেই কারণে পণ্ড পাশ্ডবের একই পদ্দী। ইউরোপীয় আচার্য্যবর্গের আর কোন সাধ্য থাকুক আর না থাকুক, এ দেশ সম্বন্ধে সোজা কথাগুলো বলিতে বড় মজবুত।

ইউরোপীয়েরা এদেশীয় প্রাচীন গ্রন্থসকল কির্পু ব্রেন, তদ্বিষয়ে আমাকে সম্প্রতি কিছ্ন অন্সন্ধান করিতে ইইয়াছিল। আমার এই বিশ্বাস হইয়াছে যে, সংস্কৃত সাহিত্য বিষয়ে তাঁহারা যাহা লিখিয়াছেন, তাঁহাদের কৃত বেদ স্মৃতি দর্শনে প্রাণ ইতিহাস কাব্য প্রভৃতির অন্বাদ, টীকা, সমালোচন পাঠ করার অপেক্ষা গ্রুব্তর মহাপাতক সাহিত্যজগতে আর কিছ্ন হইতে পারে না; আর ম্খতা উপস্থিত করিবার এমন সহজ উপায়ও আর কিছ্নই নাই। এখনও অনেক বাঙ্গালি তাহা পাঠ করেন, তাঁহাদিগকে সতর্ক করিবার জন্য এ কথাটা কতক অপ্রাসঙ্গিক হইলেও আমি লিখিতে বাধ্য হইলাম।

সংস্কৃত গ্রন্থের সংখ্যা নাই বলিলেও হয়। যত অনুসন্ধান হইতেছে, তত নতেন নতেন গ্রন্থ আবিষ্কৃত হইতেছে। সংস্কৃত গ্রন্থগর্নালর তুলনায়, অন্ততঃ আকারে, ইউরোপীয় গ্রন্থগর্নালক शन्थ र्वानए टेम्हा करत ना। समन रखीत जुननाय छितियत, समन वहेन एकत जुननाय छेटेला, কি সাইপ্রেস, যেমন গঙ্গা সিন্ধ, গোদাবরীর তুলনায় গ্রীক কবিদিগের প্রিয় পার্বতী নির্বারণী, মহাভারত বা রামায়ণের তুলনায় একখানি ইউরোপীয় কাব্য সেইরূপ গ্রন্থ। বেদের সংহিতা, রাহ্মণ, আরণ্যক, উপনিষদ, গ্রাস্ত্র, শ্রোতস্ত্র, ধন্মস্ত্র, দর্শন, এই সকলের ভাষ্য, তার টীকা, তার ভাষা, প্রাণ, ইতিহাস, স্মৃতি, কাব্য, অলৎকার, ব্যাকরণ, গণিত, জ্যোতিষ, অভিধান, ইত্যাদি নানাবিধ সংস্কৃত গ্রন্থে আজিও ভারতবর্ষ সমাচ্ছন্ন রহিয়াছে। এই লিপিবদ্ধ অনুত্রনীয় প্রাচীন তত্ত্বসমূদ্র মধ্যে কোথাও ঘুণাক্ষরে এমন কথা নাই যে, প্রাচীন আর্য্যাদিগের মধ্যে স্মীলোকের বহু,বিবাহ ছিল। তথাপি পাশ্চান্তা পশ্ডিতেরা একা দ্রোপদীর পঞ্চ স্বামীর কথা শ্বনিয়া সিদ্ধান্ত করিলেন যে, প্রাচীন ভারতব্ষীর্যাদদের মধ্যে স্থালোকদিগের বহুবিবাহ প্রচলিত ছিল। এই জাতীয় একজন পশ্চিত (Fergusson সাহেব) ভগ্ন অট্রালিকার প্রাচীরে গোটাকত বিবন্দ্রা স্ত্রীমূর্ত্তি দেখিয়া সিদ্ধান্ত করিয়াছেন যে, প্রাচীন ভারতবর্ষে স্ত্রীলোকেরা কাপড় পরিত না-সীতা, সাবিত্রী, দ্রোপদী, দময়স্তা প্রভৃতি শ্বশার ভাসারের সম্মাথে নগ্নাবন্ধায় বিচরণ করিত! তাই বলিতেছিলাম—এই সকল পণ্ডিতদিগের রচনা পাঠ করার অপেক্ষা মহাপাতক সাহিত্যসংসারে দুর্লভ।

দৌপদীর পশু স্বামী হইবার শুলে তাৎপর্ব্য কি. এ কথার মীমাংসা করিবার আগে বিচার করিতে হয় যে, এ কথাটা আদৌ ঐতিহাসিক, না কেবল কবিকলপনা মাত্র ? সতা সতাই দৌপদীর পণ্ড শ্বামী ছিল, না কবি এইর্প সাজাইয়াছেন? মহাভারতের যে ঐতিহাসিক ভিত্তি আছে, তাহা প্রবন্ধান্তরে আমি শ্বীকার করিয়াছি ও ব্ঝাইয়াছি। কিন্তু মহাভারতের ঐতিহাসিক ভিত্তি আছে বলিয়াই যে উহার সকল কথাই ঐতিহাসিক, ইহা সিদ্ধ হয় না। যাহা স্পন্টতঃ প্রক্ষিপ্ত. তাহা ঐতিহাসিক নহে—এ কথা ত স্বতঃসিদ্ধ। কিন্তু দ্রোপদী-চরিত্র প্রক্ষিপ্ত বলা যায় না—দ্রোপদীকে লইয়াই মোলিক মহাভারত! তা হউক—িক্তু মোলিক মহাভারতের যত কথা আছে. সকলই যে ঐতিহাসিক এবং সত্যা, ইহা বলাও দ্বঃসাহসের কাজ। যে সময়ে কবিই ইতিহাসবেত্তা, ইতিহাসবেত্তাও কবি, সে সময়ে কাব্যেও ইতিহাস বিমিশ্রণ বড় সহজ। সত্য কথাকে কবির স্বকপোলকাল্পত ব্যাপারে রঞ্জিত করা বিচিত্র নহে। দ্রোপদী য্বাধান্ঠিরের মহিষী ছিলেন, ইহা না হয় ঐতিহাসিক বলিয়া স্বীকার করা সেল—তিনি যে পণ্ড পান্ডবের মহিষী, ইহাও কি ঐতিহাসিক সত্য বলিয়া স্বীকার করিতে হইবে?

এই দ্রোপদীর বহুবিবাহ ভিন্ন ভারতবষীর গ্রন্থসমন্দ্র মধ্যে ভারতবষীর আর্যাদিগের মধ্যে স্বাগদের বহুবিবাহের কোন নিদর্শন পাওয়া যায় না। বিধবা হইলে স্বালাক অন্য বিবাহ করিত, এমন প্রমাণ পাওয়া যায়। কিন্তু এক কালে কেহ একাধিক পতির ভার্য্যা ছিল, এমন প্রমাণ পাওয়া যায় না। কথন দেখা গিয়াছে যে, কোন মন্যের প্রতি হস্তে ছয়িট করিয়া দ্ই হস্তে দ্বাদশ অঙ্গলি আছে; কখন দেখা গিয়াছে যে, কোন মন্যা চক্ষ্বান হইয়া জন্ম গ্রহণ করে। এমন একটি দ্ভান্ত দেখিয়া সিদ্ধান্ত করা যায় না যে, মন্যাজাতির হাতের আঙ্গলে বারটি, অথবা মন্যা অঙ্ক হইয়া জন্ম। তেমনি কেবলি দ্রোপদীর বহুবিবাহ দেখিয়া সিদ্ধান্ত করা যায় না যে. প্রেশ আর্যানারীগণ-মধ্যে বহুবিবাহ প্রথা প্রচলিত ছিল। আর মহাভারতেই প্রকাশ যে, এর্প প্রথা ছিল না; কেন না, দ্রোপদী সম্বন্ধে এমন অলোকিক ব্যাপার কেন ঘটিল, তাহার কৈফিয়ং দিবার জন্য মহাভারতকার প্র্রেজন্মঘটিত নানাবিধ অসম্ভব উপন্যাস রচনা করিতে বাধ্য হইয়াছেন।

এখন, যাহা সমাজ মধ্যে একেবারে কোথাও ছিল না, যাহা তাদৃশ সমাজে অত্যন্ত লোকনিন্দার কারণ স্বর্প হইত সন্দেহ নাই, তাহা পান্ডবিদিগের ন্যায় লোকবিখ্যাত রাজবংশে
ঘটিবার সম্ভাবনা ছিল না। তবে কবির এমন একটা কথা, তত্ত্বিশেষকে পরিস্ফুট করিবার জন্য
গভিয়া লওয়া বিচিত্র নহে।

গড়া কথার মত অনেকটা লক্ষণ আছে। দ্রোপদীর পণ্ড স্বামীর ঔরসে পণ্ড পত্র ছিল। কাহারও ঔরসে দ্ইটি, কি তিনটি ইইল না। কাহারও ঔরসে কন্যা ইইল না। কাহারও ঔরস নিম্ফল গেল না। সেই পাঁচটি প্রের মধ্যে কেহ রাজ্যাধিকারী ইইল না। কেহই বাঁচিয়া রহিল না। সকলেই এক সময়ে অশ্বত্থামার হস্তে নিধন পাইল। কাহারও কোন কার্য্যকারিতা নাই। সকলেই কুর্ক্ষেত্রের যুদ্ধে এক একবার আসিয়া একত্রে দল বাঁধিয়া যুদ্ধ করিয়া চলিয়া যায়। আর কিছুই করে না। পক্ষাস্তরে অভিমন্ত্র, ঘটোৎকচ, বদ্র্বাহন, কেমন জ্বীবস্তা।

জিজ্ঞাসা হইতে পারে, যদি দ্রোপদীর পণ্ড বিবার্হ গড়া কথাই হইল, যদি দ্রোপদী একা যুর্বিষ্ঠিরের ভার্য্যা ছিলেন, তবে কি আর চারি পাশ্ডব অবিবাহিত ছিলেন? ইহার উত্তর কঠিন বটে।

ভীম ও অর্জ্ব্রনের অন্য বিবাহ ছিল. ইহা আমরা জানি। কিন্তু নকুল সহদেবের অন্য বিবাহ ছিল, এমন কথা মহাভারতে পাই না। পাই না বিলয়াই যে সিদ্ধান্ত করিতে হইবে যে, তাঁহাদের অন্য বিবাহ ছিল না. এমন নহে। মহাভারত প্রধানতঃ প্রথম তিন পাশ্চবের অর্থাৎ যুহিছিঠর ও ভীমান্তর্ব্ব্রের জীবনী; অন্য দুই পাশ্চব তাঁহাদের ছায়া মান্ত—কেবল তাঁহাদের সঙ্গে থাকিয়া কাজ করে। তাঁহাদের অন্য বিবাহ থাকিলে সেটা প্রয়োজনীয় কথা নহে বিলয়া মহাভারতকার ছাড়িয়াও যাইতে পারেন। কথাটা তাদৃশ মারাত্মক নহে। দ্রোপদীর পঞ্চ স্বামী হওয়ার পক্ষে আমরা উপরে যে আপত্তি দেখাইয়াছি, তাহা অপেক্ষাকৃত অনেক গ্রহ্বতর।

এখন, যদি দ্রোপদীর পঞ্চবিবাহ কবিরই কলপনা বিবেচনা করা যায়, তবে কবি কি অভিপ্রায়ে এমন বিক্ষয়করী কলপনার অন্বত্তী হইলেন? বিশেষ কোন গড়ে অভিপ্রায় না থাকিলে এমন কৃটিল পথে যাইবেন কেন? তাঁহার অভিপ্রায় কি? পাঠক যদি ইংরেজদিগের মত বলেন, ''Tut! clear case of polyandry!'' তবে সব ফ্রাইল। আর তা যদি না বলেন, তবে ইহার নিগড়ে তত্ত অনুসন্ধান করিতে হইবে।

সেই তত্ত্ব অনুস্কান করিবার আগে কোনু বিজ্ঞ ও শ্রহ্মাস্পদ লোকের একটি উক্তি আমি

উদ্ধৃত করিব। কথাটা প্রচারে প্রকাশিত "কৃষ্ণচরিত্রকে" লক্ষ্য করিয়া উক্ত হইয়াছে—

"শ্রীকৃষ্ণ মন্ত্র' দরীর ধারণ পূর্বেক ইহলোকে বিচরণ করিয়াছিলেন, একথা আমরাও স্বীকার করি। কিন্তু মহাভারতপ্রশারনের পূর্বকাল হইতেও যে, শ্রীকৃষ্ণে একটি অতিমান্য ঐশী শক্তির আবির্ভাব লোকের বিশ্বাসিত হইয়াছিল, তাহাও প্রামাণিক বলিয়া বোধ হয়। স্বৃতরাং প্রথম হইতেই মহাভারতগ্রন্থেও যে সেই বোধের একটি অপ্র্ব প্রতিবিন্দ্র পাঁড়বে, তাহা আশ্চর্যের বিষর নহে; বস্তুতঃ তাহাই সম্ভবপর। তবে আমাদের বেবধ হয়, মহাভারতরচয়িতা কর্ম্মকান্ড বেদব্যাখ্যা প্রভৃতি তাঁহার বহুবিধ উদ্দেশ্যের মধ্যে অক্তর্মন এবং ভদ্রাকে আদর্শ নর-নারী করিয়া বর্ণান করিয়াছেন, এবং ঈশ্বরে অচল ভক্তি এবং তক্ষাত ঈশ্বরের নেতৃত্বে প্রতীতিই যে আদর্শ প্রের্বের প্রকৃত বল, তাহাও প্রদর্শনার্থ নরোন্তম শ্রীকৃষ্ণে একটি বিশেষ ঐশী শক্তিকে মুর্তিমতী করিয়া দেখাইবার প্রয়াস পাইয়াছেন। সে ঐশী শক্তিটি কোন পার্থিব পাত্রে কোন দেশের কোন কবি কর্তুকিই কখন ধৃত হয় নাই। আদি কবি বাল্মীকিও তাহা ধরিবার চেণ্টা করেন নাই—মহাভারতকার সেই কাজে অধ্যবসায় করিয়াছিলেন, এবং তাহা যতদ্র সম্পন্ন হইতে পারে, ততদ্র সম্পন্ন করিয়াছিলেন বলিয়াই, মহাভারত গ্রন্থখানি পঞ্চম বেদ বলিয়া গণ্য হইয়াছে। ঐ ঐশী শক্তির নাম 'নির্লিপ্ততা'। শ্রীকৃষ্ণ মনুব্যরূপী 'নির্লেপ'।"*

এই "নিলেপি" বৈরাগ্য নহে অথবা সাধারণে যাহাকে "বৈরাগ্য" বলে, তাহা নহে। আমি ইহার মন্ম যতদুর বুঝি, গীতা হইতে একটি শ্লোক উদ্ধৃত করিয়া তাহা বুঝাইতেছি।

> রাগদ্বেষবিমন্টেক্তস্থু বিষয়ানিন্দ্রির্শ্চরন্। আত্মবশৈর্মবিধয়াত্মা প্রসাদমধিগচ্চতি॥

আসতি বিদ্বেষ রহিত এবং আত্মার বশীভূত ইণ্দ্রিয় সকলের দ্বারা (ইণ্দ্রিয়ের) বিষয় সকল

উপভোগ করিয়া সংযতাত্মা প্রেষ শান্তি প্রাপ্ত হয়েন।

অতএব নির্লিপ্তের পক্ষে ইন্দ্রিয় বিষয়ের উপভোগ বন্ধন নিন্প্রোজন। এবং বন্ধনে সংলেপই ব্রুঝায়। বন্ধনির প্রয়োজন আছে, ইহাতেই ব্রুঝায় যে, ইন্দ্রিয়ে এখন আত্মা লিপ্ত আছে—বন্ধনি ভিন্ন বিচ্ছেদ এখনও অসাধ্য। কিন্তু যিনি ইন্দ্রিয় বিষয়ের উপভোগী থাকিয়াও তাহাতে অন্রাগশ্ন্য, যিনি সেই সকল ইন্দ্রিয়কে বিজিত করিয়া অন্তেঠয় কন্মা সন্পাদনাথ বিষয়ের উপভোগ করেন, তিনিই নির্লিপ্ত। তাঁহার আত্মার সঙ্গে ভোগ্য বিষয় আর সংশ্লিষ্ট

নহে। তিনি পাপ ও দঃখের অতীত।

এইর্প "নিলেপি" বা "অনাসঙ্গ" পরিষ্ফান্ট করিবার জন্য হিন্দা্শান্তকারেরা একটা কোশল অবলম্বন করিয়া থাকেন—নির্লিপ্ত বা অনাসক্তকে অধিকমান্রায় ইন্দ্রিয়ভোগ্য বিষয়ের দ্বারা পরিবেণ্টিত করেন। এই জন্য মহাভারতের পরবন্তী প্রাণকারেরা প্রীকৃষ্ণকৈ অসংখ্য বরাঙ্গনামধ্যবন্তী করিয়াছেন। এই জন্য তান্তিকদিগের সাধন প্রণালীতে এত বেশী ইন্দ্রিয়ভোগ্য বছুর আবির্ভাব। যে এই সকল মধ্যে যথেচ্ছা বিচরণ করিয়া তাহাতে অনাসক্ত রহিল, সেই নির্লিপ্ত। দ্রৌপদীর বহু স্বামীও এই জন্য। দ্রৌপদী স্বীজাতির অনাসক্ত ধম্মের মর্ন্তি-স্বর্গেণা। তংস্বর্পে তাঁহাকে স্থাপন করাই কবির উন্দেশ্য। তাই গণিকার ন্যায় পঞ্চ প্রুর্বের সংসর্গযুক্তা হইয়াও দ্রোপদী সাধনী, পাতিরত্যের পরাকান্তা। পঞ্চ পতি দ্রোপদীর নিকট এক পতি মান্র, উপাসনার এক বন্তু, এবং ধর্মাচরণের একমান্ত অভিন্ন উপলক্ষ্য। যেমন প্রকৃত ধর্মাদ্বার নিকট বহু দেবতাও এক ঈশ্বর মান্ত—ঈশ্বরই জ্ঞানীর নিকট এক মান্ত অভিন্ন উপাস্যা, তেমনি পঞ্চ স্বামী অনাসঙ্গযুক্তা দ্রোপদীর নিকট এক মান্ত ধর্ম্মাচরণের স্থল। তাহার পক্ষাপক্ষ, ভেদাভেদ, ইতরবিশেষ নাই; তিনি গৃহধন্মে নিষ্কাম, নিশ্চল, নির্লিপ্ত হইয়া অনুষ্ঠেয় কন্মে প্রবৃত্ত। ইহাই দ্রোপদী-চরিরে অসামঞ্জস্যের সামঞ্জস্য। তবে ঈদ্শে ধর্ম্মা অতিদ্বঃসাধনীয়। মহাভারতকার মহাপ্রস্থানিক পর্ম্বে সেট্বুকুও ব্র্ঝাইয়াছেন। তথায় কথিত হইয়াছে যে, দ্রোপদীর অভ্রের্কের দিকে কিঞ্চিং পক্ষপাত ছিল বলিয়া তিনি সেই পাপফলে স্বারীরে স্বগারোহণ করিতে পারিলেন না—সন্ধ্বাহেই পথিমধ্যে পতিতা হইলেন।

বোধ হয়, এখন ব্রিতে পারা যায় যে, দ্রোপদীর পাঁচ স্বামীর ঔরসে কেবল এক একটি

এডুকেশন গেজেট, ১৮ বৈশাখ ১২৯৩।

পুর কেন? হিন্দু শাস্রান্সারে পুরোৎপাদন ধন্ম; গৃহীর তাহাতে বিরতি অধন্ম। পুরু উৎপন্ন হইলে বিবাহ সফল হইল; না হইলে, ধন্ম অসম্পূর্ণ রহিল। কিন্তু ধন্মের যে প্রয়োজন, এক পুরেই তাহা সিদ্ধ হয়। একাধিক পুরের উৎপাদন ধন্মাথে নিন্প্রয়োজনীয়—কেবল ইল্রিয়ত্তির ফল মাত্র। কিন্তু দ্রোপদী ইল্রিয়স্থে নির্লিপ্ত: ধন্মের প্রয়োজন সিদ্ধ হইলে, ব্যামগণের সঙ্গে তাহার ঐন্তিয়ক্ সন্বন্ধ বিচ্ছিন্ন হইল। স্বামীর ধন্মার্থ দ্রোপদী সকল স্বামীর ঔরসে এক এক পুরু গভে ধারণ করিলেন; তৎপরে নির্লেপ্রশতঃ আর সন্তান গভে ধারণ করিলেন না। কবির কল্পনার এই তাৎপর্য্য।

এই সকল কথার তাৎপর্য্য বোধ করি, কেহই এমন ব্রিঝবেন না যে, যে স্থালোক অনাসঙ্গ ধর্ম্ম গ্রহণ করিবে, সেই পাঁচ ছয়টি মন্যাকে স্বামিত্বে বরণ করিবে—তাহা নহিলে ধর্ম্মের সাধন হইবে না। তাৎপর্য্য এই মাত্র যে, যাহার চিত্তশর্ত্বিদ্ধ হইয়াছে, মহাপাতকে পজ্লিও পাপ তাহাকে স্পর্শ করিতে পারে না। দ্রোপদীর অদ্তে যাহা ঘটিয়াছিল, স্থালোকের পক্ষে তেমন মহাপাপ আর কিছুই নাই। কিছু দ্রোপদীর চিত্তশর্ত্বিদ্ধ জন্মিয়াছিল বলিয়া, তিনি সেই মহাপাপকেও ধর্ম্মে পরিণত করিয়াছিলেন।

আমি প্রথম প্রবন্ধে দেখাইয়াছি যে, দ্রোপদী ধর্ম্মবিলে অত্যন্ত দৃপ্তা; সে দর্প কখন কখন ধর্মাকেও অতিক্রম করে। সেই দর্পের সঙ্গে এই ইন্দ্রিয়জয়ের কোন অসামঞ্জস্য নাই। তবে তাঁহার নিষ্কাম ধর্মা সর্ব্বাঙ্গীণ সম্পূর্ণতা প্রাপ্ত হইয়াছিল কি না, সে স্বতন্ত কথা।

অন্করণ*

জগদীশ্বরক্পার, ঊর্নবিংশ শতাব্দীতে আধুনিক বাঙ্গালি নামে এক অন্তুত জন্তু এই জগতে দেখা গিয়াছে। পশ্বতত্ত্বিং পশ্ডিতেরা পরীক্ষা দ্বারা শ্বির করিয়াছেন যে, এই জন্তু বাহ্যতঃ মন্যা-লক্ষণাক্রান্ত; হস্তে পদে পাঁচ পাঁচ অঙ্গবিল, লাঙ্গবে নাই; এবং আদ্ধি ও মন্তিষ্ক, "বাইমেনা" জ্যাতির সদ্শ বটে। তবে অন্তঃপ্রভাব সম্বন্ধে, সের্প নিশ্চয়তা এখনও হয় নাই। কেহ কেহ বলেন, ইহারা অন্তঃসম্বন্ধেও মন্যা বটে, কেহ কেহ বলেন, ইহারা বাহিরে মন্যা, এবং অন্তরে পশ্ব। এই তত্ত্বের মীমাংসা জন্য, শ্রীযুক্ত বাব্ রাজনারায়ণ বস্ব ১৭৯৪ শকের চৈত্র মাসেবক্তা করেন। এক্ষণে তাহা মুদ্রিত করিয়াছেন। তিনি এ বক্তৃতায় পশ্বপক্ষই সমর্থন করিয়াছেন।

আমরা কোন্ মতাবলম্বী? আমরাও বাঙ্গালির পশ্তুবাদী। আমরা ইংরেজী সম্বাদপত্ত হইতে এ পশ্তত্ত্ব অভ্যাস করিয়াছি। কোন কোন তাম্রুশ্বশ্র ঋষির মত এই যে, যেমন বিধাতা তিলোকের সন্দরীগণের সৌন্দর্য তিল তিল সংগ্রহ করিয়া তিলোত্তমার স্ক্রন করিয়াছিলেন: সেইর্প পশ্বত্তির তিল তিল করিয়া সংগ্রহপ্রেক এই অপ্রেব নবা বাঙ্গালিচরিত্র স্জর্ন করিয়াছেন। শুগাল হইতে শঠতা, ক্রুর হইতে তোষামদ ও ভিক্ষান্রাগ, মেষ হইতে ভীর্তা, বানর হইতে অনুকরণপট্টতা, এবং গর্ন্দভি হইতে গর্জ্জন—এই সকল একত্র করিয়া, দিঃমণ্ডল উজ্জ্বলকারী, ভারতবর্ষের ভরসার বিষয়ীভূত, এবং ভট্ট মক্ষমলেরের আদরের স্থল নব্য বাঙ্গালিকে সমাজাকাশে উদিত করিয়াছেন। যেমন স্বন্দরীমণ্ডলে তিলোত্তমা, গ্রন্থমধ্যে রিচার্ড সন্স সিলেক সন্স, যেমন পোষাকের মধ্যে ফকিরের জামা, মদ্যের মধ্যে পঞ্চ, খাদ্যের মধ্যে খিচুড়ি, তেমনি এই মহাত্মাদিগের মতে মন্বার মধ্যে নব্য বাঙ্গালি। যেমন ক্ষীরোদ সমূদ্র মন্থন করিলে চন্দ্র উঠিয়া জগৎ আলো করিয়াছিল—তেমনি পশ্বচরিত্রসাগর মন্থন করিয়া, এই অনিন্দনীয় বাব, চাঁদ উঠিয়া ভারতবর্ষ আলো করিতেছেন। রাজনারায়ণবাব,র ন্যায়, যে সকল অমৃতল্ব লোক রাহ্ হইয়া এই কলজ্কশ্ন্য চাঁদকে গ্রাস করিতে যান, আমরা তাঁহাদের নিন্দা করি। বিশেষতঃ রাজনারায়ণবাব কে বলি যে, আপনিই এই গ্রন্থমধ্যে গোমাংসভোজন নিষেধ করিয়াছেন, তবে বাঙ্গালির মুন্ড খাইতে বিসয়াছেন কেন?—গোরু হইতে বাঙ্গালি কিসে অপরুষ্ট? গোর ও যেমন উপকারী, নব্য বাঙ্গালিও সেইর প। ইহারা সম্বাদপত্রর প, ভাল্ড ভাল্ড সম্পাদ, দুদ্ধ দিতেছে: চাকরি-লাঙ্গল কাঁধে লইয়া, জীবনক্ষেত্র কর্ষণ প্রেবকি ইংরেজ

সেকাল আর একাল। শ্রীরাজনারায়ণ বস্ব প্রণীত।

চাষার ফসলের যোগাড় করিয়া দিতেছে; বিদ্যার ছালা পিঠে করিয়া কালেজ হইতে ছাপাখানাম্ন আনিয়া ফেলিয়া, চিনির বলদের নাম রাখিতেছে; সমাজ সংস্কারের গাড়িতে বিলাতি মাল বোঝাই দিয়া, রসের বাজারে চোলাই করিতেছে; এবং দেশহিতের ঘানিগাছে স্বার্থসর্যপ পেষণ করিয়া, যশের তেল বাহির করিতেছে। এত গুণের গোরুকে কি বধ করিতে আছে?

কিন্তু যিনি বাঙ্গালির যত নিন্দা কর্ন, বাঙ্গালি তত নিন্দনীয় নহে। রাজনারায়ণবাব্ও বাঙ্গালির যত নিন্দা করিরাছেন, বাঙ্গালি তত নিন্দনীয় নহে। অনেক স্বদেশবংসল যে অভিপ্রায়ে বাঙ্গালির নিন্দা করেন, রাজনারায়ণবাব্ও সেই অভিপ্রায়ে বাঙ্গালির নিন্দা করিয়াছেন—বাঙ্গালির হিতার্থ। সেকালে আর একালে নিরপেক্ষ ভাবে তুলনা তাঁহার উদ্দেশ্য নহে—একালের দোষ-নিন্দা চনই তাঁহার উদ্দেশ্য। একালের গ্লুগালির প্রতি তিনি বিশেষ দ্টিনিক্ষেপ করেন নাই—করাও নিন্প্রয়োজন; কেন না, আমরা আপনাদিগের গ্রুণের প্রতি পলকের জন্য সন্দেহযুক্ত নহি।

নব্য বাঙ্গালির অনেক দোষ। কিন্তু সকল দোষের মধ্যে, অনুকরণান্রাগ সর্ব্বাদিসম্মত। কি ইংরেজ, কি বাঙ্গালি, সকলেই ইহার জন্য বাঙ্গালি জাতিকে অহরহ তিরুস্কৃত করিতেছেন। তিদ্বিষয়ে রাজনারায়ণবাব্ যাহা বালিয়াছেন, তাহা উদ্ধৃত করিবার আবশ্যকতা নাই—সে সকল কথা আজিকালি সকলেরই মুখে শুনিতে পাওয়া যায়।

আমরা সে সকল কথা স্বীকার করি, এবং ইহাও স্বীকার করি যে, রাজনারায়ণবাব, যাহা বলিয়াছেন তাহার অনেকগ্রলিই সঙ্গত। কিন্তু অনুকরণসম্বন্ধে দুই একটি সাধারণ ভ্রম আছে। অনুকরণ মাত্র কি দূষ্য? তাহা কদাচ হইতে পারে না। অনুকরণ ভিন্ন প্রথম শিক্ষার উপায় কিছুই নাই। যেমন শিশু বয়ঃপ্রাপ্তের বাক্যান,করণ করিয়া কথা কহিতে শিখে, যেমন সে বয়ঃপ্রাপ্তের কার্য্য সকল দেখিয়া কার্য্য করিতে শিথে, অসভ্য এবং অশিক্ষিত জাতি সেইরপ সভ্য এবং শিক্ষিত জাতির অনুকরণ করিয়া সকল বিষয়ে শিক্ষা প্রাপ্ত হয়। অতএব বাঙ্গাল **যে** ইংরেজের অনুকরণ করিবে, ইহা সঙ্গত ও যুক্তিসিদ্ধ। সত্য বটে, আদিম সভ্য জাতি বিনান,করণে স্বতঃশিক্ষিত এবং সভ্য হইয়াছিল: প্রাচীন ভারতীয় ও মিশরীয় সভ্যতা কাহারও অনুকরণলব নহে। কিন্তু যে আধুনিক ইউরোপীয় সভ্যতা সর্ব্বজাতীয় সভ্যতার মধ্যে শ্রেষ্ঠ, তাহা কি**সের** ফল? তাহাও রোম ও য়ৢনানী সভ্যতার অনুকরণের ফল। রোমক সভ্যতাও য়ৢনানী সভ্যতার অনুকরণফল। যে পরিমাণে বাঙ্গালি, ইংরেজের অনুকরণ করিতেছে, প্রাবৃত্ত জানেন যে, ইউরোপীয়েরা প্রথমাকস্থাতে তদপেক্ষা অলপ পরিমাণে য়ুনানীয়ের, বিশেষতঃ রোমকীয়ের অনুকরণ করেন নাই। প্রথমাবস্থাতে অনুকরণ করিয়াছিলেন বলিয়াই এখন এ উচ্চসোপানে দাঁডাইয়াছেন। শৈশবে পরের হাতে ধরিয়া যে জলে নামিতে না শিথিয়াছে, সে কথনই সাঁতার দিতে শিখে নাই; কেন না, ইহ জন্মে তাহার জলে নামাই হইল না। শিক্ষকের লিখিত আদর্শ দেখিয়া যে প্রথমে লিখিতে না শিখিয়াছে, সে কখনই লিখিতে শিখে নাই। বাঙ্গাল যে ইংরেজের অনুকরণ করিতেছে, ইহাই বাঙ্গালির ভরসা।

তবে লোকের বিশ্বাস এই যে, অনুকরণের ফলে কখন প্রথম শ্রেণীর উৎকর্ষ প্রাপ্তি হয় না। কিসে জানিলে?

প্রথম, সাহিত্য সম্বন্ধে দেখ। প্থিবীর কতকগ্রিল প্রথম শ্রেণীর কাব্য, কেবল অন্করণ মাত্র। ড্রাইডেন এবং বোয়ালোর অন্কারী পোপ, পোপের অন্কারী জন্সন। এইর্প ক্ষ্ট্র ক্র্রুল লেখকদিগের দৃষ্টান্ত দেখাইয়া আমরা এ কথা সপ্রমাণ করিতে চাহি না। বাজ্জলের মহাকাব্য, হোমরের প্রসিদ্ধ মহাকাব্যের অন্করণ। সম্দুদ্ধ রোমকসাহিত্য, র্নানীয় সাহিত্যের অন্করণ। যে রোমকসাহিত্য বর্ত্তমান ইউরোপীয় সভ্যতার ভিত্তি, তাহা অন্করণ মাত্র। কিন্তু বিদেশীয় উদাহরণ দ্রে থাকুক। আমাদিগের স্বদেশে দ্ইখান মহাকাব্য আছে—তাহাকে মহাকাব্য বলে না, গোরবার্থ ইতিহাস বলে—তাহা প্থিবীর সকল কাব্যের শ্রেণ্ঠ। গ্রেণ উভয়ে প্রায় তুলা; অলপ তারতম্য। একখানি আর একখানির অন্করণ।

মহাভারত যে রামায়ণের পরকালে প্রণীত, তাহা হুইলর সাহেব ভিন্ন বোধ হয় আর কেইই সহজ অবস্থায় অস্বীকার করিবেন না। অন্যান্য অনুকৃত এবং অনুকরণের নায়কসকলে বতটা প্রভেদ দেখা যায়, রামে ও যুর্যিন্ডিরে তাহার অপেক্ষা অধিক প্রভেদ নহে। রামায়ণের অমিত-বলধারী বীর, জিতেন্দ্রিয়, দ্রাত্বংসল লক্ষ্মণ মহাভারতে অর্জ্বনে পরিণত হইয়াছেন, এবং ভরভ শত্রুঘা নকুল সহদেব হইয়াছেন। ভীম, নৃত্ন সৃষ্টি, তবে কুম্ভকণের একট্ব ছায়ায়

र्वाष्क्रम ब्रह्मावली

দাঁড়াইয়াছেন। রামায়লে রাবণ, মহাভারতে দ্বর্ধাধন; রামায়লে বিভীষণ, মহাভারতে বিদ্বর; অভিমন্য, ইন্দ্রজিতের অস্থিমজ্জা লইয়া গঠিত হইয়াছে। এদিকে রাম ল্রাতা ও পদ্দী সহিত বনবাসী: ব্রধিন্ঠিরও ল্রাতা ও পদ্দী সহিত বনবাসী। উভয়েই রাজ্যচ্যুতা। একজনের পদ্দী অপহতা, আর একজনের পদ্দী সভামধ্যে অপমানিতা; উভয় মহাকাব্যের সারভূত সমরানলে সেই অগ্নি জবলন্ত; একে স্পণ্টতঃ, অপরে অস্পন্টতঃ। উভয় কাব্যের উপন্যাসভাগ এই যে, য্বরাজ রাজ্যচ্যুত হইয়া, ল্রাতা ও পদ্দীসহ বনবাসী, পরে সমরে প্রবৃত্ত, পরে সমর্রবিজয়ী হইয়া প্রনর্ধার বরাজ্যে স্থাপিত। ক্ষুদ্র ক্ষুদ্র ঘটনাতেই সেই সাদৃশ্য আছে; কৃশীলবের পালা মণিপ্রে বদ্রবাহন কর্ত্বক অভিনীত হইয়াছে; গিথলায় ধন্ত্রস, পাণ্ডালে মংস্যাবিদ্ধনে পরিণত হইয়াছে; দশরথকৃত পাপে এবং পান্তুকৃত পাপে বিলক্ষণ ঐক্য আছে। মহাভারতকে রামায়ণের অন্করণ বিলতে ইচ্ছা না হয়, না বল্ন; কিন্তু অন্করণীয়ে এবং অন্করত ইহার অপেক্ষা ঘনিষ্ঠ সম্বন্ধ অতি বিরল। কিন্তু মহাভারত অন্করণ হইয়াও কাব্যমধ্যে প্থিবীতে অন্যন্ত অত্ল—একা রামায়ণ্ট তাহার তুলনীয়। অতএব অনুকরণ মান্ত হেয় নহে।

পরে, সমাজ সম্বন্ধে দেখ। যখন রোমকেরা য়্নানীয় সভ্যতার পরিচয় পাইলেন. তখন তাঁহারা কায়মনোবাকো য়্নানীয়দিগের অন্করণে প্রবৃত্ত হইলেন। তাহার ফল, কিকিরোর বাশ্মিতা, তাসিতসের ইতিবৃত্তগ্রন্থ, বিজ্লের মহাকারা, প্রতস ও টেবেনের নাটক. হরেস ও ওবিদের গীতিকারা, পেপিনিয়নের ব্যবস্থা, সেনেকার ধর্মনীতি, আন্তনৈনিদিগের রাজধর্মন, ল্বলাসের ভোগাসন্তি, জনসাধারণের ঐশ্বর্যা, এবং সম্রাট্গণের স্থাপত্য কীর্ত্তি। আধ্বনিক ইউরোপীয়দিগের কথা প্র্বেই উল্লিখিত হইয়াছে; ইতালায়, ফরাসি-সাহিত্য, গ্রীক ও রোময়য় সাহিত্যের অন্করণ; ইউরোপীয় ব্যবস্থা-শাস্ক্র, রোমক ব্যবস্থা-শাস্ক্রর অন্করণ; ইউরোপীয় শাসন-প্রণালী, রোমকীয়ের অন্করণ। কোথাও সেই ইম্পিরেটর, কোথাও সেই সেনেট, কোথাও সেই প্রেবের শ্রেণী; কোথাও ফোরম, কোথাও সেই হিম্পরেটর, কোথাও সেই সেনেট, কোথাও সেই প্রেবের শ্রেণী; কোথাও ফোরম, কোথাও সেই মিউনিসিপিয়েয়্। আধ্বনিক ইউরোপীয় স্থাপত্য ও চিত্রবিদ্যাও য়্বনানী ও রোমক ম্লাবিশিষ্ট। এই সকলই প্রথমে অন্করণ মাত্রইছিল; এক্ষণে অন্করণাবস্থা পরিত্যাগ করিয়া পৃথেগ্ভাবাপিয় ও উয়ত হইয়াছে। প্রতিভা থাকিলেই এর্প ঘটে, প্রথম অন্করণ মাত্র হয়; পরে অভ্যাসে উংকর্ষ প্রাপ্ত হওয়া যায়। যে শিশ্ব প্রথম লিখিতে শিথে, তাহাকে প্রথমে গ্রন্থর হয়্তাক্ষরের অন্করণ করিতে হয়়-পরিগামে তাহার হয়্তাক্ষর স্বতন্ত্র হয়, এবং প্রতিভা থাকিলে সে গ্রের অপেক্ষা ভাল লিখিয়াও থাকে।

তবে প্রতিভাশ্নের অন্করণ বড় কদর্য্য হয় বটে। য়াহার যে বিষয়ে নৈসগিক শক্তি নাই. যে চিরকালই অন্করণ থাকে, তাহার স্বাতন্ত্য কখন দেখা য়য় না। ইউরোপীয় নাটক ইহার বিশিষ্ট উদাহরণ। ইউরোপীয় জাতি মাত্রেরই নাটক আদৌ য়্নানী নাটকের অন্করণ। কিন্তু প্রতিভার গ্লে স্পেনীয় এবং ইংলণ্ডীয় নাটক শীয়ই স্বাতন্ত্য লাভ করিল—এবং ইংলণ্ড এ বিষয়ে গ্রীসের সমকক্ষ হইল। এদিকে এতদ্বিষয়ে স্বাভাবিক শক্তিশ্ন্য রোমীয়, ইতালীয়, ফরাসি এবং জন্মনীয়গণ অন্কারীই রহিলেন। অনেকেই বলেন য়ে, শেষোক্ত জাতিসকলের নাটকের অপেক্ষাকৃত অন্থেকর্য তাঁহাদিগের অন্নিচকীর্যার ফল। এটি ভ্রম। ইহা নৈসগিক ক্ষমতার অপ্রতুলেরই ফল। অন্নিচকীর্যাও কার্য্য কারণ নহে।

অনুকরণ যে গালি বলিয়া আজি কালি পরিচিত হইয়াছে, তাহার কারণ প্রতিভাশ্না ব্যক্তির অনুকরণে প্রবৃত্তি। অক্ষম ব্যক্তির কৃত অনুকরণ অপেক্ষা ঘৃণাকর আর কিছ্ই নাই: একে মন্দ, তাহাতে অনুকরণ। নচেৎ অনুকরণ মাত্র ঘৃণ্য নহে; এবং বাঙ্গালির বর্ত্তমান অবস্থায় তাহা দোষের নহে। বরং এর্প অনুকরণই স্বভাবসিদ্ধ। ইহাতে যে বাঙ্গালির স্বভাবের কিছ্ব বিশেষ দোষ আছে, এমন বোধ করিবার কারণ নিদেশ করা কঠিন। ইহা মানুষের স্বভাবসিদ্ধ দোষ বা গুণ। যথন উৎকৃষ্ট এবং অপকৃষ্টে একত্রিত হয়, তথন অপকৃষ্ট স্বভাবতই উৎকৃষ্টের সমান হইতে চাহে। সমান হইবার উপায় কি? উপায়, উৎকৃষ্ট যের্প করে, সেইর্প কর সেইর্প হইবে। তাহাকেই অনুকরণ বলে। বাঙ্গালি দেখে, ইংরেজ সভ্যতায়, শিক্ষায়, বলে, ঐশ্বর্ত্তা, স্বৃত্তা, কর্মান হইতে চাহিবে? কিছু কি প্রকারে সের্প হইবে? বাঙ্গালি মনে করে, ইংরেজ যাহা যাহা করে, সেইর্প সেইর্প করিলে ইংরেজের মত সভ্য, শিক্ষিত্ত, সম্পন্ন, স্থ্যী হইব। অন্য যে কোন

জাতি হউক না কেন, ঐ অবস্থাপন্ন হইলে ঐর্প করিত। বাঙ্গালির স্বভাবের দোষে এ অন্করণপ্রবৃত্তি নহে। অন্তঃ বাঙ্গালির তিনটি প্রধান জাতি—ব্রাহ্মণ, বৈদ্য, কার্যস্থ, আর্য্বংশ-সন্ত্ত্ত; আর্যাশোণিত তাহাদের শরীরে অদ্যাপি বহিতেছে; বাঙ্গালি কখনই বানরের ন্যায় কেবল অন্করণের জনাই অন্করণপ্রিয় হইতে পারে না। এ অন্করণ স্বাভাবিক, এবং পরিগামে মঙ্গলপ্রদ হইতে পারে। যাঁহারা আমাদিগের কৃত ইংরেজের আহার ও পরিচ্ছদের অন্করণ দেখিয়া রাগ করেন. তাঁহারা ইংরেজকৃত ফরাসিদিগের আহার পরিচ্ছদের অন্করণ দেখিয়া কি বলিবেন? এ বিষয়ে বাঙ্গালির অপেক্ষা ইংরেজরা অল্পাংশে অন্কারী? আমরা অন্করণ করি, জাতীয় প্রভুর; ইংরেজরা অন্করণ করেন—কাহার?

ইহা আমরা অবশ্য দ্বীকার করি যে, বাঙ্গালি যে পরিমাণে অন্করণে প্রবৃত্ত, ততটা বাঞ্চনীয় না হইতে পারে। বাঙ্গালির মধ্যে প্রতিভাশন্যে অন্কারীরই বাহ্লা; এবং তাঁহাদিগকে প্রায় গ্লাভাগের অন্করণে প্রবৃত্ত না হইয়া দোষভাগের অন্করণেই প্রবৃত্ত দেখা যায়। এইটি মহা দ্বঃখ। বাঙ্গালি গ্লার অন্করণে তত প্ট্ননহে; দোষের অন্করণে ভূমশ্ডলৈ অদ্বিতীয়। এই জন্যই আমরা বাঙ্গালির অন্করণপ্রবৃত্তিকে গালি পাড়ি, এবং এই জন্যই রাজনারায়ণবাব্ব যাহা

यारा र्वानग्राष्ट्रन, जारात ज्ञानकर्गानिक यथार्थ र्वानग्रा स्वीकात कतिराजीह।

যেখানে অনুকারী প্রতিভাশালী, সেখানেও অনুকরণের দুইটি মহৎ দোষ আছে। একটি বৈচিত্রের বিঘা। এ সংসারে একটি প্রধান সূখ, বৈচিত্রা-ঘটিত। জগতীতলম্থ সর্ব্ব পদার্থ বাদি এক বর্ণের হইত, তবে জগৎ কি এত সুখদৃশ্য হইত? সকল শব্দ যদি এক প্রকার হইত—মনে কর, কোকিলের স্বরের ন্যায় রব ভিন্ন প্রথিবীতে অন্য কোন প্রকার শব্দ না থাকিত, তবে কি সে শব্দ সকলের কর্ণজ্বালাকর হইত না? আমরা সের্প স্বভাব পাইলে, না হইতে পারিত। কিন্তু এক্ষণে আমরা যে প্রকৃতি লইয়া প্থিবীতে জন্মগ্রহণ করিয়াছি, তাহাতে বৈচিত্রেই সুখ। অনুকরণে এই সুখের ধর্ংস হয়। ম্যাক্ষের্থ উৎকৃষ্ট নাটক, কিন্তু প্থিবীর সকল নাটক ম্যাক্ষের্থের অনুকরণে লিখিত হইলে, নাটকে আর কি সুখ থাকিত? সকল মহাকাব্য রঘুবংশের আদর্শে লিখিত হইলে, কে আর কাব্য পড়িত?

দ্বিতীয়, সকল বিষয়েই ষত্নপোনঃপ্রন্যে উৎকর্ষের সম্ভাবনা। কিন্তু পরবত্তী কার্য্য প্রবিত্তী কার্য্যের অনুকরণ মাত্র হইলে, চেষ্টা কোন প্রকার ন্তন পথে যায় না; স্তরাং কার্য্যের উন্নতি ঘটে না। তথন ধারাবাহিকতা প্রাপ্ত হইতে হয়। ইহা কি শিল্প সাহিত্য বিজ্ঞান,

কি সামাজিক কার্য্য, কি মানসিক অভ্যাস, সকল সম্বন্ধেই সত্য।

মন্বোর শারীরিক ও মানসিক বৃত্তি সকলেরই সমকালিক যথোচিত স্ফ্রিড এবং উন্নতি মন্বাদেহ ধারণের প্রধান উদ্দেশ্য। তবে যাহাতে কতকগ্রনির অধিকতর পরিপ্রিছি, এবং কতকগ্রনির প্রতি তাচ্ছিল্য জন্মে, তাহা মন্বোর অনিষ্টকর। মন্বা অনেক, এবং একজন মন্বোর স্ব্ও বহ্বিধ। তত্তাবং সাধনের জন্য বহ্বিধ ভিন্ন ভিন্ন প্রকারের কার্য্যের আবশ্যকতা। ভিন্ন ভিন্ন প্রকারের কার্য্য ভিন্ন ভিন্ন প্রকারের কার্য্য রাজির সম্পন্ন হইতে পারে না। এক শ্রেণীর চরিত্রের লোকের দ্বারা বহু প্রকারের কার্য্য সাধিত হুইতে পারে না। অতএব সংসারে চরিত্রবৈচিত্র্য, কার্য্যবৈচিত্র্য, এবং প্রবৃত্তির বৈচিত্র্য প্রয়েজন। তদ্ব্যতীত সমাজের সকল বিষয়ে মঙ্গল নাই। অন্করণপ্রবৃত্তিতে ইহাই ঘটে যে, অন্করারীর চরিত্র, তাহার প্রবৃত্তি, এবং তাহার কার্য্য, অন্করণপ্রবৃত্তিতে ইহাই ঘটে যে, অন্করারীর চরিত্র, তাহার প্রবৃত্তি, এবং তাহার কার্য্য, অন্করণীয়ের ন্যায় হয়, পথাস্তরে গমন করিতে পারে না। যখন সমাজস্থ সকলেই বা অধিকাংশ লোক বা কার্য্যক্ষম শ্রেষ্ঠ ব্যক্তিগণ, একই আদর্শের অন্করারী হয়েন, তথন এই বৈচিত্রহানি অতি গ্রন্তর হইয়া উঠে। মন্যা-চরিত্রের সন্বাঙ্গণি স্ফ্রিড ঘটে না; সন্ব-প্রকারের মনোবৃত্তি সকলের মধ্যে, যথোচিত সামঞ্জস্য থাকে না, সন্বপ্রকারের কার্য্য সম্পাদিত হয় না, মন্ব্যের কপালে সকল স্ব্থ ঘটে না—মন্ব্যুত্ব অসম্পূর্ণ থাকে, সমাজ অসম্পূর্ণ থাকে।

আমরা যে করটি কথা বলিয়াছি, তাহাতে নিন্দালিখিত তত্ত্বসকলের উপলব্ধি হইতে পারে— ১। সামাজিক সভ্যতার আদি দৃই প্রকার; কোন কোন সমাজ স্বতঃ সভ্য হয়, কোন কোন সমাজ অন্যা হইতে শিক্ষা লাভ করে। প্রথমোক্ত সভ্যতালাভ বহুকালসাপেক্ষ; দ্বিতীয়োক্ত আশু সম্পন্ন হয়।

২। যখন কোন অপেক্ষাকৃত অসভ্য জাতি, সভ্যতর জাতির সংস্পর্শ লাভ করে, তখন

বঞ্চিম রচনাবলী

দ্বিতীয় পথে সভ্যতা অতি দ্রতগতিতে আসিতে থাকে। সে স্থলে সামাজিক গতি এইর্প হয় যে, অপেক্ষাকৃত অসভ্য সমাজ সভ্যতর সমাজের সর্বাঙ্গীণ অন্করণে প্রবৃত্ত হয়। ইহাই স্বাভাবিক নিয়ম।

- ৩। অতএব বঙ্গীয় সমাজের দৃশ্যমান অনুকরণপ্রবৃত্তি অস্বাভাবিক বা বাঙ্গালির চরিত্র-দোষজনিত নতে।
- ৪। অনুকরণ মাত্রই অনিষ্টকারী নহে, কখন কখন তাহাতে গ্রন্তর স্ফলও জন্মে; প্রথমাবস্থায় অনুকরণ, পরে স্বাতন্ত্র আপনিই আসে। বঙ্গীয় সমাজের অবস্থা বিবেচনা করিলে, এই অনুকরণবৃত্তি যে ভাল নহে, এমত নিশ্চয় বলা যাইতে পারে না। ইহাতে ভরসার স্থলও আছে।
- ৫। তবে অনুকরণে গ্রেত্র কুফলও আছে। উপযুক্ত কাল উত্তীর্ণ হইলেও অনুকরণ-প্রবৃত্তি বলবতী থাকিলে অথবা অনুকরণের যথার্থ সময়েই অনুকরণপ্রবৃত্তি অবার্বহিতর্পে স্ফ্রিড পাইলে, সর্ম্বনাশ উপস্থিত হইবে।

শকুন্তলা, মিরন্দা এবং দেস্দিমোনা প্রথম, শক্তলা ও মিরন্দা

উভয়েই ঋষিকন্যা; প্রস্পেরো ও বিশ্বামিত্র উভয়েই রাজর্ষি। উভয়েই ঋষিকন্যা বালিরা, অমান, যিক সাহায্যপ্রাপ্ত। মিরন্দা এরিয়ল-রক্ষিতা, শকুন্তলা অম্সরোরক্ষিতা।

উভয়েই খাষ-পালিতা। দুইটিই বনলতা—দুইটিরই সৌন্দর্যে উদ্যানলতা পরাভূতা। শকুন্তলাকে দেখিয়া, রাজাবরোধবাসিনীগণের ন্লানীভূত রুপলাবণ্য দুক্ষন্তের ক্ষরণ-পথে আসিল;

শন্দ্ধান্তদ্বলভিমিদং বপ্রাশ্রমবাসিনো যদি জনস্য। দ্রীকৃতাঃ খলনু গাটোর্দ্যানলতা বনলতাভিঃ॥

ফর্দিনন্দও মিরন্দাকৈ দেখিয়া সেইর্প ভাবিলেন.

Full many a lady I have eyed with best regard, and many a time The harmony of their tongues hath into bondage Brought my too diligent ear: for several virtues Have I liked several women:

So perfect and so peerless, are created Of every creature's best!

উভরেই অরণামধ্যে প্রতিপালিতা; সরলতার যে কিছু মোহমন্ত আছে, উভরেই তাহাতে সিদ্ধ। কিন্তু মন্যালরে বাস করিয়া, স্লেদর, সরল, বিশ্বদ্ধ রমণীপ্রকৃতি, বিকৃতি প্রাপ্ত হয়—কে আমায় ভালবাসিবে, কে আমায় স্লেদর বলিবে, কেমন করিয়া প্রায় জয় করিব, এই সকল কামনায়, নানা বিলাস বিশ্রমাদিতে, মেঘবিল্পু চন্দ্রমাবৎ, তাহার মাধ্যা কালিমাপ্রাপ্ত হয়। শকুন্তলা এবং মিরন্দায় এই কালিমা নাই; কেন না, তাঁহারা লোকালয়ে প্রতিপালিতা নহেন। শকুন্তলা বল্কল পরিধান করিয়া ক্ষুদ্র কলসী হস্তে আলবালে জলসিও্যন করিয়া, দিনপাত করিয়াছেন—সিভিত জলকণাবিধোত নব মিল্লকার মত নিজেও শাহুর, নিন্দলঙ্গক, প্রফর্মা, দিগন্ত-স্গান্ধবিকীণ কারিলী। তাঁহার ভগিনীক্ষেহ, নব মিল্লকার উপর; সাত্মেহ, সহকারের উপর; প্রেয়েহ, মাতৃহীন হরিণাশশ্র উপর; পতিগৃহ গমনকালে ইহাদিগের কাছে বিদায় হইতে গিয়া শকুন্তলা অশুমুখী, কাতরা, বিবশা। শকুন্তলার কথোপকথন তাহাদিগের সঙ্গে; কোন ব্কের সঙ্গে বাঙ্গ, কোন বৃক্ষকে আদর, কোন লতার পরিগ্র সম্পাদন করিয়া শকুন্তলা স্থা। কিন্তু শকুন্তলা সরলা হইলেও অশিক্ষিতা নহেন। তাঁহার শিক্ষার চিহ্ন, তাঁহার লক্ষা। লক্ষা তাঁহার বড় প্রবলা; তিনি কথায় কথায় দ্বুন্মন্তের সম্মুখে লক্ষাবনতম্থী হইয়া থাকেন

विविध अवस्य-मकुखना, भित्रमा अवः रमम्भित्याना

লজ্জার অনুরোধে আপনার হৃদ্গত প্রণয় সখীদের সম্মুখেও সহজে ব্যক্ত করিতে পারেন না।
মিরন্দার সের্প নহে। মিরন্দা এত সরলা যে, তাহার লজ্জাও নাই। কোথা হইতে লজ্জা
হইবে? তাহার জনক ভিন্ন অন্য প্রবৃষকে কখন দেখেন নাই। প্রথম ফর্দিনন্দকে দেখিয়া
মিরন্দা ব্রিকতেই পারিল না যে, কি এ?

Lord, how it looks about! Believe me, sir, It carries a brave form. But 'tis a spirit.

সমাজপ্রদত্ত যে সকল সংস্কার, শকুন্তলার তাহা সকলই আছে, মিরন্দার তাহা কিছ্নই নাই। পিতার সম্মুখে ফর্দিনন্দের রুপের প্রশংসায় কিছ্নুমাত্র সঙ্কোচ নাই—অন্যে যেমন কোন চিত্রাদির প্রশংসা করে, এ তেমনি প্রশংসা;

I might call him A thing divine, for nothing natural I ever saw so noble.

অথচ স্বভাবদত্ত স্ত্রীচরিত্রের যে পবিত্রতা. যাহা লম্জার মধ্যে লম্জা, তাহা মিরন্দার অভাব নাই, এজন্য শকুন্তলার সরলতা অপেক্ষা মিরন্দার সরলতায় নবীনত্ব এবং মাধ্যা অধিক। যথন পিতাকে ফর্দিনন্দের পীড়নে প্রবৃত্ত দেখিয়া মিরন্দা বলিতেছে.

> O dear father, Make not too rash a trial of him, for He's gentle and not fearful.

यथन পিত্ম, (थ कि निल्मत त्राप्त निम्मा भानिया भित्रमा विजन,

My affections

Are then most humble: I have no ambition To see a goodlier man.

তথন আমরা ব্রিমতে পারি যে, মিরন্দা সংস্কারবিহীনা, কিন্তু মিরন্দা পরদঃখকাতরা. মিরন্দা স্নেহশালিনী: মিরন্দার লজ্জা নাই। কিন্তু লজ্জার সারভাগ যে পবিত্রতা, তাহা আছে। যখন রাজপুরের সঙ্গে মিরন্দার সাক্ষাৎ হইল, তখন তাঁহার হৃদয় প্রণয়সংস্পর্শ মূন্য ছিল; কেন না শৈশবের পর পিতা ও কালিবন ভিন্ন আর কোন প্রারুষকে তিনি কখন দেখেন নাই। শকুন্তলাও যথন রাজাকে দেখেন, তখন তিনিও শুনাহাদয়, ঋষিগণ ভিন্ন পুরুষ দেখেন নাই। উভয়েই তপোবনমধ্যে—এক স্থানে কণ্ডের তপোবন—অপর স্থানে প্রস্পেরোর তপোবন—অনুরূপ নায়ককে দেখিবামাত্র প্রণয়শালিনী হইলেন। কিন্তু কবিদিগের আশ্চর্য্য কৌশল দেখ : তাঁহার। পরামর্শ করিয়া শকুন্তলা ও মিরন্দা-চরিত্র প্রণয়নে প্রবৃত্ত হয়েন নাই, অথচ একজনে দুইটি চিত্র প্রণীত করিলে যেরপে হইত, ঠিক সেইর্প হইয়াছে। যদি একজনে দ্ইটি চরিত্র প্রণয়ন করিতেন তাহা হইলে কবি শক্তলার প্রণয়লক্ষণে ও মিরন্দার প্রণয়লক্ষণে কি প্রভেদ রাখিতেন? তিনি বর্ত্রিতেন যে, শকুন্তলা, সমাজপ্রদত্ত, সংস্কারসম্পন্না, লম্জাশীলা, অতএব তাহার প্রণয় মুখে অব্যক্ত থাকিবে, কেবল লক্ষণেই ব্যক্ত হইবে: কিন্ত মিরন্দা সংস্কারশন্যো, লোকিক লজ্জা কি, তাহা জানে না, অতএব তাহার প্রণয়লক্ষণ বাক্যে অপেক্ষাকৃত পরিস্ফুট হইবে। পৃথক পূথক কবিপ্রণীত চিত্রদ্বরে ঠিক তাহাই ঘটিয়াছে। দুম্মন্তকে দেখিয়া শকুন্তলা প্রণয়াসক্তা; কিন্ত দুম্পান্তের কথা দুরে থাক, সখীদ্বয় যত দিন তাঁহাকে ক্লিণ্টা দেখিয়া, সকল কথা অনুভবে वृतिया भी जाभी कि की तथा कथा वाहित की तथा ना नहेन, उर्जापन जाहाएन मन्द्रिक मक्स ना **बार्ड न जन विकारतत बार्की कथा अवस्था वर्तान नार्ड क्वान मार्क्स मार्क अवस्था**

> ন্ধান্ধং বীক্ষিতমন্যতোহপি নরনে যৎ প্রেরয়ন্ত্যা তয়া, যাতং বচ্চ নিতম্বয়োগর্বত্রা মন্দং বিলাসাদিব। মা গা ইত্যুপর্ক্রেরা যদপি তৎ সাস্ত্রমন্ত্রা সখী, সর্বাং তৎ কিল মাধ্পরায়ণমহো! কামঃ দ্বতাং পশ্যতি॥

विष्क्रम व नावण ।

শক্তলা দূত্মন্তকে ছাড়িয়া যাইতে গেলে গাছে তাঁহার বন্দল বাঁধিয়া যায়, পদে কুশাৎকুর বি'ধে। किन्छ মিরন্দার সে সকলের প্রয়োজন নাই—মিরন্দা সে সকল জানে না: প্রথম সন্দর্শন-কালে মিরন্দা অসম্কচিত চিত্তে পিতসমক্ষে আপন প্রণয় ব্যক্ত করিলেন,

This

Is the third man that e'er I saw, the first That e'er I sigh'd for:

এবং পিতাকে ফর্দিনলের পীড়নে উদ্যত দেখিয়া, ফর্দিনলকে আপনার প্রিয়জন বলিয়া, পিতার দরার উদ্রেকের যত্ন করিলেন। প্রথম অবসরেই ফর্দিনন্দকে আত্মসমর্পণ করিলেন।

দক্রমন্তের সঙ্গে শকন্তলার প্রথম প্রণয়সম্ভাষণ এক প্রকার লক্ষেচারি খেলা। "সখি, রাজাকে ধরিয়া রাখিস্ কেন?"—"তবে, আমি উঠিয়া যাই"—"আমি এই গাছের আড়ালে লুকাই"— শক্তলার এ সকল "বাহানা" আছে: মিরন্দার সে সকল নাই। এ সকল লজ্জাশীলা কুলবালার বিহিত, কিন্তু মিরন্দা লম্জাশীলা কুলবালা নহে—মিরন্দা বনের পাখী—প্রভাতার,গোদয়ে গাইয়া উঠিতে তাহার लब्का করে না; বৃক্ষের ফ্লে—সন্ধ্যার বাতাস পাইলে মুখ ফ্টাইরা ফ্টিয়া উঠিতে लच्छा करत ना: नायकरक भारेयारे, भितन्मात वीलरा लच्छा करत ना रय-

But my modesty.

The Jewel in my dower, I would not wish Any companion in the world but you; Nor can imagination form a shape, Besides yourself, to like of.

প্রনশ্চ ঃ---

Hence, bashful cunning! And prompt me, plain and holy innocence! I am your wife, if you will marry me;

If not, I'll die your maid: to be your fellow You may deny me; but I'll be your servant,

Whether you will or no.

আমাদিগের ইচ্ছা ছিল যে, মিরন্দা ফর্দিনন্দের এই প্রথম প্রণয়ালাপ, সম্পায় উদ্ধৃত করি, কিন্তু নিষ্প্রয়োজন। সকলেরই ঘরে সেক্ষপীয়র আছে, সকলেই মূল গ্রন্থ খুলিয়া পড়িতে পারিবেন। দেখিবেন, উদ্যানমধ্যে রোমিও জ্বলিরেটের যে প্রণয়সম্ভাষণ জগতে বিখ্যাত, এবং পুर्व्या कार्ताखात हात्रभारतत कर्णम् हेरा कान जारम जमरममा नरानकम्य नरह। य ভार्य জুলিয়েট বলিয়াছিলেন যে, "আমার দান সাগরতুলা অসীম, আমার ভালবাসা সেই সাগরতুলা গভীর", মিরন্দাও এই স্থলে সেই মহান্ চিত্তভাবে পরিপ্রত। ইহার অন্রব্প অবস্থার, লতা-মন্ডপতলে, দুক্ষন্ত শকুন্তলায় যে আলাপ,—যে আলাপে শকুন্তলা চিরবদ্ধ হদয়কোরক প্রথম অভিমৃত স্থ্যেসমীপে ফটোইয়া হাসিল-সে আলাপে তত গৌরব নাই-মানবচরিত্রের ক্লে-প্রান্তপর্য্যন্তপ্রঘাতী সের্প টল টল চণ্ডল বীচিমালা তাহার হৃদয়মধ্যে লক্ষিত হয় না। যাহা বলিয়াছি, তাই—কেবল ছি ছি, কেবল যাই যাই, কেবল লুকাচ্নি—একটু, একটু, চাতৃরী আছে —यथा "অদ্ধপধে স্মারিঅ এদস্ম হখনভংসিণো মিণালবলঅস্ম কদে পড়িণিব্রতীক্ষ।" ইত্যাদি। একটা অগ্রগামিনীর আছে, যথা দামন্তের মাথে-

"নন্ম কমলস্য মধ্যকরঃ সন্ত্যাতি গন্ধমারেণ।" এই কথা শানিয়া শকুন্তলার জিজ্ঞাসা. "অসন্তোসে উণ কিং করেদি?"—এই সকল ছাড়া আর বড় কিছুই নাই। ইহা কবির দোষ নহে —বরং কবির গুল। দুত্মন্তের চরিত্র-গৌরবে ক্ষ্রা শক্তলা এখানে ঢাকা পড়িয়া গিয়াছে। ফর্দিনন্দ বা রোমিও ক্ষ্মদ ব্যক্তি, নারিকার প্রায় সমবয়স্ক, প্রায় সমযোগ্য অক্ততকীতি-অপ্রথিতয়শাঃ, কিন্তু সসাগরা প্রথিবীপতি মহেন্দ্রসথ দক্ষেত্তের কাছে শকুন্তলা কে? দক্ষেন্ত মহাব্দের বৃহচ্ছায়া এখানে শক্তলা-কলিকাকে ঢাকিয়া ফেলিয়াছে—সে ভাল করিয়া মুখ খুলিয়া ফ্রটিতে পারিতেছে না। এ প্রণয়সভাষণ নহে—রাজক্রীড়া, প্রথিবীপতি কুঞ্জবনে বসিয়া

विविध श्रवक्ष-भकुखना, भित्रमा अवः रमम् पिरमाना

সাধ করিয়া প্রেম করার প খেলা খেলিতে বিসয়াছেন, মন্ত মাতঙ্গের ন্যায় শকুন্তলা-নিলনী-কোরককে শুক্তে তুলিয়া, বনক্রীড়ার সাধ মিটাইতেছেন, নিলনী তাতে ফুটিবে কি?

যিনি এ কথাগুলি সমরণ না রাখিবেন, তিনি শকুন্তলা-চরিত্র বুনিরতে পারিবেন না: যে জলনিষেকে মিরন্দা ও জর্মলয়েট ফ্রটিল, সে জলনিষেকে শকুতলা ফর্টিল না: প্রণয়াসক্ত। শক্তলায় বালিকার চাওলা, বালিকার ভয়, বালিকার লম্জা দেখিলাম; কিন্তু রমণীর গান্তীর্যা, त्रमणीत (स्नर करे? रेरात कात्रण त्कर त्कर वीनत्वन, त्नाकाठातत्र चिन्नणः, तम्मात्छम । वस्रुणः তাহা নহে। দেশী কুলবধ্ বলিয়া শকুন্তলা লক্ষায় ভাঙ্গিয়া পড়িল,—আর মিরন্দা বা জালিয়েট বেহায়া বিলাতী মেয়ে বলিয়া মনের গ্রন্থি খুলিয়া দিল, এমত নহে। ऋ দ্রাশয় সমালোচকেরাই व्यापन ना र्य, रमगाज्यम वा कालराज्यम रक्तन वाराराज्य रख्न भाव ; भन्यसाराम्य अकल रमराने अकल কালেই ভিতরে মনুষ্যহৃদয়ই থাকে। বরং বলিতে গেলে—তিন জনের মধ্যে শকুন্তলাকেই বেহায়া বলিতে হয়—"অসন্তোসে উণ কিং করেদি?" তাহার প্রমাণ। যে শকুন্তলা, ইহার কয় মাস পরে, পৌরবের সভাতলে দাঁডাইয়া দু-অন্তকে তিরুক্কার করিয়া বলিয়াছিল—"অনার্যা! আপন হৃদরের অনুমানে সকলকে দেখ?"—সে শকুন্তলা যে, লতামণ্ডপে বালিকাই রহিল, তাহার কারণ. কুলকন্যাস্ত্রলভ লজ্জা নহে। তাহার কারণ—দুজ্মন্তের চরিত্রের বিস্তার। যখন শকুন্তলা সভাতলে পরিত্যক্তা, তখন শকুন্তলা পদ্নী, রাজমহিষী, মাতৃপদে আরোহণোদ্যতা, সূতরাং তখন শকুন্তলা রমণী; এখানে তপোবনে.—তপশ্বিকন্যা, রাজপ্রসাদের অনুচিত অভিলাষিণী,—এখানে শকুন্তলা কে? করিশনেন্ড পদ্মমাত্র। শকুন্তলার কবি যে টেপেন্ডের কবি হইতে হীনপ্রভ নহেন. ইহাই reখाইবার জন্য এম্থলে আয়াস স্বীকার করিলাম।

দ্বিতীয়, শকুতলা ও দেস্দিমোনা

শকুন্তলার সঙ্গে মিরন্দার তুলনা করা গেল—কিন্তু ইহাও দেখান গিয়াছে যে, শকুন্তলা ঠিক মিরন্দা নহে। কিন্তু মিরন্দার সহিত তুলনা করিলে শকুন্তলা-চরিত্রের এক ভাগ ব্বমা যায়। শকুন্তলা-চরিত্রের আর এক ভাগ ব্বিতে বাকি আছে। দেস্দিমোনার সঙ্গে তুলনা করিয়া সে ভাগ ব্বমাইব, ইচ্ছা আছে।

শকুন্তলা এবং দেস্দিমোনা, দাই জনে পরস্পর তুলনীয়া, এবং অতুলনীয়া। তুলনীয়া— কেন না, উভয়েই গ্রেজনের অনুমতির অপেক্ষা না করিয়া আত্মসমপ্র করিয়াছিলেন। গোতমী শকুন্তলা সম্বন্ধে দ্বেমন্তকে যাহা বলিয়াছেন, ওথেলোকে লক্ষ্য করিয়া দেস্দিমোনা সম্বন্ধে তাহা বলা যাইতে পারে—

> ণাবেক্খিদো গ্রহ্মণো ইমিএ ণ তুএবি পর্চছদো বন্ধ। এককসমঅ চরিএ ভণাদ্ব কিং একএকস্মিং॥

তুলনীরা—কেন না, উভয়েই বীরপর্ব্য দেখিয়া আত্মসমর্পণ করিয়াছেন—উভয়েরই "দ্রারোহিণী আশালতা" মহামহীর্হ অবলম্বন করিয়া উঠিয়াছিল। কিন্তু বীরমন্ত্রের যে মোহ, তাহা দেস্দিমোনায় যাদ্শ পরিস্ফুট, শকুন্তলায় তাদ্শ নহে। ওথেলো কৃষ্ণকায়, স্তরাং স্প্র্র্য বলিয়া ইতালীয় বালার কাছে বিচার্য্য নহে, কিন্তু র্পের মোহ হইতে বীর্য্যের মোহ নারীহৃদয়ের উপর বলবত্তর। যে মহাকবি, পঞ্পতিকা দ্রোপদীকে অভ্রন্থ আধিকতম অনুরক্তা করিয়া, তাঁহার সশরীরে স্বর্গারোহণপথ রোধ করিয়াছিলেন, তিনি এ তত্ত্ব জানিতেন, এবং যিনি দেস্দিমোনার স্থি করিয়াছেন, তিনি ইহার গ্রু তত্ত্ব প্রকাশ করিয়াছেন।

তুলনীয়া—কেন না, দুই নায়িকারই "দ্বারোহিণী আশালতা" পরিশেষে ভগা ইইয়াছিল
—উভয়েই স্বামিকর্ত্ক বিসন্জিতা ইইয়াছিলেন। সংসার অনাদর, অত্যাচারপরিপ্ণ। কিন্তু
ইহাই অনেক সময়ে ঘটে যে, সংসারে যে আদরের যোগ্য, সেই বিশেষ প্রকারে অনাদর অত্যাচারে
প্রপীজিত হয়। ইহা মন্যের পক্ষে নিতান্ত অশ্ভ নহে; কেন না, মন্যপ্রকৃতিতে যে সকল
উচ্চাশয় মনোব্তি আছে, এই সকল অবস্থাতেই তাহা সমাক্ প্রকারে স্ফ্তিপ্রাপ্ত হয়। ইহা
মন্যালোকে স্নৃশিক্ষার বীজ—কাব্যের প্রধান উপকরণ। দেস্দিমোনার অদ্ভদোষে বা গ্লে
সে সকল মনোব্তি স্ফ্তিপ্রাপ্ত হইবার অবস্থা তাহার ঘটিয়াছিল, শক্ষুলারও তাহাই
ঘটিয়াছিল। অতএব দুই চরিত্র যে পরস্পর তুলনীয় হইবে, ইহার সকল আয়োজন আছে।

এবং দুইন্ধনে তুলনীয়া—কেন না, উভয়েই পরম স্নেহশালিনী—উভয়েই সতী। স্নেহশালিনী এবং সতী ত যে সে। আজকাল রাম, শ্যাম, নিধ্ব, বিধ্ব, যাদ্ব, মাধ্ব যে সকল নাটক উপন্যাস নবন্যাস প্রেতন্যাস লিখিতেছেন, তাহার নায়িকামাত্রেই স্নেহশালিনী সতী। কিন্তু এই সকল সতীদিগের কাছে একটা পোষা বিভাল আসিলে, তাহারা স্বামীকে ভূলিয়া যান, আর পতিচিন্তান মন্মা শকুন্তলা দুর্ব্বাসার ভয়ন্কর "অয়মহন্তেঃ" শ্বনিতে পান নাই! সকলেই সতী, কিন্তু জগৎসংসারে অসতী নাই বলিয়া, স্মালোকে অসতী হইতেই পারে না বলিয়া দেস্দিমানার যে দৃঢ় বিশ্বাস, তাহার মন্মের ভিতর কে প্রবেশ করিবে? যদি স্বামীর প্রতি অবিচালিত ভক্তি—প্রহারে, অত্যাচারে, বিসম্পর্নেন, কলঙ্কেও যে ভক্তি অবিচালিত, তাহাই যদি সতীত্ব হয়, তবে শকুন্তলা অপেক্ষা দেস্দিমোনা গরীয়সী। স্বামিকর্ত্বক পরিতাক্তা হইলে শকুন্তলা দলিতফণা সপের ন্যায় মন্তক উন্নত করিয়া স্বামীকে ভর্ণসনা করিয়াছিলেন। যখন রাজা শকুন্তলাকে অশিক্ষা সত্ত্বে চাতুর্যপেট্ব বলিয়া উপহাস করিলেন, তখন শকুন্তলা ক্রোধে, দন্তে, প্র্বের বিনীত, লন্ডিজত, দৃত্বিত ভাব পরিত্যাগ করিয়া বিললেন, "অনার্য্য, আপনার হৃদয়ের ভাবে সকলকে দেখ?" যখন তদ্বুরে রাজা, রাজার মত, বিললেন, "ভদ্রে! দৃত্বন্থের চরিত্র সবাই জানে," তখন শকুন্তলা ঘোর ব্যঙ্গে বিললেন,

তুলো ভেজব পমাণং জাণধ ধশ্মখিদিও লোঅসম। লংজাবিণিভিজদাও জাণস্তি গ কিমিপ মহিলাও॥

এ রাগ অভিমান, এ বাঙ্গ দেস্দিমোনার নাই। যখন ওথেলো দেস্দিমোনাকে সর্বসমক্ষে প্রহার করিয়া দ্রীভূত করিলেন, তখন দেস্দিমোনা কেবল বলিলেন, "আমি দাঁড়াইয়া আপনাকে আর বিরক্ত করিব না।" বলিয়া যাইতেছিলেন, আবার ডাকিতেই "প্রভূ!" বলিয়া নিকটে আসিলেন। যখন ওথেলো অকৃতাপরাধে তাঁহাকে কুলটা বলিয়া অপমানের একশেষ করিয়াছিলেন, তখনও দেস্দিমোনা "আমি নিরপরাধিনী, ঈশ্বর জানেন," ঈদ্শ উক্তি ভিল্ল আর কিছ্ই বলেন নাই। তাহার পরেও পতিল্লেহে বঞ্চিত হইয়া, প্থিবী শ্না দেখিয়া, ইয়াগোকে ডাকিয়া বলিয়াছেন.

O good Iago,

What shall I do to win my lord again? Good friend, go to him; for, by this light of heaven, I know not how I lost him. Here I kneel:

ইত্যাদি। যথন ওথেলো ভাঁষণ রাক্ষসের ন্যায় নিশাখিশযাগামারনী সন্ত্রা সন্দ্রনীর সন্ম্বেথ "বধ করিব!" বলিয়া দাঁড়াইলেন. তথনও রাগ নাই—অভিমান নাই—অবিনয় বা অয়েহ নাই—দেস্দিমোনা কেবল বলিলেন, "তবে ঈশ্বর আমায় রক্ষা কর্ন।" যথন দেস্দিমোনা, মরণ-ভয়ের নিতান্ত ভাঁতা হইয়া, একদিনের জন্য, এক রাতির জন্য, এক মাহুর্জিন্য জাঁবন ভিক্ষা চাহিলেন, মৃঢ় তাহাও শানিল না, তথনও রাগ নাই, অভিমান নাই, অবিনয় নাই, অয়েহ নাই। মৃত্যুকালেও যথন ইমিলিয়া আসিয়া তাঁহাকে মনুম্ব্র্ দেখিয়া জিজ্ঞাসা করিল. "এ কার্য্য কেবিরল?" তথনও দেস্দিমোনা বলিলেন, "কেহ না, আমি নিজে। চলিলাম! আমার প্রভ্কে আমার প্রণাম জানাইও। আমি চলিলাম।" তখনও দেস্দিমোনা লোকের কাছে প্রকাশ করিল না যে, আমার স্বামী আমাকে বিনাপরাধে বধ করিয়াছে।

তাই বলিতেছিলাম যে, শকুন্তলা দেস্দিমোনার সঙ্গে তুলনীয়া এবং তুলনীয়াও নহে। তুলনীয়া নহে—কেন না, ভিন্ন ভিন্ন জাতীয় বস্তুতে তুলনা হয় না। সেক্ষপীয়রের এই নাটক সাগরবং, কালিদাসের নাটক নন্দনকাননতুল্য। কাননে সাগরে তুলনা হয় না। যাহা স্ক্লর, যাহা স্ক্লা, যাহা স্কল, যাহা স্বল্ব, যাহা মনোহর, যাহা স্থকর, তাহাই এই নন্দনকাননে অপর্যাপ্ত, স্থাকিত, রাশি রাশি, অপরিমেয়। আর যাহা গভীর, দ্বন্তর, চণ্ডল, ভীমনাদী, তাহাই এই সাগরে। সাগরবং সেক্ষপীয়রের এই অনুপম নাটক, হদয়োখিত বিলোল তরঙ্গমালায় সংক্ষ্ম: দ্বন্ত রাগ দ্বেষ ঈর্যাদি বাত্যায় সন্তাড়িত; ইহার প্রবল বেগ, দ্বন্ত কোলাহল, বিলোল উন্দ্রালা,—আবার ইহার মধ্র নীলিমা, ইহার অনন্ত আলোকচ্পপ্রক্ষেপ, ইহার জ্যোতিঃ, ইহার ছায়া, ইহার রঙ্গরাজি, ইহার মৃদ্ব গীতি—সাহিত্যসংসারে দ্বর্শভ।

विविध अवक-बाकानित वार्वान

তাই বলি, দেস্দিমোনা শকুন্তলায় তুলনীয় নহে। ভিন্ন জাতীয়ে ভিন্ন জাতীয়ে তুলনীয়া নহে। ভিন্ন জাতীয় কেন বলিতেছি, তাহার কারণ আছে।

ভারতবর্ষে যাহাকে নাটক বলে, ইউরোপে ঠিক তাহাকেই নাটক বলে না। উভয় দেশীয় নাটক দৃশ্যকাব্য বটে, কিন্তু ইউরোপীয় সমালোচকেরা নাটকার্থে আর একট্র অধিক বুঝেন। তাঁহারা বলেন যে, এমন অনেক কাব্য আছে—যাহা দৃশ্যকাব্যের আকারে প্রদীত, অথচ প্রকৃত नाएंक नट्ट। नाएंक नट्ट विनया य व नकन्तक निकृष्टे कावा वना याहेदा, व्याप्त नट्ट-एकाक्षा অনেকগ্নলি অত্যুৎকৃষ্ট কাব্য, যথা গেটে-প্রদীত ফণ্ট এবং বাইরণ-প্রদীত মানফ্রেড—কিন্তু উৎকৃষ্ট হউক, নিকৃষ্ট হউক—ঐ সকল কাব্য, নাটক নহে। সেক্ষপীয়রের টেম্পেন্ট এবং কালিদাসকৃত শকুন্তলা, সেই শ্রেণীর কাবা, নাটকাকারে অত্যুংকৃষ্ট উপাখ্যান কাব্য; কিন্তু নাটক नरह। नाएक नरह र्यानल এजम् ज्या निम्मा रहेन नाः किन ना, এहेत् १ छेशाशान कावा প্রিথবীতে অতি বিরল—অতুল্য বলিলেও হয়। আমরা ভারতবর্ষে উভয়কেই নাটক বলিতে পারি: কেন না, ভারতীয় আলম্কারিকদিগের মতে নাটকের যে সকল লক্ষণ, তাহা সকলই এই দুই কাব্যে আছে। কিন্তু ইউরোপীয় সমালোচকদিগের মতে নাটকের যে সকল লক্ষ্ণ, এই দুই नांग्रेक जारा नारे। ওথেলো नांग्रेक जारा প্রচুর পরিমাণে আছে। ওথেলো নাটক-শকুন্তলা এ হিসাবে উপাখ্যান কাব্য। ইহার ফল এই ঘটিয়াছে যে, দেস্দিমোনা-চরিত্র যত পরিস্ফুট হইয়াছে—মিরন্দা বা শকুন্তলা তেমন হয় নাই। দেস্দিমোনা সজীব, শকুন্তলা ও মিরন্দা ধ্যানপ্রাপ্য। দেস্দিমোনার বাকোই তাহার কাতর, বিকৃত কণ্ঠস্বর আমরা শ্রনিতে পাই, চক্ষের জল ফোঁটা ফোঁটা গণ্ড বহিয়া বক্ষে পড়িতেছে দেখিতে পাই—ভূলগ্নজান, স্কুন্দরীর স্পান্দততার লোচনের উদ্ধর্ব দূর্ণিট আমাদিগের হাদয়মধ্যে প্রবেশ করে। শকুন্তলার আলোহিত চক্ষরাদি আমরা দুক্মন্তের মুখে না শুনিলে বুঝতে পারি না-যথা

ন তির্বাগবলোকিতং, ভর্বাত চক্ষ্বরালোহিতং বচোহতিপর্বাক্ষরং ন চ পদেব্ব সংগচ্ছতে। হিমার্ত্র ইব বেপতে সকল এব বিশ্বাধরঃ প্রকামবিনতে প্রবৌ ব্যগপদেব ভেদং গতে॥

শকুন্তলার দৃঃথের বিস্তার দেখিতে পাই না, গতি দেখিতে পাই না, বেগ দেখিতে পাই না; সে সকল দেস্দিমোনায় অত্যন্ত পরিস্ফুট। শকুন্তলা চিত্রকরের চিত্র; দেস্দিমোনা ভাস্করের গঠিত সজীবপ্রায় গঠন। দেস্দিমোনার হৃদয় আমাদিগের সম্মুখে সম্পূর্ণ উল্মুক্ত এবং সম্পূর্ণ বিস্তারিত; শকুন্তলার হৃদয় কেবল ইঙ্গিতে ব্যক্ত।

সন্তরাং দেস্দিমৌনার আলেথ্য অধিকতর প্রোজ্জনল বলিয়া দেস্দিমোনার কাছে শকুন্তলা দাঁড়াইতে পারে না। নতুবা ভিতরে দ্বই এক। শকুন্তলা অন্ধেক মিরন্দা, অন্ধেক দেস্দিমোনা। পরিণীতা শকুন্তলা দেস্দিমোনার অন্বর্পিণী, অপরিণীতা শকুন্তলা মিরন্দার অন্বর্পিণী।

वाक्रालित वार्वन

বাঙ্গালির এক্ষণে উন্নতির আকাঞ্চা অত্যন্ত প্রবল হইরাছে। বাঙ্গালি সর্বাদা উন্নতির জন্য বাস্তা। অনেকে তদ্বিষয়ে বিশেষ গরেন্তর আশা করেন না। কেন না, বাঙ্গালির বাহন্বল নাই। বাহনুৰল ভিন্ন উন্নতি নাই, ইহা তাহাদিগের বিশ্বাস।

বাঙ্গালির বাহ্বল নাই, ইহা সত্য কথা। কখন হইবে কি না, এ কথার মীমাংসা প্রবন্ধান্তরে করা গিয়াছে। থাক্ বা না থাক্, ইহা জানা আছে বে, মৌর্যাবংশীর ও গ্লপ্তবংশীর সম্ভাটেরা হিমাচল হইতে নম্মাণা পর্যান্ত একচ্চত্রে শাসিত করিরাছিলেন; জানা আছে, গিশ্বিজয়ী গ্রীক জাতি শতদ্র অতিক্রম করিতে সক্ষম হয় নাই; জানা আছে, সেই বীরেরা আসিয়ার মধ্যে ভারতবাসীরই বীরত্বের প্রশংসা করিয়াছিলেন; জানা আছে যে, তাঁহারা চন্দ্রগল্প ধারা ভারতভূমি হইতে উন্মালিত হইয়াছিলেন; জানা আছে, হর্ষবন্ধানের পশ্চাং প্রদাণ করপ্রদ রাজ্য অনুসরণ করিতেন; জানা আছে, দিশ্বিজয়ী আরবেরা তিন শত বংসরে পশ্চিম ভারতবর্ষ

অধিকার করিতে পারে নাই। এইর্প আরও অনেক কথা জানা গিয়াছে। পশ্চিমভারতব্যীর-দিগের বীর্যাবস্তার অনেক চিহ্ন অদ্যাপি ভারতভূমে আছে।

বাঙ্গালির প্র্বিরিষ্ধ, প্রেণােরবের কি জানা আছে? কেবল ইহাই জানি ষে, যথন পািচমভারতে বেদ সৃষ্ট ও অধীত হইতেছিল, উপনিষদ্ সকল প্রণীত হইতেছিল, অযোধার ন্যার সর্ব্বসম্পদ্শালিনী নগরীসকল স্থাপিতা এবং অলক্ষ্কতা হইতেছিল—বাঙ্গালা তথন অনার্য্যভূমি, আর্যাগণের বাসের অযোগ্য বালিয়া পরিত্যক্ত (১)। কেবল ইহাই জানি ষে, যথন উত্তরভারতে, সমস্ত আর্য্য বীরগণ একত্রিত হইয়া কুর্ক্ষেত্রজিত রাজ্যখণ্ডসকল বিভাগ করিতেছিলেন, যথন পশ্চিমে মন্বাদি অমর অক্ষয় ধর্ম্মশাদ্বসকল প্রণীত হইতেছিল, তথন বঙ্গদেশে পৌন্তপ্রভৃতি অনার্যজাতির বাস। প্রাচীন কাল দ্রে থাকুক, যথন মধ্যকালে চৈনিক পরিরাজক হোয়েন্থ সাঙ্ভ বঙ্গদেশপর্যাটনে আসেন, তথন দেখিয়াছিলেন যে, এই প্রদেশ গোরবশ্না ক্ষ্মে ক্ষ্মের রাজ্যে বিভক্ত। বঙ্গদেশের প্রের্থগোরব কোথায়?

তবে, ইহার পরে শ্না যায় যে, পালবংশীয় ও সেনবংশীয় রাজগণ বৃহৎ রাজ্য স্থাপন করিয়াছিলেন, এবং গোড়নগরী বড় সম্দ্রশালিনী হইয়াছিল। কিন্তু এমন কোন চিন্ত পাওয়া যায় না যে, তাঁহারা এই বাহ্বলশ্ন্য বাঙ্গালিজাতি এবং তাঁহাদিগের প্রতিবাসী তদ্পে দ্বর্বল অনার্য্যজাতিগণ ভিন্ন অন্য কাহাকে আপন অধিকারভুক্ত করিয়াছিলেন। এই মাত্র প্রমাণ আছে বটে যে, মুঙ্গের পর্যান্ত তাঁহাদিগের অধিকার ত্রিস্তার সম্বন্ধে তিনটি মাত্র কথা আছে, তিনটিই অমুলক।

প্রথম। কিদ্বদন্তী আছে যে, দিল্লীতে বল্লালসেনের অধিকার ছিল। এ কথা একথানি দেশী গ্রন্থে লিখিত থাকিলেও নিতান্ত অম্লেক, এবং জেনেরল কনিঙহামু সাহেব তাহার অম্লেকতা প্রতিপল্ল করিয়াছেন। বঙ্গেশ্বর বল্লালসেনের অধিকার দিল্লী পর্যান্ত বিস্তৃত হইলে এর্প বৃহৎ ব্যাপার ঘটিত যে, অবশ্য একখানি সামান্য গ্রন্থে উল্লেখ ভিল্ল তাহার অন্য প্রমাণ কিছু পাওয়া যাইত। বন্ধ হইতে দিল্লীর মধ্যে যে বহুবিস্তৃত প্রদেশ, তথায় বন্ধপ্রভূত্বের কোন কিন্বদন্তী, কোন উল্লেখ, কোন চিন্দু অবশ্য থাকিত। কিছু নাই।

দ্বিতীয়। ১৭৯৪ শালে গোড়েশ্বর মহীপালরাজের একখানি শাসন কাশীতে পাওয়া গিয়াছিল। তাহা হইতে কেহ কেহ অনুমান করেন, কাশীপ্রদেশ মহীপালের রাজ্যভুক্ত ছিল। এক্ষণে সে মত পরিতাক্ত হইতেছে (২)।

তৃতীয়। লক্ষ্মণসেনের দুই একখানি তামশাসনে তাঁহাকে প্রায় সর্বাদেশজেতা বলিয়া বর্ণনা করা আছে। পড়িলেই বুঝা যায় যে, সে সকল কথা চাট্মকার কবির কল্পনা মাত্র।

অতএব পূর্বকালে বাঙ্গালিরা যে বাহ্বলশালী ছিলেন, এমত কোন প্রমাণ নাই। প্রেকালে ভারতবর্ষস্থ অন্যান্য জাতি যে বাহ্বলশালী ছিলেন, এমত প্রমাণ অনেক আছে, কিন্তু বাঙ্গালিদিগের বাহ্বলের কোন প্রমাণ নাই। হোয়েশ্য সাঙ সমতট-রাজ্যবাসীদিগের যে বর্ণনা করিয়া গিয়াছেন, তাহা পড়িয়া বোধ হয়, পূর্বের্বাঙ্গালিরা এইর্প খব্রাকৃত, দ্বর্বল-গঠন ছিল।

বাঙ্গালিদিগের বাহন্বল কখন ছিল না, কিন্তু কখন হইবে কি?

বৈজ্ঞানিক ভবিষ্যৎ উক্তির নিয়ম এই যে, যের্প যে অবস্থায় হইয়াছে, সেই অবস্থায় সেইর্প আবার হইবে। যে যে কারণে বাঙ্গালি চিরকাল দ্বর্শল, সেই সেই কারণ যত দিন বর্ত্তমান থাকিবে, তত দিন বাঙ্গালিরা বাহ্বলশন্না থাকিবে। সে সকল কারণ কি?

আধ্নিক বৈজ্ঞানিক ও দাশনিকদিগের মতে, সকলই বাহ্য প্রাকৃতিক ফল। বাঙ্গালির দ্বর্শলতাও বাহা প্রকৃতির ফল। ভূমি, জলবায়ন এবং দেশাচারের ফলে বাঙ্গালিরা দ্বর্শল, ইহাই প্রচলিত মত। সেই সকল মতগুলির সংক্ষেপতঃ উল্লেখ করিতেছি।

কেহ কেহ বলেন, এদেশের ভূমি অত্যন্ত উব্বরা—অলপ পরিপ্রমেই শস্যোৎপাদন হইতে

(১) বরুদর্শনের বিতীর খণ্ডে "বঙ্গে রাহ্মণাধিকার" দেখ।

⁽²⁾ See Introduction to Sherring's Sacred City of the Hindus, by F. E. Hall, xxxv, Note 2.

विविध श्रवक-बाकालिक बार्जन

পারে। সন্তরাং বাঙ্গালিকে অধিক পরিশ্রম করিতে হয় না। পরিশ্রম অধিক না করিলে শরীরে বলাধান হয় না। বঙ্গভূমির উর্ম্বরতা বঙ্গবাসীর দন্ত্বলিতার কারণ।

তাঁহারা আরও বলেন যে, ভূমি উব্বরা হইলে আহারের জন্য ম্লায়া পশ্হননাদির আবশ্যকতা হয় না। পশ্হনন ব্যবসায়, বল, সাহস ও পরিপ্রমের কার্য্য, মন্মাকে সর্বদা পরিপ্রমে নিরত রাখে, এবং তাহাতে ঐ সকল গুণ অভ্যন্ত এবং স্ফুর্তিপ্রাপ্ত হয়।

দেখা বাইতেছে যে, বঙ্গদেশ ভিন্ন আরও উর্ম্বর দেশ আছে। ইউরোপ ও আর্মোরকার অনেক অংশ বঙ্গদেশাপেক্ষায় উর্ম্বরতায় নূনে নহে। সে সকল দেশের লোক দূর্ম্বল নহে।

অনেকে বলেন, জলবায়্র দোষে বাঙ্গালিরা দ্বর্ণা । যে দেশের বায়্ আর্দ্র অথচ তাপয্তত, সে দেশের লোক দ্বর্ণা । কেন হয়, তাহা শারীরতত্ত্বিদেরা ভাল করিয়া ব্ঝান নাই । বায়্র আর্দ্রতা সম্বন্ধে নিম্নালিখিত টীকা পাঠ করিলেই সংশয় দ্ব হইতে পারে (৩)। আর যহারা আরব প্রভৃতি জাতির বীর্ষ্য জানেন, তাঁহারা তাপকে দৌর্বল্যের কারণ বলিয়া স্বীকার করিবেন না।

অনেকে মোটামর্টি বলেন যে, জলসিক্ত তাপযুক্ত বায় অত্যন্ত অস্বাস্থ্যকর, তারবন্ধন বাঙ্গালিরা নিতা রুক্ল, এবং তাহাই বাঙ্গালির দূর্ব্বলতার কারণ।

অনেকে বলেন, অন্নই অনথের মূল। এ দেশের ভূমির প্রধান উৎপাদ্য চাউল, এবং এ দেশের লোকের খাদ্য ভাত। ভাত অতি অসার খাদ্য, তাহাতেই বাঙ্গালির শরীর গঠে না। এজন্য "ভেতো বাঙ্গালি" বলিয়া বাঙ্গালির কলক্ষ হইয়াছে।

শারীরতজ্ববিদেরা বলেন যে, খাদ্যের রাসায়নিক বিশ্লেষণ সম্পাদন করিলে দেখা যায় যে, তাহাতে ভার্চ, প্লুটেন প্রভৃতি করেকটি সামগ্রী আছে। প্লুটেন নাইট্রোজেন-প্রধান সামগ্রী। তাহাতেই শরীরের প্লুটিও। মাংসপেশী প্রভৃতির প্লুটির জন্য এই সামগ্রীর বিশেষ প্রয়োজন। ভাতে ইহা অতি অলপ পরিমাণে থাকে। মাংসে বা গমে ইহা অধিক পরিমাণে থাকে। এই জন্য মাংসভোজী এবং গোধ্মভোজীদিগের শরীর অধিক বলবান্—"ভেতো" জাতির শরীর দ্বর্শক। ময়দার প্লুটন শতভাগে দশভাগ থাকে (৪); মাংসে (Fibrin বা Musculine) ১৯ ভাগ (৫); এবং ভাতে ৭ কি ৮ ভাগ মাত্র থাকে (৬)। স্কুতরাং বাঙ্গালি দুবর্শক হইবে বৈ কি!

কেহ কেহ বলেন, বাল্যবিবাহই বাঙ্গালির পরমশন্ত্—বাল্যবিবাহের কারণেই বাঙ্গালির শরীর দ্বর্বল। যে সন্তানের মাতা পিতা অপ্রাপ্তবয়ঃ, তাহাদের শরীর ও বল চিরকাল অসম্পূর্ণ থাকিবে, এবং যাহারা অলপবয়স হইতে ইন্দ্রিসমুখে নিরত, তাহারা বলবান্ হইবার সন্তাবনা কি?

বাঙ্গাল মনুষ্যেরই কি, বাঙ্গাল পশ্রই কি, দ্বর্শলতা যে জলবায়ন বা মৃত্তিকার গণে, তাহা সহজেই ব্রুঝা যায়। কিন্তু জলের বা বায়নুর বা মৃত্তিকার কোন্ দোষের এই কুফল, তাহা কোন পশ্তিতে অবধারিত করেন নাই।

(o) The high humidity of the atmosphere in Bengal, and more especially in its eastern districts, has become proverbial: and if the term be used in reference to the quantity of vapour in the air as measured by its tension, the popular belief is justified by observations. But if used in the more usual sense of relative humidity, that is, as referring to the percentage of vapour in the air in proportion to that which would saturate it, the average annual humidity of a large part of Bengal is sensibly lower than that of England.

The quantity of vapour in the air of Calcutta, relative to the dry air, is on the average of the year, about twice as great as in that of London; but the relative humidity of the former equals that of the latter only in the three first months of the rains, which are among the driest months of an European climate.—Bengal Administration Report, 1872-73, Statistical Summary.—page 5-6.

- (8) Johnstone's Chemistry of Common Life, Vol. 1, p. 100.
- (d) Ibid, p. 125.
- (6) Ibid, p. 101.

কিন্তু এই দুর্যালতার যে সকল কারণ নিশিশি হইয়াছে বা উল্লিখিত হইল, তাহাতে এমত **ज्तमा क्रा यात्र ना रम, जन्मकारम रम मृन्यमण मृत्र इटेरव। एरव टेटाও वमा याटेरा भारत** যে, এমত কোন নিশ্চয়তা নাই যে, কোন কালে এ সকল কারণ অপনীত হইতে পারে না। বাল্য-বিবাহই যদি এ দুর্বেলতার কারণ হয়, তবে এমন ভরসা করা যাইতে পারে যে, সামাজিক রীতির পরিবর্ত্তনে এ কপ্রথা সমাজ হইতে দরে হইবে: এবং বাঙ্গালির শরীরে বলস্ঞার হইবে। যদি চাল এ অনিষ্টের কারণ হয়, তবে এমন ভরসা করা যাইতে পারে যে, গোধুমাদির চাষ এ দেশে वृष्टि कतारेल, वाकालि मयुना थारेया विलक्षे रहेता। अमन कि, काला कलवाय, तथ भीतवर्शन इटेरा शारत। **अक्रां** प्रमुखारामत अरयाना स्य मुन्नत्रम, जारा अक्नांत रर्जनाकौर्ग हिन, এমত প্রমাণ আছে। ভূতত্ত্ববিদেরা বলেন যে, ইউরোপীয় অনেক প্রদেশ, এক্ষণকার অপেক্ষা উষ্ণতর ছিল, এবং তথায় সিংহ হস্ত্রী প্রভৃতি উষ্ণদেশবাসী জীবের আবাস ছিল। আবার এককালে সেই সকল প্রদেশ হিমশিলায় নিমগ্ন ছিল। সে সকল যুগান্তরের কথা-সহস্র সহস্র যুগে সে সকল পরিবর্ত্তান ঘটিতে পারে। কিন্তু ঐতিহাসিক কালের মধ্যেও জলবার, শীততাপের পারবর্ত্ত নের অনেক প্রমাণ পাওয়া যায়। প্রেবিকান্তে রোমনগরীর নিন্দে টেবর নদের মধ্যে বরফ জমিয়া যাইত। এবং এক সময়ে ক্রমাগত চল্লিশ দিন তাহাতে বরফ জমিয়া ছিল। কুঞ্সাগরে (Euxine Sea) অবিদ নামক কবির জীবনকালে প্রতি বংসর শীত ঋততে বরক জমিয়া ষাইত। এবং রীণ এবং রণ নামক নদীদ্বরের উপরে তৎসময়ে বরফ এর্পে গাঢ় জমিত যে, তাহার উপর দিয়া বোঝাই গাড়ি চলিত। এক্ষণে রোমে বা কৃষ্ণসাগরে বা উক্ত নদীন্বয়ে বরফের নামমাত্র नारे। क्ट क्ट व्राप्तन, कृषिकार्यात आधिका, वन काठोत्र, मृखिका छन्न कतात्र, व्यर विश्व विव শুকুক করায় এ সকল পরিবর্ত্তন ঘটিয়াছে। যদি কৃষিকার্য্যের আধিক্যে শীতপ্রদেশ উষ্ণ হয়, তবে উষ্ণপ্রদেশ শতিল হইবার কারণ কি? গ্রীনলন্ড এককালে এর্প তাপযুক্ত প্রদেশ ছিল যে, ইহাতে উদ্ভিদের বিশেষ আধিক্য এবং শোভা ছিল, এবং সেই জন্য উহার নাম গ্রীনলন্ড হইয়াছিল। এক্ষণে সেই গ্রীনল্যান্ড সর্ব্বদা এবং সর্ব্বগ্র হিমাশলায় মন্ডিত। এই দ্বাপের প্রের্ব উপক্লে বহুসংখ্যক ঐশ্বর্য শালী উপনিবেশ ছিল,—এক্ষণে সে উপক্লে কেবল বরফের রাশি, এবং সেই সকল উপনিবেশের চিহ্নমাত্র নাই। লাব্রাডর এক্ষণে শৈত্যাধিক্যের জন্য বিখ্যাত-কিন্ত যথন সহস্র খ্রীষ্টাব্দে নম্মানেরা তথার গমন করেন, তথন ইহারও শীতের অম্পতা দেখিয়া তাঁহারা প্রতি হইয়াছিলেন, এবং ইহাতে দ্রাক্ষা জান্মত বালয়া ইহার দ্রাক্ষাভূমি নাম फिय़ा**ट्य** (9)।

এ সকল পরিবর্ত্তনের অতি দ্বে সম্ভাবনা। না ঘটিবারই সম্ভাবনা। বাঙ্গালির শারীরিক বল চিরকাল এইর্প থাকিবে, ইহা এক প্রকার সিদ্ধ; কেন না, দ্বর্বলতার নিবার্য্য কারণ কিছ্ল দেখা যায় না।

তবে কি বাঙ্গালির ভরসা নাই? এ প্রশ্নে আমাদের দুইটি উত্তর আছে।

প্রথম উত্তর। শারীরিক বলই অদ্যাপি প্রথিবী শাসন করিতেছে বটে। কিন্তু শারীরিক বল পশ্রে গ্লে; মন্য অদ্যাপি অনেকাংশে পশ্পেকৃতিসম্পন্ন, এজন্য শারীরিক বলের আজিও এতটা প্রাদ্ভাব। শারীরিক বল উন্নতি নহে। উন্নতির উপ্রায় মাত্র। এ জগতে বাহ্বল ভিন্ন কি উন্নতির উপায় নাই?

বাহুবলকে উর্মাতর উপায়ও বলিতে পারি না। বাহুবলে কাহারও উর্মাত হয় না। যে তাতার ইউরোপ আসিয়া জ্বয় করিয়াছিল, সে ক্থন উন্নতাবস্থায় পদার্পণ করিল না। তবে বাহুবল উর্মাতর পক্ষে এই জন্য আবশ্যক যে, যে সকল কারণে উর্মাতর হানি হয়, সে সকল উপদ্রব হইতে আত্মরক্ষা করা চাই। সেই জন্য বাহুবলের প্রয়োজন। কিন্তু যেখানে সে প্রয়োজন নাই, সেখানে বাহুবল ব্যতীতও উর্মাত ঘটে।

দ্বিতীয় উত্তরে আমরা যাহা বলিতেছি, বাঙ্গালার সন্ধার, সন্ধানগরে, সন্ধানি প্রায়ে সকল বাঙ্গালির হদরে তাহা লিখিত হওয়া উচিত। বাঙ্গালি শারীরিক বলে দুর্শ্বল—তাহাদের বাহুবল হইবার সন্ভাবনা নাই—তবে কি বাঙ্গালির ভরসা নাই? এ প্রশেন আমাদিগের উত্তর এই বে, শারীরিক বল বাহুবল নহে।

⁽⁹⁾ The Scientific American.

বিবিধ প্রবন্ধ—ভালবাসার অত্যাচার

মন্ব্যের শারীরিক বল অতি তুচ্ছ। তথাপি হস্তী অশ্ব প্রভৃতি মন্ব্যের বাহ্বলে শাসিত হইতেছে। মন্ব্যে মন্ব্যে তুলনা করিয়া দেখ। যে সকল পার্বত্য বন্য জাতি হিমালয়ের পশ্চিমভাগে বাস করে, পৃথিবীতে তাহাদের ন্যায় শারীরিক বলে বলবান্ কে? এক একজন মেওয়াওয়ালার চপেটাঘাতে অনেক সেলর গোরাকে ঘ্র্ণামান হইয়া আঙ্গর পেস্তার আশা পরিত্যাগ করিতে দেখা গিয়াছে। তবে গোরা সম্দ্র পার হইয়া আসিয়া ভারত অধিকার করিল কাব্বলির সঙ্গে ভারতের কেবল ফলবিক্রয়ের সম্বন্ধ রহিল কেন? অনেক ভারতীয় জাতি হইতে ইংরেজেরা শারীরিক বলে লঘ্। শারীরিক বলে শীকেরা ইংরেজ অপেক্ষা বলিষ্ঠ। তথাপি শীক ইংরেজের পদানত। শারীরিক বল বাহ্বল নহে।

উদ্যম, ঐক্য, সাহস এবং অধ্যবসায়, এই চারিটি একত্রিত করিয়া শারীরিক বল ব্যবহার করার যে ফল, তাহাই বাহ্মবল। যে জাতির উদ্যম, ঐক্য, সাহস এবং অধ্যবসায় আছে, তাহাদের শারীরিক বল যেমন হউক না কেন, তাহাদের বাহ্মবল আছে। এই চারিটি বাঙ্গালির কোন কালে নাই. এজন্য বাঙ্গালির বাহ্মবল নাই।

কিন্তু সামাজিক গতির বলে এ চারিটি বাঙ্গালিচরিত্রে সমবেত হওয়ার অসম্ভাবনা কিছুই নাই।

বেগবং অভিলাষ হৃদয়মধ্যে থাকিলে উদ্যম জন্মে। অভিলাষ মাত্রেই কখন উদ্যম জন্মে না। বখন অভিলাষ এর্প বেগ লাভ করে যে, তাহার অপ্র্লিবস্থা বিশেষ ক্লেশকর হয়, তখন অভিলাষিতের প্রাপ্তির জন্য উদ্যম জন্মে। অভিলাষের অপ্র্তিজন্য যে ক্লেশ, তাহার এমন প্রবলতা চাহি যে, নিশ্চেণ্টতা এবং আলস্যের যে স্খ, তাহা তদভাবে স্খ বলিয়া বাধ না হয়। এর্প বেগয়্ক্ত কোন অভিলাষ বাঙ্গালির হৃদয়ে স্থান পাইলে, উদ্যম জন্মিবে। ঐতিহাসিক কালমধ্যে এর্প কোন বেগযুক্ত অভিলাষ বাঙ্গালির হৃদয়ে কখন স্থান পায় নাই।

যখন বাঙ্গালির হৃদয়ে সেই এক অভিলাষ জাগরিত হইতে থাকিবে, যখন বাঙ্গালি মাত্রেরই হৃদয়ে সেই অভিলাষের বেগ এর্প গ্রত্ত হইবে যে, সকল বাঙ্গালিই তঙ্জন্য আলস্যস্থ তুচ্ছ বোধ করিবে, তখন উদ্যমের সঙ্গে ঐক্য মিলিত হইবে।

সাহসের জন্য আর একট্র চাই। চাই যে, সেই জাতীয় স্থের অভিলাষ আরও প্রবলতর হইবে। এত প্রবল হইবে যে, তজ্জন্য প্রাণ বিসক্ষনিও শ্রেয়ঃ বোধ হইবে। তথন সাহস হইবে। র্যাদ এই বেগবং অভিলাষ কিছুকাল স্থায়ী হয়, তবে অধ্যবসায় জন্মিবে।

অতএব যদি কখন (১) বাঙ্গালির কোন জাতীয় সুখের অভিলাষ প্রবল হয়, (২) যদি বাঙ্গালি মাত্রেরই হৃদয়ে সেই অভিলাষ প্রবল হয়, (৩) যদি সেই প্রবলতা এরপে হয় যে, তদর্থে লোকে প্রাণপণ করিতে প্রস্তুত হয়, (৪) যদি সেই অভিলাষের বল স্থায়ী হয়, তবে বাঙ্গালির তাবশ্য বাহুবল হইবে।

বাঙ্গালির এরপে মানসিক অবস্থা যে কখন ঘটিবে না, এ কথা বলিতে পারা যায় না। যে কোন সময়ে ঘটিতে পারে।

ভালবাসার অত্যাচার

লোকের বিশ্বাস আছে যে, কেবল শত্র, অথবা ক্লেই-দারা-দাক্ষিণাশ্না ব্যক্তিই আমাদিগের উপর অত্যাচার করিয়া থাকে। কিন্তু তদপেক্ষা গ্রন্তর অত্যাচারী যে আর এক শ্রেণীর লোক আছে, তাহা সকল সময়ে আমাদের মনে পড়ে না। যে ভালবাসে, সেই অত্যাচার করে। ভালবাসিলেই অত্যাচার করিবার অথিকার প্রাপ্ত হওয়া যায়। আমি যদি তোমাকে ভালবাসি, তবে তোমাকে আমার মতাবলন্দী ইইতে হইবে. আমার কথা শ্রনিতে হইবে; আমার অন্রোধ রাখিতে হইবে। তোমার ইল্ট হউক, আনল্ট ইউক, আমার মতাবলন্দী হইতে হইবে। অবশ্য ইহা স্বীকার করিতে হয় যে, যে ভালবাসে, সে যে কার্যের তোমার অমঙ্গল, জানিয়া শ্রনিয়া তাহাতে তোমাকে অন্রোধ করিবে না। কিন্তু কোন্ কার্যা মঙ্গলন্দকনক, কোন্ কার্য্য অমঙ্গল-জনক, তাহার মীমাংসা কঠিন; অনেক সময়েই দৃই জনের মত এক হয় না। এমত অবস্থায় যিনি কার্যাকর্তা, এবং তাহার ফলভোগী, তাহার সম্পূর্ণ অধিকার আছে যে, তিনি আন্মহতান্সারেই কার্য্য করেন; এবং তাহার মতের বিপরীত কার্য্য করাইতে রাজা ভিন্ন কেহই অধিকারী নহেন। রাজাই কেবল অধিকারী, এই জন্য যে, তিনি সমাজের হিতাহিতবেন্তাম্বর্ন্ত প্রতিষ্ঠিত

হইয়াছেন; কেবল তাঁহারই দদসং বিবেচনা অদ্রান্ত বলিয়া তাঁহাকে আমাদিগের প্রবৃত্তি দমনের অধিকার দিয়াছি; বে অধিকার তাঁহাকে দিয়াছি, সে অধিকার অনুসারে তিনি কার্য্য করাতে কাহারও প্রতি অত্যাচার হয় না। এবং সকল সময়ে এবং সকল বিষয়ে আমাদিগের প্রবৃত্তি দমন করিবার তাঁহারও অধিকার নাই; যে কার্য্যে অনোর র্ফানন্ট ঘটিবে বিবেচনা করেন, তংপ্রতি প্রবৃত্তির নিবারণেই তাঁহার অধিকার; যাহাতে আমার কেবল আপনারই অনিষ্ট ঘটিবে বিবেচনা করেন, সে প্রবৃত্তি নিবারণে তিনি অধিকারী নহেন। যাহাতে কেবল আমার নিজের অনিষ্ট, তাহা হইতে বিরত হইবার পরামর্শ দিবার জন্য মন্ত্র্যা মারেই অধিকারী; রাজাও পরামর্শ দিতে পারেন, এবং যে আমাকে ভালবাসে, সেও পারে। কিন্তু পরামর্শ ভিল্ল আমাকে তদ্বিপরীত পথে বাধ্য করিতে কেইই অধিকারী নহেন। সমাজস্থ সকলেরই অধিকার আছে যে, সকল কার্যাই, পরের অনিষ্ট না করিয়া আপনাপন প্রবৃত্তিমত সম্পাদন করে। পরের অনিষ্ট ঘটিলেই ইহা স্বেচ্ছাচারিতা; পরের অনিষ্ট না ঘটিলেই ইহা স্বান্ব্রির্তা। যে এই স্বান্ব্রির্তার বিঘ্রা করে, যে পরের অনিষ্ট না ঘটিবার স্থানেও আমার মতের বিরুদ্ধে আপন মত প্রবল করিয়া তদন্সারে কার্য্য করায়, সেই অত্যাচারী। রাজা ও সমাজ ও প্রণয়ী, এই তিন জনে এর্প অত্যাচার করিয়া থাকেন।

রাজার অত্যাচার নিবারণের উপায় বহুকাল উদ্ভূত হইয়াছে। সমাজের এই অত্যাচার নিবারণ জন্য কোন কোন পূর্ব্ব পশ্ভিত ধৃতান্ত্র হইয়াছেন, এবং তদ্বিষয়ে জন দুইয়ার্ট মিলের যত্ন ও বিচারদক্ষতা, তাঁহার মাহাজ্যের পরিচয় দিবে। কিন্তু ভালবাসার অত্যাচার নিবারণের জন্য যে কেহ কখন যত্নশীল হইয়াছেন. এমত আমাদিগের স্মরণ হয় না। কবিগাণ সর্ব্বতন্ত্রদশী এবং অনন্ত জ্ঞানবিশিষ্ট, তাঁহাদের কাছে কিছুই বাদ পড়ে না। কৈকেয়ীর অত্যাচারে দশরথকৃত রামের নির্ন্বাসনে, দ্যুতাসক্ত যুখিতির কর্তৃক দ্রাভূগণের নির্ন্বাসনে, এবং অন্যান্য শত শত স্থানে কবিগণ এই মহতী নীতি প্রতিপাদিতা করিয়াছেন। কিন্তু কবিরা নীতিবেক্তা নহেন: নীতিবেক্তারা এবিষয়ে প্রকাশ্যে হস্তক্ষেপ করেন নাই। যিনিই লৌকিক ব্যাপার সকল মনোভিনিবেশপ্রেক পর্যাবেক্ষণ করিবেন, তিনিই এ তত্ত্বের সমালোচনা যে বিশেষ প্রয়োজনীয়, তদ্বিষয়ে নিঃসংশয় হইবেন। কেন না, এ অত্যাচারে প্রবৃত্ত অত্যাচারী অনেক। পিতা, মাতা, দ্রাতা, ভগিনী, পত্রে, কন্যা, ভার্ষ্যা, স্বামী, আত্মীয়, কুট্মুন্ব, সত্তং, ভূত্য, যেই ভালবাসে, সেই একট্র অত্যাচার করে এবং অনিষ্ট করে। তুমি স্বলক্ষণান্বিতা, সদংশজা, সচ্চরিত্রা কন্যা দেখিয়া, তাহার পাণিগ্রহণ করিবে বাসনা করিয়াছ. এমন সময়ে তোমার পিতা আসিয়া বলিলেন, অম্ক বিষয়াপন্ন লোক, তাহার কন্যার সঙ্গেই তোমার বিবাহ দিব। তুমি যদি বয়ঃপ্রাপ্ত হইয়া থাক, তবে তুমি এ বিষয়ে পিতার আজ্ঞাপালনে বাধা নহ, কিন্তু পিতৃপ্রেমে বশীভূত হইয়া, সেই कालक छेत्र भिभी धीनकन्या विवाद कविराख दहेल। मान कत, एकट मातिमाशी फिछ, रेमवान कम्भात উত্তম পদস্থ হইয়া দ্রেদেশে যাইয়া, দারিদ্রা মোচনের উদ্যোগ করিতেছে, এমন সময়ে মাতা, তাহাকে म्त्ररम्टम রाখিতে পারিবেন না বলিয়া কাঁদিয়া পড়িলেন, তাহাকে যাইতে দিলেন না সে মাত্প্রেমে বদ্ধ হইয়া নিরস্ত হইল, মাতার ভালবাসার অত্যাচারে সে আপনাকে চিরদারিদ্রো সমর্পণ করিল। কৃতী সহোদরের উপাদ্জিত অর্থ, অকম্মা অপদার্থ সহোদর নন্ট করে, এটি নিতান্তই ভালবাসার অত্যাচার, এবং হিন্দ,সমাজে সর্ব্বদাই প্রতাক্ষগোচর হইয়া থাকে। ভার্য্যার ভালবাসার অত্যাচারের কোন উদাহরণ নববঙ্গবাসীদিগের কাছে প্রযুক্ত করা আবশ্যক কি? আর স্বামীর অত্যাচার সম্বন্ধে, ধর্মতঃ এটুকু বলা কর্ন্তব্য যে, কতকগালি ভালবাসার অত্যাচার বটে, কিন্তু অনেকগ্রালই বাহ্বলের অত্যাচার।

বাহা হউক, মন্ব্যজীবন ভালবাসার অত্যাচারে পরিপ্র্ণ। চিরকাল মন্ত্র্য অত্যাচার পীড়িত। প্রথমাবস্থায় বাহ্বলের অত্যাচার; অসভ্য জাতিদিগের মধ্যে যেই বলিষ্ঠ, সেই পরপীড়ন করে। কালে এই অত্যাচার, রাজার অত্যাচার এবং অর্থের অত্যাচারে পরিণত হয়

^{*} যদি রাজার এমন অধিকার আছে, স্বীকার করা যায়, তবে স্বীকার করিতে হয় যে, যে আপনার চিকিৎসা করিবে না বা যে অন্স বয়সে বা ব্ডা বয়সে বিবাহ করিবে, রাজা তাহার দশ্ভ করিতে অধিকারী। আর রাজার যদি এর্প অধিকার স্বীকার করা না যায়, তবে চড়ক বন্ধ, সতীদাহ বন্ধ প্রভৃতি আইনের সমর্থন করা যায় না।

বিবিধ প্রবন্ধ—ভালবাসার অত্যাচার

কোন সমাজে কখন একেবারে লুপ্ত হয় নাই। ছিতীয়াবস্থায় ধন্মের অত্যাচার; তৃতীয়াবস্থায় সামাজিক অত্যাচার; এবং সকল অবস্থাতেই ভালবাসার অত্যাচার। এই চতুর্ম্বিধ পীড়নের মধ্যে, প্রণরের পীড়ন কাহারও পীড়ন অপেক্ষা হীনবল বা অল্পানিন্টকারী নহে। বরং ইহা বলা যাইতে পারে বে, রাজা, সমাজ বা ধন্মবিক্তা, কেইই প্রণয়ীর অপেক্ষা বলবান্ নহেন বা কেই তেমন সদাসর্বাক্ষণ সকল কাজে আসিয়াই হস্তক্ষেপ করেন না—স্বত্রাং প্রণয়ের পীড়ন যে সর্বাপেক্ষা আনিন্টকারী, ইহা বলা যাইতে পারে। আর অন্য অত্যাচারকারীকে নিবারণ করা যায়, অন্য অত্যাচারের সীমা আছে। কেন না, অন্যান্য অত্যাচারকারীর বিরোধী হওয়া যায়। প্রজা, প্রজাপীড়ক রাজাকে রাজাচ্যুত করে; কখনও মস্তকচ্যুত করে। লোকপীড়ক সমাজকে পরিত্যাগ করা যায়। কিন্তু ধন্মের পীড়নে এবং ক্লেহের পীড়নে নিন্ফাত নাই—কেন না. ইহাদিগের বিরোধী হইতে প্রবৃত্তিই জন্মে না। হরিদাস বাবাজি পাঁটার বাটি দেখিলে কখন কখন লাল ফেলিয়া থাকেন বটে, কিন্তু কখন গোস্বামীর সম্মুখে মাংসভোজনের উচিত্য বিচার করিতে ইচ্ছা করেন না—কেন না, জানেন যে, ইহলোকে যতই কণ্ট পান না কেন, বাবাজি পরলোকে গোলোক প্রাপ্ত হইবেন।

মন্য্য যে সকল অত্যাচারের অধীন, সে সকলের ভিত্তিমূল মনুষ্যের প্রয়োজনে। জড়-পদার্থকে আয়ত্ত না করিতে পারিলে মনুষ্যজীবন নির্ন্তাহ হয় না, এজন্য বাহুবলের প্রয়োজন। এবং সেই জন্যই বাহ,বলের অত্যাচারও আছে। বাহ,বলের ফল বৃদ্ধি করিবার জন্য সমাজের প্রয়োজন; এবং সমাজের অত্যাচারও সঙ্গে সঙ্গে। যেমন প্রস্পরে সমাজবন্ধনে বন্ধ না হইলে, মনুষ্যজীবনের উদ্দেশ্য সূত্রম্পন্ন হয় না, তেমনি পরস্পরে আন্তরিক বন্ধনে বন্ধ না হইলে. মন্যাজীবনের স্নিব্রাহ হয় না। অতএব সমাজের যের্প প্রয়োজন, প্রণয়েরও তদ্র্প বা ততোধিক প্রয়োজন। এবং বাহ,বলের বা সমাজের অত্যাচার আছে বলিয়াই যেমন বাহ,বল বা সমাজ মন, যোর ত্যাজ্য বা অনাদরণীয় হইতে পারে না, প্রণয়ের অত্যাচার আছে বলিয়াই তাহাও ত্যাজ্য বা অনাদরণীয় হইতে পারে না। অপিচ যেমন বাহ্বল বা সমাজবলকে অত্যাচারী দেখিয়া তাহাকে পরিত্যক্ত বা অনাদৃত না করিয়া, মনুষ্য ধন্মের দ্বারা তাহার শমতার চেন্টা পাইয়াছে. প্রণয়ের অত্যাচারও সেইরূপ ধন্মের দ্বারা শমিত করিতে যত্ন করা কর্ত্ব্য। ধন্মেরও অত্যাচার আছে বটে, এবং ধন্মের অত্যাচার শমতার জন্য যদি আরও কোন শক্তি প্রযুক্তা হয়, তাহারও অত্যাচার ঘটিবে: কেন না. অত্যাচার শক্তির স্বভাবসিদ্ধ। যদি ধন্মের অত্যাচার শমতায় সক্ষম কোন শক্তি থাকে, তবে জ্ঞান সেই শক্তি। কিন্তু জ্ঞানেরও অত্যাচার আছে। তাহার উদাহরণ, হিতবাদ এবং প্রত্যক্ষবাদ। এতদুভয়ের বেগে মনুষ্যহদয়সাগরে অনল্প ভাগ চড়া পড়িয়া যাইতেছে। বোধ হয়, জ্ঞান ব্যতীত জ্ঞানের অত্যাচার শাসনের জন্য অন্য কোন শক্তি যে মনুষ্য-কর্ত্তক ব্যবহৃত হইবে, এক্ষণে এমন বিবেচনা হয় না।

সেইর পে ইহাও বলা যাইতে পারে যে. প্রণয়ের দ্বারাই প্রণয়ের অত্যাচার শমিত হওয়াই সম্ভব। এ কথা যথার্থ, স্বীকার করি। ক্লেহ যদি স্বার্থপরতাশ্ন্য হয়, তবে তাহা ঘটিতে পারে। কিন্তু সাধারণ মনুষ্যের প্রকৃতি এইরূপ যে, স্বার্থপরতাশনা ক্লেহ দূর্লভ। এই কথার প্রকৃত তাৎপর্য্য গ্রহণ না করিয়া, অনেকেই মনে মনে ইহার প্রতিবাদ করিতে পারেন। তাঁহারা বলিতে পারেন যে, যে মাতা স্নেহবশতঃ পত্রেকে অর্থান্থেবল যাইতে দিল না—সে কি স্বার্থপর? বরং যদি স্বার্থপর হইত, তাহা হইলে প্রকে অর্থান্বেষণে দ্রেদেশে যাইতে নিষেধ করিত না; কেন না, পার অথে পার্চ্জন করিলে কোন, না মাতা তাহার ভাগিনী হইবেন?—অতএব ঐর্প पर्ग नमात आकाष्क्री स्त्रट्र अस्तर्के अन्वार्थ भन्न स्त्रट्ट मत्न करन्न। वास्त्रिक स्त्र कथा मठा नर्र —এ ক্লেহ অস্বার্থপির নহে। যাঁহারা ইহা অস্বার্থপির মনে করেন, তাঁহারা অর্থপরতাকে স্বার্থ পরতা মনে করেন: যে ধনের কামনা করে না, তাহাকে স্বার্থ পরতাশ্লা মনে করেন। ধনলাভ ভিন্ন পৃথিবীতে যে অন্যান্য সূখ আছে, এবং তন্মধ্যে কোন কোন সূথের আকাৎকা ধনাকাৎকা হইতে অধিকতর বেগবতী, তাহা তাঁহারা ব্রনিতে পারেন না। যে মাতা অর্থের মারা পরিত্যাগ করিয়া প্রমন্থদর্শনস্থের বাসনায় প্রকে দারিদ্রো সমর্পণ করিল, সেও আত্মসন্থ খ্জিল। সে অর্থজনিত সুখ চায় না, কিন্তু পুরুসন্দর্শনজনিত সুখ চায়। সে সুখ মাতার, পুরের নহে; মাতৃদর্শনজনিত পরের যদি সূত্র থাকে, থাক; সে স্বতন্ত্র, পরত্রের প্রবৃত্তিদায়ক, মাতার নহে। মাতা এখানে আপনার একটি সূত্র খাজিল-নিতা প্রেম্খদর্শন: তাহার অভিলাফিণী হইয়া প্রতকে দারিদ্রাদর্থে দর্থী করিতে চাহিল; এখানে মাতা স্বার্থপর; কেন না, আপনার স্ব্থের অভিপ্রায়ে অন্যকে দুর্থী করিল।

মন্বোর লেহ অধিকাংশই এইর্প প্রণয়ী প্রণয়ভাজন উভয়েরই চিন্তস্থকর, কিন্তু স্বার্থপির পশ্বত্ত । কেবল, প্রণয়ী অন্য স্থাপেক্ষা প্রণয়সমূথের অভিলাষী, এই জন্য লোকে এইর্প লেহকে অস্বার্থপির বলে। কিন্তু লেহের যে স্থু, সে ক্লেহযুক্তের; লেহযুক্ত আপন স্থুথের আকাৎক্ষী বলিয়া, সাধারণ মন্য়ায়েহকে স্বার্থপের বৃত্তি বলিতে হইবে।

কিন্তু স্বার্থসাধন জন্য ল্লেছ মন্ব্যহদেরে স্থাপিত নহে। মান্বের যতগালি বৃত্তি আছে, বোধ হয়, সন্বাপেক্ষা এইটি পবিত্র ও মঙ্গলকর। মন্বেরর চরিত্র এ পর্যান্ত তাদৃশ উৎকর্ষ লাভ করে নাই বলিয়াই মন্ব্যক্ষেহ অদ্যাপি পশ্বেং। পশ্বেং, কেন না, পশ্লিদগেরও বংসল্লেহ, দাম্পত্যপ্রথম এবং বাংসল্য, দাম্পত্য ব্যতীত পরস্পর অন্যবিধ প্রণয় আছে। প্রথমটি মান্বের অপেক্ষা অব্প পরিমাণে নহে।

ক্ষেত্রের যথার্থ স্বর্পই অস্বার্থপরতা। যে মাতা প্রের স্বথের কামনার প্রুম্ব্রখদর্শন কামনা পরিত্যাগ করিলেন, তিনিই যথার্থ ক্ষেহ্বতী। যে প্রণয়ী, প্রণয়ের পারের মঙ্গলার্থ আপনার প্রণয়জনিত স্বর্থভাগও ত্যাগ করিতে পারিল, সেই প্রণয়ী।

যত দিন না সাধারণ মন্ধ্যের প্রেম, এইর্প বিশ্বদ্ধতা প্রাপ্ত হইবে, তত দিন মান্ধের ভালবাসা হইতে স্বার্থপিরতা কলজ্ক ঘ্রচিবে না। এবং দ্বেহের যথার্থ স্ফ্রিড ঘটিবে না। যেখানে ভালবাসা এইর্প বিশ্বদ্ধি প্রাপ্ত হইবে বা যাহার হৃদয়ে হইয়াছে, সেইখানে ভালবাসার দ্বারার ভালবাসার অত্যাচার নিবারণ হইতে পারে, এবং হইয়াও থাকে। এর্প বিশ্বদ্ধ প্রণান-বিশিষ্ট মন্ষ্য দ্বর্লভ নহে। কিন্তু এ প্রবন্ধে তাঁহাদিগের কথা বিলিতেছি না—তাঁহারা অত্যাচারীও নহেন। অন্যর, ধন্মের শাসনে প্রণয় শাসিত করাই ভালবাসার অত্যাচার নিবারণের একমার উপায়। সে ধন্ম কি?

ধন্মের যিনি যে ব্যাখ্যা কর্ন না, ধন্ম এক। দুইটি মাত্র ম্লুস্তে সমস্ত মন্বেরর নীতিশাস্ত্র কথিত হইতে পারে। তাহার মধ্যে একটি আত্মসন্বন্ধীর, দ্বিতীর্য়টি পরসন্বন্ধীর। যাহা আত্মসন্বন্ধীর, তাহাকে আত্মসংক্ষারনীতির মূল বলা যাইতে পারে,—এবং আত্মচিত্তের স্ফুর্ন্তি এবং নিন্মালতা রক্ষাই তাহার উদ্দেশ্য। দ্বিতীর্য়টি, পরসন্বন্ধীর বলিরাই তাহাকে যথার্থ ধন্মানীতির মূল বলা যাইতে পারে। "পরের অনিষ্ট করিও না: সাধ্যান্সারে প্রের মঙ্গল করিও।" এই মহতী উক্তি জগতীয় তাবদ্ধন্মাশাস্ত্রের একমাত্র মূল, এবং একমাত্র পরিণাম। অন্য যে কোন নৈতিক উক্তি বল না কেন, তাহার আদি ও চরম ইহাতেই বিলীন হইবে। আত্মসংস্কারনীতির সকল তত্ত্বের সহিত, এই মহানীতিতত্ত্বের ঐক্য আছে। এবং পরিহতনীতি এবং আত্মসংস্কারনীতি একই তত্ত্বের ভিন্ন ভিন্ন ব্যাখ্যা মাত্র। পরিহিতরতি এবং পরের আহতে বির্বিত, ইহাই সমগ্র নীতিশাস্তের সার উপদেশ।

অতএব এই ধন্মনীতির মূল স্তাবলন্দন করিলেই ভালবাসার অত্যাচার নিবারণ হইবে। বখন দ্বেহশালী ব্যক্তি দ্বেহের পাত্রের কোন কার্য্যে হস্তক্ষেপ করিতে উদ্যত হরেন, তখন তাঁহার মনে দৃঢ়ে সংকল্প করা উচিত যে, আমি কেবল আপন সূথের জন্য হস্তক্ষেপ করিব না; আপনার ভাবিরা, যাহার প্রতি দ্বেহ করি, তাহার কোন প্রকার অনিষ্ট করিব না। আমার যতট্কু কন্ট সহ্য করিতে হয়, করিব: তথাপি তাহার কোন প্রকার অহিতে তাহাকে প্রবন্ত করিব না।

এ কথা শন্নিতে অতি ক্ষ্ম্ম, এবং প্রাতন জনশ্রতির প্রনর্তিত বালয়া বোধ হইতে পারে, কিন্তু ইহার প্রয়োগ সকল সময়ে তত সহস্ত বোধ হইবে না। উদাহরণ স্বর্প, দশরথক্ত রামনিব্রাসন মীমাংসার্থ গ্রহণ করিব; তন্দ্রারা এই সামান্য নিয়মের প্রয়োগের কঠিনতা অনেকের হদরঙ্গম হইতে পারিবে। এন্থলে কৈকেয়ী এবং দশরথ উভয়েই ভালবাসার অত্যাচারে প্রবৃত্ত; কৈকেয়ী দশরথের উপরে; দশরথ রামের উপরে। ইহার মধ্যে কৈকেয়ীর কার্য্য স্বার্থপর এবং নৃশংস বালয়া চিরপরিচিত। কৈকেয়ীর কার্য্য স্বার্থপর ও নৃশংস বটে, তবে তৎপ্রতি যতটা কট্রিক হইয়া আসিতেছে, ততটা বিহিত কি না বলা যায় না। কৈকেয়ী আপনার কোন ইন্ট কামনা করে নাই; আপনার প্রত্রের শত্রুভ কামনা করিয়াছিল। সত্য বটে, প্রত্রের মঙ্গলেই মাতার মঙ্গল; কিন্তু যে বঙ্গীয় প্রিতা-মাতা স্বীয় জাতিপাতের ভয়ে প্রতক শিক্ষার্থা ইংলন্ডে যাইতে দেন না, কৈকেয়ীর কার্য্য তদপেকা যে শত্রেলে অস্বার্থপর, তিছ্বরের সংশ্র লাই।

সে কথা, যাউক. কৈকেয়ীর দোষ গংল বিচারে আমরা প্রবৃত্ত নহি। দশরথ সতাপালানার্থ রামকে বনপ্রেরণ করিয়া ভরতকে রাজ্যাভিষিক্ত করিলেন। তাহাতে তাঁহার নিজের প্রাণবিয়োগ হইল। তিনি সত্যপালনার্থ আত্মপ্রাণ বিয়োগ এবং প্রাণাধিক প্রের বিরহ স্বীকার করিলেন, ইহাতে ভারতবর্ষীর সাহিত্যেতিহাস তাঁহার যশঃকীর্তনে পরিপ্রেণ। কিন্তু উৎকৃষ্ট ধর্ম্মানীতির বিচারে ইহাই প্রতিপন্ন হয় য়ে, দশরথ পর্ত্তকে স্বাধিকারচ্যুত এবং নির্ন্থাসিত করিয়া, সত্যপালন করায়, ঘোরতর অধন্ম করিয়াছিলেন।

জিজ্ঞাসা করি, সত্যমাত্র কি পালনীয়? যদি সতী কুলবতী, কুচরিত্র পার্র্যের কাছে ধর্মা-ত্যাগে প্রতিশ্রতা হয়, তবে সে সত্য কি পালনীয়? যদি কেহ দস্যার প্ররোচনায় সাহদক্তে বিনাদোষে বধ করিতে সত্য করে, তবে সে সত্য কি পালনীয়? যে কেহ ঘোরতর মহাপাতক

করিতে সত্য করে, তাহার সত্য কি পালনীয়?

যেখানে সত্য লংঘনাপেক্ষা সত্য রক্ষায় অধিক অনিষ্ট, সেথানে সত্য রাখিবে, না সত্য ভঙ্গ করিবে? অনেকে বলিবেন, সেখানেও সত্য পালনীয়; কেন না, সত্য নিত্যধর্ম্ম, অবস্থাভেদে তাহা প্রণাত্ব পাপত্ব প্রাপ্ত হয় না। বদি পাপ প্রণাের এমন নিয়ম কর যে, যখন যাহা কর্ম্মকর্তাের বিবেচনায় ইন্টকারক, তাহাই কর্ত্তবা; যাহা তাঁহাের তাংকালিক বিবেচনায় অনিষ্টকারক, তাহা অকর্ত্তবা, তবে প্রণা পাপের প্রভেদ থাকে না—লােকে প্রণা বলিয়া ঘােরতর মহাপাতকে প্রবৃত্ত হইতে পারে। আমরা এ তত্ত্বর মীমাংসা এ স্থলে করিব না—কেন না, হিতবাদীরা ইহার এক প্রকার মীমাংসা করিয়া রাখিয়াছেন। স্থলে কথার উত্তর দিব।

যথন এর্প মীমাংসার গোলযোগ হইবে, তখন ধর্মনীতির যে ম্ল স্ত্র সংস্থাপিত

হইয়াছে, তাহার দ্বারা পরীক্ষা কর।

সত্য কি সর্প্রত পালনীয়? এ কথার মীমাংসা করিবার আগে জিজ্ঞাস্য, তাহা পালনীয় কেন? সত্যপালনের একটি মূল ধর্মনীতিতে, একটি মূল আত্ম-সংস্কারনীতিতে। আমরা আত্ম-সংস্কারনীতিকে ধর্ম্মনীতির অংশ বলিয়া পরিগণিত করিতে অস্বীকার করিয়াছি; ধর্ম্মনীতির মূলই দেখিব। বিশেষ উভয়ের ফল একই। ধর্ম্মনীতির মূল সূত্র, পরের অনিষ্ট যাহাতে হয়, তাহা অকর্ত্তব্য। সত্যভঙ্গে পরের অনিষ্ট হয়, এজন্য সত্য পালনীয়। কিন্তু যখন এমন ঘটে য়ে, সত্য পালনে পরের গ্রহত্বর অনিষ্ট, সত্য ভঙ্গে তত দ্রে নহে, তখন সত্য পালনীয় নহে। দশরথের সত্যপালনে রামের গ্রহত্বর অনিষ্ট, সত্য ভঙ্গে কৈকেয়ীর তাদৃশ কোন অনিষ্ট নাই। দৃষ্টাস্তজনিত জনসমাজের যে অনিষ্ট, তাহা রামের স্বাধিকারচ্যুতিতেই গ্রহত্বর। উহা দস্যত্বার র্পাস্তর। অতএব এমত স্থলে দশরথ সত্যপালন করিয়াই মহাপাপ করিয়াছলেন।

এখানে দশরথ স্বার্থপিরতাশ্না নহেন। সত্য ভঙ্গে জগতে তাঁহার কলৎক ঘোষিত হইবে, এই ভয়েই তিনি রামকে অধিকারচ্যুত এবং বহিষ্কৃত করিলেন; অতএব যশোরক্ষার্প স্বার্থের বশীভূত হইয়া রামের অনিষ্ট করিলেন। সত্য বটে, তিনি আপনার প্রাণহানিও স্বীকার করিয়া-ছিলেন; কিন্তু তাঁহার কাছে প্রাণাপেক্ষা যশ প্রিয়, অতএব আপনার ইণ্টই খ্রিজয়াছিলেন।

এজন্য তিনি স্বার্থপর । স্বার্থপরতা-দোষযুক্ত যে অনিষ্ট, তাহা ঘোরতর পাপ।

অস্বার্থপির প্রেম, এবং ধর্ম্ম, ইহাদের একই গতি, একই চরম। উভরের সাধ্য, অনের মঙ্গল। বস্তুতঃ প্রেম, এবং ধর্ম্ম একই পদার্থ। সর্ব্ব সংসার প্রেমের বিষয়ীভূত হইলেই ধর্ম্ম নাম প্রাপ্ত হয়। এবং ধর্ম্ম যত দিন না সর্ব্বজনীন প্রেমস্বর্প হয়, তত দিন সম্পূর্ণতা প্রাপ্ত হয় না। কিন্তু মনুষ্যগণ, কার্য্যতঃ স্নেহকে ধর্ম্ম ইইতে প্থগ্ভূত রাখিয়াছে, এজন্য ভালবাসার অত্যাচার নিবারণ জন্য ধন্মের দ্বারা স্নেহের শাসন আবশ্যক।

खान

ভারতবর্ষে দর্শন কাহাকে বলে? ইহার উত্তর দিতে গেলে প্রথমে ব্রনিতে হইবে বে, ইউরোপে যে অর্থে "ফিলসফি" শব্দ ব্যবহৃত হয়, দর্শন সে অর্থে ব্যবহৃত হয় না। বাস্তবিক ফিলসফি শব্দের অর্থের স্থিরতা নাই,—কখন ইহার অর্থ অধ্যাত্মতত্ত্ব, কখন ইহার অর্থ প্রাকৃতিক বিজ্ঞান, কখন ইহার অর্থ ধর্ম্মনীতি, কখন ইহার অর্থ বিচারবিদ্যা। ইহার একটিও দর্শনের ব্যাখ্যার অন্তর্মপ নহে। ফিলসফির উন্দেশ্য, জ্ঞানবিশেষ: তদতিরিক্ত অন্য উন্দেশ্য নাই।

ৰণ্কিম বচনাৰলী

দর্শনেরও উন্দেশ্য জ্ঞান বটে, কিন্তু জ্ঞানেরও উন্দেশ্য আছে। সেই উন্দেশ্য নিঃগ্রেয়স, মৃতি; নির্দাণ বা তন্ধং নামান্তরবিশিষ্ট পারলোকিক অবস্থা। ইউরোপীর ফিলসফিতে জ্ঞানই সাধনীর; দর্শনে জ্ঞান সাধন মাত্র। ইহা ভিন্ন আর একটি গ্রেত্তর প্রভেদ আছে। ফিলসফির উন্দেশ্য, জ্ঞানবিশেষ,—কথন আখ্যাত্মিক, কথন ভৌতিক, কথন নৈতিক বা সামাজিক জ্ঞান। কিন্তু সর্বাত্র পদার্থ মাত্রেরই জ্ঞান দর্শনের উন্দেশ্য। ফলতঃ সকল প্রকার জ্ঞানই দর্শনের অন্তর্গত।

সংসার দৃঃখময়। প্রাকৃতিক বল, সন্বর্দা মন্যা-সন্থের প্রতিদ্বন্দী। তুমি যাহা কিছ্
সন্থভাগ কর, সে বাহ্য প্রকৃতির সঙ্গে যুদ্ধ করিয়া লাভ কর। মন্যাজ্ঞীবন, প্রকৃতির সঙ্গে দাঁঘ
সমর মাত্র—যথন তুমি সমরজয়াঁ হইলে, তখনই কিণ্ডিং স্থলাভ করিলে। কিন্তু মন্যাবল হইতে
প্রাকৃতিক বল অনেক গাুণে গাুর্তর। অতএব মন্যোর জয় কদাচিং—প্রকৃতির জয়ই প্রতিনিয়ত
ঘটিয়া থাকে। তবে জীবন বল্পাময়। আর্যামতে ইহার আবার পৌনঃপন্ন্য আছে। ইহজন্মে,
অনস্ত দৃঃখে কোনর্পে কাটাইয়া, প্রাকৃতিক রণে শেষে পরাস্ত হইয়া, যদি জীব দেহত্যাগ করিল
—তথাপি ক্ষমা নাই—আবার জন্মগ্রহণ করিতে হইবে, আবার সেই অনস্ত দৃঃখ ভোগ করিতে
হইবে—আবার মরিতে হইবে,—আবার জন্মতে হইবে,—আবার দৃঃখ। এই অনস্ত দৃঃখের কি
নিক্তি নাই? মন্যুয়ের নিস্তার নাই?

ইহার দুই উত্তর আছে। এক উত্তর ইউরোপীয়, আর এক উত্তর ভারতবধীয়। ইউরোপীয়েরা বলেন প্রকৃতি জেয়; যাহাতে প্রকৃতিকে জয় করিতে পার, সেই চেষ্টা দেখ। এই জীবন-রণে প্রকৃতিকে পরাস্ত করিবার জন্য আয়্বধ সংগ্রহ কর। সেই আয়ব্ধ, প্রকৃতিকে জিজ্ঞাসা করিলে তিনি নিজেই বলিয়া দিবেন। প্রাকৃতিক তত্ত্ব অধ্যয়ন কর—প্রকৃতির গর্প্প তত্ত্ব সকল অবগত হইয়া, তাহারই বলে তাহাকে বিজিত করিয়া, মন্ব্যজীবন স্থময় কর। এই উত্তরের ফল—ইউরোপীয় বিজ্ঞানশাস্ত্র।

ভারতব্যীর উত্তর এই যে, প্রকৃতি অজেয়—যত দিন প্রকৃতির সঙ্গে সম্বন্ধ থাকিবে, তত দিন দুঃখ থাকিবে। অতএব প্রকৃতির সঙ্গে সম্বন্ধবিচ্ছেদই দুঃখ নিবারণের একমাত্র উপায়। সেই সম্বন্ধবিচ্ছেদ কেবল জ্ঞানের দ্বারাই হইতে পারে। এই উত্তরের ফল ভারতব্যীর দর্শন।

সেই জ্ঞান কি? আকাশকুস্ক্ম বলিলেই একটি জ্ঞান হয়—কেন না, আকাশ কি, তাহা আমরা জানি, এবং কৃস্কম কি, তাহাও জানি, মনের শক্তির দ্বারা উভয়ের সংযোগ করিতে পারি। কিন্তু সে জ্ঞান, দর্শনের উদ্দেশ্য নহে। তাহা দ্রমজ্ঞান। যথার্থ জ্ঞানই দর্শনের উদ্দেশ্য। এই ষথার্থ জ্ঞানকৈ প্রমাজ্ঞান বা প্রমা প্রতীতি বলে। সেই যথার্থ জ্ঞান কি?

যাহা জানি, তাহাই জ্ঞান। যাহা জানি, তাহা কি প্রকারে জানিয়াছি?

কতকগৃলি বিষয় ইন্দিয়ের সাক্ষাৎ সংযোগে জানিতে পারি। ঐ গৃহ, এই বৃক্ষ, ঐ নদী, এই পর্বত আমার সক্ষ্মুখে রহিয়াছে; তাহা আমি চক্ষে দেখিতে পাইতেছি, এজন্য জানি যে, ঐ গৃহ, এই বৃক্ষ, ঐ নদী, এই পর্বত আছে। অতএব জ্ঞাতব্য পদার্থের সঙ্গে চক্ষ্মুরিন্দ্রিয়ের সংযোগে আমাদিগের এই জ্ঞান লব্ধ হইল (১)। ইহাকে চাক্ষ্ম্য প্রত্যক্ষ বলে। এইর্প, গৃহমধ্যে থাকিয়া শ্রনিতে পাইলাম, মেঘ গিছর্জাতেছে, পক্ষী ডাকিতেছে; এখানে মেঘের ডাক, পক্ষীর রব আমরা কর্ণের দ্বারা প্রত্যক্ষ করিলাম। ইহা প্রবণ প্রত্যক্ষ। এইর্প চাক্ষ্ম্য, প্রাবণ, দ্বাক্ষ্য, ছাচ, এবং রাসন, পঞ্চেন্দ্রিয়ের সাধ্য পাঁচ প্রত্যক্ষ। মনও একটি ইন্দ্রিয় বলিয়া আর্ঘ্য দার্শনিকেরা গণিয়া থাকে, অতএব তাঁহারা মানস প্রত্যক্ষের কথা বলেন। মন বহির্নিন্দ্রয় নহে। অন্তরিন্দ্রিয়র সঙ্গে বহিন্ত্রিরর সাক্ষ্যংযোগ অসম্ভব। অতএব মানস প্রত্যক্ষের বহিন্ত্রিয় অবগত হওয়া যায় না: কিন্তু অন্তর্জ্ঞান, মানস প্রত্যক্ষের দ্বারাই হইবে।

যে পদার্থ প্রত্যক্ষ হয়, তদ্বিষয়ে আমাদিগের জ্ঞান জন্মে, এবং তদ্বাতিরিক্ত বিষয়ে জ্ঞানও স্কৃতিত হয়। আমি রুদ্ধদ্বার গৃত্মধ্যে শয়ন করিয়া আছি, এমত সময়ে মেঘের ধর্নিন শ্রনিলাম, ইহাতে প্রাবশ প্রত্যক্ষ হইল। কিন্তু সে প্রত্যক্ষ ধর্নির, মেঘের নহে। মেঘ এখানে আমাদের প্রত্যক্ষের বিষয় নহে। অথচ আমরা জানিতে পারিলাম যে, আকাশে মেঘ আছে। ধর্নির

⁽১) গ্রে, পর্ম্বতাদি দ্বে রহিয়াছে—আমাদিগের চক্ষে সংলগ্ন নহে, তবে ইন্দ্রিরে সংযোগ হইল কি প্রকারে? দৃষ্ট পদার্থবিক্ষিপ্ত রশ্মির দ্বারা। ঐ রশ্মি আমাদিগের নয়নাভান্তরে প্রবেশ করিলে দৃষ্টি হয়।

প্রত্যক্ষে মেঘের অস্তিত্ব জ্ঞান হইল কোথা হইতে? আমরা প্রের্ব প্রের্ব দেখিরাছি, আকাশে মেঘ ব্যতীত কখন এর্প ধর্নি হয় নাই। এমন কখনও ঘটে নাই যে, মেঘ নাই, অথচ এর্প ধর্নি শ্রনা গিরাছে। অতএব র্দ্ধদ্বার গৃহমধ্যে থাকিয়াও আমরা বিনা প্রত্যক্ষে জানিলাম যে, আকাশে মেঘ হইয়াছে। ইহাকে অন্মিতি বলে। মেঘধ্বনি আমরা প্রত্যক্ষ জানিয়াছি, কিন্তু মেঘ অন্মিতির দ্বারা।

মনে কর, ঐ র্দ্ধদার গৃহ অন্ধকার, এবং তুমি সেখানে একাকী আছ। এমত কালে তোমার দেহের সহিত মন্ব্যুশরীরের স্পর্শ অন্ভূত করিলে। তুমি তখন কিছু না দেখিয়া, কোন শব্দও না শ্নিয়া জানিতে পারিলে যে, গৃহমধ্যে মন্ব্য আসিয়াছে। সেই স্পর্শজ্ঞান দ্বাচ প্রত্যক্ষ; কিন্তু গৃহমধ্যে মন্ব্য-জ্ঞান অন্মিতি। ঐ অন্ধকার গৃহে তুমি যদি য্থিকা প্রেপের গন্ধ পাও, তবে তুমি ব্নিবে যে, গৃহে প্র্পাদি আছে; এখানে গন্ধই প্রত্যক্ষের বিষয়; প্র্প অনুমিতির বিষয়।

মন্যা অলপ বিষয়ই স্বয়ং প্রত্যক্ষ করিতে পারে। অধিকাংশ জ্ঞানই অনুমিতির উপর নির্ভার করে। অনুমিতি সংসার চালাইতেছে। আমাদিগের অনুমানশক্তি না থাকিলে আমরা প্রায় কোন কার্য্যাই করিতে পারিতাম না। বিজ্ঞান, দর্শনাদি অনুমানের উপরেই নিম্মিত।

কিন্তু যেমন কোন মন্যাই সকল বিষয়ে স্বাং প্রত্যক্ষ করিতে পারেন না, তেমনি কোন ব্যক্তি সকল তত্ত্ব স্বাং অনুমান করিয়া সিদ্ধ করিতে পারেন না। এমন অনেক বিষয় আছে যে, তাহা অনুমান করিয়া জানিতে গেলে যে পরিশ্রম আবশ্যক, তাহা একজন মন্যাের জাবিনকালের মধ্যে সাধ্য নহে। এমন অনেক বিষয় আছে যে, তাহা অনুমানের দ্বারা সিদ্ধ করার জন্য যে বিদ্যা বা যে অধ্যবসায় প্রয়ােজনীয়, তাহা অধিকাংশ লােকেরই নাই। অতএব এমন অনেক নিতান্ত প্রয়ােজনীয় বিষয় আছে যে, তাহা অনেকে স্বাং প্রত্যক্ষ বা অনুমানের দ্বারা জ্ঞাত ইইতে পারেন না। এমন স্থলে আমরা কি করিয়া থাকি? যে স্বাং প্রত্যক্ষ করিয়াছে বা যে স্বাং অনুমান করিয়াছে, তাহার কথা শ্রনিয়া বিশ্বাস করি। ইতালার উত্তরে যে আলপ নামে প্র্তিশ্রেণী আছে, তাহা তুমি স্বাং প্রত্যক্ষ কর নাই। কিন্তু যাঁহারা দেখিয়াছেন, তাঁহাদের প্রণীত পুষ্তুক পাঠ করিয়া তুমি সে জ্ঞান লাভ করিলে। পরমাণ্যাাত যে অন্য পরমাণ্যাত্রের দ্বারা আকৃষ্ট হয়, ইহা প্রত্যক্ষের বিষয় হইতে পারে না এবং তুমিও ইহা গণনার দ্বারা সিদ্ধ করিতে পার নাই, এজন্য তুমি নিউটনের কথায় বিশ্বাস করিয়া সে জ্ঞান লাভ করিলে।

ন্যায়, সাংখ্যাদি আর্য্যদর্শনশান্তে ইহা একটি তৃতীয় প্রমাণ বলিয়া গণ্য হইয়াছে। ইহার নাম শব্দ। তাঁহাদিগের বিবেচনায় বেদাদি এই প্রমাণের উপর নির্ভ্তর করে। আপ্রবাক্য বা গ্রুপ্দেশ, স্থ্লতঃ যে বিশ্বাসযোগ্য, তাহার উপদেশ,—আর্য্যমতে ইহা একটি স্বতশ্ব প্রমাণ। তাহারই নাম শব্দ।

কিন্তু চার্ন্বাগাদি কোন কোন আর্য্য দার্শনিক ইহাকে প্রমাণ বালয়াই স্বীকার করেন না। ইউরোপীয়েরাও ইহাকে স্বতক্ত প্রমাণ বালয়া স্বীকার করেন না।

দেখা ষাইতেছে, সকলের কথায় বিশ্বাস অকর্ত্তব্য। যদি একজন বিখ্যাত মিথ্যাবাদী আসিয়া বলে যে, সে জলে অমি জনুলিতে দেখিয়া আসিয়াছে, তবে এ কথা কেইই বিশ্বাস করিবে না। তাহার উপদেশে প্রমাজ্ঞানের উৎপত্তি নাই। ব্যক্তিবিশেষের উপদেশই প্রমাণ বলিয়া গ্রাহ্য। তবে সেই জ্ঞানলাভের প্রের্থ আদে মীমাংসা আবশ্যক যে, কে বিশ্বাসযোগ্য, কে নহে। কোন্ প্রমাণের উপর নির্ভর করিয়া এ মীমাংসা করিব? কোন্ প্রমাণের উপর নির্ভর করিয়া, মন্বাদির কথা আপ্তবাক্য বলিয়া গ্রহণ করিব, এবং রাম্ম্ শ্যাম্ব কথা অগ্রহ্য করিব? দেখা যাইতেছে যে, অনুমানের দ্বারা ইহা সিদ্ধ করিছে হইবে। মনুর সঙ্গে পঙ্লীর পাদার সাহেবের মতভেদ। তুমি চিরকাল শ্রনিয়া আসিয়াছ যে, মন্ব অল্রান্ত খবি, এবং পাদার সাহেব স্বার্থপর সামান্য মনুষা; এজন্য তুমি অনুমান করিলে যে, মনুর কথা গ্রাহ্য, পাদারর কথা অগ্রাহ্য। মনুর ন্যায় অল্রান্ত খবি গোমাংসভোজন নিষেধ করিয়াছেন বলিয়া তুমি অনুমান করিলে গোমাংসভাজন। অতঞ্ব শব্দকে একটি স্বতন্ত প্রমাণ না বলিয়া, অনুমানের অন্তর্গত বল না কেন?

শুখা তাহাই নহে। যে ব্যক্তির কতকগালি উপদেশ গ্রাহ্য কর, তাহারই আর কতকগালি অগ্রাহ্য করিয়া থাক। মাধ্যাকর্ষণ সম্বদ্ধে নিউটনের যে মত, তাহা তুমি শিরোধার্ষ্য কর, কিন্তু আলোক সম্বদ্ধে তাঁহার যে মত, তাহা পরিত্যাগ করিয়া তুমি ক্ষুদ্ধতর ব্যক্তিরী ইয়ঙ্ক ও

विष्क्य ब्रह्मावनी

एक्टालात में शहर कर. देशांत कारण कि? देशांत कारण महान करितल. जरण जन्मिणिकदे পাওয়া বাইবে। অনুমানের দ্বারা তমি জানিয়াছ যে, মাধ্যাকর্ষণ সম্বন্ধে নিউটনের যে মত, তাহা সত্য, আলোক সম্বন্ধে তাঁহার যে মত, তাহা অসত্য। যদি শব্দ একটি পূথক প্রমাণ হইত, তবে তাঁহার সকল মতই তমি গ্রাহ্য করিতে।

ভারতবর্ষে তাহাই ঘটিয়া থাকে। ভারতবর্ষে যাহার মত গ্রাহ্য বলিয়া স্থির হয়, তাহার मकन मण्डे शारा। देशात कात्रम भव्म वकिंगे न्यण्य श्रमाम विनया गमा-आश्वराका मात्र शारा, ইহা আর্য্য দর্শনশান্তের আজ্ঞা। এইরপে বিশেষ বিচার ব্যতীত শ্বাষ ও পণ্ডিতদিগের মতমারই গ্রহণ করা, ভারতবর্ষের অবনতির একটি যে কারণ, ইহা বলা বাহ্বলা। অতএব দার্শনিকদিগের

এই একটি ক্ষাদ্র দ্রান্তিতে সামান্য কৃষল ফলে নাই।

প্রত্যক্ষ, অনুমান এবং শব্দ ভিন্ন নৈয়ায়িকেরা উপমিতিকেও একটি স্বতন্ত প্রমাণ বিবেচনা করেন। বিচার করিয়া দেখিলে সিদ্ধ হইবে যে, উপমিতি, অনুমিতির প্রকারভেদ মাত্র. এবং সেই জন্য সাংখ্যাদি দশনে উপমিতি স্বতন্ত্র প্রমাণ বলিয়া গণ্য হয় নাই। অতএব উপমিতির বিস্তারিত উল্লেখ প্রয়োজনীয় বোধ হইল না। বস্তুতঃ প্রত্যক্ষ এবং অনুমানই জ্ঞানের মূল।

তাহার পর দেখিতে হইবে যে, অনুমানও প্রত্যক্ষমূলক। যে জাতীয় প্রত্যক্ষ কখন হয় নাই. সে বিষয়ে অনুমান হয় না। তুমি যদি কখন পূৰ্বে মেঘ না দেখিতে বা আর কেহ কখন না দেখিত, তবে তুমি রুদ্ধদার গৃহমধ্যে মেঘগর্জন শ্রনিয়া কখন মেঘানুমান করিতে পারিতে না। তমি যদি কখন যথিকা-গন্ধ প্রতাক্ষ না করিতে, তবে অন্ধকার গ্রহে থাকিয়া যথিকা-ঘাণ পাইয়া তমি কখন অনুমান করিতে পারিতে না যে, গৃহুমধ্যে যুথিকা আছে। এইরূপ অন্যান্য পদার্থ সম্বন্ধে বলা যাইতে পারে। তবে অনেক সময়ে দেখা যাইবে যে, একটি অনুমানের মূল, বহুতুর বহুজাতীয় পূর্বপ্রত্যক্ষ। এক একটি বৈজ্ঞানিক নিয়ম সহস্র সহস্র জাতীয় প্রত্যক্ষের ফল।

অতএব প্রত্যক্ষই জ্ঞানের একমাত্র মূল—সকল প্রমাণের মূল (১)। অনেকে দেখিয়া বিস্মিত হইবেন যে, দর্শনশান্দের দুই তিন সহস্র বংসরের পর, ঘুরিয়া ঘুরিয়া আবার সেই চার্ম্বাকের মতে আসিয়া পড়িতেছে। ধন্য আর্যাব্যদ্ধি! যাহা এত কালে হুম, মিল, বেন প্রভৃতির দ্বারা সংস্থাপিত হইয়াছে—দুই সহস্রাধিক বংসর পূর্বে বৃহস্পতি তাহা প্রতিপন্ন করিয়া গিয়াছেন। কেই না ভাবেন যে, আমরা এমন বলিতেছি যে, প্রত্যক্ষ ভিন্ন প্রমাণ নাই—আমরা বলিতেছি যে, সকল প্রমাণের মূল প্রত্যক্ষ। বৃহস্পতি ঠিক তাহাই বলিয়াছিলেন কি না, তাঁহার গ্রন্থ সকল লপ্রে হওয়ায় নিশ্চয় করা কঠিন।

প্রতাক্ষই জ্ঞানের একমার মলে, কিন্তু এই তত্ত্বের মধ্যে ইউরোপীয় দার্শনিকদিগের মধ্যে একটি ঘোরতর বিবাদ আছে। কেই কেই বলেন যে, আমাদিগের এমন অনেক জ্ঞান আছে যে. তাহার মলে প্রত্যক্ষে পাওয়া যায় না। যথা,-কাল, আকাশ, ইত্যাদি।

কথাটি বুঝা কঠিন। আকাশ সম্বন্ধে একটি সহজ কথা গ্রহণ করা যাউক,-যথা, দুইটি সমানান্তরাল রেখা যতদরে টানা যাউক, কখন মিলিত হইবে না, ইহা আমরা নিশ্চিত জানি। কিন্ত এ জ্ঞান আমরা কোথা পাইলাম? প্রত্যক্ষবাদী বলিবেন, "প্রত্যক্ষের দ্বারা! আমরা যত সমানান্তরাল রেখা দেখিয়াছি, তাহা কখন মিলিত হয় নাই।" তাহাতে বিপক্ষেরা প্রত্যুত্তর করেন যে, "জগতে যত সমানান্তরাল রেখা হইয়াছে, সকল তুমি দেখ নাই,—তুমি যাহা দেখিয়াছ, তাহা মিলে নাই বটে, কিন্তু তুমি কি প্রকারে জানিলে যে, কোন কালে কোথায় এমন দুটি সমানান্তরাল दिशा देश नार वा देहरें ना त्य. जारा विनिष्ठ विनिष्ठ के जारन मिनिय ना? यारा मन्द्रतात প্রত্যক্ষ হইয়াছে, তাহা হইতে তুমি কি প্রকারে অপ্রত্যক্ষীভূতের নিশ্চয় করিলে? অথচ আমরা জানিতেছি বে, তুমি যাহা বলিতেছ, তাহা সতা; কিস্মিন্ কালে কোথাও এমন দুইটি সমানান্তরাল রেখা হইতে পারে না যে, তাহা মিলিবে। তবে প্রতাক্ষ বাতীত তোমার আর কোন জ্ঞানমূল আছে নহিলে তুমি এই প্রত্যক্ষের অতিরিক্ত জ্ঞানটুকু কোথার পাইলে?"

এই কথা বলিয়া, বিখ্যাত জম্মান দার্শনিক কান্ত, লক ও হুমের প্রত্যক্ষবাদের প্রতিবাদ করেন। এই অতিরিক্ত জ্ঞানের মূল তিনি এই নিম্পেশ করেন যে, যেখানে বহি বিষয়ের জ্ঞান আমাদিগের ইন্দিয়ের দারা হইয়া থাকে সেখানে বহিন্দিব্যের প্রকৃতি সম্বন্ধে কোন তত্তের

⁽১) এই সকল মত আমি একলে পরিত্যাগ করিরাছি।

विविध श्रवस-मार्थामर्गन

নিত্যত্ব আমাদের জ্ঞানের অতীত হইলেও, আমাদিগের ইন্দির সকলের প্রকৃতির নিত্যত্ব আমাদিগের জ্ঞানে আয়ত্ত বটে। আমাদিগের ইন্দির সকলের প্রকৃতি অন্মারে আয়রা বহিন্বিয়ে কতকগ্নিল নিন্দিন্ট অবস্থাপন্ন বলিয়া পরিজ্ঞাত হই। ইন্দিরের প্রকৃতি সন্ধার একর্প, এজন্য বহিন্বিষয়ের তত্তৎ অবস্থাও আমাদিগের নিকট সন্ধার একর্প। এই জ্ঞান আমাদিগের কাল, আকাশাদির সমবায়ের নিত্যত্ব জ্ঞানিতে পারি। এই জ্ঞান আমাদিগেতেই আছে —এজন্য কান্ত ইহাকে স্বতোলন্ধ বা আভ্যন্তরিক জ্ঞান বলেন।

পাঠক আবার দেখিবেন যে, আধর্নিক ইউরোপীয় দর্শন, ফিরিয়া ফিরিয়া সেই প্রাচীন ভারতীয় দর্শনে মিলিতেছে। যেমন চার্শ্বাকের প্রত্যক্ষবাদে, মিল ও বেনের প্রত্যক্ষবাদের সাদৃশ্য দেখা গিয়াছে, তেমনি বেদান্তের মায়াবাদের সঙ্গে কান্তের এই প্রত্যক্ষ প্রতিবাদের সাদৃশ্য দেখা যায়। আধ্যাত্মিক তত্ত্বে, প্রাচীন আর্য্যাত্ম কর্তৃক স্ক্রিত হয় নাই, এমত তত্ত্ব অলপই ইউরোপে আবিষ্কৃত হইয়াছে।

কান্তীয় আত্যন্তরিক মতের প্রধানতম প্রতিদ্বন্ধী জন খুঁরার্ট মিল। তিনি কার্যাকারণসম্বন্ধের নিত্যন্থর উপর নিভার করেন। তিনি বলেন যে, আমরা প্রত্যক্ষের দ্বারা একটি অকট্য
সংস্কার এই লাভ করিয়াছি য়ে, য়েখানে কারণ বর্তমান আছে, সেইখানেই তাহার কার্য্য বর্তমান
থাকিবে। য়েখানে প্রের্ব দেখিয়াছি য়ে, ক বর্তমান আছে, সেইখানে দেখিয়াছি য়ে, থ আছে।
প্রনর্বার র্যাদ কোথাও ক দেখি, তবে আমরা জানিতে পারি য়ে, খও এখানে আছে; কেন না,
আমরা প্রত্যক্ষের দ্বারা জানিয়াছি, য়েখানে কারণ থাকে, সেইখানেই তাহার কার্য্য থাকে।
সমানান্তরালতা কারণ, এবং সংমিলনবিরহ তাহার কার্য্য; কেন না, আমরা য়েখানে য়েখানে
সমানান্তরালতা প্রত্যক্ষ করিয়াছি, সেইখানে সেইখানে দেখিয়াছি, মিল হয় নাই, অতএব
সমানান্তরালতা, সংমিলনবিরহের নিয়ত প্র্বেবন্তী। কাজেই আমরা জানিতেছি য়ে, য়খন
য়েখানে দ্র্ইটি সমানান্তরাল রেখা থাকিবে, সেইখানেই আর তাহাদিগের মিলন হইবে না।
অতএব এ জ্ঞান প্রত্যক্ষমূলক।

শেষ মত হর্বট স্পেন্সরের। তিনিও প্রত্যক্ষবাদী, কিন্তু তিনি বলেন যে, এই প্রত্যক্ষম্লক জ্ঞান সকলট্যুকু আমাদিগের নিজ প্রত্যক্ষজাত নহে। প্রত্যক্ষজাত সংস্কার প্রেষান্ত্রমে প্রাপ্ত হওয়া যায়। আমার প্রের্মান্ত্রমে প্রাপ্ত হইয়াছি। আমি যে সেই সকল সংস্কার লইয়া জন্মিয়াছি, এমন নহে—তাহা হইলে সদ্প্রপ্রত্ত শিশ্বও সংস্কারবিশিষ্ট হইত, কিন্তু তাহার বীজ আমার শরীরে (মন শরীরের অন্তর্গত) আছে; প্রয়োজনমত সময়ে জ্ঞানে পরিশ্বত হইবে। এইর্পে, যাহা কান্তীয় মতে আভ্যন্তরিক বা সহজ্ব জ্ঞান, স্পেন্সরের মতে তাহা প্রবিশ্বর্ষপর্যগত প্রত্যক্ষজাত জ্ঞান।

এই কথা আপাততঃ অপ্রামাণিক বোধ হইতে পারে, কিন্তু স্পেন্সর এর প দক্ষতার সহিত ইহার সমর্থন করিয়াছেন যে, ইউরোপে এই মতই এক্ষণে প্রচালত হইয়া উঠিতেছে (১)।

সাংখ্যদর্শন

প্রথম পরিচ্ছেদ—উপক্রমণিকা

এ দেশীয় প্রাচীন দর্শন সকলের মধ্যে বঙ্গদেশে ন্যায়ের প্রাধান্য। দেশীয় পশ্ডিতেরা সচরাচর সাংখ্যের প্রতি তাদৃশ মনোযোগ করেন না। কিন্তু ভারতবর্ষে সাংখ্য যে কীর্ত্তি করিয়াছে, তাহা অন্য দর্শন দরের থাকুক, অন্য কোন শান্দের দ্বারা হইয়াছে কি না, সন্দেহ। বহুকাল হইল, এই দর্শনের প্রকূশ হয়। কিন্তু অদ্যাপি হিন্দুসমাজের হুদুরমধ্যে ইহার নানা

(১) অনেকে কোমতের ''Positive Philosophy'' নামক দর্শনিশাস্থ্যের নামান্বাদে প্রজক্ষবাদ লিখিয়া থাকেন। আমাদের বিবেচনায় সেটি প্রম। বাহাকে ''Empirical Philosophy'' বলে, অর্থাৎ লক, হৃন্ মিল ও বেনের মতকেই প্রজাক্ষবাদ বলা বার। আমারা সেই অর্থেই প্রজাক্ষবাদ শব্দ এই প্রবাধে ব্যবহার ক্রিয়াছি।

মুখি বিরাজ করিতেছে। যিনি হিন্দুদিগের প্রাবৃত্ত অধ্যয়ন করিতে চাহেন, সাংখ্যদর্শন না ব্রিবলে তাঁহার সম্যক্ জ্ঞান জন্মিবে না; কেন না, হিন্দুসমাজের প্র্কালনীয় গতি অনেক দ্র সাংখ্যপ্রদর্শিত পথে হইয়ছিল। যিনি বর্ত্তমান হিন্দুসমাজের চরিত্র ব্রিবতে চাহেন, তিনি সাংখ্য অধ্যয়ন কর্ন। সেই চরিত্রের মূল সাংখ্যে অনেক দেখিতে পাইবেন। সংসার যে দ্রুখ্ময়, দুরুখ নিবারণমাত্র আমাদিগের প্র্রুখর্য, এ কথা যেমন হিন্দুজাতির হাড়ে হাড়ে প্রেশ করিয়াছে, এমন বােধ হয়, প্থিবীর আর কোন জাতির মধ্যে হয় নাই। তাহার বীজ সাংখ্যদর্শনে। তার্মবন্ধন ভারতবর্ষে যে পরিমাণে বৈরাণ্য বহ্নুকাল হইতে প্রবল, তেমন আর কোন দেশেই নহে। সেই বৈরাণ্য প্রাবন্ধের ফল বর্ত্তমান হিন্দুচরিত্র। যে কার্যপ্রতন্ত্রতার অভাব আমাদিগের প্রধান লক্ষণ বলিয়া বিদেশীয়েরা নিদেশি করেন, তাহা সেই বৈরাণ্যের সাধ্যরণতা মাত্র। যে অদৃভ্বাদিত্ব আমাদিগের ছিতীয় প্রধান লক্ষণ, তাহা সাংখ্যজাত বৈরাণ্যের জনীম বাহ্বল সত্ত্বে আর্যাভূমি ম্নুলমান পদানত হইয়াছিল। সেই জন্য অদ্যাপি ভারতবর্ষ পরাধীন। সেই জন্য বহ্নুকাল হইতে এ দেশে সমাজোন্নতি মন্দ হইয়া শেষে অবর্ত্বন্ধ হয়াছিল।

আবার সাংখ্যের প্রকৃতি প্রের্ষ লইয়া তল্পের সৃণ্টি। সেই তাল্পিকলান্ডে দেশ ব্যাপ্ত হইয়াছে। সেই তল্পের কৃপায় বিক্রমপ্রের বসিয়া নিষ্ঠ ব্রাহ্মণ ঠাকুর অপরিমিত মদিরা উদরস্থ করিয়া, ধর্ম্মাচরণ করিলাম বলিয়া পরম পরিতোষ লাভ করিতেছেন। সেই তল্পের প্রভাবে প্রায় শত যোজন দ্রের, ভারতবর্ষের পশ্চিমাংশে কাণফোড়া যোগী উলঙ্গ হইয়া কদর্য্য উৎসব করিতেছে। সেই তল্পের প্রসাদে আমরা দ্রের্গাংশব করিয়া এই বাঙ্গালা দেশের ছয় কোটি লোক জীবন সার্থক করিতেছি। যখন গ্রামে গ্রামে, নগরে মাঠে জঙ্গলে শিবালয়, কালীর মন্দির দেখি, আমাদের সাংখ্য মনে পড়ে; যখন দ্র্গা কালী জগদ্ধাতী প্রভার বাদ্য শ্রনি, আমাদের সাংখ্য-দর্শন মনে পড়ে।

সহস্র বংসর কাল বৌদ্ধধর্ম ভারতবর্ষের প্রধান ধর্ম্ম ছিল। ভারতবর্ষের প্রারাত্ত মধ্যে যে সময়টি সর্ম্বাপেক্ষা বিচিত্র এবং সোষ্ঠব-লক্ষণযুক্ত, সেই সময়টিতেই বৌদ্ধধর্ম্ম এই ভারত-ভূমির প্রধান ধর্ম্ম ছিল। ভারতবর্ষ হইতে দ্বীকৃত হইয়া সিংহলে, নেপালে, তিব্বতে, চীনে, ব্রক্ষে, শ্যামে এই ধর্ম্ম অদ্যাপি ব্যাপিয়া রহিয়াছে। সেই বৌদ্ধধর্মের আদি এই সাংখ্যদর্শনে। বেদে অবজ্ঞা, নির্বাদ, এবং নিরীশ্বরতা, বৌদ্ধধর্মে এই তিনটি নৃতন; এই তিনটিই ঐ ধর্মের কলেবর। উপস্থিত লেখক কর্ত্বক ১০৬ সংখ্যক কলিকাতা রিবিউতে "বৌদ্ধধর্ম এবং সাংখ্যদর্শনি" ইতি প্রবন্ধে প্রতিপক্ষ করা হইয়াছে যে, এই তিনটিরই মূল সাংখ্যদর্শনে। নির্বাদ, সাংখ্যের মৃক্তির পরিমাণ মাত্র। বেদের অবজ্ঞা সাংখ্যে প্রকাশ্যে কোথাও নাই, বরং বৈদিকতার আড়েবর অনেক। কিন্তু সাংখ্যপ্রবচনকার বেদের দোহাই দিয়া শেষে বেদের মৃলোচ্ছেদ করিয়াছেন।*

কথিত হইয়াছে যে, যত লোক বৌদ্ধধন্দর্শবিশনী, তত সংখ্যক কোন ধন্দ্র্যবিশনী লোক প্রিবীতে নাই। সংখ্যা সন্বন্ধে খ্রীষ্টধন্দ্র্যবিশনীরা তৎপরবন্তী। স্কুতরাং যদি কেই জিজ্ঞাসা করে, প্রিবীতে অবতীর্ণ মনুষ্যমধ্যে কে সর্ব্বাপেক্ষা অধিক লোকের জীবনের উপর প্রভূষ করিয়াছেন, তথন আমরা প্রথমে শাক্যসংহের, তৎপরে খ্রীষ্টের নাম করিব। কিন্তু শাক্যসংহের সঙ্গে সঙ্গে কপিলেরও নাম করিতে হইবে।

অতএব স্পষ্টাক্ষরে বলা যাইতে পারে যে, প্রিথবাতে যে সকল দর্শনশাস্ত্র অবতার্ণ

इटेशाए, সাংখ্যের ন্যায় কেহ বহু ফলোংপাদক হয় নাই।

সাংখ্যের প্রথমোৎপত্তি কোন্ কালে হইয়ছিল, তাহা স্থির করা অতি কঠিন। সভবতঃ উহা বৌদ্ধধ্যের প্রের্থ প্রচারিত হইয়ছিল। কিম্বদন্তী আছে যে, কপিল উহার প্রণেতা। এ কিম্বদন্তীর প্রতি অবিশ্বাস করিবার কোন কারণ নাই। কিন্তু তিনি কে, কোন্ সালে জন্মগ্রহণ করিয়াছিলেন, তাহা জানিবার কোন উপার নাই। কেবল ইহাই বলা বাইতে পারে যে, তাদৃশ ব্রিশ্বশালী ব্যক্তি প্থিবীতে অলপই জন্মগ্রহণ করিয়াছেন। পাঠক স্মরণ রাখিবেন যে, আমরা

বৌদ্ধর্ম্ব হে সাংখ্যম্লক, তাহার প্রমাণ সবিস্তারে দিবার স্থান এ নহে।

"নিরীশ্বর সাংখ্যকেই" সাংখ্য বলিতেছি। পতঞ্জলি-প্রণীত যোগশাস্ত্রকে সেশ্বর সাংখ্য বলিয়া থাকে। এ প্রবন্ধে তাহার কোন কথা নাই।

সাংখ্যদর্শন অতি প্রাচীন হইলেও, বিশেষ প্রাচীন সাংখ্যপ্রথ দেখা যায় না। সাংখ্যপ্রবচনকে অনেকেই কাপিল সূত্র বলেন, কিন্তু তাহা কখনই কপিলপ্রণীত নহে। উহা যে বৌদ্ধ, ন্যায়, মীমাংসা প্রভৃতি দর্শনের প্রচারের পরে প্রণীত হইয়াছিল, তাহার প্রমাণ ঐ গ্রন্থমধ্যে আছে। ঐ সকল দর্শনের মত সাংখ্যপ্রবচনে খন্ডন করা দেখা যায়। তদ্ভিম সাংখ্যকারিকা, তত্ত্বসমাস, ভোজবার্ত্তিক, সাংখ্যসার, সাংখ্যপ্রদীপ, সাংখ্যতত্ত্বপ্রদীপ ইত্যাদি গ্রন্থ এবং এই সকল গ্রন্থের ভাষ্য টীকা প্রভৃতি বহুল গ্রন্থ অপেক্ষাকৃত অভিনব। কিপল অর্থাৎ সাংখ্যদর্শনের প্রথম অধ্যাপকের যে মত, তাহাই আমাদিগের আদরণীয় ও সমালোচ্য; এবং যাহা কাপিল সূত্র বালায়া চলিত, তাহাই আমরা অবলম্বন করিয়া, অতি সংক্ষেপে সাংখ্যদর্শনের স্থুলু উদ্দেশ্য ব্র্থাইয়া দিবার যত্ন করিব। আমরা যাহা কিছু বালিতেছি, তাহাই যে সাংখ্যের মত, এমত বিবেচনা কেহ না করেন। যাহা কিছু বলিলে সাংখ্যের মত ভাল করিয়া ব্র্থা যায়, আমরা ভাহাই বলিব।

কতকগৃলি বিজ্ঞা লোকে বলেন, এ সংসার স্থের সংসার। আমরা স্থের জন্য এ প্রিবরীতে প্রেরিত ইইয়াছে। যাহা কিছু দেখি, জীবের স্থের জন্য সৃষ্ট ইইয়াছে। জীবের স্থ বিধান করিবার জন্যই সৃষ্টিকর্তা জীবকে সৃষ্ট করিয়াছেন। সৃষ্ট জীবের মঙ্গলার্থ সৃষ্টিমধ্যে কত কৌশল কৈ না দেখিতে পায়?

আবার কতকগুলি লোক আছেন, তাঁহারাও বিজ্ঞ-তাঁহারাও বলেন, সংসারে সূত্র্য ত কই দেখি না—দঃখেরই প্রাধান্য। সূষ্টিকর্ত্তা কি অভিপ্রায়ে জীবের সূষ্টি করিয়াছেন, তাহা বলিতে পারি না—তাহা মনুষ্যবৃদ্ধির বিচার্য্য নহে—কিন্তু সে অভিপ্রায় যাহাই হউক, সংসারে জীবের স্থের অপেক্ষা অস্থ অধিক। তুমি বলিবে, ঈশ্বর যে সকল নিয়ম অবধারিত করিয়া দিয়াছেন, সেগ, नि রক্ষা করিয়া চলিলেই কোন দুঃখ নাই, নিয়মের লত্মনপোনঃপ্রন্যেই এত দুঃখ। আমি বলি, যেখানে ঈশ্বর এমন সকল নিয়ম করিয়াছেন যে, তাহা অতি সহজেই লখ্যন করা যায়, এবং তাহা লখ্যনের প্রকৃত্তিও অতি বলবতী করিয়া দিয়াছেন, তখন নিয়ম লখ্যন বাতীত নিয়ম রক্ষা যে তাঁহার অভিপ্রায়, এ কথা কে বলিবে? মাদকসেবন পরিণামে মনুষ্যের অভ্যন্ত দুঃখদায়ক —তবে মাদক সেবনের প্রবৃত্তি মন,স্ব্যের হৃদয়ে রোপিত হইয়াছে কেন? এবং মাদকসেবন এত সুসাধ্য এবং আশুসুখকর কেন? কতকগুলি নিয়ম এত সহজে লঙঘনীয় যে, তাহা লঙঘন করিবার সময় কিছুই জানিতে পারা যায় না। ডাক্তার আঙ্গস স্মিথের প্রীক্ষায় সপ্রমাণ হইয়াছে যে. অনেক সময়ে মহৎ অনিষ্টকারী কার্ব্বণিক আসিড-প্রধান বায়, নিশ্বাসে গ্রহণ করিলে আমাদের কোন কণ্ট হয় না। বসন্তাদি রোগের বিষবীজ কখন আমাদিগের শরীরে প্রবেশ করে. তাহা আমরা জানিতেও পারি না। অনেকগ্রাল নিয়ম এমন আছে যে, তাহার উল্লেখনে আমরা সর্বাদা কন্ট পাইতেছি; কিন্তু সে নিয়ম কি, তাহা আমাদিগের জানিবার শক্তি নাই। ওলাউঠা রোগ কেন জন্মে, তাহা আমরা এ পর্যান্ত জানিতে পারিলাম না। অথচ লক্ষ লক্ষ লোক প্রতি বংসর ইহাতে কত দুঃখ পাইতেছে। যদি নির্মটি লণ্যনের ক্ষমতা দিয়া নির্মটি জানিতে দেন নাই. তবে জীবের মঙ্গল কামনা কোথা? পণ্ডিত পিতার পত্তে গণ্ডমুর্থ; তাহার মুর্থতার যক্তার পিতা রাত্রিদন যক্ত্রণা পাইতেছেন। মনে কর, শিক্ষার অভাবে সে মুর্খতা জন্মে নাই। পুরুটি স্থ্লব্দ্ধি লইয়াই ভূমিষ্ঠ হইয়াছিল। কোন্ নিয়ম লগ্ঘন করায় পুরের মাস্তিক जनन्भार्गः व नियम कि कथन मन्यात् कित जायल शहेरत? मान कत छविषारा शहेरत। जा যত দিন সে নিয়ম আবিষ্কৃত না হইল, তত দিন যে মনুষ্যজাতি দুঃখ পাইবে, ইহা স্ভিক্তার অভিপ্রেত নহে, কেমন করিয়া বলিব?

আবার, আমরা সকল নিয়ম রক্ষা করিতে পারিলেও দৃঃখ পাইব না, এমত দেখি না। একজন নিয়ম লক্ষ্ম করিতেছে, আর একজন দৃঃখভোগ করিতেছে। আমার প্রিয়বদ্ধ আপনার কর্ত্তব্য সাধনার্থ রণক্ষেত্রে গিয়া প্রাণত্যাগ করিলেন, আমি তাঁহার বিরহযক্ষ্মণা ভোগ করিলাম। আমার জন্মবার পঞ্চাশ বংসর প্রের্থ যে মন্দ আইন বা মন্দ রাজশাসন হইয়াছে, আমি তাহার ফলভোগ করিতেছি। কাহারও পিতামহ ব্যাধিগ্রস্ত ছিলেন, পৌর কোন নিয়ম লক্ষ্মন না করিয়াও ব্যাধিগ্রস্ত হইতে পারে।

আবার গোটাকত এমন গ্রেত্র বিষয় আছে যে, স্বাভাবিক নিয়মান্বত্তী হওয়াতেও দুঃখ।

লোকসংখ্যাবৃদ্ধি বিষয়ে মাল্ম্পসের মত, ইহার একটি প্রমাণ। এক্ষণে স্ববিবেচকেরা সকলেই স্বীকার করেন যে, মন্ম্য সাধারণতঃ নৈস্থিতিক নিয়মান্সারে আপন আপন স্বভাবের পরিতোষ করিলেই লোকসংখ্যা বৃদ্ধি হইয়া মহৎ অনিষ্ট ঘটিয়া থাকে।

অতএব সংসার কেবল দৃঃখময়, ইহা বলিবার যথেণ্ট কারণ আছে। সাংখ্যকারও তাহাই

वलन। स्मर्टे कथारे माश्यामर्गन उ विक्रियस्मित मूल।

কিন্তু প্থিবীতে যে কিছু সূথ আছে, তাহাও অস্বীকার্য্য নহে। সাংখ্যকার বলেন যে, সূথ অক্প। কদাচ কেহু সূখী (৬ অধ্যায়, ৭ সূত্র), এবং সূথ, দৃঃখের সহিত এর্প মিগ্রিত যে, বিবেচকেরা তাহা দৃঃখপক্ষে নিক্ষেপ্ করেন (ঐ, ৮)। দৃঃখ হইতে তাদৃশ সূথাকাশ্সা জন্মে না (ঐ, ৬)। অতএব দৃঃখেরই প্রাধান্য।

স্তরাং মন্যাজীবনের প্রধান উদ্দেশ্য দৃঃখমোচন। এই জন্য সাংখ্যপ্রবচনের প্রথম সূত্র

"অথ ত্রিবিধদুঃখাত্যন্তনিব,ত্তিরত্যন্তপুরুষার্থ"ঃ।"

এই প্র্র্থার্থ কি প্রকারে সিদ্ধ হয়, তাহারই পর্যালোচনা সাংখ্যদর্শনের উদ্দেশ্য। দ্ঃথে পড়িলেই লোকে তাহার একটা নিবারণের উপায় করে। ক্ষ্বায় কন্ট পাইতেছ, আহার কর। প্রশোক পাইয়ছ, অন্য বিষয়ে চিত্ত নিবিল্ট কর। কিন্তু সাংখ্যকার বলেন, এ সকল উপায়ে দ্ঃর্থানবৃত্তি নাই; কেন না, আবার সেই সকল দ্ঃথের অন্বর্গত্তি আছে। তুমি আহার করিলে, তাহাতে তোমার আজিকার ক্ষ্মা নিব্তু হইল, কিন্তু আবার কালি ক্ষ্মা পাইবে। বিষয়ান্তরে চিত্ত রত করিয়া, তুমি এবার প্রশোক নিবারণ করিলে, কিন্তু আবার অন্য প্রের জন্য তোমাকে হয় ত সেইয়্প শোক পাইতে হইবে। পরন্তু এর্প উপায় সন্বর্গ সম্বার্ বিলয়া গণ্য হইতে পারে না। অন্য বিষয়ে নিরত হইবে না। যেখানে সম্ভবে, সেখানেও তাহা সদ্পায় বলিয়া গণ্য হইতে পারে না। অন্য বিষয়ে নিরত হইলেই প্রশোক বিক্ষতে হওয়া যায় না (১ অধ্যায়, ৪ স্ত্র)।

তবে এ সকল দুঃখ নিবারণের উপায় নহে। আধ্বনিক বিজ্ঞানবিং কোম্তের শিষ্য বালবেন, তবে আর দুঃখ নিবারণের কি উপায় আছে? আমরা জানি যে, জলসেক করিলেই আম নিব্বাণ হয়, কিন্তু শীতল ইন্ধন প্রনর্তালিত হইতে পারে বলিয়া যাদ তুমি জলকে আগ্র-নাশক না বল, তবে কথা ফুরাইল। তাহা হইলে দেহধ্বংস ভিন্ন আর জীবের দুঃখনিব্যক্তি নাই।

সাংখ্যকার তাহাও মানেন না। তিনি জন্মান্তর মানেন, এবং লোকান্তরে জন্মপৌনঃপুন্য আছে ভাবিয়া, এবং জরামরণাদিজ দৃঃখ সমান ভাবিয়া তাহাও দৃঃখ নিবারণের উপায় বলিয়া গণ্য করেন না (৩ অধ্যায়, ৫২-৫৩ স্তা)। আত্মা বিশ্বকারণে বিলীন হইলেও তদবস্থাকে দৃঃখ-নিব্যিত্ত বলেন না; কেন না, যে জলমগ্ম, তাহার আবার উত্থান আছে (ঐ, ৫৪)।

তবে দৃঃখ নিবারণ কাহাকে বলি? অপবগঠি দৃঃখনিব্তি।

অপুবর্গই বা কি? "দ্বয়েরেকতরস্য বোদাসীন্যমপবর্গ।" (তৃতীয় অধ্যায়, ৬৫ স্ত্র)। সেই অপবর্গ কি, এবং কি প্রকারে তাহা প্রাপ্ত হওয়া যায়, তাহা পরপরিচ্ছদে সবিশেষ বলিব। "অপবর্গ" ইত্যাদি প্রাচীন কথা শ্রনিয়া পাঠক ঘৃদা করিবেন না। যাহা প্রাচীন, তাহাই যে উপধর্ম্মকলিক্কিত বা সর্বজনপরিজ্ঞাত, এমন মনে করিবেন না। বিবেচক দেখিবেন, সাংখ্যাদেশন একট্র সায়ও আছে। অসার বৃক্ষে এমন স্থায়ী ফল ফালুবে কেন?

দিতীয় পরিচ্ছেদ—বিবেক

আমি বত দৃঃখ ভোগ করি— কিন্তু আমি কে? বাহ্যপ্রকৃতি ভিন্ন আর কিছুই আমাদের ইন্দিয়ের গোচর নহে। তুমি বলিতেছ, আমি বড় দৃঃখ পাইতেছি,—আমি বড় সৃথী। কিন্তু একটি মনুষ্যদেহ ভিন্ন "তুমি" বলিব, এমন কোন সামগ্রী দেখিতে পাই না। তোমার দেহ এবং দৈহিক প্রক্রিয়া, ইহাই কেবল আমার জ্ঞানগোচর। তবে কি তোমার দেহেরই এই সৃথ-দৃঃখ ভোগ বলিব?

তোমার মৃত্যু হইলে, তোমার সেই দেহ পড়িয়া থাকিবে; কিন্তু তংকালে তাহার সূথ দৃঃখ ভোগের কোন লক্ষণ দেখা যাইবে না। আবার মনে কর, কেহ তোমাকে অপমান করিয়াছে; তাহাতে দেহের কোন বিকার নাই, তথাপি তুমি দৃঃখী। তবে তোমার দেহ দৃঃখভোগ করে না। যে দৃঃখ ভোগ করে, সে স্বতন্ত্র। সেই তুমি। তোমার দেহ তুমি নহে।

विविध श्रवस-नाःशामर्गन

এইর্প সকল জীবের। অতএব দেখা যাইতেছে যে, এই জগতের কিয়দংশ অনুমের মাত্র, ইন্দ্রিয়গোচর নহে, এবং স্থ দ্বংখাদির ভোগকর্তা। যে স্থ দ্বংখাদির ভোগকর্তা, সেই আছা। সাংখ্যে তাহার নাম প্রবৃষ। প্রবৃষ ভিন্ন জগতে আর যাহা কিছু আছে, তাহা প্রকৃতি।

আধানিক মনন্তত্বিদেরা কহেন যে, আমাদিগের সূথ দুঃখ মানসিক বিকার মাত্র। সেই সকল মানসিক বিকার কেবল মন্তিন্দের ক্রিয়া মাত্র। তুমি আমার অঙ্গে কণ্টক বিদ্ধা করিলে, বিদ্ধা স্থানস্থিত স্নায়্ব তাহাতে বিচলিত হইল—সেই বিচলন মন্তিন্দ পর্যান্ত গেল। তাহাতে মন্তিন্দের যে বিকৃতি হইল, তাহাই বেদনা। সাংখ্য-মতাবলম্বীরা বলিতে পারেন, "মানি, তাহাই বাখা। কিন্তু বাখা ভোগ করিল সেই আত্মা।" এক্ষণকার অন্য সম্প্রদায়ের মনন্তত্বিদেরাও প্রায় সেইর্প বলেন। তাঁহারা বলেন, মন্তিন্দের বিকারই স্বখ দুঃখ বটে, কিন্তু মন্তিন্দ আত্মা নহে। ইহা আত্মার ইন্দ্রিয় মাত্র। এ দেশীয় দার্শনিকেরা যাহাকে অন্তর্গিন্দয় বলেন, উপ্রারা মন্তিন্দকে তাহাই বলেন।

শরীরাদি ব্যতিরিক্ত প্রেষ্থ। কিন্তু দুঃখ ত শারীরাদিক। শরীরাদিতে যে দুঃখের কারণ নাই, এমন দুঃখ নাই। যাহাকে মানসিক দুঃখ বলি, বাহ্য পদার্থই তাহার মূল। আমার বাক্যে তুমি অপমানিত হইলে; আমার বাক্য প্রাকৃতিক পদার্থ। তাহা প্রবংগিদুরের দ্বারা তুমি গ্রহণ করিলে, তাহাতে তোমার দুঃখ। অতএব প্রকৃতি ভিন্ন কোন দুঃখ নাই। কিন্তু প্রকৃতিভাতি দুঃখ প্রেষ্থকে বর্ত্তে কেন? "অসঙ্গোহয়ম্প্রেষ্থ।" প্রেষ্ একা, কাহারও সংসর্গবিশিষ্ট নহে (১ অধ্যায়, ১৫ স্ত্র)। অবস্থাদি সকল শরীরের, আত্মার নহে (ঐ, ১৪ স্ত্র)। "ন বাহ্যান্তরয়োর্ব্পরজ্যোপরঞ্জকভাবোহিণ দেশব্যবধানাৎ প্র্যুস্থলার্টালপ্রস্থলোরিব।" বাহ্য এবং আন্তরিরের মধ্যে উপরক্ত্য এবং উপরক্তক ভাব নাই; কেন না, তাহা পরস্পর সংলগ্ন নহে; দেশব্যবধানবিশিষ্ট। যেমন একজন পাটলীপ্ত নগরে থাকে, আর একজন প্র্যুনগরে থাকে, ইহাদিগের পরস্পরের ব্যবধান তদুপ। প্রের্যের দুঃখ কেন?

প্রকৃতির সহিত সংযোগই পুরুদ্ধের দৃর্থের কারণ। বাহ্যে আন্তরিকে দেশব্যবধান আছে বটে, কিন্তু কোন প্রকার সংযোগ নাই, এমত নহে। যেমন স্ফটিকপারের নিকট জবা কুস্মুম রাখিলে, পার পুলের বর্ণবিশিষ্ট হয় বিলয়া, প্রুষ্প এবং পারে একপ্রকার সংযোগ আছে বলা যায়, এ সেইর্প সংযোগ। প্রুষ্প এবং পারমধ্যে ব্যবধান থাকিলেও পারের বর্ণ বিকৃত হইতে পারে, ইহাও সেইর্প। এ সংযোগ নিত্য নহে, দেখা যাইতেছে। স্কুতরাং তাহার উচ্ছেদ হইতে পারে। সেই সংযোগ উচ্ছেদ হইলেই, দৃর্থের কারণ অপনীত হইল। অতএব এই সংযোগের উচ্ছিত্তিই দ্রুখনিবারণের উপায়। স্কুতরাং তাহাই প্রুম্মর্থ। "যদ্ম তদ্ম তদ্ম ছিত্তিঃ প্রুম্মর্থভিদ্বিছিত্তিঃ প্রুম্মর্থভিদ্বিছত্তিঃ প্রুম্মর্থভিছিত্তিঃ প্রুম্মর্থভিছিত্তিঃ প্রুম্মর্থভিছিত্তিঃ প্রুম্মর্থভিছিত্তিঃ প্রুম্ম্বর্থভিছিত্তিঃ প্রুম্ম্বর্থভিছিত্তিঃ প্রুম্ম্বর্থিঃ (৬, ৭০)।

সাংখ্যের মত এই। যদি আত্মা শরীর হইতে পৃথক্ হয়, যদি আত্মাই সন্থ-দৃঃখভোগী হয়, যদি আত্মা দেহনাশের পরেও থাকে, যদি দেহ হইতে বিযুক্ত আত্মার সন্থ-দৃঃখাদি ভোগের সম্ভাবনা থাকে, তবে সাংখ্যদর্শনের এ সকল কথা যথার্থ বিলিয়া স্বীকার করিতে হইবে। কিন্তু এই "র্যাদ"গঢ়ালন অনেক। আধুনিক পজিটিবিষ্ট এখনই বিলবেন.—

১ম। আত্মা শরীর হইতে পৃথক্ কিসে জানিতেছ? শারীর তত্ত্বে প্রতিপন্ন হইতেছে যে, শরীরই বা শরীরের অংশবিশেষই আত্মা।

২য়। আত্মাই যে স্থদ্ঃখভোগী, তাহারই বা প্রমাণ কি? প্রকৃতি স্খদ্ঃখভোগী নহে কেন?

৩য়। দেহনাশের পর যে আত্মা থাকিবে, তাহা ধর্ম্মপ্রস্তুকে বলে; কিন্তু তন্তির অণ্নার প্রমাণ নাই। আত্মার নিতাত্ব যদি মানিতে হয়়, তবে ধর্ম্মপ্রস্তুকের আজ্ঞান্সারে; দর্শনশাস্ত্রের আজ্ঞান্সারে মানিব বা।

৪৭। দেহধ্বংসের পর আদ্মা থাকিলে, তাহার যে আবার জরামরণাদিজ দ্বংখের সম্ভাবনা আছে, তাহার কিছুমাত্র প্রমাণ নাই।

অতএব যাঁহারা আত্মার পার্থকা ও নিত্যন্থ মানেন, তাঁহারাও সাংখ্য মানিবেন না। এবং এ সকল মত ষে, এ কালে গ্রাহ্য হইবে, এমত বিবেচনায় আমরা সাংখ্যদর্শন ব্রুঝাইতে প্রবৃত্ত হই নাই। কিন্তু এক্ষণে যাহা অগ্রাহ্য, দুই সহস্র বংসর প্রেব তাহা আশ্চর্য্য আবিষ্দ্রিয়া। সেই আশ্চর্য্য আবিষ্দ্রিয়া কি, ইহাই ব্রুঝান আমাদিগের অভিপ্রায়।

र्वाष्क्रम ब्रह्मावनी

প্রকৃতি-পূর্বের সংযোগের উচ্ছিত্তিই অপবর্গ বা মোক্ষ। তাহা কি প্রকারে প্রাপ্ত হওয়া যার?

সাংখ্যকার বলেন, বিবেকের দ্বারা। কিন্তু কোন্প্রকার বিবেকের দ্বারা মোক্ষ লাভ হয়? প্রকৃতিবিষয়ে যে অবিবেক, সকল অবিবেক তাহার অন্তর্গত। অতএব প্রকৃতি-প্রের্বসম্বন্ধীয় জ্ঞানদ্বারাই মোক্ষ লাভ হয়।

অতএব জ্ঞানেই মন্তি। পাশ্চাত্য সভ্যতার মূল কথা, "জ্ঞানেই শক্তি" (knowledge is power); হিন্দুসভ্যতার মূল কথা, "জ্ঞানেই মন্তি"। দুই জ্ঞাতি দুইটি পৃথক্ উদ্দেশ্যানুসন্ধানে এক পথেই যাত্রা করিলেন। পাশ্চাত্যেরা শক্তি পাইরাছেন—আমরা কি মন্তি পাইরাছি? বস্তুতঃ এক যাত্রার যে পৃথক্ ফল হইয়াছে, তাহাতে সন্দেহ নাই।

ইউরোপীরেরা শক্তি-অনুসারী, ইহাই তাঁহাদিগের উন্নতির মূল। আমরা শক্তির প্রতি যত্নহীন, ইহাই আমাদিগের অবনতির মূল। ইউরোপীর্যাদগের উদ্দেশ্য ঐহিক; তাঁহারা ইহকালে জ্মী। আমাদিগের উদ্দেশ্য পার্রিক—তাই ইহকালে আমরা জ্মী হইলাম না। প্রকালে হইব

কি না, তদ্বিষয়ে মতভেদ আছে।

কিন্তু জ্ঞানেই মাজি, এ কথা সত্য হইলেও ইহার দ্বারা ভারতবর্ষের পরম লাভ হইয়াছে বলিতে হইবে। প্রাচীন বৈদিক ধন্ম ক্রিয়াত্মক; প্রাচীন আর্যেরা প্রাকৃতিক শক্তির প্রজা একমার মঙ্গুলোপার বালায়া জানিতেন। প্রাকৃতিক শক্তিসকল আত প্রবল, শ্বির, অশাসনার, কথন মহামঙ্গলকর, কথন মহৎ অমঙ্গলের কারণ দেখিয়া প্রথম জ্ঞানীরা তাহাদিগকে ইন্দু, বর্ণ, মর্ং, আম প্রভাত দেবতা কন্পনা করিয়া তাহাদিগের স্কৃতি এবং উপাসনা করেন। ক্রমে তাহাদিগের প্রতিত্ব বাগ বজ্ঞাদির বড় প্রবলতা হইল। অবশেষে সেই সকল যাগ বজ্ঞাদিই মনুষ্যের প্রধান কার্য্য এবং পার্রাক্রক স্থের একমার উপায় বালায়া, লোকের একমার অনুষ্ঠের হয়া পাড়ল। শাল্যসকল কেবল তৎসম্দায়ের আলোচনার্থ স্ট ইল—প্রকৃত জ্ঞানের প্রতি আর্যাজ্ঞাতির তাদৃশ মনোযোগ হইল না। বেদের সংহিতা, ব্রাহ্মণ, উপনিষৎ, আরণাক এবং স্ত্রান্থসকল কেবল ক্রিয়াকলাপের কথায় পরিপূর্ণ। যে কিছু প্রকৃত জ্ঞানের চর্চতা হইত, তাহা কেবল বেদের আনুষ্ঠিঙ্গক বালায়াই। সে সকল শাল্য বেদাঙ্গ বালায়া খ্যাত হইল। জ্ঞান এইর্পে ক্রিয়ার দাসন্থশ্পলে বদ্ধ হওয়াতে তাহার উন্নতি হইল না। কর্মাজন্য মোক্ষ, এই বিশ্বাস ভারতভূমে অপ্রতিহত থাকাতেই এর্প ঘটিয়াছিল। প্রকৃত জ্ঞানের আলোচনার অভাবে বেদভক্তি আরও প্রবলা হইল। মনুষ্যাচিত্তের স্বাধীনতা একেবারে ল্বপ্ত হইতে লাগিল। মনুষ্যাবিবেকশ্বন্য মন্দ্রম্ব শ্ভেলাবদ্ধ পশ্ববং হইয়া উঠিল।

সাংখ্যকার বাললেন, কম্ম অর্থাৎ হোম যাগাদির অন্তুলন প্রব্যার্থ নহে। জ্ঞানই

প্রেষার্থ। জ্ঞানই মর্ক্তি। কম্মপর্ণাড়ত ভারতবর্ষ সে কথা শ্রনিল।

তৃতীয় পরিচ্ছেদ-সৃণিট

অতি প্রাচীন কাল হইতে দর্শনশান্দের উদ্দেশ্য, জগতের আদি কি, তাহা নির্পিত হয়। আধ্নিক ইউরোপীয় দার্শনিকেরা সে তত্ত্ব নির্পণীয় নহে বলিয়া এক প্রকার ত্যাগ করিয়াছেন।

জগতের আদি সম্বন্ধে প্রথম প্রশ্ন এই ষে, জগৎ সৃষ্ট, কি নিত্য। অনাদিকাল এইর্প আছে, না কেহ তাহার সূজন করিয়াছেন?

অধিকাংশ লোকের মত এই যে, জগৎ সৃষ্ট, জগৎকর্ত্তা একজন আছেন। সামান্য ঘট-পটাদি একটি কর্ত্তা ব্যতীত হয় না: তবে এই অসীম জগতের কর্ত্তা নাই, ইহা কি সম্ভবে?

আর এক সম্প্রদারের লোক আছেন; তাঁহারা বলেন যে, এই জগৎ যে সূষ্ট বা ইহার কেহ কর্ত্তা আছেন, তাহা বিবেচনা করিবার কারণ নাই। ই হাদের সচরাচর নাস্ত্রিক বলে; কিন্তু নাস্ত্রিক বলিলেই মুঢ় বুঝায় না। তাঁহারা বিচারের দ্বারা আপন পক্ষ সমর্থন করিতে চেম্টা করেন। সেই বিচার অত্যন্ত দুরুহ, এবং এ স্থলে তাহার পরিচয় দিবার কোন প্রয়োজন নাই।

তবে একটি কথা মনে রাখিতে হইবে যে, ঈশ্বরের অস্তিম্ব একটি পৃথক্ তত্ত্ব, স্থিপ্রিচিয়া আর একটি শৃথক্ তত্ত্ব। ঈশ্বরাদীও বলিতে পারেন যে, "আমি ঈশ্বর মানি, কিন্তু স্থিতিয়া মানি না। ঈশ্বর জগতের নিয়স্তা, তাঁহার কৃত নিয়ম দেখিতেছি, নিয়মাতিরিস্ত স্থির কথা আমি বলিতে পারি না।"

এক্ষণকার কোন কোন খ্রীষ্টীরান এই মতাবলম্বী। ইহার মধ্যে কোন্ মত অযথার্থ, কোন্
মত যথার্থ, তাহা আমরা কিছুই বলিতেছি না। যাঁহার যাহা বিশ্বাস, তদ্বিরুদ্ধ আমাদের
কিছুই বক্তব্য নাই। আমাদের বলিবার কেবল এই উদ্দেশ্য যে, সাংখ্যকারকে প্রায় এই
মতাবলম্বী বলিয়া বোধ হয়। সাংখ্যকার ঈশ্বরের অন্তিত্ব মানেন না, তাহা পশ্চাৎ বলিব। কিন্তু
তিনি "সর্ববিৎ সর্বকর্তা" পুরুষ মানেন, এইরুপ পুরুষ মানিয়াও তাঁহাকে স্টিকর্ত্তা বলেন
না; সুষ্টিই মানেন না। এই জ্বাৎ প্রাকৃতিক ক্রিয়ামাত্র বলিয়া স্বীকার করেন।

(क)র কারণ (খ); (খ)র কারণ (গ); (গ)র কারণ (ঘ); এইর্প কারণপরম্পরা অন্সন্ধান করিতে করিতে অবশ্য এক স্থানে অন্ত পাওয়া যাইবে; কেন না, কারণশ্রেণী কখন অনন্ত হইতে পারে না। আমি যে ফলটি ভোজন করিতেছি, ইহা অম্ব ব্লেফ জিময়াছে; সেই বৃক্ষ একটি বীজে জিময়াছে; সেই বীজ অন্য ব্লেফর ফলে জিময়াছিল; সেই বৃক্ষও আর একটি বীজে জিময়াছিল। এইর্পে অনন্তান্সন্ধান করিলেও অবশ্য একটি আদিম বীজ মানিতে হইবে। এইর্প জগতে যাহা আদিম বীজ, যেখানে কারণান্সন্ধান বন্ধ হইবে, সাংখ্যকার সেই আদিম কারণকৈ মূল প্রকৃতি বলেন (১৭৪)।

জগদ্ধেপত্তি সম্বন্ধে দ্বিতীয় প্রশন এই যে, মূল কারণ যাহাই হউক, সেই কারণ হইতে এই বিশ্বসংসার কি প্রকারে এই রূপাবয়বাদি প্রাপ্ত হইল? সাংখ্যকারের উত্তর এই:—

এই জাগতিক পদার্থ পণ্ডবিংশতি প্রকার,—

১। পুরুষ।

২। প্রকৃতি।

৩। মহৎ।

৪। অহৎকার।

৫, ৬, ৭, ৮, ৯। পঞ্চ তন্মার।

১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, २०। এकामर्रमन्त्रिः।

২১, ২২, ২৩, ২৪, ২৫। স্থ্ৰ ভূত।

ক্ষিতি, জল, তেজ, মর্থ এবং আকাশ স্থল ভূত। পাঁচটি কম্মেণিদ্রর, পাঁচটি জ্ঞানেশির এবং অন্তরিশিরর, এই একাদশ ইন্দির। শব্দ স্পর্শ রূপ রস গন্ধ পাঁচটি তন্মাত্র। "আমি" জ্ঞান অহঙ্কার। মহৎ মন।*

স্থূল ভূত হইতে পণ্ড তন্মাত্রের জ্ঞান। আমরা শ্রনিতে পাই, এ জন্য শব্দ আছে। আমরা দেখিতে পাই, এ জন্য দৃশ্যে অর্থাৎ রূপ আছে, ইত্যাদি।

অতএব শব্দস্পর্শাদির অন্তিম্ব নিশ্চিত, কিন্তু শব্দ আমি শ্বনি, রূপ আমি দেখি। তবে "আমিও" আছি। অতএব তন্মাত্র হইতে অহৎকারের অন্তিম্ব অন্তুত হইল।

আমি আছি কেন বলি? আমার মনে ইহা উদর হইয়ছে, সেই জন্য। তবে মনও আছে (Cogito ergo Sum.) অতএব অহম্কার হইতে মনের অস্তিম স্থিরীকৃত হইল।

মনের স্বখ-দৃঃখ আছে। স্বখ-দৃঃখের কারণ আছে। অতএব মূল কারণ প্রকৃতি আছে।

সাংখ্যকার বলেন, প্রকৃতি হইতে মহৎ, মহৎ হইতে অহৎকার, অহৎকার হইতে পঞ্চ তন্মাত্র এবং একাদশেদির, পঞ্চ তন্মাত্র হইতে স্থাল ভূত।

এ তত্ত্বের আর্র বিস্তারের আবশ্যক নাই। একালে ইহা বড় সঙ্গত বা অর্থযুক্ত বলিয়া বোধ হয় না। কিন্তু অস্মন্দেশীয় প্রাণসকলে যে স্ভিটিন্নয়া বণিতি আছে, তাহা এই সাংখ্যের মতে ব্লমান্ডের কথার সংযোগ মাত্র।

বেদে কোথাও সাংখ্যদর্শনান্যায়ী স্চিট কথিত হয় নাই। ঋণেবদে, অথব্ধবেদে, শতপথ ব্রাহ্মণে স্চিটকথন আছে, কিন্তু তাহাতে মহদাদির কোন উল্লেখ নাই। মন্তেও স্চিটকথন আছে, তাহাতেও নাই, রামায়ণেও ঐর্প। কেবল প্রাণে আছে। অতএব বেদ, মন্, রামায়ণের পরে ও অন্ততঃ বিষ্ণু, ভাগবত এবং লিঙ্গপ্রাণের প্রেব্ধ সাংখ্যদর্শনের স্টিট।

^{*}Mind ace: Consciousness.

विष्क्रम ब्रह्मावनी

মহাভারতেও সাংখ্যের উল্লেখ আছে, কিন্তু মহাভারতের কোন্ অংশ নৃতন, কোন্ অংশ প্রাতন, তাহা নিশ্চিত করা ভার। কুমারসম্ভবের দ্বিতীয় সর্গে যে রক্ষন্তোত্র আছে তাহা সাংখ্যান-কারী।

সাংখ্য-প্রবচনে বিষ্ণা, হরি, র্দ্রাদির উল্লেখ নাই। প্রোণে আছে, পৌরাণিকেরা নিরীশ্বর সাংখ্যকে আপন মনোমত করিয়া গড়িয়া লইয়াছেন।

চতুর্থ পরিচ্ছেদ—নিরীশ্বরতা

সাংখ্যদর্শন নিরীশ্বর বলিয়া খ্যাত; কিন্তু কেহ কেহ বলেন যে, সাংখ্য নিরীশ্বর নহে। ডাক্তার হল একজন এই মতাবলম্বী। মক্ষম্লর এই মতাবলম্বী ছিলেন, কিন্তু এক্ষণে তাঁহার মত পরিবর্ত্তনের লক্ষণ দেখা গিয়াছে। কুস্মাঞ্জালকর্ত্তা উদয়নাচার্য্য বলেন যে সাংখ্যমতাবলম্বীরা আদিবিশ্বানের উপাসক। অতএব তাঁহার মতেও সাংখ্য নিরীশ্বর নহে। সাংখ্যপ্রবচনের ভাষাকার বিজ্ঞানভিক্ষ্মও বলেন যে, ঈশ্বর নাই, এ কথা বলা কাপিল স্ত্রের উদ্দেশ্য নহে। অতএব সাংখ্যদর্শনকে কেন নিরীশ্বর বলা যায়, তাহার কিছ্ম বিস্তারিত লেখা ষাউক।

সাংখ্য-প্রবচনের প্রথমাধ্যায়ের বিখ্যাত ৯২ সূত্র এই কথার মূল। সে সূত্র এই—
"ঈশ্বর্যাসন্ধেঃ।" প্রথম এই সূত্রটি বুঝাইব।

স্ত্রকার প্রমাণের কথা বালতেছিলেন। তিনি বলেন, প্রমাণ ত্রিবিধ; প্রত্যক্ষ, অন্মান এবং শব্দ। ৮৯ স্ট্রে প্রত্যক্ষের লক্ষণ বলিলেন, "যং সম্বন্ধসিদ্ধং তদাকারোক্ষেথি বিজ্ঞানং তং প্রত্যক্ষম্।" অতএব যাহা সম্বন্ধ নহে, তাহার প্রত্যক্ষ হইতে পারে না। এই লক্ষণ প্রতি দ্ইটি দোষ পড়ে। যোগিগণ যোগবলে অসম্বন্ধও প্রত্যক্ষ করিতে পারেন। ৯০।৯১ স্ত্রে স্ত্রকার সে দোষ অপনীত করিলেন। দ্বিতীয় দোষ, ঈশ্বরের প্রত্যক্ষ নিত্য, তংসম্বন্ধে সম্বন্ধ কথাটি ব্যবহার হইতে পারে না। স্ত্রকার তাহার এই উত্তর দেন যে, ঈশ্বর সিদ্ধা, নহেন—ঈশ্বর আছেন, এমত কোন কোন প্রমাণ নাই; অতএব তাহার প্রত্যক্ষ সম্বন্ধে না বার্ত্তলে এই লক্ষণ দৃষ্ট হইল না। তাহাতে ভাষ্যকার বলেন যে, দেখ, ঈশ্বর অসিদ্ধা, ইহা উক্ত হইয়াছে, কিন্তু ঈশ্বর নাই, এমত কথা বলা হইল না।

না হউক, তথাপি এই দর্শনিকে নির্মীশ্বর বলিতে হইবে। এমত নাস্তিক বিরল, যে বলে যে, ঈশ্বর নাই। যে বলে যে, ঈশ্বর আছেন, এমত কোন প্রমাণ নাই, তাহাকেও নাস্তিক বলা ঘাষ।

যাহার অন্তিম্বের প্রমাণ নাই, এবং যাহার অনন্তিম্বের প্রমাণ আছে, এই দুইটি পৃথক্ বিষয়। রক্তবর্ণ কাকের অন্তিম্বের কোন প্রমাণ নাই, কিন্তু তাহার অনন্তিম্বেরও কোন প্রমাণ নাই। কিন্তু গোলাকার ও চতুম্কোণের অনন্তিম্বের প্রমাণ আছে। গোলাকার চতুম্কোণ মানিব না, ইহা নিশ্চিত; কিন্তু রক্তবর্ণ কাক মানিব কি না? তাহার অনন্তিম্বেরও প্রমাণ নাই বটে, কিন্তু তাহার অন্তিম্বেরও প্রমাণ নাই। যেখানে অন্তিম্বের প্রমাণ নাই, সেখানে মানিব না। অনন্তিম্বের প্রমাণ নাই থাক, যতক্ষণ অন্তিম্বের প্রমাণ না পাইব, ততক্ষণ মানিব না। অন্তিম্বের প্রমাণ পাইলো তখন মানিব। ইহাই প্রত্যারের প্রকৃত নিরম। ইহার ব্যত্যারে যে বিশ্বাস, তাহা দ্রান্তি। "কোন পদার্থ আছে, এমত প্রমাণ নাই বটে, কিন্তু থাকিলে থাকিতে পারে," ইহা ভাবিয়া যে সেই পদার্থের অন্তিম্ব কম্পনা করে, সে দ্রান্ত।

অতএব নাস্তিকেরা দুই শ্রেণীতে বিভক্ত হইলেন। যাঁহারা কেবল ঈশ্বরের অস্তিত্বের প্রমাণাভাববাদী,—তাঁহারা বলেন, ঈশ্বর থাকিলে থাকিতে পারেন,—কিন্তু আছেন, এমত কোন প্রমাণ নাই।

অপর শ্রেণীর নাস্তিকেরা বলেন যে, ঈশ্বর আছেন, শাধ্য ইহারই প্রমাণাভাব, এমত নহে, ঈশ্বর যে নাই, তাহারও প্রমাণ আছে। আধানিক ইউরোপীয়েরা কেহ কেহ এই মতাবলন্বী। একজন ফরাসিস লেখক বলিয়াছেন, তোমরা বল, ঈশ্বর নিরাকার, অথচ চেতনাদি মানসিক বৃত্তিবিশিন্ট। কিন্তু কোথায় দেখিয়াছ যে, চেতনাদি মানসিক বৃত্তিসকল শরীর হইতে বিষ্কুত্ত? যদি তাহা কোথাও দেখ নাই, তবে ঈশ্বর সাকার, নয় তিনি নাই। সাকার ঈশ্বর, এ কথা তোমরা মানিবে না, অতএব ঈশ্বর নাই, ইহা মানিতে হইবে। ইনি দ্বিতীয় শ্রেণীর নাস্তিক।

विविध প্রবন্ধ-সাংখ্যদর্শন

"ঈশ্বরাসিন্ধেঃ।" শূর্য এই কথার উপর নির্ভব করিলে, সাংখ্যকারকে প্রথম শ্রেণীর নান্তিক বলা যাইত। কিন্তু তিনি অন্যান্য প্রমাণের দ্বারা প্রতিপন্ন করিতে যত্ন করিয়াছেন যে, ঈশ্বর নাই। সে প্রমাণ কোথাও দুই একটি সূত্রের মধ্যে নাই। অনেকগ্নলি সূত্র একত্র করিয়া, সাংখ্য-প্রবচনে ঈশ্বরের অনস্তিত্ব সম্বন্ধে যাহা কিছ্ম পাওয়া যায়, তাহার মম্ম সবিস্তারে বৃঝাইতেছি।

তিনি বলেন যে, ঈশ্বর অসিদ্ধ (১, ৯২), প্রমাণ নাই বলিয়া অসিদ্ধ (প্রমাণাভাবাৎ ন তৎিসিদ্ধিঃ। ৫, ১০)। সাংখ্যমতে প্রমাণ তিন প্রকার—প্রত্যক্ষ, অন্মান, শব্দ। প্রত্যক্ষের ত কথাই নাই। কোন বস্তুর সঙ্গে যদি অন্য বস্তু নিত্য সম্বন্ধ থাকে, তবে একটিকৈ দেখিলে আর একটিকৈ অন্মান করা যায়। কিন্তু কোন বস্তুর সঙ্গে ঈশ্বরের কোন নিত্য সম্বন্ধ দেখা যায় নাই; অতএব অন্মানের দ্বারা ঈশ্বরের সিদ্ধি হয় না (সম্বন্ধাভাবান্নান্মানম্। ৫, ১১)।

যদি এই স্ত্র পাঠক না ব্রিঝয়া থাকেন, তবে আর একট্র ব্রাই। পর্বতে ধ্ম দেখিয়া তুমি সিদ্ধ কর যে, তথায় অগ্নি আছে। কেন এ সিদ্ধান্ত কর? তুমি যেখানে যেখানে ধ্ম দেখিয়াছ, সেইখানে অগ্নি দেখিয়াছ বলিয়া। অর্থাৎ অগ্নির সহিত ধ্মের নিত্য সম্বন্ধ আছে বলিয়া।

র্যাদ তোমার জিজ্ঞাসা করি, তোমার প্রপিতামহের প্রপিতামহের করটি হাত ছিল, তুমি বালবে দুইটি। তুমি তাঁহাকে কখন দেখ নাই—তবে কি প্রকারে জানিলে তাঁহার দুইটি হাত ছিল? বালবে, মানুষমাত্রেরই দুই হাত, এই জন্য। অর্থাৎ মানুষত্বের সহিত দ্বিভুজতার নিত্য সম্বন্ধ আছে, এই জন্য।

এই নিত্য সম্বন্ধ বা ব্যাপ্তই অনুমানের একমাত্র কারণ। যেখানে এ সম্বন্ধ নাই, সেখানে পদার্থান্তর অনুমিত হইতে পারে না। এক্ষণে, জগতে কিসের সঙ্গে ঈশ্বরের নিত্য সম্বন্ধ আছে যে, তাহা হইতে ঈশ্বরানুমান করা যাইতে পারে? সাংখ্যকার বলেন, কিছুরই সঙ্গে না।

তৃত্তীয় প্রমাণ—শব্দ। আপ্তবাক্য শব্দ। বেদেই আপ্তোপদেশ। সাংখ্যকার বলেন, বেদে ঈশ্বরের কোন প্রসঙ্গ নাই, বরং বেদে ইহাই আছে যে, স্ভিট প্রকৃতিরই ক্রিয়া, ঈশ্বরকৃত নহে (শ্রুতিরপি প্রধান-কার্য্যত্বস্যা। ৫, ১২): কিন্তু যিনি বেদ পাঠ করিবেন, তিনি দেখিবেন, এ অতি অসঙ্গত কথা। এই আশঙ্কায় সাংখ্যকার বলেন যে, বেদে ঈশ্বরের যে উল্লেখ আছে, তাহা হয় মানুক্তাত্মার প্রশংসা, নয় প্রামাণ্য দেবতার (সিদ্ধস্য) উপাসনা (মানুক্তাত্মনঃ প্রশংসা উপাসা সিদ্ধস্য বা। ১, ৯৫)।

ঈশ্বরের অস্তিত্বের প্রমাণ নাই, এইর্পে দেখাইয়াছেন। ঈশ্বরের অনস্তিত্ব সম্বন্ধে যে প্রমাণ দেখাইয়াছেন, নিম্নে তাহার সম্প্রসারণ করা গেল।

ঈশ্বর কাহাকে বল? বিনি স্ভিকর্তা এবং পাপপ্রণার ফলবিধাতা। বিনি স্ভিকর্তা, তিনি মৃক্ত না বন্ধ? যদি মৃক্ত হয়েন, তবে তাঁহার স্জনের প্রবৃত্তি হইবে কেন? আর বিনি মৃক্ত নহেন—বন্ধা, তাঁহার পক্ষে অনস্ত জ্ঞান ও শক্তি সম্ভবে না। অতএব একজন স্ভিউকর্তা আছেন, ইহা অসম্ভব। মৃক্তবন্ধয়োরন্যতরাভাবার তংসিদ্ধিঃ (১, ৯৩); উভয়থাপ্যসংকরত্বম্ব (১, ৯৪)।

স্ভিকন্ত সম্বন্ধে এই। পাপপ্লোর দণ্ডবিধাত্ত সম্বন্ধে মীমাংসা করেন যে, যদি ঈশ্বর কম্মফলের বিধাতা হয়েন, তবে তিনি অবশ্য কম্মান্যায়ী ফলনিষ্পত্তি করিবেন, প্লোর শম্ভ ফল, পাপের অশ্বভ ফল অবশ্য প্রদান করিবেন। যদি তিনি তাহা না করেন. স্বেচ্ছামত ফলনিষ্পত্তি করেন, তবে কি প্রকারে ফলবিধান করিতে পারেন? যদি স্ববিচার করিয়া ফল বিধান না করেন, তবে আত্মোপকারের জনা করাই সম্ভব। তাহা হইলো তিনি সামান্য লোকিক রাজার নাায় আত্মোপকারী, এবং সম্ব দ্বত্থের অধীন। যদি তাহা না হইয়া কম্মান্যায়ীই ফলনিষ্পত্তি করেন, তবে কেন কম্মকেই ফলবিধাতা বলা না? ফলনিষ্পত্তির জনা আবার কম্মের উপর ঈশ্বরান্মানের প্রয়েজন কি?

অতএব সাংখ্যকার দ্বিতীয় শ্রেণীর ঘোরতর নাস্ত্রিক। অথচ তিনি বেদ মানেন।

ঈশ্বর না মানিয়াও কেন বেদ মানেন, তাহা আমরা পরপরিচ্ছেদে দেখাইব। সাংখ্যের এই নিরীশ্বরতা বৌদ্ধধন্মের পূর্ব্বসূচনা বলিয়া বোধ হয়।

ঈশ্বরতত্ত্ব সম্বন্ধে সাংখ্যদর্শনের একটি কথা বাকি রহিল। প্রেবেই বলিয়াছি, অনেকে বলেন, কাপিল দর্শন নিরীশ্বর নহে। এ কথা বলিবার কিছু একটু কারণ আছে। ড, অ. ৫৭

विष्क्रम ब्रह्मावली

সূত্রে সূত্রকার বলেন, "ঈদ্শেশ্বরসিদ্ধিঃ সিদ্ধা।" সে কি প্রকার ঈশ্বর? "স হি সন্ধিবিং সন্ধক্তা," ৩, ৫৬। তবে সাংখ্য নিরীশ্বর হইল কই?

বাস্তবিক এ কথা ঈশ্বর সন্বন্ধে উক্ত হয় নাই। সাংখ্যকার বলেন, জ্ঞানেই মুক্তি, আর কিছুতেই মুক্তি নাই। পূণ্যে, অথবা সন্তবিশাল উদ্ধৰ্বলোকেও মুক্তি নাই; কেন না, তথা হইতে প্রনম্প্রদা আছে, এবং জরামরণাদি দৃঃথ আছে। শেষ এমনও বলেন যে, জগৎকারণে नम्र शाश्व इट्रेन्ड मार्डिः नार्टः रूक्त ना, जारा इट्रेट जनमञ्जूर भन्नत्र्थान्त नाम भन्नत्र्थान আছে (৩, ৫৪)। সেই লয়প্রাপ্ত আজা সন্বন্ধে তিনি বলিয়াছেন যে, তিনি "সৰ্ববিং এবং সর্বকর্তা।" ইহাকে যদি ঈশ্বর বলিতে চাও, তবে ঈদ্শেশ্বর সিদ্ধ। কিন্তু ইনি জগংস্লন্টা বা বিধাতা নহেন। "সৰ্বক্ত্ৰা" অর্থে সৰ্বশক্তিমান, সৰ্বস্থিকারক নহে।

११९म श्रीतराक्षम—त्वम

আমরা পূর্ব্বে বিলয়াছি, সাংখ্য-প্রবচনকার ঈশ্বর মানেন না, বেদ মানেন। বোধ হয়, পৃথিবীতে আর কোন দর্শন বা অন্য শাস্ত্র নাই, যাহাতে ধর্ম্মপত্তকের প্রামাণ্য স্বীকার করে অথচ ধর্ম্ম প্রস্তুকের বিষয়ীভূত এবং প্রণেতা জগদীশ্বরের অস্তিত্ব স্বীকার করে না। এই বেদভক্তি ভারতবর্ষে অতিশয় বিস্ময়কর পদার্থ। আমরা এ বিষয়টি কিঞিং সবিস্তারে লিখিতে ইচ্ছাকরি।

মন্বলেন, বেদশব্দ হইতে সকলের নাম, কর্ম্মা, এবং অবস্থা নিম্মিত হইয়াছিল। বেদ. পিত্, দেবতা এবং মনুষ্যের চক্ষ্র; অশক্য, অপ্রমেয়; যাহা বেদ হইতে ভিন্ন, তাহা পরকালে নিষ্ফল, বেদ ভিন্ন গ্রন্থ মিথ্যা। ভূত ভবিষাৎ বর্ত্তমান, শব্দ স্পর্শ রূপ গন্ধ, চতুবর্বর্ণ, গ্রিলোক, চতুরাশ্রম, সকলই বেদ হইতে প্রকাশ: বেদ মনুষ্যের প্রম সাধন: যে বেদজ্ঞ, সেই সৈনাপত্য, রাজ্য, দশ্তনেতৃত্ব এবং সর্ব্বলোকাধিপত্যের যোগ্য। যে বেদজ্ঞ, সে যে আশ্রমেই থাকুক না কেন, সেই রক্ষে লীন হওয়ার যোগ্য। যাহারা ধর্ম-জিজ্ঞাস, বেদই তাহাদের পক্ষে পরম প্রমাণ। বেদ অজ্ঞের শরণ, জ্ঞানীদেরও শরণ। যাহারা স্বর্গ বা আনস্ত্য কামনা করে, ইহাই তাহাদিগের শরণ। যে ব্রাহ্মণ তিন লোক হত্যা করে, যেখানে সেখানে খায়, তাহার যদি ঋণ্বেদ মনে থাকে, তবে তাহার কোন পাপ হয় না।

শতপথ ব্রাহ্মণ বলেন, বেদান্তর্গত সর্বভিত। বেদ, সকল ছন্দঃ, স্তোম, প্রাণ, এবং দেবতা-গণের আত্মা। বেদই আছে। বেদ অমৃত। যাহা সত্য, তাহাও বেদ।

বিষ্কৃপ্রাণে আছে, দেবাদির রূপ, নাম, কর্ম্ম, প্রবর্ত্তন, বেদশব্দ হইতে সূত্ট হইয়াছিল। অন্যর ঐ পরোণে বিষ্ণুকে বেদময় ও ঋগ্যজ্ঞসামাত্মক বলা হইয়াছে।

মহাভারতে শান্তিপব্বৈও আছে যে, বেদ শব্দ হইতে স্বর্বভূতের রূপ নাম কর্ম্মাদির উৎপত্তি।

ঋক সংহিতার ও তৈত্তিরীয় সংহিতার মঙ্গলাচরণে সায়নাচার্য্য ও মাধবাচার্য্য লিখিয়াছেন. "বেদ হইতে অখিল জগতের নির্মাণ হইয়াছে।"

এইরূপ সর্ব্বর বেদের মাহাত্মা। কোন দেশে কোন ধর্মগ্রন্থের, বাইবেল, কোরাণ প্রভৃতি কিছুরই ঈদৃশ মহিমা কীর্ত্তি হয় নাই।

এখন জিজ্ঞাস্য এই যে, যে বেদ এইরূপ সকলের প্রের্গামী বা উৎপত্তির মূল, তাহা কোথা হইতে আসিল? এ বিষয়ে মতভেদ আছে। কেহ কেহ বলেন, বেদের কর্ত্তা কেহ নাই 1-এ প্রন্থ কাহারও প্রদীত নহে, ইহা নিত্য এবং অপৌর,ষেয়। অন্যে বলেন যে, ইহা ঈশ্বরপ্রদীত, স্তরাং সৃষ্ট এবং পৌর্ষেয়। কিন্তু হিন্দু শালের কি আন্চর্য্য বৈচিত্রা! সকলেই বেদ মানেন, কিন্ত বেদের উৎপত্তি সম্বন্ধে কোন দুইখানি শাস্ত্রীয় গ্রন্থের ঐক্য নাই। যথা—

- (১) ঋণ্বেদের পূর্বসূক্তে আছে, বেদপূর্ব যজ্ঞ হইতে উৎপন্ন।
- (২) অথব্বেদে আছে, গুদ্ত হইতে ঋণ্ যজ্য সাম অপাক্ষিত হইয়াছিল। (৩) অথব্বেদে অন্ত আছে যে, ইন্দ্র হইতে বেদের জন্ম।
- (৪) ঐ বেদের অন্যর আছে, খণেবদ কাল হইতে উৎপন্ন।
- (d) ঐ বেদে অন্যন্ন আছে, বেদ গারতীমধ্যে নিহিত।

- (৬) শতপথ রান্ধণে আছে যে, অগ্নি হইতে ঋচ্, বায়্ হইতে যজ্ম, এবং স্যা হইতে সামবেদের উৎপত্তি: ছান্দোগ্য উপনিষদেও ঐর্প আছে। এবং মন্তেও তদুপ আছে।
 - (৭) শতপথ রাহ্মণের অন্যত্র আছে, বেদ প্রজাপতি কর্ত্তক সূষ্ট হইয়াছিল।
- (৮) শতপথ রাহ্মণের সেই স্থানেই আছে যে, প্রজাপতি বেদসহিত জলমধ্যে প্রবেশ করেন। জল হইতে অন্ডের উৎপত্তি হয়। অন্ড হইতে প্রথমে তিন বেদের উৎপত্তি।
 - (৯) শতপথ রাহ্মণের অন্যর আছে যে, বেদ মহাভূতের (রন্মার) নিশ্বাস।
- (১০) তৈত্তিরীয় ব্রাহ্মণে আছে, প্রজাপতি সোমকে স্থি করিয়া তিন বেদের স্থি করিয়াছেন।
- (১১) বৃহদারণ্যক উপনিষদে আছে, প্রজাপতি বাক্ স্ম্টি করিয়া তম্বারা বেদাদি সকল স্মি করিয়াছেন।
- (১২) শতপথ ব্রাহ্মণে প্রেশ্চ আছে যে, মনঃসম্দ্র হইতে বাক্র্প সাবলের দ্বারা দেবতারা বেদ খ্রিড়রা উঠাইরাছিলেন।
 - (১৩) তৈত্তিরীয় ব্রাহ্মণে আছে যে, বেদ প্রজাপতির **শ্মশ্র**।
 - (১৪) উক্ত রাহ্মণে প্রনশ্চ আছে, বাগ্দেবী বেদমাতা।
- (১৫) বিষ্ণুপ্রাণে আছে, বেদ রহ্মার মুখ হইতে উৎপল্ল। ভাগবত প্রাণে ও মাক**িডর** পুরাণেও ঐর্প।
- (১৬) হরিবংশে আছে, গায়ত্রীসন্ততে ব্রহ্মতেজাময় পারে, ধের নেত্র হইতে ঋচ্ ও ফলাই, জিহনাগ্র হইতে সাম, এবং মার্কা হইতে অথবেরি সাজন হইয়াছিল।
- (১৭) মহাভারতের ভীষ্মপর্ব্বে আছে যে, সরস্বতী এবং বেদ, বিষণ্ণ, মন হইতে স্ক্রন করিয়াছিলেন। শান্তিপব্বে সরস্বতীকে বেদমাতা বলা ইইয়াছে।
- (১৮) অথব্ববেদান্তর্গত আয়ুব্বেদে আছে ষে. আয়ুব্বেদ ব্রহ্মা মনে মনে জানিয়াছিলেন। আয়ুব্বেদ অথব্ববেদান্তর্গত বলিয়া অথব্ববেদের ঐর্প উৎপত্তি বুনিমতে হইবে।

বৈদের মন্দ্র, রাহ্মণ, উপনিষদ্ এবং আরণ্যকে, এবং স্মৃতি, প্রেরাণ ও ইতিহাসে বেদোৎপত্তি বিষয়ে এইর্প আছে। দেখা যাইতেছে যে, এ সকল বেদের সভ্টম্ব এবং পোর যেয়ম্ব প্রায় সর্ব্বর স্বীকৃত হইয়াছে—কদাচিৎ অপোর যেয়ম্বও কথিত আছে। কিন্তু পরবত্তী টীকাকার ও দার্শনিকেরা প্রায় অপোর যেয়ম্ব-বাদী। তাহাদিগের মত নিশ্বে লিখিত হইতেছে।

- (১৯) সায়নাচার্য্য বেদার্থপ্রকাশ নামে ঋপ্রেদের টীকা করিয়াছেন। তাহাতে তিনি বলেন যে, বেদ অপৌর, ষেয়। কিন্তু বেদ মন, ষাকৃত নহে বলিয়াই অপৌর, ষেয় বলেন।
- (২০) সায়নাচার্য্যের দ্রাতা মাধবাচার্য্যও বেদার্থপ্রকাশ নামে তৈত্তিরীয় য়জ্বব্রেদের চীকা করিয়াছেন। তিনি বলেন, বেদ নিত্য। তবে তিনি এই অর্থে নিতা বলেন যে, কাল আকাশাদি যেমন নিত্য, সেইর্পে বেদ। ব্যবহারকালে কালিদাসাদিবাক্যবং প্রুম্ববিরচিত নহে বলিয়া নিত্য। এবং তিনি রক্ষাকে বেদবক্তা বলিয়া স্বীকার করিয়াছেন।
- (২১) মীমাংসকেরা বলেন, বেদ নিত্য এবং অপোর বেয়। শব্দ নিত্য বলিয়া বেদ নিত্য। শ্বকরাচার্য্য এই মতাবলম্বী।
- (২২) নৈয়ায়িকেরা তাহার প্রতিবাদ করিয়া বলেন, বেদ পৌর্বেয়।—মন্ত্র ও আয়্রেবিদের ন্যায়, জ্ঞানী ব্যক্তির কথা প্রামাণ্য বলিয়াই বেদও প্রামাণ্য বোধ হয়। গৌতমস্ত্রের ভাবে বেদকে মন্মাপ্রণীত বলিয়া নিম্পেশ করা তাঁহার ইচ্ছা কি না. নিশ্চিত ব্রুমা যায় না।
 - (২৩) বৈশেষিকেরা বলেন, বেদ ঈশ্বরপ্রণীত। কুস্মাঞ্জলিকর্ত্তা উদয়নাচার্য্যের এই মত।
- এই সমস্ত শান্দের আলোচনা করিয়া দেখা যায় যে. কেহ বলেন. বেদ নিতা এবং অপৌর্ষেয়; কেহ বলেন, বেদ সৃষ্ট এবং ঈশ্বরপ্রণীত। ইহা ভিন্ন তৃতীয় সিদ্ধান্ত হইতে পারে না। কিন্তু সাংখ্য-প্রবচনকারের মত স্ভিছাড়া। তিনি প্রথমতঃ বলেন যে, বেদ কদািপ নিতা হইতে পারে না; কেন না, বেদেই তাহার কার্যান্তের প্রমাণ আছে—যথা "স তপোহতপাত তস্মাৎ তপান্তেপানা এয়ো বেদা অজায়ন্ত।" যেখানে বেদেই বলে যে, এই এই র্পে বেদের জন্ম হইয়াছিল, সেখানে বেদ কদািপ নিতা এবং অপৌর্ষেয় হইতে পারে না। কিন্তু যাহা অপৌর্ষেয় নহে, তাহা অবশ্য পৌর্ষেয় হইবে। কিন্তু সাংখ্যকারের মতে বেদ অপৌর্ষেয় নহে, পৌর্বেয়ণ্ড নহে। পরেষ অর্থাৎ ঈশ্বর নাই বলিয়া তাহা পৌর্বেয় নহে। সাংখ্যকার

আরও বলেন যে, বেদ করিতে যোগ্য যে পরে মতিন হয় মতে, নয় বন্ধ। যিনি মতে, তিনি প্রবৃত্তির অভাবে বেদস্জন করিবেন না: যিনি বন্ধ, তিনি অসর্বত্তি বলিয়া তৎপক্ষে অক্ষম।

তবে পোর্বেয় নহে, অপোর্বেয়ও নহে। তাহা কি কখন হইতে পারে? সাংখ্যকার বলেন. इटेरा भारत, यथा--अब्कृतािम (d. 48)। यौदाता दिन्म-मर्गनभारकत नाम भानितनरे मरन করেন, তাহাতে সর্ব্রেই আশ্চর্য্য বৃদ্ধির কোশল, তাঁহাদিগের ভ্রম নিবারণার্থ এই কথার বিশেষ উল্লেখ করিলাম। সাংখ্যকারের বৃদ্ধির তীক্ষাতাও বিচিত্রা, দ্রান্তিও বিচিত্রা। সাংখ্যকার যে এমন রহসাজনক দ্রান্তিতে অনবধানতাপ্রযুক্ত পতিত হইয়াছিলেন, আমরা এমত বিবেচনা করি না। আমাদিগের বিবেচনায় সাংখ্যকার অন্তরে বেদ মানিতেন না, কিন্তু তাৎকালিক সমাজে ব্রাহ্মণে এবং দার্শনিকে কেহ সাহস করিয়া বেদের অবজ্ঞা করিতে পারিতেন না। এজন্য তিনি মৌখিক বেদভক্তি প্রকাশ করিয়াছিলেন এবং যদি বেদ মানিতে হইল, তবে আবশ্যকমত প্রতিবাদীদিগকে নিরস্ত করিবার জন্য স্থানে স্থানে বেদের দোহাই দিয়াছেন। কিন্তু তিনি অন্তরে বেদ মানিতেন বোধ হয় না। বেদ পোর ষেয় নহে, অপোর ষেয়ও নহে, এ কথা কেবল বাঙ্গ মাত্র। স্ত্রকারের এই কথা বলিবার অভিপ্রায় ব্রুঝা যায় যে, "দেখ তোমরা যদি বেদকে সর্বব্জ্ঞানযুক্ত ইহার প্রমাণ বেদে আছে। তবে ইহা যদি পোর,মেয় হয়, তবে ইহাও বলিতে হইবে যে. ইহা মনুষাকৃত; কেন না, সর্বজ্ঞ প্রবৃষ কেহ নাই, তাহা প্রতিপন্ন করা গিয়াছে।" যদি এ সকল স্ত্রের এরূপ অর্থ করা যায়, তবে অদ্বিতীয় দ্রদশী দার্শনিক সাংখ্যকারকে অদ্পব্যদ্ধি বলিতে হয়। তাহা কদাপি বলা যাইতে পারে না।

বেদ যদি পৌর্বেয় নহে, অপৌর্বেয়ও নহে, তবে মানিব কেন? সাংখ্যকার এ প্রশ্নের উত্তর দেওয়া আবশ্যক বিবেচনা করিয়াছিলেন। আজি কালিকার কথা ধরিতে গেলে বোধ হয়, এত বড় গ্রেন্তর প্রশন ভারতবর্ষে আর কিছ্রই নাই। এক দল বলিতেছেন, সনাতন ধর্ম্ম বেদম্লক, তোমরা এ সনাতন ধর্ম্ম ভাক্তহীন কেন? তোমরা বেদ মান না কেন? আর এক দল বলিতেছেন, আমরা বেদ মানিব কেন? সম্বায় ভারতবর্ষ এই দ্বই দলে বিভক্ত। এই দ্বই প্রশেনর উত্তর লইয়া বিবাদ হইতেছে। ভারতবর্ষের ভাবী মঙ্গলামঙ্গল এই প্রশেনর মীমাংসার উপর নির্ভার করে। হিন্দ্রগণ সকলেরই কি স্বধন্মে থাকা উচিত? না সকলেরই স্বধন্ম ত্যাগ করা উচিত? অর্থাৎ আমরা বেদ মানিব? না মানিব না? যদি মানি, তবে কেন মানিব?

আর একবার এই প্রশ্ন উত্থাপিত হইয়াছিল। যথন ধন্মানান্তের অত্যাচারে পীড়িত হইয়া ভারতবর্ষ গ্রাহি গ্রাহি করিয়া ভাকিতেছিল, তখন শাক্যাসংহ ব্বৃদ্ধদেব বলিয়াছিলেন, "তোমরা বেদ মানিবে কেন? বেদ মানিও না।" এই কথা শ্বনিয়া বেদবিৎ, বেদভক্ত, দার্শনিকমণ্ডলী এই প্রশেনর উত্তর দিয়াছিলেন। জৈমিনি, বাদরায়ণ, গোতম, কণাদ, কপিলা, যাঁহার যেমন ধারণা, তিনি তেমনি উত্তর দিয়াছিলেন। অতএব প্রাচীন দর্শনশান্তে এই প্রশেনর উত্তর থাকাতে দুইটি কথা জানা যাইতেছে। প্রথম, আজি কালি ইংরেজি শিক্ষার দোষেই লোকে বেদের অলক্ষনীয়তার প্রতি ন্তন সন্দেহ করিতেছে, এমত নহে। এ সন্দেহ অনেক দিন হইতে। প্রাচীন দার্শনিকদিগের পরে শঙ্করাচার্য্য মাধবাচার্য্য সায়নাচার্য্য প্রভৃতি নবােরাও ঐ প্রশেনর উত্তর দিবার জন্য বাস্ত হইয়াছিলেন। ন্বিতীয়, দেখা যায় যে, এ প্রশন বােক্ষেরা প্রথম উত্থাপিত করেন, এবং প্রাচীন দার্শনিকেরা প্রথম ভাহার উত্তর দান করেন। অতএব বােদ্ধধন্ম ও দর্শনিশান্তের উৎপত্তি সমকালিক বলা যাইতে পারে।

বেদ মানিব কেন? এই প্রশ্নের বিচারসমরে মহারথী মীমাংসক জৈমিন। তাঁহার প্রতিদ্বন্দ্বী নৈয়ায়িক গোতম। নৈয়ায়িকেরা বেদ মানেন না. এমত নহে। কিন্তু যে সকল কারণে মীমাংসকেরা বেদ মানেন, নৈয়ায়িকেরা তাহা অগ্রাহ্য করেন। মীমাংসকেরা বলেন, বেদ নিতা এবং অপোর্বেয়। নৈয়ায়িকেরা বলেন, বেদ নিতা এবং অপোর্বেয়। নৈয়ায়িকেরা বলেন, বেদ আপ্তবাক্য মাত্র। নৈয়ায়িকেরা মীমাংসকের মত খণ্ডন জন্য যে সকল আপত্তি উত্থাপন করিয়াছেন, মাধবাচার্য্য-প্রণীত সর্ব্বদর্শনসংগ্রহ হইতে তাহার সারমাশ্ম নিন্নে সংক্ষেপে লেখা গোলা।

মীমাংসকেরা বলেন যে, সম্প্রদায়াবিচ্ছেদে বেদকর্ত্তা অস্মর্যামান। সকল কথা লোকপরম্পরা স্মৃত হইয়া আসিতেছে, কিন্তু কাহারও স্মরণ নাই যে, কেহ বেদ করিয়াছেন। ইহাতে নৈয়ায়িকেরা আপত্তি করেন যে. প্রলয়কালে সম্প্রদায় বিচ্ছিত্র হইয়াছিল। এক্ষণে যে বেদ প্রণয়ন

স্মরণে নাই. ইহাতে এমত প্রমাণ হইতেছে না যে, প্রলয়প্তর্বে বেদ প্রণীত হয় নাই। আর ইহাও তোমরা প্রমাণ করিতে পারিবে না যে বেদকর্ত্তা কাহা কর্ত্তক কখন স্মত ছিলেন না। নৈয়ায়িকেরা আরও বলেন যে, বেদবাক্যসকল, যেমন কালিদাসাদিবাকা, তেমনি বাকা, অতএব বেদবাকাও পৌর, ধের বাক্য। বাক্যন্থহেত, মন্বাদির বাক্যের ন্যার, বেদবাক্যকেও পৌর, ধের বলিতে হইবে। আর মীমাংসকেরা বলিয়া থাকেন যে, যেই বেদাধায়ন করে, তাহার প্রের্বে তাহার গ্রের অধ্যয়ন করিয়াছিলেন, তাঁহার প্রের্বে তাঁহার গ্রের অধ্যয়ন করিয়াছিলেন, তাঁহার প্রের্ব তাঁহার গ্রের; এইর্প যেখানে অনস্ত পারম্পর্য্য আছে, সেখানে বেদ অনাদি। নৈয়ায়িক বলেন যে, মহাভারতাদি সম্বন্ধেও ঐরূপ বলা যাইতে পারে। যদি বল যে, মহাভারতের কর্ত্তা যে ব্যাস ইহা স্মর্যামান, তবে বেদ সম্বন্ধেও বলা যাইতে পারে যে, "ঋচঃ সামানি যজ্জিরে। ছন্দাংসি যজ্ঞিরে তম্মাৎ যজ্ঞস্মাদজায়ত।" ইতি পরে বসুক্তে বেদকর্ত্তাও নিন্দিন্ট আছেন। আর মীমাংসকেবা বলেন যে, শব্দ নিতা, এজন্য বেদ নিতা। কিন্তু শব্দ নিতা নহে: কেন না. শব্দসামান্যত্বশতঃ ঘটবৎ অসমদাদির বাহ্যেন্দ্রিয়গ্রাহা। মীমাংসকেরা উত্তর করেন যে, গকারাদির শব্দ শানিতে পাইলেই আমাদিগের প্রত্যাভজ্ঞান জন্মে যে, ইহা গকার, অতএব শব্দ নিতা। নৈয়ায়িক বলেন যে, সে প্রত্যাভিজ্ঞান সামান্য বিষয়বশতঃ, যেমন ছিল্ল, তৎপরে প্রনন্তর্গতি কেশ, এবং দলিত কন্দ। মীমাংসকেরা আরও বলিয়া থাকেন যে, বেদ অপৌর ষেয়, তাহার এক কারণ যে, পরমেশ্বর অশরীরী, তাঁহার তাল্বাদি বর্ণোচ্চারণ-স্থান নাই। নৈয়ায়িকেরা উত্তর করেন যে, পরমেশ্বর স্বভাবতঃ অশরীরী হইলেও ভক্তানুগ্রহার্থ তাঁহার শরীর গ্রহণ অসম্ভব নহে।

মীমাংসকেরা এ সকল কথার উত্তর দিয়াছেন, কিন্তু তাহার বিবরণ লিখিতে গেলে প্রবন্ধ বড় দীর্ঘ এবং রুটমট হইয়া উঠে। ফলে বেদ মানিবে কেন? এই তর্কের তিনটি মাত্র উত্তর প্রাচীন দর্শনশাস্ত্র হইতে পাওয়া যায়—

প্রথম। বেদ নিত্য এবং অপোর্বেষয়, স্বতরাং ইহা মান্য। কিন্তু বেদেই আছে যে, ইহা অপোর্বেষয় নহে। যথা "ঋচঃ সামানি যজ্জিরে" ইত্যাদি।

দ্বিতীয়। বেদ ঈশ্বরপ্রণীত, এই জন্য মান্য। প্রতিবাদীরা বলিবেন যে, বেদ যে ঈশ্বরপ্রণীত, তাহার বিশিষ্ট প্রমাণ নাই। বেদে আছে, বেদ ঈশ্বরসম্ভত, কিন্তু যেখানে তাঁহারা বেদ মানিতেছেন না, তখন তাঁহারা বেদের কোন কথা মানিবেন না। এ বিষয়ে যে বাদান্বাদ হইতে পারে, তাহা সহজেই অন্যমেয়, এবং তাহা সবিস্তারে লিখিবার আবশ্যকতা নাই। যাঁহারা ঈশ্বর মানেন না, তাঁহারা বেদ ঈশ্বরপ্রণীত বলিয়া যে স্বীকার করিবেন না, তাহা বলা বাহ্বলা।

ততীয়। বেদের নিজ শক্তির অভিব্যক্তির দ্বারাই বেদের প্রামাণ্য সিদ্ধ ইইতেছে। সাংখ্যকার এই উত্তর দিয়াছেন। সায়নাচার্য্য বেদার্থ প্রকাশে এবং শব্দরাচার্য্য ব্রহ্মস্ত্রের ভাষ্যে ঐর্প নিন্দেশ করিয়াছেন। এ সম্বন্ধে কেবল ইহাই বক্তব্য যে, যদি বেদের এর্প শক্তি থাকে, তবে বেদ অবশ্য মান্য। কিন্তু সে শক্তি আছে কি না. এই এক স্বতল্য বিচার আবশ্যক হইতেছে। অনেকে বিলবেন যে, আমরা এর্প শক্তি দেখিতেছি না। বেদের অগোরব হিন্দ্রশাস্তেও আছে। বেদ মানিতে হইবে কি না, তাহা সকলেই আপনাপন বিবেচনামত মীমাংসা করিবেন, কিন্তু আমরা পক্ষপাতশ্না ইইয়া যেখানে লিখিতে প্রবৃত্ত হইয়াছি, এবং যখন বেদের গোরব নিবর্ণাচনাত্মক তত্ত্ব লিখিয়াছি, তখন হিন্দ্রশাস্তে কোথায় কোথায় বেদের অগোরব আছে, তাহাও আমাদিগকে নিন্দ্র্যশ করিতে হয়।

১। মন্ত্রেপনিষদের আরম্ভে "দ্বে বিদ্যে বেদিতব্যে ইতিহ স্ম যদব্রন্ধাবিদাে বদস্তি পরা চৈবাপরা চ। তত্তাপরা ঋণ্ডেদাে যজনুর্বেদঃ সামবেদােহথব্ববৈদঃ শিক্ষাকম্পব্যাকরণং নির্বৃক্তংছদেন জ্যোতিষমিতি। অথ পরা ষয়া তদক্ষরমধিগম্যতে।"

অর্থাৎ বেদাদি শ্রেন্ঠেতর বিদ্যা।

২। শ্রীমন্তগবশ্গীতায়, ২।৪২, বেদপরায়র্ণাদগের নিন্দা আছে, যথা

র্যামমাং প্রভিপতাং বাচম্প্রবদস্ত্যবিপদিচতঃ। বেদবাদরতাঃ পার্থা নান্যদস্ত্রীতি বাদিনঃ॥ কামাত্মানঃ ম্বর্গাপরাঃ জম্মকম্মফলপ্রদাম্। ক্রিয়াবিশেষবহুলাং ভোগৈশ্বর্যাগতিং প্রতি॥

र्वाध्कम त्रहमावनी

ভোগৈশ্বর্যাপ্রসক্তানাং তয়াপহতচেতসাম্। ব্যবসায়াত্মিকা বৃদ্ধিঃ সমাধৌ ন বিধীয়তে। ব্যবগুণ্যবিষয়াঃ বেদাঃ নিস্ফোন্গ্যা ভবার্চ্জন॥

৩। ভাগবতপর্রাণে নারদ বলিতেছেন যে, প্রমেশ্বর যাহাকে অনুগ্রহ করেন, সে বেদ ত্যাগ করে। ৪। ২৯. ৪২।

শব্দক্রমণি দুংপারে চরস্ত উর্ববিস্তরে।
মন্ত্রিক্সব্যবচ্ছিরং ভজস্তো ন বিদ্যঃ প্রম্॥
যদা যস্যান্গ্রাতি ভগবানাত্মভাবিতঃ।
স জহাতি মতিং লোকে বেদে চ পরিনিন্ঠিতাম॥

৪। কঠোপনিষদে আছে যে, বেদের দ্বারা আত্মা লভ্য হয় না।—যথা "নায়মাত্মা প্রবচনেন লভ্যো ন মেধ্যা ন বহুনা শ্রতেন।"

শাস্ত্রান্সন্ধান করিলে এর্প কথা আরও পাওয়া যায়। পাঠক দেখিবেন, বেদ মানিব কেন? এ প্রশেনর আমরা কোন উত্তর দিই নাই। দিবারও আমাদের ইচ্ছা নাই। যাহারা সক্ষম, তাঁহারা সে মীমাংসা করিবেন। আমরা প্রের্গামী পশ্ডিতদিগের প্রদর্শিত পথে পরিভ্রমণ করিয়া যাহা দেখিয়াছি, তাহাই পাঠকের নিকট নিবেদিত হইল।*

ভারত-কলঙ্ক

ভারতবর্ষ পরাধীন কেন?

ভারতবর্ষ এতকাল পরাধীন কেন? এ প্রশেনর উত্তরে সকলে বলিয়া থাকেন, ভারতবর্ষীয়েরা হীনবল, এইজন্য। ''Effeminate Hindoos'' ইউরোপীয়দিগের মুখাগ্রে সর্ব্বদাই আছে। ইহাই ভারতের কলওক। কিন্তু আবার ইউরোপীয়দিগের মুখেই ভারতবর্ষীয় সিপাহীদিগের বল ও সাহসের প্রশংসা শুনা যায়। সেই স্বীস্বভাব হিন্দুদিগের বাহুবলেই কাবল জিত হইল। বলিতে গোলে সেই স্বীস্বভাব হিন্দুদিগের সাহায়েই তাঁহারা ভারতবর্ষ জয় করিয়াছেন। তাঁহারা স্বীকার কর্ন বা না কর্ন, সেই স্বীস্বভাব হিন্দুদিগের কাছে—মহারাণ্ট্র এবং শীকের কাছে অনেক রণক্ষেত্রে তাঁহারা পরাস্ত হইয়াছেন।

আধুনিক হিন্দ্র্দিণের বলবীর্য্য এখন যাহাই হউক, প্রাচীন হিন্দ্র্দিণের অপেক্ষা যে তাহা ন্যুন, তদ্বিষয়ে সংশয় নাই। শত শত বংসরের অধীনতায় তাহার হ্রাস অবশ্য ঘটিয়া থাকিবে। প্রাচীন ভারতবর্ষীয়গণ পরজাতি কর্তৃক বিজিত হইবার প্রেব্ যে বিশেষ বলশালী ছিলেন, এমত বিবেচনা করিবার অনেক কারণ আছে—দ্বর্বল বলিয়া তাঁহারা পরাধীন হয়েন নাই।

আমরা স্বীকার করি যে, এই পক্ষ সমর্থন করা সহজ নহে, এবং এতদ্বিষয়ে পর্যাপ্ত প্রমাণপ্রাপ্তি দুঃসাধ্য। এই তর্ক কেবল পুরাবৃত্ত অবলম্বন করিয়া মীমাংসা করা সম্ভব, কিন্তু
দুর্ভাগ্যক্রমে অন্যান্য জাতীয়দিগের ন্যায় ভারতব্বী রেরা আপনাদিগের কীর্ত্তিকলাপ লিপিবদ্ধ করিয়া রাখেন নাই। প্রাচীন ভারতব্বী র পুরাবৃত্ত নাই। স্কুতরাং ভারতব্বী য়দিগের যে শ্লাঘনীয় সমর-কীর্ত্তি ছিল, তাহাও লোপ হইয়াছে। যে গ্রন্থগালিন "পুরাণ" বলিয়া খ্যাত আছে, তাহাতে প্রকৃত পুরাবৃত্ত কিছুই নাই। যাহা কিছু আছে, তাহা অনৈস্গিক এবং অতিমান্য উপন্যানে এর্শ আচ্ছম যে, পুকৃত ঘটনা কি. তাহা কোন রুশেই নিম্চিত হয় না।

ভাগ্যক্রমে ভিন্নদেশীর ইতিহাস-বেন্তাদিগের প্রন্থে দুই স্থানে প্রাচীন ভারতবষীরিদিগের যুদ্ধাদির উল্লেখ দেখিতে পাওয়া যায়। প্রথম, মাকিদনীয় আলেকজণ্ডর বা সেকণর দিশ্বিজয়ে যায়া করিয়া ভারতবর্ষে আসিয়া যুদ্ধ করিয়াছিলেন। রচনাকুশল যবন-লেখকেরা তাহা পরিকীন্তিত করিয়াছেন। দ্বিতীয়, মুসলমানেরা ভারতবর্ষ জয়ার্থ যে সকল উদ্যম করিয়াছিলেন,

এই প্রবন্ধে বেদ প্রোণাদি হইতে বাহা উদ্ধৃত করিয়াছি, তাহা ম্র সাহেবকৃত বিখ্যাত সংগ্রহ
 হইতে নীত হইয়াছে।

বিবিধ প্রবন্ধ-ভারত-কলৎক

তাহা মুসলমান ইতিব্তু-লেখকরা বিবরিত করিয়াছেন। কিন্তু প্রথমেই বক্তব্য যে, এর্প সাক্ষীর পক্ষপাতিত্বের গ্রেত্র সম্ভাবনা। মনুষ্য চিত্রকর বলিয়াই চিত্রে সিংহ পরাজিতস্বর্প লিখিত হয়। যে সকল ইতিহাসবেত্তা আত্মজাতির লাঘব স্বীকার করিয়া, সত্যের অনুরোধে শত্রপক্ষের ষশঃকীর্ত্রন করেন, তাঁহারা অতি অলপসংখ্যক। অপেক্ষাকৃত মৃঢ়, আত্মগরিমাপরায়ণ মুসলমান-দিগের কথা দ্রে থাকুক, কৃতবিদ্য, সত্যানিষ্ঠাতিমানী ইউরোপীয় ইতিহাসবেত্তারা এই দোষে এর্প কলিজ্কিত যে, তাঁহাদের রচনা পাঠ করিতে কখন কখন ঘৃণা করে। এই জন্য দেশীয় এবং বিপক্ষদেশীয়, উভয়বিধ ইতিহাসবেত্তাদিগের লিপির সাহায্য না পাইলে, কোন ঘটনায়ই যাথার্যা নিদাতি হয় না। কেবল আত্মগরিমাপরবশ, পর-ধর্মাক্ষেমী, সত্যভীত মুসলমান লেখকদিগের কথার উপর নির্ভ্রর করিয়া, প্রাচীন ভারতব্যবীয়িদিগের রণনৈপ্র্ণা মীমাংসা করা যাইতে পারে না। সে যাহাই হউক, নিন্দালিখিত দুইটি কথা মুসলমান প্রাবৃত্ত হইতেই বিচারের দ্বারা সিদ্ধ হইতেছে।

প্রথম, আরব-দেশীয়েরা এক প্রকার দিশ্বিজয়ী। যখন যে দেশ আদ্রুমণ করিয়াছে, তখনই তাহারা সেই দেশ জয় করিয়া পৃথিবীতে অতুল সায়াজ্য স্থাপন করিয়াছিল। তাহারা কেবল দুই দেশ হইতে পরাভূত হইয়া বহিৎকৃত হয়। পশ্চিমে ফ্রান্স, প্রের্ব ভারতবর্ষ। আরব্যেরা মিশর ও শিরিয় দেশ মহম্মদের মৃত্যুর পর ছয় বৎসর মধ্যে, পারস্য দশ বৎসরে, আফ্রিকা ও দেপন এক এক বৎসরে, কাব্ল অভ্যাদশ বৎসরে, তুর্কস্থান আট বৎসরে সম্পূর্ণরূপে অধিকৃত করে। কিন্তু তাহারা ভারতবর্ষ জয়ের জন্য তিন শত বৎসর পর্যান্ত যয় করিয়াও ভারতবর্ষ হস্তগত করিতে পারে নাই। মহম্মদ বিনকাসিম সিয়্মদেশ অধিকৃত করিয়াছিলেন বটে, কিন্তু তিনি রাজপ্রতানা হইতে পরাভূত হইয়া বহিৎকৃত হইয়াছিলেন এবং তাঁহার মৃত্যুর কিছুবাল পরে সিয়্ম রাজপ্রতাল কর্ত্বক প্রনরধিকৃত হইয়াছিল। ভারত জয় দিশ্বিজয়ী আরব্যাদিগের সাধ্য হয় নাই। এলফিন্টোন বলেন যে, হিন্দুদিগের দেশীয় ধন্মের প্রতি দ্যান্রগাই এই অজেয়তার কারণ। আমরা বলি রণনৈপ্রণ্য,—যোধশক্তি। হিন্দুদিগের আত্মধন্মান্রগা অদ্যাপিত বলবৎ। তবে কেন হিন্দুরা সাত শত বৎসর পরাজিত—পদানত?

দ্বিতীয়, যখন কোন প্রাচীন দেশের নৈকটো নবাভাদয়বিশিষ্ট এবং বিজয়াভিলাষী জাতি অবস্থিতি করে, তখন প্রাচীন জাতি প্রায় নবীনের প্রভূষাধীন হইয়া যায়। এইরপে সর্ববিস্তকারী বিজয়াভিলাষী জাতি প্রাচীন ইউরোপে রোমকেরা, আসিয়ায় আরব্য ও তুরকীয়েরা। যে যে জাতি ইহাদিগের সংস্রবে আসিয়াছে, তাহারাই পরাভূত হইয়া ইহাদিগের অধীন হইয়াছে। কিন্তু তন্মধ্যে হিন্দুরা যত দূরে দুর্জেয় হইয়াছিল, এতাদুশ আর কোন জাতিই হয় নাই। আরবাগণ কন্তক যত অলপকালমধ্যে মিশর, উত্তর আফ্রিকা, স্পেন, পারসা, তুরক, এবং কাব,লরাজ্য উচ্ছিল্ল হইয়াছিল, তাহা প্রেবেই কথিত হইয়াছে। তদপেক্ষা স্ক্রিখ্যাত কতিপয় সামাজ্যের উদাহরণ দেওয়া যাইতে পারে। রোমকেরা প্রথম ২০০ খ্রীষ্ট-পূর্ব্বাব্দে গ্রীস আক্রমণ করে। তদবধি ৫২ বংসর মধ্যে ঐ রাজ্য একেবারে নিঃশেষ বিজিত হয়। সুবিখ্যাত কার্থেজ রাজ্য ২৬৪ খ্রীন্ট-পূর্ব্বাব্দে প্রথম রোমকদিগের সহিত সংগ্রামে প্রবৃত্ত হয়। ১৪৬ খ্রীন্ট-প্রবাবেদ, অর্থাৎ এক শত বিশ বৎসর মধ্যে সেই রাজ্য রোমকগণ কর্ত্তক ধরংসিত হয়। প্রব রোমক বা গ্রীক সামাজ্য চতুর্দ্দশ শতাব্দীর প্রথম ভাগে তুরকীয়গণ কর্ত্তক আক্রান্ত হইয়া ১৪৫৩ খ্রীষ্টাব্দে, অর্থাৎ পঞ্চাশৎ বংসর মধ্যে তুরকী দ্বিতীয় মহন্মদের হস্তে বিলাপ্ত হয়। পশ্চিম রোমক, যাহার নাম অদ্যাপি জগতে বীরদপের পতাকাস্বরূপ, তাহাই ২৮৬ খ্রীষ্টাব্দে উত্তরীয় বর্ষ্ণরজ্ঞাতি কর্তৃক প্রথম আলান্ত হইয়া ৪৭৬ খ্রীষ্টাব্দে, অর্থাৎ প্রথম বর্ষ্ণর বিপ্লবের ১৯০ বংসর মধ্যে ধ্বংসপ্রাপ্ত হয়। ভারতবর্ষ ৬৬৪ খ্রীষ্টাব্দে আরব্য মুসলমানগণ কর্ত্তক প্রথম আক্রান্ত হয়। তদব্দ হইতে পাঁচ শত উনব্রিশ বংসর পরে শাহাব্যুন্দীন ঘোরী কর্ত্তক উত্তরভারত অধিকৃত হয়। শাহাব, দ্দীন বা তাঁহার অনুচরেরা আরব্যজাতীয় ছিলেন না। আরব্যেরা যেরূপ বিফলষত্ন হইয়াছিল, গজনী নগরাধিষ্ঠাতা তুরকীয়েরা তদুপে। যাহারা পৃথনীরাজ, জয়চন্দ্র এবং সেনরাজা প্রভৃতি হইতে উত্তরভারতরাজ্য অপহরণ করে, তাহারা পাঠান বা আফগান। আরব্যদিগের প্রথম ভারতাক্রমণের ৫২৯ বংসর ও তরকীদিগের প্রথম ভারতাক্রমণের ২১৩ বংসর পরে, তৎস্থানীয় পাঠানেরা ভারতরাজ্যাধিকার করিয়াছিল। পাঠানেরা কখনই আরব্য বা তরকীবংশীয়দিগের ন্যায় সমৃদ্ধিসম্পত্ন বা প্রতাপান্বিত নহে। তাহারা কেবল প্র্বেগত আরব্য ও তুরকীদিগের সূচিত

বঙ্কিম রচনাবলী

কার্য্য সম্পন্ন করিরাছিল। আরব্য, তুরকী, এবং পাঠান, এই তিন জ্ঞাতির যত্ন-পারম্পর্য্যে সার্দ্ধ পাঁচ শত বংসরে ভারতবর্ষের স্বাধীনতা লুপ্ত হয়।*

মনুসলমান সাক্ষীরা এইর্প বলে। ইহাও সমরণ রাখা কর্ত্তব্য যে, ইহাদের নিকট হিন্দ্ররা যখন পরিচিত হইয়াছিলেন, তখন হিন্দ্রদিগের সনুসময় প্রায় অতীত হইয়াছিলে,—রাজলক্ষ্মী ক্রমে ক্রমে মলিনা হইয়া আসিয়াছিলেন। খ্রীষ্টীয় অন্দের প্র্রেগত হিন্দ্রয়া অধিকতর বলবান্ ছিলেন, তদ্বিষয়ে সন্দেহ নাই।

সেই সময়ে গ্রীকদিগের সহিত পরিচয়। তাহারা নিজে অদ্বিতীয় বলবান্। তাহারা ভূয়োভূয়ঃ ভারতবধীর্মিদেগের সাহস ও রলনৈপ্র্ণার প্রশংসা করিয়াছে। মাকিদনীয় বিপ্রব বর্ণনিকালে তাহারা এইর্প প্রঃ প্রঃ নির্দেশ করিয়াছে যে, আসিয়া প্রদেশে এইর্প রণ-পশ্ডিত দ্বিতীয় জাতি তাহারা দেখে নাই। এবং হিন্দ্রণ কর্ত্বক যের্প গ্রীকসৈন্যহানি হইয়াছিল, এর্প অন্য কোন জাতি কর্ত্বক হয় নাই। প্রাচীন ভারতবধীর্মিদেগের রণদক্ষতা সম্বন্ধে যদি কাহারও সংশয় থাকে, তবে তিনি ভারতবর্ষের বৃত্তান্তলেথক গ্রীকদিগের গ্রন্থ পাঠ করিবেন।

ভারতভূমি সর্ব্রত্নপ্রসিবনী, পররাজগণের নিতান্ত লোভের পানী। এই জন্য সর্ব্বালে নানা জাতি আসিয়া উত্তর পশ্চিমে পাব্বতিদ্বারে প্রবেশলাভ প্র্বক ভারতাধিকারের চেটা পাইয়াছে। পারসীক, যোন, বাহিবুক, শক, হ্ন, আরব্য, তুরকী সকলেই আসিয়াছে. এবং সিদ্ধুপারে বা তদ্ভয় তীরে স্বলপ প্রদেশ কিছু দিনের জন্য অধিকৃত করিয়া, পরে বহিৎকৃত ইয়াছে। পণ্ডদশ শতাব্দী কাল পর্যন্ত আর্যেরা সকল জাতিকে শীঘ্র বা বিলম্বে দ্রীকৃত করিয়া আত্মদেশ রক্ষা করিয়াছিল। পণ্ডদশ শত বংসর পর্যান্ত প্রবল জাতি মান্তেরই আক্রমণ-ছলীভূত হইয়া এতকাল যে স্বতন্ত্রতা রক্ষা করিয়াছে, এর্প অন্য কোন জাতি প্থিবীতে নাই. এবং কথন ছিল কি না সন্দেহ। অতি দীর্ঘকাল পর্যান্ত যে হিন্দুন্দিগের সম্বাদ্ধ অক্ষয় হইয়াছিল, তাহাদিগের বাহুবলই ইহার কারণ, সন্দেহ নাই। অন্য কারণ দেখা যায় না।

এই সকল প্রমাণ সত্ত্বেও সর্বাদা শানা যায় যে, হিন্দারা চিরকাল রণে অপারগ। অদ্রদশী-দিগের নিকট ভারতবর্ষের এই চিরকলঙ্কের তিনটি কারণ আছে।

প্রথম,—হিন্দু ইতিব্ত নাই;—আপনার গুলগান আপনি না গায়িলে কে গায়? লোকের ধর্ম্ম এই যে, যে আপনাকে মহাপার্ব্য বলিয়া পরিচিত না করে, কেহ তাহাকে মানাষের মধ্যে গণ্য করে না। কোন্ জাতির স্থায়তি কবে অপর জাতি কর্তৃক প্রচারিত হইয়াছে? রোমকদিগের রণ-পান্ডিত্যের প্রমাণ—রোমকলিখিত ইতিহাস। গ্রীকদিগের যোদ্ধ্যানের পরিচয়,—গ্রীকলিখিত গ্রন্থ। মাসলমানেরা যে মহারণকুশল, ইহাও কেবল মাসলমানের কথাতেই বিশ্বাস করিয়া জানিতে পারিতেছি। কেবল সে গানে হিন্দুদিগের গোরব নাই—কেন না, সেক্থার হিন্দু সাক্ষী নাই।

দ্বিতীয় কারণ—যে সকল জাতি পররাজ্যাপহারী, প্রায় তাহারাই রণপণিডত বলিয়া অপর জাতির নিকট পরিচিত হইয়াছে। যাহারা কেবল আত্মরক্ষা মাত্রে সন্তুষ্ট হইয়া. পররাজ্য লাভের কখন ইচ্ছা করে নাই, তাহারা কখনই বীরগোরব লাভ করে নাই। ন্যায়নিষ্ঠা এবং বীরগোরব একাধারে সচরাচর ঘটে না। অদ্যাপি এ দেশীয় ভাষায় "ভাল মান,্য" শব্দের অর্থ—ভীর্-ম্বভাবের লোক, অকম্মা। "হরি নিতান্ত ভাল মান,য" অর্থ—হরি নিতান্ত অপদার্থ!

হিন্দরাজগণ যে একেবারে পররাজ্যে লোভশনো ছিলেন, এমত আমরা বলি না। তাঁহারা পরস্পরকে আক্রমণ করিতে কখন বৃটি করিতেন না। কিন্তু ভারতবর্ষ, হিন্দর্রাজ্যকালে ক্ষ্মদ্র ক্ষমে একেল বিভক্ত ছিল। ভারতবর্ষ এতাদ্শ বিস্তৃত প্রদেশ যে, ক্ষ্মদ্র মন্ডলাধিকারী রাজগণ কখন কেহ তাহার বাহিরে দেশজয়ে যাইবার বাসনা করিতেন না; কোন হিন্দ্রাজ্ঞা কস্মিন্ কালে সমগ্র ভারত সামাজ্যভুক্ত করিতে পারেন নাই। দ্বিতীয়তঃ, হিন্দ্রা যবন দ্বেচ্ছ প্রভৃতি অপর ধন্মাবলদ্বী জাতিগণকে বিশেষ ঘৃণা করিতেন; তাহাদিগের উপর প্রভৃত্ব করিবার কোন প্রয়াস করিতেন, এমত সম্ভাবনা নহে; বরং তদ্দেশ-জয়ে যাত্রা করিলে আপন জাতি-ধন্ম বিনাশের শঙ্কা করিবারই সম্ভাবনা। অতএব সক্ষম হইলেও হিন্দ্রের ভারতবর্ষের বাহিরে বিজয়াকাৎক্ষায়

^{*} পশ্চিমাংশে আরব্য ও তুরকীরেরা কিছ্ম ভূমি অধিকার করিরাছিল মান্ত।

বিবিধ প্রবন্ধ-ভারত-কলৎক

যাইবার কোন সম্ভাবনা ছিল না। সত্য বটে, এক্ষণকার কাব্ল রাজ্যের অধিকাংশ প্রেকালে হিন্দ্রোজ্যভূক্ত ছিল, কিন্তু সে প্রদেশ তৎকালে ভারতবর্ষের একাংশ বলিয়া গণ্য হইত।

প্রাচীন হিন্দ্র্দিগের এ কলন্ডের তৃতীয় কারণ—হিন্দ্রনা বহুদিন হইতে পরাধীন। যে জাতি বহুকাল পরাধীন, তাহাদিগের আবার বীরগোরব কি? কিন্তু এক্ষণকার হিন্দ্র্দিগের বীর্যার কি? প্রাচীন একে দেশেই দেখা যায় যে, প্রাচীন এবং আধ্বনিক লোকের মধ্যে চরিত্রগত সাদৃশ্য অধিক নহে। ইটালি ও গ্রীস, ভারতবর্ষের ন্যায় এই কথার উদাহরণস্থল। মধ্যকালিক ইটালীয়, এবং বর্ত্তমান গ্রীকদিগের চরিত্র হইতে প্রাচীন রোমক ও গ্রীকদিগকে কাপ্ররুষ বলিয়া সিদ্ধ করা যাদৃশ অন্যায়, আধ্বনিক ভারতব্যার্থিদিগের পরাধীনতা হইতে প্রাচীনদিগের বললাঘ্ব সিদ্ধ করা তাদৃশ অন্যায়।

আমরা এমতও বলি না যে, আধুনিক ভারতব্যীরেরা নিতান্ত কাপুরে, য, এবং সেই জন্য এতকাল প্রাধীন। এ প্রাধীনতার অন্য কারণ আছে। আমরা তাহার দুইটি কারণ সবিস্তারে এ স্থলে নিশ্পিষ্ট করি।

প্রথম, ভারতবয়ীয়ের। স্বভাবতই স্বাধীনতার আকাৎক্ষারহিত। স্বদেশীয়, স্বজাতীয় লোকে আমাদিগকে শাসিত কর্ক, পরজাতীয়দিগের শাসনাধীন হইব না, এর্প অভিপ্রায় ভারতব্যী মদিগের মনে আইসে না। স্বজাতীরের রাজাশাসন মঙ্গলকর বা সূথের আকর, পরজাতীয়ের রাজদন্ড পীড়াদায়ক বা লাঘবের কারণ, এ কথা তাহাদের বড় হদয়সঙ্গত নহে। পরতল্যতা অপেক্ষা স্বতল্যতা ভাল. এরপে একটা তাহাদিগের বোধ থাকিলে থাকিতে পারে, কিন্তু সোটি বোধমাত্র—সে জ্ঞান আকাৎক্ষায় পরিণত নহে। অনেক বস্তু আমাদিগের ভাল বলিয়া জ্ঞান থাকিতে পারে, কিন্তু সে জ্ঞানে তংপ্রতি সকল স্থানে আকাণ্ক্ষা জন্মে না। কে না হরিশ্চন্দের দাতৃত্ব বা কাশিয়িসের দেশবাৎসলোর প্রশংসা করে? কিন্তু তাহার মধ্যে কয়জন হরিশ্চন্দের ন্যায় সন্বত্যাগী বা কাশিরিসের ন্যায় আত্মঘাতী হইতে প্রস্তুত? প্রাচীন বা আধুনিক ইউরোপীয় জাতীয়দিগের মধ্যে স্বাতন্ত্র্যপ্রিয়তা বলবতী আকাৎক্ষায় পরিণত। তাঁহাদিগের বিশ্বাস যে, স্বতন্ত্রতা ত্যাগের অগ্রে প্রাণ এবং সন্বর্ণেব ত্যাগ কর্ত্তব্য। হিন্দুদের মধ্যে তাহা নহে। তাঁহাদিগের বিবেচনা "যে ইচ্ছা রাজা হউক, আমাদের কি?" প্রজাতীয় রাজা, পরজাতীয় রাজা, উভয় সমান। স্বজাতীয় হউক, পরজাতীয় হউক, সুশাসন করিলে দুই সমান। স্বজাতীয় রাজা সুশাসন করিবে, পরজাতীয় সুশাসন করিবে না, তাহার স্থিরতা কি? যদি তাহার স্থিরতা নাই, তবে কেন স্বজাতীয় রাজার জন্য প্রাণ দিব? রাজ্য রাজার সম্পত্তি। তিনি রাখিতে পারেন রাখান। আমাদিগের পক্ষে উভয় সমান। কেহই আমাদিগের ষষ্ঠ ভাগ ছাড়িবে না কেহই চোরকে প্রুক্ত করিবে না। যে রাজা হয় হউক, আমরা কাহারও জন্য অঙ্গুলি ক্ষত করিব না।*

আমরা এক্ষণে স্বাতন্তাপর ইংরেজদিগের নিকট শিক্ষাপ্রাপ্ত হইয়া এই সকল কথার দ্রম দেখিতে পাইতেছি। কিন্তু ইহা অস্বাভাবিক নহে, এবং ইহার দ্রান্তি সহজে অনুমেয়ও নহে। স্বভাববশতঃ কোন জাতি অসভাকাল হইতেই স্বাতন্ত্র্যাপ্রয়; স্বভাববশতঃ কোন জাতি সনুসভা হইয়াও তৎপ্রতি আন্থান্য। এই সংসারে অনেকগ্রলিন স্পৃহনীয় বস্তু আছে; তন্মধ্যে সকলেই সকল বস্তুর জন্য বস্থবান্ হয় না। ধন এবং যশঃ উভয়েই স্পৃহনীয়। কিন্তু আময়া সচরাচর দেখিতে পাই, এক ব্যক্তি ধনসপ্তয়েই রত, যশের প্রতি তাহার অনাদর; অনা ব্যক্তি যশোলিশ্রে, ধনে হতাদর। রাম ধনসপ্তয়ে একরত হইয়া কার্পন্য, নীচাশয়তা প্রভৃতি দোবে যশোহানি করিতেছে; বদ্ব অমিত ধনরাশি নন্ট করিয়া দাত্ত্বাদি গ্রেগে যশঃ সপ্তয় করিতেছে। রাম দ্রান্ত,

^{*} আমরা এমত বলি না যে, ভারতবর্ষে কখন কোন স্বাতন্ত্যাভুক্ত জাতি ছিল না। মীবাররাজপুত্রদিগের অপুন্র্য কাহিনী বাঁহারা টডের গ্রন্থে অবগত হইয়াছেন, তাঁহারা জানেন যে, ঐ রাজপুত্রগণ
হইতে স্বাতন্ত্যান্মন্ত জাতি কখন প্রথবীতে দেখা দের নাই। সেই স্বাতন্ত্যাপ্রিয়তার ফলও চমংকার।
মীবার ক্ষুদ্র রাজ্য হইয়াও ছয় শত বংসর পর্যান্ত মুসলমান সাম্লাজ্যের মধ্যস্থলে স্বাধীন হিন্দ্র রাজ্বপতাকা উড়াইয়াছে। আকবর বাদসাহের বাহুবলও মীবার ধ্বংসে সক্ষম হয় নাই। অদ্যাপি উদয়পুরের
রাজবংশ প্রথবীর মধ্যে প্রাচীন রাজবংশ বলিয়া বিখ্যাত। কিন্তু এক্ষণে আর সে দিন নাই। সে রামও
নাই, সে অবোধ্যাও নাই। উপরে আমরা বাহা বলিয়াছি, তাহা সাধারণ হিন্দুসম্বন্ধে ব্রথার্থ।

কি ষদ্ধ প্রান্ত, তাহার মীমাংসা নিতান্ত সহজ নহে। অন্ততঃ ইহা দ্পির যে, উভয়মধ্যে কাহারও কার্য্য স্বভাববির্দ্ধ নহে। সেইর্প গ্রীকেরা স্বাধীনতাপ্রিয়; হিন্দর্রা স্বাধীনতাপ্রিয় নহে, শান্তিস্থের অভিলাষী; ইহা কেবল জাতিগত স্বভাববৈচিত্রের ফল, বিস্ময়ের বিষয় নহে।

কিন্তু অনেকে এ কথা মনে করেন না। হিন্দর্রা যে পরাধীন, স্বাধীনতালাভের জন্য উৎস্ক নহে, ইহাতে তাঁহারা অন্মান করেন যে, হিন্দর্রা দ্বর্ধল, রণভীর, স্বাধীনতা লাভে অক্ষম; এ কথা তাঁহাদের মনে পড়ে না যে, হিন্দর্রা সাধারণতঃ স্বাধীনতা লাভে অভিলাষী বা যত্নবান্ নহে। অভিলাষী বা যত্নবান্ হইলেই লাভ করিতে পারে।

স্বাতনের অনাস্থা, কেবল আধুনিক হিন্দুবিদেগের স্বভাব, এমত আমরা বলি না; ইহা হিন্দুবাতির চিরুপ্রভাব বোধ হয়। যিনি এমত বিবেচনা করেন যে, হিন্দুরা সাত শত বংসর স্বাতন্ত্রহীন হইয়া, এক্ষণে তিষিয়য় আকাশ্কাশ্না হইয়াছে, তিনি অয়থার্থ অনুমান করেন। সংস্কৃত সাহিত্যাদিতে কোথাও এমন কিছু পাওয়া য়য় না য়ে, তাহা হইতে প্র্বতন হিন্দুবাদকে স্বাধীনতাপ্রয়াসী বলিয়া সিদ্ধ করা যাইতে পারে। প্রাণোপপ্রাণ কাব্য নাটকাদিতে কোথাও স্বাধীনতার গ্রণগান নাই। মীবার ভিন্ন কোথাও দেখা য়য় না য়ে, কোন হিন্দুসমাজ স্বাতন্ত্রের আকাশ্কায় কোন কার্ম্যে প্রবৃত্ত হইয়াছে। রাজার রাজ্য সম্পত্তি রক্ষায় য়য়, বীরের বীরদর্প, ক্ষত্রিয়য় য়য়ৣয়সা, এ সকলের ভূরি ভূরি উল্লেখ দেখিতে পাওয়া য়য়। কিন্তু স্বাতন্ত্র্য লাভাকাশ্কা সে সকলের মধ্যগত নহে। স্বাতন্ত্র্য, স্বাধীনতা, এ সকল নৃতন কথা।

ভারতবর্ষীর্যাদগের এইর্প স্বভাবসিদ্ধ স্বাতশ্রে অনাস্থার কারণান্সন্ধান করিলে তাহাও দ্বুজের নহে। ভারতবর্ষের ভূমির উর্ব্বরতাশক্তি এবং বায়্বর তাপাতিশযা প্রভৃতি ইহার গোণ কারণ। ভূমি উর্ব্বরা, দেশ সন্বসামগ্রী-পরিপ্র্ণ্, অপপায়াসে জীবনযাত্রা নিব্বাহ হয়। লোককে অধিক পরিশ্রম করিতে হয় না, এ জন্য অবকাশ যথেণ্ট। শারীরিক পরিশ্রম হইতে অধিক অবকাশ হইলে, সহজেই মনের গতি আভান্তরিক হয়; ধ্যানের বাহ্বল্য ও চিন্তার বাহ্বল্য হয়। তাহার এক ফল কবিষ। জগন্তত্বে পাশ্ডিত্য। এই জন্য হিন্দুরা অপপকালে অন্বিতীয় কবি এবং দার্শনিক হইয়াছিলেন। কিন্তু মনের আভান্তরিক গতির দ্বিতীয় ফল বাহ্য স্ব্রে অনাস্থা। বাহ্য স্ব্রে অনাস্থা হইলে স্বতরাং নিশ্চেন্টতা জন্মবে। স্বাতন্দ্যে অনাস্থা এই স্বাভাবিক নিশ্চেন্টতার এক অংশ মাত্র। আর্য্য ধর্ম্মতত্ত্বে, আর্য্য দর্শনশান্দের এই অচেন্টাপরতা সন্বর্ধ বিদ্যামান। কি বৈদিক, কি বৌদ্ধ, কি পোরাণিক ধর্ম্ম, সকলেই এই নিশ্চেন্টতারই সম্বর্জনাপরিপ্র্ণা। বেদ হইতে বেদান্ত সাংখ্যাদি দর্শনের উৎপত্তি; তদন্মারে লয় বা ভোগক্ষান্তিই মাক্ষ; নিম্কামন্থই প্র্যা। বৌদ্ধধ্যের সার,—নির্বাণ্ট ম্বিক্ত।

এক্ষণে জিজ্ঞাসা হইতে পারে যে, হিন্দ্,জাতি যদি চিরকাল স্বাতন্দ্রো হতাদর, তবে মনুসলমানকৃত জয়ের প্রেব সাদ্ধ সহস্র বংসর তাহারা কেন যত্ন করিয়া প্রনঃ প্রজাতি বিম্থ প্রেব স্বাধীনতা রক্ষা করিয়াছিল? পরজাতিগণ সহজে কখন বিম্থ হয় নাই, অনেক কন্টে হইয়া থাকিবে। যে স্থের প্রতি আস্থা নাই, সে স্থের জন্য হিন্দ্রসমাজ কেন এত কন্ট স্বীকার করিয়াছিল?

উত্তর, হিন্দ্রসমাজ যে কথন শক যবন প্রভৃতিকে বিমন্থীকরণ জন্য বিশেষ যত্নবান হইয়াছিল, তাহার প্রমাণ কোথাও নাই। হিন্দ্রাজগণ আপনার রাজ্যসম্পত্তি রক্ষার জন্য যত্ন করিয়াছিলেন, তাহাদিগের সংগৃহীত সেনায় যাল করিত; যথন পারিত, শার্ বিমন্থ করিত, তাহাতেই দেশের স্বাতন্ত্য রক্ষা হইত; তত্তিম যে "আমাদের দেশে ভিম্নজাতীয় রাজা হইতে দিব না" বিলয়া সাধারণ জনগণ কথন উৎসাহযাক বা উদ্যমশালী হইয়াছিল, ইহার প্রমাণ কোথাও নাই। বরং তিছিপরীতই প্রকৃত বিলয়া বিবেচনা হয়। যথনই সমরলক্ষ্মীর কোপদ্ভিপ্রভাবে হিন্দ্র রাজা বা হিন্দ্র সেনাপতি রণে হত হইয়াছেন, তথনই হিন্দ্রসেনা রণে ভঙ্গ দিয়া পলায়ন করিয়াছে, আর যারকে সমবেত হয় নাই। কেন না, আর কাহার জন্য যাল করিবে? যথনই রাজা নিধনপ্রাপ্ত বা অন্য কারণে রাজ্য রক্ষায় নিশেচন্ট ইইয়াছেন, তথনই হিন্দ্রযাল সমাধা হইয়াছে। আর কেহ তাহার স্থানীয় হইয়া স্বাতন্ত্য পালনের উপায় করেন নাই; সাধারণ সমাজ হইতে অরক্ষিত রাজ্যরক্ষায় কোন উদ্যম হয় নাই। যথন বিধির বিপাকে যবন বা পারসীক, শক বা বাহিন্নক, কোন প্রদেশখন্তের রাজ্যকে রণে পরাজিত করিয়া তাহার সিংহাসনে বিসয়াছে, প্রজাগণ তথনই তাহাকে পূর্বপ্রভর্ব

তুল্য সমাদর করিয়াছে, রাজ্যাপহরণে কোন আপত্তি করে নাই। তিন সহস্র বংসরের অধিক কাল ধরিয়া, আর্যের সঙ্গে আর্যাঞ্জাতীয়, আর্যাঞ্জাতীয়দের সঙ্গে ভিন্নজাতীয়, ভিন্নজাতীয়ের সঙ্গে ভিন্নজাতীয়;—মগথের সঙ্গে কান্যকুজে, কান্যকুজের সঙ্গে দিল্লী, দিল্লীর সঙ্গে লাহোর, হিন্দুরে সঙ্গে পাঠান, পাঠানের সঙ্গে মোগল, মোগলের সঙ্গে ইংরেজ;—সকলের সঙ্গে সকলে বিবাদ করিয়া, চিরপ্রজর্বালত সমরানলে দেশ দক্ষ করিয়াছে। কিন্তু সে সকল কেবল রাজায় রাজায় বৃদ্ধ; সাধারণ হিন্দুসমাজ কথন কাহারও হইয়া কাহারও সহিত বৃদ্ধ করে নাই। হিন্দুরাজগণ অথবা হিন্দুসমাজ কথন কাহারও হইয়া ভিন্নজাতি কর্তৃক জিত হইয়াছে, কিন্তু সাধারণ হিন্দুসমাজ বে কখন কোন পরজাতির সঙ্গে হুইয়াছে, এমত বলা বাইতে পারে না; কেন না সাধারণ হিন্দুসমাজ কখন কোন পরজাতির সঙ্গে বৃদ্ধ করে নাই।

এই বিচারে হিন্দ্রজাতির দীর্ঘকালগত পরাধীনতার দ্বিতীয় কারণ আসিয়া পড়িল। সে কারণ,—হিন্দ্রসমাজের অনৈক্য, সমাজমধ্যে জাতি-প্রতিষ্ঠার অভাব, জাতি-হিতৈষণার অভাব,

অথবা অন্য যাহাই বল্ক। আমরা সবিস্তারে তাহা ব্ঝাইতেছি।

আমি হিন্দা, তুমি হিন্দা, রাম হিন্দা, যদ হিন্দা, আরও লক্ষ লক্ষ হিন্দা আছে। এই লক্ষ লক্ষ হিন্দামেরেরই যাহাতে মঙ্গল, তাহাতেই আমার মঙ্গল। যাহাতে তাহাদের মঙ্গল নাই, আমারও তাহাতে মঙ্গল নাই। অতএব সকল হিন্দার যাহাতে মঙ্গল হয়, তাহাই আমার কর্ত্তব্য। যাহাতে কোন হিন্দার অমঙ্গল হয়, তাহা আমার অকর্ত্তব্য। যেমন আমার এইর্প কর্ত্তব্য আর এইর্প অকর্ত্তব্য, তোমারও তদ্রপ, রামের তদ্রপ, যদ্ববও তদ্রপ, সকল হিন্দারই তদ্রপ। সকল হিন্দারই যদি একর্প কার্য্য হইল, তবে সকল হিন্দার কর্ত্তব্য যে একপরামাণী, একমতাবলম্বী, এক্র মিলিত হইয়া কার্য্য করে, এই জ্ঞান জ্যাতিপ্রতিষ্ঠার প্রথম ভাগ; অন্ধাংশ মার।

হিন্দ্র্র্জাতি ভিন্ন পৃথিবীতে অন্য অনেক জাতি আছে। তাহাদের মঙ্গলমারেই আমাদের মঙ্গল হওয়া সম্ভব নহে। অনেক স্থানে তাহাদের মঙ্গল আমাদের অমঙ্গল। যেখানে তাহাদের মঙ্গল আমাদের অমঙ্গল। যেখানে তাহাদের মঙ্গল আমাদের অমঙ্গল। যেখানে তাহাছের মঙ্গল আহাতে না হয়, আমরা তাহাই করিব। ইহাতে পরজাতিপীড়ন করিতে হয়, করিব। অপিচ, যেমন তাহাদের মঙ্গলে আমাদের অমঙ্গল ঘটিতে পারে, তেমনি আমাদের মঙ্গলে তাহাদের অমঙ্গল হইতে পারে। হয় হউক, আমরা সেজন্য আত্মজাতির মঙ্গলসাধনে বিরত হইব না; পরজাতির অমঙ্গল সাধন করিয়া আত্মমঙ্গল সাধিতে হয়. তাহাও করিব। জাতিপ্রতিষ্ঠার এই দ্বিতীয় ভাগ।

দেখা যাইতেছে যে, এইর্প মনোব্তি নিষ্পাপ পরিশৃদ্ধ ভাব বলিয়া স্বীকার করা যাইতে পারে না। ইহার গ্রেত্বর দোষাবহ বিকার আছে। সেই বিকারে, জাতিসাধারণের এর্প দ্রান্তি জন্মে যে, পরজাতির মঙ্গলমাত্রেই স্বজাতির অমঙ্গল, পরজাতির অমঙ্গলমাত্রেই স্বজাতির মঙ্গল, বলিয়া বোধ হয়। এই কুসংস্কারের বশবন্তী হইয়া ইউরোপীয়েরা অনেক দৃঃখ ভোগ করিয়াছে। অনর্থক ইহার জন্যে অনেকবার সমরানলে ইউরোপ দশ্ধ করিয়াছে।

স্বজাতি-প্রতিষ্ঠা ভালই হউক বা মন্দই হউক, যে জাতিমধ্যে ইহা বলবতী হয়, সে জাতি অন্য জাতি অপেক্ষা প্রবলতা লাভ করে। আজি কালি এই জ্ঞান ইউরোপে বিশেষ প্রধান, এবং ইহার প্রভাবে তথায় অনেক বিষম রাজ্যবিপ্লব ঘটিতেছে। ইহার প্রভাবে ইটালি এক রাজ্যভূক্ত হইয়াছে। ইহাই প্রভাবে বিষম প্রতাপশালী নৃতন জন্মান সাম্লাজ্য স্থাপিত হইয়াছে। আরও কি হইবে বলা যায় না।

এমত বলি না যে, ভারতবর্ষে এই জাতিপ্রতিষ্ঠা কন্দ্রিন্ কালে ছিল না। ইউরোপীর পশ্ডিতেরা সিদ্ধান্ত করিয়াছেন যে, আর্যাজাতীয়েরা চিরকাল ভারতবর্ষবাসী নহে। অন্যত্র হইতে ভারতবর্ষে আসিয়া, তন্দেশ অধিকার করিয়াছিল। প্রথম আর্যাজয়ের সময়ে বেদাদির স্থিত হয়, এবং সেই সময়েকেই পশ্ডিতেরা বৈদিক কাল কহেন। বৈদিক কালে এবং তাহার অব্যবহিত পরেই জাতিপ্রতিষ্ঠা যে আর্যাগাদের মধ্যে বিশেষ বলবতী ছিল, তাহার অনেক প্রমাণ বৈদিক মন্ত্রাদিমধ্যে পাওয়া যায়। তংকালিক সমাজনিয়ভা ব্রাহ্মণেরা যেরপে সমাজ বিধিবদ্ধ করিয়াছিল, তাহাও ঐ জ্ঞানের পরিচয়ন্দ্রল। আর্যা বর্গে এবং শ্রের বিষম বৈলক্ষণা বিধিবদ্ধ হইয়াছে, তাহাও ইহার ফল। কিন্তু ক্রমে আর্যাবংশ বিস্তৃত হইয়া পড়িলে আর সে জাতিপ্রতিষ্ঠা রহিল না। আর্যাবংশীয়েরা বিস্তৃত ভারতবর্ষের নানা প্রদেশ অধিকৃত করিয়া স্থানে স্থানে এক এক খন্ড সমাজ স্থাপন করিল। ভারতবর্ষ এরপে বহুসংখ্যক খন্ড সমাজে বিভক্ত হইল।

र्वाष्क्रम ब्रह्मावनी

সমাজভেদ, ভাষার ভেদ, আচার ব্যবহারের ভেদ, নানা ভেদ, শেষে জাতিভেদে পরিণত ইইল। বাহ্মিক ইইতে পোশ্ব পর্যান্ত, কাশ্মীর ইইতে চোলা ও পাশ্ডা পর্যান্ত সমস্ত ভারত-ভূমি মক্ষিকা-সমাকুল মধ্চকের নাায় নানা জাতি, নানা সমাজে পরিপ্র্ণ ইইল। পরিশেষে, কপিলাবন্তুর রাজকুমার শাকাসিংহের হস্তে এক অভিনব ধর্মের স্ভিই ইইলে, অন্যান্য প্রভেদের উপর ধর্ম্মভেদ জিন্দা। ভিন্ন দেশ, ভিন্ন ভাষা, ভিন্ন রাজা, ভিন্ন ধর্ম্ম; আর একজাতীয়ত্ব কোথায় থাকে? সাগরমধ্যন্ত মীনদলবং ভারতব্যবিরেরা একতাশ্না ইইল। পরে আবার ম্সলমান আসিল। ম্সলমানদিগের বংশব্দ্দি ইইতে লাগিল। কালে সাগরোন্মির উপর সাগরোন্মিবং নৃত্ন নৃত্ন ম্সলমান সম্প্রদায়, পাশ্চাত্য পর্যবিত্যার ইইতে আসিতে লাগিল। দেশীয় লোকে সহস্রে রাজান্কম্পার লোভে বা রাজপাড়নে ম্সলমান ইইতে লাগিল। অতএব ভারতবর্ষ্বাসিগাণ ম্সলমান হিন্দ্র মিগ্রত ইইল। হিন্দ্র, ম্সলমান, মোগল, পাঠান, রাজপ্রত, মহারান্ত্র, একর কম্মা করিতে লাগিল। তথন জাতির ঐক্য কোথায়? ঐক্যক্তান কিসে থাকিবে?

এই ভারতবর্ষে নানা জাতি। বাসস্থানের প্রভেদে, ভাষার প্রভেদে, বংশের প্রভেদে, ধর্মের প্রভেদে, নানা জাতি। বাঙ্গালি, পঞ্জাবী, তৈলঙ্গী, মহারাষ্ট্রী, রাজপত্তে, জাঠ, হিন্দু, মত্রসলমান, ইহার মধ্যে কে কাহার সঙ্গে একতায়,ক্ত হইবে? ধর্ম্মগত ঐক্য থাকিলে বংশগত ঐক্য নাই, রংশগত ঐক্য থাকিলে ভাষাগত ঐক্য নাই. ভাষাগত ঐক্য থাকিলে নিবাসগত ঐক্য নাহ। রাজপ্রত জাঠ, এক ধন্মাবলন্বী হইলে, ভিন্নবংশীয় বলিয়া ভিন্ন জাতি: বাঙ্গালি বেহারী একবংশীয় হইলে, ভাষাভেদে ভিন্ন জাতি: মৈথিলি কনোজী একভাষী হইলে, নিবাসভেদে ভিন্ন জাতি। কেবল ইহাই নহে। ভারতবর্ষের এমনই অদুষ্ট, যেখানে কোন প্রদেশীয় লোক সর্স্বাংশে এক; যাহাদের এক ধর্ম্মা, এক ভাষা, এক জাতি, এক দেশ, তাহাদের মধ্যেও জাতির একতাজ্ঞান নাই। বাঙ্গালির মধ্যে বাঙ্গালিজাতির একতা বোধ নাই, শীকের মধ্যে শীকজাতির একতা বোধ নাই। ইহারও বিশেষ কারণ আছে। বহুকাল পর্য্যন্ত বহুসংখ্যক ভিন্ন জাতি এক বৃহৎ সাম্বাজ্যভুক্ত হইলে ক্রমে জাতিজ্ঞান লোপ হইতে থাকে। ভিন্ন ভিন্ন নদীর মুর্থানগতি জলরাশি যেমন সমুদ্রে আসিয়া পড়িলে, আর তন্মধ্যে ভেদজ্ঞান করা যায় না, বহুং সামাজ্যভক্ত ভিন্ন জাতিগণের সেইরূপ ঘটে। তাহাদিগের পার্থকা যায়, অথচ ঐক্য জন্মে না। রোমক সামাজ্যমধানত জাতিদিনের এইর প দশা ঘটিয়াছিল। হিন্দু দিনেরও তাহাই ঘটিয়াছে। জাতি-প্রতিষ্ঠা নানা কারণে ভারতবর্ষে অনেক দিন হইতে লোপ হইয়াছে। লোপ হইয়াছে বলিয়া কথন হিন্দ,সমাজ কর্ত্তক কোন জাতীয় কার্য্য সমাধা হয় নাই। লোপ হইয়াছে বলিয়া, সকল জাতীয় রাজাই হিন্দুরোজ্যে বিনা বিবাদে সমাজ কর্ত্তক অভিষিক্ত হইয়াছেন। এই জনাই স্বাতন্দ্রারক্ষার কারণ হিন্দুসমাজ কখন তম্জনীর বিক্ষেপত করে নাই।

ইতিহাসকীর্ত্তিত কালমধ্যে কেবল দুইবার হিন্দুসমাজমধ্যে জাতিপ্রতিষ্ঠার উদয় হইয়াছিল। একবার, মহারান্ট্রে শিবজী এই মহামন্ত্র পাঠ করিয়াছিলেন। তাঁহার সিংহনাদে মহারান্ট্র জাগারিত হইয়াছিল। তখন মহারান্ট্রীয়ে মহারান্ট্রীয়ে দ্রাত্তাব হইল। এই আন্চর্য্য মন্ত্রের বলে অজিত-পুর্ব মোগল সাম্রাজ্য মহারান্ট্রীয় কর্তৃক বিনন্ত হইল। চিরজ্বয়ী মুসলমান হিন্দু কর্তৃক বিজিত হইল। সমুদায় ভারতবর্ষ মহারান্ট্রের পদাবনত হইল। অদ্যাপি মার্হাট্রা, ইংরেজের সঙ্গে ভারতবর্ষ ভারতবর্য হিন্দু বিদ্যালয় বিশ্বের বিশ্বে

দিতীয় বারের ঐন্দ্রজালিক রণজিৎ সিংহ; ইন্দ্রজাল খালসা। জাতীয় বন্ধন দৃঢ় হইলে পাঠানদিগের স্বদেশেরও কিয়দংশ হিন্দরে হস্তগত হইল। শতদ্রপারে সিংহনাদ শর্নিয়া, নিভাকি ইংরেজও কম্পিত হইল। ভাগ্যক্রমে ঐন্দ্রজালিক মারল। পট্তর ঐন্দ্রজালিক ডালহোসির হস্তে খালসা ইন্দ্রজাল ভাঙ্গিল। কিন্তু রামনগর এবং চিলিয়ানওয়ালা ইতিহাসে লেখা রহিল।

যদি কদাচিং কোন প্রদেশখণেড জাতিপ্রতিষ্ঠার উদয়ে এতদ্রে ঘটিয়াছিল, তবে সম্দয় ভারত একজাতীয় বন্ধনে বন্ধ হইলে কি না হইতে পারিত?

ইংরেজ ভারতবর্ষের পরমোপকারী। ইংরেজ আমাদিগকে ন্তুন কথা শিখাইতেছে। যাহা আমরা কখন জানিতাম না, তাহা জানাইতেছে; যাহা কখন দেখি নাই, শ্নিন নাই, ব্রিঝ নাই, তাহা দেখাইতেছে, শ্নাইতেছে, ব্র্থাইতেছে; যে পথে কখন চাল নাই, সে পথে কেমন করিয়া চালতে হয়, তাহা দেখাইয়া দিতেছে। সেই সকল শিক্ষার মধ্যে অনেক শিক্ষা অম্লা। যে

বিবিধ প্রবন্ধ—ভারতবর্ষের স্বাধীনতা এবং প্রাধীনতা

সকল অম্লা রত্ন আমরা ইংরেজের চিত্তভান্ডার হইতে লাভ করিতেছি, তাহার মধ্যে দ্ইটির আমরা এই প্রবন্ধে উল্লেখ করিলাম—স্বাতন্ত্রাপ্রিয়তা এবং জাতিপ্রতিষ্ঠা।* ইহা কাহাকে বলে, তাহা হিন্দ্ধ জানিত না।

ভারতবর্ষের স্বাধীনতা এবং পরাধীনতা

মানুষের এমন দুরবস্থা কখন হইতে পারে না যে, তাহাতে শৃভ কিছুই দেখা যায় না। আমাদিগের গ্রহতর দুর্ভাগ্যেও কিছু না কিছু মঙ্গল খুঞ্জিয়া পাওয়া যায়। যে অশ্ভের মধ্যে শুভের অনুসন্ধান করিয়া তাহার আলোচনা করে সেই বিজ্ঞ। দুঃখও যে কেবল দুঃখ নহে, দুঃখের দিনে এ কথার আলোচনায় কিছু সুখ আছে।

ভারতবর্ষ প্রেব্ধ স্বাধীন ছিল—এখন অনেক শত বংসর হইতে পরাধীন। নব্য ভারত-বষীর্ষেরা ইহা ঘোরতর দৃঃখ মনে করেন। আমাদিগের ইচ্ছা যে, সেই প্রাচীন স্বাধীনতার এবং আধুনিক পরাধীনতার একবার তুলনা করিয়া দেখি। দেখি যে, দৃঃখই বা কি, সুখ কি।

কিন্তু স্বাধীনতা ও পরাধীনতা, এই সকল কথার তাৎপর্য্য কি, তাহা একবার বিবেচনা করা আবশ্যক হইতেছে। আমরা প্রাচীন ভারতবর্ষের সঙ্গে আধুনিক ভারতবর্ষের তুলনার প্রবৃত্ত হইয়াছি। তুলনার উদ্দেশ্য তারতম্য নিশ্দেশ। কিন্তু কোন্ বিষয়ের তারতম্য আমাদিগের অনুসন্ধানের বিষয়? প্রাচীন ভারত স্বাধীন, আধুনিক ভারত পরাধীন, এ কথা বলিয়া কি উপকার? আমাদিগের বিবেচনায়, এর্প তুলনায় একটি মাত্র উদ্দেশ্য এই হওয়া আবশ্যক য়ে, প্রাচীন ভারতে মনুষ্য সূখী ছিল, কি আধুনিক ভারতবর্ষে অধিক সনুখী?

এতক্ষণে অনেকৈ আমাদিগের প্রতি খণাহস্ত হইরাছেন। স্বাধীনতার যে স্থা, তাহাতে সংশ্র কি? যে সংশ্র করে, সে পাষণ্ড, নরাধম, ইত্যাদি। স্বীকার করি। কিন্তু স্বাধীনতা প্রাধীনতা অপেক্ষা কিসে ভাল, তাহা জিজ্ঞাসা করিলে, ইহার সদ্বের পাওরা ভার।

বাঙ্গালি ইংরেজি পড়িয়া এ বিষয়ে দুইটি কথা শিখিয়াছেন—''Liberty''
''Independence'', তাহার অনুবাদে আমরা স্বাধীনতা এবং স্বতগততা দুইটি কথা পাইয়াছি।
অনেকেরই মনে বোধ আছে যে, দুইটি শব্দে এক পদার্থকে বুঝায়। স্বজাতির শাসনাধীন
অবস্থাকেই ইহা বুঝায়, এইটি সাধারণ প্রতীতি। রাজা যদি ভিম্নদেশীয় হয়েন, তবে তাঁহার
প্রজাগণ পরাধীন, এবং সেই রাজা পরতশ্ব। এই হেতু, এক্ষণে ইংরেজের শাসনাধীন ভারতবর্ষকৈ
পরাধীন ও পরতশ্ব বলা গিয়া থাকে। এই জন্য মোগলাদিগের শাসিত ভারতবর্ষকে বা
সেরাজউন্দোল্লার শাসিত বাঙ্গালাকে পরাধীন বা পরতশ্ব বলা গিয়া থাকে। এইর্প সংস্কারের
সম্লকতা বিবেচনা করা যাউক।

মহারাদী ভিক্টোরিয়াকে ইংরেজকন্যা বলা যাইতে পারে, কিন্তু তাঁহার পূর্বপ্র্র্থ প্রথম বা দিতীয় জর্জ ইংরেজ ছিলেন না। তাঁহারা জন্মান। তৃতীয় উইলিয়াম ওলন্দাল ছিলেন। বোনাপার্টি কর্সিকার ইতালীয় ছিলেন। স্পেনের ভূতপূর্বে প্রাচীন বুবেবিংশীয় রাজারা ফরাদী ছিলেন। রোমসামাজ্যের সিংহাসনে অনেক বর্ষ্বরজাতীয় সম্মাট্ আরোহণ করিয়াছিলেন। এইর্প শত শত ঘটনার উল্লেখ করা যাইতে পারে। দেখা যাইতেছে, এই সকল রাজ্যে তন্তদবস্থায় রাজা ভিন্নজাতীয় ছিলেন। ঐ সকল রাজ্য তৎকালে পরাধীন বা পরতন্ত ছিল, বলা যাইতে পারে কি না? কেহই বলিবেন না, বলা যাইতে পারে। যদি প্রথম জর্জ-শাসিত ইংলন্ডকে বা ক্রেজান-শাসিত রোমকে পরাধীন বলা না গেল তবে শাহাজাঁহা-শাসিত ভারতবর্ষকে বা আলীবিন্দি-শাসিত বাঙ্গালাকে পরাধীন বলি কেন?

দেখা যাইতেছে যে, শাসনকর্ত্রা ভিন্নজাতীয় হইলেই রাজ্য পরতার হইল না। পক্ষান্তরে, শাসনকর্ত্রা স্বজাতীয় হইলেই রাজ্য যে স্বতার হয় না, তাহারও অনেক উদাহরণ দেওয়া যাইতে পারে। ওর্মিণটেনের কৃত যুদ্ধের পূর্বে আর্মোরকার শাসনকর্ত্রগণ স্বজাতীয় ছিল। উপনিবেশ মাত্রেরই প্রথমাবস্থায় শাসনকর্ত্ত্যা স্বজাতীয় হইয়া থাকে, কিন্তু সে অবস্থায় উপনিবেশ সকলকে কদাচ স্বতার বলা যায় না।

^{*} এই প্রবন্ধে জাতি শব্দে Nationality বা Nation ব্রবিতে হইবে।

তবে পরতন্ত্র কাহাকে বাল?

ইহা নিশ্চিত যে, ইংরেজের অধীন আধুনিক ভারত পরতক্ষ রাজ্য বটে। রোমকজিত রিটেন হইতে সিরিয়া পর্যন্ত রাজ্মসকল পরতক্ষ ছিল বটে। আলজিয়ার্স বা জ্ঞামেকা পরতক্ষ রাজ্য বটে। কিসে এই সকল রাজ্য পরতক্ষ? এ সকল এক একটি পৃথক্ রাজ্য নহে, ভিশ্ন-দেশবাসী রাজার রাজ্যের অংশ মাত্র। ভারতেশ্বরী ভারতবর্ষে থাকেন না—ভারতবর্ষের রাজ্য ভারতবর্ষে নাই। অন্য দেশে। যে দেশের রাজ্য অন্য দেশের সিংহাসনার্ট এবং অন্যদেশবাসী, সেই দেশ পরতক্ষ।

দুইটি রাজ্যের এক রাজা হইলে তাহার একটি পরতন্ত্র, একটি স্বতন্ত্র। যে দেশে রাজা

বাস করেন, সেইটি স্বতন্ত্র, যে দেশে বাস করেন না, সেইটি পরতন্ত্র।

এইর্প পরিভাষায় কতকগ্লি আপত্তি উত্থাপিত হইতে পারে। ইংলন্ডের প্রথম জেমস্, স্কটলন্ড ও ইংলন্ড দুই রাজ্যের অধীশ্বর হইয়া, স্কটলন্ড ত্যাগ করিয়া ইংলন্ডে বাস করিলেন। স্কটলন্ড কি ইংলন্ডকে রাজা দিয়া পরতন্ত্র হইল? বাবরশাহ, ভারত জয় করিয়া, দিয়্লীতে সিংহাসন স্থাপনপূর্বেক, তথা হইতে পৈতৃক রাজ্য শাসিত করিতে লাগিলেন—তাঁহার স্বদেশ কি ভারতবর্ষের অধীন হইল? প্রথম জর্জ ইংলন্ডের সিংহাসন প্রাপ্ত হইয়া, তথায় অধিষ্ঠান করিয়া, পৈতৃক রাজ্য হানোবর শাসিত করিতে লাগিলেন;—হানোবর কি তথন পরতন্ত্র হইয়াছিল?

পরিভাষার অনুরোধে আমাদিগকে বলিতে হইবে যে, প্রথম জেম্স্ বা প্রথম জর্জ বা প্রথম মোগলের প্রবর্গাজ্যের পরতক্ষতা ঘটিয়াছিল। কিন্তু পারতক্ষতা ঘটিয়াছিল মাত্র, পরাধীনতা ঘটে নাই। আমরা ''Independence'', শব্দের পরিবর্ত্তে স্বতক্ষতা, এবং ''Liberty' শব্দের স্থানে স্বাধীনতা শব্দ এবং তত্ত্তদভাব স্থানে তত্ত্ত্বদভাবসূচক শব্দ ব্যবহার করিতেছি।

তবে পারতন্ত্র্য এবং প্রাধীনতায় প্রভেদ কি? অথবা, স্বাতন্ত্র্য এবং স্বাধীনতায়

প্রভেদ কি?

ইংলাণ্ডে রাজনৈতিক স্বাধীনতার একটি বিশেষ প্রয়োগ প্রচলিত আছে, আমরা সে অর্থ অবলম্বন করিতে বাধ্য নহি। কেন না, সে অর্থ এই উপস্থিত বিচারের উপযোগী নহে। যে অর্থ ভারতব্যীরেরা বুঝেন, আমরাও সেই অর্থ বুঝাইব।

ভিন্নদেশীয় লোক, কোন দেশে রাজা হইলে একটি অত্যাচার ঘটে। যাঁহারা রাজার স্বজাতি, দেশীয় লোকাপেক্ষা তাঁহাদিগের প্রাধান্য ঘটে। তাহাতে প্রজা পরজাতিপীড়িত হয়। যেখানে দেশীয় প্রজা, এবং রাজার স্বজাতীয় প্রজার এইর্পে তারতমা, সেই দেশকে পুরাধীন বলিব।

যে রাজ্য পরজাতিপীড়নশ্না, তাহা স্বাধীন।

অতএব পরতন্ত্র রাজ্যকেও কখন স্বাধীন বলা যাইতে পারে। যথা, প্রথম জর্জের সময়ে হানোবর, মোগলদিগের সময়ে কাব্ল। প্রকান্তরে কখন স্বতন্ত্র রাজ্যকেও পরাধীন বলা যাইতে পারে; যথা, নন্দ্রানিদিগের সময়ে ইংলন্ড, উরজেবের সময়ে ভারতবর্ষ। আমরা কুতবর্ডিদ্দিনের অধীন উত্তর ভারতবর্ষকে প্রতন্ত্র ও পরাধীন বলি, আক্বরের শাসিত ভারতবর্ষকে স্বতন্ত্র ও স্বাধীন বলি।

সে বাহাই হউক, প্রাচীন ভারত স্বতদ্ম ও স্বাধীন; আধ্নিক ভারতবর্ব পরতদ্ম ও পরাধীন। প্রথমে স্বাতন্দ্র-পারতন্দ্রজন্য যে বৈষম্য ঘটিতেছে, তাহার আলোচনা করা বাউক—পশ্চাৎ স্বাধীনতা ও পরাধীনতার কথা বিবেচনা করা বাইবে। রাজা অন্যদেশবাসী হইলে দ্রুটি অনিচ্নপাতের সন্তাবনা; প্রথম, রাজা দ্রে থাকিলে স্মাসনের বিষ্মা হয়। দ্বিতীয়, রাজা যে দেশে অধিষ্ঠান করেন, সেই দেশের প্রতি তাঁহার অধিক আদর হয়, তাহার মঙ্গলার্থ দ্রেছ্ রাজ্যের অমঙ্গলও করিয়া থাকেন। এই দ্রুটি দোষ যে আধ্নিক ভারতবর্ষে ঘটিতেছে না, এমত নহে। মহারাণী ভিক্টোরিয়ার সিংহাসন দিল্লী বা কলিকাতায় ছাপিত হইলে, ভারতবর্ষের শাসনপ্রণালী উৎক্ষতির হইত, তাহার সন্দেহ নাই; কেন না, বাহা রাজার নিক্টবন্তী, তাহার প্রতি রাজপ্রমুদ্দিগের অধিক মনোবোগ হয়। দ্বিতীয় দেবিটিও ঘটিতৈছে। ইংলন্ডের সোরবার্থ আবিসিনিয়ায় বৃদ্ধ হইল, ব্যরের দায়ী ভারতবর্ষ। "হোমচার্জেস" বলিয়া যে বায় বজেটভূক্ত হয়, তাহার মধ্যে অনেকগন্নিই এইর্প ইংলন্ডের মঙ্গলের জন্য ভারতবর্ষের ক্ষতি স্বীকার। এইর্প অনেক আছে।

বিবিধ প্রবন্ধ—ভারতবর্ষের স্বাধীনতা এবং প্রাধীনতা

রাজা দ্রশিশুত বলিয়া আধ্নিক ভারতবর্ষের স্শাসনের বিষা ঘটে বটে, কিন্তু তেমন রাজা দ্বেছিচারী বলিয়া স্শাসনের যে সকল বিষা ঘটিবার সম্ভাবনা, তাহা ঘটে না। কোন রাজা ইন্দিরপরতন্দ্র,—অন্তঃপ্রেই বাস করেন, রাজ্য দ্বুদ্পোগ্রস্ত হইল। কোন রাজা নিষ্ঠার, কোন রাজা অর্থগ্যুম্ব। প্রাচীন ভারতবর্ষে এ সকলে গ্রন্তর ক্ষতি জন্মিত। আধ্নিক ভারতবর্ষে দ্রেস্থিত রাজা বা রাজ্ঞীর কোন প্রকার দোষ ঘটিলে, তাহার ফল ভারতবর্ষে ফলিবার সম্ভাবনা নাই।

দ্বিতীয়, যেমন আধুনিক ভারতবর্ষে ইংলন্ডের মঙ্গলের জন্য ভারতবর্ষের মঙ্গল কথন কথন নন্দ হয়, তেমনি প্রাচীন ভারতে রাজার আত্মস্থের জন্য রাজ্যের মঙ্গল নন্দ হইত। পৃথ্বীরাজ্য জয়চন্দ্রের কন্যা হরণ করিয়া আত্মস্থ বিধান করিলেন, তাহাতে উভর মধ্যে সমর্রাগ্ন প্রজন্তিত হইয়া, উভরের অপ্রীতি ও তেজোহানি ঘটিতে লাগিল। তিমিবন্ধন উভরেই ম্সলমানের হস্তে পতিত হইলেন। আধ্ননিক ভারতবর্ষে দ্রবাসী রাজার আত্মস্থের অন্বরাধ কোন অনিষ্ঠ-পাতের সম্ভাবনা নাই।

কিন্তু এটি কেবল পরতন্ত্রতা সন্বন্ধে উক্ত হইল, আমরা পরাধীনতা ও পরতন্ত্রতার প্রভেদ করিরাছি। ভারতবর্ষে ইংরেজের প্রাধান্য, এবং দেশীয় প্রজাসকল তাঁহাদিগের নিকট অবনত, তাঁহাদিগের স্থের জন্য কিরদংশে যে ভারতবাসীদিগের স্থের লাঘব ঘটিয়া থাকে, তাহা এ দেশীয় কোন লোকেই অস্বীকার করিবেন না। এর্প জাতির উপর জাতির প্রাধান্য প্রাচীন ভারতে ছিল না। ছিল না বটে, কিন্তু তন্ত্র্লা বর্ণপীড়ন ছিল। ইহা কেহই অস্বীকার করিবেন না যে, চিরকালই ভারতবর্ষের সাধারণ প্রজা শ্রু উৎকৃষ্ট বর্ণতার শ্রের তুলনায় অলপসংখ্যক ছিলেন। সেই বর্ণতারের মধ্যে রাহ্মণ ও ক্ষত্রিয় দেশের শাসনকর্তা। কিন্তু এ সকল কথা একট্ব সবিস্তারে লেখা আবশ্যক হইল।

লোকের বিশ্বাস আছে যে, প্রাচীন ভারতে কেবল ক্ষত্রিয়ই রাজা ছিলেন। বাস্তবিক তাহা নহে, রাজকার্য্য দুইে অংশে বিভক্ত ছিল। যুদ্ধাদির ভার ক্ষাত্রিয় জাতির প্রতি ছিল: রাজব্যবস্থা নির্ব্বাচন, বিচার ইত্যাদি কার্য্ব্যের ভার ব্রাহ্মণের উপর ছিল। এক্ষণে যেমন সিবিল ও মিলিটরি, এই দুই অংশে রাজকার্য্য বিভক্ত, তথনকার কর্ম্মভাগ কতকটা সেইর্পেই ছিল। রাক্ষণেরা সিবিল কর্মাচারী ক্রনিয়েরা মিলিট্রি। এখনও যেমন মিলিট্রি অপেকা সিবিল কর্মাচারী-দিদের প্রাধান্য, তখনও সেইরূপ ছিল; রাজপুরুষদিদের মধ্যে ক্ষান্নরেরাই রাজা নাম ধারণ করিতেন, কিন্তু কার্য্যতঃ তাঁহাদিগের উপরেও ব্রাহ্মণের প্রাধান্য ছিল। প্রাচীন ভারতে क्षितिराउतारे अन्तेमा ताङा ছिलान, এমত নহে। বোধ হয়, আদ্যকালে क्षितिराउतारे ताङ्गा ছिलान, কিন্ত বৌদ্ধকালে মৌর্য্য প্রভৃতি সংকরজাতীয় রাজবংশ দেখা যায়। চীনপরিরাজক হোয়েন্থ সাওঁ সিন্ধ্পারে ব্রাহ্মণ রাজা দেখিয়া গিয়াছিলেন। অন্যত্ত ব্রাহ্মণেরা রাজা নাম ধারণ করিয়াছিলেন। মধাকালে অধিকাংশ রাজাই রাজপুত। রাজপুতেরা ক্ষাত্রিরবংশসম্ভূত সংকরজাতি মাত্র। ক্ষত্রিয়দিগের প্রাধান্য, প্রাচীন ভারতে চিরকাল অপ্রতিহত ছিল না. রাহ্মণ-দিগের গোরব এক দিনের জন্য লঘ্ হয় নাই। বেদদ্বেষী বৌদ্ধাদিগের সময়েও রাজকার্য্য ব্রাহ্মণদিগের হস্ত হইতে অন্য হস্তে যায় নাই-কেন না, তাঁহারাই পশ্চিত, সু,শিক্ষিত, এবং কার্য্যক্ষম। অতএব প্রাচীন ভারতে ব্রাহ্মণেরাই প্রকৃতর্পে রাজপুরুষপদে বাচ্য। সুবিজ্ঞ ल्यक वाव, जाताश्रमाम हत्तोभाषग्राय तक्रम मागाजित এकि श्रवस्त्र यथार्थरे निधियाष्ट्रिमन त्य. ব্রাহ্মণেরাই প্রাচীন ভারতের ইংরেজ ছিলেন।

এক্ষণে জিল্লাস্য যে, আধ্বনিকু ভারতবর্ষে দেশী বিলাতিতে যে বৈষমা, তাহা প্রাচীন ভারতে

ব্রাহ্মণ শ্রের বৈষম্যের অপেক্ষা কি গ্রন্তর?

রাজা ভিন্নজাতীয় হইলে যে জাতিপীড়া জন্মে তাহা দুই প্রকারে ঘটে। এক রাজব্যবস্থাজনিত; আইনে বিধি থাকে যে, রাজার স্বজাতীয়গণের পক্ষে এই এই রূপ ঘটিবেক, দেশীয় লোকের পক্ষে অন্য প্রকার ঘটিবেক। দ্বিতীয়, স্বজাতিপক্ষপাতী রাজার ইচ্ছাজনিত; রাজপ্রসাদ রাজা স্বজাতিকে দিয়া থাকেন এবং তিনি স্বজাতিপক্ষপাতী বলিয়া রাজ্যের কার্য্যে স্বজাতিকেই নিযুক্ত করিয়া থাকেন। ইংরেজ-শাসিত ভারতে, এবং ব্রাহ্মণ-শাসিত ভারতে এই দুইটি দোষ কি প্রকার বর্তমান ছিল দেখা যাউক।

১ম। ইংরেজদিগের কৃত রাজব্যবস্থান,সারে, দেশী অপরাধীর জন্য এক বিচারালয়, বিলাতি

र्वाष्क्रम बहुनावनी

অপরাধীর জন্য অন্য বিচারালয়। দেশী লোক ইংরেজ কর্ত্ব দণিডত হইতে পারে, কিন্তু ইংরেজ দেশী বিচারক কর্ত্বক দণিডত হইতে পারে না। ইহা ভিন্ন ব্যবস্থাগত বৈষম্য আর বড় নাই। কিন্তু ইহা অপেক্ষা কত গ্রের্তর বৈষম্য ব্রাহ্মগরাজ্যে দেখা যায়। ইংরেজের জন্য পৃথক্ বিচারালয় হউক, কিন্তু আইন পৃথক্ নহে। যেমন একজন দেশীয় লোক ইংরেজ বধ করিলে বধার্হ, ইংরেজ দেশী লোককে বধ করিলে আইন অনুসারে সেইর্প বধার্হ। কিন্তু ব্রাহ্মণরাজ্যে শ্রেহন্তা ব্রাহ্মণের এবং ব্রাহ্মণহন্তা শ্রের দশ্ভের কত বৈষম্য! কে বলিবে, এ বিষয়ে প্রাচীন ভারতবর্ষ হইতে আধুনিক ভারতবর্ষ নিকৃষ্ট?

ইংরেজের রাজ্যে যেমন ইংরেজ দেশী লোক কর্ত্তক দণ্ডিত হইতে পারে না, প্রাচীন ভারতেও সেইর্প রাহ্মণ শুদ্র কর্তৃত্তক দণ্ডিত হইতে পারিত না। বাব্ব দ্বারকানাথ মিত্র প্রধানতম বিচারালয়ে বসিয়া আধ্বনিক ভারতবর্ষের মুখোজ্জ্বল করিয়াছেন—"রামরাজ্যে" তিনি কোথা থাকিতেন ?

২য়। ইংরেজের রাজ্যে রাজপ্রসাদ প্রায় ইংরেজরই প্রাপ্য, কিন্তু কিয়ংপরিমাণে দেশীয়েরাও উচ্চ পদে প্রতিষ্ঠিত। রাহ্মণরাজ্যে শ্দুদিগেরে ততটা ঘটিত কি না সন্দেহ। কিন্তু যথন শ্দুদ্র, কথন কথন রাজসিংহাসনারোহণ করিতে সক্ষম হইয়াছিল, তথন অন্যান্য উচ্চ পদও যে শ্দুদ্রেরা সময়ের সময়ের অধিকৃত করিত, তাহার সন্দেহ নাই। এক্ষণে দেখা যাইতেছে যে, আধ্ননিক ভারতে প্রাথমিক বিচারকার্য্য প্রায় দেশীয় লোকের দ্বারাই হইয়া থাকে,—প্রাচীন ভারতে কি প্রাথমিক বিচারকার্য্য শ্দুদ্রের দ্বারা হইত? আমরা প্রাচীন ভারতবর্ষ সন্দেরে এত অলপই জানি যে, একথা স্থির বালতে পারি না। অনেক বিচারকার্য্য গ্রাম্য সমাজের দ্বারা নির্দ্রের হত বোধ হয়। কিন্তু সাধারণতঃ কি বিচার, কি সৈনাপত্য, কি অন্যান্য প্রধান পদসকল যে রাহ্মণ ও ক্ষান্তরের হস্তে ছিল, তাহা প্রাচীন গ্রন্থাদি পাঠে বোধ হয়।

অনেকেই বলিবেন, ইংরেজের প্রাধান্য এবং রাহ্মণ ক্ষরিয়ের প্রাধান্য সাদৃশ্য কলপনা স্কুকলপনা নহে; কেন না, রাহ্মণ ক্ষরিয় শ্রেপীড়ক হইলেও স্বজাতি—ইংরেজেরা ভিন্ন জাতি। ইহার এইর্প উত্তর দিতে ইচ্ছা করে যে, যে পাঁড়িত হয়, তাহার পক্ষে স্বজাতির পাঁড়ন ও ভিন্ন জাতির পাঁড়ন, উভয়ই সমান। স্বজাতীয়ের হস্তে পাঁড়া কিছ্ মিচ্ট, পরজাতীয়ের কৃত পাঁড়া কিছ্ তিক্ত লাগে, এমত বােধ হয় না। কিন্তু আমরা সে উত্তর দিতে চাহি না। র্যাদ স্বজাতীয়ের কৃত পাঁড়ায় কাহারও প্রাতি থাকে, তাহাতে আমাদিগের আপত্তি নাই। আমাদিগের এইমাত্র বলিবার উদ্দেশ্য যে, আধ্বনিক ভারতের জাতিপ্রাধান্যের স্থানে প্রাচীন ভারতে বর্ণপ্রাধান্য ছিল। অধিকাংশ লােকের পক্ষে উভয়ই সমান।

তবে ইহা অবশ্য স্বীকার করিতে হইবে যে, পরাধীন ভারতবর্ষে উচ্চপ্রেণীস্থ লোকে স্বীয় বর্দ্ধি, শিক্ষা, বংশ, এবং মর্য্যাদান্সারে প্রাধান্য লাভ করিতে পারেন না। যাহার বিদ্যা এবং বৃদ্ধি আছে, তাহাকে যদি বৃদ্ধিসঞ্চালনের এবং বিদ্যার ফলোংপত্তির স্থল না দেওয়া যায়, তবে তাহার প্রতি গ্রন্থর অত্যাচার করা হয়। আধুনিক ভারতবর্ষে এর্প ঘটিতেছে। প্রাচীন ভারতবর্ষে বর্ণবৈষম্য গ্রুণে তাহাও ছিল, কিস্তু এ পরিমাণে ছিল না। আর এক্ষণে রাজকার্য্যাদি সকল ইংরেজের হস্তে—আমরা পরহস্তর্কাক্ষত বলিয়া নিজে কোন কার্য্য করিতে পারিতেছি না। তাহাতে আমাদিগের রাজ্যরক্ষা ও রাজ্যপালনবিদ্যা শিক্ষা হইতেছে না—জাতীয় গ্রুণের স্ফ্রিতি হইতেছে না। অতএব স্বীকার করিতে হইবে, পরাধীনতা এদিকে উন্নতিরোধক। তেমন আমরা ইউরোপীয় সাহিত্য ও বিজ্ঞানে শিক্ষালাভ করিতেছি। ইউরোপীয় জাতির অধীন না হইলে আমাদিগের কপালে এ সুখ ঘটিত না। অতএব আমাদিগের পরাধীনতায় যেমন এক দিকে ক্ষতি, তেমন আর এক দিকে উন্নতি হইতেছে।

অতএব ইহাই ব্রা যায় যে, আধ্নিকাপেক্ষা প্রাচীন ভারতবর্ষে উচ্চ শ্রেণীর লোকের স্বাধীনতার্জনিত কিছু সূথ ছিল। কিন্তু অধিকাংশ লোকের পক্ষে প্রায় দৃই তুল্যা, বরং আধ্নিক ভারতবর্ষ ভাল।

তুলনার আমরা যাহা পাইলাম, তাহা সংক্ষেপে প্নের্ভ করিতেছি, অনেকের ব্রিধবার স্থাবিধা হইবে।

১। ভিন্নজাতীয় রাজা হইলেই রাজা পরতক্ষ বা পরাধীন হইল না। ভিন্নজাতীয় রাজার অধীন রাজাকেও স্বতক্ষ ও স্বাধীন বলা যাইতে পারে।

বিবিধ প্রবন্ধ-প্রাচীন ভারতবর্ষের রাজনীতি

২। স্বতক্ততা ও স্বাধীনতা, পরতক্ততা ও পরাধীনতা, ইহার আমরা ভিন্ন ভিন্ন পারিভাষিক অর্থ নির্দেশ করিয়াছি।

বিদেশনিবাসী রাজশাসিত রাজ্য পরতন্ত্র। যেখানে ভিন্ন জাতির প্রাধান্য, সেই রাজ্য পরাধান। অতএব কোন রাজ্য পরতন্ত্র অথচ পরাধান নহে। কোন রাজ্য স্বতন্ত্র অথচ স্বাধান নহে। কোন রাজ্য পরতন্ত্র এবং পরাধান।

- ৩। কিন্তু তুলনার উদ্দেশ্য উৎকর্ষাপকর্ষ। যে রাজ্যে লোক স্থী, তাহাই উৎকৃষ্ট, যে রাজ্যে লোক দ্রংখী, তাহাই অপকৃষ্ট। স্বাতশ্ব্যে ও পরাধীনতায় আধ্নিক ভারতে প্রজা কি পরিমাণে দ্রংখী, তাহাই বিবেচা।
- ৪। প্রথমতঃ স্বাতন্তা ও পারতন্তা। ইহার অন্তর্গত দুইটি তত্ত্ব। প্রথম, রাজা বিদেশস্থিত বিলয়া ভারতবর্ষের সন্শাসনের বিঘা হইতেছে কি না? স্বদেশের মঙ্গলার্থ শাসনকর্তৃগণ এদেশের অমঙ্গল ঘটাইয়া থাকেন কি না? স্বীকার করিতে হইবে যে, তত্তৎকারণে সন্শাসনের বিঘা ঘটিতেছে বটে এবং ভারতবর্ষে অমঙ্গল ঘটিতেছে বটে।

কিন্তু রাজার চরিত্রদোষে যে সকল অনিষ্ট ঘটিত, আধর্নিক ভারতবর্ষে তাহা ঘটে না।

অতএব প্রাচীন বা আধর্নিক ভারতবর্ষে এ সম্বন্ধে বিশেষ তারতম্য লক্ষিত হয় না।

৫। দ্বিতীয়তঃ স্বাধীনতা ও পরাধীনতা। আধ্নিক ভারতবর্ষ প্রভূগণপীড়িত বটে, কিন্তু প্রাচীন ভারতও বড় ব্রাহ্মণপশ্ডিত ছিল। সে বিষয়ে বড় ইতর্রবিশেষ নাই। তবে ব্রাহ্মণ ক্ষত্রিয়ের একট্য সূখে ছিল।

৬। আধুনিক ভারতে কার্যাগত জাতীয় শিক্ষা লোপ হইতেছে, কিন্তু বিজ্ঞান ও সাহিত্য-

চচ্চার অপ্রব স্ফ্রি হইতেছে।

অনেকে রাগ করিয়া বলিবেন. তবে কি স্বাধীনতা প্রাধীনতা তুল্য? তবে প্থিবীর তাবজ্জাতি স্বাধীনতার জন্য প্রাণপণ করে কেন? যাঁহারা এর্প বলিবেন, তাঁহাদের নিকট আমাদের এই নিবেদন যে. আমরা সে তত্ত্বের মীমাংসায় প্রবৃত্ত নহি। আমরা পরাধীন জাতি-অনেক কাল পরাধীন থাকিব—সে মীমাংসায় আমাদের প্রয়োজন নাই। আমাদের কেবল ইহাই
উদ্দেশ্য যে, প্রাচীন ভারতবর্ষের স্বাধীনতার হেতু তদ্বাসিগণ সাধারণতঃ আধ্বনিক ভারতীয়
প্রজাদিগের অপেক্ষা সম্খী ছিল কি না? আমরা এই মীমাংসা করিয়াছি যে, আধ্বনিক
ভারতবর্ষে ব্রাহ্মণ ক্ষতিয় অর্থাৎ উচ্চপ্রেণীস্থ লোকের অবনতি ঘটিয়াছে, শ্রু অর্থাৎ সাধারণ
প্রজার একট্ব উন্নতি ঘটিয়াছে।

প্রাচীন ভারতবর্ষের রাজনীতি

नात्रमवाका

মহাভারতের সভাপব্দের্ব দেবর্ঘি নারদ যাধিতিরকে প্রশ্নচ্ছলে কতকগালি রাজনৈতিক উপদেশ দিয়াছেন। প্রাচীন ভারতে রাজনীতি কত দরে উল্লাতি প্রাপ্ত ইইয়াছিল, উহা তাহার পরিচয়। মাসলমানদিগের অপেক্ষা হিন্দারা যে রাজনীতিতে বিজ্ঞতর ছিলেন, উহা পাঠ করিলে সংশয় থাকে না। প্রাচীন রোমক এবং আধানিক ইউরোপীয়গা ভিল্ল আরু কোন জাতি তাদাশ উল্লাত করিতে পারে নাই। ভারতববীয় রাজারা যে অন্যান্য সকল জাতির অপেক্ষা অধিক কাল আপনাদিগের গোরব রক্ষা করিয়াছিলেন, এই রাজনীতিজ্ঞতা তাহার এক কারণ। হিন্দাদিগের ইতিবৃদ্ধ নাই; এক একটি শাসনকর্ত্তার গ্লেগান করিয়া শত শত প্তা লিখিবার উপায় নাই। কিন্তু তাঁহাদিগের কৃত কার্যোর যে কিছু পরিচয় পাওয়া যায়, তাহাতেই অনেক কথা বলা যাইতে পারে। চন্দ্রগান্ত মোর্যোর সহিত প্থিবীর যে কোন রাজপ্রেক্তর তুলনা করা যায়। চন্দ্রগান্ত আলেক্জন্ডরের বিজিত ভারতাংশের প্রনর্কার করিয়া, তক্ষণিলা হইতে তামলিপ্তি পর্যান্ত সাম্রাজ্য সংস্থাপন করিয়া, মহতী কার্যির্জ ছাপিতা করিয়াছিলেন। ভ্রকবিখ্যাত যবনরাজাধিরাজ সিলিউকসকে লাঘ্য স্বীকার করাইয়া তাঁহার কন্যা বিবাহ করিয়াছিলেন। (হিন্দ্র হইয়া ঠিক বিবাহ করিয়াছিলেন, এমনও বোধ হয় না।) ইতিহাসে তিন জন সাম্রাজ্য-নিশ্র্মাতা বিশেষ পরিচিত—শাল্যান, দ্বিতীয় ফ্রেডেরিক, প্রথম পিটর। আলেক্জন্তর,

নাপোলিয়ন বা ক্রন্দেবল সে শ্রেণীমধ্যে আসন পান নাই; কেন না, তাঁহাদের কীর্ত্তি তাঁহাদের মৃত্যু পর্য্যন্ত স্থায়ী বা তাহাও নহে। গজনবী মহম্মদের প্রায় সেইর্প। আরবসামাজ্য ও মোগলসামাজ্য এক এক জনের নিম্মিত নহে। কিন্তু মগধসামাজ্য একা চন্দ্রগ্রন্থের নিম্মিত। এবং প্র্র্বান্ত্রমে স্থায়ী বটে। তিনি শার্লমান, ফ্রেডেরিক ও পিটরের সঙ্গে উচ্চাসনে বসিতে পারেন।

নারদের যে উপদেশবাক্যের কথার উল্লেখ করিয়াছি, তাহাতে এমত তত্ত্ব অনেক আছে যে, রাজনীতিবিশারদ ইংরেজেরও তাহা গ্রহণ করিয়া তদন,সারে চলিলে. তাহাদিগের উপকার হয়। এমত কদাচ বক্তব্য নহে বে, হিন্দরো এই সকল নৈতিক উক্তির অনুসারী হইয়া সর্ব্বত্র সব্ব-প্রকারে চলিতেন। কিন্তু ঈদৃশ নৈতিক তত্ত্ব যে তাহাদিগের দ্বারা উদ্ভূত হইয়াছিল, ইহা অলপ প্রশাসার কথা নহে। যেখানে উদ্ভূত হইয়াছিল. সেখানে যে উহা কিয়দংশ কার্য্যে পরিণত হইয়াছিল, তাদ্বিষয়ে সংশায় করা অন্যায়। প্রাচীন ভারতবর্ষে রাজনীতির কত দ্রে উর্লাভ হইয়াছিল, তাহার কিণ্ডিং আলোচনা করিলে ক্ষতি নাই। এ জন্য আমরা উল্লিখিও নারদবাক্য হইতে কিণ্ডিং উদ্ধৃত করিব। ঐ কথা পাঠকেরা অনেকেই পড়িয়াছেন, তথাপি উহার প্রনঃপাঠে কন্ট বোধ হইবে. এমন বিবেচনা হয় না।

নারদ জিজ্ঞাসা করিতেছেন, "মহারাজ! কৃষি, বাণিজ্ঞা, দুর্গসংস্কার, সেতুনিশ্বাণ, আয়বায় শ্রবণ, পোরকার্য্য দর্শন ও জনপদ পর্য্যবেক্ষণ প্রভৃতি অন্টবিধ রাজকার্য্য ত সম্যক্ প্রকারে সম্পাদিত হয় ?*** নিঃশঙ্কচিত্ত কপট দ্তগণ ত তোমার বা তোমার অমাত্যাদিগের গঢ়ে মন্ত্রণাসকল ভেদ করিতে পারে না? মিত্র, উদাসীন ও শত্র্বিদগের অভিসন্ধি সমস্ত আপনি ত ব্রবিষয়া থাকেন? যথাকালে সন্ধিস্থাপনে ও বিগ্রহ্বিধানে প্রবৃত্ত হয়েন? উদাসীন ও মধ্যমের প্রতি ত মাধ্যস্থ্য ভাব অবলম্বন ক্রিয়া থাকেন? আজান্ত্রপ, বৃদ্ধ, বিশ্বদ্ধস্বভাব, সন্বোধনক্ষম,

সংকুলজাত, অনুরক্ত ব্যক্তিগণ মণ্ট্রিপদে ত অভিষিক্ত হইয়া থাকেন?"

সর জর্জ কান্দেবল সাহেব "আত্মানুর্প" ব্যক্তিকে স্বীয় মন্দ্রিরে বরণ করিয়াছেন বলিয়া দেশের লোক তাঁহার উপর রাগ করিয়াছিলেন, কিন্তু তিনি বলিতে পারিতেন যে, নারদবাক্য আমার পক্ষে। আর্থানিক ভারতীয় শাসনকর্ত্তাদিগের দ্রদৃষ্ট এই যে, বন্ধ মন্দ্রী তাঁহাদিগের কপালে প্রায় ঘটে না। কিন্তু ইউরোপে নারদীয় বাক্য প্রতিপালিত হইয়া থাকে—বিস্মার্ক, গ্লাডন্টোন, ডিক্লোল, টিয়র প্রভৃতি উদাহরণ। পরে,—

"একাকী বা বহুজনপরিবৃত হইয়া ত মল্ফণা করেন না? মল্ফ ত জনপদমধ্যে অপ্রচলিত থাকে?"

ইংরেজেরা এই নীতির বশবতী হইয়া কার্য্য করেন, কেবল অতিরিক্ত এই বলেন যে. "মন্দ্রণাবিশেষ জনপদমধ্যে প্রচার হওয়াই ভাল। অতএব সেইগর্নল বাছিয়া বাছিয়া গেজেটেছাপাই।" পরে—

"স্বল্পায়াসসাধ্য মহোদয় বিষয় সকল ত শীঘ্রই সম্পন্ন করিয়া থাকেন?"

আমাদিগের অনুরোধ যে, প্রাচীন ঋষির এই বাক্য ইংরেজেরা স্বর্ণাক্ষরে লিপিবদ্ধ করিয়া কার্য্যালয়ে প্রকটিত কর্ন। তৎপরে,—

"কৃষীবলেরা আপনার পরোক্ষে প্রকৃত ব্যবহার করিয়া থাকে? কারণ, প্রভুর প্রতি অকৃত্রিম ল্লেহ না থাকিলে এরপে হওয়া নিতান্ত অসম্ভব সন্দেহ নাই।"

বিলাতী শাসনকর্তা কিম্বা তাঁহাদিগের দেশী সমালোচক, কেহই অদ্যাপি এ কথার সারবত্তা অনুভূত করিতে সক্ষম হইলেন না। তৎপরে—

"অনারক কার্য্যের পরীক্ষার্থ ধন্মজ্ঞ শাস্তকোবিদ বিচক্ষণ পরীক্ষকসকল ত নিযুক্ত করিয়া থাকেন?"

ইংরেজেরা এই কথার সম্যক্প্রকারে অন্বত্তী। সকল কার্য্যের প্রেব্টে কমিটি নিযুক্ত হইরা থাকে। সকল কার্য্য করিবার প্রেব্দের ইংরেজেরা এক একটা কমিটি নিযুক্ত করেন কেন? এ কথা যিনি জ্বিজ্ঞাসা করিবেন, তাঁহাকে দের উত্তর উল্লিখিত নারদবাক্যে আছে তংপরে—

"সহস্র মুর্থ বিনিময় দ্বারা এক জন পশ্ডিতকে ত ক্রয় করিয়া থাকেন?"

আমরা এই কথাটির অনুমোদন করি না। মুর্থের দ্বারাই প্থিবীর কার্য্য নির্থাহ হইতেছে

-পশ্ডিত কোন্ কাজে লাগে? মিল পালিয়ামেন্টে কৃতকার্য্য হইতে পারিলেন না,—ওয়েণ্টমিনন্টর কর্তৃক পরিতাক্ত হইলেন। লাপ্লাসকে বোনাপার্টি পশ্ডিত দেখিয়া উচ্চ পদে অভিষিক্ত

বিবিধ প্রবন্ধ-প্রাচীন ভারতবর্ষের রাজনীতি

করিয়াছিলেন—কিন্তু লাপ্লাস কার্য্য সম্পাদনে অক্ষম হইয়া দ্রীভূত হইলেন। প্রবাদ আছে, একজন ভট্টাচার্য্য বন্ধ্যা ভার্য্যার বিনিময়ে দ্বন্ধবতী গো লইয়া আসিয়াছিলেন। সেইর্প রাজপ্রর্ধেরা অপ্রিরবাদী, আত্মমতভক্ত, পশ্ডিতের বিনিময়ে আজ্ঞাকারী ম্থই গ্রহণ করিয়া থাকেন। নারদ বিলয়াছেন বটে যে, "কোন প্রকার বিপদ্ উপস্থিত হইলে পশ্ডিত ব্যক্তি অনায়াসে তাহার প্রতিবিধান করিতে সমর্থ হয়েন।" এ কথা সত্য বটে, অতএব বিপদ্কালে পশ্ডিতের আশ্রয় লইবে। স্থের দিনে ম্থ';—দ্বংখের দিনে পশ্ডিত।

পরে নারদ বলিতেছেন, "দুর্গসকল ত ধন ধান্য উদক্ষল্যে পরিপ্র্ণ রাখিয়াছেন। তথায়

শিল্পীগণ ও ধনুদ্ধর প্রের্বসকল ত সর্বদা সতর্কতাপূর্বক কাল্যাপন করে?"

মিউটিনির প্রেবর্শ ইংরেজেরা যদি এই কথা স্মরণ রাখিতেন, তবে তাদৃশ বিপদ্ ঘটিত না। সর হেনরি লরেন্স এই কথা ব্রিকতেন বলিয়া লক্ষ্যোর রেসিডেন্সির রক্ষা হইয়াছিল।

"প্রচন্ড দন্ডবিধান দ্বারা প্রজাদিগকে ত অত্যন্ত উদ্বেজিত করেন না?"

ইউরোপীয়েরা অতি অপেকাল হইল, এ কথা শিখিয়াছেন। এক প্রসা চুরির জন্য প্রাণদন্ড

প্রভৃতি প্রচণ্ড দন্ড, অতি অলপকাল হইল, ইংলন্ড হইতে অন্তহিত হইয়াছে।

"নিন্দিপ্ট সময়ে সেনাদিগের বেতনাদি প্রদানে ত বিমন্থ হয়েন না? তাহা হইলে স্টার্-র্পে কার্য্য নির্বাহ হওয়া দ্রে থাকুক, প্রত্যুত তাহাদিগের দ্বারা পদে পদে অনিষ্ট ঘটনা ও বিদ্রোহের সম্পূর্ণ সম্ভাবনা হইয়া উঠে।"

এই নীতির বিপরীতাচরণ কার্থেজ রাজ্য লোপের মলে। একা রোম কার্থেজ ধরংস

করে নাই।

ু "সংকুলজাত প্রধান প্রধান লোক ত তোমার প্রতি অন্রক্ত রহিয়াছে? তাহারা ত তোমার

নিমিত্ত রণক্ষেত্রে প্রাণ পরিত্যাগ করিতেও সম্মত আছে?"

এই নীতির অবজ্ঞার দ্বার্মার্ট বংশ নন্ট হয়েন। ভারতব্যধীয় ইংরেজ রাজপুরেব্বেরা ইহা বিলক্ষণ ব্বেনন। ব্বিন্থা, কর্ণপ্রয়ালিশ চিরস্থায়ী বন্দোবস্ত করিয়াছিলেন ও ক্যানিং ভারতীয় রাজগণকে পোষ্যপুর লইতে অনুমতি দিয়াছেন। লর্ড লিটন আর কিছ্ব করিতে না পারিয়া উপাধি বিতরণ করিয়াছেন।

পরে নারদ পেনশ্যন দেওয়ার পরামশ দিতেছেন.

"মহারাজ! যাহারা কেবল আপনার উপকারের নিমিত্ত কালকবলে নিপতিত ও যংপরোনান্তি দুন্দ শাগ্রন্ত হইয়াছে, তাহাদিগের পুত্র কলত্র প্রভৃতিকে ত ভরণপোষণ করিতেছেন?"

ক্ষিপ্রকারিতার বিষয়ে—

"শত্রকে ব্যসনাসক্ত দেখিয়া স্বীয় মন্ত্র, কোষ ও ভৃত্য, ত্রিবিধ বল সম্যক্ বিবেচনা করিয়া, অবিলম্বে তাহাকে ত আক্রমণ করেন?"

অতি প্রধান রাজ্যাধ্যক্ষেরা এ তত্ত্ব সম্যক্ ব্রিঝাছিলেন। "অবিলন্দ্ব" কাহাকে বলে, প্রথম নাপোলিয়ন ব্রিঝতেন। তাঁহার রণজয় সেই ব্রিজর ফল। তৃতীয় নাপোলয়ন "অবিলন্দ্ব" প্রসৌয়দিগকে আক্রমণ করিতে গিয়াছিলেন বটে, কিন্তু প্রথম নাপোলয়নের মত "মন্ত্র, কোষ ও ভৃত্য" ত্রিবিধ বলের সম্যক্ বিচার না করিয়াই আক্রমণ করিয়াছিলেন। তিনি নারদবাক্যে অবহেলা করিয়া নন্ট হইলেন।

পরে সমদ্ভি পক্ষে,—

"যেমন পিতা মাতা সকল সন্তানকে সমান শ্লেহ করেন, তদ্রপে আপনি ত সমদ্ভিতৈ সমন্দ্র-মেখলা সম্দয় প্রথিবী অবলোকন করিতেছেন?"

নিশ্নলিখিত কথাটি বিস্মার্কের যোগ্য:--

"সৈন্যদিগের ব্যবসায় ও জয়লাভসামর্থ্য ব্রিয়া, তাহাদিগকে ত অগ্রিম বেতন প্রদানপ্রেবিক উপযুক্ত সময়ে যাত্রা করিয়া থাকেন?"

নিম্নলিখিত কথাটির আমরা অনুমোদন করি না, কিস্তু চতুদর্শে লুই শুনিলে অনুমোদন চ্বিতেন —

"পরস্পরের ভেদ উপস্থিত করিবার নিমিত্ত শুরুপক্ষীয় প্রধান প্রধান সৈন্যদিগকে ত বথাযোগ্য ধনদান করেন?" নিন্দালিখিত কথাগালি গ্রেগারি বা ইগ্নেশ্যস লয়লার যোগ্য-

"স্বয়ং জিতেন্দ্রিয় ইইয়া আত্মপরাজয়প্তেকি, ইন্দিরপরতন্ত প্রমন্ত বিপক্ষদিগকৈ ত পরাজয় করিতেছেন?"

পরে,---

"বিপক্ষের রাজ্য আক্রমণকালে আপন অধিকার ত দ্ঢ়রূপে স্রক্ষিত করেন?"

প্রিবিতে যত সৈনিক জন্মিয়াছেন, তক্মধ্যে হানিবল একজন অত্যুৎকৃণ্ট। কিন্তু তিনি এই কথা বিক্ষাত হওয়াতে সব হারাইয়াছিলেন। তিনি যখন ইতালিতে অনিবার্য্য, সিপিও তখন আফ্রিকাতে সৈন্য লইয়া গিয়া তাঁহার কৃত রণজয়সকল বিফল করিয়াছিলেন।

"এবং তাহাদিগকে পরাজিত করিয়া প**্**নৰ্শার স্ব স্ব পদে ত প্রতিণ্ঠিত করিয়া

থাকেন ?"

রোমকেরা ইহা করিতেন, এবং ভারতবর্ষে ইংরেজেরা ইহা করেন। এই জন্য এতদ,ভয় সাম্রাজ্য ঈদৃশ বিস্তার লাভ করিয়াছে।

নিম্নলিখিত তিনটি বাক্যে সমুদায় রাজকার্য্য নিঃশেষে বর্ণিত হইয়াছে—

"আপনি ত আভ্যন্তরিক ও বাহা জনগণ হইতে আপনাকে, আত্মীয় লোক হইতে তাহাদিগকে, এবং পরন্পর হইতে পরন্পরকে রক্ষা করিয়া থাকেন?"

তাহার পর বজেট ও এম্টিমেটের কথা—

"আয়ব্যয়নিষ্কু গণক ও লেখকবর্গ আপনার আয়সকল প্রবাহে ত নির্পণ করিতেছে?" আমরা জানিতাম, এটি ভারতবর্ষে, উইলসন সাহেবের স্থিট: কিস্তু তাহা নহে।

"রাজাস্থ কুষকেরা ত সম্ভর্ফাচিত্তে কাল্যাপন করিতেছে?"

এই কথা নারদ যেমন যুধিষ্ঠিরকে জিজ্ঞাসা করিয়াছিলেন, আমরা তেমনি ভারতবর্ষীয় রাজপ্রতিনিধিকে জিজ্ঞাসা করি।

অনেকের বোধ আছে, "ইরিগেশ্যন ডিপার্টমেণ্ট"টি ভারতবর্ষে একটি ন্তন কাণ্ড দেখাইতেছে। তাহা নহে। নারদ বলিতেছেন—

"রাজ্যমধ্যে স্থানে স্থানে সলিলপ্রণ বৃহৎ বৃহৎ তড়াগ ও সরোবরসকল ত নিখাত হইয়াছে ? কৃষিকার্য্য ত বৃষ্টিনিরপেক্ষ হইয়া সম্পক্ষ হইতেছে ?"

এ কথা ইংরেজদিগের মনে থাকিলে উড়িষ্যাদিতে দর্ভিক্ষ ঘটিত না।

নিশ্নলিখিত বাক্যটির প্রতি ব্রিটিশ গ্রণমেণ্ট মনোযোগ করিলে আমাদিগের বিবেচনায় ভাল হয়।

"কৃষকদিগের গ্হে বীজ ও অল্লাদির ত অসন্তাব নাই। আবশ্যক হইলে ত পাদিক ব্দ্ধিতে

অনুগ্রহস্বরূপ শতসংখ্যক ঋণ দান করিয়া থাকেন।"

এক্ষণে এই নিয়মের অভাবে এ দেশের কৃষকেরা মহাজনের নিকট বিক্রীত। মহাজনের নিকটেও সকলে সকল সময়ে পার না—অনেকেই অল্লাভাবে শীর্ণ—বীজাভাবে ভরসাশ্ন্য। যে পার, সেও দ্বিপাদ বৃদ্ধিতে নহিলে পার না। অনেকে বলিবেন যে, যে অর্থশাস্ত্র অনবগত, সেই রাজাকে মহাজনি করিতে পরামর্শ দিবে—রাজার ব্যবসায়, সমাজের অনিষ্টকারক অর্থশাস্ত্রঘটিত যে আপত্তি, তাহা আমরা অবগত আছি এবং মহাভারতকারও অবগত ছিলেন। এই জনাই নারদের ঐ বাক্যমধ্যেই তিনটি গ্রুর্তর নিয়ম সন্মিবিষ্ট আছে। প্রথম—"আবশ্যক হইলে" ঋণ দিতে বলিতেছেন—ইহার অর্থ যে, যাহাকে না দিলে চলে না; তাহাকেই দিবেন। অতএব যে মহাজনের নিকট ঋণ পাইতে পারিবে, তাহাকে ঋণ দেওয়া এই কথায় প্রতিষিদ্ধ হইল। স্তুরাং রাজা ব্যবসায়ী হইলেন না। যাহাকে রাজা না দিলে সে দ্বুর্লশাগ্রন্থ ইইবে, তাহাকেই দিবেন। দ্বিতীয়তঃ "অনুগ্রহস্বর্প" দিবেন—অর্থাৎ ব্যবসায়ীর ন্যায় লাভাকাঙ্কায় দিবেন না। তবে পাদিক বৃদ্ধির কথা কেন? এ নিয়ম না করিলে যে সে নিভপ্রোজনেও ঋণ লইবার সম্ভাবনা—বঞ্চক জ্বাতি সন্ধ্রেই আছে। আর ঋণ দিলেই কতক আদায় হয়, কতক আদায় হয় না। যদি বৃদ্ধির নিয়ম না থাকে, তবে রাজাকে ক্ষতিগ্রন্ত ইতে হয়। ক্ষতি স্বীকার করিয়া রাজকেষে হইতে ঋণ দিতে হইলে রাজ্য চলা ভার। তৃতীয়তঃ "শতসংখ্যক" ঋণ দিবে—ইহার উদ্ধর্ব দিবে না। অর্থাৎ প্রজার জাবিননিন্দ্র্বাহাথে যে পর্যন্ত প্রয়োজন, তাহাই রাজা ঋণস্বর্প

विविध अवक-आठीना अवः नवीना

দিতে পারেন। ততোধিক ঋণদান ব্যবসায়ীর কাজ। এই তিনটি নিয়মের দ্বারা অর্থশাস্ত্র-বেক্তাদিলের আপত্তির মীমাংসা হইতেছে। প্রাচীন হিন্দর্রা অর্থশাস্ত্র বিলক্ষণ ব্রবিতেন। নিন্দোজ্ত নীতি, ইংরেজেরা এ পর্যাস্ত শিখিলেন না। না শিখাতে তাঁহাদিগের ক্ষতি হইতেছে:—

"হে মহারাজ! যথাকালে গাত্রোখানপ্র্বক বেশভূষা সমাধান করিয়া, কালজ্ঞ মণিতগণে

পরিবৃত হইয়া, দর্শনাথী প্রজাগণকে ত দর্শন প্রদান করেন?"

"যে রাজাকে প্রজাগণ কখন দেখিতে পায় না—তাঁহার প্রতি প্রজাদিগের অন্রাগ সন্তার হয় না; বিশেষতঃ এদেশের লোকের স্বভাব এই। আর রাজদর্শন প্রজাগণের দৃর্লভ হইলে, তাহাদিগের সকলপ্রকার দৃঃখ ও প্রকৃত অবস্থা রাজা বা রাজপ্রবৃষেরা কখন জানিতে পারেন না।

रिक्न्द्राक्नािं पूरात नाम भूमलभारनता ७ ० कथा वृत्तिराजन। ०थून रायारन मन्दरमात ०का

দরবার বা "লেবী" হয়, সেখানে হিন্দ্ব ও ম্বসলমানদিগের প্রাত্যহিক দরবার হইত।

পরে,---

"দ্ৰ্বল শত্ত্বক ত বলপ্ৰকাশপ্ৰবৰ্ক সাতিশয় পীড়িত করেন না?"

তাহা হইলে দুৰ্বল শন্ত্ব বলবান হইয়া উঠে। এই দোষে স্পেনের দ্বিতীয় ফিলিপ "নিদ্নদেশ" অর্থাৎ হলান্ড হইতে বহিষ্কৃত হইয়াছিলেন। ইংলন্ড যে আমেরিক উপনিবেশ হইতে বহিষ্কৃত হইয়াছিলেন, তাহারও কারণ প্রায় অনুরূপ।

তৎপরে

"দুষ্ট অহিতকারী কদর্যাস্বভাব দণ্ডাহ তম্কর লোপ্ত সহ গৃহীত হইয়াও তাহাদিগের নিকটে ত ক্ষমা লাভ করিয়া থাকে না?"

যে দেশে জন্নির বিচার আছে, সে দেশের রাজপার যদিগকে আমরাও এ কথা জিজ্ঞাসা করি।

নারদ যে চতুর্দর্শ রাজদোষ কীর্ত্তন করিয়াছেন, তাহাও প্রবণযোগ্য,—যথা,

"নান্তিকা, অন্ত. ক্রোধ, প্রমাদ, দীর্ঘস্ত্রতা, জ্ঞানবান্ ব্যক্তিদিগের সাক্ষাংকার ত্যাগ, আলস্য, চিত্তচাপল্য, নিরন্তর অর্থচিন্তা, অন্থাক ব্যক্তির সহিত প্রামর্শ, নিশ্চিত বিষয়ের অনারন্ত, মন্ত্রণার অপরিরক্ষণ, মঙ্গল কার্য্যের অপ্রয়োগ ও প্রত্যুত্থান, এই চতুন্দাশ রাজদোষ।"

আর একটি বাক্যমাত্র উদ্ধৃত করিয়া আমরা নিরস্ত হইব

"অন্ধ, মৃক, পঙ্গা, বিকলাজ, বন্ধাবিহীন, প্রব্রাজত ব্যক্তিদিগকে ত পিতার ন্যায় প্রতিপালন করেন?"

এই প্রকার সারবান্ এবং একালেও আদরণীয় কথা আরও অনেক আছে।

প্রাচীনা এবং নবীনা

আমাদিগের সমাজসংস্কারকেরা ন্তন কীর্ত্তি স্থাপনে যাদৃশ বাগ্র. সমাজের গতি পর্যাবেক্ষণার তাদৃশ মনোযোগী নহেন। "এই হইলে ভাল হয়়, অতএব এই কর," ইহাই তাঁহাদিগের উক্তি, কিস্তু কি করিতে কি হইতেছে, তাহা কেহ দেখেন না। বাঙ্গালিরা যে ইংরেজি শিখে, ইহাতে সকলেরই উৎসাহ। কিস্তু ইহার ফল কি, তাহার সমালোচনা কেবল আজিকালি হইতেছে। এক শ্রেণীর লোক বলেন, ইহার ফল মাইকেল মধ্সদন দত্ত, দ্বারকানাথ মিত্র প্রভৃতি; দ্বিতীয় শ্রেণীর লোক বলেন, দ্ই একটি ফল স্পুক এবং স্মধ্র বটে কিস্তু অধিকাংশ তিক্ত ও বিষময়; উদাহরণ—মাতালের দল এবং সাধারণ বাঙ্গালি লেখকের পাল। আবার দিনকতক ধ্ম পড়িল, স্থীলোকদিগের অবস্থার সংস্কার কর, স্থাশিক্ষা দাও, বিধবাবিবাহ দাও, স্থীলোককে গৃহপিঞ্জর হইতে বাহির করিয়া উড়াইয়া দাও, বহুবিবাহ নিবারণ কর; এবং অন্যান্য প্রকারে পাঁচী রামী মাধীকে বিলাতি মেম করিয়া তুল। ইহা করিতে পারিলে যে ভাল. তাহাতে কোন সন্দেহ নাই; কিস্তু পাঁচী যদি কখন বিলাতি মেম হইতে পারে, তবে আমাদিগের শালতর্ত্বও একদিন ওক্বৃক্ষে পরিণত হইবে, এমন ভরসা করা যাইতে পারে। যে রীতিগৃহলির চলন, আপাততঃ অসম্ভব, সেগালি চলিত হইল না; স্থীশিক্ষা সম্ভব, এ জন্য তাহা এক প্রকার প্রচলিত হইয়া উঠিতছে। প্রস্তুক হইতে এক্ষণে বাঙ্গালি স্থাগণ যে শিক্ষা প্রাপ্ত হয়, তাহা অতি সামান্য; পরিবর্ত্ত নশীল সমাজে অবন্থিতি জন্য অর্থাং শিক্ষিত এবং ইংরেজের অনুকরণ-

কারী পিতা প্রাতা স্বামী প্রভৃতির সংসর্গে থাকার তাহারা যে শিক্ষাপ্রাপ্ত হয়, তাহা প্রবলতর। এই দ্বিবিধ শিক্ষার ফল কির্পু দাঁড়াইতেছে? বাঙ্গালি যুবকের চরিত্রে যের্পু পরিবর্ত্তন দেখা যাইতেছে, বাঙ্গালি যুবতীগণের চরিত্রে সের্পু লক্ষণ দেখা যাইতেছে কি না? যদি দেখা যাইতেছে, সেগ্রাল ভাল, না মন্দ? তাহার উৎসাহ দান বিধেয়, না তাহার দমন আবশ্যক? এ সকল প্রন্দন সাধারণ লেখকদিগকে আলোচনা করিতে আমরা প্রায় দেখিতে পাই না, অথচ ইহার অপেক্ষা গ্রন্থতর সামাজিক তত্ত্বও আর নাই। তাই ব্লিতেছিলাম যে, আমাদিগের সমাজ-সংক্রারকেরা নতেন কীর্ত্তি স্থাপনে যাদ্শ বায়, সমাজের বর্ত্তমান গতির আলোচনায় তাদ্শ মনোযোগী নহেন।

বিষয়টি অতি গ্রন্তর। সমাজে স্ত্রীজাতির যে বল, তাহা বণিত করিবার প্রয়োজন নাই। মাতা বাল্যকালের শিক্ষাদাত্রী, স্ত্রী বরঃপ্রাপ্তের মন্ত্রী, ইত্যাদি প্রাচীন কথা প্রনর্ত্ত করিবার প্রয়োজন নাই। সকলেই জানেন, স্ত্রীলোকের সম্মতি এবং সাহাষ্য ব্যতীত সংসারের কোন গ্রন্তর কার্য্য সম্পন্ন হয় না। গহনা গড়ান ও গোর্ব কেনা হইতে ফরাসিস্ রাজ্যবিপ্লব এবং ল্বখরের ধন্মবিপ্লব পর্যান্ত সকলেই স্ত্রীসাহাষ্যসাপেক্ষ। ফরাসিস্ স্ত্রীগণ ফরাসিস্ রাজ্যবিপ্লব মহারথী ছিলেন। আন বলীন হইতে ইংলন্ড প্রটেন্টান্ট—

—Gospel light first dawned From Bullen's eyes—

ইহা বলা যাইতে পারে যে. আমাদের শ্বাশ্যভাশ্যভের মূল আমাদের কর্ম্মা, কর্ম্মের মূল প্রবৃত্তি; এবং অনেক স্থানেই আমাদিগের প্রবৃত্তিসকলের মূল আমাদিগের গৃহিদীগা। অতএব স্বীজাতি আমাদিগের শ্বভাশ্যভের মূল। স্বীজাতির মহত্ত কীর্ত্তান কালে এই সকল কথা বলা প্রাচীন প্রথা আছে, এজন্য আমরাও এ কথা বলিলাম: কিন্তু এ কথাগ্যলি যাঁহারা ব্যবহার করেন. তাঁহাদিগের আন্তরিক ভাব এই যে, প্ররুষই মন্যাজাতি; যাহা প্রবৃষ্বের পক্ষে শ্বভাশ্যভ বিধান করিতে সক্ষম, তাহাই গ্রুর্তর বিষয়: স্বীগাণ প্রের্ধের শ্বভাশ্যভবিধায়িনী বলিয়াই তাঁহাদিগের উর্নাত বা অবনতির বিষয় গ্রুর্তর বিষয়। বাস্তবিক আমরা সের্প কথা বলি না। আমাদিগের প্রধান কথা এই যে, স্বীগাণ সংখ্যার প্রবৃষ্কাণের তূল্য বা অধিক; তাঁহারা সমাজের অন্ধাংশ। তাঁহারা প্রবৃষ্ধাণের শ্বভাশ্যভবিধায়িনী হউন বা না হউন, তাঁহাদিগের উর্নাতিতে সমাজের উর্নাত: যেমন প্রবৃষ্ধাণের উন্নতিতে সমাজের উন্নতি; যেমন প্রবৃষ্ধানের উন্নতিতে সমাজের উন্নতি; কেন না, স্বীজাতি সমাজের অর্দ্ধেক ভাগ। স্বী প্রবৃষ্ধের সমান ভাগের সমাভিকে সমাজ বলে; উভ্রের সমান উন্নতিতে সমাজের উন্নতি। এক ভাগের উন্নতি সমাজ-সংস্করণের মুখ্য উন্দেশ্য, তাহার উন্নতিসহায় বলিয়াই অন্য ভাগের উন্নতি গোণ উন্দেশ্য, এ কথা নীতিবির্বৃদ্ধ।

কিন্তু সমাজের নিয়ন্ত্বর্গা সন্ধানেল সন্ধানেশে এই শ্রমে পতিত। তাঁহারা বিধান করেন যে, স্থালোকেরা এইর্প এইর্প আচরণ করিবে।—কেন করিবে? উত্তর. তাহা হইলে প্রর্মের অম্বুক মঙ্গলা ঘটিবে বা অম্বুক অমঙ্গল নিবারিত হইবে। সমাজবিধাত্দিগের সন্ধান এইর্প উল্তি: কোথাও এ উদ্দেশ্য সপত, কোথাও অসপতা, কিন্তু সন্ধান্তই বিদ্যামান। এই জন্যই সন্ধান্ত স্থালাতির সতাঁজের জন্য এত পাঁড়াপাঁড়ি: প্রর্মের সেই ধর্মের অভাব, কোথাও তত বড় গ্রুর্তর দোষ বিলারা গণনীর নহে। বাস্তবিক নীতিশান্দের স্বাভাবিক ম্লে ধরিতে গেলে এমত কোন বিষয়ই পাওরা যায় না, যন্দ্রারা স্থাক্ত ব্যাভিচার প্রর্মকৃত পরদারগ্রহণ অপেক্ষা গ্রুর্তর দোষ বিবেচনা করা যায়। পাপ দুই সমান; একপ্র্রুষ্তাগিনী স্থাতে প্র্রুরের যে স্বাভাবিক অধিকার, একস্থাভাগা প্ররুষে স্থালোকের ঠিক সেইই স্বাভাবিক অধিকার, কিছু মান্ত্রন নহে। তথাপি প্ররুষে এ নিয়ম লত্মন করিলে, তাহা বাব্গিরির মধ্যে গণ্য; স্থালোক এ দোষ করিলে, সংসারের সকল সন্থ তাহার পক্ষে বিলন্ত হয়; সে অধ্যের মধ্যে অধ্য বালিয়া গণ্য হয়, কুষ্ঠগ্রন্তের অধিক অস্পৃশ্যা হয়। কেন? প্রেরুষের স্থের পক্ষে স্থাকাতির স্থের পক্ষেও প্ররুষের ইন্দ্রিমংয্য আবশ্যক, কিন্তু প্রুরুষই সমাজ, স্থালোক কেহ নহে। অতএব স্থার পাতিব্রত্যচুতি গ্রুরুত্র পাপ বালিয়া সমাজে নিহিত হইল; প্রের্বের পক্ষে নৈতিক বন্ধন শিথিল রহিল।

विविध अवक-आजीना अवः नवीना

সকল সমাজেই স্থীজাতি প্র্যাধাপক্ষা অন্যতঃ প্রেবের আত্মপক্ষণাতিতাই ইহার কারণ; প্রের্থ বালন্ঠ, স্ত্রাং প্রেথই কার্যকর্তা; স্থীজাতিকে কাজে কাজেই তাঁহাদিগের বাহ্বলের অধীন হইয়া থাকিতে হয়। আত্মপক্ষপাতী প্রের্গণ, যতদ্রে আত্মস্থের প্রয়েজন, ততদ্র পর্যান্ত স্থীগণের উন্নতির পক্ষে মনোযোগী; তাহার অতিরেকে তিলার্দ্ধ নহে। এ কথা অন্যান্য সমাজের অপেক্ষা আমাদিগের দেশে বিশেষ সত্য। প্রাচীন কালের কথা বলিতে চাহিনা; তৎকালীন স্থীজাতির চিরাধীনতার বিধি; কেবল অবস্থাবিশেষ ব্যতীত স্থীগণের ধনাধিকারে নিষেধ; স্থী ধনাধিকারিণী হইলেও স্থীর দান বিদ্রের ক্ষমতার অভাব; সহমরণ বিধি: বহুকালপ্রচালত বিধবার বিবাহ নিষেধ; বিধবার পক্ষে প্রচালত কঠিন নিয়মসকল, স্থীপ্রের্যে গ্রেত্বর বৈষম্যের প্রমাণ। তৎপরে মধ্যকালেও স্থীজাতির অবনতি আরও গ্রেত্বর হইয়াছিল। প্রেয় প্রভু স্থী দাসী; স্থী জল তুলে, রন্ধন করে, বাটনা বাটে, কুটনা কোটে। বরং বেতনভাগিনী দাসীর কিণ্ডিৎ স্বাধীনতা আছে, কিন্তু বনিতা দ্বিতা স্বসার তাহাও ছিল না। আজিকালি প্রেষের শিক্ষার গ্রেণ হউক, স্থীশিক্ষার গ্রেণ হউক বা ইংরাজের দ্টোন্ডের গ্রেণ হউক, অবস্থার পরিবর্তন হইতেছে। কিন্তু ধের্প পরিবর্তন হইতেছে, তাহার সম্বাংশই কি উন্নতিস্চুক? বঙ্গীয় যুবকদিগের যে অবস্থান্তর ঘটিতেছে, তাহার বিশেষ আন্দোলন শ্রনিতে পাই; কিন্তু বঙ্গীয় যুবতীগণের যে অবস্থান্তর ঘটিতেছে, তাহা কি উন্নতি?

এ প্রশেনর উত্তর দিবার প্রের্ব প্রবিকালে বঙ্গীয়া যুবতী কি ছিলেন, এক্ষণে কি হইতেছেন, তাহা স্মরণ করা আবশ্যক। প্রচীনার সহিত নবীনার তুলনা আবশ্যক। প্রের্ব-কালের যুবতীগণের নাম করিতে গোলে, আগে শাঁখা শাড়ী সিন্দ্রকোটা মনে পড়িবে; বাঁকমলের মুটাম হাত উপরে মনসাপেড়ে শাড়ীর রাঙ্গা পাড় আসিয়া পড়িয়াছে: হাতে পৈছা, কৎকণ, এবং শৃত্থ (যাহার জর্টিল, তাহার বাউটি নামে সোনার শৃত্থ)—ম্ভিমধ্যে দ্যুতর সম্মান্তর্কানী বা রন্ধনের বেড়ি; কপালে কলা-বউরের মত সিন্দ্ররের রেখা, নাকে চন্দ্রমন্ডলের মত নথ; গাঁতে অমাবস্যার মত মিশি; এবং মস্তকের ঠিক মধ্যভাগে, পর্বতশ্বের ন্যায় তুঙ্গ কররীশিখর। আমরা স্বীকার করি যে, সেকেলে মেয়ে যখন গাছকোমর বাঁধিয়া, ঝাঁটা হাতে, খোঁপা খাড়া করিয়া, নথ নাড়িয়া দাঁড়াইত, তখন অনেক প্রনুষের হৎকন্প হইত। বাঁহারা এবন্বিধা প্রাঞ্গবিহারিণী রসবতীর সঙ্গে বাদান্বাদ সাহস করিতেন, তাঁহারা একট্ম সতর্ক হইয়া দ্রে দাঁড়াইতেন। ইহারা কোন্দলে বিশেষ পরিপক ছিলেন, পরস্পরের পা্তত্থারে সঙ্গে তাঁহাদের হস্তের সম্মান্তর্কাীর বিশেষ কোন সম্বন্ধ ছিল। তাঁহাদিগের ভাষাও যে বিশেষ প্রকারে অভিধানসম্মত ছিল, এমত বলিতে পারি না; কেন না, তাঁহারা "পোড়ারম্বখা" "ডেক্রা" ইত্যাদি নিপাতনসাধ্য শব্দ আধ্ননিক প্রাণনাথ প্রাণকান্তাদির স্থলে ব্যবহার করিতেন, এবং "আবাগী" "শতেক খ্রারী" প্রভৃতি শব্দ আধ্নিক "সখী" "ভাগনী" স্থলে প্রয়োগ করিতেন।

এক্ষণে যে সুন্দরীকৃল চরণলিক্তকে বঙ্গভূমিকে উত্তর্বলা করিতেছেন, তাঁহারা ভিন্নপ্রকৃতি। সে শাঁখা শাড়ী সিন্দরে মিশি মল মাদ্লী, কিছুই নাই; অনাভিধানিক প্রিয় সন্বোধনসকল স্করীগণের রসনা ত্যাগ করিয়া বাঙ্গলা নাটকে আশ্রয় লইয়াছে; যেখানে আগে মোটা মনসাপেড়ে শাড়ী মেয়ে মোড়া গনিক্রাথ ছিল, এক্ষণে তাহার স্থানে শাত্তিপ্রের ডুরে, র্পের জাহাজের পাল লইয়া সোহাগ-বাতাসে ফরফর করিয়া উড়িতেছে। হাতা বেড়ি ঝাঁটা কলসীর পরিবর্ত্তে, স্চ স্তা কাপেটি কেতাব হইয়াছে; পরিধের আট্র ছাড়িয়া চরণে নামিয়াছে; কবরী মূর্জা ছাড়িয়া ক্রণে কাড়িয়াছে; এবং অঙ্কের স্বর্ণ পিশ্ডম্ব ছাড়িয়া অলক্ষারে পরিণত হইতেছে। ধ্লিকন্দর্মারক্রিনীগা সাবান স্বাক্ষাদির মহিমা ব্বিষয়াছেন; কলকণ্ঠধননি পাপিয়ার মত গগনপ্রাবী না হইয়া মান্জারের মত অস্কর্ট হইয়াছে। পতির নাম এক্ষণে আর ডেক্রা সন্বনেশে নহে; তত্তংস্থানে সন্বোধনপদসকল দীনবন্ধবাব্র গ্রন্থ হইতে বাছিয়া বাছিয়া নীত হইয়া ব্যবহৃত হইতেছে। স্থুল কথা এই, প্রাচীনার অপেক্ষা নবীনার র্নুচি কিছু ভাল। স্বীজাতির র্নুচির কিছু সংস্কার হইয়াছে।

কিন্তু অন্যান্য বিষয়ে তাদৃশ উন্নতি হইরাছে কি না, বলিতে পারি না। কয়েকটি বিষয়ে নবীনাগণকে আমরা নিন্দনীয়া বিবেচনা করি। তাঁহাদিগের কোন প্রকারে নিন্দা করা আমাদিগের ঘোরতর বেআদবি। তবে চন্দের সঙ্গে তাঁহাদিগের সাদৃশ্য সম্পূর্ণ করিবার জন্য তাঁহাদিগের কিন্তিৎ কলন্দরটনায় প্রবৃত্ত হইলাম।

र्वाष्क्रम तहनावनी

১। তাঁহাদের প্রথম দোষ আলস্য। প্রাচীনা অত্যন্ত শ্রমশালিনী এবং গৃহকন্মে স্থপট্ ছিলেন; নবীনা ঘোরতর বাব; জলের উপর পন্মের মত স্থিরভাবে বসিয়া স্বচ্ছ দর্পণে আপনার রপের ছায়া আপনি দেখিয়া দিন কাটান। গৃহকদের্মর ভার, প্রায় পরিচারিকার প্রতি সমাপত। ইহাতে অনেক অনিষ্ট জন্মিতেছে:—প্রথম শারীরিক পরিশ্রমের অলপতায় যুবতীগণের শরীর বলশ্না এবং রোগের আগার হইয়া উঠিতেছে। প্রাচীনাদিগের, অর্থাৎ প্রেব্কালের যুবতীগণের শরীর স্বাস্থ্যজনিত এক অপুর্বে লাবণ্যবিশিষ্ট ছিল, এক্ষণে তাহা কেবল নিন্দ্রশোর স্বীলোকের মধ্যে দেখা যায়। নবীনাদিগের প্রাত্যহিক রোগভোগে তাহাদিগের স্বামী পিতা পত্র প্রভৃতি সব্দা জ্বালাতন এবং অস্থী: এবং সংসারও কাজে কাজেই বিশৃত্থলাযুক্ত এবং দুঃখময় হইয়া উঠে। গ্রহিণী রুগ্ন শ্য্যাশায়িনী হইলে গ্রহের শ্রী থাকে না: অর্থের ধরংস হইতে থাকে: শিশ্বগণের প্রতি অয়ত্ব হয়; স্তরাং তাহাদিয়ের স্বাস্থ্যক্ষতি ও কৃশিক্ষা হয়: এবং গ্রুমধ্যে সর্ব্বর দুনীতির প্রচার হয়। যাঁহারা ভালবাসে, তাহারাও নিতা রুমের সেবায় দুঃখ সহ্য করিতে পারে না: সত্তরাং দম্পতিপ্রীতিরও লাঘব হইতে থাকে। এবং মাতার অকাল্মতাতে শিশ্সণের এমত অনিষ্ট ঘটে যে, তাহাদিগের মৃত্যুকাল পর্যান্ত তাহারা উহার ফলভোগ করে। সত্য বটে ইংরেজজাতীয় স্ত্রীগণকে আলসাপরবর্শ দেখিতে পাই, কিন্তু তাহারা অশ্বারোহণ, বায়,সেবন, ইত্যাদি অনেকগ্রনি স্বাস্থ্যরক্ষক ক্রিয়া নির্মাতরূপে সম্পাদন করে। আমাদিগের গ্রহপিঞ্জরের বিহঙ্গিনীগণের সে সকল কিছুই হয় না।

দিতীয়, স্ত্রীগণের আলস্যের আর একটি গ্রুব্তর কুফল এই যে, সন্তান দ্বর্বল এবং ক্ষীণজীবী হয়। শিশ্বদিগের নিত্য রোগ এবং অকালমৃত্যু অনেক সময়েই জননীর শ্রমে অনুরাগশ্ন্যতার ফল। অনেকে বলেন, আগে এত রোগ ছিল না; এখন নিত্যু পীড়া; আগে লোকে দীর্ঘজীবী ছিল; এক্ষণে অলপবয়সে মরে। অনেকের বিশ্বাস আছে, এ সকল কালমহিমা; কলিতে অনৈসগিক ব্যাপার ঘটিতেছে। ব্রক্ষিমান্ ব্যক্তি জানেন যে, নৈসগিক নিয়ম কখন কালমহান্ম্যে পরিবর্ত্তিত হয় না; যদি আধ্নিক বাঙ্গালিরা বহুরোগী এবং অলপায়্যু হইয়া থাকে, তবে তাহার অবশ্যু নৈসগিক কারণ আছে সন্দেহ নাই। আধ্নিক প্রস্তিগণের শ্রমে বির্বিত্তি সেই সকল নৈসগিক কারণের মধ্যে অগ্রগণ্য। যে বঙ্গদেশের ভরসা লোকের শারীরিক বলোয়তির উপর বর্ত্তিরাছে, সেই বঙ্গদেশে জননীগণের আলস্যবশ্যতার এর্প ব্লিছ যে অতি শোচনীয় ব্যাপার, তাহার সন্দেহ নাই।

আলস্যের তৃতীয় কুফল এই যে, নবীনাগণ গৃহকদ্মে নিতান্ত আঁশক্ষিতা এবং অপট্। কখনও সে সকল কাজ করেন না, এজন্য শিখেনও না; ইহাতে অনেক আঁনণ্ট ঘটে। প্রাচীনারা নিতান্ত ধনী না হইলে জল তুলিতেন, বাসন মাজিতেন, উঠান ঝাঁট দিতেন; রন্ধন তাঁহাদের জীবনের প্রধান কার্য্য ছিল। এ কিছ্ব বাড়াবাড়ি; নবীনাদিগের এতদ্রে করিতে আমরা অন্রোধ করি না; বাহার বেমন অবস্থা, সে তদন্সারে কার্য্য করিলেই ব্যথেণ্ট; কেবল কার্পেট তুলিয়া কাল কাটাইলে, আঁত ঘ্লিতর্পে জীবননিব্দহি করা হয় বিবেচনা করি। পরস্পরের সম্থবর্ধন জন্য সকলেরই জন্ম; যে স্বা, ভূমণ্ডলে আসিয়া, শয্যায় গড়াইয়া, দর্পণসন্ম্থে কেশরঞ্জন করিয়া, কাপেট তুলিয়া, সীতার বনবাস পড়িয়া, এবং সন্তান প্রসব করিয়া কাল কাটাইলেন, আপনার ভিন্ন কাহারও সম্থ বৃদ্ধি করিলেন না, তিনি পশ্বজাতির অপেক্ষা কিণ্ডিং ভাল হইলে হইতে পারেন, কিন্তু তাঁহার স্বাঞ্জন্ম নির্থক। এ শ্রেণীর স্বালাকগণকে আমরা গলায় দড়ি দিয়া মরিতে পরামর্শ দিই; প্রথিবী তাহা হইলে অনেক নির্থক ভারবহনযন্দ্রণা হইতে বিমন্ত্রা হয়েন।

গৃহিণী গৃহকর্মনা জানিলে র্মগৃহিণীর গৃহের ন্যায় সকলই বিশৃৎখল হইয়া পড়ে:
অর্থে উপকার হয় না: অর্থ অনুর্থক বয় হয়; দ্রব্য সামগ্রী লাঠ বয়; অন্ধেক দাস-দাসী এবং
অপর লোক চুরি করে। বহু বয়য়েও খাদ্যাদির অপ্রতুল ঘটে; ভাল সামগ্রীর খরচ দিয়া মন্দ
সামগ্রী ব্যবহার করিতে হয়; ভাল সামগ্রী গৃহন্থের কপালে ঘটে না। পৌরজনে পৌরজনে
অপ্রণয় এবং কলহ ঘটিয়া উঠে। অতিথি অভ্যাগতের উপয়্তুল সম্মান হয় না। সংসার
কন্টকময় হয়।

২। নবীনাদিগের দ্বিতীয় দোষ ধর্ম্ম সম্বন্ধে। আমরা এক্ষণকার বঙ্গাঙ্গনাগণকে অধাম্মিক বিলতেছি না,—বঙ্গীয় যুবকদিগের তুলনায় তাঁহারা ধর্ম্মভক্ত এবং বিশ্বদ্ধাত্মা বটেন, কিন্তু

र्विविध अवक-आठौना अबः नवीना

প্রাচীনাদিগের সম্প্রদায়ের তুলনায় তাঁহারা ধন্মে লঘ্ন সন্দেহ নাই। বিশেষ যে সকল ধর্ম্ম গৃহস্থের ধর্ম্ম বলিয়া পরিচিত, সেইগর্নলিতে এক্ষণকার যুবতীগণের লাঘুব দেখিয়া কন্ট হয়।

স্থালাকের প্রথম ধর্ম্ম পাতিরতা। অদ্যাপি বঙ্গমহিলাগণ পৃথিবীতলে পাতিরতা-ধক্ষে তুলনারহিতা। কিন্তু যাহা ছিল তাহা কি আর আছে? এ প্রশেনর উত্তর শীঘ্র দেওয়া যার না। প্রাচীনাগণের পাতিরতা যের্পে দৃঢ়গ্রান্থর দ্বারা হদয়ে নিবদ্ধ ছিল, পাতিরতা যের্পে তাহাদিগের অস্থি মঙ্জা শোণিতে প্রবিষ্ট ছিল. নবীনাদিগেরও কি তাই? অনেকের বটে, কিন্তু অধিকাংশের কি তাই? নবীনাগণ পতিরতা বটে, কিন্তু যত লোকনিন্দাভয়ের, তত ধন্মভয়ের নহে।

তাহার পর, দানাদিতে প্রাচীনাদিগের যের্প মনোনিবেশ ছিল, নবীনাদিগের সের্প দেখা যায় না। প্রাচীনাগণের দৃঢ় বিশ্বাস ছিল যে, দানে পরমার্থের কাজ হয়। যে দান করে, সে দ্বগে যায়। এক্ষণকার যুবতীগণের স্বগে বিশ্বাস তত দৃঢ় নহে; তাহাদের পরলোকে স্বর্গপ্রাপ্তিকামনা তত বলবতী নহে। ইংরোজ সভ্যতার ফলে দেশে নানাবিধ সামগ্রীর প্রাচুর্যা হওয়াতে সকলেরই অর্থের প্রয়োজন বাড়িয়াছে, স্বীলোকদিগেরও বাড়িয়াছে; এজন্য দানে তাদৃশ অনুরাগ আর নাই। তত দান করিলে আর কুলায় না। টাকায় যে সকল সুথ কেনা যায়, তাহার সংখ্যা এবং বৈচিত্র বাড়িয়াছে; দানের আধিক্য করিলে, এখন অনেক বাঞ্কুনীয় সুথে বিশ্বত হইতে হয়। সুতরাং স্বীলোক (এবং প্রুর্ষে) আর তত দানশীল নহে।

হিন্দ্বিদেরের একটি প্রধান ধন্ম অতিথিসংকার। যে গ্রেহ আসে, তাহাকে আহারাদির দ্বারা পরিতৃত্টকরণ পক্ষে এতন্দেশীয় লোকের তুল্য কোন জাতি ছিল না। প্রাচীনাগণ এই গ্রেণ বিশেষ গ্রেশালিনী ছিলেন। নবীনাদিগের মধ্যে সে ধন্ম একেবারে বিলুপ্ত হইতেছে। গ্রেহ অতিথি অভ্যাগত আসিলে প্রাচীনারা কৃতার্থ হইতেন, নবীনাগণ বিরক্ত হয়েন। লোককে আহার করান প্রাচীনাদিগের প্রধান সুখ ছিল, নবীনাগণ ইহাকে ঘোরতর বিপদ্ মনে করেন।

ধন্মে যে নবীনাগণ প্রাচীনাদিগের অপেক্ষা নিরুষ্ট, তাহার একটি বিশেষ কারণ অসম্পূর্ণ শিক্ষা। লেখাপড়া বা অন্য প্রকারের শিক্ষা তাহারা যাহা কিণ্ডিং প্রাপ্ত হয়েন, তাহাতেই বুলিতে পারেন যে, প্রাচীন ধন্মের শাসন অমূলক। অতএব তাহাতে বিশ্বাস হারাইয়া, ধন্মের যে বন্ধন ছিল, তাহা হইতে বিমুক্ত হয়েন। তাহার স্থানে আর নৃতন বন্ধন কিছুই গ্রাণ্থবন্ধ হইতেছে না। আমরা লেখাপড়ার নিন্দা করিতেছি না। ধর্ম্ম ভিন্ন বিদ্যার অপেক্ষা মূল্যবান্ বস্তু যে প্রথিবীতে কিছুই নাই, ইহা আমরা ভূলিয়া যাইতেছি না। তবে বিদ্যার ফল, ইহা সৰ্বত্র ঘটিয়া থাকে যে, তাহাতে চক্ষ্ম ফ্রটে, মিথ্যাকে মিথ্যা বলিয়া বোধ হয়, সত্যকে সত্য বলিয়া জানা যায়। বিদ্যার ফলে লোকে, প্রাচীন ধর্মশাস্ত্রঘটিত ধর্মের মূলের অলীকত্ব দেখিতে পায়: প্রাকৃতিক যে সত্য ধর্ম্ম, তাহা সত্য বালয়া চিনিতে পারে। অতএব বিদ্যায় ধন্মের ক্ষতি নাই, বরং বৃদ্ধি আছে। সচরাচর পশ্ডিতে যাদৃশ ধন্মিষ্ঠ, মূর্থে তাদৃশ পাপিষ্ঠ হয়। কিন্তু অলপ বিদ্যার দোষ এই যে, ধন্মের মিথ্যা মূল তম্বারা উচ্ছিন্ন হয়; অথচ সত্য ধন্মের প্রাকৃতিক মূল সংস্থাপিত হয় না। সেট্রকু কিছ্ব অধিক জ্ঞানের ফল। পরোপকার করিতে হইবে, এটি যথার্থ ধন্মনীতি বটে। মুর্থেও ইহা জানে, এবং মুর্খদিণের মধ্যে ধন্মে যাহাদের মতি আছে, তাহারাও ইহার বশুবন্তী হয়। তাহার কারণ এই যে, এই নৈতিক আজ্ঞা প্রচলিত ধর্মাশান্তে উক্ত হইয়াছে; মুর্থের তাহাতে দৈবাজ্ঞা বলিয়া বিশ্বাস আছে। দৈববিধি লত্ঘন করিলে ইহলোকে ও পরলোকে ক্ষতিপ্রাপ্ত হইতে হইবে বালিয়া মূর্খ সে নীতির বশবতী; পশ্চিতও সে নীতির বশবত্তী, কিন্তু তিনি ধর্মশান্তোক্ত বিলয়া তদুক্তি অনুসরণ করেন না। তিনি জানেন যে, ধম্মের কতকগ্নলি প্রাকৃতিক নিয়ম আছে, তাহা অবশ্য পালনীয়; এবং পরোপকারবিধি সেই সকল নিয়মের ফল। অতএব এ স্থলে ধন্মের ক্ষতি হইল না। কিন্তু র্যাদ কেহ ঈদুশ পরিমাণে মাত্র বিদ্যার আলোচনা করে যে, তন্দ্বারা প্রাচীন ধর্মশাস্ত্রে বিশ্বাস বিনষ্ট হয়, অতচ যতদ্বে বিদ্যার আলোচনায় প্রাকৃতিক ধর্মে বিশ্বাস জল্মে, ততদ্বে না ষায়, তবে তাহার পক্ষে ধম্মের কোন মূল থাকে না। লোকনিন্দাভয়ই তাহাদিগের একমাত্র ধর্ম্ম-বন্ধন হইয়া উঠে। সে বন্ধন অতি দুৰ্বেল। আধুনিক অম্পশিক্ষিত যুবক যুবতীগণ কিয়দংশে এই অবস্থাপন্ন: এজন্য ধর্ম্মাংশে তাঁহারা প্রাচীনাদিগের সমকক্ষ নহেন। যাঁহারা স্বাদিক্ষায়

ব্যতিবাস্ত, তাঁহাদিগের আমরা জিজ্ঞাসা করি যে, আপনারা বালিকাদিগের হৃদয় হইতে প্রাচীন ধর্ম্মবন্ধন বিযুক্ত করিতেছেন, তাহার পরিবর্তে কি সংস্থাপন করিতেছেন?*

তিন রক্ম

नः ১

বঙ্গদর্শনে "নবীনা এবং প্রাচীনা" কে লিখিল? যিনি লিখনে, তিনি মনে করিয়াছেন, অবলা স্বীজাতি কিছু কথা কহিবে না, অতএব যাহা ইচ্ছা, তাহা লিখি। জানেন না যে, সম্মার্জনী স্বীলোকেরই আয়ুধ।

ভাল, নবীন মহাশয়, আপনারা নবীনা প্রাচীনার গ্রেণ দোষের তুলনা করিয়াছেন, নবীন ও

প্রাচীনে কি তুলনা হয় না? তুলনা করিলে দোষের ভাগ কোন্ দিকে ভারি হইবে?

প্রাচীনের অপেক্ষা নবীনের গাণের মধ্যে দেখি, তোমরা একটা ইংরেজি শিথিয়াছ। কিন্তু ইংরেজি শিথিয়া কাহার কি উপকার করিয়াছ? ইংরেজি শিথিয়া কেরাণীগিরি শিথিয়াছ দেখিতে পাই। কিন্তু মনুষ্যত্ব? শুন, প্রাচীনে নবীনে প্রভেদ কি. বলি। প্রাচীনেরা পরোপকারী ছিলেন: তোমরা আন্মোপকারী। প্রাচীনেরা সত্যবাদী ছিলেন: তোমরা কেবল প্রিয়বাদী। প্রাচীনেরা ভক্তি করিতেন পিতা-মাতাকে: নবীনের ভক্তি করা পত্নী বা উপপত্নীকে। প্রাচীনেরা দেবতা ব্রাহ্মণের পূজা করিতেন; তোমাদের দেবতা টেস ফিরিঙ্গি, তোমাদের ব্রাহ্মণ সোনার বেনে। সত্য বটে, তাঁহারা পোর্তালক ছিলেন, কিন্তু তোমরা বোর্তালক। জগদীশ্বরীর স্থানে তোমরা অনেকেই ধ্যান্যেশ্বরীকে স্থাপনা করিয়াছে: ব্রহ্মা বিষ্ণু মহেশ্বরের স্থানে ব্রাণ্ডি, রম, জিন। বিষয় সেরি তোমাদের ষণ্ঠী মনসার মধ্যে। বঙ্গীয় বাব্রের ভ্রাতরেহে সম্বন্ধীর উপর বার্ত্তরাছে, অপত্যক্ষেহ ঘোড়া কুরুরের উপর বার্ত্তরাছে: পিতৃভক্তি আপিসের সাহেবের উপর বার্ত্তরাছে, আর মাতৃভক্তি? পাচিকার উপরে। আমরা অতিথি অভ্যাগত দেখিলে মহা বিপদ মনে করি বটে, তোমরা তাহাদিগকে গলা ধারা দাও। আমরা অলস; তোমরা শুখু, অলস নও— তোমরা বাব,! তবে ইংরেজ বাহাদ্রর নাকে দড়ি দিয়া তোমাদের ঘানিগাছে ঘ্রায়, বল নাই বলিয়া ঘোর। আর আমরাও নাকে দড়ি দিয়া ঘুরাই, বুদ্ধি নাই বলিয়া ঘোর। আমরা লেখা-পড়া শিখি নাই বলিয়া আমাদের ধন্মের বন্ধন নাই, আর তোমাদের? তোমাদের ধন্মের বন্ধন বড দ্যু, কেনু না, তোমাদের সে বন্ধনের দড়ি একদিকে শহুড়ি, আর একদিকে বারস্ত্রী টানিয়া আঁটিয়া দিতেছে: তোমরা ধর্ম্ম-দড়িতে মদের কলসী গলায় বাঁধিয়া, প্রেমসাগরে ঝাঁপ দিতেছ—গরিব "নবীনা" খুনের দায়ে ধরা পড়িতেছে। তোমাদের আবার ধর্ম্মের ভয় কি — তোমরা কি মান? ঠাকুর দেবতা? যিশুঞ্জীষ্ট? ধর্ম্ম মান? পাপ পূস্য মান? কিছু না—কেবল আমাদের এই আলতা-পরা মল-বেড়া শ্রীচরণ: সেও নাথির জনলায়।

শ্রীচাণ্ডকাস্করী দেবী।

नः २

সম্পাদক মহাশর! আপনাদের শ্রীচরণে এ কিৎকরীকুল কোন্ দোষে দোষী? আমরা কি জানি?—আপনারা শিখাইবেন, আমরা শিখিব—আপনারা গ্রুর্, আমরা শিষ্য,—কিন্তু শিক্ষাদান এক. নিন্দা আর। বঙ্গদর্শনে "নবীনার" প্রতি এত কট্জি কেন?

আমাদের সহস্র দোষ আছে স্বীকার করি। একে স্বীজাতি, তাতে বাঙ্গালির মেয়ে, জাতিতে কাঠমিল্লিকা, তাহাতে মর্ভূমে জন্মিয়াছি—দোষ না থাকিবে কেন? তবে কতকগৃন্লি দোষ আপনাদেরই গ্লে জন্মিয়াছে। আপনাদের গ্লে, দোষে নহে। আপনারা আমাদের এত ভাল না বাসিলে, আমাদের এত দোষ ঘটিত না। আপনারা আমাদের স্ব্ধী করিয়াছেন, এজন্য আমরা অলস। মাথার ফ্লটি খসিয়া পড়িলে, আপনারা তুলিয়া পরান। আপনারা জল হইয়া যে

* "নবীনা ও প্রাচীনা।" এই প্রবন্ধ বঙ্গদর্শনে প্রকাশিত হইলে পর, স্বীলোকের পক্ষ হইতে যে উত্তর আছে, তাহা নিস্নলিখিত কৃত্রিম পত্র তিনখানিতে লিখিত হইয়াছিল।

विविध अवक-आठीना अवः नवीना

নলিনী হাদরে ধারণ করেন, সে কেন স্বচ্ছ সলিলে আপনার রুপের ছায়া দেখিয়া দিন না কাটাইবে?

আমরা অতিথি অভ্যাগতের প্রতি অমনোযোগী—তাহার কারণ, আমরা স্বামী প্রের প্রতি অধিক মনোযোগী। আমাদের ক্ষ্ম হৃদয়ে আপনারা এত স্থান গ্রহণ করিয়াছেন যে, অন্য ধন্মের আর স্থান নাই।

আর—শেষ কথা, আমরা কি ধর্ম্মভীতা নহি? ছি! ধর্ম্মভীতা বলিয়াই, আপনাদিগকে আর কিছু বলিতে পারিলাম না। তোমরাই আমাদিগের ধর্মা। তোমদের ভয়ে ভীতা বলিয়া, অন্য ধর্ম্মের ভয় করি না। সকল ধর্ম্ম কর্ম্মে আমরা স্বামী প্রের সমর্পণ করিয়াছি—অন্য ধর্ম্ম জানি না। লেখাপড়া শিখাইয়া আমাদিগকে কোন্ ধর্ম্মে বাধিবেন? যত শিখান না কেন—আমরা বাঙ্গালির মেয়ে, সকল বন্ধন ছিড়িয়া এই পাতিরতা বন্ধনে আপনা আপনি বাধা পাড়ব। যদি ইহাতে অধর্ম্ম হয়, সে আপনাদের দােষ, আপনাদেরই গ্রেণ। আর যদি আমার ন্যায় মুখরা বালিকার কথায় রাগ না করেন, তবে জিজ্ঞাসা করি, আপনারা গ্রের্, আমরা শিষ্য—আপনারা আমাদের কোন ধর্ম্ম শিখাইয়া থাকেন?

লেখাপড়া শিখিব? কেন? তোমাদের মুখচন্দ্র দেখিয়া যে সুখ, লেখাপড়ায় কি তত? তোমাদের সুখসাধনে যে ধন্মশিক্ষা, লেখাপড়ায় কি তত? দেখ, তোমাদের দেখিয়া আমরা আত্মবিসর্জন শিখিয়াছি, লেখাপড়ায় কি তাহা শিখাইবে? আর লেখাপড়া শিখিব কখন? তোমাদের মুখ ভাবিতে ভাবিতে দিন যায়, ছাই লেখাপড়া শিখিব কখন?

ছি! দাসীদিগের নিন্দা!

श्रीनक्तीर्याण रम्यी।

नः ७

ভाল, কোন্ রসিকচ্ডামণি "নবীনা এবং প্রবীণা" লিখিলেন?

লেখক মহাশয়! তুমি যা বলিয়াছ, সব সত্য—একটি মিথ্যা নহে। আমরা অলস বটে,—
কিন্তু আমরা অলস না হইয়া, কাজ করিয়া বেড়াইলে, তোমাদের দশা কি হইত? এ বিজরি
তোমাদের হদয়াকাশে স্থির না থাকিলে, কাহার প্রাত চাহিয়া, এ দীর্ঘ দঃখদারিদ্রাময় জীবন
কাটাইতে? এ সোদামিনী স্থির না থাকিলে, তোমরা এ সংসারাম্বকারে কোথায় আলো পাইতে?
আমরা কাজ করিব? করিব, ক্ষৃতি কি, কিন্তু দেখ যেন, আমাদের তিলেক না দেখিয়া, তোমরা
তৈলশন্যে প্রদীপের মত হঠাৎ নিবিয়া বসিও না; জলশন্য মাছের মত বার বার প্রক্ত আছড়াইতে
থাকিও না; আর রাখালশন্য বাছনের মত হাশবারবে তোমাদের গৃহগোহাল পারপ্রেণ করিও
না। আমরা কাজ করিতে যাইব, কিন্তু তোমরা এ ঢল ঢল চণ্ডল র্পতরঙ্গ যে দেখিতে পাইবে
না! এ কলকণ্ঠধননি ক্ষণেক না শ্নিলে যে গাতিমন্ধ হরিণের ন্যায় সংস্যারারণ্যে শব্দান্বেষণ
করিয়া বেড়াইবে!—কপালখানা! আবার বলেন কি না, কাজ করে না।

আমরা অতিথি অভ্যাগতকে খাইতে দিই না;—দিবু কি, তোমরা বে ঘরে কিছু রাখ না। ইংরেজের আপিসের কি গুল বলিতে পারি না—যাইবার সময় যাও যেন নন্দদ্বলাল—ফিরে এস যেন কুম্বকণ! নিজের নিজের উদর—এর একটি আধর্মাণ বস্তা—আমরা যেই হিন্দরে মেয়ে, তাই তাহাতে কোন মতে গ্রিশ সের ঠাসিয়া দিই—তার উপর আবার অতিথি অভ্যাগত!

ধন্মের বন্ধনে বাঁধবেন? ক্ষতি নাই, কিন্তু যে একাদশী নিরামিষের বাঁধনে বাঁধরা রাখিয়াছেন, তার উপর এ বন্ধনে আর কাজ কি? আপনারা একাদশীর ভার নিন, আমরা লেখা-পড়া শিখিয়া,—ধন্মের বন্ধন আঁটো করিয়া বাঁখিতে রাজি আছি। আমার মনে বড় সাধ, একবার আপনাদিগের সক্ষে অবস্থার বিনিময় করি। গালিগালাজ দিবার আগে, একবার কত স্থ দ্বঃখ বর্নিয়া লউন। আমরা মরিলে আপনারা একাদশী করিবেন, নিরামিষ খাইবেন, ঠেটি পরিবেন; আপনারা প্রগারোহণ করিলে আমরা "দ্বিতীয় সংসার" করিব—জীয়ত্তে আপনারা সন্তান প্রসব করিবেন, রন্ধনশালার তত্ত্বাব্ধান করিবেন,—বাড়ীতে বিবাহ উপস্থিত হইলে, গোঁপের উপর ঘোমটা টানিয়া বরণভালা মাথায় করিয়া স্থী আচার করিবেন, বাসর ঘরে রসের হাসি হাসিয়া বাসর জাগিবেন, স্থেবর স্থীমা থাকিবে না।—আমরা যৌবনে বহি হাতে করিয়া কালেজে যাইব—

ৰ্বাঙ্কম রচনাবলী

বয়সকাল ফিরিঙ্গি খোঁপার উপর, পাগড়ী তেড়া করিয়া বাঁধিয়া আপিসে যাইব—টৌনহলে নথ নাড়িয়া দপীচ করিব,—চসমার ভিতর হইতে এই চোথের বিলোল কটাক্ষে স্ভিট স্থিতি প্রলয় করিব—সাধের ধন্মের দড়ি গলায় বাঁধিয়া সংসার সোহালে খোল বিচালি খাইব —ক্ষতি কি! তোমরা বিনিময় করিবে? কিন্তু একটা কথা সাবধান করিয়া দিই—তোমরা যখন মানে বিসবে—আমরা যখন মান ভাঙ্গিতে বিসব—ম্খখানি কাঁদো কাঁদো করিয়া কর্ণভূষা একট্, ঈষং রসের দোলনে দোলাইয়া, এই সম্প্রমর সরোজনয়নে একবার চোরা চাহনি চাহিয়া, যখন গহনা পরা হাতখানি, তোমাদের পায়ে দিব—তখন? তখন কি তোমরা আমাদের মত মানের মান রাখিতে পারিবে?

বড়াই ছাড়িয়া তাই কর; তোমরা অস্তঃপর্রে এস—আমরা আপিসে যাই। যাহারা সাত শত বংসর পরের জবতা মাথায় বহিতেছে, তাহারা আবার প্রেষ্! বলিতে লম্জা করে না? শীরসময়ী দাসী।



দ্বিতীয় খণ্ড

ধৰ্ম এবং সাহিত্য*

আমি প্রচারের একজন লেখক। তাহা জানিয়া প্রচারের একজন পাঠক আমাকে বলিলেন, "প্রচারে অত ধন্মবিষয়ক প্রবন্ধ ভাল লাগে না। দুই একটা আমাদের কথা না থাকিলে পড়িতে পারা যায় না।"

আমি বলিলাম,, "কেন, উপন্যাসেও কি তোমার আমোদ নাই? প্রতি সংখ্যায় একটি উপন্যাস প্রকাশিত হইয়া থাকে।"

তিনি বলিলেন, "ঐ একট্র বৈ ত নয়।"

তিন ফম্মা প্রচার, তাহার কখন এক ফম্মা উপন্যাস, কখন বেশী, কখন কম। তাহাও অপ্রচুর। তারপর তিন ফম্মার ষেট্রকু থাকে, তাহারও কিয়দংশ কবিতা ইত্যাদিতে কতকটা ভরিয়া যায়, ধম্মবিষয়ক প্রবন্ধ এক কোলে এক আধটা পড়িয়া থাকে। তপাপি এই পাঠকের তাহা ভাল লাগে না। বোধ হয়, আরও অনেক পাঠক আছেন, যাঁহাদিগের ধম্মবিষয়ক প্রবন্ধ তিক্ত লাগে। এই প্রবন্ধের উদ্দেশ্য, তাঁহাদিগকে জিজ্ঞাসা করা, ধর্ম্ম কেন তিক্ত লাগে, উপন্যাস রক্ষরস কেন ভাল লাগে?

আমাদিগের ইচ্ছা, পাঠক আপনি একট্ব চিন্তা করিয়া ইহার উত্তর স্থির করেন। আপনা আপনি উত্তর স্থির করিলে তাঁহাদিগের যত উপকার হইবে, কেহ কোন প্রকার শিক্ষা দিয়া সের্প উপকার করিতে পারিবে না। তবে আমরা তাঁহাদের কিছু সাহায্য করিতে পারি।

সাধারণ ধন্মশিক্ষকের দ্বারা ধন্ম যে ম্তিতে প্থিবীতে সংস্থাপিত হইয়াছে, তাহা অপ্রীতিকর বটে। এদেশের আধ্বনিক ধন্মের আচার্যেরা যে হিন্দুধন্ম ব্যাখ্যাত ও রক্ষিত করেন, তাহার ম্বিভি ভয়ানক। উপবাস, প্রায়শিচন্ত, প্থিবীর সমস্ত স্বথে বৈরাগ্য, আত্মপীড়ন, ইহাই অধ্যাপক ও প্ররোহিত মহাশ্রের নিকট ধন্ম। গ্রীষ্মকালে অতিশয় উত্তপ্ত ও ত্বাপীড়িত হইয়া যদি এক পাত্র বরফজল খাইলাম, তবে আমার ধন্ম নণ্ট হইল! জর্রাবকারের র্মু শ্যায় কন্টে প্রাণ থার যায় হইয়াছে, ডাক্তার আমার প্রাণরক্ষার্থে যদি ঔষধের সঙ্গে আমায় পাঁচ ফোঁটা রান্ডী খাওয়াইলেন, তবেই আমার ধন্ম গেল!। আট বৎসরের কুমারী কন্যা বিধবা হইয়াছে, যে বন্ধাচরণার সে কিছ্ লানে না, যাহা যাট বৎসরের ব্যুলারও দ্রাচরণীয়, সেই ব্রহ্মাতর্যের পীড়নে পর্নিড়িত করিয়া তাহাকে কাঁদাইতে হইবে, আপনি কাঁদিতে হইবে, পরিবারবর্গকে কাঁদাইতে হইবে, নহিলে ধন্ম থাকে না। ধন্মোপাঙ্গনের জ্ন্য কেবল প্রোহিত মহাশমকে দাও, গ্রুর্টজ্বকৈ দাও, নিন্কন্মা, স্বার্থপ্র, লোভী, কুরন্মাসক্ত ভিক্ষোপজীবী ব্রহ্মাণিককে দাও, আপনার প্রাণপতনে উপাজ্জিত ধন্ম নাম বাল্যকাল হইতে ইহাকে ধন্ম নামে অভিহিত হইতে শ্নিনা আসিতেছি। পাঠক যে ইহাকে পিশাচ বা রাক্ষসের ন্যায় ভয় করিবেন, এবং নাম শ্রেনিবামাত্র পরিবায়ণ করিবেন, ইহা সঙ্গত বটে।

যাঁহারা "শিক্ষিত" অর্থাৎ যাঁহারা ইংরেজি পড়িয়াছেন, তাঁহারা এটাকে ধন্ম বিলয়া মানেন না, কিন্তু তাঁহারা আর এক বিপদে পড়িয়াছেন। তাঁহারা ইংরেজির সঙ্গে খ্রীষ্টার ধন্মটাও শিথিয়াছেন। সে জন্য বাইবেল পড়িতে হয় না, বিলাতী সাহিত্য সেই ধন্মে পরিপ্লত। আমরা খ্রীষ্টায় ধন্ম গ্রহণ করি না করি, ধন্ম নাম হইলে সেই ধন্মই মনে করি। কিন্তু সে আর এক ভয়৽কর ম্রিরিশেষ। পরমেশ্বরের নাম হইলে সেই খ্রীষ্টানের পরমেশ্বরকে মনে পড়ে। সে পরমেশ্বর এই পবিত্র নামের সম্পূর্ণ অযোগ্য। তিনি বিশ্বসংসারের রাজা বটে, কিন্তু এমন প্রজাপীড়ক অত্যাচারী বিচারশান্য রাজা কোন নরপিশাচেও হইতে পারে না। তিনি ক্ষণকৃত অতি ক্ষান্ত অপরাধে মন্বাকে অনন্তকালস্থায়ী দন্ডের বিধান করেন। ছোট বড় সকল পাপেই অনন্ত নরক। নিম্পাপেরও অনন্ত নরক—যদি সে খ্রীষ্টধন্ম গ্রহণ না করে। যে কখন খ্রীষ্ট

^{*} প্রচার, ১২৯২, পোষ।

[†] अत्नर्क रिम्म्, धेरे बना जाउगीत वेषध थान ना।

বঙ্কিম রচনাবলী

নাম শ্নেন নাই, স্তরাং খ্রীষ্টশ্বন্ধ গ্রহণ করা যাহার সাধ্য নহে, তাহারও সেই অপরাধে অনস্ত নরক। যে হিন্দর্ব্ব ঘরে জন্মিরাছে, তার সেই হিন্দর্ক্তক্ষ তাহার দোষ নহে, পরমেশ্বর স্বরং তাহাকে যেখানে প্রেরণ করিরাছেন, সেইখানেই সে আসিয়াছে, যদি দোষ থাকে, তবে সে পরমেশ্বরের দোষ, তথাপি সে দোষে সে গরিবের অনস্ত নরক। যে খ্রীষ্টের প্রের্ব জনিম্নাছে বিলয়াই খ্রীষ্ট্র্যক্ষ গ্রহণ করে নাই, তাহার সে ঈশ্বরকৃত জন্মদোষে তাহারও অনস্ত নরক। এই অত্যাচারকারী বিশ্বেশ্বরের একটি কাজ এই যে, ইনি রাত্রিদন প্রজাবর্গের মনের ভিতর উর্ণক মারিয়া দেখিতেছেন, কে কি পাপসঙ্কলপ করিল। যাহার এতট্বকু ব্যতিক্রম দেখিলেন, তাহার অদৃষ্টে তখনই অনস্ত নরক বিধান করিলেন। যাহারা এই ধন্মের্ব আবর্ত্তমধ্যে পড়িয়াছে, তাহারা চির্বাদন সেই মহাবিষাদের ভয়ে জড়সড় ও জীবন্মত ইইয়া দিন কাটায়। প্রিথবীর কোন স্ব্রুই তাহাদের কাছে আর স্বৃথ নহে। যাহারা এই পেশাচিক ধন্মকে ধন্ম বিলতে শিথিয়াছেন, ধন্মের্ব নামে যে তাঁহাদের গায়ে জ্বর আসিবে, ইহা সঙ্গত।

সাধারণ ধন্মপ্রচারকদিগের এই সকল দোষেই ধন্মালোচনার প্রতি সাধারণ লোকের এত অনন্বরাগ জন্মিয়াছে। নহিলে ধন্মের সহজ মৃত্তি যেরপ মনোহারিণী, সকল ত্যাগ করিয়া সাধারণ লোকের ধন্মালোচনাতেই অধিক অন্বরাগ সম্ভব। আমারও বিশ্বাস যে, জগতে তাহাই হইয়া থাকে; কেবল এখনকার বিকৃতর্ভি পাঠকদিগের সন্বন্ধে এ কথা খাটে না। তাঁহারা বিবেচনা করিয়া দেখিবেন যে, যেগালি ধন্ম বিলয়া হিন্দ্র খিন্টিইয়ানের দোষে তাঁহাদিগের নিকট পরিচিত হইয়াছে, সেগালি ধন্ম নহে—অধন্ম। ধন্মের মৃত্তি বড় মনোহর। ঈশ্বর প্রজাপীড়ক নহেন—প্রজাপালক। ধন্মা আত্মপীড়ন নহে,—আপনার উন্নতিসাধন, আপনার আনন্দবর্দ্ধনিই ধন্মা। ঈশ্বরে ভক্তি, মনুযেয় প্রীতি, এবং হদয়ে শান্তি, ইহাই ধন্মা। ভক্তি, প্রীতি, শান্তি, এই তিনটি শব্দে যে বস্তু চিত্রিত হইল, তাহার মোহিনী মৃত্তির অপেক্ষা মনোহর জগতে আর কি আছে? তাহা ত্যাগ করিয়া আর কোন বিষয়ের আলোচনা করিতে ইচ্ছা করে?

যিনি নাটক নবেল পড়িতে বড় ভালবাসেন, তিনি একবার মনে বিচার করিয়া দেখিবেন, কিসের আকাজ্জার তিনি নাটক নবেল পড়েন? যদি সেই সকলে যে বিক্ষয়কর ঘটনা আছে, তাহাতেই তাঁহার চিত্রবিনাদন হয়, তবে তাঁহাকে জিজ্ঞাসা করি, বিশ্বেশ্বরের এই বিশ্বস্থিতর অপেক্ষা বিক্ষয়কর ব্যাপার কোন্ সাহিত্যে কথিত হইয়াছে? একটি ত্পে বা একটি মাছির পাখায় যত আশ্চর্য্য কোশল আছে, কোন্ উপন্যাস-লেখকের লেখায় তত কোশল আছে? আর ইহার অপেক্ষা যাঁহারা উচ্চদরের পাঠক, যাঁহারা কবির সৃষ্ট পদার্থের লোভে সাহিত্যে অন্রক্ত, তাঁহাদিগকে জিজ্ঞাসা করি, ঈশ্বরের সৃষ্টির অপেক্ষা কোন্ কবির সৃষ্টি স্কুদর? বস্তুতঃ কবির সৃষ্টি, সেই ঈশ্বরের সৃষ্টির অন্কারী বলিয়াই স্কুদর। নকল কখন আসলের সমান হইতে পারে না। ধন্মের মোহিনী মুর্তির কাছে সাহিত্যের প্রভাব বড় খাটো হইয়া যায়।

পাঠক বিলবেন, "এ কথা সত্য হইতে পারে না; কেন না, আমার নাটক নবেল পড়িতে ইচ্ছা হয়, পড়িয়াও আনন্দ নাই। কই, ধন্ম প্রবন্ধ পড়িতে ত ইচ্ছা হয় না, পড়িয়াও কোন আনন্দ পাই না।" ইহার উত্তর বড় সহজ। তুমি সাহিত্য পাঠে অনুবক্ত এবং তাহাতে আনন্দ লাভ কয়, তাহার কায়ণ এই যে, যে সকল বৃত্তির অনুশীলন করিয়াছ, কাজেই তাহাতে আনন্দ লাভ কয়। য়ে সকল বৃত্তির অনুশীলন ধন্মের মন্ম গ্রহণ কয় য়য়, তুমি কেলা সেই সকল বৃত্তির অনুশীলন করিয়াছ, কাজেই তাহাতে আনন্দ লাভ কয়। য়ে সকল বৃত্তির অনুশীলন ধন্মের মন্ম গ্রহণ কয় য়য়, তুমি সোনুলির অনুশালন কর নাই, এজন্য তাহার আলোচনায় তুমি আনন্দ লাভ কয় না। কিন্তু এখন সোনুলির আলোচনা নিতান্ত প্রয়েজনীয় হইয়াছে। কেন না, তাহাতেই স্থ। সাহিত্যের আলোচনায় স্থ আছে বটে, কিন্তু যে স্থ তোমার উন্দেশ্য এবং প্রাপ্য হওয়া উচিত, সাহিত্যের স্থ তাহার ক্ষুদ্রাংশ মায়। সাহিত্য থাকে য়ে, তাহা অসত্যমুলক ও অধন্মমিয়, তবে তাহায় পাঠে দ্রাছ্মা বা বিকৃতর্ভি পাঠক ভিয় কেহ স্থী হয় না। কিন্তু সাহিত্যে যে সত্য ও যে ধন্ম, সমস্ত ধন্মের তাহা এক অংশ মায়। অতএব কেবল সাহিত্য নহে, যে মহন্তত্ত্বের অংশ এই সাহিত্য, সেই ধন্মই এইর্প আলোচনীয় হওয়া উচিত। সাহিত্য ত্যাগ করিও না, কিন্তু সাহিত্যকে নিন্দ সোপান করিয়া ধন্মের মণ্ডে আরোহণ কয়।

কিন্তু ইহাও যেন স্মরণ থাকে যে, গোড়ায় কিছ্ম দুঃখ কন্ট না করিয়া কোন সম্থই লাভ করা

विविध श्रवक-हिख्याचि

যায় না। বিলাসী ও পাপিষ্ঠ, যে ইন্দ্রিয়তৃপ্তিকেই স্থ মনে করে, তাহারও উপাদান যত্নে ও কন্টে আহরণ করিতে হয়। ধর্ম্মালোচনায় যে অসীম অনির্ব্বচনীয় আনন্দ, তাহার উপভোগের জন্য প্রয়োজনীয় যে ধর্ম্মান্দিরের নিন্দ সোপানে যে সকল কঠিন ও কর্কশ তত্ত্বগর্নি বন্ধর প্রস্তারের মত আছে, সেগন্লিকে আগে আপনার আয়ন্ত কর। অতএব আপাততঃ ধন্মবিষয়ক প্রবন্ধ কর্কশ বোধ হইলেও তাহার প্রতি অনাদর করা অন্তিত।

চিত্তশর্দ্ধ*

হিন্দ্ধশ্বের সার চিত্তশন্ধি যাহারা হিন্দ্রধশ্বের বিশেষ অনুরাগী অথবা হিন্দ্ধশ্বের যথার্থ মন্দের্বর অনুসন্ধানের ইচ্ছ্র্ক, তাহাদিগকে এই তত্ত্বের প্রতি বিশেষ মনোযোগ করিবার জন্য অনুরোধ করি। হিন্দ্রশ্বেশিন্তর্গত আর কোন তত্ত্বই ইহার নায় মন্দ্র্যাত নহে। সাকারের উপাসনা বা নিরাকারের উপাসনা, একেশ্বরাদ বা বহুদেবে ভক্তি, বৈতবাদ বা অবৈতবাদ, জ্ঞানবাদ, কন্মবাদ বা ভক্তিবাদ, সকলই ইহার নিকট অকিগুৎকর। চিত্তশন্ধি থাকিলে সকল মতই শ্বুন, চিত্তশন্ধির আভাবে সকল মতই আনুদ্ধ। যাহার চিত্তশন্ধি নাই, তাহার কোন ধন্মই নাই। যাহার চিত্তশন্ধি আছে, তাহার আর কোন ধন্মই প্রয়োজন নাই। চিত্তশন্ধি কেবল হিন্দ্র্যমেরই সার, এমত নহে, ইহা সকল ধন্মের সার। ইহা হিন্দ্র্যমের্বর সার, খ্রীভট্যনের্বর সার, বৌদ্ধধন্মের সার, ইসলামধন্মের সার, নিরীশ্বর কোমৎধন্মের সার। যাহার চিত্তশন্ধি আছে, তিনি শ্রেণ্ঠ হিন্দ্র, শ্রেণ্ঠ খ্রীণ্টীয়ান, শ্রেণ্ঠ বৌদ্ধ, শ্রেণ্ঠ মন্সলমান, শ্রেণ্ঠ পজিচিভিস্ট্। যাহার চিত্তশন্ধি নাই, তিনি কোন ধন্মবিলন্ত্রীদিগের মধ্যে ধান্মিক বলিয়া গণ্য হইতে পারেন না। চিত্তশন্দ্ধি বংলন। মন্বাদি ধন্মব্যান্তের সমস্ত বিধি বিধানান্সারে কার্য্য করিলেও তিনি হিন্দ্ব নহেন। মন্বাদি ধন্মব্যান্তের সমস্ত বিধি বিধানান্সারে কার্য্য করিলেও তিনি হিন্দ্ব নহেন।

এই চিত্তশন্দি কি, তাহা দ্বই একটা লক্ষণের দ্বারা ব্ব্বাইতেছি। চিত্তশন্দির প্রথম লক্ষণ ইন্দ্রিয় সংযম। "ইন্দ্রিয় সংযম" ইতি বাক্যের দ্বারা এমন ব্বিক্তে হইবে না যে, ইন্দ্রিয়সকলের একেবারে উচ্ছেদ বা ধ্বংস করিতে হইবে। ইন্দ্রিয়গণকে সংযত করিতে হইবে। কেবল ইহাই ব্বিতে হইবে। উদাহরণ, ঔদরিকতা একজাতীয় ইন্দ্রিগরতা, কিন্তু এ ইন্দ্রিয়ের সংযমবিধিতে এমন ব্রিক্তে হইবে না যে, পেটে কখন খাইবে না বা কেবল বায়্ন ভক্ষণ করিবে বা কদর্য্য আহার করিয়া থাকিবে। শরীররক্ষার জন্য এবং স্বাস্থ্যরক্ষার জন্য যে পরিমাণ এবং যে প্রকার আহারের প্রয়োজন, তাহা অবশ্য করিতে হইবে, তাহাতে ইন্দ্রিয়সংযমের কোন বিদ্ম হয় না। ইন্দ্রিয়সংযম তত কঠিন ব্যাপার নহে। ইহাও বলা যাইতে পারে যে, সংযতেন্দ্রিয়ের পক্ষে উন্ধ্রম আহারাদিও অবিধেয় নহে, যদি তাহাতে স্পৃহা না থাকে।† স্থল কথা এই যে, ইন্দ্রিয়ে আসক্তির অভাবই ইন্দ্রিয়্রমংযম। আত্মরক্ষার্থে বা ধন্মরক্ষার্থে অর্থাং ঐন্দির নিয়্মরক্ষার্থে যতনুকু ইন্দ্রিয়ের চরিতার্থতা আবশ্যক, তাহার আত্রিক্ত যে ইন্দ্রিয়্রপরিত্তির অভিলাষ করে, তাহারই ইন্দ্রিয় সংযত হয় নাই; যে না করে, তাহারই ইন্দ্রিয় সংযত হয় নাই, কেবল ধন্মর্রক্ষা আছে, তাহারই ইন্দ্রিয় সংযত হয় রাছে।

এমন অনেক লোক দেখা যায় যে, ইন্দ্রিয়পরিত্প্তিতে একেবারে বিমন্থ, কিন্তু মনের কলন্ত্র ক্ষালিত করে নাই। লোকলজ্জায় বা লোকের নিকট প্রতিপত্তির জন্য কিন্বা ঐহিক উন্নতির জন্য অথবা ধন্মের ভাগে পণীড়ত হইয়া তাহারা সংযতেন্দ্রিয়ের নাায় কার্য্য করে, কিন্তু ভিতরে ইন্দ্রিয়ের দাহ বড় প্রবল। আজন্ম মৃত্যু পর্যাস্ত তাহারা কখনও স্থালিতপদ না হইলেও তাহারা

^{*} প্রচার, ১২৯২, ফাল্সান।

[†] तागरवर्षात्म्यूरेख्यु विषयानिष्टिरंशकतन्।

আত্মবশ্যৈবিধিয়াত্মা প্রসাদমধিগচ্ছতি । গাঁতা। ২য় অ। ৬৪। তথ'। রাগ শ্বেষ হইতে বিমৃক্ত আত্মবশ্য যে ইন্দ্রিরগণ, তন্দ্বারা বিষয়সকল উপভোগ করিয়া বিধেয়াত্মা ব্যক্তি শান্তি প্রাপ্ত হইয়া থাকেন।

र्होन्तरामश्यम रहेरा जात्मक पर्दत । याँशाता मारामारा हिन्तरामात्र किला केरिया क তাঁহাদিগের হইতে এই ধর্ম্মাত্মাদের প্রভেদ বড় অলপ। উভয়েই তুলারূপে ইহলোকের নরকের অন্নিতে দম। ইন্দ্রিয় পরিতৃপ্ত কর বা না কর, যখন দ্রমেও মনে ইন্দ্রিয়পরিতপ্তির কথা আসিবে না—যথন রক্ষার্থ বা ধন্মার্থ ইন্দিয় চরিতার্থ করিতে হইলেও তাহা দুঃখের বিষয় বাতীত সাথের বিষয় বোধ হইবে না, তখনই ইন্দ্রিয়ের সংযম হইয়াছে। তদভাবে যোগ তপস্যা কঠোর সকলই বৃথা। এই কথা স্পন্টীকৃত করিবার জন্য হিন্দ্র প্রোণেতিহাসে খবিদিগের সম্বন্ধে ভূরি ভূরি রহস্যোপন্যাস আছে। স্বর্গ হইতে একজন অপ্সরা আসিল, আর অমনি ঋষি ঠাকুরের যোগ ভঙ্গ হইল, তিনি অমনি নানাবিধ গোলযোগ উপস্থিত করণে প্রবৃত্ত হইলেন। এই সকল উপন্যাস হইতে আমরা এই কয়টি চমংকার শিক্ষা প্রাপ্ত হই যে, যোগে বা তপস্যায় ইন্দ্রিসংযম পাওয়া যায় না। কার্যাক্ষেত্রেই, সংসারধন্মেই ইন্দ্রিসংযম লাভ করা যায়। প্রত্যহ অরণ্যে বাস করিয়া, ইন্দ্রিয়তৃপ্তির উপাদানসকল হইতে দুরে থাকিয়া, সকল বিষয়ে নিলিপ্ত হইয়া, মনে করা যায় বটে যে, আমি ইন্দ্রিরজয়ী হইয়াছি; কিন্তু যে মংপাত্রে অগ্নি-সংস্কৃত হয় নাই, সে যেমন স্পর্ণমাত্রে টিকে না, এই ইন্দ্রিসংযমও তেমনি লোভের স্পর্ণমাত্র টিকে না। যে প্রত্যহ ইন্দ্রিয়চরিতাথের উপযোগী উপাদানসমূহের সংসর্গে আসিয়াছে. তাহাদিগের সঙ্গে যুদ্ধ করিয়া কখন জয়ী, কখন বিজিত হইয়াছে, সেই পরিশেষে ইন্দ্রির জয় করিতে পারিয়াছে। বিশ্বামিত্র বা পরাশর ইন্দ্রিয় জয় করিতে পারেন নাই। ভীষ্ম বা লক্ষ্মণ পারিয়াছিলেন। হিন্দুধম্মের এই একটি অতি নিগ্রু কথা কহিলাম।

কিন্তু ইন্দ্রিয়সংযম অপেক্ষাকৃত তুচ্ছ কথা। চিত্তশ্বদ্ধির তাহার অপেক্ষা গ্রেব্রুতর লক্ষণ আছে। অনেকের ইন্দ্রিয় সংযত, কিন্তু অন্য কারণে তাঁহাদিগের চিত্ত শাদ্ধ নয়। ইন্দ্রিয়স,খ ভোগ करित ना, किन्नु आমि ভान थाकित, आমाরগুলि ভাল থাকিবে, এই বাসনা তাঁহাদের মনে বড় প্রবল। আমার ধন হউক, আমার মান হউক, আমার সম্পদ্ হউক, আমার যশ ্উক, আমার সোভাগ্য হউক, আমি বড় হই, আর সবাই আমার অপেকা ছোট হউক, তাঁহারা এইরপে কামনা করেন। এই সকল অভীষ্ট যাহাতে সিদ্ধ হয়, চিরকাল অনুদিন সেই চেন্টায়, সেই উদ্যোগে ব্যস্ত থাকেন। সে জন্য না করেন এমন কাজ নাই, তদ্ভিন্ন মন দেন, এমন বিষয় নাই। যাহার। ইন্দিরাসক্ত, তাহাদের অপেক্ষাও ই হারা নিক্ষট। ই হাদের নিকট ধন্ম কিছুই নহে, কন্ম কিছুই নহে, জ্ঞান কিছুই নহে, ভক্তি কিছুই নহে। তাঁহারা ঈশ্বর মানিলেও কার্য্যতঃ তাঁহাদের কাছে ঈশ্বর নাই. জগৎ থাকিলেও তাঁহাদের কাছে জগৎ নাই, কেবল আপনিই আছেন, আপনি ভিন্ন আর কিছুই নাই। ইন্দ্রিয়াশক্তির অপেক্ষাও এই আত্মাদর, এই স্বার্থপিরতা, চিত্তশত্ত্বির গুরুতর বিঘা। পরার্থপরতা ভিম্ন চিত্তশাদ্ধি নাই। যখন আপনি যেমন, পর তেমন, এই কথা বুঝিব, যথন আপনার সুখ যেমন খুজিব, পরের সুখ তেমনি খুজিব, যখন আপনা হইতে পরকে ভিন্ন ভাবিব না, যথন আপনার অপেক্ষাও পরকে আপনার ভাবিব, যখন ক্রমশঃ আপনাকে ভূলিয়া গিয়া, পরকে সর্বাহ্ব জ্ঞান করিতে পারিব, যখন পরেতে আপনাকে নিমন্ডিজত রাখিতে পারিব, যখন আমার আত্মা এই বিশ্বব্যাপী বিশ্বময় হইবে, তখনই চিত্তশন্দ্রি হইবে। তাহা না হইলে ডোরকোপীন ধারণ করিয়া সমস্ত সংসার পরিত্যাগ করিয়া ভিক্ষাব্যত্তি অবলম্বনপূর্বেক দারে দারে হরিনাম করিয়া ফিরিলে চিত্তশন্তির হইবে না। পক্ষান্তরে, রাজসিংহাসনে হীরক-মণ্ডিত হইয়া বসিয়াও যে রাজা জনৈক ভিক্ষ্ক প্রজার দঃখ আপনার দঃখের মত ভাবে তাহার চিত্তশন্দির হইয়াছে। যে ঋষি, বিশ্বামিত্রকে একটি গাভীদান করিতে পারিলেন না. তাঁহার চিত্তশাদ্ধি হয় নাই। যে রাজা, অঙ্কগত কপোতের বিনিময়ে আপনার মাংস কাটিয়া দিয়াছিলেন, তাঁহারই চিত্তশাদ্ধি হইয়াছিল।

ইহা অপেক্ষাও চিত্তশন্ধির গ্রহ্তর লক্ষণ আছে। যিনি সকল শন্ধির প্রছটা, যিনি শন্ধিময়, যাঁহার রুপায় শন্ধি, যাঁহার চিন্তায় শন্ধি, যাঁহার অন্কম্পা ব্যতীত শন্ধি নাই তাঁহাতে গাঢ় ভক্তি চিত্তশন্ধির প্রধান লক্ষণ। ইন্দ্রিয়সংযমই বল, আর পরার্থপেরতাই বল, তাঁহার সম্পূর্ণ স্বভাবের চিন্তা এবং তংপ্রতি প্রগাঢ় অন্রাগ ব্যতীত কখনই লব্ধ হইতে পারে না। এই ভক্তি চিত্তশন্ধির মূল এবং ধম্মের মূল।

চিত্তশাদির প্রথম লক্ষণ সন্বন্ধে যাহা বলিয়াছি, তাহার স্থলে তাৎপর্য্য হৃদয়ে শান্তি। দ্বিতীয় লক্ষণ সন্বন্ধে যাহা বলিয়াছি, তাহার স্থলে তাৎপর্য্য মনুষ্যে প্রীতি। তৃতীয় লক্ষণ

বিবিধ প্রবন্ধ-চিত্তশর্মি

ঈশ্বরে ভক্তি। অতএব চিত্তশন্দির স্থলে লক্ষণ ঈশ্বরে ভক্তি, মন্ব্যে প্রীতি এবং হৃদয়ে শাস্তি। ইহাই হিন্দুধন্মের মন্মকিথা।

ভক্তি-প্রীতি-শান্তি-লক্ষণাক্রান্ত এই চিত্তশন্দ্ধি হিন্দন্ শাস্ত্রকারেরা কির্পে ব্রঝাইয়াছেন, তাহার উদাহরণস্বর্প শ্রীমন্তাগবত, তৃতীয় স্কন্ধ হইতে নিম্নলিখিত ভগবদন্তি উদ্ধৃত করিতেছি।

'লক্ষণং ভক্তিযোগস্য নিগ্রেশস্য হ্যুদাহতং। অহৈতৃক্যব্যবহিতা যা ভক্তিঃ পুরুষোত্তমে॥ ১০ ॥ সালোক্য-সাঘ্টি-সামীপ্য-সার প্রৈক্তমপ্রত। দীয়মানং ন গৃহন্তি বিনা মংসেবনং জনাঃ॥ ১১ ॥ স এব ভক্তিযোগাখ্য আত্যন্তিক উদাহতঃ। যেনাতিব্ৰজ্য ত্ৰিগুণান্মস্তাবায়োপপদ্যতে॥ ১২ ॥ নিষেবিতানিমিত্তেন সধম্মেণ মহীয়সা। ক্রিয়াযোগেন শন্তেন নাতিহিংস্রেণ নিতাশঃ॥ ১৩ ॥ মদ্ধিষ্যাদশ নিম্পশ পি,জান্তত্যভিবন্দনৈঃ। ভূতেষ্ মন্তাবনয়া সম্বেনাসঙ্গমেন চ॥ মহতাং বহুমানেন দীনানামনুকম্পরা। মৈত্র্যা চৈবাত্মত্রল্যেষ্ট্র যমেন নিয়মেন চ॥ আধ্যাত্মিকান, প্রবণান্নামসংকীর্ত্তনাচ্চ মে। আৰ্জ বেনার্যাসঙ্গেন নিরহংক্রিয়য়া তথা ॥ ১৪ ॥ মদ্ধম'লো গুলেরতৈঃ পরিসংশ্বদ্ধআশয়ঃ। পুরুষস্যাঞ্জসাভ্যেতি প্রুতমারগুরণং হি মাম্॥ ১৫ ॥ বথা বাতরখো ঘ্রাণমাব্রুক্তে গন্ধ আশ্য়াং। এবং যোগরতং চেত আত্মানমবিকারি যং॥ ১৬ ॥ অহং সন্বেশ্ব, ভূতেষ, ভূতাত্মাবন্থিতঃ সদা। তমবজ্ঞায় মাং মর্ত্তাঃ কুরুতে২চ্চাবিড্রুবনম্ ॥ ১৭ ॥ रया মाং সর্বেষ, ভতেষ, সন্তমাত্মানমীশ্বরং। হিত্বান্ধ্যিং ভজতে মোট্যান্তস্মন্যেব জুহোতি সং॥ দ্বিষতঃ পরকায়ে মাং মানিনো ভিন্নদ্শিনঃ। ভূতেষ্ বন্ধবৈরস্য না মনঃ শান্তিম্চ্ছতি।। ১৮ ॥ অহম,চ্চাবচৈদ্র বৈয় ক্রিয়য়োৎপল্লয়ানঘে। নৈব তুষ্যোর্চ্চ তোহচ্চ য়িং ভূতগ্রামাব্মানিনঃ॥ ১৯ ॥ অর্চ্চাদাবর্চ্চারেন্ডাবদীশ্বরং মাং স্বকম্মকং। যাবন্ন বেদ স্বহৃদি সন্বভিতেত্বৰ্বাস্থ্তম্॥ ২০ ॥ আত্মনশ্চ পরস্যাপি যঃ করোতান্তরোদরং। তস্য ভিন্নদ্ৰো মৃত্যুবিদিধে ভয়ম্বৰণম্॥ ২১ ॥ অথ মাং সৰ্বভূতেষ, ভূতাত্মানং কৃতালয়ম্। অহ য়েন্দানমানাভ্যাং মৈগ্রাভিলেন চক্ষরা॥ ২২ ॥ শ্রীমন্তাগবত, ৩র ক্বন্ধ, ২৯**শ** অধ্যায়।

ইহার অর্থ

"মা! নিগ্ণৈ ভক্তিযোগ কির্প, তাহাও বলি, শ্রবণ কর্ন। আমার গণে শ্রবণমারে সর্বান্তর্যামী যে আমি, আমাতে অর্থাৎ প্র্রেষান্তমে সম্দ্রগামী গঙ্গাসলিলের ন্যায় অবিচ্ছিন্ত্রা ও ফলান্সন্ধানরহিতা এবং ভেদদর্শনবিচ্জিতা মনের গতির্প যে ভক্তি, তাহাই নিগ্ণৈ ভক্তি-যোগের লক্ষণ। ১০। যে সকল ব্যক্তির এইর্প ভক্তিযোগ হয়, তাহাদের কোনই কামনা থাকে না, অধিক কি, তাহাদিগকে সালোক্য (আমার সহিত এক লোকে বাস), সান্তি (আমার

তুল্য ঐশ্বর্যা), সামীপ্য (সমীপর্বান্তিছ), সার্প্য (সমানর্পছ) এবং একছ অর্থাৎ সায্জা, এই সকল মুক্তি দিতে চাহিলেও তাঁহারা আমার সেবা ব্যতিরেকে কিছুই গ্রহণ করিতে চাহেন ना। ১১। মা । खे প্রকার ভিত্যোগকেই আত্যন্তিক বলা যায়, উহা হইতে পরমপুর ্যার্থ আর নাই। মানবি! হৈগন্য ত্যাগ করিয়া রক্ষপ্রাপ্তি পরম ধন বলিয়া প্রসিদ্ধ আছে সত্য, কিন্তু তাহা আমার ঐ ভক্তির আনুষ্টেঙ্গক ধন, ভক্তিযোগেই ত্রিগুণ অতিক্রম করিয়া ব্রহ্মত্বপ্রাপ্তি হইয়া থাকে। ১২। মা! ঐ প্রকার ভক্তির সাধন বলি, শ্রবণ কর্ন। ধনাভিসন্ধি পরিত্যাগপ্তেবিক নিতানৈমিত্তিক স্ব স্ব ধন্মের অনুষ্ঠান এবং নিতা শ্রন্ধাদিয়কে হইয়া নিকামে অনতিহিংস্র অর্থাৎ একবারে হিংসাদি বর্জন না করিয়া পঞ্চরাত্রাদাক্তে প্জাপ্রকরণ দ্বারা। ১৩। আমার প্রতিমাদি দর্শন, স্পর্শন, প্রুন, স্তবকরণ, বন্দন, সকল প্রাণীতে আমার ভাব চিন্তাকরণ, ধৈর্যা, বৈরাগ্য, মহৎ ব্যক্তিদিগকে বহু, সম্মানকরণ, দীনের প্রতি অনুকম্পা, আত্মতুল্য ব্যক্তিতে মৈত্রতা. বম অর্থাৎ বাহ্যেন্দ্রিয়ের নিগ্রহ, নিয়ম অর্থাৎ অন্তরিন্দ্রিয় দমন, আত্মবিষয়ক প্রবণ, আমার নাম সংকীর্ত্তন, সরলতাচরণ, সতের সঙ্গকরণ এবং নিরহৎকারিতা প্রদর্শন। ১৪। ঐ সকল গণে দারা ভগবদ্ধনি ঠানকারী প্রেষের চিত্ত সন্ধতোভাবে শাদ্ধ হয়, এবং সেই প্রেষ আমার গুণ শ্রবণমাত্রে বিনা প্রষত্মে আমাকে প্রাপ্ত হয়। ১৫। ফলতঃ যেমন গন্ধ বায়ুযোগে স্বস্থান হইতে আসিয়া দ্বাণকে আশ্রয় করে, তাহার ন্যায় ভক্তিযোগযুক্ত অধিকারী চিত্ত বিনা প্রযঞ্জেই পরমাত্মাকে আত্মসাৎ করে। ১৬। এই প্রকার চিত্তশ্বন্ধি সর্ব্ধপ্রাণীতে আত্মদূষ্টি দ্বারাই হয়, আমি সকল ভূতের আত্মন্বরূপ হইয়া সর্বপ্রাণীতেই সতত অবস্থিত আছি, অথচ কোন কোন ব্যক্তি আমাকে অবজ্ঞা করিয়া প্রতিমাদিতে প্রজার্প বিড়ম্বনা করিয়া থাকে। ১৭। পরন্ত আমি সর্বপ্রাণীতে বর্তমান ও সকলের আত্মা এবং ঈশ্বর; যে ব্যক্তি মড়েতাপ্রযুক্ত আমাকে উপেক্ষা করিয়া প্রতিমা প্রজা করে, তাহার কেবল ভস্মে আহ,তি প্রদান করা হয়। সে পরদেহে আমাকে দ্বেষ করে এবং অভিমানী ভিম্নদশী ও সকল প্রাণীর সহিত বদ্ধবৈর হয়, স্বতরাং তাহার মন শান্তি প্রাপ্ত হয় না। ১৮। হে অনঘে! যে ব্যক্তি প্রাণিসমূহের নিন্দাকারী, সে যদি বিবিধ দ্রব্য ও বিবিধ দ্রব্যে উৎপ্রমাদি ক্রিয়া দ্বারা আমার প্রতিমাতে আমার প্রজা করে, তথাচ আমি তাহার প্রতি সম্ভন্ট হই না। ১৯। মা! এমত বিবেচনা করিবেন না যে, প্রতিমাদিতে অন্তর্না করা বিফল। প্রেষ যে পর্য্যন্ত সর্বপ্রাণীতে অবস্থিত যে আমি, আমাকে আপনার হৃদয়মধ্যে জানিতে না পারে, তাবং পর্যান্ত স্বকম্মে রত হইয়া প্রতিমাদিতে অর্চ্চনা করিবে। ২০। পরস্ত যে মঢ়ে আপনার ও পরের মধ্যে অতালপও ভেদ দর্শন করে অর্থাৎ যাহার আপনার দঃখের তুলা পরের দঃখ অন্ভব হয় না, আমি সেই ভিন্নদর্শী ব্যক্তির প্রতি মৃত্যুস্বরূপ হইয়া ঘোরতর ভয় বিধান করি। ২১। অতএব পরে,ষের কর্ত্তব্য যে, আমাকে সন্বভূতের অন্তর্যামী এবং সকল প্রাণীতে অবস্থিত জানিয়া দান, মান ও সকলের সহিত মিত্রতা এবং সমদূল্টি দ্বারা সকলকে व्यक्तां करता २२।"*

চিত্তশ্বন্ধি সম্বন্ধে এইর্প উক্তি হিন্দ্র্ধম্মের সকল গ্রন্থ হইতে উদ্ধৃত করা যাইতে পারে. বাহ্নল্যে প্রয়োজন নাই। হিন্দ্র্দিগের স্মরণ থাকে যেন যে, চিত্তশ্বন্ধি ব্যতীত প্রতিমাদি প্রায়

কোন ধর্ম্ম নাই। সে স্থলে প্রতিমাদির প্রজা বিভূম্বনা মাত্র।

এই চিত্তশন্ধি মন্বাদিগের সকল ব্তিগন্লির সমাক্ স্ফ্,তি, পরিণতি ও সামঞ্জস্যের ফল। ভিজি ও প্রীতি কার্য্যকারিশী বৃত্তির কিন্তু কেবল কার্য্যকারিশী বৃত্তির অনুশীলনে ধন্মলাভ হইতে পারে না। জ্ঞানার্ল্জনী বৃত্তির অনুশীলন ব্যতীত ধন্মের স্বর্পজ্ঞান হইতে পারে না। চিত্তর্রাঞ্জনী বৃত্তিগন্লির অনুশীলন ব্যতীত ধন্মের মাহাত্ম্য এবং সৌন্দর্য্য সমাক্র্প উপলব্ধ হয় না, এবং চিত্তশন্ধির সকল পথ পরিষ্কার হয় না। শারীরিক বৃত্তিসকলের সম্নুচিত অনুশীলন ব্যতীত ধন্মান্মোদিত কার্য্যের উপযোগী ক্ষমতা জন্মে না এবং হদয়ও শান্তিলাভ করে না। অতএব চিত্তশন্ধি, সকল বৃত্তিগ্নলির সম্যক্ অনুশীলন ও সামঞ্জন্যেরই ফল।

^{*} শ্রীবৃক্ত রামনারায়ণ বিদ্যারম্পকৃত অনুবাদ। অনুবাদে ম্লাতিরিক্ত দুই একটা শব্দ আছে।

বিবিধ প্রবন্ধ-গোরদাস বাবাজির ভিক্ষার ঝুলি

গোরদাস বাবাজির ভিক্ষার ঝুলি

১। রামবল্লভবাব্র ভিক্ষাদান*

আমি বাবাজির চেলা, এবং ভিক্ষার ঝালর বর্তমান অধিকারী। বাবাজির গোলোকপ্রাপ্তি হইরাছে। তিনি ভিক্ষা করিয়া নানা রত্ন আহরণ করিয়াছিলেন, কিস্তু আমি ভিন্ন আর কেহ তাঁহার উত্তরাধিকারী না থাকায়, আমাকে সেগালি দিয়া গিয়াছেন। আমিও খয়রাং করিব ইচ্ছা করিয়াছি। আগে নমানা দেখাই।

একদা বাবাজির সঙ্গে রামবল্লভবাব্র বাড়ী ভিক্ষা করিতে গিয়াছিলাম। আমরা "রাধে গোবিন্দ" বলিয়া দ্বারদেশে দাঁড়াইলাম। রামবল্লভবাব্র ব্যঙ্গ করিয়া বলিলেন, "বাবাজি! একবার হরিনাম কর!"

আমি মনে মনে ভাবিতেছিলাম, রামবল্পভবাব হরিনামের কি ধার ধারেন! কিন্তু হরিপ্রেমে গশ্পদ বাবাজি তথনি একতারা বাজাইয়া আরম্ভ করিলেন, "তুমি কোথায় হে! দয়াময় হরি! একবার দেখা দাও হরি!—"

গীত আরম্ভ হইতেই সেই বাব, মহাশর রঙ্গ করিয়া বাবাজিকে জিজ্ঞাসা করিলেন. "তোমার হরি কোথায়, বাবাজি?"

আমি মনে করিলাম. প্রহ্মাদের মত উত্তর দিই. "এই স্তন্তে।" ইচ্ছা করিলাম. প্রভু শুন্ত হইতে নিগতি হইয়া দ্বিতীয় হিরণ্যকশিপরে মত এই বাব্টাকে ফাড়িয়া ফেল্ন—নর্নসংহের হন্তে নরবানরের ধ্বংস দেখিয়া চক্ষর তৃপ্ত করি। কিন্তু আমি প্রহ্মাদ নহি, চুপ করিয়া রহিলাম। বাবাজি বিনীতভাবে উত্তর করিলেন, "হরি কোথায়?" তা আমি কি জানি! জানিলে কিতোমার কাছে আসি? তাঁহারই কাছে যাইতাম।"

রামবল্লভ। তব্ব তাঁর একটা থাক্বার যায়গা কি নাই? হরির একটা বাড়ী ঘর নাই?

বাবাজি। আছে বৈ কি? তিনি বৈকুপ্তে থাকেন।

বাব,। বৈকৃণ্ঠ এখান থেকে কত দূরে, বাবাজি?

বাবাজি। তোমার আমার নিকট হইতে অনেক দ্রে।

বাবু। নিকট তবে কার?

বাবাজি। যাহার কুণ্ঠা নাই।

বাব,। কুঠা কি?

বাবাজি। বুঝেছি—কালেজের সাহেবরা টাকাগুলো ঠকাইয়া লইয়াছে—আমাকে দিলে বেশী উপকার হইত, হরিনাম শিখাইতাম। এখন অভিধান খোল।

বাব্। ঘরে অভিধান নাই। এক জন চাহিয়া লইয়া গিয়াছে।

বাবাজি। অভিধান তোমার কখন ছিল না, এ কথা স্বীকার করিতে অত কুণ্ঠিত ইইতেছ কেন?

বাব্। অহো—সেই কুণ্ঠা! কুণ্ঠা—কুণ্ঠিত। যেখানে কেহ কুণ্ঠিত হয় না, সেই বৈকুণ্ঠ?† এমন স্থান কি আছে?

বাবাজি। বাহিরে নাই—ভিতরে আছে।

বাব,। ভিতরে—কিসের ভিতরে?

বাবাজি। মনের ভিতরে। যখন তোমার মনের এর্প অবস্থা হইবে যে, ইহজগতে আর কিছ্বতেই কুন্ঠিত হইবে না—যখন চিত্ত বশীভূত, ইন্দির দিমিত, ঈশ্বরে ভক্তি, মন্বো প্রীতি, হদরে শান্তি উপস্থিত হইবে, যখন সকলেই বৈরাগ্য, সকলেই সমান স্থ,—তখন তুমি প্থিবীতে থাক বা না থাক, সংসারে থাক বা না থাক, তুমি তখন বৈকুন্টে।

+ প্রচার, ১২৯১, পোষ।

[†] বাবাজির ব্যাকরণ অভিধানে কত দ্রে দখল, বলিতে পারি না। বৈকুণ্ঠ বিষ্ণুর একটি নাম।
পশ্ভিতেরা বলেন, বিবিধা কুণ্ঠা মায়া ষস্য স বৈকুণ্ঠঃ। কিন্তু বাবাজি যে অর্থ করিয়াছেন, তাহাও
শাদ্যসম্মত।

বঙ্কিম রচনাবলী

বাব্। তবে বৈকুণ্ঠ একটা শহর টহর কিছু নয়—কেবল মনের অবস্থা মাত্র। তবে না বিষয় সেখানে বাস করেন?

বাবাজি। কুণ্ঠাশন্তা নিশ্বিকার যে চিত্ত, তিনি সেইখানে বাস করেন। বৈরাগীর হৃদয়ে তাঁহার বাসন্থান—এই জন্য তিনি বৈকৃণ্ঠনাথ।

বাব। সে কি? তিনি যে শরীরী। যার শরীর আছে, তাঁর একটা বাসস্থান চাই।

বাবাজি। শরীরটা কি রকম বল দেখি?

বাব্। তাঁকে তোমরা চতুভূজি বল।

বাবাজি। তা বটে। তাঁহার চারি হাত বলি। মনে কর দেখি, চারি হাতে কি কি আছে! বাবা। শঙ্খ চক্র গদা পশ্ম।

বাবাজি। একে একে। আগে পদ্মটা ব্রঝ। কিন্তু ব্রঝবার আগে মনে কর, ঈশ্বর করেন কি?

বাব;। কি করেন?

বার্বাজি। সৃষ্ণি স্থিতি প্রলয়। সৃষ্ণি-বাদ দুই রকম আছে। এক মত এই যে, আদৌ জগতের উপাদান মার ছিল না, ঈশ্বর আদৌ উপাদান সৃষ্ট করিয়া, পরে তাহাকে রুপাদি দিয়াছেন। আর এক: মত এই যে, জগতের উপাদান নিতা, ঈশ্বর কলেপ কলেপ তাহা রুপাদি-বিশিষ্ট করেন। এই দ্বিতীর্মবিধ সৃষ্ণিইর শক্তি জগতের কেন্দ্রে। শুনিয়াছি, সাহেবদেরও না কি এমনই একটা মত আছে।* সৃষ্ণিইর ম্লীভূত এই জগৎকেন্দ্র হিন্দুশানের নারায়দের নাভিপন্ম বালিয়া খ্যাত হইয়াছে। বিষত্বর হাতে যে পদ্ম তাহা সৃষ্টিনিয়ার প্রতিমা।

বাবু। আর তিনটা?

বাবাজি। গদা লয়ক্রিয়ার প্রতিমা। শংখ ও চক্র স্থিতিক্রিয়ার প্রতিমা। জগতের স্থিতি ছানে ও কালে। স্থান, আকাশ। আকাশ শব্দবহ, শব্দময়। তাই শব্দময় শংখ আকাশের প্রতিমাস্বরূপ বিষয়ুহস্তে স্থাপিত হইয়াছে।

বাবু। আর চক্র?

বাবাজি। উহা কালের চক্র। কল্পে কল্পে, যুগে যুগে, মন্বন্তরে মন্বন্তরে কালা বিবর্ত্তনশীল। তাই কাল ঈশ্বর-হস্তে চক্রাকারে আছে। আকাশ, কাল, শক্তি ও স্থিট, জগদীশ্বর চারি ভূজে এই চারিটি ধারণ করিতেছেন। এখন ব্রনিলে, বিষণ্ধর শরীর নাই। বিষণ্ধ বৈকুপ্তেশ্বর, ইহার তাৎপর্য্য এই যে, কুপ্টাশ্না ভয়ম্বক্ত বৈরাগী, ঈশ্বরকে স্রন্টা, পাতা, হন্ত্র্যা বিলয়া অনুক্ষণ হৃদয়ে ধ্যান করে।

বাব্। তাই বলিলেই ত ফ্রাইত। সবাই ত তা স্বীকার করে, আবার এ র্পকল্পনা কেন? বাবাজি। সবাই স্বীকার করিবে, কলিকাতা ইংরেজের; তবে আবার একটা মান্তুল খাড়া করিয়া তাতে ইংরেজের নিশান উড়াইবার দরকার কি? প্থিবীর সবই এইন্প কল্পনাতে চলিতেছে: তবে আমার মত মুখের ভক্তির পথে কাঁটা দিবার এত চেণ্টা কেন?

বাব্। আচ্ছা, যথাথ ই যদি বিষয় অশ্রীরী, তবে নীল বর্ণ কার? অশ্রীরীর আবার বর্ণ কি?

বাবাজি। আকাশের ত নীল বর্ণ দেখি—আকাশ কি শরীরী? ভাল, তোমাদের ইংরেজি শাস্তে কি বলে? জগৎ অন্ধকার, না আলো?

বাব্র। জগৎ অন্ধকার।

বাবাজি। তাই বিশ্বরূপ বিষয় নীলবর্ণ।

বাব,। কিন্তু জগতে মাঝে মাঝে সূর্য্যও আছে—আলোও আছে।

বাবাজি। বিষরে হৃদয়ে কোন্তুভ মণি আছে। কেন্তুভ—স্বা; বনমালা—গ্রহ-নক্ষ্যাদি। বাব্। ভাল, জগংই কি বিষর্?

বাবাজি। না। যিনি জগতে সম্বাহ প্রবিষ্ট, তিনিই বিষ্ট্ব। জগৎ শরীর, তিনি আত্মা। বাব্ব। ভাল, যিনি অশরীরী জগদীশ্বর, তাঁর আবার দুইটা বিয়ে কেন? বিষ্টুর দুই পরিবার, লক্ষ্মী আর সরস্বতী।

^{*} La Placian hypothesis

বিবিধ প্রবন্ধ—গোরদাস বাবাজির ভিক্ষার ঝুলি

বাবাজি। অভিধান কিনিয়া পড়িয়া দেখ, লক্ষ্মী অর্থে সৌন্দর্য্য। শ্রী, রমা প্রভৃতি লক্ষ্মীর আর আর নামেরও সেই অর্থ। সরস্বতী জ্ঞান। বিষ**্ব সং, সরস্বতী চিং, আর লক্ষ্মী** আনন্দ। অতএব রে মূর্খ! এই সচিচদানন্দ পরব্রহ্মকে প্রণাম কর।

সর্ধ্বনাশ! রামবল্লভবাব,কে, তাঁহার স্বভবনে, "রে মুর্থ!" সম্বোধন! রামবল্লভবাব, তখনই দ্বারবান্কে হুকুম দিলেন, "মারো বদ্জাত্কো!"

আমি বাবাজির বালি ধরিয়া তাঁহাকে টানিয়া বাহির করিয়া দুই জনে সরিয়া পড়িলাম। বাহিরে আসিয়া বাবাজিকে জিজ্ঞাসা করিলাম, "বাবাজি! আজিকার ভিক্ষায় পেলে কি?"

বাবাজি বলিলেন, "বদ পর্বেক জন ধাতুর উত্তর ক্ত করিয়া যা হয়, তাই। ভিক্ষার ধনটা বলের ভিতর লুকাইয়া রাখ।"

গ্রীহরিদাস বৈরাগী।

২। প্জাবাড়ীর ভিক্<u>কা</u>*

নবমী প্জার দিন বাবাজিকে খ্রিজয় পাইলাম না। অবশ্য ইহা সম্ভব যে, তিনি প্জোবাড়ীতে হরিনাম করিয়া বেড়াইতেছেন। ইহাও অসভব নহে যে, সেই অম্লা অম্তয়য় নামের বিনিমরে তিনি সন্দেশাদি লোভ গ্রহণপ্র্বক, বৈষ্ণবাদিগের বদান্যতা এবং মাহায়া সপ্রমাণ করিবেন। এক মুঠা চাউল লইয়া যে হরিনাম শ্নায়, তার চেয়ে আর দাতা কে? এই সকল কথার সবিশেব আলোচনা মনে মনে করিয়া, আমি প্জাপাদ গোরদাস বাবাজির সন্ধানে নিশ্চান্ত হইলাম। যেখানে প্জাবাড়ীতে দারদেশে ভিক্রকশ্রেণী দাঁড়াইয়া আছে, সেইখানেই সন্ধান করিলাম, সে পাকা দাড়ির নিশান উড়িতে ত কোথাও দেখিলাম না। পরিশেষে এক বাড়ীতে দেখিলাম, বাবাজি ভোজনে বসিয়া আছেন।

দেখিয়া বড় সন্তোষ লাভ করিলাম না। বৈষ্ণব হইয়া শক্তির প্রসাদ ভক্ষণ তেমন প্রশস্ত মনে করিলাম না। নিকটে গিয়া বাবাজিকে বলিলাম, "প্রভূ! ক্ষ্বায় ধন্মের উদারতা বৃদ্ধি করিয়া থাকে, বোধ হয়।"

বাবাজি বালিলেন, "তাহা হইলে চোরের ধর্ম্ম বড় উদার। একথা কেন হে বাপ**ু**?"

আমি। শক্তির প্রসাদে বৈষ্ণবের সেবা!

বাবাজি। দোষটা কি?

আমি। আমরা কৃষ্ণের উপাসক—শক্তির প্রসাদ খাইব কেন?

বাবাজি। শক্তিটা কি হে বাপ;?

আমি। দেবতার শক্তি, দেবতার স্থীকে বলে। যেমন নারায়ণের শক্তি লক্ষ্মী, শিবের শক্তি দুর্গা, রক্ষার শক্তি বক্ষাণী, এই রক্ম।

বাবাজি। দূরে হ! পাপিষ্ঠ! উঠিয়া যা! তোর মুখ দেখিয়া আহার করিলে আহারও পণ্ড হয়। দেবতা কি তোর মত বৈশ্ববী কাড়িয়া ঘরকন্না করে নাকি? দূর হ।

আমি। তবে শক্তি কি?

বাবাজি। এই জলের ঘটিটা তোল দেখি।

আমি জলপূর্ণ ঘটিটা তুলিলাম।

বাবাজি একটা জলের জালা দেখাইয়া বলিলেন, "এটা তোল দেখি!"

আমি। তাও কি পারা যায়?

বাবাজি। তোমার ঘটিটা তুলিবার শক্তি আছে. জালাটা তুলিবার শক্তি নাই। ভাত খাইতে পার?

আমি। কেন পারিব না? রোজ খাই।

বাবাজি। এই জবলন্ত কাঠখানা খাইতে পার?

আমি। তাও কি পারা যায়?

* প্রচার, ১২৯২, বৈশাখ।

বাবাজি। তোমার ভাত খাইবার শক্তি আছে, আগুন খাইবার শক্তি নাই। এখন ব্রবিলে দেবতার শক্তি কি?

আমি। না।

বাবাজি। দেবতা আপন ক্ষমতার দ্বারা আপনার করণীয় কাজ নির্ন্বাহ করেন, সেই ক্ষমতার নাম শক্তি। অগ্নির দাহ করিবার ক্ষমতাই তাঁর শক্তি, তাহার নাম স্বাহা। ইন্দ্র বৃষ্টি करतन, वृष्टिकातिनी भक्तित नाम रेम्प्रामी। भवन वास्-एपवजा, वरनभक्तित नाम भवनानी। तुम् সংহারকারী দেবতা, তাঁহার সংহারশাক্তর নাম র দ্রাণী।

আমি। এ সব কি কথা? যে শক্তিতে আমি ঘটি তুলিলাম বা ভাত খাই, তাহা আমি ত চক্ষে কখন দেখি না। কই, আমার সে শক্তি এই দুর্গাঠাকুরাণীর মত সাজিয়া গুরুজিয়া গহনা পরিয়া আমার কাছে আসিয়া বসকে দেখি? আমার বৈষ্ণবী তাহা করিয়া থাকে, স্তরাং আমার বৈষ্ণবীকেই আমার শক্তি বলিতে পারি।

বাবাজি। গণ্ডমুখেরা তাই ভাবে। তুমি শরীরী, তোমার শক্তি তোমার শরীরে আছে। তাহা ছাড়া তোমার শক্তি কোথাও থাকিতে পারে না।

আমি। দেবতারা কি? শরীরী? তবে তাহাদিগের শক্তিও নিরাকার?

বাবাজি। শরীরী এবং অশরীরী, উভয়েরই শক্তি নিরাকার। কিন্তু একটা একটা করিয়া কথা ব্ঝ। প্রথমে ব্ঝ যে, ইন্দ্রাদি দেবতা সকলেই অশরীরী।

আমি। সে কি? ইন্দ্র যদি অশরীরী, তবে স্বর্গের সিংহাসনে বসিয়া অপ্সরাদিণের ন,ত্যগীত দেখে কে?

বাবাজি। এ সকল রূপক। তাহার গঢ়োর্থ না হয় আর একদিন ব্রুঝাইব। এখন ব্রুঞ্ যাহা হইতে বৃণ্টি হয়, তাহাই ইন্দ্র। যাহা দাহ করে, তাহাই অগ্নি। যাহা হইতে জীবের বা বস্তর ধরংস হয়, তাহাই রুদ্র।

আমি। ব্রিলাম না। কেহ ব্যামোতে মরে, কেহ ডুবিয়া মরে, কেহ পর্যুজ্যা মরে, কেহ পড়িয়া মরে, কেহ কাটিয়া মরে। কোন জীব কাহাকে খাইয়া ফেলে, কেহ কাহাকে মারিয়া ফেলে। कान वस गीनमा धराम दस कान वस भाकादेशा धराम दस कान वस गर्जा देशा याम, कर শুষিয়া যায়। ইহার মধ্যে কে রুদ্র?

বাবাজি। সকলের যে সমষ্টিভাব অর্থাৎ সব একত্রে ভাবিলে যাহা ভাবি, তাই রুদ্র।

আমি। তবে রুদ্র একজন, না অনেক?

বাবাজি। এক। যেমন এই ঘটিতে যে জল আছে. আর এই জালায় যে জল আছে, আর গঙ্গায় যে জল আছে, সব একই জল, তেমন যেখানেই ধ্বংসকারীকে দেখিবে সর্ববিচ একই রুদ্র জানিবে।

আমি। তিনি অশ্রীরী? বাবাজি। তাত বলিলাম।

আমি। তবে মহাদেবমূর্ত্তি গড়িয়া তাঁহাকে উপাসনা করি কেন? সে কি তাঁর রূপ

वार्वाक । উপাসনার জন্য উপাস্যের স্বরূপ চিন্তা চাই, নহিলে মনোনিবেশ হয় না। তুমি এই নিরাকার বিশ্বব্যাপী রুদ্রের স্বরূপ চিন্তা করিতে পার?

আমি চেষ্টা করিলাম—পারিলাম না। সে কথা স্বীকার করিলাম। বাবাজি বলিলেন. "যাহারা সেরূপ চিন্তা করিতে শিখিয়াছে, তাহারা পারে। কিন্তু তার জন্য জ্ঞানের প্রয়োজন। কিন্তু যাহার জ্ঞান নাই, সে কি উপাসনা হইতে বিরত হইবে? তাহা উচিত নহে। যাহার জ্ঞান নাই, সে যের্পে র্দ্তকে চিন্তা করিতে পারে, সের্প করিয়া উপাসনা করিবে। এসব স্থলে রূপে কল্পনা করিয়া চিন্তা করা, সহজ উপায়। তুমি যদি এমন একটা মূর্ত্তি কল্পনা কর যে, তম্বারা সংহারকারিতার আদর্শ ব্রুঝায়, তবে তাহাকে রুদ্রের মূর্ত্তি বলিতে পার। তাই রুদ্রের कामटेख्य तूथ कल्पना। नटिए तृत्वित कान तूथ नारे।

আমি। এ ত বুঝিলাম। কিন্তু যেমন আমার শক্তি আমাতেই আছে, রুদ্রের শক্তি অর্থাং

র্দ্রাণী র্দ্রেই আছে। শিব দ্বর্গা প্থক্ পৃথক্ করিয়া গড়িয়া প্রজা করে কেন? বাবাজি। তোমাকে ভাবিলেই তোমার শক্তি জানিলাম না। অগ্নিতে যে কখন হাত দেয়

विविध প্রবন্ধ-গোরদাস বাবাজির ডিক্ষার ব্যক্তি

নাই, সে অন্নি দেখিলেই ব্ৰিতে পারে না যে, অন্নিতে হাত পর্নিড়ায় যাইবে। পাঁজা পর্ডিতেছে দেখিয়া, যে আর কথন অন্নি দেখে নাই, সে ব্রিতে পারে না যে, আগ্রুনের আলো করিবার শক্তি আছে। অতএব শক্তি এবং শক্তির আলোচনা পৃথক্ করিয়া না করিলে শক্তিকে ব্রিতে পারিবে না। রুদ্রুও নিরাকার, রুদ্রের শক্তিও নিরাকার। যে অজ্ঞান এবং নিরাকারের স্বরুপ্রিক্তায় অক্ষম, তাহাকে উপাসনার্থ উভয়েরই রুপ-কল্পনা করিতে হয়।

আমি। কিন্তু বৈষ্ণব বিষ্ণুরই উপাসনা করিয়া থাকে, রুদ্রের উপাসনা করে না। অতএব

রুদ্রাণীর প্রসাদ ভোজন আপনার পক্ষে অকর্ত্তবা।

বাবাজি। বিষয় আমাকে যে উদর দিয়াছেন, রুদ্রাণীর প্রসাদে যে তাহা প্রিবে না, এমন আদেশ কিছু করেন নাই। কিন্তু সে কথা থাক। রুদ্রাণী বিষয়েরই শক্তি।

আমি। সে কি? রুদ্রাণী ত রুদ্রের শক্তি?

বাবাজি। বিষয়েই র.দু।

আমি। এ সব অতি অশ্রদ্ধের কথা। ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর বা রাদ্ধ, তিন জন পৃথক্। একজন সৃষ্টি করেন, একজন পালন করেন, একজন লয় করেন। তবে বিষ্ণু রাদ্ধ হইলেন কি প্রকারে?

বাবাজি। যে বাব্রে বাড়ী বসিয়া আমি ভোজন করিতেছি, ইনি করেন কি জান?

আমি। জানি। ইনি জমিদারি করেন।

বাবাজি। আর কিছু করেন না?

আমি। পাটের ব্যবসাও আছে।

বাবাজি। আর কিছু করেন?

আমি। টাকা ধার দিয়া স্কুদ খান।

বাবাজি। ভাল। এখন আমি যদি বাহিরে গিয়া রামকে বাল যে, আমি আজ একজন জমিদার বাড়ী খাইরাছি, শ্যামকে বাল যে, আমি একজন ব্যবসাদারের বাড়ী খাইরাছি, আর গোপালকে বাল যে, আমি একজন মহাজনের বাড়ী খাইরাছি, তাহা হইলে তিন জনের কথা বলা হইবে? না একজনেরই কথা বলা হইবে।

আমি। একজনেরই কথা। তিন একই।

বাবাজি। ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর তিনই এক। একজনই স্ভিটকর্ত্তা, পালনকর্ত্তা এবং সংহারকর্তা। হিন্দুখন্দের্য এক ঈশ্বর ভিন্ন তিন ঈশ্বর নাই।

আমি। তবে তিন জনকে পৃথক্ পৃথক্ উপাসনা করে কেন?

বারাজি। তুমি যদি এই বাব্রেক বিশেষ করিয়া জানিতে চাও, তবে তাঁর সকল কাজগৃরনিল পৃথক্ পৃথক্ করিয়া ব্রিকতে হইবে। তিনি জমিদার হইয়া কির্পে জমিদারি করেন, তাহা ব্রিকতে হইবে, তিনি ব্যবসাদার হইয়া কি প্রণালীতে ব্যবসা করেন, তাহা ব্রিক্তে হইবে, আর তিনি মহাজনীতে কি করেন, তাহাও ব্রিক্তে হইবে। তেমনি ঈশ্বরোপাসনায় তাঁহার কৃত স্ফিটি প্রলয় পৃথক্ পৃথক্ ব্রিকতে হইবে। এই জন্য চিদেবের উপাসনা। এক জনেরই কার্য্যান্সারে তিনটি পৃথক্ পৃথক্ নাম দেওয়া হইয়ছে। তিন জনের তিনটি নাম নহে।

আমি। ব্রিকাম। কিন্তু গোল মিটিতেছে না। বৃষ্টি হইল, তাহাতে শস্য জন্মিল,

थारेशा नवारे वाँठिलाम। वाँठारेल क्य-भालनकर्खा विका-ना वर्गक्रिकर्खा रेग्द्र?

বাবাজি। যাহা বলিয়াছি, তাহা যদি বর্ঝিয়া থাক, তবে অবশ্য বর্ঝিয়াছ যে, ইন্দ্র, বায়র, বররণ প্রভৃতি নামে কোন স্বতন্দ্র দেবতা নাই। যিনি সৃষ্টি করেন, তিনিই যেমন পালন করেন, ও ধরংস করেন, তিনিই আবার বৃষ্টি করেন, তিনিই দাহ করেন, তিনিই ঝড় বাতাস করেন, তিনিই আলো করেন, তিনিই অন্ধার করেন। যিনি রক্ষা, বিষ্ণু, মহেশ্বর, তিনিই ইন্দ্র, তিনিই আয়, তিনিই সন্ধানের অমাদের বর্ঝিবার সৌকর্য্যার্থ এক জলকে কোথাও নদী বলি, কোথাও সমর্দ্র বলি, কোথাও বিল বলি, কোথাও পর্কুর বলি, কোথাও ভোবা বলি, কোথাও গোষ্পদ বলি, তেমনি উপাসনার জন্য তাঁহাকে কখন ইন্দ্র, কখন আয়ি, কখন বক্ষা, কখন বিক্ষ্ব ইত্যাদি নানা নাম দিই।

আমি। তবে তাঁহার যথার্থ নাম কি?

বাবাজি। তাঁহাকে দুই ভাবে চিন্তা করা যায়। যখন তাঁহাকে অব্যক্ত, অচিন্তা, নিগুনি, এবং

र्वाष्क्रम त्रानावनी

সম্ব-জগতের আধার বলিয়া চিন্তা করি, তথন তাঁহার নাম রন্ধা বা পররন্ধা বা পরমাথা। আর বখন তাঁহাকে ব্যক্ত, উপাস্য, সেই জন্য চিন্তনীয়, সগ্লে, এবং সমস্ত জগতের স্ফিটিছাতিপ্রলয়-কর্তাম্বর্প চিন্তা করি, তখন তাঁহার নাম সাধারণ কথায় ঈশ্বর, বেদে প্রজাপতি. প্রাদেতিহাসে বিস্কৃ বা শিব। আর বখন এককালীন তাঁহার উভরবিধ লক্ষণ চিন্তা করিতে পারি, অর্থাং বখন তিনি আমার হৃদয়ে সম্পূর্ণ ম্বর্পে উদিত হন, তখন তাঁহার নাম শ্রীকৃষ্ণ।

আমি। কেন, তখনই শ্রীকৃষ্ণ নাম কেন?

বাবাজি। গীতায় শ্রীকৃষ্ণ আপনাকে এই উভয় লক্ষণযুক্ত স্বর্পে ধোয় বলিয়া নিন্দির্ঘ্ত করিয়াছেন, এ জন্য আমি তাঁহার দাসান্দাস, সেই নামেই তাঁহাকে অভিহিত করি। একবার তোমরা কৃষ্ণনাম কর!! বল কৃষ্ণ! কৃষ্ণ! হরি!

বাবাজি তখন হরিবোল দিয়া উঠিলেন। এক ব্রাহ্মণ পরিবেশন করিতেছিল, সে হরিবোল শুনিয়া বলিল, "বাবাজি! অত হরিবোলের ধুম কেন? পাঁটাটা রাম্না বড ভাল হয়েছে; বটে!"

তাই ত! সব্ধনাশ! এতক্ষণ কথাবার্ত্তার অন্যমনা ছিলাম, দেখি নাই যে, বাবাজি এক রাশি ছাগমাংস উদরসাং করিয়া দ্বিতীয় তৈম্বলঙ্গের ন্যায় অস্থির স্ত্র্প সাজাইয়া রাখিয়াছেন! দুদ্ধ হইয়া বলিলাম, "বাবাজি! এই তোমার হরিবোল! এই তোমার বৈষ্ণবধন্ম ! তুমি কণ্ঠী ছি'ডিয়া ফেল। আমরা কেহ তোমার সঙ্গে আহারাদি করিব না।"

বাবাজি। কেন, কি হয়েছে বাপ্।?

আমি। আমার মাথা হয়েছে! তুমি বৈষ্ণব নামের কলঙ্ক! এক রাশ, যাহার নাম করিতে নাই, তাই থেয়ে পার করিলে, আবার জিজ্ঞাসা কর কি হয়েছে?

বাবাজি। পাঁটা খেরাছি? বাপা, ভগবান, কোথায় বলেছেন যে, পাঁটা খাইও না? যদি প্রাণ ইতিহাসের দোহাই দিতে চাও, তবে পদ্মপারাণ খোল, দেখাইব যে, মাংস দিয়া বিষণ্ধর ভোগ দিবার ব্যবস্থা আছে। ভগবান স্বয়ং ক্ষান্ত্রয়কুলে জন্মগ্রহণ করিয়া, অন্যান্য ক্ষান্ত্রের ন্যায় মাংসেই নিত্যদোবা করিতেন। তিনি পাপাচরণের জন্য জন্মগ্রহণ করিয়াছিলেন বটে? তুই বেটা আবার বৈষ্ণব?

আমি। তবে আহংসা পরম ধর্ম্ম বলে কেন?

বারাজি। অহিংসা যথার্থ বৈষ্ণব কন্যা বতে, কিন্তু কুলত্যাগ করিয়া বৌদ্ধঘরে গিরা জাত

আমি ছে দো কথা বুরিকতে পারি না।

বাবাজি। দেখ, বাপা;! বৈষ্ণব নাম গ্রহণ করিবার আগে বৈষ্ণব ধর্ম্মা কি, বোঝ। তোমার কণ্ঠীতে বৈষ্ণব হয় না, কুণ্ডোজালিতেও নয়, নিরামিষেও নয়, পণ্ডসংস্কারেও নয়, দেড় কাহন বৈষ্ণবীতেও নয়। জগতের সন্ধ্রিশ্রতি বৈষ্ণব কে বল দেখি?

আমি। নারদ, ধ্রব, প্রহ্মাদ।

বাবাজি। প্রহ্মাদই সন্বশ্রেষ্ঠ। প্রহ্মাদ বৈষ্ণবধন্মের কি ব্যাখ্যা করিয়াছেন, শ্বন,

সৰ্বা দৈত্যাঃ সমতাম্পেত সমত্বমারাধনমচ্যতস্য।

অর্থাৎ "হে দৈত্যগণ! তোমরা সর্বাচ্চ সমদশী হও। সমত্ব, অর্থাৎ সকলকে আত্মবং জ্ঞান করাই বিশ্বর যথার্থ উপাসনা।" কণ্ঠী, কুণ্ডোজালি, কি দেখাস্ রে ম্খ্! এই যে সমদশিতা, ইহাই সেই অহিংসা-ধন্মের যথার্থ তাৎপর্যা। সমদশী হইলে আর হিংসা থাকে না। এই সমদশিতা থাকিলেই মন্যা, বিশ্বনাম জান্ক না জান্ক, যথার্থ বৈশ্বর হইল। যে খ্রীষ্টীয়ান, কি ম্সলমান, মন্যামাত্রকে আপনার মত দেখিতে শিখিয়াছে, সে যিশ্রই প্জা কর্ক আর পার প্যাগম্বরেরই প্জা কর্ক, সে-ই পরম বৈশ্ব। আর তোমার কণ্ঠী কুণ্ডোজালির নিরামিষের দলে, যাহারা তাহা শিখে নাই, তাহারা কেহই বৈশ্বব নহে।

আমি। মাছ পাঁটা খেয়ে কি তবে বৈষ্ণব হওয়া যায়?

বাবাজি। মুর্থ! তোকে বুঝাইলাম কি?

আমি। তবে আমাকেও একখানা পাতা দিতে বল্ন।

তখন পাতা, এবং কিণ্ডিং অন্ন এবং মহাপ্রসাদ পাইয়া আমিও ভোজনে বসিলাম। পাকের কার্য্যটা অতি পরিপাটির,প হইয়াছিল। ছাগমাংস ভোজনে আমার ক্ষ্মা ব্দির লক্ষণ দেখিয়া

विविध প্রবন্ধ-গোরদাস বাবাজির ভিক্ষার ঝুলি

বাবাজি বলিলেন, "বাপ হে! কল্পনা করিয়াছি, পরামশ দিয়া আগামী বংসর কছিমন্দী সেখকে দিয়া দুর্গোৎসব করাইব!"

আমি। ফল কি?

বাবাজি। ছাগমাংস কিছন গারনুপাক। মারগী বড় লঘনুপাক, অতএব বৈষ্ণবের পক্ষে বিশেষ উপযোগী।

আমি। মুসলমানের বাড়ী খাইতে আছে?

বাবাজি। এ কাণ দিয়ে শ্নিস্ ও কাণ দিয়ে ভূলিস্? যখন সর্বান্ত সমান জ্ঞান, সকলকে আত্মবং জ্ঞানই বৈষ্ণবধর্ম্ম, তখন হিন্দ্র ও ম্সলমান, এ ছোট জ্ঞাতি, ও বড় জ্ঞাতি, এর্প ভেদ-জ্ঞান করিতে নাই। যে এর্প ভেদ-জ্ঞান করে, সে বৈষ্ণব নহে।

আজ তোমাকে বৈষ্ণবধ্দম কিছু বুঝাইলাম। আর একদিন তোমাকে রক্ষোপাসনা এবং কৃষ্ণোপাসনা বুঝাইব। ধন্মের প্রথম সোপান, বহু দেবের উপাসনা; দ্বিতীয় সোপান, সকাম ঈশ্বরোপাসনা; তৃতীয় সোপান, নিষ্কাম ঈশ্বরোপাসনা বা বৈষ্ণবধ্দম অথবা জ্ঞানযুক্ত রক্ষোপাসনা। ধন্মের চরম কৃষ্ণোপাসনা।

৩। রাধাকৃষ্ণ*

আমি একটা প্রাচীন গাঁত আপন মনে গায়িতেছিলাম।

"ব্ৰজ তেজে যেও না, নাথ,"—

এইটাকু গায়িতে না গায়িতে, বাবাজি "অহঃ" বলিয়া, একেবারে কাঁদিয়া অজ্ঞান। আমি থাকিতে পারিলাম না, হাসিয়া ফেলিলাম। কুদ্ধ হইয়া বাবাজি বলিলেন, "হাসিলি কেন রে বেটা?"

আমি বাললাম, "তুমি হাঁ কর্তেই কাঁদ, তাই আমি হাসি।"

বাবাজি। হাঁ ক'রে যা বলেছিস্, সে কথাটা কিছু ব্রেছেস্? না শালিক পাথির মত কিচির কিচির করিস্?

আমি। বুঝ্ব না কেন? রাধা কৃষ্ণকৈ বল্ছেন যে, তুমি আমাদের রজ ছেড়ে যেও না। বাবাজি। রজ কি বল দেখি?

আমি। কৃষ্ণ যেখানে গোর চরাতেন আর গোপীদের নিয়ে বাঁশী বাজাতেন।

বাবাজি। অধঃপাতে যাও। 'ব্ৰজ' ধাতু কি অথে' বলু দেখি?

আমি। ব্রজ ধাতু! অষ্ট ধাতুই ত জানি। আবার ব্রজ ধাতু কি?

বাবাজি। ব্ৰজ গমনে। ব্ৰজ, অৰ্থাৎ যা যায়।

আমি। যা যায়, তাই ব্রজ? গোরে যায়, বাছরে যায়, আমি যাই, তুমি যাও—সব ব্রজ?

वावािक। भव बका काश कारक वरन, वन् र्पाथ?

আমি। এই বিশ্বৱন্ধান্ড জগং।

বাবাজি। 'জগৎ' কোন্ধাতু হইতে হইয়াছে?

আমি। ধাতু ছাড়া যা জিজ্ঞাসা করিবেন বলিব, ও কথাটা শ্ননিলেই কেমন ভয় করে। বাবাজি। গম ধাতু হইতে জগৎ শব্দ হইয়াছে। যা যায়, তাই জগৎ। বিশ্বব্ৰহ্মাণ্ড নশ্বর, তাই বিশ্বব্ৰহ্মাণ্ড জগৎ। ব্ৰজ শব্দ আর জগৎ শব্দ একার্থবাচক।

আমি। ব্রজ তবে একটা জারগা নয়? আমি বলি, ব্ন্দাবনই ব্রজ।

বার্বাজি। বৃন্দাবন নামে যে শহর এখন আছে, তাহা বাঙ্গালার বৈষ্ণব ঠাকুরেরা তৈয়ার করিয়াছেন।

আমি। তবে প্রাণে বৃন্দাবন কাকে বালয়াছে?

বার্বাজি। "বৃন্দা যত্র তপস্তেপে তত্ত্ব বৃন্দাবনং স্মৃত্ম্" যে স্থানে বৃন্দা তপস্যা করিয়াছিলেন ('করেন' বলিলেই ঠিক হয়), সেই বৃন্দাবন।

^{*} প্রচার, ১২৯২, আষাঢ়।

আমি। বৃন্দা কে? বাবাজি।

> রাধাষোড়শনাম্নাং চ বৃন্দা নাম শ্রুতো শ্রুতম্। তস্যাঃ দ্রীড়াবনং রম্যং তেন বৃন্দাবনং ক্যুতম্॥

त्राधारे तृन्मा।

আমি। রাধা কে?

বাবাজি। রাধ ধাতু-

আমি। ধাতু ছাড় বাবাজি।

বাবাজি। রাধ ধাতু সাধনে, প্রাপ্তো, তোবে, প্রজারাং বা। যে ঈশ্বরের সাধন করে, যে তাঁহাকে পার, যে তাঁহার প্রজা (বা আরাধনা) করে, সেই রাধা। ঈশ্বরভক্ত মাত্রেই রাধা। তুমি ঈশ্বরভক্ত হইলে রাধা হইবে।

আমি। তবে তিনি গোপিনীবিশেষ নন?

वार्वाकि। शाशिनी भक् इस ना-शाशी भक्। कारक वरन?

আমি। গোপের স্থা গোপী।

বাবাজি। গো শব্দে প্থিবী। যাঁহারা ধর্ম্মাত্মা, তাঁহারাই প্থিবীর রক্ষক। তাঁহারাই গোপ। স্বীলিঙ্গে তাঁহারা গোপী।

আমি। গোলোক কি তবে?

বাবাজি। এই পৃৃথিবীগোলক—ভূলোক।

আমি। আপনি সব গোল বাধাইলেন। ভাল, সবই যদি রূপক হইল, তবে নন্দ কি? বাবাজি। নন্দ খাতু হর্ষে, আনন্দে। আমরা উপসর্গ ভিন্ন কথা ব্যবহার করি না, এই একটা উপসর্গ। যাহাকে আনন্দ বলি, তাই নন্দ।

আমি। ভগবান কি আনন্দে জন্মেন যে, তিনি নন্দনন্দন?

বাবাজি। কৃষ্ণ যে নন্দপত্র, এ কথা কৈহ বলে না। তিনি বস্পেবের পত্র, নন্দালয়ে ছিলেন, এই মাত্র।

আমি। সে কথারই বা অর্থ কি?

বাবাজি। প্রমানন্দ-ধামই ঈশ্বরের বাস। অর্থাৎ তিনি আনন্দেই বিদামান।

আমি। তবে যশোদা কোথার যায়? বশোদা যে কৃষ্ণকে প্রতিপালন করিয়াছিলেন, তাহার তাংপর্য্য কি?

বাবাজি। ঈশ্বরের যশঃ অর্থাৎ মহিমা কীর্ত্তন দ্বারা তাঁহাকে হৃদয়ে পরিবদ্ধিত করিতে হয়। আমি। সবই রূপক দেখিতেছি। কৃষ্ণও কি রূপক নন?

বাবাজি। আমার দৃঢ় বিশ্বাস যে, জগদীশ্বর স্পরীরে ভূমন্ডলে অবতীর্ণ ইইয়া জগতে ধর্ম্ম স্থাপন করিয়াছিলেন। তিনি র পক নহেন। কিন্তু পরেলকার তাঁহাকে মাঝখানে স্থাপিত করিয়া, এই ধর্মার্থকে র পকটি গঠন করিয়াছিলেন। কৃষ্ণের নামের আর একটা অর্থ আছে, তাহাতে ইহার একটা স্ক্রিবা হইয়াছিল। কৃষ ধাতু কর্ষণে বা আকর্ষণে। যিনি মন্বেয়র চিত্ত কর্ষণ বা আকর্ষণ করেন, তিনি কৃষ্ণ।

আমি। এটা বাবাজি কণ্টকলপনা।

বাবাজি। তা'ত বটেই। কৃষ্ণ র পক নহেন, কাজেই এ অর্থ কণ্টকল্পে ঘটাইতে হয়। তিনি শরীরী, অন্যান্য মন্ব্যের সঙ্গে কম্মক্ষেত্রে বিদ্যমান ছিলেন। এবং তিনি অশরীরী জগদীশ্বর। তাঁহাকে নমস্কার কর।

আমি। কিন্তু রুপকের কি হইবে? রাধা কৃষ্ণের উপাস্না করিব কি?

বাবাজি। জগদীশ্বরের সঙ্গে তাঁহার ভক্তের উপাসনা করিবে। কেন না, ভক্ত তন্ময়, ভক্তও ঈশ্বরের অংশত্ব পাইয়াছে। জগৎ ঈশ্বর-ভক্ত। জগৎ ঈশ্বরময়। জগতের ঈশ্বরের সঙ্গে জগতেরও উপাসনা করিবে। অতএব বল, শ্রীরাধাবক্সভায় নুমো নমঃ।

আমি। শ্রীরাধাবল্লভার নমো নমঃ।

শ্রীহরিদাস বৈরাগী।

কাম*

হিন্দুখন্দ্রপ্রাপ্সকলে "কাম" শব্দটি সব্ধান ব্যবহৃত হইয়া থাকে। যে কামাত্মা বা কামাথানি, তাহার প্রনঃ প্রনঃ নিন্দা আছে। কিন্তু সাধারণ পাঠক এই "কাম" শব্দের অর্থ ব্রবিতে বড় গোল করেন, এই জন্য সকল স্থানে তাঁহারা শাস্ত্রার্থ ব্রবিতে পারেন না। তাঁহারা সচরাচর ইন্দ্রিরিন্দেষের পরিত্তিপ্তর ইচ্ছার্থে ঐ শব্দ ব্যবহার করিয়া থাকেন, এবং শাস্ত্রেও ঐ অর্থে ইহা ব্যবহৃত হইয়াছে, ইহাই তাঁহারা ব্রেন। সেটা দ্রান্তি। মহাভারত হইতে দ্বই একটা কথা উদ্ধৃত করিয়া আমরা কাম শব্দের অর্থ ব্রবাইতেছি।

"পণ্ড ইন্দ্রির, মন ও হদর স্ব প্র বিষয়ে বর্ত্তমান থাকিয়া যে প্রাতি উপভোগ করে, তাহারই নাম কাম।" (বনপর্ম্বর্ত্ত, ৩৩ অধ্যার)। ইহা একেবারে নিন্দনীয় বিষয় বালায়। স্থির হইতেছে না। "মন ও হদর" এই কথা না বালায়া কেবল যদি পণ্ড ইন্দ্রিরের কথা বলা হইত, তাহা হইলে ব্বা যাইত যে, ইন্দ্রিরশাতা (Sensuality) এই দ্বন্প্রবৃত্তিরই নাম কাম। কিন্তু "মন" ও "হদর" থাকাতে সে কথা খাটিতেছে না। স্থানান্তরে বলা হইতেছে যে, "প্রক্টন্দনাদির্প দ্রব্য স্পর্শ বা স্বর্ণাদির্প অর্থ লাভ হইলে মনুযোর যে প্রাতি জন্মে তাহারই নাম কাম।"

ইহাতে দেখা যাইতেছে যে, প্রথমতঃ উহা কোন প্রকার প্রবৃত্তি বা বৃত্তি নহে; প্রবৃত্তি বা বৃত্তি নহে; প্রবৃত্তি বা বৃত্তির পরিকৃপ্তাবন্থা মাত্র। দ্বিতীয়তঃ দেখা যাইতেছে যে, উহা সকল সময়ে নিন্দনীয় বা জঘন্য সন্থ নহে। উহা সদসৎ কন্মের ফল। এই জন্য পশ্চাং কথিত হইতেছে যে, "উহা কন্মের এক উংকৃষ্ট ফল। মন্য্য এইর্পে ধর্ম্মা, অর্থ ও কাম. এই তিনের উপর পৃথক্ বৃপ্পক্ র্পে দৃষ্টিপাতপ্র্বেক কেবল ধর্মাপর বা কামপর হইবে না। সতত সম-ভাবে এই ত্রিবর্গের অন্ন্শীলন করিবে। শান্দের কথিত আছে যে, প্র্বাহে ধর্মান্ষ্ঠান, মধ্যাহে অর্থচিন্তা ও অপরাহে কামান্ষ্শীলন করিবে।"

"কেবল ধর্মপের হইবে না।" এমন একটা কথা শ্নিলে হঠাৎ মনে হয়, যে ব্যক্তি এ উপদেশ দিতেছে, সে ব্যক্তি হয় ঘোরতর অধান্মিক, নয় সে ধর্ম্ম শব্দ কোন বিশেষ অর্থে ব্যবহার করিতেছে। এখানে দ্বই কথাই কিণ্ডিৎ পরিমাণে সত্য। এখানে বক্তা খোদ ভীমসেন; তিনি অধান্মিক নহেন, কিন্তু তিনি য্বিধিচির বা অর্জ্জ্বনের ন্যায় ধন্মের সব্বেলিচ সোপানে উঠেন নাই। এবং ধর্ম্ম শব্দও তিনি বিশেষ অর্থে ব্যবহার করিতেছেন। তাঁহার একটা কথাতেই তাহা ব্বা যায়। তিনি পরে বলিতেছেন, "দান, যজ্ঞ, সাধ্গণের প্রজা, বেদাধ্যয়ন ও আর্জব, এই কয়েকটি প্রধান ধর্মে।"

বস্তুতঃ আমরা এখন যাহাকে ধন্ম বিল, তাহা দ্বিবিধ; এক আত্ম-সন্বন্ধী, আর এক পর-সন্বন্ধী। পরসন্বন্ধী ধন্মই ধন্মের প্রধান অংশ: কিন্তু আত্মসন্বন্ধী ধন্মতি আছে, এবং তাহা একেবারে পরিহার্য্য নয়। আমি পরকে স,ুখে রাখিয়া যদি আপনিও স,ুখে থাকিতে পারি, তবে তাহা না করিয়া, ইচ্ছাপ্ত্র্বিক কন্ট সহিব কেন? ইচ্ছাপ্ত্র্বিক নিল্ফল কন্ট পাওয়া অধন্ম। এখানে ভীমসেন সেই পর-সন্বন্ধী ধন্মক্রিই ধন্ম বিলতেছেন, এবং আত্ম-সন্বন্ধী ধন্মের ফল-ভোগকে কাম বিলতেছেন। তাহা ব্ঝিলে, "কেবল ধন্মপর হইবে না" এ কথা সঙ্গত বলিয়া বোধ হয়।

বস্তুতঃ ধর্ম্মকে আত্মসম্বন্ধী, এবং পরসম্বন্ধী, এর্প বিভাগ করা উচিত নহে। ধর্ম্ম এক; ধর্ম্ম মাত্র আত্মসম্বন্ধী ও পরসম্বন্ধী। অনেকে বলেন যে, ধর্ম্ম কেবল পরসম্বন্ধী হওয়াই উচিত। আবার অনেকে বলেন, বথা খ্রীষ্টীয়ানেরা, যে যাহাতে আমি পরকালে সম্গতি লাভ করিব, তাহাই ধর্ম্ম। অর্থাৎ তাহাদের মত, ধর্ম্ম কেবল আত্মসম্বন্ধী।

শুলেকথা, ধর্ম্ম আত্মসন্দর্মীও নহে, পরসন্দরমীও নহে। সমস্ত বৃত্তিগর্নির উচিত অনুশীলন ও পরিণতিই ধর্ম্ম। তাহা আপনার জন্যও করিবে না, পরের জন্যও করিবে না। ধর্ম্ম বিলয়াই করিবে। সেই বৃত্তিগর্নিল নিজ-সন্দর্শিমনী, ও পর-সন্দর্শিমনী; তাহার অনুশীলনে ন্বার্থ ও পরার্থ একত্রে সিদ্ধ হয়। ফলতঃ ধর্ম্ম এই ভাবে ব্রিফলে ন্বার্থে এবং পরার্থে প্রভেদ

^{*} প্রচার, ১২৯২, আবাঢ়।

र्वाष्क्रम ब्रह्मावनी

উঠাইয়া দেওয়া অনুশীলনবাদের একটি উদ্দেশ্য। "ধর্ম্মতত্ত্বে" এই অনুশীলনবাদ বুঝান গিয়াছে।

বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন*

- ১। যশের জন্য লিখিবেন না। তাহা হইলে যশও হইবে না, লেখাও ভাল হইবে না। লেখা ভাল হইলে যশ আপনি আসিবে।
- ২। টাকার জন্য লিখিবেন না। ইউরোপে এখন অনেক লোক টাকার জন্যই লেখে, এবং টাকাও পায়; লেখাও ভাল হয়। কিন্তু আমাদের এখনও সে দিন হয় নাই। এখন অর্থের উদ্দেশ্যে লিখিতে গেলে, লোক-রঞ্জন-প্রবৃত্তি প্রবল হইয়া পড়ে। এখন আমাদিগের দেশের সাধারণ পাঠকের রুচি ও শিক্ষা বিবেচনা করিয়া লোক-রঞ্জন করিতে গেলে রচনা বিকৃত ও অনিষ্টকর হইয়া উঠে।
- ৩। যদি মনে এমন ব্রিষতে পারেন যে, লিখিয়া দেশের বা মন্ব্যুজাতির কিছ্ন মঙ্গল সাধন করিতে পারেন, অথবা সোন্দর্য্য সৃষ্টি করিতে পারেন, তবে অবশ্য লিখিবেন। যাঁহারা অন্য উদ্দেশ্যে লেখেন, তাঁহাদিগকে যাত্রাওয়ালা প্রভৃতি নীচ ব্যবসায়ীদিগের সঙ্গে গণ্য করা যাইতে পারে।
- ৪। যাহা অসত্য, ধর্ম্মবির্দ্ধ; পর্রানন্দা বা পরপণীড়ন বা স্বার্থসাধন যাহার উদ্দেশ্য, সে সকল প্রবন্ধ কখনও হিতকর হইতে পারে না, স্ক্তরাং তাহা একেবারে পরিহার্য্য। সত্য ওধন্মই সাহিত্যের উদ্দেশ্য। অন্য উদ্দেশ্যে লেখনী-ধারণ মহাপাপ।
- ৫। খাহা লিখিবেন, তাহা হঠাৎ ছাপাইবেন না। কিছ্ব কাল ফেলিয়া রাখিবেন। কিছ্ব কাল পরে উহা সংশোধন করিবেন। তাহা হইলে দেখিবেন, প্রথমে অনেক দোষ আছে। কাব্য নাটক উপন্যাস দুই এক বৎসর ফেলিয়া রাখিয়া তার পর সংশোধন ক্রিলে বিশেষ উৎকর্ষ লাভ করে। যাঁহারা সাময়িক সাহিত্যের কার্য্যে ব্রতী, তাঁহাদের পক্ষে এই নিয়ম রক্ষাটি ঘটিয়া উঠে না। এজন্য সাময়িক সাহিত্য, লেখকের পক্ষে অবন্তিকর।
- ৬। যে বিষয়ে যাহার অধিকার নাই, সে বিষয়ে তাহার হস্তক্ষেপণ অকর্ত্তব্য। এটি সোজা কথা, কিন্তু সাময়িক সাহিত্যতে এ নিয়মটি রক্ষিত হয় না।
- ৭। বিদ্যা প্রকাশের চেণ্টা করিবেন না। বিদ্যা থাকিলে, তাহা আপনিই প্রকাশ পায়, চেণ্টা করিতে হয় না। বিদ্যা প্রকাশের চেণ্টা পাঠকের অতিশয় বিরক্তিকর, এবং রচনার পারিপাট্যের বিশেষ হানিজনক। এখনকার প্রবন্ধে ইংরাজি, সংস্কৃত, ফরাশি, জর্মান্ কোটেশন্ বড় বেশী দেখিতে পাই। যে ভাষা আপনি জানেন না, পরের গ্রন্থের সাহায্যে সে ভাষা হইতে কদাচ উদ্ধৃত করিবেন না।
- ৮। অলৎকার-প্রয়োগ বা র্রাসকতার জন্য চেণ্টিত হইবেন না। স্থানে স্থানে অলৎকার বা ব্যঙ্গের প্রয়োজন হয় বটে; লেখকের ভাশ্ডারে এ সামগ্রী থাকিলে, প্রয়োজন মতে আপনিই আসিয়া পেশিছিবে—ভাশ্ডারে না থাকিলে মাথা কুটিলেও আসিবে না। অসময়ে বা শ্ন্য ভাশ্ডারে অলৎকার প্রয়োগের বা র্রাসকতার চেণ্টার্ মত কদর্য্য আর কিছ্ই নাই।
- ৯। যে স্থানে অলঞ্কার বা বাঙ্গ বড় সন্দের বলিয়া বোধ হইবে, সেই স্থানটি কাটিয়া দিবে. এটি প্রাচীন বিধি। আমি সে কথা বলি না। কিস্তু আমার পরামর্শ এই যে, সে স্থানটি বন্ধনুবর্গকে প্রনঃ প্রনঃ পাড়িয়া শন্নাইবে। যদি ভাল না হইয়া থাকে, তবে দুই ঢারি বার পাড়িলে লেখকের নিজেরই আর উহা ভাল লাগিবে না—বন্ধনুবর্গের নিকট পাড়িতে লম্জা করিবে। তথন উহা কাটিয়া দিবে।
- ১০। সকল অলম্কারের শ্রেষ্ঠ অলম্কার সরলতা। যিনি সোজা কথায় আপনার মনের ভাব সহজে পাঠককে ব্রুঝাইতে পারেন, তিনিই শ্রেষ্ঠ লেখক। কেন না, লেখার উদ্দেশ্য পাঠককে ব্রুঝান।
 - ১১। কাহারও অন্করণ করিও না। অন্করণে দোষগর্লি অন্কৃত হয়, গ্রণগর্লি হয়

^{*} প্রচার, ১২৯১, মাঘ।

বিবিধ প্রবন্ধ-তিদেব সম্বন্ধে বিজ্ঞানশাস্ত্র কি বলে

না। অমুক ইংরাজি বা সংস্কৃত বা বাঙ্গালা লেখক এইর প লিখিয়াছেন, আমিও এর প লিখিব, এ কথা কদাপি মনে স্থান দিও না।

১২। यে कथात्र প्रभाग निएक भातित्व ना, जाहा निश्यि ना। প্रभागगर्शन প্रयुक्त कता मकन সময়ে প্রয়োজন হয় না, কিন্তু হাতে থাকা চাই।

বাঙ্গালা সাহিত্য, বাঙ্গালার ভরসা। এই নিয়মগ্বলি বাঙ্গালা লেখকদিগের দ্বারা রক্ষিত হইলে, বাঙ্গালা সাহিত্যের উন্নতি বেগে হইতে থাকিবে।

ত্রিদেব সম্বন্ধে বিজ্ঞানশাস্ত্র কি বলে*

প্রচলিত হিন্দুধন্মের শিরোভাগ এই ষে, ঈশ্বর এক, কিন্তু তিনটি পৃথক্ পৃথক্ মুর্তিতে তিনি বিভক্ত। এক স্ক্রন করেন, এক পালন করেন, এবং এক ধ্বংস করেন। এই ত্রিদেব লোক-প্রথিত।

জন্ ভা্রার্ট মিলের মৃত্যুর পর, ধন্মসিন্বন্ধে তৎপ্রণীত তিনটি প্রবন্ধ প্রচারিত হইয়াছে। তাহার একটির উন্দেশ্য, ঈশ্বরের অস্তিত্বের মীমাংসা করা। মিলের মত যে, ঈশ্বরের অস্তিত্ব সম্বন্ধে যে সকল প্রমাণ ঈশ্বরবাদীরা প্রয়োগ করেন, তাহার মধ্যে একটিই সারবান্। জগতের নিম্মাণ-কোশল হইতে তাঁহার মতে, নিম্মাতার অন্তিত্ব সিদ্ধ হয়। এটি প্রাচীন কথা, এবং অখন্ডনীয়ও নহে। ডার্বিনের মত প্রচারের পূর্বেও ইহার সদাত্তর ছিল; এক্ষণে ডার্বিন্ দেখাইয়াছেন যে, এই নির্মাণ-কৌশল স্বতঃই ঘটে। মিল্ও ডার্বিনের এই মত অনবগত ছিলেন, এমত নহে; তিনি স্বীয় প্রবন্ধ-মধ্যে তাহার উল্লেখ করিয়াছেন, এবং বলিয়াছেন যে, যদি এই মতটি প্রকৃত হয়, তবে উপরিক্থিত নিশ্মাণ-কোশল ঈশ্বরের অস্তিম-প্রতিপাদক হয় না। কিন্তু ডার্বিনের মত প্রচারের অলপকাল পরেই মিলের প্রস্তাব লিখিত হয়। সে মতের সত্যাসত্য পরীক্ষিত এবং নির্ম্বাচিত হওয়ার পক্ষে কার্লাবলন্বের প্রয়োজন। কার্লাবলন্বের সে ফল তিনি পান নাই। অতএব তিনি এই মতের উপর দুঢ়ের পে নির্ভার করিতে পারেন নাই। নির্ভার করিতে পারিলে তাঁহাকে স্বীকার করিতে হইত যে, ঈশ্বরের অন্তিম্ব সম্বন্ধে কিছুই প্রমাণ নাই।

এখনও অনেকে ডার্বিনের প্রতিবাদী আছেন—কিন্তু বহুতর পশ্ভিতগণ কর্ত্তুক তাঁহার মত আদ্তে এবং স্বীকৃত। অধিকাংশ বিজ্ঞানবিদ্ এবং দুর্শনবিদ্ পশ্ভিতেরা এক্ষণে ডারিনের মতাবলম্বী। কিন্তু ডাবিনের মত প্রকৃত হইলেও ঈশ্বর নাই, এ কথা সিদ্ধ হইল না। ঈশ্বরের অন্তিত্ব সম্বন্ধে প্রমাণাভাব ঈশ্বরের অনন্তিত্বের প্রমাণ নহে। কোন পদার্থের অন্তিত্বের প্রমাণাভাবে তাহার অনস্তিত্ব প্রমাণ হইবে, যদি বিচারের এর প নিয়ম সংস্থাপন করা যায়, তাহা হইলে অনেক স্থানে প্রমাদ ঘটে।

न्नेश्वर আছেন, এ कथा मতा হউক ना হউক, कथा অসঙ্গত কেহ বলিতে পারিবে না। প্রায় এইরপে ভাবেই মিল্ ঈশ্বর স্বীকার করিয়াছেন। ডার্বিন্ স্বয়ং স্পন্টতঃ ঈশ্বর স্বীকার করেন।

অতএব প্রমাণ থাক বা না থাক, ঈশ্বর স্বীকার করা যাউক। কিন্ত যদি ঈশ্বর আছেন, তবে তাঁহার প্রকৃতি কি প্রকার? এ বিষয়ে একটি প্রভেদ এ স্থলে স্পর্টীকরণ আবশ্যক। কতকগুর্নিল ঈশ্বরবাদী আছেন, তাঁহারা ঈশ্বরের অস্তিত্ব স্বীকার করিয়াও তংপ্রতি স্রন্টা বিধাতা ইত্যাদি পদ ব্যবহার করেন না। অন্যে বলেন ঈশ্বর ইচ্ছাপ্রবৃত্ত্যাদিবিশিষ্ট—এই জগতের নির্ম্মাতা; ইচ্ছাক্রমে এই জগতের সূত্তি করিয়াছেন। উপরিক্থিত দার্শনিকেরা বলেন, আমরা সে সকল कथा জानि ना, জानिवात छेभाराउ ना; ইহাই कেवन জानि य, मেই जगए-कात्रम जाउन ग স্পেন্সর এই সম্প্রদায়ের মুখপাত্র।† তাঁহার দর্শনে ঈশ্বর জগদ্যাপক জ্ঞানাতীত শক্তি মাত্র।

₹ ₹-->

^{*} বঙ্গদর্শন, ১২৮২, বৈশাখ। বঙ্গদর্শনে এই প্রবন্ধের শিরোনাম ছিল, "মিল, ডার্বিন এবং

হিংদ্ধান ।" বস্তমান শিরোনামে বিজ্ঞান শান্দের অথে Science ব্রবিতে হইবে। † The consciousness of an Inscrutable Power manifested to us through all phenomena has been growing ever clearer.—First Principles, p. 108. হর্বট স্পেন্সরের মতের কিছু পরিবর্ত্তন দেখা যার।

মিলা যে ঈশ্বর স্বীকার করিয়াছেন, তিনি এরপে অজ্ঞের নহেন। মিলা ইচ্ছাবিশিষ্ট, জগরিক্ষাতা স্বীকার করিয়াছেন। স্বীকার করিয়া ঐশিক স্বভাবের মীমাংসায় প্রবৃত্ত হইয়াছেন। ঈশ্বরবাদীরা সচরাচর ঈশ্বরের তিনটি গ্লা বিশেষর্পে নিব্বাচন করিয়া থাকেন— শক্তি, জ্ঞান এবং দয়া। তাঁহাদিগের মতে ঈশ্বরের গ্লা মাত্র সীমাশ্ব্য—অনস্ত। অতএব ঈশ্বরের গ্লা জ্ঞান এবং দয়াও অনস্ত। ঈশ্বর স্বর্শাক্তিমান্, স্বর্জ, এবং দয়ায়।

মিল্ এই মতের প্রতিবাদ করিয়াছেন। তিনি বলেন যে, যেখানে জগতের নিম্মাদ-কোশল দেখিয়াই আমরা ঈশ্বরের অন্তিত্ব দ্বীকার করিতেছি, সেইখানেই তাহার শক্তি যে অনস্ত নহে, তাহা দ্বীকৃত হইতেছে। কেন না, যিনি সন্ধালিজমান্, তাহার কৌশলের প্রয়েজন কি? কৌশল কোথায় প্রয়েজন হয়? যেখানে কৌশল ব্যতীত ইন্টাসিদ্ধি হয় না, সেইখানেই কৌশল প্রয়েজন হয়—যিন সন্ধালিজমান্, ইচ্ছায় সকলই করিতে পারেন, তাহার কৌশলের প্রয়েজন হয় না। কেবল ইচ্ছা বা আজ্ঞামতে কৌশলের উদ্দিশ্ট কম্ম সিদ্ধ হইতে পারে। যদি মন্যের এর্প শক্তি থাকিত যে, সে কেবল ঘড়ির ডায়ল্ প্রেটের উপর কাটা বসাইয়া দিলেই কাটা নিয়মমত চালত, তবে কখন মন্যা কৌশলাবলম্বন করিয়া ঘড়ির স্প্রক্রে উপর স্প্র শিক্তর্ম এবং হ্রলের উপর হুইল্ গড়িত না। অতএব ঈশ্বর যে সন্ধালিজমান্ নহেন, ইহা সিদ্ধ।

এ কথার দ্বই একটা উত্তর আছে, কিন্তু হিন্দ্বধন্মের নৈসগিক ভিত্তির অন্সন্ধান আমাদের মুখ্য উন্দেশ্য, অতএব সে সকল কথা আমরা ছাড়িয়া যাইতে পারি। সে সকল আপত্তিও মিল্ সম্যক্ প্রকারে খণ্ডন করিয়াছেন।

সন্ধ্বজ্ঞতা সন্ধান মিল্ বলেন যে, ঈশ্বর সর্বজ্ঞ কি না, তদ্বিষয়ে সন্দেহ। যে প্রণালী অবলন্দন করিয়া মন্যোর কৃত কৌশলের বিচার করা যায়, সে প্রণালী অবলন্দন করিয়া ঈশ্বরকৃত কৌশল সকলের সমালোচনা করিলে অনেক দোষ বাহির হয়। এই মন্যাদেহের নিম্মাণে কত কৌশল, কত শক্তি ব্যায়ত হইয়াছে, কত যত্নে তাহা রক্ষিত হইয়া থাকে। কিন্তু যাহাতে এত কৌশল, এত শক্তিব্যয়, এত যয়, তাহা ক্ষণভঙ্গর—কথন অধিক কাল থাকে না। যৌন এত কৌশল করিয়া ক্ষণভঙ্গরতা বারণ করিতে পারেন নাই, তিনি সকল কৌশল জানেন না—সর্বজ্ঞ নহেন। দেখ, জীবশরীর কোন স্থানে ছিল্ল হইলে, তাহা প্নঃসংযাজ ঘটে। কিন্তু সেই ব্যাধি পৌড়াদায়ক। যাহার প্রণীত কৌশল, উপকারার্থ প্রণীত হইয়াও পীড়াদায়ক, তাহার কৌশলে অসম্প্রণতা আছে, তাহারে কথন সর্বজ্ঞ বলা যাইতে পারে না।

ইহাও মিল্ স্বীকার করেন যে, এমতও হইতে পারে যে, এই অসম্পূর্ণতা শক্তির অভাবের ফল—অসর্বস্থিতার ফল নহে। অতএব ঈশ্বর সর্বস্থি হইলেও হইতে পারেন।

বাদ ইহাই বিশ্বাস কর যে, ঈশ্বর সম্বজ্ঞ, কিন্তু সম্বশাক্তিমান্ নহেন, তবে এই এক প্রশন উত্থাপিত হয় যে, কে ঈশ্বরের শক্তির প্রতিবন্ধকতা করে? মন্ম্যাদি যে সম্বশাক্তমান্ নহে তাহার কারণ, তাহাদিগের শাক্তর প্রতিবন্ধক আছে। তুমি যে হিমালয় পর্বত উৎপাটন করিয়া সাগর-পারে নিক্ষেপ করিতে পার না—তাহার কারণ, মাধ্যাকর্ষণ তোমার শক্তির প্রতিবন্ধকতা করিতেছে। শক্তির প্রতিবন্ধক না থাকিলে, সকলেই সম্বশাক্তমান্ হইত। ঈশ্বর সম্বশিক্তিমান্ নহেন, এই কথায় প্রতিপন্ন হইতেছে যে, তাঁহার শক্তির প্রতিবন্ধক কেহ বা কিছু আছে। সেই প্রতিবন্ধক কি? কোন বিঘোর জন্য সম্বক্তি তাঁহার অভিপ্রেত কৌশল নিন্দোষ করিতে পারেন নাই?

এই সম্বন্ধে দুইটি উত্তর হইতে পারে। কেহ বলিতে পারেন যে, দেখ, ঈশ্বর নিম্মাতা মাত্র; তিনি ষে প্রদ্যা, এমত প্রমাণ তুমি কিছুই পাও নাই। তুমি তাঁহার নিম্মাণপ্রণালী দেখিয়াই তাঁহার অন্তিম্ব সিদ্ধ করিতেছ; কিন্তু নিম্মাণপ্রণালী হইতে কেবল নিম্মাতাই সিদ্ধ হইতে পারেন, প্রদ্যা সিদ্ধ হইতে পারেন না। ঘটের নিম্মাণ দেখিয়া তুমি কুস্তকারের অন্তিম্ব সিদ্ধ করিতে পার; কিন্তু কুস্তকারকে মৃত্তিকার সৃত্যিকারক বলিয়া তুমি সিদ্ধ করিতে পার না। অতএব এমন হইতে পারে যে, ঈশ্বর প্রদ্যা নহেন, কেবল নিম্মাতা। ইহার অর্থ এই, যে সামগ্রীকে গঠন দিয়া তিনি বর্ত্তমানাবস্থাপন্ন করিয়াছেন, সে সামগ্রী পূর্ব্ব হইতে ছিল —ঈশ্বরের সৃষ্ট নহে। ঘট দেখিয়া কেবল ইহাই সিদ্ধ হয় যে, কোন কুস্তকার মৃত্তিকা লইয়া

विविध अवक-विदान जन्दरक विख्यानभाष्ठ कि बदन

ঘট নিম্মাণ করিয়াছে। মৃত্তিকা তাহার প্র্বাহইতে ছিল, কুন্তকারের সৃষ্ট নহে, এ কথা বলা বিচারসক্ষত হইবে। সেই অস্ষ্ট সামগ্রীই বোধ হয়, ঐশী শক্তির সীমানিদ্দেশিক—তাহার শক্তির প্রতিবন্ধক। সেই জার্গতিক জড় পদার্থের এমন কোন দোষ আছে যে, তজ্জনা উহা ঈশ্বরেও সম্পূর্ণরূপে আয়ন্ত নহে। সেই কারণে বহুকোশলময় এবং বহুশক্তিসম্পন্ন ঈশ্বরও আপনকৃত কার্যাসকল সম্পূর্ণ এবং দোষশ্না করিতে পারেন নাই।

আর একটি উত্তর এই যে, ঈশ্বরণিরোধী দ্বিতীয় কোন চৈতন্যই তাঁহার শক্তির প্রতিবন্ধক। যদি নিন্দাতার কার্য্য দেখিয়া নিন্দাতাকে সিদ্ধ করিলে, তবে তাঁহার কার্য্যের প্রতিবন্ধকতার চিহ্ন দেখিয়াও প্রতিক্লাচারী চৈতন্যেরও কল্পনা করিতে পার। পার্রাসকদিগের প্রাচীন দ্বৈত ধন্দা এইর্প—তাঁহারা বলেন যে, একজন ঈশ্বর জগতের মঙ্গলে নিযুক্ত—আর এক ঈশ্বর জগতের অমঙ্গলে নিযুক্ত। খ্রীষ্টধন্দের্ম ঈশ্বর ও সয়তানে এই দ্বৈত মত পরিণ্ত।

ঈশ্বরতত্ত্ব সম্বন্ধীয় প্রবন্ধে মিল্ প্রথমোক্ত মতটি অবলম্বন করারই কারণ দশাইয়াছেন। কিন্তু তৎপ্র্বিপ্রণীত "প্রকৃতিতত্ত্ব" সম্বন্ধীয় প্রবন্ধে তিনি দ্বিতীয় মতের পৃষ্ঠরক্ষা করিয়াছেন। সংসার যে অনিষ্টমর, তাহা কোন মন্মাকে কণ্ট করিয়া ব্ব্বাইবার কথা নহে—সকলেই অবিরত দ্বংখভোগ করিতেছেন—এবং পরের দ্বংখভোগ দেখিতেছেন। জীবের কার্য্য মাত্রই কেবল দ্বংখমোচনের চেন্টা। যিনি কেবল জীবের মঙ্গলাকাশ্ক্ষী, তৎকর্ত্বক এর্প দ্বংখমার সংসার সৃষ্ট হওয়া অসম্ভব। এ সম্বন্ধে কথিত প্রবন্ধ হইতে কয়েক পংক্তির মন্মানিবাদ করিতেছি। মিল্ বলেন—

"যদি এমন হয় যে, ঈশ্বর যাহা ইচ্ছা করেন, তাহাই করিতে পারেন, তবে জীবের দৃঃখ যে ঈশ্বরের অভিপ্রেত, এ সিদ্ধান্ত হইতে নিস্তার নাই।* যাঁহারা মনুষ্য প্রতি ঈশ্বরের আচরণের

তৎসন্বন্ধে মিলের কয়েকটি কথা ইংরেজিতেই উদ্ধৃত করিতেছি।

"Next to the greatness of these Cosmic Forces, the quality which most forcibly strikes everyone who does not avert his eyes from it is their perfect and absolute recklessness. They go straight to their end, without regarding what and whom they crush on the road . . . In sober truth, nearly all things for which men are hanged or imprisoned for doing to one another are nature's everyday performances. Killing the most criminal act recognised by human laws, Nature does once to every being that lives; and in a large proportion of cases, after protracted tortures such as only the greatest monsters whom we read of ever purposely inflicted on their living fellowcreatures. If, by an arbitrary reservation we refuse to account any thing murder but what abridges a certain term supposed to be allotted to human life. Nature does also this to all but a small percentage of lives, and does it in all the modes, violent or insidious, in which the worst human beings take the lives of one another. Nature impales men, breaks them as if on the wheel, casts them to be devoured by wild beasts, burns them to death, curshes them with stones like the first Christian Martyr, starves them with hunger, freezes them with cold, poisons them by the quick or slow venom of her exhalations and has hundreds of other hideous deaths, such as the ingenious cruelty of a Nabis or a Domitian never surpassed. All this Nature does with the most supercilious disregard both of mercy and of justice, emptying her shafts upon the best and noblest indifferently with the meanest and worst; upon those who are engaged in the highest and worthiest enterprise, and often as the direct consequence of the noblest acts; and it might almost be imagined as a punishment for them. She mows down those on whose existence hangs the well-being of a whole people, perhaps of the prospects of the human race for generations to come, with as little compunction as those whose death is a relief to themselves and to those under their noxious influence. Such are nature's dealings with life. Even when she does not

विष्कम ब्रह्मावण

পক্ষ সমর্থন করিতে আপনাদিগকে যোগ্য বিবেচনা করিয়াছেন, তাঁহাদিগের মধ্যে যাঁহারা মতবৈপরীতাশন্যে, তাঁহারা এই সিদ্ধান্ত হইতে নিস্তার পাইবার জন্য, হৃদয়কে কঠিনভাবাপন্ন করিয়া স্থির করিয়াছেন যে, দুঃখ অশুভ নহে। তাঁহারা বলেন যে, ঈশ্বর দয়াময় বলায় এমত ব্রুঝায় না যে, মন্ব্রের সূত্র তাহার অভিপ্রেত; তাহাতে ব্রুঝায় যে, মন্ব্রের ধর্ম্মই তাহার অভিপ্রেত; সংসার সূথের হউক না হউক, ধন্মের সংসার বটে। এইরূপ ধন্মিনীতির বিরুদ্ধে যে সকল আপত্তি উত্থাপিত হইতে পারে, তাহা পরিত্যাগ করিয়াও ইহা বলা যাইতে পারে যে, ष्ट्रल कथात भौभाश्मा ইহাতে कर रहेल? भन्द्रसात मृथ, मृण्किकलात यीप উल्लिमा रस, जारा হইলে সে উদ্দেশ্য যেমন সম্পূর্ণরূপে বিফলীকৃত হইয়াছে, মনুষ্যের ধর্ম্ম তাঁহার যদি উদ্দেশ্য হয়, তবে সে উদ্দেশ্যও সেইর প সম্পূর্ণ বিফল হইয়াছে। স্ভিটপ্রণালী লোকের স্থের পক্ষে যেরপে অনুপ্রোগী, লোকের ধন্মের পক্ষে বরং তদ্ধিক অনুপ্রোগী। যদি সৃষ্টির নিয়ম ন্যায়ম্লক হইত, এবং স্ভিকর্তা সর্বশিক্তিমান্ হইতেন, তবে সংসারে ষেট্রকু স্থ দর্যথ আছে, তাহা ব্যক্তিবিশেষের ভাগ্যে তাহাদের ধর্ম্মাধন্মের তারতম্য অনুসারে পড়িত; কেহ অন্যাপেক্ষা অধিকতর দুক্রিয়াকারী না হইলে অধিকতর দুঃখভাগী হইত না: অকারণ ভাল মন্দ বা অন্যায়ানুগ্রহ সংসারে স্থান পাইত না: সর্বাঙ্গসম্পল্ল নৈতিক উপাখ্যানবং গঠিত নাটকের অভিনয়তুলা মন ্যাজীবন অতিবাহিত হইত। আমরা যে প্রথিবীতে বাস করি, তাহা যে উপরিক্থিত রীতিযুক্ত নহে, এ বিষয়ে কেহই অস্বীকার ক্রিতে পারেন না: এবং এইরপ ইহলোকে যে ধর্ম্মাধম্মের সম্চিত ফল বাকি থাকে, লোকান্তরে তাহার পরিশোধন আবশাক, পরকালের অস্তিত্ব সম্বন্ধে ইহাই গ্রহতের প্রমাণ বলিয়া প্রযুক্ত হইয়া থাকে। এর্প প্রমাণ প্রয়োগ করায় অবশ্য স্বীকৃত হয় যে, এই জগতের পদ্ধতি অবিচারের পদ্ধতি, সদ্ধিচারের পদ্ধতি নহে। যদি বল যে ঈশ্বরের কাছে সুখ দুঃখ এমন গণনীয় নহে যে, তিনি তাহা পুণ্যাত্মার পরেম্কার এবং পাপাত্মার দণ্ড বলিয়া ব্যবহার করেন, বরং ধর্ম্মই প্রমার্থ এবং অধ্যমই প্রম অনর্থ, তাহা হইলেও নিতান্ত পক্ষে এই ধর্মাধর্ম্ম যাহার যেমন কর্মা, তাহাকে সেই পরিমাণে দেওয়া কর্ত্তব্য ছিল। তাহা না হইয়া, কেবল জন্মদোষেই* বহু, লোকে সর্ব্বপ্রকার পাপাসক্ত হয়; তাহাদিগের পিতৃ-মাতৃ-দোষে, সমাজের দোষে, নানা অলংঘ্য ঘটনার দোষে এর্প হয়;— তাহাদের নিজদোষে নহে। ধর্মপ্রচারক বা দার্শনিকদিগের ধন্মোন্মাদে শুভাশুভ সম্বন্ধে যে

intend to kill, she inflicts the same tortures in apparent wantonness. In the clumsy provision which she has made for that perpetual renewal of animal life, rendered necessary by the prompt termination she puts to it in every individual instance, no human being ever comes into the world but another human being is literally stretched on the rack for hours or days, not unfrequently issuing in death. Next to taking life (equal to it according to a high authority) is taking the means by which we live; and Nature does this too on the largest scale, and with the most callous indifference. A single hurricane destroys the hopes of a season, a flight of locusts or an inundation desolates a district, a trifling chemical change in an edible root starves a million of people. The waves of the sea, like banditti, seize and appropriate the wealth of the rich and the little all of the poor with the same accompaniments of stripping, wounding, and killing as their human prototypes. Every thing in short which the worst men commit either against life or property is perpetrated on a large scale by natural agents. Nature has Noyades more fatal than those of Carrier; her explosions of fire damp are as destructive as human artillery; her plague and cholera far surpass the poison cups of the Borgias . . . Anarchy and the Reign of Terror are overmatched in injustice, ruin, and death by a hurricane and a pestilence."-Mill on Nature, pp. 28-31.

 শ্রীষ্টান্ইউরোপে এ কথার উত্তর নাই। প্রনক্ষান্যাদী হিল্পুর হাতে মিল্ তত সহজে নিস্তার পাইতেন না।

বিবিধ প্রবন্ধ—ত্রিদেব সম্বন্ধে বিজ্ঞানশাস্ত্র কি বলে

কোন প্রকার সম্পীর্ণ বা বিকৃত মত প্রচার হইয়া থাকুক না কেন, কোন প্রকার মতান,সারেই প্রাকৃতিক শাসনপ্রণালী দয়াবান্ ও সর্বাশিক্তিমানের কৃত কার্য্যান,র্প বলিয়া স্বীকার করা যাইতে পারিবে না।"*

এই সকল কথা বলিয়া মিল্ যাহা বলিয়াছেন, তাহার এমত অর্থ করা যায় যে, এই জগতের নিশ্মাতা বা পালনকর্তা হইতে পৃথক শক্তির দ্বারা জীবের ধ্বংস বা অনিন্ট সম্পন্ন হইতেছে। এর্প মত স্সঙ্গত। মিল্ এর্প মত ইঙ্গিতেও ব্যক্ত করিয়াছেন কি না, তাহা তাঁহার জীবন-চরিত যে না পাড়িয়াছে, তাহার সংশয় হইতে পারে। এজন্য ইংরেজি হইতে আমরা কিণ্ডিং

উদ্ধৃত করিতেছি।

"The only admissible moral theory of Creation is that the principle of good cannot at once and altogether subdue the powers of evil, either physical or moral; could not place mankind in a world free from the necessity of an incessant struggle with the maleficent powers, or make them victorious in that struggle, but could and did make them capable of carrying on the fight with vigour and with progressively increasing success. Of all the religious explanations of the order of Nature, this alone is neither contradictory to itself, nor to the facts for which it attempts to account."†

যদি এ কথার কোন অর্থ থাকে, তবে সে অর্থ এই যে, জগতের পালনকর্ত্তা পংহারকর্ত্তা স্বতন্ত্র, এমত কথা অসঙ্গত নহে। ইহার উপর যদি একজন প্থক্ স্থিকত্তা পাওয়া যায়. তাহা হইলে ত্রিদেবের নৈস্থিক ভিত্তি পাওয়া গেল।

মিলে তাহা পাওয়া যাইবে না; মিল্ হিন্দ্ নহেন, হিন্দ্র পক্ষসমর্থন জন্য লিখেন নাই। তিনি নিন্দাণিকৌশল হইতে ঈশ্বরের অস্তিত্ব সংস্থাপন করিয়াছেন, নিন্দাতা ভিন্ন স্থিকত্তা মানেন না। কিন্তু বিজ্ঞানে বলে, জীবের জন্ম নিন্দাণি মাত্র; ভৌতিক পদার্থের সমবায়বিশেষ জীবত্ব। এই প্থিবীতে যাহা কিছ্ দেখি—জীব উন্তিদ্ বায়্ বারি ম্ংপ্রস্তর্গাদ, সকলই সেইর্পে নিন্দাত। প্রিথবীও তাই; স্বা, চন্দ্র, গ্রহ. উপগ্রহ, ধ্মকেতু, নক্ষত্র, নীহারিকা, সকলই নিন্দাত। অতএব সকলই সেই নিন্দাতার কীর্ত্তি—তাহার হস্তপ্রস্ত্ত। সচরাচর স্থিতিকত্তা যাহাকে বলা যায়, ঈদ্দা নিন্দাতার সঙ্গে তাহার প্রভেদ অলপ। যে আকারশ্না, শক্তিবিশিষ্ঠ, পরমাণ্মাণিতে এই বিশ্ব গঠিত, তাহা নিন্দাত কি না—নিন্দাতার হস্তপ্রস্ত কি না—তাহার কেহ স্রন্থী আছেন কি না, তাদ্বিষয়ে প্রমাণাভাব। এইট্রুকু স্মরণ রাখিয়া, স্ভিকত্তা শব্দের প্রচলিত অর্থে নিন্দাতাকে স্থিকত্তা বলা যাইতে পারে। তাহা হউক বা না হউক, ঈদ্দা স্রন্থীর সঙ্গেই ধন্ম এবং বিজ্ঞানের নিকট সন্বন্ধ। অতএব তাঁহাকে পাইলেই আমাদিগের অভিপ্রায় সিন্ধ হইল।

মিল্ বলেন, তাহার অন্তিম্ব প্রমাণীকৃত। তবে মিল্, নির্ম্মাতা এবং পালন বা রক্ষাকর্তার মধ্যে প্রভেদ করেন না। ইউরোপে কেহ এর্প প্রভেদ স্বীকার করে না। এর্প স্বীকার না করিবার কারণ ইহাই দেখা যায় যে, জন্ম বা স্জন, সেই নিয়মাবলীর ফল রক্ষাও জাগতিক নিয়মাবলীর ফল; যে নিয়মাবলীর ফল জন্ম বা স্জন, সেই নিয়মাবলীর ফল রক্ষা। অতএব যিনি জন্ম, নিম্মাণ বা স্টির নিয়ন্তা, তিনিই রক্ষা বা পালনেরও নিয়ন্তা, ইহা সিদ্ধ।

কিন্তু ধরংস সম্বন্ধেও সেইর্প বলা যাইতে পারে। রক্ষাও জার্গাতক নিয়মাবলীর ফল; সংহারও জার্গাতক নিয়মাবলীর ফল। যে সকল নিয়মের ফল রক্ষা, সেই সকল নিয়মেরই ফল ধরংস। যে রাসায়নিক সংযোজন বিশ্লেষণে জারের দেহ রিক্ষত হয়, সেই রাসায়নিক সংযোজন বিশ্লেষণেই জাবের দেহ লয়প্রাপ্ত হয়। যে অম্লজানের সংযোগে জাবের দেহ প্রত্যহ গঠিত ও পরিপ্র্ট হইতেছে—শেষ দিনে সেই অম্লজান সংযোগেই তাহা নন্ট হইবে। অতএব যিনি পালনের নিয়স্তা, তিনিই যে সংসারের নিয়্তা, ইহাও সিদ্ধ।

^{*} Mill on Nature, pp. 37-38.

[†] Mill on Nature, pp. 38-39.

विष्क्रम तहनावनी

তবে, পালনকর্ত্তা চৈতন্য সংহারকর্ত্তা চৈতন্য পৃথক, এর্প বিবেচনা অসঙ্গত নহে, একথা বিলবার কারণ কি? কারণ এই যে, যিনি পালনকর্ত্তা তাঁহার অভিপ্রায় যে জীবের মঙ্গল, জগতে ইহার বহুতর প্রমাণ দেখা যায়। কিন্তু মঙ্গল তাঁহার অভিপ্রেত হইলেও অমঙ্গলেরই আধিক্য দেখা যায়। যাঁহার অভিপ্রায় মঙ্গলাসিদ্ধি, তিনি আপনার অভিপ্রায়ের প্রতিক্লতা করিয়া অমঙ্গলের আধিকাই সিদ্ধ করিবেন, ইহা সঙ্গত বোধ হয় না। এই জন্য সংহার যে পৃথক্ চৈতন্যের অভিপ্রায় বা অধিকার, এ কথা অসঙ্গত নহে, বলা হইয়াছে।

তবে এর্প মতের স্থ্ল কারণ, পালনে ও ধরংসে দৃশ্যমান অসঙ্গতি। স্জন ও পালনে যদি এইর্প অভিপ্রায়ের অসঙ্গতি দেখা যায়, তবে স্রুণ্টা ও পাতা পৃথক্, এর্প মতও অসঙ্গত বোধ হইবে না।

স্ক্রনে ও পালনে এরপে অসঙ্গতি আধুনিক ইউরোপীয় বিজ্ঞানের দ্বারা সিদ্ধ হইতেছে। নহিলে ডার্বিনের "প্রাকৃতিক নিম্বাচন" পরিত্যাগ করিতে হয়। যে মতকে প্রাকৃতিক নিম্বাচন वर्ता, जारात भर्ता धरे कथा আছে या, या भीतभाग कीव मुख्ये रहेशा थारक. स्मरे भीतभाग কখন রক্ষিত বা পালিত হইতে পারে না। জীবকুল অত্যন্ত ব্দ্ধিশীল-কিন্তু প্রথিবী সংকীণা। সকলে রক্ষিত হইলে, প্রথিবীতে স্থান কলাইত না, প্রথিবীতে উৎপন্ন আহারে তাহাদের পরি-পোষণ হইত না। অতএব অনেকেই জন্মিয়াই বিনষ্ট হয়—অধিকাংশ অন্তমধ্যে বা বীজে ধ্বংসপ্রাপ্ত হয়। যাহাদিগের বাহা বা আভান্তরিক প্রকৃতিতে এমন কিছু বৈলক্ষণ্য আছে যে, তম্বারা তাহারা সমানাবস্থাপন্ন জীবগণ হইতে আহারসংগ্রহে, কিম্বা অন্য প্রকারে জীবনরক্ষায় भएे.. তारातारे तक्काशाश्च रहेत्व, जा मकला धारमशाश्च रहेत्व। मता कत, कान प्रतम वर् জাতীয় এরপে চতুষ্পদ আছে যে, তাহারা বক্ষের শাখা ভোজন করিয়া জীবনধারণ করে. তাহা इटेल यारामिरात गलरमम काम, जाराता कवल मर्किनम्बन्ध माथारे राज्ञाकन कतिराज भारेरात: যাহাদের গলদেশ দীর্ঘ, তাহারা নিক্তস্থ শাখাও খাইবে, তদপেক্ষা উদ্ধর্কস্থ শাখাও খাইতে পারিবে। সতেরাং যখন খাদ্যের টানাটানি হইবে—সম্বনিদ্নন্দ্র শাখাসকল ফ্রোইয়া যাইবে, তথন क्विन मीर्घ क्वा आहात भारेत-हुन्व क्वा अनारात प्रतिया यारेत वा न्युवर्ग रहेत। ইহাকেই বলে প্রাকৃতিক নির্ম্বাচন। দীর্ঘাস্কন্ধেরা প্রাকৃতিক নির্ম্বাচনে রক্ষিত হইল। হুস্বস্কন্ধের বংশলোপ হইল।

প্রাকৃতিক নির্ন্বাচনের মূল ভিত্তি এই যে, যত জীব সূষ্ট হয়, তত জীব কদাচ রক্ষা হইতে পারে না। পারিলে প্রাকৃতিক নির্ন্বাচনের প্রয়োজনই হইত না। দেখ একটি সামান্য বক্ষে কত সহস্র সহস্র বীজ জন্মে: একটি ক্ষাদ্র কীট কত শত শত অণ্ড প্রস্ব করে। যদি সেই বীজ বা সেই অন্ড, সকলগুলিই রক্ষিত হয়, তবে অতি অলপকাল মধ্যে সেই এক বৃক্ষেই বা সেই একটি কীটেই প্রথিবী আচ্ছন্ন হয়, অন্য বৃক্ষ বা অন্য জীবের স্থান হয় না। যদি কোন कौं थे थे था मार्ड के था करत (है हो अनाम कथा नरह), ज्य मार्ड मिरन स्में कौं में अलान হইতে চারিটি, তিন দিনে আটটি, চারি দিনে ষোলটি, দশ দিনে সহস্রাধিক, এবং বিশ দিনে দশ লক্ষের অধিক কীট জন্মিবে। এক বংসরে কত কোটি কীট হইবে. তাহা শত্রু কর হিসাব করিয়া উঠিতে পারেন না। মন্থোর বহুকাল বিলন্দে এক একটি সন্তান হয়, এক দম্পতি হইতে চারি পাঁচটি সন্তানের অধিক সচরাচর হয় না; অনেকেই মরিয়া যায়; তথাপি এমন দেখা গিয়াছে যে, প'চিশ বংসরে মন্যাসংখ্যা দ্বিগুণ হইয়াছে। যদি সর্ববি এইর্প কৃদ্ধি হয়, তবে হিসাব করিলে দেখা যাইবে যে, সহস্র বংসর মধ্যে প্রথিবীতে মনুষ্যের দাঁড়াইবার স্থান হইবে না। হস্তীর অপেক্ষা অম্পপ্রসবী কোন জীবই নহে: মনুষ্যুও নহে। কিন্তু ডার্বিন হিসাব করিয়া দেখিয়াছেন যে, অতি ন্যানকল্পেও এক হস্তিদম্পতি হইতে ৭৫০ বংসর মধ্যে এক কোটি নবতি লক্ষ হস্ত্ৰী সম্ভূত হইবে। এমন কোন বৰ্ষজীবী বৃক্ষ নাই যে, তাহা হইতে বংসরে দুইটি মাত্র বীজ জন্মে না। লিনিয়স্ হিসাব করিয়াছেন যে, যে বৃক্ষে বংসরে দুইটি भाग वीक करमा, जनन वीक तका भारेरन, जारा रहेरा विश्मिण वर्जरत मर्ग नक वक्क रहेरा।*

এক্ষণে পাঠক ভাবিয়া দেখন, একটি বার্ত্তাকুব্দে কতগ্যনি বার্ত্তাকু—পরে ভাবন, একটি বার্ত্তাকুতে কতগ্যনি বীজ থাকে। তাহা হইলে একটি বার্ত্তাকুব্দে কত অসংখ্য বীজ জন্মে,

^{*} Origin of Species-6th Edition, p. 51.

বিবিধ প্রবন্ধ-গ্রিদেব সম্বন্ধে বিজ্ঞানশাস্য কি বলে

তাহা স্থির করিবেন। সকল বীজ রক্ষা হইলে যেখানে বার্ষিক দ্বইটি বীজ হইতে বিংশতি বংসরে দশ লক্ষ বৃক্ষ হয়, সেখানে বংসর বংসর প্রতি বৃক্ষের সহস্র সহস্র বার্ত্তাকুবীজে বিংশতি বংসরে কত কোটি কোটি কোটি বার্ত্তাকুবৃক্ষ হইবে, তাহা কে মনে ধারণা করিতে পারে? সকল বীজ রক্ষা পাইলে, কয় বংসর পূথিবীতে বার্ত্তাকুর স্থান হয়?

চেতন সম্বন্ধেও ঐর্প। যে পরিমাণে স্থিট, তাহার সহস্রাংশ রক্ষিত হয় না। যদি প্রষ্টা এবং পালনকর্ত্তা এক, তবে তিনি যাহার পালনে অশক্ত. তাহা এত প্রচুর পরিমাণে স্থিট করেন কেন? জীবের রক্ষা যাহার অভিপ্রায়, তিনি অরক্ষণীয়ের স্থিট করেন কেন? ইহাতে কি অভিপ্রায়ের অসঙ্গতি দেখা যায় না? ইহাতে কি এমত বোধ হয় না যে প্রত্যা ও পাতা এক, এ কথা না বলিয়া, প্রত্যা পৃথক, পাতা পৃথক, এ কথা বলাই সঙ্গত?

ইহার একটি উত্তর আছে—জীবধনংসের জন্য একজন সংহারকর্ত্তা কম্পনা করিয়াছ। সৃষ্ট জীবের ধন্ধস তাঁহার কার্য্য- শত সৃষ্টি হয়. তত যে রক্ষা হয় না. ইহা তাঁহারই কার্য্য। পাতা এবং সৃষ্টিকর্ত্তা এক, কিন্তু তিনি যত সৃষ্টি করেন, তত যে রক্ষা করিতে পারেন না, তাহার কারণ, এই সংহারকর্ত্তার শক্তি। নচেৎ সকলের রক্ষাই যে তাঁহার অভিপ্রায় নহে, এমত কম্পনীয় নহে। যেখানে তিনি সম্বর্শাক্তমান্ নহেন, কম্পনা করিয়াছ, সেখানে তিনি যে সকলকে রক্ষা করিতে পারেন না, ইহাই বলা উচিত; সকলের রক্ষা যে তাঁহার অভিপ্রেত নহে, ইহা বলিতে পার না। উত্তর এই।

ইহারও প্রত্যুত্তর আছে। জগতের অবস্থা, জগতে যে সকল নিয়ম চলিতেছে সে সকলের অথবা সেই সংহারিকাশক্তির আলোচনা করিলে ইহাই সহজে ব্রুঝা যায় যে, এ জগতে অপরিমিত-সংখ্যক জীব রক্ষণীয় নহে— অতএব অপরিমিত জীবস্থি নিজ্ফল। সামান্য মনুষ্যের সামান্য ব্যক্তি দ্বারা এ কথা প্রাপণীয়। অতএব যিনি প্রছটা ও পাতা, তিনিও ইহা অবশ্য বিলক্ষণ জানেন। না জানিলে তিনি মনুষ্যাপেক্ষা অদুরদশী। কিন্তু তিনি কৌশলময়—জীবস্জন-প্রণালী অপুর্ব কৌশলসম্পন্ন, ইহার ভূরি ভূরি প্রমাণ আছে। যাহার এত কৌশল, তিনি কথনও অদুরদশী হইতে পারেন না। যদি তাহাকে অদুরদশী বালিয়া স্বীকার কর, তাহা হইলে সেই সকল কোশল যে চৈতন্যপ্রণীত, এ কথা আর বালিতে পারিবে না; কেন না, অদুরদশী চৈতন্য হইতে সের্প কৌশল অসম্ভব। তবে বালিতে হইবে যে, তিনি জানিয়া নিজ্ফল স্থিতি প্রবৃত্ত বিত্ত বি, ব্রুমণী চৈতন্য যে নিজ্ফল স্থিতিত প্রবৃত্ত হইবেন, ইহা সঙ্গত বোধ হয় না। কারণ, নিজ্ফলতা বৃদ্ধি বা প্রবৃত্তির লক্ষ্য হইতে পারে না।

অতএব ইহা সিদ্ধ, যিনি পালনকর্ত্তা, অপরিমিত জীবস্থি তাঁহার চিয়া নহে। এজন্য পালনকর্ত্তা হইতে পৃথক্ চৈতন্যকে স্থিকর্তা বলিয়া কল্পনা করা অসক্ষত নহে।

ইহাতেও আপত্তি হইতে পারে যে, দ্রুণ্টা ও পাতা পৃথক্ স্বীকার করিলেও অবশ্য স্বীকার করিতে হইতেছে যে, দ্রুণ্টা নিম্ফল সৃষ্টিতে প্রবৃত্ত; দ্রুদ্শী চৈতন্য নিম্ফল কার্য্যে প্রবৃত্ত হইতে পারে না. এ আপত্তির মীমাংসা কই হইল? সত্য কথা, কিন্তু বিবেচনা করিয়া দেখ যে, পাতা হইতে দ্রুণ্টা যদি পৃথক্ হইলেন. তবে সৃষ্টা জীবের রক্ষা তাঁহার উদ্দেশ্য বলিয়া বিবেচনা করিবার আর কারণ নাই। সৃষ্টি তাঁহার এক মাত্র অভিপ্রায়; এবং সৃষ্টি ইইলেই তাঁহার অভিপ্রায়ের সফলতা হইল—রক্ষা না হইলেও সে অভিপ্রায়র নিম্ফলতা নাই।

অতএব স্রন্থা, পাতা, এবং হন্তা পৃথক্ পৃথক্ চৈতন্য, এমত বিবেচনা করা অসঙ্গত এবং প্রমাণবির্দ্ধ নহে—ইহাই হিন্দ্ধন্মের নৈর্সাগিক ভিত্তি, এবং এই স্রন্থা, পাতা ও হন্তা রক্ষা, বিষ্ণু, মহেশ্বর বিলয়া পরিচিত। কিন্তু এতংসন্বন্ধে আমাদের কয়েকটি কথা বলিবার আছে।

প্রথম, আমরা বলিতেছি না যে, এই চিদেবের উপাসনা এইর্পে ভারতবর্ষে উৎপন্ন হইরাছে। আমরা এমত বিশ্বাস করি না যে, ভারতীয় ধর্ম্মশ্বাপকগণ এইর্প বৈজ্ঞানিক বিচার করিয়া চিদেবের কল্পনায় উপস্থিত হইয়াছিলেন। ই'হাদিগের উৎপত্তি বেদগীত বিষ্ণু র্দ্ধাদি হইতে। বৈদিক বিষ্ণু র্দ্ধাদি বৈজ্ঞানিক সম্কল্প নহে, ইহার মথেন্ট প্রমাণ বেদেই আছে। কিস্তু পাতৃত্ব হস্তৃত্বি প্রভট্তের স্ট্নাও বেদে আছে। তবে অন্বিতীয় দর্শনশান্দ্রবিৎ ভারতীয় পশ্ভিতগণ কর্তৃক এই চিদেবোপাসনা গ্রহীত হইয়াছিল, জনসাধারণে উহা বন্ধম্ল, ইহাতে অবশ্য এমত বিবেচনা করা কর্ত্বির যে, উহার স্কৃত্ নৈসগিক ভিত্তি আছে। লোকবিশ্বাসের সেই গ্রুত্ নৈসগিক ভিত্তি কি, তাহাই আমরা দেখাইলাম।

र्वाष्क्रम ब्रह्मावनी

আমাদিগের দ্বিতীর বক্তব্য এই যে. এই বিদেবোপাসনার নৈস্থার্গ ভিত্তি আছে বটে, কিন্তু আমরা এমত কিছু, লিখি নাই এবং বিচারেও এমত কোন কথাই পাওরা যায় না যে তম্বারা এই বিদেবের অস্তিত্ব বিজ্ঞানের দ্বারা প্রমাণীকৃত বলিয়া স্বীকার করা যায়। প্রমাণে দ্বইটি গ্রন্থতর ছিদ্র লক্ষিত হয়।

প্রথম এই যে জগতের নিশ্মাণকোশলে চৈতন্যযুক্ত নিশ্মাতার অস্তিত্ব প্রমাণ হইতেছে, এই কথা স্বীকার করাতেই ত্রিদেবের অস্তিত্ব সঙ্গত বলিয়া সংস্থাপিত হইয়াছে। কিন্তু প্রথম স্ত্রুটি দ্রান্তিজনিত; প্রাকৃতিক নির্ম্বাচনের ফলকেই নিশ্মাণকোশল বলিয়া আমাদিগের দ্রম হয়; সেই দ্রান্ত জ্ঞানেই আমরা নিশ্মাতাকে সিদ্ধ করিয়াছি, নচেৎ নিশ্মাতার অস্তিত্বের বৈজ্ঞানিক প্রমাণ নাই। নিশ্মাতার অস্তিত্ব স্বীকার করিয়াই আমরা সংহারকর্ত্তা, এবং পৃথক পৃথক্ স্রুটা পাতা পাইয়াছি। বদি নিশ্মাতার অস্তিত্বের বৈজ্ঞানিক প্রমাণ নাই, তবে ত্রিদেবের মধ্যে কাহারও অস্তিত্বের বৈজ্ঞানিক প্রমাণ নাই, তবে ত্রিদেবের মধ্যে কাহারও অস্তিত্বের বৈজ্ঞানিক প্রমাণ নাই।

দ্বিতীয় দোষ, সৃজন পালন সংহার, একই নিয়মাবলীর ফল। বিজ্ঞান ইহাই শিখাইতেছে যে, যে যে নিয়মের ফলে সৃজন, সেই সেই নিয়মের ফলে পালন, সেই সেই নিয়মের ফলে ধ্বংস। নিয়ম যেখানে এক, নিয়ন্তা সেখানে পৃথক সঙকলপ করা প্রামাণ্য নহে। আমরা কোথাও বলি নাই যে, তাহা প্রামাণ্য। আমরা কেবল বলিয়াছি যে, তাহা অপ্রামাণ্য বা অসঙ্গত, নহে, সঙ্গত। যাহা প্রমাণবির্দ্ধ নহে বা যাহা কেবল সঙ্গত, তাহা স্কৃতরাং প্রামাণিক, ইহা বলা যাইতে পারে না।

আমাদিগের তৃতীয় বক্তব্য এই যে, গ্রিদেবের অন্তিম্বের যোক্তিকতা স্বীকার করিলেও. তাঁহাদিগকে সাকার বলিয়া স্বীকার করা যায় না। প্ররাণেতিহাসে যে সকল আন্মাধ্যক কথা আছে, তংপোষকে কিছুমাত্র বৈজ্ঞানিক যান্তি পাওয়া যায় না। ব্রহ্মা, বিষ্কু, মহেশ্বর প্রত্যেকেই কতকগন্নিল অন্তুত উপন্যাসের নায়ক। সেই সকল উপন্যাসের তিলমাত্র নৈস্মার্গক ভিত্তি নাই। যিনি ব্রহ্মা বিষ্কু মহেশ্বরকে বিশ্বাস করেন, তাঁহাকে নিস্কোধ বলিতে পারি না; কিন্তু তাই বলিয়া প্ররাণেতিহাসে বিশ্বাসের কোন কারণ আমরা নিশ্বাপ করি নাই।

চতৃথা, বিদেবের অন্তিজের কোন বৈজ্ঞানিক প্রমাণ নাই, ইহা যথাথা, কিন্তু ইহা স্বীকার করিতে হইবে যে, মহাবিজ্ঞানকুশলী ইউরোপীয় জাতির অবলম্বিত খ্রীষ্টধন্মাপেক্ষা, হিন্দু-দিগের এই বিদেবোপাসনা বিজ্ঞানসম্মত এবং নৈসাগাক। বিদেবোপাসনা বিজ্ঞানসম্মত এবং নৈসাগাক। বিদেবোপাসনা বিজ্ঞানম্ভাক না হউক. বিজ্ঞানবির দ্ধানহে। কিন্তু খ্রীষ্টীয় সন্বাশক্তিমান্, সন্বাজ্ঞ, এবং দয়ায়য় ঈশ্বরে বিশ্বাস যে বিজ্ঞানবির দ্ধানহাট উপরিক্থিত মিল্-কৃত বিচারে সপ্রমাণ হইয়াছে। হিন্দু দিগের মত কন্মাফল মানিলে বা হিন্দু দিগের মায়াবাদে তাহা বিজ্ঞানসম্মত হয়।

বিজ্ঞানে ইহা পদে পদে প্রমাণীকৃত হইতেছে যে, এই জগৎ ব্যাপিয়া সন্ধান, সন্ধান্ত এক অনন্ত, অচন্তিনীয়, অজ্ঞের শক্তি আছে—ইহা সকলের কারণ, বহির্জাগতের অন্তরাত্মান্বর্প। সেই মহাবলের অন্তিম্ব অন্বীকার করা দ্রে থাকুক, আমরা তদ্বশেশে ভক্তিভাবে কোটি কোটি কোটি প্রশাম করি।

বঙ্গদর্শনের পত্র-স্চনা*

যাঁহারা বাঙ্গালা ভাষার গ্রন্থ বা সামায়িক পত্র প্রচারে প্রবৃত্ত হরেন, তাঁহাদিগের বিশেষ দ্রন্দ্র্য। তাঁহারা যত যত্ন কর্ন না কেন, দেশীয় কৃতবিদ্য সম্প্রদায় প্রায়ই তাঁহাদিগের রচনা পাঠে বিমূখ। ইংরাজিপ্রিয় কৃতবিদ্যাণের প্রায় দ্বিজ্ঞান আছে যে, তাঁহাদের পাঠের যোগ্য কিছুই বাঙ্গালা ভাষায় লিখিত হইতে পারে না। তাঁহাদের বিবেচনায় বাঙ্গালা ভাষার লেখক-মাত্রেই হয়ত বিদ্যাব্দিরহীন, লিপিকোশলশ্ন্য: নয়ত ইংরাজি গ্রন্থের অন্বাদক। তাঁহাদের বিশ্বাস যে, যাহা কিছু বাঙ্গালা ভাষায় লিপিবদ্ধ হয়, তাহা হয়ত অপাঠ্য, নয়ত কোন ইংরাজি গ্রন্থের ছায়ামাত্র; ইংরাজিতে যাহা আছে, তাহা আর বাঙ্গালায় পড়িয়া আত্মাবমাননার প্রয়েজন

^{*} এই প্রবন্ধ প্রনর্মানিত করিবার কারণ এই, ইহার মধ্যে যে সকল কথা আছে, তাহার প্রনর্মিত এখনও প্রয়োজনীয়। ১২৭৯ বৈশাথে বঙ্গদর্শন প্রথম প্রকাশিত হয়।

কি? সহজে কালো চামড়ার অপরাখে ধরা পড়িয়া আমরা নানার্প সাফাইরের চেষ্টার বেড়াইতেছি, বাঙ্গালা পড়িয়া কব্লজবাব কেন দিব!

ইংরাজিভক্তদিগের এই র্প। সংস্কৃতজ্ঞ পান্ডিত্যাভিমানীদিগের "ভাষায়" যের্প শ্রদ্ধা, তিদ্বিষয়ে লিপিবাহ ল্যের আবশ্যকতা নাই। যাঁহারা "বিষয়ী লোক", তাঁহাদিগের পক্ষে সকল ভাষাই সমান। কোন ভাষার বহি পড়িবার তাঁহাদের অবকাশ নাই। ছেলে স্কুলে দিয়াছেন, বহি পড়া আর নিমন্ত্রণ রাখার ভার ছেলের উপর। স্তুতরাং বাঙ্গালা গ্রন্থাদি এক্ষণে কেবল নন্দ্রালা স্কুলের ছাত্র, গ্রাম্য বিদ্যালয়ের পন্ডিত, অপ্রাপ্তবয়ঃ-পোর-কন্যা, এবং কোন কোন নিচ্চন্দ্রা রাসকতা-বাবসায়ী প্রের্ধের কাছেই আদর পায়। কদাচিৎ দুই একজন কৃতবিদ্য সদাশয় মহাত্মা বাঙ্গালা গ্রন্থের বিজ্ঞাপন বা ভূমিকা পর্যান্ত পাঠ করিয়া বিদ্যোৎসাহী বলিয়া খ্যাতি লাভ করেন।

লেখাপড়ার কথা দ্রে থাক্, এখন নব্য সম্প্রদায়ের মধ্যে কোন কাজই বাঙ্গালায় হয় না। বিদ্যালোচনা ইংরাজিতে। সাধারণের কার্য্য, মিটিং, লেক্চর, এড্রেস্, প্রোসিডিংস্ সম্পায় ইংরাজিতে। যদি উভয় পক্ষ ইংরাজি জানেন, তবে কথোপকথনও ইংরাজিতেই হয়, কখন ষোল আনা. কখন বার আনা ইংরাজি। কথোপকথন যাহাই হউক, পত্র লেখা কখনই বাঙ্গালায় হয় না। আমরা কখন দেখি নাই যে যেখানে উভয় পক্ষ ইংরাজির কিছ্ম জানেন, সেখানে বাঙ্গালায় পত্র লেখা হইয়াছে। আমাদিগের এমনও ভরসা আছে যে, অগোগে দ্রগোৎসবের মন্তাদি ইংরাজিতে পঠিত হইবে।

ইহাতে কিছুই বিক্ষয়ের বিষয় নাই। ইংরাজি একে রাজভাষা, অর্থোপার্চ্জনের ভাষা, তাহাতে আবার বহু বিদ্যার আধার, এক্ষলে আমাদের জ্ঞানোপার্চ্জনের একমাত্র সোপান; এবং বাঙ্গালীরা তাহার আশৈশব অনুশীলন করিয়া দ্বিতীয় মাতৃভাষার স্থলভুক্ত করিয়াছেন। বিশেষ, ইংরাজিতে না বলিলে ইংরাজে বুঝে না: ইংরাজে না ব্রথিলে ইংরাজের নিকট মান মর্য্যাদা হয় না: ইংরাজের কাছে মান মর্য্যাদা না থাকিলে কোথাও থাকে না, অথবা থাকা না থাকা সমান। ইংরাজ যাহা না শ্রনিল, সে অরণ্যে রোদন; ইংরাজ যাহা না দেখিল, তাহা ভক্ষে ঘৃত।

আমরা ইংরাজি বা ইংরাজের দ্বেষক নহি। ইহা বলিতে পারি যে, ইংরাজ হইতে এ দেশের লোকের যত উপকার হইয়াছে, ইংরাজি শিক্ষাই তাহার মধ্যে প্রধান। অনন্তরত্বপ্রসূতি ইংরাজি ভাষার যতই অনু,শীলন হয়, ততই ভাল। আরও বলি, সমাজের মঙ্গল জন্য কতকগ**ুলি** সামাজিক কার্য্য রাজপুরুষদিগের ভাষাতেই সম্পন্ন হওয়া আবশ্যক। আমাদিগের এমন অনেক-গুলিন কথা আছে, যাহা রাজপুরুর্যদিগকে বুঝাইতে হইবে। সে সকল কথা ইংরাজিতেই বক্তব্য। এমন অনেক কথা আছে যে, তাহা কেবল বাঙ্গালীর জন্য নহে: সমস্ত ভারতবর্ষ তাহার শ্রোতা হওয়া উচিত। সে সকল কথা ইংরাজিতে না বলিলে, সমগ্র ভারতবর্ষ বৃত্তিবে কেন? ভারতবর্ষীর নানা জাতি একমত, একপরামশী, একোদ্যোগী না হইলে, ভারতবর্ষের উন্নতি নাই। এই মতৈকা, একপ্রামশিষ, একোদাম, কেবল ইংরাজির দ্বারা সাধনীয়; কেন না, এখন সংস্কৃত লুপ্তে হইয়াছে। বাঙ্গালী, মহারাজ্মী, তৈলঙ্গী, পঞ্জাবী, ইহাদিগের সাধারণ মিলনভূমি ইংরাজি ভাষা। এই রঙ্জাতে ভারতীয় ঐক্যের গ্রন্থি বাঁধিতে হইবে।* অতএব যতদ্রে रेश्तािक ठला आवशाक, जलमृत ठलाक। किन्नु এक्वारत रेश्ताक ररेशा वीमरल ठीलरव ना। वानाली কখন ইংরাজ হইতে পারিবে না। বাঙ্গালী অপেক্ষা ইংরাজ অনেক গুলে গুণবান্, এবং অনেক मृत्य मृथी: यिन এই তিন কোটি বাঙ্গালী হঠাৎ তিন কোটি ইংরাজ হইতে পারিত, তবে সে মন্দ ছিল না। কিন্তু তাহার কোন সম্ভাবনা নাই; আমরা যত ইংরাজি পড়ি, যত ইংরাজি কহি বা যত ইংরাজি লিখি না কেন. ইংরাজি কেবল আমাদিগের মৃত সিংহের চম্মন্বরূপ হইবে মাত্র। ডাক ডাকিবার সময়ে ধরা পড়িব। পাঁচ সাত হাজার নকল ইংরাজ ভিন্ন তিন কোটি সাহেব কখনই হইয়া উঠিবে না। গিলাটি পিতল হইতে খাঁটি রূপা ভাল। প্রস্তরময়ী স্কর্মরী মুর্ত্তি অপেক্ষা, কুর্ণসতা বন্যনারী জীবনযাত্রার সূসহায়। নকল ইংরাজ অপেক্ষা খাঁটি বাঙ্গালী ম্পত্রণীয়। ইংরাজি লেখক, ইংরাজি বাচক সম্প্রদায় হইতে নকল ইংরাজ ভিন্ন কখন খাঁটি

এখানে যাহা কথিত হইরাছে, কংগ্রেস্ এখন তাহা সিদ্ধ করিতেছেন।

विष्क्य ब्रह्मावनी

বাঙ্গালীর সমুস্তবের সম্ভাবনা নাই। যতদিন না সুশিক্ষিত জ্ঞানবস্ত বাঙ্গালীরা বাঙ্গালা ভাষায় আপন উক্তি সকল বিন্যস্ত করিবেন, ততদিন বাঙ্গালীর উন্নতির কোন সম্ভাবনা নাই।

এ কথা কৃতবিদ্য বাঙ্গালীরা কেন যে বুঝেন না, তাহা বাঁলতে পারি না। যে উক্তি ইংরাজিতে হয়, তাহা কয়জন বাঙ্গালীর হৃদয়ঙ্গম হয়? সেই উক্তি বাঙ্গালায় হইলে কে তাহা হৃদয়ঙ্গম না করিতে পারে? যদি কেহ এমত মনে করেন যে, স্মিক্তিদিগের উক্তি কেবল স্মিক্তিদিগেরই বুঝা প্রয়োজন, সকলের জন্য সে সকল কথা নয়, তবে তাঁহারা বিশেষ দ্রান্ত। সমস্ত বাঙ্গালীর উন্নতি না হইলে দেশের কোন মঙ্গল নাই। সমস্ত দেশের লোক ইংরাজি বুঝেনা, কঙ্গিমন্ কালে বুঝিবে, এমত প্রত্যাশা করা যায় না। স্মৃতরাং বাঙ্গালায় যে কথা উক্ত না হইবে, তাহা তিন কোটী বাঙ্গালী কথন বুঝিবে না বা শ্রনিবে না। এথনও শ্রনে না, ভবিষ্যতে কোন কালেও শ্রনিবে না। যে কথা দেশের সকল লোকে বুঝে না বা শ্রনিব না বা শ্রনিব না। স্ব কথার সামাজিক বিশেষ কোন উন্নতির সম্ভাবনা নাই।

এক্ষণে একটা কথা উঠিয়াছে, এডুকেশন "ফিল্টর্ ডোন্" করিবে।* এ কথার তাৎপর্যা এই যে. কেবল উচ্চ শ্রেণীর লোকেরা স্থিকিত হইলেই হইল, অধঃশ্রেণীর লোকিদগকে প্থক্ শিখাইবার প্রয়োজন নাই; তাহারা কাজে কাজেই বিদ্বান্ ইইয়া উঠিবে। যেমন শোষক পদার্থের উপরি ভাগে জলসেক করিলেই নিন্দ শুর পর্যান্ত সিল্ত হয়. তেমনি বিদ্যার্প জল. বাঙ্গালী জাতির্প শোষক-মৃত্তিকার উপরিশুরে ঢালিলে, নিন্দ শুর অর্থাং ইতর লোক পর্যান্ত ভিজিয়া উঠিবে! জল থাকাতে কথাটা একট্র সরস হইয়াছে বটে। ইংরাজিশিক্ষার সঙ্গে এর্প জলযোগ না হইলে আমাদের দেশের উন্নতির এত ভরসা থাকিত না। জলও অগাধ, শোষকও অসংখ্য। এতকাল শৃত্রু ব্রাহ্মণ পণ্ডিতেরা দেশ উৎসন্ন দিতেছিল, এক্ষণে নব্য সম্প্রদায় জলযোগ করিয়া দেশ উদ্ধার করিবেন। কেন না, তাঁহাদিগের ছিদ্রগ্লেণে ইতর লোক পর্যান্ত রসাদ্র্যা হইয়া উঠিবে। ভরসা করি, বোর্ডের মণি সাহেব এবারকার আবকারি রিপোর্ট্ লিখিবার সময়ে এই জলপানা কথাটা মনে রাখিবেন।

সে যাহাই হউক, আমাদিগের দেশের লোকের এই জলময় বিদ্যা যে এতদ্র গড়াইবে, এমত ভরসা আমরা করি না। বিদ্যা, জল বা দৃদ্ধে নহে যে, উপরে ঢালিলে নীচে শোষিবে। তরে কোন জাতির একাংশ কৃতবিদ্য হইলে তাহাদিগের সংসর্গানুশে অন্যাংশেরও প্রীবৃদ্ধি হয় বটে। কিন্তু যদি ঐ দুই অংশের ভাষার এর্প ভেদ থাকে যে, বিশ্বানের ভাষা মৃথে বৃনিধতে পারে না, তবে সংসর্গের ফল ফলিবে কি প্রকারে?

প্রধান কথা এই যে, এক্ষণে আমাদিগের ভিতরে উচ্চ শ্রেণী এবং নিম্ন শ্রেণীর লোকের মধ্যে পরস্পর সহদয়তা কিছুমাত্র নাই। উচ্চ শ্রেদীর কৃতবিদ্য লোকেরা, মূর্খ দরিদ্র লোকদিগের কোন দঃখে দঃখী নহেন। মুর্খ দরিদ্রেরা, ধনবান্ এবং কৃতবিদ্যাদিগের কোন সাথে সাখী নহে। এই সহদয়তার অভাবই দেশোল্লতির পক্ষে সম্প্রতি প্রধান প্রতিবন্ধক। ইহার অভাবে, উভর শ্রেণীর মধ্যে দিন দিন অধিক পার্থকা জন্মিতেছে। উচ্চ শ্রেণীর সহিত যদি পার্থকা জন্মিল, তবে সংসর্গ-ফল জন্মিবে কি প্রকারে? যে পৃথক, তাহার সহিত সংসর্গ কোথায়? যদি শক্তিমন্ত ব্যক্তিরা অশক্তদিগের দঃখে দঃখী, সাখে সাখী না হইল, তবে কে আর তাহাদিগকে উদ্ধার করিবে? আর যদি আপামর সাধারণ উদ্ধৃত না হইল, তবে ঘাঁহারা শক্তিমন্ত, তাঁহাদিগেরই উল্লতি কোথায়? এর্পে কখন কোন দেশে হর নাই যে, ইতর লোক চিরকাল এক অবস্থায় রহিল, ভদ্র লোকদিগের অবিরত শ্রীবৃদ্ধি হইতে লাগিল। বরং যে যে সমাজের বিশেষ উন্নতি হইয়াছে, সেই সেই সমাজে উভয় সম্প্রদায় সমকক্ষ, বিমিশ্রিত এবং সহদরতা-সম্পন্ন। যতদিন এই ভাব ঘটে নাই—যতদিন উভয়ে পার্থক্য ছিল, ততদিন উন্নতি ঘটে নাই। যখন উভয় সম্প্রদায়ের সামঞ্জস্য হইল, সেই দিন হইতে শ্রীবৃদ্ধি আরম্ভ। রোম্ এথেন্স্, ইংলন্ড্ এবং আমেরিকা ইহার উদাহরণস্থল। সে সকল কাহিনী সকলেই অবগত আছেন। পক্ষান্তরে সমাজমধ্যে, সম্প্রদায়ে সম্প্রদায়ে পার্থক্য থাকিলে সমাজের যেরূপ অনিষ্ট হয়, তাহার উদাহরণ স্পার্টা, ফ্রান্সা, মিশর এবং ভারতবর্ষ। এথেন্সার্টা দুই

^{*} উচ্চ শিক্ষা উঠাইরা দিবার কথাটা এই সময়ে উঠিয়াছিল। তদ্পলক্ষে এই কথাটা উঠিয়াছিল। উচ্চ শিক্ষাপক্ষীর লোক এই কথা বলিতেন।

প্রতিযোগিনী নগরী। এথেন্সে সকলে সমান; স্পার্টায় এক জাতি প্রভু. এক জাতি দাস ছিল। এথেন্স হইতে প্রথিবীর সভ্যতার স্থিট হইল—যে বিদ্যাপ্রভাবে আর্থানিক ইউরোপের এত গোরর. এথেন্স্ তাহার প্রস্তি। স্পার্টা কুলক্ষয়ে লোপ পাইল। ফ্রান্সে পার্থক্য হেতু ১৭৮৯ গ্রীষ্টাব্দ হইতে যে মহাবিপ্রব আরম্ভ হয়, অদ্যাপি তাহার শেষ হয় নাই। যদিও তাহার চরম ফল মঙ্গল বটে, কিন্তু অসাধারণ সমাজপীড়ার পর সে মঙ্গল সিদ্ধ হইতেছে। হস্তপদাদিচ্ছেদ করিয়া, যের্প রোগার আরোগ্যসাধন, এ বিপ্লবে সেইর্প সামাজিক মঙ্গলসাধন। সে ভয়নক ব্যাপার সকলেই অবগত আছেন। মিশর দেশে সাধারণের সহিত ধন্ম-যাজকদিগের পার্থক্য-হেতুক, অকালে সমাজোয়তি লোপ। প্রাচীন ভারতবর্ষে বর্ণগত পার্থক্য। এই বর্ণগত পার্থক্যের কারণ, উচ্চ বর্ণ এবং নীচ বর্ণে যের্প গ্রন্থতর ভেদ জনিম্য়াছিল, এর্প কোন দেশে জন্মে নাই, এবং এত অনিকটও কোন দেশে হয় নাই। সে সকল অমঙ্গলের সবিস্তার বর্ণনা এখানে করার আবশ্যকতা নাই। এক্ষণে বর্ণগত পার্থক্যের অনেক লাঘ্ব হইয়াছে। দ্বর্ভাগ্যক্রমে শিক্ষা এবং সম্পত্তির প্রভেদ অন্যপ্রকার বিশেষ পার্থক্য জনিমতেছে।

সেই পার্থকোর এক বিশেষ কারণ ভাষাভেদ। স্বৃশিক্ষিত বাঙ্গালীদিগের অভিপ্রায়সকল সাধারণতঃ বাঙ্গালা ভাষায় প্রচারিত না হইলে, সাধারণ বাঙ্গালী তাঁহাদিগের মন্ম ব্বিঝতে পারে না, তাঁহাদিগের সংস্রবে আসে না। আর, পাঠক বা শ্রোতাদিগের সহিত সহদয়তা, লেখকের বা পাঠকের স্বতঃসিদ্ধ গ্রুণ। লিখিতে গেলে বা কহিতে গেলে, তাহা আপনা হইতে জন্মে। যেখানে লেখক বা বক্তার স্থির জানা থাকে যে, সাধারণ বাঙ্গালী তাঁহার পাঠক বা শ্রোতার মধ্যে নহে, সেখানে কাজে কাজেই তাহাদিগের সহিত তাঁহার সহদয়-তার অভাব ঘটিয়া উঠে।

যে সকল কারণে স্থাশিক্ষিত বাঙ্গালীর উক্তি বাঙ্গালা ভাষাতেই হওয়া কর্ত্তব্য, তাহা আমরা স্বিস্তারে বিবৃত করিলাম। কিন্তু রচনা-কালে স্থাশিক্ষিত বাঙ্গালীর বাঙ্গালা ভাষা ব্যবহার করার একটি বিশেষ বিঘা আছে। স্থাশিক্ষতে বাঙ্গালা পড়ে না। স্থাশিক্ষতে যাহা পড়িবে না, তাহা স্থাশিক্ষতে লিখিতে চাহে না।

"আপরিতোষাদ্বিদ্বাং ন সাধ্য মন্যে প্রয়োগবিজ্ঞানম্।"

আমরা সকলেই স্বার্থাভিলাষী। লেখক মাত্রেই যশের অভিলাষী। যশঃ, স্কৃশিক্ষিতের মুখে। অন্যে সদসং বিচারক্ষম নহে; তাহাদের নিকট যশঃ হইলে, তাহাতে রচনার পরিপ্রমের সার্থকতা বোধ হয় না। সুশিক্ষিতে না পড়িলে সুশিক্ষিত ব্যক্তি লিখিবে না।

এদিকে কোন স্ক্রাণিক্ষত বাঙ্গালীকে যদি জিজ্ঞাসা করা যায়. "মহাশয়, আর্পান বাঙ্গালী—
বাঙ্গালা গ্রন্থ বা পত্রাদিতে আপনার এত হতাদর কেন?" তিনি উত্তর করেন, "কোন্ বাঙ্গালা গ্রন্থে বা পত্রে আদর করিব? পাঠ্য রচনা পাইলে অবশ্য পাড়।" আমরা মুক্তকণ্ঠে স্বীকার করি যে, এ কথার উত্তর নাই। যে কয়খানি বাঙ্গালা রচনা পাঠযোগ্য, তাহা দুই তিন দিনের মধ্যে পাড়িয়া শেষ করা যায়। তাহার পর দুই তিন বংসর বসিয়া না থাকিলে আর একথানি পাঠ্য বাঙ্গালা রচনা পাওয়া যায় না।

এইর্প বাঙ্গালা ভাষার প্রতি বাঙ্গালীর অনাদরেই বাঙ্গালার অনাদর বাড়িতেছে। সুনিশিক্ষত বাঙ্গালীরা বাঙ্গালা রচনায় বিমূখ বলিয়া সুনিক্ষিত বাঙ্গালী বাঙ্গালা রচনা পাঠে বিমূখ। সুনিক্ষিত বাঙ্গালীরা বাঙ্গালা পাঠে বিমূখ বলিয়া, সুনিক্ষিত বাঙ্গালীরা বাঙ্গালা রচনায় বিমূখ।

আমরা এই পত্রকে সর্নিক্ষিত বাঙ্গালীর পাঠোপযোগী করিতে বন্ধ করিব। বন্ধ করিব, এই মাত্র বলিতে পারি। যন্তের সফলতা ক্ষমতাধীন। এই আমাদিগের প্রথম উল্লেশ্য।

দ্বিতীয়, এই পত্র আমরা কৃতবিদ্য সম্প্রদায়ের হন্তে, আরও এই কামনায় সমর্পণ করিলাম যে, তাঁহারা ইহাকে আপনাদিগের বার্ত্তবিহুদ্বর্প ব্যবহার কর্ন। বাঙ্গালী সমাজে ইহা তাঁহাদিগের বিদ্যা, কল্পনা, লিপিকোশল, এবং চিত্তোৎকর্ষের পরিচয় দিক। তাঁহাদিগের উদ্ভিবহন করিয়া, ইহা বঙ্গ-মধ্যে জ্ঞানের প্রচার কর্ক। অনেক স্ক্রিক্ষত বাঙ্গালী বিবেচনা করেন যে, এর্প বার্ত্তবিহের কতক দ্বে অভাব আছে। সেই অভাব নিরাকরণ এই পত্রের এক উদ্দেশ্য। আমরা যে কোন বিষয়ে, যে কাহারও রচনা, পাঠোপ্যোগী হইলে সাদরে গ্রহণ করিব। এই পত্র, কোন বিশেষ পক্ষের সমর্থন জন্য বা কোন সম্প্রদায়বিশেষের মঙ্গলসাধনার্থ সূভী হয় নাই।

আমরা কৃতবিদ্যাদিগের মনোরঞ্জনার্থ ষত্ন পাইব বালয়া, কেহ এর্প বিবেচনা করিবেন না

বঙ্কিম রচনাবলী

বে, আমরা আপামর সাধারণের পাঠোপবোগিতা-সাধনে মনোযোগ করিব না। যাহাতে এই পর সর্বজনপাঠা হয়. তাহা আমাদিগের বিশেষ উদ্দেশ্য। যাহাতে সাধারণের উন্নতি নাই. তাহাতে কাহারই উন্নতি সিদ্ধ হইতে পারে না ইহা বিলয়াছি। যদি এই পত্রের দ্বারা সর্ব্বসাধারণের মনোরঞ্জন সঞ্চল্প না করিতাম, তবে এই পত্র প্রকাশ বংথা কার্যা মনে করিতাম।

অনেকে বিবেচনা করেন যে, বালকের পাঠোপাযোগী অতি সরল কথা ভিন্ন, কিছ ই সাধারণ্যের বোধগম্য বা পাঠ্য হয় না। এই বিশ্বাসের উপর নির্ভার করিয়া ঘাঁহারা লিখিতে প্রবাত্ত হয়েন, তাঁহাদিগের রচনা কেহই পড়ে না। যাহা সন্দিক্ষিত ব্যক্তির পাঠোপযোগী নহে, তাহা কেহই পড়িবে না। যাহা উত্তম, তাহা সকলেই পড়িতে চাহে; যে না ব্যক্তিত পারে, সে ব্যবিতে বত্ন করে। এই যত্নই সাধারণের শিক্ষার মূল। সে কথা আমরা সমরণ রাখিব।

তৃতীয়, যাহাতে নব্য সম্প্রদায়ের সহিত আপায়র সাধারণের সহদয়তা সম্বন্ধিত হয়. আয়রা তাহার সাধ্যান,সারে অন,য়াদন করিব। আরও অনেক কাজ করিব বাসনা করি। কিন্তু য়ত গালের্জ, তত বর্ষে না। গাল্জনকারী মারেরই পক্ষে এ কথা সত্য। বাঙ্গালা সাময়িক পরের পক্ষে বিশেষ। আয়রা যে এই কথার সত্যতার একটি ন্তন উদাহরণম্বর্প হইব না, এমত বলি না। আয়াদিগের প্রেত্বিরো এইর্প এক এক বার অকালগাল্জনি করিয়া, কালে লয়প্রাপ্ত হইয়াছেন। আয়াদিগের অদ্রেট্ট যে সের্প নাই, তাহা বলিতে পারি না। যদি তাহাই হয়, তথাপি আয়রা ক্ষতি বিবেচনা করিব না। এ জগতে কিছুই নিম্ফল নহে। একথানি সাময়িক পরের ক্ষণিক জীবনও নিম্ফল হইবে না। যে সকল নিয়মের বলে, আধুনিক সামাজিক উরতি সিদ্ধ হইয়া থাকে, এই সকল পরের জন্ম, জীবন, এবং মৃত্য তাহারই প্রক্রিয়া। এই সকল সামান্য ক্ষণিক পরেরও জন্ম, অলম্ব্যু সামাজিক নিয়মাধীন, মৃত্যু ঐ নিয়মাধীন, জীবনের পরিলাম ঐ অলম্ব্যু নিয়মের অধীন। কালস্রোতে এ সকল জলব্দুদ মাত্র। এই বঙ্গদর্শন কালস্রোতে নিয়মাধীন জলব্দুদ্বর্প ভাসিল: নিয়মবলে বিলীন হইবে। অতএব ইহার লয়ে আয়রা পরিতাপমুক্ত বা হাস্যাম্পদ হইব না। ইহার জন্ম কথনই নিম্ফল হইবে না। এ সংসারে জলব্দুদ্বত নিম্কারণ বা নিম্ফল নহে।

সঞ্জীত

[১২৭৯ সালের বঙ্গদর্শনে সঙ্গীতবিষয়ক তিনটি প্রবন্ধ প্রকাশিত হয়। তাহার কিয়দংশ °জগদীশ-নাথ রারের রচিত। অবশিষ্ট অংশ আমার রচনা। যতটুকু আমার রচনা, তাহাই আমি পুনমন্দ্রিত করিলাম। ইহা প্রবন্ধের ভগ্নাংশ হইলেও পাঠকের বুনিবার কন্ট হইবে না।]

সঙ্গীত কাহাকে বলে? সকলেই জানেন যে, স্বরিশিষ্ট শব্দই সঙ্গীত। কিন্তু স্বর কি?
কোন বস্তুতে অপর বস্তুর আঘাত হইলে, শব্দ জন্মে: এবং আহত পদার্থের পরমাণ্মধ্যে
কম্পন জন্মে। সেই কম্পনে, তাহার চারি পার্যন্থ কম্পিত হয়। যেমন সরোবরমধ্যে
জলের উপরি ইন্টকখন্ড নিক্ষিপ্ত করিলে, ক্ষুদ্র ক্ষুদ্র তরঙ্গমালা সম্মুক্ত হইয়া চারি দিকে
মন্ডলাকারে ধাবিত হয়, সেইর্প কম্পিত বায়্ব্র তরঙ্গ চারি দিকে ধাবিত হইতে থাকে। সেই
সকল তরঙ্গ কর্ণমধ্যে প্রবিষ্ট হয়। কর্ণমধ্যে একখানি স্ক্ষ্যু চম্ম আছে। ঐ সকল বায়বীয়
তরঙ্গপরম্পরা সেই চম্মোপরি প্রহত হয়; পরে তৎসংলগ্ন অস্থি প্রভৃতি দ্বারা শ্রাবণ স্নায়্ত্রতে নীত
হইয়া মন্তিৎক্যধ্যে প্রবিষ্ট হয়। তাহাতে আমরা শব্দান্তব করি।

অতএব বায়্রর প্রকম্প শব্দজ্ঞানের মৃখ্য কারণ। বৈজ্ঞানিকেরা স্থির করিয়াছেন যে, যে শব্দে প্রতি সেকেন্ডে ৪৮,০০০ বার বায়্রর প্রকম্প হয়, তাহা আমরা শ্লনিতে পাই, তাহার অধিক হইলে শ্লনিতে পাই না। মস্র সার্বার্ত অবধারিত করিয়াছেন যে, প্রতি সেকেন্ডে ১৪ বারের ন্যানসংখ্যক প্রকম্প যে শব্দে, সে শব্দ আমরা শ্লনিতে পাই না। এই প্রকম্পের সমান মালা স্বরের কারণ। দ্বইটি প্রকম্পের মধ্যে যে সময় গত হয়, তাহা যদি সকল বারে সমান থাকে, তাহা হইলেই স্বর জন্মে। গীতে তাল যের্প, মালার সমতা মাল্ল—শব্দপ্রকম্পে সেইর্প থাকিলেই স্বর জন্মে। যে শব্দে সেই সমতা নাই, তাহা স্বরর্পে পরিণত হয় না। সে শব্দ "বেস্বর" অর্থাৎ গণ্ডগোল মাল্ল। তালই সঙ্গীতের সার।

এই স্বরের একতা বা বহুত্বই সঙ্গীত। বাহ্য নিসর্গতত্ত্বে সঙ্গীত এইর্প, কিন্তু তাহাতে মানসিক সুখ জন্মে কেন? তাহা বলি।

সংসারে কিছুই সম্পূর্ণরূপে উৎকৃষ্ট হয় না। সকলেরই উৎকর্ষের কোন অংশে অভাব বা কোন দোষ আছে। কিন্তু নিন্দোষ উৎকর্ষ আমরা মনে কম্পূনা করিয়া লইতে পারি—এবং এক বার মনোমধ্যে তাহার প্রতিমা স্থাপিত করিতে পারিলে, তাহার প্রতিম্বর্তির স্ক্রন করিতে পার। বথা, সংসারে কখন নিন্দোষ স্ক্রন মনুষ্য পাওয়া যায় না; যত মনুষ্য দোখ, সকলেরই কোন না কোন দোষ আছে, কিন্তু সে সকল দোষ ত্যাগ করিয়া, আমরা স্ক্রনরভিমাত্রেরই সৌন্দর্য মনে রাখিয়া, এক নিশ্লোষ ম্বতির কম্পূনা করিতে পারি। এবং তাহা মনে কম্পনা করিয়া নিন্দোষ প্রতিমা প্রস্তরে গঠিত করা যায়। এইর্প উৎকর্ষের চরম স্থিই কাবা, চিত্রাদির উদ্দেশ্য।

যেমন সকল বস্থুরই উৎকর্ষের একটা চরম সীমা আছে, শব্দেরও তদুপ। বালকের কথা মিষ্ট লাগে। যুবতীর কণ্ঠস্বর মৃদ্ধকর; বক্তার স্বরভঙ্গীই বক্তৃতার সার। বক্তৃতা শুনিরা যত ভাল লাগে, পাঠ করিয়া তত ভাল লাগে না; কেন না, সে স্বরভঙ্গী নাই। সে কথা সহজে বলিলে তাহাতে কোন রস পাওয়া যায় না, রাসকের কণ্ঠভঙ্গীতে তাহা অত্যন্ত সরস হয়। কখন কখন একটি মার সামান্য কথায়, এত শোক, এত প্রেম বা এত আহ্মাদ ব্যক্ত হইতে শুনা গিয়াছে য়ে, শোক বা প্রেম বা আহ্মাদ জানাইবার জন্য রচিত স্কুদীর্ঘ বক্তৃতায় তাহার শতাংশ পাওয়া যায় না। কিসে এর্প হয়? কণ্ঠভঙ্গীর গ্রেণ। সেই কণ্ঠভঙ্গীর অবশ্য একটা চরমোংকর্ষ আছে। সে চরমোংকর্ষ অত্যন্ত স্কুখকর হইবে, তাহাতে সন্দেহ কি? কেন না, সামান্য কণ্ঠভঙ্গীতেও মনকে চঞ্চল করে। কণ্ঠভঙ্গীর সেই চরমোংকর্ষই সঙ্গাত। কণ্ঠভঙ্গী মনের ভাবের চিন্থ। অতএব সঙ্গীতের দ্বারা সকল প্রকার মনের ভাব প্রকাশ করা যায়।

ভক্তি, প্রেম ও আহ্মাদ-বাচক সঙ্গীত, সকল সময়ে, সকল দেশে, সর্ব্বলোকমধ্যে আছে। কেবল খলতা-ব্যঞ্জক সঙ্গীত নাই। যাহাতে রাগদ্বেষাদি প্রকাশ পায়, সে সকল শব্দ গীতমধ্যে নহে। রণবাদ্য প্রভৃতি আছে সত্যা, কিস্তু ঐ সকল বাদ্য হিংসা-প্রবাচক নহে; কেবল উৎসাহ-বর্দ্ধক মাত্র। কল্পনার দ্বারা আমরা রাগ অহঙকার প্রভৃতি খলভাবের বর্ণনা গীতে ভাবাসদ্ধ করিতে চেষ্টা করি, কিস্তু সে বর্ণনা কল্পনা প্রতিষ্ঠিত মাত্র; ব্ব্বাইয়া না দিলে, ব্ব্বা যায় না। অতএব এ সকল গীত স্বভাবসঙ্গত নহে। শোকপ্রকাশক গীত আছে, গীতমধ্যে তাহা অতি মনোহর। কিস্তু শোক কুরভাব নহে; ভক্তি ও প্রেমবাচক।

অতঃপর রাগ রাগিলী সন্বন্ধে কিছু বক্তব্য আছে। যেমন তেরিশার্ট আদি দেবতা হইতে তেরিশ কোটী দেবতা হইয়াছেন, সেইর্প আদিম ছয় রাগ এবং ছরিশ রাগিলী হইতে অভুত কম্পনার প্রভাবে, অসংখ্য উপরাগ উপরাগিণী প্রপৌরাদির সহিত হিন্দু সঙ্গীতে বিরাজমান হইয়াছে। এ বড় রহস্য। হিন্দু দিগের বৃদ্ধি অত্যন্ত কম্পনা-কৃত্হলিনী। শব্দার্থামারকেই মানব-চরিরাবিশিন্ট করিয়া পরিণত করিয়াছে। প্রাকৃতিক বস্তু বা শক্তিমারেরই দেবছ। প্রিথবী দেবী; আকাশ, ইন্দু, বর্নুণ, আর্ম, স্বর্খ্য, চন্দু, বায়্ম—সকলেই দেব; নদ, নদী, দেব, দেবী। দেব দেবী সকলেই মানুযোর ন্যায় র্পাবিশিন্ট; তাহাদের সকলেরই স্ত্রী, স্বামী, প্রু, পৌরাদি আছে। তর্ক দ্বায়া প্রথম সিদ্ধ হইল যে, এই জগতের স্ভিকন্তা একজন আছেন। তিনি ব্রহ্মা। দেখা যাইতেছে যে, ঘটপটাদির স্ভিকন্তা সাকার, হস্তপদাদিবিশিন্ট। স্বতরাং ব্রন্ধাও সাকার। হস্তপদাদিবিশিন্ট, বেশির ভাগ চতুম্ম্থ। তবে তাঁহার একটি ব্রন্ধাণীও থাকা চাহি। একটি ব্রন্ধাণীও হইল। ঋষিগাণ তাঁহার প্রু ইইলেন। হংস তাঁহার বাহন হইলেন, নহিলে—গতিবিধি হয় কি প্রকারে—ব্রন্ধলোকে গাড়ি পালকির অভাব। কেবল ইহাতেই কম্পনাকারীরা সম্ভূট্ট নহে। মনুষোরা কামক্রোধাদিপর্বশ, মহাপাপী। ব্রন্ধাও তাই। তিনি কন্যাহারী।

যেখানে স্থিকতা প্রভৃতি অপ্রমেয় পদার্থ,—আকাশ, নক্ষর, গিরি, নদী প্রভৃতি প্রাকৃতিক পদার্থ—অগ্নি, বায়্ব প্রভৃতি প্রাকৃতিক দিয়া,—কামাদি মনোবৃত্তি,—এ সকল ম্তিবিশিষ্ট, প্রকলন্নাদিযুক্ত, সব্ব বিষয়ে মনুষ্যপ্রকৃতিসম্পন্ন হইলেন, সেখানে স্রসমণ্টি রাগই বা বাদ পড়ে কেন? স্তুরাং তাহারাও সাকার, সংসারী, গৃহী হইল। রাগের সক্ষে সঙ্গে রাগিণী হইল। কেবল যে এক একটি রাগিণী, এমত নহে। রাগেরা কুলীন বাক্ষণ—পলিগোমিষ্ট, এক এক রাগের ছয় ছয় রাগিণী। সঙ্গীতবিদেরা ইহাতেও সক্তৃত্বী নহেন। রাগাম্বিলকে "বাবু"

विष्का ब्रह्माद्वा

করিয়া তুলিলেন। তাঁহাদের রাগিণীর উপর উপরাগিণীও হইল। যদি উপরাগিণী হইল, উপরাগ না হয় কেন? তাহাও হইল। তখন রাগ রাগিণী, উপরাগ উপরাগিণী সকলে স্থে ঘরকলা

করিতে লাগিলেন। তাহাদের পত্রপোঁরাদি জন্মিল।

কিন্তু এ কেবল রহস্য নহে। এই রহস্যের ভিতর বিশেষ সার আছে। রাগ-রাগিণীকে আকারবিশিষ্ট করা, কেবল রিসকতামান্ত নহে। শব্দশক্তি কে না জানে? কোন একটি শব্দবিশেষ প্রবণে মনের একটি বিশেষ ভাব উদয় হইয়া থাকে, ইহা সকলেই জানে। আবার কোন দ্শ্য বস্তু দেখিয়াও সেই ভাব উদয় হইতে পারে। মনে কর, আমরা কথন কোন শন্ত্রেশাকাতুরা মাতার ক্রন্দন্ধনি শ্রনিলাম। মনে কর, এশ্বলে আমরা রোদনকারিণীকে দেখিতে পাইতেছি না, কেবল ক্রন্দন্ধনিই শ্রনিতে পাইতেছি। সেই ধ্রনি শ্রনিয়া আমাদিগের মনে শোকের আবিভাব হইল। আবার বখন সেইর্প রোদনান্কারী স্বর শ্রনিব—আমাদের সেই শোক মনে পড়িবে—সেইর্প শোকের আবিভাব হইবে।

মনে কর, আমরা অন্যত্র দেখিলাম যে, এক প্রশোকাতুরা মাতা বাসিয়া আছেন। কাঁদিতেছেন না—কিন্তু তাহার মুখাবয়ব দেখিয়াই, তাঁহার উৎকট মানসিক যন্ত্রণা অনুভব করিতে পারিলাম। সেই সম্ভাপক্লিষ্ট ম্লান মুখ্যমণ্ডলের আধিব্যক্তি আমাদের হৃদয়ে অঞ্চিত রহিল। সেই অবধি, যখন আবার সেইর্প ক্লিষ্ট মুখ্যমণ্ডল দেখিব, তখন আমাদের সেই শোক মনে পড়িবে—হৃদয়ে সেই শোকের আবিভাব হইবে।

অতএব সেই ধর্নন, এবং সেই মুখের ভাব, উভয়ই আমাদের মনে শোকের চিহ্নবর্প। সেই ধর্নিতে সেই শোক মনে পড়ে। মানস প্রকৃতির নিয়মান্সারে ইহার আর একটি চমংকার ফল জন্মে। শব্দ, এবং মুখকান্ডি, উভয়ই শোকের চিহ্ন বলিয়া পরস্পরকে স্মৃতিপথে উদ্দীপ্ত করে। সেইর্প শব্দ শ্রিনলেই, সেইর্প মুখকান্ডি মনে পড়ে; সেইর্প মুখ দেখিলেই, সেইর্প শব্দ মনে পড়ে। এইর্প ভূয়োভূয়ঃ উভয়ে একর স্মৃতিগত হওয়াতে, উভয়ে উভয়ের প্রতিমান্বর্পে পরিণত হয়। সেই শোকব্যঞ্জক মুখাবুয়ুবকে সেই শোকস্কেক ধর্নির সাকার প্রতিমা বলিয়া বোধ হয়।

ধর্নি এবং ম্ত্রির এইর্প পরস্পর সম্বন্ধাবলম্বন করিয়াই প্রাচীনেরা রাগ রাগিণীকে সাকার কম্পনা করিয়া, তাঁহাদিগের ধ্যান রচনা করিয়াছেন। সেই সকল ধ্যান, প্রাচীন আর্য্য-দিগের আশ্চর্য্য কবিত্বশক্তি ও কম্পনাশক্তির পরিচয়স্থল। আমরা প্রবিপ্রের্ঘদিগের কীর্ত্তি

ষতই আলোচনা করি, ততই তাঁহাদিগের মহানুভাব দেখিয়াই চমংকৃত হই।

দুই একটি উদাহরণ দিই। অনেকেই টোড়ি রাগিণী শর্নিয়াছেন। সহদয় ব্যক্তিরা তচ্ছ্রেণে যে একটি অনিবর্গচনীয় ভাবে অভিভূত হয়েন, তাহা সহজে বক্তব্য নহে। সচরাচর যাহাকে কবিরা "আবেশ" বলিয়া থাকেন, তাহা ঐ ভাবের একাংশ—কিস্তু একাংশমার। তাহার সঙ্গে ভোগাভিলাষ মিলিত কর। সে ভোগাভিলাষ নীচপ্রবৃত্ত নহে। যাহা কিছ্র নিশ্মল স্থকর, অনাজনের অসাপেক্ষ, কেবল আধ্যাত্মিক, সেই ভোগেরই অভিলাষ। কিস্তু সে ভোগাভিলাষের সীমা নাই, তৃপ্তি নাই, রোধ নাই, শাসন নাই। ভোগে এবং ভোগসনুখে অভিলাষ আপনি উছলিয়া উঠিতেছে। আকাশ্কা বাড়িতেছে। প্রাচীনেরা এই টোড়ি রাগিণীর ম্রির্ত কক্ষনা করিয়াছেন, সে পরমাস্কুলরী যুবতী, বস্বালক্ষারে ভূষিতা, কিস্তু বিরহিণী। আকাশ্কার অনিবৃত্তিহেতুই তাহাকে বিরহিণী কক্ষনা করিতে হইয়াছে। এই বিরহিণী স্কুলরী বনবিহারিণী, বনমধ্যে নিক্জনে একাকিনী বসিয়া মধ্পানে উন্মাদিনী হইয়াছে, বীণা বাজাইয়া গান করিতেছে, তাহার বসন ভূষণ সকল স্থেলিত হইয়া পড়িতেছে, বনহরিণীসকল আসিয়া তাহার সন্ধুথে তটস্থভাবে দাড়াইয়া রহিয়াছে।

এই চিন্ন অনিন্দর্ব চনার সন্থার—কিন্তু সৌন্দর্য্য ভিন্ন ইহার আর এক চমৎকার গ্লুণ আছে। ইহা টোড়ি রাগিণীর যথার্থ প্রতিমা। টোড়ি রাগিণী শ্রবণে মনে যে ভাবের উদর হয়, এই প্রতিমা দর্শনে ঠিক সেই ভাব জন্মিবে।

এইর্প অন্যান্য রাগ রাগিণীর ধ্যান। ম্লতানী, দীপক রাগের সহধন্মিণী, দীপকের পার্শ্বর্তিনী, রক্তবস্থাব্তা গোরাঙ্গী স্কান্রী। ভৈরবী শ্রান্বরপরিধানা নানালক্ষারভবিতা —ইত্যান্থি।

এই সকল খ্যান সম্বন্ধে যে মতভেদ আছে, তাহার সন্দেহ নাই। যথন বৈজ্ঞানিক বৃত্তান্তেই

विविध श्रवक-वक्राम्यक कृषक

পশ্ভিতদিগের মতের অনৈকা, তখন কল্পনামাত্রপ্রস্তু ব্যাপারে নানা মর্নার নানা মত না হইবে কেন? কেবল চক্ষ্ম মুদিয়া, ভাবিয়া, মন হইতে অলঞ্চারের স্ভিট করিতে থাকিলে, অলঞ্চার-সম্বন্ধে মতভেদ হইবে, তাহার আশ্চর্য্য কি? কিন্তু কতকগালিন শব্দ দ্বারা যে কতকগালিন ভাবের উদয় হয়, তাহা সকলকেই স্বীকার করিতে হইবে। তার্কিকেরা বলিতে পারেন যে, কোমল সারে যদি শোকও বাঝায়, প্রেমও বাঝায়, উল্মাদও বাঝায়, তবে স্বরভেদ দ্বারা একটি ভাবই कि প্রকারে উপলব্ধি হইতে পারে? উত্তর, সে উপলব্ধি কেবল সংস্কারাধীন। আমাদের সঙ্গতিবিদ্যায় সুরের বাহুলা এবং প্রভেদ অসীম, কিন্তু কেবল শিক্ষা এবং অভ্যাসেই তাহার তারতম্য উপলব্ধ হইতে পারে। সামান্য অভ্যাসে, বালকেরা সানাই শর্নানলে নাচে, হাইল ডরেরা বাগুপাইপে গা ফুলায়, এবং প্রাচীন হিন্দুরা আগমনী শুনিলে কাঁদেন। এই অভ্যাস বন্ধমূল এবং সামিক্ষায় পরিণত হইলে, ভাবসঞ্চয়ের আধিক্য জন্মে, পাংখানাপাংখ অনাভব করিতে পারা যায়। শিক্ষাহীন মুঢ়েরা যাহাতে হাসে, ভাবুকেরা তাহাতে কাদেন। অতএব লোকের যে সাধারণ সংস্কার আছে যে, সঙ্গীতস্মখান্তব মনুষ্যের স্বভাবসিদ্ধ, তাহা ভ্রমাত্মক। কতক मृत भाव देश मण वर्षे या, मृत्यत मकरनतरे ভान नार्ग-म्वार्धावक जान वाध मकरनतरे আছে। কিন্তু উচ্চশ্রেণীর সঙ্গীতের স্থান্ভব, শিক্ষা ভিন্ন সম্ভবে না। অভ্যাসশ্ন্য ব্যক্তি যেমন পলাম্ভুভোজনে বিরক্ত, অশিক্ষিত ব্যক্তি তেমনি উৎকৃষ্টতর সঙ্গীতে বিরক্ত। কেন না উভয় অভ্যাসাধীন। সংস্কারহীন ব্যক্তি রাগ-রাগিণী-পরিপূর্ণ কালোয়াতি গান শুনিতে **हारश्न ना, এবং বহু प्रिमनर्गिविम**ण्डे देखेरताशीय मङ्गीण वाङ्गानीत कार्ष्ट अतला स्तापन। किस् উভর স্থানেই, অনাদর্রটি অসভ্যতার চিহ্ন বলিতে হইবে। যেমন রাজনীতি, ধর্ম্মানীতি, বিজ্ঞান, সাহিত্য প্রভৃতি সকল মনুষ্যেরই জানা উচিত, তেমনি শরীরার্থ স্বাস্থ্যকর ব্যায়াম, এবং চিত্ত-প্রসাদার্থ মনোমোহিনী সঙ্গতিবিদ্যাও সকল ভদ্রলোকের জানা কর্ত্তব্য। শাস্ত্রে রাজকুমার রাজকুমারীদের অভ্যাসোপযোগী বিদ্যার মধ্যে সঙ্গীত প্রধান স্থান পাইয়াছে। বাঙ্গালীর মধ্যে ভদ্রপৌরকন্যাদিগের সঙ্গীত শিক্ষা যে নিষিদ্ধ বা নিন্দনীয়, তাহা আমাদিগের অসভ্যতার চিহ্ন। কুলকামিনীরা সংগীতনিপূ্ণা হইলে, গৃহমধ্যে এক অত্যন্ত বিমলানন্দের আকর স্থাপিত হয়। বাব-দের মদ্যাসক্তি এবং অন্য একটি গ্রেতর দোষ অনেক অপনীত হইতে পারে। এতন্দেশে নিম্মল আনন্দের অভাবই অনেকের মদ্যাসন্তির কারণ—সঙ্গতিপ্রিয়তা হইতেই অনেকের বারস্তাবিশাতা জক্মে।

বঙ্গদেশের কৃষক

্রিকদেশের কৃষকে" এ দেশীর কৃষকদিগের যে অবস্থা বর্ণিত হইরাছে, তাহা আর নাই। জমীদারের আর সের,প অত্যাচার নাই। নৃত্ন আইনে তাঁহাদের ক্ষমতাও কমিয়া গিয়াছে। কৃষকদিগের অবস্থারও অনেক উর্লাত হইরাছে। অনেক স্থলে এখন দেখা যায়, প্রজাই অত্যাচারী, জমীদার দূর্ব্বল। এই সকল কারণে আমি এতাদন এ প্রবন্ধ প্নুমর্নাদ্রত করি নাই। এক্ষণে যে আমি ইহা প্নুমর্নাদ্রত করিতেছি, তাহার অনেকগর্নাল কারণ আছে। (১) ইহাতে প'চিশ বংসর প্রেব্ দেশের যে অবস্থা ছিল, তাহা জানা যায়। ভাবষাৎ ইতিহাসবেত্তার ইহা কার্যে; লাগিতে পারে। (২) ইহার পর হইতে কৃষকদিগের অবস্থা সমাজে আন্দোলিত হইতে লাগিল। এক্ষণে যে উর্রাত সাধিত হইরাছে, ইহাতে তাহার প্রথম স্ত্রপাত, স্বৃত্রাং প্নুমর্নাদ্রত হইবার এ প্রবন্ধ একট্ দাবি দাওয়া রাখে। (৩) ইহাতে কৃষকদিগের যে অবস্থা বর্ণিত হইরাছে, তাহা এখনও অনেক প্রদেশে অপরিবন্ধিত তই আছে। যতগুলি উৎপাতের কথা আছে, তাহা সব কোন স্থানেই এখনও অনেক প্রদেশে অপরিবন্ধিত তই আছে। যতগুলি উৎপাতের কথা আছে, তাহা সব কোন স্থানেই এখনও অন্তর্হতি হয় নাই। (৪) এ প্রবন্ধ বখন প্রকাশিত হয়, তখন কিছু যশোলাভ করিয়াছিলাম। "বঙ্গদেশের কৃষক" আর প্নুমর্নাদ্রত করিব না, বিকেনায় তাহার কিয়্রদংশ "সাম্য"-মধ্যে প্রক্রিপার করিয়াছিলাম। এক্ষণে সেই "সাম্য"শীর্ষক প্রক্রেখানি বিশ্বপ্ত করিয়াছি। স্বুতরাং "বঙ্গদেশের কৃষক" প্রার্গ একটা করেব হয়াছে।

অর্থ শাস্ত্রঘটিত ইহাতে করেকটা কথা আছে, তাহা আমি এক্ষণে দ্রান্তিশন্য মনে করি না। কিন্তু অর্থ শাস্ত্র সম্বন্ধে কোন্ কথা দ্রান্তি, আর কোন্ কথা ধ্রুব সত্য, ইহা নিশ্চিত করা দুঃসাধ্য। অন্তঞ্জর

कान श्रकात সংশোধনের চেণ্টা করিলাম ना।]

প্রথম পরিচ্ছেদ—দেশের শ্রীবৃদ্ধি

আজি কালি বড় গোল শ্বনা যায় যে, আমাদের দেশের বড় শ্রীবৃদ্ধি হইতেছে। এত কাল আমাদিগের দেশ উৎসক্ষ যাইতেছিল, এক্ষণে ইংরাজের শাসনকৌশলে আমরা সভ্য হইতেছি।

কি মঙ্গল, দেখিতে পাইতেছ না? ঐ দেখ, লোহবর্ম্মে লোহতুরঙ্গ, কোটি উচ্চৈঃশ্রবাকে বলে অতিক্রম করিয়া, এক মাসের পথ এক দিনে যাইতেছে। ঐ দেখ, ভাগীরথীর যে উত্তাল তরঙ্গ-মালায় দিগুগজ ভাসিয়া গিয়াছিল, অগ্নিময়ী তরণী ক্রীড়াশীল হংসের ন্যায় তাহাকে বিদীর্ণ করিয়া বাণিজ্ঞা দ্রব্য বহিয়া ছুটিতেছে। কাশীধামে তোমার পিতার অদ্য প্রাতে সাংঘাতিক রোগ হইয়াছে—বিদাণ আকাশ হইতে নামিয়া আসিয়া তোমাকে সংবাদ দিল, তুমি রাত্রিমধ্যে তাঁহার পদপ্রান্তে বাসয়া তাঁহার শুশ্রুষা করিতে লাগিলে। যে রোগ প্রবর্ধ আরাম হইত না. এখন নবীন চিকিৎসাশান্দেরর গ্লেণ ডাক্তারে তাহা আরাম করিল। যে ভূমিখণ্ড, নক্ষরময় আকাশের ন্যায় অট্রালিকাময় হইয়া এখন হাসিতেছে, উহা ব্যাঘ্র ভল্লকের আবাস ছিল। ঐ যে দেখিতেছ রাজপথ, পঞ্চাশ বংসর প্রেব্ ঐ স্থানে সন্ধ্যার পর, হয় কাদার পিছলে পা ভাঙ্গিয়া পড়িয়া থাকিতে, না হয় দস্যহস্তে প্রাণত্যাগ করিতে; এখন সেখানে গ্যাসের প্রভাবে কোটি চন্দ্র জর্বলতেছে। তোমার রক্ষার জন্য পাহারা দাঁড়াইয়াছে, তোমাকে বহনের জন্য গাড়ি দাঁড়াইয়া আছে। যেখানে বাসিয়া আছ, তাহা দেখ। যেখানে আগে ছে'ড়া কাঁথা, ছে'ড়া সপ ছिल, এখন সেখানে কাপেটি, কৌচ, ঝাড়, কান্ডেলাব্রা, মার্বেল্, আলাবাষ্টার্,—কত বলিব? যে বাব, দরেবীণ ক্ষিয়া বহুস্পতি গ্রহের উপগ্রহ্গণের গ্রহণ পর্যাবেক্ষণ ক্রিতেছে, পঞ্চাশ বংসর প্রেব জন্মলে উনি এত দিন চাল কলা ধ্প দীপ দিয়া বৃহস্পতির প্রজা করিতেন। আর আমি যে হতভাগ্য, চেয়ারে বাসিয়া ফুলিস্কেপ্ কাগজে বঙ্গদর্শনের জন্য সমাজতত্ত্ব লিখিতে বসিলাম, এক শত বংসর পূর্বে হইলে, আমি এতক্ষণ ধরাসনে পশ্ববিশেষের মত বসিয়া ছে ড়া তলট নাকের কাছে ধরিয়া নবমীতে লাউ থাইতে আছে কি না, সেই কচুকচিতে মাথা ধরাইতাম। তবে কি দেশের বড় মঙ্গল হইতেছে না? দেশের বড় মঙ্গল—তোমরা একবার মঙ্গলের জন্য জয়ধর্নি কর!

এই মঙ্গল ছড়াছড়ির মধ্যে আমার একটি কথা জিজ্ঞাসার আছে, কাহার এত মঙ্গল? হাসিম শেখ আর রামা কৈবর্ত দুই প্রহরের রৌদ্রে, খালি মাথায়, খালি পায়ে এক হাঁট, কাদার উপর দিয়া দুইটা অস্থিচম্মবিশিষ্ট বলদে, ভোঁতা হাল ধার করিয়া আনিয়া চষিতেছে, উহাদের কি মঙ্গল হইয়াছে? উহাদের এই ভাদের রোদে মাতা ফাটিয়া যাইতেছে, তৃষায় ছাতি ফাটিয়া याहेरज्राह, जारात निवादगळ्ना अर्कान करिया मार्टात कर्मम भान करिर्द्राह ऋर्थाय थान ষাইতেছে, কিন্তু এখন বাড়ী গিয়া আহার করা হইবে না, এই চাষের সময়। সন্ধ্যাবেলা গিয়া উহারা ভাঙ্গা পাতরে রাঙ্গা রাঙ্গা বড় বড় ভাত, ল্বন, লঞ্কা দিয়া আধপেটা খাইবে। তাহার পর **एक मान्**रत, ना रस कृत्य, शारात्वत এक भारत नसन कतित्व—छेरात्वत मना नाश ना। তाराता পরদিন প্রাতে আবার সৈই এক হাঁট, কাদায় কাজ করিতে যাইবে—যাইবার সময়, হয় জমীদার, नम्र भराजन, ११४ रहेए धितमा लहेमा भिमा एनात जना वनाहेमा ताथित, काज रहेत ना। नम ত চ্যিবার সময় জ্মীদার জ্মীখানি কাডিয়া লইবেন, তাহা হইলে সে বংসর কি করিবে? উপবাস-সপরিবারে উপবাস। বল দেখি চসমা-নাকে বাব,! ইহাদের কি মঙ্গল হইয়াছে? তুমি লেখাপড়া শিখিয়া ইহাদিগের কি মঙ্গল সাধিয়াছ? আর তুমি ইংরাজ বাহাদরে! তুমি যে মেজের উপরে এক হাতে হংসপক্ষ ধরিয়া বিধির সূখি ফিরাইবার কল্পনা করিতেছ, আর অপর হস্তে দ্রমরকৃষ্ণ শ্মশ্রন্থ কণ্ড্রিত করিতেছ,—তুমি বল দেখি বে, তোমা হইতে এই হাসিম শেখ আর রামা কৈবর্ত্তের কি উপকার হইয়াছে?

আমি বলি, অণ্মান্ত না, কণামান্তও না। তাহা যদি না হইল, তবে আমি তোমাদের সঙ্গে মঙ্গলের ঘটার হ্লুব্ধনিন দিব না। দেশের মঙ্গল? দেশের মঙ্গল, কাহার মঙ্গল? তোমার আমার মঙ্গল দেখিতোছ, কিন্তু তুমি আমি কি দেশ? তুমি আমি দেশের কর জন? আর এই কৃষিজ্বীবী কর জন? তাহাদের ত্যাগ করিলে দেশে কর জন থাকে? হিসাব করিলে তাহারাই

विविध श्रवद्या-वक्राम्यन कृषक

দেশ—দেশের অধিকাংশ লোকই কৃষিজীবী। তোমা হইতে আমা হইতে কোন্ কার্য্য হইতে পারে? কিন্তু সকল কৃষিজীবী ক্ষেপিলে কে কোথায় থাকিবে? কি না হইবে? বেখানে তাহাদের মঙ্গল নাই, সেখানে দেশের কোন মঙ্গল নাই।

দেশের শ্রীবৃদ্ধি হইতেছে, স্বীকার করি। আমরা এই প্রবন্ধে একটি উদাহরণের দ্বারা প্রথমে দেখাইব যে, দেশের কি প্রকারে শ্রীবৃদ্ধি হইতেছে। পরে দেখাইব যে, কৃষকেরা সে শ্রীবৃদ্ধির ভাগী নহে। পরে দেখাইব যে, তাহা কাহার দোষ।

রিটিশ্ অধিকারে রাজ্য স্মাসিত। পরজাতীয়েরা জনপদপীড়া উপস্থিত করিয়া যে দেশের অর্থাপহরণ করিবে, সে আশব্দা বহুকাল হইতে রহিত হইরাছে। আবার স্বদেশীয় ম্বজাতীয়ের মধ্যে পরম্পরে যে সঞ্চিতার্থ অপহরণ করিবে, সে ভয়ও অনেক নিবারণ হইয়াছে। দস্যুভীতি, চৌরভীতি, বলবংকর্ত্বক দুর্ন্বলের সম্পত্তিহরণের ভয়, এ সকলের অনেক লাঘব হইয়াছে। আবার রাজা বা রাজপুরুষেরা প্রজার সঞ্চিতার্থ সংগ্রহ-লালসায় যে বলে ছলে কৌশলে লোকের সর্ব্ববাপহরণ করিবেন, সে দিনও নাই। অতএব যদি কেহ অর্থসঞ্চয়ের ইচ্ছা করে, তবে তাহার ভরসা হয় যে, সে তাহা ভোগ করিতে পারিবে, এবং তাহার উত্তর্রাধকারীরাও তাহা ভোগ করিতে পারিবে। যেখানে লোকের এরপে ভরসা থাকে, সেখানে লোকে সচরাচর সংসারী হয়। যেখানে পরিবারপ্রতিপালনশক্তি সম্বন্ধে অনিশ্চয়তা, সেখানে লোকে সংসারধক্ষে বিরাগী। পরিণয়াদিতে সাধারণ লোকের অনুরাগের ফল প্রজাবৃদ্ধি। অতএব, ব্রিটিশ্র শাসনে প্রজাব্দির হইয়াছে। প্রজাব্দির ফল, কৃষিকার্য্যের বিস্তার। যে দেশে লক্ষ লোকের মাত্র আহারোপযোগী শস্যের আবশ্যক, সে দেশে বাণিজ্যের প্রয়োজন বাদে কেবল তদ্বপযুক্ত ভূমিই किर्षि इटेर्टर,-किन ना, अनावभाक भागा-यादा किट थाटेर्टर ना, र्कालग्रा मिर्फ इटेर्टर,-जाटा কে পরিশ্রম স্বীকার করিয়া উৎপাদন করিতে যাইবে? দেশের অর্থাশণ্ট ভূমি পতিত বা জঙ্গল বা তদ্রপ অবস্থাবিশেষে থাকিবে। কিন্তু প্রজাবৃদ্ধি হইয়া যখন সেই এক লক্ষ লোকের স্থানে দেড লক্ষ লোক হয়, তখন আর বেশী ভূমি আবাদ না করিলে চলে না। কেন না, যে ভূমির উৎপলে লক্ষ লোকমাত্র প্রতিপালিত হইত, তাহার শস্যে দেড় লক্ষ কখন চিরকাল জীবনধারণ করিতে পারে না। স্তুতরাং প্রজাব,দ্ধি হইলেই চাষ বাড়িবে। যাহা প্রের্বে পতিত বা জঙ্গল ছিল, তাহা ক্রমে আবাদ হইবে। বিটিশ্ শাসনে প্রজাবৃদ্ধি হওয়াতে সেইর্প হইয়াছে। চিরস্থায়ী বন্দোবস্তের পূর্বের অপেক্ষা এক্ষণে অনেক ভূমি কর্ষিত হইতেছে।

আর এক কারণে চাষের বৃদ্ধি হইতেছে। সেই দ্বিতীয় কারণ বাণিজাবৃদ্ধি। বাণিজাবিন্যয় মাত্র। আমরা যদি ইংলন্ডের বন্দ্রাদি লই, তবে তাহার বিনিময়ে আমাদের কিছুর্বালবেন, "টাকা"; তাহা নহে, সেটি আমাদের দেশীয় লোকের একটি গ্রন্তর শ্রম। সত্য বটে, ভারতবর্ষের কিছুর্বালবেন, "টাকা"; তাহা নহে, সেটি আমাদের দেশীয় লোকের একটি গ্রন্তর শ্রম। সত্য বটে, ভারতবর্ষের কিছুর্বালবেন হংলন্ডের যায়,—সেই টাকাটি ভারতব্যাপারে ইংলন্ডের মুনাফা। সে টাকা ইংলন্ডের হালি নাই। অধিকাংশের বিনিময়ে আমরা কৃষিজাত দ্রব্যসকল পাঠাই—যথা, চাউল, রেশম, কার্পাশ, পাট, নীল ইত্যাদি। ইহা বলা বাহ্রল্য যে, যে পরিমালে বাণিজাবৃদ্ধি হইবে, সেই পরিমাণে এই সকল কৃষিজাত সামগ্রীর আধিক্য আবশ্যক হইবে। স্বৃতরাং দেশে চাষও বাড়িবে। রিটিশ্রাজ্য হইয়া পর্যান্ত এ দেশের বাণিজ্য বাড়িতেছে—স্বৃতরাং বিদেশে পাঠাইবার জন্য বংসর বংসর অধিক কৃষিজাত সামগ্রীর আবশ্যক হইতেছে, অতএব এ দেশে প্রতি বংসর চাষ বাড়িতেছে।

চাষ বৃদ্ধির ফল কি? দেশের ধনবৃদ্ধি, শ্রীবৃদ্ধি। যদি প্রেব্ ১০০ বিঘা জমী চাষ করিয়া বার্ষিক ১০০, টাকা পাইয়া থাকি, তবে ২০০ বিঘা চাষ করিলে, ন্যুনাধিক* ২০০, টাকা পাইব, ৩০০ শত বিঘা চাষ করিলে, ৩০০, টাকা পাইব। বঙ্গদেশে দিন দিন চাষের বৃদ্ধিতে দেশের কৃষিজাত ধন বৃদ্ধি পাইতেছে।

আর একটা কথা আছে। সকলে মহাদ্রেখিত হইয়া বলিয়া থাকেন, এক্ষণে দিনপাত করা

적 ২-১৯

সমাজতভ্বিদেরা ব্রিক্কেন, এখানে "নানোধিক" শব্দটি ব্যবহার করিবার বিশেষ তাংপর্য্য আছে,
 কিন্তু সাধারণপাঠ্য এই প্রবদ্ধে তাহা ব্র্থাইবার প্রয়োজন নাই।

ভার—দ্বা সামগ্রী বড় দ্বুন্ধ্বা হইয়া উঠিতেছে। এই কথা নিন্দেশ করিয়া অনেকেই প্রমাণ করিছে চাহেন যে, বর্ত্তমান সময় দেশের পক্ষে বড় দ্বুসময়, ইংরাজের রাজ্য প্রজাপীড়ক রাজ্য, এবং কলিযুগ অত্যন্ত অধন্মান্তান্ত যুগ—দেশ উৎসন্ত গেল! ইহা যে গ্রের্তর দ্রম, তাহা স্বাশিক্ষিত সকলেই অবগত আছেন। বাস্তাবিক, দ্রব্যের বর্ত্তমান সাধারণ দ্বুর্য্ব্র্তা দেশের অমঙ্গলের চিচ্ছ নহে, বরং একটি মঙ্গলের চিহ্ছ। সত্য বটে, যেখানে আগে আট আনায় এক মণ চাউল পাওয়া যাইত, সেখানে এখন আড়াই টাকা লাগে; যেখানে টাকায় তিন সের ঘৃত ছিল, সেখানে টাকায় তিন পোয়া পাওয়া ভার। কিন্তু ইহাতে এমত ব্রুবায় না যে, বন্ধুতঃ চাউল বা ঘৃত দ্বুন্ম্ব্র্ল্য হইয়াছে। টাকা সন্তা হইয়াছে, ইহাই ব্রুবায়। সে যাহাই হউক, এক টাকার ধান এখন যে দুই তিন টাকার ধান হইয়াছে, তাহাতে সন্দেহ নাই।

ইহার ফল এই যে, যে ভূমিতে কৃষক এক টাকা উৎপন্ন করিত, সে ভূমিতে দুই তিন টাকা উৎপন্ন হয়। যে ভূমিতে দশ টাকা হইত, তাহাতে ২০ কি ৩০ টাকা হয়। বঙ্গদেশের সর্বত্রই বা অধিকাংশ স্থানে এইর্পু হইয়াছে, স্বৃতরাং এই এক কারণে বঙ্গদেশের কৃষিজ্ঞাত বার্ষিক

আয়ের বৃদ্ধি হইয়াছে।

আবার প্রেবর্থই সপ্রমাণ করা গিয়াছে, কর্ষিত ভূমিরও আধিকা হইয়াছে। তবে দুই প্রকারে কৃষিজাত আয়ের বৃদ্ধি হইয়াছে; প্রথম, কর্ষিত ভূমির আধিকা, দ্বিতীয়, ফসলের ম্লাবৃদ্ধিতে। যেখানে এক বিঘা ভূমিতে তিন টাকার ফসল হইত, সেখানে সেই এক বিঘায় ছয় টাকা জন্মে, আবার আর এক বিঘা জঙ্গল পতিত আবাদ হইয়া, আর ছয় টাকা; মোটে তিন টাকার স্থানে বার টাকা জন্মিতেছে।

এইরপে বঙ্গদেশের কৃষিজাত আয় যে চিরম্খায়ী বন্দোবস্তের সময় হইতে এ পর্য্যানত তিন চারিগণে বৃদ্ধি হইয়াছে, ইহা বলিলে অত্যুক্তি হইবে না। এই বেশী টাকাটা কার ঘরে যায় । কে লইতেছে ?

এ ধন কৃষিজাত—কৃষকেরই প্রাপ্য—পাঠকেরা হঠাৎ মনে করিবেন, কৃষকেরাই পায়। বান্তবিক তাহারা পায় না। কে পায়, আমরা দেখাইতেছি।

কিছু রাজভাশ্ডারে যায়। গত সন ১৮৭০।৭১ সালের যে বিজ্ঞাপনী কলিকাতা রেবিনিউ বোর্ড্ ইইতে প্রচার ইইয়াছে, তাহাতে কার্য্যাধ্যক্ষ সাহেব লিখেন, ১৭৯৩ সালে চিরস্থায়ী বন্দোবস্তের সময়ে যে প্রদেশে ২,৮৫,৮৭,৭২২ টাকা রাজস্ব ধার্য্য ছিল, সেই প্রদেশ হইতে এক্ষণে ৩,৫০,৪১,২৪৮ টাকা রাজস্ব আদায় ইইতেছে। অনেকে অবাক্ হইয়া জিজ্ঞাসা করিবেন, যে কর চিরকালের জন্য অবধারিত হইয়াছে, তাহার আবার বৃদ্ধি কি? শক্ সাহেব বৃদ্ধির কারণ সকলও নিন্দেশ করিয়াছেন—যথা, তৌফির বন্দোবস্ত, লাখেরাজ বাজেয়াপ্ত, নৃতন "প্রান্ত" ভূমির উপর কর সংস্থাপন, খাসমহলের কর বৃদ্ধি ইত্যাদি। অনেকে বলিবেন, ঐ সকল বৃদ্ধি যাহা হইবার হইয়াছে, আর বড় অধিক হইবে না। কিন্তু শক্ সাহেব দেখাইয়াছেন, এই বৃদ্ধি নিয়মিতরপ্রে ইইতেছে। প্রবাবধারিত করের উপর বেশী যাহা এক্ষণে গবর্গ মেণ্ট্ পাইতেছেন—সাড়ে বার্ষাট্ট লক্ষ টাকা—তাহা কৃষজাত ধন হইতেই পাইতেছেন।

এ ধন অন্যান্য পুথেও রাজভান্ডারে যাইতেছে। আফিমের আয়ের অধিকাংশই কৃষিজাত।

কণ্টম্ হোসের শ্বার দিয়াও রাজভাণ্ডারে কৃষিজাত অনেক ধন যায়।

শক্ সাহেব বলেন, এই কৃষিজাত ধনবৃদ্ধি অধিকাংশই বিগক্ এবং মহাজনদিগের হন্তগত হইরাছে। বিগক্ এবং মহাজন সম্প্রদার যে ইহার কিয়দংশ হন্তগত করিতেছে, তদ্বিষয়ে সংশার নাই। কৃষকের সংখ্যা বাড়িয়াছে, স্তরাং মহাজনের লাভও বাড়িয়াছে। এবং যে বিগকেরা মাট হইতে ফসল আনিরা বিলুরের স্থানে বিক্রয় করে, কৃষিজাত ধনের কিয়দংশ যে তাহাদের লাভস্বরূপে পরিণত হয়, তদ্বিষয়ে সংশার নাই। কিস্তু কৃষিজাত ধনের বৃদ্ধির অধিকাংশই যে তাহাদের হন্তগত হয়, ইহা শক্ সাহেবের শ্রমমার। এ শ্রম কেবল শক্ সাহেবের একার নহে। "ইকন্মিন্ট্" এই মতাবলম্বী। "ইকন্মিন্টের" শ্রম "ইন্ডিয়ান্ অবজর্বরের" নিকট ধ্বংসপ্রাপ্ত হয়াছে। সে তর্ক এখানে উত্থাপনের আবশ্যক নাই।

অধিকাংশ টাকাটা ভূস্বামীরই হস্তে ষায়। ভূমিতে অধিকাংশ কৃষকেরই অধিকার অস্থায়ী; জমীদার ইচ্ছা করিলেই তাহাদের উঠাইতে পারেন। দখলের অধিকার অনেক স্থানেই অদ্যাপি আকাশকুস্মুম মাত্র। যেখানে আইন অন্সারে প্রজার অধিকার আছে, সেখানে কার্য্যে নাই।

বিবিধ প্রবন্ধ-বন্ধদেশের কৃষক

অধিকার থাক্ বা না থাক্, জমীদার উঠিতে বিললেই উঠিতে হয়। কয়জন প্রজ্ঞা জমীদারের সঙ্গে বিবাদ করিয়া ভিটায় থাকিতে পারে? স্তরাং যে বেশী খাজানা স্বীকৃত হইবে, তাহাকেই জমীদার বসাইবেন। প্রেই কথিত হইয়াছে, লোকসংখ্যা বৃদ্ধি হইতেছে। তাহার বিশেষ কোন প্রমাণ নাই বটে,* কিন্তু ইহা অনুভবের দ্বারা সিদ্ধা। প্রজাবৃদ্ধি হইলেই জমীর খাজানা বাড়িবে। যে ভূমির আগে এক জন প্রাথী ছিল, প্রজাবৃদ্ধি হইলে তাহার জন্য দ্বই জন প্রাথী দাঁড়াইবে। যে বেশী খাজানা দিবে, জমীদার তাহাকেই জমী দিবেন। রামা কৈবর্ত্তের জমীট্রুক ভাল, সে এক টাকা হারে খাজানা দেয়। হসিম শেখ সেই জমী চায়—সে দেড় টাকা হার স্বীকার করিতেছে। জমীদার রামাকে উঠিতে বিললেন। রামার হয় ত দখলের অধিকার নাই, সে অমনি উঠিল। নয় ত অধিকার আছে, কিন্তু কি করে? কুমীরের সঙ্গে বিবাদ করিয়া জলে বাস করিবে কি প্রকারে? অধিকার বিসম্ভর্জন দিয়া সেও উঠিল। জমীদার বিঘা পিছু আট আনা বেশী পাইলেন।

এইর্পে চিরস্থায়ী বন্দোবস্তের পর কোন সময়ে না কোন সময়ে, কোন স্থোগে না কোন স্থোগে, দেশের অধিকাংশ ভূমির হার বৃদ্ধি হইয়াছে। আইন আদালতের আবশ্যক করে নাই —বাজারে যের্প গ্রাহকবৃদ্ধি হইলে ঝিঙ্গা পউলের দর বাড়ে, প্রজাবৃদ্ধিতে সেইর্প জমীর হার বাড়িয়াছে। সেই বৃদ্ধি, জমীদারের উদরেই গিয়াছে।

অনেকেই রাগ করিয়া এ সকল কথা অস্বীকার করিবেন। তাঁহারা বলিবেন, আইন আছে, নিরিথ আছে, জমীদারের দয়া ধর্ম্ম আছে। আইন—সে একটা তামাসা মাত্র—বড় মানুষেই থরচ করিয়া সে তামাসা দেখিয়া থাকে। নিরিথ প্র্বর্বার্গতি প্রদালীতে বাড়িয়া গিয়াছে। আর জমীদারের দয়া ধর্ম্ম—যথন আর স্ফু ফিরে না, তখন লোকের দয়া ধর্ম্মের আবির্ভাব হয়।† স্ফু ফিরাইয়া ফিরাইয়া, বঙ্গদেশের অধিকাংশ বিশ্বতি ধার্ম্য আয় ভূস্বামিগদ আপনাদিগের হস্তগত করিয়াছেন। চিরস্থায়ী বন্দোবস্তের সময়ে জমীদারের যে হস্তব্দ ছিল, অনেক স্থানেই তাহার তিগুল চতুর্গুণ হইয়াছে। কোথাও দশগুল হইয়াছে। কিছু না বাড়িয়াছে, এমন জমীদারী অতি অলপ।

আমরা দেখাইলাম, এই ঈশ্বরপ্রেরিত কৃষিধনের বৃদ্ধির ভাগ, রাজা পাইয়া থাকেন, ভূস্বামী পাইয়া থাকেন, বিণক্ পায়েন, মহাজন পায়েন,—কৃষী কি পায়? যে এই ফসল উৎপন্ন করে, সে কি পায়?

আমরা এমত বলি না যে, সে কিছ্ই পায় না। বিন্দু বিসগমাত্র পাইয়া থাকে। যাহা পায়, তাহাতে তাহার কিছু অবস্থার পরিবর্ত্তন হয় নাই। অদ্যাপি ভূমির উৎপক্ষে তাহার দিন চলে না। অতএব যে সামান্য ভাগ কৃষকসম্প্রদায় পায়, তাহা না পাওয়ায়ই মধ্যে। যায় ধন, তার ধন নয়। যাহার মাথার কালঘাম ছুটিয়া ফসল জন্মে, লাভের ভাগে সে কেই হইল না।

আমরা দেখাইলাম যে, দেশের অতান্ত শ্রীবৃদ্ধি হইয়াছে। অসাধারণ কৃষিলক্ষ্মী দেশের প্রতি স্প্রসন্না। তাঁহার কৃপায় অর্থবর্ষণ হইতেছে। সেই অর্থ রাজা, ভূস্বামী, বণিক্, মহাজন সকলেই কুড়াইতেছে। অতএব সেই শ্রীবৃদ্ধিতে রাজা, ভূস্বামী, বণিক্, মহাজন সকলেরই শ্রীবৃদ্ধি। কেবল কৃষকের শ্রীবৃদ্ধি নাই। সহস্র লোকের মধ্যে কেবল নয় শত নিরানব্বই জনের ভাহাতে শ্রীবৃদ্ধি নাই। এমত শ্রীবৃদ্ধির জন্য যে জয়ধ্বনি তুলিতে চাহে, তুল্বক; আমি তুলিব না। এই নয় শত নিরানব্বই জনের শ্রীবৃদ্ধি না দেখিলে, আমি কাহারও জয় গান করিব না।

ঘিতীয় পরিচ্ছেদ-জমীদার

জীবের শন্ত্র জীব; মন্ব্যের শন্ত্র মন্ব্য; বাঙ্গালী কৃষকের শন্ত্র বাঙ্গালী ভূস্বামী। ব্যাদ্রাদি বৃহত্তর ছাগাদি ক্র জন্তুগণকে ভক্ষণ করে; রোহিতাদি বৃহত্ত মত্সা, সফরীদিগকে ভক্ষণ করে; জমীদার নামক বড় মান্ব, কৃষক নামক ছোট মান্বকে ভক্ষণ করে। জমীদার প্রকৃত

^{*} বখন এ প্রবন্ধ লিখিত হয়, তখন Census হয় নাই।

[†] আমরা মৃক্তকণ্ঠে স্বীকার করি, সকল ভূস্বামী এ চরিতের নহেন। অনেকের যথার্থ দর। ধর্ম্ম আছে।

विष्क्य ब्राज्यावनी

পক্ষে কৃষকদিগকে ধরিয়া উদরস্থ করেন না বটে, কিন্তু যাহা করেন, তাহা অপেক্ষা হৃদয়শোণিত পান করা দয়ার কাজ। কৃষকদিগের অন্যান্য বিষয়ে যেমন দ্বন্দশো হউক না কেন, এই সর্ব্বরত্বপ্রসিবিনী বস্মতী কর্ষণ করিয়া তাহাদিগের জীবনোপায় যে না হইতে পারিত, এমত নহে। কিন্তু তাহা হয় না; কৃষকে পেটে খাইলে জমীদার টাকার রাশির উপর টাকার রাশি ঢালিতে পারেন না। স্তরাং তিনি কৃষককে পেটে খাইতে দেন না।

আমরা জমীদারের দ্বেষক নহি। কোন জমীদার কর্ত্তক কখন আমাদিগের অনিষ্ট হয় নাই। বরং অনেক জমীদারকে আমরা বিশেষ প্রশংসাভাজন বিবেচনা করি। যে সূত্রদগণের প্রীতি আমরা এ সংসারের প্রধান স্থের মধ্যে গণনা করি, তাঁহাদিগের মধ্যে অনেকে জমীদার। জমীদারেরা বাঙ্গালী জাতির চড়ো, কে না তাঁহাদিগের প্রীতিভাজন হইবার বাসনা করে? কিন্ত আমরা ৰাহা বলিতে প্রবত্ত হইতেছি, তাহাতে প্রীতিভাজন হওয়া দুরে থাকুক, যিনি আমাদের কথা ভাল করিয়া না বুঝিবেন, হয় ত তাঁহার বিশেষ অপ্রীতিপাত হইব। তাহা হইলে, আমরা বিশেষ দঃখিত হইব। কিন্তু কর্ত্তব্য কার্য্যান্রোধে তাহাও আমাদিগকে স্বীকার করিতে হইতেছে। বঙ্গীয় কৃষকেরা নিঃসহায়, মনুষ্যমধ্যে নিতান্ত দুন্দশাপন্ন, এবং আপনাদিগের দুঃখ সমাজমধ্যে জানাইতেও জানে না। यीम মকের দুঃখ দেখিয়া তাহা নিবারণের ভরসায় একবার বাক্যবায় না করিলাম, তবে মহাপাপ স্পর্শে। আমরা এই প্রবন্ধের জন্য হয় ত সমাজগ্রেষ্ঠ ভূম্বামিম-ডলীর বিরাগভাজন হইব—অনেকের নিকট তিরম্কুত, ভংগিসত, উপহাসত. অমর্য্যাদাপ্রাপ্ত হইব-বন্ধবেগের অপ্রীতিভাজন হইব। কাহারও নিকট মূর্থ, কাহারও নিকট দ্বেষক, কাহারও নিকট মিথ্যাবাদী বলিয়া প্রতিপন্ন হইব। সে সকল ঘটে, ঘটকে। যদি সেই ভয়ে বঙ্গদর্শন, কাতরের হইয়া কাতরোজ্তি না করে,—পীড়িতের পীড়া নিবারণের জন্য যত্ন না করে.—যদি কোন প্রকার অনুরোধের বশীভত হইয়া সত্য কথা বলিতে পরাঙ্মুখ হয়, তবে যত শীঘ্র বঙ্গদর্শন বঙ্গভূমি হইতে লাপ্ত হয়, ততই ভাল। যে কণ্ঠ হইতে কাতরের জন্য কাতরোজি निःमुख ना रहेन, रेम कफे तृष रेखेक। या लिथनी आरखें त छेमका तार्थ ना निधिन, रम लिथनी निष्यना रुपेक। याँराता नौर, जाँराता यारा रुष्टा विनादन, आमता क्रींक विद्युरना करित ना। যাঁহারা মহৎ, তাঁহারা আমাদিগকে দ্রান্ত বলিয়া মার্চ্জনা করিবেন,—এই ভিক্ষা। আমরা জানিয়া শ্রনিয়া কোন অযথার্থেয়িক্ত করিব না। বরং আমাদিগের শ্রম দেখাইয়া দিলে, কুতজ্ঞ হইয়া তাহা দ্বীকার করিব। যতক্ষণ না যে দ্রম দেখিব, ততক্ষণ যাহা বলিব, মুক্তকণ্ঠেই বলিব।

আমাদিগের বিশেষ বক্তব্য এই, আমরা যাহা বলিতেছি, তাহা 'জমীদার সম্প্রদায়' সম্বন্ধে বিলিতেছি না। যদি কেহ বলেন, জমীদার মাত্রেই দ্রোত্মা বা অত্যাচারী, তিনি নিতান্ত মিথ্যাবাদী। অনেক জমীদার সদাশায়, প্রজাবংসল এবং সত্যানিষ্ঠ। স্কুতরাং তাহাদিগের সম্বন্ধে এই প্রবন্ধপ্রকাশিত কথাসালি বক্তে না। কতকগালি জমীদার অত্যাচারী; তাহারা এই প্রবন্ধের লক্ষ্য। আমরা সংক্ষেপের জন্য এ কথা আগেই বলিয়া রাখিলাম। যেখানে জমীদার বলিয়াছি বা বলিব, সেইখানে ঐ অত্যাচারী জমীদারগালিই ব্ঝাইবে। পাঠক মহাশায় 'জমীদার সম্প্রদায়' ব্রিব্যাবন না।

বাঙ্গালী কৃষক যাহা ভূমি হইতে উৎপন্ন করে, তাহা কিছু অধিক নহে। তাহা হইতে প্রথমতঃ চাষের খরচ কুলাইতে হয়। তাহা অলপ নহে। বীজের ম্লা পোষাইতে হইবে, কৃষাণের বেতন দিতে হইবে, গোরার খোরাক আছে; এ প্রকার অন্যান্য খরচও আছে। তাহা বাদে যাহা থাকে, তাহা প্রথমে মহাজন আটক করে। বর্ষাকালে ধার করিয়া খাইয়াছে, মহাজনকে তাহা পরিশোধ করিতে হইবে। কেবল পরিশোধ নহে, দেড়ী স্দ দিতে হইবে। শ্রাবা মাসে দ্ই বিশ ধান লইয়াছে বিলায়া, পৌষ মাসে তিন বিশ দিতে হইবে। যাহা রহিল, তাহা অলপ। তাহা হইতে জমীদারকে খাজনা দিতে হইবে। তাহা দিল। পরে যাহা বাকি রহিল—অলপাবিশিন্ট, অলপ খ্দের খ্দ, চন্বিত ইক্রের রস, শ্বেক পলবলের ম্ত্রিকাগত বারি—তাহাতে অতি কন্টে দিনপাত হইতে পারে, অথবা দিনপাত হইতে পারে না। তাহাই কি কৃষকের ঘরে যায়? পাঠক মহাশায় দেখনে।

পৌষ মাসে ধান কাঢিয়াই কৃষকে পৌষের কিন্তি খাজনা দিল। কেহ কিন্তি পরিশোধ করিল
—কাছারও বাকি রহিল। ধান পালা দিয়া, আছড়াইয়া, গোলায় তুলিয়া, সময়মতে হাটে লইয়া
গিয়া, বিক্রম করিয়া কৃষক সম্বংসরের খাজনা পরিশোধ করিতে চৈত্র মাসে জমীদারের কাছারিতে

विविध প্रवन्ध-वक्रप्रत्मन कृषक

আসিল। পরাণ মণ্ডলের পোঁষের কিন্তি পাঁচ টাকা; চারি টাকা দিয়াছে, এক টাকা বাকি আছে। আর চৈত্রের কিন্তি তিন টাকা। মোটে চারি টাকা সে দিতে আসিয়াছে। গোমস্তা হিসাব করিতে বিসলেন। হিসাব করিয়ে বিললেন, "তোমার পোঁষের কিন্তি তিন টাকা বাকি আছে।" পরাণ মণ্ডল অনেক চীংকার করিল—দোহাই পাড়িল—হয় ত দাখিলা দেখাইতে পারিল, নয় ত না। হয় ত গোমস্তা দাখিলা দেয় নাই, নয় ত চারি টাকা লইয়া, দাখিলায় দয়ই টাকা লিখিয়া দিয়াছে। যাহা হউক, তিন টাকা বাকি স্বীকার না করিলে সে আখিরি কবচ পায় না। হয় ত তাহা না দিলে গোমস্তা সেই তিন টাকাকে তের টাকা করিয়া নালিশ করিবে। স্তরং পরাণ মণ্ডল তিন টাকা বাকি স্বীকার করিল। মনে কয়, তিন টাকাই তাহার যথার্থ দেনা। তখন গোমস্তা সদে কবিল। জমীদারী নিরিখ টাকায় চারি আনা। তিন বংসরেও চারি আনা, এক মাসেও চারি আনা। তিন টাকা বাকির সমৃদ ৮০ আনা। পরাণ তিন টাকা বার আনা দিল। পরে চৈর কিন্তি তিন টাকা দিল। তাহার পর গোমস্তার হিসাবানা। তাহা টাকায় দৢই পয়সা। পরাণ মণ্ডল ৩২ টাকার জমা রাখে। তাহাকে হিসাবানা ১ টাকা দিতে হইল। তাহার পর পার্থা গাম হইতে এত টাকা আদায় হইল। সকলে ভাগ করিয়া লইলেন। পরাণ মণ্ডলকে তজ্জনা আর দুই টাকা দিতে হইল।

এ সকল দোরাত্ম জমীদারের অভিপ্রায়ান্সারে হয় না, তাহা স্বীকার করি। তিনি ইহার মধ্যে ন্যায্য খাজনা এবং স্কুদ ভিন্ন আর কিছুই পাইলেন না, অবশিষ্ট সকল নাএব গোমস্তার উদরে গেল। সে কাহার দোষ? জমীদার যে বেতনে দ্বারবান রাখেন, নাএবেরও সেই বেতন; গোমস্তার বেতন খানসামার বেতন অপেক্ষা কিছু কম। স্তুরাং এ সব না করিলে তাহাদের দিনপাত হয় কি প্রকারে? এ সকল জমীদারের আজ্ঞান্সারে হয় না বটে, কিন্তু তাহার কার্পদাের ফল। প্রজার নিকট হইতে তাহার লােকে আপন উদরপ্তির জন্য অপহরণ করিতেছে, তাহাতে তাহার ক্ষতি কি? তাহার কথা কহিবার কি প্রয়োজন আছে?

তাহার পর আষাঢ় মাসে নববর্ষের শুভ প্রদাহ উপস্থিত। পরাণ প্রাণাহের কিন্তিতে দুই টাকা খাজানা দিয়া থাকে। তাহা ত সে দিল, কিন্তু সে কেবল খাজানা। শুভ প্রাণাহের দিনে জমীদারকে কিছু নজর দিতে হইবে। তাহাও দিল। হয় ত জমীদারেরা অনেক শরিক, প্রত্যেককে পৃথক্ নজর দিতে হয়। তাহাও দিল। তাহার পর নাএব মহাশয় আছেন—তাঁহাকেও কিছু নজর দিতে হইবে। তাহাও দিল। পরে গোমস্তা মহাশরেরা, তাঁহাদের ন্যায় পাওনা তাঁহারা পাইলেন। যে প্রজার অর্থ নজর দিতে দিতে ফ্রাইয়া গোল—তাহার কাছে বাকি রহিল। সময়ান্তরে আদার হইবে।

পরাণ মন্ডল সব দিয়া থ্ইয়া ঘরে গিয়া দেখিল, আর আহারের উপার নাই। এদিকে চাষের সময় উপস্থিত। তাহার খরচ আছে। কিন্তু ইহাতে পরাণ ভণত নহে। এ ত প্রতি বংসরই ঘটিয়া থাকে। ভরসা মহাজন। পরাণ মহাজনের কাছে গোল। দেড়ী স্দুদে ধান লইয়া আসিল, আবার আগামী বংসর তাহা স্দুদ সমেত শাধ্যা নিঃস্ব হইবে। চাষা চিরকাল ধার করিয়া খায়, চিরকাল দেড়ী স্দুদ দেয়। ইহাতে রাজার নিঃস্ব হইবার সম্ভাবনা, চাষা কোন ছার! হয় ত জমীদার নিজেই মহাজন। গ্রামের মধ্যে তাঁহার ধানের গোলা ও গোলাবাড়ী আছে। পরাণ সেইখান হইতে ধান লইয়া আসিল। এর্শ জমীদারের ব্যবসায় মন্দ নহে। স্বয়ং প্রজার অর্থাপহরণ করিয়া, তাহাকে নিঃস্ব করিয়া, পরিশেষে কর্ম্প দিয়া, তাহার কাছে দেড়ী স্দুদ ভোগ করেন। এমত অবস্থায় যত শীঘ্র প্রজার অর্থা অপহত করিতে পারেন, ততই তাঁহার লাভ।

সকল বংসর সমান নহে। কোন বংসর উত্তম ফসল জন্মে, কোন বংসর জন্মে না। অতিবৃণ্টি আছে, অনাবৃণ্টি আছে, অকালবৃণ্টি আছে, বন্যা আছে, পঙ্গপালের দোরাত্মা আছে, অন্য কীটের দোরাত্মাও আছে। বাদ ফসলের স্বলক্ষণ দেখে, তবেই মহাজন কম্জ দেয়; নচেৎ দেয় না। কেন না, মহাজন বিলক্ষণ জানে বে, ফসল না হইলে কৃষক ঋণ পরিশোধ করিতে পারিবে না। তখন কৃষক নির্পায়। অলাভাবে সপরিবারে প্রাণে মারা যায়। কখন ভরসার মধ্যে বন্য অথাদ্য ফলম্ল, কখন ভরসা "রিলিফ", কখন ভিক্ষা, কখন ভরসা কেবল জগদীশ্বর। অলপসংখ্যক মহাত্মা ভিন্ন কোন জমীদারই এমন দ্বসময়ে প্রজার ভরসার ভূল নহে। মনে কর, সে বার স্বংসর। পরাণ মন্ডল কম্জ পাইয়া দিনপাত করিতে লাগিল।

ৰণ্কিম রচনাবলী

পরে ভারের কিন্তি আসিল। পরাণের কিছু নাই, দিতে পারিল না। পাইক, পিরাদা, নগদী, হালশাহানা, কোটাল বা তদ্রপ কোন নামধারী মহাত্মা তাগাদায় আসিলেন। হয় ত কিছ্ব করিতে না পারিয়া, ভাল মান্থের মত ফিরিয়া গোলেন। নয় ত পরাণ কম্প করিয়া টাকা দিল। নয় ত পরাণের দূর্ব দ্বি ঘটিল—সে পিয়াদার সঙ্গে বচসা করিল। পিয়াদা ফিরিয়া গিয়া গোমস্তাকে বলিল, "পরাণ মণ্ডল আপনাকে শালা বলিয়াছে।" তখন পরাণকে ধরিতে তিন জন পিয়াদা ছ, ডিল। তাহারা পরাণকে মাটিছাডা করিয়া লইয়া আসিল। কাছারিতে আসিয়াই পরাণ কিছু সুসভা গালিগালাজ শুনিল—শ্রীরেও কিছু উত্তম মধ্যম ধারণ করিল। গোমস্তা তাহার পাঁচ গণে জরিমানা করিলেন। তাহার উপর পিয়াদার রোজ। পিয়াদাদিগের প্রতি হুকুম হইল, উহাকে বসাইয়া রাখিয়া আদায় কর। যদি পরাণের কেহ হিতৈষী থাকে. তবে টাকা দিয়া খালাস করিয়া আনিল। নচেৎ পরাণ এক দিন, দুই দিন, তিন দিন, পাঁচ দিন, সাত দিন কাছারিতে রহিল। হয় ত পরাণের মা কিম্বা ভাই থানায় গিয়া এজেহার করিল। भव देन स्थिकेत भरामा कराम थानारमत जना कन एकेवन भाठादेखन। कन एकेवन भारविक मार्टिय-पिन দুনিয়ার মালিক-কাছারিতে আসিয়া জাঁকিয়া বসিলেন। পরাণ তাঁহার কাছেই বসিয়া-একট কাদা কাটা আরম্ভ করিল। কন্ ভেবল সাহেব একটা ধ্রমপান করিতে লাগিলেন—কিন্তু "কয়েদ খালাসের" কোন কথা নাই। তিনিই জমীদারের বেতনভুক্—বংসরে দুই তিন বার পার্ব্বণী পান, বড় উড়িবার বল নাই। সে দিনও সর্বাস,খময় পরমপবিত্রম,ত্তি রোপাচক্রের দর্শন পাইলেন। এই আশ্চর্য্য চক্র দৃষ্টিমাত্রেই মনুষ্যের হৃদয়ে আনন্দরসের সন্ধার হয়—ভক্তি প্রীতির উদয় হয়। তিনি গোমস্তার প্রতি প্রীত হইয়া থানায় গিয়া প্রবেশ করিলেন "কেহ কয়েদ ছিল না। পরাণ মন্ডল ফেরেব্বাজ লোক—সে প্রকর-ধারে তালতলায় লুকাইয়াছিল—আমি ডাক দিবা মাত্র সেইখান হইতে আসিয়া আমাকে দেখা দিল।" মোকন্দমা ফাঁসিয়া গেল।

প্রজা ধরিয়া লইয়া গিয়া, কাছারিতে আটক রাখা, মারপিট করা, জরিমানা করা, কেবল খাজানা বাকির জন্য হয়, এমত নহে। যে সে কারণে হয়। আজি গোপাল মণ্ডল গোমস্তা মহাশয়কে কিঞিং প্রণামী দিয়া নালিশ করিয়াছে যে, "পরাণ আমাকে লইয়া খায় না"—তখনই পরাণ ধৃত হইয়া আসিল। আজি নেপাল মণ্ডল ঐর্প মঙ্গলাচরণ করিয়া নালিশ করিল যে. "পরাণ আমার ভগিনীর সঙ্গে প্রসন্তি করিয়াছে"—অমনি পরাণ গ্রেপ্তার হইয়া আবদ্ধ হইল। আজি সম্বাদ আসিল, পরাণের বিধবা দ্রাত্বধ্ গর্ভবিতী হইয়াছে—অমনি পরাণকে ধরিতে ছুটিল। আজ পরাণ জমীদারের হইয়া মিথ্যা সাক্ষ্য দিতে নারাজ, অমনি তাহাকে ধরিতে লোক ছুটিল।

গোমন্তা মহাশর, পরাণের কাছে টাকা আদার করিয়াই হউক বা জামিন লইয়াই হউক বা কিন্তিবন্দী করিয়াই হউক বা সময়ান্তরে বিহিত করিবার আশায়ই হউক, প্রনর্থার প্রালশ আসার আশালমাই হউক বা বহুকাল আবদ্ধ রাখায় কোন ফল নাই বলিয়াই হউক, পরাণ মন্ডলকে ছাড়িয়া দিলেন। পরাণ ঘরে গিয়া চাষ আবাদে প্রবৃত্ত হইল। উত্তম ফসল জান্মল। অগ্রহায়ণ মাসে জমীদারের দেখিহালীর বিবাহ বা দ্রাতৃষ্পুরের অল্পপ্রাশন। বরান্দ দুই হাজার টাকা, মহালে মাঙ্গন চড়িল। সকল প্রজা টাকার উপর । দিবে। তাহাতে পাঁচ হাজার টাকা উঠিবে, দুই হাজার অল্পপ্রশালনের খরচ লাগিবে—তিন হাজার জমীদারের সিন্দুকে উঠিবে।

যে প্রজা পারিল, সে দিল—পরাণ মন্ডলের আর কিছুই নাই—সে দিতে পারিল না। জমিদারী হইতে প্রা পাঁচ হাজার টাকা আদার হইল না। শ্রনিয়া জমীদার স্থির করিলেন, একবার স্বয়ং মহালে পদার্পণ করিবেন। তাঁহার আগমন হইল—গ্রাম পবিত্র হইল।

তথন বড় বড় কালো কালো পাঁটা আনিয়া, মন্ডলেরা কাছারির দ্বারে বাঁধিয়া ঘাইতে লাগিল। বড় বড় জীবস্ত রুই, কাতলা, মৃগাল, উঠানে পড়িয়া ল্যান্ড আছড়াইতে লাগিল। বড় বড় কালো কালো বার্ত্তাকু, গোল আলু, কপি, কলাইস্ফাটিতে ঘর প্রারিয়া ঘাইতে লাগিল। দাঁধ দ্বন্ধ ঘ্ত নবনীতের ত কথা নাই। প্রজাদিগের ভক্তি অচলা, কিন্তু বাব্র উদর তেমন নহে। বাব্র কথা দ্বের থাকুক, পাইক-পিয়াদার পর্যান্ত উদরাময়ের লক্ষণ দেখা যাইতে লাগিল।

কিন্তু সে সকল ত বাজে কথা। আসল কথা, জমীদারকে "আগমনী," "নজর" বা "সেলামি" দিতে হইবে। আবার টাকার অঙ্কে ৮০ বাসল। কিন্তু সকলে এত পারে না। যে পারিল, সে দিল। যে পারিল না, সে কাছারিতে করেল হইল, অথবা তাহার দেনা বাকির সামিল হইল।

विविध श्रवक्ष वक्रापरगत्र कृषक

পরাণ মণ্ডল দিতে পারিল না। কিন্তু তাহার ক্ষেত্রে উত্তম ফসল হইয়াছে। তাহাতে গোমস্তার চোথ পড়িল। তিনি আট আনার স্ট্যাম্প থরচ করিয়া, উপযুক্ত আদালতে "লোক সহায়তার" প্রার্থনায় দরখাস্ত করিলেন। দরখাস্তের তাৎপর্য্য এই, "পরাণ মণ্ডলের নিকট খাজনা বাকি, আমরা তাহার খান্য লোক করিব। কিন্তু পরাণ বড় দাঙ্গাবাজ লোক, লোক করিলে দাঙ্গা হাঙ্গামা খুন জখম করিবে বলিয়া লোক জমায়েত করিয়াছে। অতএব আদালত হইতে পিয়াদা মোকরর হউক।" গোমস্তা নিরীহ ভাল মানুষ, কেবল পরাণ মণ্ডলেরই যত অত্যাচার। স্তরাং আদালত হইতে পিয়াদা নিযুক্ত হইল। পিয়াদা ক্ষেত্রে উপস্থিত হইয়াই মায়াময় রোপ্যচক্রের মায়ায় অভিভূত হইল। দাঁড়াইয়া থাকিয়া পরাণের ধানগর্বালন কাটাইয়া জমীদারের কাছারিতে পাঠাইয়া দিল। ইহার নাম "লোক সহায়তা"।

পরাণ দেখিল, সর্ব্বাহ্ন গেল। মহাজনের ঋণও পরিশোধ করিতে পারিব না, জমীদারের খাজানাও দিতে পারিব না, পেটেও খাইতে পাইব না। এত দিন পরাণ সহিয়াছিল—কুমীরের সঙ্গেব দি করিয়া জলে বাস করা চলে না। পরাণ মন্ডল শর্নিল যে, ইহার জন্য নালিশ চলে। পরাণ নালিশ করিয়া দেখিবে। কিন্তু সে ত সোজা কথা নহে। আদালত এবং বারাঙ্গনার মন্দির তুল্য; অর্থ নহিলে প্রবেশের উপায় নাই। ত্যান্দেপর মূল্য চাই; উকীলের ফিস্ চাই; আসামী সাক্ষীর তলবানা চাই; সাক্ষীর খোরাকি চাই; সাক্ষীদের পারিতোষিক আছে; হয় ত আমীন-খরচা লাগিবে; এবং আদালতের পিয়াদা ও আমলাবর্গ কিছু কিছুর প্রত্যাশা রাখেন। পরাণ নিঃস্ব।—তথাপি হাল বলদ ঘটি বাটি বেচিয়া আদালতে নালিশ করিল। ইহা অপেক্ষা তাহার গলায় দডি দিয়া মরা ভাল ছিল।

অমনি জমীদারের পক্ষ হইতে পাল্টা নালিশ হইল যে, পরাণ মণ্ডল ক্রেল অদলে করিয়া সকল ধান কাটিয়া লইয়া বিক্রয় করিয়াছে। সাক্ষীয়া সকল জমীদারের প্রজা—সন্তরাং জমীদারের বশীভূত —য়েহে নহে—ভয়ে বশীভূত। সন্তরাং তাঁহার পক্ষেই সাক্ষ্য দিল। পিয়াদা মহাশয় রৌপায়ন্দে সেই পথবত্তী। সকলেই বলিল, পরাণ ক্রোক অদলে করিয়া ধান কাটিয়া বেচিয়াছে। জমীদারের নালিশ ডিক্রী হইল, পরাণের নালিশ ডিস্মিস্ হইল। ইহাতে পরাণের লাভ প্রথমতঃ, জমীদারেক ক্ষতিপ্রেণ দিতে হইল, শ্বিতীয়তঃ, দ্বই মোকন্দমাতেই জমীদারের খরচা দিতে হইল, তৃতীয়তঃ, দ্বই মোকন্দমাতেই কিজের খরচা দিতে হইল, তৃতীয়তঃ, দ্বই মোকন্দমাতেই নিজের খরচা ঘর হইতে গেল।

পরাণের আর এক পয়সা নাই, কোথা হইতে এত টাকা দিবে? যদি জমী বেচিয়া দিতে পারিল, তবে দিল, নচেৎ জেলে গেল, অথবা দেশতাগ করিয়া পলায়ন করিল।

আমরা এমত বলি না যে, এই অত্যাচারগালিন সকলই এক জন প্রজার প্রতি এক বংসর মধ্যে হইয়া থাকে বা সকল জমীদারই এর্প করিয়া থাকেন। তাহা হইলে, দেশ রক্ষা হইত না। পরাদ মন্ডল কলিপত ব্যক্তি—একটি কলিপত প্রজাকে উপলক্ষ করিয়া প্রজার উপর সচরাচর অত্যাচার-পরায়ণ জমীদারেরা যত প্রকার অত্যাচার করিয়া থাকেন, তাহা বিবৃত করাই আমাদের উদ্দেশ্য। আজি এক জনের উপর একর্প, কাল অন্য প্রজার উপর অনার্প পীড়ন হইয়া থাকে।

জমীদার্রাদণের সকল প্রকার দৌরান্ম্যের কথা যে বলিয়া উঠিতে পারিয়াছি, এমত নহে। জমীদার্রাবশেষে, প্রদেশবিশেষে, সমর্যবশেষে যে কত রক্মে টাকা আদায় করা হয়, তাহার তালিকা করিয়া সমাপ্ত করা যায় না। সর্বাব্ত এক নিয়ম নহে; এক স্থানে সকলের এক নিয়ম নহে: অনেকের কোন নিয়মই নাই, যখন যাহা পারেন, আদায় করেন। দৃষ্টাস্তস্বর্প আমরা একটি যথার্থ ঘটনা বিবৃত করিয়া একখানি তালিকা উদ্ধৃত করিব।

যে প্রদেশ গত বৎসর* ভয়ানক বন্যায় ভূবিয়া গিয়াছিল, সেই প্রদেশের একথানি গ্রামে এই ঘটনা হইয়াছিল। গ্রামের নাম বিনি জানিতে চাহেন, তিনি গত ৩১ আগন্টের অব্জব্ধরের ১৩১ প্রতা পাঠ করিবেন। বন্যায় অত্যন্ত জলব্দ্ধি হইল। গ্রামখানি সম্প্রমধান্ত ছীপের ন্যায় জলে ভাসিতে লাগিল। গ্রামন্ত প্রজাদিগের ধান সকল ভূবিয়া গোল। গোর্ সকল অনাহারে মরিয়া যাইতে লাগিল। প্রজাগণ শশব্যন্ত। সে সময়ে জমীদারের কর্তবা, অর্থদানে, খাদ্যদানে প্রজাদিগের সাহায্য করা। তাহা দ্বে থাক, খাজনা মাপ করিলেও অনেক উপকার হয়। তাহাও

^{*} जन ১२9४।

विष्क्रभ ब्रह्मावनी

দ্বে থাক, খাজানাটা দ্বিদন রহিয়া বসিয়া লইলেও কিছু উপকার হয়। কিন্তু রহিয়া বসিয়া খাজানা লওয়া দ্বে থাক, গোমস্তা মহাশরেরা সেই সময়ে পাইক পিয়াদার সঙ্গে বাজে আদায়ের জন্য আসিয়া দলবল সহ উপন্থিত হইলেন। গ্রামে মোটে ১২।১৪ জন খোদকান্ত প্রজা, এবং ১২।১৪ জন কৃষাণ প্রভৃতি অপর লোক। একটি তালিকা করিয়া ইহাদের নিকট ৫৪% আদায় করিতে বসিলেন। সে তালিকা এই;—

নায়েবের প্রাণ্যাহের নজর	•••	•••	৬৻
জমীদারদিগের পাঁচ শরিকের নজর	***	•••	Ġ _\
গোমস্তাদিগের নজর	•••	•••	٤,
প্রাণ্যাহের পিয়াদার তলবানা	•••	•••	5,
গোপালনগরে বাঁশ ঢোলাইয়ের খরচ	•••	•••	٥,
আষাঢ় কিস্তির পিয়াদার তলবানা	•••	•••	4/0
ভাদ্রের কিস্তির পিয়াদার তলবানা	•••	•••	51/0
নৌকা ভাড়া	•••	•••	>11°
সদর আমলার প্জার পার্বণী	•••	•••	৬॥৽
কাছারির জ্মাদার	•••	•••	2/
ঐ হালশাহানা	•••	•••	5,
পাঁচ শরিকের পার্ব্বদী	•••	•••	¢,
শ্রীরাম সেন, হেড্ মুহুরি	•••	•••	۵,
জমীদারের পুরোহিতের ভিক্ষা		•••	٤,
গোমস্তাদের ভিক্ষা	•••	•••	52,
মুহুরিদের ভিক্ষা বরকন্দাজদিগের দোলের পার্বণী	•••	•••	ં
বরকন্দার্জাদগের দোলের পার্ব্বণী	•••	•••	٥,
ডাকটেক্স		***	૭(
		-	

68%

এই দ্বংখের সময়ে প্রজাদিগের উপর টাকায় তিন আনা করিয়া বাজে আদায় পড়তা পড়িল। আদায় করা দ্বংসাধ্য; কিন্তু গোমস্তারা অসাধ্যও সাধন করিয়া থাকেন। প্রজারা কায়রেশে মেকেপেতে, বেচে কিনে, হাওলাত বরাত করিয়া, ঐ টাকা দিল। লোকে মনে করিবে, মন্মাদেহে সহ্য অত্যাচারের চরম হইয়াছে। কিন্তু গোমন্তা মহাশরেরা তাহা মনে করিলেন না। তাঁহারা জানেন, একটি একটি প্রজা একটি একটি কুবের। যে দিন টাকায় তিন আনা হারে ৫৪% আদায় করিয়া লইয়া গেলেন, তাহার ৪।৫ দিন মধ্যেই আবার উপস্থিত। বাব্বদের কন্যার বিবাহ। আর ৪০ টাকা তুলিয়া দিতে হইবে।

প্রজারা নির্পায়। তাহারা একখানা নোকা সংগ্রহ করিয়াু নীলকুঠিতে গিয়া কল্জ চাহিল।

কৰ্জ পাইল না। মহাজনের কাছে হাত পাতিল—মহাজনও বিমুখ ইইল।

তখন অগত্যা প্রজারা শেষ উপার অবলম্বন করিল—ফৌজদারিতে গিয়া নালিশ করিল। ম্যাজিপ্টেট্ সাহেব আসামীদিগকে সাজা দিলেন। আসামীরা আপিল করিল, জজ সাহেব বিলিলেন. "প্রজাদিগের উপর অত্যন্ত অত্যাচার হইরাছে বটে, কিন্তু আইন অনুসারে আমি আসামীদিগকে খালাস দিলাম।" স্ক্রিচার হইল। কে না জানে, বিচারের উপ্পেশ্য আসামীখালাস?

এটি উপন্যাস নহে। আমরা ইন্ডিয়ান্ অব্জব্ধর্ হইতে ইহা উদ্ধৃত করিলাম। দৃষ্ট লোক সকল সম্প্রদায়মধ্যেই আছে, দৃই একজন দৃষ্ট লোকের দৃষ্পর্ম উদাহরণ-স্বর্প উল্লেখ করিয়া সম্প্রদায়ের প্রতি দোষারোপ করা অবিচার। যদি এ উদাহরণ সের্প হইত, তাহা হইলে ইহা আমরা প্রয়োগ করিতাম না। এ তাহা নহে—এর্প ঘটনা সচরাচর ঘটিতেছে। যাঁহারা ইহা অস্বীকার করেন, তাঁহারা পল্পীগ্রামের অবস্থা কিছুই জ্ঞানেন না।

উপরে লিখিত তালিকার শেষ বিষয়টির উপর পাঠক একবার দ্ভিগাত করিবেন,—

विविध श्रवश्च-वक्राम्यव क्रमक

"ডাকটেক্স"। গবর্ণ মেণ্ট নানাবিধ কর বসাইতেছেন, জমীদারেরা তাহা লইয়া মহা কোলাহল করিয়া থাকেন। কিন্তু তাঁহারা সকলেই কি ঘর হইতে টেক্স দিয়া থাকেন? ঐ "ডাকটেক্স" কথাটি তাহার প্রমাণ। গবর্ণ মেণ্ট বিধান করিলেন, মফঃস্বলে ডাক চলিবে, জমীদারেরা তাহার খরচা দিবেন। জমীদারেরা মনে মনে বলিলেন, "ভাল, দিতে হয় দিব, কিন্তু ঘরে থেকে দিব না। আমরাও প্রজাদের উপর টেক্স বসাইব। যদি বসাইতে হইল, তবে একট্ চাপাইয়া বসাই, যেন কিছু ম্নাফা থাকে।" তাহাই করিলেন। প্রজার খরচে ডাক চলিতে লাগিল—জমীদারেরা মাঝে থাকিয়া কিছু লাভ করিলেন। গবর্ণ মেণ্ট যখন টেক্স বসান, একবার যেন ভাবিয়া দেখেন, কাহার ঘাড়ে পড়ে।

ইন্কম্টেক্সও ঐর্প। প্রজারা জমীদারের ইন্কম্টেক্স দেয়। এবং জমীদার তাহা হইতে

কিছু মুনাফা রাখেন।

খাস মহল যাঁহারা গ্রহণ করেন, তাঁহাদিগকে রোড্ ফণ্ড্ দিতে হয়। ঐ রোড্ ফণ্ড্ আমরা ভূস্বামীর জ্মাওয়াশীল বাকিভুক্ত দেখিয়াছি।

রোড্রেসন্ এই প্রবন্ধ লিপির সময় পর্যান্ত গবর্ণমেণ্ট্ কোথাও হইতে আদায় করেন নাই। কিন্তু জমীদারেরা কেহ কেহ আদায় করিতেছেন। আদায় করিবার অধিকার আছে, কিন্তু তাহা টাকায় এক পয়সার অধিক হইতে পারে না। এক জেলায় এক জন জমীদার ইহার মধ্যে টাকায় চারি আনা আদায় করিতে আরম্ভ করিলেন। এক জন প্রজা দিতে স্বীকৃত না হওয়াতে, তাহাকে ধরিয়া আনিয়া পীড়ন আরম্ভ করিলেন। প্রজা নালিশ করিল, এবার আসামী "আইন অনুসারে" খালাস পাইল না। জমীদার মহাশয় এক্ষণে শ্রীঘরে বাস করিতেছেন।

সন্দাপেক্ষা নিন্দালিখিত "হাস্পাতালির" ব্তান্তটি কোতুকাবহ। সব্ডিবিসনের হাকিষেরা দ্বুল, ডিস্পেন্সরি করিতে বড় মজবৃত। ২৪ পরগণার কোন আসিষ্টাণ্ট্ মাজিন্ট্রেট্ শ্বীর সব ডিবিসনে একটি ডিস্পেন্সরি করিবার জন্য তৎপ্রদেশীয় জমীদারগণকে ডাকাইয়া সভা করিলেন। সকলে কিছু কিছু মাসিক চাঁদা দিতে শ্বীরুত হইয়া গেলেন। একজন বাটী গিয়া হুকুম প্রচার করিলেন যে, "আমাকে মাসে মাসে এত টাকা হাস্পাতালের জন্য চাঁদা দিতে হইবে, অতএব আজি হইতে প্রজাদিগের নিকট টাকায় /০ আনা হাস্পাতালি আদায় করিতে থাকিবে।" গোমস্তারা তদ্রপ আদায় করিতে লাগিল। এদিকে ডিস্পেন্সরির সকল যোগাড় হইয়া উঠিল না—তাহা সংস্থাপিত হইল না। স্ত্রাং ঐ জমীদারকে কথন এক পয়সা চাঁদা দিতে হইল না। কিছু প্রজাদিগের নিকট চিরকাল টাকায় এক আনা হাস্পাতালি আদায় হইতে লাগিল। কয়েক বংসর পরে জমীদার ঐ প্রজাদিগের খাজানার হার বাড়াইবার জন্য ১৮৫৯ সালের দশ আইনের নালিশ করিলেন। প্রজারা জবাব দিল যে, "আমরা চিরস্থায়ী বন্দোবস্তের সময় হইতে এক হারে খাজানা দিয়া আসিতেছি—কখন হার বাড়ে কমে নাই—স্ত্রাং আমাদিগের খাজানা বাড়িতে পারে না।" জমীদার তাহার প্রত্যুত্তর এই দিলেন যে, উহারা অমুক সন হইতে হাস্পাতালি বলিয়া /০ খাজানা বেশী দিয়া আসিতেছে। সেই হেতুতে আমি খাজানা বান্ধি করিতে চাই।

এক্ষণে জমীদার্রাদগের পক্ষে কয়েকটি কথা বালবার প্রয়োজন আছে।

প্রথমতঃ, আমরা প্রেবহি বলিরাছি যে, সকল জমীদার অত্যাচারী নহেন। দিন দিন জত্যাচারপরারণ জমীদারের সংখ্যা কমিতেছে। কলিকাতাস্থ স্বাশিক্ষিত ভূস্বামীদিগের কোন অত্যাচার নাই—যাহা আছে, তাহা তাঁহাদিগের অজ্ঞাতে এবং অভিমতবির্দ্ধে, নারেব গোমন্তা গণের দ্বারার হর। মফঃস্বলেও অনেক স্বাশিক্ষিত জমীদার আছেন, তাঁহাদিগেরও প্রার ঐর্প। বড় বড় জমীদারদিগের অত্যাচার তত অথিক নহে;—অনেক বড় বড় ঘরে অত্যাচার একেবারে নাই। সামান্য সামান্য ঘরেই অত্যাচার অধক। যাঁহার জমীদারী হইতে লক্ষ টাকা আইসে—অধন্ধাচরণ করিরা প্রজাদিগের নিকট আর ২৫ হাজার টাকা লইবার জন্য তাঁহার মনে প্রবৃত্তি দ্বর্শ্বলা হইবারই সম্ভাবনা, কিন্তু যাঁহার জমীদারী হইতে বার মাসে শত টাকা আলে না, অথচ জমীদারী চাল-চলনে চলিতে হইবে, মার্রাপিট করিয়া আর কিছ্ সংগ্রহ করিবার ইচ্ছা তাঁহাতে স্বতরাং বলবতী হইবে। আবার যাঁহারা নিজে জমীদার, আপন প্রজার নিকট খাজনা আদার করেন, তাঁহাদের অপেক্ষা পত্তনীদার, দরপত্তনীদার, ইজারাদারের দোরাত্ব্য অথব আমরা সংক্ষেপান্রেরেধে উপরে কেবল জমীদার শব্দ ব্যবহার করিয়াছি। জমীদার অথব

र्वाष्क्रा कानावली

করগ্রাহী বুঝিতে হইবে। ই'হারা জমীদারকে জমীদারের লাভ দিয়া, তাহার উপর লাভ ক্রিবার জন্য ইজারা পত্তনি গ্রহণ করেন সাতরাং প্রজার নিকট হইতে তাঁহাদিগকে লাভ পোষাইয়া লইতে হইবে। মধ্যবত্তী তালুকের সূজন প্রজার পক্ষে বিষম অনিষ্টকর।

দ্বিতীয়তঃ, আমরা যে সকল অত্যাচার বিবৃত করিয়াছি, তাহার অনেকই জমীদারের অজ্ঞাতে, কখন বা অভিমতবির দ্বে, নায়েব গোমস্তা প্রভৃতি দ্বারা হইয়া থাকে। প্রজার উপর যে কোনর প

পীড়ন হয়, অনেকেই তাহা জানেন না।

তৃতীয়তঃ, অনেক জমীদারীর প্রজাও ভাল নহে। পীড়ন না করিলে খাজানা দেয় না। সকলের উপর নালিশ করিয়া খাজানা আদায় করিতে গেলে জমীদারের সর্বনাশ হয়। কিন্তু এতংসম্বন্ধে ইহাও বক্তব্য যে, প্রজার উপর আগে অত্যাচার না হইলে, তাহারা বিরুদ্ধভাব ধারণ করে না।

याँदाता जमीमार्तामगरक रकवल निग्मा करतन, आमता छाँदामिरगत विरताधी। जमीमातरमत দ্বারা অনেক সংকার্য্য অনুষ্ঠিত হইতেছে। গ্রামে গ্রামে যে এক্ষণে বিদ্যালয় সংস্থাপিত হইতেছে, আপামর সাধারণ সকলেই যে আপন আপন গ্রামে বাসিয়া বিদ্যোপার্ল্জন করিতেছে. ইহা জমীদার-मिर्शत गृत्। **क्रमी**मारतता अत्नक म्हात्न िर्घिक्शाला, त्रथा, अणिथमाला हेणामित मृक्रन করিয়া সাধারণের উপকার করিতেছেন। আমাদিগের দেশের লোকের জন্য যে ভিন্নজাতীয় রাজপুরুষদিগের সমক্ষে দটো কথা বলে সে কেবল জমীদারদের ব্রিটিশ্ ইণ্ডিয়ান্ এসো-সিএশন জমীদারদের সমাজ। তম্বারা দেশের যে মঙ্গল সিদ্ধ হইতেছে, তাহা অন্য কোন সম্প্রদায় হইতে হইতেছে না বা হইবারও সম্ভাবনা দেখা যায় না। অতএব জমীদার্রাদগের কেবল নিন্দা করা অতি অন্যায়পরতার কাজ। এই সম্প্রদায়ভুক্ত কোন কোন লোকের দ্বারা যে প্রজা-পীড়ন হয়, ইহাই তাঁহাদের লম্জাজনক কলজ্ক। এই কলজ্ক অপনীত করা জমীদার্রদিগেরই হাত। যদি কোন পরিবারে পাঁচ ভাই থাকে, তাহার মধ্যে দুই ভাই দু-চরিত্র হয়, তবে আর তিন জনে দু-চরিত্র দ্রাত্দ্বয়ের চরিত্রসংশোধনজন্য যত্ন করেন। জমীদারসম্প্রদায়ের প্রতি আমাদের বক্তব্য এই যে, তাঁহারাও সেইরূপ কর্ন। সেই কথা বালবার জনাই আমাদের এ প্রবন্ধ লেখা। আমরা রাজপুরুর্যাদগকে জানাইতেছি না—জনসমাজকে জানাইতেছি না। জমীদার্বাদগের কাছেই আমাদের নালিশ। ইহা তাঁহাদিগের অসাধ্য নহে। সকল দশ্ড অপেক্ষা, আপন সম্প্রদায়ের বিরাগ, আপন সম্প্রদায়ের মধ্যে অপমান সর্ব্বাপেক্ষা গ্রহতর, এবং কার্য্যকরী। ষত কলোক চুরি করিতে ইচ্ছকে হইয়া চৌর্য্যে বিরত, তাহাদের মধ্যে অধিকাংশই প্রতিবাসী-দিগের মধ্যে চোর বলিয়া ঘূণিত হইবার ভয়ে চুরি করে না। এই দণ্ড যত কার্য্যকরী, আইনের দশ্ড তত নহে। জমীদারের পক্ষে এই দশ্ড জমীদারেরই হাত। অপর জমীদারদিগের নিকট ঘূলিত, অপমানিত, সমাজচ্যুত হইবার ভয় থাকিলে, অনেক দুর্ব্বব্র জমীদার দুর্ব্ব্রি ত্যাগ করিবে। এ কথার প্রতি মনোযোগ করিবার জন্য আমরা ব্রিটিশ্ ইন্ডিয়ান্ এসোসিয়েশন কে অনুরোধ করি। যদি তাঁহারা কুর্চারত জমীদারগণকে শাসিত করিতে পারেন, তবে দেশের যে মঙ্গল সিদ্ধ হইবে, তম্জন্য তাঁহাদিগের মাহাত্ম্য অনন্ত কাল পর্যান্ত ইতিহাসে কীর্ত্তিত হইবে। এবং তাঁহাদিগের দেশ উচ্চতর সভ্যতার পদবীতে আরোহণ করিবে। এ কাজ না হইলে, বাঙ্গালা দেশের মঙ্গলের কোন ভরসা নাই। ঘাঁহা হইতে এই কার্য্যের সূত্রপাত হইবে. তিনি বাঙ্গালীর মধ্যে শ্রেষ্ঠ বলিয়া প্রক্রিত হইবেন। কি উপায়ে এই কার্য্য সিদ্ধ হইতে পারে, তাহা অবধারিত क्दा कठिन, इंटा न्दीकाद किंद्र। कठिन, किन्नु অসাধ্য नटि। উক্ত সমাজের कार्य्याधाक्रणण स्य এ বিষয়ে অক্ষম, আমরা এমত বিশ্বাস করি না। তাঁহারা স্থাশিক্ষিত, তীক্ষাব্যদ্ধি, বহুদশী এবং কার্যাক্ষম। তাঁহারা ঐকান্তিকচিত্তে যত্ন করিলে অবশ্য উপায় স্থির হইতে পারে। আমরা যাহা কিছু এ বিষয়ে বলিতে পারি, তদপেক্ষা তাঁহাদিদের দ্বারা স্কার, প্রণালী আবিষ্কৃত हरेए**छ शा**तिरत वीनवारे आभवा स्म विस्ताद कान कथा वीननाम ना। यीन आवशाक रत्न. আমাদিগের সামান্য বৃদ্ধিতে যাহা আইসে, তাহা বলিতে প্রস্তুত আছি। এক্ষণে কেবল এই বক্তব্য ষে, তাঁহারা যদি এ বিষয়ে অনুরাগহীনতা দেখাইতে থাকেন, তাহা হইলে তাঁহাদিগেরও অখ্যাতি।

তৃতীয় পরিচ্ছেদ—প্রাকৃতিক নিয়ম

আমরা জমীদারের দোষ দিই বা রাজার দোষ দিই, ইহা অবশ্য স্বীকার করিতে হইবে যে, বঙ্গদেশের কুষকের দুর্ল্পশা আজি কালি হয় নাই। ভারতব্যবীয় ইতর লোকের অবনতি ধারাবাহিক: যত দিন হইতে ভারতবর্ষের সভ্যতার স্থিত, প্রায় তত দিন হইতে ভারতবর্ষীর কৃষকদিগের দুন্দর্শার স্ত্রপাত। পাশ্চাত্যেরা কথার বলেন, একদিনে রোমনগরী নিশ্মিত হয় नारे। अप्तर्भंत कृषकिम्लात मुन्मिमाउ मुदे अक भाग वश्मत घर्षे नारे। आध्रता भूक्य भितराक्र्रम বলিয়াছি, হিন্দুরাজার রাজ্যকালে রাজা কর্ত্তক প্রজাপীতন হইত না: কিন্তু তাহাতে এমন ব্রুঝার ना य. ज्वाल প্रজामितात वित्नय मोक्येव ছिन। এখন ताजात প্রতিনিধিন্বরূপ অনেক জমীদারে প্রজাপীড়ন করেন: তখন আর এক শ্রেণীর লোকে পীড়িত করিত। তাহারা কে, তাহা পশ্চাৎ বলিতেছি। কি কারণে ভারতবর্ষের প্রজা চিরকাল উন্নতিহীন, অদ্য আমরা তাহার অনুসন্ধানে প্রবৃত্ত হইব। বঙ্গদেশের কুষকের অবস্থানুসন্ধানই আমাদের মুখ্য উদ্দেশ্য। কিন্তু অদ্য যে সকল ঐতিহাসিক বিবরণে আমরা প্রবন্ত হইতেছি, তাহা যত দুরে বঙ্গদেশের প্রতি বর্ত্তে, সমুদায় ভারতবর্ষের প্রতি তত দরে বর্ত্তে। বঙ্গদেশে তৎসমুদায়ের যে ফল ফলিয়াছে. সমগ্র ভারতে সেই ফল ফলিয়াছে। বঙ্গদেশ ভারতের একটি খণ্ডমার বলিয়া তথায় সেই ফল र्कालग्राष्ट्र। এবং সেই ফল কেবল কৃষিজীবীর কপালেই ফালিয়াছে, এমত নহে; শ্রমজীবী-মাত্রেই সমভাগে সে ফলভোগী। অতএব আমাদিগের এই প্রস্তাব, ভারতীয় শ্রমজীবী প্রজামাত্র সম্বন্ধে অভিপ্রেত বিবেচনা করিতে হইবে। কিন্তু ভারতীয় শ্রমজীবীর মধ্যে কৃষিজীবী এত অধিক যে, অন্য শ্রমজীবীর অস্তিত্ব এ সকল আলোচনার কালে স্মরণ রাখা না রাখা সমান।

জ্ঞানব্যদ্ধিই যে সভ্যতার মূল এবং পরিমাণ, ইহা বক্লা কর্ত্তক সপ্রমাণ হইয়াছে। বক্লা বলেন যে, জ্ঞানিক উন্নতি ভিন্ন নৈতিক উন্নতি নাই। সে কথায় আমরা অনুমোদন করি না। কিন্ত জ্ঞানিক উন্নতি যে সভ্যতার কারণ, এ কথা অবশ্য স্বীকার করিতে হইবে। জ্ঞানের উন্নতি না হইলে সভাতার উন্নতি হইবে না। জ্ঞান আপনি জক্মে না: অতিশয় শ্রমলভা। কেহ যদি বিদ্যালোচনায় রত না হয়, তবে সমাজমধ্যে জ্ঞানের প্রকাশ হইবে না। কিন্তু বিদ্যালোচনার পক্ষে অবকাশ আবশ্যক। বিদ্যালোচনার প্রেবর্ণ উদরপোষণ চাই: অনাহারে কেহই জ্ঞানালোচনা করিবে না। যদি সকলকেই আহারান্থেষণে ব্যতিবাস্ত থাকিতে হর, তবে কাহারও জ্ঞানালোচনার অবকাশ হয় না। অতএব সভ্যতার স্থির পক্ষে প্রথমে আবশ্যক যে, সমান্তমধ্যে একটি সম্প্রদায় শারীরিক শ্রম ব্যতীত আত্মভর্ণপোষণে সক্ষম হইবেন। অন্যে পরিশ্রম করিবে, তাঁহারা বসিয়া বিদ্যালোচনা করিবেন। যদি শ্রমজীবীরা সকলেই কেবল আত্মভরণপোষণের যোগ্য খাদ্যোৎপন্ন করে, তাহা হইলে এরপে ঘটিবে না। কেন না, যাহা জন্মিরে, তাহা প্রমোপজীবীদের সেবার যাইবে, আর কাহারও জন্য থাকিবে না। কিন্তু যদি তাহারা আত্মভরণপোষণের প্রয়োজনীয় পরিমাণের অপেক্ষা অধিক উৎপাদন করে, তবে তাহাদিগের ভরণপোষণ বাদে কিছু, সঞ্চিত হইবে। তন্দ্রারা শ্রমবিরত ব্যক্তিরা প্রতিপালিত হইয়া বিদ্যান,শীলন করিতে পারেন। তখন জ্ঞানের উদয় সম্ভব। উৎপাদকের খাইয়া পরিয়া যাহা রহিল, তাহাকে সঞ্চয় বলা যাইতে পারে। অতএব সভাতার উদয়ের পূর্বে প্রথমে আবশাক—সামাজিক ধনসঞ্চয়।

কোন দেশে সামাজিক ধনসণ্ণয় হয়, কোন দেশে হয় না। যেথানে হয়, সে দেশ সভ্য হয়।
যে দেশে হয় না, সে দেশ অসভ্য থাকে। কি কি কারণে দেশবিশেষে আদিম ধনসণ্ডয় হইয়া
থাকে? দর্ইটি কারণ সংক্ষেপে নিন্দিণ্টি করা যাইতে পারে। প্রথম কারণ, ভূমির উব্বরতা।
যে দেশের ভূমি উব্বরা, সে দেশে সহজে অধিক শস্য উৎপন্ন হইতে পারে। সর্তরাং শ্রমপোজীবীদিগের ভরণপোষণের পর আরও কিছ্ব অবশিষ্ট থাকিয়া সণ্ণিত হইবে। দ্বিতীয় কারণ,
দেশের উব্বতা বা শীতলতা। শীতোক্ষতার ফল দ্বিবধ। প্রথমতঃ, যে দেশ উব্ব, সে দেশের
লোকের অনপাইার আবশ্যক, শীতল দেশে অধিক আহার আবশ্যক। এই কথা কতক্সালিন
ব্যাভাবিক নিয়মের উপর নির্ভর করে, তাহা এই ক্বুদ্র প্রবন্ধে লিখিবার ন্থান নাই। আমরা
এতদংশ বক্লের গ্রন্থের অন্বত্তী হইয়া লিখিতেছি; কৌত্রলাবিষ্ট পাঠক সেই গ্রন্থে
দেখিবেন যে, যে দেশের লোকের সাধারণতঃ অন্প থাদ্যের প্রয়োজন, সে দেশে শীদ্র যে সামাজিক

विष्क्य ब्रह्मावली

ধনসঞ্জয় হইবে, তদ্বিষয়ে সন্দেহ নাই। উষ্ণতার দ্বিতীয় ফল, বক্ল্ এই বলেন যে, তাপাধিকা হৈতৃ লোকের শারীরিক তাপজনক খাদ্যের তত আবশ্যকতা হয় না। যে দেশ শীতল, সে দেশে শারীরিক তাপজনক খাদ্য অধিক আবশ্যক। শারীরিক তাপ শ্বাসগত বায়্র অম্পজানের সঙ্গে শারীরস্থ দ্রব্যের কার্ন্বনের রাসায়নিক সংযোগের ফল। অতএব যে খাদ্যে কার্ন্বন অধিক আছে, তাহাই তাপজনক ভোজ্য। মাংসাদিতেই অধিক কার্ন্বন্। অতএব শীতপ্রধান দেশের লোকের মাংসাদির বিশেষ প্রয়োজন। উষ্ণদেশে মাংসাদি অপেক্ষাকৃত অনাবশ্যক—বনজের অধিক আবশ্যক। বনজ সহজে প্রাপ্য—কিন্তু পশাহ্রনন কন্টসাধ্য, এবং ভোজ্য পশান্ধভ। অতএব উষ্ণ দেশের খাদ্য অপেক্ষাকৃত স্কলভ। খাদ্য স্কলভ বলিয়া শীল্প ধনসঞ্চয় হয়।

ভারতবর্ষ উষ্ণদেশ এবং তথায় ভূমিও উর্ব্বা। স্তরাং ভারতবর্ষে অতি শীঘ্র ধনসঞ্চয় হওয়াই সম্ভব। এই জন্য ভারতবর্ষে অতি প্রেকালেই সভ্যতার অভ্যুদয় হইয়াছিল। ধনাধিক্য হৈতু একটি সম্প্রদায় কায়িক পরিশ্রম হইতে অবসর লইয়া জ্ঞানালোচনায় তৎপর হইতে পারিয়াছিলেন। তাঁহাদিগের অভ্যুক্ত ও প্রচারিত জ্ঞানের কারণেই ভারতবর্ষের সভ্যতা। পাঠক ব্রবিষাছেন যে, আমরা ব্রাহ্মণদিগের কথা বলিতেছি।

কিন্তু এইর্প প্রথমকালিক সভ্যতাই ভারতীয় প্রজার দ্বদ্ধির ম্ল। যে যে নিরমের বশে অকালে সভ্যতা জন্মিয়াছিল, সেই সেই নিরমের বশেই তাহার অধিক উন্নতি কোন কালেই হইতে পারিল না,—সেই সেই নিরমের বশেই সাধারণ প্রজার দ্বদ্ধশা ঘটিল। প্রভাতেই মেঘাচ্ছন্ন। বালতের ফলবান হওয়া ভাল নহে।

যখন জনসমাজে ধনসন্তয় হইল, তখন কাজে কাজেই সমাজ দ্বিভাগে বিভক্ত হইল। এক ভাগ শ্রম করে: এক ভাগ শ্রম করে না। এই দ্বিতীয় ভাগের শ্রম করিবার আবশ্যকতা নাই বলিয়া তাহারা করে না: প্রথম ভাগের উৎপাদিত অতিরিক্ত খাদে। তাহাদের ভরণপোষণ হয়। যাহারা শ্রম করে না, তাহারাই কেবল সাবকাশ; স্বতরাং চিন্তা, শিক্ষা ইত্যাদি তাহাদিগেরই একাধিকার। যে চিন্তা করে, শিক্ষা পায়, অর্থাৎ যাহার বৃদ্ধি মাড্জিত হয়, সে অন্যাপেক্ষা যোগ্য, এবং ক্ষমতাশালী হয়। স্তরাং সমাজমধ্যে ইহাদিগেরই প্রধানত্ব হয়। যাহারা শ্রমোপ-জীবী তাহারা ইহাদিগের বশবত্তী হইয়া শ্রম করে। তাহাদিগের জ্ঞান ও বৃদ্ধির দ্বারা শ্রমোপজীবীরা উপকৃত হয়, পুরুষ্কারম্বরূপ উহারা শ্রমোপজীবীর অজ্জিত ধনের অংশ গ্রহণ করে: শ্রমোপজীবীর ভরণপোষণের জন্য যাহা প্রয়োজনীয়, তাহার র্ফাতরিক্ত যাহা জন্মে, তাহা উহাদেরই হাতে জমে। অতএব সমাজের যে অতিরিক্ত ধন তাহা ইহাদেরই হাতে সণ্ডিত হইতে থাকে। তবে দেশের উৎপন্ন ধন দূই ভাগে বিভক্ত হয়.—এক ভাগ শ্রমোপজীবীর, এক ভাগ ব্দ্ধাপজীবীর। প্রথম ভাগ, "মজ্বারির বেতন", দ্বিতীয় ভাগ ব্যবসায়ের "ম্নাফা"।* আমরা "বৈতন" ও "মুনাফা", এই দুইটি নাম ব্যবহার করিতে থাকিব। "মুনাফা" বুদ্ধুপঞ্জীবীদের ঘরেই থাকিবে। শ্রমোপজীবীরা "বেতন" ভিন্ন "মূনাফা"র কোন অংশ পায় না। শ্রমোপ-জীবীরা সংখ্যায় যতই হউক না কেন, উৎপল্ল ধনের যে অংশটি "বেতন", সেইটিই তাহাদের মধ্যে বিভক্ত হইবে, "মুনাফা"র মধ্য হইতে এক পয়সাও তাহারা পাইবে না।

মনে কর, দেশের উৎপন্ন কোটি মুদ্রা; তন্মধ্যে পঞাশ লক্ষ "বেতন", পণ্ডাশ লক্ষ "মুনাফা"। মনে কর, দেশে পাঁচিশ লক্ষ শ্রমোপজীবী। তাহা হইলে এই পণ্ডাশ লক্ষ মুদ্রা "বেতন", পাঁচিশ লক্ষ লোকের মধ্যে ভাগ হইবে, প্রত্যেক শ্রমোপজীবীর ভাগে দুই মুদ্রা পাঁড়বে। মনে কর, হঠাং ঐ পাঁচশ লক্ষ শ্রমোপজীবীর উপর আর পাঁচশ লক্ষ লোক কোথা হইতে আসিয়া পাঁড়ল। তথন পণ্ডাশ লক্ষ শ্রমোপজীবী হইল। সেই পণ্ডাশ লক্ষ মুদ্রাই ঐ পণ্ডাশ লক্ষ লোকের মধ্যে বিভক্ত হইবে। যাহা "মুনাফা", তাহার এক পয়সাও উহাদের প্রাপ্য নহে, স্কুতরাং ঐ পণ্ডাশ লক্ষ মুদ্রার বেশী এক পয়সাও তাহাদের মধ্যে বিভাজ্য নহে। স্কুতরাং এক্ষণে প্রত্যেক শ্রমোপজীবীর ভাগ দুই মুদ্রার পরিবর্ত্তে এক মুদ্রা হইবে। কিন্তু দুই মুদ্রাই ভরণপোষণের জন্য আবশ্যক বলিয়াই তাহা পাইত। অতএব এক্ষণে তাহাদের গ্রাসাচ্ছাদনের কন্টে বিশেষ দুশ্দাশা হইবে।

^{* &}quot;ভূমির কর" এবং "স্কুদ" ইহার অন্তর্গত এ স্থলে বিবেচনা করিতে হইবে। সংক্ষেপাভিপ্রায়ে আমরা কর বা সুদের উদ্ধেখ করিলাম না।

विविध প্रवश्च-वक्रप्रत्भन्न कृषक

র্যাদ ঐ লোকাগমের সঙ্গে সঙ্গে আর কোটি মুদ্রা দেশের ধনবৃদ্ধি হইত, তাহা হইলে এ কণ্ট হইত না। পঞ্চাশ লক্ষ মুদ্রা বেতন ভাগের স্থানে কোটি মুদ্রা বেতন ভাগ হইত। তখন লোক বেশী আসাতেও সকলের দুই টাকা করিয়া কুলাইত।

অতএব দেখা যাইতেছে যে, লোকসংখ্যা বৃদ্ধি শ্রমোপজীবীদের মহৎ অনিচের কারণ। যে পরিমাণে লোকসংখ্যা বৃদ্ধি হয়, যদি সেই পরিমাণে দেশের ধনও বৃদ্ধি পায়, তবে শ্রমোপজীবীদের কোন অনিষ্ট নাই। যদি লোকসংখ্যা বৃদ্ধির অপেক্ষাও ধনবৃদ্ধি গ্রেত্র হয়, তবে শ্রমোপজীবীদের শ্রীবৃদ্ধি—যথা, ইংলণ্ড ও আমেরিকায়। আর যদি এই দ্ইয়ের একও না ঘটিয়া, ধনবৃদ্ধির অপেক্ষা লোকসংখ্যাবৃদ্ধি অধিক হয়, তবে শ্রমোপজীবীদের দৃশ্দিশা। ভারতবর্ষে প্রথমোদ্যমেই তাহাই ঘটিল।

লোকসংখ্যা বৃদ্ধি স্বাভাবিক নিয়ম। এক প্র্রুষ ও এক স্থা ইইতে অনেক সন্তান জন্ম। তাহার একটি একটি সন্তানের আবার অনেক সন্তান জন্মে। অতএব মন্মের দুন্দ্শা এক প্রকার স্বভাবের নিয়মাদিন্ট। সকল সমাজেই এই অনিন্টপাতের সন্তাবনা। কিন্তু ইহার সদ্পায় আছে। প্রকৃত সদ্পায় সঙ্গে সঙ্গে ধনবৃদ্ধি। পরস্তু যে পরিমাণে প্রজাবৃদ্ধি, সে পরিমাণে ধনবৃদ্ধি প্রায়ই ঘটিয়া উঠে না। ঘটিবার অনেক বিঘা আছে। অতএব উপায়ান্তর অবলম্বন করিতে হয়। উপায়ান্তর দুইটি মার। এক উপায় দেশীয় লোকের কিয়দংশের দেশান্তরে গমন। কোন দেশে লোকের অস্ত্র কুলায় না, অন্য দেশে অল খাইবার লোক নাই। প্রথমোক্ত দেশের লোক কতক শেষোক্ত দেশে যাউক,—তাহা হইলে প্রথমোক্ত দেশের লোকসংখ্যা কমিবে, এবং শেষোক্ত দেশের কোন অনিন্ট ঘটিবে না। এইর্পে ইংলশ্ডের মহদ্পকার হইয়াছে। ইংলশ্ডের লোক আমেরিকা, অন্যেলিয়া এবং প্থিবীর অন্যান্য ভাগে বাস করিয়াছে। তাহাতে ইংলশ্ডের শ্রীবৃদ্ধি হইয়াছে, উপনিবেশসকলেরও মঙ্গল হইয়াছে।

দ্বিতীয় উপায়, বিবাহপ্রবৃত্তির দমন। এইটি প্রধান উপায়। যদি সকলেই বিবাহ করে, তবে প্রজাব্দ্ধির সীমা থাকে না। কিন্তু যদি কতক লোক অবিবাহিত থাকে, তবে প্রজাব্দ্ধির লাঘব হয়। যে দেশে জীবনের স্বচ্ছন্দ লোকের অভ্যন্ত, যেখানে জীবিকানি-ব্বাহের সামগ্রী প্রচুর পরিমাণে আবশ্যক, এবং কন্টে আহরণীয়, সেখানকার লোকে বিবাহপ্রবৃত্তি দমন করে। পরিবার প্রতিপালনের উপায় না দেখিলে বিবাহ করে না।

ভারতবর্ষে এই দুইটির একটি উপায়ও অবলম্বিত হইতে পারে না। উষ্ণতা শরীরের গৈথিলাজনক, পরিপ্রমে অপ্রবৃত্তিদায়ক। দেশান্তরে গমন উৎসাহ, উদ্যোগ, এবং পরিপ্রমের কাজ। বিশেষ, প্রকৃতিও তাহার প্রতিক্লতাচরণ করিয়াছেন। ভারতবর্ষকে অলংঘ্য পর্বত, এবং বাত্যাসম্কূল সমন্দ্রম্যুদ্ধ করিয়া বন্ধ করিয়া রাখিয়াছেন। যবদ্বীপ, এবং বালি উপদ্বীপ ভিন্ন আর কোন হিন্দু উপনিবেশের কথা শুনা যায় না। ভারতবর্ষের ন্যায় বৃহৎ এবং প্রাচীন দেশের এইরুপ সামান্য ঔপনিবেশিক কিয়া গণনীয় নহে।

বিবাহপ্রব্,তির দমন বিষয়ে ভারতবর্ষের আরও মন্দাবস্থা। মাটি আঁচড়াইলেই শস্য জন্মে, তাহার যথিকি ওওং ভালন করিলেই শরীরের উপকার হউক, না হউক, ক্ষ্মানিব্রিত্ত এবং জ্বীবনধারণ হয়। বায়্র উক্ষতাপ্রযুক্ত পরিচ্ছেদের বাহ্লোর আবশ্যকতা নাই। স্তরাং অপকৃষ্ট জ্বীবিকা আতি স্লভ। এমত অবস্থায় পরিবার প্রতিপালনে অক্ষমতাভয়ে কেহ ভীত নহে। স্তরাং বিবাহপ্রবৃত্তিদমনে প্রজা পরাক্ষ্ম্থ হইল। প্রজাবৃদ্ধির নিবারণে কোন উপায়ই অবলন্বিত না হওয়াতে তাহার বেগ অপ্রতিহত হইল। কাজে কাজেই সভ্যতার প্রথম অভ্যুদয়ের পরেই ভারতীয় শ্রমোপজীবীর দ্বন্দাশা আরম্ভ হইল। যে ভূমির উব্বরতা ও বায়্র উক্ষতাহতুক সভ্যতার উদয়, তাহাতেই জনসাধারণের দ্বববস্থার কারণ সৃষ্ট হইল। উভয়ই অলম্ঘ্য নৈস্থিক নিয়মের ফল।

শ্রমোপজীবীর এই কারণে দৃশ্রদশার আরম্ভ। কিন্তু একবার অবনতি আরম্ভ হইলেই, সেই অবনতিরই ফলে আরপ্ত অবনতি ঘটে। শ্রমোপজীবীদিগের যে পরিমাণে দ্বরস্থা বৃদ্ধি হইতে লাগিল, সেই পরিমাণে তাহাদিগের সহিত সমাজের অন্য সম্প্রদারের তারতম্য অধিকতর হইতে লাগিল। প্রথম, ধনের তারতম্য—তংফলে অধিকারের তারতম্য। শ্রমোপজীবীরা হীন হইল বলিয়া তাহাদের উপর বৃদ্ধাপজীবীদিগের প্রভূত্ব বাড়িতে লাগিল। অধিক প্রভূত্বের ফল অধিক অত্যাচার। এই প্রভূত্বেই শ্রেপীড়ক স্মৃতিশান্তের মূল।

विष्क्य ब्रह्मावनी

আমরা যে সকল কথা বলিলাম, তাহার তিনটি গ্রন্তর তাৎপর্য্য দেখা যায়। ১। শ্রমোপজীবীদিগের অবনতির যে সকল কারণ দেখাইলাম, তাহার ফল তিবিধ। প্রথম ফল, শ্রমের বেতনের অলপতা। ইহার নামান্তর দরিদ্রতা।

দ্বিতীয় ফল, বেতনের অলপতা হইলেই পরিশ্রমের আধিক্যের আবশ্যক হয়; কেন না, যাহা কমিল, তাহা খাটিয়া পোষাইয়া লইতে হইবে। তাহাতে অবকাশের ধরংস। অবকাশের অভাবে বিদ্যালোচনার অভাব। অতএব দ্বিতীয় ফল মুখ্তা।

তৃতীয় ফল, ব্দ্ধ্যুপজীবীদিগের প্রভূত্ব এবং অত্যাচার বৃদ্ধি। ইহার নামান্তর দাসত্ব। দারিদ্র, মুর্খতা, দাসত্ব।

২। ঐ সকল ফল একবার উৎপক্ষ হইলে ভারতবর্ষের ন্যায় দেশে প্রাকৃতিক নিয়মগ**্**শে স্থায়িত্ব লাভ করিতে উন্মূখ হয়।

দেখান গিয়াছে যে. ধনসঞ্চয়ই সভ্যতার আদিম কারণ। যদি বলি যে, ধনলিপ্সা সভ্যতা-বৃদ্ধির নিত্য কারণ, তাহা হইলে অত্যক্তি হইবে না। সামাজিক উল্লাতির মূলীভূত মনুষ্যহদয়ের দুইটি বৃত্তি: প্রথম জ্ঞানলিম্সা, দ্বিতীয় ধনলিম্সা। প্রথমোক্তটি মহৎ এবং আদর্শীয়, দ্বিতীয়টি, দ্বার্থসাধক এবং নীচ বলিয়া খ্যাত। কিন্তু "History of Rationalism in Europe" নামক গ্রন্থে লেকি সাহেব বলেন যে, দুইটি বৃত্তির মধ্যে ধনলিপ্সাই মনুষ্যজাতির অধিকতর মঙ্গলকর হইয়াছে। বন্তুতঃ জ্ঞানলিম্সা কাদাচিৎক, ধর্নালম্সা সন্ধ্রসাধারণ; এ জন্য অপেক্ষাকৃত ফলোপধায়ক। দেশের উৎপল্ল ধনে জনসাধারণের গ্রাস আচ্ছাদনের কুলান হইতেছে বালিয়া সামাজিক ধর্নলিপ্সা কমে না। সর্ব্রদাই নতেন নতেন সংখের আকাঞ্চা জন্মে। পর্ব্বে যাহা নিষ্প্রয়োজনীয় বালিয়া বোধ হইত, পরে তাহা আবশ্যক বোধ হয়। তাহা পাইলে আবার অন্য সামগ্রী আবশ্যক বোধ হয়। আকাঞ্চ্নায় চেন্টা, চেন্টায় সফলতা জন্মে। স্কুতরাং সুখ এবং মঙ্গল বৃদ্ধি হইতে থাকে। অতএব সূত্রখনজ্ঞানের আকাক্ষার বৃদ্ধি সভ্যতা বৃদ্ধির পক্ষে নিতান্ত প্রয়োজনীয়। বাহ্য সূথের আকাজ্ফা পরিতপ্ত হইয়া আসিলে জ্ঞানের আকাজ্ফা, সৌন্দর্য্যের আকাষ্ট্রা, তৎসক্তে কাব্যসাহিত্যাদির প্রিয়তা এবং নানাবিধ বিদ্যার উৎপত্তি হয়। যখন লোকের সুখলালসার অভাব থাকে, তখন পরিশ্রমের প্রবৃত্তি দুর্ব্বলা হয়। উৎকর্ষ লাভের ইচ্ছাও থাকে না, তংপ্রতি যত্নও হয় না। তহিবন্ধন যে দেশে খাদ্য সূলভ, সে দেশের প্রজাবাদ্ধির নিবারণ-কারিণী প্রবৃত্তিসকলের অভাব হয়। অতএব যে "সন্তোষ" কবিদিগের অশেষ প্রশংসার স্থান, তাহা সমাজোলতির নিতান্ত অনিষ্টকারক: কবিগীতা এই প্রবৃত্তি সামাজিক জীবনের হলাহল।

লোকের অনিষ্টপূর্ণ সন্তুষ্টভাব, ভারতবর্ষের প্রাকৃতিক নিয়মগ্রণে সহজেই ঘটিল। এ দেশে তাপের কারণ অধিককাল ধরিয়া এককালীন পরিশ্রম অসহা। তংকারণ পরিশ্রমে অনিচ্ছা অভ্যাসগত হয়। সেই অভ্যাসের আরও কারণ আছে। উষ্ণদেশে শরীরমধ্যে অধিক তাপের সম্বর্ধের আবশ্যকতা হয় না বালিয়া, তথাকার লোকে যে মৃগয়াদিতে তাদৃশ রত হয় না, ইহা প্র্রেশ কথিত হইয়াছে। বন্য পশ্র হনন করিয়া খাইতে হইলে পরিশ্রম, সাহস, বল এবং কার্যাতংপরতা অভ্যন্ত হয়। ইউরোপীয় সভ্যতার একটি মূল, প্র্রেশকালীন তাদৃক্ অভ্যাস। অতএব একে শ্রমের অনাবশ্যকতা, তাহাতে শ্রমে অনিচ্ছা, ইহার পরিশাম আলস্য ও অন্বংসাহ। অভ্যাসগত আলস্য এবং অন্বংসাহেরই নামান্তর সন্তোষ। অতএব ভারতীয় প্রজার একবার দ্বন্দ্র্শা হইলে, সেই দশাতেই তাহারা সন্তুষ্ট রহিল। উদ্যমাভাবে আর উয়তি হইল না। স্বপ্ত সিংহের মূখে আহার্য্য পশ্র দ্বতঃপ্রবেশ করে না।

ভারতবর্ষের প্রাবৃত্তালোচনায় সন্তোষ সন্বন্ধে অনেকগ্নলিন বিচিত্র তত্ত্ব পাওয়া যায়। ঐহিক স্থে নিম্প্ততা, হিন্দ্ধের্ম এবং বৌদ্ধধন্ম উভয়কর্ত্বক অনুজ্ঞাত। কি রাহ্মণ, কি বৌদ্ধ, কি স্মার্ত্ত, দি দার্শনিক, সকলেই প্রাণপণে ভারতবাসীদিগকে শিখাইয়াছেন যে, ঐহিক স্থ অনাদরণীয়। ইউরোপেও ধন্মরাজকগণ কর্ত্বক ঐহিক স্থে অনাদরতত্ত্ব প্রচারিত হইয়াছিল। ইউরোপে যে রোমীয় সভ্যতা লোপের পর সহস্র বংসর মন্থায় ঐহিক অবস্থা অনুমত ছিল, এইর্প শিক্ষাই তাহার কারণ। কিন্তু যথন ইত্যালিতে প্রাচীন য্নানী সাহিত্য, য্নানী দর্শনের প্নর্ন্ম হইল, তথন তংপ্রদত্ত শিক্ষানিবন্ধন ঐহিকে বির্ন্তি ইউরোপে ক্রমে মন্দীভূত হইল। সঙ্গে সজ্য সভ্যতারও বৃদ্ধি হইল। ইউরোপে ঐ প্রবৃত্তি বন্ধম্প হইতে পারে নাই। ভারতবর্ষে ইহা মন্থের দ্বিতীয় স্বভাব স্বর্পে প্রিণত হইয়াছে। যে ভূমি

যে বৃক্ষের উপযুক্ত, সেইখানেই তাহা বদ্ধমূল হয়। এ দেশের ধর্ম্পাদ্রকর্তৃক যে নিবৃত্তিজনক শিক্ষা প্রচারিত হইল, দেশের অবস্থাই তাহার মূল; আবার সেই ধর্ম্মাশাদ্রের প্রদন্ত শিক্ষায় প্রাকৃতিক অবস্থাজন্যা নিবৃত্তি আরও দৃঢ়ীভূতা হইল।

- ৩। এই সকল কারণে শ্রমোপজীবীদিগের দ্রবিস্থা যে চিরস্থায়ী হয়, কেবল তাহাই নহে। তিয়বন্ধন সমাজের অন্য সম্প্রদায়ের লোকের গোরবের ধ্বংস হয়। যেমন এক ভাষ্ড দ্বন্ধে দ্বই এক বিন্দ্র অফল পড়িলে সকল দ্বন্ধ দিধ হয়, তেমন সমাজের এক অধ্বংশ্রেণীর দ্বন্দর্শায় সকল শ্রেণীরই দ্বন্দর্শা জন্মে।
- (ক) উপজাবিকান্সারে প্রাচীন আর্য্যেরা চারি শ্রেণীতে বিভক্ত হইয়াছিলেন—ব্রাহ্মণ, ক্ষারির, বৈশ্য, শ্রে। শ্রে অধন্তন শ্রেণী; তাহাদিগেরই দ্রুদ্রশার কথা এতক্ষণ বলিতেছিলাম। বৈশ্য বাণিজ্যব্যবসায়ী। বাণিজ্য, শ্রমেপজীবীর শ্রমোৎপক্ষ দ্রব্যের প্রাচুর্য্যের উপর নির্ভর করে। যে দেশে দেশের আবশ্যক সামগ্রীর অতিরিক্ত উৎপক্ষ না হয়, সে দেশে বাণিজ্যের উর্মাত হয় না। বাণিজ্যের উর্মাত না হইলে, বাণিজ্যব্যবসায়ীদিগের সৌষ্ঠবের হানি। লোকের অভাববৃদ্ধি, বাণিজ্যের মূল। যদি আমাদিগের অন্যদেশাংপক্ষ সামগ্রী গ্রহণেচ্ছা না থাকে, তবে কেহ অন্যদেশাংপক্ষ সামগ্রী আমাদের কাছে আনিয়া বিক্রয় করিবে না। অতএব যে দেশের লোক অভাবশ্ন্য, নিজপ্রমোৎপক্ষ সামগ্রীতে সস্কুট, সে দেশে বাণক্যদিগের শ্রীহানি অবশ্য হইবে। কেহ জিজ্ঞাসা করিতে পারেন যে, তবে কি ভারতবর্ষে বাণিজ্য ছিল না? ছিল বৈ কি। ছিল, কিন্তু ভারতবর্ষের তুল্য বিস্তৃত উর্ব্বরভূমিবিশিষ্ট বহুধনের আকর্ম্বর্ম দেশে যের্পে বাণিজ্যবাহ্না হওয়ার সম্ভাবনা ছিল,—তাহার কিছ্নই হয় নাই। অদ্য কয়েক বংসর তাহার স্ত্রপাত হইয়াছে মাত্র। বাণিজ্য হানির অন্যান্য কারণও ছিল, যথা—ধন্মশান্তের প্রতিবন্ধকতা, সমাজের অভ্যন্ত অনুংসাহ ইত্যাদি। এ প্রবন্ধে সে সকলের উল্লেখের আবশ্যক নাই।
- (খ) ক্ষতিয়েরা রাজা বা রাজপুরুষ। যদি পৃথিবীর পুরাব্তে কোন কথা নিশ্চিত প্রতিপন্ন হইয়া থাকে, তবে সে কথাটি এই যে, সাধারণ প্রজা সতেজঃ এবং রাজপ্রতিদ্বন্দী না হইলে রাজপুরুষ্ দিগের প্রভাবের উন্নতি হয় না, অবনতি হয়। যদি কেই কিছু না বলে, ताक्रभुत्रद्वता मराक्षरे स्विष्काठाती रायन। स्विष्काठाती रहेलारे आषाम् थत्रक, कार्या **भिष्कि** এবং দু, ভিন্নরান্বিত হইতে হয়। অতএব যে দেশের প্রজা নিস্তেজ, নমু, অনু, সোহী, অবিরোধী, स्मरेशात्मरे ताज्जभ्रत्त्र्विमरागत केत्र्भ म्यांचावण व्यव्यांच स्रेशात्म केत्र्यां स्रेशात्म केत्र्यां स्रेशात्म केत्र्यां स्रेशात्म केत्र्यां स्रेशात्म केत्र्यां स्रेशात्म केत्र्यां स्रेशांच्या स्रेशांच অমবন্দের কাঙ্গাল, আহারোপার্ল্জনে ব্যগ্র, এবং সন্তুষ্ট্স্বভাব, সেইখানেই তাহারা নিস্তেজ, নম্ম, অনুংসাহী, অবিরোধী। ভারতবর্ষে তাই। সেই জন্য ভারতবর্ষের রাজগণ, মহাভারতকীত্তিত বলশালী, ধার্ম্মিষ্ঠ, ইন্দ্রিয়জয়ী রাজচরিত্র হইতে মধ্যকালের কাব্যনাটকাদিচিত্রিত বলহীন, ইন্দ্রিপরবর্ণ, স্তৈণ, অকন্মঠি দুশাপ্রাপ্ত হইয়া শেষে মুসলমান-হস্তে লুপ্ত হইলেন। যে দেশে সাধারণ প্রজার অবস্থা ভাল, সে দেশে রাজপুরুহাদিগের এরূপ দুর্গতি ঘটে না। তাহারা রাজার দুম্মতি দেখিলে, তাঁহার প্রতিদ্বন্দ্বী হইতে পারে এবং হইয়া থাকে। বিরোধেই উভয় পক্ষের উন্নতি। রাজপরে ব্যাণ অনর্থক বিরোধের ভয়ে সতর্ক থাকেন। কিন্তু বিরোধে কেবল যে এই উপকার, ইহা নহে। নিতা মল্লয়,দ্ধে বল বাড়ে। বিরোধে মানসিক গুলসকলের স্বৃত্তি खवर भाषि হয়। निर्वितार्थ ज्लम्मानारात्र रमाभ। भारतात मामर कविरात धन खवर धरम्पत लाभ इरेग़ाहिल। त्तारम भिविग्रान् पिरान विवार, रेलिए क कमन् पिरान विवार প্रভूपिरान স্বাভাবিক উৎকর্ষ জন্মিয়াছিল।
- (গ) রাহ্মণ। যেমন অধঃশ্রেণীর প্রজার অবনতিতে ক্ষরিয়াদিগের প্রভুষ বাড়িয়া পরিশেষে লাপ্ত হইরাছিল, রাহ্মণিদেগেরও তদ্রপ। অপর তিন বর্ণের অনুমতিতে রাহ্মণের প্রথমে প্রভুষ বৃদ্ধি হয়। অপর বর্ণের মানসিক শক্তিহানি হওয়াতে তাহাদিগের চিত্ত উপধন্মের বিশেষ বশীভূত হইতে লাগিল। দৌব্দলা থাকিলেই ভয়াধিকা হয়। উপধন্ম ভীতিজাত; এই সংসার বলশালী অথচ অনিষ্টকারক দেবতাপাদা, এই বিশ্বাসই উপধন্ম। অতএব অপর বর্ণায়য়, মানসিকশক্তিবিহীন হওয়াতে অধিকতর উপধন্মপাড়িত হইল, রাহ্মণেরা উপধন্মের ষাজক; সাত্তরাং তাহাদের প্রভুষ বৃদ্ধি হইল। রাহ্মণেরা কেবল শাস্ত্রজাল, ব্যবস্থাজাল বিস্তারিত করিয়া ক্ষরিয়, বৈশ্য, শানুকে জড়িত করিছে লাগিলেন। মাক্ষকাগণ জড়াইয়া পড়িল—নড়িবার শক্তি

विष्क्य ब्रह्मावनी

নাই। কিন্তু তথাপি উর্ণনাভের জাল ফ্রায় না। বিধানের অন্ত নাই। এ দিকে রাজ্যশাসন-প্রণালী দন্তবিধি দায় সন্ধিবিগ্রহ প্রভৃতি হইতে আচমন, শয়ন, বসন, গমন, কথোপকথন, হাস্য, রোদন, এই সকল পর্যান্ত রাহ্মণের রচিত বিধির দ্বারা নির্মান্ত হইতে লাগিল। "আমরা যেরপে বলি, সেইরপে শ্রহরে, সেইরপে খাইবে, সেইরপে বসিবে, সেইরপে হাঁটিবে, সেইর্পে কথা কহিবে, সেইর্পে হাসিবে, সেইর্পে কাদিবে; তোমার জন্মমৃত্যু পর্যান্ত আমাদের ব্যবস্থার বিপরীত হইতে পারিবে না: যদি হয়, তবে প্রায়শ্চিত্ত করিয়া, আমাদিগকে দক্ষিণা দিও।" জালের এইরূপ সূত্র। কন্তু পরকে ভ্রান্ত করিতে গেলে আপনিও ভ্রান্ত হইতে হয়; কেন না, দ্রান্তির আলোচনায় দ্রান্তি অভ্যন্ত হয়। যাহা পরকে বিশ্বাস করাইতে চাহি, তাহাতে নিজের বিশ্বাস দেখাইতে হয়: বিশ্বাস দেখাইতে দেখাইতে বথার্থ বিশ্বাস ঘটিয়া উঠে। যে জালে রাহ্মণেরা ভারতবর্ষকে জড়াইলেন, তাহাতে আপনারাও জড়িত হইলেন। পোরাব,ত্তিক প্রমাণে প্রতিপন্ন হইয়াছে যে, মানুষের স্বেচ্ছানুরতিতার প্রয়োজনাতিরিক্ত বোধ করিলে সমাজের অবর্নতি হয়। হিন্দুসমাজের অবর্নতির অন্য যত কারণ নিন্দেশ করিয়াছি, তন্মধ্যে এইটি বোধ হয় প্রধান, অদ্যাপি জাজ্বল্যমান। ইহাতে রুদ্ধ এবং রোধকারী সমান ফলভোগী। নিয়ম-জালে জড়িত হওয়াতে ব্রাহ্মণাদিগের ব্রাদ্ধিস্ফুরির্ভ লুপ্ত হইল। যে ব্রাহ্মণ রামায়ণ, মহাভারত, পাণিনি ব্যাকরণ, সাংখ্যদর্শন প্রভৃতির অবতারণা করিয়াছিলেন, তিনি বাসবদন্তা, কাদন্বরী, প্রভৃতির প্রণয়নে গৌরববোধ করিতে লাগিলেন। শেষে সে ক্ষমতাও গেল। ব্রাহ্মণদিগের মানস ক্ষেত্র মর্ভুমি হইল।

আমরা দেখাইলাম যে, দুইটি প্রাকৃতিক কারণে ভারতবর্ষের শ্রমোপজীবীদের চিরদ্দর্শা। প্রথম ভূমির উর্ব্রেতাধিক্য, দ্বিতীয় বায়বাদির তাপাধিক্য। এই দুই কারণে অতি পুর্ব্বকালেও ভারতবর্ষে সভ্যতার উদয় হইয়াছিল। কিন্তু সেই সকল কারণে বেতন অপপ হইয়া উঠিল। এবং গুরুত্ব সামাজিক তারতমা উপস্থিত হইল। ইহার পরিণাম, প্রথম, শ্রমোপজীবীদিগের (১) দারিদ্রা, (২) মুর্খতা, (৩) দাসদ্ব। দ্বিতীয়, এই দশা একবার উপস্থিত হইলে প্রাকৃতিক নিয়মবলেই স্থায়িত্ব প্রাপ্ত হইল। তৃতীয়, সেই দুর্দ্দাশা ক্রমে সমাজের অন্য সকল সম্প্রদায়কে প্রাপ্ত হইল। এক স্রোতে আরোহণ করিয়া রাহ্মণ ক্ষিত্র বৈশ্য শুদ্র, একত্রে নিম্নভূমে অবতরণ করিতে লাগিলেন।

এক্ষণে জিজ্ঞাস্য হইতে পারে যে, যদি এ সকল অলঞ্চা প্রাকৃতিক নিয়মের ফল, তবে বঙ্গদেশের কৃষকের জন্য চীংকার করিয়া ফল কি? রাজা ভাল আইন করিলে কি ভারতবর্ষ শীতল দেশ হইবে, না জমীদার প্রজাপীড়নে ক্ষান্ত হইলে ভূমি অনুবর্ষরা হইবে? উত্তর, আমরা যে সকল ফল দেখাইতেছি, তাহা নিত্য নহে। অথবা এইর্প নিত্য যে, যদি অন্য নিয়মের বলে প্রতির্দ্ধ না হয়, তবেই তাহার উংপত্তি হয়। কিন্তু ঐ সকল ফলোংপত্তি কারণান্তরে প্রতিষিদ্ধ হইতে পারে। সে সকল কারণ, রাজা ও সমাজের আয়ত্ত। যদি রয়োদশ শতাব্দীতে না তংপরে ইতালিতে গ্রীক সাহিত্যাদির আবিদ্দিয়া না হইত, তবে এক্ষণকার অবস্থা হইতে ইউরোপের অবস্থা ভিন্ন হইত, সন্দেহ নাই। কিন্তু জলবায়্র শীতোক্ষতা বা ভূমির উর্বরতা বা অন্য বাহ্য প্রকৃতির কোন কারণের কিছু পরিবর্ত্তন হইত না।

চতুর্থ পরিচ্ছেদ—আইন

বঙ্গদেশের কৃষকেরা যে দরিদ্র—অল্লবন্দের কাঙ্গাল, তাহা কেবল জমীদারের দোষ নহে। কেবল প্রাকৃতিক নিয়মের ফলে নহে। জমীদারের দোষ, প্রাকৃতিক নিয়মের ফল, রাজবিধির দারা সংশোধিত হইতে পারে। দ্বর্শলের উপর পীড়ন করা বলবানের স্বভাব। সেই পীড়ন নিবারণ জন্যই রাজস্ব। রাজা বলবান্ হইতে দ্বর্শলেকে রক্ষা করেন, ইহারই জন্য মন্যের রাজশাসনশৃত্থলে বন্ধ হইবার আবশ্যকতা। যদি কোন রাজ্যে দ্বর্শলকে বলবানে পীড়ন করে, তবে তাহা রাজারই দোষ। সে রাজ্যে রাজা আপন কর্ত্বাসাধনে হয় অক্ষম, নয় পরাক্ষেথ। বদি এ দেশে জমীদারে কৃষককে পাঁড়িত করেন, ইহা সত্য হয়, তবে তাহাতে ইংরাজ

টাকাটার উক্টা পিঠ আমি ধর্মাতত্ত্বে দেখাইয়াছি। উভয় মতই সতাম্লক।

রাজপ্রের্যদিগের অবশ্য দোষ আছে। দেখা যাউক, তাঁহারা আপন কর্ত্তব্য সাধন পক্ষে কি করিয়াছেন।

প্রাচীন হিন্দুরাজ্যে জমীদার ছিল না। প্রজারা ষষ্ঠাংশ রাজাকে দিয়া নিশ্চিন্ত হইত: কেহ তাহাদিগকে মাঙ্গন মাথট পার্ন্বাণীর জন্য জনালাতন করিত না। হিন্দুরা স্বজাতির রাজ্যকালের পুরাব্ত লিখিয়া যান নাই বটে, কিন্তু অসংখ্য অন্যবিষয়ক গ্রন্থ রাখিয়া গিয়াছেন। সেই সকল গ্রন্থ হইতে ভারতবর্ষের প্রাচীন অবস্থা সমাক্রপে অবগত হওয়া যায়। তন্দ্রারা জানা যায় যে, হিন্দুরাজ্যকালে প্রজাপীড়ন ছিল না। যাঁহারা মুসলমান ও মহারাষ্ট্রীয়দিগের সময়ের প্রজাপীড়ন এবং বিশৃত্থেলা দেখিয়া বিবেচনা করেন যে, প্রাচীন হিন্দুরাজগণও এইর প প্রজাপীতক ছিলেন, তাঁহারা বিশেষ দ্রান্ত। অসংখ্য সংস্কৃত গ্রন্থমধ্যে প্রজাপীতনের পরিচয় কোথাও পাওয়া যায় না। যদি প্রজাপীড়নের প্রাবল্য থাকিত, তবে অবশ্য দেশীয় প্রাচীন সাহিত্যাদিতে তাহার চিহ্ন থাকিত; কেন না, সাহিত্য এবং স্মৃতি সমাজের প্রতিকৃতি মাত্র। প্রজাপীড়ন দূরে থাকুক, বরং সেই প্রতিকৃতিতে দেখা যায় যে, হিন্দু, রাজারা বিশেষ প্রজাবংসল ছিলেন। রাজা পিতার ন্যায় প্রজাপালন করেন, এই কথা সংস্কৃত গ্রন্থে পুনঃ পুনঃ কথিত আছে। স্তরাং অন্যান্য জাতীয় রাজাদিগের অপেক্ষা এ বিষয়ে তাঁহাদের গোরব। যানানী রাজগণের নামই ছিল ''Tyrant'', সে শব্দের আধ্যনিক অর্থ প্রজাপীডক। ইংলন্ডীয় রাজগণ প্রজাপীডক বলিয়া প্রজাদিগের সহিত তাঁহাদিগের বিবাদ হইত: একজন রাজা প্রজাকর্ত্তক পদচ্যত, অন্য একজন নিহত হন। ফ্রান্স্ প্রজাপীড়নের জন্যই বিখ্যাত, এবং অসহ্য প্রজা-পীড়নের জন্যই ফরাসীবিপ্লবের সূষ্টি। ভারতবর্ষে উত্তরগামী মুসলমান এবং মহারাষ্ট্রীয়দিগের প্রজাপীডনের উল্লেখ মাত্র যথেন্ট। কেবল প্রাচীন হিন্দ, রাজগণের এ বিষয়ে বিশেষ গৌরব। তাঁহারা কেবল ষষ্ঠাংশ লইয়া সম্ভষ্ট থাকিতেন।

মন্সলমানদিগের সময়ে প্রথম জমীদারের সৃষ্টি। তাঁহারা রাজ্যশাসনে স্পারগ ছিলেন না। যেখানে হিন্দ্র রাজ্যণ অবলীলাক্রমে প্রজাদিগের নিকট কর সংগ্রহ করিতেন, মনুসলমানেরা সেখানে কর সংগ্রহ করিতেন প্রক্রমানেরা সেখানে কর সংগ্রহ করিতেন অসমর্থ হইলেন। তাঁহারা পরগণায় পরগণায় এক এক ব্যক্তিকে করসংগ্রাহক নিয্তু করিলেন। তাঁহারা এক প্রকার কর-সংগ্রহের কণ্টাক্টর হইলেন। রাজার রাজ্যর আদায় করিয়ে দিবেন, তাহার বেশী যাহা আদায় করিতে পারিবেন, তাহা তাঁহাদিগের লাভ থাকিবে। ইহাতেই জমীদারীর সৃষ্টি, এবং ইহাতেই বঙ্গদেশে প্রজাপীড়নের সৃষ্টি। এই কণ্টাক্টরেরাই জমীদার। রাজার রাজ্যেবর উপর যত বেশী আদায় করিতে পারেন, ততই তাঁহাদের লাভ। স্তরাং তাঁহারা প্রজার সর্ব্বেবান্ত করিয়া বেশী আদায় করিতে লাগিলেন। প্রজার যে সর্ব্বনাশ হইতে লাগিল, তাহা বলা বাহ্বলা।

তাহার পর ইংরাজেরা রাজা হইলেন। তাঁহারা যখন রাজ্য গ্রহণ করেন, তখন তাঁহাদিগের সেই অবস্থা। তাহাদিগের দ্রবস্থা মোচন করিবার জন্য ইংরাজদিগের ইচ্ছার রুটি ছিল না; কিন্তু লর্ড্ কণ্ডিয়ালিস্ মহাদ্রমে পতিত হইয়া প্রজাদিগের আরও গ্রের্তর সম্প্রনাশ করিলেন। তিনি বলিলেন যে, জমীদারদিগের জমীদারীতে চিরস্থায়ী স্বত্ব নাই বলিয়াই জমীদারীতে তাঁহাদিগের যত্ন হইতেছে না। জমীদারীতে তাঁহাদিগের স্থায়ী অধিকার হইলে পর, তাহাতে তাঁহাদের যত্ন হইবে। স্তরাং তাঁহারা প্রজাপীড়ক না হইয়া প্রজাপালক হইবেন। এই ভাবিয়া তিনি চিরস্থায়ী বন্দোবস্তের স্জন করিলেন। রাজস্বের কন্টায়্টর্দিগকে ভূস্বামী করিলেন।

তাহাতে কি হইল? জমীদারেরা যে প্রজ্ঞাপীড়ক, সেই প্রজ্ঞাপীড়ক রহিলেন। লাভের পক্ষে, প্রজ্ঞাদিগের চিরকালের দ্বত্ব একেবারে লোপ হইল। প্রজ্ঞারই চিরকালের ভূস্বামী; জমীদারেরা কিদ্মন্ কালে কেহ নহেন—কেবল সরকারী তহশীলদার। কর্ণ্-গুরালিস্ যথার্থ ভূস্বামীর নিকট হইতে ভূমি কাড়িয়া লইয়া তহশীলদারকে দিলেন। ইহা ভিন্ন প্রজ্ঞাদিগের আর কোন লাভ হইল না। ইংরাজ-রাজ্যে বঙ্গদেশের কৃষক্দিগের এই প্রথম কপাল ভাঙ্গিল। এই "চিরস্থায়ী বন্দোবস্তু" বঙ্গদেশের অধঃপাতের চিরস্থায়ী বন্দোবস্তু মাত্র—কিদ্মন্ কালে ফিরিবেনা। ইংরাজদিগের এ কলক্ষ্কিরস্থায়ী; কেন না, এই বন্দোবস্তু "চিরস্থায়ী"।

কর্ম তার্লালস প্রজাদিগের হাত পা বান্ধিয়া জমীদারের গ্রাসে ফেলিয়া দিলেন জমীদার কর্ত্তক তাহাদিগের প্রতি কোন অত্যাচার না হয়, সেই জন্য কোন বিধি ও নিয়ম করিলেন না।

₹ ₹--₹0

विष्क्रम ब्रह्मावनी

কেবল বলিলেন যে, "প্রজা প্রভৃতির রক্ষার্থ ও মঙ্গলার্থ গবর্ণর জেনারেল্ যে সকল নিরম আবশ্যক বিবেচনা করিবেন, তাহা যখন উপযুক্ত সময় বিবেচনা করিবেন, তখনই বিধিবন্ধ করিবেন। তত্ত্বনা জমীদার প্রভৃতি খাজানা আদার করার পক্ষে কোন আপত্তি করিতে পারিবেন না।"*

"বিধিবদ্ধ করিবেন" আশা দিলেন, কিন্তু করিলেন না। প্রজারা প্রুষান্ত্রমে জমীদার কর্ত্ব পাঁড়িত হইতে লাগিল, কিন্তু ইংরাজ কিছুই করিলেন না। প্রজাদিগের দ্বিতীয়বার অশ্বভাহ। ১৮১৯ সালে কোর্ট্ অব্ ডিরেক্টরস্ লিখিলেন, "যদিও সেই বন্দোবন্তের পর এত বংসর অতীত হইয়াছে, তথাপি আমরা তৎকালে প্রজাদিগের স্বত্ব নির্পণ এবং সামঞ্জস্য করিবার যে অধিকার হাতে রাখিয়াছিলাম, তদন্বায়ী অদ্যাপি কিছুই করা হইল না।" এই আক্ষেপ করিয়াই ক্ষান্ত হইলেন। ১৮৩২ সালে কান্বেল্ নামক একজন বিচক্ষণ রাজকর্ম্মচারী লিখিলেন, "এ অঙ্গীকার অদ্যাপি রাজকায় ব্যবস্থামালার শিরোভাগে বর্ত্তমান রহিয়াছে, কিন্তু গবর্ণমেন্ট্ দ্রাম্য ভূস্বামী (প্রজা) দিগের অগ্রে জমীদারকে দাঁড় করাইয়া, তাহাদের সহিত সাক্ষাং সম্বন্ধ উচ্ছেদ করিয়াছেন। স্বতরাং সে অঞ্জীকার মত কর্ম্ম করেন নাই।"

বরং তদিপরীতই করিলেন। দৃর্বলেকে আরও দৃর্বলে করিলেন, বলবান্কে আরও বলবান্ করিলেন। ১৮১২ সালের ৫ আইনের দ্বারা প্রজার যে কিছু স্বত্ব ছিল, তাহা লোপ করিলেন। এই বিধি হইল যে, জমীদার প্রজাকে যে কোন হারে পাট্টা দিতে পারিবেন। ইহার অর্থ এই হইল যে, জমীদার যে কোন প্রজার নিকট, যে কোন হারে খাজানা আদার করিতে পারিবেন। ডিরেক্টরেরা স্বরং এই অর্থ করিলেন,† স্কুতরাং কৃষককে ভূমিতে রাখা না রাখা জমীদারের ইচ্ছাধীন হইল। ভূমির সঙ্গে কৃষকের কোন সম্বন্ধ রহিল না। কৃষক মজ্বর হইল। এই তৃতীয় কুগ্রহ।

এই ১৮১২ সালের ৫ আইন প্রেকালের বিখ্যাত "পঞ্জম"। যদি কেহ প্রজার সর্বাহ্নব লন্টিয়া লইতে চাহিত, সে "পঞ্জম" করিত। এখনও আইন তাই আছে, কেবল সে নামটি নাই। "কোরোক" কি চমংকার ব্যাপার, তাহা আমরা দ্বিতীয় পরিছেদে লিখিয়াছি। সন ১৮১২ সালের ৫ আইনও কোরোকের প্রথম আইন নহে। যে বংসর জমীদার প্রথম ভূস্বামী হইলেন, সেই বংসর কোরোকের আইনও প্রথম বিধিবদ্ধ হইল। কমীদার চিরকালই প্রজার ফসল কাড়িয়া লইতেন, কিন্তু ইংরাজেরা প্রথমে সে দস্যবৃত্তিকে আইনসঙ্গত করিলেন। অদ্যাপি এই দস্যবৃত্তি আইনসঙ্গত। প্রজাদিগের এই চতুর্থ কপালের দোষ।

পরে ১৮১২ সালের ১৮ আইন। ৫ আইন তন্দ্বারা আরও স্পন্টীকৃত হইল। ডিরেক্ টরেরা লিখিলেন যে, এই আইন অনুসারে জমীদারেরা কদিমী প্রজাদিগকেও নিরিকের বিবাদচ্চলে তাহাদিগের পৈতৃক সম্পত্তি হইতে উচ্চেদ করিতে পারেন।§

তাহার পর সন ১৮৫৯ সাল পর্য্যন্ত আর কোন দিকে কিছু হইল না। ১৮৫৯ সালে বিখ্যাত দশ আইনের স্থিট হইল। ইংরাজ কর্তৃক প্রজার উপকারার্থ এই প্রথম নিরম-সংস্থাপন হইল। ১৭৯৩ সালে কর্ণ্-ভিয়ালিস্ যে অণ্গীকার করিয়াছিলেন, প্রায় ৭০ বংসর পরে প্রাতঃস্মরণীয় লর্ড্- কানিঙ্ হইতে প্রথম তাহার কিণ্ডিংমাত্র প্রেণ হইল। সেই প্রেণ প্রথম, সেই প্রেণই শেষ। তাহার পর আর কিছু হয় নাই। সন ১৮৬৯ সালের ৮ আইন দশ আইনের অন্-লিপিমাত্র।**

১৮৫৯ সালের দশ আইনও যে প্রজাদিগের বিশেষ মঙ্গলকর, এমত আমরা বলি না। প্রজাদিগের যাহা ছিল, তাহা তাহারা আর পাইল না। তাহাদিগের উপর যে সকল অত্যাচার

^{*} ১৭৯৩ সালের ১ আইনের ৮ ধারা।

[†] Revenue Letter to Bengal, 9th May, 1821, para 54.

[‡] সন ১৭৯০ সালের ১৮ আইনের ২ ধারা।

[§] Revenue Letter, 9th May, 1821, para 54.

[্]য যখন এই প্রবন্ধ লিখিত হয় তখন নুতন Tenancy Act প্রচারিত হয় নাই।

^{**} এই সকল তত্ত্ব বাঁহারা সবিস্তারে অবগত হইতে ইচ্ছা করেন, তাঁহারা শ্রীযুক্ত বাব্ সঞ্জাবিচন্দ্র চট্টোপাধ্যার প্রণীত "ক্ষণীয় প্রজা" (Bengal Ryot) নামক গ্রন্থ পাঠ করিবেন। আমরা এ প্রবন্ধের এ অংশের কতক কতক সেই গ্রন্থ হইতে সম্কলিত করিয়াছি।

विविध अवक-विकर्णराम्य कृषक

হইয়া থাকে, তাহা নিবারণের বিশেষ কোন উপায়, এই আইন বা অন্য কোন আইনের শ্বারা হয় নাই। কোরোক-স্কুটের বিধি সেই প্রকারই আছে। বেশীর ভাগ, প্রজার খাজানা বাড়াইবার বিশেষ স্কুপথ হইয়াছে। এ আইনের সাহাথ্যে যাহার হার বেশী করা যাইতে পারে না, বঙ্গাদেশে এমত কৃষক অতি অলপই আছে।

তথাপি এইট্রকু মাত্র প্রজার পক্ষতা দেখিয়া প্রজান্বেমী, স্বার্থপর কোন কোন জমীদার কতই কোলাহল করিয়াছিলেন! অদ্যাপি করিতেছেন!

আমরা দেখাইলাম যে, ব্রিটিশ্ রাজ্যকালে ভূমিসংক্রান্ত যে সকল আইন হইয়াছে, তাহাতে পদে পদে প্রজার অনিষ্ট হইয়াছে। প্রতি বারে দৃষ্বলি প্রজার বল হরণ করিয়া আইনকারক বলবান জমীদারের বলবৃদ্ধি করিয়াছেন। তবে জমীদার প্রজাপীড়ন না করিবেন কেন?

ইচ্ছাপ্র্বাক রিটিশ্ রাজপ্রেরের। প্রজার অনিষ্ট করেন নাই। তাঁহারা প্রজার পরম মঙ্গলাকাঙ্কী। দেওয়ানী পাইয়া অবধি এ পর্যাস্ত কিসে সাধারণ প্রজার হিত হয়, ইহাই তাঁহাদিগের অভিপ্রায়, এবং ইহাই তাঁহাদিগের চেষ্টা। দ্বভাগ্যবশতঃ তাঁহারা বিদেশী; এ দেশের অবস্থা সবিশেষ অবগত নহেন, স্বৃতরাং পদে পদে প্রমে পতিত হইয়াছেন। দ্রমে পতিত হইয়া এই মহৎ অনিষ্টকর বিধি সকল প্রচারিত করিয়াছেন। কিস্কু দ্রমবশতঃই হউক, আর যে কারণেই হউক, প্রজাপীড়ন হইলেই রাজার দোষ দিতে হয়।

কিন্তু ইহা অপেক্ষা আর একটি গুরুতর কথা আছে। ইংরাজের দোর্দ্দণ্ড প্রতাপ—সে প্রতাপে সমগ্র আসিয়াখণ্ড সংকৃচিত; তবে ক্ষুদ্রজীবী জমীদারের দৌরাত্ম্য নিবারণ হয় না কেন? বহু,দুরপ্রবাসী আবিসিনিয়ার রাজা জনকয়েক ইংরাজকে পীড়ন করিয়াছিলেন বলিয়া তাঁহার রাজ্য লোপ হইল। আর রাজপ্রতিনিধির অটালিকার ছায়াতলে লক্ষ লক্ষ প্রজার উপর পীড়ন হইতেছে, তাহার কোন প্রতীকার হয় না কেন? জমীদার প্রজা ধরিয়া আনিতেছেন, কয়েদ করিতেছেন, মারিয়া টাকা আদায় করিতেছেন, তাহার ফসল লুটিতেছেন, ভূমি কাড়িয়া লইতেছেন, সর্বাস্থান্ত করিতেছেন, তাহার প্রতীকার হয় না কেন? কেহ বলিবেন, তাহার জন্য রাজপুরে,ষেরা আইন করিয়াছেন, আদালত করিয়াছেন, তবে গবর্ণমেন্টের নুটি কি? আমরাও সেই কথা জিজ্ঞাসা করি। আইন আছে—সে আইনে অপরাধী জমীদার দণ্ডনীয় হন না কেন? আদালত আছে—সে আদালতে দোষী জমীদার চিরজয়ী কেন? ইহার কি কোন উপায় হয় ना? य जारेटन क्वन मन्दर्ग में पिष्ठ रहेन, याहा वनवातनत शत्क थां हिन ना-स्त्र जारेन কিসে? যে আদালতের বল কেবল দুর্ব্বলের উপর, বলবানের উপর নহে, সে আদালত আদালত কিসে? শাসনদক্ষ ইংরাজেরা কি ইহার কিছু সূর্বিধি করিতে পারেন না? যদি না পারেন, তবে কেন শাসনদক্ষতার গব্দ করেন? যদি পারেন, তবে মুখ্য কর্ত্তব্য সাধনে অবহেলা করেন কেন? আমরা এই দীন হীন ছয় কোটি বাঙ্গালী কৃষকের জন্য তাহাদের নিকট যুক্তকরে রোদন করিতেছি—তাঁহাদের মঙ্গল হউক!—ইংরাজরাজ্য অক্ষয় হউক!—তাঁহারা নির পায় কৃষকের প্রতি

কেন যে আইন আদালতে কৃষকের উপকার নাই, তাহার একটি কারণ আমরা সংক্ষেপে নিদেশশ করিব।

প্রথমতঃ, মোকন্দমা অতিশয় ব্যয়সাখ্য হইয়া পড়িয়াছে। কি প্রকার ব্যয়, তাহার উদাহরণ আমরা দ্বিতীয় সংখ্যায় দিয়াছি, প্নরব্দ্ধেথের আবশ্যক নাই। বাহা ব্যয়সাধ্য, তাহা দরিদ্র কৃষকদিগের আয়ত্ত নহে। স্তরাং তাহারা তন্দ্বারা সচরাচর উপকৃত হয় না; বরং তদ্বিপরীতই দটিয়া থাকে। জমীদার ধনী, আদালতের খেলা তিনি খেলিতে পারেন। দোষে হউক, বিনা দোষে হউক, তিনি ইচ্ছা করিলেই কৃষককে আদালতে উপস্থিত করেন। তথায় ধনবানেরই জন্ম, স্তরাং কৃষকের দন্দর্শশা ঘটে, অতএব আইন আদালত, কৃষককে পর্ীড়িত করিবার, ধনবানের হস্তে আর একটি উপায় মাত্র।

দ্বিতীয়তঃ আদালত প্রায় দ্বেন্ছিত। যাহা দ্বেন্ছ, তাহা কৃষকের পক্ষে উপকারী হইতে পারে না। কৃষক ঘর বাড়ি চাষ প্রভৃতি ছাড়িয়া দ্বের গিয়া বাস করিয়া মোকন্দমা চালাইতে পারে না। ব্যয়ের কথা দ্বের থাকুক, তাহাতে ইহাদের অনেক কার্য্য ক্ষতি হয়, এবং অনেক অনিষ্ঠপাতের সম্ভাবনা। কৃষক গোমস্তার নামে নালিশ করিতে গেল, সেই অবসরে গোমস্তার বাষ্য লোকে ভাহার ধান চুরি করিয়া লইয়া গেল, না হয় আর একজন কৃষক গোমস্তার

बिष्क्य बहुनावली

নিকট হইতে পাট্টা লইয়া তাহার জমীখানি দখল করিয়া লইল। তদ্কির আমাদিগের দেশের লোক, বিশেষ ইতর লোক, অত্যন্ত আলস্যপরবশ। শীঘ্র নড়ে না, সহজে উঠে না, কোন কার্য্যেই তৎপরতা নাই। দ্রের যাইতে চাহে না। কৃষক বরং জমীদারের অত্যাচার নীরবে সহ্য করিবে, তথাপি দ্রের গিয়া তাহার প্রতীকার করিতে চাহে না। যাঁহারা বিচারকার্যে নিম্কু, তাঁহারা জানেন যে, তাঁহাদের বিচারালয়ের নিকটবন্তী স্থানেরই মোকদ্দমা অনেক; দ্রের মোকদ্দমা প্রায় হয় না। অতএব বিচারক নিকটে থাকিলে যে অত্যাচারের শাসন হইত, দ্রের থাকার সে অত্যাচারের শাসন হয় না। ইহার আর একটি ফল এই হইয়া উঠিয়াছে যে, অত্যাচারী গোমস্তারাই বিচারকের স্থলাভিষিক্ত হইয়াছে। যখন একজন কৃষক অপরের উপর দৌরাষ্যা করে, তখন তাহার নালিশ জমীদারের গোমস্তার কাছে হয়। যখন গোমস্তা নিজে অত্যাচার করে, তাহার নালিশ হয় না। যে ব্যক্তি স্বয়ং পরপীড়ক, এবং চারি পয়সার লোভে সকল প্রকার অত্যাচার করিতে প্রস্তুত, তাহার হাতে বিচারকার্য্য থাকায় দেশের কি অনিষ্ট হইতেছে, তাহা ব্রিমানে ব্রিবিবেন।

্তৃতীয়তঃ, বিশন্দ। সকল আদালতেই মোকন্দমা নিম্পন্ন হইতে বিলন্দ্র হয়। বিলন্দ্রে যে প্রতীকার, সে প্রতীকারকে প্রতীকার বলিয়া বোধ হয় না। গোমস্তায় কৃষকের ধান উঠাইয়া লইয়া গিয়াছে, কৃষক আদালতে ক্ষতিপ্রেণের জন্য নালিশ করিল। যদি বড় কপাল-জোরে সে ডিক্রী পাইল, তবে সে এক বংসরে। আপীলে আর এক বংসর। যদি আত্যন্তিক সোভাগ্য-গ্রে আপীলে ডিক্রী টিকিল, এবং ডিক্রীজারিতে টাকা আদায় হইল, তবে সে আর এক বংসরে। বাদীর কুড়ি টাকার ধান ক্ষতি হইয়াছিল, ডিক্রীজারী করিয়া খরচ খরচা বাদে তিন বংসর পরে পাঁচ টাকা আদায় হইল। এর্প প্রতীকারের আশায় কোন্ কৃষক জমীদারের নামে নালিশ করিবে?

বিলন্দের বিচারকের দোষ নাই। আদালতের সংখ্যা অলপ—যেখানে তিন জন বিচারক হইলে ভাল হয়, সেখানে একজন বৈ নাই। স্তরাং মোকন্দমা নিচ্পন্ন করিতে বিলন্দ্র ঘটিয়া য়য়। আর প্রচলিত আইন অত্যন্ত জটিল। বিচারপ্রণালীতে অত্যন্ত লিপিবাহুলাের এবং অত্যন্ত কার্য্যবাহুলাের আবশ্যকতা। আজ এ মোকন্দমার প্রতিপক্ষের উকীলের জেরার বাহুলাে একটি মোকন্দমার একটি সাক্ষী মাত্র বিদায় হইল; স্তরাং আর পাঁচটি মোকন্দমার কিছু হইল না, আর এক মাস বাদে তাহার দিন পড়িল। কাল নিচ্পার্যােগ্য মোকন্দমার একটি নিচ্পার্যাজনীয় সাক্ষী অনুপশ্ছিত, তাহার উপর দপ্তক করিতে হইল। স্তরাং মোকন্দমা আর এক মাস পিছাইয়া গেল। এ সকল না করিলে বিচার আইনসঙ্গত হয় না। নিচ্পান্ত আপীলে টিকে না। বিচারে বিলন্দ্র হয়, তাহাও স্বীকার,—অবিচার হয়, তাহাও স্বীকার, তথাপি কলিকাতার তৈয়ারী আইন ঘুণাক্ষরে লণ্ড্যন করা যাইতে পারে না। ইংরাজি আইনের মন্ম্য এই।

আমরা যে সভ্য হইতেছি, দিন দিন যে দেশের শ্রীবৃদ্ধি হইতেছে, ইহা তাহার একটি পরিচয়। আমাদিগের দেশে ভাল আইন ছিল না, বিলাত হইতে এখন ভাল আইন আসিয়াছে। জাহাজে আমদানি হইয়া, চাদপালের ঘাটে ঢোলাই হইয়া, কালকাতার কলে গাঁটবন্দী হইয়া, দেশে দেশে কিছু চড়া দামে বিকাইতেছে। তাহাতে ওকালতি, হার্কিমি, আমলাগিরি প্রভৃতি অনেকগ্র্নাল আধ্বনিক ব্যবসায়ের সৃষ্টি হইয়াছে। ব্যাপারীরা আপন আপন পণ্যারবার প্রশংসা করিতে করিতে অধীর হইতেছেন। গলাবাজির জােরে, আগে যাহাদের অল্ল হইত না, এখন তাহারা বড় লােক হইতেছেন। দেশের শ্রীবৃদ্ধির আর সীমা নাই, সর্প্রতি আইনমত বিচার হইতেছে। আর কেহ বেআইনি করিয়া স্বিবিচার করিতে পারে না। তাহাতে দীন দৃষ্ণী লােকের একট্র কণ্ট, তাহারা আইনের গােরব ব্বে না, স্বিবিচার চায়। সে কেবল তাহাাদিগের মূর্খতাজনিত শ্রম মাত্র।

মনে কর, গোমস্তা, কি অপর কেহ কোন দৃঃখী প্রজার উপর কোন গ্রন্তর দৌরাদ্যা করিল। গোমস্তা সেশ্যনের বিচারে অপিত হইল। সেশ্যনের বিচারে সাক্ষীদগের সত্য কথার প্রতিবাদীর অপরাধ প্রমাণ হইল। কিন্তু বিচার জ্বরির হাতে। জ্বরর মহাশুরেরা এ কাজে ন্তন রতী; প্রমাণ অপ্রমাণ কিছ্ব ব্বেন না। যখন সাক্ষীর জোবানবন্দী হইতেছিল, তখন তাঁহারা কেহ কড়ি গণিতেছিলেন, কেহ দোকানের দেনা পাওনা মনে মনে নিকাশ করিতেছিলেন, কেহ বা অন্প তন্তাভিত্ত। উকীল যখন বক্তৃতা করিতেছিলেন, তখন তাঁহারা কিঞিং ক্ষ্যাতুর, গ্রে

গৃহিণী কির্প জলবোগের আয়োজন করিয়া রাখিয়াছেন, তাহাই ভাবিতেছিলেন। জজ সাহেব যখন দ্বেশিয়া বাঙ্গালায় "চার্যা" দিতেছেন, তখন তাহারা মনে মনে জজ সাহেবের দাড়ির পাকা চুলগ্রনিন গণিতেছিলেন। জজ সাহেব যে শেষে বাললেন, "সন্দেহের ফল প্রতিবাদী পাইবে," তাহাই কেবল কানে গেল। জ্বর মহাশর্মাদগের সকলই সন্দেহ—কিছ্ই শ্বনেন নাই, কিছ্ই ব্বেনেন নাই; শ্রনিয়া ব্রিয়া একটা কিছ্ব ছির করা অভ্যাস নাই, হয় ত সে শক্তিও নাই, স্ত্রাং সন্দেহের ফল প্রতিবাদীকেই দিলেন। গোমস্তা মহাশয় খালাস হইয়া আবার কাছাড়িতে গিয়া জমকিয়া বাসলেন। ভয়ে বাদী সবংশে ফেরার হইল। যাহারা দোষীর বির্দ্ধে সাক্ষ্য দিয়াছিল, গোমস্তা তাহাদের ভিটামাটি লোপ করিলেন। আমরা বড় সন্তুট হইলাম—কেন না, জ্বরির বিচার হইয়াছে—বিলাতি প্রখান্সারে বিচার হইয়াছে—আমরা বড় সভ্য হইয়া উঠিয়াছি।

বর্ত্তমান আইনের এইর প অযৌক্তিকতা এবং জটিলতা অবিচারের চতুর্থ কারণ।

পশ্চম কারণ, বিচারকবর্গের অযোগ্যতা। এদেশের প্রধানতম বিচারকেরা সকলেই ইংরাজ। ইংরাজেরা সচরাচর কার্য্যদক্ষ, সনুশিক্ষিত, এবং সদন্দ্র্তাতা। কিন্তু তাহা হইলেও বিচারকার্য্যে তাহাদিগের তাদৃশ যোগ্যতা নাই। কেন না, তাহারা বিদেশী, এ দেশের অবস্থা তাদৃশ অবগত নহেন, এ দেশের লোকের চরিত্র ব্রেন না, তাহাদিগের সহিত সহদরতা নাই, এবং অনেকে এ দেশের ভাষাও ভাল করিয়া ব্রেন না। সত্তরাং সনুবিচার করিতে পারেন না। বিচারকার্য্যের জন্য যে বিশেষ শিক্ষা আবশ্যক, তাহা অনেকেরই হয় নাই।

কেহ কেহ বলিতে পারেন যে, অধিকাংশ মোকদ্দমাই অধস্তন বিচারকের দ্বারা নিষ্পন্ন হইয়া থাকে, এবং অধিকাংশ অধস্তন বিচারকই এ দেশীয়,—তবে উপরিস্থ জন কতক ইংরাজ বিচারকের দ্বারা অধিক বিচারহানি সম্ভবে না। ইহার উত্তর, প্রথমতঃ সকল বাঙ্গালী বিচারকই বিচার-কার্যোর যোগ্য নহেন। বাঙ্গালী বিচারকের মধ্যে অনেকে মূর্খ, স্থূলবান্ধি, অশিক্ষিত, অথবা অসং। এ সম্প্রদায়ের বিচারক সোভাগ্যক্রমে দিন দিন অলপসংখ্যক ইইতেছেন। তথাপি বিশেষ সুযোগ্য বাঙ্গালীরা বিচারক শ্রেণীভক্ত নহেন। ইহার কারণ, এ দেশীর বিচারকের উন্নতি নাই, পদব্দির নাই: যাঁহারা ওকালতি করিয়া অধিক উপাৰ্জনে সক্ষম, সে সকল ক্ষমতাশালী লোক বিচারকের পদের প্রাথী হয়েন না। সতেরাং সচরাচর মধ্যম শ্রেণীর লোক এবং অধম শ্রেণীর আপীলে চ্ড়ান্ত বিচার ইংরাজের হাতে। নীচে স্কবিচার হইলেও উপরে অবিচার হয়. এবং সেই অবিচারই চড়োন্ড। অনেক বিচারক সূর্বিচার করিতে পারিলেও আপীলের ভয়ে করেন না: যাহা আপীলে থাকিবে, তাহাই করেন। এ বিষয়ে হাইকোর্ট অনেক সময় বিশেষ অনিষ্টকর। তাঁহারা অধস্তন বিচারকবর্গকে বিচারপদ্ধতি দেখাইয়া দেন, আইন ব্রুঝাইয়া দেন;—বলেন, এইরুপে বিচার করিও, এই আইনের অর্থ এইরূপ ব্রবিও। অনেক সময়ে এই সকল বিধি ভ্রমাত্মক-কখন কখন হাস্যাস্পদও হইয়া উঠে। কিন্তু অধস্তুন বিচারকদিগকে তদন বত্তী হইয়া চলিতে হর। হাইকোর্টের জজদিগের অপেক্ষা ভাল ব্রেনে, এমন সুর্বার্ডনেট জজ, মুপেষ্ট্ ও ডেপ্রটি ম্যাজিন্টেট্ অনেক আছেন: কিন্তু তাঁহাদিগকে অপেক্ষাকৃত অবিজ্ঞাদিগের নিম্পেশ-বন্ত্রী হইয়া চলিতে হয়।

এই প্রবন্ধ লিপিবদ্ধ হইলে পর "সমাজদর্পণ" নামে একখানি অভিনব সংবাদপত্ত দ্রিট করিলাম। তাহাতে "বঙ্গদর্শন ও জমীদারগণ" এই শিরোনামে একটি প্রস্তাব আছে, আমাদিগের এই প্রবন্ধের প্র্বেপরিচ্ছেদের উপলক্ষে উহা লিখিত হইয়াছে। তাহা হইতে দ্ই একটি কথা উদ্ধৃত করিতে ইচ্ছা করি; কেন না. লেখক বের্প বিবেচনা করিয়াছেন, অনেকেই সেইর্প বিবেচনা করেন বা করিতে পারেন। তিনি বলেন,—

"একেই ত দশশালা বন্দোবস্তের চতুর্দিকে গর্ভ্ত খনন করা হইয়াছে, তাহাতে বঙ্গদর্শনের মত দুই এক জন সম্প্রান্ত বিচক্ষণ বাঙ্গালীর অনুমোদন ব্যক্তিক কি আর রক্ষা আছে?"

আমরা পরিক্রার করিয়া বলিতে পারি বে, দশশালা বন্দোবন্তের ধরংস আমাদিগের কামনা নহে বা তাহার অনুমোদনও করি না। ১৭৯৩ সালে যে শ্রম ঘটিয়াছিল, এক্ষণে তাহার সংশোধন সম্ভবে না। সেই প্রান্তির উপরে আধ্নিক বঙ্গসমান্ত নিম্মিত হইয়াছে। চিরস্থারী বন্দোবন্তের ধরংসে বঙ্গসমান্তের ঘারতের বিশৃত্থলা উপস্থিত হইবার সম্ভাবনা। আমরা সামাজিক

বিপ্লবের অন্মোদক নহি। বিশেষ যে বন্দোবস্ত ইংরাজেরা সত্য প্রতিজ্ঞা করিয়া চিরস্থায়ী করিয়াছেন, তাহার ধরংস করিয়া তাঁহারা এই ভারতমন্ডলে মিথ্যাবাদী বলিয়া পরিচিত হয়েন, প্রজাবর্গের চিরকালের অবিশ্বাসভাজন হয়েন, এমত কুপরামর্শ আমরা ইংরাজদিগকে দিই না। যে দিন ইংরাজের অমঙ্গলাকাঙ্ক্ষী হইব, সমাজের অমঙ্গলাকাঙ্ক্ষী হইব, সেই দিন সে পরামর্শ দিব। এবং ইংরাজেরাও এমন নির্বোধ নহেন যে, এমত গার্হত এবং অনিষ্টজনক কার্য্যে প্রবৃত্ত হয়েন। আমরা কেবল ইহাই চাহি যে, সেই বন্দোবস্তের ফলে যে সকল অনিষ্ট ঘটিতেছে, এখন স্থানরম করিলে তাহার যত দ্বে প্রতীকার হইতে পারে, তাহাই হউক। কথিত লেখক লিখিয়াছেন যে, "যাহাতে দশশালা বন্দোবস্তের কোনর্শ ব্যাঘাত না হইয়া জমীদার ও প্রজা, উভরেরই অন্কুলে এর্প স্থাবস্থা সকল স্থাপিত হয় যে, তন্দ্বারা উভয়েরই উয়িত হইয়া দেশের শ্রীবৃদ্ধি হইতে পারে, তাহাই চাই।

ইহাও বক্তব্য যে, আমরা কর্ণ ওয়ালিসের বন্দোবস্তকে শ্রমাত্মক, অন্যায়, এবং অনিষ্টকারক বিলয়াছি বটে কিন্তু ইংরাজেরা যে, ভূমিতে স্বত্ব ত্যাগ করিয়া এ দেশীয় লোকদিগকে তাহাতে স্বত্ববান্ করিয়াছেন, এবং করব্ দির আধকার ত্যাগ করিয়াছেন, ইহা দুষ্য বিবেচনা করি না। তাহা ভালই করিয়াছেন। এবং ইহা সাবিবেচনার কাজ, ন্যায়সঙ্গত, এবং সমাজের মঙ্গলজনক। আমরা বিল যে, এই চিবস্থায়ী বন্দোবস্ত জমীদারের সহিত না হইয়া প্রজার সঙ্গে হওয়াই উচিত ছিল। তাহা হইলেই নিন্দোষ হইত। তাহা না হওয়াতেই শ্রমাত্মক, অন্যায় এবং অনিষ্টজনক হইয়াছে।

লেখক আরও বলেন.--

"আমরা দেখিতেছি, বাঙ্গালা দেশ নিতান্ত নির্ধন হইয়া পড়িয়াছে। * * সকলেই বলে, আমাদের দেশের টাকা আমাদের দেশে থাকিতেছে না. বিদেশীয় বণিক্ ও রাজপ্রের্ষেরা প্রায়ই লইয়া যাইতেছেন। যদি মহাত্মা কর্ণ্ডিয়ালিস্ জমীদারিদিগের বর্ত্তমান শ্রীর উপায় না করিয়া যাইতেন, তবে দেশ এত দিন আরও দরিদ্র হইয়া পড়িত। দেশে যাহা কিছ্ অর্থ সম্পত্তি আছে, তাহা এই কয়ের জন জমীদারের ঘরেই দেখিতে পাওয়া যায়।"

সাধারণতঃ অনেকেই এই কথা বলেন, স্তরাং ইহার মধ্যে আমাদিগের বিবেচনায় যে কয়েকটি শ্রম আছে, তাহা দেখাইতে বাধ্য হইলাম।

- ১। ইউরোপীয় কোন রাজ্যের সহিত তুলনা করিতে গেলে, বাঙ্গালা দেশ নির্ধন বটে, কিন্তু পর্ব্বাপেক্ষা বাঙ্গালা যে এক্ষণে নির্ধন, এর্প বিবেচনা করিবার কোন কারণ নাই। বর্ত্তমান কাল অপেক্ষা ইতিপ্র্বিকালে যে বাঙ্গালা দেশে অধিক ধন ছিল, তাহার কিছু মান্ত প্রমাণ নাই। বরং এক্ষণে যে প্র্বাপেক্ষা দেশের ধন বৃদ্ধি হইতেছে, তাহার অনেক প্রমাণ আছে। "বঙ্গদেশের কৃষকের" প্রথম পরিছেদে আমরা কোন কোন প্রমাণের উল্লেখ করিয়াছি। তদতিরিক্ত এক্ষণে বিলবার আবশ্যক নাই।
- ২। বিদেশী বণিক্ ও রাজপ্রেরে দেশের টাকা লইয়া যাইতেছে বলিয়া যে, দেশে টাকা থাকিতেছে না, এই প্রসঙ্গের মধ্যে প্রথমে বিদেশীয় বণিক্দিগের বিষয় আলোচনা করা যাউক।

যাঁহারা এ কথা বলেন, তাঁহাদের সচরাচর তাৎপর্য্য বোধ হয়, এই যে, বণিকেরা এই দেশে আসিয়া অর্থ উপার্চ্জন করিতেছেন, স্কৃতরাং এই দেশের টাকা লাইতেছেন বৈ কি? যে টাকাটা তাঁহাদের লাভ, সে টাকা, এ দেশের টাকা। বোধ হয়, ইহাই তাঁহাদের বলিবার উদ্দেশ্য।

বিদেশীর বণিকেরা যে লাভ করেন, তাহা দুই প্রকারে; এক আমদানিতে, আর এক রপ্তানিতে। এদেশের দ্রব্য লইয়া গিয়া দেশান্তরে বিক্রম্ন করেন, তাহাতে তাঁহাদের কিছু মুনাফা থাকে। দেশান্তরের দ্রব্য আনিয়া এ দেশে বিক্রম্ন করেন, তাহাতেও তাঁহাদের কিছু মুনাফা থাকে। তন্তিয় অন্য কোন প্রকার লাভ নাই।

এ দেশের সামগ্রী লইয়া গিয়া বিদেশে বিক্রয় করিয়া যে মনুনাফা করেন, সহজেই দেখা যাইতেছে যে, সে মনুনাফা এ দেশের লোকের নিকট হইতে লয়েন না। যে দেশে তাহা বিক্রয় হয় সেই দেশের টাকা হইতে তাহার মনুনাফা পান। এখানে তিন টাকা মশ চাউল কিনিয়া বিলাতে পাঁচ টাকা মশ বিক্রয় করিলেন; যে দুইে টাকা মনুনাফা করিলেন, তাহা এ দেশের লোকেক দিতে হইল না; বিলাতের লোকে দিল, বরং এ দেশের লোকে আড়াই টাকা পড়তার চাউলা তাহাদের

বিবিধ প্রবন্ধ-বঙ্গদেশের কৃষক

কাছে তিন টাকা বিক্রয় করিয়া কিছ্ব ম্বাফা করিল। অতএব বিদেশীয় বণিকেরা এদেশীয় সামগ্রী বিদেশে বিক্রয় করিয়া এ দেশের টাকা ঘরে লইয়া যাইতে পারিলেন না। বরং কিছ্ব দিয়া গোলেন।

তবে ইহাই স্থির যে, তাঁহারা যদি কিছু এ দেশের টাকা ঘরে লইয়া যান, তবে সে দেশান্তরের জিনিস এ দেশে বিক্রয় করিয়া তাহার মনোফায়। বিলাতে চারি টাকার থান কিনিয়া এ দেশে ছয় টাকায় বিক্রয় করিলেন: যে দৃহে টাকা মুনাফা হইল, তাহা এ দেশের লোকে দিল। সুতরাং আপাততঃ বোধ হয় বটে যে, এ দেশের টাকাটা তাঁহাদের হাত দিয়া বিদেশে গেল। দেশের টাকা কমিল। এই ভ্রমটি কেবল এ দেশের লোকের নহে। ইউরোপের সকল দেশেই ইহাতে অনেক দিন পর্যান্ত লোকের মন আচ্ছন্ন ছিল, এবং তথায় কৃতবিদ্য ব্যক্তি ভিন্ন সাধারণ লোকের মন হইতে ইহা অদ্যাপি দূর হয় নাই। ইহার যথার্থ তত্ত এত দূর্হ যে, অম্পকাল পূর্বে মহামহোপাখ্যায় পশ্ভিতেরাও তাহা বর্নঝতে পারিতেন না। রাজগণ ও রাজমন্ত্রিগণ এই ভ্রমে পতিত হইয়া, বিদেশের সামগ্রী স্বদেশে যাহাতে না আসিতে পারে, তাহার উপায় অনুসন্ধান করিতেন। এবং সেই প্রবৃত্তির বশে বিদেশ হইতে আনীত সামগ্রীর উপর গ্রন্থতর শুক বসাইতেন। এই মহাদ্রমাত্মক সমাজনীতিসূত্র ইউরোপে (Protection) নাম প্রাপ্ত হইয়াছে। তদ্বচ্ছেদপ্র্বিক আধ্বনিক অনগাল বাণিজ্য-প্রণালী (Free Trade) সংস্থাপন করিয়া বাইট ও কব ডেন চিরম্মরণীয় হইয়াছেন। ফ্রান্সে তাহা বিশেষর পে বন্ধমলে করিয়া, তৃতীয় নাপোলিয়নও প্রতিষ্ঠাভাজন হইয়াছেন। তথাপি এখনও ইউরোপে অনেকের এ শ্রম দরে হয় নাই। আমাদের দেশের সাধারণ লোকের যে সে ভ্রম থাকিবে, তাহার আশ্চর্য্য কি? Protection হইতে ইউরোপে কি অনিষ্ট ঘটিয়াছিল, তাহা যিনি জানিতে ইচ্ছা করেন, তিনি বক্লের গ্রন্থ পাঠ করিবেন। যিনি তাহার অসত্যতা ব্রবিতে চাহেন, তিনি মিল পাঠ করিবেন। ঈদৃশ দূরেহ তত্ত বুঝাইবার স্থান, এই ক্ষুদ্র প্রবন্ধের শেষভাগে হইতে পারে না। আমরা কেব**ল** গোটাকতক দেশী কথা বলিয়া ক্ষান্ত হইব।

আমরা ছয় টাকা দিয়া বিলাতি থান কিনিলাম। টাকা ছয়টি কি অর্মান দিলাম, অর্মান দিলাম না,—তাহার পরিবর্জে একটি সমগ্রী পাইলাম। সেই সামগ্রীটি যদি আমরা উচিত ম্ল্যের উপর একটি পয়সা বেশী দাম দিয়া লইয়া থাকি, তবে সেই পয়সাটি আমাদের ক্ষতি। কিন্তু যদি একটি পয়সাও বেশী না দিয়া থাকি, তবে আমাদের কোন ক্ষতি নাই। এক্ষণে বিবেচনা করিয়া দেখুন, ছয় টাকার থানটি কিনিয়া একটি পয়সাও বেশী মূল্য দিয়াছি কি না। দেখা যাইতেছে যে, ছয় টাকার এক পয়সা কমে সে থান আমরা কোথাও পাই না, পাইলে তাহা সাধারণ লোকে ছয় টাকায় কেন কিনিবে? যদি ছয় টাকায় এক পয়সা কমে ঐ থান কোথাও পাই না, তবে ঐ মূল্য অনুচিত নহে। যে ছয় টাকায় থান কিনিলা, সে উচিত মূলােই কিনিলা। যদি উচিত মূলাে সামগ্রীটি কেনা হইল, তবে ক্রেতাাদিগের ক্ষতি কি? কি প্রকারে তাহাাদিগের টাকা অপহরণ করিয়া বিদেশীয় বিণিক্ বিদেশে পলায়ন করিল? তাহায়া দুই টাকা মুনাফা করিল বটে, কিন্তু ক্রেতাাদিগের কোন ক্ষতি করিয়া লয় নাই; কেন না, উচিত মূলাে লইয়াছে। যদি কাহারও ক্ষতি না করিয়া মুনাফা করিয়া থাকে, তবে তাহাতে আমাদের অনিষ্ট কি? যেখানে কাহারও ক্ষতি নাই, সেখানে দেশের অনিষ্ট কি?

আপত্তির মীমাংসা এখনও হর নাই। আপত্তিকারকেরা বলিবেন যে, ঐ ছর্রাট টাকার দেশী তাঁতির কাছে থান কিনিলো টাকা ছর্য়টা দেশে থাকিত। ভালই। কিন্তু দেশী তাঁতির কাছে থান কই? সে যদি থান ব্নিনতে পারিত, ঐ ম্লো ঐর্প থান দিতে পারিত, তবে আমরা তাহারই কাছে থান কিনিতাম—বিদেশীর কাছে কিনিতাম না। কেন না, বিদেশীও আমাদের কাছে থান লইরা বেচিতে আসিত না। কারণ, দেশীর বিক্রেতা যেখানে সমান দরে বেচিতেছে, সেখানে তাহার লভা হইত না। এ কথাটি ক্রেল্টের আর একটি দুর্বোধ্য নির্মের উপর নির্ভর করে, তাহা এক্ষণে থাক। স্থুল কথা, ঐ ছর টাকা যে দেশী তাঁতি পাইল না, তাহাতে কাহারও ক্ষতি নাই। ক্রেতাদিগের যে ক্ষতি নাই, তাহা দেখিয়াছি। দেশী তাঁতিরও ক্ষতি নাই। সে থান ব্রন্ত, না, কিন্তু অন্য কাপড় ব্নিতেছে। যে সমরে ঐ ছর টাকার জন্য থান ব্রন্ত, সে সমরে সে অন্য কাপড় ব্নিতেছে। সে কাপড় সকলই বিক্রয় হইতেছে। অতএব তাহার যে উপার্জন হইবার, তাহা হইতেছে। থান ব্রনিয়া সে আর অধিক উপার্জন করিতে

बिष्कम ब्रह्मावनी

পারিত না; থান ব্নিতে গোলে ততক্ষণ অন্য কাপড় ব্না স্থাগত থাকিত। যেমন থানের ম্ল্য ছর টাকা পাইত, তেমনি ছর টাকা ম্ল্যের অন্য কাপড় ব্না হইত না; স্তরাং লাভে লোকসানে প্রিষয়া যাইত। অতএব তাতির তাহাতে কোন ক্ষতি নাই।

তার্কিক বলিলেন, তাঁতির ক্ষতি আছে। এই থানের আমদানির জন্য তাঁতির ব্যবসায় মারা গোল। তাঁতি থান বৃনে না, ধ্বতি বৃনে। ধ্বতির অপেক্ষা থান সন্তা, স্কুতরাং লোকে থান পরে, ধ্বতি আর পরে না। এজন্য অনেক তাঁতির ব্যবসায় লোপ হইয়াছে।

উত্তর। তাহার তাঁতবন্না ব্যবসায় লোপ পাইয়াছে বটে, কিন্তু সে অন্য ব্যবসা কর্ক না, কেন? অন্য ব্যবসায়ের পথ রহিত হয় নাই। তাঁত ব্নিনয়া আর খাইতে পায় না, কিন্তু ধান ব্নিনয়া খাইবার কোন বাধা নাই। সকল ব্যবসায়ের পরিণাম সমান লাভ, ইহা সমাজতত্বেত্তারা প্রমাণ করিয়াছেন। যদি তাঁত ব্নিয়া মাসে পাঁচ টাকা লাভ হইত, তবে সে ধান ব্নিয়া সেই পাঁচ টাকা লাভ করিবে। থানে বা ধ্বতিতে সে ছয় টাকা পাইত, ধানে সে সেই ছয় টাকা পাইবে। তবে তাঁতির ক্ষতি হইল কৈ?

ইহাতেও এক তর্ক উঠিতে পারে। তুমি বলিতেছ, তাঁত বানিয়া খাইতে না পাইলেই ধান বানিয়া খাইবে, কিন্তু ধান বানিবার অনেক লোক আছে। আরও লোক সে ব্যবসায়ে গেলে ঐ ব্যবসায়ের লভা কমিয়া যাইবে; কেন না, অনেক লোক গেলে অনেক ধান হইবে, সাত্রাং ধান সস্তা হইবে। যদি ধান্যকারক কৃষকদিগের লাভ কমিল, তবে দেশের টাকা কমিল বই কি?

উত্তর। বাণিজ্য বিনিময় মাত্র। এক পক্ষে বাণিজ্য হয় না। যেমন আমরা বিলাতের কতক সামগ্রী লই তেমনি বিলাতের লোকে আমাদিগের কতক সামগ্রী লয়। যেমন আমরা কতক-গ্রনিন বিলাতি সামগ্রী লওয়াতে, আমাদের দেশে প্রস্তুত সেই সেই সামগ্রীর প্রয়োজন কমে. সেইর্প বিলাতীয়েরা আমাদের দেশের কতকগ্রনি সামগ্রী লওয়াতে আমাদের দেশের সেই সামগ্রীর প্রয়োজন বাড়ে। যেমন ধ্রতির প্রয়োজন কমিতেছে, তেমনি চাউলের প্রয়োজন বাড়িতেছে। অতএব যেমন কতকগ্রনি তাঁতির ব্যবসায়হানি হইতেছে, তেমনি কৃষি ব্যবসায় বাড়িতেছে, দেশী লোকের চাষ করিবার আবশ্যক হইতেছে। অতএব চাষীর সংখ্যা বাড়িলে তাহাদের লাভ কমিবে না।

অতএব বাণিজ্য হেতু যাহাদের পূর্বব্যবসায়ের হানি হয়, নৃতন ব্যবসায়াবলম্বনে তাহাদের ক্ষতি পূরণ হয়। তাহা হইলে বিলাতি থান খারদে তাঁতির ক্ষতি নাই। তাঁতিরও ক্ষতি নাই, দ্রেতাদিগেরও ক্ষতি নাই। তবে কাহার ক্ষতি? কাহারও নহে। যদি বণিক্ থান বেচিয়া যে লভ্য করিল, তাহাতে এ দেশীয় কাহারও অর্থক্ষতি হইল না, তবে তাহারা এ দেশের অর্থভিদ্যের লুঠ করিল কিসে? তাহার লভ্যের জন্য এ দেশের অর্থ কমিতেছে কিসে?

আমরা তাঁতির উদাহরণের সাহায্যে বক্তব্য সমর্থন করিতে চেচ্টা করিয়াছি। কিন্তু সে উদাহরণে একটি দোষ ঘটে। তাঁতির ব্যবসার লোপ হইতেছে, তথাপি অনেক তাঁতি অনা ব্যবসার অবলম্বন করিতেছে না। আমাদের দেশের লোক জাতীয় ব্যবসায় ছাড়িয়া সহজে অনা ব্যবসায় অবলম্বন করিতে চাহে না। ইহা তাঁতিদের দুর্ভাগ্য বটে, কিন্তু তাহাতে দেশের ধনক্ষতি নাই; কেন না, থানের পরিবর্ত্তে যে চাউল যায়, তদুংপাদন জন্য যে কৃষিজাত আয়ের বৃদ্ধি, তাহা হইবেই হইবে। তবে তাঁতি সেই ধন না পাইয়া, অন্য লোকে পাইবে। তাঁতি খাইতে পায় না বলিয়া দেশের ধন কমিতেছে না।

অনেকের এইর্প বোধ আছে. যে, বিদেশীয় বাণিকেরা এ দেশে অর্থ সঞ্চয় করিয়া নগদ টাকা বস্তাবন্দী করিয়া জাহাজে তুলিয়া পলায়ন করেন। এর্প বাঁহাদের বিশ্বাস, তাঁহাদের প্রতি বক্তবা—

প্রথমতঃ, নগদ টাকা লইয়া গেলেই দেশের অর্থহানি হইল না। নগদ টাকাই ধন নহে। যত প্রকার সম্পত্তি আছে, সকলই ধন। নগদ টাকা এক প্রকার ধন মাত্র। তাহার বিনিময়ে আমরা যদি অন্য প্রকার ধন পাই, তবে নগদ টাকা যাওয়ায় নির্ধন হই না।

নগদ টাকাই বে ধন নহে, এ কথা ব্ঝান কঠিন নহে। একজনের এক শত টাকা নগদ আছে, সে সেই এক শত টাকার ধান কিনিয়া গোলা-জাত করিল। তাহার আর নগদ টাকা নাই, কিন্তু এক শত টাকার ধান গোলার আছে। সে কি প্রেণিকো গরিব হইল?

विविध श्रवक्र---वक्रप्रत्मन कृषक

দ্বিতীয়তঃ, বাস্ত্রবিক বিদেশীয় বণিকেরা এ দেশ হইতে নগদ টাকা জাহাজে তুলিয়া লইয়া বান না। বাণিজ্যের মূল্য হৃণিডতে চলে। সঞ্চিত অর্থ দলিলে থাকে। অতি অল্পমান্ত নগদ টাকা বিলাতে যায়।

তৃতীয়তঃ, যদি নগদ টাকা গেলেই ধনহানি হইত, তাহা হইলে বিদেশীয় বাণিজ্যে আমাদিগের ধনহানি নাই, বরং বৃদ্ধি হইতেছে। কেন না, যে পরিমাণে নগদ টাকা বা রূপা আমাদিগের দেশ হইতে অন্য দেশে যায়, তাহার অনেক গুল বেশী রূপা অন্য দেশ হইতে আমাদের দেশে আসিতেছে. এবং সেই রূপায় নগদ টাকা হইতেছে। নগদ টাকাই যদি ধন হইত, তবে আমরা অন্য দেশকে নিধন করিয়া নিজের ধন বৃদ্ধি করিতেছি, নিজে নিধন হইতেছি না।

এ সকল ততু যাঁহারা ব্রঝিতে যত্ন করিবেন. তাঁহারা দেখিবেন যে, কি আমদানিতে, কি রপ্তানিতে, বিদেশীয় বণিকেরা আমাদের টাকা লইয়া যাইতেছেন না, তায়বন্ধন আমাদিগের দেশের টাকা কমিতেছে না। বরং বিদেশীয় বাণিজ্য কারণ আমাদিগের দেশের ধন বৃদ্ধি হইতেছে। যাঁহারা মোটামর্টি ভিন্ন ব্রঝিবেন না, তাঁহারা একবার ভাবিয়া দেখিবেন, বিদেশ হইতে কত অর্থ আসিয়া এ দেশে বায় হইতেছে। যে বিপর্ল রেল্ওয়েগর্লি প্রস্তুত হইয়াছে, সে অর্থ কাহার?

বিদেশীয় বণিক্দিগের সন্বন্ধে শেষে যাহা বলিয়াছি, রাজপ্রের্যদিগের সন্বন্ধেও তাহা কিছ্ বর্তো। কিন্তু ইহা অবশ্য স্বীকার্য্য যে, রাজকন্মচারীদিগের জন্য এ দেশের কিছ্ ধন বিলাতে যায়, এবং তাহার বিনিময়ে আমরা কোন প্রকার ধন পাই না। কিন্তু সে সামান্য মাত্র।* বাণিজ্য জন্য এ দেশে যে ধন বৃদ্ধি হইতেছে, এবং প্রথম পরিচ্ছেদের পরিচয় মত কৃষি জন্য যে ধন বৃদ্ধি হইতেছে, তাহাতে সে ক্ষতি প্রেণ হইয়া আরও অনেক ফাজিল থাকিতেছে। অতএব আমাদের ধন বংসর বংসর বাড়িতেছে, কমিতেছে না।

- ৩। লেখক বলিতেছেন, "যদি মহাত্মা কর্প-ওয়ালিস্ জমীদারদিগের বর্ত্তমান শ্রীর উপায় না করিয়া যাইতেন, তবে দেশ এত দিন আরও দরিদ্র হইয়া পড়িত। দেশে যাহা কিছু অর্থ সম্পত্তি আছে, তাহা এই কয়েকজন জমীদারের ঘরেই দেখিতে পাওয়া যায়।"
- এ কথাও সকলে বলেন, এ দ্রমও সাধারণের। আমাদিগের জিজ্ঞাস্য এই যে, জমীদারী বলেদাবস্তে যদি দেশে ধন আছে—তবে প্রজাওয়ারি বলেদাবস্তে ধন থাকিত না কেন? যে ধন এখন জমীদারদিগের হাতে আছে, সে ধন তখন দেশে থাকিত না ত কোথায় যাইত?

জমীদারের ঘরে ধন আছে, তাহার একমাত্র কারণ যে, তাঁহারা ভামির উৎপল্ল ভোগ করেন। প্রজাওয়ারি বন্দোবস্ত হইলে, প্রজারা সেই উৎপদ্ম ভোগ করিত, স্টুতরাং সেই ধনটা তাহাদের হাতে থাকিত। সে বিষয়ে দেশের কোন ক্ষতি হইত না। কেবল দুই চারি ঘরে তাহা রাশীকত না হইয়া লক্ষ লক্ষ প্রজার ঘরে ছডাইয়া পড়িত। সেইটিই এই দ্রান্ত বিবেচকদিগের আশঙ্কার বিষয়। ধন দুই এক জায়গায় কাঁডি বাঁধিলে তাঁহারা ধন আছে বিবেচনা করেন: কাঁডি না দেখিতে পাইলে তাঁহারা ধন আছে বিবেচনা করেন না। লক্ষ লক্ষ টাকা এক জায়গায় গাদা করিলে অনেক দেখার: কিন্তু আধ ক্রোশ অন্তর একটি একটি ছডাইলে টাকা দেখিতে পাওয়া যায় না। কিন্ত উভয় অবস্থাতেই লক্ষ টাকার অস্তিত্ব স্বীকার করিতে হুইবে। এখন বিবেচনা করা কর্ত্তবা, খনের কোন অবস্থা দেশের পক্ষে ভাল, দুই এক স্থানে কাঁড়ি ভাল, না ঘরে ঘরে ছডান ভাল? পূৰ্ব্বপশ্ডিতেরা বলিয়াছেন যে ধন গোময়ের মত এক স্থানে অধিক জমা হইলে দুর্গন্ধ এবং অনিষ্টকারক হয়, মাঠময় ছডাইলে উর্ব্বরতাজনক, সূতরাং মঙ্গলকারক হয়। সমাজ-তত্তবিদেরাও এ তত্ত্বে আলোচনা করিয়া সেইর পই স্থির করিয়াছেন। এবং তাঁহাদের অনুসন্ধানান,সারে ধনের সাধারণতাই সমাজোমতির লক্ষণ বলিয়া ভির হইয়াছে। ইহাই ন্যায়সঙ্গত। পাঁচ সাত জন টাকার গাদার গডাগড়ি দিবে, আর ছয় কোটি লোক অন্নাভাবে মারা যাইবে, ইহা অপেক্ষা অন্যায় আর কিছু কি সংসারে আছে? সেই জনাই কর্শ ওয়ালিসের বন্দোবন্ত অতিশয় দ্যা। প্রজাওয়ারি বন্দোবন্ত হইলে এই দুই চারি জন অতিধনবান ব্যক্তির পরিবর্ত্তে আমরা ছয় কোটি সুখী প্রজা দেখিতাম। দেখাশুদ্ধ অন্তের কাঙ্গাল, আর পাঁচ সাত জন টাকা খরচ করিয়া ফ্রাইতে পারে না সে ভাল না—সকলেই সূখ স্বচ্ছলে আছে, কাহারও

^{*} এই কথাটাই বড় বেশী ভূল। এ সকল বিচারে ভূল আছে, গোড়ার স্বীকার করিরাছি।

নিল্প্রারোজনীর ধন নাই, সে ভাল? দ্বিতীয় অবস্থা যে প্রথমোক্ত অবস্থা হইতে শতগন্তে ভাল, তাহা বৃদ্ধিমানে অস্বীকার করিবেন না। প্রথমোক্ত অবস্থায় কাহারও মঙ্গল নাই। যিনি টাকার গাদার গড়াগড়ি দেন, এ দেশে প্রায় তাঁহার গন্দভিজন্ম ঘটিয়া উঠে। আর যাহারা নিতান্ত অমবন্দের কাঙ্গাল, তাহাদের কোন শক্তি হয় না। কেহ অধিক বড় মানুষ না হইরা, জনসাধারণের স্বচ্ছন্দাবস্থা হইলে সকলেই মনুষ্যপ্রকৃত হইত। দেশের উম্নতির সীমা থাকিত না। এখন যে জন পাঁচ ছয় বাবন্তে রিটিশ্ ইন্ডিয়ান্ এসোসিয়েশ্যনের ঘরে বসিয়া মৃদ্ মৃদ্ কথা কহেন, তৎপরিবর্ত্তে তখন এই ছয় কোটি প্রজার সম্প্রাক্তর্জনগড়ীর মহানিনাদ শনুনা যাইত।

আমরা দেখাইলাম যে, যাঁহারা বিবেচনা করেন যে, জমীদার দেশের পক্ষে প্রয়োজনীয় বা উপকারী, তাহাদের তদ্যুপ বিশ্বাসের কোন কারণ নাই।

पर्शापपार*

্রিকার্গার ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশরের দ্বারা প্রবিত্তি বহুবিবাহ্ বিষয়ক আন্দোলনের সমরে বঙ্গদর্শনে এই প্রবন্ধ প্রকাশিত হয়। বিদ্যাসাগর মহাশরপ্রণীত বহুবিবাহ সম্বন্ধীয় দ্বিতীয় প্রস্তুকের কিছু তীর সমালোচনায় আমি কর্ত্রব্যানুরোধে বাধ্য হইয়াছিলাম। তাহাতে তিনি কিছু বিরক্তও হইয়াছিলেন। তাই আমি এ প্রবন্ধ আর প্রন্মর্নুদ্রত করি নাই। এই আন্দোলন প্রান্তিজনিত, ইহাই প্রতিপক্ষ করা আমার উন্দেশ্য ছিল, সে উন্দেশ্য সফল হইয়াছিল। অতএব বিদ্যাসাগর মহাশরের জাবশশার ইহা প্রম্মৃদ্রিত করিয়া দ্বিতীয় বার তাঁহার বিরক্তি উৎপাদন করিতে আমি ইচ্ছা করি নাই। একলে তিনি অনুরক্তি বিরক্তির অতীত। তথাপি দেশস্থ সকল লোকেই তাঁহাকে শ্রন্ধা করে, এবং আমিও তাঁহাকে আন্তর্নিক শ্রন্ধা করি, এজন্য ইহা এক্ষণে প্রন্ম্যুদ্রিত করার উচিতা বিষয়ে অনেক বিচার করিয়াছি। বিচার করিয়া যে অংশে সেই তীর সমালোচনা ছিল, তাহা উঠাইয়া দিয়াছি। কোন না কোন দিন কথাটা উঠিবে, দোষ তাঁহার, না আমার। স্বিচার জন্য প্রবন্ধটির প্রথমাংশ প্রন্মর্নুদ্রত করিলাম। ইচ্ছা ছিল যে, এ সময়ে উহা প্রম্মুদ্রত করিব না, কিন্তু তাহা না করিলে আমার জীবন্দশায় উহা আর প্রন্ম্যুদ্রিত হইবে কি না সন্দেহ। উহা বিলুপ্ত করাও অবৈধ; কেন না, ভাল হউক, মন্দ হউক, উহা আমাদের দেশে আধ্বনিক সমাজসংক্রারে ইতিহাসের অংশ হইয়া পডিয়াছে—উহার দ্বারাই বহুবিবাহ্বিবয়ক আন্দোলন নিন্দ্রণিতিত হয়, এইর্প প্রসিদ্ধি। আর এখনত Malabari সম্প্রদায় প্রবল—তাঁহারা না পারেন, এমন কাজ নাই]

প্রায় দুই বংসর হইল, পশ্ভিতবর শ্রীযুক্ত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর বহুবিবাহের অশাস্ত্রীয়তা সম্বন্ধে একখানি পাস্তুক প্রচার করেন। তদায়তার শ্রীযুক্ত তারানাথ তর্কবাচস্পতি, এবং অন্যান্য কয়জন পশ্ডিত যদ্ছোপ্রবৃত্ত বহুবিবাহের শাস্ত্রীয়তা প্রমাণ করিতে যত্ন পাইয়াছিলেন। প্রভাৱরে বিদ্যাসাগর মহাশার দ্বিতীয় পাস্তুক প্রচার করিয়াছেন। ইহার বিচার্য্য বিষয় এই যে, যদ্ছোলেমে বহুবিবাহ হিন্দুশাস্ত্রসম্মত কি না। আমরা প্রথমেই বলিতে বাধ্য হইলাম যে, আমরা শ্রম্মশাস্ত্রে সম্পূর্ণ অজ্ঞ; সাত্রাং এ বিচারে বিদ্যাসাগর মহাশার প্রতিবাদীদিগের মত খণ্ডন করিয়া জয়ী হইয়াছেন কি না, তাহা আমরা জানি না। এবং সে বিষয়ে কোন অভিপ্রায় ব্যক্ত করিতে অক্ষম। তবে এ বিষয়ে অশাস্ত্রজ্ঞ ব্যক্তিরও কিছু বক্তব্য থাকিতে পারে। আমাদিগের যাহা বক্তব্য, তাহা অতি সংক্ষেপে বলিব।

বহুবিবাহ যে সমাজের অনিষ্টকারক, সকলের বঙ্জনীয়, এবং স্বাভাবিক নীতিবির্দ্ধ, তাহা বোধ হয় এ দেশের জনসাধারদাের হদয়ঙ্গম হইয়াছে। স্থানিক্ষত বা অলপাশিক্ষিত, এ দেশে এমত লােক বােধ হয় অলপই আছে, যে বালিবে, "বহুবিবাহ অতি স্প্রপ্রথা, ইহা ত্যাজ্য নহে।" যাঁহারা বিদ্যাসাগর মহাশারের প্রস্তুকের প্রতিবাদ করিয়াছেন, বােধ হয়, তাঁহাদেরও এই মাত্র উদ্দেশ্য যে, তাঁহারা আপন আপন জ্ঞানমত বহুবিবাহের শাস্ত্রীয়তা প্রতিপন্ন করেন। তাঁহাদের প্রণীত গ্রন্থ আমরা সবিশেষ পড়ি নাই, কিন্তু বােধ হয় তাঁহারা কেইই বলেন না যে, বহুবিবাহ স্প্রথা, ইহা তােমরা ত্যাগ করিও না। যাদ কেই এমত কথা বালিয়া থাকেন. তবে ইহা বলা যাইতে পারে যে, তাঁহারা মত কুসংস্কারবিশিষ্ট লােক এক্ষণে অতি অলপ। যাঁহারা স্বয়ং

^{*} ব্ছুবিবাহ রহিত হওরা উচিত কি না এতদ্বিষয়ক বিচার। দ্বিতীর প্রুতন। শ্রীঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর প্রদীত। ক্রিকাডা, শ্রীপীডান্বর বন্দ্যোপাধ্যার দ্বারা সংস্কৃত বন্দ্রে মর্ন্দ্রত।

বহুনিবাহ করিয়া থাকেন, তাঁহাদিগেরই মুখে বহুনিবাহপ্রথার ভূয়সী নিন্দা এবং কোঁলীনাের উপর ধিক্কার আমরা শতবার শানিয়াছি। তবে যে তাঁহারা কেন এত বিবাহ করেন, সে স্বতন্দ্র কথা। এমত চাের কেহই নাই যে, জিজ্ঞাসা করিলে চুরিকে অসংকর্মা বলিয়া স্বীকার করিবে না—কিন্তু অসংকর্মা বলিয়া স্বীকার করিয়াও সে আবার চুরি করে। কুলীনেরাও বহুনিবাহ নিন্দনীয় বলিয়া স্বীকার করিয়াও বহুনিবাহ করেন। কিন্তু সে যাহা হউক, বহুনিবাহ যে কুপ্রথা, তাছিষয়ে বাঙ্গালীর মতৈক্য সম্বন্ধে আমাদের কোন সংশয় নাই।

এই ঐকমত্য যে বিদ্যাসাগর মহাশয়ের কৃত বহুবিবাছবিষয়ক প্রথম পান্তক প্রচারের পর হইরাছে, এমত নহে। অনেক দিন হইতেই ইহা সংস্থাপিত হইরা আসিতেছে। ইহা দেশের মধ্যে স্থানকা প্রচার বা ইউরোপীয় নীতির প্রচার বা সাধারণ উন্নতির ফল। তথাপি তাঁহার প্রথম পত্নস্তকের জন্য আমরা বিদ্যাসাগর মহাশয়ের নিকট কৃতজ্ঞ। যাহা কিছু সদভিপ্রায়ে অনুষ্ঠিত, তাহা সার্থক হউক বা নির্থক হউক, প্রয়োজনবিশিষ্ট হউক বা নিষ্প্রয়োজনীয় হউক, তাহাই প্রশংসনীয় এবং কৃতজ্ঞতার স্থল। বিশেষ বহু,বিবাহ সম্বন্ধে লোকের মত বাহাই হউক, বহু বিবাহপ্রথা দেশ হইতে একেবারে উচ্ছিন্ন হয় নাই। তবে বহু বিবাহ এ দেশে যতদূরে প্রবল বলিয়া বিদ্যাসাগর প্রতিপন্ন করিবার চেণ্টা করিয়াছেন, বাস্তবিক ততটা প্রবল নহে। আমাদিগের সমরণ হয়, হুগালি জেলায় যতগালিন বহুবিবাহপরায়ণ রাহ্মণ আছেন, বিদ্যাসাগর প্রথম পান্তকে जौरामिकात जानिका मियारहन। जानकत भारत मानियाहि त्या जानिकारि श्रमाममाना नारः। কেহ কেহ বলেন যে, মত ব্যক্তির নাম সন্মিবেশ দ্বারা তালিকাটি স্ফীত হইয়াছে। আমরা স্বরং যে দুই একটির কথা সবিশেষ জানি, তাহা তালিকার সঙ্গে মিলে নাই। যাহা হউক, বিদ্যাসাগর মহাশয়ের খ্যাতির অনুরোধে আমরা সেই তালিকাটি যথার্থ বলিয়া গ্রহণ করিলাম। তাহা করিলেও হুগুলি জেলার সমুদার লোকের মধ্যে কয়জন বহুবিবাহপরায়ণ পাওয়া যার? এই বাঙ্গালায় এক কোটি আশী লক্ষ হিন্দু, বাস করে: ইহার মধ্যে আঠার শত জন ব্যক্তিও বে অধিবেদনপ্রায়ণ নহে. ইহা নিশ্চিত বলা যাইতে পারে। অর্থাৎ দশ সহস্র হিন্দুরে মধ্যে একজনও অধিবেদনপ্রায়ণ কি না সন্দেহ। এই অন্পসংখ্যকদিগের সংখ্যাও যে দিন দিন কমিতেছে, স্বতঃই কমিতেছে, তাহাও সকলে জানেন। কাহারও কোন উদ্যোগ করিতে হইতেছে না—কোন রাজবাবস্থার আবশ্যক হইতেছে না—কোন পশ্ডিতের বাবস্থার আবশ্যক হইতেছে না. আপনা হইতেই কমিতেছে। ইহা দেখিয়া অনেকেই ভরসা করেন যে, এই কপ্রথার যাহা কিছু, অবশিষ্ট আছে, তাহা আপনা হইতেই কমিবে। এমত অবস্থায় বহু বিবাহরূপ রাক্ষসবধের জন্য বিদ্যাসাগর মহাশয়ের ন্যায় মহারথীকে ধ্তাস্ত্র দেখিয়া অনেকেরই ডন্কুইক্সোট্কে মনে পড়িবে।

কিন্তু সে রাক্ষস বধ্য, তাহাতে সন্দেহ নাই। মাম্ব্র হইলেও বধ্য। আমরা দেখিয়াছি, এক এক জন বারপরের, মাত সর্প বা মাত করের দেখিলেই তাহার উপর দাই এক ঘা লাঠি মারিয়া যান; কি জানি, যদি ভাল করিয়া না মরিয়া থাকে। আমাদিগের বিবেচনায় ই হারা বড় সাবধান এবং পরোপকারী। যিনি এই মাম্ব্র রাক্ষসের মাতাকালে দাই এক ঘা লাঠি মারিয়া যাইতে পারিবেন, তিনি ইহলোকে প্রাণ্ধা এবং পরলোকে সালাতি প্রাপ্ত হইবেন সন্দেহ নাই।

কিন্তু একটা কথার একট্ গোলবোগ বোধ হয়। আমরা স্বীকার করিলাম, বহুনিবাছ এ দেশে বড় চলিত—আপামর সাধারণ সকলেই বহুপদ্দীক। জিজ্ঞাস্য এই, এ প্রথা কি প্রকারে নিবারিত হওয়া সন্তব? বিদ্যাসাগর মহাশয় যে সকল উপায় অবলম্বন করিতে ইচ্ছুক, বহুনিবাহের অশাস্থায়তা প্রমাণ করা তাহার একটি প্রধান। বাস্তবিক এই প্রথা শাস্থাবিরুদ্ধ কি না, তাহা আমরা বলিতে পারি না; কেন না, প্রেজমাতির্জতি পুণাবলে ধর্ম্মশাস্থা সম্বদ্ধে আমরা ঘোরতর মুর্থ। দেখা যাইতেছে যে, এ বিষরে মতভেদ আছে। তবে বিদ্যাসাগর মহাশয়ের উদ্যম, প্রত্রেকর আকার, এবং ক্ষাতিশাস্থোদ্ধত বচনের আড়ম্বর দেখিয়া আমরা তাঁহার পক্ষ অবলম্বন করিতে প্রস্তৃত আছি। মনে কর্ন, দেশশাদ্ধ লোক সকলেই স্বীকার করিল বে, বহুবিবাহ প্রচান হিন্দুশাস্থা-বিরুদ্ধ। তাহাতে কি বহুবিবাহ প্রথা নিবারিত হইবে? আমরা সে বিষয়ে বিশেষ সংশয়াবিল্ট। বঙ্গীয় হিন্দুসমাজে যে সকল সামাজিক প্রথা প্রচলিত আছে, তাহা সকলই শাস্ত্রসম্মত বলিয়া প্রচলিত, এমত নহে। সে সমাজমধ্যে ধন্মশাস্থাপেক্ষা লোকাচার প্রবল। বাহা লোকাচারসম্মত, তাহা শাস্ত্রবিরুদ্ধ হইলেও প্রচলিত; বাহা লোকাচার-বিরুদ্ধ, তাহা শাস্ত্রসম্মত হইলে প্রচলিত হইবে না। বিদ্যাসাগর মহালর প্রক্রে একবার

বিধবাবিবাহের শাস্ত্রীয়তা প্রমাণ করিয়াছেন; প্রমাণসম্বন্ধে কৃতকার্ব্যও হইয়াছেন; অনেকেই তাঁহার মতাবলন্বী: কিন্তু কয় জন স্বেচ্ছাপ্তর্বক বিধবাবিবাহের শাস্ত্রীয়তা বা অনুষ্ঠেয়তা অনুভত করিয়া আপন পরিবারক্ষা বিধ্বাদিগের প্রনর্ম্বার বিবাহ দিয়াছেন? কোন একজন বিশেষ শাস্ত্রজ্ঞ, শাস্ত্রীয় অনুষ্ঠানে প্রবৃত্ত ব্রাহ্মণ লইয়া বস্কুন। এবং তৎসঙ্গে মন্বাদি স্মৃতি-শাস্ত্রবিষয়ক গ্রন্থ লইয়া এক একটি বচন ধরিয়া তাঁহার আচার ব্যবহারের সহিত মিলাইয়া লউন। কর্মাট বচনের সঙ্গে তাঁহার কুতান ভান মিলিবে? শাস্ত্রজ্ঞ মাত্রেই বলিবেন, অতি অলপ। যদি শাস্ত্রন্তর, শাস্ত্রীয় অনুষ্ঠানে প্রবন্ত ব্রাহ্মণদিগের এই দশা, তবে আপামর সাধারণের কথার আর কাজ কি? বাস্ত্রবিক মানবাদিধন্ম শান্ত্রোক্ত বিধিসকলের সম্পূর্ণ চলন, কোন সমাজমধ্যে সম্ভব নহে। কম্মিন কালে, কোন সমাজে, ঐ সকল বিধি সম্পূর্ণর প্রেচলিত ছিল কি না সন্দেহ। সকল বিধিগুলি চলিবার নহে। অনেকগুলি অসাধ্য। অনেকগুলি সাধ্য হইলেও মনুষোর এতদরে ক্রেশকর যে, তাহা স্বতই পরিত্যক্ত হয়। অনেকগুলি পরস্পরবিরোধী। এই বিধিগুলি সমাক প্রচলিত রাখা যদি কোন সমাজের অদুষ্টে কখন ঘটিয়া থাকে বা কখন ঘটে তবে সে সমাজেব অদুষ্ট বড মন্দ সন্দেহ নাই। অনেকেরই বিশ্বাস আছে, প্রাচীন ভারতে এই ধর্ম্মশাস্ত্র সম্পূর্ণরূপে প্রচলিত ছিল, কেবল এখনই কালমাহান্মো লুপ্ত হইতেছে। যাঁহারা এরূপ বিবেচনা করেন, তাঁহাদের সহিত আমরা বিচারে প্রবৃত্ত হইব না। কিন্তু ইহা স্বীকার করি যে, পূর্ম্বাকালে ভারতবর্ষে এই সকল বিধি কতক দরে প্রচলিত ছিল, এখনও কতক দরে প্রচলিত আছে। প্রচলিত ছিল, এবং প্রচলিত আছে বলিয়াই ভারতবর্ষের এ অধোগতি। যাঁহারা ধর্ম্মশাস্ত্র-ব্যবসায়ী, তাঁহাদিগকে এ কথা বলা ব্যা। কিন্ত অনেক হিন্দ, আমাদিগের কথার অন্যোদন করিবেন, ভরসা আছে। আমরা হিন্দুখন্মবিরোধী নহি: হিন্দুখর্ম্ম পরিশাদ্ধ হইয়া প্রচলিত থাকে ইহাই আমাদের কামনা। তাই বলিয়া যাহা কিছা ধর্ম্মশাস্ত্র বলিয়া পরিচিত, তাহাই যে হিন্দ্রাধন্মর প্রকৃত অংশ, এবং সমাজের মঙ্গলকারক, এ কথা আমরা স্বীকার করিতে পারি না।

আমরা বিদ্যাসাগর মহাশয়ের উদ্দেশ্য সম্পূর্ণ ব্রঝিতে পারিয়াছি কি না, বলিতে পারি ना। यम्, ष्टार्थत्र वर्द्वीववार भार्श्वानिषिक्ष, स्मर्ट कात्रांग्टे वर्द्वीववार रहेरा निवृत्व रहेरा বলিলে একটি দোষ ঘটে। বহুবিবাহপরায়ণ পক্ষেরা বলিতে পারেন, "র্যাদ আপনি আমাদের শাস্তান,সারে কার্য্য করিতে বলেন, তবে আমরা সম্মত আছি। কিন্তু যদি শাস্ত্র মানিতে হয়, তবে আপনার ইচ্ছামত, তাহার একটি বিধি গ্রহণ করা, অপরগ্রাল তাগ করা যাইতে পারে না। আপনি কতকগুলিন বচন উদ্ধাত করিয়া বলিতেছেন, এই এই বচনান,সারে তোমরা যদক্ষাক্রমে বহুবিবাহ করিতে পারিবে না। ভাল, আমরা তাহা করিব না। কিন্তু সেই সেই বিধিতে যে যে অবস্থায় অধিবেদনের অনুমতি আছে, আমরা এই দুই কোটি হিন্দু, সকলেই সেই সেই বিধানান,সারে প্রয়োজনমত অধিবেদনে প্রবাত্ত হইব—কেন না. সকলেরই শাস্তান মত আচরণ করা কর্মেরা। আমরা যত রাহ্মণ আছি—রাটীয় বৈদিক, বারেন্দ্র, কানাকন্দ্র প্রভাতি—সকলেই অত্রে সবর্ণা বিবাহ করিয়া কামতঃ ক্ষত্রিয়কন্যা, বৈশাকন্যা এবং শুদুকন্যা বিবাহ করিব। আমাদিগের মধ্যে যখনই কাহারও স্ত্রী স্বামীর সঙ্গে বচসা করিয়া বাপের বাড়ী যাইবে, আমরা তখনই বিবাহের উদ্দেশ্য অসিম্প বলিয়া, ছোট জাতির মেয়ে খন্তিব। গাহিণী যখন ঝগড়া করিয়াছেন, তখন রাগের মাথায় সম্মতি দিবেন, সন্দেহ নাই। এই দুই কোটি বাঙ্গালীর মধ্যে যাহারই স্থা বন্ধ্যা,* সেই আব একটি বিবাহ কর,ক—যাহারই স্থা ম.তপ্রজা, সেই আর একটি বিবাহ কর্ক-যে হতভাগিনীকে বিধাতা বর্ষে বর্ষে মনঃপীড়া দিয়া থাকেন. স্বামীও তাহার মর্ম্মান্তিক পীডার বিধান করনে: কেন না, ইহা শাস্ত্রসম্মত। তদ্ভিম্ন যাহার কন্যা ভিম্ন পত্র জন্মে নাই এই দুই কোটি হিন্দুর মধ্যে এমত যত লোক আছে, সকলেই আর এক এক দার-পরিগ্রহ করুন। আমাদিগের এমন ভরসা আছে যে এই সকল কারণে হিন্দুগেণ শাস্তানুসারে অধিবেদনে প্রবন্ত হইলে, এখন যেখানে একজন কলীন ব্যাহ্মণ বহু,বিবাহপরায়ণ, সেখানে সহস্র मञ्ज्ञ कलीन, अकलीन, दाक्राम, गाम, वर, श्रेष्ट्री लंग्सा मार्ट्स न्वक्राम गाम्यान, मार्ट्स भाम्यान, मार्ट्स न्य কবিতে থাকিবেন।"

^{* &}quot;বন্ধান্তমৈহবিবেল্যান্তে দশমে তু মৃতপ্রজা। একাদলে স্তীজননী সদ্যন্ত্রিয়বাদিনী॥"— বহুবিবাহ, বিতীয় প্রেক, ১৪৩ পুঃ।

विविध अवद-वर्गववार

কিন্তু এখনও শাস্তের মহিমা শেষ হয় নাই। ধর্মশাস্তের প্রধান বিধির উল্লেখ করিতে वाकि जाह्य। "नमान्यिश्वरामिनी।"—धार्या। जीश्वर्यामिनी श्रेल, नमारे जीश्वर्यम क्रियः। আমাদিগের বিশেষ অনুরোধ যে, যাঁহার যাঁহার ভার্য্যা অপ্রিয়বাদিনী, তাঁহারা হিন্দু-শাস্তের গৌরববদ্ধনার্থ সদ্যই প্নৰ্ধার বিবাহ কর্ন। স্ত্রীলোক স্বভাবতঃ মূখরা, দ্বিতীয়া ভাষ্যাও আপ্রয়বাদিনী হইলে হইতে পারে,—তাহা হইলে আবার তৃতীয় বিবাহ করিবেন; তৃতীয়াও যদি আপ্রয়বাদিনী হয় (বাঙ্গালীর মেয়ের মূখ ভাল নহে), তবে আবার বিবাহ করিবেন-এরপ "লোকহিতেষী নির্বাহ শাস্ত্রকারাদগের" অনুকম্পায় আপনারা অনুক গ্রাহণীগ্রেণীতে পর্বী र्गान्छि क्रिट भारित्न। अपन वाक्रानीर नारे, याराक अक्रिन ना अक्रिन म्होंत्र कार्ष्ट "মুখুঝামুটা" খাইতে না হয়। অতএব আমাদিগের ধর্ম্মশান্তের অনন্ত মহিমার গুণে সকলেই <u>जनस्रमः श्रोक ग्रीहिंगीकर्स्य भीतर्राष्ठिछ इटेग्रा स्नीयनयाता निर्म्याट क्रीत्रर्छ भागिर्य। याँटातरे</u> ম্ব্রী ননন্দার সহিত বচসা করিয়া আসিয়া স্বামীর উপর তম্জুন গম্জুন করিবেন, তিনিই ज्यक्रमार जना विवाद कांत्रराज भातिरवन। यांदात्रदे म्ही, यात जात जात्र नाजन जनकात प्राथिता আসিয়া স্বামীকে বলিবেন, "তোমার হাতে পড়িয়া আমার কোন সূখ হইল না", তিনি তংক্ষণাং সেই রাত্র ঘটক ডাকাইয়া সম্বন্ধ স্থির করিয়া সদাই অন্য দার গ্রহণ করিবেন। **ধাঁ**হার স্ত্রী, দ্বামীর মুখে দ্বকৃত পাকের নিন্দা শুনিয়া বলিবেন, "কিছুতেই তোমার মন যোগাইতে পারিলাম না—আমার মরণ হয় ত বাঁচি"—তিনি তখনই চেলির কাপড় পরিয়া, সোলার টোপর মাথায় দিয়া, প্রতিবাসীর দ্বারে গিয়া দাঁড়াইয়া বলিবেন, "মহাশয়, কন্যাদান কর্ন।" এত দিনে বাঙ্গালীর ঘরে জন্মগ্রহণ করা সার্থক হইল.—অমূল্যধন স্থানিত্ব পর্য্যাপ্ত পরিমাণে লাভ করা যাইতে পারিবে। বঙ্গস্কেরীগণ বোধ হয় ধর্ম্মশাস্ত্রপ্রচারের এই নবোদ্যম দেখিয়া তত সম্ভণ্ট হইবেন না। কিন্তু তাঁহাদিগের শাসনের যে একটা সদ্পায় হইতে পারিবে, ইহাতে আমরা বড় স্থী। আমাদের এমত ভরসা হইয়াছে যে, অনেক ভদলোক নিখতে মুক্তা খ্রিজয়া বেড়াইবার मात्र श्रेट्रेक निष्कृष्ठि পारेदन-देन ना, नथनाष्ट्रा मियात्र मिन काल राजा। विश्व सूर्यी पाष. সোদামিনী মিত্র, কামিনী গাঙ্গলী প্রভৃতি দেশের শ্রীব্যদ্ধির পতাকাবাহিনীগণ, বোধ হয় পতাকা रफेलिया फिया, फिरत वाकालीत स्पर्ध माजिया, न्वामीत श्रीष्ठत्व भाव छत्रमा भरन क्रिया, विविद्याना **हाल शां**र कांत्रज्ञा आनित्वन। कालज्जिनी कुलकांभिनीशन এथन इटेंट भूरधे विष क्रांत्र न्कारेशा, क्वन कोक्क-विरुक्त भरमात्रकारात विकास मन्त्रन क्रियान। छौरापिरात भरन थाक যেন, "সদ্যুক্ত প্রয়বাদিনী!"—বিদ্যাসাগর মহাশয়-প্রণীত বহুবিবাহ দিবারণবিষয়ক দ্বিতীয় প্রস্তুকে এ ব্যবস্থা খ্রিজয়া পাইয়াছি। বিদ্যাসাগর মহাশয় বহুবিবাহ নিবারণ জন্য এই প্রস্তুক লিখিয়াছিলেন, কিন্তু বাঙ্গালীর অদৃষ্ট সম্প্রসম!—আমাদিগের পুর্বজন্মাজ্জিত পুণ্য অনন্ত। সেই প্রেকোদ্বত ধর্ম্মশান্তের বলে বাঙ্গালী মাত্রেই অসংখ্য বিবাহ করিতে পারিবেন। বিদ্যাসাগর মহাশয় যে শাস্তকার্রাদগকে "লোকহিতৈষী" বলিয়াছেন, তাহা সার্থক বটে।

वज्ञ भारम्ब एमशहे पिया कि कन! व भाम्बान्त्राद लाक्टक कार्या कितर विलल

বহর্বিবাহ নিবারণ হয়, না বৃদ্ধি হয়?

কিন্তু বোধ হয়, শাদ্রাবলন্বনপ্নের্বক বহুবিবাহ পরিত্যাগ করিতে বলা বিদ্যাসাগর মহাশয়ের প্রকৃত উদ্দেশ্য নহে। বিদ্যাসাগর মহাশয় এবং তাঁহার সহিত য়াঁহারা একমতাবলন্বী, তাঁহাদের মুখ্য উদ্দেশ্য এই য়ে, বহুবিবাহ নিবারণ জন্য রাজবাবদ্বা প্রচার হউক। দ্বিতীয় প্রস্তুকে সেকথা কিছুই নাই, কিন্তু প্রথম প্রস্তুকে আছে। সেই উদ্দেশ্যে প্রবৃত্তিদায়কস্বর্প বহুবিবাহের অশাদ্রীয়তা প্রমাণ করিবার জন্য য়য় করিয়ছেন। নচেং শাদ্রের নামে ভয় পাইয়া হিল্প্ বহুবিবাহের অশাদ্রীয়তা প্রমাণ করিবার জন্য য়য় করিয়ছেন। নচেং শাদ্রের নামে ভয় পাইয়া হিল্প্ বহুবিবাহের বা কোন চিরপ্রচলিত প্রথা হইতে নিবৃত্ত হইবেক, এমত ভরসা বিদ্যাসাগর মহাশয় করিবেন, বোধ হয় না। কিন্তু রাজবাবদ্যার পক্ষে প্রবৃত্তিদায়ক বালয়াও এ বিষয়ে ধন্মশাদ্রের সাহায়্য অবলন্বন করা আমাদিগের উপয়্তুক্ত বোধ হয় না। এ বিষয়ে রাজবিধি প্রণীত করিতে গেলে, তাহা কি শাদ্রান্মত হওয়া আবশ্যক? না শাদ্রবির্দ্ধ হইলেও ক্ষতি নাই? যদি তাহা শাদ্রান্মত হওয়া আবশ্যক হয়, তবে "সদ্যম্প্রিয়বাদিনী", "ক্ষর্রবিট্,শ্রেকন্যায়্রু * * * বিবাহায়ঃ ক্ষরিদেব তু" প্রভৃতি কথাগুলিও বিধিবন্ধ করিতে হইবে। আর যদি তাহা শাদ্র্যবির্দ্ধ হইলেও

ৰহুবিবাহ, দ্বিতীয় প্রেক, ২৫২ প্রে।

চলে, তবে বহুনিবনাহের অশাদ্বীয়তা প্রমাণ করিতে প্রয়াস পাওয়া, নিষ্প্রয়োজনে পরিশ্রম করা মাত্র।

আর একটি কথা এই যে, এ দেশে অর্জেক হিন্দর, অর্জেক মুসলমান। যদি বহুবিবাহ নিবারণ জন্য আইন হওয়া উচিত হয়, তবে হিন্দর, মুসলমান উভয় সন্বর্জেই সে আইন হওয়া উচিত। হিন্দরের পক্ষে বহুরিবাহ মন্দ, মুসলমানের পক্ষে ভাল, এমত নহে। কিন্তু বহুরিবাহ হিন্দর্শাস্থ্যবির্জ্ধ বলিয়া, মুসলমানের পক্ষেও তাহা কি প্রকারে দংতবিধি দ্বারা নিষিদ্ধ হইবে? রাজব্যবন্থাবিধাত্বাণ কি প্রকারে বলিবেন যে, "বহুরিবাহ হিন্দর্শাস্থ্যবির্জ্জ, অতএব যে মুসলমান বহুরিবাহ করিবে, তাহাকে সাত বংসরের জন্য কারার্ত্জ হইতে হইবে।" যদি তাহা না বলেন, তবে অবশ্য বলিতে হইবে যে, "আমরা বড় প্রজাহিতেশী ব্যবস্থাপক বটে; প্রজার হিতার্থ আমরা বহুরিবাহ কুপ্রথা উঠাইব; কিন্তু আমরা অর্জেক প্রজাদিগের মাত্র হিত করিব। হিন্দর্ন্দিগের শাস্ত্র ভাল, তাঁহাদের ব্যাকরণের গ্লে এক স্থানে কেমশো বরা'ও ক্রমশোহবরা' উভয় পাঠ চলিতে পারে, স্বভরাং তাহাদিগেরই হিত করিব। আমাদিগের অর্বাশণ্ট প্রজা তাহাদিগের ভাগ্যদোষে মুসলমান, তাহাদিগের শাস্ত্রপ্রণত্বগণ স্বত্র নহে, আরবী কারদা হেলে দোলে না, বিশেষ মুসলমানের মধ্যে শ্রীযুক্ত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগ্র মহাশ্রের ন্যায় কেহ পশ্ডিত নাই, অতএব বাকি অর্জেক্ প্রজাগনের হিত করিবার আবশ্যকতা নাই।" আমাদিগের ক্ষুদ্র ব্রুজিতে বোধ হয় যে, ব্যবস্থাপক সুমাজ এই দ্বিধি উক্তির মধ্যে কোন উত্তিই ন্যায়সঙ্গত বিবেচনা করিবেন না।

অতএব আমাদিগের সামান্য বিবেচনায় ধর্ম্মশান্তের দোহাই দিয়া কোন দিকে কোন ফল নাই। তবে ইহা অবশ্য স্বীকার্য্য যে, যদি ধর্ম্মশান্তে বিদ্যাসাগ্র মহাশ্রের বিশ্বাস ও ভত্তি থাকে, এবং যদি বহুনিবাহ সেই শাস্ত্রাবর্ম্থ বিলয়া তাঁহার বিশ্বাস থাকে, তবে তিনি আত্মপক্ষসমর্থনে অধিকারী বটে, এবং তাঁহার প্রস্তুক, একজন সদন্যুঠাতার সদন্যুঠানে প্রবৃত্তির প্রমাদ্বর্ম্প সকলের নিকট আদরণীয়। আর যদি বিদ্যাসাগর মহাশ্রের শাল্তে বিশ্বাস ও ভত্তি না থাকে, তবে সেই শাল্তের দোহাই দেওয়া কপটতা মার। যিনি বলিবেন যে, সদন্যুঠানের অনুরোধে এইর্ম্প কপটতা প্রশংসনীয়, আমরা তাঁহাকে বিলব যে, সদন্যুঠানের উদ্দেশ্যেই হউক বা অসদন্যুঠানের উদ্দেশ্যেই হউক, যিনি কপটাচার করেন, তাঁহাকে কপটাচারী ভিন্ন আর কিছুই বিলব না। আপনার ক্ষুধানিবারণার্থে যে চুরি করে, সেও যেমন চোর, পরকে বিতরণার্থ যে চুরি করে, সেও তেমনি চোর। বরং দাতা চোরের অপেক্ষা ক্ষুধাতুর চোর মার্চ্জনীয়; কেন না, সে কাতরতাবশত্রু, এবং অলম্ব্য প্রয়োজনের বশীভূত হইয়া চুরি করিয়াছে। তেমনি যে ব্যক্তির আত্মরকার্থ কপটতা করে, তাহার অপেক্ষা যে নিম্প্রয়োজনে কপটতা করে, সেই অধিকতর নিক্নীয়। যিনি এই পাপপন্ন, মিথ্যাপরায়ণ মন্যুজাতিকে এমত শিক্ষা দেন যে, সদন্যুঠানের জন্য প্রতারণা এবং কপটাচারও অবলম্বনীয়, তাঁহাকে আমরা মন্যুজাতির পরম শন্ত্র বিবেচনা করি। তিনি কুশিক্ষার পরম গ্রুর্।

আমরা এ কথা বিদ্যাসাগর সন্দর্বের বলিতেছি না। আমরা এমত বলিতেছি না বে, বিদ্যাসাগর মহাশয় ধন্মশান্দের প্রতি গশ্দাদিত হইয়া তৎপ্রচারে প্রবৃত্ত হইয়াছেন। আমরা ইহাও বলিতেছি যে, বিদ্যাসাগর মহাশয়ের নায় উদার চরিত্রে কপটাচরশ কখনই স্পর্শ করিতে পারে না—তিনি স্বয়ং ধন্মশান্দের অবিচলিত ভক্তিবিশিষ্ট সন্দেহ নাই। কেবল আমাদিগের কপালদােষে বহুবিবাহ নিবারণের সদ্বপায় কি, তৎসন্বন্ধে তিনি কিছু প্রাস্তঃ। ইহার অধিক আর কিছুই আমাদিগের বলিবার নাই।

रंव करत्रकिं कथा वना आर्मामशात्र উल्लाना, जाशा मशक्करभ भूनत्र क्रिटा ।

১। বহুনিবাহ অতি কুপ্রথা; বিনি তাহার বিরোধী, তিনিই আমাদিগের কৃতজ্ঞতার ভাষান।

২। বহুবিবাহ এ দেশে স্বতঃই নিবারিত হইয়া আসিতেছে; অলপ দিনে একেবারে লাপ্ত হইবার সম্ভাবনা; তজ্জন্য বিশেষ আড়স্বর আবশ্যক বোধ হয় না। স্বাশক্ষার ফলে উহা অবশ্য লাপ্ত হইবে।

৩। এ কথা যদিও সত্য বলিয়া স্বীকার না করা যায়, তবে ইহার অশাস্থীয়তা প্রমাণ করিয়া কোন ফললাভের আকাশ্যা করা যাইতে পারে না।

विविध श्रवक-बाज हाजगाधिकान

৪। আমাদিগের বিবেচনার বহুনিবাহ নিবারণের জন্য আইনের প্রয়োজন নাই। কিন্তু যদি প্রজার হিতার্থ আইনের আবশ্যকতা আছে, ইহা স্থির হয়, তবে ধর্মশান্দের মুখ চাহিবার আবশ্যক নাই।

উপসংহার কালে আমরা বিদ্যাসাগর মহাশরের নিকট ক্ষমা প্রার্থনা করিতেছি। তিনি বিজ্ঞ, শাদ্যজ্ঞ, দেশহিতেষী, এবং সনুলেখক, ইহা আমরা বিস্মৃত হই নাই। বঙ্গদেশ তাঁহার নিকট অনেক ঋণে বন্ধ। এ কথা যদি আমরা বিস্মৃত হই, তবে আমরা কৃত্যু। আমরা যাহা লিখিয়াছি, তাহা কর্ত্বব্যান্রেরোধে বহুবিবাহের বিচারে প্রবৃত্ত হইয়া থাকেন, তবে আমাদের এ কথা সহজে ব্রিধবেন।

वक्ष बाक्षणाधिकात्र*

প্ৰথম প্ৰস্তাৰ

বঙ্গে ব্রাহ্মণাধিকার কত দিন হইতে? চিরকাল নহে। ইউরোপীয় পশ্ভিতেরা এক প্রকার দিহুর করিয়াছেন যে, আর্যাক্রাতীয়েরা ভারতবর্ষের আদিমবাসী নহে। তাঁহারা বলেন যে, ইরাণ বা তংসাঁহাছিত কোন স্থানে আর্যজ্ঞাতীয়াদিগের আদিম বাস। তথা হইতে তাঁহারা নানা দেশে গিয়া বর্সাত করিয়াছেন। এবং তথা হইতেই ভারতবর্ষে আসিয়া বর্সাত করিয়াছিলেন। প্রথম কালে আর্য্য জ্ঞাতি কেবল পূঞ্জাবমধ্যে বর্সাত করিতেন। তথা হইতে ক্রমে প্রেশিশ জয় করিয়া অধিকার করিয়াছেন।

যে সকল প্রমাণের উপুর এই সকল কথা নির্ভার করে, তাহা স্থাশিক্ষিত মাত্রেই অবগত আছেন, এবং স্থাশক্ষিত মাত্রেরই নিকট সে সকল প্রমাণ গ্রাহ্য হইরাছে। অতএব তাহার কোন বিচারে আমরা প্রবৃত্ত হইব না। যদি আর্যাজাতীয়েরা উত্তর পাশ্চম হইতে ক্রমে ক্রমে পুর্বেভাগে আস্মিয়ছিলেন, তবে ইহা অবশ্য স্বীকর্ত্তব্য যে, অনেক পরে বঙ্গদেশে আর্যাজাতীয়েরা আসিয়া বৈশিক ধন্ম প্রচার করিয়াছিলেন।

"সরস্বতীদ্যন্ধত্যোদে বনদ্যোর্দন্তরম্। তং দেবনিম্মিতং দেশং রহ্মাবর্ত্তং প্রচক্ষতে॥ তিস্মন্ দেশে য আচারঃ পারস্পর্দ্রমাগতঃ বর্ণানাং সান্তরালানাং স সদ্টোর উচাতে॥"

এই বচন মন,সংহিতোদ্ধৃত। অতএব ব্রুঝা ষাইতেছে যে, ষংকালে মানবধর্ম্মশাদ্দ্র সংগ্হীত হইয়াছিল, তংকালে বঙ্গদেশ শ্রুদ্ধাচারবিশিষ্ট প্র্ণা প্রদেশের মধ্যে গণা হইত না। অথচ আর্য্যাবত্তের একাংশ বলিয়া গণিত হইত। কেন না, ঐ বচনন্বরের কিছু পরেই মন,তে আছে যে—

"আসমনুদ্রান্ত বৈ পর্ব্বোদাসমনুদ্রান্ত পশ্চিমাণ। তয়োরেবান্তরং গির্বোশ রাব্যাবর্ত্তং বিদূর্ব্ধাঃ॥"

কিন্তু বঙ্গদেশ তৎকালে আর্ব্যাবর্ত্তের অংশমধ্যে গণনীয় হইলেও, তথায় আর্ব্যধন্ম প্রচলিত ছিল, এমত বোধ হয় না। কেন না, মন্সংহিতায় অন্যত্র আছে,—

"শনকৈছু ক্রিয়ালোপাদিমাঃ ক্ষরিয়জাতয়ঃ। ব্যবস্থ গতা লোকে রাক্ষণাদর্শনেন চ॥ পোশ্দ্রকাশ্চোড্রদ্রবিড়াঃ কান্বোজা যবনাঃ শকাঃ।"

একলে যাহাকে বঙ্গদেশ বলা যায়, তাহার দক্ষিণ পশ্চিমাংশ পোশ্র নামে খ্যাত ছিল। যে

^{*} वक्रमणन, ১२४०।

[†] বিশ্বাচল ও হিমবং।

बिष्का प्रनावना

অংশমধ্যে কলিকাতা, বন্ধমান, মুরণিদাবাদ, তাহা সেই অংশের অন্তর্গত। যাঁহারা সবিশেষ অবগত হইতে চাহেন, তাঁহারা উইলসন্ কৃত বিদ্ধুপুরাণান্বাদের প্রদেশতত্বিষয়ক পরিচ্ছেদটি দেখিবেন। বন্ধ, প্র্পু হইতে একটি পৃথক্ রাজ্য ছিল। এক্ষণে বাঙ্গালীতে ঢাকা বিদ্মপুর অঞ্চলকেই "বঙ্গদেশ" বলে—সেই প্রদেশকেই প্রচিন কালে বঙ্গদেশ বলিত। কিন্তু অগ্রে প্র্পু, পরে বঙ্গ। মহাভারতের সভাপুর্বে আছে, ভীম দিশ্বিজয়ে আসিয়া প্র্জাধিপতি বাস্দেব এবং কৌশিকীকছবাসী মনৌজ রাজা, এই দ্ই মহাবল মহাবারিকে পরাজয় করিয়া বঙ্গরাজের প্রতি ধাবমান হইলেন। চৈনিক পরিব্রাজক হোয়েশ্য্ সাঙ্ভ ভারতবর্ষে এই প্র্পু বা পৌশ্র দেশে আসিয়াছিলেন। সেই দেশের রাজধানীর নাম পৌশ্রবর্জন। জেনেরল্ কানিঙ্হাম্ বলেন যে, আধ্বনিক পাবনাই প্রচিন রাজধানী পৌশ্রবর্জন। বোধ হয়, মালদহের অন্তঃপাতী পাশ্রুয়া নামক গ্রামের অন্তিজ তিনি অবগত নহেন। এই পাশ্রুয়াই যে প্রাচীন পৌশ্রুবর্জন, এমত বিবেচনা করিবার বিশেষ কারণ আছে।

অতএব আধ্নিক বঙ্গদেশের প্রধানাংশকে প্রের্থ পোণ্ড্রদেশ বলিত। মন্র শেষোদ্ধ্ ব চনে বোধ হইতেছে যে, তথন এ দেশে রাদ্ধণের আগমন হয় নাই বা আর্য্যজাতি আইসে নাই। ইহা বলা যাইতে পারে যে, যেখানে পোণ্ড্রাদিগকে ল্পুক্রিয় ক্ষরিয় মার বলা হইতেছে, সেখানে এমত ব্রঝায় না যে, যখন মন্সংহিতা সক্ষলন হয়, তথন বঙ্গদেশে আর্য্যজাতি আইসে নাই। বরং ইহাই বলা যাইতে পারে, তাহার বহু প্রের্ব ক্ষরিয়েরা এ দেশে আসিয়া আচারন্থ্রুই হইয়া গিয়াছিলেন। যদি তাহা বলা যায়, তবে চীন, তাতার, পারশ্য, এবং গ্রীস্ সন্বদ্ধেও তাহা বলিতে হইবে। কেন না, পোশ্ড্রগণ সন্বদ্ধে যাহা কথিত হইয়াছে, চৈন, শক, পহার, এবং যবন সন্বদ্ধেও তাহা কথিত হইয়াছে। মন্, শক, যবন, পহার, (কেহ লিখেন পহুব) এবং চৈনদিগকে যে শ্রেণীভূক্ত করিয়াছেন, এতন্দেশবাসী পোশ্ড্রাদিগকে সেই শ্রেণীতে ফেলিয়াছিলেন। ইহাতে স্পন্টই উপলান্ধি হইতেছে যে, মন্সংহিতাসঞ্চলনকালে বঙ্গদেশ রাদ্ধণবিহীন, অনার্য্য জাতির বাসন্থান ছিল।

সম্দ্রতীর হইতে পদ্মা পর্যান্ত প্রদেশে এক্ষণে বহুসংখ্যক পর্যুজ ও পোদ জাতীয়ের বাস আছে। পর্যুজ শব্দার অপদ্রংশ বোধ হয়; পোদ শব্দাও তাহাই বোধ হয়। অতএব এই পর্যুজ ও পোদ জাতীয়াদিগকে সেই পৌদ্ধাদিগের বংশ বিবেচনা করা যাইতে পারে। ইহাদিগের মন্তকাদির গঠন তুরাণী, ককেশীয় নহে। তবে ককেশীয়াদিগের সহিত মিশিয়া কতক কতক তদন্রপুপ হইয়াছে। জাতিবিং পিল্ডতেরা বলেন, ভারতবর্ষের আদিমবাসীয়া সকলেই তুরাণীয় ছিল; আর্যোরা তাহাদিগকে পরাস্ত করায় তাহারা কতক কতক বন্য ও পার্বাত্য প্রদেশ আশ্রয় করিয়া বাস করিতেছে। আর্থনিক কোল, ভীল, সাঁওতাল প্রভৃতি সেই আদিম জাতি। আর কতকগ্রালন, জেতাদিগের আশ্রয়েই তাহাদিগের নিকট অবনত হইয়া রহিল। আর্থনিক অনেক অপ্রবিত্ত হিন্দুজাতি তাহাদিগেরই বংশ। পর্যুজ এবং পোদগণকে সেই সম্প্রদায়ভুক্ত বোধ হয়।

শতপথ ব্ৰাহ্মণে আছে.—

"বিদেঘোহ মাথবাহি মিং বৈশ্বানরং মুখে বভার। তস্য গোতমো রাহ্নগণ ঋষিঃ পুরোহিত আস। তক্ষে স্মামন্ত্রমানো ন প্রতিশ্লোতি নৈন্দেহি বিশ্বানরো মুখান্নিজ্পদ্যাতে ইতি তম্গভিহ্নিরতুং দয়ে। বীতিহোচং দ্বা কবে দ্বামন্তং সমিধীমহি। অগ্নে বৃহন্তমধ্রে বিদেঘেতি। স ন প্রতিশ্লোব।—উদ্ধে শ্রেন্ত্রত শ্লেন ভ্রন্ত ইরতে। তব জ্যোতিংমার্চ্চরো বিদেঘা ইতি। সহ নৈব প্রতিশ্লাব। তং দ্বা ধৃত কবি নিহে ইত্যেবাজিব্যাহারদথাস্য ধৃত-কীর্ত্রাবেবাগ্নি বৈশ্বানরো মুখাদ্বেজ্জনাল তং ন শশাক ধার্রায়তুম্। সোহস্য মুখান্নিজ্পদে সইমাং প্রথিবীম্। তং গোতমণ্ড রাহ্মগুণা বিদেঘণ্ড মাথবঃ পশ্চাদ্ দহন্তমন্বীয়তুঃ। সইমাঃ সর্বা নদীরতিদদাহ। সদ্নিরেত্যন্তরাদ্ গিরেনিধাবতি তাং হৈব নাতিদ্দাহ তাং হ দ্বা তাং প্রা রাহ্মণা ন তরন্তি অনতিদ্ধা অগ্নিনা বৈশ্বানরেশেতি। তত এতহি প্রাচীনং বহবো রাহ্মণাঃ। তদ্ হ অক্ষেত্রত্রমিব স্থাবিতর্মিব অন্বাদিত্যান্নিনা বিশ্বানরেশেতি। তদ্বহৈত্তি ক্ষেত্রামিব রাহ্মণা উহি ন্নমেতদ্ যক্তর্রাসিবদন্। সাপি জঘন্যে নৈদাঘে সমিরের কোপরতি তাবং সীত্রনিতি দক্ষা হাগ্নিনা বৈশ্বানরেশ। স হোবাচ বিদেঘা মাথবঃ কাহং ভ্রানি ইতি। অতএব তে প্রাচীনং ভ্রনামিতি হোবাচ। সৈধাশ্যেতহি কাশ্লিবিদেহানাং মর্য্যাদা তেহি মাথবাঃ।"

বিবিধ প্রবন্ধ-বঙ্গে দ্বান্ধণাথিকার

এক্ষণে সদানীরা নামে কোন নদী নাই। কিন্তু হেমচন্দ্র্যাভিধানে এবং অমরকোৰে করতোরা নদীর নাম সদানীরা বিলয়া উক্ত হইয়াছে। কিন্তু দেখা যাইতেছে বে, সে এ সদানীরা নদী নহে; কেন না, শতপথ ব্রাহ্মণেই কথিত হইয়াছে যে, এই নদী কোশল (অযোধ্যা) এবং বিদেহ রাজ্যের (মিথিলা) মধ্যসীমা।

ইহাতে এই নিশ্চিত হইতেছে যে, অতি প্ৰ্কালে মিথিলাতে ব্ৰহ্মণ আসে নাই, কিছু যখন শতপথ ব্ৰহ্মণ (ইহা বেদান্তগতি) সংকলিত হয়, তথন মিথিলায় ব্ৰহ্মণ বাস করিত। শতপথ ব্ৰহ্মণ বহুকাল প্ৰ্ব হইতেই আৰ্যাগণ মিথিলাতে বাস করিত, সন্দেহ নাই; কেন না, ঐ ব্ৰহ্মণে বিদেহাধিপতি জনক সম্লাট্ বিলয়া বাচ্য হইয়াছেন। নবীন রাজ্যের রাজা প্রাচীনদিগের নিকট সম্লাট্ নাম লাভ করিবার সম্ভাবনা কি? যখন মিথিলায় এতকাল হইতে ব্লহ্মণের বাস, তখন যে ব্লহ্মণেরা তথা হইতে আধ্যনিক বাঙ্গালার উত্তরাংশে বিস্তৃত হয়েন নাই, এমত বোধও হয় না। তবে সে সময়ে বঙ্গদেশ স্পৃহণীয় বাসস্থান ছিল না, অথবা একেবারেই বা বাসযোগ্য ছিল না, এমত কেহ কেহ বলিতে পারেন। ভূতত্ববিদেরা প্রমাণ করিয়াছেন যে, অতি প্র্বকালে বঙ্গদেশ ছিল না; হিমালয়ের মূল পর্যান্ত সম্দ্র ছিল। অদ্যাণি সম্দ্রবাসী জীবের দেহাবশেষ হিমালয় পর্বতে পাওয়া গিয়া থাকে। কি প্রকারে গঙ্গা এবং ব্রহ্মপত্রের মূখানীত কর্দ্মণে বঙ্গদেশ স্থিট, তাহা সর্ চার্লস্ লায়েল্ প্রণীত ''Principles of Geology'' নামক প্রশেষ বর্ণতি হইয়াছে।

শতপথ রাহ্মণ হইতে যাহা উদ্ধৃত হইয়াছে, তাহাতেই আছে, সদানীরা নদীর পরপারিছ্ত প্রদেশ জলপ্লাবিত। "প্লাবিতর" শব্দে প্রবনীয় ভূমিই ব্বায়। যাদ তথন বিহুৎ প্রদেশের এই দশা, তবে অপেক্ষাকৃত নবীন বঙ্গভূমি স্ক্রেরনের মত অবস্থাপর ছিল। কিন্তু সে সময়ে বে, এ দেশে মন্যের বাস ছিল, ঐ শতপথ রাহ্মণেই তাহার প্রমাণ আছে। ঐ পোণ্ডেরাই তথার বাস করিত। যথা, "অস্তান্ বঃ প্রজা তক্ষিট ইতি। ত এতে অন্ধাঃ প্র্ডাঃ শবরাঃ প্রিলন্দাঃ ম্বিতাঃ ইতি উদস্তাঃ বহবো ভবস্তি।" মহাভারতে সভাপব্বে প্রাগ্রেক্ত স্থানেই আছে বে, ভীম প্র্ডা বঙ্গাদ জয় করিয়া তাম্মালপ্ত, এবং সাগরক্লামানী স্বেচ্ছদিগকে জয় করিলেন। অতএব তংকালে এ দেশ আসম্দ্র জনাকীণ ছিল। কিন্তু তথার যে আর্য্যজাতির বাস ছিল, এমত প্রমাণ মহাভারতে নাই। প্র্ভারাজের নাম বাস্বদেব। আর্যবংশীয় নহিলে এ নাম সম্ভবে না। কিন্তু নাম কবির কলিপত বলিয়া বোধ করাই উচিত। যদি বল, ঐ স্থলেই অনার্য্যজাতিগণকে সম্দুতীরবাসী স্বেচ্ছ বলা হইয়াছে, সেখানে ব্রিকতে হইবে যে, প্র্জাদিজাতি স্বেচ্ছ নহে; স্বতরাং তাহারা আর্য্যজাতি। ইহার উত্তর এই যে, স্বেচ্ছ না হইলে আর্য্যজাতি হইল, এমত নহে। স্বেচ্ছ একটি অনার্য্যজাতি মাত্র; যবনাদি আর আর জ্যাতি তাহা হইতে ভিন্ত। মথা মহাভারতের আদিপব্র্বে,—

"যদোস্থ যাদবা জাতাস্থুব্বসোর্যবনাঃ স্মৃতাঃ।
দ্রহ্যোঃ স্মৃতাস্থ বৈ ভোজাঃ অনোস্থু স্পেচ্ছজাতরঃ॥"
বরং ঐ মহাভারতেই প্রুল্জ অনার্যজাতিমধ্যে গণিত হইরাছে, ষথা—
"যবনাঃ কিরাতাঃ গান্ধারাকৈচনাঃ শাবরবর্ষ্বরাঃ।
শক্ষাস্থ্যারাঃ কৎকাশ্চ পহাবাশ্চমশ্রমদ্রকাঃ॥
পৌণ্ডাঃ প্রিলন্দা রমঠাঃ কান্বোজাকৈচব সর্বশাঃ।"

অতএব এই পর্যান্ত সিদ্ধ যে, যথন শতপথ ব্রহ্মণ প্রণীত হয়, তথন এ দেশে আর্য্য জাতির অধিকার হয় নাই, যথন মন্সংহিতা সংকলিত হয়, তথনও হয় নাই, এবং যথন মহাভারত প্রণীত হয়, তথনও হয় নাই। ইহার কোন্খানি কোন্ কালে সংকলিত বা প্রণীত হয়, তাহা পশ্চিতেরা এ পর্যান্ত নিশ্চিত করিতে পারেন নাই। কিন্তু ইহা সিদ্ধ যে, যথন ভারতে বেদ, সম্তি এবং ইতিহাস সংকলিত হইতেছিল, তথন এ দেশ ব্রাহ্মণশ্ন্য অনার্যাভূমি। খ্লীভের

^{*} মহাভারতের বৃক্তের বঙ্গাধিপতি গজনৈন্য লইরা বৃদ্ধ করিরাছিলেন। বঙ্গেরা স্পেচছ ও অনার্যাগণ-মধ্যে গণ্য হইরাছে।

ছয় শত বংসর প্রেবর্ণ বা তম্বৎ কোন কালে এ দেশে আর্য্যজাতির অধিকার হইয়াছিল বলিলে কি অন্যায় হইবে?* তাহা বলা বায় না।

মহাবংশ নামক সিংহলীয় ঐতিহাসিক গ্রন্থে প্রকাশ যে, বঙ্গদেশ হইতে একজন রাজপুত্র গিয়া সিংহলে উপনিবেশ সংস্থাপিত করিয়াছিলেন। আমরা যে সিদ্ধান্ত করিলাম, মহাবংশের এ কথার তাহার খণ্ডন হইতেছে না। বরং ইহাই প্রতিপন্ন হইতেছে যে বঙ্গীয় আর্যাগণ অতি অলপকাল মধ্যে বিশেষ উন্নতিশীল হইয়াছিলেন। হণ্টর সাহেব, প্রাচীন বঙ্গীয়দিগের নোগমনপাট্বতা সম্বন্ধে যাহা বালয়াছিলেন, একথা তাহারই পোষক হইতেছে। এ বিষয়ে আমাদিগের অনেক কথা বাহি রহিল, অবকাশ হয় ত পশ্চাং বালব।

वटक बाकाशिकात †

দিতীয় প্ৰস্তাব ±

বঙ্গে ব্রাহ্মণাধিকার সম্বন্ধে প্রথম প্রস্তাব লিখিবার সময়ে আমরা অঙ্গীকার করিয়াছিলাম যে, আমরা প্রন্ধবার এই বিষয়ের সমালোচনায় প্রবৃত্ত হইব। অনেক দিন আমরা তাহাতে হস্তক্ষেপণ করিতে পারি নাই। এক্ষণে নিম্নপরিচিত গ্রন্থখানির সাহায্যে প্রোক্ত বিষয়ের প্রনরালোচনায় সাহাসিক হইলাম।

বিদ্যানিধি মহাশয় যে পরিমাণে বিষয় সংগ্রহ করিয়াছেন, তাহা বাঙ্গালা প্রস্তুকে দ্র্লভ; বাঙ্গালী লেখক কেইই এত পরিশ্রম করিয়া প্রমাণ সংগ্রহ করে না। আমরা সেই সকল বিষয় বা প্রমাণের উপর নির্ভার করিয়া বঙ্গীয় রাজ্মণগণ সম্বন্ধে কিছু বলিব।

সম্বন্ধনিশ্য কেবল ব্রাহ্মণগণের ইতিব্তবিষয়ক নহে। কায়স্থাদি শ্দুগণ ও বৈদ্যগণের বিবরণ ইহাতে সংগৃহীত হইয়াছে। কিন্তু ব্রাহ্মণদিগের বিবরণ বিশেষ পর্য্যালোচনীয়; অন্য জ্ঞাতির বিবরণ তাহার আনুষ্ঠিক মাত্র।

আমরা "বঙ্গে রাহ্মণাধিকার" প্রথম প্রস্তাবে সে বিচারে প্রবৃত্ত হইয়াছিলাম, তাহার ফল এই দাঁড়াইতেছে যে, উত্তর ভারতে অন্যান্যাংশে যতকাল রাহ্মণের অধিকার, এ দেশে ততকাল নহে —সে অধিকার অপেক্ষাকৃত আধ্নিক। খ্রীষ্টীয় প্রথম শতাব্দীর বহু শত বংসর প্রের্থ যে বঙ্গে রাহ্মণ আসিয়াছিলেন, এমত বিবেচনা না করিবার অনেক কারণ আছে।

মন্সংহিতাদি-প্রদত্ত প্রমাণে, এবং ভাষাতত্ত্বিদ্বাণের বিচারে ইহাই স্থির হইয়াছে যে, আর্যাবাণ প্রথমে পণ্ডনদ প্রদেশ অধিকার ও তথায় অবস্থান করিয়া কালসাহায্যে ক্রমে প্রের্বিদকে আগমন করেন। সর্ব্বশেষে বঙ্গদেশে আগমন করেন, তাহার স্পেহ নাই। কিস্তু সে আগমন করেপ, তাহার একটা বিচার আবশ্যক হইয়াছে।

প্রথমতঃ, একজাতিকৃত অন্য জাতির দেশাধিকার দ্বিবধ।

(১) আমরা দেখিতে পাই, আমেরিকা ইংরেজ কর্তৃক অধিকৃত হইয়াছিল। ইংরেজগণ আর্মেরিকা কেবল অধিকৃত করেন, এমত নহে, তথায় বাস করিয়াছিলেন। ইংরেজসম্ভূত বংশেরাই এখন আর্মেরিকার অধিবাসী; আর্মেরিকা এখন তাঁহাদিগের দেশ।

প্নশ্চ, সাক্ষন্ জাতি হংলণ্ড জয় করিয়াছিল। তাহারাও ইংলণ্ডের অধিবাসী হইয়াছিল। আমেরিরাও পশ্চিমাণ্ডল—আমরা যাহাকে পশ্চিমাণ্ডল বলি—বিজিত করিয়া তথাকার অধিবাসী হইয়াছিলেন। কিন্তু ইংরেজের অধিকৃত আমেরিকা ও সাক্ষন্ দিগের অধিকৃত ইংলণ্ডের সঙ্গে আর্ম্যাধিকৃত পশ্চিম ভারতের প্রভেদ এই যে, আমেরিকা ও ইংলণ্ডের আদিম অধিবাসিগণ, জেতৃগণ কর্তৃক একেবারে উচ্ছিন হইয়াছিল, আর্ম্যাবিজিত আদিম অধিবাসিগণ জেতৃবশীভূত হইয়া শুদু নাম গ্রহণ করিয়া, তাঁহাদিগের সমাজভুক্ত হইয়া রহিল।

^{*} এক্ষণে ইউরোপীয় পণ্ডিতেরা এই মতে উপস্থিত হইয়াছেন।

[†] সম্বর্দান্ধর। বঙ্গদেশীয় আদিম জাতিসম্হের সামাজিক ব্তান্ত গ্রীলালমোহন বিদ্যানিধি ভটাচার্য্য প্রণীত।

[‡] बक्रमर्थन, ১२४२।

বিবিধ প্রবন্ধ-বলে দ্রামাণাবিকার

(২) পক্ষান্তরে, ইংরেজেরা ভারত অধিকৃত করিয়াছেন, কিন্তু তাঁহারা ভারতের অধিবাসী নহেন। কতকগ্নলি ভারতবর্ষে বাস করিয়াছেন বটে, কিন্তু তাহা হইলেও তাঁহারা এ দেশে বিদেশী। ভারতবর্ষ ইংরেজের রাজা, কিন্তু ইংরেজের বাসভূমি নহে।

সেইরপ রোমকবিজিত রাজ্মনিচয় রোমকদিগের রাজ্যভুক্ত ছিল, কিন্তু রোমকদিগের বাসভূমি নহে। গল্ আফ্রিকা, গ্রীস, মিশর প্রভৃতি দেশ তত্তদেশীয় প্রাচীন অধিবাসিগণেরই বাসন্থল রহিল; অনেক রোমক তত্তদেশে বাস করিলেন বটে, কিন্তু রোমকেরা তথাকার অধিবাসী হইলেন না।

অতএব আমেরিকাকে ইংরেজভূমি, উত্তর ভারতকে আর্য্যভূমি বলা যাইতে পারে। আধ্নিক ভারতকে ইংরেজভূমি বলা যাইতে পারে না, মিশর প্রভৃতিকে রোমকভূমি বলা যাইতে পারে না। এক্ষণে জিজ্ঞাস্যা, বঙ্গদেশকে আর্যভূমি বলা যাইতে পারে? মগধ, মথ্নুরা, কাশী প্রভৃতি যের্পে আর্য্যগণের বাসন্থান, বঙ্গদেশ কি তাই?

ভারতীয় আর্যাজাতি চতুব্বণি ুষেখানে আর্ফাণ অধিবাসী হ্ইয়াছেন, সেইখানেই

চতুর্বর্ণের সহিত তাঁহারা বিদ্যমান। কিন্তু বাঙ্গালায় ক্ষাত্রিয় নাই, বৈশ্য নাই।

ক্ষিত্র দুই চারি ঘর, যাহা স্থানে স্থানে দেখা যায়, তাঁহারা ঐতিহাসিক কালে অধিকাংশই মুসলমানদিগের সময়ে আসিয়াছেন। দুই একটি রাজবংশ অতি প্রাচীন কালে আসিয়া থাকিতে পারেন, কিন্তু রাজাদিগের কথা আমরা বলিতেছি না, সামাজিক লোকদিগের কথা বলিতেছি।

বৈশ্য সম্বন্ধেও ঐর্প। মর্ন্শনিবাদে যথন ম্সলমান রাজধানী, তথন জনকয় বৈশ্য আসিয়া তাহার নিকটে বাণিজ্যাথে বাস করিয়াছিলেন। তাঁহাদিগের বংশ আছে। এইর্প অন্যত্ত অলপসংখ্যক বৈশ্যগণ আছেন—তাঁহারা আধ্বনিক কালে আসিয়াছেন। স্বর্ণবিণিক্- দিগকে বৈশ্য বালিলেও বৈশ্যরা সংখ্যায় অলপ। বাণিজ্যন্থানেই কতকগর্নল স্বর্ণবিণিক্ আসিয়া বাস করিরাছিলেন, ইহা ভিন্ন অন্য সিদ্ধান্ত করিবার কারণ নাই।

যখন আদিশ্র পণ্ড ব্রাহ্মণকে কান্যকুজ হইতে আনয়ন করেন, তখন বঙ্গদেশে সাড়ে সাত ঘর মাত্র ব্রাহ্মণ ছিলেন, এই প্রবাদ আছে। অদ্যাপি সেই আদিম ব্রাহ্মণদিগের সন্ততিগণকে সপ্তশতী বলে। আদিশ্রে পণ্ড ব্রাহ্মণকে ৯৯৯ সম্বতে আনয়ন করেন। সে খ্রীঃ ৯৪২ সাল। অতএব দেখা যাইতেছে যে, দশম শতাব্দীতে গোড় রাজ্যে সাড়ে সাত শত ঘরের অধিক ব্রাহ্মণ ছিল না। এ সংখ্যা অতি অলপ; এক্ষণে অতি সামান্য পল্লীগ্রামে ইহার অধিক ব্রাহ্মণ বাস করেন। এক্ষণে যে ইংরেজেরা বঙ্গদেশে বাস করেন, তাঁহারা এই দশম শতাব্দীর ব্রাহ্মণ অপেক্ষা অনেক বেশী।

ব্রাহ্মণ, ক্ষান্তির, বৈশ্য, এই তিনটি আর্য্যজাতি। ইহারাই উপবীত ধারণ করে। শুদু অনার্য্য জাতি। যেখানে দেখিতেছি, বাঙ্গালার ক্ষান্তির আইসে নাই, বৈশ্যগণ কদাচিৎ বাণিজ্যার্থ আসিরাছিল, এবং ব্রাহ্মণও একাদশ শতাব্দীতে অতি বিরল, তখন বলা যাইতে পারে যে, এই বাঙ্গালা নয় শত বংসর প্রেব্ আর্য্যভূমি ছিল না, অনার্য্যভূমি ছিল, এবং এক্ষণে ভারতবর্ষের সঙ্গে ইংরেজদিগের যে সম্বন্ধ, বাঙ্গালার সহিত আর্য্যদিগের সেই সম্বন্ধ ছিল।

এক্ষণে দেখা যাউক, কতকাল হইল, বাঙ্গালায় প্রথম ব্রাহ্মণ আসিয়াছিলেন। তজ্জন্য আদিশ্রে ও বল্লালসেনে যে কত বংসরের ব্যবধান, তাহা দেখা আবশ্যক।

আদিশ্রে যে পঞ্চ ব্রহ্মণকে কান্যকুজ হইতে আনয়ন করেন, তাঁহাদিগের বংশসস্থতে কয়েক ব্যক্তিকে বল্লালসেন কোলীন্য প্রদান করেন। প্রবাদ আছে যে, বল্লালসেন আদিশ্রের অব্যবহিত পরবন্তী রাজা। কিস্তু এ কিম্বদন্তী যে অম্লেক এবং সত্যের বিরোধী, ইহা বাব্র রাজেশ্রেলাল মিত্র প্রেবহি সপ্রমাণীকৃত করিয়াছেন। এক্ষণে পশ্ডিত লালমোহন বিদ্যানিধি তাহা প্রশ্বপ্রমাণিত করিয়াছেন। ঐ পঞ্চ ব্রহ্মাণের মধ্যে একজন গ্রীহর্ষ। তিনি ম্থোপাধ্যায়দিগের আদিপ্রব্রহ। বল্লালসেন তাঁহার বংশে উৎসাহকে কোলীন্য প্রদান করেন। উৎসাহ গ্রীহর্ষ হইতে ত্রয়োদশ প্রব্রহ। স্কাদশ্রের পঞ্চ ব্রহ্মাণের মধ্যে দক্ষ একজন। দক্ষ চট্টোপাধ্যায়দিগের

^{* (}১) প্রীহর্ষ, (২) প্রীগর্ভ, (৩) প্রীনিবাস, (৪) আরব, (৫) গ্রিবিচম, (৬) কান্ধ, (৭) ধাঁধ, (৮) জলাণায়, (৯) বাণেশ্বর, (১০) গহে, (১১) মাধব, (১২) কোলাহল, (১৩) উৎসাহ।

আদিশারাষ। তাঁহার বংশোভূত বহার শকে বল্লালসেন কোলীনা প্রদান করেন। বহার প দক্ষ হইতে অন্টম পারাষ ভাটনারায়ণ, ঐ পঞ্চ রাক্ষণের একজন। বল্লালসেন তবংশীর মহেশ্বরকে কোলীনা প্রদান করেন। মহেশ্বর ভাটনারায়ণ হইতে দশম পারাষ, ইত্যাদি।

আদিশ্রে বাঁহাদিগকে কান্যকুজি হইতে আনিয়াছিলেন, বল্লাল তাঁহার পরবতী রাজা হইলে, কথনও তাঁহাদিগের অন্টম, দশম বা ত্রয়োদশ প্রের দেখিতে পাইতেন না। বিদ্যানিধি মহাশর বলেন, বারেন্দ্রদিগের কুলশান্তে লিখিত আছে যে, বল্লাল আদিশ্রের দেখিত হইতে অধন্তন সপ্তম প্রের্ষ। ইহাই সম্ভব।

ক্ষিতীশবংশাবলীতে লিখিত আছে যে, ৯৯৯ অব্দে আদিশ্রে পণ্ড ব্রাহ্মণকে আনয়ন করেন। বিদ্যানিধি মহাশয় বলেন যে, এই অব্দ শকাব্দ নহে—সংবং। কিন্তু সম্বতের সঙ্গে খ্রীষ্টাব্দের হিসাব করিতে গিয়া তিনি একটি বিষম শ্রমে প্রতিত হইয়াছেন। তিনি লেখেন—

"আদিশ্রে খ্রীঃ দশম শতাব্দীর শেষভাগে রাজ্যাধিকার প্রাপ্ত হন; এবং খ্রীঃ একাদশ শতাব্দীর মধ্যভাগে অর্থাৎ ১০৫৬ অব্বে প্রেফিট যাগ করেন।

প্রমাণ,

এক্ষণে সংবং——১৯৩২ —খ্রীন্টীয় শক——১৮৭৫

সংবতের সহিত খ্রীঃ অন্তর

49

এখন দেখা যাইতেছে বে, ৯৯৯ সংবত, অর্থাং যে বর্ষে প্রেণ্টি যাগ হয়, সে বংসর খ্রীঃ ১০৫৬।"—১৬১ পূস্ঠা।

বিদ্যানিধি মহাশরের ভুল এই যে, সংবতে ৫৭ বংসর যোগ করিয়া ঞ্রীণ্টাব্দ বাহির করিতে হয় না; কেন না, ঞ্রীঃ অব্দ হইতে সংবত পর্ব্বগামী, সংবত হইতে ৫৭ বংসর বাদ দিয়া ঞ্রীঃ অব্দ পাইতে হইবে। যোগ করিলে, এখন ১৯৩২+৫৭=১৯৮৯ ঞ্রীষ্টাব্দ হয়। বাদ দিলেই ১৯৩২-৫৭=১৮৭৫ ঞ্রীঃ অব্দ পাওয়া যায়। সেইরপে ৯৯৯ সংবতে, ৯৯৯-৫৭=৯৪২ ঞ্রীষ্টাব্দ। এই ভুল বিদ্যানিধি মহাশয় স্থানান্তরে সংশোধিতও করিয়াছেন, কিন্তু তামবন্ধন তাঁহাকে অনেক অনর্থক পরিশ্রম করিতে হইয়াছে।

ক্ষিতীশবংশাবলীচরিতে "সামান্যাকারে অব্দ শব্দ লিখিত আছে। স্কৃতরাং ঐ অব্দ পদের শক্তি শক ও সংবং উভয়েতেই যাইতে পারে।" বিদ্যানিধি মহাশন্ন বলেন, উহা সংবং ধরিতে হইবে, কিন্তু তিনি এইর্প অভিপ্রায় করার যে কারণ নিন্দেশ ক্রিয়াছেন, তাহা তত পরিক্ষারর্পে ব্যক্ত না হইলেও, কথাটি ন্যায্য বোধ হয়। এ স্থলে আমরা বিজ্ঞ প্রনাণতত্ত্বিং বাব্ রাজেন্দ্রলাল মিত্রের আশ্রয় গ্রহণ করিলে, বিচার নিন্দেশিষ হইতে পারে।

বাব্ রাজেন্দ্রলাল মিত্র বলেন, সময়প্রকাশ প্রশেথ লিখিত আছে যে, বল্লালসেন দানসাগর নামক প্রন্থের ১০১৯ শকে রচনা সমাপ্ত করেন। ১০১৯ শকাব্দ—১০৯৭ খ্রীঃ অব্দ। তাদৃশ বৃহৎ প্রন্থ প্রণয়নে অনেক দিন লাগিয়া থাকিবে। অতএব বল্লালসেন তাহার প্র্বের্থ অনেক বংসর হইতে জীবিত ছিলেন, এমত বিবেচনা করা যায়। আইন আকবরীতে যাহা লেখা আছে, তাহাতে জানা যায়, বল্লালসেন ১০৬৬ খ্রীঃ অব্দে রাজসিংহাসন প্রাপ্ত হয়েন। আইন আকবরীর কথা ও রাজেন্দ্রলাল বাব্রর কথায় ঐক্য দেখা যাইতেছে।

আদিশুরের সময়, রাজেশুলাল বাব্ নিজবংশের পর্যায় হিসাব করিয়া, নির্পণ করিয়াছেন। তাঁহার গণনায় ৯৬৪ হইতে ১০০০ খ্রীণ্টাব্দ আদিশুরের সময় নির্পিত হইয়াছে। এ গণনা ক্ষিতীশবংশাবলীর ৯৯৯ সঙ্গে ঠিক মিলিতেছে না। অন্তঃ ২২ বংসরের প্রভেদ হইতেছে; কেন না, ৯৯৯ সংবতে ৯৪২ খ্রীণ্টাব্দ। এ প্রভেদ অতি অন্পূ। এ দিকে শকাব্দ ধরিলে ৯৯৯ শকাব্দে ১০৭৭ খ্রীণ্টাব্দ পাই। তখন বক্লাল সিংহাসনার্ত, ইহা উপরে দেখা গিয়াছে। স্তরাং শক্ক নহে—সংবং।

অতএব আদিশ্বেরর প্রেণ্টিযাগার্থ পণ্ড ব্লক্ষণের আগ্র্যন হইতে, বল্লালের গ্রন্থস্মাপন

^{* (}১) দক্ষ, (২) স্কোন, (৩) মহাদেব, (৪) হলধর, (৫) কৃষ্ণদেব, (৬) বরাহ, (৭) গ্রীধর, (৮) বহুর্প।

विविध প্রবন্ধ-বঙ্গে हाञ्चणीधकात

পর্যান্ত ১৫৫ বংসর পাওয়া বাইতেছে। উপরে বলা হইয়াছে বে, বল্লাল আদিশ্রের দোহিত্রের অধন্তন সপ্তম প্রুষ; তাহা হইলে আদিশ্রের হইতে বল্লাল নবম প্রুষ। আদিশ্রের সমকালবন্তী দক্ষ হইতে তন্ধশঙ্জাত, এবং বল্লালের সমকালবন্তী বহুর্প জন্টম প্রুষ। আদিশ্রের সমকালবন্তী বেদগর্ভ হইতে তন্ধশঙ্জাত, এবং বল্লালের সমকালবন্তী দিশ্র ৮ম প্রুম; তদুপ ভটুনারায়ণ হইতে মহেশ্বর ১০ম প্রুম; এবং শ্রীহর্ষ হইতে উৎসাহ ১৩শ প্রুম। কেবল ছান্দড় হইতে কান্ ৪র্থ প্রুম। গড়ে আদিশ্র হইতে বল্লাল পর্যান্ত নয় প্রুমই পাওয়া যায়।

প্রচলিত রীতি এই যে, ভারতবর্ষীয় ঐতিহাসিক গণনায় এক পরের্বে ১৮ বংসর পড়তা করা হইরা থাকে। তাহা হইলে নয় প্রের্বে ১৬২ বংসর পাওয়া যায়। আমরা অনা হিসাবে বল্লাল ও আদিশ্রের ১৬৬ বংসরের প্রভেদ পাইয়াছি। এ গণনার সঙ্গে, সে গণনা মিলিতেছে। অতএব এ ফল গ্রাহ্য। বল্লাল আদিশ্রের সান্ধেকি শতাব্দী পরগামী।

বিদ্যানিধি মহাশয়ের গ্রন্থে জানা যায় যে, যখন বল্লাল কোলীন্য সংস্থাপন করেন, তখন আদিশরানীত পণ্ট রাহ্মণগণের বংশে একাদশ শত ঘর রাহ্মণ ছিল। দেড় শত বংসরে ঈদ্শ বংশবৃদ্ধি বিক্ষয়কর বলিয়া বোধ হয়, কিন্তু যদি বিবেচনা করা যায় যে, তৎকালে বহু বিবাহপ্রথা বিশেষ প্রকারে প্রচলিত ছিল, তাহা ইলে ইহা বিক্ষয়কর বোধ হইবে না। বহু বিবাহ যে বিশেষর্পেই প্রচলিত ছিল, তাহা ঐ পণ্ট রাহ্মণের পত্রসংখ্যার পরিচয় লইলেই বিশেষ প্রকারে ব্রুমা যাইবে। বিদ্যানিখি মহাশয়ের ধৃত মিশ্র গ্রন্থের বচনে দেখা বায় যে, ভটুনারায়ণের ১৬ পত্র, দক্ষের ১৬ পত্র, বেদগর্ভের ১২ পত্র, শ্রীহর্ষের ৪ পত্র, এবং ছাল্পড়ের ৮ পত্র। মোটে পাঁচ জনে বাঙ্গালায় ৫৬ পত্র রাখিয়া পরলোকগমন করিয়াছিলেন। এই ৫৬ পত্র ৫৬টি গ্রাম প্রাপ্ত হইয়া তথার বাস করেন, সেই ৫৬ গ্রাম হইতে রাঢ়ীয়াদিগের ৫৬টি গাঁই। যখন দেখা যাইতেছে যে, একপত্রত্বম্ব মধ্যে ৫ ঘর হইতে ৫৬ ঘর অর্থাৎ ১১ গত্রু বৃদ্ধি ঘটিয়াছিল, তখন নর পত্রত্বরের শতগত্ব বৃদ্ধি নিতান্ত সম্ভব। বরং অধিক; কেন না, পণ্ট রাহ্মণ অধিক বয়সে বাঙ্গালায় আসিয়াছিলেন, অতএব তাঁহারা বাঙ্গালায় সত্রাহ্মণ বৃদ্ধি করিবার তাদ্শ সময় পান নাই, কিন্তু তাঁহাদিগের বংশাবলী কৈশোর হইতে পিতৃত্ব স্বীকার করিতেন, ইহা সহজ্বে অনুমেয়।

স্বিখ্যাত ফ্লের মুখটি নীলকণ্ঠ ঠাকুরের বংশ বাঙ্গালায় কত বিস্তৃত, তাহা রাড়ীর কুলীনগণ জানেন। এক একখানি ক্ল্পন্ত গ্রামেও পাঁচ সাত ঘর পাওয়া যায়; কোন কোন বড় গ্রামে তাঁহাদিগের সংখ্যা অগণ্য। যে বালিবে যে, সমগ্র বাঙ্গালায় একাদশ শত ঘর মাত্র নীলকণ্ঠ ঠাকুরের সন্তান বাস করে, সে অন্যায় বালিবে না। কিন্তু কয় প্রেম্ব মধ্যেই এই বংশব্দ্ধি হইয়াছে? বহ্মংখাক নীলকণ্ঠ ঠাকুরের সন্তানের সঙ্গে বর্ত্তমান লেখকের পরিচয়, বদ্ধমুভ এবং কুট্মন্বিতা আছে। তাঁহারা নীলকণ্ঠ ইততে কেহ সপ্তম, কেহ অন্টম, কেহ নবম প্রেম্ব। বিদ সাত আট প্রেমে এর্প সংখ্যাব্দ্ধি, একজন হইতে পারে, তবে দেড় শত বংসরে ৫ জন হইতে একাদশ শত ঘর হওয়া নিতান্ত অশ্বন্ধের কথা নহে।

এক্ষণে বোধ হয় চারিটি বিষয় বিশ্বাসযোগ্য বলিয়া ভির হইতেছে।

১ম। আদিশ্রে পঞ্চ ব্রাহ্মণকে আনিবার প্রের্ব এতদেশে সাড়ে সাত শত ঘর ব্যতীত ব্রাহ্মণ ছিল না।

২য়। ৯৪২ খ্রীঃ অব্দে আদিশ্রে ঐ পণ্ড ব্রাহ্মণকে আনরন করেন।

তর। তাহার দেড় শত বংসর পরে বল্লালসেন ঐ পণ্ড ব্রাহ্মণের বংশসন্ততে ব্রাহ্মণগণের মধ্যে কৌলীন্য প্রচলিত করেন।

৪র্থ। এ দেড় শত বংসরে ঐ পাঁচ ঘর ব্রাহ্মণে এগার শত ঘর হইয়াছিল।

র্যাদ দেড়ে শত বংসরে পাঁচ জন ব্রাহ্মণের বংশে একাদশ শত ঘর হইরাছিল, তবে কত কালে বঙ্গদেশের আদিম ব্রাহ্মণগণের বংশ সাড়ে সাত শত ঘর হইরাছিল।

যদি সপ্তশতীদিগের আদিপর্ব্যুবন্ত পাঁচ জন ছিলেন এবং যদি তাঁহারাও কান্যকুক্ষীর্মাদগের ন্যার বহুবিবাহপরায়ণ ছিলেন, ইহা বিবেচনা করা বায়, তবে বাঙ্গালার প্রথম ব্রাক্ষাদিগের আগমনকাল হইতে শত বংসর মধ্যে তাঁহাদের বংশে এই সাড়ে সাত শত ঘর ব্রাক্ষণের জন্ম অসম্ভব নহে।

विष्क्रम सं नावणां

সপ্তশতীদিগের প্র্বেপ্র্র্ষগণও বহুবিবাহপরায়ণ ছিলেন, ইহা অন্মানে দোষ হয় না। কেন না, বহুবিবাহ তংকালে বিলক্ষণ প্রচলিত দেখা যাইতেছে। তবে এমন হইতে পারে ষে, কান্যকুজীয়গণ বিশেষ স্বাক্ষণ বিলয় সপ্তশতীগণও তাঁহাদিগকে কন্যাদানে উৎস্ক হইতেন. এই জন্য তাঁহারা অনেক বিবাহ করিয়াছিলেন; সপ্তশতীগণের প্র্বেপ্র্র্ষের মত বিবাহ করিয়ার কোন কারণ ছিল না। তেমন এদিকে পাঁচ জন মাত্র যে তাঁহাদিগের আদিপর্ব্র, ইহা অসম্ভব। বরং রাক্ষণ আসিতে একবার আরম্ভ হইলে, কমে কমে, একত্রে বা একে একে রাজগণের প্রয়োজনান্মারে বা রাজপ্রসাদ লাভাকাৎক্ষায় অধিকসংখ্যক আসাই সম্ভব।

অতএব কান্যকুব্দ হইতে পণ্ড ব্রাহ্মণ আসিবার প্রের্ব এক শত বৎসরের মধ্যেই বঙ্গদেশে ব্রাহ্মণদিগের প্রথম বাস, বিচারসঙ্গত বোধ হইতেছে। অর্থাৎ খ্রীন্টীয় অন্টম শতাব্দীর প্রের্ব বাঙ্গালা ব্রাহ্মণশ্ন্য অনার্ব্যভূমি ছিল। প্রের্ব কদাচিৎ কোন ব্রাহ্মণ বঙ্গদেশে যদি আসিয়া বাস করিয়া থাকেন, তাহা গণনীয়ের মধ্যে নহে। অন্টম শতাব্দীর প্রের্ব বাঙ্গালায় ব্রাহ্মণসমাজ ছিল না।

কেহ কেহ বলিতে পারেন যে, আদিশ্রের সময়ে যে কেবল সাড়ে সাত শত ঘর মাত্র ব্রাহ্মণ **দেখিতেছ**, তাহার কারণ এমত নহে যে, রাহ্মণেরা স্বন্দাদন মাত্র বাঙ্গালায় আসিয়াছিলেন। বৌদ্ধদের্মার প্রাবল্যই ব্রাহ্মণসংখ্যার অলপতার কারণ। কিন্তু বঙ্গদেশে বৌদ্ধধন্মের যেরপে প্রাবল্য ছিল, মগ্য কান্যক্রজাদি দেশেও তমুপে বা তদ্ধিক ছিল। বৌদ্ধান্মের প্রাবল্য হেতু যদি वाञ्रामास द्वाञ्रामनर्था। न्वल्मी छ्र रहेसा हिन, जरत ममश्र छात्रज्वर्स्य स्मेरे कातरा वाञ्राम-বংশ লুপ্তপ্রায় হইয়াছিল, স্বীকার করিতে হইবে। কোন কোন আপত্তিকারী তাহাও ম্বীকার করিতে পারেন। বলিতে পারেন যে, তখন সমস্ত ভারতেই অলপ রাহ্মণ ছিল—এক্ষণে বৃদ্ধি পাইয়াছে। কিন্তু তাহা হইলে জিজ্ঞাসা করি, যদি পূর্বে হইতে বঙ্গে রাহ্মণের বাস ছিল, তবে আদিশ্রের প্রেকালজাত কোন গ্রন্থে তাহার নিদর্শন পাওয়া যায় না কেন? বরং প্রাচীন গ্রন্থাদিতে তথায় ব্রাহ্মণের বাস না থাকারই নিদর্শন পাওয়া যায় কেন?* আমরা পাঠকদিগকে জিজ্ঞাসা করি যে, অন্টম শতাব্দীর বা আদিশ্রের প্র্ববিত্তী কোন বঙ্গবাসী গ্রন্থকারের নাম তাঁহারা স্মরণ করিয়া বলিতে পারেন? কুল্লকভট্ট, জয়দেব, গোবদ্ধনিচার্য্য, হলায়.ধ. উদয়নাচার্য্য প্রভৃতি যাহার নাম করিবেন, সকলই আদিশরের পরবত্তী। ভটনারায়ণ ও শ্রীহর্ষ তাঁহার সমকালিক। প্রাচীন আর্য্যজাতি যেখানে বাস করিয়াছেন, সেইখানেই রাহ্মণগণ তাঁহাদিগের পান্ডিতার চিহ্নুস্বরূপ গ্রন্থাদি রাখিয়া গিয়াছেন। বাঙ্গালায় যখন ব্রাহ্মণ ছিলেন না, তখনকার প্রণীত প্রস্তুকাদিও নাই।

আমরা অবশ্য ইহা স্বীকার করি যে, অন্টম শতাব্দীর প্রেব্ও আর্য্য রাজকুল বাঙ্গালায় ছিল, এবং তাহাদিগের আনুষ্ঠিক ব্রাহ্মণও থাকিতে পারেন। সের্প অন্পসংখ্যক ব্রাহ্মণ আমাদিগের আলোচনার বিষয় নহে। সের্প সকল জাতিই সকল দেশে থাকে। কালিফার্ণ রাত্তেও অনেক চীন আছে।

আমরা যে কথা সপ্রমাণ করিবার জন্য যত্ন পাইয়াছি, তাহা যদি সত্য হয়, তবে অনেকেই মনে করিবেন যে, বাঙ্গালার ও বাঙ্গালারি বড় লাঘব হইল। আমরা আধ্যনিক বলিয়া বাঙ্গালা জাতির অগোরব করা হইল; আমরা প্রাচীন জাতি ব্লিয়া আধ্যনিক ইংরেজদিগের সম্মুখে দপদ্ধা করি—তা না হইয়া আমরাও আধ্যনিক হইলাম।

আমরা দেখিতেছি না ষে, অগোরব কিছু হইল। আমরা সেই প্রাচীন আর্য্যজাতিসম্ভূতই রহিলাম—বাঙ্গালার যখন আসি না কেন. আমাদিগের প্রের্মগণ সেই গোরবাদিতে আর্য। বরং গোরবের ব্দিই হইল। আর্য্যগণ বাঙ্গালার তাদ্শ কিছু মহৎ কীর্ত্তি রাখিয়া যান নাই— আর্য্যকীর্তিভূমি উত্তর পশ্চিমাণ্ডল। এখন দেখা যাইতেছে যে, আমরা সে কীর্ত্তি ও যশেরও উত্তরাধিকারী। সেই কীর্ত্তিমন্ত প্রের্খগণই আমাদিগের প্রের্খ। দোবে, চোবে, পাঁড়ে, তেওয়ারীর মত আমরাও ভারতীয় আর্য্যগণের প্রাচীন যশের ভাগী বটে।

আমাদের আর একটি কলন্দের লাঘব হইতেছে। আদিশ্রের সময়ে মোটে সাড়ে সাত শত ঘর ব্রাহ্মশ ছিল। বল্লালের সময় সেই সাড়ে সাত শত ঘরের বংশ এবং পঞ্চ ব্রাহ্মণের বংশ একাদশ

^{*} বঙ্গে রাহ্মণাধিকার প্রথম প্রস্তাব দেখ।

বিবিধ প্রবন্ধ-বাঙ্গালা শাসনের কল*

শত ঘর ছিল। ক্ষরির বৈশ্য এখনও যখন অতি অক্পসংখ্যক, তবে তখন যে আরও অক্পসংখ্যক ছিল. তাহাতে সন্দেহ নাই। বল্লালের দেড় শত বংসর পরে মনুসলমানগণ বঙ্গজর করেন। তখন বঙ্গীর আর্যাগাণের সংখ্যা অধিক সহস্র নহে, ইহা অনুমেয়। তখনও তাঁহারা এদেশে ওপনিবেশিক মাত্র। সন্তরাং সপ্তদশ অশ্বারোহী কর্তৃক বঙ্গজয়ের যে কল্পক, তাহা আর্য্যাদিশের কিছ্ব কমিতেছে বটে।

তখন বঙ্গীর আর্যাগণের অভ্যাদয়ের সময় হয় নাই। এখন সে সময় বােধ হয় উপস্থিত। বাহ বলে না হউক, ব্লিরলে যে বাঙ্গালী অচিরে প্থিবীমধ্যে যশস্বী হইবে, তাহার সময় আসিতেছে।

আমরা উপরে রাহ্মণ সম্বন্ধে যাহা বলিলাম, কায়স্থগণ সম্বন্ধে তাহা বর্ত্তে। বিদ্যানিধি মহাশর বলেন, কায়স্থগণ সংশ্দে অর্থাৎ বর্ণসঞ্চর নহে। আমাদিগের বিবেচনায় তাহারা বর্ণসঞ্চর বটে। তদ্বিময়ে বঙ্গদর্শনে ইতিপ্রের্ব অনেক বলা হইয়াছে। এক্ষণে আর কিছুই বলিবার প্রয়োজন নাই। সম্বরতা হেতু কায়স্থগণ আর্যাবংশসম্ভূত বটে। আদিশ্রের সময় পণ্ড ব্রাহ্মণের সঙ্গে জন কায়স্থও কান্যকৃষ্ণ হইতে আসিয়াছিলেন। তৎপ্রের্ব যেমন বাঙ্গালায় ব্রাহ্মণ ছিল, সেইর্প কায়স্থও ছিল, কিন্তু অন্পসংখ্যক। এক্ষণে কায়স্থগণ বঙ্গদেশের অলঞ্কারস্বর্প।

বাঙ্গালা শাসনের কল *

প্রবিক্ষবাসী কোন বর, কলিকাতানিবাসী একটি কন্যা বিবাহ করিয়া গ্রহে লইয়া যান। কন্যাটি পরমাস্বদরী. ব্রিদ্ধমতী, বিদ্যাবতী, কন্মিছ্ঠা এবং স্বশীলা। তাঁহার পিতা মহা ধনী, নানা রম্নে ভূষিতা করিয়া কন্যাকে শ্বশ্রগ্রে পাঠাইলেন। মনে ভাবিলেন, আমার মেয়ের কোন দোষ কেহ বাহির করিতে পারিবে না। সঙ্গের লোক ফিরিয়া আসিলে তিনি জিজ্ঞাসা করিলেন, "কেমন হে! বাঙ্গালেরা মেয়ের কোন দোষ বাহির করিতে পারিয়াছে?" সঙ্গের লোক বিলল, "আজে হাঁ—দোষ লইয়া বড় গশ্ডগোল গিয়াছে।" বাব্ জিজ্ঞাসা করিলেন—"সে কি? কি দোষ?" ভৃত্য বিলল, "বাঙ্গালেরা বড় নিন্দা করিয়াছে, মেয়ের কপালে উল্কি নাই।" আমরা এই কঙ্গদর্শনে কখনও সর্ জর্জ্ব কান্দেবল্ সাহেব সন্বন্ধে কোন কথা বলি নাই। যাঁহার নিন্দা তিন বংসরকাল বাঙ্গালাপত্রের জীবনস্বর্প ছিল. তাঁহার কোন উল্লেখ না থাকাতে আমাদের ভয় করে যে, পাছে কেহ বলে যে, বঙ্গদর্শনের উল্কি নাই। আমরা অদ্য বঙ্গদর্শনেক উল্কি পরাইতে প্রবৃত্ত হইলাম।

তবে এই উল্কি বড় সামান্য নহে। যে পত্র বা পত্রিকা (কোন্স্নলি পত্র আর কোন্স্নলি পত্রিকা, তাহা আমরা ঠিক জানি না—িক করিলে পত্র পত্রিকা হইরা যায়, তাহাও অবগত নহি) একবার কপালে এই উল্কি পরিয়াছেন, তিনি বঙ্গদেশ মোহিয়াছেন. মৃদ্ধ হইয়া বঙ্গীয় পাঠকগণ তাঁহার পশ্চাৎ পশ্চাৎ ছুটিয়াছে এবং সাম্বংসরিক অগ্রিম ম্লো বরণ করিয়া তাঁহাকে ঘরে তালয়াছে। যে এই উল্কি পরে, তাহার অনেক স্বর্থ।

এক্ষণে সর্ জর্জ কান্বেল্ এতন্দেশ ত্যাগ করিয়া গিয়াছেন—ইহাতে সকলেই দুঃখিত। এ পৃথিবীতে পর্যানন্দা প্রধান স্থ—বিশেষ যদি নিশিত ব্যক্তি উচ্চপ্রেণীস্থ এবং গ্লুগবান্ হয়, তবে আরও স্থ। সর্ জর্জ্ কান্বেল্ গ্লুগবান্ হউন বা না হউন, উচ্চপ্রেণীস্থ বটে। তাঁহার নিশায় যে স্থ, তাহাতে এক্ষণে বঙ্গদেশের লোক বিশিত হইল। ইহার অপেক্ষা আর গ্রেত্র দ্বর্ঘটনা কি হইতে পারে? এই যে গ্রুত্র দ্বিভিক্ষবিদ্তে দেশ দক্ষ হইতেছিল, তাহাতেও আমরা কোন মতে প্রাণ ধারণ করিতেছিলাম, খবরের কাগজ চলিতেছিল, বাঙ্গালী বাব্ন গলেশর মজলিসে অঞ্চীল গলপ ছাড়িয়া, সর্ জর্জের নিশ্দা করিয়া বোতল শেষ করিতেছিলেন। কিন্তু এক্ষণে? হায়! এক্ষণে কি হইবে!

এইর্প সর্বজননিন্দার্হ হওয়া সচরাচর দেখা যায় না। অনেকে বলিবেন, সর্ জর্জ

^{* &}quot;সর্ উইলিরম গ্রে ও সর্ জর্জ কাম্বেল্" ইতি শীর্ষক একটি প্রবন্ধ ১২৮২ সালের বন্ধ-দর্শনে প্রকাশিত হইরাছিল। তাহার এক অংশ মাত্র এখানে গ্রীত হইল।

কান্বেলের অসাধারণ দোষ ছিল, এই জন্যই তিনি এইর্প অসাধারণ নিন্দনীয় হইয়াছিলেন। আমাদিগের বিশ্বাস আছে, যে এইর্প সর্বজননিন্দনীয় হয়, যাহার নিন্দায় সকলের তুণ্টি জন্মে, সে হর অসাধারণ দোষে দোষী বা অসাধারণ গ্লুণে গ্লুণবান্—নয় ত দুইই। জিজ্ঞাস্য, সর্জর্জ কান্বেল্ অসাধারণ দোষে দোষী, না অসাধারণ গ্লুণে গ্লুণবান্ বলিয়া তাঁহার এই নিন্দাতিশয় হইয়াছিল?

তাঁহার প্রেপামী শাসনকর্তা সর্ উইলিয়ম্ গ্রে। সর্ উইলিয়ম্ গ্রের ন্যায় কোন লাঃ গবর্ণর প্রতিষ্ঠা প্রাপ্ত হয়েন নাই। সর্ জর্জ কাম্বেল্ ও সর্ উইলিয়ম্ গ্রের এই ভাগ্য-তারতম্য কোন্ দোবে বা কোন্ গ্রেণ ? কোন্ গ্রেণ সর্ উইলিয়ম্ সকলের প্রিয়, কোন্ দোবে সর্ জর্জ সকলের অপ্রিয় ?

ষাঁহারা এই কথার মাঁমাংসা করিতে ইচ্ছুক, তাঁহাদিগকে একটা কথা ব্বাইতে হয়। এই রিটিশভারতীয় শাসনপ্রণালী দ্র হইতে দেখিতে বড় জাঁক, শ্বনিতে ভয়ানক, ব্বিথতে বড় গোল—ইহার প্রকৃতি কি প্রকার? এক লেঃ গবর্ণর কর্তৃকি যে এই বৃহৎ রাজ্য শাসিত হয়, সেকোন রীতি অবলম্বন করিয়া?

সে রীতি দুই প্রকার। একটি রীতি একটি সামান্য উদাহরণের দ্বারা বুঝাইব। মনে কর. বাঁধের কথা উপস্থিত। কমিশ্যনরের রিপোর্টে হউক, বোর্ডের রিপোর্টে হউক, ইঞ্জিনিয়র্রাদিগের রিপোর্টে হউক, সম্বাদপত্তে হউক, লেঃ গ্রণর জানিলেন যে, নদীতীরস্থ প্রাচীন বাঁধসকল রক্ষিত হইতেছে না—তাহার উপায় করা কর্ত্তব্য। তখন লেঃ গ্রণব্রের হুকুম হইল যে, রিপোর্ট जनव करा। **এই र**ुक्ता यीन कान विस्मय गुगमानिष वा सागाजा थारक, जरव स्म गुगमानिष বা যোগাতা লেঃ গবর্ণরের। সেক্রেটরি সাহেব হুকুম পাইয়া. বোর্ডে চিঠি লিখিলেন—তাঁহার চিঠিতে কথাটা একট, বিস্তৃতি পাইল—তিনি বলিলেন, ইহার বিশেষ অবস্থা জানিবে—অধীনস্থ কর্মাচারীদের অভিপ্রায় কি. তাহা লিখিবে, ইহার কির্প উপায় হইতে পারে, তাহা লিখিবে। বোর্ড, ঐ পত্রখানর একাদশ খণ্ড অতি পরিষ্কার অনুলিপি প্রস্তুত করিয়া, একাদশ কমিশ্যনরের নিকট পাঠাইলেন। একাদশ কমিশ্যনর অনু,লিপি প্রাপ্ত হইয়া, তাহার কোণে পেন সিলে প্রাপ্তির তারিখ লিখিয়া বাক্সে ফেলিলেন, তাঁহার গরে,তর কর্ত্তব্য কার্য্য সমাপ্ত হইল। বাক্স প্রাচীন প্রথান, সারে যথাসময়ে চাপরাশি-স্কন্ধে আরোহণ করিয়া, কেরাণীর নিকট পেণীছিল। কেরাণী তাহার আর এক এক খণ্ড পরিষ্কার অনুলিপি প্রস্তুত করিয়া, সাত দিনের মিয়াদ **লিখিয়া দিয়া, কালেক্টর্রাদগের নিকট পাঠাইলেন। যে পথে মহাজন যায়, সেই পথ,—দোর্দ্দ**ন্ড প্রচন্ড প্রতাপান্বিত শ্রীল শ্রীযুক্ত কালেক্টর বাহাদুর, চুরুট খাইতে খাইতে চিঠির কোণে লিখিলেন "সব্ডিবিসন্ ও ডেপ্র্টিগণ বরাবর।" চিঠি এইর্পে বড় ডাকঘর হইতে মেজো ডাকঘরে, মেজো ডাকঘর হইতে ছোট ডাকঘরে, এবং তথা হইতে শেষে আটচালানিবাসী বোভামশন্ন্য চাপকানধারী কাল-কোল নাদ্বস-ন্দ্বস ডিপ্রটি বাহাদ্ররের ছিল্লপাদ্বকামণিডত শ্রীপাদপন্মযুগলে মধুলব্ধ শ্রমরের ন্যায় আসিয়া পড়িল। ডিপর্টি বাহাদুরেরা উপরস্থ মহাত্মাদিগের অনুকরণ করিয়া, ইংরেজি চিঠির বাঙ্গালা পরওয়ানা করিয়া সব ইন্দেপক্টরগণের নিকট ফেলফোর রিপোর্ট তলব করিলেন—সবইন্দেপক্টর পরওয়ানা কনভেবলের হাওয়ালা कतिम-कनल्पेयन त्य शास्त्र वाँध, स्मरेशान कान कार्जा, कान माण्डि ववर स्माणे तून नरेशा দর্শন দিয়া এক অমাভাবে শীর্ণ ক্রিণ্ট চৌকিদারকে ধরিল। ধরিয়াই জিজ্ঞাসা করিল যে. "তোদের গাঁরের বাঁধ থাকে না কেন রে?" চৌকিদার ভীত হইয়া বলিল, "আজ্ঞা, জমীদারে মেরামত করে না, আমি গরিব মানুষ কি করিব?" কনম্টেবল তখন জমীদারী কাছারিতে পদরেণ, অর্পণ করিয়া গোমস্তাকে কিছ্ম তম্বী করিলেন। গোমস্তা জমীদারী খাতায় পাঁচ টাকা খরচ লিখিয়া কনন্টেবল বাব,কে দেড় টাকা পারিতোষিক দিয়া বিদায় করিলেন। কন্টেবল আসিয়া সব্ইন স্পেক্টর সমক্ষে রিপোর্ট করিলেন, "বাঁধ সব বেমেরামত—জমীদার মেরামত করে না-জমীদার মেরামত করিলেই মেরামত হইতে পারে।" ডিপ্রটি বাহাদুর লিখিলেন, "বাঁধ সব বেমেরামত,—জমীদারেরা মেরামত করে না—তাহারা মেরামত করিলেই হয়।" কালেইর বাহাদ্রে সেই সকল কথা লিখিলেন, অধিকন্তু "এক্ষণে জমীদার্রাদগকে বাঁধ মেরামত করিতে বাধ্য করা উচিত।" কমিশ্যনর সেই সকল কথা লিখিয়া বোর্ডে জিজ্ঞাসা করিলেন "এক্ষণে কি প্রকারে জমীদার বাঁধ মেরামত করিতে বাধ্য হইতে পারে?" বোড়ি তত্ত্বভিত্ত পুনরুক্ত করিয়া,

विविध প্रवश्व—वाक्राका भागतनं कन

একটা যাহা হয় উপায় নির্দিষ্ট করিলেন। সেক্রেটরি সাহেব সেই সকল কথা সাজাইয়া লিখিয়া এক রিজলিউসনের পাণ্ডুলিপি প্রস্তুত করিয়া পাঠাইলেন, লেঃ গবর্ণর সাহেব সম্মত হইয়া তাহাতে দস্তখত করিয়া দিলেন। আজ্ঞা দেশে প্রচারিত হইল; লেঃ গবর্ণর বাহাদ্রের ষশ দেশবিদেশে ঘোষিল। যাহারা মিগ্রপক্ষ, তাহারা গবর্ণর বাহাদ্রের প্রশংসা করিতে লাগিল—শত্রপক্ষ নানাজাতীয় ইংরেজী বাঙ্গালায় তাঁহাকে গালি পাড়িতে লাগিল। নন্টের গোড়া চৌকদার নির্বিঘ্যে স্বদেশে কোদালৈ পাড়িতে লাগিল।

বাস্ত্রবিক যে এইর্প কোন প্রকৃত ঘটনা ঘটিয়াছে, এমত নহে। একটি কল্পিত ঘটনা অবলম্বন করিয়াই এ সকল কথা লিখিলাম। এইর্প যে সচরাচরই ঘটিয়া থাকে, এমত নহে। কিন্তু অনেক সময়ে ঘটে। সৌভাগ্যক্রমে যাঁহারা স্যোগ্য শাসনকর্ত্তা, তাঁহারা এ প্রথা অবলম্বন করেন না, অযোগ্যেরা করিয়া থাকেন। এইর্প কার্যাপ্রণালীকে "কলে শাসন" বলা যাইতে পারে। ধম্মের কলের ন্যায় শাসনের কলও বাতাসে নডিয়া থাকে; কোন দিকু হইতে কোন কম্মেচারীর রিপোর্টের বাতাস বা অন্য প্রকার ফাপি উঠিয়া কলে লাগিলে কল চলিতে আরম্ভ করে; তদন্তের হ্রুকুম হইতে কলের দম আরম্ভ হইয়া বোর্ড কমিশানর প্রভৃতি অধাধঃ পর্যায়ক্রমে ঘ্রিয়া আবার লেঃ গবর্ণর পর্যাম্ভ আসিয়া সহি মোহরের মঞ্জারি মানিত করিয়া দিয়া বন্ধ হয়। যেমন কলের ধর্তি, কলের স্তা প্রভৃতি সামগ্রী আছে, তেমনি কলের তৈয়ারি রাজাজ্ঞাও আছে।

যে লেঃ গবর্ণর এইর্প কলে শাসন করেন, তিনি স্মান্য হইলে হইতে পারেন: তন্তিম তাঁহার বৃদ্ধিমন্তা, যোগ্যতা বা অন্য কোন গুণের প্রশংসার কারণ দেখা যায় না। তিনি কখন আপন বৃদ্ধির চালনা করেন না, কোন বিষয়ের সন্ধিবেচনা করিবার জন্য তাঁহাকে নিজে কণ্ট পাইতে হয় না। তিনি পরিশ্রম স্বীকার করিয়া কখনও কোন ন্তন বিষয়ে প্রবৃত্ত হয়েন না: পরিশ্রম স্বীকার করিয়া কোন বিষয়ের যাথার্থ্য স্বয়ং মীমাংসা করেন না। তিনি শাসনযন্তের একটি অংশ মাত্র—যখন রাজ্যের কল বাতাসে নড়িল, তখন তিনিও নড়িলেন, কলে চালিত হইয়া মঞ্জারিলিপি সমেত সহিমোহর করিয়া দিয়া কলে থামিলেন। সেইর্প ঘণ্টা প্র্ণ হইলে, ঘড়ির ম্রদ বাহির হইয়া, ঠংঠং করিয়া ঘণ্টা বাজাইয়া আবার কলে মিশিয়া যায়।

সর উইলিয়ম্ গ্রে ও সর্জরজ কান্বেলে প্রধান প্রভেদ এই যে, সর্ উইলিয়ম্ গ্রে **কলে** শাসন করিতেন, সর্জরজ কান্বেল তাহা করিতেন না।

কলে শাসনের অনেক গ্র্ণ আছে। তাহার ফল ভাল হউক, মন্দ হউক, লোকের অসস্তোষের সম্ভাবনা অতি অলপ। যাহা প্র্বাপর চলিয়া আসিতেছে. তাহা নিতান্ত অনিষ্টকর হইলেও লোকে তাহারে সন্তুম্বার কর্মান করেন করিছিল বাতি অত্যন্ত অনিষ্টকারী হইলেও লোকে তাহার সংশোধনে অসন্তুম্বা। প্রাতনের মন্দও ভাল, ন্তনের ভালও মন্দ। কলের শাসন শাসনই নহে; যিনি কলে শাসন করেন, তিনি কিছু করেন না বলিলেই হয়। অতএব কলের শাসনে প্রাতনের কিণ্ডিন্মান্ত সংস্করণ ভিন্ন ন্তন কখন ঘটে না। যাহা আছে, তাহাই প্রায় বজায় থাকে, যাহা নাই অথচ আবশ্যক, প্রায় তাহা ঘটিয়া উঠে না। এজন্য লোকেরও অসন্তোষ জন্মে না; বিশেষ এদেশীয় লোক প্রাতনের অত্যন্ত অনুরাগী, নৃতনে অত্যন্ত বিরক্ত।

সর উইলিয়ম্ গ্রে. কলে শাসন করিতেন, স্তরাং লোকের বড় প্রিয় ছিলেন। সর্ জর্জ কাম্বেল্ কলে শাসন করিতেন না. এজন্য লোকের বড় অপ্রিয় হইয়া উঠিয়ছিলেন। রাজ্যশাসন উভয়েরই উদ্দেশ্য: কিন্তু সর উইলিয়ম্ গ্রের উদ্দেশ্য ছিল কেবল শাসনের কল চালান; সর্ জর্জ কাম্বেলের উদ্দেশ্য শাসনের উদ্দেশ্য সফল করা। এমত বলিতেছি না য়ে, সর্ জর্জ কাম্বেল্ সে উদ্দেশ্য সিদ্ধ করিয়াছিলেন। তাঁহার শাসনে স্ফল ফলিয়াছে, সর উইলিয়ম্ গ্রের শাসনে কৃফল ফলিয়াছে, এ কথা বলাও আমাদের অভিপ্রায় নহে। কেবল বলিতে চাই য়ে, সর্ জর্জ কাম্বেল্ আপন বৃদ্ধিতে চলিতেন, এ বৃহৎ রাজ্যশাসন জন্য চিন্তা করিতেন; উদ্দেশ্যগ্রিলি স্থির করিয়া, তাহার সাধনে প্রাণপাণ যক্ষ করিতেন; যে কার্য্য কর্ত্তব্য এবং সাধ্য বিলয়া বৃনিতেন, কিছুতেই তাহা হইতে বিরত হইতেন না। সর উইলিয়ম্ গ্রে এ সকল কিছুই করিতেন না। যাহা হয়, আপনি হউক; কেহ কল টিপিয়া দেয় ত কল চলকে,—আমি কিছুর মধ্যে থাকিব না। নিজের বৃদ্ধি, গ্রে সাহেব প্রায় খরচ করিতেন না; জমার অন্তেক কিছু ছিল কি না বলা যায় না। নিজের বৃদ্ধি, গ্রে সাহেব প্রায় তেন্ন বিষয়ে ছিল না। তাঁহার দারা মে

কিছ্ম সংকাষ্য সিদ্ধ হইয়াছে—তাহা কলে; তাঁহার দ্বারা যে কিছ্ম অনিষ্ট ঘটিয়াছে, তাহা কলে। তিনি উচ্চ শিক্ষার পোষক ছিলেন বলিয়া বাঙ্গালীমহলে বড় প্রশংসিত; কিন্ত বাঙ্গালীবাব দিগের মত, আসল কথাটা কি, তাহা বাঝেন নাই: কেবল আট্কিন্সনা সাহেব কল টিপিয়া দিয়াছিলেন বিলিয়া কলের পাত্তলী সর্ উইলিয়মা গ্রে উচ্চশিক্ষার পোষকতা করিয়াছিলেন, ঘড়ির মারদ ঘড়ি পিটিয়া দিয়া কলে লাকাইয়াছিলেন।

এমন নহে যে, সর্ জর্জ কান্যেলের সময় কলে শাসন একেবারে ছিল না। শাসনের কল চিরকাল বজায় আছে, যিনি ইচ্ছা, তিনি শাসনকর্ত্তা হউন, সে কল মধ্যে মধ্যে বাতাসে নড়িবে; সকল শাসনকর্ত্তাকেই শাসনের কল চালাইয়া কতকগালি কার্য্য সম্পন্ন করিতে হইবে। তবে সর জর্জ কান্দেবল্ কলে সিদ্ধ তত্ত্বগুলি অবশাগ্রাহা মনে কবিতেন না; ইচ্ছান্সারে তাহা ত্যাগ করিতেন; ইচ্ছান্সারে তত্তংস্থানে ন্তন সিদ্ধান্ত আদিষ্ট করিতেন। সর্ জর্জ্ কান্বেল্ কল নিজে চালাইতেন, স্বয়ং কলের অংশ ছিলেন না।

বাঙ্গালার ইতিহাস*

সাহেবেরা যদি পাখী মারিতে যান, তাহারও ইতিহাস লিখিত হয়, কিন্তু বাদ্দালার ইতিহাস নাই। গ্রীন্লন্ডের ইতিহাস লিখিত হইয়াছে, মাওরি জাতিব ইতিহাসও আছে, কিন্তু যে দেশে গোড়, তামলিপ্তি, সপ্তগ্রামাদি নগর ছিল, যেখানে নৈষধর্চারত গাঁতগোবিন্দ লিখিত হইয়াছে, যে দেশ উদয়নাচার্য্য, রঘ্নাথ শিরোমণি ও চৈতন্যদেবের জন্মভূমি, সে দেশের ইতিহাস নাই। মার্শমান্, ভায়ার্ট্ প্রভৃতি প্রণীত প্রস্তকগ্নলিকে আমরা সাধ করিয়া ইতিহাস বলি; সে কেবল সাধ-প্রাণ মাত্র।

ভারতবর্ষীয়দিশের যে ইতিহাস নাই, তাহার বিশেষ কারণ আছে। কতকটা ভারতবর্ষীয় জড়প্রকৃতির বলে প্রপীড়িত হইয়া, কতকটা আদো দস্মজাতীয়দিগের ভয়ে ভীত হইয়া ভারতবর্ষীয়েরা ঘোরতর দেবভক্ত। বিপদে পড়িলেই দেবতার প্রতি ভয় বা ভক্তি জন্মে। যে কারণেই হউক, জগতের যাবতীয় কম্ম দৈবান,কম্পায় সাধিত হয়, ইহা তাঁহাদিগের বিশ্বাস। ইহলোকের যাবতীয় অমঙ্গল দেবতার অপ্রসন্মতায় ঘটে, ইহাও তাঁহাদিগের বিশ্বাস। এজন্য শুভের নাম "দৈব" অশুভের নাম "দুদৈর্শব"। এরূপ মার্নাসক গতির ফল এই ষে. ভারতবর্ষীরেরা অত্যন্ত বিনীত: সাংসারিক ঘটনাবলীর কর্ত্তা আপনাদিগকে মনে করেন না: দেবতাই সর্ব্বত্র সাক্ষাৎ কর্ত্তা বিবেচনা করেন। এজনা তাঁহারা দেবতাদিগেরই ইতিহাস কীর্ত্তনে প্রবৃত্ত: প্রাণেতিহাসে কেবল দেবকীত্তিই বিবৃত করিয়াছেন। যেখানে মনুষ্যকীতি বর্ণিত হইয়াছে, সেখানে সে মনুষ্যাণ হয় দেবতার আংশিক অবতার, নয় দেবতানুগুহীত: সেখানে দৈবের সংকীর্ত্তনই উদ্দেশ্য। মনুষ্য কেহ নহে, মনুষ্য কোন কার্য্যেরই কর্ত্তা নহে, অতএব মনুষ্যের প্রকৃত কীর্ত্তিবর্ণনে প্রয়োজন নাই। এ বিনীত মানসিক ভাব ও দেবভক্তি অস্মন্জাতির ইতিহাস না থাকার কারণ। ইউরোপীয়েরা অত্যন্ত গব্বিত: তাঁহারা মনে করেন, আমরা যাহা করিতেছি. ইহা আমাদিগেরই কীর্ত্তি, আমরা যদি হাই তাল, তাহাও বিশ্বসংসারে অক্ষয় কীর্ত্তি-স্বরূপ চিরকাল আখ্যাত হওয়া কর্ত্ববা, অতএব তাহাও লিখিয়া রাখা যাউক। এই জন্য গব্বিত জাতির ইতিহাসের বাহলো: এই জন্য আমাদের ইতিহাস নাই।

অহন্কার অনেক স্থলে মন্যোর উপকারী; এখানেও তাই। জাতীয় গব্ধের কারণ লোকিক ইতিহাসের স্ছিট বা উপ্লতি; ইতিহাস সামাজিক বিজ্ঞানের এবং সামাজিক উচ্চাশয়ের একটি ম্লা। ইতিহাসবিহীন জাতির দৃত্রখ অসীম। এমন দুই একজন হতভাগ্য আছে যে পিতৃ-পিতামহের নাম জানে না: এবং এমন দুই এক হতভাগ্য জাতি আছে যে, কীর্ত্তিমন্ত পা্র্বেপির্ব্বের্থাণের কীর্ত্তি অবগত নহে। সেই হতভাগ্য জাতিদিগের মধ্যে অগ্রগণ্য বাঙ্গালী। উডিয়াদিগেরও ইতিহাস আছে।

এক্ষণে বাঙ্গালার ইতিহাসের উদ্ধার কি অসম্ভব? নিতাস্ত অসম্ভব নহে। কিন্তু সে কার্ষ্যে

^{*} প্রথমন্দিকা বাঙ্গালার ইতিহাস। শ্রীরাজকৃষ্ণ মুখোপাধ্যার, এম এ, বি এল, বিরচিত। মেসুরার্স ক্ষে জি চাটুর্ব্যা এন্ড কোং কলিকাতা। বঙ্গদর্শন ১২৮১।

বিবিধ প্রবন্ধ-বাঙ্গালার ইতিহাস

ক্ষমতাবান্ বাঙ্গালী অতি অলপ। কি বাঙ্গালী, কি ইংরেজ, সকলের অপেক্ষা যিনি এই দ্র্হ্ কার্য্যের যোগ্য, তিনি ইহাতে প্রবৃত্ত হইলেন না। বাব, রাজেন্দ্রলাল মির মনে করিলে স্বদেশের প্রাবৃত্তের উদ্ধার করিতে পারিতেন। কিন্তু এক্ষণে তিনি যে এ পরিশ্রম স্বীকার করিবেন, আমরা এত ভরসা করিতে পারি না। বাব, রাজকৃষ্ণ মুখোপাধ্যায়ের নিকট আমরা অন্ততঃ এমন একখানি ইতিহাসের প্রত্যাশা করিতে পারি যে, তন্দ্রায়ায় আমাদের মনোদ্বংখ অনেক নিবৃত্তি পাইবে। রাজকৃষ্ণবাব্রও একখানি বাঙ্গালার ইতিহাস লিখিয়াছেন বটে, কিন্তু তাহাতে আমাদের দুরুখ মিটিল না। রাজকৃষ্ণবাব্র মনে করিলে বাঙ্গালার সম্পূর্ণ ইতিহাস লিখিতে পারিতেন; তাহা না লিখিয়া তিনি বালকশিক্ষার্থ একখানি ক্ষুদ্র প্রন্তুক লিখিয়াছেন। যে দাতা মনে করিলে অন্তের্ক রাজ্য এক রাজকন্যা দান করিতে পারে সে মুষ্টিভিক্ষা দিয়া ভিক্ষ্কককে বিদায় করিয়াছে।

মুন্টিভিক্ষা হউক, কিন্তু স্বলেরে মুন্টি। গ্রন্থখানি মোটে ৯০ প্রতা, কিন্তু ঈদৃশ সন্ধাঙ্গ-সম্পূর্ণ বাঙ্গালার ইতিহাস বোধ হয় আর নাই। অলেপর মধ্যে ইহাতে যত ব্রুন্ত পাওয়া যায়, তত বাঙ্গালা ভাষায় দ্বর্লভ। সেই সকল কথার মধ্যে অনেকগ্র্নিল ন্তন; এবং অবশ্যজ্ঞাতব্য। ইহা কেবল রাজগণের নাম ও যুক্ষের তালিকা মাত্র নহে: ইহা প্রকৃত সামাজিক ইতিহাস। বালকশিক্ষার্থ যে সকল প্রস্তুক বাঙ্গালা ভাষায় নিত্য নিতা প্রণীত হইতেছে, তন্মধ্যে ইহার ন্যায় উত্তম গ্রন্থ অলপ। ইংরেজিতেও যে সকল ক্ষুদ্র ইতিহাস বালকশিক্ষার্থ প্রণীত হয়, তন্মধ্যে এর্প ইতিহাস দেখা যায় না। কেবল বালক নহে, অনেক বৃদ্ধ ইহাতে শিক্ষাপ্রাপ্ত হইতে পারেন। যাঁহারা বালপাঠ্য প্রস্তুক বলিয়া ঘৃণা করিয়া ইহা পড়িবেন না, তাঁহাদিগের জন্য এই ক্ষুদ্র গ্রন্থখানিকে উপলক্ষ করিয়া আমরা বাঙ্গালার ইতিহাস সন্বন্ধে গ্রন্টিকত কথা বালব। সকলই অধ্যয়নীয় তত্ত্ব ইহাতে পাওয়া যায় বালিয়া আমরা এ ক্ষুদ্র গ্রন্থের বিস্তারিত সমালোচনায় প্রবৃত্ত, নচেৎ বালপাঠ্য প্রস্তুক আমরা সমালোচনা করি না।

প্রথম। কান্বেল্ সাহেব যখন বাঙ্গালীর প্রতি সদয় হইয়াছিলেন, তখন বলিয়াছিলেন, বাঙ্গালীরা আসিয়াখন্ডেব মধ্যে এথিনীয় জাতিসদৃশ। বান্তবিক একদিন বাঙ্গালীরা আর কিছুতে হউক না হউক, ঔপনিবেশিকতায় এথিনীয়াদিগের তুলা ছিল। সিংহল বাঙ্গালী কর্ত্তক পরাজিত, এবং পার্যানাক্রমে অধিকৃত ছিল। যবদ্বীপ ও বালিদ্বীপ বাঙ্গালীর উপনিবেশ, ইহাও অনেকে অনুমিত করেন। তাম্বালিপ্তি ভারতব্যীয়ের সম্দ্র্যান্তার স্থান ছিল। ভারতব্যীয় আর কোন জাতি এর্প ঔপনিবেশিকতা দেখান নাই।

দ্বিতীয়। বাঙ্গালী রাজগণ অনেক সময়ে উত্তরভারতে বৃহৎ সাহাজ্যের অধীশ্বর ছিলেন। পালবংশীয় দেবপালদেব ভারতবর্ষের সহাটে বলিয়া কীর্ত্তি। লক্ষ্মণসেনের জয়স্তম্ভ বারাণসী, প্রয়াগ ও শ্রীক্ষেত্রে সংস্থাপিত হইয়াছিল। অতএব তিনি অন্ততঃ ভারতবর্ষের তৃতীয়াংশের অধীশ্বর ছিলেন। বাঙ্গালীরা গঙ্গাবংশ পরিচয়ে বহুকাল পর্যান্ত উড়িষ্যার অধীশ্বর ছিলেন। যে জাতি মিথিলা, মগধ, কাশী, প্রয়াগ, উৎকলাদি জয় করিয়াছিল, যাহার জয়পতাকা হিমালয়ম্লে, যম্নাতটে, উৎকলের সাগরোপক্লে, সিংহলে, যবদ্বীপে, এবং বালিদ্বীপে উড়িত, সে জাতি কথন ক্ষ্দ্র জাতি ছিল না।

তৃতীয়। সপ্তদশ পাঠান কর্ত্বক বঙ্গজয় হইয়াছিল, এ কলঙ্ক মিথ্যা। সপ্তদশ পাঠান কর্ত্বক কেবল নবদ্বীপের রাজপ্রাী বিজিত ইইয়াছিল। তৎসঙ্গী সেনা কর্ত্বক কেবল মধ্যবঙ্গ বিজিত ইইয়াছিল। তৎসঙ্গী সেনা কর্ত্বক কেবল মধ্যবঙ্গ বিজিত ইইয়াছিল। ইহার পরেও বহুদিন পর্যাও সেনবংশীয়েরা প্র্বাও দক্ষিণ বাঙ্গালার অধিপতি থাকিয়া স্বাধীনভাবে সপ্তগ্রামে ও স্বৃবর্ণগ্রামে রাজত্ব করিয়াছিলেন। "পাঠানেরা ৩৭২ বংসর রাজত্ব করিয়াছিলেন, তথাপি কোন কালে সমুদায় বাঙ্গালার অধিপতি হয়েন নাই। পশ্চিমে বিস্কৃত্বের ও পণ্ডকোটে তাহাদিগের ক্ষমতা প্রবিষ্ঠ হয় নাই; দক্ষিণে স্বুন্ধরনসামহিত প্রদেশে স্বাধীন হিন্দ্ররাজা ছিল; প্রেবার্তি উন্তরাম, নোয়াখালি এবং বিস্কৃরা, আরাকানরাজ ও বিপ্রাধিপতির হস্তে ছিল; এবং উত্তরে কুচবেহার স্বতক্ষতা রক্ষা করিকেছিল। স্বৃত্রাং পাঠানেরা ষে সময়ে উড়িয়্যা জয় করিতে সক্ষম হইয়াছিলেন, যে সময়ে তাহারা ১,৪০,০০০ পদাতিক, ৪০,০০০ অশ্বারোহী এবং ২০,০০০ কামান দেখাইতে পারিতেন, সে সময়েও বাঙ্গালার অনেকাংশ তাহাদিগের হস্তগত হয় নাই।" বাঙ্গালার অধ্বংপতন একদিনে ঘটে নাই।

^{*} বাঙ্গালার ইতিহাস, ২৯ প্রন্থা।

চতুর্থ। পরাধীন রাজ্যের যে দুর্ন্দশা ঘটে, স্বাধীন পাঠানদিগের রাজ্যে বাঙ্গালার সে দুর্ন্দশা ঘটে নাই। রাজা ।৬৯৯৯৬৯ র হইলেই রাজ্যকে পরাধীন বলিতে পারা যার না। সে সময়ের জমীদারদিগের যের্পু বর্ণনা দেখিতে পাওয়া যার, তাহাতে তাঁহাদিগকেই রাজ্য বিলয়া বোধ হয়; তাঁহারা করদ ছিলেন মাত্র। পরাধীনতার একটি প্রধান ফল ইতিহাসে এই শুনা যায় যে, পরাধীন জাতির মানসিক স্ফ্রির্ত্তা নিবিয়া যায়। পাঠানশাসনকালে বাঙ্গালীর মানসিক দীপ্তি অধিকতর উভজ্বল হইয়াছিল। বিদ্যাপতি চন্ডীদাস বাঙ্গালার শ্রেষ্ঠ কবিষয় এই সময়েই আবির্ভ্ত ; এই সময়েই অদিতীয় নৈয়ায়িক, নায়শাসের ন্তন স্ভিকত্তা রঘ্নাথ শিরোমাদি; এই সময়ে স্মার্তিতলক রঘ্ননদন; এই সময়েই চৈতনাদেব; এই সময়েই বৈঞ্ববাগাস্বামীদিগের অপ্র্ব গ্রন্থাবলী;—চৈতনাদেবের পরগামী অপ্র্ব বৈঞ্ববাহিত্য। পঞ্চদশ ও বোড়শ খ্রীন্টশতাব্দীর মধ্যেই ইংছাদিগের সকলেরই আবির্ভাব। এই দুই শতাব্দীতে বাঙ্গালীর মানসিক জ্যোতিতে বাঙ্গালার যের্প ম্থেছজন্ব হইয়াছিল, সের্প তৎপ্র্বে বাতৎপরে আর কথনও হয় নাই।

সেই সময়ের বাহ্য সোষ্ঠিব সম্বন্ধে রাজকৃষ্ণবাব, কি বলিতেছেন, তাহাও শ্নান।

"লিখিত আছে যে, হোসেন শাহার রাজ্যারম্ভ সময়ে এতদ্দেশীয় ধনিগণ স্বর্ণপাত্র ব্যবহার করিতেন, এবং যিনি নিমন্তিতসভার যত স্বর্ণপাত্র দেখাইতে পারিতেন, তিনি তত মর্য্যাদা পাইতেন। গোড় ও পান্ত্রা প্রভৃতি স্থানে যে সকল সম্পূর্ণ বা ভন্ন অট্টালিকা লক্ষিত হয়, তন্দ্রাও তাৎকালিক বন্ধালার ঐশ্বর্য্য শিলপনৈপ্রণাের বিলক্ষণ পরিচয় পাওয়া যায়। বান্তবিক তখন এ দেশে স্থাপত্যবিদ্যার আশ্চর্যার্থ্য উন্নতি হইয়াছিল এবং গোড়ে যেখানে সেখানে মাত্তিকা খনন করিলে যের্প ইন্টক দৃষ্ট হয়, তাহাতে অনুমান হয় যে, নগরবাসী বহুসংখ্যক ব্যক্তি ইন্টকনির্মিত গ্রেহ বাস করিত।* দেশে অনেক ভূম্যাধিকারী ছিলেন এবং তাহাদিগের বিস্তর ক্ষমতা ছিল; পাঠানরাজ্য ধরংসের কিয়ংকাল পরে সন্ধালত আইন আকর্বারতে লিখিত আছে যে, বাঙ্গালার জ্মীদারেরা ২৩,৩৩০ অশ্বারোহী, ৮,০১,১৫৮ পদাতিক, ১৮০ গজ, ৪.২৬০ কামান এবং ৪,৪০০ নৌকা দিয়া থাকেন। এর্প যুদ্ধের উপকরণ যাহাদিগের ছিল তাহাদিগের পরান্তম নিতান্ত কম ছিল না।"

পঞ্চম। অতএব দেখা যাইতেছে যে. যে আকবর বাদশাহের আমরা শতমুখে প্রশংসা করিয়া থাকি, তিনিই বাঙ্গালার কাল। তিনিই প্রথম প্রকৃতপক্ষে বাঙ্গালাকে প্রাধীন করেন। সেই দিন হইতে বাঙ্গালার শ্রীহানির আরম্ভ। মোগল পাঠানের মধ্যে আমরা মোগলের অধিক সম্পদ্ দেখিয়া মাদ্ধ হইয়া মোগলের জয় গাইয়া থাকি, কিন্তু মোগলই আমাদের শত্রু, পাঠান আমাদের মিত্র। মোগলের অধিকারের পর হইতে ইংরেজের শাসন পর্যান্ত একখানি ভাল গ্রন্থ বঙ্গদেশে জন্মে নাই। যে দিন হইতে দিল্লীর মোগলের সামাজ্যে ভুক্ত হইয়া বাঙ্গালা দ্ববস্থা প্রাপ্ত হইল. रमेरे फिन रहेरा वाकालात धन आत वाकालात त्रिक ना. फिक्कीत वा आधात वाक्रीनर्स्वाहार्थ প্রেরিত হইতে লাগিল। যখন আমরা তাজমহলের আশ্চর্য্য রম্পীয়তা দেখিয়া আহ্যাদসাগরে ভাসি, তখন কি কোন বাঙ্গালীর মনে হয় যে, যে সকল রাজ্যের রক্তশোষণ করিয়া এই রঙ্গুমন্দির নিন্মিত হইয়াছে, বাঙ্গালা তাহার অগ্রগণ্য? তক্ততাউসের কথা পড়িয়া যখন মোগলের প্রশংসা করি. তখন কি মনে হয়. বাঙ্গালার কত ধন তাহাতে লাগিয়াছে? যখন জ্মা মসজিদ্, সেকন্দরা, ফতেপ্রেসিকরি বা বৈজয়ন্ততুল্য শাহা জাহানাবাদের ভগাবশেষ দেখিয়া মোগলের জন্য দুঃখ इत्र. जथन कि मान इत्र त्य. वाक्रामात करु धन तम मात कात्र इहेताएइ? यथन मानि त्य. नात्मत मारा वा भरातान्ध्रीय मिल्ली न्रें करिन, जथन कि भरन रस, वानानात थन जाराता न्रें করিয়াছে? বাঙ্গালার ঐশ্বর্য্য দিল্লীর পথে গিয়াছে: সে পথে বাঙ্গালার ধন ইরান তুরান পর্যান্ত গিয়াছে। বাঙ্গালার সৌভাগ্য মোগল কর্ত্তক বিলম্প হইয়াছে। বাঙ্গালায় হিন্দুর অনেক

^{*} গোড়ের ইণ্টক লইয়া, মালদহ, ইংরেজবাজার, ভোলাহাট, রাইপ্রের, গিলাবাড়ী, কাসিমপ্রে প্রভৃতি অনেকগ্রিল নগর নিম্মিত হইয়াছে। এই সকল নগর অট্টালিকাপ্র্ণ, কিন্তু তথায় অন্য কোন ইণ্টক ব্যবহৃত হয় নাই। গোড়ের ইণ্টক ম্রুলিদাবাদের ও রাজমহলের নিম্মাণেও লাগিয়াছে। এখনও বাহা আছে, তাহাও অপরিমিত। গোড়ের ভ্যাবশেবের বিস্তার দেখিয়া বোধ হয় বে, কলিকাতা অপেক্ষা গোড় অনেক বড় ছিল।

विविध প্रवश्च-वाकालाव कलाव्क

কীর্ত্তির চিহ্ন আছে, পাঠানের অনেক কীর্ত্তির চিহ্ন পাওয়া যায়, শত বংসর মাত্রে ইংরেজ অনেক কীর্ত্তি সংস্থাপন করিয়াছে, কিন্তু বাঙ্গালায় মোগলের কোন কীর্ত্তি কেহ দেখিয়াছে? কীর্ত্তির মধ্যে "আসল তুমার জমা"। কীর্ত্তি কি অকীর্ত্তি বালতে পারি না, কিন্তু তাহাও একজন হিন্দুকৃত।

बाञालात कलक *

যখন বঙ্গদর্শন প্রথম বাহির হয়, তখন প্রথম সংখ্যার প্রথম প্রবন্ধে মঙ্গলাচরণস্বর্প ভারতের চিরকলঙ্ক অপনোদিত হইয়াছিল। আজ প্রচার সেই দৃষ্টান্তান্সারে প্রথম সংখ্যার প্রথম প্রবন্ধে বাঙ্গালার চিরকলঙ্ক অপনোদনে উদ্যত। জগদীশ্বর ও বাঙ্গালার সূমস্তানমাত্রেই আমাদের সহায় হউন।

যাহা ভারতের কলঙক, বাঙ্গালারও সেই কলঙক। এ কলঙক আরও গাঢ়। এখানে আরও দর্ভেদ্য অন্ধকার। কদাচিৎ অন্যান্য ভারতবাসীর বাহ্বলের প্রশংসা শ্বনা যায়, কিন্তু বাঙ্গালীর বাহ্বলের প্রশংসা শ্বনা যায়, কিন্তু বাঙ্গালীর বাহ্বলের প্রশংসা কেহ কথন শ্বনে নাই। সকলেরই বিশ্বাস, বাঙ্গালী চিরকাল দর্শ্বল, চিরকাল ভীর্, চিরকাল স্বীম্বভাব, চিরকাল ঘ্রিস দেখিলেই পলাইয়া যায়। মেকলে বাঙ্গালীর চিরিত্র সম্বন্ধে যাহা লিখিয়াছেন, এর্প জাতীয় নিন্দা কথনও কোন লেখক কোন জাতি সম্বন্ধে কলমবন্দ করে নাই। ভিন্নদেশীয় মাত্রেই বিশ্বাস যে, সে সক্ল কথা অক্ষরে অক্ষরে সত্য। ভিন্নজাতীয়ের কথা দ্বে থাকুক, অধিকাংশ বাঙ্গালীরও এইর্প বিশ্বাস। উনবিংশ শতাব্দীর বাঙ্গালীর চিরিত্র সমালোচনা কারলে, কথাটা কতকটা যাদ সত্য বোধ হয়, তবে বলা যাইতে পারে, বাঙ্গালীর এখন এ দ্বর্দশা হইবার অনেক কারণ আছে। মান্বকে মারিয়া ফেলিয়া তাহাকে মরা বাললে মিথ্যা ক্থা বলা হয় না। কিন্তু যে বলে যে, বাঙ্গালার চিরকাল এই চরিত্র, বাঙ্গালী চিরকাল দ্বর্শ্বল, চিরকাল ভীর্, স্বীস্বভাব, তাহার মাথায় বজ্রাঘাত হউক, তাহার কথা মিথ্যা।

এ নিশার কোন মূল ইতিহাসে কোথাও পাই না। সত্য বটে, বাঙ্গালী মুসলমান কর্তৃক পরাজিত হইয়াছিল, কিন্তু পৃথিবীতে কোন্ জাতি পরজাতি কর্তৃক পরাজিত হয় নাই? ইংরেজ নম্মানের অধীন হইয়াছিল, জম্মানি প্রথম নেপোলিয়নের অধীন ইইয়াছিল। ইতিহাসে দেখি, ষোড়শ শতাব্দীর স্পেনীয়দিগের মত তেজস্বী জাতি, রোমকদিগের পর আর কেহ জমগ্রহণ করে নাই। যথন সেই স্পেনীয়েরা আট শত বংসর মুসলমানের অধীন ছিল, তথন বাঙ্গালী পাঁচ শত বংসর মুসলমানের অধীন ছিল বলিয়া, সে জাতিকে চিরকাল অসার বলা যাইতে পারে না। ইংরেজ ইতিহাস-লেখক উপহাস করিয়া বলেন, সপ্তদশ মুসলমান অশ্বারোহী আাসিয়া বাঙ্গালা জয় করিয়াছিল। বঙ্গদশনে প্রেব দেখান ইইয়াছে যে, সে কথার কোন মূল নাই; বালক-মনোরঞ্জনের যোগ্য উপন্যাস মাত্র। স্কুতরাং আমরা আর সে কথার কিছু প্রতিবাদ করিলাম না।

বাঙ্গালীর চিরদ্বর্শলতা এবং চিরভীর্তার আমরা কোন ঐতিহাসিক প্রমাণ পাই নাই। কিন্তু বাঙ্গালী যে প্রেন্লালে বাহ্বলশালী, তেজস্বী, বিজয়ী ছিল, তাহার অনেক প্রমাণ পাই। অধিক নয়, আমরা এক শত বংসর প্রেন্র বাঙ্গালী পহলয়ানের, বাঙ্গালী লাঠি শড়কিওয়ালার যে সকল বলবীর্যার কথা বিশ্বস্তুস্তে শ্রনিয়াছি, তাহা শ্রনিয়া মনে সন্দেহ হয় যে, সে কি এই বাঙ্গালী জাতি? কিন্তু সে সকল অনৈতিহাসিক কথা, তাহা আমরা ছাড়িয়া দিই। আমরা দ্বই একটা ঐতিহাসিক প্রমাণ দিতেছি।

পশ্ডিতবর ডাক্তার রাজেন্দ্রলাল মিত্র পালবংশীয় এবং সেনবংশীয় রাজাদিগের সম্বন্ধে যে সকল ঐতিহাসিক তত্ত্ব আবিষ্কৃত করিয়াছেন, আমাদের মতে তাহা অখণ্ডনীয়। কোন ইউরোপীয় বা এতদ্দেশীয় পশ্ডিত এ বিষয়ে এতটা মনোযোগী হন নাই। কেহই তাঁহার মতের সংপ্রতিবাদ করিতে পারেন নাই। আমরা জানি বে, তাঁহার মত সকলের গ্রাহা হয় নাই; কিন্তু বাঁহারা তাঁহার প্রতিবাদী, তাঁহারা এমন কোন কারণ নিন্দিন্টি করিতে পারেন নাই বাহাতে সত্যানুসন্ধিশ্বনু ব্যক্তি ডাক্তার রাজেন্দ্রলাল মিত্রের মত অগ্রাহা করিতে সম্মত হইতে পারেন।

গণ্ কর্তৃক রোম ধ্বংস হইয়াছিল, বজাজেৎ ও দ্বিতীয় মহম্মদ গ্রীক সাম্লাজ্য বিজ্ঞিত ক্রিয়াছিল, এ সকল কথা যেমন নিশ্চিত ঐতিহাসিক, বাব, রাজেন্দ্রলাল মিত্রক্তৃক আবিষ্কৃত সেন-পাল-সম্বাদ আমরা তেমান নিশ্চিত ঐতিহাসিক মনে করি। সে কথাগুলি এই—

ঐতিহাসিকদিগের বিশ্বাস যে, আগে পালবংশীয়েরা বাঙ্গালার রাজা ছিলেন। তার পর সেনবংশীয়েরা বাঙ্গালার রাজা হন। ঠিক তাহা নহে। এককালে এক সময়েই পাল এবং সেনবংশীয়েরা রাজত্ব করিতেন, কিন্তু ভিন্ন ভিন্ন প্রদেশে। তার পর সেনবংশীয়েরা পালবংশীয়দিগের রাজাে আসিয়া তাঁহাদিগকে রাজা্চাত করিলেন, উভয় রাজাের একেশ্বর হইলেন। সেনবংশীয়েরা প্রেবাঙ্গালায় স্বর্ণপ্রামে রাজা ছিলেন। আর পালবংশীয়েরা মুশ্গাগিরতে অর্থাৎ আধুনিক মুক্সের রাজা ছিলেন। এখনকার বাঙ্গালীয়া গবর্ণমেশ্টের সিপাহি পল্টনে প্রবেশ করিতে পায় না, কিন্তু বেহারীদিগের পক্ষে অবারিত ছার, এবং বেহারীয়া এখনকার উৎকৃষ্ট সিপাহিমধাে গণা। অথচ আমরা রাজেশ্রবাব্র আবিশ্বত ঐতিহাসিক তত্বে দেখিতে পাইতেছি, প্র্বেগ্রেলামী বাঙ্গালায়া বেহার জয় করিয়াছিল। সেনবংশীয়েরা বাঙ্গালাী রাজা হইয়াও বেহারের অধিকাংশের রাজা ছিলেন, ইহা ঐতিহাসিক কথা। সেনগণের অধিকার যে বারাণসী পর্যান্ত বিস্তৃত হইয়াছিল, ইহারও ঐতিহাসিক প্রমাণ পাওয়া গিয়াছে। যে গ্রেপ্রংশীয়াদগের মগধরাজা ভারতীয় সকল সামাজ্য অপেক্ষা প্রত্নাশিকত ছিল, সেই মগধরাজ্য বাঙ্গালী কর্তুকই বিজিত এবং অধিকত হইয়াছিল, বোধ হয়। কিন্তু সে আন্দাজি কথা না হয় ছাড়িয়া দিই।

মগুধের অধীশ্বর চন্দ্রগাপ্তের রাজসভায় বিখ্যাত গ্রীক ইতিহাসবেতা মেগাস্থিনিসা, গাঙ্গারিড Gangaridae নামে এক জনপদ বর্ণনা করিয়া গিয়াছেন। ঐ জনপদের স্থাননির্ণয়ে তিনি এইরপে লিখিয়াছেন যে. যেখানে গঙ্গা উত্তর হইতে দক্ষিণবাহিনী, সেইখানে গঙ্গা ঐ জনপদের পূर्वे भीमा। जारा रहेलारे अक्सल य अप्रभक्त ताएएमा वला यात्र, वाकालात सारे एमा रेरा म्राता त्यारेराज्यः। वार्ष्टावक अन्यावन कतिया प्रािथल त्या यारेरा या, स्मर्गाम्हीनस्मत्र ঐ Gangaridae শব্দ গঙ্গারাটী শব্দের অপভ্রংশ মাত্র। গঙ্গার উপক্লেবত্তী রাণ্টকে লোকের গঙ্গারাষ্ট্র বলাই সম্ভব-স্কুরাষ্ট্র (স্কুরাট), মধারাষ্ট্র (মেবাড়), গত্বুর্জ্বরাষ্ট্র (গত্রুরাট) প্রভৃতি দেশের নাম যেরপে রাষ্ট্র শব্দ সংযোগে নিম্পন্ন হইয়াছে, ইহাও সেইরপে দেখা যাইতেছে। গঙ্গারাষ্ট্র শব্দের অপভ্রংশে ক্রমে গঙ্গারাট্ বা গঙ্গারাট্ হইবে। ক্রমে সংক্ষেপার্থ গঙ্গা শব্দ পরিতাক্ত হইয়া রাট্ শব্দ বা রাঢ় শব্দ প্রচলিত থাকিবে। সংক্ষেপার্থ গঙ্গা শব্দ এরূপ পরিতাক্ত হইয়া থাকে। উদাহরণ, "গঙ্গাতীরস্থ" শব্দের পরিবর্ত্তে অনেকে "তীরস্থ" বলে। ত্রিহ,তের প্রাচীন সংস্কৃত নাম "তীরভক্তি"। এম্বলেও গঙ্গাশব্দ পরিত্যাগ হইয়া কেবল "তীর" শব্দ আছে। গঙ্গারাটও সেই জন্য এখন "রাঢ়" শব্দে দাঁড়াইয়াছে। মেগাছিনিসের কথায় আমরা ইহাই ব্রিকতে পারি যে, তংকালে এই রাঢ়দেশ একটি প্থগ্রাজ্য ছিল। মেগান্থিনিস্ বলেন যে, এই রাজ্য এর্প প্রতাপান্বিত ছিল যে, ইহা কখন কোন শন্ত্র, কর্তৃক পরাজিত হয় নাই এবং অন্যান্য রাজগণ গঙ্গারাঢ়ীদিগের হস্তি-সৈন্যের ভয়ে তাহাদিগকে আক্রমণ করিতেন না। তিনি ইহাও লিখিয়াছেন যে, স্বয়ং সর্বজ্বা আলেকজান্ডার গঙ্গাতীরে উপনীত হইয়া গঙ্গারাঢ়ীদিগের প্রতাপ শ্রনিয়া, সেইখান হইতে প্রস্থান করিলেন। বাঙ্গালীর বলবীর্য্যের ভয়ে আলেকজাণ্ডার युद्ध कांख इट्रेंग्राष्ट्रिलन, এ कथा क्वट विश्वाम कत्नन वा ना कत्नन. टेटात माकी न्वार মেগান্থিনিস্। আমরা নৃতন সাক্ষী শিখাইয়া আনিতেছি না।

অনেকে বলিবেন যে, কৈ, প্রবলপ্রতাপান্দিত গঙ্গারাঢ়ীদিগের নাম তথন আমরা কেহ প্র্বেশ শর্নন নাই। যথন মার্সমান্ প্রভৃতি ইংরেজ ইতিহাসবেত্তাদিগের কাছে আমরা স্বদেশের ইতিহাস শিখি, তথন গঙ্গারাদীর নাম আমাদের শর্ননিবার সন্তাবনা কি? কিন্তু গঙ্গারাদী নাম আমরা ন্তন গাঁড়লাম না, তাহার ঐতিহাসিক প্রমাণ দিতেছি। যেখানে দেখিতেছি যে, যে প্রদেশবাসীদিগকে মেগান্থিনিস্ Gangaridae বলেন, সেই প্রদেশবাসীদিগকেই লোকে এখন রাদী বলে, আমাদের বিবেচনার গঙ্গারাদী নামের ঐতিহাসিকতা সম্বন্ধে ইহাই যথেক প্রমাণ। কিন্তু আমরা কেবল সে প্রমাণের উপর নির্ভার করিয়া এ নাম ব্যবহার করিতেছি না। অনেকে অবগত আছেন, মাকেঞ্জির সংগ্রহ (Mackenzie's Collection) নামে কতকগুলি দ্বর্লভ ভারতবর্ষীয়ে প্রস্তুকের সংগ্রহ আছে। সেগালি ম্বাণিকত হইয়া প্রচার হইবার সম্ভাবনা নাই এবং সকলের প্রাপ্যও নহে। অথচ তাহাতে মধ্যে মধ্যে বিচিচ্ন ন্তন ঐতিহাসিক তত্ত্ব প্রাপ্ত

विविध প্रवश्च-बाकाकात कनण्क

হওয়া যায়। সেই সকল গ্রন্থের একটি তালিকা উইল্সন্ সাহেব প্রচারিত করিয়াছেন, এবং তৎসক্ষে উহা হইতে কতকুগর্নি ঐতিহাসিক তত্ত্ব সংগ্রহ করিয়া প্রকাশিত করিয়াছেন। ঐ গ্রন্থের ৮২ প্রতায় দেখিবেন, লিখিত আছে যে, গঙ্গারাঢ়ীর অধীশ্বর অনন্তবন্দা বা কোলাছল কালঙ্গ জয় কারয়াছিলেন। এ কথা প্রস্তর-শাসনে লিখিত আছে, আমরা গঙ্গারাঢ়ী নাম ন্তন গড়ি নাই। তবে অনভিজ্ঞ ইংরাজেরা বাঙ্গালার ইতিহাস লিখিতে প্রবৃত্ত হওয়ায় আর সেই সকল গ্রন্থ প্রচলিত হওয়ায়, বাঙ্গালার প্রেবগোরব প্রচ্ছেম রাহয়াছে।

এহ যে অনন্তবন্দা বা কোলাহল রাজার উল্লেখ কারলাম, ইনিও বাঙ্গালীর প্রেণারবের এক চিরন্সরণীয় প্রমাণ। উড়িষ্যার বিখ্যাত গঙ্গাবংশ নামে যে রাজবংশ, ইনিই তাহার আদিপুর্য়। কেই কেই বলেন যে, গঙ্গাবংশীয়েরা দক্ষিণদেশ ইইতে উাড়্ষ্যায় আসিয়াছিল এবং চোরঙ্গা বা চোরগঙ্গা নামে একজন দাক্ষিণাত্য রাজা এই বংশ সংস্থাপন করেন। এ কথাটি মিখ্যা। এই প্রবল প্রতাপশালী মহামহিমময় রাজবংশীয়েরা যে বাঙ্গালী ছিলেন,* এই কথা যাহারা বিশ্বাস করিতে অনিচহুক, তাহারাই সে পক্ষ সমর্থন করেন। উইল্সন্ সাহেবের কথিত প্রতেথ কথিত প্রতাতেই যে একখানি শাসনের উল্লেখ আছে, তাহাতে লিখিত আছে, রাঢ়া কোলাহলই উড়িষ্যাবিজেতা এবং গঙ্গাবংশের আদিপুর্যুষ। তামফলক বা প্রন্থর এ বিষয়ে মিথ্যা কথা বালবে না।

প্রাতহাসিক ভারতবর্ষে যে সকল রাজবংশের আবির্ভাব হইয়াছিল, এই বাঙ্গালী গঙ্গাবংশীয়াদগের প্রতাপ ও মাহমা কাহারও অপেক্ষা ন্না ছিল না। প্রেরীর মাণনর ও কোণাকের আশ্চর্যা প্রাসাদাবলী তাহাদিগেরই গাঠত। বাঙ্গালার পাঠানেরা যত বার তাহাদের সঙ্গে যুদ্ধে ডদ্যত হইয়াছিল, তত বার পরাভূত, তাাড়ত এবং অপমানিত হইয়াছিল। বরং গঙ্গাবংশীয়েরা তাহাদেগকে প্রহার করিতে করিতে পশ্চাজাবিত হইয়া তাড়াইয়া লাইয়া যাইত। একদা লাঙ্গলায় নরসংহ নামে একজন গঙ্গাবংশীয় রাজা বাঙ্গালার ম্সলমান স্বুল্তানের ঐর্প পশ্চাজাবিত হহয়া, পাঠানাদগের রাজধানী গোড় এবং নগর আক্রমণ করিয়া ল্ঠপাঠ করিয়া পাঠানের সর্ব্বেশ লাইয়া ঘরে ফিরিয়া যান। উদ্ধত ম্সলমানাদগকে গঙ্গাবংশীয়েরা তিন শত বংসর ধারয়া যেরপ্রাসাত রাথিয়াছিলেন, সের্প চিতোরের রাজবংশ ভিন্ন আর কোন হিন্দ্রাজ্বংশ পারেন নাহ। তাহায়া যেমন বাঙ্গালায় ম্সলমানাদগকে শাসনে রাখিয়াছিলেন, দাক্ষিণাত্যের াহন্দ্রাজাদিগকেও তেমান শাসিত রাথিয়াছিলেন।

এই সকল কথার পর্য্যালোচনা করিয়া, হন্টর্ সাহেব সেকালের উড়িয়া-সৈনাের অনেক প্রশংসা করিয়াছেন। সে প্রশংসা উড়িয়া-সেনার প্রাপ্য নহে, গঙ্গাবংশীয়দিগের স্বদেশী রাঢ়া-সৈনাের প্রাপ্য। সকলেই জানেন যে, উড়িয়ার গঙ্গাবংশীয়দিগের সাম্রাজ্য গোদাবরী হইতে সরস্বতী পর্যান্ত অর্থাৎ বাঙ্গালায় বিবেশী পর্যান্ত বিস্তৃত ছিল। এক্ষণে যাহা মেদিনীপর জেলা এবং হাবরা জেলা, তাহার সম্বুদ্ম এবং যাহা বর্দ্ধান ও হ্র্গাল জেলার অন্তর্গত, তাহার কিয়দংশ ঐ সাম্রাজ্যভুক্ত ছিল। ইহাই গঙ্গাবংশীয়াদগের পৈতৃক রাজ্য। যেমন নম্মান্ উহালয়ম্ ইংলন্ড জয় করিয়া নম্মান্তর রাজধানী পরিত্যাগপ্রবাক ইংলন্ডের রাজধানীতে গিয়া বাস করিতে লাগিলেন, তেমনি গঙ্গাবংশীয়েরা উড়িয়া জয় করিয়া, আপনাদিগের প্রচৌন রাজধানী পরিত্যাগপ্রবাক উড়িয়ায় বাস করিতে লাগিলেন বটে, কিন্তু তাহারা পৈতৃক রাজ্য ছাড়েন নাই। উহাও তাহাদিগের রাজ্যভুক্ত রহিল, ইহাই সম্ভব। সেই জন্যহ বিবেশা পর্যান্ত উড়িয়ার আধকার ছিল। বাঙ্গালার ম্সলমানেরা গঙ্গাবংশীয়দিগকে আক্রমণ করিলে, কাজেই প্রথমে এই রাঢ়দেশ আক্রমণ করিত, এবং এই রাঢ়গিণ কর্তুকই প্রনঃ প্রনঃ পরাভূত হইত।

এক্ষণে অনেকে জিজ্ঞাসা করিতে পারেন যে, রাঢ়ী বাঙ্গালীরা যদি এত বলবিদ্রমযুক্ত ছিল, তবে অন্যান্য বাঙ্গালীরা এত হীনবীর্ষ্য কেন? আমাদিগের উত্তর যে, অন্য বাঙ্গালীরা রাঢ়ী-দিগের অপেক্ষা হীনবীর্ষ্য ছিল, এমন বিবেচনা করিবার কোন কারণ নাই। বরং এই রাঢ়ীরাও অন্য বাঙ্গালীদিগের দ্বারা পরাভূত হইয়াছিল, ইহাও বিবেচনা করিবার কারণ আছে। রাঢ়দেশের

^{* &}quot;বন্ধা" শব্দে ব্ঝাইতেছে বে, উ'হারা ক্ষতিয় ছিলেন। ক্ষতিয় হইলে বাঙ্গালী হ**ইল না, ভরসা** করি, এ আপত্তি কেহ করিবেন না। বাঙ্গালার ক্ষতিয়কে বাঙ্গালী বলিব না, তবে বাঙ্গালার **রাক্ষণকেই** বা বাঙ্গালী বলিব কেন?

विष्का व नावणा

কিয়দংশ সেনরাজাদিগের রাজ্যভুক্ত ছিল,* এবং সেনরাজারা যে উহা গঙ্গাবংশীয়দিগের নিকট কাড়িয়া লইরাছিলেন, এমন বিবেচনা করা অসঙ্গত হয় না। অন্য বাঙ্গালীদিগকে অপেক্ষাকৃত হীনবীর্যা মনে করিবার একমাত্র কারণ এই যে, ম্সলমানেরা অতি সহজে বাঙ্গালা জয় করিয়াছিল। বছুতঃ ম্সলমানেরা সহজে বাঙ্গালা জয় করে নাই—কেবল লক্ষ্মণাবতীই সহজে জয় করিয়াছিল। তাহারা তিন শত বংশরেও সমস্ত বাঙ্গালা জয় করিতে পারে নাই। ম্সলমানেরা স্পেন্ হইতে রহ্মপত্র পর্যান্ত কালে সমস্ত অধিকার করিয়াছিল বটে, কিস্তু ভারতবর্ষ জয় করা তাহাদিগের পক্ষে যের্প দ্রহ্ হইয়াছিল, এমন আর কোন দেশই হয় নাই, ইহা "ভারতকলঙ্ক" শীর্ষক প্রবন্ধে প্রমাণীকৃত হইয়াছে। ভারতবর্ষের মধ্যে আবার পাঁচটি জনপদে তাহারা বড় ঠেকিয়াছিল, এমন আর কোথাও না। ঐ পাঁচটি প্রদেশ—(১) পঞ্জাব, (২) সিঙ্কুনেবারীর, (৩) রাজক্ষ্নে, (৪) দাক্ষিণাত্য, (৫) বাঙ্গালা। বাঙ্গালা জয় যে সহজে হয় নাই, ইহার প্রমাণ দিতে আমরা প্রস্তুত আছি। কিস্তু আমরা যতটুকু লিখিয়াছি, তাহাই এ ক্ষুদ্র পত্রের পক্ষে দীর্ঘ প্রবন্ধ হইয়াছে।

বাঙ্গালার ইতিহাস সম্বন্ধে কয়েকটি কথা †

যে জাতির প্রশাহাম্যের ঐতিহাসিক স্মৃতি থাকে, তাহারা মাহাম্মারক্ষার চেণ্টা পার, হারাইলে প্রশ্রপ্রাপ্তির চেণ্টা করে। ক্রেসী ও আজিন্কুরের স্মৃতির ফল রেন্হিম্ ও ওয়াটল্ক —ইতালি অধ্যপতিত হইয়াও প্নের্খিত হইয়াছে। বাঙ্গালী আজকাল বড় হইতে চায়,—হায়! বাঙ্গালীর ঐতিহাসিক স্মৃতি কই?

বাঙ্গালার ইতিহাস চাই। নহিলে বাঙ্গালী কথন মান্য হইবে না। যাহার মনে থাকে যে, এ বংশ হইতে কথন মান্যের কাজ হয় নাই, তাহা হইতে কথন মান্যের কাজ হয় না। তাহার মনে হয়, বংশে রক্তের দোষ আছে। তিক্ত নিম্ব বৃক্ষের বাজে তিক্ত নিম্বই জন্মে—মাকালের বাজৈ মাকালাই ফলে। যে বাঙ্গালাীরা মনে জানে যে, আমাদিগের পৃত্বপ্র্য্য চিরকাল দৃত্বল —অসার, আমাদিগের পৃত্বপ্র্যুদিগের কখন গোরব ছিল না, তাহারা দৃত্বল অসার গোরব-শ্ন্য ভিন্ন অন্য অবস্থা প্রাপ্তির ভরসা করে না—চেচ্টা করে না। চেন্টা ভিন্ন সিদ্ধিও হয় না।

কিন্তু বাস্তবিক বাঙ্গালীরা কি চিরকাল দ্বর্শল, অসার, গোরবশ্ন্য? তাহা হইলে গণেশের রাজ্যাধিকার; চৈতন্যের ধর্ম্ম; রঘ্নাথ, গদাধর, জগদীশের ন্যায়; জয়দেব বিদ্যাপতি ম্কুল্দদেবের কাব্য কোথা হইতে আসিল? দ্বর্শল অসার গোরবশ্ন্য আরও ত জাতি পৃথিবীতে অনেক আছে। কোন্ দ্বর্শল অসার গোরবশ্ন্য জাতি কথিতর্প অবিনশ্বর কীর্ত্তি জগতে স্থাপন করিয়াছে? বোধ হয় না কি যে, বাঙ্গালার ইতিহাসে কিছু সার কথা আছে?

সেই সার কথা কোথা পাইব, বাঙ্গালার ইতিহাস আছে কি? সাহেবেরা বাঙ্গালার ইতিহাস সম্বন্ধে ভূরি ভূরি গ্রন্থ লিখিয়াছেন। স্ট্রাট্ সাহেবের বই, এত বড় ভারী বই ষে, ছুর্ণিয়া মারিলে জ্যোরান মান্য খুন হয়, আর মার্শ্মান্ লেথবিজ প্রভৃতি চুট্কিতালে বাঙ্গালার ইতিহাস লিখে, অনেক টাকা রোজগার করিয়াছেন।

কিন্তু এ সকলে বাঙ্গালার ঐতিহাসিক কোন কথা আছে কি? আমাদিগের বিবেচনায় একথানি ইংরেজি গ্রন্থেও বাঙ্গালার প্রকৃত ইতিহাস নাই। সে সকলে যদি কিছু থাকে, তবে যে সকল মুস্লমান বাঙ্গালার বাদসাহ, বাঙ্গালার স্বাদার ইত্যাদি নির্থক উপাধিধারণ করিয়া, নির্দ্ধেগে শব্যায় শয়ন করিয়া থাকিত, তাহাদিগের জন্ম মৃত্যু গৃহবিবাদ এবং থিচুড়ীভোজন মাত্র। ইহা বাঙ্গালার ইতিহাস নয়, ইহা বাঙ্গালার ইতিহাসের এক অংশও নয়। বাঙ্গালার ইতিহাসের সঙ্গে ইহাতে কিছুই নাই। বাঙ্গালী জাতির ইতিহাস ইহাতে কিছুই নাই। যে বাঙ্গালী এ সকলকে বাঙ্গালার ইতিহাস বলিয়া গ্রহণ করে, সে বাঙ্গালী নয়। আত্মজাতিগোরবান্ধ, মিথ্যাবাদী, হিন্দ্বন্ধেয়ী মুসলমানের কথা যে বিচার না করিয়া ইতিহাস বলিয়া গ্রহণ করে, সে বাঙ্গালী নয়।

এই জন্যই কারন্থ প্রভৃতি জ্বাতির মধ্যে উত্তররাঢ়ী ও দক্ষিণরাঢ়ী বলিয়া প্রভেদ আছে। রাজ্য প্রক্ হওয়াতে সমাজও প্রেক্ হইয়াছিল।

[†] रक्रमर्गन, ১২৮৭, অগ্রহারণ।

সতের জন অশ্বারোহীতে বাঙ্গালা জয় করিয়াছিল, এ উপন্যাসের ঐতিহাসিক প্রমাণ কি? মিন হাজ উদ্দীন বাঙ্গালা জয়ের যাট বংসর পরে এই এক উপকথা লিখিয়া গিয়াছেন। আমি র্যাদ আজ বলি যে, কাল রাত্রে আমি ভূত দেখিয়াছি, তোমরা তাহা কেহ বিশ্বাস কর না। কেন না, অসম্ভব কথা। আর মিন্হাজ্ উম্পীন তাহা অপেক্ষাও অসম্ভব কথা লিখিয়া গিয়াছেন, তোমরা অম্লানবদনে বিশ্বাস কর। আমি জীবিত লোক, তোমাদের কাছে পরিচিত, আমার কথা বিশ্বাস কর না, কিন্তু সে সাত শত বংসর মরিয়া গিয়াছে, সে বিশ্বাসী কি অবিশ্বাসী কিছুই জ্বান না, তথাপি তুমি তাহার কথার বিশ্বাস কর। আমি বলিতেছি, আমি নিজে ভূত দেখিরাছি, আমার কথায় বিশ্বাস করিবে না, অথচ ভূত আমার প্রত্যক্ষদৃষ্ট বলিয়া বলিতেছি! আর মিন্হাজ উন্দীনের প্রত্যক্ষদুন্ট নহে, জনশ্রতি মাত্র। জনশ্রতি কি স্বক্পোলক্ষ্পিত, তাহাতেও অনেক সন্দেহ। আমার প্রত্যক্ষদৃষ্টিতে তোমার বিশ্বাস নাই, কিন্তু সেই গোহত্যাকারী, ক্ষোরিতচিকুর, म् मनमात्नत न्यकर्शानकन्यत्नत उथत राजभात विश्वाम। এ विश्वास्मत आत रहान कात्रण नारे, কেবল এই মাত্র কারণ যে, সাহেবরা সেই মিন্হাজ্ উন্দীনের কথা অবলম্বন করিয়া ইংরেজিতে ইতিহাস লিখিয়াছেন। তাহা পড়িলে চাকরী হয়! বিশ্বাস না করিবে কেন?

তুমি বলিবে যে, তোমার ভূতের গল্প বিশ্বাস করি না, তাহার কারণ এই যে, ভূত প্রাকৃতিক নিয়মের বিরুদ্ধ। আরিস্টটল হইতে মিল্ পর্যান্ত সকলে প্রাকৃতিক নিয়মের বিরুদ্ধে বিশ্বাস করিতে নিষেধ করিয়াছেন। ভাই বাঙ্গালি! তোমায় জিজ্ঞাসা করি, সতের জন লোকে লক্ষ লক্ষ বাঙ্গালীকে বিজিত করিল, এইটাই কি প্রাকৃতিক নিয়মের অনুমত? যদি তাহা না হয়, তবে

হে চাকরীপ্রিয়! তুমি কেন এ কথায় বিশ্বাস কর?

বাস্তবিক সপ্তদশ অশ্বারোহী লইয়া বখ্তিয়ার খিলিজি যে বাঙ্গালা জয় করেন নাই তাহার ভূরি ভূরি প্রমাণ আছে। সপ্তদশ অশ্বারোহী দুরে থাকুক, বর্থাতয়ার খিলিজি বহুতর সৈন্য লইয়া বাঙ্গালা সম্পূর্ণরূপে জয় করিতে পারে নাই। বথ্ডিয়ার খিলিজির পর সেনবংশীয় রাজগণ প্রের্বাঙ্গালায় বিরাজ করিয়া অন্ধেকি বাঙ্গালা শাসন করিয়া আসিলেন। তাহার ঐতিহাসিক প্রমাণ আছে। উত্তরবাঙ্গালা, দক্ষিণবাঙ্গালা, কোন অংশই বখ্তিয়ার খিলিজি জয় করিতে পারে নাই। লক্ষ্মণাবতী নগরী এবং তাহার পরিপার্যস্থ প্রদেশ ভিন্ন বখ্তিয়ার খিলিজি সমস্ত সৈন্য লইয়াও কিছু, জয় করিতে পারে নাই। সপ্তদশ অখারোহী লইয়া বখ্তিয়ার খিলিজি বাঙ্গালা জয় করিয়াছিল, এ কথা যে বাঙ্গালীতে বিশ্বাস করে, সে কুলাঙ্গার।

বাঙ্গালার ইতিহাসের ক্ষেত্রে এইরূপ সর্ব্ব। ইতিহাসে কথিত আছে, পলাশির যক্ষে জন দুই চারি ইংরেজ ও তৈলঙ্গসেনা সহস্র সহস্র দেশী সৈন্য বিনষ্ট করিয়া অন্তত রণজয় করিল। কথাটি উপন্যাসমাত্র। পলাশিতে প্রকৃত যুদ্ধ হয় নাই। একটা রঙ তামাসা ইইয়াছিল। আমার কথায় বিশ্বাস না হয়, গোহত্যাকারী ক্ষেরিতচিকুর মুসলমানের লিখিত স্থর মুতাখ্ররীন্

নামক গ্রন্থ পডিয়া দেখ।

নীতিকথার বাল্যকালে পড়া আছে, এক মনুষ্য এক চিত্র লিখিয়াছিল। চিত্রে লেখা আছে, মনুষ্য সিংহকে জুতা মারিতেছে। চিত্রকর মনুষ্য এক সিংহকে ডাকিয়া সেই চিত্র দেখাইল। সিংহ বলিল, সিংহেরা যদি চিত্র করিতে জানিত, তাহা হইলে চিত্র ভিন্নপ্রকার হইত। বাঙ্গালীরা কখন ইতিহাস লেখে নাই। তাই বাঙ্গালীর ঐতিহাসিক চিত্রের এ দশা হইয়াছে।

বাঙ্গালার ইতিহাস নাই, যাহা আছে, তাহা ইতিহাস নয়, তাহা কতক উপন্যাস, কতক বাঙ্গালার বিদেশী বিধন্মী অসার পরপীড়কদিগের জীবনচরিতমাত। বাঙ্গালার ইতিহাস চাই.

र्नाटल वाञानात छत्रमा नारे। त्क निश्द ?

जीम निश्दित, जामि निश्दि, जरुलारे निश्दि। य राजानी, जारादकरे निश्दि रहेदा। মা যদি মরিয়া যান, তবে মার গলপ করিতে কত আনন্দ। আর এই আমাদিগের সর্বাসাধারণের মা জম্মভূমি বাঙ্গালাদেশ, ই'হার গলপ করিতে কি আমাদিগের আনন্দ নাই?

আইস, আমরা সকলে মিলিয়া বাঙ্গালার ইতিহাসের অনুসন্ধান করি। যাহার যত দূর সাধ্য সে তত দরে কর্ক, ক্ষুদ্র কীট যোজনব্যাপী দ্বীপ নির্ম্মাণ করে। একের কাজ নয়, সকলে মিলিয়া

করিতে হইবে।

অনেকে না ব্ৰিলে না ব্ৰিতে পাৰেন যে, কোথায় কোন্ পথে অন্সন্ধান কৰিতে হইবে। অতএব আমরা তাহার দুই একটা উদাহরণ দিতেছি।

বাঙ্গালীজাতি কোথা ইইতে উৎপন্ন হইল? অনেকে মুখে বলেন, বাঙ্গালীরা আর্ম্যালিত। কিন্তু সকল বাঙ্গালীই কি আর্ম্য? বাঙ্গাণাদি আর্ম্যালিত বটে, কিন্তু হাড়ি, ডোম, মুচি কাওরা, ইহারাও কি আর্ম্যাজাতি? বদি না হয়, তবে ইহারা কোথা হইতে আসিল? ইহারা কোন্ অনার্ম্যাজাতির বংশ, ইহাদিগের প্র্বেপ্র্রুবেরা কবে বাঙ্গালায় আসিল? আর্ম্যেরা আগে, না অনার্ম্যেরা আগে? আর্ম্যেরা কবে বাঙ্গালায় আসিল? কোন্ গ্রন্থে কোন্ সময়ে আর্ম্যাদিগের প্রথমিক উল্লেখ আছে? প্রাণ, ইতিহাস খ্রিজমা বঙ্গ, মংস্য, তার্মালিপ্ত প্রভৃতি প্রদেশের অনেক উল্লেখ পাইবে। কিন্তু কোথাও এমন পাইবে না যে, আদিশ্রের প্র্বেশ বাঙ্গালায় বিশিষ্ট পরিমালে আর্ম্যাধিকার হইয়াছিল। কেবল কোথাও আর্ম্যবংশীয় ক্ষাত্রয় রাজা, কোথাও আর্ম্যবংশীয় রাজ্মণ তাহার প্র্রোহিত। আদিশ্রের প্র্বেশ বাঙ্গালী বাঙ্গাণপ্রণীত কোন গ্রন্থের উল্লেখ পাওয়া বায় না। বদি এমন কোন প্রমাণ পাও যে, আদিশ্রের প্র্বেশ বাঙ্গালায় আর্ম্যাধিকার হইয়াছিল, প্রকাশ কর। নহিলে বাঙ্গালী আধ্যনিক জাতি।

মধ্যকালে অর্থাৎ আদিশ্রের কিছ্ প্রের্ব, বাঙ্গালা যে খণ্ড খণ্ড রাজ্যে বিভক্ত ছিল, তাহা চৈনিক পরিরাজকদিগের প্রশেষর দ্বারা এক প্রকার প্রমাণীকৃত হইতেছে। ক্য়াটি রাজ্য ছিল, কোন্ কোন্ রাজ্য, প্রজারা কোন্ জাতীয়, তাহাদিগের অবস্থা কি, মগধের সঙ্গে তাহাদিগের সম্বন্ধ কি, রাজ্য কে?

মুসলমানদিগের সমাগমের প্রের্ব পালরাজ্য ও সেনরাজ্য যে একীকৃত হইয়াছিল, তাহা ডাক্তার রাজেন্দ্রলাল মিত্র একপ্রকার প্রমাণ করিয়াছেন। সন্ধান কর, কি প্রকারে দূই রাজ্য একীকৃত হইল। একীকৃত হইলে পর, মুসলমান কর্ত্তক জয় পর্যান্ত এই বৃহৎ সামাজ্যের কির্প অবস্থা ছিল? রাজশাসন-প্রণালী কির্প ছিল, শান্তিরক্ষা কির্পে হইত? রাজসৈন্য কত ছিল, কি প্রকার ছিল, তাহাদিদের বল কি, বেতন কি, সংখ্যা কি? রাজস্ব কি প্রকার আদায় করিত, কে আদায় করিত, কি প্রকারে ব্যায়ত হইত, কে হিসাব রাখিত? কতপ্রকার রাজকর্ম চারী ছিল. কে কোনা কার্য্য করিত, কি প্রকারে বেতন পাইত, কোনারপে কার্য্য সমাধা করিত? কে বিচার করিত, বিচারের নিয়ম কি ছিল, বিচারের সাথ কতা কির্প ছিল, দণ্ডের পরিমাণ কির্প ছিল, প্রজার সূখ কির্প ছিল? ধান্য কির্প হইত, রাজা কি লইতেন, মধ্যবন্তীরা কি লইতেন, প্রজারা কি পাইত, তাহাদিদের সূথ দঃখ কির্প ছিল? চৌর্যা, পূর্ত্ত, স্বাস্থ্য, এ সকল কির্প ছिল? कान् कान् थर्म श्रामण हिल, देविषक, दोन्न, त्योन्न, कार्याक, देवस्व, रेनव, অনার্যা, কোন ধর্ম্ম কত দরে প্রচলিত ছিল? শিক্ষা, শাস্তালোচনা কত দরে প্রবল ছিল? কোন্ কবি, কে কে দার্শনিক,—মার্ড, নৈয়ায়িক, জ্যোতিষী জন্মগ্রহণ করিয়াছিলেন? কোন্ সময়ে জন্মগ্রহণ করিয়াছিলেন? কি কি গ্রন্থ লিখিয়াছিলেন? তাঁহাদিলের জাবনব,তাভ কি? তাঁহাদিগের প্রন্থের দোষ গুল কি কি? তাঁহাদিগের প্রন্থ হইতে কি শুভাশুভ ফল জন্মিয়াছে? বাঙ্গালীর চরিত্র কি প্রকারে তম্বারা পরিবর্ত্তিত হইয়াছে? তখনকার লোকের সামাজিক অবস্থা কিরুপ? সমাজভর কিরুপ? ধর্মভিয় কিরুপ? ধনাট্যের অশনপ্রথা, বসন-প্রথা, শরনপ্রথা কিরুপ? বিবাহ, জ্ঞাতিভেদ কিরুপ? বাণিজ্ঞা কিরুপ, কি কি শিল্পকার্ষ্যে পারিপাট্য ছিল? কোন্ কোন্ দেশোৎপন্ন শিল্প কোন্ কোন্ দেশে পাঠাইত? বিদেশবাত্রার পদ্ধতি কিরুপ ছিল? সমদ্রপথে বিদেশে যাইত কি? যদি বাইত, তবে জাহাজ বা নোকার আকারপ্রকার কির্পে ছিল? কোন্ প্রদেশীয় লোকেরা নাবিক হইত? কোম্পাস্ ও লগ্ব্ক্ खिन्न कि <u>श्र</u>कारत सोयाता निन्दोंट कतिष्ठ? वानी ७ यवशील में मण्डे कि वानानीत উপনিবেশ? প্রমাণ কি? ভিমাদেশ হইতে কি কি সামগ্রী আমদানি হইত, পণ্যকার্য্য কি প্রকারে নিৰ্মাহ হইত?

তার পর মুসলমান আসিল। সপ্তদশ অশ্বারোহীতে বাঙ্গালা যে জয় করিয়াছিল, তাহা ত মিথ্যা কথা সহজেই দেখা যাইতেছে। বর্খতিয়ার খিলিজি কতট্যুকু বাঙ্গালা জয় করিয়াছিল, কি প্রকারে জয় করিয়াছিল? লক্ষুণাবতী জয়ের পর বাঙ্গালার অবশিষ্টাংশ কি অবস্থায় ছিল? সেব সকল দেশে কে রাজা ছিল? অবশিষ্ট অংশের কি প্রকারে স্বাধীনতা লাপ্ত হইল? কবে লাপ্ত হইল?

পরে স্বাধীন পাঠান-সাম্লাজ্য। পাঠানেরা কতট্বকু বাঙ্গালা অধিকার করিয়াছিলেন? বেট্বকু অধিকার করিয়াছিলেন, সেট্বকুর সঙ্গে তাঁহাদিগের কি সম্বন্ধ ছিল? সেট্বকু কিপ্রকারে শাসন করিতেন? আমি যতদ্বে ঐতিহাসিক অন্সন্ধান করিয়াছি, তাহাতে আমার এই বিশ্বাস আছে যে, পাঠানেরা কস্মিন্ কালে প্রকৃতপক্ষে বাঙ্গালা অধিকার করেন নাই। শ্বানে শ্বানে তাঁহারা সৈনিক উপনিবেশ সংস্থাপন করিয়া উপনিবেশের পার্যবন্তী শ্বান সকল শাসন করিতেন মাত্র। তাঁহাদিগের আমলে বাঙ্গালীই বাঙ্গালা শাসন করিতে। হিন্দ্রাজগণের অধিকার-সময় হইতে ওয়ারেন্ হেণ্টিংসের সময় পর্যান্ত শ্বান্ত শ্বান্ত হিল্ব্রাজগণ বাঙ্গালাদেশ অধিকার করিত; যেমন বিশ্বপ্ররের রাজা, বর্দ্ধানের রাজা, বারভ্নের রাজা ইত্যাদি। ই হারাই দীনদর্নিয়ার মালিক ছিলেন। ই হারাই রাজস্ব আদায় করিতেন, শান্তিরক্ষা করিতেন, দর্শতিবাদ করিতেন এবং সর্বপ্রকার রাজ্যশাসন করিতেন। মুসলমান সমাটেরা বড় বড় লড়াই পড়িলে লড়াই করিতেন অথবা করিতেন না। অধীনস্থ রাজগণের নিকট কর লইতেন অথবা পাইতেন না। ইউরোপের মধ্যকালে ফ্রান্সরারের রাজার সহিত বর্গ্বভাগী, আজু, প্রবেশ্ব্র প্রভৃতি পারিপাশ্বিক প্রদেশের রাজগণের যে সন্বন্ধ, মুসলমানের সহিত বাঙ্গালার রাজগণের সেই সন্বন্ধ ছিল। অর্থাং তাহারা একজন Suzerain মানিত। কথন কখন মানিত না। তন্তির স্বাধীন ছিল। এ বিষয়ে যত দ্বে অনুসন্ধান করিতে পার, কর। কোন্ রাজবংশ কোন্ কোন্ প্রদেশ কত কাল শাসন কার্যাছিলেন, তাহার সন্ধান কর। তাঁহাদিগের স্ক্রিক্ত ইতিহাস লেখ।

ইউরোপ সভ্য কত দিন? পণ্ডদশ শতাব্দীতে অর্থাৎ চারি শত বৎসর প্রের্থ ইউরোপ আমাদিগের অপেক্ষাও অসভ্য ছিল। একটি ঘটনায় ইউরোপ সভ্য হইয়া গেল। অকস্মাৎ বিনন্ধ বিস্তৃত অপরিজ্ঞাত গ্রীকসাহিত্য ইউরোপ ফিরিয়া পাইল। ফিরিয়া পাইয়া যেমন বর্ষার জলে শীর্ণা স্রোতস্বতী ক্লপরিপ্লাবিনী হয়, যেমন মুমুর্ব্ররোগী দৈব ঔষধে যৌবনের বলপ্রাপ্ত হয়, ইউরোপের অকস্মাৎ সেইর্প অভ্যুদয় হইল। আজ পেরার্ক্, কাল ল্ব্থর, আজ গোললিও, কাল বেকন্; ইউরোপের এইর্প অকস্মাৎ সোভাগ্যোচ্ছ্বাস হইল। আমাদিগেরও একবার সেই দিন হইয়াছিল। অকস্মাৎ নবর্ছাপে চৈতন্যচন্দেদয়; তার পর র্পসনাতন প্রভৃতি অসংখ্য কবি ধর্ম্মতত্ত্বিৎ পশ্ডিত। এ দিকে দর্শনে রঘ্নাথ শিরোমণি, গদাধর, জগদীশ; স্ম্তিতে রঘ্নন্দন, এবং তৎপরগামিগণ। আবার বাঙ্গালা কাব্যের জলোচ্ছ্বাস। বিদ্যাপতি, চন্ডীদাস, চৈতন্যের প্রব্গামী। কিস্তু তাহার পরে চৈতন্যের পরবর্ত্তিনী যে বাঙ্গালা কৃষ্ণবিষ্যাণী কবিতা, তাহা অপরিমেয় তেজস্বনী, জগতে অতুলনীয়া; সে কোথা হইতে?

আমাদের এই Renaissance কোথা হইতে? কোথা হইতে সহসা এই জাতির এই মানসিক উন্দীপ্তি হইল? এ রোশনাইরে কে কে মশাল ধরিয়াছিল? ধর্ম্মবৈত্তা কে? শাদ্রবেত্তা কে, দর্শনবেত্তা কে? ন্যায়বেত্তা কে? কে কবে জান্ময়াছিল? কে কি লিখিয়াছিল? কাহার জীবনচরিত কি? কাহার লেখায় কি ফল? এ আলোক নিবিল কেন? নিবিল ব্রিঝ মোগলের শাসনে। হিন্দু রাজা তোড়লমজের আসলে তুমার জমার দোষে। সকল কথা প্রমাণ কর।

প্রমাণ করিবার আগে বল যে, যে বাঙ্গালা ভাষা, বিদ্যাপতি, চন্ডীদাস, গোবিন্দদাসের কবিতায় এ ভাস্বতী কিরণমালা বিকশি করিয়াছিল, এ বাঙ্গালা ভাষা কোথা ইইতে আসিল। বাঙ্গালা ভাষা আত্মপ্রস্তান নহে। সকলে শ্রনিয়াছি, তিনি সংস্কৃতের কন্যা; কুললক্ষণ কথায় কথায় পরিস্ফুট। কেহ কেহ বলেন, সংস্কৃতের দৌহিত্রী মাত্র। প্রাকৃতই এ'র মাতা। কথাটায় আমার বড় সন্দেহ আছে। হিন্দী, মারহাট্টা প্রভৃতি সংস্কৃতের দৌহিত্রী হইলে হইতে পারে, কিন্তু বাঙ্গালা যেন সংস্কৃতের কন্যা বালায়া বোধ হয়। প্রাকৃতে কার্য্যের স্থানে কজ্প বলিত। আমাদের চাষার মেরেরাও কার্য্যের স্থানে কার্য্যি বলে। বিদ্যুতের স্থলে বিজ্জ্বণাও বলি না। চাষার মেরেরাও বিদ্যুৎ বলে। অধিকাংশ শব্দই প্রাকৃতের অনন্গামী। অতএব বিচার করা আবশাক—প্রথম, বাঙ্গালার অনার্য্য ভাষা কি ছিল? দ্বিতীয়, কি প্রকারে তাহা সংস্কৃতম্লক ভাষার দ্বারা কত দ্বে স্থানচ্যুত হইল? তৃতীয়, সংস্কৃতম্লক যে ভাষা, তাহা একেবারে সংস্কৃত হইতে প্রাপ্ত, নি প্রাকৃত হইতে প্রাপ্ত। চতুর্থ, সেই সংস্কৃতম্লক ভাষার সঙ্গে অনার্য্য ভাষা কত দ্বে মিল্লিড হইয়াছে। ঢেপক, কুলো ইত্যাদি শব্দ কোথা হইডে আসিল? প্রথম, ফারসী, আরবী, ইংরেজি কোন্ সময়ে কত দ্বে মিশিয়াছে?

মোগল বাঙ্গালা জয় করিয়া শাসন একটা কঠিনতর করিয়াছিল, সেটাকু কত দরে? রাজ্যও একটা অধিক দরে বিস্তৃত করিয়াছিল, সেটাকুই বা কত দরে? তোড়লমলের রাজস্ব-বন্দোবস্ত ব্যাপারটা কি? তাহার আগে কি ছিল? তোড়লমস্ক্রের রাজস্ব-বন্দোবস্তের ফল কি হইল? মুর্শীদ্ কুলি খাঁ তাহার উপর কি উন্নতি বা অবনতি করিয়াছিল? জমীদারদিগের উৎপত্তি কবে? কিসে উৎপত্তি হইল? মোগলসামাজ্যের সময় তাহাদিগের কি প্রকার অবস্থা ছিল? মোগলসামাজ্যের সময় বাঙ্গালার রাজস্ব কির্প ছিল? কোন সময়ে কি প্রকারে বৃদ্ধি পাইল? মুসলমানেরা দেশের রাজা ছিল, কিন্তু জমীদারী সকল তাহাদিগের করগত না হইয়া হিন্দ্দুণের করগত হইল কি প্রকারে? ক্রিটিনেটা কি ক্রমতা ছিল? তখনকার জমীদারদিগের সঙ্গে ওয়ারেন্ হেন্টিনেসর সময়ের জমীদারদিগের এবং বর্তমান জমীদারদিগের কি প্রভেদ?

মোগলন্তমের পরে বাঙ্গালার অধ্যুপতন হইয়াছিল। বাঙ্গালার অর্থ বাঙ্গালায় না থাকিয়া দিল্লীর পথে গিয়াছিল। বাঙ্গালা স্বাধীন প্রদেশ না হইয়া পরাধীন বিভাগমার হইয়াছিল। কিন্তু উভয় সময়ের সামাজিক চিত্র চাই। সামাজিক চিত্রর মধ্যে প্রথম তত্ত্ব ধন্মবিল। এখন ত দেখিতে পাই, বাঙ্গালার অন্দেক লোক মুসলমান। ইহার অধিকাংশই যে ভিল্ল দেশ হইতে আগত মুসলমানদিগের সন্তান নয়, তাহা সহজেই বুঝা যায়। কেন না, ইহারা অধিকাংশই নিন্নপ্রেণীর লোক—কৃষিজীবী। রাজার বংশাবলী কৃষিজীবী হইবে, আর প্রজার বংশাবলী উচ্চপ্রেণী হইবে, ইহা অসম্ভব। দ্বিতীয়, অলপসংখ্যক রাজান্তরবর্গের বংশাবলী এত অলপ সময়ের মধ্যে এত বিন্তৃতি লাভ করিবে, ইহাও অসম্ভব। অতএব দেশীয় লোকেরা যে স্বধন্ম ত্যাগ করিয়া মুসলমান হইয়াছে, ইহাই সিদ্ধ। দেশীয় লোকের অন্ধেক অংশ কবে মুসলমান হইল? কেন স্বধন্ম ত্যাগ করিল? কেন মুসলমান হইল? কোন্ জাতীয়েরা মুসলমান হইয়াছে? বাঙ্গালার ইতিহাসে ইহার অপেক্ষা গ্রহুতর তত্ত্ব আর নাই।

ৰাঙ্গালার ইতিহাসের ভগাংশ*

কামর্প-রঙ্গপ্র

কোন দেশের ইতিহাস লিখিতে গোলে সেই দেশের ইতিহাসের প্রকৃত যে ধ্যান, তাহা হদরক্ষম করা চাই। এই দেশ কি ছিল? আর এখন এ দেশ যে অবস্থায় দাঁড়াইয়াছে, কি প্রকারে –কিসের বলে এ অবস্থান্তর প্রাপ্তি, ইহা আগে না ব্রঝিয়া ইতিহাস লিখিতে বসা অনর্থক কালহরণ মাত্র। আমাদের কথা দুরে থাক, ইংরেজ ইতিহাসবেক্তাদিগের মধ্যে এই ভ্রান্তির বাড়াবাড়ি হইয়াছে। "বাঙ্গালার ইতিহাস" ইহার এক প্রমাণ। বাঙ্গালার ইতিহাস পড়িতে বসিয়া আমরা পড়িয়া থাকি, পালবংশ সেনবংশ বাঙ্গালার রাজা ছিলেন, বখুতিয়ার খিলিজি वाकाला क्या क्रि. क्रि. क्रि. क्रि. वाकालाय वाकालाय वाकाला इटे. क्रि. हे क्रि. क्रि. क्रि. क्रि. वाकालाय वाकाल কেন না, সেন, পাল ও বর্ণাতয়ারের সময় বাঙ্গালা বলিয়া কোন রাজ্য ছিল না। এখনকার এই বাঙ্গালা দেশের কোন নামান্তরও ছিল না। সেন ও পাল গোড়ের রাজা ছিলেন, বখ্তিয়ার थिनिङ नक्यागावणी कर कित्राहितन। लोए वा नक्यागावणी वान्नानात शाहीन नाम नटि। वाकामी विमन्ना कान काणि ज्याकात अधिवामी किम ना। याशक व्यथन वाकामा विम, शोष বা লক্ষ্মণাবতী তাহার এক অংশ মাত্র। সে দেশে যাহারা বাস করিত, তাহারা অন্য জাতির সঙ্গে মিপ্রিত হইয়া আধুনিক বাঙ্গালী হইয়াছে। যেমন গৌড বা লক্ষ্যুণাবতী একটি রাজ্য ছिन, তেমনি আরও অনেকগর্নি পৃথক্ রাজ্য ছিল। সেগর্নি বাঙ্গালার অংশ ছিল না: কেন ना, वाकामारे उथन हिम ना। त्रशामि कान अकि तास्त्रात अश्म हिम ना- नकमरे शृथक পৃথক, স্ক্রপ্রধান। সকলেই ভিন্ন ভিন্ন অনার্য্যজাতির বাসভূমি। ভিন্ন দেশে ভিন্ন জাতি। কিন্তু সর্বার প্রায় আর্য্য প্রধান; এই আর্য্যেরাই এই ভিন্ন দেশগুলি একীভূত করিবার মূল কারণ। যে দেশে যে জাতি থাকুক না কেন, তাহারা আর্য্যাদগের ভাষা গ্রহণ করিল, আর্য্যাদগের ধর্ম্ম গ্রহণ করিল। আগে একধর্ম্ম, একভাষা, তার পর শেষে একচ্চনাধীন হইয়া আধুনিক বাক্সালায় পরিণত হইল।

কিন্তু সেই একচ্ছরাধীনত্ব সম্প্রতি হইয়াছে মান্র, ইংরেজের সময়ে। বাঙ্গালীর দেশ,

⁺ वक्रमर्थान, ১२४৯, टेकार्छ।

বিবিধ প্রবন্ধ-বাজালার ইতিহাসের ভন্নাংশ

মনুসলমানেরা কখনই একছ্ছাধীন করিতে পারেন নাই। মোগলেরা অনেক দ্রে করিয়াছিলেন, কিন্তু তাঁহারাও আধুনিক বাঙ্গালার অধীশ্বর হইতে পারেন নাই।

অতএব যে অর্থে গ্রীদের ইতিহাস আছে, রোমের ইতিহাস আছে, সে অর্থে বাঙ্গালার ইতিহাস নাই। যেমন আর্থনিক ফ্রারেন্সের ইতিহাস লিখিলে বা মিলানের ইতিহাস লিখিলে বা নেপ্লসের ইতিহাস লিখিলে আর্থনিক ইতালির ইতিহাস লেখা হয় না, বাঙ্গালারও কতক তেমনি। কিন্তু ইতালি বলিয়া দেশ ছিল; বাঙ্গালা বলিয়া দেশ ছিল না। বাঙ্গালার ইতিহাস আরম্ভ মোগলের সমর হইতে।

আমরা বাঙ্গালার ঐতিহাসিক ধ্যান এখন আর পরিস্ফর্ট না করিয়া, বাহা বালতেছি বা বালব, আগে তাহার প্রমাণ সংগ্রহ করিতে প্রবৃত্ত হইব। প্রথমে উত্তর প্র্বে বাঙ্গালার কথা বালব। দেখা বাউক, কবে এ অংশ বাঙ্গালাভুক্ত হইয়াছে, কবেই বা বাঙ্গালার সংস্পর্শে আসিয়াছে।

रयमन अथन यादारक वाकाला वीम, जारा जादा वाकामा हिम ना. रजमीन अथन वादारक আসাম বলি, তাহা আসাম ছিল না। অতি অম্পকাল হইল, আহম নামে অনার্য্য জ্ঞাতি আসিয়া ঐ দেশ জয় করিয়া বাস করাতে উহার নাম আসাম হইয়াছিল। সেখানে, যথায় এখন কামর প. তথায় অতি প্রাচীন কালে এক আর্য্যরাজ্য ছিল। তাহাকে প্রাগ্যক্তৈয়াতিক বলিত। বোধ হয়, এই রাজ্য পূর্ব্বাঞ্চলের অনার্যাভূমিমধ্যে একা আর্য্য জাতির প্রভা বিস্তার করিত বলিয়া ইহার এই নাম। মহাভারতের যুদ্ধে প্রাগজ্জ্যোতিষেশ্বর ভগদত্ত, দুর্য্যোধনের সাহায্যে গিয়াছিলেন। বাঙ্গালার অধিবাসী, তামলিপ্ত, পৌন্দ্র, মংস্য প্রভৃতি সে যুদ্ধে উপস্থিত ছিল। তাহারা অনার্য্য-মধ্যে গণ্য হইয়াছে। বাঙ্গালা যে সময়ে অনার্যাভূমি, সে সময়ে আসাম যে আর্যাভূমি হইবে, ইহা এক বিষম সমস্যা। কিন্তু তাহা অঘটনীয় নহে। মুসলমানদিগের সময়ে ইংরেজদিগের এক আন্দ্রান্ধে, আর আন্দ্রা পিম্পলী ও কলিকাতায়, মধ্যবন্তী প্রদেশ সকলের সঙ্গে তাহাদের কোন সম্বন্ধ নাই। ইহার ইতিহাস আছে বলিয়া ব্রবিতে পারি। তেমনি প্রাগ্-জ্যোতিষের আর্য্যাদগের ইতিহাস থাকিলে, তাহাদিগের দূর গমনের কথাও ব্রাঝিতে পারিতাম। বোধ হয়. তাহারা প্রথমে বাঙ্গালায় আসিয়া বাঙ্গালার পশ্চিম ভাগেই বাস করিয়াছিল। তার পর আর্য্যেরা দাক্ষিণাতান্ধরে প্রবৃত্ত হইলে, সেখানকার অনার্য্য জাতি সকল দরীকৃত হইয়া, ঠেলিয়া উত্তরপূর্ব্মাথে আসিয়া বাঙ্গালা দখল করিয়াছিল। তাহাদেরই ঠেলাঠেলিতে অল্পসংখ্যক আর্য্য ঔপনিবেশিকেরা সরিয়া সরিয়া ক্রমে ব্রহ্মপত্র পার হইয়া যাইতে বাধ্য হইয়াছিল।

এক সময়ে এই কামর্প রাজ্য অতি বিস্তৃত হইয়াছিল। প্রের্ব করতোয়া ইহার সীমা ছিল; আধ্নিক আসাম, মণিপ্রে, জয়ন্ত্যা. কাছাড়, ময়মনিসংহ, শ্রীহট্ট, রঙ্গপ্রে, জলপাইগর্নিড় ইহার অন্তর্গতি ছিল। আইন আকবরীতে লেখে যে, ভগদন্তের বংশের ২৩ জন রাজা এখানে রাজত্ব করেন। যাহাই হউক, প্থ্নামা রাজার প্রের্ব কোন রাজার নামের নির্দেশ পাওয়া যায় না। পৃথ্ব রাজার রাজধানী তল্মানামে নদীতীরে, চাকলা ও বোদা পরগণা বৈকুপ্তশ্বেরের মধাস্থলে ছিল, অদ্যাপি তাহার ভগ্নাবশেষ আছে। কথিত আছে, কীচক নামে এক স্লেছজাতির দ্বারা পৃথ্ব রাজা আক্রান্ত হয়েন। স্লেছের স্পশের ভয়ে তিনি এক সরোবরের জলে অবগাহন করেন। তথায় নিম্ভজনে তাঁহার প্রাণ বিনন্ট হয়।

তারপর পালবংশীয়েরা রঙ্গপ্রে রাজা হয়েন। ইতিপ্রের্থ রঙ্গপ্র কামর্প হইতে কিয়ংকালজন্য পৃথক্ রাজ্য হইয়াছিল। বোধ হয়, রঙ্গপ্রের পালবংশের প্রথম রাজা ধর্মপালা। এই পালেরা ইউরোপের ব্রের্থ বংশের আর আসিয়ার তৈম্রবংশের নায় নানা দেশে রাজা ছিলেন। গৌড়ে পাল রাজা, মংস্যে পাল রাজা, রঙ্গপ্রের পাল রাজা, কামর্পে পাল রাজা ছিল। বাধ হয়, এই রাজবংশ অতিশয় প্রতাপশালী ছিল। ধর্মপালের রাজধানীর ভ্রমাবশেষ, ডিমলার দক্ষিণে আজিও আছে। তাহার দোশেক দ্রে, রালী মীনাবতীর গড় ছিল। রাশী মীনাবতী র গড় ছিল। রাশী মীনাবতী বর্মপালের প্রাত্তরায়া। মীনাবতী অতি তেজন্বিনী ছিলেন বড় দ্র্শভিপ্রতাপ। গোপীচন্দ্র নামে তাঁহার পরে ছিল। মীনাবতী ধর্মপালকে বলিলেন, "আমার প্রে রাজা হইবে, তুমি কে?" ধর্মপাল রাজ্য না দেওয়াতে মীনাবতী সৈন্য লইয়া তাঁহাকে আক্রমণ করিলেন, এবং ব্রেজ তাঁহাকে পরাভূত করিয়া গোপীচন্দ্রকে সিংহাসনে স্থাপিত করিলেন। কিন্তু গোপীচন্দ্র নামমান্ত রাজা হইলেন, রাজমন্তা তাঁহাকে রাজ্য করিতে দিবেন না, স্বয়ং রাজ্য

विष्क्रम क्रमावनी

করিবেন ইচ্ছা। পত্নকে ভূলাইবার জন্য তাঁহার এক শত মহিষী করিয়া দিলেন, কিন্তু পত্র ভূলিল না। তথন মাতা পত্নকে ধন্মে মতি দিতে লাগিলেন। এইবার পত্ন ভূলিয়া, যোগধন্ম অবলম্বন করিয়া, বনে গমন করিলেন।

গোপীচন্দ্রের পর তাঁহার পত্রে ভবচন্দ্র রাজা হইলেন। পাঠক হবচন্দ্র রাজা, গবচন্দ্র পাত্রের কথা শ্রিনয়াছেন? এই সেই হবচন্দ্র? নাম হবচন্দ্র নয়—ভবচন্দ্র আর একটি নাম উদয়চন্দ্র। ভবচন্দ্র গবচন্দ্রের বৃদ্ধিবিদ্যার পরিচয় লোকপ্রবাদে এত আছে যে, তাহার প্রনর্মক্ত না করিলেও হয়। লোকে গল্প করে, গবচন্দ্র, বৃদ্ধি বাহির হইয়া যাইবে ভয়ে, ঢিপ্লে দিয়া নাক কাণ বন্ধ করিয়া রাখিতেন। তাহাতেও সম্ভন্ট নন, পাছে বৃদ্ধি বাহির হইয়া যায় ভয়ে সিদ্ধুকে গিয়া म्नूकारेशा थाकिएक, ताकात रकान विभिन्न जाभम् भीकृत्म, भिक्क् रहेरा वाहित रहेशा, नाक কাশের পটোল থালিয়া বাদ্ধি বাহির করিতেন। একদিন রাজার এইরূপ এক বিপদ্ উপস্থিত, নগরে একটা শ্বের দেখা দিয়াছে। শ্বের রাজসমীপে আনীত হইলে, রাজা কিছুই স্থির করিতে পারিলেন না যে, এ কি জন্তু। বিপদ্ আশব্দা করিয়া মন্দ্রীকে সিদ্ধকে হইতে বাহির করিলেন। মন্দ্রী ঢিপালে খুলিয়া অনেক চিন্তা করিয়া স্থির করিলেন, এটা অবশ্য হন্ত্রী, না খাইয়া রোগা হইয়াছে, নচেৎ ইন্দুর, খাইয়া বড মোটা হইয়াছে। আর একদিন দুই জন পৃথিক আসিয়া সায়াছে এক পুষ্করিণীতীরে উত্তীর্ণ হইল। রাবে পাকশাক করিবার জন্য সরোবরতীরে স্থান পরিষ্কার করিয়া চলা কাটিতে আরম্ভ করিল। নগরের রক্ষিবর্গ দেখিয়া মনে করিল যে যখন পুকুর থাকিতেও তার কাছে আবার খানা কাটিতেছে, তখন অবশ্য ইহাদের অসং অভিপ্রায় আছে। রক্ষিণ্য পথিক দুই জনকে গ্রেপ্তার করিয়া রাজসন্মিধানে লইয়া গেল। রাজা স্বয়ং এর্প গ্রেতর সমস্যার কিছ্ মীমাংসা করিতে না পারিয়া, পরম ধীমান্ পার মহাশয়কে সিদ্ধকের ভিতর হইতে বাহির করিলেন। তিনি নাক কাণের ঢিপালে খুলিয়াই দিব্যচক্ষে কাল্ডখানা দর্পদের মত পরিক্ষার দেখিলেন। তিনি আজ্ঞা করিলেন, "নিশ্চিত ইহারা চোর! প্রকর্মা চরি করিবার জন্য পাড়ের উপর সিধ কাটিতেছিল। ইহাদিগকে শলে দেওয়া বিধেয়।" রাজা ভবচন্দ্র, মন্দ্রীর ব্যক্ষিপ্রাথর্য্যে মৃদ্ধ হইয়া তৎক্ষণেই প্রক্রেরণীটোরম্বরের প্রতি শলে যাইবার বিধি প্রচার করিলেন।

কথা এখনও ফ্রায় নাই। প্রকুরচোরেরা শ্লে যাইবার প্রের্ব পরামর্শ করিয়া হঠাং পরস্পর ঠেলাঠেলি মারামারি আরম্ভ করিল। রাজা ও রাজমন্ত্রী এই বিচিত্র কান্ড দেখিয়া জিজ্ঞাসা করিলেন যে, ব্যাপার কি? তখন একজন চোর নিবেদন করিল যে, "হে মহারাজ! দেখন, দুই শলের মধ্যে একটি বড় একটি ছোট। আমরা জ্যোতিষ জানি। আমরা গণনা করিয়া জানিয়াছি যে, আজি যে ব্যক্তি এই দীর্ঘ শ্লে আরোহণ করিয়া প্রাণত্যাগ করিবে সে প্রনম্ভান্মে চক্রবত্তী রাজা হইয়া সম্বীপা সসাগরা প্রথিবীর অধীশ্বর হইবে, আর যে এই ছোট শলে মরিবে সে তাহার মন্ত্রী হইয়া জন্মিবে। মহারাজ! তাই আমি দীর্ঘ শলে চডিতে यारेटिक मात्र, धरे रक्कामा आभारक टिनिया स्मिन्या मिटिक, आभीन वर्ष मृतन भीवया महावे হইতে চায়।" তথন দ্বিতীয় চোর যোড় হাত করিয়া বলিল, "মহারাজ! ও কে, যে, ও চক্রবর্তী রাজা হইবে? আমি কেন না হইব? আজা হউক. ও ছোট শলে চডাক. আমি সমাট হইব. ও আমার মন্ত্রী হইবে।" তখন রাজা ভবচন্দ্র চোবে কন্পিতকলেবর হইয়া বলিলেন, "কি. এত বড স্পর্কা! তোরা চোর হইয়া জন্মান্তরে চক্রবতী রাজা হইতে চাহিস্! সসাগরা প্থিবীর অধীশ্বর হইবার উপযুক্ত পাত্র যদি কেহ থাকে, তবে সে আমি। আমি থাকিতে তোরা!!" এই বলিয়া রাজা ভবচন্দ্র তখন দারিগণকে আজ্ঞা দিলেন যে, এই পাপাত্মাদিগকে তাডাইয়া বাহির করিয়া দাও। এবং মন্দ্রিবরকে আহ্বানপূর্ত্বক সম্বীপা সসাগরা পূথিবীর সামাজ্যের লোভে ম্বরং উচ্চ শুলে আরোহণ করিলেন। মন্দ্রী মহাশয়ও আগামী জন্মে তাদুশ চকুবরী রাজার মন্ত্রী হইবার লোভে ছোট শলে গিয়া চড়িলেন। এইরপে তাঁহাদের মানবলীলা সমাপ্ত হইল।

এ ইতিহাস নহে—এ সত্যও নহে—এ পিতামহীর উপন্যাস মাদ্র। তবে এ ঐতিহাসিক প্রবন্ধে এই অম্লক গালগণণকে স্থান দিলাম কেন? এই কথাগানিল রাজার ইতিহাস নহে, লোকের ইতিহাস বটে। ইহাতে দেখা যায়, সে রাজপ্রের্বদিগের সম্বন্ধে এতদ্র নির্ম্বন্ধিতার পরিচারক গলপ বাঙ্গালীর মধ্যে প্রচার লাভ করিয়াছে। ভবচন্দ্র রাজা ও গবচন্দ্র পাত্রের দ্বারাও বাঙ্গালার রাজ্য চলিতে পারে, ইহা বাঙ্গালীর বিশ্বাস। যে দেশে এই সকল প্রবাদ চলিত, সে

বিবিধ প্রবন্ধ-বাঙ্গালার ইতিহাসের ভগ্নাংশ

দেশের লোকের বিবেচনা এই যে, রাজা রাজ্ডা সচরাচর ঘোরতর গণ্ডমার্শ হইরা থাকে, হইলেও বিশেষ ক্ষতি নাই। বাস্ত্রবিক এই কথাই সত্য। বাঙ্গালার চিরকাল সমাজই সমাজকে শাসিত ও রক্ষিত করিয়া আসিয়াছে। রাজারা হয় সেই বাঙ্গালা কবিকুলরত্ব শ্রীহর্ব দেবের চিত্রিত বংস-রাজের ন্যায় মমের প্রতুল, নয় এই ভবচন্দ্র হবচন্দ্রের ন্যায় বারোইয়ারির সং। আজকালের রাজপ্রম্পের কথা বালতেছি না; তাঁহারা অতিশয় দক্ষ। কথাটা এই যে, আমাদের এ নিরীহ জাতির শাসনকর্ত্রা বটবক্ষকে করিলেও হয়।

ভবচন্দের পর কামর্প রঙ্গপরে রাজ্যে আর একজন মাত্র পালবংশীর রাজা রাজ্য করিয়াছিলেন। তাঁহার পর মেছ গারো কোছ লেপ্চা প্রভৃতি অনার্য্য জাতিগণ রাজ্যমধ্যে ঘোরতর উপদ্রব করে। কিন্তু তারপর আবার আর্যাজাতীর ন্তন রাজবংশ দেখা যার। তাঁহারা কি প্রকারে রাজা হইলেন, তাহার কিছু কিম্বদন্তী নাই। এই বংশের প্রথম রাজা নীলধ্রজ। নীলধ্রজ কমতাপরে নামে নগরী নিম্মণি করেন, তাহার জ্যাবশেষ আজিও কুচবেহার রাজ্যে আছে। ইহার পরিষি ৯॥০ চোশ, অতএব নগরী অতি বৃহৎ ছিল সন্দেহ নাই। ইহার মধ্যে সাতে দ্রোজ বিড়িয়া নগরীর প্রাচীর ছিল, আর ২॥০ ক্রোশ একটি নদীর দ্বারা রক্ষিত। প্রাচীরের ভিতর প্রাচীর; গড়ের ভিতর গড়— মধ্যে রাজপরেনী। সে কালের নগরীসকলের সচরাচর এইর্প গঠন ছিল। শার্শেশবাহীন আধ্যনিক বাঙ্গালী খোলা সহরে বাস করে, বাঙ্গালার সে কালের সহর-সকলের গঠন কিছুই অনুভব করিতে পারে না।

এই বংশের তৃতীয় রাজা নীলাম্বরের সময়ে রাজ্য প্রনর্ধার সূবিস্তৃত হইয়াছিল দেখা যায়। কামর প. ঘোড়াঘাট পর্যান্ত রক্ষপরে, আর মংস্যের কিয়দংশ তাঁহার ছত্রাধান ছিল। এই সময়ে বাঙ্গালার স্বাধীন পাঠান রাজারা দিল্লীর বাদশাহের সঙ্গে সর্ব্বদা যুদ্ধে প্রবৃত্ত, অতএব অবসর পাইয়া নীলাম্বর তাঁহাদের কিছু কাডিয়া লইয়াছিলেন বোধ হয়। কমতাপুর হইতে ঘোডাঘাট পর্যান্ত তিনি এক বৃহৎ রাজবর্ম নিম্মিত করেন, অদ্যাপি সে বর্ম সেই প্রদেশের প্রধান রাজবর্ম। তিনি বহুতের দুর্গ নির্ম্মাণ করিয়াছিলেন। বোধ হয়, তিনি নিষ্ঠারস্বভাব ছিলেন, তাহাতেই তাঁহার রাজ্য ধরংস হইল। শচীপত্র নামে তাঁহার এক ব্রাহ্মণ মন্দ্রী ছিল। শচীপত্রের পত্র কোন গ্রেতের অপরাধ করিয়াছিল। নীলান্ত্র তাহাকে বধ করিলেন। কিন্ত কেবল বধ করিয়াই সম্ভণ্ট নহেন, তাহার মাংস রাধাইয়া শচীপত্রকে কৌশলে ভোজন করাইলেন। শচীপত্র জানিতে পারিয়া দেশত্যাগ করিয়া গোড়ের পাঠান রাজার দরবারে উপস্থিত হইল। শচীপত্রের দেখান প্রলোভনে লুক্ক হইয়া, পাঠানরাজ (আমি কখনই গোডের পাঠানরাজদিগকে বাঙ্গালার রাজা र्वालय ना।) नीलाम्यदर्क आक्रमण कित्रवाद कना रिना श्रिद्राण कित्रलन। नीलाम्यद्र आद यार्ट হউন—বাঙ্গালার সেনকলাঙ্গারের মত ছিলেন না। খডক্কীদ্বার দিয়া পলায়ন না করিয়া সম্মুখীন হইয়া যুদ্ধ করিলেন। যুদ্ধে মুসলমানকে পরাজিত করিলেন। তথন সেই ক্লোরিতমুন্ড প্রতারক, যে পথে টুর হইতে আজিকালিকার অনেক রাজ্য পর্যান্ত নীত হইয়াছে, চোরের মত সেই অন্ধকারপথে গেল। হার মানিল: সন্ধি চাহিল। সন্ধি হইল। ক্লোরিতম,ড বলিল, "म. मामा विविद्या महातानी जिल्हा राजाम कित्र वाहेर्य।" महाताक उथनहे मन्मा हहेराना। কিন্তু যে সকল দোলা বিবিদের লইয়া আসিল, তাহারা রাজপ্রমধ্যে পেশিছল। তাহার ভিতর হইতে একটিও পাঠানকন্যা বা কোন জাতীয় কন্যা বাহির হইল না—যাহারা বাহির হইল, তাহারা শমশ্রাসাম্ফাশোভিত সশস্ত্র যাবা পাঠান। তাহারা তৎক্ষণাৎ রাজপারী আক্রমণ করিয়া নীলান্বরকে পিঞ্জরের ভিতর পর্রিরয় গোড়ে পাঠাইল। নীলাম্বর পথে পিঞ্জর হইতে পলায়ন করিয়াছিলেন। কিন্ত বোধ হয়. অধিক দিন জীবিত ছিলেন না: কেন না, কেহ তাঁহাকে আর দেখে নাই।

এ দেশে রাজা গোলেই রাজ্য যায়। নীলাম্বর গোলেন ত তাঁহার রাজ্য পাঠানের অধীন হইল। ইহার প্রের্ব মুসলমান কখন এ দেশে আইসে নাই। কিন্তু যখন নীলাম্বরের পর আর্যাবংশীর রাজার কথা শুনা যার না, তখন ইহাই সিদ্ধান্ত করিতে হইবে যে, রঙ্গপর্ররাজ্য এই সময় পাঠানের করকবলিত হইল।

এই সময়ে—কিন্তু কোন্ সময়ে সেই আসল কথা! সন তারিথশনো যে ইতিহাস—সে পথশনো অরণাতল্য—প্রবেশের উপায় নাই—এমত বিবেচনা করিবার অনেক কারণ আছে বে, বিখ্যাত পাঠানরাজ হোসেন শাহাই রঙ্গপনেরের জয়কর্তা। হোসেন শাহা ইং ১৪৯৭ সন হইতে ১৫২১ সন পর্যান্ত রাজ্য করেন। মুসলমানেরা রঙ্গপন্তের কিয়দংশ মান্ত অধিকৃত করিয়াছিলেন।

কামরূপ কোচেরা অধিকৃত করিয়াছিল। তাহারা রঙ্গপন্তের অবশিষ্ট অংশ অধিকৃত করিয়া কোচবিহার রাজ্য স্থাপন করিল।

বাঙ্গালীর উৎপত্তি

अथम भित्रकाम*

অনেকে—বাঙ্গালীর উৎপত্তি কি?—এই প্রশ্ন শর্নিয়া বিক্ষিত হইতে পারেন। অনেকের ধারণা আছে যে, বাঙ্গালায় চিরকাল বাঙ্গালাী আছে, তাহাদিগের উৎপত্তি আবার থাজিয়া কি হইবে? তাহাদিগের অপেক্ষা শিক্ষায় যাঁহারা একট্ব উন্নত, তাহারা বিবেচনা করেন, বাঙ্গালাীর উৎপত্তি ত জানাই আছে; আমরা প্রাচীন হিন্দর্গণ হইতে উৎপন্ন হইয়াছি। যে জ্ঞাতি বেদপাঠ করিত, সংস্কৃতভাষায় কথা কহিত, যে জ্ঞাতি মহাভারত ও রামায়ণ, প্রাণ ও দর্শন, পাণিনির ব্যাকরণ, কালিদাসের কাব্য, মন্র ক্ষাতি ও শাক্যাসংহের ধন্ম স্থিত করিয়াছিল, আমরা সেই জ্ঞাতির সন্তান; এ কথা ত জানাই আছে। তবে আবার বাঙ্গালাীর উৎপত্তি খাগ্লিয়া কি হইবে?

এ কথা সতা, কিন্তু বড় পরিজ্ঞার নহে। লোকসংখ্যা গণনায় দ্বির হইয়াছে যে, যাহাদিগকে বাঙ্গালী বলা যায়, যাহারা বাঙ্গালাদেশে বাস করে, বাঙ্গালাভাষার কথা কয়, তাহাদিগের মধ্যে অন্ধেক মুসলমান। ইহারা বাঙ্গালাঁ বটে, কিন্তু ইহারাও কি সেই প্রাচীন বৈদিকধন্মবিলন্দ্রী জাতির সন্তাত? হাড়ি, কাওরা, ডোম ও মুচি; কৈবর্ত্ত, জেলে, কোঁচ, পলি, ইহারাও কি তাহাদিগের সন্তাত? তাহা যদি নিশ্চিত না হয়, তবে অনুসন্ধানের প্রয়োজন আছে। কেবল বাঙ্গাল কারন্থে বাঙ্গালা পরিপূর্ণ নহে, বাঙ্গাল কারন্ত বাঙ্গালীর অতি অলপভাগ। বাঙ্গালীর মধ্যে যাহারা সংখ্যার প্রবল, তাহাদিগেরই উৎপত্তিতত্ত্ব অন্ধকারে সমাচ্ছয়।

যে প্রাচীন হিন্দুজাতি হইতে উৎপত্ন বলিয়া আমরা মনে মনে স্পর্জা করি, তাহারা বেদে

যে প্রাচীন হিন্দ্,জ্ঞাতি হইতে উৎপল্ল বলিয়া আমরা মনে মনে স্পর্দা করি, তাঁহারা বেদে আপনাদিগকে আর্য্য বলিয়া বর্ণনা করিয়াছেন। এখন ত অনেক দিনের পর ইউরোপ হইতে 'আর্য্য' শব্দ আসিয়া আবার ব্যবহৃত হইতেছে। প্রাচীন হিন্দুরা আর্য্য ছিলেন; অথবা তাঁহাদিগের সন্তান। এজন্য আমরা আর্য্যংশ। কিন্তু এই আর্য্য শব্দ আর বেদের আর্য্য শব্দ ভিল্ল ভিল্ল জিল্ল অথ্য ব্যবহৃত হইয়া থাকে। বৈদিক ধ্বাধিরা বলেন, ব্রাহ্মণ, ক্ষান্তিয়, বৈশ্য, এই তিনটি আর্য্যবর্ণ। এখনকার পাশ্চান্ত্য পশ্চিতেরা এবং তাঁহাদিগের অনুবন্তী হইয়া ভারতীয় আধ্বনিকেরাও বলিয়া থাকেন, ইংরেজ, ফরাসী, জন্মনিন্, রুষ, ববন, পার্যসক, রোমক, হিন্দ্ব, সকলই আর্য্য। আবার ভারতবর্ষের সকল অথিবাসী এ নামের অধিকারী হয় না; হিন্দ্বরা আর্য্য বলিয়া খ্যাত, কিন্তু কোল, ভীল, সাঁওতাল আর্য্য নহে। তবে আর্য্য শব্দের অর্থ কি?

এই প্রভেদের কারণ কি? কতকগন্তি দেশীয় লোক আর্য্যবংশীয়, কতকগন্তি অনার্য্যবংশীয়, এর্প বিবেচনা করিবার কারণ কি? আর্য্য কাহারা,—কোথা হইতেই বা আসিল? অনার্য্য কাহারা, কোথা হইতেই বা আসিল? এক দেশে দুইপ্রকার মন্ব্যবংশ কেন? আর্য্যের দেশে অনার্য্য আসিয়া বাস করিয়াছে, না অনার্য্যের দেশে আর্য্য আসিয়া বাস করিয়াছে? বাজালার ইতিহাসের এই প্রথম কথা।

ইহার মীমাংসাজন্য ভাষাবিজ্ঞানের আশ্রয় গ্রহণ করিতে হয়। অতএব ভাষাবিজ্ঞানের মূলতত্ত্বের ব্যাখ্যা এইখানে আবশ্যক হইল।

ভাষা কির্পে উৎপার হইল, তিছিষরে মতভেদ আছে। কেহ কেহ বলেন, ইহা ঈশ্বরপ্রদত্ত। সকলই ত ঈশ্বরপ্রদত্ত। ঈশ্বর বৃক্ষের স্থিতকর্তা, কিন্তু গাছ গাঁড়রা কাহারও বাগানে পর্বাতরা দিয়া ধান না। তেমনি তিনিই ভাষার স্থিতকর্তা, কিন্তু তিনি ধে ভাষাগ্র্নি তৈয়ারি করিয়া—বিভক্তি, লিঙ্গ, কারকাদিবিশিন্ট করিয়া—দেশে দেশে মন্ধ্যকে শিশাইয়া বেড়ান নাই, ইহা অনায়াসেই অন্মিত হইতে পারে। দ্বিতীয় মত এই বে, মন্ধ্যগণ সমবেত হইয়া পরামশা করিয়া ভাষাস্থি করিয়াছে। এ মত গ্রহণ করিতে হইলে অনুমান করিতে হয় বে, দশজন একর বিসয়া ধ্রুক্তি করিয়াছে বে, এসো, আমরা ফুলফ্লযুক্ত পদার্থগ্রুলিকে বৃক্ষ বলিতে আরম্ভ

^{*} বঙ্গদর্শন, ১২৮৭, পোৰ।

করি—যাহারা উড়িয়া যায়, তাহাদের পাখী বলিতে আরম্ভ করি। এর প যুক্তির জন্য ভাষার প্রয়োজন, এ মতে ভাষা না থাকিলে ভাষার স্কৃতি হইতে পারে না। স্তরাং এ মতও অবৈজ্ঞানিক ও অগ্রাহা। ততীর মত এই যে, ভাষা অনুকৃতিমূলক। এই মতই এখন প্রচলিত। প্রাকৃতিক वस्त्रमकल भक्त करत । नमी कल कल करत. स्मच शत शत करत, निश्ट ट्राच्कात करत, नर्भ स्मौन् ফোঁস করে। আমরাও যে সকল কাজ করি, তাহারও শব্দ আছে। বাঙ্গালী "সপ্ সপ্" করিয়া খায়, "গপ্ গপ্" করিয়া গেলে; "হন্ হন্" করিয়া চলিয়া যায়, "দুপ্দাপ্" করিয়া লাফায়। এইর পে নৈসগিক শব্দান কৃতিই ভাষার প্রথম স্ত্র। গাছের ডাল প্রভৃতি ভাঙ্গার শব্দ হইতে "ম,": মন্দ্র্যমনের সময়ে ঘর্ষণজ্ঞনিত শব্দ হইতে "শ্ল": নিশ্বাসের শব্দ হইতে "অস"। সতা বটে, অনেক সামগ্রী আছে যে, তাহার কোন শব্দ নাই: কিন্তু সে সকল স্থানে মনুষ্যের শব্দানুকরণ-প্রবৃত্তি বিমুখ হয় না। আলোর শব্দ নাই, কিন্তু আমরা আজিও বলি "আলো ঝক্ঝক कतिराटा "भित्रकात पात्रत भव्म नारे, किन्तु आमता विन रय, "प्रति अत् अत् कतिराटा "। "ম্" "স্ল" "অস্" প্রভৃতি বেন এইরপে পাওয়া গেল, কিন্তু তাহাতে বিবিধ ভাব ব্যক্ত হইল কৈ? শুধু "মৃ" বলিলে কি প্রকারে "মারিলাম" "মারিল" "মারিব" "মারিরাছি" "মারামারি" "মরণ" "মার"—এত প্রকার কথা বাক্ত হয়? অতএব প্রয়োজন মতে ম, ধাতুর সঙ্গে অন্য প্রকার শব্দের যোগ আবশ্যক হইল। সেই সংযোগের কান্ধকে ভাষার গঠন বলা যাইতে পারে। সেই সংযোগের কাজ সর্বান্ত একর্প হয় নাই: এজন্য ভাষার গঠন ভিন্ন ভিন্ন প্রকার আছে। কি প্রকারে সেই সকল গঠন বর্ত্তমান অবস্থায় পরিণত হইল, তাহার আলোচনায় আমাদিগের প্রয়োজন নাই। এখন প্রথিবীর ভাষাসকলের যে প্রকারের গঠন দেখা যায়, তাহাই সংক্ষেপে বিবাত করা যাইতেছে।

একজাতীর ভাষার, ধাতুর সঙ্গে যোগমানের দ্বারা বাক্যের গঠন হয়; কোন ধাতুর কোন প্রকার রপোন্তর হয় না। এ সকল ভাষার বিভক্তি নাই, ইহাদিগকে "সংযোগের অসাপেক্ষ" (Isolating) ভাষা বলা যায়। চৈনিক, শ্যামদেশীয়, আনাম দেশীয় বা রক্ষদেশীয় ভাষা এইর্প। দ্বিতীর শ্রেণীর ভাষাওও বিভক্তি নাই, কিন্তু উপসর্গ প্রত্যায়াদি ধাতু দ্বারা র্পান্তর হয়। ইহার ধাতুতে ধাতুতে বা ধাতু ও সন্ধানামে একপ্রকার সংযোগ হয়। এই সকল ভাষাকে সংযোগসাপেক্ষ (compounding) ভাষা বলে। দক্ষিদের তামিল প্রভৃতি ভাষা, তাতার ভাষা, আমেরিকার আদিমজাতীয় ভাষা এই জাতীয়। তৃতীর শ্রেণীর ভাষাতেই প্রকৃত্যকুপে বিভক্তি আছে, সংযোগকালে ধাতুর ও সন্ধানামের র্পান্তর ঘটে। ইহাদিগকে বিভক্তিসম্পাম ভাষা (inflecting) বলে। প্রথিবীর যত শ্রেষ্ঠ ভাষা, সকলই এই শ্রেণীর অন্তর্গত।* আরবী, ইহ্নদী, গ্রীক্, লাটিন, ইংরেজী, ফরাশি, সংস্কৃত, বাঙ্গালা, হিন্দী, ফারসী প্রভৃতি এই শ্রেণীর অন্তর্গত।

দেখা গিয়াছে যে, এই তৃতীয় শ্রেণীর ভাষাগৃন্লি ধাতু এবং বিভক্তিচিছ লইয়া গঠিত। ধাতৃর পর বিভক্তি ও প্রত্যয়রিশেষের আদেশে শব্দ ও ক্রিয়া নিম্পন্ন হয়। তাহা ছাড়া ভাষায় আর বাহা আছে, তাহাকে সাধারণতঃ সব্দানাম বলা যাইতে পারে। সব্দানাগালি যে অবস্থান্ত ধাতৃ, ইহাও বিবেচনা করিবার কারণ আছে। কিন্তু তাহা হেকি, বা না হোক, ধাতৃ, বিভক্তিচিছ ও সব্দানাম লইয়া ভাষা। বিদ কোন দুইটি ভাষায় দেখা যায় যে, ভাষায় ম্লীভূত ধাতৃ, বিভক্তি ও সব্দানাম একই, কেবল দেশকালভেদে কিছ্ম রুপান্তর প্রাপ্ত হইয়াছে, তবে অবশ্য অনুমান করিতে হইবে যে, ঐ দুইটি ভাষা উভয়েই একটি আদিম ভাষা হইতে উৎপল্প। ভাষাবিজ্ঞানের অতি বিস্ময়কর আবিশ্দিরা এই, তৃতীয় শ্রেণীর ভাষাগৃন্লির মধ্যে অনেকগৃনিল প্রচিন ও আধ্ননিক ভাষাতেই ভাষার ম্লাত ধাতু, বিভক্তিচিছ ও সব্দানাম এক। অতএব সেই সকল ভাষা যে একটি প্রচিন ম্লভাষা হইতে উৎপল্প, ইহা সিদ্ধ হইয়াছে। সেই সকল ভাষাগৃনিল একপরিবারভুক্ত।

^{*} এই শ্রেণীবিভাগ অগন্ত শ্লেচর্ নামক জম্মন লেখককৃত। মক্ষ্মলর প্রভৃতি ভাষার ষের্প শ্রেণীভাগ করেন, তাহা আর এক প্রকার। তাহারা তৃত্যীর শ্রেণীকে দুইটি স্বতন্ত শ্রেণীতে পরিণত করেন—শেমীর ও আর্যা। কিন্তু শেমীর ও আর্বা যখন উভরেই তৃত্যীর শ্রেণীর লক্ষণাচান্ত, তখন তাহাদিগকে স্বতন্ত শ্রেণী বলিরা দাঁড় করান, কিছু কৈঞানিক-নীতি-বির্ক।

विष्क्य ब्रह्मावनी

ভারতবর্ষের সংস্কৃত এবং সংস্কৃতম্লক পালি প্রভৃতি প্রাচীন ভাষা: বাঙ্গালা, হিন্দী প্রভৃতি সংস্কৃতম্লক আধ্নিক ভাষা; জেন্দ, অর্থাৎ প্রাচীন পারস্যের অধিবাসীদিগের ভাষা ও আধ্নিক পারসী; প্রাচীন গ্রীক্ ও লাটিন; লাটিন্সভৃত ফরাশী, ইতালীর, স্পেনীর প্রভৃতি, রোক্ষেক্ত্মভার ভাষা, টিউটন্বংশীরদিগের ভাষা, অর্থাৎ জন্মান্, ওলন্দাজি, ইংরেজি; রিটেনীর আদিমবাসীদিগের কেল্টিক্ ভাষা, স্কটলন্ডের পার্বত্যদেশের গোলিক্ দিনেমারি, স্ইডোন, নরওয়ের ভাষা, র্স্ প্রভৃতি স্লাবনিক্ ভাষা,—সকলই সেই এক প্রাচীনা ভাষা হইতে উৎপন্না,—সকলই সেই এক বৃদ্ধা মাতার দ্হিতা। সেই বহুভাষার জননী প্রাচীনা ভাষা এখন আর নাই—কিন্তু একদিন ছিল। যেমন কোন গৃহে, কতকগ্লি মাতৃহীন দ্রাতা ও ভগিনী বাস করিতেছে দেখিয়া অন্মান করি যে, ইহাদের একজন জননী ছিল, তেমনি একই একবংশীয়া বহুতর ভাষা দেখিয়া মনে করি যে, এক প্রাচীন মূল ভাষা ছিল। যে জাতি ঐ ভাষা ব্যবহার করিতেন, তাঁহারা আর্যজাতি বিলয়া অধ্না নামপ্রাপ্ত হইয়াছেন। সেই ভাষাসমূৎপন্ন ভাষাগ্লি আর্যভাষা নামপ্রাপ্ত হইয়াছে। যে সকল জাতির ভাষা আর্যভাষা, তাহারা আর্যবংশীয বিলয়া অনুমিত এবং বর্ণিত হইয়া থাকে। বাহারা আর্যবংশসম্ভত নহে, তাহারা অনার্যজাত।

এখন কোল, সাঁওতাল, কোঁচ, কাছাড়ি প্রভৃতি জাতিদিগের ভাষা যাঁহারা অধ্যয়ন করিয়াছেন, তাঁহারা বলেন ষে, এই সকল ভাষা প্রথম বা দ্বিতীয় শ্রেণীর অন্তর্গত—এই সকল ভাষার বিভক্তি নাই। অতএব এই সকল ভাষা অনার্য্যভাষা। যে সকল জাতির মাতৃভাষা অনার্য্যভাষা, সে সকল জাতি অনার্য্যজাতি। কোল, সাঁওতাল, মেছ, কাছাডি অনার্য্যজাতি। আর্য্য ও অনার্য্য, এ ভেদের তাৎপর্য্য এই। এখন আর্য্যদিগের সম্বন্ধে একটা কথা বলিব।

সে কথা এই যে, প্রাচীন আর্যাজাতি—বাঁহারা প্রথিবীর সকল শ্রেষ্ঠ জাতির এবং আমাদিগের প্র্বপ্রয়—তাঁহারা কোথায় বাস করিতেন? ভারতবষীয়েরা বলিতে পারেন—ভারতই আর্যাভূমি—ভারতবর্ষের সংস্কৃতভাষা সকল আর্যাভাষা হইতে প্রাচীনা দেখা যাইতেছে। তবে আর্যাবাংশের আদিম বাস ভারতবর্ষ; ভারতবর্ষ হইতে তাঁহারা দলে দলে অন্য দেশে গিরাছেন, এ কথা না বলিব কেন? অতি প্রাচীন কালেও মন্ যবন প্রভৃতি জাতিকে প্রস্টক্ষরিয় বলিরাছেন।

কর্জন্ একজন পাশ্চান্তা লেখকের এই মত*—এবং বিখ্যাত ভারতেতিহাসবেতা এল্ফিন্টোন্ও কতক সেই দিকে টানেন।† কিন্তু পাশ্চান্তা পশ্ডিতদিগের মধ্যে বাঁহারা আর্যান্তাষা সকলের বিশেষ সমালোচনা করিয়াছেন, তাঁহাদিগের মত এই যে, আর্যােরা ভারতবর্ষের আদিমবাসী নহেন—অন্যর হইতে আসিয়াছিলেন। তাঁহারা যখন আসেন, তখন ভারতবর্ষে অনার্য্য জাতি বাস করিত। আর্যােরা অনার্যাদিগকে জয় করিয়া বশীভূত অথবা বন্য এবং পার্শ্বতাদেশে দ্রীকৃত করিয়াছিলেন। এই ছলে সেই সকল কথার প্রমাণের সবিস্তার বর্ণনা নিন্প্রয়েজন। ক্লেগেল্, লাসেন্, বেনফী, মক্ষম্লের, স্পিজেল, রেনা, পিক্তা, ম্র প্রভতির এই মত। এই মতও এক্ষণে সকল পশ্ভিত কর্ত্তক আদতে।

ব

অতএব আর্ষ্যেরা দেশান্তর হইতে ভারতবর্ষে আসিয়াছিলেন। পাশ্চান্ত্য পণিডতেরা কেহ কেহ বিবেচনা করেন যে, হিন্দুকুশ পন্ধতিমালার উত্তরে, আসিয়ার মধ্যভাগে প্রাচীন আর্ষ্যভূমিছিল, সেইখান হইতে তাঁহারা দলে দলে বাহির হইয়া গিয়াছিলেন। ডাক্তার ম্র্ বিবেচনা করেন, ঐ হিমালয়ান্তরপ্রদেশই ভারতীর আর্ষ্যদিগের মধ্যে উত্তরকুর, খ্যাত ছিল। একদল ইউরোপের এক প্রান্তে উপনিবেশ সংস্থাপন করিয়া, হেলেনিক্ নামধারণ করিয়া, জগতে অতুলা সাহিত্য শিক্ষা দশনাদি প্রণয়ন করিয়াছিলেন। আর একদল ইতালীর নীলাকাশতলে সপ্তগিরিশিখরে নগরী নির্ম্মণি করিয়া প্রথিবীর অধীশ্বর হইয়াছিলেন। আর একদল বহুকাল জন্মনির অরণারাজিমধ্যে বিহার করিয়া এখনকার দিনে প্রথিবীর নেতা ও শিক্ষাদাতা হইয়াছেন। আর একদল ভারতবর্ষে প্রবেশ করিয়া অনভ্যমহিমায়য় কীর্ত্তি স্থাপন করিয়াছেন। তাঁহাদিগের

^{*} Journal, Roy. Asiat. Soc. Vol. XVI, pp. 172-200 ভাক্তর মূর কর্তৃক উদ্ধৃত Sanskrit Texts, part II, p. 299.

[†] History of India Vol. I.

[‡] ডাক্তার ম্র সাহেবের Sanskrit Texts দ্বিতীয় থক্তে ইহার সমালোচনা দেখ।

বিবিধ প্রবন্ধ—ৰাজালীর উৎপত্তি

শোণিত বাঙ্গালীর শরীরে আছে। যে রক্তের তেজে প্থিবীর শ্রেষ্ঠ জাতিসকল শ্রেষ্ঠ হইয়াছেন, বাঙ্গালীর শরীরেও সেই রক্ত বহিতেছে।

দ্বিতীয় পরিচ্ছেদ—অনার্যা*

আর্ব্যেরা উত্তর-পশ্চিম হইতে ভারতবর্ষে আসিয়াছেন। তাহা হইলে তাহাদিগকে প্রথম সপ্তাসিদ্ধশোভিত পঞ্জাব প্রদেশে প্রবেশ করিতে হইরাছিল। বস্তুতঃ তাহাদিগের প্রথম বাস যে সেই সপ্তাসিদ্ধনিবগৈত প্রাভূমি, তাহার প্রমাণ আর্য্যাদিগের বেদাদি প্রাচীন গ্রন্থাদিতে আছে। আচার্য্য রোখ্ বলেন ঋশ্বেদসংহিতায় সিদ্ধন্দের ভূরি ভূরি উল্লেখ আছে, কিন্তু গঙ্গার নাম একবার মাত্র গৃহীত হইয়ছে। পঞ্জাবের নদী সকল ও পঞ্জাবের নিকটস্থ গাদ্ধারাদি দেশই বেদ-প্রদেত্গণের নিকট স্ক্রারিচিত। ইত্যাদি বহুতর প্রমাণ আছে।†

বদি তাঁহারা উত্তর-পশ্চিম হইতে আসিরা প্রথমে পঞ্চাবে বাস করিয়া থাকেন, তবে ইহা অবশ্য সিদ্ধ যে, তাঁহারা পঞ্জাবে আসিবার পরে বাঙ্গালার আসিয়াছিলেন। প্রথমে ব্রহ্মাবর্ত্তর, তার পর ব্রহ্মাবিদেশ, তার পর মধ্যদেশ, সর্বশেষে তাঁহারা সমগ্র আর্য্যাবর্ত্তব্যাপী হইয়াছিলেন। ব্রহ্মাবর্ত্তব্যাপী ব্রহ্মাহিলেন। ব্রহ্মাবর্ত্তব্যাপী ব্রহ্মাহিলেন। ব্রহ্মাবর্ত্তব্যাপী ব্রহ্মাহিলেন। প্রথম কোন্ সময়ে আর্য্যাবর্ত্তব্য শেষভাগ। প্রথম কোন্ সময়ে আর্য্যার বাঙ্গালায় আসিয়াছিলেন, তাহা নির্পণ করিবার চেন্টা স্থানান্তরে করিব, অথবা চেন্টার নিম্ফলতা প্রতিপক্ষ করিব—এক্ষণে আমাদিগের আলোচ্য এই যে, যখন আর্যোরা বাঙ্গালায় আসেন নাই, তখন বাঙ্গালায় কে বাস করিত?

এ প্রশ্নের সচরাচর উত্তর এই যে, আর্য্যের প্র্র্বে অনার্য্যেরা বাঙ্গালার বাস করিত। এ উত্তর সত্য কি না. তাহার কিছু বিচার আবশ্যক। এক্ষণে বাঙ্গালার আর্য্য ও অনার্য্য, উভরে বাস করিতেছে। যদি আর্য্য এখানকার আদিম বাসী না হইল, যদি ইহাই প্রতিপন্ধ হইল যে, তাহারা কোন ঐতিহাসিক কালে বাঙ্গালার আসিয়াছে, তবে অবশ্য অনার্য্যেরা তৎপ্র্বে এখানে বাস করিত—কেবল এইর্প বিচার অনেকে করিয়া থাকেন। কিন্তু এ বিচার অসম্পূর্ণ। এমন কি হইতে পারে না যে, যখন আর্যেরা প্রথম বাঙ্গালার আসেন, তখন অনার্য্যেরা বাঙ্গালার জাতীর মন্যা বাঙ্গালার বাস করিত না? এমন কি হইতে পারে না যে, আর্যেরা বাঙ্গালাকে শ্না ভূমি পাইয়া তাহাতে বাস করিতে লাগিলেন, তাহার পর অনার্য্যেরা আসিয়া বন্য ও পার্ব্বতা প্রভৃতি প্রদেশ খালি পাইয়া তাহাতে বাস করিতে লাগিলে? আর্যেরা ঐতিহাসিক কালে বাঙ্গালায় আসিয়াছিল বলিয়া অনার্যেরা যে তাহার পরে আসেন নাই, এমত সিদ্ধ হইল না। দেশ থাকিলেই যে লোক থাকিবে, এমত কথা নহে। সত্য বটে, এখনকার দিনে বাঙ্গালার

^{*} বঙ্গদৰ্শন, ১২৮৭, মাঘ। † Vide Muir's Sanskrit Texts, Part II, Chapter III, Sect. XI & Chapter III, Sect. III.

সরুবত ।দ্, বছতে ।দ্রাধ্য দিল্লরং।
তং দেবনিন্দ্রিতং দেশং রন্ধাবর্তং প্রচক্ষতে ॥
তিক্রন্ দেশে ব আচারঃ পারম্পর্যাক্তমাগতঃ।
বর্ণানাং সান্তরালানাং স সদাচার উচ্যতে ॥
কুর্কেন্দ্রুচ মংসাদ্চ পঞ্চালাঃ শ্রসেনকাঃ।
এব রন্ধাবিদেশো বৈ রন্ধাবর্তাদনতরং॥
এতন্দেশপ্রস্তুস্য সকাসাদ্ অগ্রজ্মনঃ।
কবং কবং চরিরং শিক্ষেরন্ প্থিবাাং সব্বমানবাঃ॥
হিমবন্ধিয়াম্বাং বং প্রাগ্বিনশ্নাদ্প।
প্রত্যোব প্রাগাচ্চ মধ্যদেশঃ প্রকীর্তিতঃ॥
আসম্দ্রান্তর্ বৈ প্রেণাসম্দ্রান্ত পশ্চিমান্ত।
তর্যারনন্তরং গির্বোরার্য্যবর্ত্তং বিদ্ব্ব্ধাঃ॥
মন্ত্র ২ ১ ২ – ২২

মন্ত্র ২ – ২২

সন্ত্র ২ – ২২

স্ক্রিকার্য স্কর্ম শ্রম্প্র ১ – ২২

সন্ত্র ২ – ২২

স্ক্রিকার্য ১ – ২২

স্কর্ম ১ – ১ – ২২

विका व नावणा

ন্যার বিস্তৃত ও উর্বার এবং জীবননির্বাহের নানাবিধ স্থাকর উপাদানবিশিষ্ট দেশ জনশ্ন্য থাকে না। কিন্তু অতি প্রাচীন কালে যখন প্থিবীর লোকসংখ্যা এত বাড়ে নাই, যখন জাতিতে জাতিতে বড় ঠেলাঠেলি হয় নাই, তখন বাঙ্গালাও বসতিহীন থাকা বিচিত্র নহে। অতএব প্রশ্ন মীমাংসার আর কি প্রমাণ আছে, দেখা যাউক।

যদি ভারতীয় অনার্যাদিগের এখনকার বাসস্থান ভারতবর্ষের উত্তরপশ্চিম বা উত্তরপূর্ব্ প্রদেশ হইত, তাহা হইলে অবশ্য বলিতাম যে, তাহারা বাহির হইতে আসিয়া ঐ সকল স্থান থালি পাইয়া বাস করিয়াছে। বন্ধুতঃ ভারতবর্ষের প্রান্তভাগে, বিশেষ উত্তরপূর্বেভাগে কতকগুলি অনার্যাঞ্জাতির বাস আছে: এবং তাহারাও যে আর্যাদিগের আসার পরে আসিয়াছিল. তাহাও ঐতিহাসিক কথা। সে সকল কথা পরে বলিব। অধিকাংশ অনার্য্যন্ত্রাতি এরপে সংস্থানবিশিষ্ট নহে। তাহারা কোথাও মধ্যভারতে, কোথাও দক্ষিণে, যেখানে সেখানে বসতি করিতেছে। তাহাদের চারিপাশে আর্যানিবাস। ভারতে প্রবেশের পথ আর তাহাদিগের বর্ত্তমান বসতিস্থলের মধ্যে আর্য্যানবাস। এ অবস্থা দেখিয়া যিনি বালবেন যে, আর্য্যের পরে এই অনার্য্যেরা আসিয়াছিল, তাঁহাকে বালতে হইবে যে, অনার্য্যেরা আর্য্যাদগকে জয় করিয়া, আর্য্যানবাস ভেদ করিয়া, তাহাদের এখনকার বাসে আসিয়াছে। যদি তাহা হইত, তাহা হইলে যে সকল স্থান উত্তম, মনুষ্যবাসের যোগা, সেই সকল স্থানে তাহারা বাস করিত। কদর্য্য স্থান সকলে পরাজিতেরা যাইত। কিন্তু প্রকৃত অবস্থা সের্পে নহে। আনুগঙ্গ প্রভৃতি উৎকৃষ্ট বাসভূমিতেই আর্যানিবাস, কদর্য্য স্থানেই অনার্যানিবাস। বিদ্ধ্যোত্তর ভারতে যে সকল সংখের স্থান, সেখানে তাহাদের বাস নাই। ইচ্ছা করিয়া যে সকল স্থানে বাস করিতে হয়, সে সকল স্থানে তাহাদের বাস নাই। যেখানে ভূমি উর্ব্বরা, পৃথ্বী সমতলা, নদী নোবাহিনী, এবং ধনধান্য প্রচুর, সেখানে তাহারা নাই। যেখানে ভূমি অনুর্বরা, পর্বতে পথ বন্ধুর, প্রথিবী অরণ্যময়ী, মনুষ্যভান্ডার धनमाना, मार्च जकल मात्न जारामित वाज। यौराता विकरी, जाराता कमर्या मान जकल वाष्ट्रिया লইবে—যাহারা বিজিত, তাহাদিগকে ভাল স্থান ছাডিয়া দিবে, ইহা অঘটনীয়। অতএব আর্যোর পর অনার্য্য আসিয়াছে, এ পক্ষ সমর্থন করা যায় না। কাব্দেই স্বীকার করিতে হইবে যে, আগে অনার্য্য ছিল, তার পর আর্য্য আসিয়াছে।

দেখা যাউক, এই প্ৰবিত্তী অনার্য্য কাহারা। দেখী বিদেশী সকলেই স্বীকার করেন, বেদ প্রাচীন। দেশীয়েরা বলেন, বেদ অপোর, বেয়। অপোর, বেয়গবাদ ছাড়িয়া দিয়া. বিদেশীয়-দিয়ের ন্যায় বলা যাউক যে. বেদের নায় প্রাচীন আর্যায়চনা আর কিছ,ই নাই। প্রতীচাদিয়ের মত বেদের মধাে ঋণেবদসংহিতাই প্রাচীন। সেই ঋণেবদসংহিতায় "বিজানীহি আর্যান্ যে চ দস্যরঃ," "অয়মেতি বিচাকশদ্ বিচিন্বন্ দাস আর্যায়্য"* ইত্যাদি বাক্যে আর্য্য হইতে একটি প্রথক্ জাতি পাওয়া যায়। তাহারা দাস বা দস্য, নামে বেদে বর্ণাত। দস্য, শব্দের এখন প্রচলিত অর্থ—ডাকাত, দাসের প্রচলিত অর্থ চাকর। কিন্তু এ অর্থে দস্য, বা দাস শব্দ ঋণেবদে বাবহত নহে। দাসদিগের স্বতন্ত্র নগর. স্ত্রাং স্বতন্ত্র রাজ্য ছিল। তাহারা আর্য্যাদগের সহিত যুদ্ধ করিত—তাহাদিগের হন্ত হইতে রক্ষা পাইবার জন্য আর্য্যারও ইন্দ্রাদির প্রজা করিতেন। দাস বা দস্য,রা কৃষ্ণবর্ণ—আর্য্যেরা গোর। তাহারা "বহিন্মান্"—যজ্ঞ করে না—আর্য্যেরা যজমান—যজ্ঞ করে। তাহারা "অরত"—আর্য্যেরা সরত—স্করাং হে ইন্দ্র, হে অগ্নি, তাহাদের মার, আর্য্যদের বশীভূত কর! আর্যাদের এই কথা। তাহারা "অনেব"—স্ক্রাং "বয়ং তান্ বন্যাম সঙ্গমে"—তাহাদিগকে মারিয়া ফেলিতে চাই। তাহারা "অনারত"—"অমানন্ম" —"অযজ্ঞমান"—তাহারা "মাধ্রাচ"—কথা কহিতেও জানে না। ইত্যাদি ইত্যাদি।

এইর্প বর্ণনায় নিশ্চিত ব্ঝা যায় যে. যাহাদিগের কথা হইতেছে, তাহারা আর্য্য হইতে ভিন্নজাতীয়, ভিন্নধন্মী, ভিন্নদেশী এবং ভিন্নভাষী—এবং আর্য্যদিগের প্রমশ্র। আর্যেরা ভারতবর্ষে প্রথম আসিয়া ইহাদিগের সন্মুখীন হইয়াছিলেন। ইহারা অবশ্য অনার্য্য।

^{*} খচ ১।৫১।৮—৯। ম্রধ্ত। মক্সম্পরধৃত Sanskrit Texts, Part II, Chap. III. Sect. I.

[†] খচ। ১০।৮৬।১১। ম্রধ্ত। Ib.

বিবিধ প্রবছ—বাজালীর উৎপত্তি

বেদের অনেক পরে মন্বাদি স্মৃতি। মন্তে প্রমাণ পাওয়া যায় ষে, মন্সংহিতা সঞ্চলন-কালে আর্য্যদিগের চারি পার্শ্বে অনার্যোরা ছিল। মন্তে তাহারা দ্রক্ষারিয় বলিয়া বার্ণত আছে। আচারদ্রংশ হেতু ব্যলম্ব প্রাপ্ত বলিয়া কথিত হইয়াছে। যথা—

> "শনকৈছু ক্রিয়ালোপাং ইমাঃ ক্ষান্তিয়জাতয়ঃ। ব্যলত্থং গতা লোকে ব্রাহ্মণাদর্শনেন চ॥ পৌশ্রুকাশ্চোডুদ্রবিড়াঃ কান্তেরাজা যবনাঃ শকাঃ। পারদা পহাবাশ্চনাঃ কিরাতা দ্রদাঃ খসাঃ॥"

ইহাদিগের মধ্যে যবন পহাব আর্য্য, অবশিষ্ট অনার্য্য। ইহা ভাষাতত্ত্ব-প্রদত্ত প্রমাণদ্বারা স্থাপিত হইরাছে।

মন্ব ও মহাভারত হইতে এইর্প অনেক অনার্যাজাতির তালিকা বাহির করা যাইতে পারে। তাহাতে অন্ধ, প্রিলন্দ, সবর, ম্তিব ইত্যাদি অনার্যাজাতির নাম পাওয়া যায়। এবং মহাভারতের সভাপব্বে উহারাই দস্য নামে বার্শত হইয়াছে। যথা—

"দস্যুনাং সশিরস্তাগৈঃ শিরোভিল্নুন্ম্র্রজৈঃ। দীঘক্তৈর্মহী কীণা বিবহৈরি ৬টেজরিব॥"

ইহারা যে পরিশেষে আর্য্যের নিকট পরাজিত হইয়াছিল, তাহাও নিশ্চিত। পরাজিত হইয়াই উহারা, যে যেখানে বন্য ও পার্শ্বতা প্রদেশ পাইয়াছিল, সে সেইখানেই আশ্রয় গ্রহণ করিয়া আত্মরক্ষা করিয়াছিল। সেই সকল প্রদেশ দ্বভেদ্য,—আর্য্যেরাও সে সকল কুদেশ অধিকারে তাদ্শ ইচ্ছ্কে হওয়ার সম্ভাবনা ছিল না; স্বতরাং সেখানে আত্মরক্ষা সাধ্য হইল। কোন কোন স্থান—যথা দ্রাবিড়, আর্য্যের অধিকৃত হইলেও অনার্য্যেরা তথায় বাস করিতে লাগিল, আর্য্যেরা কেবল প্রভু হইয়া রহিলেন। আর্য্যাবর্ত্তের সাধারণ লোক আর্য্য—দাক্ষিণাত্যে সাধারণ লোক অনার্য্য। আর্য্যাবর্ত্ত ও দাক্ষিণাত্য তুলার্পে আর্য্যাধিকৃত দেশ, তবে আর্য্যাবর্ত্তের ও দাক্ষিণাত্যের ভিল্ল অবন্থা কেন ঘটিল, এ প্রশত্বের সে কথার আলোচনা নিম্প্রয়েজনীয়। ভারতবর্ষে আর্য্য ও অনার্য্যের সামঞ্জস্য একরক্ষে ঘটে নাই। আমরা তিন প্রকার অবস্থা দেখিতে পাই।

প্রথম। ভারতবর্ষে কোন কোন অংশ আর্য্যাজত নহে—অনার্য্যেরা সেখানে প্রধান; কতকগুলি আর্য্যও সেখানে বাস করে, কিন্তু তাহারা অপ্রধান। ইহার উদাহরণ সিংভুম।

দ্বিতীয়। অর্বাশন্ট আর্য্যাজিত প্রদেশের মধ্যে কোন কোন প্রদেশ এর্পে আর্যাভিত যে, সে দেশে আর্য্যবংশ কেবল প্রাধান্যবিশিন্ট, এমত নহে—লোকের মাতৃভাষাও আর্য্যভাষা। উত্তরপশ্চিম, মধ্যদেশ ইহার উদাহরণ।

তৃতীয়। কোন কোন আর্য্যাজিত দেশ এর্প অল্প পরিমাণে আর্য্যাভৃত ষে, সে সকল স্থানে লোকের মাতৃভাষা আজিও অনার্য। দ্রাবিড় কর্ণাট প্রভৃতিতে আর্য্যধন্মের বিশেষ গৌরব ও সংস্কৃতের বিশেষ চর্চ্চা থাকিলেও, সে সকল দেশ এই শ্রেণীর অন্তর্গত।

বাঙ্গালা দ্বিতীর শ্রেণীর অন্তর্গত। কিন্তু তাহা হইলেও বাঙ্গালার মধ্যে বিস্তর অনার্যা। অন্য কোন আর্যাদেশে অনার্যাশোণিতের এত প্রবল স্লোতঃ বহে না। সেই কথা এক্ষণে আমরা স্পন্টীকৃত করিব।

- * "Though by this superior civilization and energy they placed themselves at the head of the Dravidian communities, they must have been so inferior in numbers to the Dravidian inhabitants as to render it impracticable to dislodge the primitive speech of the country, and to replace it by their own language. They would therefore be compelled to acquire the Dravidian dialects." Muir's Sanskrit Texts, Part II.
- † মুরের দ্বিতীর থাতে তৃতীর পরিচ্ছেদে ধৃত মন্ত্রসকল দেখ—ইহার ভূরি ভূরি প্রমাণ পাইবে। এখানে সে সকল উদ্ধৃত করা নিশ্পরোজন মনে করি।

कृष्णीत श्रीतरम्बन-अनार्यात मृदे वश्य, माविकी ও कान *

আমরা ব্ঝাইয়াছি যে, ভারতবর্ষে আগে অনার্য্যের বাস ছিল—তার পর আর্য্যেরা আসিয়া তাহাদিগকে জয় করিয়া তাড়াইয়া দিয়াছে। অনার্যেরা বন্য ও পার্ব্বতা প্রদেশে গিয়া বাস করিতেছে। ভারতবর্ষে অন্যূত্র যাহা ঘটিয়াছে—বাঙ্গালাতেও তাই, ইহা সহজে অন্যূত্রয়। কিন্তু বাঙ্গালার সঙ্গে মধ্যদেশাদির একটা গ্রন্তর প্রভেদ আছে। মধ্যদেশাদির ন্যায় বাঙ্গালার অনার্যাগণ সকলেই বিজয়ী আর্যাদিগের ভয়ে পলায়ন করে নাই। কেহ কেহ পলাইয়াছে—কেহ কেহ ঘরেই আছে।

জয় দিবিধ, কখন কখন কোন প্রবল জাতি জাতান্তরকে বিজিত করিয়া তাহাদিগের দেশ অধিকৃত করিয়া আদিমবাসীদিগকে দেশ হইতে দ্রীকৃত করে। আদিমবাসীরা সকলে হয় জেত্গদের হস্তে প্রাণ হারায়, নয় দেশ ছাড়িয়া দেশান্তরে পলাইয়া বাস করে। টিউটন্গণকর্তৃক রিটেন্ জয়ের ফল এইর্প হইয়াছিল। সাক্সনেরা রিটন্ জয় করিয়া প্রাণিবাসীদিগকে নিঃশেষে ধরংস করিয়াছিলেন। কেবল ষাহারা ওয়েল্স্, কর্ণ্ওয়াল্ বা রিটানী প্রদেশে গিয়া পলাইয়া বাস করিয়া রহিল, তাহারাই রক্ষা পাইল। ইংলন্ডে আর রিটন্ রহিল না। ইংলন্ড কেবল টিউটনের দেশ হইল। দ্বিতীয় প্রকারে দেশজয়ে প্রাণিবাসীয়া বিনন্ধ বা তাড়িত হয় না। বিজয়ীদিগের সক্ষে মিশিয়া যায়। নন্ধান্গণকর্তৃক ইংলন্ড জয় ইহার উদাহরণ। আর্যগণ বাঙ্গালা জয় করিয়াছিলেন। তাহারা টিউটন্দিগের মত অনার্যাদিগকে নিঃশেষে ধরংস বা বিদ্বিত করিয়াছিলেন বা নন্ধান্বিজিত সাক্ষনের মত অনার্যাদাগক বিরুদ্ধের সাহত মিলিয়া মিশিয়া গিয়াছিল, তাহা আমাদিগকে দেখিতে হইবে। যদি দেখি যে, বাঙ্গালার বর্ত্তমান অধিবাসীদিগের মধ্যে অনার্য্বংশ এখনও আছে, তবে ব্রিকতে হইবে যে, অনার্য্রেয়া আর্যাদিগের সঙ্গে মিশিয়া গিয়াছিল।

প্রথমে দেখা যাউক, বাঙ্গালার কোথায় কোন্ কোন্ অনার্য্য জাতি আছে। সে গণনার প্রেব্ প্রথমে ব্রিক্তে হইবে, বাঙ্গালা কাহাকে বলিতেছি। কেন না, বাঙ্গালা নাম অনেক অর্থে বাবহৃত হইয়া থাকে। এক অর্থে পেশোর পর্য্যন্ত বাঙ্গালার অন্তর্গত—যথা, "বেঙ্গল প্রেসিডেন্সি" "বেঙ্গল আন্মি"। আর এক অর্থে বাঙ্গালা তত দ্রে বিস্তৃত না হউক, মগখ, মিথিলা, উড়িষ্যা, পালামৌ উহার অন্তর্গত—এই সকল প্রদেশ বাঙ্গালার লেফ্টেনেন্ট্ গ্রবর্গরের অর্থীন। এই দ্রই অর্থের কোন অর্থেই "বাঙ্গালা" শব্দ এ প্রবন্ধে ব্যবহার করিতেছি না। যে দেশের লোকের মাতৃভাষা বাঙ্গালা, সেই বাঙ্গালী; আমরা সেই বাঙ্গালীর উৎপত্তির অনুসন্ধানে প্রবৃত্ত। তাহার বাহিরে যাহারা আছে, তাহাদের ইতিহাস লিখিব না—সাঁওতাল বা নাগা এ প্রবন্ধের কেহ নহে। তবে এখানে বাঙ্গালার বাহিরে দ্গিটপাত না করিলে, আমরা কৃতকার্য্য হইতে পারিব না। যে সকল অনার্যাঞ্জাতি বাঙ্গালার আর্য্য কর্তৃক দ্রীভূত হইয়াছে, তাহারা অবশ্য বাঙ্গালার বাহিরে আছে। বাঙ্গালার ভিতরে ও বাঙ্গালার পার্ম্যে কোন্ কোন্ অনার্য্যজাতি বাস করিতেছে—দ্রইই দেখিতে হইবে।

উত্তরসীমায় ব্রহ্মদেশের সম্মুখে দেখিতে পাই, খামটি, সিংফো, মিশ্মি, চুলকাটা মিশ্মি। তার পর অপর জাতি, তাহাও অনেক প্রকার। যথা—পাদম্ মিরী দফ্লা ইত্যাদি। তার পর আসামপ্রদেশের নাগা, কুকি, মাণপ্রী; কোপয়ী, তাহার বাহিরে মিকির, জয়ন্তীয়া, খাসিয়া ও গারো জাতি। আসামের মধ্যে ব্রহ্মপ্রতীরে দেখিতে পাই, কাছারি বা বোড়ো, মেচ্ ও ধিমালজাতি এবং বাঙ্গালার মধ্যে তাহাদিগের নিকটকুট্ম্ব কোচজাতি। তৎপরে উত্তরে, হিমালয়পর্যাতের ভিতরে বাস করে, ভোট, লেপ্ছা, লিম্বু, কিরান্তী বা কিরাতী (প্রাচীন কিরাত)। তার পর বাঙ্গালার প্র্দিক্ষণ সীমায় মগ্য, ল্মাই, কুকি, কারেন্, তালাইন্ প্রভৃতি জাতি। বিপ্রার ভিতরেই রাজবংশী নওয়াতিয়া প্রভৃতি জাতি আছে; বাঙ্গালার পাণ্টম দিকে কোল, সাওতালা, খাড়িয়া, ম্বুড, কোঁড়োয়া ওঁরাও বা ধাঙ্গড় প্রভৃতি অনার্যজ্ঞাতি বাস করে। এই শেবোক্ত করেকটি জাতির সম্বন্ধেই আমাদের অনেকগ্রনি কথা বলিতে হইবে। উত্তর

^{*} वक्रमर्गन, ১२४५, काल्ग्रन।

বিবিধ প্রবন্ধ-বাঙ্গালীর উৎপত্তি

ও প্রের্বর অনার্য্যদিগের সঙ্গে আমাদিগের ততটা সম্বন্ধ নাই, তাহারা অনেকেই হালের আমদানী।

আমরা কেবল কয়েকটি প্রধান জাতির নাম করিলাম—জাতির ভিতর উপজাতি আছে এবং অন্যান্য জাতি আছে। প্রসঙ্গদ্রমে তাহাদের কথাও বালতে হইবে।

এখন প্রথম জিল্পাস্য এই যে, ইহারা সকলে কি একবংশসম্ভূত? আর্যোরা সকলেই এক-বংশসম্ভূত—আর্য্য শব্দের অর্থই তাই। কিন্তু "অনার্য্য" বলিলে কেবল ইহাই ব্বনায় যে, ইহারা আর্য্য নহে। যাহারা আর্য্য নহে, তাহারা সকলেই যে একজাতীয়, এমত ব্বনায় না। যদি এমত প্রমাণ থাকে যে, ইহারা একবংশোল্ভূত, তবে সহজে অন্মান কারতে পারা যায় যে, ইহারা সকলেই বাঙ্গালার প্রথম অধিবাস্থী—আর্য্যগণকর্তৃক তাড়িত হইরা নানাস্থানে ছড়াইয়া পড়িয়া নানাদেশে নানা নাম ধারণ করিয়াছে; কিন্তু যদি সে প্রমাণ না থাকে—বরং তদ্বির্দ্ধে প্রমাণ থাকে যে, তাহারা নানাবংশীয়, তবে আবার বিচার করিতে হইবে, এইগর্মালর্র মধ্যে কাহারা বাঙ্গালার প্রথম অধিবাসী।

প্রামাণ্য ইতিহাসের অভাবে ভাষাবিজ্ঞানের আবিশ্চিয়া এ সকল বিষয়ে গ্রন্তর প্রমাণ। আমরা প্রথম পরিচ্ছেদে যে তিন শ্রেণীর ভাষার কথা বলিয়াছি, তাহার মধ্যে তৃতীয় শ্রেণীর ভাষার অন্তর্গত আর্যাভাষা ও সেমীয়ভাষা (আরবী, হিব্রু প্রভৃতি)। প্রথম শ্রেণীর ভাষাগ্রনি —যাহা সংযোগনিরপক্ষ অথবা বিভক্তিবিশিষ্ট নহে—সেই সকল ভাষাকে ইউরোপীরেরা ভারত-চৈনিক বলিয়া থাকেন। নামটি আমাদিগের ব্যবহারের অযোগ্য—আমরা ঐ ভাষাগ্রনি চৈনিকীয়ভাষা বলিব। ছিতীয় শ্রেণীর ভাষার সাধারণ নাম তুরাণী। বাঙ্গালার মধ্য বা প্রান্তিভিত্ত অনার্যাজাতিসকলের ভাষা এই দ্বিবিশ—কতকগর্নাল জাতির ভাষা চৈনিকীয়—ইহাদিগের বাস প্রায় আসামে বা বাঙ্গালার প্র্বেসীমায়। তাহারা অনেকেই আর্যাদিগের পরে আসিয়াছে, এমত ঐতিহাসিক প্রমাণ আছে। তার পর অবশিষ্ট যে সকল অনার্যাজাত—তাহাদিগের সকলেরই ভাষা তুরাণীশ্রেণীস্থ।

কিন্তু সেই সকল অনার্যাভাষার মধ্যেও জাতিগত পার্থক্য দেখা ষায়। প্রেবই ক্থিত হইয়াছে, দ্রাবিড্ভাষা তুরাণীশ্রেণীস্থ। বাঙ্গালার অনার্যাভাষার মধ্যে কতকগর্নি জাতির ভাষার শব্দ সমাস ও ব্যাকরণ সমালোচন করিয়া পশ্ডিতেরা দেখিয়াছেন যে, ঐ সকল ভাষা দ্রাবিড়ী ভাষার সঙ্গে সম্বর্ধাবিশিন্ট। আর কতকগর্নি অনার্যাভাষাতে দ্রাবিড়ী ভাষার সঙ্গে কোন প্রকার সাদৃশ্য নাই। ইহাতে সিদ্ধ হইয়াছে যে, বাঙ্গালার কতকগর্নি অনার্যাজাতি দ্রাবিড়ীদিগের জ্ঞাতি—কতকগর্নি তাহাদিগের হইতে ভিন্ন জ্ঞাতি।

যাহারা অদ্রাবিড়ী, তাহাদিগের মধ্যে ভাষাগত ঐক্য আছে। কোল বা হো, সাঁওতাল, মৃশ্ত প্রভৃতি এখন ভিন্ন ভিন্ন স্থানবাসী ভিন্ন ভিন্ন জাতি বটে, কিন্তু যেমন সকল আর্যাভাষাই পরস্পরের সহিত সাদৃশ্য ও সম্বন্ধবিশিষ্ট, কোল, মৃশ্ত, সাঁওতাল প্রভৃতির ভাষাও সেইর্প সাদৃশ্য ও সম্বন্ধবিশিষ্ট। অতএব ইহারা সকলেই একজাতীয় বলিয়া বোধ হয়।

চতুর্থ পরিচ্ছেদ—আর্য্যীকরণ *

(১) সাঁওতাল, (২) হো, (৩) ভূমিজ, (৪) মৃত, (৫) বাঁরহোড়, (৬) কডুয়া, (৭) কুর্বা কুর্ক বা ম্যাসিন, (৮) খাড়িয়া, (৯) জ্বয়াং, এই কয়িট কোলবংশীয় বাঙ্গালার লেঃ গবর্ণরের শাসন-অধীনে পাওয়া যায়।

জুরাঙ্গোরা উড়িষ্যার ঢেকানান ও কেওঝড় প্রদেশে বাস করে। কুর্ বা মু্যার্সির সঙ্গে এ ইতিহাসের কোন সম্বন্ধ নাই। খাড়িয়ারা সিংহভূমের অতিশয় বনাকীর্শপ্রদেশে বাস করে; মানভূমের পাহাড়েও তাহাদের পাওয়া যার। বীর বীরহোড়েরা হাজারিবাগের জঙ্গলে থাকে। কড়ুরারা সরগ্বজা, যশপ্রে ও পালামো অঞ্চলে থাকে। উহাদিগের সঙ্গে মিশ্রিত "অস্ব্র" নামে আর একটি কোলবংশীয় জাতি পাওয়া যায়। কুকু জাতি আরও পশ্চিমে।

সাওতালেরা গঙ্গাতীর হইতে উড়িষ্যায় বৈতরণীতীর পর্যান্ত ৩৫০ মাইল ব্যাপ্ত করিয়া

^{*} वक्रमर्गन, ১२४१, केव।

বাস করে—কোথাও কম, কোথাও বেশী। যে প্রদেশ এখন "সাঁওতাল পরগণা" বলিয়া খ্যাত, তাহা ভিন্ন ভাগলপর্ব, বীরভূম, বাঁকুড়া, হাজারিবাগ, মানভূম, মেদিনীপ্র, সিংভূম, বালেখর, এই কয় জেলায় ও ময়্রভজে সাঁওতালদিগের বাস আছে।

হো, ভূমিজ এবং মনুন্ডের সাধারণ নাম কোল। হো জাতিকে লড়কা বা লড়াইয়া কোল বলে। ভূমিজেরা কাঁসাই ও স্বৃণ্রেখা নদীদ্বয়ের মধ্যে মানভূম জেলা প্রভৃতি প্রদেশে বাস করে। মুন্ড বা মুন্ডারীরা চুটিয়া নাগপুর অঞ্জে বাস করে।

হরিবংশে আছে যে, য্যাতির কনিষ্ঠ পার তুর্বাস্র বংশে কোল নামে রাজা ছিলেন। উত্তর-ভারতে তাঁহার রাজ্য ছিল; তাঁহারই বংশে কোলদিগের উৎপত্তি।* মন্ত্রত "কোলি সপ্"দিগের প্রনঃ পানঃ প্রসঙ্গ দেখা যায়। ভারতবর্ষে কোলেরা এককালে প্রধান ছিল, এমত বিবেচনা করিবার অনেক কারণ আছে। হশ্টর্ সাহেব প্রমাণ করিবার চেষ্টা করিয়াছেন, ভারতবর্ষে সর্বাহই হো নামক কোন আদিম জাতির বাসের চিছ্প পাওয়া যায়।† তিনি যে সকল প্রমাণ সংগ্রহ করিয়াছেন, তাহার অধিকাংশে অধিক শ্রন্ধা করা যায় না; কিন্তু হো বা কোলজাতি যে একদিন বহুদ্রবিস্তৃতে দেশের অধিবাসী ছিল, তাহাও সম্ভব বোধ হয়। হো শব্দেই কোলি ভাষায় মন্ত্রা ব্রায়। এক সময়ে ইহারা স্বজাতি ভিন্ন অন্য কোন জাতির অস্তিত্ব জ্ঞাত ছিল না।

কর্শেল ডাল্টন্ প্রতিপন্ন করিবার চেণ্টা করিয়াছেন যে, কোলেরাই পুর্বে মগধাদি অনুগঙ্গ প্রদেশের অধিবাসী ছিল—যাহা এখন বাঙ্গালা ও বেহার, সে প্রদেশে তখন কোলভাষা ভিন্ন অন্য কোন ভাষা প্রচলিত ছিল না। মগধ প্রদেশে, বিশেষতঃ শাহাবাদ জেলায় অনেক ভগ্নমন্দির অট্টালিকা আছে। প্রবাদ আছে যে, সে সকল চেরো এবং কোলজাতীয়দিগের নিম্মিত। কিম্বদন্তী এইর্প যে, ঐ প্রদেশে সাধারণ লোক কোল ছিল, রাজারা চেরো ছিল।

কথিত আছে যে, কোলেরা সবর নামক দ্রাবিড়ী অনার্য্যঞ্জাতি কর্ত্বক মগধ হইতে বহিষ্কৃত হইয়াছিল। সবরেরা মন্ ও মহাভারতে অনার্য্যঞ্জাতি বলিয়া বার্ণতি হইয়াছে। সবর অদ্যাপি উডিষ্যার নিকটবত্তী প্রদেশে বর্তমান আছে।

দ্রাবিড়ীয়গণ বাঙ্গালার উপাস্তভাগ সকলে কোলবংশীয়াদিগের অপেক্ষা বিরল। হাজারিবাগের
উরাও (ধাঙ্গর) ও রাজমহলের পাহাড়ীরা ভিন্ন আর কেহ নিকটে নাই। গোন্দেরা দ্রাবিড়ী
বটে, কিন্তু তাহারা আমাদিগের নিকটবাসী নহে। কিন্তু বাঙ্গালার ভিতরেই এমন অনেক জাতি
বাস করে যে, তাহারা দ্রাবিড়বংশীয় হইলে হইতে পারে। কর্ণেল্ ডাল্টন্ বলেন যে, কোচেরা
অনুগঙ্গবিজ্ঞয়ী দ্রাবিড়ীগণ হইতে উৎপন্ন। বহুতর কোচ বাঙ্গালার ভিতরেই বাস করিতেছে।
দিনাজপ্র, মালদহ, রাজসাহী, রঙ্গপ্র, বগ্লুড়া, ঢাকা, ময়মর্নাসংহ প্রভৃতি জেলায় কোচদিগকে
পাওয়া যায়। বাঙ্গালার ভিতর প্রায় এক লক্ষ কোচের বাস আছে। এই লক্ষ লোককে বাঙ্গালী
বলা যাইবে কি না? কহু কেহ বলেন, ইহাদিগকেও বাঙ্গালীর সামিল ধরিতে হইবে। আমরা
সে বিষয়ে সন্দিহান। কোচেরা বাঙ্গালী হউক বা না হউক, বাঙ্গালার ভিতরে অনার্য্য আছে
কি না, এ কথার আমাদিগের একবার আলোচনা করিয়া দেখা প্রয়োজন।

কে আর্য্য, কে অনার্য্য? ইহা নির্পেণ করিবার জন্য ভাষাতত্ত্বই প্রধান উপায়, ইহা দেখান গিয়াছে। যাহার ভাষা আর্যাজাতীয় ভাষা, সেই আর্য্যবংশীয়। যাহার ভাষা অনার্য্যভাষা, সেই অনার্য্যজাতীয়, ইহা স্থির করা গিয়াছে। পরে দেখান গিয়াছে বে, যে অনার্য্যের ভাষা দ্রাবিড়-জাতীয় ভাষা, সেই দ্রাবিড়বংশীয় অনার্য্য; যাহার ভাষা কোলজাতীয়ভাষা, সেই কোলবংশীয় অনার্য্য। কিন্তু এমন কি হইতে পারে না যে, ভাষা একজাতীয়, বংশ অন্যজাতীয় একাধারে সমাবিষ্ট হইয়াছে? এমন কি হইতে পারে না যে, পরাজিত জাতি জেত্গদের ধর্ম, জেত্গদের ভাষা গ্রহণ করিয়া জেত্দিগের জাতিভুক্ত হইয়াছে?

এমন উদাহরণ ইতিহাসে অনেক পাওয়া যায়। ফ্রান্সের বর্ত্তমান ভাষা লাটিন-ম্লক, কিন্তু

^{*} Asiatic Researches, Vol. IX, pp. 91 & 92.

[†] Non-Aryan Dictionary. Linguistic Dissertation, pp. 25 &c.

^{† &}quot;The proud Brahman who traces his lineage back to the palmy days of Kanauj and the half civilized Koch of Palya of Dinagepore may both be fitly spoken as Bengali." Bengal Census Report, 1871.

বিবিধ প্রবন্ধ-বাঙ্গালীর উৎপত্তি

ফরাসি জাতির অন্থ্যিক্জা কেল্টীয় শোগিতে নিশ্মিত। প্রাচীন গলেরা রোমকগণ কর্তৃক পরাজিত ও রোমকরাজাভুক্ত হইলে পর রোমীয় সভাতা গ্রহণ করে। এবং সেই সঙ্গে সঙ্গেরামীয় ভাষা অর্থাৎ লাটিনভাষা গ্রহণ করে। যথন পশ্চিম রোমকসামাজ্য ধ্বংসপ্রাপ্ত হয়, তথন গল্দিগের মধ্যে লাটিনভাষাই প্রচলিত ছিল, পরে তাহারই অপভ্রংশে বর্ত্তমান ফরাসি ভাষা দাঁড়াইয়াছে। আইবিরিয়াতেও (স্পেন ও পর্ট্বগল্) ঐর্প ঘটিয়াছিল। আর্মেরিকার কাফ্রি দার্সাদিগের বংশ প্রভূদিগের ভাষা অবলম্বন করিয়াছে, জাতীয় ভাষার পরিবর্ত্তে ইংরেজি বা ফরাসি ব্যবহার করিয়া থাকে।* অতএব ভাষা আর্য্যভাষা হইলেই আর্য্যবংশীয় বলা যাইতে পারে না—অন্য প্রমাণ আবশ্যক।

সকলেই জানে যে, আর্য্যেরা ককেশীয়বংশীয়। ককেশীয় বংশের মধ্যে আর্য্য ভিন্ন অন্য বংশও আছে, কিন্তু ককেশীয় বংশের অন্তর্গত নহে, এমন আর্য্যজাতি নাই। ককেশীয়াদগের লক্ষণ—গোরবর্গ, দীর্ঘ শরীর, মস্তুক স্কাঠন, হন্দ্র অন্মত। মোঙ্গল বংশ ককেশীয়াদগের হইতে প্রকৃ। মোঙ্গলীয়েরা থব্বাকার, মস্তুকের গঠন চতুকোণ, হন্দ্র অত্যুন্নত। র্যাদ কোন জাতিকে এমন পাওয়া যায় যে, তাহাদিগের শারীরিক গঠন মোঙ্গলীয়, তবে সে জাতিকে কখন আর্য্য বলা যাইবে না। র্যাদ দেখিতে পাই, সে জাতীয়ের ভাষা আর্য্যভাষা, তাহা হইলে এইর্প বিবেচনা করিতে হইবে যে, তাহারা আদৌ অনার্য্যজাতি, আর্য্যাদগের সহিত কোন প্রকার সম্বন্ধবিশিষ্ট হইয়া আর্য্যাদগের ভাষা গ্রহণ করিয়াছে। আবার বাদ দেখি যে, সেই অনার্য্যজাতি কেবল আর্য্যভাষা নহে, আর্য্যধন্ম পর্য্যন্ত গ্রহণ করিয়া আর্য্যসমাজভুক্ত হইয়াছে—তখন ব্রিতে হইবে যে, এক জাতি অপর জাতিকে বিজিত করিয়া একত্র বাস করায় একের সঙ্গে অন্য মিশিয়া গিয়াছে। যদি আবার দেখি যে, এই বিমিশ্র জাতিম্বয়ের মধ্যে আর্য্য উন্নত—অনার্য্য অবনত, তবে বিবেচনা করিতে হইবে যে, আর্যেরা জয়কারী, অনার্য্যেরাই বিজিত হইয়া আর্য্য-সমাজের নিন্দ শুরে প্রবেশ করিয়াছে।

ইহাতে এই এক আপত্তি হইতে পারে যে, হিন্দুখন্দ্ম অহিন্দুর পক্ষে গ্রহণীয় নহে। যে কেই ইহা করিলে খ্রীষ্টীয়, কি ইস্লাম ধন্ম গ্রহণ করিয়া খ্রীষ্টীয়ান বা ম্নুসলমান হইতে পারেন। কিন্তু যে হিন্দুকুলে জন্মগ্রহণ করে নাই—সে হিন্দুখন্ম গ্রহণ করিয়া হিন্দুকুলে জন্মগ্রহণ করে নাই—সে হিন্দুকুলজাত নহে, সে কখনও হিন্দু হইয়া হিন্দুকুলাজাত নহে, সে কখনও হিন্দু হইয়া হিন্দুকুলাজাত নহে, সে কখনও হিন্দুকুলাজাত নহে, সে কখনও হিন্দুকুলাজাত নহে, সে কখনও হিন্দুকুলাজাত নহে, সে কখনও হিন্দুকুলাজাত করিকা হিন্দুকুলাকা হিন্দুকুলাকা

এই আপত্তি ব্যক্তিবিশেষের পক্ষে বলবৎ বটে। কিন্তু এক একটি বৃহৎ জাতির পক্ষে ইহা খাটিতে পারে না। বিশেষতঃ বন্য অনার্য্য জাতিদিগের পক্ষে খাটিতে পারে না। মুসলমান বা খ্রীষ্টীয়ান কখনও হিন্দর্ব হইতে পারে না; কেন না, যে সকল আচার হিন্দর্ব্ধ ধ্বংসকারক, তাহারা প্রব্রুষান্ক্রমে সেই সকল আচার করিয়া প্রব্রুষান্ক্রমে পতিত। কিন্তু এ প্রদেশের বন্য অনার্য্য জাতিদিগের মধ্যে হিন্দর্ব্বানাশক এমন কোন আচার ব্যবহার নাই যে, তাহা হিন্দর্দিগের অতি নিকৃষ্ট জাতিদিগের মধ্যে—হাড়ি ডোম ম্বিচ কাওরা প্রভৃতির মধ্যে পাওয়া যায় না। মনে কর, যেখানে হিন্দর্ব্বাল, এমন কোন প্রদেশের সন্নিকটে অথবা হিন্দর্দিগের অধীনে কোন অসভ্য অনার্য্য জাতি বাস করে। এমন স্থলে ইহা অবশ্যই ঘটিবে যে, আর্ম্যেরা সমাজের বড়, অনার্য্যরা সমাজের ছোট থাকিবে। মন্বেয়র স্বভাব এই যে, যে বড়, ছোট তাহার

* ভারতবর্ষেও এই আর্য্য অনার্য্য জাতিদিগের মধ্যে আজিকার দিনেই আমাদিগের প্রত্যক্ষগোচরে এইর্প ভাষাপরিবর্ত্তন ঘটিতেছে। এখনও অনেক স্থলে অনার্য্যরা দিনে দিনে আপন মাতৃভাষা পরিত্যাগ করিয়া আর্যাভাষা গ্রহণ করিতেছে। কর্পেল্ ভাল্টন্ বলেন যে, তিনি ১৮৬৮ সালে কোড়বা জাতীয়গণের ভাষা সম্বন্ধে কতকর্মলি তত্ত্বের অনুসন্ধান করিবার অভিপ্রায়ে কোড়বাদিগের বাসভূমি যশপুর রাজ্যে গমন করিয়াছিলেন। তাঁহার তলবমতে বহুসংখ্যক অসভ্য কোড়বা আসিয়া তাঁহাকে ঘিরিয়া দাঁড়াইল, কিন্তু তাহাদিগের মধ্যে কেহই কোড়বা ভাষার এক বর্ণও বলিতে পারিল না। তাহারা বলিল, তাহারা ডিহি কোড়বা—অর্থাৎ পার্বতা প্রদেশ পরিত্যাগ পূর্বক সমতল প্রদেশে বাস করিয়া চাষ আবাদ করিতেছে। দেশ ও সমাজ পরিত্যাগের সঙ্গে ভাষাও ত্যাগ করিয়াছে। উদাহরণের ম্বর্প কর্ণেল্ ভাল্টন্ আরও বলেন যে, চূটীয়া নাগপুর প্রদেশে ওয়াওদিগের যে সকল গ্রাম আছে, তাহার মধ্যে অনেক অনেক গ্রামের ওরাওরেরা জাতীয় ভাষা বলিতে পারে না, হিন্দ্ব বা মুন্ডদিগের ভাষার কথা করে।

ব ২—২৩

विष्क्रम तहनावली

অনুকরণ করে। কাজে কাজেই এমত স্থলে অনার্য্যেরা হিন্দু, দিগের সর্ব্বাঙ্গীণ অনুকরণে প্রবৃত্ত হইবে। আমরা এখন ইংরেজদিগের অনুকরণ করিতেছি, প্রুম্বে মুসলমানদিগের অনুকরণ করিতাম। আমাদিগের একটি প্রাচীন ধর্ম্ম আছে, চারি হাজার বংসর হইতে সেই ধর্ম্ম নানাবিধ কাব্য দর্শন ও উচ্চ নৈতিক তত্ত্বের দ্বারা অলঙ্কৃত হইরা লোকমনোমোহন হইয়াছে, তাহার কাছে নিরাভরণ ইস্লাম বা খ্রীষ্টীয় ধর্ম অনুরাগভাজন হয় না। এই জন্য আমরা এখন সর্বাধা ইংরেজদিগের অনুকরণ করিয়াও, ধর্ম্মা সম্বন্ধে তাহাদের ততটা অনুগ্রমন করি না। কতকটা না করিতেছি, এমনও নহে। কিন্তু অনার্য্যাদগের মধ্যে তেমন উজ্জ্বল বা শোভাবিশিষ্ট কোন জাতীয় ধর্ম্ম নাই। অনেক স্থলে একেবারে কোন প্রকার জাতীয় ধর্ম্ম নাই। এমত অবস্থায় অধীন অনার্য্যসমাজ প্রভু আর্য্যাদগের অন্য বিষয়ে যেমন অনুকরণ করিবে, ধন্মসন্বন্ধেও সেইর্প অনুকরণ করিবে। হিন্দুরা যে ঠাকুরের প্র্জা করে, তাহারাও সেই ঠাকুরের প্রেলা করিতে আরম্ভ করিবে। হিন্দুরো যে সকল উংসব করে, তাহারাও সেই সকল উৎসব করিতে আরম্ভ করিবে। জীবননিন্দ্র্বাহের নিত্য নৈমিত্তিক কম্ম্র সকলে হিন্দ্র্দিগের ন্যায় আচার ব্যবহার করিতে থাকিবে। সমগ্র জাতি এইরপে ব্যবহার করিতে থাকিলে কালদ্রমে তাহারাও হিন্দু নাম ধারণ করিবে। অন্য হিন্দু কেহ কখন তাহাদিগের অন্ন খাইবে না। তাহাদিগের সহিত কন্যা আদান-প্রদান করিবে না, অথবা অন্য কোন প্রকারে তাহাদিগের সহিত মিশিবে না—হয় ত তাহাদিগের স্পূণ্ট জল পর্যান্তও গ্রহণ করিবে না। অতএব তাহারাও একটি পৃথক হিন্দুজাতি বলিয়া গণ্য হইবে। তাহারা আগে যেমন পৃথক জাতি ছিল, এখনও তেমনি পূথক জাতি রহিল, কেবল হিন্দুদিগের আচার ব্যবহারের অনুকরণ গ্রহণ করিয়া হিন্দুজাতি বলিয়া খ্যাত হইল। পাশ্চান্ত্যদিগের মধ্যে একটি বিবাদের কথা আছে। কেহ কেহ বলেন যে, হিন্দু ধর্ম্ম "proselytizing" নহে, অর্থাৎ যে জন্মাবধি হিন্দু নয়, হিন্দুরা তাহাকে হিন্দু করে না। আর এক সম্প্রদায় বলেন যে, হিন্দু ধর্ম্ম proselytizing, অর্থাৎ অহিন্দুও হিন্দ্র হয়। এ বিবাদের স্থ্যলমন্ম উপরে ব্রুঝান গেল। খ্রীন্টান বা মনুসলমানদিগের proselytism এইর্প যে, তাহারা অন্যকে ভজায়, "তুমি খ্রীন্টান হও, তুমি ম্সলমান হও।" আহ্ত व्यक्ति भूनैकीन वा भूजनमान दरेल जारात जार आरात वावरात, कन्या आमान क्षमान क्षमान সামাজিক কার্য্য সকলেই করিয়া থাকে বা করিতে পারে। হিন্দুদিগের proselytization সেরপে নহে। হিন্দরো কাহাকেও ডাকে না যে, "তুমি স্বধর্ম্ম ত্যাগ করিয়া আসিয়া হিন্দ্র হও।" র্যাদ কেহ দেবচ্ছালমে হিন্দুখর্ম্ম গ্রহণ করে, তাহার সঙ্গে আহার ব্যবহার বা কোন প্রকার সামাজিক কার্য্য করে না, কিন্তু যে হিন্দুধন্দ্র্য গ্রহণ করিয়াছে. তাহার বংশে হিন্দুধন্দ্র্য বজায় থাকিলে, তাহার হিন্দুনামও লোপ করিতে পারে না। একটা সম্পূর্ণ জাতি এইর্পে হিন্দু-ধর্ম্ম গ্রহণ করিয়া পরে, বান, ক্রমে হিন্দ, ধর্ম্ম পালন করিলে, সকলেই তাহাকে হিন্দ, জাতি বলিয়া দ্বীকার করে। হিন্দুদিগের proselytism এই প্রকার। ঐ শব্দ মুসলমান বা খ্যীণ্টান সম্বন্ধে যে অর্থে ব্যবহৃত হইয়া থাকে, হিন্দু, দিগের সম্বন্ধে সে অর্থে ব্যবহৃত হয় না। প্রকৃতপ্রস্তাবে হিন্দু, দিগের মধ্যে proselytism নাই এবং তদর্থবাচক ভারতীয় কোন আর্য্যভাষায় কোন শব্দও নাই।

যে অথে অহিন্দ, হিন্দ, হইতে পারে বলা গ্রিয়াছে, সে অথে এখনও অনেক অনার্য্য জাতি হিন্দ, হইতেছে।

অনার্য্যজাতি ষে আপনাদিগের অনার্য্যভাষা পরিত্যাগ করিয়া আর্য্যভাষা ও আর্য্যধশ্ম গ্রহণপূর্ব্যক হিন্দু হইয়াছে, তাহার কয়েকটি উদাহরণ দিতেছি।

প্রথম। হাজারিবাগ প্রদেশে বিদ্যা নামে একটি জাতি বাস করে। বেদিয়া হইতে তাহারা প্রথক্। বিদ্যামাহাত্ম্য নাম তাহারা কখন কখন ধারণ করিয়া থাকে। ইহারা হিশ্দি ভাষা কয় এবং হিল্দুমধ্যে গণ্য; কিন্তু এই বিদ্যাগণ মুন্ডজাতীয় কোল, তাহাতে কোন সংশয় নাই। চুটীয়া নাগপুরের মুন্ডদিগের যের্প আকৃতি, ইহাদিগেরও সেইর্প আকৃতি। মুন্ডিদিগের মধ্যে পহন নামে এক একজন পুরোহিত বা গ্রাম্য কর্ম্মচারী সন্ধ্র দেখা যায়, বিদ্যাগণের মধ্যেও ঐর্প গ্রামে গ্রামে পহন আছে। মুন্ডেরা লোহা প্রস্তুত করিতে স্কুদক্ষ এবং সেই ব্যবসায় অবলম্বন করিয়া থাকে। বিদ্যাগণও সেই কাজে স্কুদক্ষ ও স্ব্যবসায়ী। আর মুন্ডিদিগের মধ্যে কিলী অর্থাৎ জাতিবিভাগ আছে, ইহাদিগেরও সেইর্প আছে। মুন্ডিদিগের কিলীর যে যে

বিবিধ প্রবন্ধ—বাঙ্গালীর উৎপত্তি

নাম, বিদ্যাদিগের কিলীরও সেই সেই নাম। অতএব ইহা এক প্রকার নিশ্চয় করা যাইতে পারে যে, বিদ্যাগণ মৃত্ত কোল। কিন্তু এখন তাহারা হিল্লিভাষা বলে ও হিল্ল্প্রম্ম অবলম্বন করিয়া চলে।*

দ্বিতীয়। আসামে চুটীয়া নামে একটি জাতি আছে। তাহাদের মুখাবয়ব অনার্য্যের ন্যায়। কোন আসামী ব্রন্ধাীতে কণেলি ডাল্টন্ দেখিয়াছেন যে, উত্তরপ্রদেশস্থ পর্বত হইতে তাহারা উপর আসামে প্রবেশ করিয়া স্বলেশ্বরী পার হইয়া সদীয়াপ্রদেশে বাস করে। লক্মিপ্রপ্রদেশে দিকু নদীর উপরে, এবং উপর আসামের অন্যত্র দেউরী চুটীয়া নামে এক চুটীয়াজাতি পাওয়া গিয়াছে। তাহাদিগের ভাষা সমালোচনা করিয়া স্থির হইয়াছে যে, ঐ চুটীয়া ভাষা গারো ও বোড়োদিগের ভাষার সঙ্গে একজাতীয়। অতএব চুটীয়ারা যে অনার্যজাতি, তদ্বিরয়ে সংশয় নাই। কিন্তু এক্ষণে আসামের অধিকাংশ চুটীয়া হিন্দ্র বলিয়া গণ্য। এবং তাহারা আপনারাও হিন্দ্র চুটীয়া বলিয়া আপনাদিগের পরিচয় দেয়। হিন্দ্র চুটীয়া বলিলেই ব্র্ঝাইবে যে, ন্লেচ্ছ চুটীয়া ছিল বা আছে।†

ুত্তীয়ু। কাছাড়িরা অনাধাবংশ। তাহাদের অুবয়ব মো্জলীয়। **কিন্তু আসাম প্রদেশী**য়

কাছাড়িয়া হিন্দু হইয়াছে। এবং এক্ষণেও অনেকে হিন্দু হইতেছে।

চতুর্থ'। কোটেরা আর একটি অনার্য্যজাতি। আসল কোচভাষা মেছ কাছাড়িভাষা সদৃশ, কিন্তু ঐতিহাসিক সময়েই কোচবেহারের রাজাদিগের আদিপ্রবৃষ্ধ হজরুর পৌত্র বিস্কৃ সিং হিন্দ্র্যমর্শ গ্রহণ করিয়াছিলেন। এবং তাঁহার সঙ্গে সঙ্গে কোচবেহারের যত ভদ্রলোক হিন্দ্র্যমর্শ গ্রহণ করিয়াছিলেন। ই হারা রাজবংশী নাম গ্রহণ করিলেন। ইতর কোচেরা মুসলমান হইল।

ইল ।

প্রতম। ত্রিপনুরার পাহাড়ি লোক অনার্যাজাতি। কিন্তু তাহারাও হিন্দন্ধন্ম অবলন্বন করিয়াছে।

ষষ্ঠ। খাড়োয়ার নামক অনার্যাঞ্জাতি কালীপুজা করিয়া থাকে।**

সপ্তম। প্রেয়া নামে পালামোতে এক জাতি আছে, তাহারা হিন্দীভাষা কয় এবং কতকগর্বল আচার ব্যবহার তাহাদের হিন্দুবিদ্যের ন্যায়। তাহাদের অনার্যাত্ব নিঃসন্দেহ।

অন্টম। সগ্রের কিসান বলিয়া এক জাতি আছে, তাহারাও অনার্য্য এবং তাহাদিগের আচার ব্যবহার সব কোলের ন্যায়, তাহাদেরও ভাষা হিন্দী এবং তাহারা কতক কতক হিন্দ্র আচার ব্যবহার গ্রহণ করিয়াছে। গ্র

নবম। "ব নো" কুলি সকলেই দেখিয়াছেন। তাহারা জাতিতে সাঁওতাল, কোল বা ধাঙ্গড় (ওরাঁও), কিন্তু এ দেশে যত "ব নো" দেখা যায়, সকলেই হিন্দু।

এর্প আঁরও অনেক উদাহরণ দেওয়া যাইতে পারে। যাহা দেওয়া গেল, তাহাতেই ষথেষ্ট হইবে। এই কয়েকটি উদাহরণ দ্বারাই উত্তমর্পে প্রমাণ হইতেছে যে, বাঙ্গালার বাহিরে এমন অনেক অনার্য্বংশ পাওয়া যায় য়ে, তাহারা আর্যভাষা গ্রহণ করিয়া ও হিন্দ্বধন্ম গ্রহণ করিয়া হিন্দ্বজাতি বলিয়া গণ্য হইয়াছে। যদি বাঙ্গালার বাহিরে অনার্য্য হিন্দ্ব পাওয়া যাইতেছে, তবে বাঙ্গালার ভিতরে বাঙ্গালীর মধ্যে এর্প অনার্য্য হিন্দ্ব থাকাও সম্ভব। বাস্তবিক আছে কি না, তাহা বিচার করার প্রয়োজন।

এইখানে বলা উচিত যে, পাশ্চান্ত্যদিগের সাধারণ মত এই যে, প্রাচীন চতুর্ব্বর্ণের মধ্যে শ্রেদিগের উৎপত্তি এইর্পই ঘটিয়াছিল। জাতিভেদ সম্বন্ধে অনেকে অনেক মত প্রচার করিয়াছেন। আমাদিগের মতে জাতিভেদ তিন প্রকারে উৎপন্ন হইয়াছে। প্রথম, আর্যাগণের

^{*} Statistical Account of Bengal, Vol. VII, p. 213.

[†] Statistical Account of Bengal, Vol. XVI, pp. 82-83.

[‡] Dalton's Ethnology, p. 78.

[§] Buchanan Hamilton—Rungpur, Vol. III, p. 419. Hodgson I. A. S. B., XXXI, July 1849.

^{**} Dalton's Ethnology, p. 130.

[¶] Dalton's Ethnology, p. 132.

बिष्कम त्रानावनी

মধ্যে ব্রাহ্মণ-ক্ষান্তির-বৈশ্যভেদ। এটি ব্যবসারভেদেই উৎপন্ন হইয়াছিল। এখন আমরা ইউরোপে দেখিতে পাই যে, কোন কোন কুলীনবংশ প্রেয়ান্ক্রমে রাজকার্য্যে লিপ্ত। কোন সম্প্রদায় পুরুষানুক্রমে বাণিজ্য করিতেছেন। কোন সম্প্রদায় পুরুষানুক্রমে কৃষিকার্য্য বা মজুরী করিতেছে। কিন্তু ইউরোপে এক সম্প্রদায়ের লোক অন্য সম্প্রদায়ের ব্যবসায় গ্রহণ করার পক্ষে কোন বিঘা নাই। এবং সচরাচর এরূপ ব্যবসায়ান্তর গ্রহণ করিয়া থাকে। কিন্তু ভারতবর্ষের প্রাচীন আর্য্যেরা বিবেচনা করিতেন যে, যাহার পিত্পিতামহ যে ব্যবসায় করিয়াছে, সে সেই ব্যবসাতেই স্কুদক্ষ হয় তাহাতে স্কুবিধা আছে বলিয়া লোকে প্রথমতঃ ইচ্ছা করিয়া পৈতৃ-পিতামহিক ব্যবসায় অবলম্বন করিত। শেষ উচ্চব্যবসায়ীদিলের নিকট নীচব্যবসায়ীরা ঘূণ্য হওয়াতেই হউক অথবা ব্রাহ্মণদিগের প্রণীত দুঢ়বদ্ধ সমাজনীতির বলেই হউক, বিদ্যাব্যবসায়ী যুদ্ধব্যবসায়ীর সঙ্গে মিশিল না। যুদ্ধব্যবসায়ী বণিকের সঙ্গে মিশিল না। এইরুপে তিনটি আর্য্যবর্ণের সূন্টি। জাতিভেদ উৎপত্তির দ্বিতীয় রূপ শুদুদিগের বিবরণে দেখা যায়। তাহা উপরে ব্রুঝাইয়াছি। শ্রেষ্ঠ ব্যবসায় সকল আর্যোরা আপনার হাতে রাখিল, নীচব্যবসায় শুদ্রের উপর পড়িল। বোধ হয়, প্রথম কেবল আর্য্যে ও শ্রে ভেদ জন্মে; কেন না, এ ভেদ স্বাভাবিক। শুদ্রেরা যেমন ন্তন ন্তন আর্যাসমাজভুক্ত হইতে লাগিল, তেমনি পৃথক্ বর্ণ বলিয়া, আর্যা हरें एक क्या के किया वर्ष भक्त रहात स्थान। वर्ष अर्थ तक भर्ति प्रस्ति प्रमाशिया আসিয়াছি যে, আর্য্যেরা গৌর, অনার্য্যেরা "কৃষ্ণ্বচ্"। তবে গৌর কৃষ্ণ দুইটি বর্ণ পাওয়া গেল। সেই প্রভেদ প্রথম আর্যা ও শ্রে, এই দুইটি বর্ণ ভিন্ন হইল। একবার সমাজের মধ্যে থাক আরম্ভ হইলে, আর্য্যাদিগের হস্তে ক্রমেই থাক বাড়িতে থাকিবে। তখন আর্য্যাদিগের মধ্যে ব্যবসায়ভেদে ব্রাহ্মণ, ক্ষরিয়, বৈশ্য, তিনটি শ্রেণী পৃথক্ হইয়া পড়িল, সেই ভেদ ব্র্ঝাইবার জন্য পুৰুৰ্বপরিচিত "বর্ণ" নামই গৃহীত হইল। তার পর আর্য্যে আর্য্যে আর্য্যে অনার্য্যে বৈধ বা অবৈধ সংসর্গে সঞ্চরজ্ঞাতিসকল উৎপন্ন হইতে লাগিল। সঞ্চরে সঞ্চরে মিলিয়া আরও জাতিভেদ বাড়িল। জাতিভেদের তৃতীয় উৎপত্তি এইরূপ।

এক্ষণে আমরা বাঙ্গালী শর্মেদিগের মধ্যে অনার্য্যমের অনুসন্ধান করিব।

পণ্ডম পরিচ্ছেদ—অনার্য্য বাঙ্গালী জাতি*

বাঙ্গালার মধ্যে মাল ও মালো বলিয়া দুইটি জাতি আছে। রাজমহল জেলার অন্তর্গত মালপাহাড়িয়া বলিয়া একটি অনার্য্য জাতি আছে; তাহারা কোন আর্য্যভাষা কহে না। কিন্তু वाकाली भारतता वाकाला कथा करा धवर वाकाली विलया भगा। स्करनतल किनश्चाम शाहीन রোমীয় লেখক প্লিনি হইতে দুইটি বাক্য উদ্ধৃত করিয়া দেখাইয়াছেন যে, তখনও মালেবা বলিয়া জাতি ভারতবর্ষে ছিল। প্রাণাদিতে মালবের প্রসঙ্গ ভূয়োভূয়ঃ দেখা যায় এবং মেঘদ্তে মালবদিগের নাম উল্লেখ আছে। অতএব এখন যেমন মালজাতি আছে, প্রাচীন মালজাতিও সেইরূপ ছিল। কিন্তু প্রিনি যে ভাবে বর্ণনা করিয়াছেন, তাহাতে বোধ হয় যে, মালেরা আর্যাজাতি হইতে একটি পৃথক জাতি ছিল। জেনেরল কনিংহ্যাম বলেন, এই প্লিনির লিখিত মালেরা টলেমিপ্রণীত মন্ডলজাতি। টলেমিলিখিত মন্ডলজাতি আধুনিক মুন্ড কোলজাতি বলিয়া অনুমিত হইয়াছে। বিভার্লি সাহেব অনুমান করেন যে, ঐ প্লিনির লিখিত भामकां ि এখনকার বাঙ্গালী भान। এখন বাঙ্গালার বাহিরে যেখানে भान नाभ পাই, সেইখানে সেইখানে অনার্য্যাদগকেই দেখিতে পাই। কান্দ্র নামক অতি অসভ্য অনার্য্যজাতির দেশের বিভাগকে মাল বা মালো বা মালিয়া বলে। বা অনার্যাপ্রধান মানভূম প্রদেশকে মালভূম বা মল্লভূমি বলে। রাজমহলের দাবিড়বংশীয় অনার্য্য পাহাড়িদিগকে মালের জাতি বলে। উড়িষ্যার কি'উঝড় নামক আরণ্য রাজ্যে ভূ'ইয়া নামক এক অনার্য্য জাতি আছে, তাহাদের একটি থাকের নাম মালভ ইয়া। বুকানন্ হ্যামিন্টন্ ভাগলপুর জেলার ভিতরে বন্য জাতির মধ্যে মালের

^{*} বঙ্গদর্শন, ১২৮৮, বৈশাখ। † Dalton, p. 299.

[†] Dalton, p. 145.

বিবিধ প্রবন্ধ-বাঙ্গালীর উৎপত্তি

বলিয়া একটি অনার্য্যজাতি দেখিয়াছিলেন। কাঁধদিগের মালিয়া বলিয়া একটি জ্বাতি আছে।*
রাজমহলীর মাল পাহাড়িদিগের কথা প্রেবিই বলিয়াছি। পক্ষান্তরে আর্য্যদিগের মধ্যে মল্ল
শব্দ আছে—অনেকে বলেন, এই মালেরা আর্য্যমল্ল হইতে মালজাতির উৎপত্তি, না
অনার্য্য মল্লগণ বাহ্মুদ্ধে কুশলী বলিয়া আর্য্যভাষার বাহ্মোদ্ধার নাম মল্ল হইরাছে? মালেরা
যে অনার্যজ্ঞাতি হইতে উদ্ভূত হইরাছে, তাহা এক প্রকার দ্বির বলা যাইতে পারে।

সাঁওতালদিগের পাহাড়মধ্যে ডম নামে একটি অনার্য্যজাতি আছে। তাহাদিগের হইতে বাঙ্গালার ডোমজাতির উৎপত্তি হইরাছে, হন্টর সাহেব এমন অনুমান করেন। ইহা সত্য বটে যে, অন্যান্য নীচ হিন্দুজাতির ন্যায় ডোমেরা ব্রাহ্মপদিগের পোরোহিত্য গ্রহণ করে না। তাহাদিগের পৃথক্ ধন্মবাজক আছে। ঐ ধন্মবাজকদিগের নাম পণ্ডিত। এইর্প ডোমের পণ্ডিত আমি স্বরং অনেক দেখিয়াছি। নেপালের নিকটে ডুমী নামে এক অনার্য্যজাতি আজিও বাস করে।§

হণ্টর সাহেব দেখাইয়াছেন যে, অনেক অনার্য্যজাতির নাম অনার্য্যভাষায় মন্ম্যবাচক শব্দ-বিশেষ হইতে হইয়াছে। হো শব্দ ইহার প্রেব্ উদাহরণ দেওয়া গিয়াছে। সাঁওতালী ভাষায় হাড শব্দে মন্ম্য। ইহা হইতে তিনি অনুমান করেন যে, হাডি অনার্যবিংশ।

প্রবের্ব বলিয়াছি যে, ককেশীয় ও মোঙ্গলীয় ভিন্ন আরও অনেক মন্যাজাতি আছে, তাহার মধ্যে কোন কোন জাতি স্বভাবতঃই অতিশয় কৃষ্ণবর্ণ। আফ্রিকার নিগ্রোরা ইহার উদাহরণ। কেবল রোদ্রের উত্তাপে তাহারা এত কৃষ্ণবর্ণ, এমত নহে: যেমন তপ্ত দেশে কাফ্রির বাস আছে, তেমনি তপ্ত দেশে গোরবর্ণ আর্য্য বা মোঙ্গলের বাস আছে। আর্মেরিকার যে প্রদেশে ইণ্ডিয়ানদিগের বর্ণ লোহিত, সেই প্রদেশেই সাক্সন্ বংশীয়দিগের বর্ণ গোর; তিন শত বংসরে কিছুমার কৃষ্ণতাপ্রাপ্ত হয় নাই। ভারতবর্ষে এক প্রদেশেই শ্যামবর্ণ আর্যোরা এবং মসীবর্ণ অনার্যোরা একর বাস করিতেছে। রোদ্রসভাপে কতক দূরে কৃষ্ণতা জন্মিতে পারে বটে। ভারতীয় আর্য্যদের তাহা কিছা দরে জন্মিয়াছে সন্দেহ নাই। তাহাদের মধ্যে কেহ গোর কেহ শ্যামল, কিন্ত বিদ্ধাপত্র তিকটবাসী কতকগুলি অনার্য্যজাতি একেবারে মসীকৃষ্ণ। বিষ্ণুপুরাণে তাহা-দিগের বর্ণনা আছে। কথিত আছে যে, বেণ রাজার উরুদেশ হইতে দম্ধ কার্ডের ন্যায় খব্দকার অট্রাস্য এক পরেষ জন্মে। এই বর্ণনায় মধ্যভারতের খব্দাকৃত অট্রাস্য ক্লফ্কায় অনার্য্যাদিগকে পাওয়া যায়। ঐ পুরুষ নিষাদ নামে সংজ্ঞাত হইয়াছে। ইহারই বংশে নিষাদাখ্য অনার্য্য-জাতির উৎপত্তি।** হরিবংশে বেণের উপাখ্যানে ঐর্প লিখিত হইয়া, ঐ প্রেমকে নিষাদ ও ধীবর জাতির আদিপুরুষ বলিয়া বর্ণনা আছে 🛊 মনু বলিয়াছেন যে, আয়োগবি অর্থাৎ শুদু হইতে বৈশ্যাতে উৎপাদিতা স্ত্রীর গর্ভে নিষাদের ঔরসে মার্গব বা দাস জন্মে। আর্য্যাবর্ত্তে তাহাদিগকে কৈবর্ত্ত বলে। §§ অমরকোষাভিধানে কৈবর্ত্ত দিগের নাম কৈবর্ত্ত. দাস. ধীবর। পুৰেবিই দেখান গিয়াছে যে, ঋণ্যেদ সমালোচনায় দাস নামে অনার্য্যজাতি পাওয়া যায়। দাস, ধীবর, কৈবর্ত্ত তিনই এক। যদি দাস ও ধীবর অনার্য্য হইল, তবে কৈবর্ত্তও অনার্যাজাতি। এক্ষণে বাঙ্গালায় কৈবর্ত্তের মধ্যে কতকগুলি চাষা কৈবর্ত্ত: কতকগুলি জেলে কৈবর্ত্ত। পূর্ব্বে সকলেই মংস্যব্যবসায়ী ধীবর ছিল, সন্দেহ নাই। তাহাদিগের সংখ্যা বৃদ্ধি হইলে কতক্ষ্যুলি

- * Dalton, p. 293.
- † Non-Aryan Dictionary, p. 29.
- § Non-Aryan Dictionary, p. 29.
- "কিং করোমীতি তান্ সর্বান্ বিপ্রান্ আহ স চাতুরঃ।
 নিষীদেতি তম্চত্তে নিষাদন্তেন সোহভবং॥"
- ** "তেন দ্বারেশ নিষ্ফান্তং তৎ পাপং তস্য ভূপতেঃ। নিষাদান্তে তথা বাতা বেশকন্মসম্ভবাঃ॥"
- #নিষাদবংশকর্তাসো বভূব বদতাং বরঃ। ধীবরানস্জ্জাপি বেশকক্ষ্মসম্ভবান॥"
- § ৪ "নিষাদো মার্গবং স্তে দাসং নৌক্মজীবিনং। কৈবন্তমিতি যং প্রাহ্রার্থ্যবিত্তনিবাসিনঃ।॥" মন্সংহিতা, দশম অধ্যায়, ৩৪ জ্লোক।

विष्क्य ब्राज्यावनी

কৃষিব্যবসায় অবলম্বন করিল, তাহারাই চাষা কৈবর্ত। ধোপারা ঐর্প কেহ কেহ চাষ করিয়া চাষাধোপা বলিয়া পৃথক্ জাতি হইয়াছে।

প্রেম্ব বা পোন্দ্র নামে প্রাচীন জাতির উল্লেখ মন্বাদিতে পাওয়া যায়। মন্ব লিখিয়াছেন যে, পোন্দ্রক প্রভৃতি জাতি ক্রিয়ালোপতেতু ব্যবাদ্ব প্রাপ্ত হইয়াছে। পোন্দ্রকদিগের সঙ্গে আর যে সকল জাতি গণনা করিয়াছেন, তাহাদিগের মধ্যে যবন ও পহাব ভারতবর্ষের বাহিরে। ভিতরে সকলগ্রিলই অনার্য: যথা—

"পৌ-জুকানেচাজ্রদ্রবিড়াঃ কান্বোজা যবনাঃ শকাঃ। পারদাঃ পহাুবান্চীনাঃ কিরাতা দরদাঃ খসাঃ॥"

ঐতরেয় রাহ্মণে আছে, "অন্ধ্রা প্র্ণুভ্রা সবরা প্রালিন্দা মর্তিবা ইত্যুদস্তা বহবো ভবস্তি।" মহাভারতেও এই প্র্ণুড্রাদিগের কথা আছে। সভাপত্বে আছে যে, ভীম দিশ্বিজয়ে আসিয়া প্রুড্রাধিপতি বাস্বদেব এবং কৌশিকিকচ্ছবাসী মনৌজা রাজা, এই দ্রুই মহাবলপরাক্রান্ত বারকে পরাজয় করিয়া বঙ্গরাজের প্রতি ধাবমান হইলেন। বঙ্গ আধ্বনিক বাঙ্গালার প্র্বেভাগকে বালত। এখনও সাধারণ লোকে সেই প্রদেশকেই বঙ্গদেশ বলে। ভীম পশ্চিম হইতে আসিয়া যে দেশ জয় করিয়া বাঙ্গালার প্র্বেভাগে প্রবেশ করিলেন, সে দেশ অবশ্য বাঙ্গালার পশ্চিমভাগে। উইল্সন্ সাহেবও স্বকৃত বিষ্ণুপ্রাণান্বাদে ভারতবর্ষের ভৌগোলিক তত্ত্ব নির্পণকালে বাঙ্গালার পশ্চিমাংশেই প্র্ডুজাতিকে সংস্থাপন করিয়াছেন।* তারপর খ্রীষ্টীয় সপ্তম শতাব্দীতে হিয়েন্থ্ সাঙ্বান্মক চীন পরিয়াজক এ প্রদেশে আসিয়া পর্ণুড্রাদগের রাজধানী পৌণ্ডুবর্জন

* "Pundras the western Provinces of Bengal, or as sometimes used in a more comprehensive sense, it includes the following districts: Rajashahi, Dinagepore, and Rungpore; Nadiya, Beerbhoom, Burdwan, part of Midnapoor and the Jungle Mehals; Ramghur, Pacheti, Palamow, and part of Chunar. See an account of Pundra translated from what is said to be part of Brahmanda Section of the Bhavishyat Purana in the Quarterly Oriental Magazine, Decr. 1824. Wilson's Vishnu Puranas.

আমাদিগের প্রিয়বন্ধ পশ্ডিত হরপ্রসাদ শাস্ত্রী ভবিষ্যপর্বাণখানি সন্ধান করিয়া দেখিয়াছেন (ভবিষ্যপ্রোণ, ভবিষ্যৎ প্রোণ নহে; রক্ষাখন্ড, রক্ষান্ডখন্ড নহে; এগর্নল ছোট ছোট সাহেবী ভুল)। উহার এক কাপি সংস্কৃত কলেজে আছে। প্রিথখানি খণ্ডিত, আসাম মণিপ্র হইতে আরম্ভ করিয়া কাশী পর্য্যন্ত সমস্ত দেশের বিশেষ বিবরণ উহাতে দেওয়া আছে; কিন্তু গ্রন্থখানি পড়িয়া ভক্তি হয় না। গ্রন্থখানিতে বিদ্যাস্কুদরের গল্প আছে। মানসিংহ কর্ত্তক যশোহরের আক্রমণ বর্ণিত আছে। যবনাধিকারের চারি শত বংসর পরে চম্পারণের ও নেপালী রাজার যে যদ্ধে হয়, তাহার বর্ণনা আছে। বিশেষ, গ্রন্থকারের বঙ্গদেশমধ্যে আসাম, চাট্টল এবং মণিপরে পর্যান্ত অন্তর্ভুক্ত হইয়াছে। এতদ্রে ত গ্রন্থের পরিচর গেল। তাহাতে আছে যে, পৌন্দ্রদেশ সাত ভাগে বিভক্তঃ—গোড়দেশ, বারেন্দ্রভূমি, নীব্ত, বরাহভূমি, বন্ধমান, নারীখণ্ড ও বিশ্বাপাশ্ব। এই সকল দেশের লোক দুষ্ট, চোর, পরদারনিরত ইত্যাদি ইত্যাদি। গোড়দেশের প্রধান নগরসমূহের মধ্যে মৌরসিধাবাদ (মুরশিদাবাদ নামের সংস্কৃত ফরম: মুরশিদাবাদ নাম ১৭০৪ সালে হয়, তাহার আগে উহাকে মুকশুধাবাদ বলিত বলিয়া ভীয়াটের হিন্দীর অব্ বেঙ্গলে উক্ত আছে); স্তরাং গ্রন্থখানি ২০০ বংসরের মধ্যে লিখিত বলিয়া বোধ হয়। গোড়দেশে গোড়নগরের উল্লেখ নাই। পান্ডুয়ারও উল্লেখ নাই। বরেন্দ্রভূমির প্রধান নগর পর্ট্টলা, নটারো, চপলা (सেখানকার রাজা রাহ্মণ), কাকমারী। নীবৃত দেশের প্রধান নগর কচ্ছপ, নসর, শ্রীরঙ্গপরে ও বিহার। রঙ্গপুরে বান্দী রাজা। নারীখন্ডের প্রধান নগর বৈদ্যনাথ, দেবগড়, করা, সোণামুখী ইত্যাদি। বরাহভূমের প্রধান নগর রঘুনাথপুরে, ধবল ইত্যাদি। বন্ধমানের প্রধান নগর বন্ধমান, নবদ্বীপ, মায়াপুর, কুফানগর ইত্যাদি। বিদ্যাপাদের প্রধান নগর স্কুদর্শন, প্রুপগ্রাম ও বদরী কুড়ক গ্রাম। এই সকল দেশের আচার ব্যবহার ও চতুঃসীমা আছে। আমাদের যতদরে মার্নচিত্র বোধ আছে, তাহাতে বোধ হয়, চতুঃসীমা অনেক ভজিবে না। গোডদেশের উত্তরে পদ্মাবতী ও দক্ষিণে বন্ধমান। আসল গোডনগর ইহার মধ্যে পডিল না।

উইল্সন্ সাহেব ঐ ছলে আরও লিখিয়াছেন যে, রামায়ণের কিম্কিয়াাকাশ্ডে একচম্বারিংশং অধ্যায়ে দ্বাদশ শ্লোকে পশ্লু দাক্ষিণাতো ভাগিত বলিয়া বর্ণিত হইয়াছে। ঐ শ্লোকটি আমরা উদ্ধৃত করিতেছি—

"নদীং গোদাবরীং চৈব সন্ধ্যেবান্পশ্যতঃ।

उदेशवान्धारम्ह भ्रम्खारम्ह टहालान् भाष्ट्रारम्ह दक्तलान्॥"

বিবিধ প্রবন্ধ—বাঙ্গালীর উৎপত্তি

দেখিয়া গিয়াছেন। জেনারেল্ কানিংহাম্ সাহেব ঐ চীন পরিব্রাজকের লিখিত দিক্ ও দ্রতা লইয়া পৌশ্ডবর্দ্ধন কোথায় ছিল, তাহা নির্পণ করিবার চেন্টা পাইয়াছেন। তিনি কিছ্ ইতন্ততঃ করিয়া আধ্নিক পাবনাকে পৌশ্ডবর্দ্ধন বলিয়া স্থির করিয়াছেন। পাবনা না হইয়া বাঙ্গালার প্রাচীন রাজধানী মালদহ জেলার অন্তর্গত ধরংসপ্রাপ্ত নগরী পাশ্চুমা বলিলে পৌশ্ডবর্দ্ধনের প্রকৃত সংস্থান ঘটিত। তারপর দশকুমারচরিতে লেখা আছে, "অন্জায় বিষাণবন্দ্ধনে দশ্ডচক্রং চ প্রশ্রোভিযোগায় বিরোচেয়ং।" অর্থাং প্রশুদেশ আক্রমণের জন্য কনিন্ঠ দ্রাতা বিষাণবন্দ্ধাকে দশ্ড চক্র অর্থাং সৈন্যাদি দিতে ইচ্ছা ক্রিয়াছি। দশকুমারচরিত আধ্যুনিক সংস্কৃত গ্রন্থ। উপরিলিখিত উক্তি কোন মৈথিল রাজার উক্তি, অতএব দশকুমার যথন প্রণীত হয়, তখনও প্রশুরা মিথিলার নিকটবাসী।

অতএব দেখা যাইতেছে যে, রাহ্মণ, ইতিহাস, স্মৃতি, এ সকলের সময় হইতে অর্থাং অতি প্রের্কাল হইতে দশকুমারচরিত ও হিয়েন্থ্ সাঙের সময় পর্যান্ত প্রেন্ড্রনামে প্রবল জাতি বাঙ্গালার পশ্চিমাংশে বাস করিত। এক্ষণে বাঙ্গালায় বা বাঙ্গালার নিকট বা ভারতবর্ষের কোন প্রদেশে প্রেন্ডু নামে কোন জাতি নাই। এই প্রেন্ডুজাতি তবে কোথায় গেল?

সংস্কৃত শব্দে "ন্ড" থাকিলে, বাঙ্গালার প্রচালিত ভাষায় ড-কার, ড়-কার হইয়া যায়। আর ণ-কার লপ্ত হইয়া প্র্বেবতী হলবণে চন্দ্রবিন্দ্রর্পে পরিণত হয়। যথা—ভাশ্ডের স্থলে ভাঁড়, যনেডর স্থলে খাঁড়, শনুনেডর স্থলে শাঁড়। আর সংস্কৃত হইতে অপদ্রংশপ্রাপ্ত হইয়া বাঙ্গালাদিতে পরিণত হইতে গেলে শন্দের র-কারাদির সচরাচর লোপ হয়,—যথা—তাম স্থলে তামা, আম স্থলে আম ইত্যাদি। অতএব পা্লু শন্দ লোকিক ভাষায় চলিত হইলে প্রথমে রেফল্প্র করিয়া পা্লুড শন্দে পরিণত হইবে। তারপর যেমন ভাল্ড স্থলে ভাঁড় হয়, শাল্ড স্থলে শা্ড হয়, তেমনি পা্লুড স্থলে পা্ড বা পা্ড়ে হইবে। পা্ড়ো বাঙ্গালায় একটি সংখ্যায় প্রধান জাতি।

আমরা প্রের্ব যাহা উদ্ধৃত করিয়াছি, তাহাতে দেখা গিয়াছে যে, ঐতেরয় রাদ্ধণে ও মন্তে প্রেড্রা অনার্য্যজাতির সঙ্গে গণিত হইয়াছে। অতএব প্রেড়া আর একটি অনার্য্যবংশাস্ত্ত বাঙ্গালী জাতি।

শব্দের অপস্রংশ এক প্রকার হয় না। প্রাচীন ভাষার কোন শব্দ ভাষান্তরে অপস্রুট হইয়া প্রবেশ করিলে দুই তিন র্প ধারণ করে। এক সংস্কৃত 'স্থান' শব্দ বাঙ্গলা ভাষার কোথাও থান, কোথাও ঠাই। 'চন্দ্র' শব্দ কখন চন্দর, কখন চাঁদ। যেমন চন্দ্র শব্দ বাঙ্গালীর উচ্চারণে চন্দর হয়, ভদ্র শব্দ ভন্দর হয়, তন্ত্র শব্দ তন্তর হয়, তেমনি প্রক্রুড় শব্দ স্থানবিশেষে প্রক্রেরহার। জাতিবাচক অর্থে কখন কখন বাঙ্গালীরা শব্দের পরে একটা ঈকার বেশীর ভাগ যোগ করিয়া দিয়া থাকে; যেমন সাঁওতাল সাঁওতালী, গয়াল গয়ালী, দেশওয়াল হইতে দেশওয়ালী। এইর্প ঈকার যোগে প্রক্রু শব্দ প্রক্রের হইয়া প্রক্রেরীতে পরিণত হয়। প্রক্রেরী বালয়া একটি বহ্মগথ্যক বাঙ্গালী জাতি আছে, প্রশ্ভেরা এবং প্র্ডোরা যদি অনার্যা, তবে প্রভ্রনীরাও জনার্যাজাত।

পোদ শব্দ প্রভু শব্দ হইতে নিজ্পন্ন হইতে পারে। এবং প্রভু শব্দ হইতেই পোদ নাম জনিষয়াছে, ইহা আমার বিশ্বাস হয়।

যে সকল কথা বলা গেল, তাহাতে বোধ হয় প্রতীতি জন্মিয়া থাকিবে যে, প্রড়ো, প্রুডরী এবং পোদ, তিনটি আদো এক জাতি এবং তিনটি আদি প্রাচীন পর্বন্তুজাতির সন্তান। প্রুড্রেরা অনার্য্যজাতি ছিল, অতএব বাঙ্গালী সমাজের ভিতর আর তিনটি অনার্য্যজাতি পাওয়া যাইতেছে।

बर्फ পরিছেদ—আর্য্য শ্রে†

পূর্ব্বপরিচ্ছেদে আমরা যে কর্মাট উদাহরণ দিরাছি, তাহাতে বোধ হয় ইহা স্থির হইয়াছে যে, বাঙ্গালীর মধ্যে অনেকগর্মল জাতি অনার্যাবংশ। আমরা যে কর্মাট উদাহরণ দিয়াছি, সকল

- দশকুমারচরিত, তৃতীয় উচ্ছবাস।
- † वक्रमर्गन, ১২৮৮, देकाची।

করটি এক্ষণে বাঙ্গালী শুদ্র বিলয়া গণিত। অতএব ইহা অবশাই স্বীকার করিতে হইবে যে বাঙ্গালী শুদ্রে সকল না হউক, কেহ কেহ অনার্য্যবংশ। কেহ কেহ বলিতে পারেন যে, আমরা প্রেপরিচ্ছেদে যে সকল প্রমাণ দিয়াছি, তাহা সবগর্নল ছিদ্রশন্তা নহে। তাহা আমরা কতক স্বীকার করি, কিন্তু এক প্রমাণ অচ্ছিদ্র, অথশ্ডনীয় আছে। যেখানে বর্ণ ও আকৃতি আর্য্য-জাতীয় নহে, সেখানে যে অনার্য্যশোগিত বর্ত্তমান, তাহা নিশ্চিত। আমরা যে কর্য়টি উদাহরণ দিয়াছি, সকল কয় জাতি সম্বন্ধেই অন্যান্য প্রমাণের উপর এই আকারগত প্রমাণ বিদ্যমান; অতএব ঐ কর্য়টি জাতির অনার্য্য সম্বন্ধে কৃতনিশ্চয় হওয়া যাইতে পারে।

আমরা মনে করিলে এর্প উদাহরণ অনেক দিতে পারিতাম। দিনাজপ্র ও মালদহে পালি বা পালিয়াদিগের কথা লিখিতে পারিতাম। পালিয়ারা ভাষায় বাঙ্গালী ও ধন্মে হিন্দ্র, স্তরাং তাহারা বাঙ্গালী বলিয়া গণ্য। কিন্তু তাহাদের আকার ও আচার অনার্য্যের ন্যায়। তাহারা ক্ষকায়, খব্বাঞ্চত, শ্কর পালে এবং শ্কর খায়। স্তরাং তাহাদিগের অনার্যাম্থে কোন সংশয় নাই। মন্ত্র মহাভারতাদির প্রিলিন্দ জাতি বর্তমান পালিদিগের প্রেপ্র্যুষ, এমন অনুমান কতদ্রে সঙ্গত, তাহা আমি এক্ষণে বলিতে পারিলাম না।

কোন আর্য্রবংশীর জাতি যে শ্কর পালন করিয়া জীবিকা নির্বাহ করিবে, ইহা সম্ভব নহে। কেন না, শ্কর আর্যাশাস্থান্সারে অতি অপবিত্র জন্তু; বাঙ্গালাজয়কারী আর্য্যেরা ঐ সকল ব্যবসায় যে অনার্য্যদিগের হাতে রাখিবেন, ইহাই সম্ভব। বিশেষ, শ্কর বা শ্করমাংস আর্য্যদিগের কোন কাজে লাগে না। যদি এইর্পে শ্করপালক জাতিদিগকে অনার্য্য বিলয়া ছির করা যায়, তাহা হইলে দক্ষিণবাঙ্গালার কাওরারাও অনার্য্য বিলয়া বোধ হয়। কাওরা-দিগের জাতীয় আকারও অনার্য্যদিগের ন্যায়। কাওরারা কোন্ অনার্য্যজাতিসম্ভ্ত, তাহা নির্পণ করা যায় না। কিন্তু কতকগ্নলি অনার্য্য জাতির সঙ্গে ইহাদিগের নামের সাদৃশ্য আছে। যথা—কোড়োয়া, খাড়োয়া, যাড়িয়া, কোর ইত্যাদি। কিরাত শব্দ প্রাকৃততে কিরাও হইবে। কিরাও শব্দের অপশ্রংশে কাওরাও হওয়া অসম্ভব নহে। বাঙ্গালার উত্তরে কিরাতেরা কিরাতি বা কিরাতি নামে অদ্যাপি বর্ত্তমান আছে।

পাশ্চান্ত্যেরা বাগ্দীদিগকেও অনার্য্যবংশ বালয়া ধরিয়া থাকেন। বাস্তবিক বাগ্দীদিগের আকার ও বর্ণ হইতে অনার্য্যবংশ অনুমান করা অসঙ্গত বোধ হয় না। অনেকে বাগ্দী ও বাউরী এক আদিম জাতি হইতে উৎপক্ষ বালয়া থাকেন।

আমাদিগের এমত ইচ্ছা নহে যে, বাঙ্গালার হিন্দ্বজাতিদিগের মধ্যে কোন্ কোন্ জাতি অনার্যাবংশ, তাহা একে একে নিঃশেষ করিয়া মীমাংসা করি। বাঙ্গালার শ্রুদিগের মধ্যে অনেকাংশ যে অনার্যাবংশ, ইহাই দেখান আমাদিগের উদ্দেশ্য। এবং প্র্বেপরিচ্ছেদে যে সকল উদাহরণ দিয়াছি, তাহাতে প্রমাণিত হইয়াছে যে, বাঙ্গালী শ্রের মধ্যে অনার্যাবংশ অতিশয় প্রবল। কিন্তু কেহ কেহ বলিয়া থাকেন যে, শ্রু মারেই অনার্যাবংশ। প্রথম বর্ণভেদ উৎপত্তির সময়ে সকল শ্রেই অনার্যা ছিল বোধ হয়। কিন্তু ক্রমে আর্যাসন্ত্ত সম্কীর্ণ বর্ণ ও অসম্কীর্ণ আর্যাবর্ণ যে এখন শ্রুরের মধ্যে মিশিয়াছে, ইহা আমাদিগের দৃঢ় বিশ্বাস। এখনকার সকল শ্রেই অনার্যা, এই কথার অম্লকতা প্রতিপাদন করিতে এক্ষণে প্রবৃত্ত হইব।

প্রথম, কে আর্য্য আর কে অনার্য্য, ইহা মীমাংসা করিবার দুইটি মাত্র উপায়। এক ভাষা, দিতীয় আকার। দেখা যাইতেছে যে, কেবল ভাষার উপার নির্ভর করিয়া বাঙ্গালার ভিতরে ইহার মীমাংসা হইতে পারে না। কেন না, সকল বাঙ্গালী শুদুই আর্য্যভাষা ব্যবহার করিয়া থাকে। তবে আকারই একমাত্র সহায় রহিল। কিন্তু ইহা অবশাই স্বীকার করিতে হইবে যে, কায়স্থ প্রভৃতি অনেক শুদুদ্রর আকার আর্য্যপ্রকৃত। কায়স্থে ও ব্রাহ্মাণে আকার বা বর্ণগত কোন বৈসদৃশ্য নাই। আকারে প্রমাণ হইতেছে, কতকগুনলি শুদু আর্য্যবংশীয়।

দ্বিতীয়, প্রেশ্ব অনুলোম প্রতিলোম বিবাহের রীতি ছিল; ব্রাহ্মণ ক্ষবিয়কন্যাকে, ক্ষবিয় বৈশ্যকন্যাকে বিবাহ করিতে পারিত। ইহাকে অনুলোম বিবাহ বলিত। এইর্প অধঃস্থজাতীয় প্র্যুষ্ব প্রেণ্ঠজাতীয় কন্যাকে বিবাহ করিলে, প্রতিলোম বিবাহ বলিত। ইহার বিধি মন্বাদিতে আছে। যেখানে বিবাহ বিধি ছিল, দেখানে অবশ্য বৈধ বিবাহ ব্যতীতও অসবণ সংযোগে সম্ভানাদি জন্মিত। তাহারা চতুর্বপ্রের মধ্যে স্থান পাইত না। মন্ব বলিয়াছেন, চতুর্বপ্রির মধ্যে স্থান পাইত না। মন্ব বলিয়াছেন, চতুর্বপ্র

বিবিধ প্রবন্ধ-ৰাঙ্গালীর উৎপত্তি

পশ্বম বর্ণ নাই।* টীকাকার কুল্লকে ভট্ট তাহাতে লেখেন বে, সঞ্চীর্ণ জাতিগণ অশ্বতরবং মাতা বা পিতার জাতি হইতে ভিন্ন; তাহারা জাতান্তর বলিয়া তাহাদিগের বর্ণত্ব নাই।† এইর্প অসবর্ণ পরিণয়াদিতে কাহারা জন্মিত, তাহা দেখা যাউক।

"ব্রাহ্মণাৎ বৈশ্যকন্যায়ামম্বর্ডো নাম জায়তে। নিষাদঃ শুদ্রকন্যায়াং যঃ পারশব উচ্যতে॥"

মন্, ১০ম অধ্যায়, ৮ শ্লোক।

অর্থাৎ বৈশ্যকন্যার গর্ভে ব্রাহ্মণ হইতে অন্বন্ধের জন্ম, আর শ্রেকন্যার গর্ভে ব্রাহ্মণ হইতে নিষাদ বা পারশবের জন্ম। প্রনশ্চ

"मामारयागरः ऋखा हन्छालम्हायरमा न्गाः।

বৈশ্যরাজন্যবিপ্রাস্ক্ জায়ন্তে বর্ণসঞ্চরাঃ॥" মন্ত্র, ১০ম অ, ১২।

অর্থাৎ বৈশ্যার গর্ভে শুদ্র হইতে আয়োগব, ক্ষত্রিয়ার গর্ভে শুদ্র হইতে ক্ষত্তা, আর রাহ্মণ-কন্যার গর্ভে শুদ্র হইতে চম্ভালের জন্ম।

যে সকল ব্রাহ্মণাদি দ্বিজ অৱত হইয়া পতিত হয়, মন্ব তাহাদিগকে ব্রাত্য বলিয়াছেন। এবং ব্রাহ্মণ ব্রাত্য, ক্ষত্রিয় ব্রাত্য এবং বৈশ্য ব্রাত্য হইতে নীচজাতির উৎপত্তির কথা লিখিয়াছেন। মহাভারতে অন্বশাসন পব্বে ব্রাত্যাদিগকে ক্ষত্রিয়ার গর্ভে শুদ্র হইতে জাত বলিয়া বণিত আছে।

এই সকল সন্ধ্বরণ, রাহ্মণ, ক্ষান্তিয়, বৈশ্যমধ্যে স্থান পায় নাই, ইহা একর্প নিশ্চিত। এবং ইহারা যে শ্রেদিগের মধ্যে স্থান পাইয়াছিল, তাহাও স্পন্ট দেখা গিয়াছে। আয়োগব বা রাত্য এক্ষণে বাঙ্গালায় নাই; কখন ছিল কি না সন্দেহ; কেন না, ক্ষান্তিয় বৈশ্য বাঙ্গালায় কখন আইসে নাই। কিস্তু চন্ডালেরা বাঙ্গালায় অতিশয় বহুল; বাঙ্গালী শ্রেদ্রে তাহা একটি প্রধান ভাগ। চন্ডালেরা অন্ততঃ মাতৃকুলে আর্য্যংশীয়। বাঙ্গালায় শ্রেজাতি অনেকেয়ই সন্ধ্রবরণ; সন্ধ্রবরণ হইলেই যে তাহাদের শরীরে আর্য্যংশাদিত, হয় পিতৃকুল, নয় মাতৃকুল হইতে আগত হইয়া বাহিত হইবে, তাছয়য়য় সংশয় নাই। বাঙ্গালায় অন্বন্ধ আছে, তাহায়া যে উভয় কুলে বিশ্বেদ্ধ আর্য্য, তাহার প্রমাণ উপরে দেওয়া গিয়াছে। কেন না, রাহ্মণ ও বৈশ্য উভয়েই বিশ্বেদ্ধ আর্য্য।

তৃতীয়, আমরা শেষ তিন পরিচ্ছেদে যাহা বলিলাম, তাহা হইতে উপলব্ধি হইতেছে বে, বাঙ্গালায় শ্দেমধ্যে কতকগ্নিল বিশ্বদ্ধ আর্য্যবংশীয় এবং কতকগ্নিল আর্য্যে অনার্য্যে মিশ্রিত, পিতৃমাতৃকুলের মধ্যে এক কুলে আর্য্য, আর কুলে অনার্য্য।

চতুর্থতিঃ, কতকগ্নিল শ্রুজাতি প্রাচীন কাল হইতে আর্য্যজাতিমধ্যে গণা, কিন্তু আধ্নিক বাঙ্গালায় তাহারা শ্রু বিলয়া পরিচিত; যথা বণিক্। বণিকেরা বৈশ্য; তাহার প্রমাণ প্রাচীন সংস্কৃত প্রন্থে পর্য্যপ্ত পরিমাণে পাওয়া যায়। বোধ হয়, কেহই তাহাদিগের বৈশ্যম্ব অঙ্গবীকার করিবেন না। বাঙ্গালায় শ্রুমধ্যে যে বৈশ্য আছে, তাহার ইহাই এক অথন্ডনীয় প্রমাণ।

সপ্তম পরিচ্ছেদ—স্থলে কথা §

বাঙ্গালী জাতির উৎপত্তির অন্সন্ধান করিতে প্রবৃত্ত হইয়া আমরা যাহা পাইয়াছি, তাহার পুনরুক্তি করিতেছি।

ভাষাবিজ্ঞানের সাহায্যে ইহা স্থিরীকৃত হইয়াছে যে, ভারতীয় এবং ইউরোপীয় প্রধান

"ব্রাহ্মণঃ ক্ষরিয়ো বৈশ্যস্ত্রয়ো বর্ণা দ্বিজাতয়ঃ।
 চতৃর্থ একজাতিস্তু শুদ্রো নাস্তি তু পশ্চমঃ॥"

মন্, ১০ম অধ্যায়, ৪। † "পঞ্চমঃ প্নবৰ্ণো নান্তি। সংকীশজাতীনাং অশ্বতরবং মাতাপিত্জাতিব্যতিরিক্তজাতাশুরভাং ন

१वक्रमर्गन, ১२४४, जिल्छे।

ब्रह्मावली

জাতিসকল এক প্রাচীন আর্য্যবংশ হইতে উৎপন্ন। যাহার ভাষা আর্য্যভাষা, সেই আর্য্যবংশীর বাঙ্গালীর ভাষা আর্য্যভাষা, এজন্য বাঙ্গালী আর্য্যবংশীয় জাতি।

কিন্তু বাঙ্গালী অমিপ্রিত বা বিশ্ব্দ্ধ আর্য্য নহে। ব্রাহ্মণ অমিপ্রিত এবং বিশ্ব্দ্ধ আর্য্য সন্দেহ নাই; কেন না, ব্রাহ্মণের ব্রাহ্মণ হইতেই উৎপত্তি ভিন্ন সন্দর্বত্ব সম্ভবে না, সন্দর্বত্ব ঘটিলে ব্রাহ্মণত্ব যায়। বিশ্ব্দ্ধ ক্ষরির বৈশ্য সন্দর্বন্ধে ঐর্প হইলে হইতে পারে, কিন্তু ক্ষরির বৈশ্য বাঙ্গালায় নাই বলিলেই হয়। অতি অল্পসংখ্যক বৈদ্য ও বিণক্গণকে বাদ দিলে দেখা যায় যে, বাঙ্গালী কেবল দ্বই ভাগে বিভক্ত, ব্রাহ্মণ ও শ্ব্রু। ব্রাহ্মণ বিশ্ব্দ্ধ আর্য্য, কিন্তু শ্বুদ্রাদিগকে বিশ্ব্দ্ধ আর্য্য, কি বিশ্ব্দ্ধ অনার্য্য বিবেচনা করিব, কি মিপ্রিত বিবেচনা করিব, ইহারই বিচার আমরা এতদ্বে বিস্তারিত করিয়াছি। কেন না, বাঙ্গালী জাতির মধ্যে সংখ্যায় শ্বুই প্রধান।*

অন্সন্ধানে ইহাও পাওয়া গিয়াছে যে, আর্ব্যেরা দেশান্তর হইতে বাঙ্গালায় আসিয়াছিলেন।
তথন আমরা এই তত্ত্ব উত্থাপন করিয়াছিলাম যে, তাঁহারা আসিবার প্রেব বাঙ্গালায় বসতি
ছিল কি না?

বিচারে পাওয়া গিয়াছে যে, আর্যোরা বাঙ্গালায় আসিবার প্ৰের্ব বাঙ্গালায় অনার্যাদিগের বাস ছিল। তারপর দেখিয়াছি যে, সেই অনার্যাগণ একবংশীয় নহে। কতকগর্নাল কোলবংশীয়, আর কতকগর্নাল দ্রাবিড্বংশীয়। দ্রাবিড্বংশের প্রের্ব কোলবংশীয়েরা বাঙ্গালার অধিকারী ছিল। তারপর দ্রাবিড্বংশীয়েরা আইসে। পরে আর্যাগণ আসিয়া বাঙ্গালা অধিকার করিলে কোলীয় ও দ্রাবিড়ী অনার্যাগণ তাঁহাদিগের তাড়নায় পলায়ন করিয়া বন্য পার্বত্য প্রদেশে আশ্রয় গ্রহণ করে।

কিন্তু সকল অনার্যাই আর্য্যের তাড়নায় বাঙ্গালা হইতে পলাইয়া বন্য ও পার্ব্বতা দেশে আশ্রয় লইয়াছিল, এমত নহে; আমরা দেখিয়াছি যে, অনার্যাগণ আর্ব্যের সংঘর্ষণে পড়িলে আর্য্যধন্ম ও আর্যাভাষা গ্রহণ করিয়া হিন্দ্রজাতি বলিয়া গণ্য হইয়া হিন্দ্রসাজভুক্ত হইতে পারে, হইয়াছিল ও হইতেছে। অতএব বাঙ্গালী শ্রুদিগের মধ্যে এইর্পে হিন্দ্রপ্রাপ্ত অনার্য্য থাকা অসম্ভব নহে। আছে কি না—তাহার প্রমাণ খাজিয়া দেখিয়াছি।

দেখিয়াছি যে, বাঙ্গালা ভাষার এমন একটি ভাগ আছে যে, অনার্য্যভাষাই তাহার মূল বলিয়া বোধ হয়। আরও দেখিয়াছি যে, বাঙ্গালী শ্রেদিগের মধ্যে এমন অনেকগর্নল জাতি আছে যে, অনার্য্যগণকে তাহাদের পূর্বেপ্রেষ বলিয়া বোধ হয়।

পরিশেষে ইহাও প্রমাণ করা গিয়াছে যে, বাঙ্গালী শাদ্রের কিয়দংশ অনার্যাসম্ভত হইলেও অপরাংশ আর্যাবংশীয়। কেহ বিশাদ্ধ আর্যা, যেমন অন্বণ্ঠ, কায়স্থ; কেহ আর্যা অনার্যা উভয়কুলজাত, যেমন চণ্ডাল।

একলে এই বাঙ্গালী জাতি কি প্রকারে উৎপন্ন হইল, তাহা আমরা ব্ঝিয়াছি। প্রথম কোলবংশীর অনার্য্য, তারপর দ্রাবিড়বংশীয় অনার্য্য, তারপর আর্য্য; এই তিনে মিশিয়া আর্থনিক বাঙ্গালী জাতির উৎপত্তি হইয়াছে। সাক্সন্, ডেন্ ও নম্পান্ মিশিয়া ইংরেজ জিশিয়াছে। কিন্তু ইংরেজের গঠনে ও বাঙ্গালীর গঠনে দুইটি বিশেষ প্রভেদ আছে। টিউটন্ ইউক বা নম্পান্ হউক, যতগ্রাল জাতির সংমিশ্রণ ইংরেজ জাতি প্রস্তুত হইয়াছে, সকলগ্যালিই আর্য্বংশীয়। বাঙ্গালী যে কয়েকটি জাতিতে গঠিত হইয়াছে, তাহার কেহ আর্য্য, কেহ আর্য্যবংশীয়। বাঙ্গালী যে কয়েকটি জাতিতে গঠিত হইয়াছে, তাহার কেহ আর্য্য, কেহ আর্য্যা। দিতীয় প্রভেদ এই যে, ইংলন্ডে টিউটন্ ও ডেন্ ও নম্পান্, এই তিন জাতির রক্ত একয়ে মিশিয়াছে। পরস্পরের সহিত বিবাহাদি সম্বন্ধের দ্বারা মিলিত হইয়া তাহাদিগের পার্থক্য লব্প্ত হইয়াছে। তিনে এক জাতি দাড়াইয়াছে, বাছিয়া তিনটি পৃথক্ করিবার উপায় নাই। মোটের উপর এক ইংরেজজাতি কেবল পাওয়া যায়। কিন্তু ভারতীয় আর্যাদিগের বর্ণধাম্মিহত্তু বাঙ্গালায় তিনটি পৃথক্ স্রোত মিশিয়া একটি প্রকা প্রবাহে পরিণত হয় নাই; আর্য্যসন্ত্র্ত বাঙ্গাণ অনার্য্যসন্ত্রত আন্য জাতি হইতে সম্পূর্ণ পৃথক্ রহিয়াছেন। যদি কোন স্থানে আর্য্যে আর্য্য বিবাহ বা অবৈধ সংসর্গের দ্বারা সংমিশ্রণ ঘটিয়াছে, সেখানে সেই

^{*} ৭১ সালের লোকসংখ্যাগণনায় স্থির হইয়াছে যে, বাঙ্গালার যে অংশে বাঙ্গালাভাষা প্রচলিত, তাহাতে ৩০৬০০০০০ লোক বসতি করে—তলমধ্যে ১১ লক্ষ মাত্র বান্ধাণ।

সংমিশ্রণে উৎপন্ন সন্তানেরা আর্য্য অনার্য্য হইতে আর একটি প্থক্ জাতি হইয়া রহিয়াছে। চন্ডালেরা ইহার উদাহরণ। ইংরেজ একজাতি, বাঙ্গালীরা বহুজাতি। বাস্তাবিক এক্ষণে যাহাদিগকে আমরা বাঙ্গালী বলি, তাহাদিগের মধ্যে চারি প্রকার বাঙ্গালী পাই। এক আর্য্য, দ্বিতীয় অনার্য্য হিন্দু, তৃতীয় আর্য্যান্যার্য্য হিন্দু, আর তিনের বার এক চতুর্থ জাতি বাঙ্গালী মুসলমান। চারি ভাগ পরস্পর হইতে পৃথক্ থাকে। বাঙ্গালীসমাজের নিন্দ্রপ্রেই বাঙ্গালী অনার্য্য বা মিশ্রিত আর্য্য ও বাঙ্গালী মুসলমান; উপব্লের স্তরে প্রায় কেবলই আর্য্য। এই জন্যে দুরে হইতে দেখিতে বাঙ্গালীজাতি অমিশ্রিত আর্য্যজাতি বলিয়াই বােধ হয় এবং বাঙ্গালার ইতিহাস এক আর্য্যংশীয় জাতির ইতিহাস বলিয়া লিখিত হয়।

वार्वन ७ वाकावन*

সামাজিক দুঃখ নিবারণের জন্য দুইটি উপায় মাত্র ইতিহাসে পরিকীন্তিত—বাহ্ববল ও বাকাবল। এই দুই বল সম্বন্ধে আমার যাহা বলিবার আছে, তাহা বলিবার পুর্ব্বে সামাজিক দুঃখের উৎপত্তি সম্বন্ধে কিছু বলা আবশ্যক।

মন্বোর দ্বংখের কারণ তিনটি। (১) কতকগন্লি দ্বংখ জড়পদাথের দোষগন্ধঘটিত। বাহা জগং কতকগন্লি নিরমাধীন হইয়া চালিতেছে; কতকগন্লি শক্তিকর্তৃক শাসিত হইতেছে। মন্বাও বাহা জগতের অংশ; স্বতরাং মন্বাও সেই সকল শক্তিকর্তৃক শাসিত। নৈসাগিক নিরমসকল উল্লখ্যন করিলে রোগাদিতে কণ্ট ভোগ করিতে হয়, ক্ষ্বংপিপাসায় প্রীড়িত হইতে হয়, এবং নানাবিধ শারীরিক ও মানসিক দ্বংখভোগ করিতে হয়।

(২) বাহ্য জগতের ন্যায় অন্তর্জগণও আরও একটি মন্ম্যাদ্বংখের কারণ। কেহ প্রশ্রী দেখিয়া স্থা, কেহ প্রশ্রীতে দ্বংখী। কেহ ইন্দ্রিসংঘ্য স্থা, কাহারও পক্ষে ইন্দ্রিসংখ্য ঘোরতর দ্বংখ। প্থিবীর কাব্যগ্রন্থসকলের, এই দ্বিতীয় শ্রেণীর দ্বংখই আধার।

(৩) মন্বাদ্রথৈর তৃতীয় ম্ল, সমাজ। মন্বা স্ব্ধী হইবার জন্য সমাজবদ্ধ হয়; পরস্পরের সহায়তায় পরস্পরে অধিকতর স্ব্ধী হইবে বিলয়া, সকলে মিলিত হইয়া বাস করে। ইহাতে বিশেষ উন্নতিসাধন হয় বটে, কিন্তু অনেক অমঙ্গলও ঘটে। সামাজিক দ্বঃখ আছে। দারিদ্র দ্বঃখ সামাজিক দ্বঃখ। যেথানে সমাজ নাই, সেথানে দারিদ্র নাই।

কতকগৃনি সামাজিক দৃঃখ, সমাজ সংস্থাপনেরই ফল—যথা দারিদ্রা। যেমন আলো হইলে, ছারা তাহার আনুবিঙ্গক ফল আছেই আছে—তেমনি সমাজবদ্ধ হইলেই দারিদ্রাদি কতকগৃনিল সামাজিক দৃঃখ আছেই আছে। এ সকল সামাজিক দৃঃখের উচ্ছেদ কখনও সম্ভবে না। কিন্তু আর কতকগৃনিল সামাজিক দৃঃখ আছে, তাহা সমাজের নিতাফল নহে; তাহা নিবার্য্য, এবং তাহার উচ্ছেদ সামাজিক উন্নতির প্রধান অংশ। সামাজিক মনুষ্য সেই সকল সামাজিক দৃঃখের উচ্ছেদজন্য বহুকাল হইতে চেণ্টিত। সেই চেণ্টার ইতিহাস সভ্যতার ইতিহাসের প্রধান অংশ, এবং সমাজনীতি ও রাজনীতি, এই দৃইটে শাস্তের একমান্ত উদ্দেশ্য।

এই দ্বিবিধ সামাজিক দৃঃখ, আমি কয়েকটি উদাহরণের দ্বারা ব্রুঝাইতে চেন্টা করিব। স্বাধীনতার হানি, একটি দৃঃখ সন্দেহ নাই। কিন্তু সমাজে বাস করিলে অবশ্যই স্বাধীনতার ক্ষতি স্বীকার করিতে হইবে, যতগালি মন্ব্য সমাজসভুক্ত, আমি, সমাজে বাস করিয়া, ততগালি মন্ব্যেরই কিয়দংশে অধীন—এবং সমাজের কর্তৃগণের বিশেষ প্রকারে অধীন। অতএব স্বাধীনতার হানি একটি সামাজিক নিত্যদৃঃখ।

স্বান্বব্রিতা একটি পরম স্থ। স্বান্বব্রিতার ক্ষতি পরম দৃঃখ। জগদীশ্বর আমাদিগকে যে সকল শারীরিক এবং মানসিক বৃত্তি দিয়াছেন, তাহার স্ফুর্তিতেই আমাদের

^{*} वत्रपर्यान, ১২৮৪, देकार्छ।

[†] আলোকছায়ার উপমাটি সম্পূর্ণ ও শুদ্ধ। ইহা সত্য যে, এমত জগৎ আমরা মনোমধ্যে কল্পনা করিতে পারি যে, সে জগতে আলোকদায়ী সূর্যা ভিন্ন আর কিছুই নাই—স্বৃতরাং আলোক আছে, ছায়া নাই। তেমনি আমরা এমন সমাজ মনে মনে কল্পনা করিতে পারি যে, তাহাতে সূথ আছে—দৃঃখ নাই। কিন্তু এই জগৎ আর এই সমাজ কেবল মনঃকল্পিত, অন্তিত্বশূন্য।

মানসিক ও শারীরিক সূথ। যদি আমাকে চক্ষ্ব দিয়া থাকেন, তবে যাহা কিছ্ব দেখিবার আছে, তাহা দেখিয়াই আমার চাক্ষ্ব সূথ। চক্ষ্ব পাইয়া যদি আমি চক্ষ্ব চিরম্নিত রাখিলাম—তবে চক্ষ্ব সম্বাদ আমি কখনও কখনও বা কোন কোন বন্ধুসম্বন্ধে চক্ষ্ব মন্ত্রিত করিতে বাধ্য হইলাম—দৃশ্য বন্ধু দেখিতে পাইলাম না—তবে আমি কিয়দংশে চক্ষ্ব সম্বন্ধে চক্ষ্ব মন্ত্রিত করিতে বাধ্য হইলাম—দৃশ্য বন্ধু দেখিতে পাইলাম না—তবে আমি কিয়দংশে চক্ষ্ব সম্বন্ধে দ্বঃখী। আমি ব্বিদ্ধবৃত্তি পাইয়াছি—ব্বিদ্ধর হুই, তবে ব্বিদ্ধমম্বন্ধে আমি চিরদ্বঃখী। যদি ব্বিদ্ধর পরিচালনে আমি কোন দিকে নিষিদ্ধ হুই, তবে আমি সেই পরিমাণে ব্বিদ্ধমম্বন্ধে দৃহখী। সমাজে থাকিলে আমি সকল দৃশ্য বন্ধু দেখিতে পাই না—সকল দিকে ব্বিদ্ধ পরিচালনা করিতে পাই না। মন্ব্রা কাটিয়া বিজ্ঞান শিখিতে পাই না—অথবা রাজপ্রগীমধ্যে প্রবেশ করিয়া দিদ্কা পরিত্ত্ত্ত করিতে পারি না। এগ্র্বিল সমাজের মঙ্গলকর হুইলেও, স্বান্ব্রিত্তার নিষেধক বটে। অতএব এগ্র্বিল সামাজিক নিত্যদ্বঃখ।

দারিদ্রের কথা প্রেবই বলিয়াছি। অসামাজিক অবস্থায় কেইই দরিদ্র নহে—বনের ফল-মলে, বনের পশ্র, সকলেরই প্রাপা; নদীর জল, ব্ক্লের ছায়া, সকলেরই ভোগ্য। আহার্যা, পেয়, আশ্রয়, শরীরধারণের জন্য যতট্বকু প্রয়োজনীয়, তাহার অধিক কেই কামনা করে না, কেই আবশ্যকীয় বিবেচনা করে না, কেই সংগ্রহ করে না। অতএব একের অপেক্ষা অন্যে ধনী নহে, একের অপেক্ষা অন্যে কাজেই দরিদ্র নহে। কাজে কাজেই অসামাজিক অবস্থা দারিদ্রাদ্বা। দারিদ্র তারতমাঘটিত কথা; সে তারতমা সামাজিকতার নিত্যফল। দারিদ্র সামাজিকতার নিত্য কুফল।

সামাজিকতার এই এক জাতীয় ফল। যতদিন মনুষ্য সমাজবদ্ধ থাকিবে, ততদিন এ সকল ফল নিবার্য্য নহে। কিন্তু আর কতকগর্নিল সামাজিক দ্বঃখ আছে. তাহা অনিত্য এবং নিবার্য্য। এদেশে বলে, বিধবাগণ যে বিবাহ করিতে পারে না. ইহা সামাজিক কুপ্রথা, সামাজিক দ্বঃখ—নৈসার্গক নহে। সমাজের গতি ফিরিলেই এ দ্বঃখ নিবারিত হইতে পারে। হিন্দ্রসমাজ ভিন্ন অন্য সমাজে এ দ্বঃখ নাই। স্বীগণ যে সম্পত্তির অধিকারিণী হইতে পারে না, ইহা বিলাতী সমাজের একটি সামাজিক দ্বঃখ; ব্যবস্থাপক সমাজের লেখনীনিগতি এক ছত্রে ইহা নিবার্য্য, অনেক সমাজে এ দ্বঃখ নাই। ভারতবর্ষীয়েরা যে স্বদেশে উচ্চতর রাজকার্য্যে নিযুক্ত হইতে পারে না, ইহা আর একটি নিবার্য্য সামাজিক দ্বঃখের উদাহরণ।

যে সকল সামাজিক দৃঃখ নিত্য ও অনিবার্য, তাহারও উচ্ছেদের জন্য মনুষ্য যন্ত্রান্ হইয়া থাকে। সামাজিক দরিদ্রতা নিবারণ জন্য যাহারা চেণ্টিত. ইউরোপে, সোশিয়ালিণ্ট্, কম্যুনিণ্ট্ প্রভৃতি নামে তাহারা থ্যাত। স্বানুবর্ত্তিতার সঙ্গে সমাজের যে বিরোধ, তাহার লাঘব জন্য, মিল্ল্ ''Liberty'' নামক অপ্নুৰ্ব গ্রন্থ প্রচার করিয়াছেন—অনেকের কাছে এই গ্রন্থ দৈবপ্রসাদ বাকাস্বর্প গণ্য। যাহা অনিবার্য, তাহার নিবারণ সম্ভবে না; কিন্তু অনিবার্য, দৃঃখও মান্রায় কমান যাইতে পারে। যে রোগ সাংঘাতিক, তাহারও চিকিংসা আছে—যন্ত্রণ কমান যাইতে পারে। স্বৃত্তরাং যাহারা সামাজিক নিত্য দৃঃখ নিবারণের চেণ্টায় বাস্ত, তাহাদিগকে বৃথা পরিশ্রমে রত মনে করা যাইতে পারে না।

নিত্য এবং অপরিহার্যা সামাজিক দৃঃখের উচ্ছেদ সম্ভবে না, কিন্তু অপর সামাজিক দৃঃখগনিলর উচ্ছেদ সম্ভব এবং মন্ব্যসাধ্য। সেই সকল দৃঃখ নিবারণ জন্য মন্ব্যসমাজ সর্বাদাই বাস্ত। মন্ব্যের ইতিহাস সেই বাস্ততার ইতিহাস।

বলা হইয়াছে, সামাজিক নিত্য দৃঃখসকল, সমাজ সংস্থাপনেরই অপরিহার্য্য ফল—সমাজ হইয়াছে বলিয়াই সেগনিল হইয়াছে। কিন্তু অপর সামাজিক দৃঃখগনিল কোথা হইতে আইসে? সেগনিল সমাজের অপরিহার্য্য ফল না হইয়াও কেন ঘটে? তাহার নিবারণ পক্ষে, এই প্রশেনর মীমাংসা নিতান্ত প্রয়োজনীয়।

এগর্নি সামাজিক অত্যাচারজনিত। বােধ হয়, প্রথমে অত্যাচার কথাটি ব্ঝাইতে হইবে—
নহিলে অনেকে বালতে পারিবেন, সমাজের আবার অত্যাচার কি? শক্তির অবিহিত প্রয়োগকে
অত্যাচার বলি। দেখ, মাধ্যাকর্ষণািদি যে সকল নৈস্বার্গক শক্তি, তাহা এক নিয়মে চলিতেছে,
তাহার কথনও আধিক্য নাই, কখনও অল্পতা নাই; বিধিবদ্ধ অন্প্রজ্মনীয় নিয়মে তাহা
চলিতেছে। কিস্তু যে সকল শক্তি মান্বের হস্তে, তাহার এর্প স্থিরতা নাই। মন্বের হস্তে

विविध अवक्ष-वार्वन ও वाकावन

শক্তি থাকিলেই, তাহার প্রয়োগ বিহিত হইতে পারে এবং অবিহিত হইতে পারে। যে পরিমাণে শক্তির প্রয়োগ হইলে উদ্দেশ্যটি সিদ্ধ হইবে, অথচ কাহারও কোন অনিষ্ট হইবে না, তাহাই বিহিত প্রয়োগ। তাহার অতিরিক্ত প্রয়োগ অবিহিত প্রয়োগ। বার্দের যে শক্তি, তাহার বিহিত প্রয়োগে শক্তবধ হয়, অবিহিত প্রয়োগে কামান ফাটিয়া যায়। শক্তির এই অতিরিক্ত প্রয়োগই অত্যাচার।

মন্ব্য শক্তির আধার। সমাজ মন্ব্যের সমবায়, স্তরাং সমাজও শক্তির আধার। সে শক্তির বিহিত প্রয়োগে মন্ব্যের মঙ্গল—দৈনন্দিন সামাজিক উন্নতি। অবিহিত প্রয়োগে সামাজিক দৃঃখ। সামাজিক শক্তির সেই অবিহিত প্রয়োগ, সামাজিক অত্যাচার।

কথাটি এখনও পরিব্দার হয় নাই। সামাজিক অত্যাচার ত ব্ঝা গেল, কিন্তু কে অত্যাচার করে? কাহার উপর অত্যাচার হয়? সমাজ মন্ধ্যের সমবায়। এই সমবেত মন্ধ্যগণ কি আপনাদিগেরই উপর অত্যাচার করে? অথবা পরস্পরের রক্ষার্থে যাহারা সমাজবদ্ধ হইরাছে, তাহারাই পরস্পরে উৎপীড়ন করে? তাই বটে, অথচ, ঠিক তাই নহে। মনে রাখিতে হইবে, যে, শক্তিরই অত্যাচার; যাহার হাতে সামাজিক শক্তি, সেই অত্যাচার করে। যেমন গ্রহাদি জর্ড়াপিশ্চমান্রের মাধ্যাকর্ষণশিক্ত কেন্দ্রনিহিত, তেমনি সমাজেরও একটি প্রধান শক্তি, কেন্দ্রনিহিত। সেই শক্তি—শাসনশক্তি; সামাজিক কেন্দ্র—রাজা বা সামাজিক শাসনকর্ত্বগণ। সমাজরক্ষার জন্য, সমাজের শাসন আবশ্যক। সকলেই শাসনকর্ত্তা হইলে, অনিরম এবং মতভেদ হেতু শাসন অসম্ভব। অতএব শাসনের ভার, সকল সমাজেই এক বা তত্যোধক ব্যক্তির উপর নিহিত হইয়াছে। তাঁহারাই সমাজের শাসনশক্তিধর—সামাজিক কেন্দ্র। তাঁহারাই অত্যাচারী। তাঁহারা মন্ব্য; মন্ব্যমান্তেরই দ্রান্তি এবং আত্মাদর আছে। দ্রান্ত হইয়া তাঁহারা সেই সমাজ-প্রদত্ত শাসনশক্তি, শাসিতব্যের উপরে অবিহিত প্রয়োগ করেন। আত্মাদরের বশীভূত হইয়াও তাঁহারা উহার অবিহিত প্রয়োগ করেন।

তবে এক সম্প্রদায় সামাজিক অত্যাচারকে পাইলাম। তাঁহারা রাজপ্র্য্য—অত্যাচারের পাত্র সমাজের অবশিষ্টাংশ। কিন্তু বাস্তবিক এই সম্প্রদায়ের অত্যাচারী কেবল রাজা বা রাজপ্র্য্য নহে। যিনিই সমাজের শাসনকর্তা, তিনিই এই সম্প্রদায়ের অত্যাচারী। প্রাচীন ভারতবর্ষের রাহ্মাণগণ, রাজপ্র্যুষ বলিয়া গণ্য হয়েন না, অথচ তাঁহারা সমাজের শাসনকর্তা ছিলেন। আর্য্যসমাজকে তাঁহারা যে দিকে ফিরাইতেন ঘ্রাইতেন, আর্য্যসমাজ সেই দিকে ফিরিত ঘ্রিত। আর্য্যসমাজকে তাঁহারা যে শিকল পরাইতেন, অলঞ্চার বলিয়া আর্য্যসমাজ সেই শিকল পরিত। মধ্যকালিক ইউরোপের ধর্ম্যাজকর্গণ সেইর্প ছিলেন—রাজপ্র্যুষ নহেন, অথচ ইউরোপীয় সমাজের শাসনকর্ত্তা, এবং ঘোরতর অত্যাচারী। পোপগণ ইউরোপের রাজা ছিলেন না, এক বিন্দ্র ভূমির রাজা মাত্র, কিন্তু তাঁহারা সমগ্র ইউরোপের উপর ঘোরতর অত্যাচার করিয়া গিয়াছেন। গ্রেগরি বা ইনোসেন্ট্, লিও বা আদ্রিয়ান্ ইউরোপে যতটা অত্যাচার করিয়া গিয়াছেন, দ্বিতীয় ফিলিপ্ বা চতুদর্শণ লুই, অণ্টম হেন্রী বা প্রথম চাল্স্ ততদ্র করিতে পারেন নাই।

কেবল রাজপুরুষ বা ধন্মর্যাজকের দোষ দিয়া ক্ষান্ত ইইব কেন? ইংলন্ডে এক্ষণে রাজা (রাজ্ঞী) কোন প্রকার অত্যাচারে ক্ষমতাশালী নহেন—শাসনশক্তি তাঁহার হস্তে নহে। এক্ষণে প্রকৃত শাসনশক্তি ইংলন্ডে সংবাদপত্রলেথকাদগের হস্তে। স্কৃতরাং ইংলন্ডের সংবাদপত্রলেথকাদ অত্যাচারী। যেথানে সামাজিক শক্তি, সেইখানেই সামাজিক অত্যাচার।

কিন্তু সমাজের কেবল শাসনকর্ত্তা এবং বিধাতৃগণ অত্যাচারী, এমত নহে। অন্য প্রকার সামাজিক অত্যাচারী আছে। যে সকল বিষয়ে রাজ্যশাসন নাই, ধন্মশাসন নাই, কোন প্রকার শাসনকর্ত্তার শাসন নাই—সে সকল বিষয়ে রাজ্যশাসন নাই, ধন্মশাসন নাই, কোন প্রকার শাসনকর্ত্তার শাসন নাই—সে সকল বিষয়ে সমাজ কাহার মতে চলে? অধিকাংশের মতে। যেখানে সমাজের এক মত, সেখানে কোন গোলই নাই—কোন অত্যাচার নাই। কিন্তু এর্প ঐকমত্য অতি বিরল। সচরাচরই মতভেদ ঘটে। মতভেদ ঘটিলে, অধিকাংশের যে মত, অল্পাংশকে সেই মতে চলিতে হয়। অল্পাংশ ভিশ্লমতাবলন্বী হইলেও, অধিকাংশের মতান্সারে কার্যাকে ঘোরতর দৃঃখ বিবেচনা করিলেও, তাহাদিগকে অধিকাংশের মতে চলিতে হইবে। নহিলে অধিকাংশ অল্পাংশকে সমাজবহিত্কত করিয়া দিবে—বা অন্য সামাজিক দশ্তে পীড়িত করিবে। ইহা ঘোরতর সামাজিক অত্যাচার। ইহা অল্পাংশের উপর অধিকাংশের অত্যাচার বিলয়া কথিত হইরাছে।

र्बाष्क्य तहनावली

এদেশে অধিকাংশের মত যে, কেহ হিন্দ্বংশজ হইয়া বিধবার বিবাহ দিতে পারিবে না বা কেহ হিন্দ্বংশজ হইয়া সমন্ত্র পার হইবে না। অল্পাংশের মত, বিধবার বিবাহ দেওয়া অবশ্য কর্ত্ব্য এবং ইংলন্ডদর্শন পরম ইন্ট্রমাধক। কিন্তু যদি এই অল্পাংশ আপনাদিগের মতান্সারে কার্য্য করে—বিধবা কন্যার বিবাহ দেয় বা ইংলন্ডে যায়, তবে তাহায়া অধিকাংশকর্ত্বক সমাজ-বহিন্দ্রত হয়। ইহা অধিকাংশকর্ত্বক অল্পাংশের উপর সামাজিক অত্যাতার।

ইংলন্ডে অধিকাংশ লোক খ্রীণ্টভক্ত এবং ঈশ্বরবাদী। যে অনীশ্বরবাদী বা খ্রীণ্টধর্ম্মে ভিক্তিশ্না, সে সাহস করিয়া আপনার অবিশ্বাস ব্যক্ত করিতে পারে না। ব্যক্ত করিলে, নানা প্রকার সামাজিক পীড়ায় পীড়িত হয়। মিল্ জন্মাবচ্ছিল্লে আপনার অভক্তি ব্যক্ত করিতে পারিলেন না; ব্যক্ত না করিয়াও, কেবল সন্দেহের পাত্র হইয়াও, পালির্স্বানেশ্টে অভিষেক-কালে অনেক বিঘাবিব্রত হইয়াছিলেন। এবং মৃত্যুর পর অনেক গালি খাইয়াছিলেন। ইহা ঘোরতর সামাজিক অত্যাচার।

অতএব সামাজিক অত্যাচারী দুই শ্রেণীভুক্ত; এক, সমাজের শাস্তা এবং বিধাতৃগণ: দ্বিতীর, সমাজের অধিকাংশ লোক। ইহাদিগের অত্যাচারে সামাজিক দুঃখের উৎপত্তি। সেই সকল সামাজিক দুঃখ, সমাজের অবনতির কারণ। তাহার নিরাকরণ মন্বাের সাধ্য এবং অবশ্য কর্তব্য। কি কি উপারে, সেই সকল অত্যাচারের নিরাকরণ হইতে পারে?

५.३ উপায়: বাহ, वल এবং বাকাবল।

বাহুবল কাহাকে বলি, এবং বাক্যবল কাহাকে বলি, তাহা প্রথমে ব্র্ঝাইব। তৎপরে এই বলের প্রয়োগ ব্রুঝাইব। এবং এই দুই বলের প্রভেদ ও তারতম্য দেখাইব।

কাহাকেও ব্ঝাইতে হইবে না যে, যে বলে ব্যাঘ্র হারণ শিশ্বকে হনন করিয়া ভোজন করে. আর যে বলে অস্তালজ্ বা সেডান্ জিত হইয়াছিল, তাহা একই বল: দ্ইই বাহ্বল। আমি লিখিতে লিখিতে দেখিলাম, আমার সম্মুখে একটা টিকটিকি একটি মক্ষিকা ধরিয়া খাইল— সিস্ফিন্ হইতে আলেক্জশ্ডর্ রমান্দ্র পর্যন্ত যে যত সাঘ্রাজ্য স্থাপিত করিয়াছে—রোমান্ বা মাকিদনীয়, খল্লব বা খালফা, রুস্ বা প্রুস্ যিনি যে সাঘ্রাজ্য সংস্থাপিত বা রক্ষিত করিয়াছেন, তাঁহার বল, আর এই ক্ষুধার্ত টিকটিকির বল, একই বল—বাহ্বল। স্বলতান মহম্মদ সোমনাথের মন্দির লাই করিয়া লাইয়া গেল—আর কালাম্খী মার্জারী ই'দ্র মুখে করিয়া পালাইল—উভয়েই বীর—বাহ্বলে বীর। সোমনাথের মন্দিরে, আর আমার বন্দ্রছেদক ইন্দ্রের প্রভেদ অনেক দ্বীকার করি;—কিন্তু মহম্মদের লক্ষ সৈনিকে, আর একা মার্জারীতেও প্রভেদ অনেক। সংখ্যা ও শ্রীরে প্রভেদ—বীর্য্যে প্রভেদ বড় দেখি না। সাগারও জল— শিশিরবিন্দ্বও জল। মহম্মদের বীর্য্য ও টিকটিকি বিড়ালের বীর্য্য, একই বীর্য্য। দ্বইই বাহ্বলের বীর্য্য। প্রিথবীর বীরপা্র্যুগণ ধন্য। এবং তাঁহাদিগের গা্ণকীর্ত্যনকারী ইতিব্তু-লেখকগণ—হেরডোটস্ হইতে কে ও কিঙ্লেক সাহেব পর্য্যন্ত—তাঁহারাও ধন্য।

কেহ কেহ বলিতে পারেন যে, কেবল বাহ্বলে কখনও কোন সামাজ্য শুপিত হয় নাই—কেবল বাহ্বলে পাণিপাত সেডান জিত হয় নাই—কেবল বাহ্বলে নাপোলেয়ন বা মালবির বীর নহে। স্বীকার করি, কিছু কৌশল—অর্থাৎ বুদ্ধিবল—বাহ্বলের সঙ্গে সংযুক্ত না হইলে কার্য্যকারিতা ঘটে না। কিন্তু ইহা কেবল মন্য্যবীরের কার্য্যে নহে—কেহ কি মনে কর যে, বিনা কৌশলে টিকটিকি মাছি ধরে, কি বিড়াল ই'দ্বর ধরে? বুদ্ধিবলের সহযোগ ভিন্ন বাহ্ব-বলের স্ফুর্তি নাই—এবং বুদ্ধিবল ব্যতীত জীবের কোন বলেরই স্ফুর্তি নাই।

অতএব ইহা স্বীকার করিতে হইতেছে যে, যে বলে পশ্নগণ এবং মন্যাগণ উভয়ে প্রধানতঃ স্বার্থসাধন করে, তাহাই বাহ্বল। প্রকৃত পক্ষে ইহা পশ্বল, কিন্তু কার্য্যে সর্বক্ষম, এবং সর্ব্বেই শেষ নিম্পত্তিস্থল। ষাহার আর কিছুতেই নিম্পত্তি হয় না—তাহার নিম্পত্তি বাহ্বলে। এমন প্রন্থি নাই যে, ছর্রিতে কাটা যায় না—এমত প্রস্তুর নাই যে, আঘাতে ভাঙ্গে না। বাহ্বল ইহজগতের উচ্চ আদালত—সকল আপীলের উপর আপীল এইখানে; ইহার উপর আর আপীল নাই। বাহ্বল—পশ্বর বল; কিন্তু মন্যা অদ্যাপি কিয়দংশে পশ্ব, এজন্য বাহ্বল মন্যোর প্রধান অবলন্বন।

কিন্তু পশ্বগণের বাহ্বলে এবং মন্যোর বাহ্বলে একট্ গ্রহ্তর প্রভেদ আছে। পশ্-গুণের বাহ্বল নিত্য ব্যবহার করিতে হয়—মন্যোর বাহ্বল নিত্য ব্যবহারের প্রয়োজন নাই।

विविध প্रवन्ध-वार्यका ও बाकावन

ইহার কারণ দ্বইটি। বাহবেল অনেক পশ্বসণের একমাত্র উদরপ্তির উপায়। দ্বিতীয় কারণ, পশাগণ প্রযাক্ত বাহাবলের বশীভূত বটে, কিন্তু প্রয়োগের পারের প্রয়োগ-সম্ভাবনা বাঝিয়া উঠে ना। এবং সমাজবদ্ধ নহে বিলয়া বাহ্বলপ্রয়োগের প্রয়োজন নিবারণ করিতে পারে না। উপন্যাসে কথিত আছে যে, এক বনের পশ্বগণ, কোন সিংহ কর্তুক বন্য পশ্বগণ নিত্য হত হইতেছে দেখিয়া, সিংহের সঙ্গে বন্দোবস্ত করিল যে, প্রত্যহ পশ্রগণের উপর পীড়ন করিবার প্রয়োজন নাই—একটি একটি পশ্ব প্রতাহ তাঁহার আহারজন্য উপস্থিত হইবে। এম্বলে পশ্বগণ সমাজনিবন্ধ মন্বেয়র ন্যায় আচরণ করিল,—সিংহকর্তুক বাহুবলের নিত্য প্রয়োগ নিবারণ করিল। মন্ষা বৃদ্ধি দ্বারা বৃদ্ধিতে পারে যে, কোন্ অবস্থায় বাহ্বল প্রযুক্ত হইবার সম্ভাবনা। এবং সামাজিক শৃত্থলের দ্বারা তাহার নিবারণ করিতে পারে। রাজা মাত্রই বাহুবলে রাজা, কিন্তু নিত্য বাহ বলপ্রয়োগের দারা তাঁহাদিগকে প্রজাপীড়ন করিতে হয় না। প্রজাগণ দেখিতে পায় যে, এই এক লক্ষ সৈনিক প্রব্লুষ রাজার আজ্ঞাধীন; রাজাজ্ঞার বিরোধ তাহাদের কেবল ধ্বংসের कातम रहेरव। अञ्चव প্रका वार्यक প্রয়োগ-সম্ভাবনা দেখিয়া, রাজাজ্ঞাবিরোধী হয় না। বাহ্বলও প্রযাক্ত হয় না। অথচ বাহ্বল প্রয়োগের যে উদ্দেশ্য, তাহা সিদ্ধ হয়। এ দিকে এই এক লক্ষ সৈন্য যে রাজার আজ্ঞাধীন, তাহারও কারণ প্রজার অর্থ অথবা অনুগ্রহ। প্রজার অর্থ যে রাজার কোষগত বা প্রজার অনুগ্রহ যে তাঁহার হস্তগত, সেটুকু সামাজিক নিয়নের ফল। অতএব এম্ভলে বাহ,বল যে প্রয**ুক্ত হইল না, তাহার মুখ্য কারণ মন**ুষ্যের দুরদ্**ণিট,** গোণ

আমরা এ প্রবন্ধে গোণ কারণটি ছাড়িয়া দিলেও দিতে পারি। সামাজিক অত্যাচার যে যে বলে নিরাকৃত হয়, তাহার আলোচনায় আমরা প্রবৃত্ত। সমাজনিবদ্ধ না হইলে সামাজিক অত্যাচারের অস্তিত্ব নাই। সমাজবন্ধন সকল সামাজিক অবস্থার নিত্য কারণ। যাহা নিত্য কারণ, বিকৃতির কারণান,সন্ধানে তাহা ছাড়িয়া দেওয়া যাইতে পারে।

ইহা ব্রিতে পারা গিয়াছে যে, এইর্প করিলে আমাদিগের শাসনের জন্য বাহ্বল প্রযুক্ত হইবে—এই বিশ্বাসই বাহ্বল প্রয়োগ নিবারণের ম্ল। কিন্তু মন্যের দ্রদৃণ্টি সকল সময়ে সমান নহে—সকল সময়ে বাহ্বল প্রয়োগের আশাক্ষা করে না। অনেক সময়েই ঘাঁহারা সমাজের মধ্যে তীক্ষ্মদৃণ্টি, তাঁহারাই ব্রিতে পারেন যে, এই এই অবস্থায় বাহ্বল প্রয়োগের সম্ভাবনা। তাঁহারা অন্যকে সেই অবস্থা ব্রুঝাইয়া দেন। লোকে তাহাকে ব্রুঝা। ব্রুঝা যে, যিদ আমরা এই সময়ে কন্তব্য সাধন না করি, তবে আমাদিগের উপর বাহ্বলপ্রয়োগের সম্ভাবনা। ব্রুঝা যে, বাহ্বল প্রয়োগে কতকগ্রাল অশ্ভ ফলের সম্ভাবনা। সেই সকল অশ্ভ ফল আশাক্ষা বাহারা বিপরীত পথগামী, তাহারা গস্তব্য পথে গমন করে।

অতএব যখন সমাজের এক ভাগ অপর ভাগকে পীড়িত করে, তখন সেই পীড়ন নিবারণের দুইটি উপার। প্রথম, বাহারল প্রয়োগ। যখন রাজা প্রজাকে উৎপীড়ন করিয়া সহজে নিরস্ত হয়েন না, তখন প্রজা বাহারল প্রয়োগ করে। কখনও কখনও রাজাকে যদি কেহ ব্রুঝাইতে পারে যে, এইর্প উৎপীড়নে প্রজাগণ কর্তৃক বাহারল প্রয়োগের আশব্দা, তবে রাজা অত্যাচার হইতে নিরস্ত হয়েন।

ইংলন্ডের প্রথম চার্লস্ যে প্রজাগণের বাহ্বলে শাসিত হইয়াছিলেন, তাহা সকলে অবগত আছেন। তাঁহার পুত্র দ্বিতীয় জেম্স্, বাহ্বল প্রয়োগের উদ্যম দেখিয়াই দেশ পরিত্যাগ করিলেন। কিন্তু এর্প বাহ্বল প্রয়োগের প্রয়াজন সচরাচর ঘটে না। বাহ্বলের আশঙ্কাই যথেণ্ট। অসীম প্রতাপশালী ভারতীয় ইংরেজগণ যদি ব্ঝেন যে, কোন কার্য্যে প্রজাগণ অসন্তুণ্ট হইবে, তবে সে কার্য্যে হস্তক্ষেপ করেন না। ১৮৫৭।৫৮ সালে দেখা গিয়াছে, ভারতীয় প্রজাগণ বাহ্বলে তাঁহাদিগের সমকক্ষ নহে। তথাপি প্রজার সঙ্গে বাহ্বলের পরীক্ষা স্থদায়ক নহে। অতএব তাঁহারা বাহ্বল প্রয়োগের আশঙ্কা দেখিলে ব্যক্তিত পথে গতি করেন না।

অতএব কেবল ভাবী ফল বুঝাইতে পারিলেই, বিনা প্রয়োগে বাহ্বলের কার্য্য সিদ্ধ হয়। এই প্রবৃত্তি বা নিবৃত্তিদায়িনী শক্তি আর একটি দ্বিতীয় বল। কথায় বুঝাইতে হয়। এই জন্য আমি ইহাকে বাক্যবল নাম দিয়াছি।

এই বাকাবল অতিশয় আদরণীয় পদার্থ। বাহ্ববল মন্বাসংহার প্রভৃতি বিবিধ অনিষ্ট

সাধন করে, কিন্তু বাক্যবল বিনা রঞ্জপাতে, বিনা অস্ত্রাঘাতে, বাহ্বলের কার্য্য সিদ্ধ করে। অতএব এই বাক্যবল কি, এবং তাহার প্রয়োগ লক্ষণ ও বিধান কি প্রকার, তাহা বিশেষ প্রকারে সমালোচিত হওয়া কর্ত্তব্য। বিশেষতঃ এতদ্দেশে। অস্মদ্দেশে বাহ্বল প্রয়োগের কোন সম্ভাবনা নাই—বর্ত্তমান অবস্থায় অকর্ত্তব্যও বটে। সামাজিক অত্যাচার নিবারণের বাক্যবল একমাত্র উপায়। অতএব বাক্যবলের বিশেষ প্রকারে উন্নতির প্রয়োজন।

বস্তুতঃ বাহ্বল অপেক্ষা বাক্যবল সর্বাংশে শ্রেষ্ঠ। এ পর্যান্ত বাহ্বলে প্থিবীর কেবল অবনতিই সাধন করিয়াছে—যাহা কিছ্ব উন্নতি ঘটিয়াছে, তাহা বাক্যবলে। সভ্যতার যাহা কিছ্ব উন্নতি ঘটিয়াছে, তাহা বাক্যবলে। সমাজনীতি, রাজনীতি, ধন্মনীতি, সাহিত্য, বিজ্ঞান, শিল্প, যাহারই উন্নতি ঘটিয়াছে, তাহা বাক্যবলে। যিনি বক্তা, যিনি কবি, যিনি লেখক—দার্শনিক, বৈজ্ঞানিক, নীতিবেক্তা, ধন্মবৈক্তা, ব্যবস্থাবেক্তা, সকলেই বাক্যবলেই বলী।

ইহা কেহ মনে না করেন যে, কেবল বাহ্বলের প্রয়োগ নিবারণই বাক্যবলের পরিণাম বা তদর্থেই বাক্যবল প্রযুক্ত হয়। মন্যা কতক দ্র পশ্চারিত্র পরিত্যাগ করিয়া উন্নতাবস্থায় দাঁড়াইয়াছে। অনেক সময়ে মন্যা ভয়ে ভীত না হইয়াও, সংকন্মান্তানে প্রবৃত্ত। যদি সমগ্র সমাজের কথনও এক কালে কোনো বিশেষ সদন্তানে প্রবৃত্তি জন্মে, তবে সে সংকার্য্য অবশা অন্তিত হয়। এই সংপথে জনসাধারণের প্রবৃত্তি কথনও কথনও জ্ঞানীর উপদেশ বাতীত ঘটে না। সাধারণ মন্যাগণ অজ্ঞ, চিন্তাশীল ব্যক্তিগণ তাহাদিগকৈ শিক্ষা দেন। সেই শিক্ষাদায়িনী উপদেশমালা যদি যথাবিহিত বলশালিনী হয়, তবেই তাহা সমাজের হদয়ঙ্গমতা হয়। যাহা সমাজের একবার হদ্গত হয়, সমাজ আর তাহা ছাড়ে না—তদন্তানে প্রবৃত্ত হয়। উপদেশবাক্যবলে আলোড়িত সমাজ বিপ্লত হইয়া উঠে। বাক্যবলে এইয়্প যাদ্শ সামাজিক ইষ্ট সাধিত হয়, বাহ্বলে তাদ্শ কখনও ঘটিবার সম্ভাবনা নাই।

মনুসা, ইসা, শাক্যসিংহ প্রভৃতি বাহুবলে বলী নহেন—বাক্যবীর মাত্র। কিন্তু ইসা, শাক্যসিংহ প্রভৃতির দ্বারা পৃথিবীর যে ইন্ট সাধিত হইয়াছে, বাহুবলবীরগণ কর্তৃক তাহার শতাংশ নহে। বাহুবলে যে কখনও কোন সমাজের ইন্ট সাধন হয় না, এমত নহে। আত্মরক্ষার জন্য বাহুবলই প্রেণ্ট। আমেরিকায় প্রধান উন্নতিসাধনকর্ত্তা বাহুবলবীর ওয়াশিংটন্। হলন্ত্ত্ বেলজিয়মের প্রধান উন্নতিসাধনকর্ত্তা বাহুবলবীর আরেজের উইলিয়ম্। ভারতবর্ষের আধুনিক দুর্গতির প্রধান কারণ—বাহুবলের অভাব। কিন্তু মোটের উপর দেখিতে গেলে, দেখা যাইবে যে, বাহুবল অপেক্ষা বাক্যবলেই জগতের ইন্ট সাধিত হইয়াছে। বাহুবল পশ্রুর বল—বাক্যবল মনুষ্যের বল। কিন্তু কতকগ্বলা বিকতে পারিলে বাক্যবল হয় না।—বাক্যের বলকে আমি বাক্যবল বলিতেছি না। বাক্যে যাহা ব্যক্ত হয়, তাহারই বলকে বাক্যবল বলিতেছি। চিন্তাশীল চিন্তার দ্বারা জাগতিক তত্বসকল মনোমধ্য হইতে উন্ভূত করেন—বক্তা তাহা বাক্যে লোকের হদয়গত করান। এতদুভ্যের বলের সমবায়কে বাক্যবল বলিতেছি।

অনেক সময়েই এই বল একাধারে নিহিত—কখন কখন বলের আধার পৃথক্ভূত। একবিত হউক, পৃথক্ভূত হউক, উভয়ের সম্বায়ই বাক্যবল।

(অসম্পূর্ণ)

বাঙ্গালা ভাষা*

লিখিবার ভাষা

প্রায় সকল দেশেই লিখিত ভাষা এবং কথিত ভাষায় অনেক প্রভেদ। যে সকল বাঙ্গালী ইংরেজী সাহিত্যে পারদশী, তাঁহারা একজন লন্ডনী কক্নী বা একজন ক্ষকের কথা সহজে ব্যিতে পারেন না, এবং এতন্দেশে অনেক দিন বাস করিয়া বাঙ্গালীর সহিত কথাবার্ত্তা কহিতে কহিতে যে ইংরেজেরা বাঙ্গালা শিথিয়াছেন, তাঁহারা প্রায় একখানিও বাঙ্গালাগ্রন্থ ব্যাঝিতে পারেন

^{*} राजमार्गन, ১२४৫, रेकान्छ।

না। প্রাচীন ভারতেও সংস্কৃতে ও প্রাকৃতে, আদৌ বোধ হর; এইর্প প্রভেদ ছিল, এবং সেই প্রভেদ হইতে আধুনিক ভারতবর্ষীয় ভাষাসকলের উৎপত্তি।

বাঙ্গালার লিখিত এবং ক্থিত ভাষায় যতটা প্রভেদ দেখা যায়, অন্যত্র তত নহে। বলিতে গেলে, কিছু কাল প্রের্থ দুইটি পৃথক্ ভাষা বাঙ্গালায় প্রচলিত ছিল। একটির নাম সাধ্ভাষা; অপরটির নাম অপর ভাষা। একটি লিখিবার ভাষা, দ্বিতীয়টি কহিবার ভাষা। পৃষ্তকে প্রথম ভাষাটি ভিন্ন, দ্বিতীয়টির কোন চিহ্ন পাওয়া যাইত না। সাধ্ভাষায় অপ্রচলিত সংস্কৃত শব্দ-সকল বাঙ্গালা ক্রিয়াপদের আদিম র্পের সঙ্গে সংযুক্ত হইত। যে শব্দ আভাঙ্গা সংস্কৃত নহে, সাধ্ভাষায় প্রবেশ করিবার তাহার কোন অধিকার ছিল না। লোকে ব্রুক্ বা না ব্রুক্, আভাঙ্গা সংস্কৃত চাহি। অপর ভাষা সে দিকে না গিয়া, যাহা সকলের বোধগমা, তাহাই ব্যবহার করে।

গদ্য* গ্রন্থাদিতে সাধ্ভাষা ভিন্ন আর কিছু ব্যবহার হইত না। তথন প্রন্তকপ্রণয়ন সংস্কৃত ব্যবসায়ীদিগের হাতে ছিল। অন্যের বোধ ছিল যে, যে সংস্কৃত না জানে, বাঙ্গালা গ্রন্থ প্রণয়নে তাহার কোন অধিকার নাই, সে বাঙ্গালা লিখিতে পারেই না। যাঁহারা ইংরেজিতে পশ্ডিত, তাঁহারা বাঙ্গালা লিখিতে পড়িতে না জানা গোরবের মধ্যে গণ্য করিতেন। স্ত্রাং বাঙ্গালায় রচনা ফোঁটা-কাটা অনুস্বারবাদীদিগের একচেটিয়া মহল ছিল। সংস্কৃতেই তাঁহাদিগের গোরব। তাঁহারা ভাবিতেন, সংস্কৃতেই তবে ব্বিঝ বাঙ্গালা ভাষার গোরব; যেমন গ্রাম্য বাঙ্গালী স্থীলোক মনে করে যে, শোভা বাড়্ক না বাড়্ক, ওজনে ভারি সোনা অঙ্গে পরিলেই অলঙ্কার পরার গোরব হইল, এই গ্রন্থকন্তর্বারা তেমনি জানিতেন, ভাষা স্কুন্র হউক বা না হউক, দ্বেশ্বাধ্য সংস্কৃতবাহ্বল্য থাকিলেই রচনার গোরব হইল।

এইর্প সংস্কৃতপ্রিয়তা এবং সংস্কৃতান্কারিতা হেতু বাঙ্গালা সাহিত্য অত্যন্ত নীরস, শ্রীহীন, দ্বর্বাল, এবং বাঙ্গালা সমাজে অপরিচিত হইয়া রহিল। টেকচাদ ঠাকুর প্রথমে এই বিষব্দের মলে কুঠারাঘাত করিলেন। তিনি ইংরেজিতে স্মৃশিক্ষিত। ইংরেজিতে প্রচলিত ভাষার মহিমা দেখিয়াছিলেন এবং ব্রিঝয়াছিলেন। তিনি ভাবিলেন, বাঙ্গালার প্রচলিত ভাষাতেই বা কেন গদাগ্রন্থ রচিত হইবে না? যে ভাষায় সকলে কথোপকথন করে, তিনি সেই ভাষায় "আলালের ঘরের দ্বলাল" প্রণয়ন করিলেন। সেই দিন হইতে বাঙ্গালা ভাষার শ্রীবৃদ্ধি। সেই দিন হইতে শুক্ত তরুর মলে জীবনবারি নিষিক্ত হইল।

সেই দিন হইতে সাধ্ভাষা, এবং অপর ভাষা, দুই প্রকার ভাষাতেই বাঙ্গালা গ্রন্থ প্রণয়ন হইতে লাগিল, ইহা দেখিয়া সংস্কৃতব্যবসায়ীরা জ্বালাতন হইয়া উঠিলেন; অপর ভাষা, তাঁহাদিগের বড় ঘ্ণা। মদ্য, ম্বরগা, এবং টেকচাঁদী বাঙ্গালা এককালে প্রচলিত হইয়া ভট্টাচার্যা-গোষ্ঠীকে আকুল করিয়া তুলিল। এক্ষণে বাঙ্গালা ভাষার সমালোচকেরা দুই সম্প্রদারে বিভক্ত হইয়ছেন। এক দল খাঁটি সংস্কৃতবাদী—যে গ্রন্থে সংস্কৃতম্লক শব্দ ভিন্ন অন্য শব্দ ব্যবহার হয় তাহা তাঁহাদের বিবেচনায় ঘ্ণার যোগ্য। অপর সম্প্রদায় বলেন, তোমাদের ও কচকচি বাঙ্গালা নহে। উহা আমরা কোন গ্রন্থে ব্যবহার করিতে দিব না। যে ভাষা বাঙ্গালা সমাজে প্রচলিত, যাহাতে বাঙ্গালার নিত্য কার্য্য সকল সম্পাদিত হয়, যাহা সকল বাঙ্গালীতে ব্বের, তাহাই বাঙ্গালা ভাষা—তাহাই গ্রন্থাদির ব্যবহারের যোগ্য। অধিকাংশ স্কৃশিক্ষিত ব্যক্তি এক্ষণে এই সম্প্রদায়ভুক্ত। আমরা উভয় সম্প্রদায়ের এক এক ম্বুপায়ের উক্তি এই প্রবন্ধে সমালোচিত করিয়া স্থূল বিষয়ের মনীমাংসা করিতে চেন্টা করিব।

সংস্কৃতবাদী সম্প্রদায়ের মূখপাত্রস্বর্প আমরা রামগতি ন্যায়রত্ব মহাশয়কে গ্রহণ করিতেছি।

ৰ ২--২৪

^{*} পদ্য সন্বন্ধে ভিন্ন রীতি। আদৌ বাঙ্গালা কাব্যে কথিত ভাষাই অধিক পরিমাণে ব্যবহার ইইত
—এখনও হইতেছে। বোধ হয়, আজি কালি সংস্কৃত শব্দ বাঙ্গালা পদ্যে প্র্বাপেকা অধিক পরিমাণে
প্রবেশ করিতেছে: চন্ডীদাসের গীত এবং ব্রজাঙ্গনা কাব্য, অথবা কৃত্তিবাসি রামারণ এবং ব্রসংহার
তুলনা করিয়া দেখিলেই ব্রিক্তে পারা যাইবে। এ সন্বন্ধে যাহা লিখিত ইইল, তাহা কেবল বাঙ্গাঙ্গা
গাদ্য সন্বন্ধেই বর্ত্তে। বাঁহারা সাহিত্যের ফলাফল অনুসন্ধান করিরাছেন, তাঁহারা জানেন বে, পদ্যাপেকা
গাদ্য শ্রেষ্ঠ, এবং সভ্যতার উর্বাভ পক্ষে পদ্যাপেকা গদ্যই কার্য্করী। অতএব পদ্যের রীতি ভিন্ন
হইলেও, এই প্রবন্ধের প্রয়োজন কমিল না।

বিদ্যাসাগর প্রভৃতি মহামহোপাধ্যার পণ্ডিত থাকিতে আমরা ন্যাররত্ব মহাশরকে এই সম্প্রদারের মুখপান্তস্বরূপ গ্রহণ করিলাম, ইহাতে সংস্কৃতবাদীদিগের প্রতি কিছু অবিচার হয়, ইহা আমরা ম্বীকার করি। ন্যায়রম্ব মহাশর সংস্কৃতে স্বাশিক্ষিত, কিন্তু ইংরেজি জানেন না-পাশ্চান্ত্য সাহিত্য তাঁহার নিকট পরিচিত নহে। তাঁহার প্রণীত বাঙ্গালা সাহিত্যবিষয়ক প্রস্তাবে ইংরেজি বিশ্যার একট, পরিচর দিতে গিয়া ন্যায়রত্ব মহাশর কিছু লোক হাসাইয়াছেন।* আমরা সেই গ্রন্থ হইতে সিদ্ধ করিতেছি যে, পাশ্চান্ত্য সাহিত্যের অনুশীলনে যে সাফল জন্মে ন্যায়রত্ব মহাশর তাহাতে বঞ্চিত। বিনি এই স্ফলে বঞ্চিত, বিচার্য্য বিষয়ে তাঁহার মত তাঁহার নিজ সম্প্রদারের মধ্যেই যে অধিক গোরব প্রাপ্ত হইবে, এমত বোধ হয়। কিন্ত দূর্ভাগ্যবশতঃ যে সকল সংক্রেতবাদী পণ্ডিতদিগের মত অধিকতর আদরণীয়, তাঁহারা কেহই সেই মত, স্বপ্রণীত কোন প্রশেথ লিপিবদ্ধ করিয়া রাখেন নাই। স্তরাং তাঁহাদের কাহারও নাম উল্লেখ করিতে আমরা সক্ষম হইলাম না। ন্যায়রত্ব মহাশয় স্বপ্রণীত উক্ত সাহিত্যবিষয়ক প্রস্তাবে আপনার মতগুলি তিনি "আলালের ঘরের দ্বাল" হইতে কিয়দংশ উদ্ধৃত করিয়া লিখিয়াছেন বে, "এক্ষণে জিজ্ঞাস্য এই ষে. সন্ববিধ গ্রন্থরচনায় এইরপে ভাষা আদশস্বরূপ হইতে পারে কি না?—আমাদের विद्युष्टनार कथनरे ना। जामात्मत्र घरतत प्रामान वन, र राजाभारभाग वन, भूगानिनौ वन-भूषी বা পাঁচ জন বয়স্যের সহিত পাঠ করিয়া আমোদ করিতে পারি—কিন্তু পিতাপুত্রে একর বসিয়া অসংকৃচিতমুখে কখনই ও সকল পড়িতে পারি না। বর্ণনীয় বিষয়ের লম্জাজনকতা উহা পড়িতে না পারিবার কারণ নহে, ঐ ভাষারই কেমন একর প ভঙ্গী আছে, যাহা গ্রেরজনসমক্ষে উচ্চারণ क्रींत्रिक मण्डा त्याथ रस । भाठेकशम ! यिम जाभनात्मत छभत विमानात्सत भू छक्रीनन्दी छत्त হয়, আপনারা আলালী ভাষায় লিখিত কোন প্রস্তুককে পাঠারপে নির্দেশ করিতে পারিবেন कि?—ताथ इत्, भातित्वन ना। किन भातित्वन ना?—हेरात छेछत्त व्यवना धरे कथा वीमत्वन যে. ওরপে ভাষা বিশেষ শিক্ষাপ্রদ নয়, এবং উহা সর্ব্বসমক্ষে পাঠ করিতে লভ্জা বোধ হয়। चारा विकार के कार्य होता है जाना में अन्यामार्श्वित विकास के बार के कार्य क সম্ববিধ পাঠকের পক্ষে উপযুক্ত নহে। যদি তাহা না হইল, তবে আবার জিজ্ঞাস্য হইতেছে ষে এর প ভাষার প্রন্থরচনা করা উচিত কি না? আমাদের বোধে অবশ্য উচিত। যেমন ফলারে বসিয়া অনবরত মিঠাই মন্ডা খাইলে জিহ্বা একর্প বিকৃত হইয়া যায়-মধ্যে মধ্যে আদার কৃচি ও ক্মড়ার খাট্রা মুখে না দিলে সে বিকৃতির নিবারণ হয় না, সেইরূপ কেবল বিদ্যাসাগরী রচনা প্রবণে কর্লের যে একর্প ভাব জন্মে, তাহার পরিবর্তন করণার্থ মধ্যে মধ্যে অপরবিধ রচনা প্রবণ করা পাঠকদিগের আবশাক।"

আমরা ইহাতে ব্ঝিতেছি যে, প্রচলিত ভাষা ব্যবহারের পক্ষে ন্যায়রত্ন মহাশরের প্রধান আপত্তি বে, পিতা পুত্রে একত্রে বিসায় এর্প ভাষা ব্যবহার করিতে পারে না। ব্রক্ষাম বে, ন্যায়রত্ন মহাশরের বিবেচনায় পিতা পুত্রে বড় বড় সংস্কৃত শস্ক্রে কথোপকথন করা কর্ত্ব্য; প্রচলিত ভাষায় কথাবার্ত্তা হইতে পারে না। এই আইন চলিলে বোধ হয়, ইহার পর শ্রনিব যে, শিশ্র মাতার কাছে খাবার চাহিবার সময় বিলবে, "হে মাতঃ খাদাং দেহি মে" এবং ছেলে বাপের কাছে জ্বতার আবদার করিবার সময় বিলবে, "ছিমেয়ং পাদ্বুকা মদায়া"। ন্যায়রত্ন মহাশয় সকলের সম্মুখে সরল ভাষা ব্যবহার করিতে লজ্জা বোধ করেন, এবং সেই ভাষাকে শিক্ষাপ্রদ বিবেচনা করেন না, ইহা শ্রনিয়া তাঁহার ছার্রাদগের জন্য আমরা বড় দ্রুখিত হইলায়। বোধ হয়, তিনি স্বীয় ছার্গাণকে উপদেশ দিবার সময়ে লজ্জাবশতঃ দেড়গজী সমাসপরস্পরা বিন্যাসে তাহাদিগের মাখা ঘ্রাইয়া দেন। তাহারা যে এবংবিধ শিক্ষায় অধিক বিদ্যা উপার্জন করে,

^{*} যে, যে গ্রন্থ পড়ে নাই, বাহাতে বাহার বিদ্যা নাই, সেই গ্রন্থে ও সেই বিদ্যার বিদ্যাবতা দেখান, বাঙ্গালী লেখকদিগের মধ্যে একটি সংক্রামক রোগের স্বর্প হইরাছে। বিনি একছত সংস্কৃত কখন পড়েন নাই, তিনি ঝুড়ি বংড়ি সংস্কৃত কবিতা তুলিয়া স্বীর প্রবন্ধ উল্প্রন্থ করিতে চাহেন; বিনি এক বর্ণ ইংরেজি জানেন না, তিনি ইংরেজি সাহিত্যের বিচার লইয়া হ্লেছ্ল বাঁধাইয়া দেন। বিনি ক্র্যু গ্রন্থ ভিল্ল পড়েন নাই—তিনি বড় বড় গ্রন্থ হইতে অসংলগ্ন কোটেশ্যন করিয়া হাড় জন্মান। এ সকল নিতাক্ত কুর্চির ফল।

এমত বোধ হর না। কেন না, আমাদের স্থুল ব্ছিতে ইহাই উপলছি হয় বে, যাহা ব্রিতে না পারা বায়, তাহা হইতে কিছু শিক্ষালাভ হয় না। আমাদের এইর্প বোধ আছে বে, সরল ভাষাই শিক্ষাপ্রদ। ন্যায়য়য় মহাশয় কেন সরল ভাষাকে শিক্ষাপ্রদ নহে বিবেচনা করিরাছেন, তাহা আমরা অনেক ভাবিয়া স্থির করিতে পারিলাম না। বোধ হয়, বালাসংক্ষার ছিয় আর কিছুই সরল ভাষার প্রতি তাঁহার বাঁতরাগের কারণ নহে। আমরা আরও বিক্ষিত হইয়া দেখিলাম যে, তিনি স্বয়ং যে ভাষায় বাঙ্গালাসাহিতাবিষয়ক প্রস্তাব লিখিয়াছেন, তাহাও সরল প্রচালত ভাষা। টেকচাঁদা ভাষায় সঙ্গে এবং তাঁহার ভাষায় সঙ্গে কোন প্রছেন, তাহাও সরল কেবল এই যে, টেকচাঁদা ভাষায় সঙ্গে কোন রঙ্গর কোন রঙ্গর নাই। তিনি যে বলিয়াছেন যে, পিতা প্রে একর বাসায়া অসক্ত্রিত মুখে টেকচাঁদা ভাষা পড়িতে পারা যায় না, তাহার প্রকৃত কারণ টেকচাঁদে রঙ্গরস আছে। বাঙ্গালাদেশে পিতা প্রে একর বাসায়া রঙ্গরস পড়িতে পারে না। সরলচিত্ত অধ্যাপক অতট্রুকু ব্রিতে না পারিয়াই বিদ্যাসাগরী ভাষায় মহিমা কীর্তনে প্রবৃত্ত হইয়াছেন। ভাষা হইতে রঙ্গরস উঠাইয়া দেওয়া যদি ভট্টাচার্য্য মহাশার্মাদেগের মত হয়, তবে তাহারা সেই বিষয়ে যত্নবান্ হউন। কিন্তু তাহা বলিয়া অপ্রচলিত ভাষাকে সাহিত্যের ভাষা করিতে চেন্টা করিবেন না।

ন্যায়য়য় মহাশয়ের মত সমালোচনায় আর অধিক কাল হরণ করিবার আমাদিগের ইচ্ছা নাই। আমরা এক্ষণে স্থিশিক্ষিত অথবা নব্য সম্প্রদায়ের মত সমালোচনায় প্রবৃত্ত হইব। এই সম্প্রদায়ের সকলের মত একর্প নহে। ইহার মধ্যে এক দল এমন আছেন যে, তাঁহারা কিছ্ বাড়াবাড়ি করিতে প্রস্তুত। তম্মধ্যে বাব্ শ্যামাচরণ গঙ্গোপাধ্যায় গত বংসর কলিকাতা রিচ্ছিউতে বাঙ্গালা ভাষার বিষয়ে একটি প্রবন্ধ লিখিয়াছিলেন। প্রবন্ধটি উৎকৃষ্ট। তাঁহার মতগুর্লি অনেক স্থলে স্মুসত এবং আদরণীয়। অনেক স্থলে তিনি কিছ্ বেশী গিয়াছেন। বহুবচন আপেনে গণ শব্দ ব্যবহার করার প্রতি তাঁহার কোপদ্ভি। বাঙ্গালায় লিঙ্গভেদ তিনি মানেন না। প্থিবী যে বাঙ্গালায় স্থানিঙ্গবাচক শব্দ, ইহা তাঁহার অসহ্য। বাঙ্গালায় সদ্ধি তাঁহার চক্ষঃশ্রুল। বাঙ্গালায় তিনি জনৈক' লিখিতে দিবেন না। ম প্রতায়ান্ত এবং য প্রতায়ান্ত শব্দ ব্যবহার করিতে দিবেন না। সংস্কৃত সংখ্যাবাচক শব্দ, যথা—একাদশ বা চম্বারিংশং বা দুই শত ইত্যাদি বাঙ্গালায় ব্যবহার করিতে দিবেন না। ভাতা, কল্য, কর্দ, স্বর্দ, তায়্ল, পত্র, মন্তক্ষ, আন্ধ ইত্যাদি শব্দ বাঙ্গালা ভাষায় ব্যবহার করিতে দিবেন না। ভাই, কাল, কান, সোণা, কেবল এই সকল শব্দ ব্যহার হইবে। এইর্শ তিনি বাঙ্গালাভাষার উপর অনেক দোরাত্ম্য করিয়াছেন। বাঙ্গালা তিনি এই প্রবন্ধ বাঙ্গালাভাষা সম্বন্ধে অনেকগ্র্লিন সারগর্ভ কথা বাঙ্গালাছেন। বাঙ্গালা লেখকেরা তাহা স্মরণ রাথেন, ইহা আমাদের ইচ্ছা।

শ্যামাচরণবাব্ বালিরাছেন এবং সকলেই জানেন যে, বাঙ্গালা শব্দ গ্রিবিধ। প্রথম, সংস্কৃত-মূলক শব্দ, যাহার বাঙ্গালায় রুপান্তর হইরাছে, যথা—গৃহ হইতে ঘর, দ্রাতা হইতে ভাই। দ্বিতীয়, সংস্কৃতমূলক শব্দ, যাহার রুপান্তর হয় নাই। যথা—জ্বল, মেঘ, সুর্য্য। তৃতীয়, যে সকল শব্দের সংস্কৃতের সঙ্গে কোন সম্বন্ধ নাই।

প্রথম শ্রেণীর শব্দ সন্বন্ধে তিনি বলেন যে, রুশান্তরিত প্রচলিত সংস্কৃতম্বলক শব্দের পরিবর্তে কোন স্থানেই অরুপান্তরিত মূল সংস্কৃত শব্দ ব্যবহার করা কর্ত্তবন্ধ নহে, বথা—মাথার পরিবর্ত্তে মন্তক, বামনের পরিবর্ত্তে রাহ্মণ ইত্যাদি ব্যবহার করা কর্ত্তবন্ধ নহে। আমরা বিল যে, এক্ষণে বামনও যেমন প্রচলিত, রাহ্মণ শ্রেচলিত। তাই যেরুপ প্রচলিত, প্রাত্তা ততদ্বর না হউক, প্রায় সেইরুপ প্রচলিত ইয়াছে, তাহার উচ্ছেদে কোন ফল নাই এবং উচ্ছেদ সন্তবও নহে। কেই বন্ধ করিরা মাতা, পিতা, প্রাতা, গৃহ, তাম বা মন্তক ইত্যাদি শব্দকে বাহ্মলা ভাষা ইইতে বহিন্দক্ত করিরে পারিবেন না। আর বহিন্দক্ত করিরাই বা ফল কি? এ বাহ্মলা দেশে কোন্ চাষা আছে যে, ধানা, প্রকরিদী, গৃহ বা মন্তক ইত্যাদি শব্দের অর্থ ব্রেম না। বিদ সকলে ব্রেম, তবে কি দোষে এই শ্রেদীর শব্দক্রিল বধার্হ? বরং ইহাদের পরিত্যাগে ভাষা কিরদংশে ধনশ্না ইইবে মাত্র। নিন্দকারণ ভাষাকে ধনশ্ন্যা করা কোন ক্রমে বান্ধ্বনীয় নহে। আর কতকগ্রনিল এমত শব্দ আছে যে, তাহাদের রুপান্তর ঘটিরাছে আপাতত বোধা হয়, কিন্তু বান্তবিক রুপান্তর ঘটে নাই, কেবল সাধারণের উচ্চারণের বৈলক্ষণ্য ঘটিরাছে। সকলেট উচ্চারণ

করে "খেউরি", কিন্তু ক্ষোরী লিখিলে সকলে ব্রথে যে, এই সেই "খেউরি" শব্দ। এ শ্বলে ক্ষোরীকে পরিত্যাগ করিরা খেউরি প্রচলিত করার কোন লাভ নাই। বরং এমত শ্বলে আদিম সংস্কৃত রূপটি বজার রাখিলে ভাষার শ্বায়িত্ব জন্মে। কিন্তু এমন অনেকগ্রলি শব্দ আছে যে, তাহার আদিম রূপ সাধারণের প্রচলিত বা সাধারণের বোধগম্য নহে—তাহার অপদ্রংশই প্রচলিত এবং সকলের বোধগম্য। এমত শ্বলেই আদিম রূপ কদাচ ব্যবহার্য্য নহে।

যদিও আমরা এমন বলি না যে, "ঘর" প্রচলিত আছে বলিয়া গৃহ শব্দের উচ্ছেদ করিতে হইবে, অথবা মাথা শব্দ প্রচলিত আছে বলিয়া মন্তক শব্দের উচ্ছেদ করিতে হইবে; কিন্তু আমরা এমত বলি যে, অকারণে ঘর শব্দের পরিবর্ত্তে গৃহ, অকারণে মাথার পরিবর্ত্তে মন্তক, অকারণে পাতার পরিবর্ত্তে পাতার পরিবর্ত্তে তাম ব্যবহার উচিত নহে। কেন না, ঘর, মাথা, পাতা, তামা বাঙ্গালা; আর গৃহ, মন্তক, পত্র, তাম বাঙ্গহার উচিত নহে। কেন না, ঘর, মাথা, পাতা, তামা বাঙ্গালা; আর গৃহ, মন্তক, পত্র, তাম বাঙ্গহার যার যে, সংস্কৃত ছাড়িয়া বাঙ্গালা ফাড়িয়া বাঙ্গালা ফাড়িয়া বাঙ্গালা ফাড়িয়া বাঙ্গালা শব্দ বাবহার করিলে রচনা অধিকতর মধুর, স্কুপন্ট ও তেজস্বী হয়। "হে প্রাতঃ" বলিয়া যে ডাকে, বোধ হয় যেন সে বাতা করিতেছে; "ভাই রে" বলিয়া যে ডাকে, তাহার ডাকে মন উছলিয়া উঠে। অতএব আমরা প্রাতা শব্দ উঠাইয়া দিতে চাই না বটে, কিন্তু সচরাচর আমরা ভাই শব্দিট বাবহার করিতে চাই। প্রাতা শব্দ রাখিতে চাই, তাহার করিণ এই যে, সময়ে সময়ে তত্মবহারে বড় উপকার হয়। "প্রাত্ভাব" এবং "ভাইভাব", "প্রাত্ত্ব" এবং "ভাইগিরি" এতদ্ভাবের তুলনায় ব্রুমা যাইবৈ যে, কেন প্রাতৃ শব্দ বাঙ্গালায় বজায় রাখা উচিত। এই স্থলে বলিতে হয় যে, আজিও অকারণে প্রচলিত বাঙ্গালা ছাড়িয়া সংস্কৃত ব্যবহারে, ভাই ছাড়িয়া অকারণে প্রাতৃ শব্দের বাবহারে অনেক লেখকের বিশেষ আন্র্রাক্ত আছে। অনেক বাঙ্গালা রচনা যে নীরস, নিস্তেজ এবং অস্পন্ট, ইহাই তাহার কারণ।

দ্বিতীর শ্রেশীর শব্দ, অর্থাৎ যে সকল সংস্কৃত শব্দ র্পান্তর না ইইয়াই বাঙ্গালায় প্রচলিত আছে, তংসশ্বন্ধে বিশেষ কিছু বলিবার প্রয়োজন নাই। তৃতীয় শ্রেণী অর্থাৎ যে সকল শব্দ সংস্কৃতের সহিত সম্বন্ধশ্ব্রা, তংসম্বন্ধে শ্যামাচরণবাব্ব যাহা বলিয়াছেন, তাহা অত্যন্ত সারগর্ভ এবং আমরা তাহার সম্পূর্ণ অনুমোদন করি। সংস্কৃতপ্রিয় লেখকদিগের অভ্যাস যে, এই শ্রেশীর শব্দ সকল তাহারা রচনা ইইতে একেবারে বাহির করিয়া দেন। অন্যের রচনায় সে সকল শব্দের ব্যবহার শেলের ন্যায় তাহাদিগকে বিদ্ধ করে। ইহার পর মূর্খতা আমরা আর দেখি না। বিদ কোন ধনবান্ ইংরেজের অর্থভাশ্ভারে হালি এবং বাদশাহী দ্বই প্রকার মোহর থাকে, এবং সেই ইংরেজ বদি জাত্যভিমানের বশ হইয়া বিবির মাথাওয়ালা মোহর রাখিয়া, ফার্সি লেখা মোহরগ্নিল ফেলিরা দেয়, তবে সকলেই সেই ইংরেজকে ঘোরতর মূর্খ বালবে। কিন্তু ভাবিয়া দেখিলে, এই পশ্ভিতেরা সেই মত মূর্খ।

তাহার পরে অপ্রচলিত সংস্কৃত শব্দকে বাঙ্গালা ভাষায় ন্তন সমিবেশিত করার ঔচিত্য বিচার্যা। দেখা যায়, লেখকেরা ভূরি ভূরি অপ্রচলিত ন্তন সংস্কৃত শব্দ প্রোজনে বা নিম্প্রয়োজনে ব্যবহার করিয়া থাকেন। বাঙ্গালা আজিও অসম্পূর্ণ ভাষা, তাহার অভাব প্রক্ষ জন্য অন্য ভাষা হইতে সময়ে সময়ে শব্দ কর্জ্জ করিতে হইবে। কর্জ্জ করিতে হইলে, চিরকেলে মহাজন সংস্কৃতের কাছেই ধার করা কর্ত্তবা। প্রথমতঃ, সংস্কৃত মহাজনই পরম ধনী; ইহার রক্ষময় শব্দভাশ্ডার হইতে যাহা চাও, তাহাই পাওয়া যায়; ছিতীয়তঃ, সংস্কৃত হইতে শব্দ লাইলে, বাঙ্গালার সক্রে ভাল মিশে। বাঙ্গালার অস্থি, মঙ্জা, শোণিত, মাংস সংস্কৃতেই গঠিত। তৃতীয়তঃ, সংস্কৃত হইতে ন্তন শব্দ লাইলে, অনেকে ব্রিতে পারে; ইংরেজি বা আরবী হইতে লাইলে কে ব্রিবে? "মায়াকর্ষণ" বালালে কতক অর্থা অনেক অনভিজ্ঞ লোকেও ব্রেথ। "গ্র্যাবিটেশন্" বাজলে ইংরেজি যাহারা না ব্রে, তাহারা কেহই ব্রিবে না। অতএব ষেখানে বাঙ্গালা শব্দ নাই, সেখানে অবশ্য সংস্কৃত হইতে অপ্রচলিত শব্দ গ্রহণ করিতে হইবে। কিন্তু নিম্প্রয়োজনে অর্থাৎ বাঙ্গালা শব্দ থাকিতে তন্ধাচক অপ্রচলিত সংস্কৃত শব্দ ব্যবহার যাঁহারা করেন, তাঁহাদের কির্পে র্চি, তাহা আময়া ব্রিবেতে পারি না।

ছুলে কথা, সাহিত্য কি জন্য? গ্রন্থ কি জন্য? যে পড়িবে, তাহার ব্রিথবার জন্য। না ব্রিথবা, বহি বন্ধ করিয়া, পাঠক গ্রাহি গ্রাহি করিয়া ডাকিবে, বোধ হর এ উন্দেশ্যে কেহ গ্রন্থ লিখে না। যদি এ কথা সত্য হর, তবে যে ভাষা সকলের বোধগম্য—অথবা যদি সকলের বোধ-

বিবিধ প্রবন্ধ-বাঞ্চালা ভাষা

গম্য কোন ভাষা না থাকে, তবে যে ভাষা অধিকাংশ লোকের বোধগম্য—তাছাতেই গ্রন্থ প্রশীত হওয়া উচিত। যদি কোন লেখকের এমন উদ্দেশ্য থাকে বে, আমার গ্রন্থ দৃই চারি জন শব্দ-পান্ডিতে বৃক্ক, আর কাহারও ব্বিবার প্রয়েজন নাই, তবে তিনি গিয়া দৃর্হ ভাষায় গ্রন্থপ্রশারনে প্রবৃত্ত হউন। যে তাঁহার যশ করে কর্ক, আমরা কখন যশ করিব না। তিনি দৃই একজনের উপকার করিলে করিতে পারেন, কিন্তু আমরা তাঁহাকে পরোপকারকাতর খলস্বভাব পাযন্ড বালব। তিনি জ্ঞানবিতরণে প্রবৃত্ত হইয়া, চেচ্টা করিয়া অধিকাংশ পাঠককে আপনার জ্ঞানভান্ডার হইতে দ্বের রাখেন। যিনি যথার্থ গ্রন্থকার, তিনি জ্ঞানেন যে, পরোপকার ভিন্ন গ্রন্থপ্রশারনের উদ্দেশ্য নাই; জনসাধারণের জ্ঞানবৃদ্ধি বা চিন্তোর্মাত ভিন্ন রচনার অনা উদ্দেশ্য নাই; অতএব যত অধিক ব্যক্তি গ্রন্থের মন্দ্র্ম গ্রহণ করিতে পারে, ততই অধিক ব্যক্তি উপকৃত—ততই গ্রন্থের সফলতা। জ্ঞানে মন্ব্যমারেরই তুল্যাধিকার। যদি সে সর্বজনের প্রাপ্য ধনকে, তুমি এমত দৃর্হ ভাষায় নিবদ্ধ রাখ যে, কেবল যে কয়জন পরিশ্রম করিয়া সেই ভাষা শিখিয়াছে, তাহারা ভিন্ন আর কেহ তাহা পাইতে পারিবে না, তবে তুমি অধিকাংশ মন্ব্যকে তাহাদিগের স্বত্ব হইতে ব্যিত করিলে। তুমি সেখানে বঞ্চক মার।

তাই বলিয়া আমরা এমত বলিতেছি না যে, বাঙ্গালার লিখন পঠন হুতোমি ভাষার হওয়। উচিত। তাহা কখন হইতে পারে না। যিনি যত চেণ্টা কর্ন, লিখনের ভাষা এবং কখনের ভাষা চিরকাল স্বতন্ত্র থাকিবে। কারণ, কথনের এবং লিখনের উদ্দেশ্য ভিন্ন। কথনের উদ্দেশ্য কবল সামান্য জ্ঞাপন, লিখনের উদ্দেশ্য শিক্ষাদান, চিত্তসণ্টালন। এই মহৎ উদ্দেশ্য হুতোমি ভাষার কখন সিদ্ধ হইতে পারে না। হুতোমি ভাষা দরিদ্র, ইহার তত শব্দধন নাই; হুতোমি ভাষা নিস্তেজ, ইহার তেমন বাঁধন নাই; হুতোমি ভাষা অস্কুদর এবং যেখানে অঞ্চাল নর, সেখানে পবিত্রতাশ্না। হুতোমি ভাষার কখন গ্রন্থ প্রণীত হওয়া কর্তব্য নহে। যিনি হুতোমেপেণ্টা লিখিয়াছিলেন, তাঁহার রুচি বা বিবেচনার প্রশংসা করি না।

টেকচাঁদি ভাষা, হুতোমি ভাষার এক পৈঠা উপর। হাস্য ও কর্ণরসের ইহা বিশেষ উপযোগী। স্কচ কবি বর্ণস্ হাস্য ও কর্ণরসাত্মিকা কবিতায় স্কচ ভাষা ব্যবহার করিতেন, গন্তীর এবং উন্নত বিষয়ে ইংরেজি ব্যবহার করিতেন। গন্তীর এবং উন্নত বা চিন্তাময় বিষয়ে টেকচাঁদি ভাষায় কুলায় না। কেন না, এ ভাষাও অপেক্ষাকৃত দরিদ্র, দূব্বল এবং অপরিমান্তিত।

অতএব ইহাই সিদ্ধান্ত করিতে হইতেছে যে, বিষয় অনুসারেই রচনার ভাষার উচ্চতা বা সামান্যতা নিশ্বারিত হওয়া উচিত। রচনার প্রধান গুণ এবং প্রথম প্রয়োজন, সরলতা এবং ম্পন্টতা। যে রচনা সকলেই বৃত্তিতে পারে, এবং পড়িবামার যাহার অর্থ বৃত্তা যায়, **অর্থগোরব** থাকিলে তাহাই সম্বেশংকৃষ্ট রচনা। তাহার পর ভাষার সৌন্দর্যা, সরন্সতা এবং স্পন্টতার সহিত সৌন্দর্য্য মিশাইতে হইবে। অনেক রচনার মুখ্য উন্দেশ্য সৌন্দর্য—সে স্থলে সৌন্দর্য্যের অনুরোধে শব্দের একটা অসাধারণতা সহ্য করিতে হয়। প্রথমে দেখিবে, তুমি যাহা বালতে চাও, কোন্ ভাষায় তাহা সর্বাপেক্ষা পরিক্সাররূপে বাক্ত হয়। যদি সরল প্রচলিত কথাবার্তার ভাষায় তাহা সর্বাপেক্ষা স্কেপন্ট এবং স্কেদর হয়, তবে কেন উচ্চভাষার আশ্রর লইবে? যদি সে পক্ষে টেকচাঁদি বা হতোমি ভাষায় সকলের অপেক্ষা কার্য্য সূসিদ্ধ হয়, তবে তাহাই ব্যবহার করিবে। যদি তদপেক্ষা বিদ্যাসাগর বা ভূদেববাব, প্রদর্শিত সংস্কৃতবহুল ভাষার ভাবের অধিক ম্পন্টতা এবং সৌন্দর্য্য হয়, তবে সামান্য ভাষা ছাডিয়া সেই ভাষার আশ্রয় লইবে। বদি তাহাতেও কার্য্য সিদ্ধ না হয়, আরও উপরে উঠিবে: প্রয়োজন হইলে তাহাতেও আপত্তি নাই—নিম্প্রয়ো-জনেই আপত্তি। বলিবার কথাগুলি পরিস্ফুট করিয়া বলিতে হইবে—বতটুকু বলিবার আছে, भवछे कु विनारन- एक्कना देशदाकि, कार्मि, आर्जाव, भश्कृष्ठ, शामा, वना, य ভाষात गन्म श्रदाकिन, তাহা গ্রহণ করিবে, অল্লীল ভিন্ন কাহাকেও ছাড়িবে না। তার পর সেই রচনাকে সৌন্দর্য্যবিশিষ্ট করিবে—কেন না, যাহা অস্কর, মনুষাচিত্তের উপরে তাহার শক্তি অলপ। এই উদ্দেশাগুলি याशार्क जतम श्रामण ভाषात जिम्म रत्र. त्मरे क्रिको प्राधित-लिथक योग निर्धिक स्नातन. তবে সে চেন্টা প্রায় সফল হইবে। আমরা দেখিয়াছি, সরল প্রচলিত ভাষা অনেক বিষয়ে সংস্কৃতবহাল ভাষার অপেক্ষা শক্তিমতী। কিন্তু যদি সে সরল প্রচলিত ভাষার সে উন্সেশ্য त्रिक ना रस, **उ**दर काट्य काट्यर मास्कृतवर्द्ध जायात आधार नरेट रहेदा। श्रामन रहेल নিঃসঙ্কোচে সে আশ্রর লইবে।

ইহাই আমাদের বিবেচনার বাঙ্গালা রচনার উৎকৃষ্ট রীতি। নব্য ও প্রাচীন উভর সম্প্রদারের পরামর্শ ত্যাগ করিরা, এই রীতি অবলম্বন করিলে, আমাদিগের বিবেচনার ভাষা শক্তিশালিনী, শক্তিম্বরের প্রা্চা এবং সাহিত্যালঞ্চারে বিভূষিতা হইবে।

মন্ব্যম কি?*

মন্বাজন্ম গ্রহণ করিয়া কি করিতে হইবে, আজিও মন্বা তাহা ব্ঝিতে পারে নাই। অনেক লোক আছেন, তাঁহারা জগতে ধন্মান্মা রালয়া আত্মপরিচয় দেন; তাঁহারা মৃথে বালয়া থাকেন বে, পরকালের জন্য প্লাসগুয়ই ইহজকেম মন্বাের উদ্দেশ্য। কিন্তু অধিকাংশ লোকই, বাক্যে না হউক, কাবে্য এ কথা মানে না; অনেক লোক পরকালের অন্তিত্বই স্বাকার করে না। সন্বাজনস্বাকৃত হইলেও, প্লা কি, সে বিষয়ে বিশেষ মতভেদ। এই বঙ্গদেশেই এক সম্প্রদায়ের পরকালে সন্বাাদসম্মত, এবং পরকালের জন্য প্লাসগুয় ইহলোকের একমান্ন উদ্দেশ্য বালয়া মত—মদ্যপান পরকালের ঘাের বিপদের কারণ; আর এক সম্প্রদায়ের মত—মদ্যপান পরকালের জন্য পর্ম কার্যা। অথচ উভয় সম্প্রদায়ই বাঙ্গালী এবং উভয় সম্প্রদায়ই হিলন্। বিদ সত্য সত্যই পরকালের জন্য প্লাসগুয় মন্বাজন্মের প্রধান কার্য্য হয়় তবে সে প্লাই বা কি, কি প্রকারে তাহা অভিজতে হইতে পারে, তাহার ছিরতা কিছুই এ পর্যান্ত হয় নাই।

মনে কর, তাহা স্থির হইয়াছে; মনে কর, রান্ধাণে ভক্তি, গঙ্গাল্লান, তুলসীর মালা ধারণ, এবং হরিনামসক্ষীর্ত্তন ইত্যাদি প্রায়ক্ষম । ইহাই মন্মাজীবনের উদ্দেশ্য । অথবা মনে কর, রবিবারে কার্যাত্যাগ, গির্জায় বসিয়া নয়ন নিমীলন এবং খ্রীষ্ট্রাম্ম ভিন্ন ধর্ম্মান্তরে বিদ্বেষ, ইহাই প্রশাক্ষম । যাহা হউক, একটা কিছু, আর কিছু হউক না হউক, দান দয়া সত্যানিষ্ঠা প্রভৃতি প্রায়ক্ষম বলিয়া সম্বজনস্বীকৃত । কিন্তু তাই বলিয়া, ইহা দেখা যায় না যে, দান দয়া সত্যানিষ্ঠা প্রভৃতিকে অধিক লোক জীবনের উদ্দেশ্য বলিয়া অভ্যন্ত এবং সাধিত করে । অতএব প্রশা যে জীবনের উদ্দেশ্য, তাহা সম্ব্যাদিস্বীকৃত নহে : যেখানে স্বীকৃত, সেখানে সে বিশ্বাস

মৌখিক মাত।

বাস্ত্রবিক জীবনের উম্পেশ্য কি. এ তত্ত্বের প্রকৃত মীমাংসা লইয়া মনুষ্যলোকে আজিও বড় लाम बारह। मक मक वश्मत भर्द्य, जनस मग्रुत्तत जनम्भर्ग समार्था स जाग्रीकर्गिक জীব বাস করিত, তাহার দেহতত্ত্ব লইয়া মন্ত্রা বিশেষ ব্যস্ত—আপনি এ সংসারে আসিয়া কি করিবে, তাহা সমাক প্রকারে স্থিরীকরণে তাদৃশ চেষ্টিত নহে। যে প্রকার হউক আপনার উদরপ্রতির, এবং অপরাপর বাহ্যোন্দ্রয়সকল চরিতার্থ করিয়া, আত্মীয় স্বজনেরও উদরপ্রতি সংসাধিত করিতে পারিলেই অনেকে মনুষ্যজন্ম সফল বলিয়া বোধ করেন। তাহার উপর কোন প্রকারে অন্যের উপর প্রাধানালাভ উন্দেশ্য। উদরপ্রতির পর, ধনে হউক বা অন্য প্রকারে হউক লোকমধ্যে যথাসাখ্য প্রাধান্য লাভ করাকে মনুষ্যগণ আপনাদিগের জীবনের উদ্দেশ্য বিবেচনা করিয়া কার্য্য করে। এই প্রাধান্যলাভের উপায়, লোকের বিবেচনায় প্রধানতঃ ধন, जरभात ताक्षभम ७ यमा:। जाठवार थन, भम ७ यमा: मन्याक्षीयरनत जरम्ममा विवास मृत्य স্বীকৃত হউক বা না হউক, কার্য্যতঃ মনুষ্যলোকে সর্ববাদিসম্মত। এই তিনটির সমবায়, সমাজে সম্পদ্ বলিয়া পরিচিত। তিনটির একত্রীকরণ দ্বর্শভ, অতএব দূই একটি, বিশেষতঃ थन थाकिरमटे मन्भम् वर्खमान विमया स्वीकृष्ठ ददेया थारक। এहे मन्भमाकाश्कारे ममाजमर्था ের্ভ্রেন্স্রা উন্দেশ্যস্বরূপ অগ্রবন্তী, এবং ইহাই সমাজের ঘোরতর অনিন্টের কারণ। সমাজের উল্লেতির গতি যে এত মন্দ, তাহার প্রধান কারণই এই যে, বাহা সম্পদ্ মন,যোর জীবনের উল্লেশ্যম্বর্প হইয়া দাঁড়াইয়াছে। কেবল সাধারণ মন্ব্যাদিগের কাছে নহে ইউরোপীয় প্রধান পশ্ভিত এবং রাজপুরুষগণের কাছেও বটে।

কদাচিং কখনও এমন কেই জন্মগ্রহণ করেন যে, তিনি সম্পদ্কে মন্ব্রাজীবনের উদ্দেশ্য-

* राजनार्गन, ১२४৪, जाषिन।

[†] স্বীকার করি, কিয়ৎপরিমাণে ধনাকাক্ষা সমাজের মঙ্গণকর। ধনের আকাক্ষা মাত্র অমঙ্গণজনক, এ কথা বলি না, ধন মনুষ্যজীবনের উন্দেশ্য হওরাই অমঙ্গণকর।

विविध श्रवक्ष-मन्त्राष्ट्र कि?

মধ্যে গণ্য করা দ্বে থাকুক, জীবনোন্দেশ্যের প্রধান বিদ্যা বলিয়া ভাবিয়া থাকেন। যে রাজাসম্পদ্কে অপর লোকে জীবনসফলকর বিবেচনা করে, শাকাসিংহ তাহা বিদ্যাকর বলিয়া প্রত্যাখ্যান করিয়াছিলেন। ভারতবর্ষে বা ইউরোপে এমন অনেকেই ম্নিন্ত মহাপ্রেষ্ম জিলিয়াছেন যে, তাঁহারা বাহ্য সম্পদ্কে ঐর্প ঘৃণা করিয়াছেন। ই'হারা প্রকৃত পথ অবলম্বন করিয়াছিলেন, এমত কথা বলিতে পারিতোছি না। শাকাসিংহ শিখাইলেন যে, ঐহিক ব্যাপারে চিত্রনিবেশ মাত্র অনিষ্ঠপ্রদ, মন্য্য সম্বর্ত্যাগী হইয়া নির্বাণাকাক্ষী হউক। ভারতে এই শিক্ষার ফল বিষময় হইয়াছে। এইর্প আরও অনেকানেক ম্নিন্ত মহাপ্রেষ্ম মন্যাজীবনের উদ্দেশ্য সম্বন্ধে ভ্রান্ত হওয়াতে, ঐহিক সম্পদে অনন্রক্ত হইয়াও, সমাজের ইউসাখনে বিশেষ কৃতকার্ষ্য হইতে পারেন নাই। সামান্যতঃ সম্ব্যাসী প্রভৃতি সম্বন্দেশীয় বৈরাগীসম্প্রদায় সকলকে উদাহরণ স্বর্প নিন্দিভ করিলেই, একথা যথেষ্ট প্রমাণীকৃত হইবে।

স্থল কথা এই যে, ধনসগুয়াদির ন্যায় সন্থশন্য, শৃতফলশ্ন্য, মহত্বশ্না ব্যাপার প্রয়োজনীয় হইলেও কখনই মন্ব্যজীবনের উদ্দেশ্য বিলয়া গৃহীত হইতে পারে না। এ জীবন ভবিষাৎ পারলোকিক জীবনের জন্য পরীক্ষা মান্ত—পৃথিবী স্বর্গলাভের জন্য কর্মাভূমি মান্ত—এ কথা যদি যথার্থ হয়, তবে প্রলোকে সন্থপ্রদ কার্য্যের অনুষ্ঠানই জীবনের উদ্দেশ্য হওয়া উচিত বটে। কিন্তু প্রথমতঃ সেই সকল কার্য্য কি, তদ্বিষয়ে মতভেদ, নিশ্চয়তার একেবারে উপায়াভাব: দ্বিতীয়তঃ প্রলোকের অস্তিত্বেরই প্রমাণাভাব।

ততীয়তঃ, পরলোক থাকিলে, এবং ইহলোক পরীক্ষাভূমিমাত হইলেও ঐহিক এবং পারতিক শুভের মধ্যে ভিন্নতা হইবার কোন কারণ দেখা যায় না। যদি পরলোক থাকে, তবে যে ব্যবহারে পরলোকে শুভ নিষ্পত্তির সম্ভাবনা, সেই কার্যেই ইহলোকেও শুভ নিষ্পত্তির সম্ভাবনা কেন নহে, তাহার যথার্থ হেত্রনিন্দেশ এ পর্যান্ত কেহ করিতে পারে নাই। ধর্ম্মাচরণ যদি মঙ্গলপ্রদ रस, जर्द रा छेरा किनल अत्रलाक मञ्जलक्षम, रेरालाक मञ्जलक्षम नरर, व कथा किरम সপ্রমাণীকৃত হইতেছে? ঈশ্বর স্বর্গে বসিয়া কাজির মত বিচার করিতেছেন, পাপীকে নরক-ক্রণ্ডে ফেলিয়া দিতেছেন, প্রায়াআকে স্বর্গে পাঠাইয়া দিতেছেন, এ সকল প্রাচীন মনোরঞ্জন উপন্যাসকে প্রমাণ বলিয়া গ্রহণ করা যাইতে পারে না। যাঁহারা বলেন যে, ইহলোকে অধ্যাদ্মিকের শুভ, এবং ধার্ম্মিকের অশুভ দেখা গিয়া থাকে, তাঁহাদিগের চক্ষে কেবল ধনসম্পদাদিই শুভ। তাঁহাদিলের বিচার এই মূল ভ্রান্তিতে দূষিত। যদি পুণ্যকর্মা পরকালে শুভপ্রদ হয়, তবে ইহলোকেও প্রণাকর্ম্ম শুভপ্রদ। কিন্তু বাস্তবিক কেবল প্রণাকর্ম্ম কি পরলোকে, কি ইহলোকে শতেপ্রদ হইতে পারে না। যে প্রকার মনোবাত্তির ফল প্রণাকর্মা, তাহাই উভয় লোকে শতেপ্রদ হওয়াই সম্ভব। কেহ যদি কেবল ম্যাজিম্মেট্ সাহেবের তাড়নার বশীভূত হইয়া, অথবা যশের লালসায় অপ্রসম্মচিত্তে দুভিক্ষিনিবারণের জন্য লক্ষ মুদ্রা দান করে, তবে তাহার পারলোকিক মজলসণ্ডয় হইল কি? দান প্রায়ক্তম্ম বটে, কিন্তু এরপে দানে পরলোকের কোন উপকার হইবে, ইহা কেহই বলিবে না। किन्छु यে अर्थाजात मान कतिए भातिम ना, किन्छु मान क्रींतरा भारित ना विषया काछत, रत्र देशलारक, धवर भत्रत्नाक धाकित्न भत्रत्नारक, त्र्भी হওয়া সম্ভব।

অতএব মনোব্ভিসকল যে অবস্থায় পরিণত হইলে প্ণাক্তমা তাহার প্রাভাবিক ফলস্বর্প স্বতঃ নিম্পাদিত হইতে থাকে, পরলোক থাকিলে তাহাই পরলোকে শৃভ্দায়ক বলিলে কথা গ্রাহ্য করা যাইতে পারে। পরলোক থাকুক বা না থাকুক, ইহলোকে তাহাই মন্যাজীবনের উদ্দেশ্য বটে। কিন্তু কেবল তাহাই মন্যাজীবনের উদ্দেশ্য হটতে পারে না। যেমন কতকগৃলি মার্নাসক ব্রির চেন্টা কর্মা, এবং যেমন সে সকলগ্রিল সমাস্থ মান্ত্রিত ও উর্গ্নত হইলে, স্বভাবতঃ প্ণাকম্মের অনুষ্ঠানে প্রবৃত্তি জন্মে, তেমনি আর কতকগৃলি বৃত্তি আছে, তাহাদের উদ্দেশ্য কোন প্রকার কার্ম্য নহে—জ্ঞানই তাহাদিগের ক্রিয়া। কার্যকারিশী বৃত্তিগৃলির অনুশীলন যেমন মন্যাজীবনের উদ্দেশ্য, জ্ঞানান্তর্কারী বৃত্তিগৃলিরও সেইর্পে অনুশীলন জীবনের উদ্দেশ্য হওরা উচিত। বৃত্তঃ সকল প্রকার মান্সিক বৃত্তির সমাক্ অনুশীলন, সম্পূর্ণ স্ফ্রির ও বংগাচিত উর্গ্নিত ও বিশ্বজ্ঞিই মন্যাজীবনের উদ্দেশ্য।

এই উদ্দেশ্যমাত্র অবলম্বন করিয়া, সম্পদাদিতে উপস্কৃত্ত ঘৃণা দেখাইয়া, জীবন নির্ম্বাহ করিয়াছেন, এরূপ মনুষ্য কেহ জন্মগ্রহণ করেন নাই, এমত নহে। তাঁহাদিগের সংখ্যা অতি অক্প হইলেও, তাহাদিগের জীবন-বৃত্ত মন্যাগণের অম্ল্য শিক্ষাস্থল। জীবনের উদ্দেশ্য সম্বন্ধে এর্প শিক্ষা আর কোথাও পাওয়া ষায় না। নীতিশাস্ত্র, ধর্ম্মশাস্ত্র, বিজ্ঞান, দর্শন প্রভৃতি সর্বাপেক্ষা এই প্রধান শিক্ষা। দৃ্ভাগাবশতঃ ই'হাদিগের জীবনের গ্রু তত্ত্ব সকল অপরিজ্ঞেয়। কেবল দৃই জন আপন আপন জীবন-বৃত্ত লিখিয়া রাখিয়া গিয়াছেন। একজন গেটে, দ্বিতীয় জন্ কর্মার্ট্ মিল্।

লোকশিক্ষা*

লোকসংখ্যা গণনা করিয়া জানা গিয়াছে যে. বাঙ্গালা দেশে না কি ছয় কোটি যাটি লক্ষ্ণ মনুষ্য আছে। ছয় কোটি যাটি লক্ষ্ণ মনুষ্যের দ্বারা সিদ্ধা না হইতে পারে, বুনি পৃথিবীতে এমন কোন কার্যাই নাই। কিন্তু বাঙ্গালীর দ্বারা কোন কার্যাই সিদ্ধ হইতেছে না। ইহার অবশ্য কোন কারণ আছে। লোহ অস্তে পরিণত হইলে তন্দ্বারা প্রস্তুর পর্যান্ত বিভিন্ন করা যায়, কিন্তু লোহমান্তেরই ত সে গণু নাই। লোহকে নানাবিধ উপাদানে প্রস্তুত, গঠিত, শাণিত করিতে হয়। তবে লোহ ইম্পাত হইয়া কাটে। মনুষ্যকে প্রস্তুত, উত্তেজিত, শিক্ষিত করিতে হয়, তবে মনুষ্যের দ্বারা কার্য্য হয়। বাঙ্গালার ছয় কোটি বাটি লক্ষ্ণ লোকের দ্বারা যে কোন কার্য্য হয় না. তাহার কারণ এই যে, বাঙ্গালার লোকশিক্ষা নাই। যাহারা বাঙ্গালার নানাবিধ উন্নতি সাধনে প্রবৃত্ত, তাহারা লোকশিক্ষার কথা মনে করেন না, আপন আপন বিদ্যাব্রদ্ধিপ্রকাশেই প্রমন্ত। ব্যাপার বড় অলপ আশ্বর্ষ্য নহে।

ইহা কখনও সম্ভব নহে যে, বিদ্যালয়ে পাল্পক পড়াইয়া, ব্যাকরণ জ্যামিতি শিখাইয়া. সপ্তকোটি লোকের শিক্ষাবিধান করা যাইতে পারে। সে শিক্ষা শিক্ষাই নহে, এবং সে উপারে এ শিক্ষা সম্ভবও নহে। চিত্তবৃত্তি সকলের প্রকৃত অবস্থা, স্ব স্ব কার্য্যে দক্ষতা, কর্ত্তব্য কার্য্যে উৎসাহ, এই শিক্ষাই শিক্ষা। আমাদিগের এমনি একটাকু বিশ্বাস আছে যে, ব্যাকরণ জ্যামিতিতে সে শিক্ষা হয় না এবং রামমোহন রায় হইতে ফটিকচাদ স্কোয়ার পর্য্যন্ত দেখিলাম না ষে, কোন ইংরেজী-নবীশ সে বিষয়ে কোন কথা কহিয়াছেন।

ইউরোপে এইর্প লোকশিক্ষা নানাবিধ উপায়ে হইয়া থাকে। বিদ্যালয়ে প্রন্সিয়া প্রভৃতি অনেক দেশে আপামর সাধারণ সকলেরই হয়। সংবাদপত্র সে সকল দেশে লোকশিক্ষার একটি প্রধান উপায়। সংবাদপত্র লোকশিক্ষার যে কির্প উপায়, তাহা এদেশীয় লোক সহজে অন্ভব করিতে পারেন না।

এদেশে এক এক ভাষায় খান দশ পোনের সংবাদপত্র; কোনখানির গ্রাহক দ্বই শত, কোনখানির গ্রাহক পাঁচ শত, পড়ে পাঁচ সাত হাজার লোক। ইউরোপে এক এক দেশে সংবাদপত্র শত শত, সহস্র সহস্র। এক একখানির গ্রাহক সহস্র সহস্র, লক্ষ লক্ষ। পড়ে লক্ষ লক্ষ, কোটি কোটি লোক। তারপর নগরে নগরে সভা, গ্রামে গ্রামে বক্তুতা। যাহার কিছু বলিবার আছে, সেই প্রতিবাসী সকলকে সমবেত করিয়া সে কথা বলিয়া শিখাইয়া দেয়। সেই কথা আবার শত শত সংবাদপত্র প্রচারিত হইয়া শত শত ভিল্ল গ্রামে, ভিল্ল নগরে প্রচারিত, বিচারিত এবং অধীত হয়; লক্ষ লক্ষ লোকে সে কথায় শিক্ষিত হয়। এক একটা ভোজের নিমন্তাপই স্বাদ্ধাদ্য চর্ম্বাণ করিতে করিতে ইউরোপীয় লোকে যে শিক্ষা প্রাপ্ত হয়, আমাদের তাহার কোন অনুভবই নাই। আমাদিগের দেশের যে সংবাদপত্র সকল আছে, তাহার দ্বৃদ্ধান্য কথা ত প্রেই বলিয়াছি; বক্তৃতা সকল ত লোকশিক্ষার দিক্ দিয়াও বায় না; তাহার বহু কারণের মধ্যে একটি প্রধান কারণ এই যে, তাহা কখনও দেশীয় ভাষায় উক্ত হয় না। অতি অলপ লোকে শত্রে, অতি অলপ লোকে পড়ে, আর অলপ লোকে ব্রে; আর বক্তৃতাগ্র্লি অসার বলিয়া আরও অলপ লোকে তাহা হইতে শিক্ষাপ্রাপ্ত হয়।

এক্ষণকার অবস্থা এইর্প হইয়াছে বটে, কিন্তু চিরকাল যে এদেশে লোকশিক্ষার উপায়ের অভাব ছিল, এমত নহে। লোকশিক্ষার উপায় না থাকিলে শাক্যসিংহ কি প্রকারে সমগ্র ভারতবর্ষকে বৌদ্ধধর্ম্ম শিথাইলেন? মনে করিয়া দেখ, বৌদ্ধধন্মের ক্ট তর্কসকল ব্রিষতে

^{*} वत्रमर्गन, ১२४৫, जञ्चराज्ञग।

বিবিধ প্রবছ-কোকশিকা

আমাদিগের আধ্নিক দার্শনিকদিগের মস্তকের ঘন্ম চরণকে আর্দ্র করে; মক্ষম্বার যে তাহা বর্নিতে পারেন নাই, কলিকাতা রিবিউতে তাহার প্রমাণ আছে। সেই ক্টতভ্বময়, নিব্বাদাবাদী, আহিংসাত্মা, দ্বেবাধ্য ধন্ম, শাক্যসিংহ এবং তাহার শিষ্যাণ সমগ্র ভারতবর্ষকে—গৃহস্থ পরিরাজক, পন্ডিত, মুর্খ, বিষয়ী, উদাসীন, রাক্ষণ, শ্দ্র, সকলকে শিখাইয়াছিলেন। লোকশিক্ষার কি উপায় ছিল না? শঙ্করাচার্য্য সেই দ্যুবদ্ধম্বা দিশ্বিজয়ী সাম্যময় বোদ্ধম্ম বিল্প্র করিয়া আবার সমগ্র ভারতবর্ষকে শৈবধন্ম শিখাইলেন—লোকশিক্ষার কি উপায় ছিল না? সে দিনও চৈতন্যদেব সমগ্র উৎকল বৈষ্ণব করিয়া আসিয়াছেন। লোকশিক্ষার কি উপায় হয় না? আবার এ দিকে দেখি, রামমোহন রায় হইতে কালেজের ছেলের দল পর্যান্ত সাড়ে তিন প্রম্ব রাক্ষধর্ম্ম ব্রিষ্কেতছেন। কিন্তু লোকে ত শিখে না। লোকশিক্ষার উপায় ছিল, এখন আর নাই।

একটা লোকশিক্ষার উপায়ের কথা বলি—সে দিনও ছিল—আজ আর নাই। কথকতার কথা বলিতেছি। গ্রামে গ্রামে, নগরে নগরে, বেদী পি'ড়ির উপর বসিয়া, ছে'ড়া তুলট, না দেখিবার मानत्म मन्द्रात्थ পाणिया. मुशक्ति मिल्लिमाला भिरताभरत र्दाष्ठिए कतिया. नाम् म नाम् म कार्ला কথক সীতার সতীত্ব, অর্ল্জনের বীরধর্ম্ম, লক্ষ্মণের সতারত, ভীক্ষের ইন্দিয়ক্তর, রাক্ষ্সীর প্রেমপ্রবাহ, দধীচির আত্মসমপ্ণবিষয়ক স্কুসংস্কৃতের সদ্ব্যাখ্যা স্কুক্টে সদলক্ষার সংযুক্ত করিয়া আপামর সাধারণ সমক্ষে বিবৃত করিতেন। যে লাঙ্গল চষে, যে তলো পেজে, যে কাট্না কাটে, যে ভাত পায় না পায়, সেও শিখিত-শিখিত যে ধর্ম্ম নিতা, যে ধর্ম্ম দৈব, যে আত্মান্তেষণ অশ্রদ্ধেয়, যে পরের জন্য জীবন, যে ঈশ্বর আছেন, বিশ্ব সূজন করিতেছেন, বিশ্ব পালন করিতেছেন, বিশ্ব ধ্বংস করিতেছেন, যে পাপ প**ুণ্য আছে, যে পাপের দণ্ড পু**ণোর পুরুকার আছে, যে **জন্ম** আপনার জন্য নহে, পরের জন্য, যে আহংসা পরম ধর্ম্ম, যে লোকহিত পরম কার্য্য-সে শিক্ষা কোথায়? সে কথক কোথায়? কেন গেল? বঙ্গীয় নব্য যুবকের কুর্নুচির দোষে। গুলুকি কাওরাণী শ্রোর চরাইতে অপারগ হইয়া কুপথ অবলম্বন করিয়াছে। তাহার গান বড মিষ্ট লাগে. কথকের কথা শানিয়া কি হবে? দক্ষযজে, বিশ্বযজে, ঈশ্বরের জন্য ঈশ্বরীর আত্মসমর্পণ শানিয়া কি হইবে? চল ভাই, ব্রাণ্ডি টানিয়া থিয়েটারে গিয়া কাওরাণীর টম্পা শানিয়া আসি। এই অলপ ইংরেজিতে শিক্ষিত স্বধর্মান্রণ্ট, কদাচার, দুরাশয়, অসার, অনালাপ্য, বঙ্গীয় যুবকের দোষে লোকশিক্ষার আকর কথকতা লোপ পাইল। ইংরেজি শিক্ষার গ্রুণে লোকশিক্ষার উপায় ক্রমে ল প্র ব্যতীত বন্ধিত হইতেছে না।

কিন্তু আসল কথা বলি। কেন যে এ ইংরেজি শিক্ষা সন্তেও দেশে লোকশিক্ষার উপার হাস ব্যতীত বৃদ্ধি পাইতেছে না, তাহার শুল কারণ বলি—শিক্ষিতে অশিক্ষিতে সমবেদনা নাই। শিক্ষিত, অশিক্ষিতের হাদর বৃবে না। শিক্ষিত, অশিক্ষিতের হাতি দৃষ্টিপাত করে না। মর্কু রামা লাক্ষল চরে, আমার ফাউল্কারি স্কিন্ধ হইলেই হইল। রামা কিসে দিনষাপন করে, কি ভাবে, তার কি অস্থ, তার কি স্থ, তাহা নদের ফটিকটা তিলার্দ্ধ মনে শ্থান দেন না। বিলাতে কাণা ফসেট্ সাহেব, এ দেশে সার অস্লি ইডেন্, ই'হারা তাঁহার বস্তৃতা পড়িয়া কি বলিবেন, নদের ফটিকটাদের সেই ভাবনা। রামা চুলোর যাক্, তাহাতে কিছু আসিরা বার্মা। তাঁহার মনের ভিতর যাহা আছে, রামা এবং রামার গোন্তী—সেই গোন্তী ছয় কোটি বাটি লক্ষের মধ্যে ছয় কোটি উনবাটি লক্ষ নবই হাজার নয় শ'—তাহারা তাঁহার মনের কথা বৃনিলে না। যশ লইয়া কি হইবে? ইংরেজ ভাল বলিলে কি হইবে? ছয় কোটি বাটি লক্ষের কলন-ধ্যনিতে আকাশ যে ফাটিয়া যাইতেছে—বাঙ্গালায় লোক যে শিখিল না। বাঙ্গালায় লোক বে শিক্ষিত নাই, ইহা স্ক্রিক্ষিত ব্রেমন না।

সর্নিক্ষিত যাহা ব্বেন, অণিক্ষিতকে ডাকিয়া কিছু কিছু ব্ঝাইলেই লোক শিক্ষিত হয়। এই কথা বাঙ্গালার সর্ব্বে প্রচারিত হওয়া আবশ্যক। কিন্তু স্নিক্ষিত, অণিক্ষিতের সঙ্গে না মিশিলে তাহা ঘটিবে না। সর্নিক্ষিতে অশিক্ষিতে সমবেদনা চাই।

बाध्यन ट्याप

বাঙ্গালার সাহিত্যারণ্যে একই রোদন শ্বনিতে পাই—বাঙ্গালীর বাহ্বতে বল নাই। এই অভিনব অভ্যুত্থানকালে বাঙ্গালীর ভগ্ন কণ্ঠে একই অস্ফ্রট বোল—"হায়! বাঙ্গালীর বাহ্বতে বল নাই।" বাঙ্গালীর যত দুঃখ, তার একই মূল—বাহ্বতে বল নাই।

ষদি অনুসদ্ধান করা যায়, বাঙ্গালীর বাহুতে বল নাই কেন? তাহার একই উত্তর পাইব—
বাঙ্গালী খাইতে পায় না—বাঙ্গালায় অয় নাই। যেমন এক মার গর্ভে বহু সন্তান হইলে কেহই
উদর প্রিয়া গুনা পায় না, তেমনি আমাদের জন্মভূমি বহুসন্তানপ্রসাবনী বলিয়া তাঁহার
শরীরোংপন্ন খাদ্যে সকলের কুলায় না। প্থিবীর কোন দেশই ব্রিঝ বাঙ্গালার মত প্রজাবহুলা
নহে। বাঙ্গালার অতিশয় প্রজাব্দিই বাঙ্গালার প্রজার অবন্তির কারণ। প্রজাবহুলা হইতে
অয়াভাব, অয়াভাব হইতে অপ্রভিট, শাণিশরীরছ,—জনুরাদি পাড়া এবং মানসিক দেশিবলা।

অনেকে বলিবেন—দেখ, দেশে অনেক বড় মান্বের ছেলে আছে—তাহাদের আহারের কোন কট নাই, কিন্তু কই, তাহারা ত অনাহারী চন্ডাল পোদের অপেক্ষাও দ্বর্শল—বড় মান্বের ছেলেরাই প্রকৃত মর্কটাকার। সত্য বটে, কিন্তু এক প্রব্যে অমাভাবের দোষ খন্ডে না। যাহারা প্র্যান্তেমে মর্কটাকার, দ্বই এক প্রব্য তাহারা পেট ভরিয়া খাইতে পাইলেই মন্ব্যাকার ধারণ করে না। বিশেষ বড়মান্বের ছেলের কথা ছাড়িয়া দাও—তাহারা নাড়য়া বসেন না—স্কুতরাং ক্ষ্মাভাবে প্রস্তুত আহার খাইতে পান না—ভুক্ত আহার জীর্ণ করিতে পারেন না। সকল দেশেই বাব্র দল মর্কটসম্প্রদায়বিশেষ। শ্রমজীবী, সাধারণ দরিদ্র লোকের বাহ্রলাই দেশের বাহ্রলা।

আবার অনেকে রাগ করিয়া বলিবেন, "এ রকম কঠিনহদয় মাল্ছাস বুলি রাখিয়া দাও! ও ছাই আমরা অনেকবার শ্নিয়াছি। কেন, বদি দেশে খাবার কুলায় না, তবে ভিন্ন দেশে এত চাউল গম রপ্তানি হয় কি প্রকারে?" এ সম্প্রদায়ের লোকে বুঝেন না যে, দেশে অকুলান থাকিলেও বিদেশে জিনিব রপ্তানি হইতে পারে। যে আমায় বেশী টাকা দিবে, তাহাকেই আমি জিনিব বেচিব।

যদি এ দেশে কোন খাদ্য কুলান হয়, তবে সে চাউল। চাউল জন্টিল না বলিয়া খাইতে পাইল না—এর্প দ্রবন্ধা যে সকল লোকের ঘটে, তাহাদের সংখ্যা এ দেশে নিতান্ত অলপ। অধিকাংশ লোকের আর যাহারই অভাব থাক না কেন, চাউলের অপ্রতুল নাই। পেট ভরিয়া প্রায় সকলেই ভাত খাইতে পায়। কিন্তু পেট ভরিয়া ভাত খাইতে পাইলেই আহার হইল না। শ্ব্রু ভাতে জীবন রক্ষা হইলেই হইতে পারে—কিন্তু সে জীবনরক্ষা মাত্র। শ্রীরের প্রতি হয় না। চাউলে বলকারক সার পদার্থ শতাংশে সাত ভাগ আছে মাত্র। চরবি—যাহা শ্রীরপ্রতির পক্ষে নিতান্ত প্রয়োজনীয়, চাউলে তাহা কিছুমাত্র নাই।

শুধু ভাত খায়, এমন লোক অতি অলপ না হউক, বেশীও নয়। বাঙ্গালার অধিকাংশ লোকে ভাতের সঙ্গে একট্ব ডালের ছিটা, একট্ব মাছের বিন্দ্র, শাক বা আল্ব কাঁচকলার কণিকা দিয়া ভাজন করে। ইহার নাম "ভাত বাঙ্গান"। এই ভাত বাঙ্গানের মধ্যে ভাতের ভাগ পনের আনা সাড়ে উনিশ গণ্ডা—বাঙ্গানের ভাগ দুই কড়া। স্বতরাং ইহাকেও শুধু ভাত বলা যাইতে পারে। বাঙ্গালার চৌন্দ আনা লোক এইর্প শুধু ভাত খায়। তাহাতে কোন উপসর্গ না থাকিলে জানবারকা হইতে পারে—হইয়াও থাকে—কিন্তু এর্প শরীরে রোগ অতি সহজেই প্রাধান্য স্থাপন করে,—(সাক্ষী ম্যালেরিয়া জ্বর)—আর এর্প শরীরে বল থাকে না। সেই জন্য বাঙ্গালীর বাহুতে বল নাই।

এই সকল ভাবিয়া চিভিয়া অনেকে বলেন, যতদিন না বাঙ্গালী সাধারণতঃ মাংসাহার করে, ততদিন বাঙ্গালীর বাহুতে বল হইবে না। আমরা সে কথা বলি না। মাংসের প্রয়েজন নাই, দৃয়, ঘৃত, ময়দা, ভাল, ছোলা, ভাল শব্জী, ইহাই উত্তম আহার। দৃষ্টান্ত—পশ্চিমে হিল্মুন্থানী। নৈবেদ্যে বিক্বপত্রের মত ভাতের সঙ্গে ইহাদের সংস্পর্শমাত্রের পরিবর্তে, অমের

^{*} বঙ্গদর্শন, ১২৮৮, ভার।

সঙ্গে ইহাদের যথোচিত সমাবেশ হইলেই বলকারক আহার হইল। বাঙ্গালী যদি ভাতের মাত্রা কমাইয়া দিয়া এই সকলের মাত্রা বাড়াইতে পারে, তবে এক প্রের্বে নীরোগ, দুই তিন প্রেব্বে বলিষ্ঠকায় হইতে পারে।

আমি এই সকল কথা রামধন পোদকে ব্ঝাইতেছিলাম—কেন না. রামধন পোদের সাতগোষ্ঠী বড় রোগা। রামধন আমার কাছে হাত যোড় করিয়া বলিল, "মহাশয় যা আজ্ঞা কর্লেন, তা সবই যথার্থ—কিন্তু ঘি, ময়দা, ডাল ছোলা! বাবা, এ সকল পাব কোথায়? এমনই যে শুধ্ব ভাতের থরচ জানিয়ে উঠিতে পারি না।"

কথাটা দেখিলাম সত্য। আমি রামধনের চে'কিশালে চে'কির উপর বিসয়াছিলাম—উঠানে একটা ঘেও কুকুর পড়িয়াছিল বলিয়া আর আগ্ম হইতে পারি নাই—সেইখান হইতেই রামধনের বংশাবলীর পরিচয় পাইতেছিলাম। রামধন একটি একটি করিয়া দেখাইল য়ে, তাহার চারিটি ছেলে, পাঁচটি মেয়ে; একটি ছেলে আর তিনটি মেয়ের বিবাহ দিতে বাকি আছে—পোদজেতের ছেলের বিয়েতেও কড়ি খরচা, মেয়ের বিয়েতেও বটে—তবে কম। পোদ বলিল, য়ে, "মহাশয় গা! একট্ পরিবার ছে'ড়া নেক্ড়া জন্টাইতে পারি না—আবার ঘি, ময়দা, ডাল, ছোলা!" আমি ব্নঝিলাম, কথাটা বড় অসকত হইয়ছে। বোধ হইল, য়েন প্রাক্রমান, কুকুরটিও আমার উপর রাগ করিয়া তম্জন গল্জন করিবার উদ্যোগী—বোধ হইল, য়েন সে বলিতেছে, "একম্ঠা ফেলা ভাত পাই না, আবার উনি বন্ট পায়ে দিয়া চে'কির উপর বিসয়া ঘি ময়দার বাহানা আরম্ভ করিলেন।" একটি রোমশন্ন্য গৃহমান্জার আমার দিকে পিছন ফিরিয়া, লেজ উচ্ছ করিয়া চালয়া গোল—সেই নীরস রামধনালয়ে ঘৃত, দ্বয়, নবনীতের কথা শ্নিয়া সে আমাকে উপহাস করিয়া গেল সন্দেহ নাই।

আমি রামধনকে বলিলাম, "চারিটি ছেলে—তিনটি মেরে! আবার তার উপর দুইটি পুত্রবধ্বাড়িয়াছে?" রামধন হাত যোড় করিয়া বলিল, "আজ্ঞা হাঁ, আপনার আশীর্ব্বাদে দুইটি পুত্রবধ্ব হইয়াছে।"

আমি বলিলাম, "তাহাদের সন্তান সন্ততিও হইয়াছে?"

রামধন বলিল, "আজ্ঞা একটির দুইটি মেয়ে, একটির একটি ছেলে।"

আমি বলিলাম, "রামধন! শত্রর মুখে ছাই দিয়া অনেকগ্রলি পরিবার বাড়িয়াছে। বহু পরিবার বলিয়া তোমার আগেই খাইবার কণ্ট ছিল, এখন আরও কণ্ট হইয়াছে বোধ হয়।"

রামধন বলিল, "এখন বড় কণ্ট হইয়াছে।"

আমি তখন রামধনকে জিজ্ঞাসা করিলাম "রামধন! কেন এত পরিবার বাড়াইলে?"

রামধন কিছু বিস্মিত হইল। বলিল, "সে কি মহাশয়! আমি কি পরিবার বাড়াইলাম! বিধাতা বাড়াইরাছেন।"

আমি বলিলাম, "গরিব বিধাতাকে অন্থাক দোষ দিও না। ছেলের বিয়ে তুমি দিয়াছ— স্তরাং তুমিই দুইটি প্রবধ্ বাড়াইয়াছ। আর ছেলের বিয়ে দিয়াছ বলিয়াই তিনটি নাতি নাতনী বাড়াইয়াছ।"

রামধন কাতর হইরা বলিল, "মহাশয়, আমাকে অমন করিয়া খ্রিড়বেন না, যমদশ্ডে সে দিন আমার আর একটি নাতি নন্ট হয়েছে।"

আমি দঃখপ্রকাশ করিয়া জিজ্ঞাসা করিলাম, "সেটি কিসে গেল রামধন!"

রামধন কিছ্ উত্তর দেয় না। পীড়াপীড়ি করিয়া, কতকগত্বি জেরার সওয়াল করিয়া, বাহির করিলাম যে, সেটি অনাহারে মরিয়াছে। মাতা পীড়িত হওয়ায় মাতৃত্তনে দৃ্ধ ছিল না। রামধনের গোর্ মরিয়া গিয়াছিল—দৃ্ধ কিনিবার সাধ্য নাই। ছেলেটি না খাইয়া পেটের পীড়ায় ভূগিয়া* মরিয়া গিয়াছিল।

আমি তখন রামধনকে জিজ্ঞাসা করিলাম যে, "তারপর ছোট ছেলেটির বিয়ে দিবে?"

রামধন বলিল, "টাকার যোগাড় করিতে পারিলেই দিই।"

আমি জিজ্ঞাসা করিলাম, "এই ষেগ্নলি জন্টিয়েছ, তাই খেতে দিতে পার না—আবার বাড়াবে কেন? বিয়ে দিলেই ত আপাততঃ বৌমা আস্বেন—তাঁর আহার চাই। তারপর তাঁর

অনাহারের একটি ফল পেটের পাঁড়া, ইহা সকলের জ্বানা না থাকিতে পারে।

बिष्क्य ब्रह्मावनी

পেটে দ্বটি চারিটি হবে—তাদেরও আহার চাই। এখনই কুলায় না—আবার বিয়ে?"

রামধন চটিল। বলিল, "বেটার বিয়ে কে না দেয়? যে খেতে পার, সেও দের, যে না খেতে শিক্ষা..সেও দেয়।"

আহ্মি বুলিলাম, "যে না খেতে পায়, তার বেটার বিয়েটা কি ভাল?"

রামধন বিলল, "জগৎ শ্বে এই হতেছে।"

আমি বলিলাম, "জগং শক্ষে নয় রামধন, কেবল এই দেশে। এমন নির্কোধ জাতি আর কোন দেশে নাই।"

রামধন উত্তর করিল, "দেশশন্ধ লোক যথন করিতেছে, তখন আমাতেই কি এত দোষ হইল?"

এমন নিম্বোধকে কির্পে ব্ঝাইব? বলিলাম, "রামধন! দেশশৃদ্ধ লোক বদি গলায় দড়ি দেয়, তুমিও কি দিবে?"

রামধন চে'চাইতে আরম্ভ করিল, "তুমি কি বল মশাই? গলায় দড়ি আর বেটার বিরে দেওয়া সমান?"

আমিও রাগিলাম, বলিলাম, "সমান কে বলে রামধন! এর্প বেটার বিয়ে দেওয়ার চেয়ে গলায় দড়ি দেওয়া অনেক ভাল। আপনার গলায় না পার, ছেলের গলায় দিও।"

এই বলিয়া আমি ঢেকি হইতে উঠিয়া আসিলাম। ঘরে আসিয়া রাগ পড়িয়া গেলে ভাবিয়া দেখিলাম, গরিব রামধনের অপরাধ কি? বাঙ্গালা শ্বন্ধ এইর্প রামধনে পরিপূর্ণ। এ ত গরিব পোদের ছেলে—বিদ্যা বৃদ্ধির কোন এলাকা রাখে না। যাঁহারা কুতবিদ্য বলিয়া আপনাদের পরিচয় দেন, তাঁহারাও ঘোরতর রামধন। ঘরে খাবার থাক বা না থাক—আগে ছেলের বিয়ে। শুধু ভাতে ডালের ছিটা দিয়া খাইয়া সাত গোষ্ঠী পোডা কাঠের আকার—জ্বর প্রীহায় ব্যতিবাস্ত—তব্ন সেই কদম খাইবার জনা—সেই অনাহারের ভাগ লইবার জনা—সে জনুর প্লীহার সাথী হইবার জন্য টাকা খরচ করিয়া পরের মেয়ে আনিতে হইবে! মনুষ্যজন্মে তাহাই তাঁহাদের मूथ। य वाक्रामी रहेशा ছেলের বিয়ে না দিতে পারিল, তাহার वाक्रामीक्षम्बरे वृथा। किन्छ ছেলের বিয়ে দিলে, ছেলে বেচারি বউকে খাওয়াইতে পারিবে কি না, সেটা ভাবিবার কোন श्राक्षम आह्न, धम्र वित्राम करान ना। ध मिरक ছाल रेम्क्न ছाড়िए ना ছाড়िए धकि ক্ষ্ম পল্টনের বাপ-রশদের যোগাড়ে বাপ পিতামহ অন্থির। গরিব বিবাহিত তখন স্কুল ছাডিয়া প্র্রেথ পাঁজি টানিয়া ফেলিয়া দিয়া উমেদওয়ারিতে প্রাণ সমর্পণ করিল। যোড হাত করিয়া ইংরেজের দ্বারে দ্বারে হা চাকরি! হা চাকরি! করিয়া কাতর। হয়ত সে ছেলে একটা মানুষের মত মানুষ হইতে পারিত। হয়ত সে সময়ে আপনার পথ চিনিয়া জীবনক্ষেত্রে প্রবেশ করিতে পারিলে, জীবন সার্থক করিতে পারিত। কিন্তু পথ চিনিবার আগেই সে সকল ভরসা ফরোইল, উমেদওয়ারির যন্ত্রণায় আর চাকরির পেষণে—সংসারধন্মের জনলায়—অন্তর ও শরীর বিকল হইয়া উঠিল। বিবাহ হইয়াছে—ছেলে হইয়াছে, আর পথ খঞ্জিবার অবসর নাই—এখন সেই একমাত্র পথ খোলা—উমেদওয়ারি। আর লোকের উপকার করিবার কোন সম্ভাবনা নাই— কেন না, আপনার স্ত্রীকন্যা পুরের উপকার করিতে কুলায় না—তাহারা রাগ্রিদিন দেহি দেহি করিতেছে। আর দেশের হিতসাধনের ক্ষমতা নাই, স্থাপত্রের হিতের জন্য সর্বাস্থ্য পণ! লেখা-পড়া, ধর্ম্মচিন্তা—এ সকলের সঙ্গে আর সন্বন্ধ নাই—ছেলের কামা থামাইতেই দিন যায়। যে <u> गिकांगें एर्भिक्षिक</u> आत्मामित्रमात्न ग्राँमा मिए भातिष्ठ, एक्टल अथन ठाटाए वध्केक्त्रामीत वाला গড়াইরা দিল। অথচ বাঙ্গালার রামধনেরা শৈশবে ছেলের বিবাহ দিতে না পারিলে মনে করেন. ছেলেরও সর্ব্বনাশ-নিজেরও সর্ব্বনাশ করিলেন। ছেলে থাকিলেই তাহার বিবাহ দিতেই হইবে. মনুষ্যমান্তকেই বিবাহ করিতে হইবে, আর বাপ মার প্রধান কার্য্য—শৈশবে ছেলের বিবাহ দেওয়া -- धर्भ ভয়ानक स्त्र य प्रता प्रस्ति। य प्रता प्रका काथाय र प्रता वाभ मा. एहल সাঁতার শিখিতে না শিখিতে বধ্রুপ পাথর গলায় বাঁধিয়া দিয়া, ছেলেকে এই দুন্তর সংসারসমুদ্রে ফেলিরা দেয়, সে দেশের উন্নতি হইবে?



এই সংসারে একটি শব্দ সব্ধান শ্রনিতে পাই—"অম্ক বড় লোক—অম্ক ছোট লোক।" এটি কেবল শব্দ নহে। লোকের পরস্পর বৈষম্য জ্ঞান মন্ব্যমণ্ডলীর কার্য্যের একটি প্রধান প্রবৃত্তির ম্লা। অম্ক বড় লোকে, প্রথিবীর ষত ক্ষীর সর নবনীত সকলই তাঁহাকে উপহার দাও। ভাষার সাগর হইতে শব্দরস্থান বাছিয়া বাছিয়া তুলিয়া হার গাঁথিয়া তাঁহাকে পরাও, কেন না, তিনি বড় লোক। যেখানে ক্ষ্ম অদ্শ্যপ্রায় কণ্টকটি পথে পড়িয়া আছে, উহা বত্বসহকারে উঠাইয়া সরাইয়া রাখ—ঐ বড় লোক আসিতেছেন, কি জানি বদি তাঁহার পায়ে ফ্টে। এই জীবনপথের ছায়ায়িয় পার্শ্ব ছাড়িয়া রোদ্রে দাঁড়াও, বড় লোক যাইতেছেন। সংসারের আনন্দকুস্ম সকল, সকলে মিলিয়া চয়ন করিয়া শায়ারচনা করিয়া রাখ, বড় লোক উহাতে শয়ন কর্ন। আর তুমি—তুমি বড় লোক নহ—তুমি সরিয়া দাঁড়াও, এ প্থিবীর ভাল সামগ্রী কিছুই তোমার জন্য নয়। কেবল এই তীর্ঘাতী লোলায়মান বের তোমার জন্য—বড় লোকের চিত্তরঞ্জনার্থ তোমার প্রতের সঙ্গে মধ্যে ইহার আলাপ হইবে।

বড় লোকে ছোট লোকে এ প্রভেদ কিসে? রাম বড় লোক, যদ্ব ছোট লোক কিসে? তাহা নিশ্দক লোকে এক প্রকার ব্বথাইয়া দেয়। যদ্ব চুরি করিতে জানে না, বঞ্চনা করিতে জানে না, পরের সম্বাদ্ব শঠতা করিয়া গ্রহণ করিতে জানে না, স্তরাং যদ্ব ছোট লোক; রাম চুরি করিয়া, বঞ্চনা করিয়া, শঠতা করিয়া, ধন সন্তর করিয়াছে, স্তরাং রাম বড় লোক। অথবা রাম নিজে নিরীহ ভাল মান্ম, কিন্তু তাহার প্রশিতামহ চৌর্যাবঞ্চনাদিতে স্কৃষ্ক ছিলেন; ম্নিবের সম্বাদ্বাপহরণ করিয়া বিষয় করিয়া গিয়াছেন, রাম জ্বয়াচোরের প্রপোত্ত, স্ত্রাং সে বড় লোক। বদ্বর পিতামহ আপনি আনিয়া আপনার খাইয়াছে—স্তরাং সে ছোট লোক। অথবা রাম কোন বন্ধকের কন্যা বিবাহ করিয়াছে, সেই সম্বন্ধে বড় লোক। রামের মাহাজ্যের উপর প্রপ্রবৃষ্টি কর।

অথবা রাম সেলাম করিয়া, গালি খাইয়া, কদাচিং পদাঘাত সহ্য করিয়া, অথবা ততোধিক কোন মহং কার্য্য করিয়া, কোন রাজপ্রে,মের নিকট প্রসাদ প্রাপ্ত হইয়াছে। রাম চাপরাশ গলায় বাঁধিয়াছে—চাপরাশের বলে বড় লোক হইয়াছে। আমরা কেবল বাঙ্গালীর কথা বলিতোছি না—প্থিবীর সকল দেশেই চাপরাশবাহকের একই চরিত্র—প্রভুর নিকট কীটাল্কীট, কিন্তু অনোর কাছে?—ধন্মাবতার!! তুমি যে হও, দুই হাতে সেলাম কর, ইনি ধন্মাবতার। ই'হার ধন্মাধন্ম জ্ঞান নাই, অধন্মেই আসক্তি,—তাহাতে ক্ষতি কি? রাজকটাক্ষে ইনি ধন্মাবতার। ইান গণ্ডম্প্র, তুমি সন্বর্শাদ্মবিং—সে কথা এখন মনে করিও না, ইনি বড় লোক, ই'হাকে প্রণাম কর।

আর এক প্রকারের বড় লোক আছে। গোপাল ঠাকুর "কন্যাভারগ্রন্ত—কন্যাভারগ্রন্ত" বলিয়া দুই চারি পরসা ভিক্ষা করিয়া বেড়াইতেছে—এও বড় লোক। কেন না, গোপাল রাহ্মণ জাতি। তুমি শুদ্র—যত বড় লোক হও না কেন, তোমাকে উহার পারের ধ্লা লইতে হইবে। দুই প্রহর বেলা ঠাকুর রাগ করিয়া না যান—ভাল করিয়া আহার করাও, যাহা চাহেন, দিয়া বিদার কর। গোপাল দরিদ্র, মুর্খ, নরাধম, পাপিষ্ঠ, কিস্তু সেও বড় লোক।

অতএব সংসার বৈষমাপরিপূর্ণ। সকল বিষয়েই বৈষমা জন্ম। রাম এ দেশে না জন্মিরা, ও দেশে জন্মিল, সে একটি বৈষম্যের কারণ হইল; রাম পাঁচির গর্ভে না জন্মিরা, জাদির গর্ভে জন্মিল, সে একটি বৈষম্যের কারণ হইল। তোমার অপেকা আমি কথার পট্ন বা আমার শক্তি অধিক বা আমি বঞ্চনায় দক্ষ,—এ সকলই সামাজিক বৈষম্যের কারণ। সংসার বৈষম্যপূর্ণ।

সংসারে বৈষম্য থাকাই উচিত। প্রকৃতিই অনেক বৈষম্যের নিয়ম করিয়া আমাদিগকে এই সংসার-রঙ্গে পাঠাইয়াছেন। তোমার অপেকা আমার হাড়গর্নি মোটা মোটা, বড় কঠিন—তোমার অপেকা আমার বাহ্তে অথিক বল আছে—আমি তোমাকে এক ঘ্নিতে ভূতলশারী করিয়া তোমার অপেকা বড় লোক হইতেছি। কুম্বিদনীর অপেকা সোদামিনী স্ক্রী; স্তরাং

সৌদামিনী জমীদারের দ্বাী, কুম্বদিনী পাট কাটে। রামের মস্তিষ্কের অপেক্ষা যদ্রর মস্তিষ্ক দশ আউন্স ওজনে ভারি, সত্তরাং যদ্বী সংসারে মানা, রাম ঘ্লিত।

- অতএব বৈষম্য সাংসারিক নিয়ম। জগতের সকল পদার্থেই বৈষম্য। মনুষ্যে মনুষ্যে প্রকৃত বৈষম্য আছে। ব্রেমন প্রকৃত বৈষম্য আছে—প্রকৃত বৈষম্য অথাৎ যে বৈষম্য প্রাকৃতিক নিয়মান্বর্দ্ধ,—তেমান অপ্রকৃত বৈষম্য আছে। রাহ্মণ শ্রের অপ্রাকৃত বৈষম্য। রাহ্মণবধে গ্রের্পাপ,—শ্রেবধে লঘ্ব পাপ; ইহা প্রাকৃতিক নিয়মান্ব্র্ক্ত নহে। রাহ্মণ অবধ্য—শ্রে বধ্য কেন? শ্রেই দাতা, রাহ্মণই কেবল গৃহীতা কেন? তৎপরিবর্ত্তে বাহার দিবার শক্তি আছে, সেই দাতা, বাহার প্রয়েজন, সেই গৃহীতা, এ বিধি হয় নাই কেন?

দেশী বিলাতীর মধ্যে সেইরপে আর একটি অপ্রাকৃত বৈষম্য। কিন্তু সে কথার অধিক

আন্দোলন করিতে পারি না।

সর্ব্বাপেক্ষা অর্থগত বৈষম্য গ্রেবৃতর। তাহার ফলে কোথাও কোথাও দুই একজন লোক টাকার খরচ খ্রীজয়া পায়েন না—িকস্তু লক্ষ লোক অম্লাভাবে উৎকট রোগগ্রন্ত ইইতেছে!

সমাজের উন্নতিরোধ বা অবনতির যে সকল কারণ আছে, অপ্রাকৃতিক বৈষম্যের আধিকাই তাহার প্রধান। ভারতবর্ষের যে এতদিন হইতে এত দ্বন্দর্শা, সামাজিক বৈষম্যের আধিকাই তাহার বিশিষ্ট কারণ।

ভারতবর্ষেই যে বৈষম্যের আধিক্য ঘটিয়াছে, এমত নহে। এই সংসার বৈষম্যম্য়, সকল দেশই বৈষম্যজালে আচ্ছন। উন্নতিশীল সমাজে, সামাজিকেরা পরদপরে সংঘ্রুট ইইয়া সেই বৈষম্যকে অপনীত করিয়াছেন। সেই সকল রাজ্যের শ্রীবৃদ্ধি ইইয়াছে। রোম ইহার প্রধান উদাহরণ। রোমরাজ্যের প্রথমকালিক বৈষম্য—পেরিষীয় ও প্রিবীয়াদিগের সম্প্রদায় ভেদ—ভাহা এক প্রকার সামাজিক সামজাস্যে লয় প্রাপ্ত ইইয়াছিল। তদ্রাজ্যের যে পশ্চাৎকালিক বৈষম্য—নাগরিকত্ব এবং অনাগরিকত্ব; তাহাও শাসনকর্ত্ পক্ষের অলোকিক রাজনীতিদক্ষতার গ্রুদে অপনীত ইইয়াছিল। সূত্রাং রোম প্রথিবীশ্বরী ইইয়াছিল।

অনাত্র এর্প ঘটে নাই। আমেরিকার চিরদাসত্বের উচ্ছেদ জন্য সেদিন ঘোরতর আভ্যন্তরিক সমর হইয়া গেল—অন্যাঘাতে ক্ষতিচিকংসার ন্যায় সামাজিক অনিন্টের দ্বারা মামাজিক ইন্ট্সাধন করিতে হইল। এই চিকিংসার বড় ডাক্তার দাঁতো এবং রোবস্পীর। বৈষম্যের পরিবর্ত্তে সাম্য সংস্থাপনই প্রথম ও দ্বিতীয় ফ্রাসিস বিপ্লবের উল্পেশ্য।

কিন্তু সর্ব্বত এই কঠোর চিকিংসার প্রয়োজন হয় নাই। অধিকাংশ দেশেই উপদেশ্টার উপদেশেই সাম্য আদ্ত এবং সংস্থাপিত হইয়াছে। অস্ত্রবল অপেক্ষা বাক্যবল গ্রেত্ব— সমরাপেক্ষা শিক্ষা অধিকতর ফলোপদায়িনী। খ্রীণ্টধর্ম্ম এবং বৌদ্ধধর্ম্ম বাক্যে প্রচারিত হয়—ইস্লামের ধর্ম শস্ত্রসাহায্যে প্রচারিত হইয়াছে। কিন্তু পৃথিবীতে ম্সলমান অলপসংখ্যক—বৌদ্ধ ও খ্রীণ্টীয়ানই অধিক।

প্থিবীতে তিনবার আশ্চর্য্য ঘটনা ঘটিয়াছে। বহুকালান্তর, তিন দেশে তিন জন মহাশান্ধামা জন্মগ্রহণ করিয়া ভূমণ্ডলে মঙ্গলময় এক মহামশ্র প্রচার করিয়াছেন। সেই মহামশ্রের স্থ্রল মন্মা, "মন্ব্য সকলেই সমান"। এই স্কার্মীয় মহাপবিত্র বাক্য ভূমণ্ডলে প্রচার করিয়া, তাহারা জগতে সভ্যতা এবং উন্নতির বীজ বপন করিয়াছিলেন। যখনই মন্ব্যজাতি, দান্দাগালে, অবনতির পথার্ত, ইইয়াছে, তখনই এক মহাম্মা মহাশন্দে কহিয়াছেন, "তোমরা সকলেই সমান—পরস্পর সমান ব্যবহার কর"। তখনই দান্দাশা ঘাতিয়া সাক্ষা হইয়াছে, অবনতি ঘাতিয়া উন্নতি হইয়াছে।

প্রথম, শাক্যসিংহ বৃদ্ধদেব। যখন বৈদিকধর্ম্মসঞ্জাত বৈষম্যে ভারতবর্ষ পীড়িত, তখন ইনি জন্মগ্রহণ করিয়া ভারতবর্ষের উদ্ধার করিয়াছিলেন। পৃথিবীতে যত প্রকার সামাজিক বৈষমের উৎপত্তি হইয়াছে, ভারতবর্ষের প্র্বেকালিক বর্গবৈষমের ন্যায় গ্রন্তর বৈষম্য কখন কোন সমাজে প্রচলিত হয় নাই। অন্যবর্গ অবস্থানসারে বধ্য—িক্সু ব্রাহ্মণ শত অপরাধেও অবধ্য। ব্রাহ্মণে তোমার সম্প্রপ্রকার অনিন্ট কর্ক। তুমি ব্রাহ্মণের কোন প্রকার অনিন্ট করিতে পারিবে না। তোমার ব্রাহ্মণের চরণো লটেইয়া তাহার চরণরেণ্ শিরোদেশে গ্রহণ কর—িক্সু শ্রু অপশৃষ্য। শ্রুদ্রপৃষ্ট জল পর্যান্ত অব্যবহার্যা। এ পৃথিবীর কোন স্থে শ্রু অধিকারী নহে, কেবল নাচবৃত্তি তাহার অবিকার নাই। স্বৌবনের জীবন যে বিদ্যা, তাহাতে তাহার অধিকার নাই। সে

শাল্যে বন্ধ, অথচ শাল্য যে কি, তাহা তাহার স্বচন্দ্রে দেখিবার অধিকার নাই, তাহার নিজ্প পরকালও ব্রাহ্মণের হাতে। ব্রাহ্মণ যাহা বলিবেন, তাহা করিলেই পরকালে গতি, নহিলে গতি নাই। ব্রাহ্মণ যাহা করাইবেন, তাহা করিলেই পরকালে গতি, নহিলে গতি নাই। ব্রাহ্মণকে দান করিলেই পরকালে গতি, কিন্তু শ্দের সেই দান গ্রহণ করিলেও ব্রাহ্মণ পতিত। ব্রাহ্মণের সেবা করিলেই শ্দের পরকালে গতি। অথচ শ্দ্রেও মন্যা, ব্রাহ্মণও মন্যা। প্রাচীন ইউরোপের, বন্দী এবং প্রভু মধ্যে যে বৈষমা, তাহাও এমন ভ্রানক নহে। অদ্যাপি ভারতবর্ষবাসীরা কোন গ্রহতর বৈষম্যের কথার উদাহরণস্বরূপ বলে, "বামন শ্দ্র তফাং"।

এই গ্রেতর বর্ণবৈষম্যের ফলে ভারতবর্ষ অবনতির পথে দাঁডাইল। সকল উন্নতির মূল জ্ঞানোম্রতি। পশ্বাদিবৎ ইন্দ্রিয়তৃপ্তি ভিন্ন প্রিথবীর এমন কোন একটি সূখ তুমি নির্দ্দেশ করিয়া বলিতে পারবে না, যাহার মলে জ্ঞানোম্রতি নহে। বর্ণবৈষম্যে জ্ঞানোম্রতির পথরোধ হইল। শদ্র জ্ঞানালোচনার অধিকারী নহে; একমাত্র ব্রাহ্মণ তাহার অধিকারী। ভারতবর্ষের অধিকাংশ লোক ব্রাহ্মণেতরবর্ণ। অতএব অধিকাংশ লোক মূর্থ হইল। মনে কর যদি ইংলন্ডে এর্প নিয়ম থাকিত যে. রসেল, কার্বেন্দিষ, স্তান্লি প্রভৃতি কয়েকটি নিন্দিষ্ট বংশের লোক ভিন্ন আর কেহ বিদ্যার আলোচনা করিতে পারিবে না. তাহা হইলে ইংলন্ডের এ সভ্যতা কোথায় থাকিত? কবি, দার্শনিক, বিজ্ঞানবিং দ্বে থাকুক, ওয়াট্, চিটবিন্সন, আর্করাইট, কোথায় থাকিত? ভারতবর্ষে প্রায় তাহাই ঘটিয়াছিল। কিন্তু কেবল তাহাই নহে। অনন্যসহায় ব্রাহ্মণেরা যে বিদ্যার আলোচনা একাধিকবার করিলেন, তাহাও বর্ণবৈষম্য দোষে কৃষ্ণলপ্রদা হইয়া উঠিল। সকল বর্ণের প্রভূ হইয়া, তাঁহারা বিদ্যাকে প্রভূত্বরক্ষণীরূপে নিযুক্ত করিলেন। বিদ্যার যেরপে আলোচনায় সেই প্রভূত্ব বজায় থাকে, যাহাতে তাহার আরও বৃদ্ধি হয়, যাহাতে অন্য বর্গ আরও প্রণত হইয়া ব্রাহ্মণপদরজ ইহজন্মের সারভূত করে, সেইরূপ আলোচনা করিতে লাগিলেন। আরও যাগযজ্ঞের স্পিট কর, আরও মন্ত্র, দান, দক্ষিণা, প্রায়শ্চিত্ত বাড়াও, আরও দেবতার মহিমাপূর্ণ মিথ্যা ইতিহাস কল্পনা করিয়া এই অপ্সরান্প্রনিক্ষণনিন্দিত মধ্রে আর্যাভাষায় গ্রন্থিত কর, ভারতবাসীদিগের মূর্খতাবন্ধন আরও আঁটিয়া বাঁধ। দর্শন, বিজ্ঞান, সাহিত্য, সে সবে কাজ কি? সেদিকে মন দিও না। অমুক ব্রাহ্মণথানির কলেবর বাড়াও-নতেন উপনিষদ্-খানি প্রচার কর-ব্রাহ্মণের উপর ব্রাহ্মণ, উপনিষদের উপর উপনিষদ্, আরণ্যকের উপর আরণ্যক, সূত্রের উপর সূত্র, তার উপর ভাষা, তার টীকা, তার টীকা, তার ভাষা অনস্তশ্রেণী—বৈদিক ধন্মের গ্রন্থে ভারতবর্ষ আচ্চন্ন কর। বিদ্যা?—তাহার নাম ভারতবর্ষে লুপ্ত হউক!

লোক বিষয়, বাস্ত, শঙ্কিত হইল। ব্রাহ্মণেরা লেখেন, সকল কাজেই পাপ—সকল পাপেরই প্রার্হিনত্ত কঠিন। তবে কি বিপ্রেতরবর্ণের পাপ হইতে মুক্তি নাই—পারবিক সুখ কি এতই দুর্ব্লভ? লোক কোথায় যাইবে? কি করিবে? এ ধন্মশাস্থাপীড়া হইতে কে উদ্ধার করিবে? সন্ধানরোধকারী ব্রাহ্মণের হাত হইতে কে রক্ষা করিবে? ভারতবাসীকে কে জ্বীবন দান করিবে?

তখন বিশ্বদাস্থা শাক্যসিংহ অনন্তকালস্থায়ী মহিমা বিস্তার প্রেবৰ্ক, ভারতাকাশে উদিত হইরা, দিগস্তপ্রধাবিত রবে বলিলেন, "আমি উদ্ধার করিব। আমি তোমাদিগের উদ্ধারের বীজমল্র দিতেছি, তোমরা সেই মল্র সাধন কর। তোমরা সবই সমান। রাহ্মণ শ্রু সমান। মন্ব্যে মন্ব্যে সকলেই সমান। সকলেই পাপী, সকলেরই উদ্ধার সদাচরণে। বর্ণবৈষম্য মিখ্যা। বাগ যজ্ঞ মিখ্যা। বেদ মিখ্যা, স্ত্র মিখ্যা, ঐহিক স্ব্য মিখ্যা, কে রাজা, কে প্রজা, সব মিখ্যা। ধন্মই সত্য। মিখ্যা ত্যাগ করিয়া সকলেই সত্যধন্ম পালন কর।"

বৈষমা-পাঁড়িত ভারত এ মহামদ্য শ্নিরা হিমাগার হইতে মহাসমন্দ্র পর্যন্ত বিচলিত হইল। বৌদ্ধধন্ম ভারতবর্ষে প্রচলিত হইল—বর্ণবৈষম্য কতক দ্র বিলন্পু হইল। প্রায় সহস্র বংসর ভারতবর্ষে বৌদ্ধধন্ম প্রচলিত রহিল। প্রায়্ত্ত বাজিরা জানেন যে, সেই সহস্র বংসরই ভারতবর্ষের প্রকৃত সোষ্টবের সময়। যে সকল সমাট্ হিমালয় হইতে গোদাবরী পর্যান্ত যথাধহি একছেন্তে শাসিত করিয়াছেন—অশোক, চন্দ্রন্ত্ত, শিলাদিত্য প্রভৃতি—এই কালমধ্যেই তাঁহাদিগের অভ্যুদয়। এই সময়েই তক্ষশিলা হইতে তামালিপ্তি পর্যান্ত বহুজনসমাকীর্ণ মহাসম্ক্রিশালিনী সহস্র সহস্র নগরীতে ভারতবর্ষ পরিপ্রিত হইয়াছিল। এই সময়েই ভারতবর্ষের গোরব পান্তিমে রোমকে, প্রের্বি চীনে গাঁত হইয়াছিল—তন্দেশীর রাজারা ভারতবর্ষীর সমাট্দিগের

সহিত রাজনৈতিক সথ্যে বন্ধ হইরাছিলেন। এই সময়ে ভারতববীর ধর্ম্ম প্রচারকেরা ধর্ম্ম প্রচারে বাদ্রা করিয়া অন্ধেক আশিয়া ভারতীয় ধর্ম্মে দীক্ষিত করিয়াছিলেন। শিলপবিদ্যার যে এই সময়ে বিশেষ উন্নতি হইয়াছিল, তাহার প্রমাণ আছে। দর্শনিশাস্ত্রের বিশেষ অনুশীলন বোন্ধাদয়ের আনুষ্ঠিক বলিয়া বোধ হয়। বিজ্ঞান সাহিত্যের বিশেষ অনুশীলনের কাল-নির্পণ করা কঠিন, কিন্তু শাক্যসিংহের সম্পাদিত ধর্ম্মবিপ্লবের সহিত যে, সে সকলের বিশেষ সম্বন্ধ আছে, তাহা প্রমাণ করা যাইতে পারে।

দ্বিতীয় সাম্যাবতার যীশ্রঞ্জীন্ট। যে সময়ে খ্রীন্টধন্মের প্রচার আরম্ভ হয়, তখন ইউরোপ ও পশ্চিম আশিয়া রোমক রাজাভুক্ত। রোমের সোষ্ঠবদিবসের অপরাহু উপস্থিত। তখন রোম আর যুদ্ধবিশারদ বীরপ্রসাবনী নহে, অমিত ধনশালী ভোগাসক্ত ইন্দিরপরবশ "বাব্"দিগের আবাস। বাঁহাদিগের আমোদ কেবল রণক্ষেত্রেই ছিল, তাঁহারা এক্ষণে কেবল আহারে, দাসীসংসর্গে, এবং রক্ষভমের কৃত্রিম যদ্ধে আমোদ প্রাপ্ত হইতে লাগিলেন। যে দেশবাৎসল্যগদে রোম নাম জগদ্বিখ্যাত হইয়াছিল, তাহা অন্তহিত হইয়াছিল। যে সমসামাজিকতার জন্য আমরা রোমের প্রশংসা করিয়াছি, যে সমসামাজিকতার গুণে রোম প্রথিবীশ্বরী হইয়াছিল, তাহা লুপু হইতে লাগিল। আমরা পর্ব্বে রোমনগরীর কথা বলিয়াছি। এক্ষণে রোমক সামাজ্যের কথা বলিতেছি। রোমকসামাজ্যে চিরদাসম্বর্জনিত বৈষম্য সাংঘাতিক রোগম্বর্প প্রবেশ করিয়াছিল। এক এক ব্যক্তির সহস্র সহস্র চিরদাস থাকিত। প্রভুর অকরণীয় সম্দায় কার্য্য সেই সকল দাসের দ্বারা হইত। ভূমিকর্ষণ, গার্হস্থা ভূত্যের কার্য্য, শিল্পকার্য্যাদি চিরদাসগণের দ্বারা নির্ব্বাহ হইত। তাহারা গোর, বাছ,রের ন্যায় ক্রীত বিক্রীত হইত। গোর, বাছ,রের উপর প্রভুর যের,প অধিকার. দাসের উপরও সেইর প অধিকার ছিল। প্রভু মারিলে মারিতে পারিতেন, কাটিলে কাটিতে পারিতেন, বধ করিলেও দণ্ডনীয় হইতেন না। প্রভুর আজ্ঞায় দাস রঙ্গভূমে অবতীর্ণ হইয়া সিংহ ব্যান্ত্রাদি পশ্রর সঙ্গে যুদ্ধ করিয়া প্রাণ হারাইত—প্রভু তামাসা দেখিতেন। রোমক সাম্রাজ্যের লোক দুই ভাগে বিভক্ত-প্রভ এবং দাস। এক ভাগ অনন্তভোগাসক্ত-আর এক ভাগ অনন্ত

কেবল এই বৈষম্য নহে। সমাট্ স্বেচ্ছাচারী। তাঁহার ক্ষমতা ও প্রতাপের সীমা ছিল না। নীরো, নগরে অগ্নি লাগাইয়া বীণাবাদনপূর্বক রঙ্গ দেখিয়াছিলেন। কালিগন্লা আপন অশ্বকে কনসলের পদে বরণ করিলেন। ইলিয়গেবলসের স্বেচ্ছাচারিতা বর্ণনা করিতে লঙ্জা করে। যে হউন না কেন, যত বড় লোক হউন না কেন, সমাটের ইচ্ছামাত্রে তিনি বধ্য,—বিনা করেণে, বিনা প্রয়োজনে, বিনা বিচারে, তিনি বধ্য। আবার সেই সমাটের উপর সমাট্ প্রেটরীয় সৈনিক। তাহারা আজ যাহাকে ইচ্ছা, তাহাকে সমাট্ করে—কাল সে সমাট্কে বধ করিয়া অন্যকে রাজা করে। রোমক সামাজ্য তাহারা আলু পটলের মত ক্রয় বিক্রয় করে। রোমকে তাহারা যাহা মনে করে, তাহাই করে। সূবায় স্বায় স্বায়াররা স্বেচ্ছাচারী। যাহার শক্তি আছে, সেই স্বেচ্ছাচারী। যাথানে স্বেচ্ছাচার প্রবল, সেখানে বৈষামও প্রবল।

এই সময় খ্রীষ্টয়ম্ম রোমক সাম্রাজ্য মধ্যে প্রচারিত হইতে লাগিল। খ্রীষ্টের উচ্চারিত মহতী বালী লোকের মন্মহিলদ করিয়া প্রবেশ করিতে লাগিল। তিনি বলিয়াছিলেন, মনুষো মনুষো সাত্সম্বদ্ধ। সকল মনুষাই ঈশ্বরসমক্ষে তুল্য। বরং যে পীড়িত, দৃঃখাঁ, কাতর, সেই ঈশ্বরের অধিক প্রিয়। এই মহাবাকো বড় মানুষের গর্ম্ব হইল—প্রভুর গর্ম্ব হইল—প্রভুর গর্মব হেলাকে আমার রাজ্য নহে—ঐহিক স্মাটের অপেক্ষা বড় হইল। তিনি বলিয়াছিলেন. ইহলোকে আমার রাজ্য নহে—ঐহিক সম্থ, সমুখ নহে—ঐহিক প্রাধান্য, প্রাধান্য নহে। প্রথিবীতে দুইবার দুইটি বাক্য উক্ত হইয়াছে,—তাহাই নীতিশান্দের সার—তদতিরক্ত নীতি আর কিছুই নাই। একবার আর্যাবংশীয় রাক্ষণ গঙ্গাতীরে বলিয়াছিলেন, "আত্মবং সন্মর্ভ্রের যঃ পণ্যতি স পন্তিতঃ"। দিতীয়বার জেরুসালেমের পন্তিশিশ্বরে দাঁড়াইয়া য়ীহুদাবংশীয় বীশ্ব বলিলেন, "আনোর নিকট তুমি যে ব্যবহারের কামনা কর, অনোর প্রতি তুমি সেই ব্যবহার করিও"। এই দুইটি বাক্যের ন্যায় মহৎ বাক্য ভূমন্ডলে আর কখন উক্ত হইয়াছে কি না সন্দেহ। এই বাক্য সাম্যতন্তের মূল।

এই সকল তত্ত্ব ধন্মশান্দোভি বলিয়া পরিগত্তীত হইতে লাগিলে, দাসের বন্ধনশৃত্থল মোচন হইতে লাগিল। ভোগাভিলাৰী ভোগাভিলাৰ ত্যাগ করিতে লাগিল। তংগ্রসাদে রোমকে বন্ধরে মিলিত হইয়া, মহাতেজ্বনী, উন্নতিশীল, যুদ্ধদুশ্বদি জাতি সকল সঞ্জাত হইল। তাহারাই আধুনিক ইউরোপীয়াদিগের পুর্বপ্রহা। আধুনিক ইউরোপীয়া সভ্যতার ন্যায় লোকিক উন্নতি প্রিবীতে কখন হয় নাই বা হইবে এমত ভরসা প্র্বিগামী মন্বায়া কখন করেন নাই। ইহা যে কেবল খ্রীষ্ট ধন্মের ফল, এমত নহে; ইহার অনেক কারণ আছে—কিন্তু প্রধান কারণ খ্রীষ্টীয় নীতি এবং গ্রীক্ সাহিত্য এবং দর্শন। এবং খ্রীষ্ট ধন্মে যে কেবল সুফলই ফালায়ছে, এমত নহে। ইষ্ট এবং অনিষ্ট উভর্য়বিধ ফলই ফালায়ছিল। খ্রীষ্ট ধন্ম্ম সাম্যাত্মক হইলেও পরিণামে তৎফলে একটি গ্রেন্তর বৈষম্য জালময়াছিল। ধন্ম্যাজকদিগের অত্যন্ত প্রভূত্ব বৃদ্ধি হইয়াছিল। কেশন, ফ্রান্স প্রভূতি কয়েকটি ইউরোপীয় রাজ্যে এই বৈষম্য বড় গ্রেন্তর ইয়াছিল। বিশেষ ফ্রান্সে তৎসহিত উচ্চশ্রেণী এবং অধ্যন্তেগীর মধ্যে ঈদৃশ গ্রেন্তর বৈষম্য জালময়াছিল যে, সেই বৈষম্যের ফলে ফরাসী মহাবিপ্রব ঘটিয়াছিল। সেই মথিত সাগরের একজন মন্থনকন্তা ছিলেন—তিনিই তৃতীয় বারের সাম্যতত্ব প্রচারকর্তা। তৃতীয় সাম্যাবতার র্সো।

দিতীয় পরিচ্ছেদ

অষ্টাদশ শতাব্দীতে ফ্রান্স রাজ্যের যে অবস্থা ঘটিয়াছিল, তাহা বর্ণনীয় নহে। এই ক্ষুদ্র প্রবন্ধের মধ্যে তাহার বর্ণনার স্থান নাই—প্রয়োজনও নাই। জগাদ্বিখ্যাত, বাক্যবিশারদ, পর্রাব্তজ্ঞ, স্ক্ষ্মদশী বহুসংখ্যক লেখক তাহার প্রশ্ন পর্বাব্তজ্ঞ, ব্যাদিশোর উদ্দেশ্য সাধন হইবে।

কালাহিল বারু করিয়া বলিয়াছেন যে, "যে আইন অনুসারে একজন ভূম্যাধিকারী মৃগয়া হইতে আসিয়া দুই জন দাস বধ করিয়া তাহাদিগের রক্তে পদ প্রকালন করিতে পারিতেন, সে আইন ইদানীং আর প্রচলিত ছিল না"। ইদানীং প্রচলিত ছিল না! তবে প্রেব্ধ ছিল! "পঞ্চাশংবংসরমধ্যে শারলোয়ার ন্যায় কোন ব্যক্তি স্থপতিদিগকে গর্বাল করিয়া তাহারা কি প্রকারে ছাদের উপর হইতে গড়াইয়া পড়ে, দেখিয়া আনন্দ লাভ করে না।" সেরাজউদ্দোল্লা দেশের অধিপতি ছিলেন; শারলোয়া উচ্চপ্রেণীর প্রজা মাত্র।

এই ব্যঙ্গোক্তিতেই তাংকালিক ফরাসীদিগের মধ্যে কি অচিন্তনীয় বৈষম্য জন্মিয়াছিল, তাহা বুঝা যাইবে। পণ্ডদশ লুই প্রমোদানুরক্ত, বুথাভোগাসক্ত, বায়শেণ্ড, স্বার্থপর রাজা ছিলেন। তাঁহার উপপত্নীগণের পরিতৃষ্টির জন্য অনন্ত ধনরাশির আবশ্যক। মাদাম পোম্পাদরে ও মাদাম দুবারি যে ঐশ্বর্য ভোগ করিয়াছিলেন, তাহা পরিণীতা রাজমহিষীর নিম্কল্প কপালেও ঘটে না। মাদাম দুবারির একটি বানরবং কাফ্রি খানসামা ছিল; সে এক স্থানে শাসনকর্ত্ত পদে নিযুক্ত হইয়াছিল—মাদামের আজ্ঞা! লুইর বিলাসভবনের বর্ণনা শর্নিলে ইন্দ্রপ্রস্থের দৈবশক্তিনিন্দির্যতা भाष्प्रवीया भूजीत माम जूनना कता यास—स्मरे मकन श्रासाममिन्द्र स्य छेश्मर १३७, किस्मत সঙ্গে তাহার তলনা করিব? জলবং অর্থবায়,—এদিকে রাজকোষ শ্না! রাজকোষ শ্না, এবং প্রজাবর্গমধ্যে অম্লাভাবে হাহাকার রব আকাশমধ্যে উঠিতেছিল। রাজকোষ শ্না-প্রজামধ্যে অমাভাব, হাহাকার রব—তবে এ সভাপর্বের রাজসূয়ে, এ নন্দনকাননে ঐন্দু বিলাস—এ সকল অর্থসাধ্য ব্যাপার সম্পন্ন হয় কোথা হইতে? সেই অমাভাবপীড়িত প্রজার জীবনোপায় অপহরণ করিয়া। পিষ্টকে পেষণ করিয়া—শুক্তকে শোষণ করিয়া, দক্ষকে দাহন করিয়া দুবারি কলকলা কনীর অলকদাম রম্বরাজিতে শোভিত হয়। আর বড় মানুষেরা? তাহারা এক কপন্দর্ক রাজকোষে অর্পণ করে না-কেবল রাজপ্রসাদ ভোগ করে। রাজপ্রসাদ অজন্ত, অনন্ত অপরিমিত—যে যত পায়, গ্রহণ করে, কেন না, তাহা পিষ্টপেষণলব্ধ। কিন্ত রাজপ্রসাদভোগীরা কপন্দর্ক মাত্র রাজকোষে দেয় না। বড় মানুষে কর দেয় না, ধর্ম্মাজকেরা কর দেয় না, রাজপুরুষেরা কর দেয় না-কেবল দীন দুঃখী ক্ষকেরা কর দেয়। তাহার উপর করসংগ্রাহক-দিগের অত্যাচার। মিশালা বলেন, "কর আদায় এক প্রকার প্রণালীবদ্ধ যুদ্ধের ন্যায় ছিল। তাহার দ্বারা দ্বাই লক্ষ্ণ নিশ্কম্মা ভূমিকে প্রপীড়িত করিত। এই পঙ্গপালের রাশি, সর্ব্বস্থাস, সর্বানাশ করিত। এই প্রকারে পরিশোষিত প্রজাদিগের নিকট আরও আদায় করিতে হইলে, স্তুতরাং নিষ্ঠার রাজব্যবস্থা, ভরঞ্কর দ্ভবিধি, নাবিক দাসত্ব, ফাঁসিকাঠ, পীড়নবন্দ্র প্রভাতর আবশ্যক হইল।" রাজকর ইজারা বন্দোবন্ত ছিল: ইজারাদারের এমন অধিকার ছিল যে

শক্ষাঘাতাদির দ্বারা রাজ্ব আদায় করে। তাহারা তল্জন্য প্রজাবধ পর্যান্ত করিত। এক দিকে রম্যোদ্যান, বনবিহার, নৃত্যুগীত, পরক্ষীর সহিত প্রণয়, হাস্যুপরিহাস, অনন্ত প্রমোদ, চিন্তা-শ্নাতা;—আর এক দিকে দারিদ্রা, অনাহার, পীড়া, নিরপরাধে নাবিক দাসত্ব, ফাঁসিকাঠ, প্রাণবধ! পণ্ডদশ লাইর রাজ্যকালে ফ্রান্সেদেশে এইর্প গা্রন্তর বৈষম্য। এই বৈষম্য কদর্যা, অপরিশান্দ্র রাজ্যশাসনপ্রণালীজনিত। র্সোর গা্রন্তর প্রহারে সেই রাজ্য ও রাজ্যাসনপ্রণালী ভগ্নমূল হইল। তাঁহার মানস শিষ্যেরা তাহা চ্ণীক্তিত করিল।

শাক্যসিংহ এবং যীশ্ব্াণ্ড পবিত্র সত্য কথা জগতে প্রচার করিয়াছিলেন। এজন্য মন্বাজানেক তাঁহারা যে দেবতা বলিয়া প্রজিভ, ইহা যথাযোগ্য। রুসো তাঁহাদের সমকক্ষ ব্যক্তিনহেন। অবিমিশ্র বিমল সত্যই যে তাহা কর্তুক ভূমণ্ডলে প্রচারিত হইয়াছিল, এমত নহে। তিনি মহিমাময় লোকহিতকর নৈতিক সত্যের সহিত অনিষ্টকারক মিথ্যা মিশাইয়া, সেই মিশ্র পদার্থকে আপনার অভূত বাগিন্দুজালের গ্লে লোকবিমোহিনী শক্তি দিয়া, ফরাসীদিগের হৃদয়াধিকারে প্রেরণ করিয়াছিলেন। একে কথাগ্রিল কালোপযোগিনী, তাহাতে রুসো বাক্শক্তিতে যথার্থ ঐন্দ্রজালিক, তাঁহার প্রেরিত সংক্থান্সারিণী প্রান্তিও ফরাসীদিগের জীবনযান্তার একমাত্র বাজমন্ত্র বিলয়া গৃহীত হইল। সকল ফরাসী তাঁহার মানস শিষ্য হইল। তাহারা সেই শিক্ষার গ্লেণ ফরাসীবিপ্লব উপস্থিত করিল।

রুদোরও মূল কথা, সাম্য প্রাকৃতিক নিয়ম। স্বাভাবিক অবস্থায় সকল মনুষ্য সমান। সভ্যতার ফলে বৈষম্য জন্মে, কিন্তু বৈষম্য জন্মে বলিয়া, রুস্যে সভ্যতাকে মনুষ্যজাতির গুরুত্র অমঙ্গল বিবেচনা করেন। তিনি ইহাও স্বীকার করেন যে, মনুষ্যে মনুষ্যে নৈসাগিক বৈষম্য দেখিতে পাওয়া যায়, কিন্তু সেও সভ্যতার দােষে—সভ্যতাজনিত ভোগাসাক্তি পাপানুরক্তি এবং স্ক্রাস্ক্র্য বিচারের ফল। অসভ্যাবস্থায় সকল মনুষ্যের সমভাবে শারীরিক পরিপ্রমের আবশ্যক হয়; এজন্য সকলেরই সমভাবে শারীরপ্রিক হয়; নীরেগ শারীরের ফল নীরোগ মন। যথন মনুষ্যাণাণ বন্যাবস্থায়, কাননে কাননে মৃগয়া করিয়া বেড়াইত, বৃক্ষতলে বৃক্ষতলে নিদ্রা যাইত—অপস্যায় ভাষাশক্তিসম্পয়, এজন্য বাগৈবদক্ষ্য জানিত না; যে আকাজ্কার নিবৃত্তি নাই, যে লাভের তৃপ্তি নাই, যে বাসনার প্রণ নাই, তাহার কিছুই জানিত না; ইহাকে ভালবাসিব, উহাকে বাসিব না; এ আপন, ও পর, এ স্বা, ও পরস্বা, এ সকল ব্বিত না—সেই অবস্থাকে স্বগীর সূত্র মনে করিয়া, মনুষ্যজাতিকে ডাকিয়া বালয়াছেন, "এই অপ্ত্র্ব চিত্র দেখ! ইহার সহিত এখনকার দৃত্রখপূর্ণ, পাপপ্রণ সভ্যাবস্থায় তুলনা কর!"

যেই মন্যাজন্ম গ্রহণ করে, সেই মন্যামান্তের সমান—নৈসাগিক প্রকৃতিতে সমান, এবং সম্পত্তির অধিকারিত্বেও সমান। এই প্রথিবীর ভূমিতে রাজার যে প্রাকৃতিক অধিকার, ভিক্ষ্কেরও সেই অধিকার। ভূমি সকলেরই—কাহারও নিজম্ব নহে। যথন বলবানে দ্বর্ধলিকে অধিকারচ্যুত করিতে লাগিল, তথনই সমাজ সংস্থাপনের আরম্ভ হইল। সেই অপহরণের স্থায়িত্ববিধানের নাম আইন।

যে ব্যক্তি সর্ব্বাদৌ, কোন ভূমিখণ্ড চিহ্নিত করিয়া বলিয়াছিল, "ইহা আমার," সেই সমাজকর্ত্তা। যদি কেহ তাহাকে উঠাইয়া দিয়া বলিত, "এ ব্যক্তি বণ্ডক, তোমরা উহার কথা শ্রনিও না, বস্কুরা কাহারও নহেন; তৎপ্রস্ত শস্য সকলেরই।" সে মানবজাতির অশেষ উপকার কবিত।

রুসোর এই সকল কথা অতি ভয়ানক। বল্টের শর্নিয়া বিলয়াছিলেন, এ সকল বদ্মায়েসের দর্শনিশাস্তা। এই সকল কথার অন্বত্তী হইয়া রুসোর মানস শিষ্য প্রুধোঁ বিলয়াছেন যে. অপহরণেরই নাম সম্পত্তি।

জ্পদ্বিখ্যাত I.e Contrat Social নামক গ্রন্থে রুসো এই সকল মতের কিঞ্চিৎ পরিবর্ত্তন করিয়াছিলেন। সভ্যাবস্থার তাদৃশ দোষকীর্ত্তনে ক্ষান্ত হইয়াছিলেন। বলিয়াছিলেন যে, অসভ্যাবস্থার যেখানে সহজ জ্ঞানে ধন্ম নিশাত হয়, সভাাবস্থায় তৎপরিবর্ত্তে নায়ান্ভাবকতা সিয়বেশিত হয়। সম্পত্তি সম্বন্ধে তিনি প্রথমাধিকারীকে অধিকারী বলিয়া স্বীকার করেন। কিন্তু অবস্থাবিশেষে মাত্র—প্রথম, যদি ভূমি প্রের্ব অধিকৃত না হইয়া থাকে; দ্বিতীয়, অধিকারী যদি আত্মভরণপোষণের উপযোগী মাত্র ভূমি অধিকার করে, তাহার অধিক না লয়, তৃতীয়, বদি নামনাত্র দথল না লইয়া, কর্ষণাদির দ্বারা দথল লওয়া হয়, তবে অধিকৃত ভূমি অধিকারীর সম্পত্তি।

Le Contrat Social গুলেথর স্থ্লোন্দেশ্য এই যে, সমাজ সমাজভুক্তদিগের সন্মতিস্ভ । যেমন পাঁচ জন ব্যবসাদার মিলিয়া, পরস্পরে কতকগ্লি নিয়মের দ্বারা বদ্ধ হইয়া, একটি জরেণ্ট ছকেণ্ট ফক কোন্পানী সৃষ্ট করেন. র্সোর মতে সমাজ, রাজ্য, শাসন, এ সকল সেইর্পে লোকের মঙ্গলার্থ লোকের দ্বারা সৃষ্ট। এ কথার ফল অতি গ্রহ্তর। তোমায় আমায় চুক্তি হইয়াছে যে, তুমি আমার জমী চিষয়া দিবে, আমি তোমাকে খাইতে পরিতে দিব, এবং গ্রহে স্থান দিব। তুমি যে দিন আমার ভূমিকর্ষণ বন্ধ করিলে, সেই দিন আমি তোমার গলদেশে হস্তার্পণ করিয়া গ্রহ হইতে বাহির করিয়া দিলাম এবং গ্রাসাছ্ছাদন বন্ধ করিলাম। এই কার্য্য নায়সঙ্গত হইল। তেমনি যদি রাজা প্রজার সম্বন্ধ কেবল চুক্তিমার হয়, তবে প্রজা অত্যাচারী রাজাকে বলিতে পারে, "তুমি চুক্তি ভঙ্গ করিয়াছ। প্রজার মঙ্গল করিবে এই অঙ্গীকারে তুমি রাজা; তোমার কার্য্য আমাদের মঙ্গল করা, আমাদের কার্য্য তোমাকে করদান ও তোমার আজ্ঞাপালন। তুমি এখন আর আমাদের মঙ্গল কর না, অতএব আমরাও তোমাকে কর দিব না বা তোমার আজ্ঞাপালন করিব না। তুমি রন্ধানংহাসন হইতে অব্তরণ কর।"

অতএব যে দিন Le Contrat Social প্রচারিত হইল, সেই দিন ফরাসী রাজার হস্তের রাজদন্ত ভন্ন হইল। Le Contrat Social গ্রন্থের চরম ফল ষোড়শ লাইর সিংহাসনচ্যুতি, এবং প্রাণদন্ত। ফরাসীবিপ্লবে যাহা কিছু ঘটিয়াছিল, তাহার মূল এই গ্রন্থে। সেই যজ্জে বেদমন্ত্র, এই গ্রন্থোক্ত বাণী।

সেই ফরাসীবিপ্লবে, রাজা গেল, রাজকুল গেল, রাজপদ গেল, রাজনাম লুপ্ত হইল; সন্দ্রান্ত লোকের সন্প্রদায় লুপ্ত হইল; প্রাতন খ্রীষ্টীয় ধর্ম্ম গেল, ধর্ম্ম যাজকসন্প্রদায় গেল; মাস, বার প্রভৃতির নাম পর্যান্ত লুপ্ত হইল—অনন্তপ্রবাহিত শোণিতস্রোতে সকল ধ্রইয়া গেল। কালে আবার সকলই হইল, কিন্তু যাহা ছিল, তাহা আর হইল না। ফ্রান্স নৃতন কলেবর প্রাপ্ত হইল। ইউরোপে নৃতন সভ্যতার সৃষ্টি হইল—মন্যুজাতির স্থায়ী মঙ্গল সিদ্ধ হইল। রুসোর দ্রান্ত বাক্যে অনন্তকালস্থায়িনী কীর্ত্তি সংস্থাপিতা হইল। কেন না, সেই দ্রান্ত বাক্য সাম্যাত্মক—সেই দ্রান্তির কায়া অন্তেক সত্যে নিম্মিত।

ফরাসীবিপ্লব শমিত হইল, তাহার উদ্দেশ্য সিদ্ধ হইল। কিন্তু "ভূমি সাধারণের" এই কথা বলিয়া র্সো যে মহাব্দ্দের বীজ বপন করিয়াছিলেন, তাহার নিত্য ন্তন ফল ফলিতে লাগিল। অদ্যাপি তাহার ফলে ইউরোপ পরিপূর্ণ। "কম্যুনিজম্" সেই বৃক্ষের ফল। "ইন্টারন্যাশনল" সেই বৃক্ষের ফল। এ সকলের ফর্ণিজিং পরিচয় দিব।

এ দেশে এবং অন্য দেশে সচরাচর সম্পত্তি ব্যক্তিবিশেষের। আমার বাড়ী, তোমার ভূমি, তাহার বৃক্ষ। কিন্তু ইহা ভিন্ন আর কোন প্রকার সম্পত্তি হইতে পারে না, এমত নহে। ব্যক্তিবিশেষের সম্পত্তি না হইয়া. সম্বলাকসাধারণের সম্পত্তি হইতে পারে। এই সম্বলাকপালিকা বস্ক্ষরা কাহারও একার জন্য সৃষ্ট হয় নাই বা দশ পনের জন ভূম্যাধকারীর জন্য সৃষ্ট হয় নাই। অতএব ভূমির উপর সকলেরই সমান অধিকার থাকা কর্ত্তব্য। সম্ববিষ্মাবিনাশিনী বাক্শক্তির বলে, এই কথা র্সো প্রথবীর মধ্যে আদ্তা করাইয়াছিলেন। ক্রমে বিজ্ঞ, বিবেচক পন্ডিতেরা সেই ভিত্তির উপর সম্পত্তিমাত্রেরই সাধারণতা স্থাপন করিবার মত সকল প্রচার করিতে লাগিলেন।

প্রথম মত এই যে, ভূমি এবং ম্লধন, ষাহার দ্বারা অন্য ধনের উৎপত্তি হইবে, তাহা সামাজিক সর্বালাকের সাধারণ সম্পত্তি হউক। যাহা উৎপত্ম হইবে, তাহা সম্প্রতি সমভাবে বন্টন করিয়া লউক। ইহাতে বড় লোক ছোট লোক কোন প্রভেদ রহিল না; সকলেই সমান ভাবে পরিশ্রম করিবে। সকলেই সমান ভাগে ধনের অধিকারী। ইহাই প্রকৃত কম্ন্নিজ্ম। ইহার প্রচারকর্তা ওয়েন, লুই রাং, এবং কাবে। কিন্তু সাধারণ কম্ম্নিনন্ট, বহুশ্রমী এবং অলপশ্রমী, কন্মিন্ট এবং অকন্মিন্ট, সকলকেই যেরপে ধনের সমানভাগী করিতে চাহেন, লুই রাং সে মতাবলন্বী নহেন। তিনি বলেন, শ্রমান্সারে ধনের ভাগ হওয়া কর্তবা। যে মত সেন্টসাইমনিজ্ম্ বলিয়া বিখ্যাত, তাহারও অভিপ্রায় এই যে, সকলেই যে সমভাবে ধনভোগী হইবে বা সকলেই এক প্রকার পরিশ্রম করিবে বা সকলেই সমান পরিশ্রম করিবে এমত নহে। যে যেমন পরিশ্রমের উপযুক্ত, সে তেমনি পরিশ্রম করিবে ও সেইর্প কার্যে নিযুক্ত হইবে। কার্যের গ্রেমুদ্ধ, এবং কন্ম্যকারকের গ্রানুসারে বেতন প্রদন্ত হইবে।

र्वाष्क्य ब्रह्मावणी

বে বাহার যোগা, তাহাতে তাহাকে নিয়ত্ত করিবার জন্য, যে প্রকারে পর্রস্কৃত হইবে তাহা নির্পুণ এবং সর্বপ্রকার তত্ত্বাবধারণ জন্য কতকগর্নান কর্তৃপক্ষ থাকিবেন। ভূমি ও ধনোংপাদক সামগ্রী সকল সাধারণের। ইত্যাদি।

ফ্রীরিজম্ আর এক প্রকার সাধারণ সম্পত্তির পক্ষতা। কিন্তু এ সম্প্রদারের এমন মত নহে যে, ব্যক্তিবিশেষের সম্পত্তি থাকিতে পারিবে না। সম্পত্তির বৈশেষিকতা, এবং উত্তরাধিকারিতাও ইহাদের অন্মত। ইহারা বলেন যে, দুই সহস্র বা তার্লুপ সংখ্যক লোক একতক্র হইয়া ধনোংপাদন করিবে। এইর্প পৃথক্ পৃথক্ সম্প্রদারের দ্বারা ধনোংপত্তি ইইতে থাকিবে। তাহারা আপনাদিগের কর্তৃপক্ষ আপনারা মনোনীত করিবে। ম্লুধনের পার্থক্য থাকিবে। উৎপক্ষ ধনের মধ্য হইতে প্রথমে কিয়দংশ সমভাবে সকলকে বিতরিত হইবে। যে শ্রমে অপারগ, সেও তাহা পাইবে। যাহা অবশিষ্ট থাকিবে, শ্রমকারী, ম্লুধনাধিকারী, এবং কম্মনিপ্রাদিগের মধ্যে কোন নিয়মিত পরিমাণে তাহা বিভক্ত হইবে। যে যেমন গ্র্ণবান্, সে তদ্বপব্রু পাইবে। ইত্যাদি।

ভূসশ্পত্তির উত্তর্গাধকারিত্ব সন্বন্ধে মৃত মহাত্মা জন কাঁর্য়ার্ট মিল্ যাহা বলিয়াছেন, তাহারও উল্লেখ করা আবশাক, কেন না, তাহাও সামাতত্ত্বের অন্তর্গত। যিনি উপার্জ্জনকর্ত্তা, উপার্জ্জিত সম্পত্তিতে তাঁহার যে সম্পূর্ণ অধিকার, ইহা মিল্ স্বীকার করেন। যে যাহা আপন পরিপ্রমে বা গ্রুণে উপার্জ্জন করিয়াছে, তাহা অপর্যাপ্ত হইলেও তাহার যাবজ্জীবন ভোগ্য এবং তাহার জীবনান্তেও যাহাকে ইছা, তাহাকে দিয়া যাইবার তাহার অধিকার আছে। কিন্তু যদি আপন জীবনান্তেও সে কাহাকেও না দিয়া যার, তবে তাহার তাক্ত সম্পত্তি একা ভোগ করিবার অধিকার কাহারও নাই। রাম যে সম্পত্তি উপার্জ্জন করিয়াছে, তাহাতে দশ সহস্র লোক প্রতিপালিত ইতৈ পারে; কিন্তু রাম উপার্জ্জন করিয়াছে বলিয়া সে নয় সহস্র নয় শত নিরানব্দই জনকে বিশুত করিয়া, একা ভোগের অধিকারী বটে। জীবনান্তে স্বেচ্ছাক্রমে আপনার প্রক্রক বা অপরকে তাহাতে স্বত্ববান্ করিবারও তাহার অধিকার আছে। কিন্তু সে যদি কাহাকেও দিয়া না গেল, তবে কেবল ব্যবস্থার বলে, তাহার প্রেও কেন একা অধিকারী হয়? অধিকার উপার্জ্জনকর্ত্তার, তাহার প্রের নহে। যেখানে অধিকারী বলিয়া যায় নাই যে, আমার প্রত্র সকল ভোগ করিবে, সেখানে প্র অধিকারী নহে, সামাজিক লোক সকলেই সমান ভাবে অধিকারী।

তবে পিতা প্রকে এই দুঃখময় সংসারে আনিয়াছেন, এজন্য যাহাতে সে কট না পায়, স্নুশিক্ষিত হইয়া, অভাবাপয় না হইয়া, যাহাতে সে স্থে জীবনয়ায়া নির্ম্বাহ করিতে পায়ে, পিতার এর্প উপায় করিয়া যাওয়া কর্ত্বা। পিতৃসম্পত্তির যে অংশ রাখিলে এই উদ্দেশ্য সিদ্ধ হয়, প্রেরে তাহা বিনা দানেও প্রাপ্য। কিন্তু তদখিক এক কড়াও তাহার প্রাপ্য নহে। মিল্ বলেন, জায়জ্প প্রেরে অপেক্ষা অন্য প্রের কিছ্মায় অধিকার নাই,—উভয়েই কেবল আত্মরক্ষায় উপায়ের অধিকারী। কিন্তু এর্প যাহা কিছ্ম অধিকার, তাহা সন্তানের। প্রের অবর্ত্তমানে জ্ঞাতি প্রভৃতি ম্তের সন্ত্রপতিতে একাধিকারী হওয়ার কিছ্মায় নায়মঙ্গত কারণ নাই। যাহার সন্তান আছে, তাহার তাক্ত সম্পত্তি হইতে সন্তানের আবশাকীয় ধন রাখিয়া, অবশিষ্ট জনসাধারণের অধিকার হওয়া কর্ত্বা। যাহার সন্তান নাই, তাহার সম্নায় সম্পত্তিতই জনসাধারণের অধিকার হওয়া কর্ত্বা। যাহার সন্তান নাই, তাহার সম্নায় বাক্ষা প্রিবীর কোন রাজ্যে এ পর্যান্ত হয় নাই। বিলাতী বাক্ষার অপেক্ষা, আমাদের ধন্মশাস্য কিছ্ ভাল; হিন্দুধন্মশাস্য অপেক্ষা সরা আরও ভাল। কিন্তু সকলই অন্যায়পূর্ণ। এক্ষণে এ সকল কথা অধিকাংশের অগ্রাহা, এবং মুর্থের নিকট হাসের কারণ। কিন্তু একদিন এইর্প বিধি প্রিথবীর সর্ব্ব চলিবে।

সামাতত্ত্বর শেষাংশও এই চিরস্মরণীর মহাত্মার প্রচারিত। স্ত্রী প্রব্রেষ সমান। এক্ষণে স্বৃশিক্ষার, বিজ্ঞানে, রাজকার্য্যে বিবিধ ব্যবসারে একা প্রব্রেষ্ট অধিকারী—স্ত্রীলোক অন্ধিকারিণী থাকিবে কেন? মিল্ বলেন, নারীজাতিও এ সকলের অধিকারী। তাহারা যে পারিবে না, উপযুক্ত নহে, এ সকল চিরপ্রচলিত লোকিক দ্রান্তি মান্ত। মিলের এ মত ইউরোপে গ্রাহ্য হইয়া, ফলে পরিণত হইতেছে। আমাদিগের দেশে এ সকল কথা প্রচারিত হইবার এখনও অনেক বিশব্দ আছে।

সামাতত্ত্বসন্বন্ধে সার কথা প্রকর্বার উক্ত করিতে হইল। মনুব্যে মনুবো সমান। কিন্তু এ

কথার এমত উন্দেশ্য নহে যে, সকল অবস্থার সকল মনুষ্যই, সকল অবস্থার সকল মনুষ্যের সঙ্গে সমান। নৈসগিক তারতম্য আছে; কেহ দুর্বেল, কেহ বলিষ্ঠ; কেহ বৃদ্ধিমান্, কেহ ব্ দ্বিহীন। নৈস্গিক তারতম্যে সামাজিক তারতম্য অবশ্য ঘটিবে; যে ব্ দ্বিমান্ এবং বলিষ্ঠ, रित्र आख्वामाणा; स्व द्विश्वनेन अवश मृत्यम, स्त्र आख्वाकाती अवना इट्रेंत। तूरमा**७ अ कथा** স্বীকার করিয়াছেন। কিন্তু সামাতত্ত্বের তাৎপর্য্য এই যে, সামাজিক বৈষমা, নৈসগিক বৈষ্দ্রের ফল, তাহার অতিরিক্ত বৈষমা ন্যায়বির্দ্ধ, এবং মন্যাজাতির অনিষ্টকর। যে সকল রাজনৈতিক ও সামাজিক ব্যবস্থা প্রচলিত আছে, তাহার অনেকগ্নলি এইর্প অপ্রাকৃত বৈষম্যের কারণ। সেই ব্যবস্থাগর্নির সংশোধন না হইলে, মনুষাজাতির প্রকৃত উন্নতি নাই। মিল্ এক স্থানে বলিয়াছেন, এক্ষণকার যত স্বাবস্থা, তাহা প্রবিতন কুব্যবহারসংশোধক মাত্র। ইহা সত্য কথা। কিন্তু সম্পূর্ণ সংশোধন কালসাপেক্ষ। তাই বলিয়া কেহ না মনে করেন যে, আমি জন্মগ্রণে বড় लाक रहेशांছि, अत्म अन्यगृत्व ছा**ট लाक रहेशांছ। जूमि य छेक कृत्व अन्यिशा**ह, स्म তোমার কোন গুলে নহে; অন্য যে নীচ কুলে জন্মিয়াছে, সে তাহার দোষে নহে। অতএব প্রিথবীর সূথে তোমার যে অধিকার, নীচকুলোৎপক্ষেরও সেই অধিকার। তাহার সূথের বিঘাকারী হইও না; মনে থাকে যেন যে, সেও তোমার ভাই—তোমার সমকক্ষ। যিনি ন্যায়-বিরাদ্ধ আইনের দোষে পিতৃসম্পত্তি প্রাপ্ত হইয়াছেন বলিয়া, দোর্ম্পণ্ড প্রচণ্ড প্রতাপাশ্বিত মহারাজাধিরাজ প্রভৃতি উপাধি ধারণ করেন, তাঁহারও যেন স্মরণ থাকে যে, বঙ্গদেশের কৃষক পরাণ মন্ডল তাঁহার সমকক্ষ, এবং তাঁহার দ্রাতা। জন্ম দোষগাণের অধীন নহে। তাহার অন্য কোন দোষ নাই। যে সম্পত্তি তিনি একা ভোগ করিতেছেন, পরাণ মণ্ডলও তাহার ন্যায়সঙ্গত অধিকারী।

তৃতীয় পরিচ্ছেদ

আমরা যদি পরাণ মণ্ডলের কথা পাড়িলাম, তবে তাহার দ্বংখের পরিচয় কিণিওং সবিস্তারে না দিয়া থাকিতে পারি না। জমীদারের ঐশ্বর্য্য সকলেই জানেন, কিন্তু যাঁহারা সম্বাদপত্র লিখিয়া, বক্তৃতা করিয়া বঙ্গসমাজের উদ্ধারের চেণ্টা করিয়া বেড়ান, তাঁহারা সকলে কৃষকের অবস্থা সবিশেষ অবগত নহেন। সাম্যতত্ত্ব ব্বাইতে গিয়া সে বৈষম্য না দেখাইলে কথা অসম্পূর্ণ থাকিয়া যায়। যে বস্কুরা কাহারও নহে, তাহা ভূম্যাধিকারিবর্গ বন্টন করিয়া লওয়াতে কি ফল ফলিতেছে, তাহা কিছু বলিতে হইল।

যতক্ষণ জমীদার বাব, সাড়ে সাত মহল প্রীর মধ্যে রাঙ্গল সাসীপ্রেরিত রিন্ধালোকে স্ব্রীকন্যার গৌরকান্তির উপর হারকদামের শোভা নিরীক্ষণ করিতেছেন, ততক্ষণ পরাণ মন্ডল, প্রসহিত দ্বই প্রহরের রৌদ্রে, খালি মাথায়, খালি পায়, এক হাঁট্র কাদার উপর দিয়া দ্বইটা অস্থিচন্দাবিশিন্ট বলদে ভোঁতা হালে তাঁহার ভোগের জন্য চাষকন্দা নির্বাহ করিতেছে। উহাদের এই ভাদের রৌদ্রে মাথা ফাটিয়া যাইতেছে, তৃষ্ণায় ছাতি ফাটিয়া যাইতেছে, তাহার নিবারণ জন্য অঞ্জলি করিয়া মাঠের কর্দাম পান করিতেছে; ক্ষ্মায় প্রাণ যাইতেছে, কিন্তু এখন বাড়ী গিয়া আহার করা হইবে না, এই চামের সময়। সন্ধ্যাবেলা গিয়া উহারা ভাঙ্গা পাতরে রাঙ্গা রাঙ্গা বড় বড় ভাত ল্ল, লঙ্কা দিয়া আধপেটা খাইবে। তাহার পর ছেড়া মাদ্রের, না হয়, ভূমে, গোহালের এক পাশে শয়ন করিবে—উহাদের মশা লাগে না। তাহার পর্যাদন প্রাতে আবার সেই একহাট্র কাদায় কাজ করিতে যাইবে—যাইবার সময়, হয় জ্মীদার, নয় মহাজন, পথ হইতে ধরিয়া লইয়া গিয়া দেনার জন্য বসাইয়া রাখিবে, কাজ হইবে না। নয়ত, চিষবার সময় জ্মীদার জমীখানি কাড়িয়া লইবে, তাহা হইলে সে বৎসর কি করিবে? উপবাস—সপরিবারে উপবাস!

পৌষ মাসে ধান কাটিয়াই কৃষকে পৌষের কিন্তি থাজানা দিল। কেহ কিন্তি পরিশোধ করিল—কাহার বাকি রহিল। ধান পালা দিয়া, আছড়াইয়া, গোলায় তুলিয়া, সময়মত হাটে লইয়া গিয়া, বিক্রয় করিয়া, কৃষক সন্বৎসরের খাজানা পরিশোধ করিতে ঠের মাসে জমীদারের কাছারিতে আসিল। পরাণ মন্ডলের পৌষের কিন্তি পাঁচ টাকা, চারি টাকা দিয়াছে, এক টাকা বাকি আছে। আর ঠৈতের কিন্তি তিন টাকা। মোটে চারি টাকা সে দিতে আসিয়াছে। সোমস্তা হিসাব করিতে বসিলেন। হিসাব করিয়া বলিলেন, "তোমার পৌষের কিন্তির তিন টাকা বাকি

আছে" পরাণ মণ্ডল অনেক চীংকার করিল—দোহাই পাড়িল—হয় ত দাখিলা দেখাইতে পারিল, नय ७ ना। २व ७ शामन्य माथिना प्रत्न नारे, नय ७ जाति जेका नरेया माथिनाय मुटे जेका **निर्मा**थय़ा मिय़ा**ছে। यारा रु**উक, তিন টাকা বাকি স্বীকার না করিলে সে আর্থির কবচ পায় না। হয়। ত তাহা না দিলে গোমস্তা সেই তিন টাকাকে তের টাকা করিয়া নালিশ করিবে। সূতরাং পরাণ মন্ডল তিন টাকা বাকি স্বীকার করিল। মনে কর তিন টাকাই তাহার যথার্থ দেনা। তখন গোমস্তা সূদ কৃষিল। জমিদারী নিরিক টাকায় চারি আনা। তিন বংসরেও চারি আনা, এক মাসেও চারি আনা। তিন টাকা বাকির সূদ ৮০ আনা। পরাণ তিন টাকা বার আনা দিল। পরে চৈত্রের কিন্তি তিন টাকা দিল। তাহার পর গোমস্তার হিসাবানা। তাহা টাকায় দুই পয়সা। পরাণ মণ্ডল ৩২, টাকার জমা রাখে। তাহাকে হিসাবানা ১, টাকা দিতে হইল। তাহার পর পার্ব্বণী। নায়েব, গোমস্তা, তহশীলদার, মুহুরি, পাইক, সকলেই পার্ব্বণীর হকদার। মোটের **উপর পডতা গ্রাম হইতে** এত টাকা আদায় হইল। সকলে ভাগ করিয়া লইলেন। পরাণ মন্ডলকে তজ্জন্য আর দুই টাকা দিতে হইল।

এ সকল দৌরাষ্যা জমীদারের অভিপ্রায়ান,সারে হয় না, তাহা স্বীকার করি। তিনি ইহার মধ্যে ন্যাষ্য খাজানা এবং সূদ ভিন্ন আর কিছুই পাইলেন না, অবশিষ্ট সকল নায়েব গোমস্তার উদরে গেল। সে কাহার দোষ? জমীদার যে বৈতনে শ্বারবান্ রাখেন, নায়েবেরও সেই বেতন; গোমস্তার বেতন খানসামার বেতন অপেক্ষা কিছ্ব কম। স্বৃতরাং এসব না করিলে তাহাদের দিনপাত হয় কি প্রকারে? এ সকল জমীদারের আজ্ঞান,সারে হয় না বটে, কিন্তু তাঁহার কার্পণ্যের ফল। প্রজার নিকট হইতে তাঁহার লোকে আপন উদরপূর্ত্তির জন্য অপহরণ করিতেছে, তাহাতে তাঁহার ক্ষতি কি? তাঁহার কথা কহিবার কি প্রয়োজন আছে?

তাহার পর আষাঢ় মাসে নববর্ষের শ্বভ প্রণ্যাহ উপস্থিত। পরাণ প্রণ্যাহের কিস্তিতে দুই টাকা খাজানা দিয়া থাকে। তাহা ত সে দিল, কিন্তু সে কেবল খাজানা। শূভ পুণ্যাহের দিনে জমীদারকৈ কিছু নজর দিতে হইবে। তাহাও দিল। হয় ত জমীদারেরা অনেক শরিক, প্রত্যেককে পৃথক্ পৃথক্ নজর দিতে হয়। তাহাও দিল। তাহার পর নায়েব মহাশয় আছেন
—তাঁহাকেও কিছু নজর দিতে হইবে। তাহাও দিল। পরে গোমস্তা মহাশরেরা। তাঁহাদের ন্যায় পাওনা—তাঁহারাও পাইলেন। যে প্রজার অর্থ নজর দিতে দিতে ফরোইয়া গোল—তাহার কাছে বাকি রহিল। সময়ান্তরে আদায় হইবে।

পরাণ মণ্ডল সব দিয়া থ**ু**ইয়া ঘরে গিয়া দেখিল, আর আহারের উপায় নাই। এদিকে চাষের সময় উপস্থিত। তাহার খরচ আছে। কিন্তু ইহাতে পরাণ ভীত নহে। এ ত প্রতি বংসরেই ঘটিয়া থাকে। ভরসা, মহাজন। পরাণ মহাজনের কাছে গেল। দেড়ী স্কুদে ধান লইয়া আসিল। আবার আগামী বংসর তাহা সূদ সমেত শূধিয়া নিঃস্ব হইবে। চাষা চিরকাল ধার করিয়া খার চিরকাল দেড়ী স্দুদ দের। ইহাতে রাজার নিঃস্ব হইবার সম্ভাবনা চাষা কোন ছার! হয় ত জমীদার নিজেই মহাজন। গ্রামের মধ্যে তাঁহার ধানের গোলা ও গোলাবাড়ী আছে। পরাণ সেইখান হইতে ধান লইয়া আসিল। এরপে জমীদারের ব্যবসায় মন্দ নহে। স্বয়ং প্রজার অর্থাপহরণ করিয়া, তাহাকে নিঃস্ব করিয়া, পরিশেষে কম্জ দিয়া তাহার কাছে দেড়ী সাদ ভোগ করেন। এমত অবস্থায় যত শীঘ্র প্রজার অর্থ অপহত করিতে পারেন, ততই তাঁহার লাভ।

সকল বংসর সমান নহে। কোন বংসর উত্তম ফসল জন্মে, কোন বংসর জন্মে না। অতিবৃষ্টি আছে, অনাবৃষ্টি আছে, অকালবৃষ্টি আছে, বন্যা আছে, পঙ্গপালের দৌরাত্ম্য আছে, অন্য কীটের দৌরাত্মাও আছে। যদি ফসলের স্কুলক্ষণ দেখে, তবেই মহাজন কম্জ দেয়; নচেৎ एमत्र ना। एकन ना, भ्रशास्त्रन विकासका स्वातन एक, कमल ना श्रेटल कृषक स्था भित्रताथ कित्रत्व পারিবে না। তখন কৃষক নির্পায়। অন্নাভাবে সপরিবারে প্রাণে মারা যায়। কখন ভরসার মধ্যে বন্য অখাদ্য ফলমূল, কখন ভরসা "রিলিফ", কখন ভিক্ষা, কখন ভরসা কেবল জগদীশ্বর। অলপসংখ্যক মহাত্মা ভিন্ন কোন জমীদারই এমন দুঃসময়ে প্রজার ভরসাস্থল নহে। মনে কর, সে বার স্বংসর। পরাণ মণ্ডল কর্জ্জ পাইয়া দিনপাত করিতে লাগিল।

পরে ভাদ্রের কিন্তি আসিল। পরাণের কিছু নাই, দিতে পারিল না। পাইক, পিয়াদা, नगमी शामाशाना कार्यम वा उम्राय कान नामधाती मशाया जागामात्र जामिरलन। शत्रज কিছ্ম করিতে না পারিয়া, ভাল মানুষের মত ফিরিয়া গেলেন নয় ত পরাণ কর্জ্জ করিয়া টাকা দিল। নয় ত পরাণের দূর্ব্বন্দ্ধি ঘটিল—সে পিয়াদার সঙ্গে বচসা করিল। পিয়াদা ফিরিয়া গিয়া গোমস্তাকে বলিল, "পরাণ মণ্ডল আপনাকে শ্যালা বলিয়াছে।" তখন প্রাণকে ধরিতে তিন জন পিয়াদা ছুটিল। তাহারা প্রাণকে মাটি ছাড়া করিয়া লইয়া আসিল। কাছারিতে আসিয়াই পরাণ কিছু সামভা গালিগালাজ শানিল—শরীরেও কিছু উত্তম মধ্যম ধারণ করিল। গোমস্তা তাহার পাঁচসনে জরিমানা করিলেন। তাহার উপর পিয়াদার রোজ। পিয়াদাদিগের প্রতি হুকুম হইল, উহাকে বসাইয়া রাখিয়া আদায় কর। যদি পরাণের কেহ হিতৈষী থাকে। তবে টাকা দিয়া খালাস করিয়া আনিল। নচেৎ পরাণ একদিন, দুই দিন, তিন দিন, পাঁচ দিন, সাত দিন কাছারিতে রহিল। হয় ত. পরাণের মা কিম্বা ভাই, থানায় গিয়া এজেহার করিল। সব্ ইন্দেপক্টর মহাশয় কয়েদ খালাসের জন্য কনতেবল পাঠাইলেন। কনতেবল সাহেব—দিন দ; নিয়ার মালিক-কাছারিতে আসিয়া জাঁকিয়া বসিলেন। পরাণ তাঁহার কাছেই বসিয়া-একট্ কাঁদাকাটা আরম্ভ করিল। কনন্টেবল সাহেব একটা ধ্মপান করিতে লাগিলেন—কিন্তু "কয়েদ খালাসের" কোন কথা নাই। তিনিও জমীদারের বৈতনভুক্—বংসরে দুই তিন বার পার্ব্বদী পান, বড় উড়িবার বল নাই। সে দিনও সর্ব্বস্থেময় পরমপবিত্রম্তি রোপ্যচক্রের দর্শন পাইলেন। এই আশ্চর্য্য চক্র দ্রান্টমাত্রেই মনুষ্যের হৃদয়ে আনন্দরসের সঞ্চার হয়—ভাক্ত প্রাতির উদয় হয়। তিনি গোমন্তার প্রতি প্রতি হইয়া থানায় গিয়া প্রকাশ করিলেন, "কেহ কয়েদ ছিল না। পরাণ মণ্ডল ফেরেব্বাজ লোক-সে পর্কুর ধারে তালতলায় লুকাইয়া ছিল-আমি ডাক দিবামাত্র সেখান হইতে আসিয়া আমাকে দেখা দিল।" মোকন্দমা ফাঁসিয়া গেল।

প্রজা ধরিয়া লইয়া গিয়া. কাছারিতে আটক রাখা, মারপিট করা, জরিমানা করা, কেবল খাজানা বাকির জন্য হয়. এমত নহে। যে সে কারণে হয়। আজি গোপাল মণ্ডল গোমশু। মহাশয়কে কিন্তিং প্রণামী দিয়া নালিশ করিয়াছে যে, "পরাণ আমাকে লইয়া খায় না"—তথনই পরাণ ধ্ত হইয়া আসিল। আজি নেপাল মণ্ডল ঐর্প মঙ্গলাচরণ করিয়া নালিশ করিল যে, "পরাণ আমার ভগিনীর সঙ্গে প্রসন্তি করিয়াছে"—অর্মান পরাণ গ্রেপ্তার হইয়া আবদ্ধ হইল। আজি সংবাদ আসিল, পরাণের বিধবা দ্রাত্বধ্ গব্ভবিতী হইয়াছে—অর্মান পরাণকে ধরিতেলোক ছুটিল। আজ পরাণ জমীদারের হইয়া মিথ্যা সাক্ষ্য দিতে নারাজ, অর্মান তাহাকে ধরিতেলোক ছুটিল।

গোমন্তা মহাশর, পরাণের কাছে টাকা আদায় করিয়াই হউক বা জামিন লইয়াই হউক বা কিন্তিবন্দী করিয়াই হউক বা সময়ান্তরে বিহিত করিবার আশায়ই হউক বা প্নুনর্ধার প্রাণাশ আসার আশাগকায়ই হউক বা বহুকাল আবদ্ধ রাখার কোন ফল নাই বলিয়াই হউক, পরাণ মণ্ডলকে ছাড়িয়া দিলেন। পরাণ ঘরে গিয়া চাষ আবাদে প্রবৃত্ত হইল। উত্তম ফসল জন্মিল। অগ্রহায়ণ মাসে জমীদারের দোহিত্রীর বিবাহ বা আতৃৎপ্রের অপ্রপ্রাণন। বরান্দ দুই হাজার টাকা। মহলে মাঙ্গন চড়িল। সকল প্রজা টাকার উপর। আনা দিবে। তাহাতে পাঁচ হাজার টাকা উঠিবে। দুই হাজার অপ্রপ্রাশনের খরচ লাগিবে—তিন হাজার জমীদারের সিন্দ্রকে উঠিবে।

যে প্রজা পারিল, সে দিল—পরাণ মণ্ডলের আর কিছুই নাই—সে দিতে পারিল না। জমীদারী হইতে প্রা পাঁচ হাজার টাকা আদায় হইল না। শ্নিয়া জমীদার স্থির করিলেন, একবার স্বয়ং মহালে পদার্পণ করিবেন। তাঁহার আগমন হইল—গ্রাম পবিত্র হইল।

তখন বড় বড় কালো কালো পাঁটা আনিয়া, মণ্ডলেরা কাছারির দ্বারে বাঁধিয়া যাইতে লাগিল। বড় বড় জীবস্ত রুই, কাতলা, মৃগাল উঠানে পড়িয়া ল্যাজ আছড়াইতে লাগিল। বড় বড় কালো কালো বার্ত্তাকু, গোল আল, কপি, কলাইস্ফাটতে ঘর প্রিয়া যাইতে লাগিল। দিধ দুদ্ধ ঘৃত নবনীতের ত কথা নাই। প্রজাদিগের ভক্তি অচলা, কিন্তু বাব্রর উদর তেমন নহে। বাব্র কথা দুরে থাকুক, পাইক পিয়াদার পর্য্যন্ত উদরাম্যের লক্ষণ দেখা যাইতে লাগিল।

কিন্তু সে সকল ত বাজে কথা। আসল কথা জমীদারকৈ "আগমনী", "নজর", বা "সেলামী" দিতে হইবে। আবার টাকার অঙ্কে ৮০ বসিল। কিন্তু সকলে এত পারে না। যে পারিল, সে দিল। যে পারিল না, সে কাছারিতে কয়েদ হইল, অথবা তাহার দেনা বাকির সামিল হইল।

পরাণ মন্ডল দিতে পারিল না। কিন্তু তাহার ক্ষেত্রে উত্তম ফসল হইয়াছে। তাহাতে

र्वाष्क्रम त्रव्यावली

গোমস্তার চোথ পড়িল। তিনি আট আনার দ্যাশপ খরচ করিয়া, উপযুক্ত আদালতে "ক্রোক সহায়তার" প্রার্থনায় দরখান্ত করিলেন। দরখান্তের তাৎপর্য্য এই, "পরাণ মন্ডলের নিকট খাজানার বাকি, আমরা তাহার ধান্য ক্রোক করিব। কিন্তু পরাণ বড় দাঙ্গাবাজ লোক, ক্রোক করিলে দাঙ্গাহাঙ্গামা খুন জখম করিবে বালিয়া লোক জমায়ত করিয়াছে। অতএব আদালত হইতে পিয়াদা মোকরর হউক।" গোমস্তা নিরীহ ভাল মানুষ, কেবল পরাণ মন্ডলের যত অত্যাচার। স্ত্রাং আদালত হইতে পিয়াদা নিযুক্ত হইল। পিয়াদা ক্ষেত্রে উপাস্থিত হইয়াই মায়ায়য় রৌপাচক্রের মায়ায় অভিভূত হইল। দাঁড়াইয়া থাকিয়া পরাণের ধানগানিন কাটাইয়া জমীদারের কাছারিতে পাঠাইয়া দিল। ইহার নাম "ক্রোক সহায়তা"।

প্রাণ দেখিল সন্ধান্ত বাল । মহাজনের ঋণও পরিশোধ করিতে পারিব না, জমীদারের খাজানাও দিতে পারিব না, পেটেও খাইতে পাইব না। এত দিন পরাণ সহিয়াছিল—কুমীরের সঙ্গে বাদ করিয়া জলে বাস করা চলে না। পরাণ মন্ডল শ্বনিল যে, ইহার জন্য নালিশ চলে। পরাণ নালিশ করিয়া দেখিবে। কিন্তু সে ত সোজা কথা নহে। আদালত এবং বারাঙ্গনার মন্দির তুল্য; অর্থ নহিলে প্রবেশের উপায় নাই। ভ্টাম্পের ম্লা চাই; উকীলের ফিস্ চাই; আসামী সাক্ষীর তলবানা চাই; সাক্ষীর খোরাকি চাই; সাক্ষীদের পারিতোষিক আছে; হয়ত আমীন খরচা লাগিবে। এবং আদালতের পিয়াদা ও আমলাবর্গ কিছু কিছুর প্রত্যাশা রাখেন। পরাণ নিঃস্ব।—তথাপি হাল বলদ ঘটি বাটি বেচিয়া আদালতে নালিশ করিল। ইহার অপেক্ষা তাহার গলায় দড়ি দিয়া মরা ভাল ছিল।

অমনি জমীদারের পক্ষ হইতে পালটা নালিশ হইল যে, পরাণ মণ্ডল ক্রোক অদ্বল করিয়া সকল ধান কাটিয়া লইয়া বিক্রয় করিয়াছে। সাক্ষীয়া সকল জমীদারের প্রজা—স্বতরাং জমীদারের বশীভূত; ক্ষেহে নহে—ভয়ে বশীভূত। স্বতরাং তাঁহার পক্ষেই সাক্ষ্য দিল। পিয়াদা মহাশয় রোপায়ন্দের সেই পথবত্তী। সকলেই বলিল, পরাণ ক্রোক অদ্বল করিয়া ধান কাটিয়া বেচিয়াছে। জমীদারের নালিশ ডিক্রী হইল, পরাণের নালিশ ডিস্মিস্ হইল। ইহাতে পরাণের লাভ প্রথমতঃ, জমীদারকে ক্ষতিপ্রেণ দিতে হইল, ছিতীয়তঃ, দ্বই মোকন্দমাতেই জমীদারের খরচা দিতে হইল, তৃতীয়তঃ, দ্বই মোকন্দমাতেই ক্রমীদারের খরচা দিতে হইল, তৃতীয়তঃ, দ্বই মোকন্দমাতেই নিজের খরচা ঘর হইতে গেল।

পরাশের আর এক পয়সা নাই, কোথা হইতে এত টাকা দিবে? যদি জমি বেচিয়া দিতে

পারিল, তবে দিল: নচেং জেলে গেল: অথবা দেশত্যাগ করিয়া পলায়ন করিল।

আমরা এমত বলি না যে, এই অত্যাচারগ্নলিন সকলই একজন প্রজার প্রতি এক বংসর মধ্যে হইরা থাকে বা সকল জমীদারই এর্প করিয়া থাকেন। তাহা হইলে দেশ রক্ষা হইত না দ পরাণ মন্ডল কলিপত ব্যক্তি—একটি কলিপত প্রজাকে উপলক্ষ্য করিয়া, প্রজার উপর সচরাচর অত্যাচার-পরায়ণ জমীদারেরা যত প্রকার অত্যাচার করিয়া থাকেন, তাহা বিবৃত করাই আমাদের উদ্দেশ্য। আজি একজনের উপর একর্প, কাল অন্য প্রজার উপর অন্যর্প পীড়ন হইয়া থাকে।

জমীদার্রাদণ্ডার সকল প্রকার দোরান্ম্যের কথা যে বলিয়া উঠিতে পারিয়াছি, এমত নহে। জমীদার্রবিশেষে, প্রদেশবিশেষে, সমর্যবিশেষে যে কত রকমে টাকা আদায় করা হয়, তাহার তালিকা করিয়া সমাপ্ত করা যায় না। সন্বর্তা এক নিয়ম নহে; এক স্থানে সকলের এক নিয়ম নহে; অনেকের কোন নিয়মই নাই, যখন যাহা পারেন, আদায় করেন।

अकरण जभीमार्त्रामराजत भरक करत्रकीं कथा वीनवात श्राताजन आरह।

প্রথমতঃ, আমরা প্রেবই বালয়াছি যে, সকল জমীদার অত্যাচারী নহেন। দিন দিন অত্যাচারপরায়ণ জমীদারের সংখ্যা কমিতেছে। কলিকাতাস্থ স্থাদিক্ষত ভূস্বামীদিগের কোন অত্যাচার নাই—যাহা আছে. তাহা তাঁহাদিগের অজ্ঞাতে এবং অভিমতবির্দ্ধে, নায়েব গোমস্তাগণের দ্বারায় হয়। মফঃস্বলেও অনেক স্থাদিক্ষত জমীদার আছেন, তাঁহাদিগেরও প্রায় ঐর্প। বড় বড় জমীদারদিগের অত্যাচার তত অধিক নহে;—অনেক বড় বড় ঘরে অত্যাচার একেবারে নাই। সামান্য সামান্য ঘরেই অত্যাচার অধিক। যাঁহার জমীদারী হইতে লক্ষ টাকা আইসে— অধ্বর্ধানির করিয়া প্রজাদিগের নিকট আর প'চিশ হাজার টাকা লইবার জন্য তাঁহার মনে প্রবৃত্তি দ্বর্শলা হইবারই সন্তাবনা, কিন্তু যাঁহার জমীদারী হইতে বার মাসে বার শত টাকা আসে না, অথচ জমীদারী চাল চলনে চলিতে হইবে, তাঁহার মারপিট করিয়া আর কিছু সংগ্রহ করিবার ইছা

সন্তরাং বলবতী হইবে। আবার যাঁহারা নিজে জমীদার, আপন প্রজার নিকট খাজানা আদায় করেন, তাঁহাদের অপেক্ষা পত্তনীদার, দরপত্তনীদার, ইজারাদারের দৌরাখ্যা অধিক। আমরা সংক্ষেপান্রোধে উপরে কেবল জমীদার শব্দ ব্যবহার করিয়াছি। জমীদার অথে করপ্রাহী ব্রিকতে হইবে। ই'হারা জমীদারকে জমীদারের লাভ দিয়া তাহার উপর লাভ করিবার জন্য ইজারা পত্তনি গ্রহণ করেন, সন্তরাং প্রজার নিকট হইতেই তাঁহাদিগকে লাভ পোষাইয়া লইতে হইবে। মধ্যবত্তী তাল্নকের স্কুল প্রজার পক্ষে বিষম অনিষ্টকর।

দ্বিতীয়তঃ, আমরা যে সকল অত্যাচার বিবৃত করিয়াছি, তাহার অনেকেই জমীদারের অজ্ঞাতে, কখুন বা অভিমতবিরুদ্ধে, নায়েব গোমস্তা প্রভৃতি দ্বারা হইয়া থাকে। প্রজার উপর যে

কোনরূপ পীড়ন হয়, অনেকেই তাহা জানেন না।

তৃতীয়তঃ, অনেক জমীদারীর প্রজাও ভাল নহে। পীড়ন না করিলে থাজানা দেয় না। সকলের উপর নালিশ করিয়া থাজানা আদায় করিতে গেলে জমীদারের সর্ব্বনাশ হয়। কিন্তু এতংসম্বন্ধে ইহাও বক্তব্য যে, প্রজার উপর আগে অত্যাচার না হইলে, তাহারা বিরুদ্ধভাব ধারণ করে না।

याँशता क्रभीमार्तामगरक रकवन निन्मा करतन, आभता छाँशमिरगत विरताधी। क्रभीमार्तामरगत দ্বারা অনেক সংকার্য্য অনুষ্ঠিত হইতেছে। গ্রামে গ্রামে যে এক্ষণে বিদ্যালয় সংস্থাপিত হইতেছে, আপামর সাধারণ সকলেই যে আপন আপন গ্রামে বসিয়া বিদ্যোপার্জ্জন করিতেছে, ইহা জমীদার্রাদগের গুলে। জমীদারেরা অনেক স্থানে চিকিৎসালয়, রথ্যা, অতিথিশালা ইত্যাদি স্ক্রন করিয়া সাধারণের উপকার করিতেছেন। আমাদিগের দেশে লোকের জন্য যে ভিন্ন জাতীয় রাজপ্রত্বিদিগের সমক্ষে দুটো কথা বলে, সে কেবল জমীদারদের বিটিশ ইণ্ডিয়ান এসোসিএশ্যন —জমীদারদের সমাজ। অতএব জমীদারদিগের কেবল নিন্দা করা, অতি অন্যায়পরতার কাজ। এই সম্প্রদায়ভক্ত কোন কোন লোকের দ্বারা যে প্রজাপীতন হয়, ইহাই তাঁহাদের লচ্জাজনক কলঙক। এই কলঙ্ক অপনীত করা, জমীদার্রাদগের হাত। যাদ কোন পরিবারে পাঁচ ভাই থাকে, তাহার মধ্যে দুই ভাই দুশ্চরিত্র হয়, তবে আর তিন জনে দুশ্চরিত্র দ্রাতৃদ্বরের চরিত্র সংশোধন জন্য যত্ন করেন। জমীদার সম্প্রদায়ের প্রতি আমাদের বক্তব্য এই যে, তাঁহারাও সেইরূপ কর্ন। সেই কথা বলিবার জন্যই আমাদের এ প্রবন্ধ লেখা। আমরা রাজপ্রে্র্যদিগকে জानारैटर्जिছ ना-जनमञ्जलक जानारैटर्जिছ ना। जभीमार्जामटराज काट्ছरे आयारमत नामिना। ইহা তাঁহাদিগের অসাধ্য নহে। সকল দণ্ড অপেক্ষা আপন সম্প্রদায়ের বিরাগ, আপন সম্প্রদায়ের মধ্যে অপমান সর্বাপেক্ষা গ্রেরুতর, এবং কার্যকরী। যত কুলোক চুরি করিতে ইচ্ছুক হইরা চৌর্য্যে বিরত, তাহাদের মধ্যে অধিকাংশই প্রতিবাসীদিগের মধ্যে চৌর বলিয়া ঘূণিত হইবার ভয়ে চুরি করে না। এই দল্ড যত কার্যকরী, আইনের দল্ড তত নহে। জমীদারের পক্ষে এই দণ্ড জমীদারেরই হাত। অপর জমীদারের নিকট ঘ্লিত, অপমানিত ও সমাজচ্যুত হইবার ভয় থাকিলে অনেক দ্বর্ত জমীদার দ্বর্তি ত্যাগ করিবে।

ठजूर्थ शिन्नदण्डम

এ দেশীয় কৃষকদিগের এ দৃশ্রশা কিসে হইল? এ ঘোরতর সামাজিক বৈষম্য কোথা হইতে জন্মিল? সাম্য নীতি বুঝাইবার জন্য আমরা তাহা সবিস্তারে বলিতেছি।

ইহা অবশ্য স্বীকার করিতে হইবে যে, বঙ্গদেশের ক্ষকের দৃন্দশা আজি কালি হয় নাই। ভারতবধীয় ইতর লোকের অনুমতি ধারাবাহিক; যতদিন হইতে ভারতবর্ষে সভ্যতার স্থিট, প্রায় ততদিন হইতে ভারতবর্ষীয় কৃষকদিগের দৃন্দশার স্ত্পাত। পাশ্চান্ত্যেরা কথায় বলেন, একদিনে রোমনগরী নিম্মিতা হয় নাই। এদেশের কৃষকদিগের দৃন্দশাও দৃই এক শত বংসরে ঘটে নাই। কি কারণে ভারতবর্ষের প্রজা চিরকাল উন্নতিহীন, অদ্য আমরা তাহার অনুসদ্ধানে প্রবৃত্ত হইব।

জ্ঞানবৃদ্ধিই যে সভাতার মূল এবং পরিমাণ, ইহা বক্ল্ সাহেবের শ্ব্ল কথা। বক্ল্ বলেন যে, জ্ঞানিক উন্নতি ভিন্ন নৈতিক উন্নতি নাই। সে কথায় আমরা অন্মোদন করি না, কিন্তু জ্ঞানিক উন্নতি যে সভাতার কারণ, এ কথা অবশ্য স্বীকার করিতে হইবে। জ্ঞানের উন্নতি না হইলে

र्वाष्क्य ब्रह्मावली

সভ্যতার উন্নতি হইবে না। জ্ঞান আপনি জন্মে না; অতিশয় শ্রমলভ্য। কেহ যদি বিদ্যালোচনায় রত না হয়, তবে সমাজমধ্যে জ্ঞানের প্রকাশ হইবে না। কিন্তু বিদ্যালোচনার পক্ষে অবকাশ আবশ্যক। বিদ্যালোচনার প্রেক্ত উদরপোষণ চাই; অনাহারে কেহ জ্ঞানালোচনার অবকাশ হয় না। অতএব সভ্যতার স্ভির পক্ষে প্রথম আবশ্যক যে, সমাজমধ্যে একটি সম্প্রদায় শারীরিক শ্রম বাতীত আত্মভরণপোষণে সক্ষম হইবে। অন্যে পরিশ্রম করিবে, তাঁহারা বিদ্যালোচনা করিবেন। যদি শ্রমজীবীরা সকলেই কেবল আত্মভরণপোষণের যোগ্য খাদ্য উৎপন্ন করে, তা হইলে এর্প ঘটিবে না; কেন না, যাহা জন্মিবে, তাহা শ্রমোপজীবীদের সেবায় যাইবে, আর কাহারও জন্য থাকিবে না। কিন্তু যদি তাহারা আত্মভরণপোষণের প্রয়োজনীয় পরিমাণের অপেক্ষা অধিক উৎপাদন করে, তবে তাহাদিগের ভরণপোষণ বাদে কিছু সঞ্চিত হইবে। তম্বা শ্রমবিরত ব্যক্তিরা প্রতিপালিত হইয়া বিদ্যান্শীলন করিতে পারেন। তথন জ্ঞানের উদয় সম্ভব। উৎপাদকের খাইয়া পরিয়া যাহা রহিল, তাহাকে সঞ্চয় বলা যাইতে পারে। অতএব সভ্যতার উদয়ের প্রের্ব প্রথমে আবশ্যক—সামাজিক ধনসঞ্চয়।

কোন দেশে সামাজিক ধনসঞ্জয় হয়, কোন দেশে হয় না। যেখানে হয়, সে দেশ সভ্য হয়। যে দেশে হয় না, সে দেশ অসভা থাকে। কি কি কারণে দেশবিশেষে আদিম ধনসঞ্চয় হইয়া थार्क? म.र्रेषि कातम সংক্ষেপে নিশ্পিष्ठ कता यारेरा भारत। প্रथम कातम, ভূমির উর্বারতা। যে দেশের ভূমি উব্বরা, সে দেশে সহজে অধিক শস্য উৎপন্ন হইতে পারে। সূতরাং শ্রমোপজীবীদিগের ভরণপোষণের পর আরও কিছু অবশিষ্ট থাকিয়া সঞ্চিত হইবে। দ্বিতীয় কারণ, দেশের উষ্ণতা বা শীতলতা। শীতোষণতার ফল দ্বিবধ। প্রথমতঃ, যে দেশ উষ্ণ, সে দেশের লোকের অলপাহার আবশ্যক, শীতল দেশে অধিক আহার আবশ্যক। এই কথা কতকগুলি স্বাভাবিক নিয়মের উপর নির্ভার করে, তাহা এই ক্ষাদ্র প্রবন্ধে লিখিবার স্থান নাই: আমরা এতদংশ বকলের গ্রন্থের অনুবন্তী হইয়া লিখিতেছি: কৌত্রলবিশিষ্ট পাঠক সেই গ্রন্থ **र्माथर्यन। य एम्पा**त त्नारकत माधातगण्डः जल्म थारमात श्राताक्रम, रम एम्पा भीघ य मार्माक्रक ধনসঞ্চয় হইবে, তদ্বিষয়ে সন্দেহ নাই। উষ্ণতার দ্বিতীয় ফল, বক্লু এই বলেন যে, তাপাধিকা **হেত লোকের শারীরিক** তাপজনক খাদ্যের তত আবশ্যক হয় না। যে দেশ শীতল, সে দেশে শারীরিক তাপজনক খাদ্যের অধিক আবশাক। শারীরিক তাপ শ্বাসগত বায়ার অম্ল-**জানের সঙ্গে শরীরন্থ** দ্রবোর কার্ম্বনের রাসায়নিক সংযোগের ফল। অতএব যে খাদ্যে কার্ম্বন অধিক আছে, তাহাই তাপজনক ভোজ্য। মাংসাদিতেই অধিক কার্ন্থন। অতএব শীতপ্রধান দেশের লোকের মাংসাদির বিশেষ প্রয়োজন। উষ্ণদেশে মাংসাদি অপেক্ষাকৃত অনাবশ্যক—বনজের অধিক আবশ্যক। বনজ সহজে প্রাপ্য-কিন্তু পশ্রহনন ক্ষ্টসাধ্য, এবং ভোজা পশ্র দুর্লভ। অতএব উষ্ণদেশের খাদ্য অপেক্ষাকৃত সূলত। খাদ্য সূলত বলিয়া শীঘ্র ধনসঞ্চয় হয়।

ভারতবর্ষ উষ্ণদেশ, এবং তথায় ভূমিও উর্ম্বরা। স্তরাং ভারতবর্ষে অতি শীঘ্র ধনসঞ্চয় হওয়াই সম্ভব। এই জন্য ভারতবর্ষে অতি প্র্বিকালেই সভাতার অভ্যুদয় হইয়াছিল। ধনাধিক্য হৈতু, একটি সম্প্রদায় কায়িক পরিশ্রম হইতে অবসর লইয়া, জ্ঞানালোচনায় তৎপর হইতে পারিয়াছিলেন। তাঁহাদিগের অভিজতি ও প্রচারিত জ্ঞানের কারণেই ভারতবর্ষের সভ্যতা। পাঠক ব্রিয়াছেন যে, আমরা ব্রাহ্মণিদগের কথা বালতেছি।

কিন্তু এইর্প প্রথমকালিক সভ্যতাই ভারতীয় প্রজার দ্বদ্ভের ম্ল। যে যে নিয়মের বশে অকালে সভ্যতা জন্মিয়াছিল, সেই সেই নিয়মের বশেই তাহার অধিক উন্নতি কোন কালেই হইতে পারিল না;—সেই সেই নিয়মের বশেই সাধারণ প্রজার দ্বর্দশা ঘটিল। প্রভাতেই মেঘাছেয়। বালতর ফলবান্ হওয়া ভাল নহে।

যখন জনসমাজে ধনসপ্তয় হইল, তখন কাজে কাজেই সমাজ দ্বিভাগে বিভক্ত হইল। এক ভাগ শ্রম করে; এক ভাগ শ্রম করে না। এই দ্বিতীয় ভাগের শ্রম করিবার আবশ্যকতা নাই বলিয়া তাহারা করে না: প্রথম ভাগের উৎপাদিত অতিরিক্ত খাদ্যে তাহাদের ভরণপোষণ হয়। যাহারা শ্রম করে না, তাহাদেরই কেবল সাবকাশ: স্ত্তরাং চিন্তা, শিক্ষা ইত্যাদিতে তাহাদিগেরই একাধিকার। যে চিন্তা করে, শিক্ষা পায়, অর্থাং যাহার বৃদ্ধি মান্তির্কাত হয়, সে অন্যাপেক্ষা যোগা, এবং ক্ষমতাশালী হয়। স্তরাং সমাজমধ্যে ইহাদিগেরই প্রধানত হয়। যাহারা

শ্রমোপজীবী, তাহারা ইহাদিগের বশবত্তী হইয়া শ্রম করে। অতএব প্রথমেই বৈষম্য উপচ্ছিত হইল। কিন্তু এ বৈষম্য প্রাকৃতিক, ইহার উচ্ছেদ সম্ভবে না। এবং উচ্ছেদ মঙ্গলকরও নহে।

বৃদ্ধঃপজীবীর জ্ঞান ও বৃদ্ধির দ্বারা শ্রমোপজীবীরা উপকৃত হয়়, প্রুক্ষারক্বর্প উহারা শ্রমোপজীবীর অঞ্জিত ধনের অংশ গ্রহণ করে; শ্রমোপজীবীর ভরণপোষণের জন্য যাহা প্রয়োজনীয়, তাহার অতিরিক্ত যাহা জন্মে, তাহা উহাদেরই হাতে জমে। অতএব সমাজের যে অতিরিক্ত ধন, তাহা ইহাদেরই হাতে দক্ষিত হইতে থাকে। তবে, দেশের উৎপল্ল ধন দুই ভাগে বিভক্ত হয়়, এক ভাগ শ্রমোপজীবীর, এক ভাগ বৃদ্ধ্যুপজীবীর। প্রথম ভাগ, "মজ্বরির বেতন," দ্বিতীয় ভাগ ব্যবসায়ের "ম্নাফা"।* আমরা "বেতন" ও "ম্নাফা", এই দুইটি নাম ব্যবহার করিতে থাকিব। "ম্নাফা" বৃদ্ধ্যুপজীবীদের ঘরেই থাকিবে। শ্রমোপজীবীরা "বেতন" ভিল্ল ম্নাফার কোন অংশ পায় না। শ্রমোপজীবীরা সংখ্যায় যতই হউক না কেন, উৎপল্ল ধনের যে অংশটি বেতন, সেইটিই তাহাদের মধ্যে বিভক্ত হইবে, "ম্নাফার" মধ্য হইতে এক পয়সাও তাহারা পাইবে না।

মনে কর, দেশের উৎপন্ন কোটি মুদ্রা; তন্মধ্যে পঞাশ লক্ষ "বেতন", পঞাশ লক্ষ "মুনাফা"। মনে কর, দেশে পর্টিচশ লক্ষ শ্রমোপজীবী। তাহা হইলে এই পঞাশ লক্ষ মুদ্রা "বেতন", পর্টিচশ লক্ষ লোকের মধ্যে ভাগ হইবে, প্রত্যেক শ্রমোপজীবীর ভাগে দুই মুদ্রা পড়িবে। মনে কর, হঠাৎ ঐ পর্টিচশ লক্ষ শ্রমোপজীবীর উপর আর পর্টিচশ লক্ষ লোক কোথা হইতে আসিয়া পড়িল। তখন পঞ্চাশ লক্ষ শ্রমোপজীবী হইল। সেই পঞ্চাশ লক্ষ মুদ্রাই ঐ পঞ্চাশ লক্ষ লোকের মধ্যে বিভক্ত হইবে। যাহা "মুনাফা", তাহার এক পয়সাও উহাদের প্রাপ্য নহে, স্কুতরাং ঐ পঞ্চাশ লক্ষ মুদ্রার বেশী এক পয়সাও তাহাদের মধ্যে বিভাজ্য নহে। স্কুতরাং এক্ষণে প্রত্যেক শ্রমোপজীবীর ভাগ দুই মুদ্রার পরিবর্ত্তে এক মুদ্রা হইবে। কিন্তু দুই মুদ্রাই ভরণপোষণের জনা আবশ্যক বলিয়াই, তাহা পাইত। অতএব এক্ষণে তাহাদের গ্রাসাচ্ছাদনের কণ্টে বিশেষ দুশ্দশা হইবে।

যদি ঐ লোকাগমের সঙ্গে সঙ্গে আর কোটি মুদ্রা দেশের ধনবৃদ্ধি হইত, তাহা হইলে এ কষ্ট হইত না। পঞ্চাশ লক্ষ মুদ্রা বেতন ভাগের স্থানে কোটি মুদ্রা বেতন ভাগ হইত। তথন লোক বেশী আসাতেও সকলের দুই টাকা করিয়া কুলাইত।

অতএব দেখা যাইতেছে যে, লোকসংখ্যা বৃদ্ধি শ্রমোপজীবীদের মহৎ অনিন্টের কারণ। যে পরিমাণে লোকসংখ্যা বৃদ্ধি হয়. যদি সেই পরিমাণে দেশের ধনবৃদ্ধি পায়, তবে শ্রমোপজীবীদের কোন অনিষ্ট নাই। যদি লোকসংখ্যা বৃদ্ধির অপেক্ষা ধনবৃদ্ধি গরেতর হয়, তবে শ্রমোপজীবীদের জীবৃদ্ধি—যথা ইংলপ্ড ও আর্মোরকায়। আর যদি এই দুইয়ের একও না ঘটিয়া, ধনবৃদ্ধির অপেক্ষা লোকসংখ্যা বৃদ্ধি অধিক হয়, তবে শ্রমোপজীবীদের দুশ্রশা। ভারতবর্ষে প্রথমোদ্যমেই তাহাই ঘটিল।

লোকসংখ্যা বৃদ্ধি স্বাভাবিক নিয়ম। এক প্রুষ্ম ও এক স্থা ইইতে অনেক সন্তান জন্ম। তাহার আর একটি সন্তানের আবার অনেক সন্তান জন্মে। অতএব মন্যুরের দ্বর্দ্ধা এক প্রকার স্বভাবের নিয়মাদিউ। সকল সমাজেই এই অনিষ্টপাতের সন্তাবনা। কিন্তু ইহার সদ্বপায় আছে। প্রকৃত সদ্বপায় সঙ্গে সক্র ধনবৃদ্ধি। পরস্তু যে পরিমাণে প্রজাবৃদ্ধি, সে পরিমাণে ধনবৃদ্ধি প্রারই ঘটিয়া উঠে না। ঘটিবার অনেক বিঘা আছে। অতএব উপায়ান্তর অবলম্বন করিতে হয়। উপায়ান্তর দেইটি মাত্র। এক উপায়ে দেশীয় লোকের কিয়দংশের দেশান্তরে গমন। কোন দেশে লোকের অমে কুলায় না, অন্য দেশে অম খাইবার লোক নাই। প্রথমোক্ত কতক দেশের লোক শেষোক্ত দেশে যাউক, তাহা হইলে প্রথমোক্ত দেশের লোকসংখ্যা কমিবে। এবং শেরোক্ত দেশেরও কোন অনিষ্ট ঘটিবে না। এইর্পে ইংলন্ডের মহদ্পকার হইয়াছে। ইংলন্ডের লোক আমেরিকা, অন্দ্রেলিয়া এবং পৃথিবীর অন্যান্য ভাগে বাস করিয়াছে। তাহাতে ইংলন্ডের শ্রীবৃদ্ধি হইয়াছে, উপনিবেশ সকলেরও মঙ্গল হইয়াছে।

দ্বিতীয় উপায় বিবাহপ্রবৃত্তির দমন। এইটি প্রধান উপায়। যদি সকলেই বিবাহ করে, তবে

 ^{* &}quot;ভূমির কর" এবং "স্দ" ইহার অন্তর্গত এ স্থলে বিকেনা করিতে হইবে। সংক্ষেপাভিপ্রায়ে
আমরা কর বা স্থের উল্লেখ করিলাম না।

প্রজাবৃদ্ধির সীমা থাকে না। কিন্তু যদি কতক লোক অবিবাহিত থাকে, তবে প্রজাবৃদ্ধির লাঘব হয়। যে দেশে জীবনের স্বচ্ছন্দতা লোকের অভ্যন্ত, যেখানে জীবিকানিবর্ণাহের সামগ্রী প্রচুর-পরিমাণে আবশ্যক, এবং কন্টে আহরণীয়, সেখানকার লোকে বিবাহপ্রবৃত্তি দুমন করে। পরিবার প্রতিপালনের উপায় না দেখিলে বিবাহ করে না।

ভারতবর্ষে এই দুইটির একটি উপায়ও অবলম্বিত হইতে পারে নাই। উষ্ণতা শরীরের শৈথিল্যজনক, পরিশ্রমে অপ্রবৃত্তিদায়ক। দেশান্তরে গমন, উৎসাহ, উদ্যোগ এবং পরিশ্রমের কাজ। বিশেষতঃ প্রকৃতিও তাহার প্রতিক্লতাচরণ করিয়াছেন। ভারতবর্ষকে অলম্ঘ্য পর্বত এবং বাত্যাসম্কৃল সমনুমধ্যস্থ করিয়া বন্ধ করিয়া রাখিয়াছেন। যবদ্বীপ এবং বালি উপদ্বীপ ভিন্ন আর কোন হিন্দু উপনিবেশের কথা শুনা যায় না। ভারতবর্ষের ন্যায় বৃহৎ প্রাচীন দেশের এইর্প সামান্য উপনিবেশিকা ক্রিয়া গণনীয় নহে।

বিবাহপ্রবৃত্তির দমনবিষয়ে ভারতবর্ষের আরও মন্দাবস্থা। মাটি আঁচড়াইলেই শস্য জন্মে, তাহার বর্ণকিন্ধিং ভোজন করিলেই শরীরের উপকার হউক না হউক, ক্ষুখানিবৃত্তি এবং জীবনধারণ হয়। বায়্র উপতাপ্রযুক্ত পরিচ্ছেদের বাহ্বলার আবশ্যকতা নাই। স্তরাং অপকৃষ্ট জীবিকা অতি স্বলভ। এমত অবস্থায় পরিবার প্রতিপালনে অক্ষমতাভয়ে কেহ ভীত নহে। স্তরাং বিবাহপ্রবৃত্তি দমনে প্রজা পরাজ্ম্ব হইল। প্রজাবৃদ্ধির নিবারণের কোন উপায়ই অবলম্বিত না হওয়াতে তাহার বেগ অপ্রতিহত হইল। কাজে কাজেই সভ্যতার প্রথম অভ্যুদয়ের পরেই ভারতীয় শ্রমোপজীবীর দ্বৃদ্শা আরম্ভ হইল। যে ভূমির উব্বরতা ও বায়্র উপতাহেতুক সভ্যতার উদয়, তাহাতেই জনসাধারণের দ্বরবন্থার কারণ সৃষ্টি হইল। উভয়ই অলখ্য নৈস্যার্ক নিরমের ফল।

শ্রমোপজীবীর এই কারণে দুন্দর্শার আরম্ভ। কিন্তু একবার অবর্নাত আরম্ভ হইলেই, সেই অবনতির ফলে আরও অবনতি ঘটে। শ্রমোপজীবীদিগের যে পরিমাণে দুরবন্ধা বৃদ্ধি হইতে লাগিল, সেই পরিমাণে তাহাদিগের সহিত সমাজের অন্য সম্প্রদায়ের তারতম্য অধিকতর হইতে লাগিল। প্রথম ধনের তারতম্য—তৎফলে অধিকারের তারতম্য। শ্রমোপজীবীরা হীন হইল বিলয়া তাহাদের উপর বৃদ্ধ্যপজীবীদিগের প্রভূত্ব বাড়িতে লাগিল। অধিক প্রভূত্বের ফল অধিক অত্যাচার। এই প্রভূত্বই শ্রেপীড়ক ক্ষ্যিতশাক্ষের মূল। এই বৈষ্মাই অস্বাভাবিক। ইহাই অমঙ্গলের কারণ।

আমরা যে সকল কথা বলিলাম, তাহার তিনটি গ্রহ্তর তাৎপর্য্য দেখা যায় :

১। শ্রমোপজীবীদিগের অবনতির যে সকল কারণ দেখাইলাম, তাহার ফল তিবিধ। প্রথম ফল, শ্রমের বেতনের অলপতা। ইহার নামান্তর দারিদ্রা। ইহা বৈষম্যবন্ধক।

দ্বিতীয় ফল, বেতনের অলপতা হইলেই পরিশ্রমের আধিকাের আবশাক হয়; কেন না, যাহা কমিল, তাহা খাটিয়া পােষাইয়া লইতে হইবে। তাহাতে অবকাশের ধরংস। অবকাশের অভাবে বিদ্যালােচনার অভাব। অতএব দ্বিতীয় ফল মুখ্তা। ইহাও বৈষমাবদ্ধকি।

তৃতীয় ফল, ব্দ্ধাপজীবীদিগের প্রভূষ এবং অত্যাচার বৃদ্ধি। ইহার নামান্তর দাসত। ইহা বৈষমোর প্রাকাষ্ঠা।

দারিদ্রা, ম্থতা, দাসম।

২। ঐ সকল ফল একবার উৎপক্ষ হইলে ভারতবর্ষের ন্যায় দেশে প্রাকৃতিক নিয়মগ্রণে স্থায়িত্ব লাভ করিতে উদ্দর্শ হয়।

দেখান গিয়াছে যে, ধনসন্তয়ই সভ্যতার আদিম কারণ। যদি বলি যে, ধনলিশ্সা সভ্যতাব্দির নিত্য কারণ, তাহা হইলে অত্যক্তি হইবে না। সামাজিক উন্নতির ম্লীভূত, মন্মার্লমের দ্রইটি বৃত্তি; প্রথম জ্ঞানলিশ্সা, দ্বিতীয় ধনলিশ্সা। প্রথমোক্তটি মহৎ এবং আদরণীয়, দ্বিতীয় দিবাধানাক গ্রন্থে লাকি বালিয়া খ্যাত। কিন্তু "History of Rationalism in Europe" নামক গ্রন্থে লেকি সাহেব বলেন যে, দ্রইটি বৃত্তির মধ্যে ধনলিশ্সাই মন্মাজাতির অধিকতর মঙ্গলকর হইয়াছে। বন্ধুতঃ জ্ঞানলিশ্সা কদাচিংক, ধনলিশ্সা সন্ধাধারণ; এজনা অপেক্ষাকৃত ফলোপধারক। দেশের উৎপন্ন ধনে জনসাধারণের গ্রাসাচ্ছাদনের কুলান ইইতেছে বলিয়া সামাজিক ধনলিশ্সা কমে না। সন্ধাদা ন্তন ন্তন স্থের আকাক্ষা জন্মে। প্রের্থ যাহা নিশ্পরোজনীয় বলিয়া বোধ হইত, পরে তাহা আবশ্যকীয় বোধ হয়। তাহা পাইলে আবার

অন্য সামগ্রী আবশ্যক বোধ হয়। আকাপকায় চেন্টা, চেন্টায় সফলতা জন্মে। স্তরাং স্থ এবং মঙ্গল বৃদ্ধি হইতে থাকে। অতএব স্থ স্বচ্ছেন্দতার আকাপকার বৃদ্ধি সভ্যতাবৃদ্ধির পক্ষে নিতান্ত প্রয়োজনীয়। বাহ্য স্থের আকাপকা পরিতৃপ্ত হইয়া আসিলে জ্ঞানের আকাপকা, সৌন্ধর্যের আকাপকা, তংসঙ্গে কাব্যসাহিত্যাদির প্রিয়তা এবং নানাবিধ বিদ্যার উৎপত্তি হয়। যথন লোকের স্থেলালসার অভাব থাকে, তখন পরিশ্রমের প্রবৃত্তি দ্র্র্বলা হয়। উৎকর্ষলাভের ইচ্ছাও থাকে না, তংপ্রতি বহুও হয় না। তার্মবন্ধন যে দেশে খাদ্য স্লভ, সে দেশের প্রজাবৃদ্ধির নিবারণকারিশী প্রবৃত্তি সকলের অভাব হয়। অতএব যে "সন্তোম" কবিদিগের অশেষ প্রশংসার স্থান, তাহা সমাজোর্মতির নিতান্ত অনিন্টকারক; কবিগীতা এই প্রবৃত্তি সামাজিক জীবনের হলাহল।

লোকের অনিষ্টপূর্ণ সস্তুষ্টভাব, ভারতবর্ষে প্রাকৃতিক নিয়মগ্র্ণে সহ্প্রেই ঘটিল। এ দেশে, তাপের কারণ অধিক কাল ধরিয়া এককালীন পরিপ্রম অসহ্য। তৎকারণে পরিপ্রমে অনিচ্ছা অভ্যাসগত হয়। সেই অভ্যাসের আরও কারণ আছে। উষ্পদেশে শরীরমধ্যে অধিক তাপের সম্ব্রুবের আবশ্যক হয় না বালিয়া তথাকার লোকে যে মৃগ্য়াদিতে তাদৃশ রত হয় না, ইহা প্রের কথিত হইয়াছে। বন্য পশ্র হনন করিয়া খাইতে হইলে পরিশ্রম, সাহস, বল এবং কার্য্যতংপরতা অভ্যন্ত হয়। ইউরোপীয় সভ্যতার একটি ম্ল, প্র্রেকালীন তাদৃক্ অভ্যাস। অতএব একে শ্রমের অনাবশ্যকতা, তাহাতে শ্রমে অনিচ্ছা, ইহার পরিশাম আলস্য এবং অন্ংসাহ। অভ্যাসগত আলস্য এবং অন্ংসাহেরই নামান্তর সন্তোষ। অতএব ভারতীয় প্রজার একবার দ্বর্দশিশা হইলে, সেই দশাতেই তাহারা সম্ভুষ্ট রহিল। উদ্যমাভাবে আর উন্নতি হইল না। সন্প্র সিংহের মুখে আহার্য্য পশ্র স্বভঃপ্রবেশ করে না।

ভারতবর্ষের প্রাব্তালোচনায় সন্তোষ সম্বন্ধে অনেকগর্নালন বিচিত্র তত্ত্ব পাওয়া যায়। ঐবিক স্থে নিস্প্রতা, হিন্দ্র্যম্ম এবং বৌদ্ধাশ্মে উভয় কত্ত্বক অন্ভাত। কি রাহ্মণ, কি বৌদ্ধ, কি স্মার্ত্ত, কি দার্শনিক, সকলেই প্রাণপণে ভারতবাসীদিগকে শিখাইয়াছেন যে, ঐবিক স্থ অনাদরণীয়। ইউরোপেও ধর্ম্মাজকগণকর্ত্বক ঐবিক স্থে অনাদরতত্ব প্রচারিত হইয়াছিল। ইউরোপে যে রোমীয় সভ্যতা লোপের পর সহস্র বংসর মন্থেয়র ঐবিক অবস্থা অন্মত ছিল, এইর্প শিক্ষাই তাহার কারণ। কিন্তু যথন ইতালিতে প্রাচীন গ্রীক্ সাহিত্য, গ্রীক্ দর্শনের প্রনর্দয় হইল, তখন তংগ্রদত্ত শিক্ষানিবন্ধন ঐবিকে বিরক্তি ইউরোপে দ্রুমে মন্দ্রীভূত হইল। সঙ্গে সভ্যতারও বৃদ্ধি হইল। ইউরোপে এ প্রবৃত্তি বদ্ধম্ল হইতে পারে নাই। ভারতবর্ষে ইহা মন্থার দ্বিতীয় স্বভাব স্বর্পে পরিগত হইয়াছে। যে ভূমি যে বৃক্ষের উপযুক্ত, সেইখানেই তাহা বদ্ধম্ল হয়। এ দেশের ধন্মশাস্ত্র কর্তৃক যে নিবৃত্তিজনক শিক্ষা প্রচারিত হইল, দেশের অবস্থাই তাহার মৃল; আবার সেই ধন্মশাস্ত্রর প্রদন্ত শিক্ষায় প্রাকৃতিক অবস্থা জন্য নিবৃত্তি আরও দৃঢ়ীভূতা হইল।

এতরিবন্ধন ইউরোপে এবং ভারতবর্ষে ভিন্ন ভিন্ন ফল ফলিল। সুপ্তোখিত ইউরোপীয় প্রজাগণ, ঐহিক সুখে রত হইয়া সামাজিক বৈষম্য দুরীকরণে চেচ্চিত হইল। ইহার ফল সুখ, সম্ক্রি, সভ্যতাব্দ্ধি। ভারতব্যীর প্রজাগণ নিদ্রিত রহিল; সামাজিক বৈষম্য ধারাবাহিক হইয়া চলিল। ইহার ফল অবনতি।

- ৩। শ্রমোপজীবীদিগের দ্বেবস্থা যে চিরস্থারী হয়, কেবল তাহাই নহে। তার্নবন্ধন সমাজের অন্য সম্প্রদায়ের লোকের গ্রোরবের ধর্ংস হয়। যেমন এক ভাণ্ড দুদ্ধে এক বিন্দু অম্ল পাড়লে, সকল দুদ্ধ দাধ হয়, তেমনি সমাজের এক অধ্যশ্রেণীর দুন্দশায় সকল শ্রেণীরই দুন্দশা জন্মে।
- (ক) উপজীবিকান,সারে প্রাচীন আর্য্যেরা চারি প্রেণীতে বিভক্ত ইইরাছিলেন। রাহ্মণ, করির, বৈশ্য, শুরে। বৈষম্যের উপর বৈষম্য। শুরুর অধস্তন শ্রেণী; তাহাদিগেরই দুর্ন্দশার কথা এতক্ষণ বলিতেছিলাম। বৈশ্য বাণিজ্যব্যবসারী। বাণিজ্য, প্রমোপজীবীর প্রমোণপল দ্রব্যের প্রাচুর্য্যের উপর নির্ভর করে। যে দেশে দেশের আবশ্যকীর সামগ্রীর অতিরিক্ত উৎপল্ল না হর, সে দেশে বাণিজ্যের উপ্রতি হয় না। বাণিজ্যের উপ্রতি না হইলে, বাণিজ্যব্যবসারীদিগের সৌষ্ঠবের হানি। লোকের অভাববৃদ্ধি, বাণিজ্যের মূল। যদি আমাদিগের অন্য দেশে।ৎপল্ল সামগ্রী গ্রহণেচ্ছা না থাকে, তবে কেই অন্য দেশে।ৎপল্ল সামগ্রী আমাদের কাছে আনিয়া বিক্রম্ব

र्वाष्क्रम ब्रह्मावली

করিবে না। অতএব যে দেশের লোক অভাবশ্না, নিজ শ্রমোৎপত্র সামগ্রীতে সস্কুণ্ট, সে দেশে বিশক্দিগের শ্রীহানি অবশ্য হইবে। কেই জিজ্ঞাসা করিতে পারেন যে, তবে কি ভারতবর্ষে বাণিজ্য ছিল না? ছিল বৈ কি। ছিল, কিন্তু ভারতবর্ষের তুল্য বিস্তৃত উর্ম্বরা ভূমিবিশিষ্ট বহুখনের আকরস্বরূপ দেশে যেরূপ বাণিজ্যবাহ্লা হওয়ার সম্ভাবনা ছিল,—অতি প্রচীন কালেই যে সম্ভাবনা ছিল, তাহার কিছুই হয় নাই। বাণিজ্যহানির অন্যান্য কারণও ছিল, যথা—ধর্ম্মশাস্ত্রের প্রতিবন্ধকতা, সমাজের অভান্ত অনুৎসাহ ইত্যাদি। এ প্রবন্ধে সে সকলের উল্লেখের আবশাক নাই।

- (খ) ক্ষারিয়েরা রাজা বা রাজপুরুষ। যদি প্রথিবীর পুরাবুত্তে কোন কথা নিশ্চিত প্রতিপন্ন হইয়া থাকে, তবে সে কথাটি এই যে, সাধারণ প্রজা সতেজ এবং রাজনিয়ন্তা না হইলে, রাজপুরুষদিগের স্বভাবের উন্নতি হয় না, অবনতি হয়। যদি কেহ কিছু না বলে, রাজপুরুষেরা সহজেই স্বেচ্ছাচারী হয়েন। স্বেচ্ছাচারী হইলেই, আত্মস্থরত, কার্য্যে শিথিল, এবং দ, ক্রিয়ান্বিত হইতে হয়। অতএব যে দেশের প্রজা নিস্তেজ, নম্র, অনুংসাহী, অলস, সেইখানেই রাজপুরুষদিগের ঐরুপ স্বভাবগত অবনতি হইবে। যেখানে প্রজা দুঃখী, অপ্লবস্কের কাঙ্গাল, আহারোপার্ল্জনে বাস্ত্র, এবং সম্ভূন্ট্স্বভাব, সেইখানেই তাহারা নিস্তেজ, নমু, অনুংসাহী, অবিরোধী। ভারতবর্ষে বৈষমাপ্রীডিত হীন বর্ণেরা তাই। সেই জন্য ভারতবর্ষের রাজগণ, মহাভারতকীত্তিত বলশালী, ধান্মব্দ, ইন্দিয়জয়ী রাজচরিত্র হইতে মধ্যকালের কাব্যনাটকাদিচিত্রিত বলহীন, र्शेन्युयुवर्त्वम, रेन्युन, ज्वरूपि मनाश्चाञ्च रहेशा स्नाय ग्राम्यान-राख नाञ्च रहेलान। य स्मान সাধারণ প্রজার অবস্থা ভাল, সে দেশে রাজপুরুষ্বিদর্গের এরূপ দুর্গতি ঘটে না। তাহারা রাজার দুম্মতি দেখিলে তাঁহার প্রতি রুষ্ট হইতে পারে, এবং হইয়া থাকে। পরস্পরের উপরোধেই উভয় পক্ষের উন্নতি। রাজপুরুষগণ অনর্থক অসন্ভোষের ভয়ে সতর্ক থাকেন। কিন্তু ইহাতে কেবল যে এই উপকার, ইহা নহে। রাজকার্য্যের অপক্ষপাতী সমালোচনায় মানীসক গুণসকলের সৃষ্টি এবং পূর্ণিট হয়। তদভাবে তৎসমুদায়ের লোপ। শুদ্রের দাসত্বে क्रीतरायत थन এवः थरम्बात लाभ रहेग्राण्डिल। त्यात्म, क्रिवियानीमरायत विवास, हेश्लर छत কমনদিগের বিবাদে প্রভূদিগের স্বাভাবিক উংকর্ষ জন্মিয়াছিল।
- (গ) বাহ্মণ। যেমন, অঞ্চশ্রেণীর প্রজার অবনতিতে ক্ষতিয়দিলের প্রভত্ব বাড়িয়া, পরিশেষে লুপ্ত হইয়াছিল, ব্রহ্মণাদগেরও তদুপ। অপর তিন বর্ণের অনুর্রাততে বর্ণগত ঘোরতর বৈষম্যে ব্রাহ্মণের প্রথমে প্রভন্ন বৃদ্ধি হয়। অপর বর্ণের মানসিক শক্তির হানি হওয়াতে, তাহাদিগের চিত্ত উপধন্মের বিশেষ বশীভত হইতে লাগিল। দৌবর্বল্য থাকিলেই ভয়াধিক্য হয়। উপধন্ম ভীতিজাত: এই সংসার বলশালী অথচ অনিষ্টকারক দেবতাপূর্ণ, এই বিশ্বাসই উপধৰ্ম। অতএব অপর বর্ণারয়, মানসিক শক্তিবিহীন হওয়াতে অধিকতর উপধন্মপীডিত হইল: ব্রাহ্মণেরা উপধন্মের যাজক, স্তরাং তাঁহাদের প্রভুষ বৃদ্ধি হইল। বৈষম্য বৃদ্ধি হইল। ব্রাহ্মণেরা কেবল শাস্ত্রজাল, ব্যবস্থাজাল বিস্তারিত করিয়া ক্ষত্রিয়, বৈশ্য, শন্ত্রেকে জড়িত করিতে नागितन। मिक्कागम ज्ञारेसा श्रीष्ट्रन-र्नाष्ट्रवात मेरिक नारे। किन्न ज्यांश र्ष्ट्रमेनात्वत ज्ञान ফুরায় না। বিধানের অন্ত নাই। এদিকে রাজশাসনপ্রণালী দণ্ডবিধি দায় সন্ধিবিগ্রহ প্রভৃতি হইতে আচমন, শয়ন, বসন, গমন, কথোপকথন, হাস্য, রোদন, এই সকল পর্যান্ত বাহ্মণের রচিত বিধির দ্বারা নিয়মিত হইতে লাগিল। "আমরা যেরপে বলি, সেইরপে শ্রইবে, সেইরপে খাইবে, সেইর্পে বসিবে, সেইর্পে হাঁটিবে, সেইর্পে কথা কহিবে, সেইর্পে হাসিবে, সেইর্পে কাদিবে, তোমার জন্ম মৃত্যু পর্যান্ত আমাদের ব্যবস্থার বিপরীত হইতে পারিবে না. যদি হয়, তবে প্রায়শ্চিত্ত করিয়া, আমাদিগকে দক্ষিণা দিও।" জালের এইরূপ সূত্র। কিন্তু পরকে দ্রান্ত করিতে গেলে আপনিও দ্রান্ত হইতে হয়; কেন না, দ্রান্তির আলোচনায় দ্রান্তি অভান্ত হয়। যাহা পরকে বিশ্বাস করাইতে চাহি, তাহাতে নিজের বিশ্বাস দেখাইতে হয়; বিশ্বাস দেখাইতে দেখাইতে ষথার্থ বিশ্বাস ঘটিয়া উঠে। যে জালে ব্রাহ্মণেরা ভারতবর্ষকে জড়াইলেন, তাহাতে আপনারাও জড়িত হইলেন। পোরাব্যত্তিক প্রমাণে প্রতিপক্ষ হইয়াছে যে, মানুষের স্বেচ্ছানুবর্তিতার প্রয়োজনাতিরিক্ত রোধ করিলে, সমাজের অবনতি হয়। হিন্দুসমাজের অবনতির অন্য যত কারণ নির্দেশ করিয়াছি, তন্মধ্যে এইটি বোধ হয় প্রধান, অদ্যাপি জাজ্বল্যমান। ইহাতে রুদ্ধ এবং রোধকারী সমান ফলভোগী। নিরমজালে জড়িত হওরাতে রাক্ষাদিগের বৃদ্ধি স্ফুতির্লুপ্ত হইল। যে

ব্রাহ্মণ রামায়ণ মহাভারত, পাণিনি ব্যাকরণ, সাংখ্যদর্শন প্রভৃতির অবতারণা করিয়াছিলেন তাঁহারা বাসবদন্তা, কাদন্বরী প্রভৃতির প্রণয়নে গৌরব বোধ করিতে লাগিলেন। শেষে সে ক্ষমতাও গেল। ব্রাহ্মণিদিগের মানসক্ষেত্র মর্ভুমি হইল।

অতএব বৈষম্যবিষ ভারতীয় প্রজার দুর্ন্দশার একটি মূল কারণ।

পঞ্চম পরিচ্ছেদ

মন, যে মন, যে সমানাধিকার বিশিষ্ট —ইহাই সামানীতি। কৃষক ও ভূম্যাধিকারীতে যে বৈষম্য, সামানীতি ভ্রংশের প্রথম উদাহরণ স্বর, প তাহার উল্লেখ করিয়াছি। দ্বিতীয় উদাহরণ স্বর, প স্ত্রীপর, রে যে বৈষম্য, তাহার উল্লেখ করিব।

মনুষ্যে মনুষ্যে সমানাধিকারবিশিষ্ট। স্থাগণও মনুষ্যজাতি, অতএব স্থাগণও পুরুষ্ধের তুল্য অধিকারশালিনী। যে যে কার্য্যে পুরুষ্ধের অধিকার আছে, স্থাগণেরও সেই সেই কার্য্যে অধিকার থাকা ন্যায়সঙ্গত। কেন থাকিবে না? কেহ কেহ উত্তর করিতে পারেন যে, স্থাগণির প্রকৃতিগত বৈষম্য আছে; পুরুষ্ বলবান, স্থাগা অবলা; প্রুষ্ সাহসা, স্থাগা ভার; পুরুষ কেশসহিষ্ট্, স্থাগা কোমলা; ইত্যাদি ইত্যাদি; অতএব যেখানে স্বভাবগত বৈষম্য আছে, সেখানে অধিকারগত বৈষম্য থাকাও বিধেয়। কেন না, যাহাতে অশক্ত, সে তাহাতে অধিকারগা হইতে পারে না।

ইহার দুইটি উত্তর সংক্ষেপে নিদ্দেশ করিলেই আপাততঃ যথেণ্ট হইবে। প্রথমতঃ ব্রভাবগত বৈষম্য থাকিলেই যে অধিকারগত বৈষম্য থাকা ন্যায়সঙ্গত, ইহা আমরা ব্বীকার করি না। এ কথাটি সাম্যতত্ত্বর মূলোচ্ছেদক। দেখ, দ্বীপর্বুষে যের্প দ্বভাবগত বৈষম্য, ইংরেজ বাঙ্গালতেও সেইর্প। ইংরেজ বলবান্, বাঙ্গাল দুর্বল; ইংরেজ সাহসী, বাঙ্গাল ভীর্; ইংরেজ ক্লেশসহিষ্ণু, বাঙ্গাল কোমল; ইত্যাদি ইত্যাদি। যদি এই সকল প্রকৃতিগত বৈষম্য হেতু অধিকারবৈষম্য ন্যায্য হইত, তবে আমরা ইংরেজ বাঙ্গালি মধ্যে সামান্য অধিকারবৈষম্য দেখিয়া এত চীৎকার করি কেন? যদি দ্বী দাসী, প্রবুষ প্রভু, ইহাই বিচারসঙ্গত হয়, তবে বাঙ্গালি দাস, ইংরেজ প্রভু, এটিও বিচারসঙ্গত হইবে।

দিতীয় উত্তর এই, যে সকল বিষয়ে স্ত্রীপর্র্বে অধিকারবৈষম্য দেখা যায়. সে সকল বিষয়ে স্ত্রীপ্র্ব্বে যথার্থ প্রকৃতিগত বৈষম্য দেখা যায় না। যতট্বকু দেখা যায়, ততট্বকু কেবল সামাজিক নিয়মের দোষে। সেই সকল সামাজিক নিয়মের সংশোধনই সামানীতির উদ্দেশ্য। বিখ্যাতনামা জন ভার্যার্ট মিল্কৃত এতদ্বিষয়ক বিচারে, এই বিষয়টি স্বাদরর্পে প্রমাণীকৃত হইয়াছে। সে সকল কথা এখানে প্রনর্ক্ত করা নিষ্প্রয়োজন।*

স্ফ্রীগণ সকল দেশেই প্রেষের দাসী। যে দেশে স্ফ্রীগণকে পিঞ্জরাবদ্ধ করিয়া না রাখে, সে দেশেও স্ফ্রীগণকে প্রেষের উপর নির্ভার করিতে হয়, এবং সর্ব্প্রকারে আজ্ঞান্বত্তী হইয়া মন যোগাইয়া থাকিতে হয়।

এই প্রথা সর্ব্বদেশে এবং সর্ব্বকালে চিরপ্রচালত থাকিলেও, এক্ষণে আমেরিকা ও ইংলন্ডে এক সম্প্রদায় সমাজতত্ত্বিদ্ ইহার বিরোধী। তাঁহারা সাম্যবাদী। তাঁহাদের মত এই যে, স্মীও প্রর্যে সর্ব্বপ্রকারে সাম্য থাকাই উচিত। প্র্র্যাণের যাহাতে যাহাতে অধিকার, স্মীগণের তাহাতে তাহাতেই অধিকার থাকাই উচিত। প্র্র্যে চাকরি করিবে, বাবসায় করিবে, স্মীগণে কেন করিবে না? প্রন্থে রাজসভায়, ব্যবস্থাপক সভায় সভ্য হইবে, স্মীলোকে কেন হইবে না? নারী প্রর্যের পদ্মী মান্ত্র, দাসী কেন হইবে?

আমাদের দেশে যে পরিমাণে স্ত্রীগণ প্রব্যাধীন, ইউরোপে বা আমেরিকায় তাহার শতাংশও নহে। আমাদিগের দেশ অধীনতার দেশ, সর্ব্প্রকার অধীনতা ইহাতে বীজমাত্রে অঞ্কুরিত হইয়া, উর্ব্বরা ভূমি পাইয়া বিশেষ বৃদ্ধিলাভ করিয়া থাকে। এখানে প্রজ্ঞা যেমন রাজার নিতান্ত অধীন, অন্যন্ত্র তেমন নহে; এখানে অশিক্ষিত যেমন শিক্ষিতের আজ্ঞাবহ, অন্যন্ত্র তেমন নহে: এখানে যেমন শুদ্রাদি ব্রক্ষণের পদানত, অন্যন্ত্র কেইই ধর্ম্মযাজকের তাদ্শে

^{*}Subjection of women.

বশবন্তী নহে। এখানে যেমন দরিদ্র ধনীর পদানত, অন্যত্র তত নহে। এখানে স্থাী ষেমন

পুরুষের আজ্ঞানুবর্ত্তিনী, অন্যা তত নহে।

এখানে রমণী পিঞ্চরাবদ্ধ বিহাঙ্গনী; যে বুলি পড়াইবে, সেই বুলি পড়িবে। আহার দিলে খাইবে, নচেৎ একাদশী করিবে। পাতি অর্থাৎ পরেষ দেবতাস্বর্প; দেবতাস্বর্প কেন, সকল দেবতার প্রধান দেবতা বলিয়া শাস্তে কথিত আছে। দাসীত্ব এত দ্ব যে, পত্নীদিগের আদর্শ-স্বর্পা দ্রোপদী সত্যভামার নিকট আপনার প্রশংসা স্বর্প বলিয়াছিলেন যে, তিনি স্বামীর সস্তোষার্থ সপত্নীগণেরও পরিচর্য্যা করিয়া থাকেন।

এই আর্য্য পাতিত্রতা ধর্ম্ম অতি স্কুলর; ইহার জন্য আর্য্যগৃহ স্বর্গ তুলা স্থময়। কিন্তু পাতিত্রতাের কেহ বিরাধী নহে; দ্বী যে প্রুর্ষের দাসীমাত্র, সংসারের অধিকাংশ ব্যাপারে

স্মীলোক অধিকারশ্ন্যা, সাম্যবাদীরা ইহারই প্রতিবাদী।

অস্মন্দেশে স্থাপর্র্বে যে ভরঞ্কর বৈষম্য, তাহা এক্ষণে আমাদিগের দেশীরগণের কিছ্র কিছ্র হদরঙ্গম হইরাছে, এবং কয়েকটি বিষরে বৈষম্য বিনাশ করিবার জন্য সমাজমধ্যে অনেক আন্দোলন হইতেছে। সে কর্মটি বিষয় এই—

১ম। প্রায়কে বিদ্যাশিক্ষা অবশ্য করিতে হয়; কিন্তু স্ত্রীগণ অশিক্ষিতা থাকে।

২য়। প্রত্বৈর স্থাবিয়োগ হইলে, সে প্রনর্থার দারপরিগ্রহ করিতে অধিকারী। কিন্তু স্থাগণ বিধবা হইলে, আর বিবাহ করিতে অধিকারিণী নহে; বরং সর্বভোগস্থে জলাঞ্জলি দিয়া চিরকাল ব্রহ্মচর্য্যান্ত্র্যানে বাধ্য।

৩য়। প্রেন্মে যেখানে ইচ্ছা সেখানে যাইতে পারে, কিন্তু স্ত্রীলোকে গ্রপ্রাচীর অতিক্রম করিতে পারে না।

৪র্থ। স্বীগণ স্বামীর মৃত্যুর পরেও অন্য স্বামিগ্রহণে অধিকারী নহে, কিন্তু প্রায়ুষণণ স্বী বর্ত্তমানেই, যথেচ্ছ বহু,বিবাহ করিতে পারেন।

১। প্রথম তত্ত্ব সন্দর্মে, সাধারণ লোকেরও একট্ব মত ফিরিয়াছে। সকলেই এখন স্বীকার করেন, কন্যাগণকে একট্ব লেখাপড়া শিক্ষা করান ভাল। কিন্তু কেইই প্রায় এখনও মনে ভাবেন না যে, প্রের্মের ন্যায় স্বীগণও নানাবিধ সাহিত্য, গণিত, বিজ্ঞান, দর্শন প্রভৃতি কেন শিখিবে না? খাঁহারা, প্রেটি এম-এ পরীক্ষায় উত্তীর্ণ না হইলে বিষপান করিতে ইচ্ছা করেন, তাঁহারাই কন্যাটি কথামালা সমাপ্ত করিলেই চরিতার্থ হন। কন্যাটিও কেন যে প্রেত্রর ন্যায় এম-এ পাশ করিবে না, এ প্রশ্ন বারেক মাত্রও মনে স্থান দেন না। যদি কেহ, তাঁহাদিগকে এ কথা জিজ্ঞাসা করে, তবে অনেকেই প্রশ্নকর্তাকে বাতুল মনে করিবেন। কেহ প্রতিপ্রশন করিবেন, মেয়ে অত লেখাপড়া শিখিয়া কি করিবে? চাকরি করিবে না কি? যদি সাম্যবাদী সে প্রশ্নের প্রত্যুত্তরে বলেন, "কেনই বা চাকরি করিবে না?" তাহাতে বোধ হয়, তাঁহারা হারবোল দিয়া উঠিবেন। কোন ব্যক্তিমান্ ব্যক্তি উত্তর করিতে পারেন, ছেলের চাকরিই জোটাইতে পারি না, আবার মেয়ের চাকরি কোথায় পাইব? যাঁহারা ব্রুকন যে, বিদ্যোপার্জ্জন কেবল চাকরির জন্য নহে, তাঁহারা বলিতে পারেন, "কন্যাদিগকে প্রত্রের ন্যায় লেখাপড়া শিখাইবার উপায় কি? তেমন স্বীবিদ্যালয় কই?"

বাস্ত্রবিক, বঙ্গদেশে, ভারতবর্ষে বলিলেও হয়, স্ত্রীগণকে প্রের্মের মত লেখাপড়া শিখাইবার উপায় নাই। এতন্দেশীয় সমাজমধ্যে সাম্যতত্ত্বাস্তর্গত এই নীতিটি যে অদ্যাপি পরিসফ্ট হয় নাই—লোকে যে স্ত্রীশিক্ষার কেবল মৌথিক সমর্থন করিয়া থাকে, ইহাই তাহার প্রচুর প্রমাণ। স্মাজে কোন অভাব হইলেই তাহার প্রেণ হয়—সমাজ কিছু চাহিলেই তাহা জন্মে। বঙ্গবাসিগণ

याम म्हामिकास यथार्थ जांख्यायी इटेरजून, जाहा इटेरल जाहात छेभास इटेर ।

সেই উপায় দ্বিবধ । প্রথম, স্ত্রীলোকদিগের জন্য প্থেক্ বিদ্যালয়—দ্বিতীয়, পরুর্ববিদ্যালয়ে স্ত্রীগলের শিক্ষা।

দ্বিতীয়টির নামমাত্রে, বঙ্গবাসিগণ জনুলিয়া উঠিবেন। তাঁহারা নিঃসন্দেহ মনে বিবেচনা করিবেন যে, প্রব্রের বিদ্যালয়ে স্থাগণ অধ্যয়নে প্রবৃত্ত হইলে, নিশ্চয়ই কন্যাগণ বারাক্ষনাবং আচরণ করিবে। মেয়েগনুলা ত অধ্যঃপাতে যাইবেই; বেশীর ভাগ ছেলেগনুলাও যথেচ্ছাচারী হইবে।

প্রথম উপায়টি উন্তাবিত করিলে, এ সকল আপত্তি ঘটে না বটে, কিন্তু আপত্তির অভাব

নাই। মেয়েরা মেয়েকালেজে পড়িতে গেলে পর, শিশ্ব পালন করিবে কে? বালককে শুন্যপান করাইবে কে? গৃহকন্ম করিবে কে? বঙ্গীয় বালিকা চতুন্দশি বংসর বয়সে মাতা ও গৃহিণী হয়। গ্রমাদশ বংসরের মধ্যে যে লেখাপড়া শিখা যাইতে পারে, তাহাই তাহাদের সাধ্য। অথবা তাহাও সাধ্য নহে—কেন না, গ্রমোদশ বর্ষেই বা কুলবর্ষ বা কুলকন্যা, গ্রহের বাহির হইয়া বই হাতে করিয়া কালেজে পড়িতে যাইবে কি প্রকারে?

আমরা এ সকল আপত্তির মীমাংসায় এক্ষণে প্রবৃত্ত নই। আমরা দেখাইতে চাই যে, যদি তোমরা সামাবাদী হও, তাহা হইলে যতদিন না সম্পূর্ণরূপে সর্ব্ববিষয়ক সামোর ব্যবস্থা করিতে পার, ততদিন কেবল আংশিক সামোর বিধান করিতে পারিবে না। সামাতত্বান্তর্গত সমাজনীতি সকল পরস্পরে দৃঢ় স্ত্রে গ্রন্থিত, যদি দ্বী প্রবৃষ্ধ সর্ব্বি সমানাধিকারবিশিষ্ট হয়, তবে ইহা দ্বির যে, কেবল শিশ্পালন ও শিশ্বকে স্তন্যপান করান দ্বীলোকের ভাগ নহে, অথবা একা দ্বীরই ভাগ নহে। যাহাকে গৃহধর্মা বলে, সাম্য থাকিলে দ্বী প্রবৃষ্ধ উভয়েরই তাহাতে সমান ভাগ। একজন গৃহক্মা লইয়া বিদ্যাশিক্ষায় বিশ্বত হইবে, আর একজন গৃহক্মার্বিদ্যাশিক্ষার বিশ্বত হববে, আর একজন গৃহক্মার্বিদ্যাশিক্ষার বিশ্বতি হাইবে, ইহা দ্বভাবসঙ্গত হউক বা না হউক, সাম্যসঙ্গত নহে। অপরণ্ড প্রবৃষ্বাণ নিব্বিয়া যেখানে সেখানে যাইতে পারে, এবং দ্বীগণ কোথাও যাইতে পারিবে না, ইহা কদাচ সাম্যসঙ্গত নহে। এই সকল স্থানে বৈষম্য আছে বিলয়াই বিদ্যাশিক্ষাতেও বৈষম্য ঘটিতৈছে। বৈষম্যের ফল বৈষম্য। যে একবার ছোট হইবে, তাহাকে ক্রমে ছোট হইতে হইবে।

কথাটি আর এক প্রকারে বিচার করিয়া দেখিলে ব্রুথা যাইবে।

म्ही शिक्षा विद्यंश कि ना? त्वाथ इश्, मकल्वरे विन्तत्वन, "विद्यंश वर्ष्ण।"

তারপর জিজ্ঞাস্য, কেন বিধেয়? কেহ বালিবেন না যে, চাকরির জন্য।* বোধ হয়, এতদ্দেশীয় সচরাচর স্মাশিক্ষত লোকে উত্তর দিবেন যে, স্মীগণের নীতিশিক্ষা, জ্ঞানোপার্জন এবং ব্যক্তি মার্জিত করিবার জন্য, তাহাদিগকে লেখাপড়া শিখান উচিত।

তারপর, জিজ্ঞাস্য যে, পুরুষগণকে বিদ্যাণিক্ষা করাইতে হয় কেন? দীর্ঘকিণ দেশীয় গর্ন্দভিশ্রেণী বলিবেন, চাকরির জন্য, কিন্তু তাঁহাদিগের উত্তর গণনীয়ের মধ্যে নহে। অন্যেবলিবেন, নীতিশিক্ষা, জ্ঞানোপার্ল্জন, এবং বৃদ্ধি মার্ল্জনের জন্যই পুরুষের লেখাপড়া শিক্ষা প্রয়োজন। অন্য যদি কোন প্রয়োজন থাকে, তবে তাহা গোণ প্রয়োজন, মৃখ্য প্রয়োজন নহে। গোণ প্রয়োজনও স্বীপুরুষ উভয়ের পক্ষেই সমান।

অতএব বিদ্যাশিক্ষাসম্বন্ধে স্ত্রীপ্রর্ষ উভরেরই অধিকারের সাম্য স্বীকার করিতে হইল। এ সাম্য সকলকেই স্বীকার করিতে হইবে, নচেং উপরিক্থিত বিচারে অবশ্য কোথাও দ্রম আছে। যদি এখানে সাম্য স্বীকার কর, তবে অন্যত্র সে সাম্য স্বীকার কর না কেন? শিশ্পোলন, যথেচ্ছা দ্রমণ, বা গৃহকম্ম সম্বন্ধে সে সাম্য স্বীকার কর না কেন? সাম্য স্বীকার করিতে গেলে, সম্বত্র সাম্য স্বীকার করিতে হয়।

উপরে যে চারিটি সামাজিক বৈষম্যের উল্লেখ করিয়াছি, তন্মধ্যে দ্বিতীয়টি বিধবাবিবাহ সম্বন্ধীয়। বিধবাবিবাহ ভাল কি মন্দ, এটি স্বতন্ত্র কথা। তাহার বিবেচনার স্থল এ নহে। তবে ইহা বলিতে পারি যে, কেহ যদি আমাদিগকে জিজ্ঞাসা করেন, স্ত্রীশিক্ষা ভাল কি মন্দ? সকল স্ত্রীলোক শিক্ষিত হওয়া উচিত কি না, আমরা তখনই উত্তর দিব, স্ত্রীশিক্ষা অতিশয় মঙ্গলকর; সকল স্ত্রীলোক শিক্ষিতা হওয়া উচিত; কিন্তু বিধবাবিবাহ সম্বন্ধে আমাদিগকে কেই সের্প প্রশ্ন করিলে আমরা সের্প উত্তর দিব না। আমরা বলিব, বিধবাবিবাহ ভালও নহে, মন্দও নহে; সকল বিধবার বিবাহ হওয়া কদাচ ভাল নহে, তবে বিধবাগদের ইচ্ছামত বিবাহে অধিকার থাকা ভাল। যে স্ত্রী সাধ্বী, প্র্র্বপতিকে আন্তর্নিক ভাল বাসিয়াছিল, সে কথনই প্রন্বার পরিণয় করিতে ইচ্ছা করে না; যে জাতিগদের মধ্যে বিধবাবিবাহ প্রচলিত আছে, সে সকল জাতির মধ্যেও পবিক্রম্বভাববিশিষ্টা, শ্লেহময়ী, সাধ্বীগণ বিধবা হইলে কদাপি আর বিবাহ করে না। কিন্তু যদি কোন বিধবা, হিন্দুই হউন, আর যে জাতীয়া হউন, পতির লোকান্তর পরে প্রশ্বিপরে ইচ্ছাবতী হয়েন, তবে তিনি অবশ্য তাহাতে অধিকারিণী। যদি প্রের্

সাম্যবাদী বলেন, চাকরির জন্যও বটে।

পদ্পীবিয়োগের পর প্রনর্থার দারপরিগ্রহে অধিকারী হয়, তবে সামানীতির ফলে স্থাী পতিবিয়াগের পর অবশ্য, ইচ্ছা করিলে, প্রনর্থার পতিগ্রহণে অধিকারিণী। এখানে জিজ্ঞাসা হইতে পারে, "র্যাদ" প্রের্থ প্রনির্থবাহে অধিকারী হয়, তবেই স্থাী অধিকারিণী, কিন্তু প্রর্থেরই কি স্থাী বিয়োগান্তে দ্বিতীয় বার বিবাহ উচিত? উচিত, অন্তিত, স্বতন্ত্র কথা; ইহাতে ঐচিত্যানোচিত্য কিছুই নাই। কিন্তু মন্যামাত্রেরই অধিকার আছে, যে যাহাতে অনের অনিন্ট নাই, এমত কার্যামাত্রই প্রবৃত্তি অন্সারে করিতে পারে। স্ত্তরাং পদ্মীবিষ্কে পতি, এবং পতিবিষ্কে পদ্মী ইচ্ছা হইলে প্রশংগরিণয়ে উভয়েই অধিকারী বটে।

অতএব বিধবা, বিবাহে অধিকারিণী বটে। কিন্তু এই নৈতিক তত্ত্ব অদ্যাপি এ দেশে সচরাচর স্বীকৃত হয় নাই। যাঁহারা ইংরেজি শিক্ষার ফলে, অথবা বিদ্যাসাগর মহাশয়ের বা রাহ্মা ধন্মের অনুরোধে, ইহা স্বীকার করেন, তাঁহারা ইহাকে কার্য্যে পরিণত করেন না। যিনি যিনি বিধবাকে বিবাহে অধিকারিণী বলিয়া স্বীকার করেন, তাঁহাদেরই গৃহস্থা বিধবা বিবাহার্থ ব্যাকুলা হইলেও তাঁহারা সে বিবাহে উদ্যোগী হইতে সাহস করেন না। তাহার কারণ, সমাজের ভয়। তবেই, এই নীতি সমাজে প্রবেশ করে নাই। অন্যান্য সাম্যাত্মক নীতি সমাজে প্রবিশ্বন হওয়ার কারণ ব্রুঝা যায়; বিধানের কর্ত্তা প্রের্মজাতি সে সকলের প্রচলনে আপনাদিগকে অনিষ্টান্ত বোধ করেন, কিন্তু এই নীতি এ সমাজে কেন প্রবেশ করিতে পারে না, তাহা তত্ত সহজে ব্রুঝা যায় না।ইহা আয়াসসাধ্য নহে; কাহারও অনিষ্টকর নহে, এবং অনেকের স্ব্রুব্দ্ধিকর। তথাপি ইহা সমাজে পরিগৃহীত হইবার লক্ষণ দেখা যায় না। ইহার কারণ, সমাজে লোকাচারের অলঞ্ঘনীয়তাই বোধ হয়।

আর একটি কথা আছে। অনেকে মনে করেন যে, চিরবৈধব্য বন্ধনে, হিন্দু মহিলাদিগের পাতিরত্য এর্প দ্ঢ়বন্ধ যে, তাহার অন্যথা কামনা করা বিধের নহে। হিন্দু দ্বীমাত্রেই জানেন যে, এই এক স্বামীর সঙ্গে সঙ্গে তাঁহার সকল সুথ যাইবে, অতএব তিনি স্বামীর প্রতি অনস্ত ভক্তিমতী। এই সম্প্রদারের লোকের বিবেচনার এই জন্যই হিন্দুগুহে দামপত্যস্থের এত আধিক্য। কথাটি সত্য বলিয়াই না হয় স্বীকার করিলাম। যদি তাই হয়, তবে নিয়মটি একতরফা রাখ কেন? বিধবার চিরবৈধব্য যদি সমাজের মঙ্গলকর হয়, তবে মৃতভার্য্য প্রের্বের চিরপঙ্গীহীনতা বিধান কর না কেন? তুমি মরিলে, তোমার দ্বীর আর গতি নাই, এজন্য তোমার দ্বী অধিকতর প্রেমশালিনী; সেইর্প তোমার দ্বী মরিলে, তোমারও আর গতি হইবে না, যদি এমন নিয়ম হয়, তবে তুমিও অধিকতর প্রেমশালী হইবে। এবং দাম্পত্য স্থু, গাহ্ন্যু স্থু বিগণু বৃদ্ধি হইবে। কিন্তু তোমার বেলা সে নিয়ম খটে না কেন? কেবল অবলা দ্বীর বেলা সে নিয়ম কেন?

তুমি বিধানকর্ত্তা প্রেন্থ, তোমার সত্তরাং পোয়া বারো। তোমার বাহত্বল আছে, সত্তরাং তুমি এ দৌরাত্ম্য করিতে পার। কিন্তু জানিয়া রাথ যে, এ অতিশয় অন্যায়, গত্ত্বত্তর, এবং ধন্মবিরত্বত্থ বৈষম্য।

তয়। কিন্তু পর্ব্বের যত প্রকার দোরাখ্যা আছে, স্থাপর্ব্বে যত প্রকার বৈষম্য আছে, তম্মধ্যে আমাদিগের উল্লিখিত তৃতীর প্রস্তাব, অর্থাৎ স্থাগিণকে গ্রুমধ্যে বন্য পশ্র ন্যায় বদ্ধ রাখার অপেক্ষা নিষ্ঠ্র, জঘন্য অধন্যপ্রস্ত বৈষম্য আর কিছুই নাই। আমরা চাতকের ন্যায় স্বর্গমর্ত্য বিচরণ করিব, কিন্তু ইহারা দেড় কাঠা ভূমির মধ্যে, পিঞ্জরে রক্ষিতার ন্যায় বদ্ধ থাকিবে। প্থিবার আনন্দ, ভোগ, শিক্ষা, কোতুক, যাহা কিছু জগতে ভাল আছে, তাহার অধিকাংশে বিশ্বত থাকিবে। কেন? হুকুম পুরুষের।

এই প্রথার ন্যায়বির দ্বতা এবং অনিষ্টকারিতা অধিকাংশ স্থাশিক্ষত ব্যক্তিই এক্ষণে স্বীকার করেন, কিন্তু স্বীকার করিয়াও তাহা লঙ্ঘন করিতে প্রবৃত্ত নন। ইহার কারণ অমর্যাদা ভয়। আমার স্বী, আমার কন্যাকে, অন্যে চম্মচক্ষে দেখিবে! কি অপমান! কি লঙ্জা! আর তোমার স্বী, তোমার কন্যাকে যে পশ্র ন্যায় পশ্বালয়ে বদ্ধ রাখ, তাহাতে কিছ্ম অপমান নাই? কিছ্ম লঙ্জা নাই? যদি না থাকে, তবে তোমার মানাপমান বোধ দেখিয়া, আমি লঙ্জায় মরি!

জিজ্ঞাসা করি, তোমার অপমান, তোমার লজ্জার অন্রোধে তাহাদিগের উপর পীড়ন করিবার তোমার কি অধিকার? তাহারা কি তোমারই মানরক্ষার জন্য, তোমারই তৈজসপ্রাদিমধ্যে গণ্য হইবার জন্য, দেহ ধারণ করিয়াছিল? তোমার মান অপমান সব, তাহাদের সংখ দঃখ কিছুই নহে?

আমি জানি, তোমরা বঙ্গাঙ্গনাগণকে এর প তৈয়ার করিয়াছ যে, তাহারা এখন আর এই শাস্তিকে দুঃখ বলিয়া বোধ করে না। বিচিত্র কিছুই নহে। যাহাকে অন্ধভাজনে অভান্ত করিবে, পরিশোষে সে সেই অন্ধভাজনেই সস্তুষ্ট থাকিবে, অল্লাভাবকে দুঃখ মনে করিবে না। কিস্তু তাহাতে তোমার নিন্ঠ্রতা মার্ল্জনীয় হইল না। তাহারা সম্মত হউক, অসম্মতই হউক, তুমি তাহাদিগের সূত্র্য ও শিক্ষার লাঘব করিলে, এজন্য তুমি অনস্ত কাল মহাপাপী বলিয়া গণ্য হইবে।

আর কতকগৃনি মুর্থ আছেন, তাঁহাদিগের শুর্ব এইর্প আপত্তি নহে। তাঁহারা বলেন যে, স্বীগণ সমাজমথ্যে যথেচ্ছা বিচরণ করিলে দুর্ফবভাব হইয়া উঠিবে, এবং কুর্চরিত্র প্রুর্মগণ অবসর পাইয়া তাহাদিগকে ধর্মপ্রভট করিবে। বাদ তাঁহাদিগকে বলা যায় যে, দেখ, ইউরোপাদি সভ্যসমাজে কুলকামিনীগণ যথেচ্ছা সমাজে বিচরণ করিতেছে, তাঁয়বদ্ধন কি ক্ষতি হইতেছে? তাহাতে তাঁহারা উত্তর করেন যে, সে সকল সমাজের স্বীগণ, হিন্দুমহিলাগণ অপেক্ষা ধর্মপ্রভট এবং কল্বিষতস্বভাব বটে।

ধন্মরিক্ষার্থ যে দ্বীগণকে পিঞ্জরাবদ্ধ রাখা আবশ্যক, হিন্দুমহিলাগণের এর প কুৎসা আমরা সহ্য করিতে পারি না। কেবল সংসারে লোকসহবাস করিলেই তাহাদিগের ধন্ম বিলম্প্ত হইবে, প্রেষ পাইলেই তাহারা কুলধন্মে জলাঞ্জাল দিয়া তাহার পিছন পিছন জন্টিবে, হিন্দু দ্বীর ধন্ম এর প বন্ধাব্ত বারিবৎ নহে। যে ধন্ম এর প বন্ধাব্ত বারিবৎ, সে ধন্ম থাকা না থাকা সমান—তাহা রাখিবার জন্য এত যঙ্কের প্রয়োজন কি? তাহার বন্ধনিভিত্তি উন্ম্লিত করিয়া ন্তন ভিত্তির পত্তন কর।

৪র্থ । আমরা চতুর্থ বৈষম্যের উল্লেখ করিয়াছি, অর্থাৎ পর্ব্বর্ষণণের বহুবিবাহে অধিকার, তৎসন্বন্ধে অধিক লিখিবার প্রয়োজন নাই। এক্ষণে বঙ্গবাসী হিন্দুগণ বিশেষর্পে ব্রিঝাছেন যে, এই অধিকার নীতিবির্দ্ধ। সহজেই ব্রা যাইবে যে, এ স্থলে স্চীগণের অধিকার বৃদ্ধি করিয়া সাম্য সংস্থাপন করা সমাজসংস্কারকদিগের উন্দেশ্য ইইতে পারে না; প্র্ব্রুখণের অধিকার কর্ত্তন করাই উন্দেশ্য; কারণ, মন্যাজাতিমধ্যে কাহারই বহুবিবাহে অধিকার নীতিসঙ্গত হইতে পারে না। কহেই বলিবে না যে, স্ত্রীগণেও প্র্রুষের ন্যায় বহুবিবাহে অধিকারিণী হউন; সকলেই বলিবে, প্রুষ্বেরও স্ত্রীর ন্যায় একমাত্র বিবাহে অধিকার। অতএব, যেখানে অধিকারটি নীতিসঙ্গত, সেইখানেই সাম্য অধিকারকে সম্প্রসারিত করে, যেখানে কার্য্যাধিকারটি অনৈতিক, সেথানে উহাকে কর্ত্তিত এবং সঙ্কীর্ণ করে। সাম্যের ফল কদাচ অনৈতিক হইতে পারে না। সাম্য এবং স্বানুর্বার্ত্তা, এই দুই ততুমধ্যে সম্দুদায় নীতিশাস্ত্র নিহিত আছে।

এই চারিটি বৈষম্যের উপর আপাততঃ বঙ্গীয় সমাজের দৃণ্টি পড়িয়াছে। যাহা অতি গহিত, তাহারই যখন কোন প্রতিবিধান হইতেছে না, তখন যে অন্যান্য বৈষম্যের প্রতি কটাক্ষ করিলে কোন উপকার হইবে, এমত ভরসা করা যায় না। আমরা আর দৃই একটি কথার উত্থাপন করিয়া ক্ষান্ত হইব।

দ্বীপ্রেবে যে সকল বৈষম্য প্রায় সন্ধর্সমাজে প্রচলিত আছে, তল্মধ্যে পৈতৃক সম্পত্তির উত্তরাধিকার সন্বন্ধীয় বিধিগৃহলি অতি ভয়ানক ও শোচনীয়। পরে পৈতৃক সম্পত্তিতে সম্পূর্ণ অধিকারী, কন্যা কেইই নহে। পরে কন্যা, উভয়েরই এক ঔরসে, এক গর্ভে জন্ম; উভয়েরই প্রতি পিতা মাতার এক প্রকার ষত্ন, এক প্রকার কর্ত্তব্য কর্ম্ম; কিন্তু পরে পিতৃম্তুার পর পিতার কোটি মালা সর্রাপানাদিতে ভঙ্মমাৎ কর্ক, কন্যা বিশেষ প্রয়োজনের জন্যও তন্মধ্যে এক কপন্দক পাইতে পারে না। এই নীতির কারণ হিন্দৃশান্দে নিন্দিষ্ট ইইয়া থাকে যে, যেই শ্রাদ্ধাধিকারী, সেই উত্তরাধিকারী; সেটি এর্প অসঙ্গত এবং অযথার্থ যে, তাহার অযৌক্তিকতা

^{*} কদাচিৎ হইতে পারে বোধ হয়। যথা, অপ্তেক রাজা, অথবা যাহার ভার্ব্যা কুণ্ঠাদি রোগগ্রন্ত। বোধ হয় বলিতেছি, কেন না, ইহা স্বীকার করিলে প্রেব্রের বিপক্ষেও সেইর্প বাবস্থা করিতে হয়। বস্তুতঃ বহুর্বিবাহ পক্ষে বলিবার দৃই একটা কথা আছে, কিন্তু আমার বিবেচনায় বহুর্বিবাহ এমন কদর্য্য প্রথা যে, সে সকল কথার উল্লেখ মাত্রেও অনিষ্ট আছে।

নির্ম্বাচন করাই নিষ্প্রয়োজন। দেখা যাউক, এর্প নিয়মের স্বভাবসঙ্গত অন্য কোন মূল আছে কি না। ইহা কথিত হইতে পারে যে, স্নী স্বামীর ধনে স্বামীর ন্যায়ই অধিকারিণী; এবং তিনি স্বামিগুহে গৃহিণী, স্বামীর ধনেশ্বর্য্যে কন্ত্রী, অতএব তাঁহার আর পৈতৃক ধনে অধিকারিণী হইবার প্রয়োজন নাই। যদি ইহাই এই ব্যবস্থানীতির মূলস্বর্প হয়, তাহা হইলে জিজ্ঞাস্য হইতে পারে যে, বিধবা কন্যা বিষয়াধিকারিণী হয় না কেন? যে কন্যা দিরদ্রে সম্পর্প ত হইয়াছে, সে উত্তর্রাধিকারিণী হয় না কেন? কিন্তু আমরা এ সকল ক্ষুদ্রতর আপত্তি উপন্থিত করিতে ইচ্ছুক নহি। স্মীকে স্বামী বা পত্র বা এবিদ্বিধ কোন পত্রব্বের আগ্রিতা হইয়াই ধনভাগিনী হইতে হইবে, ইহাতেই আমাদের আপত্তি। অন্যের ধনে নহিলে স্নীজাতি ধনাধিকারিণী হইতে পারিবে না—পরের দাসী হইয়া ধনী হইবে—নচেৎ ধনী হইবে না, ইহাতেই আপত্তি। পতির পদসেবা কর, পতি দৃষ্ট হউক, কুভাষী, কদাচারী হউক, সকল সহ্য কর— অবাধ্য, দৃর্মান্থ, কৃত্তায়, পাপাত্মা প্রের বাধ্য হইয়া থাক—নচেৎ ধনের সঙ্গে স্বীজাতির কোন সম্বন্ধ নাই। পতি পত্র তাড়াইয়া দিল ত সব ঘ্রিচল। স্বাতন্ত্য অবলম্বন করিবার উপায় নাই —সহিষ্ণ্তা ভিন্ন অন্য গতিই নাই। এদিকে পত্রব্ব, সর্বাধিকারী—স্বীর ধনও তাঁর ধন। ইছা করিলেই স্বীকে সম্বন্ধ, ন্যায়বির্ক্ব, এবং নীতিবির্ক্তন।

অনেকে বালবেন, এ অতি উত্তম ব্যবস্থা। এ ব্যবস্থাপ্রভাবে দ্বী দ্বামীর বশবত্তিনী থাকে বটে, প্রব্যক্ত ব্যবস্থাবিলর উদ্দেশ্যই তাই; যত প্রকার বন্ধন আছে, সকল প্রকার বন্ধনে দ্বীগণের হস্তপদ বাঁধিয়া প্রব্যবপদম্লে স্থাপিত কর—প্রব্যগণ দ্বেচ্ছাদ্রমে পদাঘাত কর্ক, অধম নারীগণ বাঙ্গনিষ্পত্তি করিতে না পারে। জিজ্ঞাসা করি, দ্বীগণ প্রব্যের বশবত্তিনী হয়, ইহা বড় বাঞ্চনীয়; প্রব্যবগণ দ্বীজাতির বশবত্তী হয়, ইহা বাঞ্চনীয় নহে কেন? যত বন্ধন আছে, সকল বন্ধনে দ্বীগণকে বাঁধিয়াছ, প্রব্যক্ষাতির জন্য একটি বন্ধনও নাই কেন? দ্বীগণ কি প্রব্যবিশ্বনা অধিকতর দ্বভাবতঃ দ্বদ্চরিত্ত? না রক্জ্বটি প্রব্যের হাতে বলিয়া, দ্বীজাতির এত দ্যু বন্ধন? ইহা যদি অধন্ম না হয়, তবে অধন্ম কাহাকে বলে, বালতে পারি না।

হিন্দুশাস্ত্রানুসারে কদাচিৎ স্ত্রী বিষয়াধিকারিণী হয়, যথা—পতি অপুত্রক মরিলে। এইটাকু হিন্দ্রশান্তার গৌরব। এইরূপ বিধি দৃই একটা থাকাতেই আমরা প্রাচীন আর্য্য-ব্যবস্থাশাস্থ্যকে কোন কোন অংশে আধুনিক সভা ইউরোপীয় ব্যবস্থাশাস্থ্যপেক্ষাও উৎকৃষ্ট र्वामया भारत क्रि । किन्नु विदेक क्रिक क्रिक क्रिक क्रिक क्रिक क्रिक मात । न्यी विषयाधिकारिकी वर्षे, किन्नु দানবিক্রয়াদির অধিকারিশী নহে। এ অধিকার কতট্বকু? আপনার ভরণপোষণ মাত্র পাইবেন, আর তাঁহার জীবনকালমধ্যে আর কাহাকেও কিছু দিবেন না, এই পর্যান্ত তাঁহার অধিকার। পাপাত্মা পত্র সর্ব্বাস্ব বিক্রয় করিয়া ইন্দ্রিয়স,খ ভোগ কর,ক, তাহাতে শান্দের আপত্তি নাই কিন্তু মহারাণী স্বর্ণময়ীর ন্যায় ধম্মনিন্ডা স্ত্রী কাহারও প্রাণরক্ষার্থেও এক বিঘা হস্তান্তর করিতে সমর্থ নহেন। এ বৈষম্য কেন? তাহার উত্তরেরও অভাব নাই-স্ত্রীগণ অপব্যক্তি অভিনয়ত, বিষয়রক্ষণে অশক্ত। হঠাৎ সর্বাস্থ্য হস্তান্তর করিবে, উত্তর্যাধকারীর ক্ষতি হইবে, এ জন্য তাহারা বিষয় হস্তান্তর করিতে অশক্ত হওয়াই উচিত। আমরা এ কথা স্বীকার করি না। স্বীগণ বৃদ্ধি, স্থৈয়, চতুরতায় পুরুষাপেক্ষা কোন অংশে নান নহে। বিষয়রক্ষার জন্য ষে বৈষয়িক শিক্ষা, তাহাতে তাহারা নিকৃষ্ট বটে, কিন্তু সে পুরুষেরই দোষ। তোমরা তাহাদিগকে প্রমধ্যে আবদ্ধ রাখিয়া, বিষয়কন্ম হইতে নিলিপ্ত রাখ, স্তেরাং তাহাদিগের বৈষয়িক শিক্ষা হয় না। আগে বৈষয়িক ব্যাপারে লিপ্ত হইতে দাও, পরে বৈষয়িক শিক্ষার প্রত্যাশা করিও। আগে মূডি রাখিয়া পরে পাঁটা কাটা যায় না। পুরুষের অপরাধে স্ত্রী অশিক্ষিতা-কিন্তু সেই অপরাধের দল্ড স্ত্রীগণের উপরেই বর্ত্তাইতেছে। বিচার মন্দ নয়!

স্থাগণের বিষয়াধিকার সম্বন্ধে একটি কোতৃকাবহ ব্যাপার মনে পড়িল। কর বংসর পূর্বে হাইকোর্টে একটি মোকন্দমা হইরা গিয়াছে। বিচার্য্য বিষয় এই—অসতী স্থাী, বিষয়াধিকারিণী হইতে পারে কি না। বিচারক অনুমতি করিলেন, পারে। শ্রনিয়া দেশে হ্লেস্থলে পড়িয়া গেল। ষা! এতকালে হিন্দুস্থার সতীত্বমর্ম লুপ্ত হইল! আর কেহ সতীত্বমর্ম রক্ষা করিবে না! বাঙ্গালি সমাজ পরসা খরচ করিতে চাহে না—রাজাজ্ঞা নহিলে চাদায় সহি করে না, কিন্তু এ লাঠি এমনি মন্ম্পন্থানে বাজিয়াছিল যে, হিন্দ্বাণ আপনা ইইতেই চাঁদাতে সহি করিয়া, প্রিবিকোন্দিলে আপীল করিতে উদ্যত! প্রধান প্রধান সম্বাদপত্ত, "হা সতীত্ব! কোথায় গোলি" বিলয়া ইংরেজি বাঙ্গালা সূরে রোদন করিয়া "ওরে চাঁদা দে!" বালয়া ডাকিতে লাগিলেন। শেষটা কি হইয়াছে জানি না; কেন না, দেশী সম্বাদপত্ত পাঠসুথে আমরা ইচ্ছান্তনে বিশিত। কিন্তু যাহাই হউক, যাঁহারা এই বিচার আতি ভয়ন্তর ব্যাপার মনে করিয়াছিলেন, তাঁহাদিগকে আমাদিগের একটি কথা জিজ্ঞাস্য আছে। স্বীলার করি, অসতী স্প্রী বিষয়ে বিশ্বত হওয়াই বিধেয়, তাহা হইলে অসতীত্ব পাপ বড় শাসিত থাকে; কিন্তু সেই সঙ্গে আর একটি বিধান হইলে ভাল হয় না, যে লম্পট প্রমুষ অথবা যে প্রমুষ পত্নী ভিন্ন অন্য নারীর সংসর্গ করিয়াছে, সেও বিষয়াধিকারে অক্ষম হইবে? বিষয়ে বিশ্বত হইবার ভয় দেখাইয়া স্ত্রীদিগকে সতী করিতে চাও—সেই ভয় দেখাইয়া প্রমুষগণকে সংপথে রাখিতে চাও না কেন? ধন্মপ্রচ্টা স্প্রী বিষয় পাইবে না; ধন্মপ্রচ্টা প্রমুষ বিষয় পাইবে কেন? ধন্মপ্রচ্টা প্রমুষ, যে চোর, যে মিথ্যাবাদী, যে মদ্যপায়ী, যে কৃত্যা, সে সকলেই বিষয় পাইবে; কেন না, সে প্রমুষ; কেবল অসতী বিষয় পাইবে না; কেন না, কেন না, সে স্ত্রী! ইহা যদি ধন্মপ্রাস্ত্র, তবে অধন্মপ্রাস্ত্র কি? এই আইন রক্ষার্থ চাঁদা তোলা যদি দেশবাংসল্য, তবে মহাপাতক কেমনতর?

স্থাজাতির সতাঁত্বধর্ম্ম সর্প্রতোভাবে রক্ষণীয়, তাহার রক্ষার্থ যত বাঁধন বাঁধিতে পার, ততই ভাল, কাহারও আপত্তি নাই। কিন্তু প্রুর্বের উপর কোন কথা নাই কেন? প্রের্ব বারস্থাগমন কর্ক, পরদারনিরত হউক, তাহার কোন শাসন নাই কেন? শাস্তে ভুরি ভূরি নিষেধ আছে; সকলেই বলিবে, প্রুর্বের পক্ষেও এ সকল অতি মন্দ কর্ম্ম, লোকেও একট্র একট্র নিন্দা করিবে—কিন্তু এই পর্যন্ত। স্থালোকদিগের উপর যের্পুপ কঠিন শাসন, প্রুর্বিদেগের উপর সের্পুপ কিছুই নাই। কথায় কিছু হয় না; ভ্রুণ্টা প্রুর্বের কোন সামাজিক দল্ড নাই। একজন স্থা সতাঁত্ব সম্প্রের কোন দোষ করিলে সে আর মূখ দেখাইতে পারে না; হয়ত আত্মীয় স্বজন তাহাকে বিষ প্রদান করেন; আর একজন প্রুর্ব প্রকাশ্যে সেইর্পুপ কার্য্য করিয়া রোশনাই করিয়া, জর্ডি হাঁকাইয়া রাত্রিশেষে পত্নীকৈ চরণরেণ্ব, স্পর্শ করাইতে আসেন; পত্নী প্রাকৃত হয়েন; লোকে কেহ কন্ট করিয়া অসাধ্বাদ করে না; লোকসমাজে তিনি যের্পুপ প্রতিষ্ঠিত ছিলেন, সেইর্পুপ প্রতিষ্ঠিত থাকেন, কেহ তাঁহার সহিত কোন প্রকার ব্যবহারে সংকুচিত হয় না; এবং তাঁহার কোন প্রকার দাবি দাওয়া থাকিলে স্বচ্ছকে তিনি দেশের চ্ডা বলিয়া প্রতিভাত হুইতে পারেন। এই আর একটি গ্রুতের বৈষম্য।

আর একটি অনুচিত বৈষম্য এই যে, সম্বন্ধিন্দশ্রেণীর স্থালোক ভিন্ন, এদেশীয় স্থাগণ উপার্জ্জন করিতে পারে না। সত্য বটে, উপার্জ্জনকারী প্রের্ষেরা আপন আপন পরিবারস্থা স্থাগণকে প্রতিপালন করেরা থাকে। কিন্তু এমন স্থা আনেক এ দেশে আছে যে, তাহাদিগকে প্রতিপালন করে, এমন কেইই নাই। বাঙ্গালার বিধবা স্থাগণকে বিশেষতঃ লক্ষ্য করিরাই আমরা লিখিতেছি। অনাথা বঙ্গবিধবাদিগের অন্নকণ্ট লোকবিখ্যাত, তাহার বিস্তারে প্রয়োজন নাই। তাহারা উপার্জ্জন করিয়া দিনপাত করিতে পারে না, ইহা সমাজের নিতান্ত নিষ্ঠারতা। সত্য বটে, দাসীত্ব বা পাচিকাবৃত্তি করিবার পক্ষে কোন বাধা নাই, কিন্তু ভদ্রলোকের স্থা কন্যা এ সকল বৃত্তি করিতে সক্ষম নয়—তদপেক্ষা মৃত্যুতে যক্ষণা অলপ। অন্য কোনপ্রকারে ইহারা যে উপার্জ্জন করিতে পারে না, তাহার তিনটি কারণ আছে। প্রথমতঃ, তাহারা দেশী সমাজের রীত্যনুসারে গ্রের বাহির হইতে পারে না। গ্রের বাহির না হইলে উপার্জ্জন করার অলপ সম্ভাবনা। দ্বিতীয়, এ দেশীয় স্থাগিল লেখাপড়া বা শিল্পাদিতে স্থাশিক্ষিতা নহে; কোনপ্রকার বিদ্যায় স্থাশিক্ষত না হইলে কেহ উপার্জ্জন করিতে পারে না। তৃতীয়, বিদেশী উমেদওয়ার এবং বিদেশী শিল্পারা প্রতিযোগী; এ দেশী প্রের্যেই চাকরি, ব্যবসায়, শিল্প বা বাণিজ্যে অন্ত করিয়া সঙ্কুলান করিয়া উঠিতে পারিতেছে না, তাহার উপর স্থালৈক প্রবেশ করিয়া কি করিবে?

এই তিনটি বিঘা নিরাকরণের একই উপায়—শিক্ষা। লোকে স্নিশিক্ষিত হইলে, বিশেষতঃ স্থাগণ স্নিশিক্ষিতা হইলে, তাহারা অনায়াসেই গৃহমধ্যে গ্রেপ্ত থাকার পদ্ধতি অতিক্রম করিতে পারিবে। শিক্ষা থাকিলেই, অর্থোপাল্জনে নারীগণের ক্ষমতা জন্মিবে। এবং এ দেশী স্থাপ্রাম্ব সকল প্রকার বিদ্যায় স্নিশিক্ষিত হইলে, বিদেশী ব্যবসায়ী, বিদেশী শিক্ষী বা

र्वाष्क्रम ब्रह्मावली

বিদেশী বণিক্, তাহাদিগের অহা কাড়িয়া লইতে পারিবে না। শিক্ষাই সকল প্রকার সামাজিক অমঙ্গল নিবারণের উপায়।

আমরা যে সকল কথা এই প্রবন্ধে বলিয়াছি, তাহা যদি সত্য হয়, তবে আমাদিগের দেশীয় স্ফীগদের দশা বড়ই শোচনীয়া। ইহার প্রতিকার জন্য কে কি করিয়াছেন? পশ্ডিতবর শ্রীষ্ক ক্ষরকন্দ্র বিদ্যাসাগর ও রাক্ষসম্প্রদায় অনেক যত্ন করিয়াছেন—তাঁহাদিগের যশঃ অক্ষয় হউক; কিন্তু এই কয় জন ভিয় সমাজ হইতে কিছুই হয় নাই। দেশে অনেক এসোসিয়েশন লীগ, সোমাইটি, সভা, য়াব ইত্যাদি আছে—কাহারও উদ্দেশ্য রাজনীতি, কাহারও উদ্দেশ্য সমাজনীতি, কাহারও উদ্দেশ্য কালাকর উল্লেখ্য কিন্তু স্ফীজাতির উল্লিতর জন্য কেহ নাই। পশ্রণকে কেহ প্রহার না করে, এজন্যও একটি সভা আছে, কিন্তু বাঙ্গালার অন্ধেক অধিবাসী, স্ফীজাতি—তাহাদিগের উপকারার্থ কেহ নাই। আমরা কয় দিনের ভিতর অনেক পাঠশালা, চিকিৎসাশালা এবং পশ্রশালার জন্য বিস্তর অর্থব্যয় দেখিলাম, কিন্তু এই বঙ্গসংসারর পশ্রশালার সংস্করণার্থ কিছু কয়া যায় না কি?


যার না; কেন না, তাহাতে রঙ্ তামাসা কিছু নাই। কিছু করা যার না; কেন না, তাহাতে রায় বাহাদ্রির, রাজা বাহাদ্রির, ন্তার অব্ ইণ্ডিয়া প্রভৃতি কিছু নাই। আছে কেবল মুর্থের করতালি। কে অগ্রসর হইবে?

উপসংহার

এ দেশের বর্ত্তমান সমাজের তৃতীয় দৃষ্টান্ত দেখাইতে হইলে জাতিগত বৈষম্যের উদ্ধেশ করিতে হয়। আমরা বর্ণ-বৈষম্যের কথা বলিতেছি না। প্রাচীন ভারতের বর্ণ-বৈষম্যের ফলের পরিচয় দিয়াছি। তাহার ফলে যে সামাজিক বৈষম্য জিন্মরাছে, তাহা কৃষকের উদাহরণে ব্যাইয়াছি। এক্ষণে বর্ণগত বৈষম্যের সঙ্গে অধিকারগত বৈষম্য নাই; যাহা আছে, তাহা সামান্য। জাতিগত যে বৈষম্য বলিতেছি, তাহা জেতা ও বিজিতের মধ্যে। যে জাতি রাজা ও যে জাতি প্রজা, তাহাদিগের মধ্যে এ দেশে অধিকারগত বৈষম্য আছে। সেই বৈষম্য এতদ্দেশীরগণ কর্ত্ত্ব সর্ব্বদা বিচারিত হইয়া থাকে, স্ত্রাং এ গ্রন্থে তাহার সবিস্তারে বিচার করিবার প্রয়োজন দেখা যায় না।

উপসংহারে আমরা কেবল ইহাই ব্র্ঝাইতে চাই যে, আমরা সাম্যানীতির এর্প ব্যাখ্যা করি না যে, সকল মন্ব্য সমানাবন্থাসার হওয়া আবশ্যক বলিয়া স্থির করিতে হইবে। তাহা কথন হইতে পারে না। যেখানে বৃদ্ধি, মানাসক শক্তি, শিক্ষা, বল প্রভাতির স্বাভাবিক তারতম্য আছে, সেখানে অবশ্য অবস্থার তারতম্য ঘটিবে—কেহ রক্ষা করিতে পারিবে না। তবে অধিকারের সাম্য আবশ্যক—কাহারও শক্তি থাকিলে অধিকার নাই, বলিয়া বিমৃখ না হয়। সকলের উন্নতির পথ মৃক্ত চাহি।





মহতস্তমসঃ পারে প্রের্খং হাতিতেজসম্। যং জ্ঞান্ম মৃত্যুমত্যেতি তাসে জ্ঞোন্মনে নমঃ॥ মহাভারত, শান্তিপর্বা, ৪৭ অধ্যায়।

প্রথম পরিচ্ছেদ—গ্রন্থের উদ্দেশ্য

ভারতবর্ষের অধিকাংশ হিন্দ্রে, বাঙ্গালা দেশের সকল হিন্দ্রে বিশ্বাস যে, প্রীকৃষ্ণ ঈশ্বরের অবতার। কৃষ্ণ্যু ভগবান্ স্বয়ং—ইহা তাঁহাদের দৃঢ় বিশ্বাস। বাঙ্গালা প্রদেশে, কৃষ্ণের উপাসনা প্রায় সর্বব্যাপক। গ্রামে গ্রামে কৃষ্ণের মন্দির, গ্রহে গ্রহে কৃষ্ণের প্র্জা, প্রায় মাসে মাসে কৃষ্ণেংসব, উৎসবে উৎসবে কৃষ্ণবারা, কন্ঠে কন্টে কৃষ্ণনাতি, সকল মুখে কৃষ্ণনাম। কাহারও গায়ে দিবার বন্দ্রে কৃষ্ণনামাবলি, কাহারও গারে কৃষ্ণনামের ছাপ। কেহ কৃষ্ণনাম না করিয়া কোথাও যাত্রা করেন না; কেহ কৃষ্ণনাম না লিখিয়া কোন পত্র বা কোন লেখাপড়া করেন না; ভিখারী "জয় রাধে কৃষ্ণ" না বলিয়া ভিক্ষা চায় না। কোন ঘ্লার কথা শ্নেনলে "রাধে কৃষ্ণ।" বলিয়া আমরা ঘ্লা প্রকাশ করি; বনের পাখী প্রিলে তাহাকে "রাধে কৃষ্ণ" নাম শিখাই। কৃষ্ণ এদেশে সর্বব্যাপক।

কৃষ্ণভূ ভগবান্ স্বয়ং। যদি তাহাই বাঙ্গালীর বিশ্বাস, তবে সন্বর্গময়ে কৃষ্ণারাধনা, কৃষ্ণনাম, কৃষ্ণকথা ধন্মেরই উন্নতিসাধক। সকল সময়ে ঈশ্বরকে স্বরণ করার অপেক্ষা মন্ব্যার মঙ্গল আর কি আছে? কিন্তু ই'হারা ভগবান্কে কি রকম ভাবেন? ভাবেন, ইনি বালো চোর—ননী মাখন চুরি করিয়া খাইতেন; কৈশোরে পারদারিক—অসংখ্য গোপনারীকে পাতিব্রত্যধর্ম্ম হইতে দ্রুষ্ট করিয়াছিলেন; পরিণত বয়সে বঞ্চক ও শঠ—বঞ্চনার দ্বারা দ্রোণাদির প্রাণহরণ করিয়াছিলেন। ভগবচ্চরিত্র কি এইর্প? যিনি কেবল শাক্ষসভু, খাঁহা হইতে সন্বপ্রকার শাক্ষি, খাঁহার নামে অশান্ধি, অপাণ্য দ্বে হয়, মনুষ্টেহে ধারণ করিয়া সমস্ত পাপাচরণ কি সেই ভগবচ্চরিত্রসঙ্গত?

ভ্গবচ্চরিত্রের এইর্প কল্পনার ভারতবর্ষের পাপস্রোত বৃদ্ধি পাইয়াছে, সনাতনধর্মদ্বিষ্ণাণ বিলয়া থাকেন। এবং সে কথার প্রতিবাদ করিয়া জয়শ্রী লাভ করিতেও কথনও কাহাকে দেখি নাই। আমি নিজেও কৃষ্ণকে স্বয়ং ভগবান্ বিলয়া দ্ট বিশ্বাস করি; পাশ্চান্তা শিক্ষার পরিদাম আমার এই হইয়াছে যে, আমার সে বিশ্বাস দ্টাভূত হইয়াছে। ভগবান্ শ্রীকৃক্ষের ষথার্থ কির্পে চরিত্র প্রয়াণিতহাসে বিশিত হইয়াছে তাহা জানিবার জন্য, আমার যতদ্রে সাধা, আমি প্রয়াণ ইতিহাসের আলোচনা করিয়াছি। তাহার ফল এই পাইয়াছি যে, কৃষ্ণসম্বদ্ধীয় যে সকল পাপোপাখ্যান জনসমাজে প্রচলিত আছে, তাহা সকলই অম্লক বিলয়া জানিতে পারিয়াছি, এবং উপন্যাসকারকৃত কৃষ্ণসম্বদ্ধীয় উপন্যাস সকল বাদ দিলে যাহা বাকি থাকে, তাহা আতি বিশ্বের, পরমপবিত্র, অতিশর মহৎ, ইহাও জানিতে পারিয়াছি। জানিয়াছি—ঈদ্শ স্বর্শান্বত, সর্বপাপসংস্পর্শন্না, আদর্শ চরিত্র আর কোথাও নাই। কোন দেশীয় ইতিহাসেও না, কোন দেশীয় কাব্যেও না।

কি প্রকার বিচারে আমি এর প সিদ্ধান্তে উপস্থিত হইয়াছি, তাহা ব্ঝান এই গ্রন্থের একটি উদ্দেশ্য। কিন্তু সে কথা ছাড়িয়া দিলেও এই গ্রন্থের বিশেষ প্রয়োজন আছে। আমার নিজের যাহা বিশ্বাস, পাঠককে তাহা গ্রহণ করিতে বিল না, এবং কৃষ্ণের ঈশ্বরত্ব সংস্থাপন করাও আমার উদ্দেশ্য নহে। এ গ্রন্থে আমি তাঁহার কেবল মানবর্চারন্তেরই সমালোচনা করিব। তবে এখন

হিন্দুধন্দের আলোচনা কিছ্ প্রবলতা লাভ করিয়াছে। ধন্মান্দোলনের প্রবলতার এই সময়ে কৃষ্ণচরিত্রের সবিস্তারে সমালোচনা প্রয়োজনীয়। যদি পর্রাতন বজায় রাখিতে হয়, তবে এখানে বজায় রাখিবার কি আছে না আছে, তাহা দেখিয়া লইতে হয়। আর যদি প্রাতন উঠাইতে হয়, তাহা হইলেও কৃষ্ণচরিত্রের সমালোচনা চাই; কেন না, কৃষ্ণকে না উঠাইয়া দিলে প্রাতন উঠান যাইবে না।

ইহা ভিন্ন আমার এক গ্রেত্র উদ্দেশ্য আছে। ইতিপ্রেব "ধর্মতত্ত্ব" নামে গ্রন্থ প্রকাশ করিয়াছি। তাহাতে যে কর্মটি কথা ব্র্যাইবার চেণ্টা করিয়াছি, সংক্ষেপে তাহা এই :—

"১। মনুষ্যের কৃতৃকগন্ধল শক্তি আছে। আমি তাহার বৃত্তি নাম দিয়াছি। সেইগন্লির অনুশীলন, প্রস্ফুরণ ও চরিতার্থতায় মনুষ্যাও।

২। তাহাই মনুষ্যের ধর্মা।

৩। সেই অনুশীলনের সীমা, পরস্পরের সহিত ব্তিগুলির সামঞ্জস্য।

৪। তাহাই সূখ।"

এক্ষণে আমি স্বীকার করি যে, সমস্ত ব্যত্তিগর্নালর সম্পর্ণ অনুশীলন, প্রস্ফ্রেণ, চরিতার্থতা ও সামঞ্জস্য একাধারে দ্বর্লাভ। এ সম্বন্ধে ঐ প্রন্থেই যাহা বালয়াছি, তাহাও উদ্ধৃত করিতেছি :—

"শিষ্য।...জ্ঞানে পাশ্ভিত্য, বিচারে দক্ষতা, কার্যে তংপরতা, চিত্তে ধন্মাত্মতা এবং স্বরসে রিসকতা, এই সকল হইলে, তবে মানসিক সন্ধাঙ্গশীণ পরিণতি হইবে। আবার তাহার উপর শারীরিক সন্ধাঙ্গশীণ পরিণতি আছে, অর্থাৎ শরীর বলিষ্ঠ, স্কুত্ত, এবং সন্ধবিধ শারীরিক ক্রিয়ায় স্কুদক্ষ হওয়া চাই।

এরূপ আদর্শ কোথায় পাইব? এরূপ মনুষ্য ত দেখি না।

গ্রর। মন্য্য না দেখ, ঈশ্বর আছেন। ঈশ্বরই সর্বাঙ্গীণ স্ফ্রির্বর ও চরম পরিণতির একমাত্র উদাহরণ।"

প্রশ্ব :--

"অনস্তপ্রকৃতি ঈশ্বর উপাসকের প্রথমাবস্থার তাহার আদর্শ হইতে পারেন না, ইহা সত্য, কিন্তু ঈশ্বরের অনুকারী মন্বেয়রা, অর্থাৎ যাঁহাদিগের গুলাধিক্য দেখিয়া ঈশ্বরাংশ বিবেচনা করা যায়, অথবা যাঁহাদিগকে মানবদেহধারী ঈশ্বর মনে করা যায়, তাঁহারাই সেখানে বাঞ্চনীয় আদর্শ হইতে পারেন। এই জন্য যাশ্ব্রুট খ্রীন্টীয়ানের আদর্শ, শাক্যাসিংহ বোন্ধের আদর্শ। কিন্তু এর্প ধর্মপরিবর্ধাক আদর্শ যের্প হিন্দুশান্তে আছে, এমন আর প্রথিবীর কোন ধর্ম্মান্ত্রকে নাই—কোন জাতির মধ্যে প্রাস্কি নাই। জনকাদি রাজর্মি, নারদাদি দেবর্মি, বিশিষ্ঠাদি রক্ষমির্ব, সকলেই অনুশীলনের চরমাদর্শ। তাহার উপর শ্রীরামচন্দ্র, যুর্ধিন্ঠির, অর্ন্জ্বন, লক্ষ্মাণ, দেবরত ভীক্ষা প্রভৃতি ক্ষরিয়ণা আরও সম্পূর্ণতা-প্রাপ্ত আদর্শ। খ্রীন্ট ও শাক্যাসংহ কেবল উদাসীন, কোপনিধারী নিম্মাল ধর্ম্মবিক্তা। কিন্তু ইংহারা তা নয়। ইংহারা সব্বাগ্রাণিন্ট —ইংহাদিগেতেই সর্ম্বান্তির সন্বাক্ষ্মমন্সার ফর্নুর্তি পাইয়াছে। ইংহারা সিংহাসনে বিসিয়াও উদাসীন; কার্ম্মান্ক্হন্তেও ধন্মেবেক্তা; রাজা হইয়াও পণ্ডিত; শক্তিমান্ হইয়াও সন্বাজনে প্রেমায়। কিন্তু এই সকল আদর্শের উপর হিন্দুর আর এক আদর্শ আছে, যাঁহার কাছে আর সকল আদর্শ থাটো হইয়া যায়—যাইমিন্টির যাঁহার কাছে ধর্ম্মা শিক্ষা করেন, স্বয়ং অর্জ্জন যাঁহার কাছে ধর্ম্মান্ত নার্ম ত লক্ষ্মাণ যাঁহার অংশমাত্র, যাঁহার তুল্য মহামহিমাময় চরিত্র কথন মন্মাভাষায় ক্রীন্তিত হয় নাই।"

এই তত্ত্বটা প্রমাণের দ্বারা প্রতিপন্ন করিবার জন্যেও শ্রীকৃষ্ণচরিত্রের ব্যাখ্যানে প্রবৃত্ত হইয়াছি।

দিতীয় পরিচ্ছেদ—ক্ষের চরিত্র কির্প ছিল, তাহা জানিবার উপায় কি?

আদৌ এখানে দুইটি গ্রেত্র আপত্তি উপস্থিত হইতে পারে। বাঁহারা দৃঢ় বিশ্বাস করেন যে, কৃষ্ণ ভূমণ্ডলে অবতীর্ণ হইরাছিলেন, তাঁহাদের কথা এখন ছাড়িয়া দিই। আমার সকল

* ধর্মাতত্ত্ব, কৃষ্ণচরিত্রের প্রথম সংস্করণের পরে এবং এই দ্বিতীয় সংস্করণের প্রের্ব প্রচারিত হইয়াছিল।

পাঠক সের্প বিশ্বাসযুক্ত নহেন। যাঁহারা সের্প বিশ্বাসযুক্ত নহেন, তাহারা বালবেন, কৃষ্ণ-চারত্রের মোলিকতা কি? কৃষ্ণ নামে কোন ব্যক্তি প্রথিবীতে কখনও বিদ্যামান ছিলেন. তাহার প্রমাণ কি? যদি ছিলেন, তবে তাঁহার চরিত্র যথার্থ কি প্রকার ছিল, তাহা জ্ঞানিবার কোন উপায় আছে কি?

আমরা প্রথমে এই দুই সন্দেহের মীমাংসায় প্রবৃত্ত হইব। ক্ষেত্র বৃত্তান্ত নিশ্নলিখিত প্রাচীন গ্রন্থগর্মলতে পাওয়া যায়:---

- (১) মহাভারত।
- (২) হরিবংশ।
- (৩) পুরাণ।

ইহার মধ্যে প্রাণ আঠারখানি। সকলগর্নীতে কৃষ্ণবৃত্তান্ত নাই। নিন্দালিখিতগর্নীত আছে:—

- (১) ব্রহ্মপর্রাণ।
- (২) পদ্মপরাণ।
- (৩) বিষ্ণুপর্রাণ।
- (৪) বায়্প্রাণ।
- (৫) শ্রীমন্তাগবত।
- (১০) ব্রহ্মবৈবত্ত পরোণ।
- (১৩) স্কন্দপরাণ।
- (১৪) বামনপ্রাণ।
- (১৫) কুম্মপ্রাণ।

মহাভারত, আর উপরিলিখিত অন্য গ্রন্থগানির মধ্যে কৃষ্ণজানির সদ্বন্ধে একটি বিশেষ প্রভেদ আছে। যাহা মহাভারতে আছে. তাহা হরিবংশে ও প্রাণগন্লিতে নাই। যাহা হরিবংশ ও প্রাণগন্লিতে নাই। যাহাভারতে নাই। ইহার একটি কারণ এই যে, মহাভারত পাশ্ডর্বাদগের ইতিহাস; কৃষ্ণ পাশ্ডবাদগের সথা ও সহায়; তিনি পাশ্ডর্বাদগের সহায় হইয়া বা তাঁহাদের সঙ্গে থাকিয়া যে সকল কার্য্য করিয়াছেন. তাহাই মহাভারতে আছে, ও থাকিবার কথা। প্রসঙ্গন্মে অন্য দ্ই একটা কথা আছে মাত্র। তাঁহার জাবনের অর্বাশ্চ্যাংশ মহাভারতে নাই বিলয়াই হরিবংশ রচিত হইয়াছিল, ইহা হরিবংশে আছে। ভাগবতেও ঐর্প কথা আছে। ব্যাসনারদকে মহাভারতের অসম্পূর্ণতা জানাইলেন। নারদ ব্যাসকে কৃষ্ণচরিত্র রচনার উপদেশ দিলেন। অতএব মহাভারতে যাহা আছে, এই ভাগবতে বা হরিবংশে বা অন্য প্রাণে তাহা নাই; মহাভারতে, যাহা নাই—পরিত্যক্ত হইয়াছে, তাহাই আছে।

অতএব মহাভারত সন্ধ্পূর্ব্বত্তী। হরিবংশাদি ইহার অভাব প্রণার্থ মাত্র। যাহা সন্ধাগ্রে রচিত হইয়াছিল, তাহাই সন্ধাপেক্ষা মোলিক, ইহাই সন্তব। কথিত আছে যে, মহাভারত, হরিবংশ, এবং অন্টাদশ প্রাণ একই ব্যক্তি রচিত। সকলই মহার্ষ বেদব্যাসপ্রণীত। এ কথা সত্য কি না, তাহার বিচারে এক্ষণে প্রয়েজন নাই। আগে দেখা যাউক, মহাভারতের কোন ঐতিহাসিকতা আছে কি না। যদি তাহা না থাকে, তবে হরিবংশে ও প্রাণে কোন ঐতিহাসিক তত্তের অনুসন্ধান ব্যা।

এক্ষণে যে বিচারে প্রবৃত্ত হইব, তাহাতে দুই দিকে দুই ঘোর বিপদ্। এক দিকে, এ দেশীয় প্রাচীন সংস্কার যে, সংস্কৃতভাষায় যে কিছু রচনা আছে, যে কিছুতে অনুস্বার আছে, সকলই অদ্রান্ত ঋষি-প্রদীত; সকলই প্রতিবাদ বা সন্দেহের অতীত যে সতা, তাহাই আমাদিগের কাছে আনিয়া উপস্থিত করে। বেদবিভাগ, লক্ষপ্রোকাত্মক মহাভারত, হরিবংশ, অন্টাদশ প্রাণ, সকল একজনে করিয়াছেন; সকলই কলিষ্টোর আরম্ভে হইয়াছে; সেও পাঁচ হাজার বংসর হইল; আর এই সকল বেদব্যাস যেমন করিয়াছিলেন, ঠিক তেমনই আছে। অনেক লোকে, এ সংস্কারের প্রতিবাদ শ্বনা দুরে যাউক, যে প্রতিবাদ করিবে, তাহাকে মহাপাতকী নারকী এবং দেশের সম্বর্নাশে প্রস্তুত মনে করেন।

এই এক দিকের বিপদ্। আর দিকে গ্রুব্তর বিপদ্, বিলাতী পাশ্ডিতা। ইউরোপ ও আমেরিকার কতকগ্নি পশ্ডিত সংস্কৃত শিক্ষা করিয়াছেন। তাঁহারা প্রাচীন সংস্কৃত গ্রুপ হইতে ঐতিহাসিক তত্ত্ব উদ্ভূত করিতে নিযুক্ত, কিন্তু তাহাদের এ কথা অসহ্য যে, পরাধীন দুৰ্বেল হিন্দুজাতি, কোন কালে সভ্য ছিল, এবং সেই সভাতা অতি প্রাচীন। অতএব দুই চারি জন ভিন্ন তাহারা সচরাচর প্রাচীন ভারতবর্ষের দোরিব থব্ব করিতে নিযুক্ত। তাহারা যত্ন-পূৰ্বক ইহাই প্ৰমাণ করিতে চাহেন যে, প্রাচীন ভারতব্যীয় গ্রন্থ সকলে যাহা কিছু আছে— হিন্দুখন্মবিরোধী বৌদ্ধগ্রন্থ ছাড়া—সকলই আধুনিক, আর হিন্দুগ্রন্থে যাহাই আছে, তাহা হয় সম্পূর্ণ মিথ্যা, নয় অন্য দেশ হইতে চুরি করা। কোন মহাত্মা বলেন, রামায়ণ হোমরের কাব্যের অন্করণ; কেহ বা বলেন, ভগবশগীতা বাইবেলের ছায়ামাত্র। হিন্দুর জ্যোতিষ চীন, যবন বা কাল্ডিয় হইতে প্রাপ্ত; হিন্দরে গণিতও পরের কাছে পাওয়া; লিখিত অক্ষরও কোন সীমীয় জাতীয় হইতে প্রাপ্ত। এ সকল কথা প্রতিপন্ন করিবার জন্য তাঁহাদের বিচারপ্রণালীর মলে সত্র এই যে, ভারতবর্ষীর গ্রন্থে ভারতপক্ষে যাহা পাওয়া যায়, তাহা মিথ্যা বা প্রক্ষিপ্ত, যাহা ভারতবর্ষের বিপক্ষে পাওয়া যায়, তাহাই সত্য। পান্ডবদিগের ন্যায় বীরচরিত্র ভারতব্যীয় পরেষের কথা মিথ্যা, পাল্ডব কবিকল্পনা মাত্র, কিন্তু পাল্ডবপত্নী দ্রোপদীর পঞ্চ পতি সত্য, কেন না, তদ্বারা সিদ্ধ হইতেছে যে, প্রাচীন ভারতবাসীয়েরা চুয়াড় জাতি ছিল, তাহাদিগের মধ্যে স্বীলোকদিগের বহুবিবাহ প্রচলিত ছিল। ফর্গর্সন্ সাহেব অট্রালিকার ভন্নাবশেষে কতকগুলা বিবস্তা স্থাম ব্রি দেখিয়া সিদ্ধান্ত করিয়াছেন যে, প্রাচীন ভারতবর্ষে স্থালোকেরা কাপড় পরিত না: এদিকে মথুরা প্রভৃতি স্থানের অপুর্বে ভাস্কর্য্য দেখিয়া বিলাতী পশ্ডিতেরা স্থির করিয়াছেন, এ শিল্প গ্রীক্ মিস্ফীর। বেবর (Weber) সাহেব, কোন মতে হিন্দুদিগের জ্যোতিষশান্তের প্রাচীনতা উড়াইয়া দিতে না পারিয়া স্থির করিলেন, হিন্দুরা চান্দ্র নক্ষরমন্ডল বাবিলনীয়দিগের নিকট হইতে পাইয়াছে। বাবিলনীয়দিগের যে চান্দ্র নক্ষ্যমণ্ডল আদৌ কখনও ছিল না. তাহা চাপিয়া গেলেন। প্রমাণের অভাবেও Whitney সাহেব বলিলেন, তাহা হইতে পারে, কেন না, হিন্দুদের মান্সিক স্বভাব তেমন তেজস্বী নয় যে, তাহার নিজব,দ্ধিতে এত করে।

এই সকল মহাপ্র্র্যগণের মতের সমালোচনার আমার কোন প্রয়োজন ছিল না। কেন না, আমি স্বদেশীর পাঠকের জন্য লিখি, হিন্দুছেষীদিগের জন্য লিখি না। তবে দ্বংখের বিষয় এই যে. আমার স্বদেশীর শিক্ষিতসম্প্রদায়মধ্যে অনেকে তাঁহাদের মতের অন্বন্তী। অনেকেই নিজে কিছু বিচার আচার না করিয়াই, কেবল ইউরোপীয় পশ্ডিতদিগের মত বলিয়াই, সেই সকল মতের অন্বন্তী। আমার দ্বাকাজ্কা যে, শিক্ষিত সম্প্রদায়ের মধ্যেও কেহ কেহ এই গ্রন্থ পাঠ করেন। তাই, আমি ইউরোপীয় মতেরও প্রতিবাদে প্রবৃত্ত। যাঁহাদের কাছে বিলাতী সবাই ভাল, যাঁহারা ইস্তক বিলাতী পশ্ডিত, লাগায়েং বিলাতী কুকুর, সকলেরই সেবা করেন, দেশী গ্রন্থ পড়া দ্বের থাক, দেশী ভিখারীকেও ভিক্ষা দেন না, তাঁহাদের আমি কিছু করিতে পারিব না। কিন্তু শিক্ষিত সম্প্রদায়ের মধ্যে অনেকেই সত্যপ্রিয় এবং দেশবংসল। তাঁহাদের জন্য লিখিব।

তৃতীয় পরিচ্ছেদ—মহাভারতের ঐতিহাসিকতা

বলিয়াছি যে, কৃষ্ণচরিত্র যে সকল গ্রন্থে পাওয়া যায়, মহাভারত তাহার মধ্যে সর্ব্বপর্বেবন্তী। কিন্তু মহাভারতের উপর কি নির্ভর করা যায়? মহাভারতের ঐতিহাসিকতা কিছু আছে কি? মহাভারতেকে ইতিহাস বলে, কিন্তু ইতিহাস বলিলে কি History ই ব্ঝাইল? ইতিহাস কাহাকে বলে? এখনকার দিনে শ্গাল কৃষ্ণব্রের গলপ লিখিয়াও লোকে তাহাকে "ইতিহাস" নাম দিয়া থাকে। কিন্তু বস্তুতঃ যাহাতে প্রোব্ত, অর্থাৎ প্রেব্ যাহা ঘটিয়াছে, তাহার আবৃত্তি আছে, তাহা ভিন্ন আর কিছুকেই ইতিহাস বলা যাইতে পারে না—

"ধন্মার্থকামমোক্ষাণাম্পদেশসমন্বিতম্। প্রেবিত্তকথাযুক্তমিতিহাসং প্রচক্ষতে॥"

এখন, ভারতবর্ষের প্রাচীন গ্রন্থ সকলের মধ্যে কেবল মহাভারতই অথবা কেবল মহাভারত ও রামারণ ইতিহাস নাম প্রাপ্ত হইয়াছে। বেখানে মহাভারত ইতিহাস পদে বাচ্য, যখন অস্ততঃ রামায়ণ ভিন্ন আর কোন গ্রন্থই এই নাম প্রাপ্ত হয় নাই, তথন বিবেচনা করিতে হইবে যে, ইহার বিশেষ ঐতিহাসিকতা আছে বিলয়াই এর প হইয়াছে।

সত্য বঁটে যে, মহাভারতে এমন বিশুর কথা আছে যে, তাহা স্পষ্ঠতঃ অলীক, অসম্ভব, অনৈতিহাসিক। সেই সকল কথাগনলৈ অলীক ও অনৈতিহাসিক বলিয়া পরিত্যাগ করিতে পারি। কিন্তু যে অংশে এমন কিছুই নাই যে, তাহা হইতে ঐ অংশ অলীক বা অনৈতিহাসিক বিবেচনা করা যায়, সে অংশগনলৈ আনৈতিহাসিক বলিয়া কেন পরিত্যাগ করিব? সকল জাতির মধ্যে, প্রাচীন ইতিহাসে এইর্প ঐতিহাসিকে ও অনৈতিহাসিকে, সত্যে ও মিথ্যায়. মিশিয়া গিয়াছে। রোমক ইতিহাসবেত্তা লিবি প্রভৃতি, যবন ইতিহাসবেত্তা হেরোডোটস্ প্রভৃতি, ম্নুলমান ইতিহাসবেত্তা ফেরেশ্তা প্রভৃতি এইর্প ঐতিহাসিক বৃত্তান্তের সঙ্গে আনৈসিগিক এবং অনৈতিহাসিক বৃত্তান্ত মিশাইয়াছেন। তাহাদিগের গ্রন্থ সকল ইতিহাস বলিয়া গৃহীত হইয়া থাকে—মহাভারতই অনৈতিহাসিক বলিয়া একেবারে পরিতাক্ত হইবে কেন?

আমি জানি ষে, আধ্বনিক ইউরোপীয়েরা এই সকল ইতিহাসবেত্তাদিগকে (Livy, Herodotus প্রভৃতিকে) আদর করেন না। কিন্তু তাঁহারা এমন বলেন না যে, ই'হাদের গ্রন্থ অনৈসাগিক ব্যাপারে পরিপ্র্ণ, এই জন্যই ই'হারা পরিত্যাজ্য। তাঁহারা বলেন যে, ই'হারা ষে সকল সময়ের ইতিহাস লিখিয়াছেন, সে সকল সময়ে ই'হারা নিজেও বর্ত্তমান ছিলেন না. কোন সমসামরিক লেখকেরও সাহাষ্য পান নাই; অতএব তাঁহাদের গ্রন্থের উপর. প্রকৃত ইতিহাস বলিয়া নির্ভার করা যায় না। এ কথা যথার্থ, কিন্তু লিবি বা হেরোডোটাস অপেক্ষা মহাভারতের সমসামরিকতা সন্বন্ধে দাবি দাওয়া কিছু বেশী, তাহা এই গ্রন্থে সময়ান্তরে প্রমাণীকৃত হইবে। এই পর্যান্ত এখন বলিতে ইচ্ছা করি যে, আর্থ্বনিক ইউরোপীয় সমালোচকেরা যাহাই বল্বন, প্রাচীন রোমক বা গ্রীক্ লিপি বা হেরোডোটসের গ্রন্থকে কখন অনৈতিহাসিক বলিতেন না। পক্ষান্তরে এমন দিনও উপস্থিত হইতে পারে যে Giffon বা Froude অসমসামায়িক বলিয়া পরিত্যক্ত হইবেন। আর আর্থ্বনিক সমালোচকের দল যাই বল্বন, লিবি বা হেরোডোটস্কে একেবারে পরিত্যাগ করিয়া রোম বা গ্রীসের কোন ইতিহাস আজিও লিখিত হয় না।

পাঠক মনে রাখিবেন যে, অনৈসাগিকতার বাহুলাঘটিত যে দোষ, তাহারই বিচার হইতেছে। এ বিষয়ে ইউরোপীয়দিগের পদচিন্দান্সরণই যদি বিদ্যাবাদ্ধির পরাকাণ্ঠার পরিচয় হয়, তবে আমরা এখানে সে গোরবে বিশুত নহি। তাঁহারা স্থির করিয়াছেন যে, ভারতবর্ষের প্র্বেতন অবস্থা জানিবার জন্য দেশীয় গ্রন্থ সকল হইতে কোন সাহায়া পাওয়া বায় না, কেন না, সে সকল অতিশয় অবিশ্বাসযোগ্য, কিন্তু গ্রীক্ লেখক Megasthenes এবং Ktesias এ বিষয়ে অতিশয় বিশ্বাসযোগ্য,—সে জন্য ই'হারাই সে বিষয় ইউরোপীয় লেখকদিগের অবলম্বন। কিন্তু এই লেখকদিগের ক্ষাদ্র গ্রন্থগন্লিতে যে রাশি রাশি অভুত, অলীক, অনৈসাগিক উপন্যাস পাওয়া যায়, তাহা মহাভারতের লক্ষ্ণ ক্লোকের ভিতরও পাওয়া যায় না। এ গ্রন্থগন্লি বিশ্বাসযোগ্য ইতিহাস, আর মহাভারত অবিশ্বাসযোগ্য কাব্য!! কি অপরাধে?

এখন ইহাও স্বীকার করা যাউক যে, ঐ সকল ভিন্নদেশীয় ইতিহাসগ্রশ্বের অপেক্ষা মহাভারতে অনৈসা্গাকি ঘটনার বাহ্লা অধিক। তাহাতেও, যেট্কুকু নৈস্গাণিক ও সম্ভব ব্যাপারের ইতিব্তু সেট্কুকু গ্রহণ করিবার কোন আপত্তি দেখা যায় না। মহাভারতে যে অন্য দেশের প্রাচীন ইতিহাসের অপেক্ষা কিছু বেশী কাল্পনিক ব্যাপারের বাহ্লা আছে, তাহার বিশেষ কারণও আছে। ইতিহাসগ্রশ্বে দুই কারণে অনৈস্গাণিক বা মিথাা ঘটনা সকল স্থান পায়। প্রথম, লেখক জনপ্রতির উপর নির্ভার করিয়া, সেই সকলকে সত্য বিবেচনা করিয়া তাহা গ্রন্থভুক্ত করেন। দ্বিতীয়, তাহার গ্রন্থ প্রচারের পর, পরবতী লেখকেরা আপনাদিগের রচনা প্রেবতী লেখকের রচনামধ্যে প্রক্ষিপ্ত করে। প্রথম কারণে সকল দেশের প্রাচীন ইতিহাস কাল্পনিক ব্যাপারের সংস্পর্শে দুষিত হইয়াছে—মহাভারতেও সেইর্প ঘটিয়া থাকিবে।

কিন্তু দ্বিতীয় কারণটি অন্য দেশের ইতিহাসগ্রন্থে সের্প প্রবলতা প্রাপ্ত হয় নাই— মহাভারতকেই বিশেষ প্রকারে অধিকার করিয়াছে। তাহার তিনটি কারণ আছে।

প্রথম কারণ এই যে, অন্যান্য দেশে বখন ঐ সকল প্রাচীন ঐতিহাসিক গ্রন্থ প্রণীত হর, তখন প্রায়ই সে সকল দেশে গ্রন্থ সকল লিখিত করিবার প্রথা চলিয়াছে। গ্রন্থ লিখিত হইলে, তাহাতে প্রবত্তী লেখকেরা স্বীয় রচনা প্রক্রিপ্ত করিবার বড় স্ক্রিধা পান না—লিখিত গ্রন্থ

र्वाष्क्रम त्रहनावली

প্রক্ষিপ্ত রচনা শীঘ্র ধরা পড়ে। কেন না, প্রাচীন একখানা কাপির দ্বারা অন্য কাপির শাদ্ধাশন্দ্রি নিশ্চিত করা যায়। প্রাচীন ভারতবর্ষে গ্রন্থ সকল প্রণীত হইয়া মাথে মাথে প্রচারিত হইত, লিপিবিদ্যা প্রচলিত হইলে পরেও গ্রন্থ সকল পর্বেপ্রথান্মারে গ্রন্থ-শিষ্য-পরম্পরা মাথে মাথেই প্রচারিত হইত। তাহাতে প্রক্ষিপ্ত রচনা প্রবেশ করিবার বিশেষ স্কার্থা ঘটিয়াছিল।

দ্বিতীয় কারণ এই যে, রোম, গ্রীস বা অন্য কোন দেশে কোন ইতিহাসগ্রন্থ মহাভারতের ন্যায় জনসমাজে আদর বা গৌরব প্রাপ্ত হয় নাই। স্কৃতরাং ভারতব্যশীয় লেখকদিগের পক্ষে মহাভারতে স্বীয় রচনা প্রক্রিপ্ত করিবার যে লোভ ছিল, অন্য কোন দেশীয় লেখকদিগের সের্প

তৃতীয় কারণ এই যে, অন্য দেশের লেখকেরা আপনার যশ বা তাদৃশ অন্য কোন কামনার বশীভূত হইয়া গ্রন্থ প্রণয়ন করিতেন। কাজেই আপনার নামে আপনার রচনা প্রচার করাই তাঁহাদিগের উল্পেশ্য ছিল, পরের রচনার মধ্যে আপনার রচনা ভুবাইয়া দিয়া আপনার নাম লোপ করিবার অভিপ্রায় তাঁহাদের কখনও ঘটিত না। কিন্তু ভারতবর্ষের ব্লাহ্মণেরা নিঃস্বার্থ ও নিম্কাম হইয়া রচনা করিতেন। লোকহিত ভিন্ন আপনাদিগের যশ তাঁহাদিগের অভিপ্রেত ছিল না। অনেক গ্রন্থে তৎপ্রণেতার নামমাত্র নাই। অনেক গ্রেন্থ এমন আছে যে, কে তাহার প্রণেতা, তাহা আজি পর্যান্ত কেহ জানে না। ঈদৃশ নিম্কাম লেখক, যাহাতে মহাভারতের নায় লোকায়ত গ্রন্থের সাহায্যে তাঁহার রচনা লোকমধ্যে বিশেষ প্রকারে প্রচারিত হইয়া লোকহিত সাধন করে, সেই চেন্টায় আপনার রচনা সকল তাদৃশ গ্রন্থে প্রক্ষিপ্ত করিতেন।

এই সকল কারণে মহাভারতে কাল্পনিক ব্তান্তের বিশেষ বাহ্লা ঘটিয়াছে। কিন্তু কাল্পনিক ব্তান্তের বাহ্লা আছে বলিয়া এই প্রসিদ্ধ ইতিহাসগ্রন্থে যে কিছুই ঐতিহাসিক কথা নাই ইহা বলা নিতান্ত অসঙ্গত।

চতুর্থ পরিচ্ছেদ—মহাভারতের ঐতিহাসিকতা

ইউরোপীয়দিগের মত

অসঙ্গতই হউক আর সঙ্গতই হউক, মহাভারতের ঐতিহাসিকতা অস্বীকার করেন, এমন অনেক আছেন। বলা বাহ্না যে, ই'হারা ইউরোপীয় পশ্ডিত, অথবা তাঁহাদিগের শিষ্য। তাঁহাদিগের মতের সংক্ষেপতঃ উল্লেখ করিব।

বিলাতী বিদ্যার একটা লক্ষণ এই যে, তাঁহারা স্বদেশে যাহা দেখেন, মনে করেন বিদেশে ঠিক তাই আছে। তাঁহারা Moor ভিন্ন অগোরবর্ণ কোন জাতি জানিতেন না, এজন্য এদেশে আসিয়া হিন্দর্বদিগকে "Moor" বলিতে লাগিলেন। সেইর্প স্বদেশে Epic কাব্য ভিন্ন পদ্যে রচিত আখ্যানগ্রন্থ দেখেন নাই, স্কৃতরাং ইউরোপীয় পশ্ডিতেরা মহাভারত ও রামায়ণের সন্ধান পাইয়াই ঐ দুই গ্রন্থ Epic কাব্য বলিয়া সিদ্ধান্ত করিলেন। যদি কাব্য, তবে আর উহার ঐতিহাসিকতা কিছু রহিল না, সব এক কথায় ভাসিয়া গেল।

ইউরোপীয় পশ্চিতেরা এ বোল কিয়ৎ পরিমাণে ছাড়িয়াছেন, কিন্তু তাঁহাদের দেশী শিষ্যেরা ছাডেন নাই।

কেন, মহাভারতকে সাহেবরা কাবাগ্রন্থ বলেন, তাহা তাহারা ঠিক ব্ঝান নাই। উহা পদ্যে রচিত বালিয়া এর্প বলা হয়, এমত হইতে পারে না. কেন না, সন্বাপ্রকার সংস্কৃত গ্রন্থই পদ্যে রচিত ;—বিজ্ঞান, দর্শন, অভিধান, জ্যোতিষ, চিকিৎসা শাস্ত্র, সকলই পদ্যে প্রণীত হইয়াছে। তবে এমন হইতে পারে, মহাভারতে কাব্যাংশ বড় স্বন্দর;—ইউরোপীয়েরা যে প্রকার সৌন্দর্য্য চিpic কাব্যের লক্ষণ বালিয়া নিন্দেশ করেন, সেই জাতীয় সৌন্দর্য্য উহাতে বহুল পরিমাণে আছে বালিয়া, ইহাকে Edic বলেন। কিন্তু বিবেচনা করিয়া দেখিলে ঐ জাতীয় সৌন্দর্য্য অনেক ইউরোপীয় মোলিক ইতিহাসেও আছে। ইংরেজের মধ্যে মেকলে, কার্লাইলা ও ফ্রন্দের গ্রন্থে, ফরাসীদিগের মধ্যে লামাতীন্ ও মিশালার গ্রন্থে, গ্রীকদিগের মধ্যে থ্রিকদিদিসের গ্রন্থে, এবং অন্যান্য ইতিহাস্প্রেথ আছে। মানব-চরিত্রই কাব্যের শ্রেণ্ঠ উপাদান; ইতিহাসবেন্তাও মন্ব্যচরিত্রের বর্ণন করেন; ভাল করিয়া তিনি বদি আপনার কার্য্য সাধন করিতে পারেন, তবে

কাজেই তাঁহার ইতিহাসে কাব্যের সৌন্দর্য্য আসিয়া উপস্থিত হইবে। সৌন্দর্য্যহেতু ঐ সকল গ্রন্থ অনৈতিহাসিক বালিয়া পরিতাক্ত হয় নাই—মহাভারতও হইতে পারে না। মহাভারতে যে সে সৌন্দর্য্য অধিক পরিমাণে ঘটিয়াছে, তাহার বিশেষ কারণও আছে।

মুখের মতের বিশেষ আন্দোলনের প্রয়োজন নাই। কিন্তু পশ্ডিতে যদি মুখের মত কথা কয়, তাহা হইলে কি কন্তব্য? বিখ্যাত Weber সাহেব পণ্ডিত বটে, কিন্তু আমার বিবেচনায় তিনি যে ক্ষণে সংস্কৃত শিখিতে আরম্ভ করিয়াছিলেন, ভারতবর্ষের পক্ষে সে অতি অশ্ভক্ষণ। ভারতবর্ষের প্রাচীন গোরব সেদিনকার জম্মনির অরণ্যানবাসী বর্বরাদগের বংশধরের পক্ষে অসহ্য। অতএব প্রাচীন ভারতবর্ষের সভ্যতা অতি আধুনিক, ইহা প্রমাণ করিতে তিনি সর্ব্বদা যক্ষণীল। তাঁহার বিবেচনায় যিশাখ্রীষ্টের জন্মের পার্বের্ব যে মহাভারত ছিল, এমন বিবেচনা করিবার মুখ্য প্রমাণ কিছু নাই। এতটুকু প্রাচীনতার কথা স্বীকার করিবারও একমাত্র কারণ এই যে Chrysostom নামা একজন ইউরোপীয় ভারতবর্ষে আসিয়া দাঁড়ী-মাঝির মুখে মহাভারতের কথা শর্নিয়া গিয়াছিলেন। পাণিনির সূত্রে মহাভারত শব্দও আছে, যুরিণিন্ঠরাদিরও নাম আছে। কিন্তু তাহাতে তাঁহার বিশ্বাস হয় না, কেন না, পাণিনিও তাঁহার মতে "কালকের ছেলে"। তবে একজন ইউরোপীয়ের পবিত্র কর্ণরশ্বে প্রবিষ্ট নাবিকবাক্যের কোন প্রকার অবহেলা করিতে তিনি সক্ষম নহেন। অতএব মহাভারত যে খ্রীফীয় প্রথম শতাব্দীতে ছিল. ইহা তিনি কারক্রেশে স্বীকার করিয়াছেন। কিন্তু আর একজন ইউরোপীয় লেখক (Megasthenes) বিনি খ্রীষ্ট-পূর্ব্ব তৃতীয় বা চতুর্থ শতাব্দীর লোক, এবং ভারতবর্ষে আসিয়া চন্দ্রগাপ্তের রাজধানীতে বাস করিয়াছিলেন, তিনি তাঁহার গ্রন্থে মহাভারতের কথা লেখেন নাই। কাজেই বেবর সাহেবের বিবেচনায় তাঁহার সময় মহাভারত ছিল না।* এখানে জম্মান পশ্ডিতটি জানিয়া শ্বনিয়া ইচ্ছাপ্ত্র্ব্বক জ্বয়াচুরি করিয়াছেন। কেন না, তিনি বেশ জানেন যে. মিগাস্থেনিসের ভারতসম্বন্ধীয় গ্রন্থ বিদ্যমান নাই, কেবল গ্রন্থকার তাহা হইতে যে সকল অংশ তাঁহাদিগের নিজ নিজ প্রস্তুকে উদ্ধৃত করিয়াছিলেন, তাহাই সঞ্চলনপ্র্বেক ডাক্তার শ্বাৰ্বেক (Dr. Schwanbeck) নামক একজন আধুনিক পশ্চিত একখানি গ্ৰন্থ প্ৰস্তুত করিয়াছেন: তাহাই এখন মিগান্থেনিস্কৃত ভারতবৃত্তান্ত বলিয়া প্রচলিত। তাঁহার গ্রন্থের অধিকাংশ বিলম্প্র; স্বতরাং তিনি মহাভারতের কথা বলিয়াছিলেন কি না বলা যায় না। ইহা জানিয়া শ্রনিয়াও কেবল ভারতবর্ষের প্রতি বিদ্বেষব্যদ্ধিবশতঃ বেবর সাহেব এর্প কথা লিখিয়াছেন। তাঁহার প্রণীত ভারত-সাহিত্যের ইতিবৃত্ত-বিষয়ক গ্রন্থে আদ্যোপাস্ত ভারতবর্ষের গৌরব লাঘবের চেণ্টা ভিন্ন, অন্য কোন উদ্দেশ্য দেখা যায় না। ইহার পর বলা বাহল্যে যে. মিগান্তেনিস্ মহাভারতের নাম করেন নাই, ইহা হইতেই এমন ব্ঝায় না যে, তাঁহার সময়ে মহাভারত ছিল না। অনেক হিন্দ্র জন্মনি বেড়াইয়া আসিয়াছেন, গ্রন্থও লিখিয়াছেন, তাঁহাদের কাহারও গ্রন্থে ত বেবর সাহেবের নাম দেখিলাম না। সিদ্ধান্ত করিতে হইবে কি যে, বেবর সাহেব কখনও ছিলেন না?

অন্যান্য পশ্ভিতেরা, বেবর সাহেবের মত, সব উঠাইয়া দিতে চাহেন না। তাঁহারা যে আপত্তি করেন, তাহা দুই প্রকার;—

- (১) মহাভারত প্রাচীন গ্রন্থ বটে, কিন্তু খ্রীঃ প্রঃ চতুর্থ কি পণ্ডম শতাব্দীতে প্রণীত হইয়াছিল, তাহার প্রবেশ এরপে গ্রন্থ ছিল না।
- (২) আদিম মহাভারতে পাণ্ডবদিগের কোন কথা ছিল না। পাণ্ডব ও কৃষ্ণ প্রভৃতি কবিকল্পনা মাত্র।

দেশী মত আবার বিপরীত সীমান্তে গিয়াছে। দেশীয়েরা বলেন, কলির আরছের ঠিক

* Since Megasthenes says nothing of this epic, it is not an improbable hypothesis that its origin is to be placed in the interval between his time and that of Chrysostom; for what ignorant sailors took note of would hardly have escaped his observation.

History of Sanskrit Literature, English Translation, p. 186. Trubner & Co., 1882.

প্রেব কুর্ক্ষেত্রের যুদ্ধ হইরাছিল। সে সময় বেদব্যাস বর্ত্তমান ছিলেন। কলির প্রবৃত্তিমাত্রে পাশ্ডবেরা স্বর্গারোহণ করেন। অতএব কলির আরম্ভেই অর্থাৎ অদ্য হইতে ৪,৯৯২ বংসর

প্রের্বে, মহাভারত প্রণীত হইয়াছিল।

দ্বিট মতই ঘোরতের শ্রমপরিপ্র্ণ। দ্বই দলের মতেরই খণ্ডন আবশ্যক। তল্জন্য প্রথম প্রয়োজনীয় তত্ত্ব এই যে, কুর্ক্লেতের যুদ্ধ কবে হইয়াছিল, ইহার নির্ণয়। তাহা নির্ণীত হইলেই কতক ব্রিতে পারিব, মহাভারত কবে প্রণীত হইয়াছিল, এবং পাণ্ডবাদি কবিকল্পনা মাত্র কি না? তাহা হইলেই জানিতে পারিব, মহাভারতের উপর নির্ভর করা যায় কি না?

পঞ্ম পরিচ্ছেদ—কুরুক্ষেত্রের যুদ্ধ কবে হইয়াছিল

প্রথমে, দেশী মতেরই সমালোচনা আবশ্যক। ৪,৯৯২ বংসর প্রেব যে কুরুক্ষেত্রের যদ্দ হইয়াছিল, এ কথাটা সত্য নহে; ইহা আমি দেশী গ্রন্থ অবলম্বন করিয়াই প্রমাণ করিব। রাজতর্রাঙ্গশীকার বলেন, কলির ৬৫৩ বংসর গতে গোনন্দ কাশ্মীরে রাজা হইয়াছিলেন। আরও বলেন, গোনন্দ যাধিষ্ঠিরের সমকালবন্তী রাজা। তিনি ৩৫ বংসর রাজত্ব করেন। অতএব প্রায় সাত শত বংসর আরও বাদ দিতে হয়। তাহা হইলে ২৪০০ খ্রীষ্ট-প্রেবান্দ পাওয়া যায়।

কিন্তু বিষ্ক্ৰপ্ৰরাণে আছে—

সপ্তৰীপাণ্ড যৌ প্ৰেবী দৃশ্যেতে উদিতো দিবি।
তয়েস্তু মধ্যনক্ষরং দৃশ্যতে যৎ সমং নিশি॥
তেন সপ্তর্বায়ো যুক্তান্তিষ্ঠন্তান্দশতং নৃণাম।
তে তু পারিক্ষিতে কালে মঘাস্বাসন্ দিজোন্তম॥
তদা প্রবক্তন্ত কলিবাদশান্দশতান্ত্রকঃ ।—৪ অংশঃ, ২৪ অ. ৩৩-৩৪

অর্থ। সপ্তর্মিশভলের মধ্যে যে দুইটি তারা আকাশে প্রেণিদিকে উদিত দেখা যায়, ইংহাদের সমস্ত্রে যে মঘানক্ষত্র দেখা যায়, সেই নক্ষত্রে সপ্তর্মি শত বংসর অবস্থান করেন।* সপ্তর্মি পরীক্ষিতের সময়ে মঘা নক্ষত্রে ছিলেন, তখন কলির দ্বাদশ শত বংসর প্রবৃত্ত হইয়াছিল।

অতএব এই কথা মতে কলির দ্বাদুশ শত বর্ষের পর পরীক্ষিতের সময়; তাহা হইলে উপরি

উদ্বৃত ৩৪ শ্লোক অনুসারে ১৯০০ খ্রীষ্ট-পূর্ব্বান্দে কুর্ক্লেত্রের যুদ্ধ হইয়াছিল।

কিন্তু ৩৩ শ্লোকে যাহা পাওয়া যায়, তাহার সঙ্গে এ গণনা মিলে না। ঐ ৩৩ শ্লোকের তাংপর্যা অতি দুর্গম—সবিস্তারে বুঝাইতে হইল। সপ্তর্থিমণ্ডল কতকগৃনলি শ্থিরনক্ষর, উহার বিলাতী নাম Great Bear বা Ursa Major. মঘা নক্ষরও কতকগৃনলি শ্থিরতারা। সকলেই জানেন, শ্থিরতারার গতি নাই। তবে বিষ্ক্রের একট্ব সামান্য গতি আছে—ইংরেজ জ্যোতিবর্ধিদেরা তাহাকে বলেন ''Precession of the Equinoxes''. এই গতি হিন্দুমতে প্রতি বংসর ৫৪ বিকলা। এক এক নক্ষরে ১৩
ত্বিত অংশ। এ হিসাবে কোন শ্থিরতারার এক নক্ষর-পরিভ্রমণ করিতে সহস্র বংসর লাগে—শত বংসর নয়। তাহা ছাড়া, সপ্তর্থিমণ্ডল কখনও মঘা নক্ষরে থাকিতে পারে না। কারণ মঘা নক্ষর সিংহরাশিতে। দ্বাদশ রাশি রাশিচকের ভিতর। সপ্তর্থিমণ্ডল রাশিচকের বাহিরে। যেমন ইংলন্ড ভারতবর্ষে কখনও থাকিতে পারে না, তেমনি সপ্তর্থিমণ্ডল মঘা নক্ষরে থাকিতে পারে না।

পাঠক জিজ্ঞাসা করিতে পারেন, তবে প্রাণকার শ্বাষ কি গাঁজা খাইয়া এই সকল কথা লিখিয়াছিলেন? এমন কথা আমরা বলিতেছি না, আমরা কেবল ইহাই বলিতেছি যে, এই প্রাচীন উক্তির তাৎপর্য্য আমাদের বোধগম্য নহে। কি ভাবিয়া প্রাণকার লিখিয়াছিলেন, তাহা আমরা ব্রন্থিতে পারি না। পাশ্চান্ত্য পশ্ভিত বেণ্ট্লি সাহেব তাহা এইরপে ব্রন্ধায়েছেন :—

"The notion originated in a contrivance of the astronomers to show the quantity of the precession of the equinoxes: This was by assuming an imaginary line, or great circle, passing through the poles of the ecliptic

^{*} নক্ষ্য এখানে অশ্বিন্যাদি।

and the beginning of the fixed Magha, which circle was supposed to cut some of the stars in the Great Bear.*** The seven stars in the Great Bear being called the Rishis, the circle so assumed was called the line of the Rishis; and being invariably fixed to the beginning of the lunar asterism Magha, the precession would be noted by stating the degree &c. of any moveable lunar mansion cut by that fixed line or circle as an index."

Historical View of the Hindu Astronomy, p. 65.

এইর্প গণনা করিয়া বেণ্ট্লি যুখিষ্ঠিরকে ৫৭৫ খ্রীষ্ট-প্র্বেশ্যে আনিয়া ফেলিয়াছেন। অর্থাৎ তাঁহার মতে যুখিষ্ঠির শাক্যাসংহের অলপ প্র্বেবন্তী। আমেরিকার পণ্ডিত Whitney সাহেব বলেন, হিন্দুন্দিগের জ্যোতিষিক গণনা এত অশুদ্ধ যে, তাহা হইতে কোন কালাবধারণচেণ্টা ব্থা। কিন্তু যে কোন প্রকারে হউক, কুর্ক্লেরের যুদ্ধের কালাবধারণ হইতে পারে, দেখাইতেছি।

প্রথমতঃ প্রাণকার ঋষির অভিপ্রায় অন্সারেই গণনা করা যাউক। তিনি বলেন যে, যুরিষ্ঠিরের সময়ে সপ্তর্ষি মঘায় ছিলেন, নন্দ মহাপন্মের সময় পূর্ব্বাষাঢ়ায়।

> প্রযাস্যান্তি যদা চৈতে প্রেবাষাঢ়াং মহর্ষয়ঃ। তদা নন্দাং প্রভৃত্যের কলিব দ্ধিং গমিষ্যাত॥ ৪।২৪।৩৯

তার পরে, শ্রীমন্তাগবতেও ঐ কথা আছে—

যদা মঘাভ্যো যাস্যান্ত প্ৰেমাঢ়াং মহৰ্ষয়ঃ। তদা নন্দাং প্ৰভৃত্যেষ কলিব দ্ধিং গমিষ্যাতি॥ ১২।২।৩২

মঘা হইতে প্ৰেষিটা দশম নক্ষত্ৰ; যথা—মঘা, প্ৰেফেলানী, উত্তরফলানী, হস্তা, চিত্রা, স্বাতী, বিশাখা, অনুরাধা, জ্যোতী, ম্লা, প্ৰেবিষাটা। অতএব যুবিচিঠর হইতে নন্দ ১০×১০০ = সহস্ত বংসর অন্তর।

এখন, আর এক প্রকার গণনা যাহা সকলেই ব্রিঝতে পারে, তাহা দেখা যাউক। বিষদ্ প্রাণের যে শ্লোক উদ্ধৃত করিয়াছি, তাহার প্র্বেশ্লোক এইঃ—

যাবং পরিক্ষিতো জন্ম যাবন্নন্দাভিষেচনম্। এতদ্বর্ষসহস্তু জ্ঞেরং পণ্ডদশোত্তরম্॥ ৪।২৪।৩২

নন্দের প্রো নাম নন্দ মহাপদ্ম। বিষ্কুপ্রাণে ঐ ৪ অংশের ২৪ অধ্যায়েই আছে—

"মহাপদ্মঃ তংপ্রোশ্চ একবর্ষ শতমবনীপতয়ো ভবিষ্যান্ত। নবৈব তান্ নন্দান্ কোটিল্যো
ব্রাহ্মণঃ সম্দ্রারিষ্যাত। তেষামভাবে মোর্য্যাশ্চ প্থিবীং ভোক্ষ্যান্ত। কোটিল্য এব চন্দ্রগ্রেং
রাজ্যেহভিষেক্ষ্যাত।"

ইহার অর্থ—মহাপদ্ম এবং তাঁহার প্রগণ একশতবর্ষ পৃথিবীপতি হইবেন। কোঁটিল্য়* নামে ব্রাহ্মণ নন্দবংশীয়গণকে উন্মূলিত করিবেন। তাঁহাদের অভাবে মোর্য্যগণ পৃথিবী ভোগ করিবেন। কোঁটিল্য চন্দ্রগৃত্ধকে রাজ্যাভিষিক্ত করিবেন।

তবেই যুধিষ্ঠির হইতে চন্দ্রগর্প ১১১৫ বংসর। চন্দ্রগর্প্ত অতি বিখ্যাত সম্লাট্—ইনিই মাকিদনীয় যবন আলেক্জন্দর ও সিলিউকস্ নৈকটরের সমসাময়িক। ইনি বাহ্বলে মাকিদনীয় যবনদিগকে ভারতবর্ষ হইতে দ্রাকৃত করিয়াছিলেন, এবং প্রবলপ্রতাপ সিলিউকস্কে পরাভূত করিয়া তাঁহার কন্যা বিবাহ করিয়াছিলেন। তাঁহার মত দোদ্দন্দ্পতাপ তখন কেইই প্থিবীতেছিলেন না। কথিত আছে তিনি অকুতোভরে আলেক্জন্দরের দিবিরমধ্যে প্রবেশ করিয়াছিলেন। আলেক্জন্দরে ৩২৫ খ্রীঃ প্রশান্দে ভারতবর্ষ আক্রমণ করেন।

চন্দ্রন্প্ত ৩১৫ খ্রীঃ প্র্বান্দে রাজ্যপ্রাপ্ত হয়েন। অতএব ঐ ৩১৫ অণ্কের সহিত উপরি-লিখিত ১১১৫ যোগ করিলেই যুখিণ্ঠিরের সময় পাওয়া যাইবে। ৩১৫+১১১৫=১৪৩০ খ্রীঃ পুঃ তবে মহাভারতের যুদ্ধের সময়।

অন্যান্য পর্রাণেও ঐর্প কথা আছে। তবে মংস্য ও বায়্ প্রাণে ১১১৫ স্থানে ১১৫০ লিখিত আছে। তাহা হ**ইলে ১**৪৬৫ পাওয়া বায়। কুরুক্তেরে যুদ্ধে যে ইহার বড় বেশি প্রের্থ হয় নাই, বরং কিছু পরেই হইরাছিল, তাহার এক অখন্ডনীয় প্রমাণ পাওয়া যায়। সকল প্রমাণ খন্ডন করা যায়—গণিত জ্যোতিষের প্রমাণ খন্ডন করা যায় না—"চন্দাকেণী যত্র সাক্ষিণো।"

সকলেই জানে যে, বংসরের দুইটি দিনে দিবারার সমান হয়। সেই দুইটি দিন একের ছয় মাস পরে আর একটি উপস্থিত হয়। উহাকে বিষুব বলে। আকাশের যে যে স্থানে ঐ দুই দিনে সূর্য্য থাকেন, সেইস্থান দুইটিকৈ ক্রান্তিপাতবিন্দু (Equinoctial point) বলে। উহার প্রত্যেকটির ঠিক ৯০ অংশ (90 degrees) পরে অয়ন পরিবর্ত্তন হয় (Solstice)। ঐ ৯০ অংশে উপস্থিত হইলে সুর্য্য দক্ষিণায়ন হইতে উত্তরায়ণে বা উত্তরায়ণ হইতে দক্ষিণায়নে যান।

মহাভারতে আছে, ভীন্সের ইচ্ছাম্তু। তিনি শরশ্য্যাশায়ী হইলে বলিয়াছিলেন যে, আমি দক্ষিণায়নে মরিব না, (তাহা হইলে সন্গতির হানি হয়): অতএব শরশ্য্যায় শ্ইয়া উত্তরায়ণের প্রতীক্ষা করিতে লাগিলেন। মাঘ মাসে উত্তরায়ণ হইলে তিনি প্রাণত্যাগ করিলেন। প্রাণত্যাগের প্রবেধ ভীন্ম বলিতেছেন,—

"মাঘোহরং সমন্প্রাপ্তো মাসঃ সৌম্যো যুর্বিষ্ঠির।"

তবে, তখন মাঘ মাসেই উত্তরায়ণ হইয়াছিল। অনেকে মনে করেন, এখনও মাঘ মাসেই উত্তরায়ণ হয় কেন না. ১লা মাঘকে উত্তরায়ণ দিন এবং তংপ্রেব্দিনকে মকর-সংক্রান্তি বলে। কিন্ত তাহা আর হয় না। যখন অশ্বিনী নক্ষত্রের প্রথম অংশে ক্রান্তিপাত হইয়াছিল, তখন অশ্বিনী প্রথম নক্ষর বলিয়া গণিত হইয়াছিল: তখন আশ্বিন মাসে বংসর আরম্ভ করা হইত, এবং তখনই ১লা মাঘে উত্তরায়ণ হইত। এখনও গণনা সেইরূপ চলিয়া আসিতেছে, এখন ফসলী সন ১লা আশ্বিনে আরম্ভ হয়, কিন্তু এখন আর অশ্বিনী নক্ষিত্রে ক্রান্তিপাত হয় না: এবং এখন ১লা মাঘে প্রবের মত উত্তরায়ণ হয় না। এখন ৭ই পোষ বা ৮ই পোষ (২১শে ডিসেম্বর) উত্তরায়ণ হয়। ইহার কারণ এই যে, ক্রান্তিপাত-বিন্দুর একটা গতি আছে, ঐ গতিতে ক্রান্তিপাত, সূতরাং আয়নপরিবর্ত্তনস্থানও, বংসর বংসর পিছাইয়া যায়। ইহাই প্রেব্কিথিত Precession of the Equinoxes- হিন্দুনাম "অয়নচলন"। কত পিছাইয়া যায়, তাহারও পরিমাণ স্থির আছে। হিন্দুরা বলেন, বংসরে ৫৪ বিকলা, ইহাও প্রের্বে কথিত হইয়াছে। কিন্তু ইহাতে সামান্য ভুল আছে। ১৭২ খ্রীঃ-পূর্বাবেদ হিপার্কস্নামা গ্রীক জ্যোতিবিদ্ ক্রান্তিপাত হইতে ১৭৪ অংশে চিত্রা নক্ষরকে দেখিয়াছিলেন। মাস্কেলাইন ১৮০২ খ্রীঃ অব্দে চিত্রাকে ২০১ অংশে ৪ কলা ৪ বিকলায় দেখিয়াছিলেন। ইহা হইতে হিসাব করিয়া পাওয়া যায়, ফ্রান্তিপাতের বার্ষিক গতি সাড়ে পণ্ডাশ বিকলা। বিখ্যাত ফরাশী জ্যোতিবিদ্ Leverrier এ গতি অন্য কারণ হইতে ৫০-২৪ বিকলা শ্বির করিয়াছেন, এবং সর্বশেষে Stockwell গণিয়া ৫০-৪০৮ বিকলা পাইয়াছেন। এই গণনা প্রথম গণনার সঙ্গে মিলে। অতএব ইহাই গ্রহণ করা যাউক।

ভীন্মের মৃত্যুকালেও মাঘ মাসে উত্তরায়ণ হইয়াছিল, কিন্তু সৌর মাঘের* কোন্ দিনে, তাহা লিখিত নাই। পৌষ মাঘে সচরাচর ২৮ কি ২৯ দিন দেখা যায়। এই দুই মাসে ৫৭ দিনের বেশী প্রায় দেখা যায় না। কিন্তু এমন হইতে পারে না যে, তখন মাঘ মাসের শেষ দিনেই উত্তরায়ণ ইইয়াছিল। কেন না, তাহা ইইলে "মাঘেহয়ং সমন্প্রাপ্তঃ" কথাটি বলা হইত না। ২৮শে মাঘে উত্তরায়ণ ধরিলেও এখন হইতে ৪৮ দিন তফাং। ৪৮ দিনে রবির গাঁত মোটাম্টি ৪৮ অংশ ধরা যাইতে পারে; কিন্তু ইহা ঠিক বলা যায় না, কেন না, রবির শীঘ্রগতি ও মন্দর্গতি আছে। ৭ই পৌষ হইতে ২৯শে মাঘ পর্যাপ্ত রবিস্ফুট বাঙ্গালা পঞ্জিকা ধরিয়া গণিলে ৪৪ অংশ ৪ কলা মাত্র গতি পাওয়া যায়। ঐ ৪৪ অংশ ৪ কলা হইলে ঝীঃ প্রঃ ১২৬০ বংসর পাওয়া যায়। ইহা কোন মতেই হইতে পারে না যে, ইহার প্রেশ্ব কুর্ন্ফেত্রের যুদ্ধ হইয়াছিল। বিষ্কৃপ্রাণ হইতে যে ঝীঃ প্রঃ ১৪০০ পাওয়া গায়াছে, তাহাই ঠিক বোধ হয়। ভরসা করি, এই সকল প্রমাণের পর আর কেহই বলিবেন না যে, মহাভারতের যুদ্ধ দ্বাপরের শেষে, পাঁচ হাজার বংসর প্রেশ্ব হইয়াছিল। তাহা যদি হইত, তবে সৌর ঠৈতে উত্তরায়ণ হইত। চাল্র মায়ও কখনও সৌর ঠৈতে ইইতে পারে না।

^{*} সে কালেও সোর মাসের নামই প্রচালিত ছিল, ইহা আমি প্রমাণ করিতে পারি। ছর ঋতুর কথা মহাভারতেই আছে। বার মাস নহিলে ছর ঋতু হয় না।

ষষ্ঠ পরিছেদ—পাশ্ভর্বদিগের ঐতিহাসিকতা

ইউরোপীয় মত

মহাভারতের যুদ্ধকাল সম্বন্ধে ইউরোপীরদিগের সঙ্গে আমাদিগের কোন মারাত্মক মতভেদ হইতেছে না। কোলব্রক্ সাহেব গণনা করিয়াছেন, খ্রীঃ প্রঃ চতুদ্দশ শতাব্দীতে এই যুদ্ধ হইয়াছিল। উইল্সন সাহেবও সেই মতাবলম্বী। এলফিন্পৌন্ তাহা গ্রহণ করিয়াছেন। উইলফোর্ড সাহেব বলেন, খ্রীঃ প্রঃ ১০৭০ বংসরে ঐ যুদ্ধ হয়। ব্কাননের মত গ্রমোদশ শতাব্দীতে। প্রাট সাহেব গণনা করিয়াছেন, খ্রীঃ প্রঃ ছাদশ শতাব্দীর শেষ ভাগে। প্রতিবাদের কোন প্রয়েজন দেখা যায় না। কিন্তু প্রেব বলিয়াছি যে, ইউরোপীয়দিগের মত এই বে, মহাভারত খ্রীষ্ট-প্র্ব চতুর্থ বা পঞ্চম শতাব্দীতে রচিত ইইয়াছিল। এবং আদিম মহাভারতে পাশ্ডর্মদিগের কোন কথা ছিল না—ও সব পশ্চাদ্ধত্তী কবিদিগের কল্পনা, এবং মহাভারতে প্রক্ষিপ্ত।

বদি এই দ্বিতীয় কথাটা সত্য হয়, তবে মহাভারত কবে প্রণীত হইয়াছিল, সে কথা মীমাংসার কিছ্ম প্রয়োজন থাকে না। তাহা হইলে, যবেই মহাভারত প্রণীত হউক না কেন—কৃষ্ণঘটিত কথা যাহা কিছ্ম এখন মহাভারতে পাওয়া যায়, সবই মিথ্যা। কেন না, কৃষ্ণঘটিত মহাভারতীয় সমস্ত কথাই প্রায় পাশ্ডবদিগের সঙ্গে সম্বন্ধবিশিষ্ট। অতএব আগে দেখা উচিত যে, এই শেষোক্ত আপত্তির কোন প্রকার ন্যায্যতা আছে কি না।

প্রথমতঃই লাসেন্ সাহেবকে ধরিতে হয়—কেন না, তিনি বড় লন্ধপ্রতিষ্ঠ জন্মান পশ্ডিত।
মহাভারত যবেই প্রণীত হউক, তিনি স্বীকার করেন যে, ইহার কিছু ঐতিহাসিকতা আছে।
কিন্তু তিনি ষেট্রুকু স্বীকার করেন সেট্রুকু এই মাত্র যে, মহাভারতে যে যুদ্ধ বর্ণিত আছে, তাহা
কুর্পাণ্ডালের যুদ্ধ—পাশ্ডবগণকে অনৈতিহাসিক কবিকল্পনাপ্রস্তুত বলিয়া উড়াইয়া দেন।
বেবর সাহেবও সে মত গ্রহণ করেন। সর মনিয়র ইউলিয়ম্স্, বাব্র রমেশচন্দ্র দত্ত প্রভৃতি
অনেকেই সেই মতের অবলম্বী। মতটা কি, তাহা সংক্ষেপে ব্রথাইতেছি।

কুর্নামে একজন রাজা ছিলেন। আমরা প্রাণেতিহাসে শ্নি, তদ্বংশীয় রাজগণকে কুর্বা কোরব বলা যায়। তাঁহাদিগের অধিকৃত দেশবাসিগণকেও ঐ নামে অভিহিত করা যাইতে পারে। তাহা হইলে কুর্বাশব্দে কোরবাধিকৃত জনপদবাসীদিগকে ব্ঝাইল। পাণ্ডালেরা দ্বিতীয় জনপদবাসী। এই অথেই পাণ্ডাল শব্দ মহাভারতে ব্যবহৃত হইয়াছে। এই দ্বই জনপদ পরস্পর সিম্নিহিত। উত্তর পশ্চিমে যে সকল জনপদ ছিল, মহাভারতীয় য্বেদ্ধর প্রের্ব এই দ্বই জনপদ তক্মধ্যে সর্বাপেক্ষা প্রাধান্য লাভ করিয়াছিল। বোধ হয়, এককালে এই দ্বই জনপদবাসিগণ মিলিতই ছিল। কেন না, কুর্-পাণ্ডাল পদ বৈদিক গ্রন্থে পাওয়া যায়। পরে তাহাদিগের মধ্যে বিরোধ উপস্থিত হইয়াছিল। বিরোধের পরিণাম মহাভারতের যুদ্ধ। সেই যুদ্ধে কুর্বগণ পাণ্ডালগণ কর্ত্বক পরাজিত হইয়াছিল।

এতদ্রে পর্যান্ত আমরা কোন আপত্তি করি না, এবং এ কথার আমাদের সম্পূর্ণ সহান্ত্র্ভিত আছে। বন্ধুতঃ কুর্গণের প্রকৃত বিপক্ষাণ পাণ্ডালগণই বটে। মহাভারতে কৌরবিদিগের প্রতিব্দ্ধকারী সেনা পাণ্ডাল সেনা, অথবা পাণ্ডাল ও সৃষ্ধারণাদ বিলয়া বিণিত হইয়াছিল। পাণ্ডালরাজপত্র ধৃন্টদানুন্নই সেই সেনার সেনাপতি। পাণ্ডালরাজপত্র শিখণড়ীই কৌরবপ্রধান ভীত্মকে নিপাতিত করেন। পাণ্ডালরাজপত্র ধৃন্টদানুন্ন কৌরবাচার্য্য দ্রোণকে নিপাতিত করেন। যদি এ বৃদ্ধ প্রধানতঃ ধ্তরাভ্রপত্র ও পান্তুপ্রদিগের বৃদ্ধ হইত, তাহা হইলে ইহাকে কুর্পান্ডবের বৃদ্ধ কথনই বিলত না, কেন না, পান্ডবেরাও কুর্; তাহা হইলে ইহাকে ধার্ত্রভ্রিপান্ডবিদিগের বৃদ্ধ বিলত। ভীত্ম, এবং কৌরবাচার্য্য দ্রোণ ও ক্সপের সঙ্গে ধার্ত্তরাভ্রিপান্ডবের বৃদ্ধ হত, তবে তাহারা কখনই দ্বের্ধাধনপক্ষ অবলন্ধন করিয়া পান্ডবিদিগের আনিন্ট্রাধনে প্রবৃত্ত হত, তবে তাহারা কখনই দ্বের্ধাধনপক্ষ অবলন্ধন করিয়া পান্ডবিদিগের বিরোধ পান্ডবন্ধা ও ন্যারপর। কুর্পাণ্ডালের বিরোধ পান্ডবন্ধ

ব ২—২৭

স্ঞায়েরা পাঞ্চালভুক্ত—তাহাদিগের জ্ঞাতি।

बिष्कम ब्रह्मावनी

বক্ষপ্রাপ্ত হইবার প্রের হইতেই প্রচলিত ছিল, ইহা মহাভারতেই আছে। মহাভারতেই আছে যে, পাশুতব ও ধার্ত্তরাশ্বলৈ প্রভৃতি সকল কৌরব মিলিত এবং দ্রোণাচার্য্য কর্তৃক অভিরক্ষিত হইয়া পাণ্ডালরাজ্য আক্রমণ করেন। এবং পাণ্ডালরাজাকে পরাজিত করিয়া তাঁহার অতিশয় লাঞ্ছনা করেন।

অতএব এই যুদ্ধ যে প্রধানতঃ কুরুপাঞ্চালের যুদ্ধ, স্বীকার করি। স্বীকার করিয়া. ইউরোপীয় পশ্ভিতগণ, যে সিদ্ধান্তে উপস্থিত হইয়াছেন, আমি তাহা গ্রহণ করিতে পারি না। তাঁহারা বলেন যে, যুদ্ধটা কুরুপাণ্ডালের, পান্ডবেরা কেহ নহেন, পান্ড বা পান্ডব কেহ ছিলেন না। এ সিদ্ধান্তের অন্য হেতৃও তাঁহারা নিদেশ করেন। সে সকল হেতৃর সমালোচনা আমি পশ্চাৎ করিব। এখন ইহা ব্রুঝাইতে চাই যে, কুর্পাঞ্চালের যুদ্ধ বলিয়া যে পাশ্ডবদিগের অন্তিম্ব অস্বীকার করিতে হইবে, ইহা সঙ্গত নহে। পাণ্ডবের শ্বদার পাণ্ডালাধিপতি ধার্ত্তরান্দ্র-দিগের উপর আক্রমণ করিলে, পাশ্ডবেরা তাঁহার সহায় হইয়া, তাঁহার পক্ষে যুদ্ধ করিয়াছিলেন, ইহাই সম্ভব। পাণ্ডবদিগের জীবনব্তান্ত এই;—কোরবাধিপতি বিচিত্রবীর্যোর দুই পুত্র. ধ্তরাষ্ট্র ও পাশ্চ।* ধ্তরাষ্ট্র জ্যেন্ঠ, কিন্তু অন্ধ। অন্ধ বলিয়া রাজ্যশাসনে অন্ধিকারী বা অক্ষম। রাজ্য পাণ্ডুর হস্তগত হইল। পরিশেষে পাণ্ডুকেও রাজ্যচ্যুত ও অরণাচারী দেখি— ধ্তরাম্মের রাজ্য আবার ধ্তরাম্মের হাতে গেল। তাহার পর পাণ্ডুপ্রেরো বয়ংপ্রাপ্ত হইল, রাজ্য পাইবার আকাঞ্চনা করিলা, কাজেই ধৃতরাষ্ট্র ও ধার্ত্তরাষ্ট্রগণ তাঁহাদিগকে নির্ম্বাসিত করিলেন। তাঁহারা বনে বনে দ্রমণ করিয়া পরিশেষে পাঞ্চালরাজের কন্যা বিবাহ করিয়া পাঞ্চাল-দিগের সহিত আত্মীয়তা সংস্থাপন করিলেন। পাঞ্চালরাজের সাহায্যে এবং তাঁহাদিগের মাতৃল-পত্রে ও প্রবলপ্রতাপ যাদর্বাদগের নেতা কম্পের সাহায্যে তাঁহারা ইন্দ্রপ্রস্থে নতেন রাজ্য সংস্থাপিত করিলেন। পরিশেষে সে রাজ্যও খার্ত্তরাষ্ট্রদিগের করকর্বালত হইল।

পাশ্ডবেরা প্রনর্থার বনচারী হইলেন। এই অবস্থায় বিরাটের সঙ্গে সথ্য ও সম্বন্ধ স্থাপন করিলেন। পরে পাশ্চালেরা কৌরবদিগকে আক্রমণ করিল। প্রেবির প্রতিশোধজন্য এ আক্রমণ. এবং পাশ্ডবিদিগের রাজ্যাধিকার উপলক্ষ মাত্র কি না, স্থির করিয়া বলা যায় না। যাই হৌক, পাশ্চালেরা যুদ্ধে বদ্ধপরিকর হইলে পাশ্ডবেরা তাঁহাদের পক্ষ থাকিয়া ধার্ত্তরাভ্রাগণের সহিত যুদ্ধ করাই সম্ভব।

বলিয়াছি যে, পাশ্ডব ছিল না, এ সব কথা বলিবার উপরিলিখিত পশ্ডিতেরা অন্য কারণ নিশ্দেশ করেন। একটি কারণ এই যে, সমসামিরক কোন গ্রন্থে পাশ্ডব নাম পাওয়া যায় না। উত্তরে হিন্দ্র বলিতে পারেন. এই মহাভারতই ত সমসামিরক গ্রন্থ—আবার চাই কি? সে কালে ইতিহাস লেখার প্রথা ছিল না যে, কতকগ্লা গ্রন্থে তাঁহাদের নাম পাওয়া যাইবে। তবে ইউরোপীয়েরা বলিতে পারেন যে, শতপথরাহ্মণ একখানি অনলপপরবত্তী গ্রন্থ। তাহাতে ধৃতরাষ্ট্র, পরিক্ষিৎ এবং জনমেজয়ের নাম আছে, কিন্তু পাশ্ডবিদগের নামগন্ধ নাই—কাজেই পাশ্ডবেরাও ছিল না।

এর্প সিদ্ধান্ত ভারতবধীর প্রাচীন রাজগণ সন্বন্ধে হইতে পারে না। কোন ভারতবধীর প্রশেথ মাকিদনের আলেক্জন্দরের নামগদ্ধ নাই—অথচ তিনি ভারতবর্ষে আসিয়া যে কাণ্ডটা উপস্থিত করিয়াছিলেন, তাহা কুর্ক্ষেত্রের ন্যায় গ্রন্তর ব্যাপার। সিদ্ধান্ত করিতে হইবে কি. আলেক্জন্দর নামে কোন ব্যক্তি ছিলেন না. এবং গ্রীক ইতিহাসবেত্তা তদ্বন্তান্ত যাহা লিখিয়াছেন. তাহা কবিকল্পনামান্ত? কোন ভারতবধীর গ্রন্থে গজনবী মহম্মদের নামগদ্ধ নাই—সিদ্ধান্ত করিতে হইবে. ইনি মন্সলমান লেখকদিগের কল্পনাপ্রস্ত ব্যক্তি মান্ত? বাঙ্গালার সাহিত্যে বখ্তিয়ার খিলিজির নামমান্ত নাই—সিদ্ধান্ত করিতে হইবে কি যে, ইনি মিন্হার্জন্দিনের কল্পনাপ্রস্ত মান্ত? র্যদি তাহা না হয়, তবে একা মিন্হার্জন্দিনের বাক্য বিশ্বাসযোগ্য হইল কিসে, আর মহাভারতের কথা অবিশ্বাসযোগ্য কিসে?

বেবর সাহেব বলেন, শতপথব্রাহ্মণে অর্জনে শব্দ আছে, কিন্তু ইহা ইন্দ্রার্থে ব্যবহৃত হইয়াছে

—কোন পান্ডবকে ব্রুঝায়, এমন অর্থে ব্যবহৃত হয় নাই। এজন্য তিনি ব্রিঝয়ছেন য়ে, পান্ডব
অঞ্জনে মিধ্যাকদ্পনা, ইন্দুন্ছানে ইনি আদিণ্ট হইয়াছেন মাত্র। এ ব্রহ্মির ভিতর প্রবেশ

বিদরে বৈশ্যাজাত।

করিতে আমরা অক্ষম। ইন্দ্রার্থে অক্ষর্ন শব্দ ব্যবহৃত হইয়াছে, এজন্য অক্ষর্ন নামে কোন মনুষ্য ছিল না, এ সিদ্ধান্ত বুঝিতে আমরা অক্ষম।

কথাটা হাসিয়া উড়াইয়া দিলে চলিত, কিন্তু বেবর সাহেব মহামহোপাধাায় পণিডত, বেদ ছাপাইয়াছেন; আর আমরা বাঙ্গালী, তাতে গশ্ডম্খ, তাঁহাকে হাসিয়া উড়াইয়া দেওয়া বড় ধৃণ্টতার কাজ হয়। তবে, কথাটা একট্ ব্ঝাই। শতপথরাহ্মাণে, অর্জ্বন নাম আছে. ফাল্যনামও আছে। বেমন অর্জ্বন ইন্দ্র ও মধ্যম পাশ্ডব উভয়ের নাম, ফাল্যনও তেমনই ইন্দ্র ও মধ্যম পাশ্ডব উভয়ের নাম। ইন্দের নাম ফাল্যনা, কেন না, ইন্দ্র ফল্যনানী নক্ষত্রের অধিষ্ঠাত্দেবতা;* অর্জ্বনের নাম ফাল্যনা, কেন না, তিনি ফল্যনানী নক্ষত্রে জান্ময়াছিলেন। হয়ত ইন্দ্রাধিষ্ঠত নক্ষত্রে জন্ম বলিয়াই তিনি ইন্দ্রপ্ত্র বলিয়া খ্যাত; ইন্দের ঔরসে তাঁহার জন্ম, এ কথা কোন দিক্ষিত পাঠক বিশ্বাস করিবেন না। আবার অর্জ্জনা শব্দে শত্রুয়। মেঘদেবতা ইন্দ্রও শব্রুয়নহে, মেঘবর্ণ অর্জ্জনিও শব্রুয়ন নহে। উভয়ে নিন্মালকম্মকারী শব্রুয়, পবিত্র; এজন্য উভয়েই অর্জ্জনা। ইন্দের নাম যে অর্জ্জনা, শতপথরাহ্মণে সে কথাটা এইর্পে আছে—"অর্জ্জনিনা বৈ ইন্দ্রো বদস্য গ্রহানাম"; অর্জ্জনা ইন্দ্র; সেটি ইন্টার গ্রহা নাম। ইহাতে কি ব্রুয়ার না যে, অর্জ্জনা নামে অন্য ব্যক্তি ছিল, তাঁহার মহিমাব্দ্রির অভিপ্রায়ে ইন্দ্রের সঙ্গে তাঁহার এক্যান্থাপনজন্য, অর্জ্জনের নাম, ইন্দের একটা লব্রুলনো নাম বলিয়া প্রচারিত করিতেছেন? বেবর সাহেব "গব্রুয়" অর্থে ''mystic'' ব্রিয়া লোককে বোকা ব্রুয়াইয়াছেন।

আর একটি রহুস্যের কথা বলি। কুরচি গাছের নামও অঙ্জর্বন। আবার কুরচি গাছের নামও ফাল্যবন। এ গাছের নাম অঙ্জর্বন, কেন না, ফ্রল শাদা; ইহার নাম ফাল্যবন, কেন না, ইহা ফাল্যবন মাসে ফ্টে। এখন আমার বিনীত নিবেদন যে, ইল্ফের নামও অঙ্জর্বন ও ফাল্যবন বালায়। আমাদিগকে বলিতে হইবে যে, কুরচি গাছ নাই, ও কখনও ছিল না? পাঠকেরা সেইর্প অন্মতি কর্বন, আমি মহামহোপাধ্যায় Weber সাহেবের জয় গাই।

এই সকল পশ্ডিতেরা বলেন যে, কেবল ললিতবিস্তরে, পাশ্ডবিদগের নাম পাওয়া যায় বটে, কিন্তু সে পাশ্ডবেরা পার্শ্বত্য দস্য মাত্র। আমাদের বিবেচনা, তাহা হইতে এমন ব্বথা যায় না যে, পাশ্ডপত্র পাশ্ডব পাঁচজন কখন জগতে বর্ত্তমান ছিলেন না। বাঙ্গালা সাহিত্যে, "ফিরিঙ্গী" শব্দ যে দ্বই একখানা গ্রন্থে পাওয়া যায়, সে সকল গ্রন্থে ইহার অর্থ হয়, ''Eurasian'', নয় ''European''—''Frank'' শব্দ কোথাও পাওয়া যায় না. বা এ অর্থে "ফিরিঙ্গী" শব্দ কোথাও বাবহৃত হয় নাই। ইহা হইতে যদি আমরা সিদ্ধ করি যে ''দিরমি'' জাতি কখন ছিল না, তাহা হইলে ইউরোপীয় পশ্ভিত ও তাঁহাদের শিষ্যগণ যে প্রমে পতিত হইয়াছেন, আমরাও সেই দ্রমে পতিত হইব।†

এবং পাশ্ডোঃ স্তাঃ পণ্ড দেবদত্তা মহাবলাঃ।**

**বিবন্ধনানতে তত্ত্ব পূণ্ডে হৈমবতে গিরো॥

व्यापिशक्दा ১২৪। ২৭-২৯।

এইর্পে পাশ্চুর দেব-দন্ত পাঁচটি মহাবল পুত্র *** সেই পবিত্র হিমালয় পৃত্রতি পারবন্ধিত হইতে থাকেন।

প্লিনি ও সলিনস্ নামে গ্রীক গ্রন্থকারেরা ভারতবর্ষের পশ্চিমোন্তর দিকে বাহারীক দেশের উত্তরাংশে সোগ্ডিরেনা দেশের একটি নগরের নাম পাশ্ড্য বলিরা উল্লেখ করিয়াছেন এবং সিন্ধ, নদীর মূখ সমীপন্থ জাতিবিশেষকেও পাশ্ড্য বলিয়া লিখিয়া গিয়াছেন। ভূগোলবিং টলেমি পাশ্ড্য-নাম লোকবিশেষকে বিতন্তা নদীর সমীপন্থ বলিয়া কীর্ত্তন করিয়াছেন। কাত্যায়ন একটি পাণিনিস্তের বার্ত্তিকে পাশ্ড্র হাতে পাশ্ড্য শব্দ নিম্পন্ন করিয়াছেন।* লক্ষ্মীধর স্বকৃত ষড়্ভাষাচন্দ্রিকার মধ্যে কেকয় বাহারীকাদি উত্তর-

থনকার দৈবজ্ঞেরা এ কথা বলেন না, কিন্তু শতপথরাক্ষণেই এ কথা আছে। ২ কান্ড, ১ অধ্যায়,
 রাহ্মণ. ১১. দেখ।

^{† &}quot;বৌদ্ধ-গ্রন্থকারেরা পাণ্ডব নামে পর্যাতবাদী একটি জাতির উদ্রেখ করিয়া গিয়াছেন; তাহারা উজ্জায়নী ও কোশলবাদীদের শত্র ছিল। (Weber's H. I. Literature, 1878, p. 185.) মহাভারতে পাণ্ডবাদগকে হন্তিনাপ্রেবাদী বলিয়া বর্ণনা করা হইয়াছে বটে, কিন্তু ঐ গ্রন্থেরও স্থলবিশেষে লিখিত আছে, প্রথমে তাহারা হিমালয় পর্যাতে থাকিয়া পরিবাদ্ধিত হন।

পালেডার্ডার্ক।

এখনও লাসেন সাহেবের মতের সমালোচনা বাকি আছে। তিনি বলেন, কুর পাণ্ডালের ব্দ্ধ ঐতিহাসিক ব্যাপার; মহাভারতের ততট্ব ঐতিহাসিকতা আছে। কিন্তু তিনি পাণ্ডব প্রভৃতি নারকনারিকাদিগের প্রতি অবিশ্বাসব্তা। তিনি বলেন, অর্চ্ছব্রাদি সব র পক্ষাত্র। বথা—অর্চ্ছব্র দল্পের অর্থ শ্বেতবর্ণ, এজন্য বাহা আলোকমর, তাহাই অর্চ্ছব্রন। বিনি অন্ধকার, তিনি কৃষণ। কৃষ্ণও তদ্রপ। পাণ্ডবিদিগের অবস্থানকালে বিনি রাজ্যধারণ করিয়াছিলেন, তিনি ধ্তরাদ্ধ। পণ্ড পাণ্ডব পাণ্ডালের পাঁচটি জাতি, এবং পাণ্ডালীর সহিত তাহাদিগের বিবাহ ঐ পণ্ড জ্যাতির একীকরণ-স্কুচক মাত্র। বিনি ভদ্র অর্থাৎ মঙ্গল আনয়ন করেন, তিনি স্কুদ্র। অর্চ্জব্রেনর সঙ্গে বাদবিদিগের সৌহান্দর্গই এই স্কুদ্র। ইত্যাদি ইত্যাদি।

আমি স্বীকার করি, হিন্দর্শিগের শাস্ত্রত্থ সকলে—বেদে, ইতিহাসে, প্ররাণে, কাব্যেও র্পকের অতিশয় প্রাবল্য। অনেক র্পক আছে। এই গ্রন্থে আমাদিগকেও অনেকগর্নল র্পকের প্রসঙ্গ উপস্থাপিত করিতে হইবে। কিন্তু তাই বলিয়া এমন স্বীকার করিতে পারি না যে, হিন্দর্শান্তে বাহা কিছু আছে, সবই রূপক—যে রূপক ছাড়া শাস্ত্র্গুণ্থে আর কিছুই নাই।

আমরা ইহাও জানি যে, সংস্কৃত সাহিত্যে বা শাস্ত্রে যাহা কিছ্ আছে, তাহা রুপ্রক হউক বা না হউক, রুপক বলিয়া উড়াইয়া দিতে অনেকেই ভালবাসেন। রামের নামের ভিতর 'রম্' ধাতু পাওয়া, এবং সীতার নামের ভিতর 'সি' ধাতু পাওয়া য়ায়, এই জন্য রামায়ণ কৃষিকারের রুপকে পরিণত হইয়াছে। জম্মন্ পাশ্ডিতেরা এমনই দ্বই চারিটা থাতু আশ্রম্ম করিয়া ঋণ্রেদের সকল স্কুল্বিলকে স্যা ও মেঘের রুপক করিয়া উড়াইয়া দিয়ছেন। চেন্টা করিলে, বোধ করি, পৃথিবীতে যাহা কিছ্ আছে. তাহা এইরুপে উড়াইয়া দেওয়া য়ায়়। আমাদিগের মনে পড়ে, এক সময় রহসাছলে আমরা বিখ্যাত নবদ্বীপাধিপতি কৃষ্ণচন্দ্রকে এইরুপ রুপক করিয়া উড়াইয়া দিয়াছিলাম। তোমরা বিলিবে, তিনি সে দিনের মান্য—তাহার রাজধানী, রাজপ্রী, রাজবংশ, সকলই আজিও বিদ্যমান আছে, তিনিও ইতিহাসে কীর্ত্তিত হইয়াছেন। তাহার উত্তরে বলা যায় যে, কৃষ্ণ অর্থে অন্ধকার, তমোর্গী। কৃষ্ণনগরে অর্থাং অন্ধকারপূর্ণ ছানে তাহার রাজধানী। তাহার ছয় প্র, অর্থাং তমোগ্র্ল হইতে ছয় রিপ্রর উংপত্তি। একজন বালক পলাসির যুদ্ধ সম্বন্ধে এইরুপ রুপক করিয়াছিল যে, পলমান্র উন্তাসিত যে অসি. তাহা ক্লীবগ্র্মান্ত্র কৈব (Clive) কর্ত্বক প্রযুক্ত হওয়ায় স্বরাজা অর্থাং যিনি উত্তম রাজাছিলেন, তিনি পরাভৃত হইয়াছিলেন। অতএব রুপকের অভাব নাই। আর এই বালকরিচত

দিক্স্থ কতকার্নি জনপদের সহিত পাশ্ডা দেশের নাম উল্লেখ করিয়াছেন এবং সম্দরকে পিশাচ অর্থাং অসভা দেশবিশেষ বলিয়া কীর্তুন করিয়া গিয়াছেন।

"পাত্তাকেকয়বাহ্যীক * * * এতে পৈশাচদেশাঃ স্তা।"

হরিবংশে দক্ষিণাদক্ত চোল কেরলাদির সহিত পাণ্ডা দেশের নাম উল্লিখিত আছে। (হরিবংশ, ৩২ অ, ১২৪ শ্লো।) অভএব উহা দক্ষিণাপথের অন্তর্গত পাণ্ডা দেশ। শ্রীমান্ উইলসন্ বিবেচনা করেন; ঐ জাতীয় লোক প্রথমে সোগ্ডিয়েনা দেশের অধিবাসী ছিল; তথা হইতে ক্রমণঃ ভারতবর্ষে আসিয়া বাস করে এবং উত্তরোত্তর ঐ সমস্ত ভিন্ন ভিন্ন স্থানে অধিবাস করিয়া পাণ্চাং হন্তিনাপ্রের-বাসী হয়, ও অবশেবে দক্ষিণাপথে গিয়া পাণ্ডারাজ্য সংস্থাপন করে। Asiatic Researches, Vol. XV., pp. 95 and 96.

রাজতরজিনীর মতে, কাশ্মীর রাজ্যের প্রথম রাজারা কুর্বংশীর। অতএব তংপ্রদেশ হইতে পাণ্ডব-দের হান্তনার আসিরা উপনিবেশ করা সম্ভব। তাঁহারা মধ্যদেশবাসী অথচ কির্পে পাণ্ডব বাঁলরা পরিচিত ইইলেন, এই সমস্যা প্রেণাথেই কি পাণ্ডপুর পাণ্ডব বাঁলরা ক্রমশঃ একটি জনপ্রবাদ প্রচারিত ইল ? তাঁহাদের জন্মব্ভান্তঘটিত গোলবোগ প্রাসন্ধই আছে। লোকেও তাহাতে সংশর প্রকাশ ক্রিরাছিল, তাহারও নিদর্শন পাওয়া বার।

ৰদা চিরমূতঃ পান্ড কথং তস্যোতি চাপরে।

व्यापिशक्त । 5 । 559 ।

অন্য অন্য লোকে বলিল, "বহুকলে অতীত হইল, পান্ডু প্রাণত্যাগ করিরাছেন; অতএব ই'হারা কির্পে ডদীর পুত্র হুইতে পারেন?"

ভারতবর্ষীয়ে উপাসকসম্প্রদার, অক্ষরকুমার দত্ত-প্রদীত, দ্বিতীর ভাগ, উপক্রমণিকা, ১০৫ প্:। অক্ষয় বাব, সচরাচর ইউরোপীরদিগের মতের অবলম্বী। র্পকের সঙ্গে লাসেন্রচিত র্পকের বিশেষ প্রভেদ দেখা বার না। আমরা ইচ্ছা করিলে 'লস্' ধাতু খোদ লাসেন্ সাহেবের নামের ব্রেপত্তি সিদ্ধ করিয়া, তাঁহারা ঐতিহাসিক গবেষণা ক্রীড়া-কৌতুক বলিয়া উড়াইয়া দিতে পারি।

ভারতবর্ষের ইতিহাসলেখক Talboys Wheeler সাহেবেরও একটা মত আছে। যখন হস্ত্রী অশ্ব তলগামী, তখন মেষের জলপরিমাপেচ্ছার প্রতি বেশী শ্রদ্ধা করা যায় না। তিনি বলেন,—হাঁ ইহার কিছু ঐতিহাসিক ভিত্তি আছে বটে, কিন্তু তাহা অতি সামান্য মাত্র—

"The adventures of the Pandavas in the jungle, and their encounters with Asuras and Rakshasas are all palpable fictions, still they are valuable as traces which have been left in the minds of the people of the primitive wars of the Aryans against the Aborigines."

টল্বয়স্ হ্ইলর সাহেব সংস্কৃত জানেন না, মহাভারত কখনও পড়েন নাই। তাঁহার অবলম্বন বাব্ অবিনাশচন্দ্র ঘোষ নামে কোন ব্যক্তি। তিনি অবিনাশ বাব্কে অনুরোধ করিয়াছিলেন যে, মহাভারত অনুবাদ করিয়া তাঁহাকে দেন। অবিনাশ বাব্কে অনুরোধ করিয়াছিলেন যে, মহাভারত অনুবাদ করিয়া তাঁহাকে দেন। অবিনাশ বাব্ক রহস্যপ্রিয় লোক সন্দেহ নাই, কাশীদাসের মহাভারত হইতে কত দ্র অনুবাদ করিয়াছিলেন বিলতে পারি না, কিন্তু হ্ইলর সাহেব চন্দ্রহাস ও বিষয়ার উপাখ্যান প্রভৃতি সামগ্রী মূল মহাভারতের অংশ বিলয়া পাচার করিয়াছেন। যে বষার্মিসী মাণিকপীরের গান শ্রনিয়া রামায়ণদ্রমে অশুনোচন করিতেছিল, বোধ হয়, সেও এই পশ্ভিতবরের অপেক্ষা উপহাসাস্পদ নহে। ঈদৃশ লেখকের মতের প্রতিবাদ করা পাঠকের সময় বৃথা নন্ট করা বিবেচনা করি। ফলে, মহাভারতের যে অংশ মোলিক, তাহার লিখিত ব্তান্ত ও পাশ্ভবাদি নায়ক সকল কল্পনাপ্রস্তুত, এর্প বিবেচনা করিবার কোন উপযুক্ত কারণ এ পর্যান্ত নিন্দিশ্ট হয় নাই। যাহা নিন্দিশ্ট ইয়াছে, তাহার সকলই এইর্প অ্কিঞ্চিংকর। সকলগ্রলির প্রতিবাদ করিবার এ প্রন্থে স্থান হয় না। মহাভারতের অনেক ভাগ প্রক্ষিপ্ত, ইহা আমি স্বীকার করিয়াছি। কিন্তু পাশ্ভবাদির সকল কথা প্রক্ষিপ্ত নহে। ইহা প্রক্ষিপ্ত বিবেচনা করিবার কোন কারণ নাই। তাঁহারা ঐতিহাসিক, ইহা বিবেচনা করিবার কারণ যাহা বিলয়াছি, তাহা যদি যথেণ্ট না হয়, তবে পরপ্রিচছেদে আরও কিছ্ব

সপ্তম পরিচ্ছেদ—পাণ্ডবদিগের ঐতিহাসিকতা

পাণিনি সূত্র করিয়াছেন—

মহান্ ব্রীহাপরাহুগ্ ষ্টীম্বাসজাবালভারভারতহৈলিহিলরৌররবপ্রবৃদ্ধের্। ৬। ২। ০৮ অর্থাৎ ব্রীহি ইত্যাদি শব্দের প্রের্থ মহৎ শব্দ প্রযুক্ত হয়। তাহার মধ্যে একটি শব্দ 'ভারত'। অতএব পাণিনতে মহাভারত শব্দ পাওয়া গেল। প্রসিদ্ধ ইতিহাসগ্রুগ্থ ভিন্ন আর কোন বন্ধু "মহাভারত" নামে কখনও অভিহিত হইয়াছিল, এমন প্রমাণ নাই। Weber সাহেব বলেন, এখানে মহাভারত অর্থে ভরতবংশ। এটা কেবল তাঁহার গায়ের জার। এমন প্রয়োগ কোথাও নাই।

প্নশ্চ, পাণিনিস্ত্ৰ-

"গবিষ্থিভ্যং ভ্রি।" ৮।৩।৯৫ গবি ও ষ্থি শব্দের পর ভ্রি শব্দের স স্থানে ব হয়। যথা—গবিষ্ঠিরঃ, ষ্থিতিঠরঃ। প্রশ্চ,—

"বহ_বচ ইজঃ প্রাচ্যভরতেম্।" ২।৪।৬৬ ভরতগোত্রের উদাহরণ "য**্**যিন্টিরাঃ।"* প্রশচ,—

"ন্দিয়ামবন্তিকুন্তিকুর্ভাশ্চ।" ৪।১।১৭৬ পাওয়া দোল "কুন্তী"।

* উদাহরণটি কিউডেক্টেড্রের, ইহা বলা কর্তবা।

প্ৰাশ্চ,--

"वाम्यार्णवार्ण्य्नाष्ट्राः व्न्।" ८।०।৯৮

অর্থাৎ, বাস্বদেব ও অজ্জব্ন শব্দের পর ফঠার্থে ব্নৃহয়। প্রশাস,—

শনদ্রাদ্নপাল্লবেদানাসত্যানম্চিনকুলনখনপ্রংসকনক্ষরনক্রনাকেষ্। । ৬।৩।৭৫ ইহাতে "ন**কুল" পাও**য়া গেল।

দ্রোণপর্ব তজ্ঞীবস্তাদন্যতরস্যাম্। ৪।১।১০৩

"দ্রোণায়ন" শব্দ পাওয়া গেল। ইহাতে অশ্বত্থামা ভিন্ন আর কিছ্ই ব্রুঝার না। এইর্প পাঁচটি পাশ্চবের নামই এবং কুন্তী, দ্রোণ অশ্বত্থামা প্রভৃতির নাম পাণিনিস্ত্রে পাওয়া যায়।

র্যাদ মহাভারত গ্রন্থের নাম এবং সেই গ্রন্থের নায়কদিগের নাম পাওয়া গেল, তবে পাণিনির সমরেও মহাভারত পাশ্চবদিগের ইতিহাস। এখন দেখিতে হইবে, পাণিনি কবেকার লোক।

ভারতদ্বেশী Weber সাহেব তাঁহাকেও আধুনিক বলিয়া প্রতিপন্ন করিতে চেন্টা করিয়াছেন। কিন্তু এখানে তাঁহার মত চলে নাই.—শ্বয়ং গোল্ড্ম্ট্রুকর পাণিনির অভ্যুদয়কাল নিশীত করিয়াছেন। তিনি যাহা বলেন, তাহার বিস্তারিত বিবরণ লিথিবার স্থান এ নহে; কিন্তু বাব্রজনীকান্ত গর্প্প তাঁহার গ্রন্থের সারাংশ বাঙ্গালায় সন্পলন করিয়াছেন, অতএব না বলিলেও চলিবে। যাঁহারা বাঙ্গালা গ্রন্থ পড়িতে ঘূণা করেন, তাঁহারা গোল্ড্ট্রুকরের গ্রন্থই ইংরাজিতে পাড়তে পারেন। তাঁহার বিচারে পাণিনি অতি প্রাচীন বলিয়া প্রতিপন্ন হইয়াছে, এজন্য Weber সাহেব অতিশয় দুয়্রখিত। তিনি গোল্ড্ল্ট্র্করের প্রতিবাদও করিয়াছেন, এবং লঙ্জা পরিত্যাগ করিয়া বলিয়াছেন, জয়পতাকা আমিই উড়াইয়াছি। কিন্তু আর কেহ তাহা বলে না।

গোলভ্ভ্কর প্রমাণ করিয়াছেন যে, পাণিনির সূত্র যথন প্রণীত হয়, তথন বৃদ্ধদেবের* আবিভাব হয় নাই। তবেই পাণিনি অন্ততঃ খ্রীঃ প্রে ষষ্ঠ শতাব্দীর লোক। কিন্তু কেবল তাহাই নহে, তখন রাহ্মণ, আরণ্যক, উপনিষদ্ প্রভৃতি বেদাংশ সকলও প্রণীত হয় নাই। ঋক্, বজ্বঃ, সামসংহিতা ভিন্ন আর কিছ্ই হয় নাই। আশ্বলায়ন, সাংখ্যায়ন প্রভৃতি অভ্যুদিত হন নাই। মক্ষম্লর বলেন, রাহ্মণ-প্রণয়ন-কাল খ্রীঃ প্রঃ সহস্র বংসর হইতে আরম্ভ। ডাক্তার মার্টিন হোগ বলেন, ঐ শেষ; খ্রীঃ প্রঃ চতুন্দশি শতাব্দীতে আরম্ভ। অতএব পাণিনির সময় খ্রীঃ প্রঃ দশম বা একাদশ শতাব্দী বলিলে বেশী বলা হয় না।

Max Muller, Weber প্রভৃতি অনেকেই এ বিচারে প্রবৃত্ত, কিন্তু কাহারও কথায় গোলড্ ভার্বরের মত থাণ্ডত হইতেছে না। অতএব আচার্যের এ মত গ্রহণ করা যাইতে পারে। তবে ইহা স্থির যে, খ্রীন্ডের সহস্রাধিক বংসর প্রেব্ব ব্র্বিণ্ডিরাদির ব্রান্ডসংযুক্ত মহাভারত প্রশ্ব প্রচলিত ছিল। এমন প্রচলিত যে, পাণিনিকে মহাভারত ও য্রধিণ্ডিরাদির ব্যুংপত্তি লিখিতে হইয়াছে। আর ইহাও সম্ভব যে, তাঁহার অনেক প্রেব্হ মহাভারত প্রচলিত হইয়াছিল। কেন না. "বাস্বদেবার্ল্জানান্ডাং ব্ন্" এই স্তে 'বাস্বদেবক' ও 'অর্ল্জান্নক' শব্দ এই অর্থে পাওয়া বার, বাস্বদেবর উপাসক, অর্ল্জানের উপাসক। অতএব পাণিনিস্ত্রপ্রণয়নের প্রেব্হ কৃষ্ণার্ল্জান দেবতা বলিয়া স্বীকৃত হইতেন। অতএব মহাভারতের যুদ্ধের অনল্প পরেই আদিম মহাভারত প্রণীত হইয়াছিল বলিয়া যে প্রসিদ্ধি আছে, তাহার উচ্ছেদ করিবার কোন কারণ দেখা যায় না।

এক্ষণে ইহাও বক্তব্য যে, কেবল পাণিনির নয়, আশ্বলায়ন ও সাংখ্যায়ন গৃহ্যসূত্তেও মহাভারতের প্রসঙ্গ আছে। অতএব মহাভারতের প্রাচীনতা সম্বন্ধে বড় গোলযোগ করার কাহারও অধিকার নাই।

অন্টম পরিচ্ছেদ—কৃষ্ণের ঐতিহাসিকতা

কৃষ্ণের নাম পাণিনির কোন স্ত্রে থাক না থাক, তাহাতে আসিয়া যায় না। কেন না, ঋশ্বেদসংহিতায় কৃষ্ণ† শব্দ অনেক বার পাওয়া যায়। প্রথম মণ্ডলের ১১৬ স্তের ২৩ ঋকে এবং

^{*} মহাভারতে 'বৌদ্ধ' শব্দ পাওয়া যায়, কিন্তু ঐ অংশ যে প্রক্ষিপ্ত, তাহাও অনায়াসে প্রমাণ করা ষাইতে পারে।

[†] কৃষ্ণ শব্দ আমি পাণিনির অন্টাধ্যার খ'লিয়া পাই নাই।—আছে কি না, বলিতে পারি না। কিন্তু কৃষ্ণ শব্দ যে পাণিনির প্রেশ প্রচলিত ছিল, তবিষয়ে কোন সংশর নাই। কেন না, ঋণ্যেনসংহিতায়

১১৭ স্ত্রের ৭ খাকে এক কৃষ্ণের নাম আছে। সে কৃষ্ণ কে, তাহা জানিবার উপান্ন নাই। সম্ভবতঃ তিনি বস্বদেবনন্দন নহেন। তাহার পর দেখিতে পাই খাশ্বেদসংহিতার অনেকগ্রন্তি স্ত্রের খাষি একজন কৃষ্ণ। তাহার কথা পরে বালতেছি। অথবর্বসংহিতায় অস্বর কৃষ্ণকেশীর নিধনকারী কৃষ্ণের কুথা আছে। তিনি বস্বদেবনন্দন সন্দেহ নাই। কেশিনিধনের কথা আমি পশ্চাৎ বালব।

পাণিনির স্ত্রে 'বাস্দেব' নাম আছে—সে স্ত উদ্ধৃত করিরাছি। কৃষ্ণ মহাভারতে বাস্দেব নামে সচরাচর অভিহিত হইরাছেন। বস্দেবের প্ত বালরাই বাস্দেব নাম নহে, সে কথা স্থানান্তরে বালব। বস্দেবের প্ত না হইলেও বাস্দেব নাম হয়। এই মহাভারতেই পাওরা যায়—প্ত্রাধিপতিরও নাম ছিল বাস্দেব। বস্দেবকে কবিকল্পনা বালতে হয়, বল—কিন্তু বাস্দেব কবিকল্পনা নহেন।

ইউরোপীরদিগের মত এই বে. কৃষ্ণ আদৌ মহাভারতে ছিলেন না, পরে মহাভারতে তাঁহাকে বসাইয়া দেওয়া হইয়ছে। এর প বিবেচনা করিবার বে সকল কারণ তাঁহারা নিন্দেশ করেন, তাহা নিতান্তই অকিঞ্চিংকর। কেহ বলেন, কৃষ্ণকে মহাভারত হইতে উঠাইয়া দিলে মহাভারতের কোন ক্ষতি হয় না। এক হিসাবে নয় বটে। গত ফরাসীপ্র,সের য়য় হইতে মোল্টকেকে উঠাইয়া দিলে কোন ক্ষতি হয় না। Gravelotte, Woerth Metz, Sedan, Paris প্রভৃতি রণজয় সবই বজায় থাকে; কেন না, Moltke হাতে হাতিয়ারে এ সকলের কিছুইে করেন নাই। তাঁহার সেনাপতিত্ব তারে তারে বা পত্রে পত্রে নির্দ্বাহিত হইয়াছিল। মহাভারত হইতে কৃষ্ণকে উঠাইয়া দিলে সের প ক্ষতি হয় না। তাহার বেশী ক্ষতি হয় কি না, এ গ্রন্থ পাঠ করিলেই পাঠক জানিতে পারিবেন।

হুইলর সাহেবেরও এ বিষয়ে একটা মত আছে। তাঁহার যের্প পরিচয় দিয়াছি, তাহাতে বোধ হয়. তাঁহার মতে প্রতিবাদের বিশেষ প্রয়োজন নাই। তথাপি মতটা কিয়ৎপরিমাণে চাঁলরাছে বলিয়া, তাঁহার প্রসঙ্গ উত্থাপিত করিলাম। তিনি বলেন, স্বারকা হাস্তিনাপার হইতে সাত শত কোশ ব্যবধান। কাজেই কৃষ্ণের সঙ্গে পাশ্ডবদিগের যে ঘনিষ্ঠ সম্বন্ধ মহাভারতে কথিত হইয়াছে. তাহা অসম্ভব। কেন অসম্ভব, আমরা তাহা কিছুই ব্রিষতে পারিলাম না, কাজেই উত্তর করিতে পারিলাম না। বাঙ্গালার মানুসলমান রাজপার যাদিগের সঙ্গে দিল্লীর পাঠান মোগল রাজপার যদিগের ঘনিষ্ঠ সম্বন্ধ যিনিই সমরণ করিবেন, তিনিই বোধ হয়, হুইলর সাহেবের এই অশ্রাব্য কথায় কর্পপাত করিবেন না।

বিখ্যাত ফরাসী পণিডত Bournouf বলেন যে, বৌদ্ধশাস্ত্রে কৃষ্ণ নাম না পাইলে, ঐ শাস্ত্র প্রচারের উত্তরকালে কৃষ্ণোপাসনা প্রবর্ত্তিত হয়, বিবেচনা করিতে হইবে। কিন্তু বৌদ্ধশাস্ত্রের মধ্যে ললিতবিস্তরে কৃষ্ণের নাম আছে। বৌদ্ধশাস্ত্র মধ্যে স্কুলিটক সর্ব্বাপেক্ষা প্রাচীন গ্রন্থ। তাহাতেও কৃষ্ণের নাম আছে। ঐ গ্রন্থে কৃষ্ণকে অস্ত্রর বলা হইয়াছে। কিন্তু নান্তিক ও হিন্দ্র্বশ্বনিরোধী বৌদ্ধেরা কৃষ্ণকে যে অস্ত্রর বিবেচনা করিবে, ইহা বিচিত্র নয়। আর ইহাও বন্তব্য, বেদাদিতে ইল্যাদি দেবগণকে মধ্যে মধ্যে অস্ত্র বলা হইয়াছে। বৌদ্ধেরা ধশ্বের প্রধান শত্রু যে প্রবৃত্তি, তাহার নাম দিয়াছেন "মার"। কৃষ্ণপ্রচারিত অপত্র্বে নিশ্কামধ্য্ম, ওংকৃত সনাতন ধন্মের অপত্রবি সংস্কার, স্বয়ং কৃষ্ণের উপাসনা বৌদ্ধশ্বপ্রচারের প্রখান বিদ্যা ছিল সন্দেহ নাই। অতএব তাহারা কৃষ্ণকেই অনেক সময় মার বলিয়া প্রতিপন্ন করিতে চেন্টা করিয়াছেন।

এ সকল কথা থাক। ছাল্দোগ্যোপনিষদে একটি কথা আছে; সেইটি উদ্ধৃত করিতেছি। কথাটি এই—

"তদ্ধৈতন্থোর আঙ্গিরসঃ কৃষ্ণায় দেবকীপ**্**রায় উক্তনা, উবাচ। অপিপাস এব স বভূব। সোহস্তবেলায়ামেতন্তরং প্রতিপদ্যেত অক্ষিতর্মাস, অচ্যুতর্মাস, প্রাণসংশিতমসীতি।"

কৃষ্ণ শব্দ পুনঃ প্নঃ পাওয়া যায়। কৃষ্ণনামা বৈদিক ঋষির কথা পদ্চাৎ বলিতেছি। তদ্কির অভ্নৈ মন্ডলে ৯৬ স্তে কৃষ্ণনামা একজন অনার্য রাজার কথা পাওয়া যায়। এই অনার্য কৃষ্ণ অংশ,মতীনদাণীতীরনিবাসী; স্তুল্ডাং ইনি যে বাস্ত্রদেব কৃষ্ণ নহেন, তাহা নিশ্চিত। পাঠক ইহাতে ব্রিতে পারিবেন যে, পাণিনির কোন স্তে "কৃষ্ণ" শব্দ থাকিলে তাহা বাস্ত্রদেব কৃষ্ণের ঐতিহাসিকতার প্রমাণ বলিয়া গণ্য হয় না। কিন্তু পাণিনিস্তে "বাস্ত্রদেব" নাম যদি পাওয়া যায়, তবে তাহা প্রমাণ বলিয়া গণ্য। ঠিক তাহাই আছে।

ইহার অর্থ। আঞ্চিরসবংশীর খোর (নামে খাষি) দেবকীপত্র কৃষ্ণকে এই কথা বলিরা বলিলেন, (শ্নিরা তিনিও পিপাসাশ্নো হইলেন) যে অন্তকালে এই তিনটি কথা অবলম্বন

করিবে, "তুমি অক্ষিত, তুমি অচ্যুত, তুমি প্রাণসংশিত।"

এই ঘার ঋষির পুর কবেশ। ঘোরপুর কবে ঋণেবদের কতকগ্লি স্তের ঋষি। যথা, প্রথম মন্ডলে ৩৬ স্তে হইতে ৪৩ স্তে পর্যান্ত; এবং কবের পুর মেধাতিথি ঐ মন্ডলের ১২শ হইতে ২৩শ পর্যান্ত স্তের ঋষি। এবং কবের অন্য পুর প্রকর্ণ ঐ মন্ডলের ৪৪ হইতে ৫০ পর্যান্ত স্তের ঋষি। এখন নির্ত্তকার যাস্ক বলেন, "যস্য বাকাং স ঋষিঃ।" অতএব ঋষিগণ স্তের প্রণেতা হউন বা না হউন, বক্তা বটে। অতএব ঘোরের পুর এবং পোর-গণ ঋণেবদের কতকগ্লি স্তের বক্তা। তাহা যদি হয়, তবে ঘোরশিষ্য কৃষ্ণ তাঁহাদিগের সমসামায়ক, তাদ্ধিরে সন্দেহ নাই। এখন আগে বেদের স্কেগ্লিল উক্ত হইয়াছিল, তাহার পর বেদবিভাগ হইয়াছিল, এ সিদ্ধান্তের কোনও মতেই প্রতিবাদ করা যায় না। অতএব কৃষ্ণ বেদবিভাগকর্তা বেদব্যাসের সমসামায়ক লোক, উপন্যাসের বিষয়মান্ত নহেন, তাদ্ধিরে কোনও সংশয় করা যায় না।

ঋশেবদসংহিতার অন্টম মন্ডলে ৮৫।৮৬।৮৭ স্তু এবং দশম মন্ডলের ৪২।৪৩।৪৪ স্তুত্তের ঋষি কৃষণ। এই কৃষ্ণ দেবকীনন্দন কৃষ্ণ কি না, তাহার নির্দার করা দ্রহ্। কিন্তু কৃষ্ণ কিরার বিলয়াই বলা যাইতে পারে না যে, তিনি এই সকল স্তুত্তের ঋষি নহেন; কেন না, ত্রসদস্য, ত্রার্ণ, প্র্যুমীণ, অজমীণ, সিন্ধুৰীপ, স্দাস, মান্ধাতা, সিবি, প্রতর্দন, কক্ষীবান্ প্রভৃতি রাজর্ষি বাঁহারা ক্ষতির বলিয়া পরিচিত, তাঁহারাও ঋশ্বেদ-স্তুত্তের ঋষি, ইহা দেখা যায়। দ্বই এক স্থানে শ্রে ঋষির উল্লেখও পাওয়া যায়। কবষ নামে দশম মন্ডলে একজন শ্রে ঋষি আছেন; অতএব ক্ষতির বলিয়া কৃষ্ণের ঋষিত্বে আপত্তি হইতে পারে না। তবে ঋশ্বেদসংহিতার অন্-ক্ষাণকায় শোনক কৃষ্ণ আজিরস ঋষি বলিয়া পরিচিত হইয়াছেন।

উপনিষদ্ সকল বেদের দেষভাগ, এই জন্য উপনিষদ্কে বেদান্তও বলে। বেদের যে সকল অংশকে ব্রহ্মেণ বলে, তাহা উপনিষদ্ হইতে প্রাচীনতর বলিয়া বোধ হয়। অতএব ছান্দোগ্যোপনিষদ্ হইতে কৌষীতিকিব্রহ্মণ আরও প্রাচীন বলিয়া বোধ হয়। তাহাতেও এই আঙ্গিরস ঘোরের নাম আছে, এবং কৃষ্ণেরও নাম আছে। কৃষ্ণ তথায় দেবকীপত্র বলিয়া বণিত হয়েন নাই; আঙ্গিরস বলিয়া বণিত হইয়াছেন। কিন্তু কতকগ্রাল ক্ষারিয়ও আঙ্গিরস বলিয়া প্রসিদ্ধ ছিলেন। তদ্বিষয়ে বিষ্ণুপ্রোণে একটি প্রাচীন শ্লোক ধৃত হইয়াছে।

এতে ক্রপ্রস্তা বৈ প্রশ্চাঙ্গিরসঃ স্মৃতাঃ।

রথীতরাণাং প্রবরাঃ ক্ষাত্রোপেতো দ্বিজাতয়ঃ॥—৪ অংশ, ২।২

কিন্তু এই রথীতর রাজা স্থারংশীয়। কৃষ্ণের প্রেপার্ব্য যদ্, য্যাতির প্র. কাজেই চন্দ্রংশীয়। এই কথাই সকল প্রাণেতিহাসে লেখে, কিন্তু হরিবংশে বিষণ্পত্রে পাওয়া যায় বে, মথুরার যাদবেরা ইক্ষাকুবংশীয়।

এবং ইক্ষ্যাকুবংশাদ্ধি यদ্বংশো বিনিঃস্তঃ।—৯৫ অধ্যায়ে, ৫২৯ খ্লোকঃ।

কথাটা খ্ব সম্ভব, কেন না, রামায়ণে পাওয়া যায় যে, ইক্ষ্বাকুবংশীয় রামের কনিষ্ঠ দ্রাতা শন্ত্যা মথ্যাজ্য করিয়াছিলেন।

সে বাহাই হউক, "বাস্দেবাৰ্জ্নোভ্যাং ব্ন্" এই স্ত্ৰ আমরা পাণিনি হইতে উদ্ধৃত করিয়াছি। কৃষ্ণ এত প্রাচীন কালের লোক যে, পাণিনির সময়ে উপাস্য বলিয়া আর্য্যসমাজে গ্রীত হইয়াছিলেন। ইহাই যথেন্ট।

নবম পরিচ্ছেদ-মহাভারতে প্রক্রিপ্ত

আমরা এতক্ষণ যা বলিলাম, তাহার স্থ্লমন্ম এই বে, মহাভারতের ঐতিহাসিকতা আছে, এবং মহাভারতে কৃষ্ণশান্তব সন্বন্ধীয় ঐতিহাসিক কথা পাওয়া যায়। কিন্তু এখন জিজ্ঞাস্য

^{*} এই কব্দ শকুন্তলার পালকপিতা কব্দ নহেন। সে কব্দ কাশ্যপ; ঘোরপত্র কব্দ আঙ্গিরস।

হইতে পারে বে, মহাভারতের কৃষ্ণপাশ্ডব সম্বন্ধে যাহা কিছ্, পাওয়া যায়, তাহাই কি ঐতিহাসিক তত্ত্ব?

মহাভারতের ঐতিহাসিকতা, বা মহাভারতে কথিত কৃষ্ণপাশ্চবসন্দ্রনীয় ব্রান্তের ঐতিহাসিকতা সন্বন্ধে ইউরোপনীয়গণের যে প্রতিক্লে ভাব, তাহার ম্লে এই কথা আছে যে, প্রাচীন কালে মহাভারত ছিল বটে, কিন্তু সে এ মহাভারত নহে। ইহার অর্থ যদি এমন ব্রিতে হয় যে, প্রচলিত মহাভারতে সেই প্রাচীন মহাভারতের কিছুই নাই, তাহা হইলে আমরা তাঁহাদের কথা যথার্থ বিলয়া স্বীকার করি না; এবং এর্প স্বীকার করি না বালয়াই, তাঁহাদের কথার এত প্রতিবাদ করিয়াছি। আর তাঁহাদের কথার মন্দ্র্যার্থ যদি এই হয় যে, সে প্রাচীন মহাভারতের উপর অনেক প্রক্রিপ্ত উপন্যাসাদি চাপান হইয়ছে, প্রাচীন মহাভারত তাহার ভিতর ভূবিয়া আছে, তবে তাঁহাদের সংক্য আমার কোন মতভেদ নাই।

আমরা প্নঃ প্নঃ বলিয়াছি যে. পরবত্তী প্রক্ষিপ্তকারদিগের রচনাবাহনে আদিম মহাভারত প্রোথিত হইয়া গিয়াছে। কিন্তু ঐতিহাসিকতা যদি কিছু থাকে, তবে সে আদিম মহাভারতের। অতএব বর্ত্তমান মহাভারতের কোন্ অংশ আদিমমহাভারতভুক্ত, তাহাই প্রথমে আমাদের বিচার্য্য বিষয়। তাহাতে কৃষ্ণকথা যাহা কিছু পাওয়া যায়, তাহারই কিছু ঐতিহাসিক মূল্য থাকিলে থাকিতে পারে। তাহাতে যাহা নাই, অন্য গ্রন্থে থাকিলেও, তাহার ঐতিহাসিক মূল্য অপেক্ষাকৃত অলপ। কেন না, মহাভারতই সর্ব্যপেক্ষা প্রাচীন গ্রন্থ।

প্রাচীন সম্প্রদায়ের মধ্যে অনেকেই বলিবেন, মহাভারতের কোন অংশই যে প্রক্ষিপ্ত, তাহারই বা প্রমাণ কি? এই পরিচ্ছেদে তাহার কিছু প্রমাণ দিব।

আদিপব্ধের দ্বিতীয় অধ্যায়ের নাম প্রশ্বসংগ্রহাধ্যায়। মহাভারতে যে যে বিষয় বণিতি বা বিবৃত আছে, ঐ পর্বসংগ্রহাধ্যায়ে তাহার গণনা করা হইয়াছে। উহা এখনকার গ্রন্থের স্কিপত্র বা Table of Contents সদৃশ। অতি ক্ষুদ্র বিষয়ও ঐ পর্বসংগ্রহাধ্যায়ের গণনাভুক্ত হইয়াছে। এখন যদি দেখা যায় যে, কোন একটা গ্রুত্র বিষয় ঐ পর্বসংগ্রহাধ্যায়ভুক্ত নহে, তবে অবশ্য বিবেচনা করিতে হইবে যে, উহা প্রক্ষিপ্ত। একটা উদাহরণ দিতেছি। আশ্বমেধিক পর্ব্বে অনুগীতা ও ব্রাহ্মণগীতা পর্ব্বাধ্যায় পাওয়া যায়। এই দুইটি ক্ষুদ্র বিষয় নয়, ইহাতে ছত্রিশ অধ্যায় গিয়াছে। কিন্তু পর্ব্বসংগ্রহাধ্যায়ে উহার কিছ্ব উল্লেখ নাই, স্ত্তরাং বিবেচনা করিতে হইবে যে, অনুগীতা ও ব্রাহ্মণগীতা সমস্ত্রই প্রক্ষিপ্ত।

২য়.—অনুক্রমণিকাধ্যায়ে কথিত হইয়াছে যে, মহাভারতের লক্ষ শ্লোক, এবং পর্ব্বসংগ্রহাধ্যায়ে কোন পর্ব্বে কত শ্লোক, তাহা লিখিত হইয়াছে। যথা—

আদি	•••	•••	***	8848
সভা	•••	•••	•••	2622
বন	•••	•••	>	2008
বিরাট	•••		•••	২০৫০
উদ্যোগ		•••	•••	৬৬৯৮
ভীষ্ম	•••	•••	•••	GRR8
দ্রোণ	•••	•••		R20%
কৰ্ণ	•••	•••		8৯५8
भ ना	•••	•••	•••	७२२०
সৌপ্তিক	•••	•••	***	490
স্ত ী	•••	•••	•••	996
শান্তি	•••	•••	>	89७२
অনুশাসন	***	•••	•••	A000
আশ্বমেধিক	•••	•••	•••	৩৩২০
আশ্রমবাসিক	•••	•••	•••	५० ७८
মোসল	•••	•••	•••	৩২০
মহাপ্রস্থানিক	***	•••	•••	৩২০
স্বৰ্গারোহণ	•••	•••	•••	২০৯

ইহাতে কিন্তু লক্ষ শ্লোক হয় না; মোট ৮৪,৮৩৬ হয়। অতএব লক্ষ শ্লোক প্রোইবার জন্য পর্বাধ্যায়সংগ্রহকার লিখিলেন :—

> "অন্টাদশৈবমুক্তানি পর্বাদ্যেতান্যশেষতঃ। খিলেমু হরিবংশণ ভবিষ্যাণ প্রকীতিতিম্।। দশক্ষোকসহস্রাণি বিংশক্ষোকশতানি চ। খিলেমু হরিবংশে চ সংখ্যাতানি মহর্ষিণা॥"

অর্থাৎ "এইর্পে অন্টাদশপর্ব সবিস্তারে উক্ত হইয়াছে। ইহার পর হরিবংশ ভবিষ্যপর্ব কথিত হইয়াছে। মহর্ষি হরিবংশে দ্বাদশ সহস্র শ্লোকসংখ্যা করিয়াছেন।" পর্ব সংগ্রহাধ্যায়ে এইট্কু ভিন্ন হরিবংশের আর কোন প্রসঙ্গ নাই। ইহাতে ৯৬,৯৩৬ শ্লোক হইল। এক্ষণে প্রচলিত মহাভারতের শ্লোক গণনা করিয়া নিশ্নলিখিত সংখ্যা সকল পাওয়া যায় :—

আদি	•••	•••	•••	4892
সভা	•••	•••	•••	২৭০৯
বন	•••	•••	•••	59,898
বিরাট	•••	•••	•••	২৩৭৬
উদ্যোগ	•••	***	•••	१७७७॥
ভীষ্ম	•••	•••	•••	७४७७
দ্রোণ	•••	•••	•••	৯৬৪৯
কণ	•••	•••		&688
म ाना ।	•••	•••	•••	৩৬৭১
সৌপ্তিক	•••	•••		R22
স্ বী	•••	•••	•••	૪ ૨૧૫
শান্তি		•••		১ ৩,৯৪৩
অনুশাসন	•••	•••		৭৭৯৬
আশ্বমেধিক	•••	•••	•••	₹৯00
আশ্রমবাসিক	•••	•••	•••	2206
মোসল	***	•••	•••	マ 為マ
মহাপ্রস্থানিক	•••	•••		১০৯
স্বৰ্গারোহণ	•••	•••		०১२
থিল হরিবংশ		•••	•••	১৬,৩৭৪

মোট ১০৭৩৯০। ইহাতে দেখা যায় যে, প্রথমতঃ মহাভারতে লক্ষ শ্লোক কখনই ছিল না। পর্বাসংগ্রহের পর হরিবংশ লইয়া মোটের উপর প্রায় এগার হাজার শ্লোক বাড়িয়াছে, অর্থাৎ প্রক্ষিপ্ত হইয়াছে।

৩য়,—এইর্প হ্রাসব্দ্ধির উদাহরণস্বর্প অন্ক্রমণিকাধ্যায়কে গ্রহণ করা যাইতে পারে। অন্ক্রমণিকাধ্যায়ে ১০২ ক্লোকে লিখিত আছে যে, ব্যাসদেব সাদ্ধশিত ক্লোকময়ী অন্ক্রমণিকা লিখিয়াছিলেন।

"ততোহধ্যদ্ধ শতং ভূয়ঃ সংক্ষেপং কৃতবান্ষিঃ। অনুক্রমণিকাধ্যায়ং ব্তান্তানাং সপর্যবাম্॥"

এক্ষণে বর্ত্তমান মহাভারতের অনুকর্মাণকাধ্যায়ে ২৭২ শ্লোক পাওয়া যায়। অতএব পূর্ব্বসংগ্রহাধ্যায় লিখিত হওয়ার পরে এই অনুক্রমাণকাতেই ১২২ শ্লোক বেশী পাওয়া যায়।

৪র্থ,—পর্বসংগ্রহাধ্যায়ে ৮৪,৮৩৬ শ্লোক পাওয়া যায়। কিন্তু সহজেই ব্রা যাইতে পারে যে, পর্বসংগ্রহাধ্যায় আদিম মহাভারতকার কর্ত্বক সম্কলিত নয় এবং আদিম মহাভারত রচিত হইবার সময়েও সম্কলিত হয় নাই। মহাভারতেই আছে যে, মহাভারতে বৈশম্পায়ন জনমেজয়ের নিকট কহিয়াছিলেন। তাহাই উগ্রপ্রবাঃ নৈমিষায়ণ্যে শোনকাদি ঋষিগণের নিকট কহিতেছেন। পর্বাধায়সংগ্রহকার এই সংগ্রহ উগ্রপ্রবার উক্তি বলিয়া বর্ণিত করিয়ছেন। বৈশম্পায়নের উক্তি

নহে, কাজেই ইহা আদিম বা বৈশম্পায়নের মহাভারতের অংশ নহে। অনুক্রমণিকাধ্যায়েই আছে যে কেহ কেহ প্রথমাবিধ, কেহ বা আস্ত্রীকপর্যাবিধ, কেহ বা উপরিচর রাজার উপাখ্যানাবিধ মহাভারতের আরম্ভ বিবেচনা করেন। স্তরাং যখন এই মহাভারত উগ্রশ্রশ্বঃ ঋষিদিগকে শ্নাইতেছিলেন, তখনই পর্স্বপংগ্রহাধ্যায় দরে থাক, প্রথম ৬২ অধ্যায়, সমস্তুপ প্রক্রিয়া প্রবাদ ছিল। এই পর্স্বপ্রহাধ্যায় পাঠ করিলেই বিবেচনা করা যায় যে, প্রক্রিপ্রাংশ ক্রমণাঃ বৃদ্ধি পাওয়াতে ভবিষ্যতে তাহার নিবারণের জন্য এই পর্স্বপংগ্রহাধ্যায় সঙ্কলনপ্র্কে অনুক্রমণিকাধ্যায়ের পর কেহ সংস্থাপিত করিয়াছিলেন। অতএব এই পর্স্বপংগ্রহাধ্যায় সঙ্কলিত হইবার প্রেপ্ত যে অনেক অংশ প্রক্রিপ্ত হইয়াছিল, তাহাই অনুমেয়।

৫ম,—ঐ অনুক্রমণিকাধ্যায়ে আছে যে, মহাভারত প্রথমতঃ উপাখ্যান ত্যাগ করিয়া চতুব্বিংশতি সহস্র শ্লোকে বিরচিত হয় এবং বেদব্যাস তাহাই প্রথমে স্বীয় পুত্র শ্কুদেবকে অধ্যয়ন

করান।

চতুর্ব্ধিংশতিসাহস্রীং চক্রে ভারতসংহিতাম্। উপাখ্যানৈবিনা তাবস্তারতং প্রোচ্যতে ব্রেখঃ॥ ততোহধ্যদ্ধশতং ভূয়ঃ সংক্ষেপং কৃতবান্ধি। অন্কর্মাণকাধ্যায়ং ব্তাস্তানাং সপর্বপাম্॥ ইদং দ্বৈপায়নঃ প্র্থং প্রমুধ্যাপরং শ্রুম্।

ততোহন্যেভাহন্র্পেভাঃ শিষেভাঃ প্রদুদৌ বিভূঃ ।—আদিপ্র্বর্ণ, ১০১-১০০।
শ্রুদেবের নিকট বৈশশ্পায়ন মহাভারতশিক্ষা করিয়াছিলেন। অতএব এই চতুর্ব্বিংশতিসহস্রপ্লোকাত্মক মহাভারতই জনমেজয়ের নিকট পঠিত হইয়াছিল। এবং আদিম মহাভারতে
চতুর্ব্বিংশতি সহস্র মাত্র শ্লোক ছিল। পরে ক্রমে নানা ব্যক্তির রচনা উহাতে প্রক্ষিপ্ত হইয়া
মহাভারতের আকার চারিগাল বাড়িয়ছে। সত্য বটে, ঐ অনুক্রমণিকাতেই লিখিত আছে যে,
তাহার পর বেদব্যাস র্বাণ্টলুক্ষপ্লোকাত্মক মহাভারত রচনা করিয়াছিলেন, এবং তাহার কিয়দংশ
দেবলোকে, কিয়দংশ পিতৃলোকে, কিয়দংশ গদ্ধর্বলোকে ও এক লক্ষ মাত্র মন্মালোকে পঠিত
হইয়া থাকে। এই অনৈস্বার্গিক ব্যাপারঘটিত কথাটা যে আদিম অনুক্রমণিকাধ্যায়ের মধ্যে প্রক্ষিপ্ত
হইয়াছে, তিদ্বিষয়ে কোনও সংশ্র থাকিতে পারে না। দেবলোকে বা পিতৃলোকে বা গদ্ধর্বলোকে
মহাভারতপাঠ, অথবা বেদব্যাসই হউন বা ষেই হউন, ব্যক্তিবিশেষের ষণ্টি লক্ষ প্লোক রচনা করা
আমরা সহজেই অনুশ্বাস করিতে পারি। আমি প্রেবিই দেখাইয়াছি যে, ২৭২ প্লোকাত্মক
উপক্রমণিকার মধ্যে ১২২ প্লোক প্রক্ষিত। এই র্বাণ্ট লক্ষ প্লোক এবং লক্ষ প্লোকের কথা
প্রক্রিপ্তের অন্তর্গত, তাহাতে কোন সংশ্র নাই।

দশম পরিছেদ-প্রক্রিপ্রনিক্রাচনপ্রণালী

আমাদিগের বিচার্য্য বিষয় যে, মহাভারতের কোন্ কোন্ অংশ প্রক্ষিপ্ত। ইহা পূর্ব্বপরিচ্ছেদে দ্বির হইয়াছে। এক্ষণে দেখিতে হইবে যে, এই বিচার সম্পন্ন করিবার কোন উপায় আছে কিনা। অর্থাৎ কোন্ অংশ প্রক্ষিপ্ত এবং কোন্ অংশ প্রক্ষিপ্ত নহে, তাহা দ্বির করিবার কোন লক্ষণ প্রথয়া যায় কিনা?

মন্যাজীবনে যে সকল কার্য্য সম্পন্ন হয়, সকলই প্রমাণের উপর নির্ভর করিয়া নির্ব্বাহ করা যায়। তবে বিষয়ভেদে প্রমাণের অলপ বা অধিক বলবতা প্রয়েজনীয় হয়। যে প্রমাণের উপর নির্ভর করিয়া আমরা সচরাচর জীবনযাত্রার কার্য্য নির্ন্বাহ করি, তাহার অপেক্ষা গ্রন্থতর প্রমাণ ব্যতীত আদালতে একটা মোকন্দমা নিম্পন্ন হয় না, এবং আদালতে যেয়্প প্রমাণের উপর নির্ভর করিয়া বিচারক একটা নিম্পত্তিতে উপস্থিত ইইতে পারেন, তাহার অপেক্ষা বলবান্ প্রমাণ ব্যতীত বৈজ্ঞানিক, বিজ্ঞানসম্বন্ধীয় কোন সিদ্ধান্তে উপনীত হইতে পারেন না। এই জন্দ বিষয়ভেদে ভিন্ন প্রমাণশাস্ত্র স্কৃষ্ট হইয়াছে। যথা.—আদালতের জন্য প্রমাণসম্বন্ধীয় আইন (Law of Evidence), বিজ্ঞানের জন্য অনুমানতত্ত্ব (Logic বা Inductive Philosophy)

অবশ্য অনুক্রমণিকাধ্যায়ের ১৫০ শ্লোক ভিন্ন।

र्वाध्कन तहनावनी

এবং ঐতিহাসিক তত্ত্ব নির্পেশ জন্য এইর্প একটি প্রমাণশাদ্যও আছে। উপস্থিত তত্ত্ব নির্পেশ জন্য সেইর্প কতকগ্রিল প্রমাণের নিয়ম সংস্থাপন করা যাইতে পারে; বথা—

১ম,—আমরা প্রেব পর্বসংগ্রহাধ্যায়ের কথা বালয়াছি। যাহার প্রসঙ্গ সেই পর্ব-সংগ্রহাধ্যায়ে নাই, তাহা যে নিশ্চিত প্রক্ষিপ্ত, ইহাও ব্রকাইয়াছি। এইটিই আমাদিগের প্রথম

স, গ্ৰ

২য়.—অনুক্রমণিকাধ্যায়ে লিখিত আছে যে, মহাভারতকার ব্যাসদেবই হউন, আর যিনিই হউন, তিনি মহাভারত রচনা করিয়া সান্ধশিত শ্লোকময়ী অনুক্রমণিকায় ভারতীয় নিখিল বৃত্তান্তের সার সঞ্চলন করিলেন। ঐ অনুক্রমণিকাধ্যায়ের ৯৩ শ্লোক হইতে ২৫১ শ্লোক পর্যান্ত এইর্প একটি সারসভ্কলন আছে। যদিও ইহাতে সান্ধশিতের অপেক্ষা ৯টি শ্লোক বেশী হইল, তাহা না ধরিলেও চলে। এমনও হইতে পারে যে, ৯টি শ্লোক ইহারই মধ্যে প্রক্ষিপ্ত হইয়াছে। এখন এই ১৫৯ শ্লোকের মধ্যে যাহার প্রসঙ্গ না পাইব, তাহা আমরা প্রক্ষিপ্ত বলিয়া বিবেচনা করিতে বাধা।

৩য়,—যাহা পরস্পর বিরোধী, তাহার মধ্যে একটি অবশ্য প্রক্ষিপ্ত। যদি দেখি যে, কোন ঘটনা দুই বার বা ততোধিক বার বিবৃত হইয়াছে, অথচ দুটি বিবরণ ভিমপ্রকার বা পরস্পর-বিরোধী, তবে তাহার মধ্যে একটি প্রক্ষিপ্ত বিবেচনা করা উচিত। কোন লেখকই অনর্থক প্রনর্ভিক, এবং অনর্থক প্রনর্ভিক দ্বারা আত্মবিরোধ উপস্থিত করেন না। অনবধানতা বা অক্ষমতাবশতঃ যে প্রনর্ভিক বা আত্মবিরোধ হয়, সে স্বতন্ত কথা। তাহাও অনায়াসে নিব্বাচন করা যায়।

৪র্থ — স্কৃবিদিগের রচনাপ্রণালীতে প্রায়ই কতকগর্নাল বিশেষ লক্ষণ থাকে। মহাভারতের কতকগর্নাল এমন অংশ আছে যে, তাহার মৌলিকতা সম্বন্ধে কোন সন্দেহ হইতে পারে না—কেন না, তাহার অভাবে মহাভারতে মহাভারতত্ব থাকে না, দেখা যায় যে, সেগর্নালর রচনাপ্রণালী সর্ব্ব এক প্রকার লক্ষণবিশিষ্টি। যদি আর কোন অংশের রচনা এর্পু দেখা যায় যে, সেই সেই লক্ষণ তাহাতে নাই, এবং এমন সকল লক্ষণ আছে যে, তাহা প্রেব্যক্ত লক্ষণ সকলের সঙ্গে অসঙ্গত, তবে সেই অসঙ্গতলক্ষণযুক্ত রচনাকে প্রক্ষিপ্ত বিবেচনা করিবার কারণ উপস্থিত হয়।

৫ম.—মহাভারতের কবি একজন শ্রেষ্ঠ কবি, তদ্বিষয়ে সংশয় নাই। শ্রেষ্ঠ কবিদিগের বর্ণিত চরিত্রগর্নালর সন্ধাংশ পরস্পর স্কুসকত হয়। যদি কোথাও তাহার ব্যতিক্রম দেখা যায়, তবে সে অংশ প্রক্ষিপ্ত বিলয়া সন্দেহ করা যাইতে পারে। মনে কর, যদি কোন হস্তালিখিত মহাভারতের কাপিতে দেখি যে, স্থানবিশেষে ভীন্মের পরদারপরায়ণতা বা ভীমের ভীর্তা বর্ণিত হইতেছে, তবে জানিব যে, ঐ অংশ প্রক্ষিপ্ত।

৬ষ্ঠ,—যাহা অপ্রাসন্থিক, তাহা প্রক্ষিপ্ত হইলেও হইতে পারে, না হইলেও হইতে পারে। কিন্তু অপ্রাসন্থিক বিষয়ে যদি প্রের্বাক্ত পাঁচটি লক্ষণের মধ্যে কোন লক্ষণ দেখিতে পাই তবে তাহা প্রক্ষিপ্ত বিবেচনা করিবার কারণ আছে।

৭ম.—যদি দুইটি ভিন্ন ভিন্ন বিবরণের মধ্যে একটিকে তৃতীয় লক্ষণের দ্বারা প্রক্রিপ্ত বোধ হয়, যেটি অন্য কোন লক্ষণের অন্তর্গত হইবে, সেইটিকেই প্রক্রিপ্ত বলিয়া পরিত্যাগ করিতে হইবে।

এখন এই পর্যান্ত ব্রুঝান গেল। নির্ন্বাচনপ্রণালী ক্রমশঃ স্পন্টতর করা বাইবে।

একাদশ পরিচ্ছেদ—নির্বাচনের ফল

মহাভারত প্রের প্রের পাঁড়রা এবং উপরিলিখিত প্রণালীর অন্বত্তী হইরা বিচারপ্র্বেক আমি এইট্রুকু ব্রিরাছি যে এই গ্রন্থের তিনটি ভিন্ন ভিন্ন শুর আছে। প্রথম, একটি আদিম কঞ্চাল; তাহাতে পাশ্ডবদিগের জ্ঞীবনবৃত্ত এবং আনুষ্কিক কৃষ্ণকথা ভিন্ন আর কিছুই নাই। ইহা বড় সংক্ষিপ্ত। বোধ হয়়, ইহাই সেই চতুন্বিশোতিসহস্রশ্লোকাঞ্জিকা ভারতসংহিতা। তাহার পর আর এক শুর আছে, তাহা প্রথম শুর হইতে ভিন্নলক্ষণাক্রান্ত; অথচ তাহার অংশ সম্পায় এক লক্ষণাক্রান্ত। আমরা দেখিব যে, মহাভারতের কোন কোন অংশের রচনা অতি উদার, বিকৃতিশ্রো, অতি উচ্চ কবিশ্বপূর্ণ। অন্য অংশ অনুদার, কিন্তু পরমার্থিক দার্শনিকতত্ত্বর

সঙ্গে ঘনিষ্ঠ সম্বন্ধব্ৰু, স্ত্ৰাং কাব্যাংশে কিছ্ বিকৃতিপ্ৰাপ্ত; কবিত্বশূন্য নহে, কিছু যে কবিত্ব আছে, সে কবিছের প্রধান অংশ অঘটনঘটনকোশল, তছিষয়ে স্ভিচাত্রা। প্রথম শ্রেণীর नक्षणातास य जनन जरम, जगर्रान এक करनत तहना; विजीय तथारीत नक्षणियों य जनन রচনা, তাহা দ্বিতীয় ব্যক্তির রচনা বলিয়া বোধ হয়। প্রথম শ্রেণীর লক্ষণবিশিষ্ট অংশই প্রাথমিক, বা আদিম: এবং দিতীয় শ্রেণীর লক্ষণযুক্ত অংশগুলি পরে রচিত হইয়া তাহার উপর প্রক্রিপ্ত হইয়াছে, এর্প বিবেচনা করা যাইতে পারে। কেন না, প্রথম কথিত অংশ উঠাইয়া লইলে, মহাভারত থাকে না; যাহা থাকে, তাহা কংকালবিচ্যতমাংসপিণ্ডের ন্যায় বন্ধন-শ্ন্য এবং প্রয়োজনশ্ন্য নির্থক বলিয়া বোধ হয়। কিন্তু দ্বিতীয় শ্রেণীর লক্ষ্যবিশিল্ট যাহা তাহা উঠাইয়া मইলে, মহাভারতের কিছ্ব ক্ষতি হয় না. কেবল কতকগর্বল নিম্প্রয়োজনীয় অলঞ্চার বাদ যায়; পাশ্ডবদিগের জীবনবৃত্ত অখন্ড থাকে। অতএব প্রথম গ্রেণীর লক্ষণবিশিন্ট অংশগুলিকে আমি প্রথম শুর, এবং দ্বিতীয় শ্রেণীর লক্ষণবিশিষ্ট রচনাগুলিকে দ্বিতীয় শুর বিবেচনা করি। প্রথম স্তরে, ও দ্বিতীয় স্তরে, আর একটা গ্রের্ডর প্রভেদ এই দেখিব যে, প্রথম স্তরে কৃষ্ণ ঈশ্বরাবতার বা বিষ্ণুর অবতার বলিয়া সচরাচর পরিচিত নহেন: নিজে তিনি আপনার দেবত্ব স্বীকার করেন না: এবং মান্ত্রী ভিন্ন দৈবী শক্তি দ্বারা কোন কম্ম সম্পন্ন করেন না। কিন্তু দ্বিতীয় স্তরে, তিনি স্পণ্টতঃ বিষ্ণুর অবতার বা নারায়ণ বলিয়া পরিচিত এবং অচিত: নিজেও নিজের ঈশ্বরত্ব ঘোষিত করেন: কবিও তাঁহার ঈশ্বরত্ব প্রতিপক্ষ করিবার জন্য বিশেষ প্রকারে যত্নশীল।

ইহা ভিন্ন মহাভারতে আরও এক শুর আছে। তাহাকে তৃতীয় শুর বলিতেছি।

ততীয় স্তর অনেক শতাব্দী ধরিয়া গঠিত হইয়াছে। যে যাহা যখন রচিয়া "বেশ রচিয়াছি" মনে করিয়াছে, সে তাহাই মহাভারতে প্রিরা দিয়াছে। মহাভারত পঞ্চম বেদ। এ কথার একটি গুঢ়ে তাৎপর্য্য আছে। চারি বেদে শুদ্র এবং স্ত্রীলোকের অধিকার নাই কিন্তু Mass Education লইয়া তকবিতক আজ নতেন ইংরেজের আমলে হইতেছে না। অসাধারণ প্রতিভাশালী ভারতব্বের প্রাচীন ঋষিরা বিলক্ষণ বৃত্তিয়াছিলেন যে, বিদ্যা ও জ্ঞানে স্বীলোকের ও ইতর লোকের, উচ্চ শ্রেণীর সঙ্গে সমান অধিকার। তাঁহারা ব্রিঝয়াছিলেন যে, আপামর সাধারণ সকলেরই শিক্ষা ব্যতীত সমাজের উন্নতি নাই। কিন্তু তাঁহারা আধ্বনিক হিন্দ্বদিগের মত প্রতিভাশালী পূর্বেপ্রুষদিগকে অবজ্ঞা করিতেন না[°] তাঁহারা "অতীতের সহিত বর্ত্তমানের বিচ্ছেদকে" বড ভয় করিতেন। পূর্ব্বপূর্বেরা বলিয়া গিয়াছেন যে, বেদে শুদু ও স্ত্রীলোকের অধিকার নাই।—ভাল, সে কথা বজায় রাখা যাউক। তাঁহারা ভাবিলেন, যদি এমন কিছ, উপায় করা যায় যে, যাহা শিথিবার, তাহা স্মীলোকে ও শ্রেরে বেদ অধ্যয়ন না করিয়াও এক স্থানে পাইবে, তবে সে কথা বজায় রাখিয়া চলা যায়। বরং যাহা সন্বর্জনমনোহর, এমন সামগ্রীর সঙ্গে যুক্ত হইয়া সর্বলোকের নিকট সে শিক্ষা বড় আদরণীয় হইবে। তিন শুরে সম্পূর্ণ যে মহাভারত এখন আমরা পড়ি তাহা রাজ্বণদিগের লোক-শিক্ষার উন্দেশে অক্ষয় কীর্তি।* কিন্ত এই কারণে ভালমন্দ অনেক কথাই ইহার ভিতর আসিয়া পড়িয়াছে। শান্তিপর্ব ও অনুশাসনিক পব্বের অধিকাংশ, ভীষ্মপব্বের শ্রীমন্তগবশ্গীতা পর্বাধ্যায়, বনপব্বের মার্কভেয়সমস্যা পর্বাধ্যায়, উদ্যোগপর্বের প্রজাগর পর্বাধ্যায়, এই তৃতীয় গুর-সঞ্চয় কালে রচিত বলিয়া বোধ হয়। পক্ষান্তরে আদিপব্বের শকন্তলোপাখ্যানের পূর্বের যে অংশ এবং বনপ্রের তীর্থযাত্রা পর্বাধ্যায় প্রভাত অপকৃষ্ট অংশও এই স্তর-গত।

এই তিন ন্তরের, নিন্দ্র অর্থাৎ প্রথম শুরই প্রাচীন, এই জনাই তাহাই মৌলিক বলিয়া গ্রহণ করা যাইতে পারে। যাহা সেখানে নাই, তাহা দ্বিতীয় বা তৃতীয় শুরে দেখিলে, তাহা কবিকল্পিত অনৈতিহাসিক ব্রান্ত বলিয়া আমাদিগের পরিত্যাগ করা উচিত।

ক্ষাশুদ্রবিজ্ঞবন্ধনাং করী ন প্রত্নতিগোচরা।
 ক্ষাপ্রেরসি মৃঢ়ানাং প্রের এবং ভবেদিহ।
 ইতি ভারতমাখ্যানং কৃপরা মর্নানা কৃতং—শ্রীমন্তাগবত। ১ ক্রা ৪অ। ২৫।

দ্বাদশ পরিচ্ছেদ—অনৈস্গিক বা অতিপ্রকৃত

এতদ্রে আমরা যে কথা পাইলাম, তাহা স্থ্লতঃ এই :—যে সকল গ্রন্থে কৃষ্ণকথা আছে. তাহার মধ্যে মহাভারত সন্ধ্পত্থবিত্তী। তবে, আমাদিগের মূধ্যে যে মহাভারত প্রচলিত, তাহার তিন ভাগ প্রক্ষিপ্ত; এক ভাগ মাত্র মোলিক। সেই এক ভাগের কিছ্ন ঐতিহাসিকতা আছে। কিন্তু, সেই ঐতিহাসিকতা কত্যকু?

এই প্রশেনর উত্তরে কেহ কেহ বলিবেন যে, সে বিচারে কিছ্মাত্র প্রয়োজন নাই। কেন না, মহাভারত ব্যাসদেবপ্রণীত; ব্যাসদেব মহাভারতের যুদ্ধের সমকালিক ব্যক্তি; মহাভারত সমসাময়িক

আখ্যান,—Contemporary History, ইহার মৌলিক অংশ অবশ্য বিশ্বাসযোগ্য।

এখন যে মহাভারত প্রচলিত, তাহাকে ঠিক সমসাময়িক গ্রন্থ বলিতে পারি না। আদিম মহাভারত ব্যাসদেবের প্রণীত হইতে পারে, কিন্তু আমরা কি তাহা পাইয়াছি? প্রক্ষিপ্ত বাদ দিলে যাহা থাকে, তাহা কি ব্যাসদেবের রচনা? যে মহাভারত এখন প্রচলিত, তাহা উগ্রন্থবাঃ সৌতি নৈমিষারণ্যে শৌনকাদি ঋষিদিগের নিকট বলিতেছেন। তিনি বলেন যে, জনমেজয়ের সপ্সারে বৈশম্পায়নের নিকট যে মহাভারত শানিয়াছিলেন, তাহাই তিনি ঋষিদিগের শানাইবেন। স্থানান্তরে কথিত হইয়াছে যে, উগ্রন্থবাঃ সৌতি তাহার পিতার কাছেই বৈশম্পায়ন-সংহিতা অধ্যয়ন করিয়াছিলেন। এক্ষণে মহাভারতে ব্যাসের জন্মব্তান্তের পর, ৬৩ অধ্যায়ে, বৈশম্পায়ন কর্তুকই কথিত হইয়াছে যে—

বেদানধ্যাপরামাস মহাভারতপঞ্চমান্। স্মুমস্থুং জৈমিনিং পৈলং শ্কেণ্ডেব স্বমাত্মজম্॥ প্রভূষবিরক্ষাে বরদাে বৈশম্পায়নমেব চ।

সংহিতাক্তঃ পৃথক্ষেন ভারতস্য প্রকাশিতাঃ।—আদিপর্বা ৬৩আ। ৯৫-৯৬। অর্থাৎ ব্যাসদেন, বেদ এবং পশুম বেদ মহাভারত স্মস্থ, জৈমিনি, পৈল, স্বীয় পত্ত শত্ত, এবং বৈশম্পায়নকে শিখাইলেন। তাঁহারা পৃথক্ পৃথক্ ভারতসংহিতা প্রকাশিতা করিলেন।

তাহা হইলে, প্রচালত মহাভারত বৈশম্পায়ন প্রণীত ভারতসংহিতা। ইহা জনমেজ্ঞরের সভার

প্রথম প্রচারিত হয়। জনমেজয়, পাশ্ডবদিগের প্রপৌত।

সে যাহা হউক. উপস্থিত মহাভারত আমরা বৈশস্পায়নের নিকটও পাইতেছি না। উগ্রপ্রবাঃ বিলতেছেন যে, আমি ইহা বৈশস্পায়নের নিকট পাইয়াছি। অথবা তাঁহার পিতা বৈশস্পায়নের নিকট পাইয়াছিলেন। উগ্রপ্রবাঃ যাহা বলিতেছেন, তাহা আমরা আর এক ব্যক্তির নিকট পাইতেছি। সেই ব্যক্তিই বর্ত্তমান মহাভারতের প্রথম অধ্যায়ের প্রণেতা, এবং মহাভারতের অনেক স্থানে তিনিই বক্তা।

তিনি বলিতেছেন নৈমিষারণ্যে শোনকাদি ঋষি উপস্থিত; সেখানে উগ্নপ্রথাঃ আসিলেন. এবং ঋষিগণের সঙ্গে উগ্নপ্রবাঃর এই ভারত সম্বন্ধে ও অন্যান্য বিষয়ে যে কথোপকথন হইল.

তাহাও তিনি বলিতেছেন।

তবে ইহা স্থির যে, (১) প্রচলিত মহাভারত আদিম বৈর্মিকী সংহিতা নহে। (২) ইহা বৈশম্পায়ন-সংহিতা বলিয়া পরিচিত, কিন্তু আমরা প্রকৃত বৈশম্পায়ন-সংহিতা পাইয়াছি কি না. তাহা সন্দেহ। তার পর প্রমাণ করিয়াছি যে, (৩) ইহার প্রায় তিন ভাগ প্রক্ষিপ্ত। অতএব আমাদের পক্ষে নিতান্ত আবশাক যে, মহাভারতকে কৃষ্ণচরিত্রের ভিত্তি করিতে গেলে অতি সাবধান হইয়া এই গ্রন্থের ব্যবহার করিতে হইবে।

সেই সাবধানতার জন্য আবশ্যক যে, যাহা অভিপ্রকৃত বা অনৈস্গিকি, তাহাতে আমরা বিশ্বাস

করিব না।

* ক্রৈমিনিভারতের নাম শ্রনিতে পাওয়া যায়। ইহার অশ্বমেধ-পূর্বে বেবর সাহেব দেখিয়াছেন। আর সকল বিলাপ্ত হইয়াছে। আশ্বলায়ন গ্রেস্কের আছে—শ্বন্মস্কুকৈমিনিবৈশশ্লায়নপল-স্ত্র-ভারত-মহাভারত-ধন্মাচার্যায়। তাহা হইলে স্মস্কুক্তকার, ক্রৈমিনি ভারতকার, বৈশশ্লায়ন মহাভারতকার, এবং পৈল ধন্মশালক্ষকার।

আমি এমন বলি না যে, আমরা যাহাকে অনৈসাগিক বলি, তাহা কাজে কাজেই মিথ্যা। আমি জানি যে, এমন অনেক নৈসাগিক নিয়ম আছে, যাহা আমরা অবগত নহি। যেমন একজন বন্যজাতীয় মন্বা, একটা ঘড়ি, কি বৈদান্তিক সংবাদতদ্বীকে অনৈসাগিক ব্যাপার মনে করিতে পারে, আমরাও অনেক ঘটনাকে সেইর্শ ভাবি। আপনাদিগের এর্শ অপ্ততা স্বীকার করিয়াও বিশেষ প্রমাণ ব্যতীত, কোন অনৈসাগিক ঘটনায় বিশ্বাস করিতে পারি না। কেন না, আপনার জ্ঞানের অতিরিক্ত কোন ঐশিক নিয়ম প্রমাণ ব্যতীত কাহারও স্বীকার করা কর্ত্বব্য নহে। যদি তোমাকে কেহ বলে, আমগাছে তাল ফলিতেছে দেখিয়াছি, তোমার তাহা বিশ্বাস করা কর্ত্বব্য নহে। তোমাকে বলিতে হইবে, হয় আমগাছে তাল দেখাও, নয় ব্র্মাইয়া দাও কি প্রকারে ইহা হইতে পারে। আর যে ব্যক্তি বলিতেছে যে, আমগাছে তাল ফলিয়াছে, সে ব্যক্তি যদি বলে, 'আমি দেখি নাই—শ্রনিয়াছি,' তবে অবিশ্বাসের কারণ আরও গ্রন্তর হয়। কেন না, এখানে প্রত্যক্ষ প্রমাণও পাওয়া গেল না। মহাভারতও তাই। অতিপ্রকৃতের প্রত্যক্ষ প্রমাণও পাইতেছি না।

বলিয়াছি যে, প্রত্যক্ষ প্রমাণ পাইলেও অতিপ্রকৃত হঠাৎ বিশ্বাস করা যায় না। নিজে চক্ষে দেখিলে হঠাৎ বিশ্বাস করা যায় না। কেন না, বরং আমাদিগের জ্ঞানেন্দ্রিয়ের দ্রান্তি সম্ভব; তথাপি প্রাকৃতিক নিয়মলঙ্ঘন সম্ভব নহে। ব্রুঝাইয়া যাও যে, যাহাকে অতিপ্রকৃত বলিতেছি, তাহা প্রাকৃতিক নিয়মলঙ্গত, তবে ব্রুঝিব। বন্যজ্ঞাতীয়কে ঘড়ি বা বৈদ্যাতিক সংবাদতক্ষী ব্রুঝাইয়া দিলে, সে ইহা অনৈস্থার্গক ব্যাপার বলিয়া বিশ্বাস করিবে না।

আর ইহাও বক্তব্য যে, যদি প্রীকৃষ্ণকে ঈশ্বরাবতার বলিয়া স্বীকার করা যায় (আমি তাহা করিয়া থাকি), তাহা হইলে, তাঁহার ইচ্ছায় যে কোন অনৈসগিক ব্যাপার সম্পাদিত হইতে পারে না, ইহা বলা যাইতে পারে না। তবে যতক্ষণ না প্রীকৃষ্ণকে ঈশ্বরাবতার বলিয়া প্রতিপন্ন করিতে পারা যায়, এবং যতক্ষণ না এমন বিশ্বাস করা যায় যে, তিনি মন্যা-দেহ ধারণ করিয়া ঐশী শক্তি দ্বারা তাঁহার অভিপ্রেত কার্য্য সম্পাদন করিতেন, ততক্ষণ আমি অনৈসগিক ঘটনা তাঁহার ইচ্ছা দ্বারা সিদ্ধ বলিয়া পরিচিত করিতে পারি না বা বিশ্বাস করিতে পারি না।

কেবল তাহাই নহে। যদি স্বীকার করা যায় যে, কৃষ্ণ ঈশ্বরাবতার, তিনি স্বেচ্ছাদ্রেমে অতিপ্রকৃত ঘটনাও ঘটাইতে পারেন, তাহা হইলেও গোল মিটে না। যাহা তাঁহার দ্বারা সিদ্ধ, তাহাতে যেন বিশ্বাস করিলাম, কিন্তু যাহা তাঁহার দ্বারা সিদ্ধ নহে, এমন সকল অনৈসার্গিক ব্যাপারে বিশ্বাস করিব কেন? সাল্ব অস্বর অন্তরীক্ষে সোভনগর স্থাপিত করিয়া যৃদ্ধ করিলা; বাণের সহস্র বাহ্; অশ্বত্থামা ব্রহ্মাশিরা অস্ত্র ত্যাগ করিলে তাহাতে ব্রহ্মাশিও দদ্ধ ইইতে লাগিলা; এবং পরিশেষে অশ্বত্থামার আদেশান্সারে, উত্তরার গর্ভন্থ বালককে গর্ভমধ্যে নিহত করিলা, ইত্যাদি বিষয়ে বিশ্বাস করিব কেন?

তার পর কৃষ্ণের নিজ-কৃত অনৈসগিক কম্মেও অবিশ্বাস করিবার কারণ আছে। তাঁহাকে ঈশ্বরাবতার বলিয়া স্বীকার করিলেও অবিশ্বাস করিবার কারণ আছে। তিনি মানবশরীর ধারণ করিয়া র্যাদ কোন অনৈসগিক কর্ম্ম করেন, তবে তাহা তাঁহার দৈবী বা ঐশী শক্তির দ্বারা। কিন্তু দৈবী বা ঐশী শক্তি দ্বারা যদি কর্ম্ম সম্পাদন করিবেন, তবে তাঁহার মানব-শ্বরীরধারণের প্রয়োজন কি? যিনি সন্বক্তা, স্বেশিক্তিমান্, ইচ্ছাময়—্যাঁহার ইচ্ছায় এই সমস্ত জীবের স্টিও ধ্বংস হইয়া থাকে, তিনি মন্বাশরীর ধারণ না করিয়াও কেবল তাঁহার ঐশী শক্তির প্রয়োগের দ্বারা, যে কোন অস্ক্রের বা মান্বের সংহার বা অন্য যে কোন অভিপ্রেত কার্য্য সম্পাদন করিতে পারেন। যদি দৈবী শক্তি দ্বারা বা ঐশী শক্তি দ্বারা কার্য্য নির্দ্ধাহ করিবেন, তবে তাঁহার মন্বাশরীরধারণের প্রয়োজন নাই। যদি ইচ্ছাময় ইচ্ছাপ্রেক মন্বাের শ্বরীরধারণ করেন, তবে দৈবী বা ঐশী শক্তির প্রয়োগ তাঁহার উদ্দেশ্য বা অভিপ্রেত হইতে পারে না।

তবে শরীরধারণের প্রয়োজন কি? এমন কোন কর্ম্ম আছে কি যে, জগদীশ্বর শরীরধারণ না করিলে সিদ্ধ হয় না?

ইহার উত্তরের প্রথমে এই আপত্তি উত্থাপিত হইতে পারে যে, জ্ঞাদীশ্বরের মানবশরীরধারণ কি সম্ভব?

প্রথমে ইহার মীমাংসা করা যাইতেছে।

विकास तहनावली

ন্তমোদশ পরিচ্ছেদ—ঈশ্বর প্রিথবীতে অবতীর্ণ হওয়া কি সম্ভব?

বস্তুতঃ কৃষ্ণচরিত্রের আলোচনার প্রথমেই কাহারও কাহারও কাছে এই প্রশ্নের উত্তর দিতে হয় যে, ঈশ্বর পৃথিবীতে অবতীর্ণ হওয়া কি সম্ভব? এ দেশের লোকের বিশ্বাস, কৃষ্ণ ঈশ্বরের অবতার। শিক্ষিতের বিশ্বাস যে, কথাটা অতিশয় অবৈজ্ঞানিক, এবং আমাদিগের খ্রীষ্টান উপদেশকদিগের মতে অতিশয় উপহাসের যোগ্য বিষয়।

এখানে একটা নহে, দুইটি প্রশ্ন হইতে পারে—(১) ঈশ্বর প্থিবীতে অবতীর্ণ হওয়া সম্ভব কি না, (২) তাহা হইলে কৃষ্ণ ঈশ্বরাবতার কি না। আমি এই দ্বিতীয় প্রশ্নের কোন উত্তর দিব না। প্রথম প্রশ্নের কিছু, উত্তর দিতে ইচ্ছা করি।

সোভাগ্যন্তমে আমাদিগের খ্রীষ্টীয়ান গ্রেদিগের সঙ্গে আমাদিগের এই স্থ্র কথা লইয়া মৃতভেদ্ হইবার সম্ভাবনা নাই। তাহাদিগকে ঈশ্বরের অবতার সূত্রব বালিয়া মানিতে হয়, নহিলে

যিশ্ব টিকেন না। আমাদিগের প্রখান বিবাদ দার্শনিক ও বৈজ্ঞানিকদের সঙ্গে।

ই'হাদিগের মধ্যে অনেকে এই আপত্তি করিবেন, যেখানে আদৌ ঈশ্বরের অস্তিছের প্রমাণাভাব, সেখানে আবার ঈশ্বরের অবতার কি? যাঁহারা ঈশ্বরের অস্তিছ অস্বীকার করেন, আমরা তাঁহাদিগের সঙ্গে কোন বিচার করি না। তাঁহাদের ঘ্লা করিয়া বিচার করি না, এমত নহে। তবে জানা আছে যে, এ বিচারে কোন পক্ষের উপকার হয় না। তাঁহারা আমাদের ঘ্লা করেন, তাহাতে আপত্তি নাই।

তাহার পর আর কতকগর্নল লোক আছেন যে, তাঁহারা ঈশ্বরের অস্তিত্ব স্বীকার করেন, কিন্তু তাঁহারা বালিবেন, ঈশ্বর নিগর্ম। সগ্মণেরই অবতার সম্ভব। ঈশ্বর নিগর্মি, সম্তরাং তাঁহার অবতার অসম্ভব।

এ আপত্তিরও আমাকে বড় সোজা উত্তর দিতে হয়। নিগ্র্ল ঈশ্বর কি, তাহা আমি ব্রবিতে পারি না, স্তরাং এ আপত্তির মীমাংসা করিতে সক্ষম নহি। আমি জানি য়ে, বিস্তর পশ্ডিত ও ভাব্রক ঈশ্বরকে নিগ্র্ল বলিরাই মানেন। আমি পশ্ডিতও নহি, ভাব্রকও নহি, কিন্তু আমার মনে মনে বিশ্বাস য়ে, এই ভাব্রক পশ্ডিতগণও আমার মত, নিগ্র্ল ঈশ্বর ব্রিতে পারেন না। কেন না, মনুষোর এমন কোন চিত্তবৃত্তি নাই, ষশ্বারা আমরা নিগ্র্ল ঈশ্বর ব্রবিতে পারি না। কেন না, মনুষোর এমন কোন চিত্তবৃত্তি নাই, বশ্বারা আমরা নিগ্র্ল ঈশ্বর ব্রবিতে পারি। ঈশ্বর নিগ্র্ল হইলে হইতে পারেন, কিন্তু আমরা নিগ্র্ল ব্রবিতে পারি না, কেন না, আমাদের সে শক্তি নাই। শর্থে বলিতে পারি বটে য়ে, ঈশ্বর নিগ্র্ল, এবং এই কথার উপর একটা দর্শনশাস্ব গড়িতে পারি, কিন্তু যাহা কথার বলিতে পারি, তাহা য়ে মনে ব্রিঝ, ইহা আনিশ্বত। "চতুন্কোল গোলক" বলিলে আমাদের রসনা বিদীণ হয় না বটে, কিন্তু "চতুন্কোল গোলক" মানে ত কিছ্ই ব্রিলাম না। তাই হর্বট স্পেন্সর এত কাল পরে নিগ্র্ল ঈশ্বর ছাড়িয়া দিয়া সগ্রুলেরও অপেক্ষা য়ে সগ্র্ল ঈশ্বর ("Something higher than personality") তাহাতে আসিয়া পড়িয়াছেন। অতএব আইস, আমরাও নিগ্র্ল ঈশ্বরের কথা ছাড়িয়া দিই। ঈশ্বরকে নিগ্রেণ বলিলে প্রভা, বিধাতা, পাতা, গ্রাণকর্তা কাহাকেও পাই না। এমন ঝক্মারিতে কাজ কি?

ষাঁহারা সগম্গ ঈশ্বর স্বীকার করেন, তাঁহাদেরও ঈশ্বর প্রথিবীতে অবতীর্ণ হওয়ার সম্ভাবনা স্বীকার পক্ষে অনেকগম্ভি আপত্তি আছে। এক আপত্তি এই যে, ঈশ্বর সগম্গ হউন, কিন্ত

নিরাকার। যিনি নিরাকার, তিনি আকার ধারণ করিবেন কি প্রকারে?

উত্তরে, জিল্জাসা করি, বিনি ইচ্ছামর এবং সর্ব্বশক্তিমান্, তিনি ইচ্ছা করিলে নিরাকার হইলেও আকার ধারণ করিতে পারেন না কেন? তাঁহার সর্ব্বশক্তিমন্তার এ সীমানিন্দেশি কর কেন? তবে কি তাঁহাকে সর্ব্বশক্তিমান্ বলিতে চাও না? বিনি এই জড় জগংকে আকার প্রদান করিয়াছেন, তিনি ইচ্ছা করিলে নিজে আকার গ্রহণ করিতে পারেন না কেন?

^{* &}quot;Our conception of the Deity is then bounded by the conditions which bound all human knowledge and therefore we cannot represent the Deity as he is, but as he appears to us."—Mansel, Metaphysics, p. 384.

বাঁহারা এ আপত্তি না করেন, ভাঁহারা বাঁলভে পারেন ও বলেন বে, যিনি সর্বশিক্তিমান্, তাঁহার জগং-শাসনের জন্য, জগতের হিত জন্য, মন্যাকলেবর ধারণ করিবার প্রয়োজন কি? বিনি ইচ্ছাদ্রমেই কোটি কোটি বিশ্ব স্ট ও বিধন্ত করিতেছেন, রাবণ কুডকর্গ কি কংস শিশন্পাল-বথের জন্য তাঁহাকে নিজে জম্মগ্রহণ করিতে হইবে, বালক হইয়া মাতৃত্তন্য পান করিতে হইবে, ক, থ, গ, ঘ শিখিয়া শাস্থাধারন করিতে হইবে, তাহার পর দীর্ঘ মন্যা জীবনের অপার দ্বঃখ ভোগ করিয়া শেবে স্বয়ং অস্থারশ করিয়া, আহত বা কখন পরাজিত হইয়া, বহনায়াসে দ্বাত্থাদের বধসাধন করিতে হইবে, ইছা অতি অপ্রাজের কথা।

যাঁহারা এইর্প আপত্তি করেন, তাঁহাদের মনের ভিতর এমনি একটা কথা আছে যে, এই মন্যা-জন্মের যে সকল দৃঃখ-গভে অবস্থান, জন্ম, ন্তনাপান, শৈশন, শিক্ষা, জর, পরাজর, জরা, মরণ, এ সকলে আমরাও বেমন কন্ট পাই, ঈশ্বরও ব্বি সেইর্প। তাহাদিগের স্কুল ব্রিজতে এট্বকু আসে না যে, তিনি স্থদ্ঃখের অতীত,—তাঁহার কিছুতেই দৃঃখ নাই, কন্ট নাই। জগতের স্জন, পালন, লয়, যেমন তাঁহার লীলা (Manufestation), এ সকল তেমনি তাঁহার লীলামাত্র হইতে পারে। তুমি বলিতেছ, তিনি মৃহ্ত্রমধ্যে যাহাদিগকে ইচ্ছান্তমে সংহার করিতে পারেন, তাহাদের ধ্বংসের জন্য তিনি মন্যা-জীবন-পরিমিত কাল ব্যাপিয়া আয়াস পাইবেন কেন? তুমি ভুলিয়া যাইতেছ যে, যাঁহার কাছে অনন্ত কালও পালক মাত্র, তাঁহার কাছে মৃহ্তের্ধ ও মন্যা-জীবন-পরিমিত কালে প্রভেদ কি?

তবে এই যে অস্বেরথ কথাটা আমরা বিষ্ক্র অথতার সম্বন্ধে অনেক দিন হইতে স্ব্রাণাদিতে শ্নিরা আসিতেছি, এ কথা শ্নিরা অনেকের অবতার সম্বন্ধে অনাস্থা হইতে পারে বটে। কেবল একটা কংস বা শিশ্পাল মারিবার জন্য যে স্বয়ং ঈশ্বরকে ভূতলে মানবর্গে জন্মগ্রহণ করিতে হইবে, ইহা অসম্ভব কথা বটে। যিনি অনন্তশিক্তমান্, তাঁহার কাছে কংস শিশ্পালও যে, এক ক্ষ্র পতঙ্গও সে। বাস্তবিক যাহারা হিন্দ্ব্ধম্মের প্রকৃত মন্ম গ্রহণ করিতে না পারে, তাহারাই মনে করে যে, অবতারের উন্দেশ্য দৈত্য বা দ্রাত্মাবিশেষের নিধন। আসল কথাটা, ভগবলগীতায় অতি সংক্ষেপে বলা হইতেছে:—

"পরিত্রাণায় সাধ্নাং বিনাশার চ দক্তেতাম্। ধর্মসংরক্ষণার্থায় সম্ভবামি বুলো যুগো॥"

এ কথাটা অতি সংক্ষিপ্ত। "ধর্ম্মসংরক্ষণ" কি কেবল দুই একটা দুরাখ্যা বধ করিলেই হয়? ধর্ম্ম কি? তাহার সংরক্ষণ কি কি প্রকারে হইতে পারে?

আমাদিগের শারীরিক ও মার্নাসিক বৃত্তি সকলের সর্ব্বাঙ্গীল স্ফ্র্তি ও পরিণতি, সামঞ্জস্য ও চরিতার্থতা ধর্ম্ম। এই ধর্ম্ম অনুশীলনসাপেক্ষ, এবং অনুশীলন কর্ম্মাপেক্ষ।* অতএব ক্ষর্মই ধন্মের প্রধান উপায়। এই কর্মাকে স্বধান্মপালন (Duty) বলা যায়।

মন্যা কতকটা নিজ রক্ষা, ও বৃত্তি সকলের বশীভূত হইরা স্বতঃই কন্মে প্রবৃত্ত হয়। কিন্তু বে কন্মের বারা সকল বৃত্তির সন্ধান্তীণ স্ফৃত্তি ও পরিগতি, সামঞ্জস্য ও চরিতার্ম্বান্তার দেই, তাহা দ্রবৃহ। বাহা দ্রবৃহ, তাহার শিক্ষা কেবল উপদেশে হয় না—আদর্শ চাই। সম্পূর্ণ ধন্মের সম্পূর্ণ আদর্শ ঈশ্বর ভিন্ন আর কেহ—নাই। কিন্তু নিরাকার ঈশ্বর আন্ধানের আদর্শ হইতে পারেন না। কেন না, তিনি প্রথমতঃ অলবীরী, লারীরিকবৃত্তিশ্না; আমরা শরীরী, লারীরিক বৃত্তি আমাদের ধন্মের প্রধান বিঘা। বিভীয়তঃ তিনি অনন্ধ, আমরা সাস্ত, অতি ক্ষুদ্র। অতএব বিদ ঈশ্বর স্বয়ং সান্ত ও শরীরী হইরা লোকালরে দর্শন দেন, তবে সেই আদর্শের আলোচনার বন্ধার্থ ধন্মের উর্বাত হইতে পারে। এই জনাই ঈশ্বরাবতারের প্ররোজন। মন্যা কার্ম জানে না; কম্ম কির্পে করিলে ধন্মে পরিণত হয়, তাহা জানে না; ঈশ্বর স্বয়ং অরভার হইলে সে শিক্ষা হইনার বেলা সভাবনা। এমত স্থলে ঈশ্বর জাবৈর প্রতি কয়্শা লারীর ধারণ করিবেন, ইছার অসক্করনা কি?

এ করা আমি গড়িয়া বলিতেছি না। ভগৰাপীতার ভগবদ্ভির তাংপর্যাও এই প্রকার।

তালাদশক্তঃ সভতং কার্যাং কর্মা সমাচর।

অসক্তো হাচরন্ কর্মা সমাচর।
১১।

भरकृष्ठ और यदमात्र याग्याः सम्बंधिक्तृ रहन्।

ক্ষাদৈৰ হি সংসিদ্ধিমান্থিত। জনকাদয়:।
লোকসংগ্ৰহমেবাপি সংস্পান্ কর্ত্ত্ব্মহাসা। ২০।
বদ্যদাচরতি শ্রেণ্টন্তন্তেলোকস্তদন্বর্ত্তে॥ ২১।
ন মে পার্থান্তি কর্ত্ত্বাং চিষ্ট্লোকের্ কিণ্ডন।
নানাবাপ্তমবাপ্তব্যং বর্ত্ত এব চ কর্মাণ। ২২।
যদি হাহং ন বর্ত্তেরং জাতু ক্মাণ্ডাস্টিভঃ।
মম বর্ত্তান্বর্ত্তে মন্বাঃ পার্থ স্বর্ণাঃ না। ২৩।
উৎসীদের্ত্বিমে লোকা ন কুর্যাং ক্মা চেদহুম্
সক্বস্য চ কর্ত্তা স্যাম্পহন্যামিমাঃ প্রজাঃ॥ ২৪। গীতা, ৩ অ।

"প্রব্ধ আসন্তি পরিত্যাগ করিয়া, কর্মান্স্টান করিলে মোক্ষলাভ করেন; ঋতএব তুমি আসন্তি পরিত্যাগ করিয়া কর্মান্স্টান কর, জনক প্রভৃতি মহাত্মাগণ কর্মা দ্বারাই সিন্ধিলাভ করিয়াছেন। শ্রেষ্ঠ ব্যক্তি বে আচরণ করেন, ইতর ব্যক্তিরা ভাহা করিয়া থাকে, এবং তিনি যাহা মান্য করেন, তাহারা ভাহারই অনুষ্ঠান অন্বত্তী হয়। অতএব তুমি লোকদিগের ধর্মারক্ষণার্থ কর্মান্স্টান কর। দেখ, হিছুবনে আমার কিছুই অপ্রাপ্য নাই, স্ত্রাং আমার কোন প্রকার কর্ত্বব্যও নাই, তথাপি আমি কর্মান্স্টান করিতেছি । বাদ আমি আলস্যহীন হইয়া কখন কর্মান্স্টান না করি, তাহা হইলে, সম্পায় লোকে আমার অন্বত্তী হইবে, অতএব আমি কর্মান্স্টান না করি, তাহা হইলে, সম্পায় লোকে আমার অন্বত্তী হইবে, অতএব আমি কর্মান্স্টান না করি, তাহা হইলে, হইয়া যাইবে, এবং আমি বর্ণসঙ্কর ও প্রজ্ঞাগণের মলিন্তার হেতু হইব।"

কালীপ্রসন্ন সিংহের অনুবাদ।

সেশ্বর বৈজ্ঞানিকদিগের শেষ ও প্রধান আপত্তির কথা এখনও বলি নাই। তাঁহারা বলেন যে, ঈশ্বর আছেন সতা, এবং তিনি প্রন্থা ও নিয়ন্তা, ইহাও সত্য। কিন্তু তিনি গাড়ীর কোচমানের মত স্বহস্তে রাশ ধরিয়া বা নৌকার কর্ণধারের মত স্বহস্তে হাল ধরিয়া এই বিশ্বসংসার চালান না। তিনি কতকগ্নলি অচল নিয়ম সংস্থাপন করিয়া দিয়াছেন জগং তাহারই বশবত্তী হইয়া চালিতেছে। এই নিয়মগ্নলি অচলও বটে, এবং জগতের স্থিতিপক্ষে যথেণ্টও বটে। অতএব ইহার মধ্যে ঈশ্বরের স্বয়ং হস্তক্ষেপণ করিবার স্থানও নাই প্রয়োজনও নাই। স্বতরাং ঈশ্বর মানব-দেহ ধারণ করিয়া যে ভূমণ্ডলে অবতীর্ণ হইবেন, ইহা অগ্রদ্ধের কথা।

ঈশ্বর বে ক্তকগুলি অচল নিয়ম সংস্থাপন করিয়া দিয়াছেন, জগং তাহারই বশবতী হইয়া हर्ला. এ कथा मानि। সেইগ্রাল জগতের রক্ষা ও পালন পক্ষে যথেন্ট, এ কথাও মানি। কিন্তু সেগ্रीम আছে বीन हा य श्रेषातत निष्मत कान काष्मत श्वान ও প্রয়োজন নাই, এ কথা कि প্রকারে সিদ্ধ হয়, বৃথিতে পারি না। জগতের কিছুই এমন উন্নত অবস্থার নাই যে যিনি সম্পাতিমান, তিনি ইচ্ছা করিলেও তাহার আর উম্লতি হইতে পারে না। জ্বাগতিক ব্যাপার আলোচনা করিয়া, বিজ্ঞানশান্দের সাহায্যে ইহাই ব্রবিতে পারি যে, জগং ক্রমে অসম্পূর্ণ ও অপরিণতাকস্থা হইতে সম্পূর্ণ ও পরিণতাকস্থায় আসিতেছে। ইহাই জগতের গতি এবং এই পতিই জ্বগৎকত্তার অভিপ্রেত বলিয়া বোধ হয়। তার পর, জগতের বর্ত্তমান অবস্থাতে এমন কিছ, দেখি না যে, তাহা হইতে বিবেচনা করিতে পারি বে, জগং চরম উল্লতিতে পৌছিয়াছে। এখনও জ্বীবের সংখের অনেক বাকি আছে, উন্নতির বাকি আছে। বদি তাই বাকি আছে, তবে जिन्नरत्तत्र इन्हरूकभरणत् वा कार्यात्र जान वा श्रासाकन नाटे रूपने प्रकार बका, भागन धराप्त ভিত্র জগতের আর একটা নৈসগিক কার্যা আছে.—উল্লভি। মনুষ্যের উল্লভির মূল, ধন্মের উমতি। ধন্মের উমতিও ঐশিক নিয়মে সাধিত হইতে পারে; ইহাও স্বীকার করি। কিন্তু কেবল নিয়মফলে বত দরে ভাহার উল্লেভি হইতে পারে, ঈশ্বর কোন কালে স্বরং অবভীর্শ হইলে তাহার অধিক উন্নতি সিদ্ধ হইতে পারে না, এমত ব্রন্ধিতে পারি না । এবং এর প অধিক উন্নতি বে তাঁহার অভিপ্রেত নহে, তাহাই বা কি প্রকারে বলিব?

^{*} কৃষ্ণ অর্থাৎ বিনি শরীরধারী ঈশ্বর, তিনি এই কথা, বিশতেছেন।

আপতিকারকেরা বলেন বে, নৈস্থিকি বে সকল নিয়ম, তাহা ঈশ্বরকৃত হইলেও ভাইা অতিকান্ত্রিক জগতে কোন কাজ হইতে দেখা বায় না। এজনা এ সকল অতিকান্ত কিয়া (Miracle) মানিতে পারি না। ইহার ন্যাব্যতা স্বীকার করি; তাহার কারণও প্রশ্পরিক্রেদে নিন্দিত করিয়াছি। আমাকে ইহাও বলিতে হয় যে, এর্প অনেক ঈশ্বরাবতারের প্রবাদ আছে যে, তাহাতে অবতার অতিপ্রকৃতের সাহাযোই স্বকার্য্য সম্পান্ন করিয়াছেন। খ্রীণ্ট অবতারের এর্প আকে কথা আছে। কিন্তু খ্রীণ্টের পক্ষসমর্থনের ভার খ্রীণ্টানদিগের উপরই থাকুক। আরও, বিকার অবতারের মধ্যে মংস্যা, ক্র্মা, বরাহ, ন্সিংহ প্রভৃতির এইর্প কার্য্য ভিন্ন অবতারের উপাদান আর কিছ্ই নাই। এখন, ব্লিমান্ পাঠককে ইহা বলা বাহ্না যে, মংস্যা, ক্র্মা, বরাহ, ন্সিংহ প্রভৃতি উপন্যাসের বিষয়ীভূত পদ্বাদের, ঈশ্বরাবতারত্বের যথার্থ দাবি দাওয়া কিছ্ই নাই। গ্রন্থান্তরে দেখাইব যে, বিকার দশ অবতারের কথাটা অপেকাকৃত আধ্নিক, এবং সম্প্রন্থিতে উপন্যাস-ম্লেক। সেই উপন্যাসগ্যলিও কোথা হইতে আসিয়াছে, তাহাও দেখাইব। সত্য বটে, এই সকল অবতার প্রয়াণ কীর্ত্তিত আছে, কিন্তু প্রয়াণে যে অনেক জলীক উপন্যাস স্থান পাইয়াছে, তাহা বলা বাহ্না। প্রকৃত বিচারে শ্রীকৃষ্ণ ভিন্ন আর কাহাকেও ঈশ্বরের অবতার বলিয়া স্বীকার করা যাইতে পারে না।

কৃষ্ণের যে বৃদ্ধান্তট্নুকু মৌলিক, তাহার ভিতর অতিপ্রকৃতের কোন সহায়তা নাই। মহান্তারত ও প্রোণসকল, প্রক্ষিপ্ত ও আধ্নিক নিজ্জ্মা রাক্ষণিদঙ্গের নির্পক রচনার পরিপ্র্ণ, এজন্য অনেক ছলে কৃষ্ণের অতিপ্রকৃতের সাহায্য গ্রহণ করা উক্ত হইরাছে। কিন্তু বিচার করিয়া দেখিলে জানা যাইবে যে, সেগ্রিল মূল গ্রন্থের কোন অংশ নহে। আমি ফুমে সে বিচারে প্রবৃত্ত হইব, এবং যাহা বলিতেছি, তাহা সপ্রমাণ করিব। দেখাইব যে, কৃষ্ণ অতিপ্রকৃত কার্ব্যের স্বারা, বা নৈস্গিক নিরমের বিলঞ্জন স্বারা, কোন কার্য্য সম্পন্ন করেন নাই। অতএব সে আপত্তি কৃষ্ণ সম্বন্ধে খাটিবে না।

আমরা যাহা বলিলাম, কেবল তাহা আমাদের মত, এমন নহে। প্রাণকার খাষিদিগেরও সেই মত, তবে লোকপরম্পরাগত কিম্বদন্তীর সত্যমিথ্যানিব্যাচন-পদ্ধতি সে কালে ছিল না বলিয়া অনেক অনৈস্থিকি ঘটনা প্রাণেতিহাসভক্ত হইয়াছে।

বিষ্ণ-পারাশে আছে.—

মন্যধশ্মশিলস্য লীলা সা জগতঃ পতেঃ।
অস্থান্যনেকর্পানি যদরাতিষ্ মন্পতি॥
মনসৈব জগংস্থিং সংহারও করোতি ষঃ।
তস্যারিপক্ষকপনে কোহরমন্দামবিস্তরঃ॥
তথাপি যো মন্য্যাণাং ধশ্মস্তমন্বর্ততে।
কুর্বন্ বলবতা সন্ধিং হীনৈর্মন্ধাং করোত্যসৌ॥
সাম চোপপ্রদানও তথা ভেদং প্রদর্শরন্।
করোতি দশ্ডপাতও কচিদ্রে পলারনম্॥
মন্য্যদেহিনাং চেন্টামিত্যেবমন্বর্ততঃ।

লীলা জগৎপতেন্তসা ছন্দতঃ সংপ্রবর্ততে।—৫ অংশ, ২২ অধ্যার, ১৪-১৮
"জগৎপতি হইরাও যে তিনি শনুদিগের প্রতি অনেক অন্দ্রনিক্ষেপ করিলেন, ইহা তিনি
মন্যাধর্মশালীল বলিরা তাঁহার লীলা। নহিলে যিনি মনের দ্বারাই জগতের স্থিত ও সংহার
করেন, অরিক্ষর জন্য তাঁহার বিন্তর উদ্যম কেন? তিনি মন্যাদিগের ধন্মের অনুবর্ত্তী, এজনা
তিনি বলবানের সঙ্গে সনি এবং হীনবলের সঙ্গে যুদ্ধ করেন, সাম, দান, ভেদ প্রদর্শক
দক্ষপাত করেন কখনও পলায়নও করেন। মন্যাদেহীদিগের ক্রিয়ার অন্বর্ত্তী সেই জগৎপতির
এইর্শ্ন জীলা ভাঁহার ইজ্ঞান্সারে ঘটনাছিল।"

আমি ঠিক এই কথাই বলিডেছিলাম। ভরসা করি, ইহার পর কোন পাঠক বিশ্বাস করিবেল না বে. ক্লম মন্যবাদেহে অভিযান কাশক্তির শ্বারা কোন কার্য্য সম্পাদন করিরাছিলেন।*

[&]quot;It is true that in the Epic poems Rama and Krishna appear as incarnations of Vishnu, but they at the same time come before us as human heroes, and these

অভনৰ বিচারের ছতীয় নিরম সংস্থাপত হইল।

্রতিচারের নিরম ভিনটি প্রনর্থার ক্ষরণ করাই :--

- ১। বাহা প্রক্রিন্ত বলিরা প্রমূপ করিব, তাহা পরিত্যাগ করিব।
- ২। বাহা অতিপ্রকৃত, তাহা পরিত্যাগ করিব।
- ৩। বাহা প্রক্রিও নর, বা অতিপ্রকৃত নর, তাহা যদি অন্য প্রকারে মিথ্যার লক্ষণযুক্ত দেখি, তবে তাহাও পরিত্যাগ করিব।

Бष्ट्रण्यं श्रीबद्धम-श्रुवाश

মহাভারতের ঐতিহাসিকতা সম্বন্ধে বাহা বলিয়াছি, তার পর প্রোণ সম্বন্ধে আমাদের কিছ্ন বন্ধব্য আছে।

প্রেল সম্বন্ধেও দুই রকম শ্রম আছে,—দেশী ও বিলাতী। দেশী শ্রম এই যে, সমন্ত প্রোলগ্রিট এক ব্যক্তির রচনা। বিলাতী শ্রম এই বে, এক একথানি প্রেল এক ব্যক্তির রচনা। আলে দেশী কথাটার সমালোচনা করা যাউক।

অন্টাদল প্রোল যে এক ব্যক্তির রচিত নহে, তাহার কতকগুলি প্রমাণ দিতেছি;—

১ম,—এক ব্যক্তি এক প্রকার রচনাই করিরা থাকে। বেমন এক ব্যক্তির হাতের লেখা পাঁচ রকম হর না, তেমনই এক ব্যক্তির রচনার গঠন ভিন্ন ভিন্ন প্রকার হর না। কিন্তু এই অন্টাদশ প্রাদের রচনা আঠার রকম। কখনও তাহা এক ব্যক্তির রচনা নহে। যিনি বিশ্পের্লাপ ও ভাগবতপ্রাণ পাঠ করিয়া বলিবেন, দ্ইই এক ব্যক্তির রচনা হইতে পারে, তাহার নিকট কোন প্রকার প্রমাণ প্রয়োগ করা বিভন্ননা মাত্র।

২য়,—এক ব্যক্তি এক বিষয়ে অনেকগানি গ্রন্থ লেখে না। যে অনেকগানি গ্রন্থ লেখে, সে এক বিষয়ই পানঃ পানঃ গ্রন্থ হইতে গ্রন্থান্তরে বিগতি বা বিবৃত করিবার জনা গ্রন্থ লেখে না। কিন্তু অন্টাদশ পারালে দেখা যায় যে, এক বিষয়ই পানঃ পানঃ ভিন্ন ভিন্ন পারালে সবিস্তারে কথিত হইয়াছে। এই কৃষ্ণচিরহই ইহার উদাহরণ স্বর্প লওয়া যাইতে পারে। ইহা রক্ষপারাশের পান্ধভাগে আছে, আবার বিষ্ণারাশের ওম অংশে আছে, বায়াপারালে আছে, শ্রীমন্তাগবতে ১০ম ও ১১শ স্ক্রে আছে, রক্ষাবৈত্ত পারালের ৩য় খণ্ডে আছে, এবং পান ও বামনপারাণে

two characters (the divine and the human) are so far from being inseparably blended together, that both of these heroes are for the most part exhibited in no other light than other highly gifted men—acting according to human motives and taking no advantage of their divine superiority. It is only in certain sections which have been added for the purpose of enforcing their divine character that they take the character of Vishnu. It is impossible to read either of these two poems with attention, without being reminded of the later interpolation of such sections as ascribe a divine character to the heroes, and of the unskilful manner in which these passages are often introduced and without observing how loosely they are connected with the rest of the narrative, and how unnecessary they are for its progress." Lassen's Indian Ardiquities quoted by Muir.

"In other places (see engaging engaging feet) the divine nature of Krishna is less decidedly affirmed, in some it is disputed or denied; and in most of the situations he is explicited in action, as a prince and warrior, not as a divinity. He exercises no superhuman faculties in defence of himself, or his friends, for in the defeat and destruction of his foes. The Mahabharata, however, is the work of various periods, and requires to be read through carefully and critically, before its weight as an authority, can be accurately appreciated." Wilson, Preface to the Vishes Parange.

ও ক্র্যুগর্মণ সংক্ষেপে আছে। এইর্প অন্যান্য বিষয়েরও বর্ণনা প্রাঃ প্রাঃ করন ভিন্ন ভিন্ন প্রাংগ আছে। এক রাভিন্ন লিখিত ভিন্ন ভিন্ন প্রকের এর্প ঘটনা অসম্ভব।

তর, আর যদি এক ব্যক্তি এই অন্টাদশ প্রোদ লিখিরা থাকে, তাহা ইইলে, ভানধ্যে গ্রেব্ডর বিরোধের সভাবনা কিছু থাকে না। কিছু অন্টাদশ প্রোশের মধ্যে, মধ্যে মধ্যে, এইর্শ গ্রে্ডর বির্দ্ধ ভাব দেখিতে পাওরা যায়। এই কৃষ্ণচরিত্র ভিন্ন ভিন্ন প্রাদে ভিন্ন প্রদরে বিশিত হইরাছে। সেই সকল বর্ণনা প্রদপর সক্ষত নহে।

৪র্থ-বিষ্ণুপুরাণে আছে;-

আখ্যা নৈশ্চাপন্পাখ্যানৈগাথাডিঃ কলপশ্দিভি।
পর্বাণসংহিতাং চক্রে পর্বাণাথিবিশারদঃ॥
প্রাণসংহিতাং তলৈ দুলো বৈ লোমহর্ষণঃ।
প্রাণসংহিতাং তলৈ দুদো ব্যাসো মহামুনিঃ॥
স্মতিশ্চাগ্রবর্চাণ্ড মিত্রর্ঃ শাংশপারনঃ।
অক্তর্নোহথ সাবণিঃ বট্ শিষান্তিস্য চাভবন্॥
কাশ্যপঃ সংহিতাকভা সাবণিঃ শাংশপারনঃ।
লোকহর্ষণিকা চান্যা তিস্পাং ম্লসংহিতা॥
বিষ্কুপুর্যণ, ৩ অংশ, ৬ অধ্যার, ১৬-১৯ শ্লোক।

পর্রাণাথবিং (বেদব্যাস) আখ্যান, উপাখ্যান, 'গাথা ও কলপশ্বন্ধি দ্বারা প্রাপসংহিতা করিয়াছিলেন। লোমহর্ষণ নামে স্ত বিখ্যাত ব্যাসশিষ্য ছিলেন। ব্যাস মহাম্নি তাঁছাকে প্রালসংহিতা দান করিলেন। স্মতি, অত্যিবর্জা, মিত্রর্, লাংশপায়ন, অকৃতরুল, সাবশি— তাঁহার এই ছয় শিষ্য ছিল। (তাহার মধ্যে) কাশ্যপ, সাবণি ও শাংশপায়ন সেই লোমহর্ষণিকা মূল সংহিতা হইতে তিনথানি সংহিতা প্রস্তুত করেন।

প্রশ্চ ভাগবতে আছে;--

ব্যারন্ণিঃ কশাপশ্চ সাবণিরিক্তবলঃ।
শিংশপায়নহারীতো বড়ৈর পোরাণিকা ইমে॥
অধীরস্ত ব্যাসিশিব্যাৎ সংহিতাং মংপিতৃমন্থাৎ।*
একৈকামহমেতেষাং শিষাঃ সন্ধাঃ সমধ্যগাম্॥
কশ্যপোহহণ্ড সাবণী রামশিষ্যোহকৃতবলঃ।
অধীমহি ব্যাসশিষ্যাক্ষারো ম্লসংহিতাঃ॥

শ্রীমস্তাগবত, ১২ কল্ক, ৭ অধ্যান, ৪-৬ শ্লোক। ব্রস্থ্যার শি, কাশ্যপ, সাবণি, অকৃতক্রা, শিংশপায়ন, হারীত, এই ছয় পৌরাণিক।

বার্প্রাণে নামগ্রি কিছু ভিন্ন,— আরেয়ঃ স্মতিধীমান্ কাশ্যপোহং কৃতরশঃ।

প্নশ্চ আগ্নপর্রাণে;—

প্রাপ্য ব্যাসাং প্রোণাদি স্তো বৈ লোমহর্ষণঃ। স্মাতিশ্চাগ্নিকচাশ্চ মিরার্; শাংসপায়নঃ॥ কৃতরতোহথ সাবণি; বট্ শিষ্যাস্তুস্য চাভবন্। শাংসপায়নাদয়শচকু; প্রাণানান্তু সংহিতাঃ॥

এই সকল বচনে জানিতে পারা যাইতেছে বে, একদবার প্রচলিত জন্টাদশ প্রাদ বেশবাক-প্রশীত নহে। তাঁহার শিষ্য প্রশিষ্যাদশ প্রাদ-সংহিতা প্রশান করিয়াছিলেন, তাহাও একদে প্রচলিত নাই। যাহা প্রচলিত আছে, তাহা কাহার প্রশীত, কবে প্রশীত হইরাছিল, তাহার কিছুই ক্রিকা নাই।

^{😕 🌂} ভাগৰতের বস্তুণ ব্যালসূত্র শ্বনদেব। প্রেশপায়নহারীতোশ ইতি পাঠাতরও আছে। 😘 🏋

্রাক্তনে ইউরোপীর্দাণের যে সাধারণ শ্রম, তাহার বিষয়ে কিছু কলা যাউক। ইউরোপীর পশিতিদিশার শ্রম এই বে, তাহারা মনে করেন যে, একও থানি প্রেলা একও ব্যক্তির বিশিষ্ট এই প্রমের বশীভূত হইরা তাহারা বর্ত্তমান প্রোগ সকলের প্রণয়নকাল নির্পণ করিতে বসেন। বর্ত্তে কোনও প্রোগান্তগতি সকল ব্তান্তগর্লি এক ব্যক্তির প্রণীত নহে। বর্ত্তমান প্রাণ সকল সংগ্রহ মার। যাহা সংগৃহীত হইরাছে, তাহা ভিন্ন সমরের রচনা। কথাটা একট্ব সাবিভারে ব্র্থাইতে হইতেছে।

'প্রোণ' অর্থে আনো প্রোতন: পশ্চাং প্রোতন ঘটনার বিবৃতি। সকল সময়েই প্রোতন ঘটনা ছিল, এই জন্য সর্কল সময়েই পুরাণ ছিল। বেদেও পুরাণ আছে। শতপথরাহ্মণে, গোপথবান্ধানে আশ্বলায়ন সূত্রে, অথবর্ব সংহিতার, বহুদারণ্যকে, ছান্দোগ্যোপনিষ্দে, মহাভারতে, রামারণে, মানবধর্মশান্দে সর্ব্বর্ত্ত পুরাণ প্রচলিত থাকার কথা আছে। কিন্তু ঐ সকল কোনও গ্রম্থেই বর্ত্তমান কোনও পরোশের নাম নাই। পাঠকের স্মরণ রাখা কর্ত্তবা যে, অতি প্রাচীন কালে ভারতবর্ষে লিপিবিদ্যা অর্থাৎ লেখা পড়া প্রচলিত থাকিলেও গ্রন্থ সকল লিখিত হইত না: মুখে মুখে রচিত, অধীত এবং প্রচারিত হইত। প্রাচীন পৌরাণিক কথা সকল ঐরপ মুখে মুখে প্রচারিত হইয়া অনেক সময়েই কেবল কিম্বদন্তী মাত্রে পরিণত হইয়া গিয়াছিল। পরে সময়বিশেষে ঐ সকল কিম্বদন্তী এবং প্রাচীন রচনা একরে সংগ্রহীত হইয়া এক একখানি প্রাণ সংকলিত হইয়াছিল। বৈদিক স্কু সকল ঐর্পে সংকলিত হইয়া ঋক্ যজঃ সাম সংহিতারেরে বিভক্ত হইয়াছিল, ইহা প্রসিদ্ধ। যিনি বেদবিভাগ করিয়াছিলেন. তিনি এই বিভাগজন্য 'ব্যাস' এই উপাধি প্রাপ্ত হইয়াছিলেন। 'ব্যাস' তাঁহার উপাধিমান্ত-নাম নহে। ভাঁহার নাম কৃষ্ণ এবং দ্বীপে তাঁহার জন্ম হইয়াছিল বলিয়া তাঁহাকে কৃষ্ণদৈপায়ন বলিত। এ স্থানে পরোশসকলনকর্তার বিষয়ে দুইটি মত হইতে পারে। একটি মত এই যে, বিনি বেদবিভাগকর্তা, তিনিই-যে প্রোণসঞ্চলনকর্তা ইহা না হইতে পারে, কিন্ত যিনি প্রোণসঞ্চলন-কর্ত্তা, তাঁহারও উপাধি ব্যাস হওয়া সম্ভব। বর্ত্তমান অন্টাদশ পরোণ এক ব্যক্তি কর্ত্তক অথবা **এক সময়ে যে বিভক্ত ও সংকলিত হই**য়াছিল, এমন বোধ হয় না। ভিন্ন ভিন্ন সময়ে সংকলিত হওয়ার প্রমাণ ঐ সকল পরোণের মধ্যেই আছে। তবে যিনিই কতকগর্বল পৌরাণিক ব্তান্ত বিভক্ত করিয়া একথানি সংগ্রহ প্রস্তুত করিয়াছিলেন, তিনিই ব্যাস নামের অধিকারী। হইতে পারে যে, এই জন্মই কিম্বদন্তী আছে যে, অন্টাদশ পুরাণই ব্যাসপ্রণীত। কিন্তু ব্যাস যে এক ব্যক্তি নহেন, অনেক ব্যক্তি ব্যাস উপাধি পাইয়াছিলেন, এরপে বিবেচনা করিবার অনেক কারণ আছে। বেদবিভাগকর্ত্তা ব্যাস, মহাভারতপ্রণেতা ব্যাস, অষ্টাদশপ,রাণপ্রণেতা ব্যাস, বেদাস্ত-সূত্রকার ব্যাস, এমন কি-পাতঞ্জল দর্শনের টীকাকার একজন ব্যাস। এ সকলই এক ব্যাস হুইতে পারেন না। সে দিন কাশীতে ভারত মহামন্ডলের অধিবেশন হুইয়াছিল, সংবাদপতে পডিলাম, তাহাতে দুই জন ব্যাস উপস্থিত ছিলেন। এক জনের নাম হরেক্ষ ব্যাস, আর এক জনের নাম শ্রীযুক্ত অন্বিকা দত্ত ব্যাস। অনেক ব্যক্তি যে ব্যাস উপাধি ধারণ করিরাছিলেন, এ বিষয়ে সন্দেহ নাই। এ বেদবিভাগকর্ত্তা ব্যাস, মহাভারতপ্রণেতা ব্যাস, এবং অণ্টাদশ প্রোণের সংগ্রহকর্ত্তা আঠারটি ব্যাস যে এক ব্যক্তি নন, ইহাই সম্ভব বোধ হয়।

দ্বিতীয় মত এই হইতে পারে বে, কৃষ্ণদ্বৈপায়নই প্রাথমিক প্রাণসঞ্চলনকর্ত্তা। তিনি যেমন বৈদিক স্কুগন্লি সঞ্চলিত করিয়াছিলেন, প্রোণ সন্বন্ধেও সেইর্প একখানি সংগ্রহ করিয়াছিলেন। বিষ্ণু, ভাগবত, অগ্নি প্রভৃতি প্রাণ হইতে বে সকল শ্লোক উদ্ধৃত করিয়াছি, তাহাতে সেইর্পই ব্ঝায়। অতএব আমরা সেই মতই অবলন্বন করিতে প্রস্তুত আছি। কিন্তু ভাহাতেও প্রমালীকৃত হইতেছে বে, বেদব্যাস একখানি প্রাণ সংগ্রহ করিয়াছিলেন, আঠারখানি নহে। সেখানি নাই। তাহার শিবোরা তাহা ভাঙ্গিয়া তিনখানি প্রাণ করিয়াছিলেন, তাহাও নাই। কালক্ষেম, নানা ব্যক্তির হাতে পড়িয়া তাহা আঠারখানি হইয়াছিল।

ইহার মধ্যে যে মছই গ্রহণ করা যাউক, পরেশবিশেষের সমর নির্পণ করিবার চেন্টার কেবল এই কলই পাওয়া যাইতে পারে যে, কবে কোন্ পরোপ সম্কলিত হইরাছিল, তাহারই তিকালা হয়। কিন্তু তাও হয় বলিয়াও আমার বিশ্বাস হয় না। কেন না, সকল গ্রন্থের রচনা বা সকলেরের পর নতেন প্রক্রিপ্ত হইতে পারে ও প্রোণ সকলে তাহা হইরাছে বলিয়া বোধ হয়। আভএব

া মধ্যাপারাণে, বক্ষবৈবর্ত শ্রাণ সন্বন্ধে এই দুইটি হোক আছে:—

"রথন্তরস্য কম্পস্য ব্রান্তমধিকৃত্য বং। সাবদিনা নারদায় কৃষ্ণমাহাত্মাসংবৃত্য ॥ বহা ক্রন্তব্যহস্য চরিতং বর্ণাতে মৃহত্য । তদন্টাদশসাহস্তং ক্রন্তবৈর্তম্ভাতে॥"

ভদশ্যদশসাহস্ত্রং ব্রহ্মবেবও ম্চাওে॥

অর্থাৎ যে প্রাণে রথস্তর কলপব্তান্তাধিকৃত কৃষ্ণমাহাত্মাসংয্কু কথা নারদকে সাবশি
বিলাতেছেন এবং যাহাতে প্নঃ প্নঃ ব্রহ্মবরাহচরিত কথিত হইয়াছে, সেই অন্টাদশ সহস্ত খ্যোকসংযুক্ত ব্রহ্মবৈবর্তপ্রাণ।

এক্ষণে যে ব্রহ্মবৈবর্ত প্রোণ প্রচলিত আছে, তাহা সার্বার্ণ নারদকে বলিতেছেন না। নারার্ক্ষণ নারদকে বলিতেছেন। তাহাতে রথস্তরকলেপর প্রসঙ্গমার নাই, এবং ব্রাহ্মবরাহচরিতের প্রসঙ্গমার নাই। এখনকার প্রচলিত ব্রহ্মবৈবর্তে প্রকৃতিখণ্ড ও গণেশখণ্ড আছে, যাহার
কোন প্রসঙ্গ দুই ক্লোকে নাই। অতএব প্রাচীন ব্রহ্মবৈবর্ত প্রোণ এক্ষণে আর বিদ্যমান নাই।
বাহা ব্রহ্মবৈবর্ত নামে চলিত আছে, তাহা ন্তন গ্রন্থ। তাহা দেখিয়া ব্রহ্মবৈবর্ত প্রাণ-সংকলনসময় নির্পণ করা অপ্রেব রহস্য বলিয়াই বোধ হয়।

উইল্সন সাহেব প্রাণ সকলের এইর্প প্রণয়নকাল নির্পিত করিয়াছেন :—

ন্ৰয়োদশ কি চতুন্দ শ শতাবদী। **থ্রীষ্ট**ীয় ব্রহ্মপ,রাণ নুয়োদশ হইতে ষোডশ শতাব্দীর মধ্যে।* পদ্মপ্রাণ দশম শতাবদী। বিষ্ণু প্রাণ সময় নির্পিত হয় নাই. প্রাচীন বলিয়া লিখিত হইয়াছে। বায়,পুরাণ নুয়োদশ শতাব্দী। .থীষ্টীয় ভাগবত প্রাণ ষোড়শ কি সপ্তদশ শতাব্দী, অর্থাৎ দূই শত বংসরের গ্রন্থ। নারদপ্রাণ নবম কি দশম শতাব্দী। মার্ক শ্রেরাণ অনিশ্চিত: অতি অভিনব। অগ্নিপর্রাণ ঠিক হয় নাই। ভবিষ্যপর্রাণ অণ্ট্রম কি নবম শতাব্দীর এদিক ওদিক। <u> প্রীষ্টীয়</u> ক্লিঙ্গপূরাণ দ্বাদশ শতাব্দী। বরাহপুরাণ ভিন্ন ভিন্ন সময়ের পাঁচখানি প্রাণের সংগ্রহ। স্কুন্দুপুরাণ ৩।৪ শত বংসরের গ্রন্থ। বামনপ্রাণ প্রাচীন নহে। কুম্ম পর্রাণ পদ্মপূরাণেরও পর। মংস্যূপ্রাণ গার্ড প্রাণ প্রাচীন পরাণ নাই। বর্তুমান গ্রন্থ প্রাণ নয়। ব্রহ্মবৈবত্ত পরোণ ব্রাহ্মাণ্ড পরাণ

পাঠক দেখিবেন, ই'হার মতে (এই মতই প্রচলিত) কোনও প্রাণই সহস্র বংসরের অধিক প্রাচীন নর, বোধ হয়, ইংরাজি পড়িয়া ঘাঁহার নিতান্ত ব্লিছাবিপর্যায় না ঘটিয়াছে, তিনি ভিন্ন এমন কোন হিন্দাই নাই, বিনি এই সমর্যনিদ্ধারণ উপযুক্ত বলিয়া গ্রহণ করিবেন। দুই একটা কথার স্বারাই ইহার অবোক্তিকতা প্রমাণ করা যাইতে পারে।

এ দেশের লোকের বিশ্বাস যে, কালিদাস বিক্রমাদিতোর সমসাময়িক লোক এবং বিক্রমাদিতা খ্রীঃ প্রে ৫৬ বংসরে জীবিত ছিলেন। কিন্তু সে সকল কথা এখন উড়িরা গিরাছে। ভারতার ভাও দাজি স্থির করিয়াছেন যে, কালিদাস খ্রীষ্টীয় ৬ণ্ট শতাব্দীর লোক। এখন ইউরোপ শ্রেজ এবং ইউরোপীর্দ্দিরের দেশী শিবসাদ সকলে উজৈঃশ্বরে সেই ভাক ভাকিতেছেন। আমরাও এবং ইউরোপীর্দ্দিরের দেশী শিবসাদ সকলে উজৈঃশ্বরে সেই ভাক ভাকিতেছেন। আমরাও এ মত অগ্রাহ্য করি না। অতএব কালিদাস যন্ট শতাব্দীর লোক হউন। সকল প্রেশই তাহার

pro en langue : Langue : Langue :

⁺ ভাহা হইলে, এই প্রেশ দুই ভিন, কি চারি শত বংদরের গ্রন্থ।

অনেক পরে প্রশীত হইরাছিল, ইছাই উইল্সন্ সাহেবের উপরিলিখিত বিচারে ছিব বইরাছে। কিন্তু কালিদাস দেখদতে লিখিয়াছেন—

"বেন শ্যামং বপত্রেভিডরাং কান্তিমালস্মতে তে বর্হেশেব স্কর্ত্রিভর্তিনা গোপবেশস্য বিক্লোঃ।" —১৫ গ্লোকঃ।

যে পাঠক সংস্কৃত। না জানেন, তাঁহাকে শেষ ছবের অর্থা ব্রুথাইলেই হইবে। ময়্রপ্রছের বারা উল্জনের বিষরে গোপবেশের সহিত ইন্দ্রধন্দোভিত মেঘের উপমা হইতেছে। এখন, বিক্র গোপবেশ নাই, বিষ্ণুর অবতার কৃষ্ণের গোপবেশ ছিল। ইন্দ্রধন্র সঙ্গে উপমেয় কৃষ্ণচ্ডাছিত ময়্রপ্রছে। আমি বিনীতভাবে ইউরোপীয় মহামহোপাধ্যায়িদগের নিকট নিবেদন করিতেছি, বাদ বন্ধ শতাব্দীর প্রের্থ কোন প্রোণই ছিল না, তবে কৃষ্ণের ময়্রপ্রছচ্ডার কথা আসিল কোথা হইতে? এ কথা কি বেদে আছে, না মহাভারতে আছে, না রামায়ণে আছে?—কোথাও না। প্রাণ বা তদন্বতী গীতগোবিন্দাদি কাব্য ভিল্ল আর কোথাও নাই। আছে, হরিবংশে বটে; কিন্তু হরিবংশও ত উইল্সন্ সাহেবের মতে বিষ্ণুপ্রাণেরও পরবত্তী। অতএব ইহা নিশ্চিত বে, কালিদাসের প্রের্থ অর্থাং অন্ততঃ কণ্ঠ শতাব্দী প্রের্থ হরিবংশ অথবা কোন বৈষ্ণ প্রাণ প্রচলিত ছিল।

আর একটা কথা বলিয়াই এ বিষয়ের উপসংহার করিব। এখন যে ব্রহ্মবৈর্ত্ত পর্মাণ প্রচলিত, তাহা প্রাচনি ব্রহ্মবৈর্ত্ত না হইলেও, অন্ততঃ একাদশ শতাব্দীর অপেক্ষাও প্রাচনি ব্রহ্মবির্ত্ত না হইলেও, অন্ততঃ একাদশ শতাব্দীর অপেক্ষাও প্রাচনি ব্রক্ষা কেন না, গাঁতগোবিন্দকার জয়দেব গোল্বামী গোড়াধিপতি লক্ষ্মণ সেনের সভাপশিভত। লক্ষ্মণ দেন দাদশ শতাব্দীর প্রথমাংশের লোক। ইহা বাব্ রাজকৃষ্ণ মুখোপাধ্যার কর্তৃক প্রমাণীকৃত, এবং ইংরেজদিগের দ্বারাও স্বীকৃত। আমরা পরে দেখাইব যে, এই ব্রহ্মবৈর্ত্ত প্রশ্নে তথন চলিত ও অতিশর সম্মানিত না থাকিলে, গাঁতগোবিন্দ লিখিত হইত না, এবং বর্ত্তমান ব্রহ্মবৈর্ত্ত প্রোণের শ্রীকৃষ্ণজন্মখনেওর পঞ্চাশ অধ্যায় তথন প্রচলিত না থাকিলে

পর্রাণ তথন চলিত ও অতিশয় সম্মানিত না থাকিলে, গাঁতগোবিন্দ লিখিত ইইত না, এবং বর্জমান ব্রহ্মবৈবর্ত প্রাণের শ্রীকৃষ্ণজন্মখণ্ডের পণ্ডদশ অধ্যায় তথন প্রচলিত না থাকিলে গাঁতগোবিন্দের প্রথম শ্লোক "মেষৈর্মেন্রমন্বরম্" ইত্যাদি কথনও রচিত ইইত না। অতএব এই দ্রন্ট ব্ল্লাবৈবর্ত্ত একাদশ শতাব্দীর প্র্বগামী। আদিম ব্ল্লাবৈবর্ত্ত না জানি আরও কত কালের। অথচ উইল্সন্ সাহেবের বিবেচনায় ইহা দুই শত মাত্র বংসরের গ্রন্থ হইতে পারে।

शक्षमम श्रीतिक्षम-श्रीताश

আঠারখানি প্রাণ মিলাইলে অনেক সময়ই ইহা দেখিতে পাওয়া যায় যে, অনেকগৃলি স্থোক কতকগৃনি প্রাণে একই আছে। কোনখানে কিণ্ডিং পাঠান্তর আছে। কোনখানে তাহাও নাই। এই গ্রন্থে এইর্প কতকগৃনি শ্লোক উদ্ধৃত হইয়াছে বা হইবে। নন্দ মহাপদ্মের সময়-নির্পণ জন্য যে কর্যাট প্রাক উদ্ধৃত করিয়াছি, তাহা এ কথার উদাহরণস্বর্প গ্রহণ করা যাইতে পারে। কিন্তু তাহার অপেক্ষা আর একটা গ্রন্তর উদাহরণ দিতেছি। রক্ষপ্রাণের উত্তরভাগে শ্রীকৃক্ষরিত বিস্তারিতভাবে বর্ণিত হইয়াছে, ও বিক্ষ্পের্রাণের পূঞ্চমাংশে শ্রীকৃক্ষরিত বিস্তারিত-র্শে বর্ণিত হইয়াছে। উভয়ে কোন প্রভেদ নাই; অক্ষরে এক। এই পঞ্চম অংশে আটাশটি অধ্যায়। বিক্সপ্রাণের এই আটাশ অধ্যায়ে যতগ্রনি ক্লোক আছে, রক্ষপ্রাণের ক্লাকিতে সে সকলগ্রনিই আছে, এবং রক্ষপ্রাণের কৃক্ষচরিতে যে প্রোকগ্রনি আছে, বিক্স্প্রাণের কৃক্ষচরিতে সে সকলগ্রাকিই আছে। এই দ্বই প্রাণে এই সম্বেদ্ধে কোন প্রকার প্রভেদ বা তারতম্য নাই। নিন্দালিখিত তিনটি কারণের মধ্যে কোন একটি কারণে এর্প ঘটা সম্ভব।

১ম,--ব্রহ্মপরাশ হইতে বিশ্বপ্রোণ চুরি ক্রিয়াছেন।

२য়,-- विकाशनाण इटेए स्वाशनाण होत क्रिसार्छन।

তর,—কেহ কাহারও নিকট চুরি করেন নাই; এই কৃষ্ণচরিতবর্গনা সেই আদিম বৈরাসিকী প্রোণসংহিতার অংশ। বলা ও বিষয়ে উভর প্রোণেই এই অংশ রন্ধিত হইরাছে।

প্রথম দ্ইটি কারণ যথার্থ কারণ বলিয়া বিশ্বাস করা বার না। কেন না, এর প প্রচলিত প্রকথ হইতে আটাশ অধ্যায় সপত চুরি অসম্ভব, এবং অন্য কোনও ক্লেও এই প দেখাও নার না। বৈ এর পাছির করিবে, সে অন্তঃ কিছু পরিবর্ত্তন করিয়া কাইতে পারে এবং ক্ষনাও এমন কিছু নায় যে, তাহার কিছু পরিবর্ত্তন হর না। আর কেবল এই আটাশ অধ্যার দুইখানি প্রাণে একর্শ দেখিলেও, না হর, চুরির কথা মনে করা যাইত, কিছু বলিরাছি যে, অনেক ভিঙ্কা ভিঙ্কা প্রাণের অনেক লোক পরস্পরের সহিত্ত ঐক্যবিশিন্ট। এবং অনেক ঘটনা সন্বন্ধে প্রাণে বিশেষ ঐক্য আছে। এ ক্রেল প্রবিধাত একখানি আদিম প্রাণের সাবার প্রাণে প্রাণে বিশেষ ঐক্য আছে। এ ক্রেল প্রবিধাত একখানি আদিম প্রাণের্সাহিত্যর অন্তিছই প্রমাণীকৃত হইরাছে। সেই আদিম সংহিতা ক্রুব্বেপারনব্যাসর্যাচত না হইলেও হইতে পারে। তবে সে সংহিতা যে অতি প্রাচীন কালে প্রশাক্ষিত অনেক ঘটনার অখণ্ডনীর প্রমাণ মহাভারতে পাওয়া যায়, অথচ সে সকল ঘটনা মহাভারতে বিবৃত হয় নাই! স্তরাং এমন কথা বলা যাইতে পারে না বে, প্রশাক্ষার তাহা মহাভারত হইতে লইয়াছেন।

বাদ আমরা বিলাতী ধরনে প্রাণ সকলের সংগ্রহসময় নির্পণ করিতে বসি, তাহা হইলে কির্প ফল পাই দেখা বাউক। বিষ্পুর্রাণে চতুর্থাংশে চতুর্বিংশাধ্যারে মগধ রাজাদিগের বংশাবলী কীর্ত্তিত তাছে। বিষ্পুর্রাণে বে সকল বংশাবলী কীর্ত্তিত হইরাছে, তাহা ভবিষ্যন্থানীর আকার প্রাপ্ত হইরাছে। অর্থাং বিষ্ণুপ্রাণ বেদব্যাসের পিতা পরাশরের দ্বারা কলিকালের আরন্তসময়ে কথিত হইরাছিল বিলয়া প্রাণকার ভূমিকা করিতেছেন। সে সমরে নন্দবংশীরাদি আর্থানিক রাজগণ জন্মগ্রহণ করেন নাই। কিন্তু উক্ত রাজগণের সমকাল বা পরকালবন্তী প্রক্ষেপকারকের ইছা বে, উক্ত রাজগণের নাম ইহাতে থাকে। কিন্তু তাহাদিগের নামের উল্লেখ করিতে গোলে, ভবিষ্যন্থাণীর আবরণ রচনার উপর প্রক্ষিপ্ত না করিলে, পরাশর্ককথিত বিলয়া পাচার করা বার না। অতএব সংগ্রহকার বা প্রক্ষেপকারক এই সকল রাজার কথা লিখিবার সময় বিলয়াছেন, অম্ক রাজা হইবেন, তাহার পর অম্ক রাজা হইবেন, তাহার পর অম্ক রাজা হইবেন, তাহারে পর অম্ক রাজা হইবেন, তাহার পর অম্ক রাজা হ্বর্বিন প্রাণিতার রাজত্ব সম্বন্ধে বোজগ্রন্থ, সংস্কৃতগ্রন্থ, প্রস্তর্বান্ধ ইত্যাদি বহুবিধ প্রমাণ পাওয়া গিরাছে।

यथा;--नन्द, महाशन्य, त्र्योर्या, हम्त्रशद्श, विन्द्रनात, जत्नाक, श्रून्शीमत, श्रूनिमान्, भक-রাজগণ, অন্ধরাজগণ, ইত্যাদি ইত্যাদি। পরে লেখা আছে,—"নব নাগাঃ পন্মাবত্যাং কান্তিপর্ব্যাং মথুরারামন্ব্যসাপ্রয়াগং মাগধা গ্রাণ্ডান্চ ভোক্ষ্যন্তি।" এই গ্রন্তবংশীর্ষাদগের সময় Fleet সাহেবের কল্যাশে নির্পিত হইয়াছে। এইবংশের প্রথম রাজাকে মহারাজগন্তে বলে। তার পর ঘটোৎকচ ও চন্দ্রগাস্ত বিক্রমাদিতা। তার পর সমন্দ্রগাস্ত। ই'হারা খ্রীঃ চতুর্থ শতাব্দীর লোক। তার পর দ্বিতীয় চন্দ্রগাস্ত বিক্রমাদিতা, কুমারগাস্থে, স্কন্দগাস্ত, বাদ্ধগাস্ত ইহারা খ্রীষ্টীর পঞ্চম শতাব্দীর লোক। এই সকল গ্রন্থগণ রাজা হইয়াছিলেন বা রাজত্ব করিতেছেন, ইহা না জানিলে, প্রাণসংগ্রহকার কখনই এর্প লিখিতে পারিতেন না। অতএব ইনি গ্রপ্তাদিগের সমকাল বা পরকালবন্ত্রী। তাহা হইলে, এই প্রেমণ খ্রীষ্টীয় চতুর্থ পশ্চম শতাব্দীতে রচিত বা প্রশীত হইরাছিল। কিন্তু এমন হইতে পারে যে, এই গ্রপ্তরাজাদিগের নাম বিষ্কৃপ্রাণের চতুর্থাংশে প্রক্রিপ্ত হইরাছে। অথবা এমনও হইতে পারে বে, এই চতুর্থাংশ এক সমরের রচনা, এবং অন্যান্য অংশ অন্যান্য সময়ে রচনা; সকলগন্তিই কোনও অনিন্দিন্ট সময়ে একৱিত হইরা বিক্সেরেল নাম প্রাপ্ত হইয়াছে। আজিকার দিনেও কি ইউরোপে, কি এদেশে, সচরাচর ঘটিতেছে বে, চ্ছিন ভিন্ন সময়ের রচনা একলিত হইয়া একখানি সংগ্রহগ্রন্থে নিবন্ধ হয়, এবং ঐ সংগ্রহের একটি বিশেষ নাম দেওয়া হয়। যথা, 'Percy Reliques,'' অথবা "রসিকমোহন চট্টোপাধ্যায় সক্ষরিত ফলিত জ্যোতিষ।" আমার বিবেচনার সকল প্রোণই এইরপে সংগ্রহ। উপরি-উর দুইখানি পুরুক্ট আধ্নিক সংগ্রহ; কিন্তু বে সকল বিষয় ইহাতে সংগ্হীত হইয়াছে, তাহা প্রাচীন। मरश्रर वार्थामक वीनवा त्मार्शन वार्थानक रहेन ना।

তবে এমন অনেক সমরেই ঘটিরা থাকিতে পারে যে, সংগ্রহকার নিজে অনেক ন্তন ক্রান্তর করিয়া সংগ্রহের মধ্যে প্রবেশিত করিয়াছেন অথবা প্রাচীন ব্রান্ত ন্তন ক্রমনাসংক্রান্তর

[.] **क विकास हात । अस्म, २६ जन्म अक्षा** . १ ३ ५० वे ४ ३० छन्।

অনুসন্ধি অলংকারে রঞ্জিত করিয়াছেন। বিক্সেরেল সম্বন্ধে একথা বলা বস্তা না, কিন্তু ভাগবত সন্বন্ধে ইহা বিশেষ প্রকারে বক্তব্য।

প্রবাদ আছে যে, ভার্মবন্ত পুরাণ বোপদেবপ্রণীত। বোপদেব দেবগিরির রাজা হেমান্তির সভাসদ্। বোপদেব ব্রয়োদশ শতাব্দীর জোক। কিন্তু অনেক হিন্দুই উহা বোপদেবের রচনা र्वामत्रा न्वीकात करतन ना। रेक्स्प्वता वर्णन, जागवज्यकी भारकता धरेत्र १ श्वाम त्रवेशियारक। বাস্তবিক ভাগবতের প্রাশত্ব লইয়া অনেক বাদবিত ভা ঘটিয়াছে। শাক্তেরা বলেন, ইহা

প্রাণই নহে,-বলেন, দেবীভাগবতই ভাগবত প্রোণ। তাঁহারা বলেন, "ভগবত ইদং ভাগবতং"

এইর প অর্থ না করিয়া "ভাগবত্যা ইদং ভাগবতং" এই অর্থ করিবে।

কেহ কেহ এইর্প শশ্কা করে বলিয়া শ্রীধর স্বামী ইহার প্রথম শ্লোকের টীকাতে বিশিষ্যছেন--- ভাগবতং নামান্যদিত্যপি নাশ কনীয়ম্"। ইহাতে ব্ৰিক্তে হইবে যে. ইহা প্রাণ নহে—দেবীভাগবতই প্রকৃত প্রাণ, এর্প আশণ্কা শ্রীধর স্বামীর পূর্বে হইতেই প্রচলিত ছিল; এবং তাহা লইয়া বিবাদও হইত। বিবাদকালে উভয় পক্ষে যে সকল পত্রেক রচনা করিয়াছিলেন, তাহার নামগর্মল বড় মাণ্জিত র্রচির পরিচায়ক। একখানির নাম "দুৰুজনিমুখচপেটিকা," তাহার উত্তরের নাম "দুৰুজনিমুখমহাচপেটিকা" এবং অন্য উত্তরের নাম "দুভর্জনম খপদ্মপাদ্যকা"। তার পর "ভাগবত-স্বর্প-বিষয়শৎকানিরাস্ত্রোদশঃ"। ইত্যাদি অন্যান্য প্রেকও এ বিষয়ে প্রণীত হইয়াছিল। আমি এই সকল প্রেক দেখি নাই, কিন্তু ইউরোপীর প্রতিত্তরা দেখিয়াছেন এবং Bournouf সাহেব "চপেটিকা", "মহাচপেটিকা" এবং "পাদ,কা"র অনুবাদও করিয়াছেন। Wilson সাহেব তাঁহার বিষ্ণুপুরাণের অনুবাদে ভূমিকায় এই বিবাদের সারসংগ্রহ লিখিয়াছেন। আমাদের সে সকল কথায় কোন প্রয়োজন নাই। যাঁহার কোত হল থাকে, তিনি Wilson সাহেবের গ্রন্থ দেখিবেন। আমার মতের স্থলে মন্ম এই যে, ভাগবত প্রাণেও অনেক প্রাচীন কথা আছে। কিন্তু অনেক নৃতন উপন্যাসও তাহাতে সমিকিট হইয়াছে। এবং প্রাচীন কথা যাহা আছে, তাহাও নানাপ্রকার অলম্কারবিশিষ্ট এবং অত্যক্তি দ্বারা অতিরঞ্জিত হইরাছে। এই পূরাণখানি অন্য অনেক পূরাণ হইতে আধুনিক বোধ হর. তা না হইলে ইহার পরোণত্ব লইয়া এত বিবাদ উপস্থিত হইবে কেন?

পুরোণের মধ্যে যে সকল পুরোণে কৃষ্ণচরিত্রের প্রসঙ্গ নাই, সে সকলের আলোচনায় আমাদিগের কোনও প্রয়োজন নাই। যে সকল গ্রন্থে কৃষ্ণচরিত্রের কোনও প্রসঙ্গ আছে. তাহার মধ্যে রক্ষা, বিষ্ণা, ভাগবত এবং রক্ষাবৈবর্ত, এই চারিখানিতেই বিস্তারিত ব্রভান্ত আছে। তাহার মধ্যে আবার ব্রহ্মপূরাণ বিষ্ণুপূরাণে একই কথা আছে। অতএব এই গ্রন্থে বিষ্ণু, ভাগবত এবং ব্রহ্মবৈবর্ত্ত ভিল্ল অন্য কোন প্রোণের ব্যবহার প্রয়োজন হইবে না। এই তিন প্রোণ সম্বন্ধে ষাহা আমাদিণের বক্তবা, তাহা বলিয়াছি। ব্রহ্মবৈবর্ত পরাণ সম্বন্ধে আরও কিছ, সময়ান্তরে

বলিব। এক্ষণে কেবল আমাদের হারবংশ সম্বন্ধে কিছু, বলিতে বাকি আছে।

ষোডশ পরিচ্ছেদ—হরিবংশ

হরিবংশেই আছে যে, মহাভারত কথিত হইলে পর উগ্রশ্রবাঃ সোঁতি শৌনকাদি ঋষির প্রার্থনান,সারে হরিবংশ করিনে করিতেছেন। অতএব উহা মহাভারতের পরবন্তী গ্রন্থ। কিন্ত মহাভারতের কত পরে এই গ্রন্থ প্রণীত হইরাছিল, ইহা নির্পণ আবশাক। মহাভারতের পর্বসংগ্রহাধ্যায়ে হরিবংশের প্রসঙ্গ কেবল শেষ গ্লোকে আছে, তাহা ২৯।৩০ পৃন্ঠার উদ্ধৃত করিয়াছি। কিন্তু মহাভারতের অণ্টাদশ পর্বের অন্তর্গত বিষয় সকল ঐ পর্বসংগ্রহান্যায়ে সংক্ষেপে ষের্প কথিত হইয়াছে, হরিবংশের অন্তর্গত বিষয় সম্বন্ধে সেথানে সের্প কিছ্ ক্থিত হয় নাই। ঐ প্লোক পাঠ করিয়া এমনই বোধ হয় যে, যখন প্রথম ঐ পর্ব্বসংগ্রহার্যায় সক্ষালত হইয়াছিল, তখন হরিবংশের কোন প্রসন্ধই ছিল না। পরিশেষে লক্ষ স্থোক মিলাইবার क्रमा क्रिट थे खाकीं रशकना करिया पितारकन। श्रीवरान धकरण जिन अर्थ भावता बात :-হরিবলেপর্যা, বিক্পের্যা ও ভবিদ্যাপর্য। কিন্তু প্রেশাদ্ধ মহাভারতের লোকে কেবল হরি-वर्ष्णभन्त ७ ভবিষাপ্रदर्वत नाम আছে, विकाशस्त्रित नाम मात नाहे, हतिवर्ष्णभरन्त ७ ভবিবাপন্থে ১২,০০০ শ্লোক ইহাই লিখিত আছে। একলে ভিন পত্থে ১৬,০০০ শ্লোকের উপর পাওরা বার। অভএব নিশ্চিতই বহাভারতে ঐ ক্লোক প্রবিষ্ট হইবার পরা বিক্সপর্যা হরিবালে প্রক্রিপ্ত হইরাছে।

কালা প্রসার সিংহ মহে দের অন্টাদশপর্ব মহাভারত অনুবাদ করিয়া হরিবংশের অনুবাদ সেই সঙ্গে প্রকাশ করিতে অনিচ্ছুক হইরাছিলেন। তাহার কারণ তিনি এইরুপ নিশ্বেশ করিয়াছেন---

"অন্টাদশপর্য মহাভারতের অতিরিক্ত হরিবংশ নামক গ্রন্থকে অনেকে ভারতের অন্তর্ভূত একটী পর্য বিলয়া গণনা করিয়া থাকেন এবং উহাকে আশ্চর্য্য পর্য বা উনবিংশ পর্য বিলয়া উল্লেখ করেন, কিন্তু বস্তুতঃ হরিবংশ ভারতান্তর্গত একটী পর্য নহে। উহা মূল মহাভারত রচনার বহুকাল পরে পরিশিষ্টরূপে উহাতে সমিবেশিত হইয়ছে। হরিবংশের রচনাপ্রণালী ও তাংপর্য্য পর্য্যালোচনা করিয়া দেখিলে বিচক্ষণ ব্যক্তি অনায়াসেই উহার আধ্নিকত্ব অনুভ্ব করিতে সমর্থ হয়েন। বিদত্ত মূল মহাভারতের স্বর্গারোহণপর্ব্বে হরিবংশশ্রবণের ফল্প্রন্তি বর্ণিত আছে, কিন্তু তাহাতে হরিবংশের প্রাচীনত্ব প্রমাণ না হইয়া বরং ঐ ফল্প্রন্তিবর্ণনেরই আধ্নিকত্ব প্রতিকাশ হয়। মূল মহাভারত গ্রন্থের সহিত হরিবংশ অনুবাদিত করিলে লোকের মনে প্রেশিক্ত প্রমাণ করিতে ক্ষান্ত রহিলাম।"

হরেস্ হেমন্ উইল্সন্ সাহেবত হরিবংশের সম্বন্ধে ঐ কথা বলেন। তিনি বলেন;—
"The internal evidence is strongly indicative of a date considerably subsequent to that of the major portion of the Mahabharat."*

আমারও সেইর্প বিবেচনা হয়। আর হরিবংশ মহাভারতের অন্টাদশ পর্ব্বের অন্পকাল-পরবন্তী হইলেও এমন সন্দেহ করিবার কারণও আছে যে, বিষ্কৃপন্ব তাহাতে অনেক পরে প্রক্ষিপ্ত হইয়াছে। এ সকল কথার নিশ্চয়তা সম্পাদন অতি দঃসাধ্য।

সন্বন্ধকৃত বাসবদন্তায় হরিবংশের প্রুকরপ্রাদ্বর্ভাব নামক ব্তান্তের উল্লেখ আছে। ইউরোপীয় বিচারে দ্বির হইয়াছে, সন্বন্ধ খনীঃ সপ্তম শতাব্দীর লোক। অতএব তখনও হরিংবশ প্রচালত গ্রন্থ। কিন্তু কবে ইহা প্রণীত হইয়াছিল, তাহা বলা যায় না। তবে ইহা বলা যাইতে পারে যে, মহাভারত ও বিশ্বসনুরাণের পরবন্তী, এবং ভাগবত ও ব্লন্ধবৈর্ত্তের পূর্ব্ববৃত্তী।

কোন প্রমাণের উপর নির্ভার করিয়া এ কথা বিলতে সাহসী হই, সেটি অতি গ্রেত্র কথা, এবং এই কৃষ্ণচরিত্রবিচারের ম্লস্ত বলিলেও হয়। আমরা প্রপরিচ্ছেদে তাহা ব্ঝাইতে চেন্টা করিব।

সপ্তদশ পরিছেদ—ইতিহাসাদির পোব্বাপর্য্য

উপনিষদে সৃষ্টিপ্রক্রিয়া এইর্প কথিত হইয়াছে যে, জগদীশ্বর এক ছিলেন, বহু হইতে ইচ্ছা করিয়া এই জগৎ সৃষ্টি করিলেন। ইহা প্রাসদ্ধ অদ্বৈতবাদের ভ্লেকথা। ইউরোপীয় বৈজ্ঞানিক ও দার্শনিকেরা অনেক সন্ধানের পর, সেই অদ্বৈতবাদের নিকটে আসিতেছেন। তাঁহারা বলেন, জগতের সমন্তই আদাে এক, চমশঃ বহু হইয়াছে। ইহাই প্রসিদ্ধ Evolution বাদের ভ্লেকথা। এক হইতে বহু বলিলে, কেবল সংখ্যায় বহু ব্ঝায় না—একালিত্ব এবং বহুরিছত্ব ব্ঝিতে হইবে। যাহা অভিন্ন ছিল, তাহা ভিন্ন ভিন্ন অঙ্গে পরিণত হয়। যাহা ''Homogeneous'' ছিল, তাহা পরিণতিতে ''Heterogeneous'' হয়। যাহা ''Uniform'' ছিল, তাহা ''Multifarious'' হয়। কেবল জড়জগং সন্বন্ধে এই নিয়ম সতা, এমন নহে। জড়জগতে, জীবজগতে, মানসজগতে, সমাজজগতে সন্বর্ধ ইহা সতা। সমাজজগতের অন্তর্গতে বাহা, সে সকলেরই পক্ষে ইহা থাটে। সাহিত্য ও বিজ্ঞান সমাজজগতের অন্তর্গতে খাটে। উপন্যাস বা আখ্যান সাহিত্যের অন্তর্গত তাহাতেও ইহা সতা। এমন কি, বাকারের

^{*} Horace Hayman Wilson's Essays Analytical, Critical and Philosophical on subjects connected with Sanskrit Literature, Vol. I. Dr. Reinhold Rost's Edition,

[†] সোহকাময়ত। বহুঃ স্যাং প্রজায়েখেতি।—ক্রিজিলিনিবন, ২ বলী, ৬ অনুবাক্ষ 🗥

গল্প ক্লেন্ডেই হা সভ্য। নাম বিদি স্থামকে বলে, "জামি কালা রাত্রে জ্লেকারে শাইরাইলাম, কি একটা শব্দ হইল, আমার বড় ভর করিতে লাগিল", তবে নিশ্চরই শায়ম বদরে কাছে গিলা গাল্প করিবে, "রাজের বরে কাল রাত্রে ভূতে কি রকম শব্দ করিবাছিল।" ভারণর ইহাই সভব বে, বদ্ধ গিরা মধ্রে কাছে গল্প করিবে বে, "কালা রাত্রে রাম ভূত দেখিরাছিল," এবং মধ্রে নিষ্ক্রে কাছে বলিবে বে, "রামের বাড়ীতে বড় ভূতের দৌরাষ্ম্য হইরাছে।" এবং পরিশেষে বাজারে রাষ্ট্র ইউবে বে, ভূতের দৌরায়ে রাম সপরিবারে বড় বিপার হইরা উঠিরাছে।

এ কোল বাজারে গলেপর কথা। প্রাচীন উপ্যথান সম্বন্ধে এর্প পরিণাতির একটা বিশেষ নিয়ম দেখিতে পাই। প্রথমাবন্ধায় নামকরণ,—বেমন বিষ্ ধাতু হইতে বিষয়। মিতন্তার নিয়ম কেনি কিন্তুল বিষয়ে নামকরণ,—বেমন বিষ ধাতু হইতে বিষয়ে। মিতন্তার নিয়ম কিন্তুল বিষয়ের তিন পাদ, কেহ বলেন, স্বাহার উদর, মধ্যাহন্থিতি, এবং অন্ত; কেহ বলেন, ক্রুর বিষয়ের তিলোকব্যাপিতা, কেহ বলেন, ভূত, বর্ত্তমান, তবিষয়ে। তারপর তৃতীয়াবন্ধার ইতিহাস—বেমন বলিবামনব্রান্ত। চতুর্থাবন্ধায় ইতিহাসের অতিরঞ্জন। প্রশাদিতে তাহা

रमधा यात्र।

এ কথার উদাহরণান্তর স্বর্প, আমরা উর্বাদী-প্রর্বার উপাখ্যান লইতে পারি। ইহার প্রথমাবন্দা, বজুবের্বদসংহিতার। তথার উর্বাদী, প্রব্বার, দ্বইখানি অরণিকাণ্ডমান্ত। বৈদিক কালে দিরাশলাই ছিল না; চকমিক ছিল না; অন্ততঃ যজ্ঞান্ত জন্য এ সকল ব্যবহৃত হইত না। কাণ্ডে কাণ্ডে ঘর্ষণ করিয়া যাজ্ঞিক অন্তির উৎপাদন করিতে হইত। ইহাকে বলিত "অন্তিচরন"। অন্তির্বারর মন্ত্র ছিল। যজুবের্বদসংহিতার (মাধ্যান্দিনী শাখার) পণ্ডম অধ্যারের ২ কন্ডিকার সেই মন্ত্র আছে। উহার তৃতীয় মন্ত্রে একখানি অরণিকে, পণ্ডমে অপরখানিকে প্রভা করিতে হয়। সেই দ্বই মন্ত্রের বাঙ্গালা অনুবাদ এই:—

"হে অরণে! অগ্নির উৎপত্তির জন্য আমরা তোমাকে স্ত্রীরূপে কল্পনা করিলাম। অদ্য

হইতে তোমার নাম উব্দেশী"। ৩।

(উৎপত্তির জনা, কেবল স্থা নহে, পরে,ষও চাই। এজনা উক্ত স্থাকিলপত অরণির উপর শ্বিতীয় অরণি স্থাপিত করিয়া বলিতে হইবে)

"হে অরণে! অগ্নির উৎপত্তির জন্য আমরা তোমাকে প্রে্ষর্পে কল্পনা করিলাম। অদ্য ছইতে তোমার নাম প্রেরবা"। ৫। *

চতুর্থ মন্তে অণিস্পৃষ্ট আজ্যের নাম দেওয়া হইয়াছে আয়৻।

এই গোল প্রথমাবস্থা। দ্বিতীয়াবস্থা ঋণ্বেদসংহিতার† ১০ মণ্ডলের ৯৫ স্কে। এখানে উর্বাদী প্র্রুববা আর অরণিকাণ্ঠ নহে; ইহারা নায়ক নায়িকা। প্র্রুববা উর্বাদীর বিরহশৃত্বিকত। এই র্পকাবস্থা। র্পকে উর্বাদী (৫ম ঋকে) বলিতেছেন, "হে প্র্রুববা, তৃমি
প্রতিদিন আমাকে তিন বার রমশ করিতে।" ষজ্ঞের তিনটি অগ্নি ইহার দ্বারা স্চিত হইতেছে।
প্রুব্ববাকে উর্বাদী "ইলাপ্ত্র" বলিয়া সন্বোধন করিতেছেন। ইলা শব্দের অর্থ প্থিবী।
৪ প্রিবীরই প্ত্র অরণিকাণ্ঠ।

* সভারত সামগ্রমী কৃত অনুবাদ।

া সাহেবেরা বলেন, ঋণেবদসংহিতা আর সকল সংহিতা ছইতে প্রাচীন। ইহার অর্থ এমন নর বে, ঋক্সংহিতার সকল স্কুণ্রিল সাম ও বজ্ঃসংহিতার সকল মন্ত হইতে প্রাচীন। বিদ এ অর্থে এ কথা কেই বলিয়া থাকেন বা ব্রিয়া থাকেন, তবে তিনি অতিশার প্রান্ত। এ কথার প্রকৃত তাংপর্বা এই বে, ঋক্সংহিতার এমন কতকগ্রিল স্কুত আছে যে, সেগ্রিল সকল বেদমন্ত অপেকা প্রাচীন। নচেং ঋক্সংহিতার এমন অনেক স্কুত পাওয়া বার যে, তাহা স্পত্তঃ আখ্রনিক বলিয়া সাহেবেরাই স্বীকার করেন। অনেকগ্রিল অক্ সামবেদসংহিতাতেও আছে এপেকসংহিতাতেও আছে। সংহিতা বেক কাহারও অপেকা প্রাচীন নহে, তবে কোন মন্ত জন্ম মন্তের অপেকা প্রাচীন। এর্প প্রাচীন মন্ত ঋক্সংহিতার বেশী আছে, কিছু ঋক্সংহিতার এমন অনেক মন্তের অবছে বে, তাহা বজাঃ সামের অনেক মন্তের অপেকা আর্নিক। কাম মন্তেরে ৯৬ স্কুত ইহার একটি উদাহরণ।

সক্ষমালর প্রভৃতি এই রূপকের অর্থ করেন, উন্দাণী উবা, প্র্রেবা সূর্বা। Solar myth
 কই শন্তিভাল কোন মতেই ছাড়িতে পারেন না। বনুর্যাশ্য বাহা উদ্ধৃত করিবান, ভাহতে এবং তিন

वाद महार्गात क्यात शांठक वृत्विद्यम हत् और ब्र्लस्क्य शक्ष क्या क्षेत्रहत निर्मिष्ठ हरेगा।

अर्थमास्तुर शन् वाहको स्थाकृतकोण्यका देवाः देवानकः। । । । । ।

ু মহাভারতে পরেরের ঐতিহালিক ক্রেবংশীর রাজা। চলের প্র ব্যু, ব্রেক্ত প্র ইলা, ইলার প্রে-প্রব্রাবা। উর্পাশীর গতে ইহার প্র হর; তাহার নাম আরা । বজার বা আজা। বজার উপরে উল্লেড করিরাছি, তাহা দেখিলে পাঠক দেখিতে পাইবেন, আরা সেই অর্নিচপৃষ্ট আজা। মহাভারতে এই আর্র প্র বিখ্যাত নহবে। নহবের প্র বিখ্যাত য্বাতি। ব্যাতির প্রের রুদ্ধের দ্বই জনের নাম বছর ও প্রের। বলর যাদ্বাদ্ধের আদিপ্রের্ব; প্রের, কুর্পাশ্তরের আদিপ্রের্ব। এই তৃতীরাবিস্থা। তৃতীরাবিস্থার অর্নিকাস্ট ঐতিহাসিক স্থাত।

চতুর্থ অবস্থা, বিষয়, পদ্ম প্রভৃতি পরেলে। প্রোণ সকলে তৃতীর অবস্থার ইতিহাস ন্তন

উপন্যাসে রঞ্জিত হইয়াছে, তাহার দুইটি নমুনা দিতেছি। একটি এই,—

উৰ্দ্ধণী ইন্দ্রসভার নৃত্য করিতে করিতে মহারাজ প্রব্রবাকে দেখিয়া মোহিত হওয়ায় নৃত্যের তালভঙ্গ হওয়াতে ইন্দের অভিশাপে পঞ্চপঞাশং বর্ষ স্বর্গভ্রুটা হইয়া প্রব্রবার সহিত কাল করিরাছিলেন।

আর একটি এইর্প :--

প্রতিষ্ঠালে কোন সময়ে ভগবান্ বিক্ ধর্মপত্র হইয়া গন্ধমাদন পর্মতে বিপ্লে তপস্যা করিয়াছিলেন। ইন্দ্র তাঁহার উগ্র তপস্যার ভাত তাঁহার বিদ্যার্থ কতিপর অস্পরার সহিত্ত বসস্ত ও কামদেবকে প্রেরণ করেন। সেই সকল অস্পরা যখন তাঁহার ধ্যানভঙ্গে অসম্ভা হইল, তথন কামদেব অস্পরাগণের উর্ হইতে ইংহাকে স্ক্ল করিলেন। ইনিই তাঁহার তপোভঙ্গে সমর্থা হন। ইহাতে ইন্দ্র অতিশয় সভ্ট হইলেন এবং ইংহার রূপে মোহিত হইয়া ইংহাকে গ্রহণ করিতে ইচ্ছা করিলেন। ইনিও সম্মতা হইলেন। পরে মিত্র ও বর্ণ তাঁহাদিগের এর্শ্ মনোভাব জ্ঞাপন করিলে ইনি প্রত্যাখ্যান করেন। তাহাতে তাঁহাদের শাপে ইনি মন্ব্রভাগ্যা (অর্থাৎ প্রের্বার পদ্ধী) হন।

এই সকল কথার আলোচনায় আমরা স্পন্টই ব্রিক্তে পারি বে, যজ্বেশিসংহিতার ৫ অধ্যায়ের সেই মন্ত্রগ্রিল সর্বাপেকা প্রচীন। তাহার পর, ঋণেবদসংহিতার দশম মণ্ডলের

৯৫ স্ক্ত। তারপর মহাভারত। তারপর পদ্মাদি প্রাণ।

আমরা বে সকল গ্রন্থের উপর নির্দ্তরে করিয়া কৃষ্ণচরিত্র ব্রিক্তে চেন্টা করিব, তাহারও পোর্ব্যাপর্য এই নিরমের অন্বস্তী হইয়া নিন্ধারিত করা বাইতে পারে। দুই একটা উদাহরণের দ্বারা ইহা ব্রুঝাইতেছি।

প্রথম উদাহরণ স্বরূপ প্তনাবধব্তাত দেওয়া যাউক।

ইহার প্রথমাবছা কোন প্রকেশ নাই, কেবল অভিধানেই আছে, বেমন বিষ্ থাতু হইতে বিক্ষা। পরে দেখি, প্তেনা ষথার্থতঃ স্তিকালারছ শিশ্র রোগ। কিন্তু প্তেনা শক্নিকেও বজেঃ অতএব মহাভারতে প্তেনা শক্নি। বিক্সপ্রাণে আর এক সোপান উঠিল; রুপকে পরিষত হইল। প্তেনা "বালঘাতিনী" অর্থাৎ বালহত্যা বাহার বাবসায়; "অতিভীষণা"; জাহার কলেবর "মহং"; নন্দ দেখিয়া গ্রাসব্তুক্ত ও বিস্মিত হইলেন। তথাপি এখনও সে মানবী। ইরিবংশে দুইটা কথাই মিলান হইল। প্তেনা মানবী বটে, কংসের ধালী। কিন্তু সে কামর্পিণী পিক্ষণী হইয়া রজে আসিল। রুপকত্ব আর নাই; এখন আখ্যান বা ইতিহাস; তৃতীয়াবছা এইখানে প্রথম প্রবেশ করিল। পরিশেষে ভালবতে ইহার চ্ডোন্ত হইল। প্তেনা রোগও নয়, পক্ষিণীও নয়, মানবীও নহে। সে ঘোরর্পা রাক্ষণী। তাহার শরীর ছয় দোশ বিন্তুত হইয়া পতিত হইয়াছিল, দাঁতগ্রলা এক একটা লাঙ্গল-দন্ডের মত, নাকের গর্ত্ত গিরিকন্দরের তুলা, ভন দুইটা গণ্ডানিল, দাঁতগ্রলা এক একটা লাঙ্গল-দন্ডের মত, নাকের গর্ত্ত গিরিকন্দরের তুলা, ভন দুইটা গণ্ডানিল অর্থাৎ ছোট রক্ষের পাহাড়, চক্ষ্ব অন্ধক্ত পরিণত হইল, দেখিয়া পাঠক আনন্দ লাভ করিবেন আমরা ভরসা করি, কিন্তু মনে রাখেন যে, ইহা চতুর্থ অবন্থা।

ইছাতে পাই, অগ্নে মহাভারত; তারপর বিশ্বস্বালের পঞ্চম অংশ; তারপর হরিবংশ;

তারপর ভাগবত।

कथन कथन आहे नाम "वात्रा" जिथिक हदेशारक।

[ो] देकान जन्द्वायकात जन्द्वारि "त्राक्रमी" कथाठा वनादेत्रारधन। विकृतद्वारमत स्टब्स असने कथा हिर्

আর একটা উদাহরণ কাইনা দেখা যাউক। কাল শালের পর ইর প্রভার করিকে কালিয়া শব্দ পাওয়া বার। কালিরের নাম মহাভরতে নাই। বিকৃপ্রেলণে কালিরব্তান্ত পাই। পড়িয়া জানিতে পারা বার বে, ইহা কাল, এবং কালভর্মানবারণ কৃষ্ণাদপন্ম সন্দ্রনীর একটি রূপক। সাপের একটি মার ফণা থাকে, কিন্তু বিকৃপ্রেলে "মধ্যম ফণার" কথা আছে। মধ্যম বলিলে ভিনটি ব্যায়। ব্যিলাম বে, ভূত ভবিষাং ও বর্ত্তমানাভিম্থী কালিরের তিনটি ফণা। কিন্তু হরিবংশকার রূপকের প্রকৃত তাংপর্যা নাই ব্যিতে পার্ন, বা ভাহাতে নৃতন অর্থ দিবার অভিপ্রার রাখনে, তিনি দুইটি ফণা বাড়াইয়া দিলেন। ভাগবতকার ভাহাতে সকুন্ট নহেন—একেবারে সহস্র ফণা করিয়া দিলেন।

এখন বলিতে পারি কি না বে, আগে মহাভারত, পরে বিক্স্রুরাণের পশুম অংশ, পরে হরিবংশ, পরে ভাগবত।

এখন আর উদাহরণ বাড়াইবার প্রয়োজন নাই, কৃষ্ণচরিত্র লিখিতে লিখিতে অনেক উদাহরণ আপনি আসিয়া পড়িবে। স্থ্ল কথা এই ষে, যে গ্রুপে অমৌলিক, অনৈস্গির্কি, উপন্যাসভাগ যত বাড়িয়াছে, সেই গ্রুপ তত আধ্নিক। এই নিয়মান্সারে, আলোচ্য গ্রুপ সকলের পৌর্ব্বাপর্য্য এইর্শ অব্যারিত হয়।

প্রথম। মহাভারতের প্রথম স্তর। বিতরীয়। বিষয়পুরোণের পণ্ডম অংশ

তৃতীয়। হরিবংশ

চতুর্থ। শ্রীমন্তাগবত।

ইবা জিন্ন আর কোন গ্রন্থের ব্যবহার বিধেয় নহে। মহাভারতের দ্বিতীয় ও তৃতীর স্তর আমোলিক বলিয়া অব্যবহার্যা, কিন্তু তাহার আমোলিকতা প্রমাণ করিবার জন্য, ঐ সকল অংশের কেথাও কোথাও সমালোচনা করিব। রহ্মাপরেশ ব্যবহারের প্রয়োজন নাই, কেন না, বিষ্কৃপ্রাণে বাহা আছে, রহ্মাপ্রাণেও তাহা আছে। রহ্মাবৈর্ত্ত প্রাণ পরিত্যাজ্ঞা, কেন না, মোলিক রক্ষাবৈর্ত্ত লোপপ্রাপ্ত হইরাছে। তথাপি শ্রীরাধার ব্,ত্তান্ত জন্য একবার রক্ষাবৈর্ত্ত ব্যবহার করিতে হইবে। অন্যান্য প্রয়াণে রক্ষাক্ষথা অতি সংক্ষিপ্ত, এজন্য সে সকর্পের ব্যবহার নিক্ষাল। বিষ্কৃপ্রয়াণের পঞ্চমাংশ ভিন্ন চতুর্থাংশও কদাচিং ব্যবহার করার প্রয়াজন হইবে—যথা সামন্তক মণি, সত্যভামা, ও জান্ববতীব্রান্ত।

পুরাণ সকলের প্রক্রিপ্তবিচার দুর্ঘট। মহাভারতে যে সকল লক্ষ্ণ পাইয়াছি, তাহা হারবংশে ও পুরাণে লক্ষ্য করা ভার। কিন্তু মহাভারত সম্বন্ধে আর যে দুইটা* নিরম করিয়াছি বে, বাহা অনৈস্থিতিক, তাহা অনৈতিহাসিক ও অতিপ্রকৃত বলিয়া পরিত্যাগ করিব; আর বাহা নৈস্থিতিক, তাহাও বিদি মিধ্যার লক্ষ্ণাক্রান্ত হয়, তবে তাহাও পরিত্যাগ করিব; এই দুইটি নিরম পুরাশ সম্বন্ধেও খাটিবে।

একংগ আমরা কুক্চরিরক্থনে প্রস্তুত।

দিতীয় খণ্ড

ब्न्मावन

বো মোহরতি ভূতানি লেহপাশান্বস্থনৈঃ। সগস্য রক্ষণার্থায় তদৈম মোহান্থনে নমঃ॥ —শান্তিপর্ব্ব, ৪৭ অধ্যায়।

প্রথম পরিচ্ছেদ-যদ্বংশ

প্রথম খণ্ডে আমরা প্রেরবার পত্ত আয়র কথা বালয়াছি। আয় যজ্বেশি যজ্ঞের ঘৃত মাত্র। কিন্তু ঋণেবদসংহিতার ১০ম মণ্ডলে তিনি ঐতিহাসিক রাজা। ১০ম মণ্ডলের ৪৯ স্তের ঋষি বৈকুণ্ঠ ইন্দ্র। ইন্দ্র বালতেছেন, "আমি বেশকে আয়ুর বশীভূত করিয়া দিয়াছি।"

আয়র পর নহরে। নহাষের পরে ষ্যাতি। এই নহরে ও য্যাতির নামও ঋণ্বেদসংহিতার আছে। ষ্যাতির পাঁচ পরে ইতিহাস প্রাণে কথিত হইরাছে। জ্যোষ্ঠ যদ্র, কনিষ্ঠ প্রে:। আর তিন জনের নাম তুর্ব্বসর, দ্রহা, অণ্:। ইহার মধ্যে প্রে:, যদ্র, এবং তুর্বসর, নাম ঋণ্বেদ-সংহিতার আছে (১০ম, ৪৮।৪৯ স্কে)। কিন্তু ই'হারা যে য্যাতির প্র বা প্রস্পরের ভাই, এমন কথা ঋণ্বেদসংহিতায় নাই।

কথিত আছে য্যাতির জ্যেষ্ঠ চারি পত্ন তাঁহার আজ্ঞাপালন না করায় তিনি ঐ চারি পত্নকে অভিশপ্ত করিয়া, কনিষ্ঠ পত্নরুকে রাজ্যাভিষিক্ত করেন। এই পত্নরুর বংশে দত্বশুস্ত, ভরত, কুর্ এবং অজমী ট ইত্যাদি ভূপতিরা জন্মগ্রহণ করিয়াছিলেন। দ্বেগ্যিধন ব্রিধিন্ঠিরাদি কৌরবেরা এই পত্নরুর বংশ। এবং কৃষ্ণ প্রভৃতি যাদবেরা যদ্ত্র বংশ। অস্ততঃ পত্রাণে ইতিহানে সচরাচর ইহাই পাওয়া যায় যে, য্যাতিপত্ন বদ্ব হইতে মধ্বরাবাসী যাদবাদগের উৎপত্তি।

কিন্তু হরিবংশে আর এক কথা পাওঁয়া যায়। হরিবংশের হরিবংশপর্শে যে ষদ্বংশকথন আছে, তাহাতে ব্যাতিপূত্র যদ্রই বংশকথন। কিন্তু বিষ্ণুপ্থেশ ভিন্ন প্রকার আছে। তথার আছে বে, হর্যায় নামে একজন ইক্ষ্যাকৃবংশীয়, অযোধ্যায় রাজা ছিলেন। তিনি মধ্বনাধিপতি মধ্র কন্যা মধ্মতীকে বিবাহ করেন। এই মধ্বনই মথ্রা। হর্যায় অযোধ্যা হইতে কোন কারণে বিদ্রিত হইলে য়শ্রবাড়ী আসিয়া বাস করেন। ই'হায়ই পূত্র বদু। হর্যুয়ের লোকান্তরে ইনি রাজা হয়েন। বদ্রর পূত্র মাধব, মাধবের পূত্র সত্তের পূত্র ভীয়। মধ্র পূত্র লাকাকর বামের প্রতা শত্রুছা বিজিত করিয়া তাহার রাজা হস্তগত করিয়া মথ্রানগর নিক্ষাশ করেন। হরিবংশে বলে, রাঘবেরা মথ্রা ত্যাগ করিয়া গেলে, ভীম তাহা প্নক্রার অধিকার করেন, এবং এই যদুসভূত বংশই মথ্রাবাসী বাদকগণ।

ঋশেষদসংহিতার দশম মণ্ডলের ৬২ স্তে বদ্ব ও তুর্বা (তুর্বসর্) এই দ্ই জনের নাম আছে (১০ ঋক্), কিন্তু তথায় ই*হাদিশকে দাসজাতীয় রাজা বলা ইইয়াছে।

কিন্তু ঐ মন্তলের ৪৯ স্তে ইন্দ্র বালতেছেন, "তুর্ম্বস্কৃত বদ্ব এই দুই ব্যক্তিকে আমি কলবান্ বালয়া খ্যাতাপর করিয়াছি (৮ ঋক্)"। ঐ স্তের ও ঋকে আছে, "আমি দস্যুক্তাতিকে 'আর্ম্ব' এই নাম হইতে বন্ধিত করিয়াছি।" তবে দাসল্লাতীর রাজ্যকে যে তিনি খ্যাতাপর করিরাছিলেন, ইছাতে কি ব্নিতে পারা বার? এই বদ্বু আর্ম্বা, না অনার্ম্বা? ইহা ঠিক ব্রুম্বা গেলা না।

শ্বশাচ, প্রথম মাজনের ৩৬ স্তে ১৮ খাকের অর্থ এইর্শ—"অগ্নির বারা তুর্বস্ব, বদ্ব ও উন্নদেবকে দ্ব হইতে আমরা আহ্বান করি।" অনার্য্য রাজ সাব্যক্ষ আর্য্য থবির এর্প উত্তি সম্ভব কি?

বাহা হউক ভিন জন বদরে কথা পাই।

(১) ব্ৰাভিপ্ত।

क्षरे कर्तां अटकत जन्दराम तटमम वाद्य जन्दराम इहेट छेक्ंच क्यां टमम।

(২) ইক্ষাকুবংশীয়।

(৩) অনার্য্য রাজা।

কৃষ্ণ, কোন্ যদ্রে বংশে উৎপল্ল হইরাছিলেন, তাহা মীমাংসা করা দ্র্ঘট। যথন তাঁহাদের মধ্রের ভিন্ন পাই না, এবং ঐ মথ্রা ইক্টাকুবংশীরদিগের নিম্মিত, তখন এই যাদবেরা ইক্টাকুবংশীয় নহে, ইহা জ্বোর ক্রিয়া বলা যায় না।

. 1

বৈ বদ্বংশেই কৃষ্ণ জন্মগ্রহণ কর্ন, তদ্বংশে মধ্ সন্তুত ব্ঞি, অন্ধক, কুকুর ও ভোজ প্রভৃতি রাজ্ঞণৰ জন্মগ্রহণ করিরাছিলেন। এই বৃষ্ণি অন্ধক কুকুর ও ভোজবংশীবেরা, একরে মধ্রায় বাস করিতেন। কৃষ্ণ বৃষ্ণিবংশীর, কংস ও দেবকী ভোজবংশীব। কংস ও দেবকীর এক পিতামত।

দিতীয় পরিছেদ—ক্রফের জন্ম

কংসের শিতা উগ্রসেন যাদবদিগের অধিপতি বলিযা বর্ণিত হইয়াছেন। কৃষ্ণের পিতা বসুদেব, দেবকীর স্বামী।

বস্দেব দেবকীকে বিবাহ করিয়া যথন গৃহে আনিতেছিলেন, তথন কংস প্রীতিপ্র্বাক্
তাহাদের রথের সারথা গ্রহণ করিয়া, তাহাদিগকে লইয়া যাইতেছিলেন। এমন সময়ে দৈববাণী
হইল বে, ঐ দেবকীর অন্টমগর্জজাত প্র কংসকে বধ করিবে। তথন আপদের শেষ করিবার
জন্য কংস দেবকীকৈ বধ করিতে উদ্যত হইলেন। বস্দেব তাহাকে শান্ত করিয়া অঙ্গীকার
করিলেন বে, তাহাদের যতগালৈ প্র হইবে, তিনি স্বয়ং সকলকে কংসহতে সমপণি করিবেন।
ইহাতে আপততঃ দেবকীর প্রাণরক্ষা হইল, কিন্তু কংস বস্দেব ও দেবকীকে অবর্ম্থ কবিলেন।
এবং তাহাদের প্রথম ছয় সম্ভান বধ করিলেন। সপ্তমগর্ভান্থ সভান গভেই বিনন্দ ইইমাছিল।
প্রোণে কথিত হইয়াছে বিস্কুর আজ্ঞান্সারে যোগনিলা সেই গভা আকর্ষণ করিয়া বস্দেবেব
অন্যা পত্নীর গভা স্থাপিত করিয়াছিলেন।

সেই অন্যা পত্নী রোহিণী। মধ্বার অদ্রে, ঘোষপাল্লীতে নন্দ নামে গোশব্যবসায়ীর বাস।
ভিনি বসুদেবের আত্মীয়। রোহিণীকে বসুদেব সেই নন্দের গ্রে রাখিবা গিরাছিলেন।
সেইখানে রোহিণী প্রস্তান প্রস্ব করিলেন। এই প্রে, বলরাম।

দেবকার অন্টম গতে প্রীকৃষ্ণ আবিভূত ছইলেন। এবং যথাকালে রাত্রে ভূমিন্ট হইলেন। বস্বদেব তাহাকে সেই রাত্রেই নন্দালরে লইয়া গেলেন। সেই রাত্রে নন্দপত্নী ষশোদা একটি কন্যা প্রদাব করিয়াছিলেন। প্রাণে কথিত হইয়াছে বে, ইনি সেই বৈশ্বনী শক্তি বোগনিরা। ইনি বশোদাকে মুদ্ধ করিয়া রাখিলেন, ইতাবসরে বস্বদেব প্রেটিকে স্তিকাগারে রাখিষা কন্যাটি লইয়া শ্বভবনে আসিলেন। সেই কন্যাকে তিনি কসেকে আপন কন্যা বলিয়া সমর্পণ করিজেন। কংস তাহাকে বিনন্দ করিতে পারিলেন না। যোগনিরা আকাশপথে চলিয়া গেলেন, এবং বলিয়া গেলেন বে, কংসের নিধনকারী কোন স্থানে জন্মিয়াছেন। কংস তারপর ভালনীকে কারাম্ব্রুক করিলেন। কৃষ্ণ নন্দালরে রহিলেন।

এ সকল অনৈসগিক ব্যাপার; জামরা পৃশ্বকৃত নিরমান,সারে ত্যাগ করিতে বাধা। তবে ইছার মধ্যে একট্ ঐতিহাসিক তত্ও পাওয়া বার। কৃষ্ণ রখরোর বদ্বধণে, দেককীর গড়ের্ড বস্পেদেরে উরসে জন্মগ্রহণ করিরাছিলেন অতি বৈশবে তাঁহাকে তাঁহার গিতা নন্দাকরেশ রাখিরা আসিরাছিলেন। নন্দালরে প্রতে ল,কাইরা রাখার জন্য তাঁহাকে কংসনালবিবরিশা দৈববালীর বা কংসের প্রাণভরের আগ্রার লইতে হয় নাই। ভাগবত প্রাণে এবং মহাভারতীর ক্রোভিতেই আছে বে, কংস এই সময়ে অতিশ্র দ্রোচারী হইয়া ভিরিমাছিল। সে উল্লেজবের

^{*} কৃষ্ণারিরের প্রথম সংক্ষরণে আমি কৃষ্ণের নন্দালরে বাসের কথা আবিদাস করিরাছিলায়। এবং ভাছার পোষকভার মহাভারত হইতে প্রমাণ উদ্ধৃত করিয়াছিলায়। সেই সকল প্রথা স্থানি শ্রন্থে উপায়্ত ছানে উদ্ধৃত করিব। একংশ আমার ইহাই বস্তাবা বে, একংশ প্রনার বিশ্বন্ধ নির্ভাৱ করিবা মে মড কিরলংশে পরিভাগে করিয়াছি। আপনার প্রান্তি স্বীকার করিতে আমার আপুন্তি নাই—ক্ষুদ্রবাদ্ধি বাজিক আজি স্বান্তির বাজিক বাজিক বাজিক স্বান্তির বাজিক, প্রক্রের্ড



মত, আপনার পিতা উত্তরেনকৈ পদচ্যত করিয়া আপনি রাজ্যাধিকার করিয়াছিল। বাদবাদনের উপর এর প পীড়ন আরম্ভ করিয়াছিল যে, অনেক যাদব ভয়ে মথ্রা হইতে পলারন করিয়া জন্ম দেশে গিয়া বাস করিতেছিলেন। বস্দেবও আপনার অন্যা পত্নী রোহিণীকে ও তাঁহার প্রকেক নন্দালয়ে রাখিয়াছিলেন। এখন কৃষ্ণকেও কংসভয়ে সেই নন্দালয়ে ল্কাইয়া রাখিলেন। ইহা সম্ভব এবং ঐতিহাসিক বলিয়া গ্রহণ করা যাইতে পারে।

তৃতীয় পরিচ্ছেদ—শৈশব

কৃষ্ণের শৈশব সম্বন্ধে কতকগর্মল বিশেষ অনৈসাগিক কথা প্রাণে কথিত হইয়াছে। একে একে তাহার পরিচয় দিতেছি।

১। প্তনাবধ। প্তনা কংসপ্রেরিতা রাক্ষ্সী। সে প্রমর্পবতীর বেশ ধারণ করিয়া নন্দালয়ে কৃষ্ণবধার্থ প্রবেশ করিল। তাহার স্তনে বিষ বিলেপিত ছিল। সে শ্রীকৃষ্ণকৈ শুনাপান করাইতে লাগিল। কৃষ্ণ তাহাকে এর্প নিপীড়িত করিয়া শুনাপান করিলেন যে, প্তনার প্রাণ বহিপত হইল। সে তথন নিজ রূপ ধারণ করিয়া ছয় ক্রোশ ভূমি ব্যাপিয়া নিপতিত হইল।

মহাভারতেও শিশ্বপালবধ-পর্বাধ্যায়ে প্তনাবধের প্রসঙ্গ আছে। শিশ্বপাল, প্তনাকে শকুনি বালতেছেন। শকুনি বাললে, গৃষ্ধ, চীল এবং শ্যামাপক্ষীকেও ব্রুঝায়। বলবান্ শিশ্বর একটা ক্ষ্মদ্র পক্ষী বধ করা বিচিত্র নহে।

কিন্তু প্তেনার আর একটা অর্থ আছে। আমরা যাহাকে "পে'চোয় পাওয়া" বাল, স্তিকাগারস্থ শিশ্বে সেই রোগের নাম প্তেনা। সকলেই জানে যে, শিশ্ব বলের সহিত শুনাপান করিতে পারিলে এ রোগ আর থাকে না। বোধ হয়, ইহাই প্তেনাবধ।

২। শক্টবিপর্যার। যশোদা, কৃষ্ণকে একখানা শকটের নীচে শুরাইয়া রাখিয়াছিলেন। কৃষ্ণের পদাঘাতে শকট উন্টাইয়া পড়িয়াছিল। ঋণেবদসংহিতায় ইন্দুকৃত উবার শকটভঞ্জনের একটা কথা আছে। এই কৃষ্ণকৃত শকটভঞ্জন, সে প্রাচীন র্পকের ন্তন সংস্কারমাত্ত হইয়াছে. এমন বিবেচনা করিবার কারণ আছে।

৩। তাহার পর মাতৃক্রোড়ে কৃষ্ণের বিশ্বস্তরম্তিধারণ, এবং স্বীয় ব্যাদিতানন-মধ্যে যশোদাকে বিশ্বর্প দেখান। এটা প্রথম ভাগবতে দেখিতে পাই। ভাগবতকারেরই র্চিত উপন্যাস বোধ হয়।

৪। তৃণাবর্ত্ত । তৃণাবর্ত্ত নামে অস্বে কৃষ্ণকে একদা আকাশমার্গে তুলিয়া লইয়া গিয়াছিল।

ইহার ষের্প বর্ণনা দেখা যায়, তাহাতে বোধ হয়, ইহা চক্রবায়্ন মাত্র। চক্রবায়্র রূপ ধরিয়াই
অস্বে আসিয়াছিল, ভাগবতে এইরূপ কথিত হইয়াছে। এই উপাখ্যানও প্রথম ভাগবতেই
দেখিতে পাই। স্তরাং ইহাও অমৌলিক সন্দেহ নাই। চক্রবায়্তে ছেলে তুলিয়া ফেলাও
বিচিত্র নহে।

৫। কৃষ্ণ একদা মৃত্তিকা ভোজন করিয়াছিলেন। কৃষ্ণ সে কথা অস্বীকার করায়, বশোদা তাঁহার মৃথের ভিতর দেখিতে চাহিলেন। কৃষ্ণ হাঁ করিয়া বদনমধ্যে বিশ্বব্রহ্মাণ্ড দেখাইলেন। এটিও কেবল ভাগবতীয় উপন্যাস।

৬। ভাগবতকার আরও বলেন, কৃষ্ণ হাঁটিয়া বেড়াইতে শিথিলে তিনি গোপীদিগের গ্রে অত্যন্ত দৌরাম্ম্য করিতেন। অন্যান্য দৌরাম্মামধ্যে, ননী মাখন চুরি করিয়া খাইতেন। বিষ-

প্রাণেও এ কথা নাই; মহাভারতেও নাই।

হরিবংশে ননী মাখন চুরির কথা প্রসঙ্গনে আছে। ভাগবতেই ইহার বাড়াবাড়ি। বে শিশ্রে ধর্ম্মাধর্মজ্ঞান জন্মিবার সময় হয় নাই, সে খাদ্য চুরি করিলে কোন দোষ হইল না। বিদ্ধান যে, কৃষকে তোমরা ঈশ্বরাবতার বল; তাঁহার কোন ব্য়সেই জ্ঞানের অভাব থাকিতে পারেন না। ভাছার উত্তরে কৃষ্ণোপাসকেরা বলিতে পারেন বে, ঈশ্বরের চুরি নাই। জগতই খাঁহার স্থুত নবনীত মাখন খাঁহার স্ভুত—তিনি কার ধন লইয়া চোর হইলেন? স্বই ত তাঁহার। আরু বিদ্ধান বল, তিনি মানবশ্বেমা চুরি অবশ্য পাপ, তাহার উত্তর এই বে, মানব-ধ্বাবিক্সবী শিশ্যের পাপ নাই, কেন না, শিশ্যের ধ্বাবিক্সবী শিশ্যের পাপ নাই, কেন না, শিশ্যের ধ্বাবিক্সবী শিশ্যের পাপ নাই, কেন না, শিশ্যের ধ্বাবিক্সবী ভিন্তা এ সকল বিচারে

আমাদের কোন প্রয়োজনই নাই—কেন না, কথাটাই অম্লক। বদি মৌলিক কথা হর, তবে

ভালৰতকার, এ কথা বে ভাবে বলিয়াছেন, তাহা বড় মনোহুর।

ভাগবতকার বলিরাছেন যে, ননী মাখন ভগবান্ নিজের জন্য বড় চুরি করিতেন না; বানরদিগকে খাওয়াইতেন। বানরদিগকে খাওয়াইতে না পাইলে শ্রইয়া পড়িয়া কাঁদিতেন। ভাগবতকার বলিতে পারেন যে, কৃষ্ণ সর্বভিতে সমদশাঁ; গোপীরা যথেন্ট ক্ষীর নবনীত খায়,—বানরেরা পায় না, এজন্য গোপীদিগের লইয়া বানরদিগকে দেন। তিনি সর্বভিতের ঈশ্বর, গোপী ও বানর তাঁহার নিকট ননী মাখনের তুল্যাধিকারী।

এই শিশ্ব সন্ধলনের জন্য সহদয়তাপরবশ, সন্ধাজনের দৃঃখনোচনে উদ্যুক্ত। তির্য্যক্জাতি বানরাদগের জন্য তাঁহার কাতরতার এই পরিচয় দিয়াছেন। আর একটি দৃঃখিনী ক্র্যানিট্রেট্রিটর কথা বালয়াছেন। কৃষ্ণের নিকট সে ফল লইয়া আসিলে কৃষ্ণ অঞ্জাল ভরিয়া তাহাকে রক্ন দিলেন। কথাদ্বলির ভাগবত ব্যতীত প্রমাণ কিছ্ব নাই; কিন্তু আমরা পরে দেখিব প্রহিতই কৃষ্ণের

জীবনের রত।

৭। यभनाष्क्र निष्क्र। একদা কৃষ্ণ বড় "দ্রস্তপনা" করিয়াছিলেন বলিয়া, যশোদা তাঁহার পেটে দড়ি বাঁথিয়া, একটা উদ্খলে বাঁথিয়া রাখিলেন। কৃষ্ণ উদ্খল টানিয়া লইয়া চলিলেন। যমলাজ্র্বন নামে দ্রটা গাছ ছিল। কৃষ্ণ তাহার মধ্য দিয়া চলিলেন। উদ্খল, গাছের ম্লেবাধিয়া গেল। কৃষ্ণ তথাপি চলিলেন। গাছ দ্রটা ভাঙ্গিয়া গেল।

এ কথা বিষ্ণুপ্রাণে এবং মহাভারতের শিশুপালের তিরুক্তারবাক্যে আছে। কিন্তু ব্যাপারটা কি? অর্জুন বলে কুরচি গাছকে; যমলার্জ্বন অর্থে জোড়া কুরচি গাছ। কুরচি গাছ সুচরাচর বড় হয় না, এবং অনেক গাছু ছোট দেখা যায়। যদি চারাগাছ হয়, তাহা হইলে বলবান্

শিশ্বর বলে ঐর্প অবস্থায় তাহা ভাঙ্গিয়া যাইতে পারে।

কৈন্তু ভাগবতকার প্রেবপ্রচলিত কথার উপর, অতিরঞ্জন চেণ্টা করিতে হুটি করেন নাই। গাছ দুইটি কুবেরপরে; শাপনিবন্ধন গাছ হইয়াছিল, কৃষ্ণস্পর্শে মুক্ত হইয়া স্বধামে গমন করিল। কৃষ্ণকে বন্ধন করিবার কালে গোকুলে যত দড়ি ছিল, সব যোড়া দিয়াও কচি ছেলের পেট বাধা

লেল না। শেষে কৃষ্ণ দয়া করিয়া বাঁধা দিলেন।

বিষ্ক্রর একটি নাম দামোদর। বহিরিন্দিরনিগ্রহকে দম বলে। উদ্ উপর, ঋ গমনে, এজন্য উদর অথে উৎকৃষ্ট গতি। দমের দ্বারা যিনি উচ্চন্থান পাইরাছেন, তিনিই দামোদর। বেদে আছে, বিষ্কৃত্ব তপস্যা করিয়া বিষ্কৃত্ব লাভ করিয়াছেন, নহিলে তিনি ইন্দের কনিষ্ঠ মাত্র। শংকরাচার্য্য দামোদর শব্দের এই অথ গ্রহণ করিয়াছেন। তিনি বলেন, "দমাদিসাধনেন উদরা উৎকৃষ্টা গতির্যা তয়া গম্যত ইতি দামোদরঃ"। মহাভারতেও আছে, "দমাদিনামাদরং বিদ্বঃ।"

কিন্তু দামন্ শব্দে গোর্র দড়িও ব্ঝার। যাহার উদর গোর্র দড়িতে বাঁধা হইরাছিল, সেও দামোদর। গোর্র দড়ির কথাটা উঠিবার আগে দামোদর নামটা প্রচলিত ছিল। নামটি

পাইয়া ভাগবতকার দড়ি বাঁধার উপন্যাসটি গড়িয়াছেন, এই বোধ হয় না কি?

এক্ষণে নন্দাদি গোপগণ প্রেবাসস্থান পরিত্যাগ করিয়া বৃন্দাবনে চলিলেন। কৃষ্ণ নানাবিধ বিশাদে পড়িয়াছিলেন, এইর্প বিবেচনা করিয়াই তাঁহারা বৃন্দাবন গেলেন, এইর্প প্রাণে কিশিত আছে। বৃন্দাবন অধিকতর স্বথের স্থান, এজন্যও হইতে পারে। হরিবংশে পাওয়া ষায়. এই সময়ে ঘোষনিবাসে বড় ব্কের ভয় হইয়াছিল। গোপেরা তাই সেই স্থান ত্যাগ করিয়া গেল।

ठजूर्थ श्रीतराष्ट्रम—रेकरमात्र मीना

এই বৃন্দাবন কাব্যজগতে অতুল্য স্থি। হরিংপ্রশাভিত প্রনিনশালিনী কলনাদিনী কালিন্দাকৈলে কোকিল-ময়্র-ধ্রনিক-কুঞ্জবনপরিপ্র্ণা, গোপবালকগণের শ্রুবেশ্বর মধ্র রবে শব্দময়ী অসংখ্যকুস্মামোদস্বাসিতা, নানাভরণভূষিতা বিশালায়তলোচনা ব্রজস্ক্রীগণস্মাক্ষতা বৃন্দাবনস্থলী, স্মৃতিমাল্ল হলর উৎফ্বেল হয়। কিন্তু কাব্যরস আস্বাদন জন্য কালবিকাশ্ব করিবার আমাদের সময় নাই। আময়া আরও গ্রুব্তর তত্ত্বের অন্বেবণে নিয্ক্ত।

ভাগবতকার বলেন, বৃন্দাবনে আসার পর কৃষ্ণ ক্রমশঃ তিনটি অস্ত্র বধ করিলেন,—(১) ক্সোন্র, (২) বকাস্ত্র, (৩) অঘাস্ত্র। প্রথমটি বংসর্পী, বিতীরটি পক্ষির্পী, ভৃতীরটি

সর্গরিংগী। বলবান বালক, ঐ সকল জকু গোপালগণের অনিষ্টকারী হইলে, ভাষাবিগকে বর্ষ করা বিচিত্র নহে। কিন্তু ইহার একটিরও কথা বিষ্পুর্রাণে বা মহাভারতে, এমন কি, হরিবছেনও পাওরা বার না। সত্তরাং অমৌলিক বলিয়া তিনটি অস্থের কথাই আমাদের পরিভালা।

এক বংসাস্র, বকাস্র এবং অঘাস্রবধোপাখান মধ্যে সের্প তত্ত্ খ্রিজলে না পাওরা বার, এমত নহে। বদ্ খাতু হইতে বংস; বন্ক্ ধাতু হইতে বক, এবং অঘ্ ধাতু হইতে অঘাব বদ্ ধাতু প্রকাশে, বন্ক্ কোটিলো, এবং অঘ্ পাপে। যাহারা প্রকাশ্যবাদী বা নিন্দক, তাহারা বংস, কুটিল শানুপক্ষ বক, পাপীরা অঘ। কৃষ্ণ অপ্রাপ্তকৈশোরেই এই ত্রিবধ শানু পরাষ্ট্র করিলেন। যজ্বেশের মাধ্যন্দিনী শাখার একাদশ অধ্যায়ে অগ্নিচয়নমন্দ্রের ৮০ কন্ডিকায় যে মন্দ্র, তাহাতেও এইর্প শানুনিগের নিপাতনের প্রার্থনা দেখা যায়। মন্দ্রটি এই:—

"হে অগ্নে! যাহারা আমাদের অরাতি, যাহারা দ্বেষী, যাহারা নিশক এবং যাহারা জিলাংস,

এই চারি প্রকার শত্রকেই ভস্মসাং কর।"

এই মন্দের বেশির ভাগ অরাতি অর্থাৎ যাহারা খন দেয় না। (ভাষায় জ্বাচোর), তাহাদের নিপাতেরও কথা আছে। কিন্তু ভাগবতকার এই র্পক রচনাকালে এই মন্দুটি যে স্মরণ করিয়া-ছিলেন, এমত বোধ হয়। অথবা ইহা বলিলেই যথেষ্ট হয় যে, ঐ র্পকের ম্লু ঐ মন্দ্রে আছে।

তার পর ভাগবতে আছে যে, ব্রহ্মা কৃষ্ণকে পরীক্ষা করিবার জন্য একদা মায়ার ধারা সমস্ত গোপাল ও গোবৎসগণকে হরণ করিলেন। কৃষ্ণ আর এক সেট্ রাখাল ও গোবৎসের স্কৃতি করিয়া প্র্রেবং বিহার করিতে লাগিলেন। কথাটার তাৎপর্য্য এই যে, ব্রহ্মাও কৃষ্ণের মহিমা ব্রিতে অক্ষম। তার পর একদিন, কৃষ্ণ দাবানলের আগ্রন সকলই পান করিলেন। শৈবদিশের নীলকণ্ঠের বিষপানের উপন্যাস আছে। বৈষ্ণবচ্ডামণি তাহার উত্তরে কৃষ্ণের অগ্নিপানের কথা বিললেন।

এই বিখ্যাত কালিয়দমনের কথা বলিবার স্থান। কালিয়দমনের কথাপ্রসঙ্গমার মহাভারতে নাই। হরিবংশে ও বিষ্কৃশ্রাণে আছে। ভাগবতে বিশিষ্টর্পে সম্প্রসারিত হইয়াছে। ইছা উপন্যাসমার—অনৈস্গিকতায় পরিপূর্ণ। কেবল উপন্যাস নহে—রূপক। রূপকও অতি মনোহর।

উপন্যাসটি এই। যম্বার এক হুদে বা আবর্ত্তে কালিয় নামে এক বিষধর সর্প সপরিবারে वाम कति । जारात वर् कमा। विक्युभ्यतामत मत् जिनिहें, रित्रवरामत मत् भौति । ভাগবতে সহস্র। তাহার অনেক দ্রী পুত্র পৌত ছিল। তাহাদিগের বিষে সেই আবর্তের ছল এমন বিষময় হইয়া উঠিয়াছিল যে, তম্জন্য নিকটে কেহ তিন্ঠিতে পারিত না। অনেক ব্রজ্বালক ও গোবংস সেই জল পান করিয়া প্রাণ হারাইত। সেই বিষের জনালায়, তীরে কোন তুণলতা ব্রুকাদিও বাঁচিত না। পক্ষিগণও সেই আবর্ত্তের উপর দিয়া উড়িয়া গেলে বিবে জক্জীরিত হইয়া জলমধ্যে পতিত হইত। এই মহাসপের দমন করিয়া বৃন্দাবনস্থ জীবগণের রক্ষাবিধান, প্রীকুকের অভিপ্রেত হইল। তিনি উল্লম্ফনপূর্ম্বক হুদমধ্যে নিপতিত হইলেন। কালির তাঁহাকে আক্রমণ করিল। তাহার ফণার উপর আরোহণ করিয়া বংশীধর গোপবালক মৃত্যু-করিতে লাগিলেন। ভূজক সেই নতেও নিপাঁড়িত হইয়া র বিরবমনপূর্বক মুমূর্য হইল। তথন তাহার বনিভাগণ কৃষ্ণকে মনুষ্যভাষায় শুব করিতে লাগিল। ভাগবতকার তাহাদিগের মুখে বে ন্তব বসাইয়াছেন, তাহা পাঠ করিয়া ভূজকমাক্রনাগণকে দর্শনিশাস্তে স্বৃপন্ডিতা বলিয়া বোধ হয়। বিজ্ঞারাণে তাহাদের মুখনিগতি স্তব বড় মধ্র; পড়িয়া বোধ হয়, মনুষাপদ্মীগণকে কেহ गत्रालानगातिनी मत्न करत्न कत्न, नागभन्नीगण म्यार्गिष्ठी वर्षे। स्मय कानित निरक्ष কৃষ্ণভূতি আরম্ভ করিল। শ্রীকৃষ্ণ সন্তুষ্ট হইয়া কালিয়কে পরিত্যাগ করিয়া যমনা পরিত্যাগ-প্রেক সমন্তে গিয়া বাস করিতে তাহাকে আদেশ করিলেন। কালিয় সপরিবারে পলাইল। यम् ना क्षत्रज्ञज्ञानमा रहेलान ।

এই গেল উপন্যাস। ইহার ভিতর বে রূপক আছে, তাহা এই। এই কলবাহিনী কৃষসলিলা কালিন্দী অন্ধকারমরী ঘোরনাদিনী অনুক্রেক্সভাত। ইহার অতি ভরক্ষর আবর্ত আছে।

^{*} সামপ্রমীকৃত অনুবাদ।

^{় &#}x27; 'অধ্যমং ফশং' ইহাতে তিনটি ব্ৰায়।

জামরা বে সকলকে দ্বেসময় বা বিশংকাল মনে করি, তাহাই কালপ্রোতের আবর্ত্ত। অতি ভীকা বিষয় মন্বাশত্ত্ব সকল এখানে ল্কারিত ভাবে বাস করে। ভুজকের ন্যার তাহাদের নিভ্ত বাস, ভুজকের ন্যার তাহাদের কৃতিল গতি, এবং ভুজকের ন্যার অমোঘ বিষ। আবিভোডিক, আয়াত্মিক, এবং আবিদেবিক, এই তিবিধবিশেষে এই ভুজকের তিন ফলা। আর বাদ মনে করা বার বে, আমাদের ইন্দিররতিই সকল অনথের মূল, তাহা হইলে, পণ্ডেন্দিরভেদে ইহার পাঁচটি ফলা, এবং আমাদের অমজলের অসংখ্য কারণ আছে, ইহা ভাবিলে, ইহার সহস্ত্র ফলা। আমরা বারে বিপদাবর্ত্তে এই ভুজকমের বলাভিত হইলে জগদখিরের পাদপদ্ম ব্যতীত, আমাদের উদ্ধারের উপায়ান্তর নাই। কৃপাপরবল হইলে তিনি এই বিষধরকে পদদলিত করিরা মনোহর ম্তিবিকাশপ্রেক অভরবংশী বাদন করেন, শ্নিতে পাইলে জীব আশান্বিত হইয়া স্থে সংসারবাহাা নিব্রাহ করে। করালনাদিনী কালতরাজিণী প্রসামসলিলা হয়। এই কৃষ্পালিলা ভীমনাদিনী কালপ্রোত্তবতীর আবর্ত্তমধ্যে অমজলভুজসমের মন্তেক্তার্ত্ত এই অভয়বংশীধর মৃত্তি, প্রেশক্তারের অপ্র্বির্ত্ত স্থিত। যে গড়িয়া প্রা করিবে, কে তাহাকে পোন্তলিক বিলয়া উপহাস করিতে সাহস করিবে?

আমরা ধেন্কাস্র (গর্ম্পত) এবং প্রলম্বাস্বরের বধব্তান্ত কিছু বলিব না, কেন না, উহা বলরামকৃত কৃষ্ণকৃত নহে। বস্তাহরণ সম্বন্ধে যাহা বক্তবা, তাহা আমরা অন্য পরিচ্ছেদে বলিব, এখন কেবল গিরিয়ন্তব্তান্ত বলিয়া এ পরিচ্ছেদের উপসংহার করিব।

বৃন্দাবনে গোবর্দ্ধন নামে এক পর্বত ছিল, এখনও আছে। গোঁসাই ঠাকুরেরা এক্ষণে যেখানে বৃন্দাবন স্থাপিত করিয়াছেন, সে এক দেশে, আর গিরিগোবর্দ্ধন আর এক দেশে। কিন্তু প্রাণাদিতে পড়ি, উহা বৃন্দাবনের সীমান্তব্দিত। ঐ পর্বত এক্ষণে যে ভাবে আছে, তাহা দেখিরা বোধ হয় যে, উহা কোন কালে, কোন প্রাকৃতিক বিপ্লবে উৎক্ষিপ্ত হইয়া প্রাংশ্রাপিত হইয়াছিল। বোধ হয়, অনেক সহস্র বংসর ঐ ক্ষুদ্র পর্বত ঐ অবস্থাতেই আছে, এবং ইহার উপর সংস্থাপিত হইয়া উপন্যাস রচিত হইয়াছে যে, গ্রীকৃষ্ণ ঐ গিরি তুলিয়া সপ্তাহ ধারণ করিয়া প্রন্ধর্বার সংস্থাপন করিয়াছিলেন।

উপন্যাসটা এই। বর্ষান্তে নন্দাদি গোপগণ বংসর বংসর একটা ইন্দ্রয়ক্ত করিতেন। তাহার আরোজন হইতেছিল। দেখিয়া কৃষ্ণ জিজ্ঞাসা করিলেন যে, কেন ইহা হইতেছে? তাহাতে নন্দ বিলানেন, ইন্দ্র বৃষ্টি করেন, বৃষ্টিতে শস্য জন্মে, শস্য থাইয়া আমরা ও গোপগণ জীবনধারণ করি, এবং গোসকল দৃষ্ণবতী হয়। অতএব ইন্দের প্রজা করা কর্ত্বা। কৃষ্ণ বিলালেন, আমরা কৃষী নহি। গাভীগণই আমাদের অরলন্দ্রন, অতএব গাভীগণের প্রজা, অর্থাৎ তাহাদিগকে উত্তম ভোজন করানই আমাদের বিধেয়। আর আমরা এই গিরির আপ্রিত, ইহার প্রজা কর্ন। রাহ্মাণ ও ক্র্যান্ত্রগণকে উত্তমর্পে ভোজন করান। তাহাই হইল। অনেক দীনদরিদ্র ক্র্যান্ত্র এবং রাহ্মণগণ (তাহারা দরিদের মধ্যে) ভোজন করিলেন। গাভীগণ থ্ব খাইল। গোবর্দ্ধনও ম্বিমান্ হইয়া রাশি রাশি অমবাঞ্জন খাইলেন। কথিত হইয়াছে যে, কৃষ্ণ নিজেই এই ম্বিমান্ গিরি সাজিয়া খাইয়াছিলেন।

ইন্দুৰজ্ঞ হইল না। এখন পাঠক জানিতে পারেন যে, আমাদিগের প্রোণেতিহাসোক্ত দেবতা ও রান্ধা সকল ভারি বদ্রাগা। ইন্দু বড় রাগ করিলেন। মেদগণকে আজ্ঞা দিলেন, বৃদ্ধি করিয়া বৃন্দাবন ভাসাইয়া দাও। মেদসকল তাহাই করিল। বৃন্দাবন ভাসিয়া যায়। গোবংস ও রজবাসিগণের দ্বংখের আর সীমা রহিল না। তখন শ্রীকৃষ্ণ গোবর্দ্ধন উপাড়িয়া বৃন্দাবনের উপর ধরিজেন। সপ্তাহ বৃদ্ধি হইল, সপ্তাহ তিনি পর্স্বতি এক হাতে তুলিয়া ধরিয়া রাখিলেন। বৃন্দাবন রক্ষা পাইল। ইন্দু হার মানিয়া, কৃষ্ণের সঙ্গে সন্বন্ধ ও সন্ধি স্থাপন করিলেন।

মহাভারতে শিশ্বপালবাকে এই গিরিষজ্ঞের কিণ্ডিং প্রসঙ্গ আছে। শিশ্বপাল বলিতেছে যে, কৃষ্ণ যে বল্মীকতুলা গোবর্জন ধারণ করিয়াছিল, তাই কি একটা বিচিন্ন কথা? কৃষ্ণের প্রভূত ভারবাজনভোজন সম্বন্ধেও একটা বাঙ্গ আছে। এই পর্যান্ত। কিন্তু গোবর্জন আজিও বিদ্যান্ত, নক্ষীক নয়, পর্যাত বটে। কৃষ্ণ কি এই পর্যাত সাত দিন এক হাতে ধরিয়া রাখিয়াছিলেন? বাঁহারা তাঁহাকে ঈশ্বরাবতার বলেন তাঁহারা বলিতে পারেন ঈশ্বরের অসাধ্য কি? ম্বীকার করি —কিন্তু সেই সঙ্গে জিজ্ঞাসাও করি, ঈশ্বরাবতাত্রের পর্যাত্রধারণের প্ররোজন কি? বাঁহার ইছের বাতীত মেম্ব এক ফোটাও বৃদ্ধি করিতে সমর্থ হয় না, সাত দিন পাহার্ড ধরিয়া বাঁশ্বি হাইতে

বন্দাবন রক্ষা করিবার তাঁহার প্রয়েজন কি? যাঁহার ইচ্ছামাত্রে সমস্ত মেঘ বিদ্যারিত, বৃষ্টি উপশান্ত, এবং আকাশ নির্মাল হইতে পারিত, তাঁহার পর্যতি তুলিয়া ধরিয়া সাত দিন খাড়া আকিবার প্রয়োজন কি?

ইহার উত্তরে কেহু বলিতে পারেন, ইহা ভগবানের লীলা। ইচ্ছাময়ের ইচ্ছা, আমরা কর্ম ব্রিকতে ব্রিথ কি? ইহাও সত্য, কিন্তু আগে ব্রিথ যে, ইনি ভগবান্ তাহার পর গিরিধারশ তাহার ইচ্ছাবিন্তারিত লীলা বলিয়া স্বীকার করিব। এখন, ইনি ভগবান্ ইহা ব্রিথ কি প্রকারে? ই'হার কার্য্য দেখিয়া। যে কার্য্যের অভিপ্রায় বা স্মুসঙ্গতি ব্রিথতে পারিলাম না, সেই কার্য্যের কর্ত্রা ঈশ্বর, এর্প সিদ্ধান্ত করিতে পারা যায় কি? না ব্রিথয়া কোন সিদ্ধান্তে উপস্থিত হওয়া যায় কি? যদি তাহা না যায়, তবে অনৈস্যার্গক পরিত্যাগের যে নিয়ম আমরা সংস্থাপন করিয়াছি, তাহারই অন্বর্ত্তী ইইয়া এই গিরিধারণব্ত্তান্তও উপন্যাসমধ্যে গণনা করাই বিধেয়। তবে এতট্রকু সত্য থাকিতে পারে যে, কৃষ্ণ গোপগণকে ইন্দুযুক্ত হইতে বিরত করিয়া গিরিয়ান্তে প্রবৃত্ত করিয়াছিলেন। তার পর বাকি অনৈস্যার্গক ব্যাপারটা গোবদ্ধনের উৎখাত ও প্রাক্ত্রাপত অবস্থা অনুসারে গঠিত হইয়াছে।

এরপে কার্য্যের একটা নিগতে তাৎপর্যাও দেখা যায়। যেমন ব্রবিয়াছি, তেমনই ব্রবাই**তেছি**। এই জগতের একই ঈশ্বর। ঈশ্বর ভিন্ন দেবতা নাই। ইন্দু বলিয়া কোন দেবতা নাই। ইন্দু ধাতু বর্ষণে, তাহার পর রক্ প্রতায় করিলে ইন্দ্র শব্দ পাওয়া যায়। অর্থ হইল বিনি বর্ষণ করেন। বর্ষণ করে কে? যিনি সন্ধর্কর্ত্তা, সন্ধ্তি বিধাতা, তিনিই বৃণ্টি করেন, -বৃণ্টির জন্য একজন পৃথক বিধাতা কল্পনা করা বা বিশ্বাস করা যায় না। তবে ইন্দের জন্য যক্ত বা সাধারণ যজ্ঞে ইন্দের ভাগ প্রচলিত ছিল বটে। এর্প ইন্দ্রপ্রজার একটা অর্থ ও আছে। ঈশ্বর অনস্ত প্রকৃতি, তাঁহার গুল সকল অনন্ত, কার্য্য অনন্ত, শক্তি সকলও সংখ্যায় অনন্ত। এরুপ অনন্তের উপাসনা কি প্রকারে করিব? অনন্তের ধ্যান হয় কি? যাহাদের হয় না, তাহারা তাঁহার ডিম্ন ভিন্ন শক্তির পৃথক্ পৃথক্ উপাসনা করে। এর্প শক্তি সকলের বিকাশস্থা জড়জগতে বড় काक्दलामान । जेकन कंप्रभारार्थ जाँदात भीक्ति भीत्रात्र भारे । जर-मादारा जनस्वत्र धान সম্সাধ্য হয়। এই জন্য প্রাচীন আর্য্যগণ তাঁহার জগংপ্রসবিতত্ব স্মরণ করিয়া সূ*র্যে*য় তাঁ**হার** সর্বাবরকতা স্মরণ করিয়া বরুণে, তাঁহার সর্বতেজের আধারভূতি স্মরণ করিয়া অগ্নিতে, তাঁহাকে জগৎপ্রাণ স্মরণ করিয়া বায়তে, এবং তদ্রপে অন্যান্য জড়পদার্থে তাঁহার আরাধনা করিতেন।* ইন্দ্রে এইর_্প তাঁহার বর্ষণকারিণী শক্তির উপাসনা করিতেন। কালে, *লো*কে উপাসনার **অর্থ** जुनिया राम, किन्रु উপाসনার আকারটা বলবান্ রহিল। কালে এইর পই ঘটিয়া থাকে; **রাহ্মণের** বিসন্ধ্যা সম্বন্ধে তাহাই ঘটিয়াছে; ভগবদ্গীতায় এবং মহাভারতের অন্যন্ত দেখিব যে, কৃষ্ণ ধন্মের এই মৃতদেহের সংকারে প্রবৃত্ত—তংপরিবর্ত্তে অতি উচ্চ ঈশ্বরোপাসনাতে লোককে প্রবৃত্ত করিতে যত্নবান। যাহা পরিণত বয়সে প্রচারিত করিয়াছিলেন, এই গিরিযক্ত তাহার প্রবর্ত্তনায় তাঁহার প্রথম উদাম। জগদীশ্বর সর্বভৃতে আছেন; মেঘেও যেমন আছেন, পর্বতে ও গোবংসেও সেইরূপ আছেন। যদি মেঘের বা আকাশের প্রেল করিলে তাঁহার প্রেল করা হয়, তবে পর্বত বা গোগদের প্জা করিলেও তাঁহারই প্জা করা হইবে। বরং আকাশাদি জড়পদার্থের প্জা অপেকা দরিদ্রদিগের এবং গোবংসের সপরিতোষ ভোজন করান অধিকতর ধর্মানমেত। গিরি-ষজ্ঞের তাৎপর্যাটা এইরূপ বুঝি।

পঞ্চম পরিচ্ছেদ-ব্রজগোপী-বিষ্ণুপ্রোণ

কৃষ্ণবেষীদিগের নিকট যে কথা কৃষ্ণচরিত্রের প্রধান কলত্ক, এবং আধ্বনিক কৃষ্ণ-উপাসকদিগের নিকট বাহা কৃষ্ণভাক্তির কেন্দ্রন্বর্প, আমি এক্ষণে সেই তত্ত্ব উপস্থিত। কৃষ্ণের সহিত রজ-

^{*} বখন আমি প্রথম "প্রচার" নামক পরে এই মৃত প্রকাশিত করি, তখন অনেকে অনেক কথা বলিরাছিলেন। অনেকে ভাবিরাছিলেন, আমি একটা নৃতন মৃত প্রচার করিতেছি। তাইরো জানেন না বে, এ আমার মৃত নহে, স্বরং নির্ভকার বাস্কের মৃত। আমি বাস্কের বাকা নিন্দে উক্ত করিতেছি— "মাহাখ্যাদ্ দেবতারা এক আখা বহুরা জুরুতে। একস্যাখ্যনাহন্যে দেবাঃ প্রতাসানি ভবতি। * * আখা এব এবাং রখো ভবতি, আমা অবাধ কার্থম, আখা ইকা, আখা স্ক্রিন্দেবন।"

জোপীদিদের সম্বন্ধের কথা বলিতেছি। কৃষ্চরিত্র সমালোচনায় এই তত্ত্ব অতিশয় গ্রেতর।

এই জন্য এ কথা আমরা অভিশয় বিস্তারের সহিত কহিতে বাধ্য হইব।

মহাভারতে ব্রজগোপীদিগের কথা কিছুই নাই। সভাপব্দে শিশুপালবধ-পর্ম্বাধ্যারে শিশ্বপালকত সবিস্তার কৃষ্ণনিন্দা আছে। যদি মহাভারতপ্রণয়নকালে ব্রজগোপীগদ্ঘটিত কৃষ্ণের এই কলন্দ থাকিত, তাহা হইলে, শিশ্বপাল অথবা যিনি শিশ্বপালবধব্তান্ত প্রণীত করিরছেন, জিনি কখনই কৃষ্ণনিন্দাকালে তাহা পরিত্যাগ করিতেন না। অতএব নিশ্চিত বে, জাদিম মহাভারত প্রশানকালে এ কথা চলিত ছিল না—তাহার পরে গঠিত হইয়াছে।

মহাভারতে কেবল ঐ সভাপব্দে দ্রোপদীবস্তাহরণকালে, দ্রোপদীকৃত কৃষ্ণস্তবে 'গোপীজনপ্রিয়'

শব্দটা আছে, যথা-

"আক্ষামাণে বসনে দ্রৌপদ্যা চিন্তিতো হরিঃ। গোবিন্দ দ্বারকাবাসিন্ কৃষ্ণ গোপীন্ধনিপ্রর!॥"

বৃন্দাবনে গোপীদিগের বাস। গোপ থাকিলেই গোপী থাকিবে। কৃষ্ণ অতিশয় স্কুলর, মাধ্রহাময় এবং দ্রীড়াশীল বালক ছিলেন, এজন্য তিনি গোপ গোপী সকলেরই প্রিয় ছিলেন। হারবংশে আছে যে, প্রীকৃষ্ণ বালিকা যুবতী বৃদ্ধা সকলেরই প্রিয়পাত্র ছিলেন। এবং মমলার্ল্জব্নভঙ্গ প্রভৃতি উৎপাতকালে শিশ্ব কৃষ্ণকে বিপন্ন দেখিয়া গোপরমণীগণ রোদন করিত এর্শ লেখা আছে। অতএব এই 'গোপীজনপ্রিয়' শব্দে স্কুদর শিশ্বে প্রতি স্ত্রীজনস্কুলভ স্নেহ ভিন্ন আর কিছুই বুঝায় না।

আমরা প্রেব যে নিয়ম করিয়াছি, তদন্সারে মহাভারতের পর বিষ্ণুপ্রাণ দেখিতে হয়, এবং প্রেব যেমন দেখিয়াছি, এখনও তেমান দেখিব যে, বিষ্ণুপ্রাণ, হরিবংশ এবং ভাগবত প্রাণে উপন্যাপের উত্তরোত্তর শ্রীবৃদ্ধি হইয়ছে। এই ব্রজগোপীতত্ত্ব মহাভারতে নাই, বিষ্ণুপ্রাণে পবিশ্বতাবে আছে, হরিবংশে প্রথম কিঞিং বিলাসিতা প্রবেশ করিয়াছে, তাহার পর ভাগবতে আদিরসের অপেক্ষাকৃত বিস্তার হইয়াছে, শেষ ব্রক্ষবৈবর্ত প্রোণে তাহার স্লোত বহিয়াছে।

এই সকল কথা সবিস্তারে ব্ঝাইবার জন্য আমরা বিষ্ণুপ্রাণে যতট্কু গোপীদিগের কথা আছে, তাহা সমস্ত উদ্ধৃত করিতেছি। দৃই একটা শব্দ এর্প আছে যে, তাহার দৃই রকম অর্থ হইতে পারে, এজন্য আমি মূল সংক্ষৃত উদ্ধৃত করিয়া পশ্চাং তাহা অনুবাদিত করিলাম।

"কৃষ্ণন্ত বিমলং ব্যোম শরচ্চন্দ্রস্য চন্দ্রিকাম। তথা ক্ম.দিনীং ফ্লোমামোদিতদিগন্তরাম্॥ ১৪॥ वन्तर्राक्षर ज्था क् क क्लम्ब्लभावार भरनात्रभाभा । বিলোক্য সহ গোপীভিম্মনশ্চক্রে রতিং প্রতি॥ ১৫ ॥ সহ ব্লামেণ মধ্রমতীব বনিতাপ্রিয়ম। জগো কলপদং শোরিনানাতন্ত্রী কত-ব্রতম ॥ ১৬ ॥ রমাং গীতধর্নাং প্রায়া সম্ভাজ্যাবস্থাংস্তদা। व्यक्तिका द्वारिशा यहास्त्र भ्रथम्मनः॥ ১৭ ॥ শনৈঃ শনৈজাগো গোপী কাচিৎ তস্য লয়ান গম। দত্তাবধানা কাচিত্ত, তমেব মনসা সমরন্॥ ১৮॥ কাচিং ক্ষেতি ক্ষেতি প্ৰোক্তন লম্পানতা। ষযৌ চ কাচিং প্রেমান্ধা তৎপার্শ্বমবিলন্জিতা॥ ১৯ ॥ কাচিদাবসথস্যাক্তবিতা দৃষ্ট্বা বহিগ্নেন্। তন্মরত্বেন গোবিন্দং দধ্যো মীলিতলোচনা॥ ২০ ॥ তক্ষিত্তাবিপ্লোহ্যাদ-ক্ষীণপ্ণাচয়া তথা। जम्श्राश्चिमशाम् अधिकौनात्मवेभाजका ॥ २**५** ॥ िखम्खी क्रमरम् जिः भत्रवस्त्रम्बर्गिभम्। नित्रक्रदम्ख्या माख्रिः भणना भाषक्रमका॥ २२ ॥ रशाभीभावित्रका वर्तातः भवकम्बम्यावावमाम्। भानदाभाग कार्वित्या दामाद्यस्त्रतमारम् कः ॥ २० ॥

গোপাশ্চ বৃন্দশঃ কৃষ্ণচেন্টাস্বায়ত্তম্ত্রিঃ। অন্যদেশং গতে কুঞ্চে চের্ব্লাবনান্তরম্ ॥ ২৪ ॥ कृष्क नित्रकृष्ठमञ्जा देषस्तुः शतम्भतम्। কুষ্ণোহ্হমেতপ্ললিতং ব্রজাম্যালোক্যতাং গতিঃ। অন্যা ব্ৰবীতি কৃষ্ণসা মম গীতিনি শামাতাম্॥ ২৫ ॥ দুল্ট কালিয়! তিষ্ঠাত্র কুঞ্চোহহর্মিতি চাপরা। वार्यारम्याणे कृष्ममा नौनामन्वम्वमामरा॥ २७ ॥ অন্যা ব্ৰবীতি ভো গোপা নিঃশ**ৈকঃ স্থী**য়তামিহ। অলং বৃণ্টিভয়েনাত্র ধৃতো গোবন্ধনা ময়া॥ ২৭ ॥ ধেনুকোহয়ং ময়া ক্ষিস্তো বিচরস্থ যথেচ্ছয়া। राभी बनीं दिन होना क्ष्मनीनान कार्या १४ ॥ এবং নানাপ্রকারাস, কৃষ্ণচেন্টাস, তাস্তদা। গোপ্যো ব্যগ্রাঃ সমঞ্জের রুমাং ব্ন্দাবনং বনম্॥ ২৯ ॥ বিলোক্যৈকা ভূবং প্রাহ গোপী গোপবরাঙ্গনা। প্লকাণ্ডিতসৰ্বাঙ্গী বিকাশিনয়নোংপলা॥ ৩০ ॥ ধ্বজবজ্রাৎকশাব্জাৎক-রেখাবস্ত্যালি! পশাত। পদান্যেতানি কৃষ্ণস্য লীলালক্ত্তগামিনঃ॥ ৩১ ॥ কাপি তেন সমং যাতা কৃতপ্ণ্যো মদালসা। পদানি তস্যাদৈচতানি ঘনান্যম্পতন্নি চ॥ ৩২ ॥ পূর্বপাবচয়মত্রোকৈশ্চকে দামোদরো ধ্রুবম্। যেনাগ্রাক্রান্তিমাত্রাণি পদান্যত্র মহাত্মনঃ॥ ৩৩ ॥ অন্ত্রোপবিশ্য সা তেন কাপি প্রশৈরলৎকতা। অন্যজন্মনি সন্ধাত্মা বিষ্ণুরভাঙ্কিতো যয়া ॥ ৩৪ ॥ প ভপবন্ধনসম্মান-কৃতমানামপাস্য তাম্। নন্দগোপস্তা যাতো মার্গেণানেন পশ্যত॥ ৩৫ ॥ অনুমানেহসমথান্যা নিতম্বভরমন্থরা। যা গন্তব্যে দ্রুতং যাতি নিদ্নপাদাগ্রসংস্থিতিঃ॥ ৩৬ ॥ হস্তন্যন্তাগ্রহস্তেরং তেন যাতি তথা সথি। **अनाराख अपनामा नक्कारक अपश्वक्रिका ७५ ॥** হস্তসংস্পর্শ মারেণ ধ্রের নৈষা বিমানিতা। নৈরাশ্যমন্পর্যামিন্যা নিব্তং লক্ষ্যতে পদম্॥ ৩৮ ॥ ন্নমূক্তা ম্বামীতি প্নবেষ্যামি তেহন্তিকম্। তেন কুকেন যেনৈষা ছরিতা পদপদ্ধতিঃ॥ ৩৯ ॥ প্রবিষ্টো গহনং কৃষ্ণঃ পদমত্র ন লক্ষাতে। নিবর্ত্তধরং শশাষ্কস্য নৈতন্দীর্ঘতিগোচরে॥ ৪০ ॥ নিব্তান্তান্ততো গোপ্যো নিরাশাঃ কৃষ্ণদর্শনে। ক্রাড্রাইলাগতা জগান্তকরিতং তদা॥ ৪১ ॥ ততো দদ্শ রায়ান্তং বিকাশি-ম খপৎকজম । গোপ্যদৈরলোক্যগোপ্তারং কৃষ্ণমক্রিন্ট-চেন্টিতম্॥ ৪২ ॥ কাচিদালোকা গোবিন্দমায়ান্তমতিহবিতা। কৃষ্ণ কুষ্ণেতি কুষ্ণেতি প্রাহ নান্যন্দৈরয়ং॥ ৪৩॥ कारिम् स्ट्रिक्ट १ कृषा ललाप्रेयलकर र्शत्रम् । বিলোক্য নেত্ৰভুঙ্গাঙ্গাং পগৌ তক্ষ্পপণকলম্।। ৪৪ ॥ কাচিদালোক্য গোবিন্দং নিমীলিত-বিলোচনা। **क्टेमार ब्र्भर धाम्मकी रमाभाग्र्रा**क्व हावरको॥ ८८ ॥ ততঃ কাশ্চিং প্রিয়ালাগৈঃ কাশ্চিদ্রভেদ-বীক্ষণৈঃ।

নিনোহন নরমন্যাশ্চ করম্পর্শেন মাধবঃ।। ৪৬ ॥ তাভিঃ প্রসম্মচিত্তাভিগেশপীভিঃ সহ সাদরম। ররাম রাসগোষ্ঠীভির,দার-চরিতো হরিঃ॥ ৪৭ ॥ রাসমণ্ডল-বন্ধোহপি কৃষ্ণপার্থমন,জ্বতা। লোপীজনেন নৈবাভূদেকস্থানিস্থরাত্মনা॥ ৪৮ ॥ হন্তে প্রগাহ্য চৈকৈকাং গোপিকাং রাসমন্ডলীম। চকার তৎকরম্পর্শনিমীলিতদুশাং হরিঃ॥ ৪৯ ॥ **ততঃ স বব্তে রাসশ্চলদ্বল**য়নিস্বনঃ। অনুযাতশরংকাব্য-গেরগীতিরন ক্রমাং॥ ৫০ ॥ कृष्णः भतकन्त्रभागः रकोग्रामीः कृग्रामाकत्रभ्। জুগো গোপজনম্পেকং কুঞ্চনাম প্রনঃ প্রনঃ॥ ৫১ ॥ পরিবর্ত্ত শ্রমেণৈকা চলদ্বলয়লাপিনীম। मर्गा वार्जाणाः स्वरक्ष लाभी भर्गनिचाणिनः॥ ७२ ॥ কাচিৎ প্রবিলসম্বাহঃ পরিরভা চুচুম্ব তম্। গোপী গতিস্থৃতিব্যাজ-নিপ্রণা মধ্রস্দনম্॥ ৫৩ ॥ গোপীকপোলসংশ্লেষমভিপত্য হরেভূজৌ। প্লেকোশামশস্যায়, স্বেদাশ্ব, ঘনতাং গতৌ॥ ৫৪॥ রাসগেরং জগো কৃষ্ণো যাবং তারতরধর্তনিঃ। সাধ্য ক্ষেতি ক্ষেতি তাবং তা দ্বিগুণং জগাঃ॥ ৫৫ ॥ গতে তু গমনং চকুর্বলনে সংমাখং যযাঃ। প্রতিলোমানুলোমাভ্যাং ভেজুর্গোপাঙ্গনা হরিম্যা ৫৬ ॥ স তথা সহ গোপীভী ররাম মধ্সদেনঃ। যথান্দকোটিপ্রমিতঃ ক্ষণস্তেন বিনাভবং ৷৷ ৫৭ ৷৷ তা বার্যামাণাঃ পতিভিঃ পিতভিন্নতিভিন্তথা। কুষ্ণ গোপাঙ্গনা রাল্রো রময়ন্তি রতিপ্রিয়াঃ॥ ৫৮ ॥ সোহপি কৈশোরকবয়ো মানয়ন্ মধ্স্দনঃ। রেমে তাভিরমেয়াত্মা ক্ষপাস, ক্ষপিতাহিতঃ॥" ৫৯ ॥ বিষ্পুরাণম্, পঞ্মাংশ, ১৩ অঃ

"নিম্মলাকাশ, শরচ্চনের চল্দিকা, ফ্রেকুম্নিদনী, দিক্ সকল গন্ধামাদিত, ভূসমালাশব্দে বনরাজি মনোরম দেখিয়া, কৃষ্ণ গোপাদিগের সহিত চনীড়া করিতে মানস করিলেন। বলরামের সহিত সোরি অতীব মধ্র স্ত্রীজনপ্রিয় নানাতন্ত্রীসম্মিলিত অস্ফ্রটপদ সঙ্গীত গান করিলেন। রমা গাঁতধর্নিন শ্রনিয়া তখন গৃহপরিত্যাগপ্র্বক ষথা মধ্রদ্দন আছেন সেইখানে গোপাগিল মরান্বিতা হইয়া আসিল। কোন গোপা তাঁহার লয়ন্বামানপ্র্বক ধারে ধারে ধারে গায়িতে লাগিল। কেই বা কৃষ্ণকে মনোমধ্যে স্মরণপ্র্বক তাঁহাতে একমনা হইল। কেই বা কৃষ্ণ বলিয়া লাজিতা ইল। কেই বা লাজাহানা ও প্রেমান্ধা হইয়া তাঁহার পার্ম্বে আসিল। কেই বা গ্রেমাধ্যে থাকিয়া বাহিরে গ্রেকুলকে দেখিয়া নিমালিতলোচনা হইয়া গোবিন্দকে তন্ময়ম্বের সহিত ধ্যান করিতে লাগিল। অন্যা গোপকন্যা কৃষ্ণচিন্তাজনিত বিপ্লাহ্যাদে ক্ষীণপ্রণা ইইয়া এবং কৃষ্ণকে অপ্রাপ্তিহতু যে মহাদ্রখ, তন্দ্রায়া তাহার অশেষ পাতক বিলান ইলৈ, পরক্ষান্বামান্ত্রপ্র জ্যাক্রারণকৈ চিন্তা করিয়া পরোক্ষার্থ জ্ঞানহেতু ম্বিক্তাভ করিল। গোবিন্দ শরচন্দ্রন্ত করেয়া গোলে গোপালন কর্তক পরিবৃত ইইয়া রাসারন্তরসেশ সম্ব্রুক্ ইলৈন। কৃষ্ণ অন্যা চিলিয়া গেলে গোপালন ক্ষতেন্ডার অন্কারিশী ইইয়া দলে দলে বৃন্দাবনমধ্যে ফিরিয়া বেড়াইতে লাগিল; এবং কৃষ্ণে নির্ক্রহাদ্যা হইয়া পরস্পরকে এইয়্ল্ বলিতে লাগিল, 'আমি কৃষ্ণ, এই লালিজ্যতিতে গমন করিতেছি, ভোমরা আমার গমন অবলাক্ষন কর।' অন্যা বিলিক, 'আমি

^{*} রাস অর্থে ন্তর্গরশেষ :—"র্জন্যানাব্যতিষক্তহন্তানাং স্থানীপ্রসাং গায়তাং মাডলীর্গেগ ভ্রমতাং নুজার্মনাদঃ রাসো নামশ ইতি শ্রীষরঃ।

कुक, आभात शान स्रवण क्या । अभाग विनन, 'मृष्टे कानिया। এইখানে थाक, आधि कुक् এदर বাহঃ আন্ফোটন-প্রাক কৃষ্ণালার অন্করণ করিল। আর কেহ বলিল, ছে গোপগণ। ডোমরা নির্ভারে এইখানে থাক, বৃথা বৃষ্টির ভর করিও না, আমি এইখানে গোবর্জন ধরিয়া আছি।' जन्मा कृष्णीमान्कात्रिमी गाभी विमन, 'धरे धन्क्र जामि निकिश क्रियाहि, कुक्टिकोन् वर्षिनी देदेशा वाश्वकारव त्रमा व न्यावन वर्त मध्यत्य कविरक वाशिव । এक शायवतात्रमा গোপী ভূমি দেখিয়া সর্বাঙ্ক প্লেকরোমাণ্ডিত হইয়া এবং নয়নোৎপল বিক্ষিত করিয়া বলিতে লাগিল, 'হে সখি! দেখ এই ধ্রজব্জ্রাঞ্কুশরেথাবন্ত পদচিত্সকল লীলালঞ্চগ্রামী কুঞ্জের। কোন প্রাাবতী মদালসা তাঁহার সঙ্গে গিয়াছে; তাহারই এই সকল ঘন এবং ক্ষুদ্র পদচিহ্নগুলি। সেই মহাত্মার (ক্রম্বের) পদচিচ্ছের অগ্রভাগ মাত্র এখানে দেখা যাইতেছে, অভএব নিশ্চিন্ত দামোদর এইখানে উচ্চ পূল্পসকল অবচিত করিয়াছেন। তিনি কোনও গোপীকে এইখানে বসিয়া প্রেম্পর দ্বারা অলম্কত করিয়াছিলেন। সে জন্মান্তরে সর্ব্বাত্মা বিষ্ণুকে অন্তিত করিয়া থাকিবে। প্রপ্রবন্ধনসম্মানে সে গব্বিতা হইয়া থাকিবে, তাই তাহাকে পরিত্যাগ করিয়া নন্দগোপসতে এই পথে গমন করিরাছেন দেখ। আর এই পাদার্গ্রাচ্ছ সকলের নিন্নতা দেখিরা (বোধ হইতেছে) নিতন্বভারমন্থরা কেহ তাঁহার সঙ্গে গমনে অসমর্থা হইয়া গন্তব্যে দ্রত গমনের চেষ্টা করিয়াছিল। হে সখি, আর এইখানে পদচিছ সকল দেখিয়া বোধ হইতেছে যে. সেই অনায়ত্তপদন্যাসা গোপীকে তিনি হস্তে গ্রহণ করিয়া লইরা গিয়াছিলেন। সে হস্তসংস্পর্শ পরেই সেই ধর্ত্তের দ্বারা পরিত্যক্ত হইয়াছিল; কেন না, এ পদচিন্থ দ্বারা দেখা যাইতেছে যে, সে নৈরাশাহেত মন্দ্র্গামিনী হইয়া প্রতিনিব্তা হইয়াছিল। আর সেই কৃষ্ণ নিশ্চিত ইহাকে বলিরাছিলেন যে, শীঘ্রই গিয়া আমি তোমার নিকট প্রনর্থার আসিতেছি। সেই জন্য ইহার পদপদ্ধতি আবার ছরিত হইয়াছে। এখন গহনে কৃষ্ণ প্রবেশ করিয়াছেন বোধ হয়, কেন না, আর পদচিহ্ন দেখা যায় না। এখানে আর চন্দ্রকিরণ প্রবেশ করে না। আইস ফিরিয়া যাই।"

"অনন্তর গোপীগণ দেখিল, বিকশিতম,খপত্মজ তৈলোকোর রক্ষাকর্ত্তা অক্লিডকম্মা ক্রম আসিলেন। কেহ গোবিন্দকে আগত দেখিয়া অতান্ত হার্ষত হইয়া কৃষ্ণ কৃষ্ণ বলিতে লাগিল, আর কিছুই বলিতে পারিল না। কোন গোপী ললাটফলকে দ্রুভঙ্গ করিয়া, হরিকে দেখিয়া, তাঁহারা মুখপঞ্চজ নেত্রভঙ্গরয়ের দ্বারা পান করিতে লাগিল। কেহ গোবিন্দকে দেখিয়া নিমীলিত লোচনে যোগারটোর ন্যায় শোভিত হইরা তাঁহার রূপ ধ্যান করিতে লাগিল। অনন্তর भाषव जारामिशतक अन्यनसनीय वित्विष्ठनाय कारात्क वा विकामात्भव बावा, कारात्क वा अर्जन বীক্ষণের দ্বারা, কাহাকে বা করস্পর্শের দ্বারা সাম্থনা করিলেন। পরে উদারচরিত হার প্রসমটিন্তা গোপীদিগের সহিত সাদরে রাসমন্ডলমধ্যে ক্রীডা করিতে লাগিলেন। কিন্তু তাহারা ক্রমের পার্শ্ব ছাডে না, এক ছানে ছির থাকে, এজনা সেই গোপীদিগের সহিত রাসমণ্ডলবন্ধও হইল না। পরে একে একে গোপীদিগকে হন্তের দারা গ্রহণ করিলে তাহারা তাঁহার করম্পর্শে নিমীলিডচক্ষ্ হইলে রুক রাসমান্তলী প্রস্তুত করিলেন। অতঃপর গোপীদিগের চণ্ডলবলয়শন্দিত এবং গোপী-গণগীত শরংকাব্যগানের দ্বারা অনুযাত রাসক্রীড়ায় তিনি প্রবৃত্ত হইলেন। রুক্ষ শরক্তব্দ ও কোম্দী ও কুম্দ সম্বদ্ধীর গান করিলেন। গোপীগণ প্রনঃ প্রনঃ এক কুফনামই গারিতে লাগিল। এক গোপী নর্ত্তনজনিত শ্রমে শ্রান্ত হইয়া চণ্ডলবলয়ধর্ননিবিশিষ্ট বাহ,লতা মধ্যস্পেনের স্করে স্থাপিত করিল। কপটতার নিপ্না কোন গোপী কৃষ্ণাতৈর ন্তৃতিচ্ছলে বাহ্মারা তাঁহাকে আলিক্সন করিয়া মধ্যসূদ্দকে চুন্বিত করিল। কৃষ্ণের ভূজদ্বয় কোন গোপীর কপোলসংশ্লেষপ্রাপ্ত হইরা প্রলকোশামর্প শস্যোৎপাদনের জন্য স্বেদান্দ্রেঘণ্ড প্রাপ্ত হইল। তারতর ধর্নিতে কৃষ্ণ ষাবংকাল রাসগতি গায়িতে লাগিলেন, তাবংকাল গোপীগণ 'সাধু কৃষ্ণ, সাধু কৃষ্ণ' বলিয়া দিগুল গারিল। কৃষ্ণ গেলে তাহারা গমন করিতে লাগিল, কৃষ্ণ আবর্তন করিলে তাহারা সম্মুখে আসিতে লাগিল, এইর্প প্রতিলোম অনুলোম গতির দারা গোপান্সনাগণ হরিকে ভজনা করিল। মধ্যুদন গোপীদিগের সহিত সেইখানে ক্রীড়া করিলেন। তাহারা তাঁহাকে বিনা, ক্রমান্তকে কোটি বংসর মনে করিতে লাগিল। ক্রীডান,রাগিলী গোপান্তনাগণ পতির দারা, পিতার বারা, ল্লাভার বারা নিবারিভ হইরাও রান্তিকালে কুকের সহিত জীড়া করিল। শত্র্যন্সকারী অন্তেমালা মধ্যসূত্রও আপনাকে 🖂 বিজ্ঞান আনিয়া, রাতে তাহাদিলের সহিত প্রতি ভবিজ্ঞান 🕶 😁

এই অন্বাদ সম্বন্ধে একটি কথা বক্তব্য এই বে, "রম্"-ধাতুনিশ্পন্ন শব্দের অর্থে আরিম দ্রীড়াবের্ধ "রম্" ধাতু ব্রির্মাছি; যথা, "রতিপ্রিরা" অর্থে আমি দ্রীড়ান্রাগিণী ব্রির্মাছি। আদৌ "রম্" ধাতু দ্রীড়াথেই ব্যবহৃত। উহার যে অর্থান্তর আছে, তাহা দ্রীড়ার্থ হইতেই পশ্চাং নিশ্পন্ন হইরাছে। 'রতি' ও 'রতিপ্রির' শব্দ এই অর্থে যে কৃষ্ণলীলার সচরাচর ব্যবহৃত হইরা থাকে, তাহার অনেক উদাহরণ আছে। পাঠক হরিবংশের সপ্তর্যভিত্ম, প্রস্তুকান্তরে অন্ট্রবিশ্চিত্ম অধ্যারে এইর্প প্ররোগ দেথিবেন। তথার দ্রীড়াশীল গোপালগণকে 'রতিপ্রির' গোপাল বলা হইরাছে। আর এই অর্থই এখানে সঙ্গত, কেন না, 'রাস' একটি দ্রীড়াবিশেষ। অদ্যাপি ভারতবর্ষের কোন কোন দ্থানে এর্প দ্রীড়া বা নৃত্য প্রচলিত আছে। রাসের অর্থ কি, তাহা শ্রীষ্রে স্বামী ব্রুঝাইতেছেন। তিনি বলেন—

"অন্যোন্যব্যতিষক্তহস্তানাং স্থীপ্রংসাং গায়তাং মণ্ডলীর্পেণ ভ্রমতাং নৃত্যবিনোদা রাসো নাম।"

অর্থাং দ্বীপর্র্যে পরস্পরের হাত ধরিয়া গায়িতে গায়িতে এবং মণ্ডলীর্পে শ্রমণ করিতে করিতে যে নৃত্য করে, তাহার নাম রাস। বালকবালিকায় এর্প নৃত্য করে আমরা দেখিয়াছি, এবং যাহারা বাল্য অতিক্রম করিয়াছে, তাহারাও দেশবিশেষে এর্প নৃত্য করে শ্নিয়াছি। ইহাতে আদিরসের নামগন্ধও নাই।

'রাস' একটা খেলা, এবং 'রতি' শব্দে খেলা। অতএব রাসবর্ণনে 'রতি' শব্দ ব্যবহৃত হইলে অনুবাদকালে তংপ্রতিশব্দস্বরূপ 'ফ্রীড়া' শব্দই ব্যবহার করিতে হয়।

এই রাসলীলাব্তান্ত কিরংপরিমাণে দুর্বোধ্য। ইহার ভিতরে যে গ্রু তাংপর্যা আছে, ভাহা আমি গ্রন্থান্তরে পরিক্ষ্ট করিয়াছি। কিন্তু এখানে এ তত্ত্বসম্প্র্ণ রাখা অন্তিত, এজন্য যাহা বালয়াছি, তাহা প্রনর্ক্ত করিতে বাধ্য হইতেছি।

আমি "ধন্মতিত্ব" গ্রন্থে বলিয়াছি যে, মন্বাছই মন্বোর ধন্ম। সেই মন্বাছ বা ধন্মের উপাদান আমাদের ব্রিগ্রালির অনুশালন, প্রস্ফ্রণ ও চরিতার্থতা। সেই ব্রিগ্রালিকে শারীরিকী, জ্ঞানার্জনী, কার্যালারিলা এবং চিত্তর্রিজনী এই চারি শ্রেণীতে বিভক্ত করিয়াছি। যে ককল ব্রির দ্বারা সৌলম্বাদির পর্য্যালোচনা করিয়া আমরা নিন্মাল এবং অতুলনীর আনন্দ অনুভূত করি, সেই সকলের নাম দিয়াছি চিত্তর্রিজনী ব্রিও। তাহার সমাক্ অনুশীলনে, সাচ্চদানন্দময় জগং এবং জগন্ময় সাচ্চদানন্দের সম্পূর্ণ স্বর্পান্ভূতি হইতে পারে। চিত্তর্রিজনীব্রির অনুশীলন অভাবে ধন্মের হানি হয়। যিনি আদর্শ মন্বা, তাহার কোন ব্রিই অনন্শীলিত বা স্ফর্তিহীন থাকিবার সন্তাবনা নাই। এই রাসলীলা কৃষ্ণ এবং গোপালান-কৃত সেই চিত্তর্রিজনীব্রি অনুশীলনের উদাহরণ।

কৃষ্ণপক্ষে ইহা উপভোগমান্ত, কিন্তু গোপা-পক্ষে ইহা ঈশ্বরোপাসনা। এক দিকে অনন্ত-সন্ধ্বরের সৌন্দর্য্যবিকাশ, আর এক দিকে অনন্তস্থানরের উপাসনা। চিন্তর্রাঞ্জনীব্যন্তির চরম অন্নুশালন সেই বৃত্তিগ্রালকে ঈশ্বরমাখা করা। প্রাচীন ভারতে স্মাগণের জ্ঞানমার্গ নিবিদ্ধ; কেন না, বেদাদির অধ্যরন নিবিদ্ধ। স্মালোকের পক্ষে কন্মামার্গ কন্টসাধ্য, কিন্তু ভন্তিতে তাদের বিশেষ অধিকার। ভক্তি, কথিত হইয়াছে, "পরান্ত্রিজরীশ্বরে"। অন্ত্রাগ নানা কারশে জন্মিতে পারে। কিন্তু সৌন্দর্য্যের মোহঘটিত যে অন্ত্রাগ, তাহা মন্বেষ্য সন্ধাপিকা কলবান্। অভএব অনন্তস্থান্দরের সোন্দর্য্যের বিকাশ ও তাহার আরাধনাই স্মাজাতির জাবিনসাথাকতার মুখ্য উপার। এই তত্তাত্মক রুপকই রাসলীলা। জড়প্রকৃতির সমন্ত সৌন্দর্যাই তাহাতে বর্তুমান।

"স তর বরসা তুল্যৈর্বংসপালেঃ সহানঘঃ।
রেমে বৈ দিবসং কৃকঃ প্রো স্বর্গলতো বধা॥
তং ক্রীড়মানং গোপালাঃ কৃকং ভান্ডীরবাসিনম্।
রমর্মান্ত স্ম বহবো বলাঃ ক্রীড়নকৈন্তদা॥
অন্যে স্ম পরিলার্মান্ত গোপাম্দিতমানসাঃ।
গোপালাঃ কৃক্মেবান্যে গার্মান্ত স্ম রতিপ্রিরা॥"

এই তিন লোকে 'রম'' যাতৃ হইতে নিশ্বর শব্দ তিন বার ব্যবহৃত হইরাছে। যথা, "রেমে', "রমমন্তি", "রাতপ্রিয়া"; তিন বারই জীড়ার্থেণ, অর্থান্তর কোন মতেই ঘটান বার না। কেন না, গোপালবিগের কথা হইতেছে। শবংকালের প্রতিক্তন্ত, শবংপ্রবাহপরিপ্রেশা শ্যামলাসলিলা বয়না, প্রক্ষ্টিভকুসন্মস্বাসিভ কুজাবিহঙ্গমক্জিত বৃদ্দাবন-বনস্থলী, এবং তন্মধ্যে অনন্তস্থলরের ত্বশরীরে বিকাশ। তাহার সহায় বিশ্ববিমোহিনী কৃষ্ণগীতি। এইর্শ সর্পপ্রকার চিত্তরঞ্জনের দ্বারা গোপীগণের ভক্তি উদ্রিক্তা হইলে, তাহারা কৃষ্ণন্রাগিণী হইয়া আপনাদিগকেই কৃষ্ণ বলিয়া জানিতে লাগিল, কুষ্ণের কথিতব্য কথা কহিতে লাগিল, এবং কেবল জগদীশ্বরের সোন্দর্যোর অন্রাগিণী হইয়া জীবাদ্মা পরমাদ্মার যে অভেদ জ্ঞান, যাহা যোগীর যোগের এবং জ্ঞানীর জ্ঞানের চরমোন্দেশ্য, তাহা প্রাপ্ত হইয়া ঈশ্বরে বিলীন হইল।

ইহাও আমাকে স্বীকার করিতে হয়, য্বক য্বতী একর হইয়া ন্তাগীত করা আমাদিগের আধ্নিক সমাজে নিন্দনীয়। অন্যান্য সমাজে—যথা ইউরোপে—নিন্দনীয় নহে। বোধ হয় যথন বিষ্মুপ্রাণ প্রণীত হইয়াছিল, তথনও সমাজের এইর্প অবস্থা ছিল, এবং প্রাণকারেরও মনে মনে বিশ্বাস ছিল যে, কার্যটো নিন্দনীয়। সেই জনাই তিনি লিখিয়া থাকিবেন যে,—

"তা বার্যমালাঃ পতিভিঃ পিতৃভিঃ দ্রাতৃভিত্তথা।"

এবং সেই জনাই অধ্যায়শেষে কৃষ্ণের দোষক্ষালন জন্য লিখিয়াছেন,—
"তদ্ভন্ত্র্যু তথা তাস্ব সর্ব্বভূতেষ্ব চেশ্বরঃ।
আক্ষর্পর্পের্পোহসো ব্যাপ্য বায়্রিব দ্থিতঃ॥
যথা সমস্তভূতেষ্ব নভোহগিঃ প্থিবী জলম্।
বায়্শ্চান্থা তথৈবাসো ব্যাপ্য সর্ব্যবিস্থিতঃ॥"

তিনি তাহাদিগের ভর্ত্গণে এবং তাহাদিগেতে ও সর্ব্বভৃতেতে, ঈশ্বর ও আত্মস্বর্পর্পে সকলই বায়্র ন্যায় ব্যাপিয়া আছেন। যেমন সমগ্র ভূতে, আকাশ, অগ্নি, প্রথিবী, জল এবং বায়্র, তেমনি তিনিও সর্বভিতে আছেন।

এইর প দোষক্ষালনের কোন প্রয়োজন ছিল না। যাবক যাবতীর একতে নাতা করায় ধর্মাতঃ কোন দোষ ঘটে না, কেবল এই সমাজে সামাজিক দোষ ঘটে এবং কৃষ্ণের সময়ে, বোধ হয়, সে সামাজিক দোষও ছিল না।

वर्ष भावत्क्रम-तक्षरभाभी

इबिन्दश्म

বিষ্ণুপ্রাণ হইতে প্রেপিরিছেদে যাহা উদ্ধৃত করিয়াছি, তাহা পশুম অংশের ব্রেরাদশ অধ্যায় হইতে। ঐ অধ্যায় ব্যতীত ব্রজগোপীদিগের কথা বিষ্ণুপ্রাণে আর কোথাও নাই। কেবল কৃষ্ণ মধ্রোগ্যনকালে তাঁহাদের থেদোতি আছে।

সেইর্প হরিবংশেও ব্রজগোপীদিগের কথা বিষ্পুর্বের ৭৭ অধ্যার, গ্রন্থান্তরে ৭৬ অধ্যার ভিন্ন আর কোথাও নাই। যাহা আছে, সে সমস্তই উদ্ধৃত করিতেছি। কিন্তু উদ্ধৃত করিবরে আগে বক্তব্য যে, "রাস" শব্দ হরিবংশে ব্যবহৃত হয় নাই। তৎপরিবর্ত্তে "হল্লীষ" শব্দ ব্যবহৃত হয়নাই। তৎপরিবর্ত্তে "হল্লীষ" শব্দ ব্যবহৃত হয়নাই। তৎপরিবর্ত্তে "হল্লীষ" শব্দ ব্যবহৃত হয়নাই। তৎপরিবর্ত্তে "হল্লীষ" শব্দ ব্যবহৃত হয়রাছে। এই অধ্যায়ের নাম "হল্লীষ্টাড়নম্"। যথা "ইতি শ্রীমহাভারতে থিলেম্ হরিবংশে বিষ্কৃপব্যাণ হল্লীষ্টাড়নে সপ্তসন্ততাহধ্যায়।" হেমচন্দ্রাভিধানে, "হল্লীষ" অর্থ এইর্প লিখিত হয়রাছে—

"মন্ডলেন তু বন্নতাং দ্বীণাং হল্লীবককু তং।"

বাচস্পত্যে তারানাথ লিখিয়াছেন

"ক্ষীদাং মন্ডলিকাকারন্তো।" অতএব 'হল্লীম' এবং 'রাস' একই কথা—নৃত্যবিশেব। এক্ষণে হরিবংশের কথা তলিতেছি।

> "কৃষ্ণত্ব বৌৰনং দৃষ্ট্বা নিশি চলুমসো নবং। শারদীশ্য নিশাং রম্যাং মনশ্চন্তে রাজস্প্রতি।। স ক্ষেত্রকাল্ব ভজরধ্যাস্থ বীর্ষাবান্। ব্যালাং জাজদর্শাণাং ব্যালি সমবোজয়ং॥

रमाभाषारकः वरणामकान् स्वायक्रामामः वीर्यावान्।" वत्न न वीरता शाटेक्व ब्लुशाह शाहर्वाबकुः॥ যুবতীর্গোপকন্যাশ্চ রারো সম্কাল্য কালবিং। 🐣 কৈশোরকং মানয়ন্ বৈ সহ তাভিম মোদ হ॥ তান্তস্য বদনং কান্তং কান্তা গোপস্তিয়ো নিশি। পিবস্তি নয়নাক্ষেপৈগাঙ্গিতং শশিনং যথা ৷৷ হরিতালার্দ্র পীতেন সকোষেয়েন বাসসা। বসানো ভদ্রবসনং কৃষ্ণঃ কাস্ততরোহভবং॥ স বন্ধাঙ্গদিব হিশ্চন্ত্রা বনমালয়া। শোভমানো হি গোবিন্দঃ শোভয়ামাস তং রজ।। नाम मारमामरत्राखादः भाभकनाष्ट्रमार्व्यक्ता বিচিত্রং চরিতং ঘোষে দৃষ্ট্রা তত্তস্য ভাসতঃ॥ তাস্তং পরোধরোক্তানৈর রোভিঃ সমপীভয়ন। ভ্রামিতাকৈশ্চ বদনৈনিরৈক্ষন্ত বরাঙ্গনাঃ॥ তা বার্যামাণাঃ পিতৃভিদ্রাতৃভিস্মাতৃভিস্তথা। কৃষ্ণং গোপাঙ্গনা রাত্রো মুগয়ন্তে রতিপ্রিয়াঃ॥ তান্ত পংক্তীকৃতাঃ সর্ব্বা রময়ন্তি মনোরমং। গায়ন্তা কৃষ্ণচরিতং ৰন্ধশো গোপকন্যকাঃ॥ कृष्णीमान्कातिषाः कृष्धार्गार्ट्यक्षाः। কৃষ্ণস্য গতিগামিনান্তর্গান্তা বরাঙ্গনাঃ ॥ বনেষ, তালহস্তাগ্রৈঃ কুটুরন্তপ্তথাহপরাঃ। চের বৈর্ব চরিতং তস্য কৃষ্ণস্য ব্রজযোষিতঃ।। তান্ত্রস্য নৃত্যং গীতঞ্চ বিলাসন্মিতবীক্ষিত্ম। মুদিতাশ্চানুকুৰ্বস্তিঃ ক্ৰীড়স্ত্যো ব্ৰজ্যোষিতঃ॥ ভাবনিস্যন্দমধ্রং গায়স্তান্তা বরাঙ্গনাঃ। ব্রজং গতাঃ সুখং চেরুদামোদরপরায়ণাঃ॥ করীষপাংশ ুদিদ্ধাঙ্গান্তাঃ কৃষ্ণমন ুবরিরে। রময়ন্ড্যো যথা নাগং সম্প্রমন্তং করেণবঃ II তমন্যা ভাববিকচৈনেক্রিঃ প্রহসিতাননাঃ। পিবভাতপ্তা বনিতাঃ কৃষ্ণং কৃষণ্মগ্রেক্ষণাঃ॥ মুখ্মস্যাব্জসজ্কাশং তৃষিতা গোপকন্যকাঃ। রতান্তরগতা রাত্রো পিবন্তি রতিলালসাঃ॥ হাহেতি কৃষ্বতিশুস্য প্রহাণীস্তা বরাঙ্গনাঃ। জগ্হ,নিঃস্তাং বাণীং সাম্না দামোদরেরিতাং ॥ তাসাং গ্রথিতসীমন্তা রতিপ্রান্ত্যাকুলীকুতাঃ। চার, বিস্তংসিরে কেশাঃ কুচাগ্রে গোপবোষিতাম্।। এবং স কুষো গোপীনাং চক্রবালৈরল কুতঃ।

111/21

শারদীব্ সচন্দ্রাস্ নিশাস্থ মুম্দে স্থী॥" হরিবংশে, ৭৭, অধ্যায় "কৃষ্ণ রাত্রে চন্দ্রমার নববোবন (বিকাশ) দেখিয়া এবং রম্যা শারদীয়া নিশা দেখিয়া ক্রীড়াভিলাষী ইইলেন। কথনও রজের শ্বুকগোময়াকীপ রাজপথে জাতদপ ব্রগণকে বীর্ধানান্ কৃষ্ণ বৃদ্ধে সংষ্ক্ত করিতেন, কথনও বলদ্প্ত গোপালগদকে যুদ্ধ করাইতেন, এবং কুজীয়ের নায় গোগণকে বনমধ্যে গ্রহণ করিতেন। কালজ্ঞ কৃষ্ণ আপনার কিশোর বর্দের সম্মানার্থ মুবতী গোপকলাগণের জন্য কাল নিশাভি করিরাং রাত্রে তাহাদিগের সহিত আনন্দান্ত্ব করিলেন। সেই গোপস্থারীগণ নয়নাক্ষেপ স্থারা ধরাগত চন্দের মত তাহার স্ক্রার্থমতল পান করিল। স্ব্রনন কৃষ্ণ, হরিতালার্দ্র পাতিং ক্রোধের বস্ন করিহিত ছইরাং কাভতর ইইলেন। অসকসম্ব্র্ধারশিক্ষ্মাক্ষিক্ষ বিচিত্র বনমালা স্থারা শোভিত হইরাং দাবিন্দ্র সেই জন্ত শোভিত করিতে লাগিলেন।

সেই ৰাক্যালাপী কুকের বিচিত্র, চরিত্র দেখিয়া খোষমধ্যে গোপকন্যাগণ তখন ভাঁহাকে দামোদর বলিত: পয়োধরন্থিতিতেতু উদ্ধর্ম খ হদয়েব দারা নিপ্রীড়িত করিয়া সেই বরাজনাগদ আমিড-চক্ষ্য বদনের বারা তাঁহাকে দেখিতে লাগিল। ক্রীড়ান্রাগিণী গোপাঙ্গনাগণ পিজা, দ্রাভা ও মাতা কর্ত্তক নিবারিত হইয়াও রাত্রে কৃষ্ণের নিকটে গমন করিল। তাহারা সকলে শ্রেণীবদ্ধ হইয়া সাজিয়া, মনোহর দ্রীষ্টা করিল; এবং যুগ্মে বুগ্মে কৃষ্ণচরিত গান করিল। বরাঙ্গনা जत्नीशन कृष्मनीनान्कातिनी, कृष्म श्रीमिश्जलाहना, व्यर कृष्मत श्रमान्शामिनी इट्रेन। কোন কোন ব্ৰন্ধবালা হস্তাগ্ৰে তালকুটুনপ্ৰেৰ্ক কৃষ্ণচরিত আচরিত করিতে লাগিল। ব্ৰন্ধযোষদ্-গণ, कृत्कृत नृष्ठा, গীত, বিলাসম্মিতবীক্ষণ অনুকরণপূর্বেক, সানন্দে চ্রীড়া করিতে লাগিল। कुक्कभुतासमा वताक्रनाभाग ভावनिमानमभूत भाग क्रता बद्ध भिसा मृत्य विष्ठत क्रिता क्रामिन। সম্প্রমন্ত হস্তীকে করেণ, গণ যের প দ্রীড়া করায়, শক্তে গোমর দ্বারা দিয়াঙ্গ সেই গোপীগণ সেইর্প কৃষ্ণের অন্বর্ত্তন করিল। সহাস্যবদনা কৃষ্ণম্গলোচনা অন্য বনিতাগণ ভাবোংফ্ল লোচনের দারা কৃষ্ণকে অতৃপ্ত হইয়া পান করিতে লাগিল! ক্রীড়ালালসাত্ষিতা গোপকন্যাগণ রাহিতে অনন্দ্রীড়াসক্ত হইয়া অজ্জসঞ্কাশ কৃষ্ণমুখ্যশুল পান করিতে লাগিল। কৃষ্ণ হা হা ইতি শব্দ করিয়া গান করিলে কৃষ্ণমুখনিঃস্ত সেই বাক্য, বরাঙ্গনাগণ আহ্মাদিত হইয়া গ্রহণ করিল। সেই গোপযোষিশাণের ক্রীড়াগ্রান্তিপ্রযুক্ত আকুলীকৃত সীমন্তগ্রথিত কেশদাম কচাগ্রে বিস্তম্ভ হইতে লাগিল। চক্রবালালক্ত শ্রীকৃষ্ণ এইর্পে সচন্দ্রা শারদী নিশাতে স্থে গোপী-দিগের সহিত আনন্দ করিতে লাগিলেন।"

বিষ্ণুপুরাণ হইতে রাসলীলাতত্ব অনুবাদ কালে 'রম্' ধাতু হইতে নিম্পন্ন শব্দ সকলের ধের্প ক্রীড়ার্থে অনুবাদ করিয়াছি, এই অনুবাদেও সেই সকল কারণে ঐ সকল শব্দের ক্রীড়ার্থ প্রতিশব্দ ব্যবহার করিয়াছি। জার করিয়া বলা যাইতে পারে যে, অন্য কোনর্প প্রতিশব্দ ব্যবহার হইতে পারে না। যথা—

"তান্তু পংক্তীকৃতাঃ সর্ব্বা রমর্যান্ত মনোরমম্।"

এখানে ক্রীড়ার্থে ভিন্ন রত্যথে 'রমর্যান্ত' শব্দ কোন রক্মেই ব্রুঝা যায় না। যাঁহারা অনুরূপ অনুরাদ করিয়াছেন, তাঁহারা প্র্বপ্রচলিত কুসংস্কারবশতঃই করিয়াছেন।

এই হল্লীষক্রীড়াবর্ণনা বিষণ্ণ বুরাণকৃত রাসবর্ণনার অন্ত্রামী। এমন কি, এক একটি ল্লোক উভয় প্রশেথ প্রায় একই। যথা, বিষণুপুরাণে আছে—

"তা বার্যামাণাঃ পতিভিঃ পিতৃভিঃ ভ্রাতৃভিন্তথা। কৃষ্ণং গোপাঙ্গানা রাত্রো মুগরত্তে রতিপ্রিরাঃ॥

হরিবংশে আছে—

"তা বার্যমাণাঃ পিতৃভিঃ দ্রাতৃভিন্দর্শাতৃভিক্তথা। কৃষ্ণং গোপাঙ্গনা রাত্রো রময়বি রতিপ্রিয়াঃ॥"

তবে বিক্স্প্রাণের অপেক্ষা হরিবংশের বর্ণনা সংক্ষিপ্ত। অন্যান্য বিষয়ে সচরাচর সের্প দেখা বার না। সচরাচর দেখা বার, বিক্সপ্রাণে বাহা সংক্ষিপ্ত, হরিবংশে তাহা বিস্তৃত এবং নানা প্রকার ন্তন উপন্যাস ও অলক্ষারে অলক্ষ্ত। হরিবংশে রাসলীলার এইর্প সংক্ষেপ-বর্ণনার একট্র কারণও আছে। উভর গ্রন্থ সবিস্তারে তুলনা করিয়া দেখিলে ব্রুবা বায় বে, কবিছে, গান্তীবর্ণা, পাশ্ডিত্যে এবং ওদার্য্যে হরিবংশকার বিক্সপ্রাণকারের অপেক্ষা অনেক লঘ্। তিনি বিক্সপ্রাণের রাসকর্শনার নিগতে তাংপর্য এবং গোপীগণকৃত ভক্তিযোগ ধারা ক্ষেও একাত্মতা প্রাপ্তি ব্রিকতে পারেন নাই। তাহা না ব্রিকতে পারিয়াই সেথানে বিক্সপ্রাণকার লিখিয়াছেন,—

"কাচিং প্রবিলসদাহঃ পরিরভ্য চুচুন্ব তম্।" সেখানে হরিবংশকার লিখিয়া বসিয়াছেন,

"তান্তং পরোধরোক্তানৈর রোভিঃ সমপীভূরন্।" ইত্যাদি

প্রভেদটনুকু এই বে, বিক্সপুরোধের চপলা বালিকা আনন্দে চণ্ডলা, আর হরিবংশের এই গোপীগণ বিলাসিনীর ভাব প্রকাশ করিতেছে। হরিবংশকারের অনেক স্থলে বিলাসপ্রিয়তার মাত্রাধিকা দেখা বার। আর আর কথা বিষ্কৃপ্রোশে রাসলীলা সম্বন্ধে যাহা বলিরাছি, হরিবংশের এই হল্লীয়লীড়া সম্বন্ধেও বর্তো।

উপরিলিখিত প্লোকগন্তি ভিন্ন হরিবংশে রজগোপীদের সম্বন্ধে আর কিছাই নাই।

সম্ভম পরিচ্ছেদ-রজগোপী-ভাগৰত

ৰস্পূত্রণ

শ্রীমন্তাগবতে ব্রজগোপণীদিগের সহিত শ্রীকৃষ্ণের সম্বন্ধ কেবল রাসন্তো পর্য্যাপ্ত হয় নাই। ভাগবতকার গোপণীদিগের সহিত কৃষ্ণলীলার বিশেষ বিস্তার করিয়াছেন। সময়ে সময়ে তাহা আধন্দিক রুচির বিরুদ্ধ। কিন্তু সেই সকল বর্ণনার বাহাদৃশ্য এখনকার রুচিবিগহিত হইলেও, জন্তান্তরে অতি পবিত্র ভক্তিতত্ত্ব নিহিত আছে। হরিবংশকারের ন্যায় ভাগবতকার বিলাস-প্রিয়তা-দোষে দূষিত নহেন। তাঁহার অভিপ্রায় অতিশয় নিগঢ়ে এবং অতিশয় বিশৃদ্ধ।

দশম স্কর্মের ২১ অধ্যারে প্রথমতঃ গোপীদিগের পূর্বরাগ বর্ণিত হইয়াছে। তাহারা প্রাকৃষ্ণের বেণ্রব প্রবণ করিয়া মোহিত হইয়া পরস্পরের নিকট কৃষ্ণান্রাগ ব্যক্ত করিতেছে। সেই পূর্বান্রাগ বর্ণনায় কবি অসাধারণ কবিছ প্রকাশ করিয়াছেন। তার পর তাহা স্পর্ভীকৃত করিবার জন্য একটি উপন্যাস রচনা করিয়াছেন। সেই উপন্যাস "বস্প্রবণ" বলিয়া প্রসিদ্ধ। বস্প্রবণের কোন কথা মহাভারতে, বিক্পুর্রাণে বা হরিবংশে নাই, স্তরাং উহা ভাগবতকারের কল্পনাপ্রস্ত বলিয়া বিবেচনা করিতে হইবে। ব্রান্তটা আধ্যনিক র্চিবির্দ্ধ হইলেও আমরা তাহা পরিত্যাগ করিতে পারিতেছি না, কেন না, ভাগবতব্যাখ্যাত রাসলীলাকথনে আমরা প্রবৃত্ত, এবং সেই রাসলীলার সঙ্গে ইহার বিশেষ সম্বন্ধ।

কৃষ্ণান্রাগবিবশা ব্রজগোপীগণ কৃষ্ণকে পতিভাবে পাইবার জন্য কাত্যায়নীবত করিল। ব্রতের নিরম এক মাস। এই এক মাস তাহারা দলবদ্ধ হইয়া আসিয়া প্রত্যুবে যম্নাসলিলে অবগাহন করিত। স্থালোকদিগের জলাবগাহন বিষয়ে একটা কুংসিত প্রথা এ কালেও ভারতবর্ষের অনেক প্রদেশে প্রচিলত আছে। স্থালোকেরা অবগাহনকালে নদীতীরে বস্পুর্গাল ত্যাগ করিয়া, বিবস্থা হইয়া জলমগ্রা হয়। সেই প্রথান্সারে এই ব্রজ্ঞাঙ্গনাগণ ক্লে বসন রক্ষা করিয়া বিবস্থা হইয়া অবগাহন করিত। মাসাস্তে যে দিন ব্রত সম্পূর্ণ হইবে, সে দিনও তাহারা ঐর্প করিল। তাহাদের কম্মফল (উভয়ার্থেণ) দিবার জন্য সেই দিন শ্রীকৃষ্ণ সেইথানে উপস্থিত হইলেন। তিনি পরিত্যক্ত বস্পুর্গাল সংগ্রহ করিয়া তীরস্থ কদ্বব্দ্বে আরোহণ করিলেন। গোপীগণ বড় বিপলা হইল। তাহারা বিনাবন্দ্রে উঠিতে পারে না; এ দিকে প্রাতঃসমীরণে

গোপীগণ বড় বিপন্না হইল। তাহারা বিনাবদের উঠিতে পারে না; এ দিকে প্রাতঃসমীরণে জলমধ্যে শীতে প্রাণ বার। তাহারা কণ্ঠ পর্যান্ত নিমগ্ন হইরা, শীতে কাঁপিতে কাঁপিতে, কৃষ্ণের নিকট বন্দ্রভিক্ষা করিতে লাগিল। কৃষ্ণ সহজে বন্দ্র দেন না—গোপীদিগের "কন্মফিল" দিবার ইচ্ছা আছে। তার পর যাহা ঘটিল, তাহা আমরা দ্বীলোক বালক প্রভৃতির বোধগম্য বাঙ্গালা ভাষার কোন মতেই প্রকাশ করিতে পারি না। অতএব মূল সংস্কৃতই বিনান্বাদে উদ্ধৃত করিলাম।

ব্ৰজগোপীগণ কৃষকে বলিতে লাগিল;—

মাইনরং ভো কৃথাস্থাস্থ নন্দগোপস্তং প্রিরম্। জানীমোইক ব্রজশ্পাঘাং দেহি বাসাংসি বেপিতাঃ॥ শ্যামস্বন্দর তে দাস্য করবাম তবোদিতম্। দেহি বাসাংসি ধর্মজ্ঞ নোচেদ্রাজ্ঞে ব্রবাম হে॥ শ্রীভগবান্বাচ।

ভবত্যো যদি মে দাস্যো মরোক্তও করিবাথ।
অনুদাতা স্ববাসাংসি প্রতীক্ষত শ্রিচিস্মিতাঃ।
নোচেরাহং প্রদাস্যে কিং কুন্ধো রাজা করিবাতি॥
ভত্তো জলাশারাং সর্বা দারিকাঃ শীতবেশিতাঃ।
পাণিভাং * * আছাদা প্রোক্তের শীতকবিতিঃ॥

ভগবানাহ তা বীক্ষা শ্ক্ষভাবপ্রসাদিতঃ।
ক্ষেক্ত নিধার বাসাংসি প্রতিঃ প্রেবাচ সক্ষিত্য ।
ব্রং বিবন্দ্রা বদশো ধ্তরতা বাগাহতৈতত্তদ্ব দেবহেলম্।
বজাঞ্জালং ম্ক্র্পিন্তরেহংহসঃ কৃষা নমো* বসনং প্রগ্হাতাম্॥
ইতাচ্যুতেনাভিহিতং রজবালা মঘা বিবন্দ্রাপ্রবনং রত্যুতিম্।
তৎপ্তির্কামান্তদশেষকম্মণিং সাক্ষাংকৃতং নেম্ববদ্যম্গ্ বতঃ॥
তান্তথাবনতা দৃষ্ট্রা ভগবান্ দেবকীস্তঃ।
বাসাংসি তাভাঃ প্রাযক্তং কর্ণস্তেন তোষিতঃ॥
শ্রীমন্তাগবতম্, ১০ম ক্ষন্ষঃ ২২ অধ্যায়।

অন্তর্নিহিত ভক্তিতত্ত্বটা এই। ঈশ্বরকে ভক্তি দ্বারা পাইবার প্রধান সাধনা, ঈশ্বরে সর্ব্বাপণ। ভগবশ্গীতায় শ্রীকৃষ্ণ বলিয়াছেন—

> "যৎ করোষি যদশ্নাসি যভজ্বহোষি দদাসি যং। যত্তপস্যাস কোন্তেয় তৎ কুর্ত্ব মদপ্শম্"

গোপীগণ শ্রীকৃষ্ণে সর্বাপণ করিল। স্থালোক, যখন সকল পরিত্যাগ করিতে পারে, তথনও লঙ্জা ত্যাগ করিতে পারে না। ধন ধর্ম্ম কর্ম্ম ভাগা—সব যায়, তথাপি স্থালাকের লঙ্জা বায় না। লঙ্জা স্থালাকের শেষ রত্ন। যে স্থালাক, অপরের জন্য লঙ্জা পরিত্যাগ করিল, সে তাহাকে সব দিল। এই স্থাগণ শ্রীকৃষ্ণে লঙ্জাও অপিত করিল। এ কামাতুরার লঙ্জাপণি নহে— লঙ্জাবিবশার লঙ্জাপণি। অতএব তাহারা ঈশ্বরে সর্বাস্থাপণ করিল। কৃষ্ণও তাহা ভক্ত্বপহার বালিয়া গ্রহণ করিলেন। তিনি বলিলেন, "আমাতে যাহাদের ব্রন্ধি আরোপিত হইয়াছে, তাহাদের কামনা কামাথে কিপত হয় না। যব ভার্জাত এবং কাথিত হইলে, বীজত্বে সমর্থ হয় না।" অর্থাৎ যাহারা কৃষ্ণকামিনী, তাহাদিগের কামাবশেষ হয়। আরও বলিলেন, "তোমরা যে জন্য বত করিয়াছ, আমি তাহা রাত্রে সিদ্ধ করিব।"

এখন গোপীগণ কৃষ্ণকে পতিস্বর্প পাইবার জনাই রত করিয়াছিল। অতএব কৃষ্ণ, তাহাদের কামনাপ্রেণ করিতে স্বীকৃত হইয়া, তাহাদের পতিত্ব স্বীকার করিলেন। কাজেই বড় নৈতিক গোলাযোগ উপস্থিত। এই গোপাঙ্গনাগণ পরপত্নী, তাহাদের পতিত্ব স্বীকার করায়, পরদারাভিমর্যণ স্বীকার করা হইল। কৃষ্ণে এ পাপারোপণ কেন?

ইহার উত্তর আমার পক্ষে অতি সহজ। আমি ভূরি ভূরি প্রমাণের দ্বারা ব্রিয়াছি বে, এ সকল প্রাণকারকলিপত উপন্যাসমাত্র, ইহার কিছু মাত্র সত্যতা নাই। কিছু প্রাণকারের পক্ষে উত্তর তত সহজ নহে। তিনিও পরিক্ষিতের প্রশনান্সারে শ্রুকমুখে একটা উত্তর দিয়াছেন। যথাস্থানে তাহার কথা বলিব। কিন্তু আমাকেও এখানে বলিতে হইবে যে, হিন্দ্র্ব্বধ্বের ভিক্তবাদান্সারে, কৃষ্ণকে এই গোপীগণপতিত্ব অবশ্য স্বীকার করিতে হয়। ভগবস্পীতার কৃষ্ণ নিজে বলিয়াছেন,—

"যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহম্।"

"যে, যে ভাবে আমাকে ভজনা করে, আমি তাহাকে সেই ভাবে অন্ত্রন্থ করি।" অর্থাং যে আমার নিকট বিষয়ভোগ কামনা করে, তাহাকে আমি তাহাই দিই। যে মোক্ষ কামনা করে, তাহাকে মোক্ষ দিই। বিষ্কুপ্রাণে আছে, দেবমাতা অদিতি কৃষ্ণ(বিষ্কু)কৈ বলিতেছেন যে, আমি তোমাকে প্রভাবে কামনা করিয়াছিলাম, এজনা তোমাকে প্রভাবে পাইয়াছ। এই ভাগবতেই আছে যে, বস্বদেব দেবকী জগদীশ্বরকে প্রভাবে কামনা করিয়াছিলেন বলিয়াই ভাঁহাকে প্রভাবে পাইয়াছেন। অতএব গোপীগাণ তাঁহাকে পতিভাবে পাইবার জন্য যথোপয়ক্ত সাধনা করিয়াছিল বলিয়া কৃষ্ণকে তাহারা পতিভাবে পাইল।

বদি তাই হইল, তবে তাহাদের অধন্ম কি? ঈশ্বরপ্রাপ্তিতে অধন্ম আবার কি? পাপের দ্বারা, প্র্যাময়, প্রায়ের আদিভূত স্বর্প জ্লাদীশ্বরকে কি পাওয়া বায়? পাপ-প্র্যা কি? বাহার দ্বারা দ্বাপশিবরের সাম্লিধি উপন্থিত হইতে পারি, তাহাই প্র্যা—তাহাই ধন্ম, তাহার বিপরীত বাহা, তাহাই পাপ—তাহাই অধন্ম ।

প্রেম্কার এই তত্ত্ব বিশব করিবার জন্য শাপসংস্পর্শের পথমাত রাখেন নাই। তিনি

২৯ অধ্যামে বলিয়াছেন, যাহারা পতিভাবে কৃষ্ণকে কামনা না করিয়া উপপতিভাবে তাঁহাকে কামনা করিয়াছিল, তাহারা তাঁহাকে সদরীরে পাইল না; ভাহাদের পতিগণ ভাহাদিগকে আসিতে দিল না; কৃষ্ণচিন্তা ক্রিয়া ভাহারা প্রাণত্যাগ করিল।

তিমেব পরমান্ধানাং জারব্ন্ধ্যাপি সঙ্গতাঃ। জহুগুলিমরং দেহং সদাঃ প্রক্ষীণবন্ধনাঃ॥" ১০।২৯।১০

কৃষপতি ভিন্ন অন্য পতি বাহাদের স্মরণ মাত্রে ছিল, কাজেই তাহারা কৃষকে উপপতি ভাবিল। কিন্তু অন্য পতি স্মৃতিমাত্রে থাকার, তাহারা কৃষ্ণ সম্বন্ধে অনুনাচন্তা হইতে পারিল না। তাহারা সিদ্ধ, বা ঈশ্বরপ্রাপ্তির অধিকারিণী হইল না। যতক্ষণ জারব্দ্ধি থাকিবে, ততক্ষণ পাপব্দি থাকিবে, কেন না, জারান্মমন পাপ। যতক্ষণ জারব্দ্ধি থাকিবে, ততক্ষণ কৃষ্ণে ঈশ্বরজ্ঞান হইতে পারে না—কেন না, ঈশ্বরে জারজ্ঞান হয় না—ততক্ষণ কৃষ্ণকামনা, কামকামনা মাত্র। ঈশ্পা গোপী কৃষ্ণপ্রায়ণা হইলেও সশ্রীরে কৃষ্ণকে পাইতে অযোগ্যা।

অতএব এই পতিভাবে জগদীশ্বরকে পাইবার কামনায় গোপীদিগের পাপমাত্র রহিল না। গোপীদিগের রহিল না, কিন্তু কৃষ্ণের? এই কথার উত্তরে বিষণ্পুরাণকার যাহা বলিয়াছেন, ভাগবতকারও তাহাই বলিয়াছেন। ঈশ্বরের আবার পাপপুণ্য কি? তিনি আমাদের মত শ্রীরী নহৈন, শরীরী ভিন্ন ইন্দ্রিয়পরতা বা তজ্জনিত দোষ ঘটে না। তিনি সর্ব্বভূতে আছেন, গোপী-গাণেও আছেন, গোপীগাণের স্বামীতেও আছেন। তাঁহার কর্তৃক পরদার্যাভিমর্ষণ সম্ভবে না।

এ কথার আমাদের একটা আপত্তি আছে। ঈশ্বর এখানে শরীরী, এবং ইন্দ্রিরাশিকট। বশ্বন ঈশ্বর ইচ্ছান্র্যমে মানবশরীর গ্রহণ করিয়াছেন, তখন মানবশর্মাবলম্বী হইয়া কার্য্য করিবার জন্যই শরীর গ্রহণ করিয়াছেন। মানবধম্মীর পক্ষে গোপবধ্যাণ পরস্বী, এবং তদভিগমন পরদারপাপ। কৃষ্ণই গীতায় বলিয়াছেন, লোকশিক্ষার্থ তিনি কর্ম্ম করিয়া থাকেন। লোকশিক্ষক পারদারিক হইলে, পাপাচারী ও পাপের শিক্ষক হইলেন। অতএব প্রাণকারকৃত দোষক্ষালন খাটে না। এইর্শ দোষক্ষালনের কোন প্রয়োজনই নাই। ভাগবতকার নিজেই কৃষ্ণকে এই রাসমশ্ভলমধ্যে জিতেশ্রিয় বলিয়া পরিচিত করিয়াছেন। যথা—

এবং শশাপ্কাংশ বিরাজিতা নিশাঃ স সত্যকামোহন রতাবলাগণঃ। সিষেব আক্ষন্যবর দ্বসোরতঃ সর্বাঃ শরংকাব্যকথারসাগ্রয়াঃ॥ শ্রীমন্তাগবতম, ১০ স্ক, ৩৩ অঃ, ২৬।

তবে বিষ্ণুপ্রোণকারের অপেক্ষাও ভাগবতকার প্রগাঢ়তায় এবং ভক্তিতত্ত্বের পারদার্শিতায় অনেক শ্রেষ্ঠ। স্বীজাতি, জগতের মধ্যে পতিকেই প্রিয়বস্তু বলিয়া জানে: যে স্বা, জগদীশ্বরে প্রমভক্তিমতী, সে সেই পতিভাবেই তাঁহাকে পাইবার আকাশ্ফা করিল—ইংরেজি পড়িয়া আমরা ষাই বলি-কথাটা অতি রমণীয়!-ইহাতে কত মন্মহদয়াভিজ্ঞতার এবং ভগবন্তব্তির সোল্মর্য্য-গ্রাহিতার পরিচয় দেয়। তারপর যে পতিভাবে তাঁহাকে দেখিল, সেই পাইল,—যাহার জারব,দ্ধি রহিল, সে পাইল না, এ কথাও ভক্তির ঐকান্তিকতা ব্রুঝাইবার কি স্বন্দর উদাহরণ! কিন্তু আর একটা কথায় পর্রাণকার বড় গোলযোগের স্ত্রপাত করিয়াছেন। পতিত্বে একটা ইন্দ্রিয়সন্বন্ধ আছে। কাজে কাজেই সেই ইন্দ্রিয়সন্বন্ধ ভাগবতোক্ত রাসবর্ণনের ভিতর প্রবেশ করিয়াছে। জ্ঞাবতোক্ত রাস, বিষ্ণুপুরাণের ও হরিবংশের রাসের ন্যায় কেবল নৃত্যগীত নয়। সে কৈলাসশিখরে তপস্বী কপন্দীর রোষানলে ভস্মীভূত, সে বুলাবনে কিশোর রাসবিহারীর পদাশ্ররে প্রনক্ষীবনার্থ ধ্রিত। অনঙ্গ এখানে প্রবেশ করিয়াছে। প্রনাদকারের অভিপ্রার কদর্যা নয়: ঈশ্বরপ্রাপ্তিজনিত মৃক্ত জীবের যে আনন্দ, যে যথা মাং প্রপদ্যতে তাংস্তথৈব ভজামাহম্ ইতি বাক্য স্মরণ রাখিয়া, তাহাই পরিস্ফুট করিতে গিয়াছেন। কিন্তু লোকে তাহা ব্রক্তি না। তাঁহার রোগিত ভগবন্তাক্তপত্ষক্তর মূল, অতল জলে ডুবিয়া রহিল—উপরে কেবল বিকশিত কামকুস্মদাম ভাসিতে লাগিল। যাহারা উপরে ভাসে-তলার না, তাহারা কেবল সেই কুস্ম-দামের মালা গাঁথিয়া, ইন্দিরপরতামর বৈক্ষবদর্শ প্রস্তুত করিল। যাহা ভাগবতে নিগতে ভব্তিতত্ত্ জয়দেব গোস্বামীর হাতে তাহা মদনধন্মোৎসব। এত কাল, আমাদের জন্মভূমি সেই মদন-ধন্দোদসবভারালান্তা। তাই কুক্চরিতের অভিনব ব্যাখ্যার প্রয়োজন হইরাছে। কুক্চরিত বিশ্বভার, সর্বাগ্রনমরত্বে জ্যাতে অতুলা। আমার ন্যার অক্ষম, অধম ব্যক্তি সেই পবিস্তু চরিত্র গাঁত করিলেও লোকে তাহা শানিবে, ভাই এই অভিনব কুকাণীত রচনার সাহস কৰিয়াছি।

অন্টম পরিচ্ছেদ—রজগোপী—ভাগবত

রাহ্মণকন্যা

বদ্যহরণের নিগতে তাৎপর্যা আমি যের্প ব্রাইরাছি, তৎসন্বন্ধে একটা কথা বাকি আছে।
"যৎ করোষি যদন্নাসি যজ্জুহোষি দদাসি যং।
যন্তপুসাসি কোন্তের তৎ কুরুন্ব মদপ্রমূ॥

ইতি বাক্যের অন্বত্তী হইয়া যে জগদীশ্বরে সম্বাস্থ্য অপণ করিতে পারে, সেই ঈশ্বরকে পাইবার অধিকারী হয়। বস্তাহরণকালে ব্রজ্ঞগোপীগণ শ্রীকৃষ্ণে সম্বাস্থাপণ ক্ষমতা দেখাইল, এজন্য তাহারা কৃষ্ণকৈ পাইবার অধিকারিণী হইল। আর একটি উপন্যাস রচনা করিয়া ভাগবতকার এই তত্ত আরও পরিষ্ণুত্ত করিয়াছেন। সে উপন্যাস এই,—

একদা গোচারণকালে বনমধ্যম্ভ গোপালগণ অতান্ত ক্ষুধার্ত হইয়া ক্লম্পের নিকট আহার্য্য প্রার্থনা করিল। অদ্বেবত্তী কোন স্থানে কতকগুলি রাহ্মণ যজ্ঞ করিতেছিলেন। কৃষ্ণ গোপাল-গণকে উপদেশ করিলেন যে, সেইখানে গিয়া আমার নাম করিয়া অমাভিক্ষা চাও। গোপা**লের**। যজ্ঞস্পলে গিয়া ক্লঞ্চের নাম করিয়া অহাভিক্ষা চাহিল। রাহ্মণেরা তাহাদিগকে কিছু না দিয়া তাড়াইয়া দিল। গোপালগণ ক্লফের নিকট প্রত্যাগমন করিয়া সেই সকল কথা জানাইল। কৃষ্ণ তথন বলিলেন যে, তোমরা পুনব্দার যজ্ঞস্থলে গিয়া অন্তঃপ্রবাসিনী ব্রাহ্মণকন্যাদিগের নিকট আমার নাম করিয়া অন্নতিক্ষা চাও। গোপালের। তাহাই করিল। ব্রাহ্মণকন্যাগণ ক্ষেব নাম শ্রনিয়া গোপালাদিগকে প্রভত অল্লব্যঞ্জন প্রদান করিল, এবং কম্ব অদরের আছেন শ্রনিয়া তাঁহার দর্শনে আসিল। তাহারা কৃষ্ণকে ঈশ্বর বলিয়া জানিয়াছিল। তাহারা কৃষ্ণকে দর্শন করিলে কৃষ্ণ তাহাদিগকে গ্রহে যাইতে অনুমতি করিলেন। ব্রাহ্মণকন্যাগণ বলিলেন, "আমরা আপনার ভক্ত, আমরা পিতা, মাতা, দ্রাতা, প্রাদি ত্যাগ করিয়া আসিয়াছি—তাঁহারা আর আমাদিগকে গ্রহণ করিবেন না। আমরা আপনার পাদারে পতিত হইতেছি, আমাদিগের অন্যা গতি আপনি বিধান कत्न।" कृष्ण जाँशामिशतक গ্রহণ করিলেন না, বলিলেন, "দেখ, অঙ্গসঙ্গই কেবল অনুরাগের কারণ নহে। তোমরা আমাতে চিত্ত নিবিষ্ট কর, আমাকে অচিরে প্রাপ্ত হইকে। আমার প্রবণ, দর্শন. ধ্যান, অন্ক্রীর্ত্তনে আমাকে পাইবে—সন্নিক্ষে সের্পে পাইবে না। অতএব তোমরা গুহে ফিরিয়া যাও।" তাহারা ফিরিয়া জেল।

এখন এই ব্রাহ্মণকন্যাগণ কৃষ্ণকে পাইবার যোগ্য কি করিয়াছিলেন? কেবলমাত পিত্রাদি হবজন ত্যাগ করিয়া আসিয়াছিলেন। কুলটাগণ সামান্য জারানাগমনাথেও তাহা করিয়া থাকে। ভগবানে সন্ধান্যপণি তাঁহাদিগের হয় নাই, সিদ্ধ হইবার তাঁহারা অধিকারিণী হন নাই। অভএব সিদ্ধ হইবার প্রথম সোপান প্রবণ-মনন-নিদিধ্যাসনাদির জন্য তাঁহাদিগকে উপবিষ্ট করিয়া কৃষ্ণ ভাঁহাদিগকে প্রত্যাখ্যান করিলেন। পবিত্রবাহ্মণকুলোছ্তা সাধনাভাবে যাহাতে অধিকারিণী ইইল না, সাধনাপ্রভাবে গোপকন্যাগণ তাহাতে অধিকারিণী হইল। প্র্বেরাগবর্ণনিষ্ঠ্ল, ভাগবতকার গোপকন্যাদিগের প্রবণ মনন নিদিধ্যাসন সবিস্তারে ব্রেমাইয়াছেন।

এক্ষপে আমরা ভাগবতে বিখ্যাত রাসপঞ্চাধ্যারে আসিয়া উপস্থিত হইলাম। কিন্তু এই রাসলীলাতত্ব বন্দ্রহরণোপলক্ষে আমি এত সবিস্তারে ব,ঝাইয়াছি যে, এই রাসপঞ্চাধ্যাযের কথা অতি সংক্ষেপে বলিলেই চলিবে।

নৰম পরিচ্ছেদ-ব্ৰস্তগোপী-ভাগৰত

बाममीमा

ভাগবতের দশম ক্ষমে ২৯।৩০।৩১।৩২।৩৩ এই পাঁচ অধ্যায়ে রাসপণ্ডাধ্যায়। প্রথম অর্থাৎ উর্নারংশ অধ্যায়ে শারদ প্রিশিমা-রজনীতে গ্রীকৃষ্ণ মধ্র বেণ্বাদন করিলেন। পাঠকের সমরদ হইবে যে, বিষ্ণুপ্রাশে আছে, তিনি কলপদ অর্থাৎ অস্ফ্রটপদ গাঁত করিলেন। ভাগবতকার সেই 'কল' শব্দ রাখিয়াছেন, যথা "জগো কলম্"। টীকাকার বিশ্বনাথ চক্রবর্তী এই 'কল' শব্দ

হইতে কৃষ্ণমন্ত্রের 'ক্লীং' শব্দ নিম্পন্ন করিয়াছেন। তিনি উহাকে কামগীত বলিয়াছেন। টীকাকারদিগের মহিমা অনস্তঃ পরেশকার স্বয়ং ঐ গীতকে 'অনঙ্গবর্ধানম্' বলিয়াছেন।

বংশীধননি শ্রনিয়া গোপাঙ্গনাগণ কৃষ্ণদর্শনে ধাবিতা হইল। প্রাণকার তাঁহাদিগের ছরা এবং বিভ্রম যেরপে বর্ণনা করিয়াছেন, তাহা পাঠ করিয়া কালিদাসকৃত প্রস্তীগণের ছরা এবং বিভ্রমবর্ণনা মনে পড়ে। কৈ কাহার অনুকরণ করিয়াছে, তাহা বলা বায় না।

গোপীগণ সমাগতা হইলে, কৃষ্ণ যেন কিছুই জানেন না, এই ভাবে তাহাদিগকে বলিলেন, "তোমাদিগের মঙ্গল ত? তোমাদিগের প্রিয় কার্য্য কি করিব? ব্রজের কুশল ত? তোমরা কেন আসিয়াছ?" এই বলিয়া আবার বলিতে লাগিলেন যে, "এই রজনী ঘোরর পা, ভীষণ পশ্র সকল এখানে আছে, এ স্থালোকদিগের থাকিবার যোগ্য স্থান নয়। অতএব তোমরা ব্রজে ফিরিয়া যাও। তোমাদের মাতা পিতা পরে প্রাতা পতি তোমাদিগকে না দেখিয়া তোমাদিগের অন্বেষণ করিতেছে। বন্ধনানের ভরোৎপত্তির কারণ হইও না। রাকাচন্দ্রবিরঞ্জিত যম্নাসমীরণলীলাকন্পিত তর সম্প্রবশোভিত কুস্নিমত বন দেখিলে ত? এখন হে সতীগণ, অচিরে প্রতিগমন করিয়া পাতিসেবা কর। বালক ও বৎস সকল কাদিতেছে, তাহাদিগকে দ্বদ্ধশান করাও। অথবা আমার প্রতি ক্রেয় করিয়া, ক্রেহের বশীভূতবাদ্ধি ইইয়া আসিয়া থাকিবে। সকল প্রাণাই আমার প্রতি এইয়্প প্রীতি করিয়া থাকে। কিন্তু হে কল্যালীগণ! পতির অকপট শ্রাহ্ম এবং বন্ধনানের ও সন্তানগণের অন্পোষণ, ইহাই স্থালোকদিগের প্রধান ধন্ম। পতি দ্বংশীলই হউক, দ্বর্ভাই হউক, জড় হউক, রোগাী বা অধনী হউক, বে স্থাগণ অপাতকী হইয়া উভয় লোকের মঙ্গল কামনা করে, তাহাদিগের দ্বারা সে পতি পরিত্যাজ্য নয়। কুলন্দ্রাদিগের উপপত্য অস্বর্গা, অযশস্কর, অতি তুচ্ছ, ভয়াবহ এবং সর্বান্ত নিন্দিত। শ্রবণে, দর্শনে, ধ্যানে, অনুকীর্ত্তনে মন্তাবাদ্য হইতে পারে, কিন্তু সন্ধিকর্যে নহে। অতএব তোমরা ঘরে ফিরিয়া যাও।"

ক্রকের মূথে এই উক্তি সন্নিবিষ্ট করিয়া প্রোণকার দেখাইতেছেন যে, পাতিব্রতাধন্মের মাহাযোর অনভিজ্ঞতা অথবা তংপ্রতি অবজ্ঞাবশতঃ তিনি কৃষ্ণগোপীর ইন্দ্রিয় সম্বন্ধীয় বর্ণনে প্রবৃত্ত নহেন। তাঁহার অভিপ্রায় প্রের্ব ব্রাইয়াছি। কৃষ্ণ রান্ধাকন্যাদিগকে ঐর্প কথা বলিয়াছিলেন। শ্রনিয়া তাহারা ফিরিয়া গিয়াছিল। কিন্তু গোপীগণ ফিরিল না। তাহারা **কাঁদিতে লাগিল। তাহা**রা বালল, "এমন কথা বালও না, তোমার পাদম*লে* সর্ব্ববিষয় পরিত্যাগ করিরাছি। আদিপুরুষদেব যেমন মুমুক্ষকে পরিত্যাগ করেন না, তেমনি আমরা দুরবগ্রহ হইলেও, আমাদিশকে ত্যাগ করিও না। তুমি ধর্ম্মজ্ঞ, পতি অপত্য সূত্রং প্রভৃতির অনুবর্ত্তন স্বীলোকদিগের স্বধর্মা বলিয়া যে উপদেশ দিতেছ তাহা তোমাতেই বর্ত্তিত হউক। কেন না তুমি ঈশ্বর। তুমি দেহধারীদিগের প্রিয় বন্ধ এবং আত্মা। হে আত্মন্! যাহারা কুশলী, তাহারা. নিত্যপ্রির যে তুমি, সেই তোমাতেই রতি (আত্মরতি) করিয়া থাকে। দঃখদায়ক পতিস্তোদির দ্বারা কি হইবে?" ইত্যাদি। এই সকল বাক্যে পরোণকার ব্রুঝাইয়াছেন যে, গোপীগণ কৃষ্ণকে ঈশ্বর বলিয়া ভজনা করিয়াছিল, এবং ঈশ্বরাথেই স্বামিতাগ করিয়াছিল। তার পর আরও कछकर्शान कथा আছে, यादा बाता कीर रायाहराज्या त, करकत जनस मोन्नर्या गामा इहेशहे, গোপীগণ ক্ষান্সারিণী। তাহার পরে পরোণকার বলিতেছেন যে, শ্রীকৃষ্ণ স্বয়ং আত্মারাম অর্থাৎ আপনাতে ভিন্ন তাঁহার রতি বিরতি আর কিছুতেই নাই, তথাপি এই গোপীগণের বাক্যে সভুষ্ট হইয়া তিনি তাহাদিগের সহিত ক্রীড়া করিলেন; এবং তাহাদিগের সহিত গান করতঃ ষমনাপরিলনে পরিভ্রমণ করিতে লাগিলেন।

কৈছ কেছ বলিয়া থাকেন যে, ভাগবতোক্ত রাসলীলায় ইন্দ্রিসম্বন্ধ কিছু নাই। যদি এ কথা প্রকৃত হইত, তাহা হইলে আমি এ রাসলীলার অর্থ যের প করিয়াছি, তাহা কোন রকমেই খাটিত না। কিন্তু এই কথা যে প্রকৃত নহে, ইহার প্রমাণার্থ এই স্থান হইতে একটা প্লোক উদ্ধৃত করিতোছি:—

"বাহ্-প্রসারপরিরছ-করালকোর্নীবীন্তনালভননন্ম নখাগ্রপাতৈঃ। েছলালভালভালিভিড ক্রিড ক্র

অন্যান্য স্থান হইতেও আরও দুই চারিটি এর্প প্রমাণ উদ্ধৃত করিব। এ সকলের বাঙ্গালা অনুবাদ দেওয়া অবিধের হইবে। তার পর কৃষ্ণসঙ্গ লাভ করিয়া ব্রজগোপীগণ অত্যন্ত মানিনী হইলেন। ছাঁহাদিগের সোভাগামদ দেখিয়া তদ্বপশ্মনার্থে শ্রীকৃষ্ণ অন্তর্হিত হইলেন। এই গেল উন্তিংশ অধ্যায়।

গ্রিংশ অধ্যায়ে গোপীগণকৃত কৃষ্ণালেরষণবৃত্তান্ত আছে। তাহা ছুলতঃ বিষ্কৃপুরালের অনুকরণ। তবে ভাগবতকার কাব্য আরও ঘোরাল করিয়াছেন। অতএব এই অধ্যায় সম্বর্জে আর অধিক কিছু বলিবার প্রয়েজন নাই। একগ্রিংশ অধ্যায়ে গোপীগণ কৃষ্ণবিষয়ক গান করিতে করিতে তাঁহাকে ভাকিতেছেন। ইহাতে ভক্তিরস এবং আদির্স দুইই আছে। বুঝাইবার কথা বেশি কিছু নাই। স্বাগ্রিংশ অধ্যায়ে শ্রীকৃষ্ণ প্নরাগ্রভূতি হইলেন। এইখানে গোপীদিগের ইন্দ্রয়প্রগোদিত ব্যবহারের প্রমাণার্থ একটি কবিতা উদ্ধৃত করিব।

"কাচিদঞ্জলিনাগ্ছাং তন্বী তান্ব্লচন্বিত্য। একা তদশ্ভিকমলং সম্ভপ্তা স্তনয়োন্যধাং॥"

এই অধ্যায়ের শেষে কৃষ্ণ ও গোপীগণের মধ্যে কিছ্ আধ্যাত্মিক কথোপকথন আছে। আমরা এখানে তাহা উদ্ধৃত করা আবশ্যক বিবেচনা করিতেছি না। তাহার পর ত্রুস্থিত্থ অধ্যায়ে রাসক্রীড়া ও বিহারবর্ণন। রাসক্রীড়া বিষ্ণুপ্রাণোক্ত রাসক্রীড়ার ন্যায় নৃত্যগীত মাত্র। তবে গোপীগণ এখানে শ্রীকৃষ্ণকে পতিভাবে প্রাপ্ত হইয়াছিল, এজন্য কিণ্টিন্মাত্র ইন্দ্রিরস্ক্রমণ্ড আছে। বথা.—

কস্যাশ্চিত্রাট্যবিক্ষপ্তকুশ্ডলছিষমাশ্ডতম্। গণ্ডং গণ্ডে সংদধত্যাঃ প্রাদান্তান্ব্লচন্বিতম্॥ ১৩॥ নৃত্যক্তী গায়তী কাচিং ক্<u>জন্</u>প্রমেখলা। পার্ম্বাচ্যতহস্তাব্দং প্রাক্তাধাং শুনরো শিবম্॥১৪॥

তদঙ্গসঙ্গপ্রম্বাকুলেন্দ্রাঃ কেশান্ দ্বক্লং কুচপট্টিকাং বা। নাঞ্জঃ প্রতিব্যোদ্বমলং ব্রজন্মিয়ো বিস্তমালাভরণাঃ কুর্বহা। ১৮ ॥

এইর্প কথা ভিন্ন বেশী আর কিছ্ব নাই। স্বয়ং শ্রীকৃষ্ণকে প্রাণকার জিতেন্দ্রিস্বর্প বর্ণিত করিয়াছেন, তাহা প্রেশ বলিয়াছি এবং তাহার প্রমাণও দিয়াছি।

मश्यम श्रीब्राक्षा —श्रीब्राक्षा

অথবিবেদের উপনিষদ্ সকলের মধ্যে একখানির নাম গোপালতাপনী। কৃষ্ণের গোপম্রির উপাসনা ইহার বিষয়। উহার রচনা দেখিয়া বোধ হয় যে, অধিকাংশ উপনিষদ্ অপেকা উহা অনেক আধ্নিক। ইহাতে কৃষ্ণ যে গোপগোপীপরিবৃত, তাহা বলা হইয়ছে। কিন্তু ইহাতে গোপগোপীর যে অর্থ করা হইয়ছে, তাহা প্রচলিত অর্থ হইতে ভিন্ন। গোপী অর্থে অবিদ্যা কলা। টীকাকার বলেন,

"গোপায়ন্তীতি গোপাঃ পালনশক্তয়ঃ।" আর গোপীজনবল্লভ অর্থে "গোপীনাং পালনশক্তীনাং জনঃ সমূহঃ তদ্বাচ্যা অবিদ্যাঃ কলাশ্চ তাসাং বল্লভঃ দ্বামী প্রেরক ঈশ্বরঃ।"

উপনিষদে এইরপে গোপীর অর্থ আছে, কিন্তু রাসলীলার কোন কথাই নাই। রাধার নামমাত্র নাই। এক জন প্রখানা গোপীর কথা আছে, কিন্তু তিনি রাধা নহেন, তাঁহার নাম গান্ধবাঁ। তাঁহার প্রাধান্যও কামকেলিতে নহে—তত্ত্বিজ্ঞাসায়। ব্রহ্মবৈবর্তপ্রাণে আর জয়দেবের কাব্যে ভিন্ন কোন প্রাচীন গ্রন্থে রাধা নাই।

ভাগবতের এই রাসপঞ্চাধ্যারের মধ্যে 'রাধা' নাম কোথাও পাওয়া বার না। বৈকবাচার্য্যদিগের অন্থিমজ্জার ভিতর রাধা নাম প্রবিষ্ট। তাঁহারা টীকাটিম্পনীর ভিতর প্রনঃ প্রনঃ রাধাপ্রসঙ্গ উত্থাপিত করিয়াছেন, কিন্তু মূলে কোথাও রাধার নাম নাই। গোপীদিগের অনুরাগাধিকাঞ্জনিত কর্ম্যার প্রমাণ স্বরূপ কবি লিখিয়াছেন বে, তাহারা পদচিহ্ন দেখিয়া অনুমান করিয়াছিল বে, কোন এক জন গোপীকে লইয়া কৃষ্ণ বিজনে প্রবেশ করিয়াছিলেন। কিন্তু তাহাও গোপীদিগের কর্মাজনিত প্রমাত্ত। প্রীকৃষ্ণ অন্তর্হিত হইলেন এই কথাই আছে, কাহাকেও লইয়া অন্তর্হিত হইলেন, এমন কথা নাই এবং রাধার নামগন্ধও নাই।

রাসপভাষ্যারে কেন, সমন্ত ভাগষতে কোথাও রাধার নাম নাই। ভাগবতে কেন, বিষ্কৃপ্রাণে, হরিবংশে বা মহাভারতে কোথাও রাধার নাম নাই। অথচ এখনকার কৃষ্ণ উপাসনার প্রধান অঙ্গ রাধা। রাধা ভিন্ন এখন কৃষ্ণনাম নাই। রাধা ভিন্ন এখন কৃষ্ণের মন্দির নাই বা ম,ির্তু নাই। কৈম্বিদিগের অনেক রচনার কৃষ্ণের অপেক্ষাও রাধা প্রাধান্যলাভ করিয়াছেন। যদি মহাভারতে, হরিবংশে, বিষ্কৃপ্রাণে বা ভাগবতে 'রাধা' নাই, তবে এ 'রাধা' আসিলেন কোথা হইতে?

ताथारक श्रथरम बन्नादेवर्ख भारताल प्राथरण भारे। छेरेन् मन् मार्ट्य वर्णन ख, रेहा भारतान-গদের মধ্যে সন্ধর্কনিন্ঠ বলিয়াই বোধ হয়। ইহার রচনাপ্রণালী আজিকালিকার ভট্টাচার্য্যদিগের রচনার মত। ইহাতে ষষ্ঠী মনসারও কথা আছে। আমি প্রেবই বালরাছি যে, আদিম ব্রহ্মবৈবর্ত্ত পরেশ বিলোপপ্রাপ্ত হইয়াছে। তাহার প্রমাণও উদ্ধৃত করিয়াছি। যাহা এখন আছে, তাহাতে এক নতেন দেবতত্ত্ব সংস্থাপিত হইয়াছে। ইহাই পূর্বোর্বাধ প্রসিদ্ধ যে, কৃষ্ণ বিষ্ণুর অবতার। ইনি বলেন, কৃষ্ণ বিষ্কার অবতার হওয়া দুরে থাকুক, কৃষ্ণই বিষ্ণাকে স্টিট করিয়াছেন। বিষ্ণ, থাকেন বৈকুণ্ঠে, কৃষ্ণ থাকেন গোলোকে রাসমণ্ডলে,—বৈকুণ্ঠ তাহার অনেক নীচে। ইনি **टक्वल विकारक नरह, बन्ना, तर्ह, लक्क्यी, पर्शा প্রভৃতি সমস্ত দেবদেবী এবং জীবগণকে স্থাছিট** করিয়াছেন। ই'হার বাসস্থান গোলোকধামে, বলিয়াছি। তথায় গো, গোপ ও গোপীগণ বাস করে। তাহারা দেবদেবীর উপর। সেই গোলোকধামের অধিষ্ঠান্ত্রী কৃষ্ণবিলাসিনী দেবীই রাধা। बाधात जारंग ताममन्छल, ताममन्छल र्रोन वाधारक माणि करतन। वारमत ता এবং धा धाउन धा. ইহাতে রাধা নাম নিষ্পন্ন করিয়াছেন। সেই গোপগোপীর বাসস্থান রাধাধিষ্ঠিত গোলোকধাম পূর্ব্বকবিদিগের বর্ণিত বৃন্দাবনের বজনিশ নকল। এখনকার কুষ্ণ্যাত্রায় যেমন চন্দ্রাবলী নামে রাধার প্রতিযোগিনী গোপী আছে, গোলোকধামেও সেইরূপ বিরজ্ঞা নাম্নী রাধার প্রতিযোগিনী গোপী ছिল। মানভঞ্জন यातास रयमन याता ওसालाता कृष्ण क हन्तावलीत कृष्ण नरेसा यास, रेनिउ তেমনি কৃষ্ণকে গোলোকধামে বিরজার কুঞ্জে লইয়া গিয়াছেন। তাহাতে যাত্রার রাধিকার যেমন ঈর্ষ্যা ও কোপ উপস্থিত হয়, ব্রহ্মবৈবর্ত্তের রাধিকারও সেইরূপ ঈর্ষ্যা ও কোপ উপস্থিত **ट्रेंगांड्न।** তাহাতে আর একটা মহা গোলযোগ ঘটিয়া যায়। রাধিকা কৃষ্ণকে বিরজার মন্দিরে ধরিবার জন্য রথে চডিরা বিরজার মন্দিরে গিয়া উপস্থিত। সেখানে বিরজার দারবান্ ছিলেন শ্রীদামা বা শ্রীদাম। শ্রীদামা রাধিকাকে দ্বার ছাড়িয়া দিল না। এ দিকে রাধিকার ভয়ে বিরজা গশিয়া জল হইয়া নদীর প ধারণ করিলেন। শ্রীকৃষ্ণ তাহাতে দুঃখিত হইয়া তাঁহাকে প্রনক্ষীবিন এবং প্রের্ব রূপ প্রদান করিলেন। বিরক্তা গোলোকনাথের সহিত অবিরত আনন্দান,ভব করিতে লাগিল। ক্রমশঃ তাহার সাতটি পত্র জন্মিল। কিন্তু পত্রগণ আনন্দান,ভবের বিঘা, এ জন্য মাতা তাহাদিগকে অভিশপ্ত করিলেন, তাঁহারা সাত সমন্দ্র হইয়া রহিলেন। এ দিকে রাধা, কৃষ্ণবিরজা-ব্তান্ত জানিতে পারিয়া, কৃষ্ণকে অনেক ভর্ণসনা করিলেন, এবং অভিশাপ প্রদান করিলেন যে, তুমি গিয়া প্রথিবীতে বাস কর। এ দিকে কৃষ্ণকিৎকর শ্রীদামা রাধার এই দ্বাবহারে অতিশয় কুদ্ধ হইয়া তাঁহাকে ভর্ণসনা করিলেন। শ্রনিয়া রাধা শ্রীদামাকে তিরুক্কার क्रिया भाभ मिलन, प्रीम शिया अभूत रहेया अन्यश्र्य कत। श्रीमामा अधारक भाभ मिलन, ভূমিও গিয়া প্রতিথবীতে মানুবী হইয়া রায়ালপদ্দী (যাত্রার আয়ান ঘোষ) এবং কলভিকনী হইয়া

শেষ দ্বৈ জনেই ক্ষের নিকট আসিয়া কাঁদিয়া পাড়লেন। শ্রীদামাকে কৃষ্ণ বর দিয়া বালিলেন বে, তুমি অস্বেশ্বর হইবে, যুদ্ধে তোমাকে কেহ পরাভব করিতে পারিবে না। শেষে শক্ষরশ্বসপর্শে মৃক্ত হইবে। রাধাকেও আশ্বাসিত করিয়া বাললেন, 'তুমি যাও; আমিও বাইতেছি।' শেষ প্থিবীর ভারাবতরণ জনা, তিনি প্থিবীতে আসিয়া অবতীর্ণ হইলেন।

এ সকল কথা নতেন হইলেও, এবং সর্ম্বাশেষে প্রচারিত হইলেও এই ব্রহ্মবৈবর্ত প্রাণ

^{*} রাসে সম্ভূয় গোলোকে, সা দ্ধাব হরেঃ প্রঃ।
তেন রাধা সমাখ্যাতা প্রাবিভিদ্পোত্তম ।—ব্রহ্মখণ্ডে ৫ অধ্যায়ঃ।
কিন্তু আবার স্থানান্তরে,—

^{* * *} व्राकाद्वा मानवाहकः।

ধা নিৰ্বাশন্ত তন্দাৱী তেন রাধা প্রকীর্মিতা॥— প্রীকৃষ্ণক্ষমন্দেড ২০ অধ্যারঃ।

বাজালার বৈশ্ববংশের উপর অতিশন্ত আধিপতা শ্বাপন করিয়াছে। জ্বন্ধান্থ বাজালী বৈশ্ববর্গিপ, বাঙ্গালার জাতীয় সঙ্গীত, বাঙ্গালার যাত্রা মহোৎসবাদির মূল ব্রন্ধবৈর্বে। তবে ব্রন্ধবৈর্ব্ত কারক্থিত একটা বড় মূল কথা বাঙ্গালার বৈশ্ববেরা গ্রহণ করেন নাই, অভজ্ঞ সেটা বাঙ্গালীর বৈশ্ববংশ্বে তাদৃশ পরিস্ফুট হয় নাই—রাধিকা রায়াগপত্নী বলিয়া পরিচিতা, কিশ্ব ব্রন্ধবৈর্ব্তের মতে তিনি বিধিবিধানান,সারে কৃষ্ণের বিবাহিতা পত্নী। সেই বিবাহব্দ্বান্তিটি সবিস্থারে বিলিতেছি, বিলিবার আগে গীতগোবিশের প্রথম কবিতাটা পাঠকের স্মরণ করিয়া দিই।

"মেছৈমে দ্রমশ্বরং বনভূবঃ শ্যামান্তমালদ্রুমৈ-নজিং ভীর্ররং দমেব তাদমং রাধে গৃহং প্রাপর। ইখং নন্দনিদেশতশ্চলিতয়োঃ প্রত্যধন্কঞ্জদ্রমং রাধামাধ্বয়োজ্বরিত বম্নাক্লে রহঃকেলরঃ॥

অর্থ। হে রাধে! আকাশ মেঘে রিষ্ক হইয়াছে, তমাল দ্রম সকলে বনভূমি অন্ধকার হইয়াছে, অতএব তুমিই ইহাকে গৃহে লইয়া যাও, নন্দ এইর্প আদেশ করায়, পৃথিত কুঞ্জদ্র্মাভিম্থে চলিত রাধামাধবের যম্নাক্লে বিজনকেলি সকলের জয় হউক।

এ কথার অর্থ কি? টীকাকার কি অনুবাদকার কেহই বিশাদ করিয়া ব্ঝাইতে পারেন না। একজন অনুবাদকার বিলয়াছেন, "গীতগোবিশের প্রথম শ্লোকটি কিছ্ন অস্পন্ট; কবি নারক-নায়িকার কোন্ অবস্থা মনে করিয়া লিখিয়াছেন, ঠিক বলা যায় না। টীকাকারের মত, ইহা রাধিকাসখীর উক্তি। তাহাতে ভাব এক প্রকার মধ্র হয় বটে, কিন্তু শব্দার্থের কিছ্ন অসঙ্গতি ঘটে।" বস্তুতঃ ইহা রাধিকাসখীর উক্তি নহে; জয়দেব গোস্বামী ব্লম্বৈবর্ত্ত-লিখিত এই বিবাহের স্কুনা সমরণ করিয়াই এ শ্লোকটি রচনা করিয়াছেন। এক্ষণে আমি ঠিক এই কথাই বলাবৈর্ত্ত ইতে উদ্ধৃত করিতেছি; তবে বক্তব্য এই বে, রাধা শ্রীদামশাপান্সারে শ্রীকৃষ্ণের কয় বংসর আগে প্রিবীতে আসিতে বাধ্য হইয়াছিলেন বলিয়া, রাধিকা কৃষ্ণের অপেক্ষা অনেক বড় ছিলেন। তিনি যখন যুবতী, শ্রীকৃষ্ণ তখন শিশ্ব।

"এकमा कुक्षमीटरा नर्मा व्मावनः यर्यो। ত্ত্রোপবনভান্ডীরে চারয়ামাস গোকুলম্॥ ১ ॥ সরঃসুস্বাদ্তোয়ও পায়য়ামাস তং পপৌ। উবাস বটম লে চ বালং কৃষা স্ববক্ষসি॥ ২ ॥ এতি সময়ন্তরে কুঞ্চো মায়াবালক বিগ্রহঃ। চকার মায়য়াকস্মান্মেঘাচ্ছ্রং নভো মুনে॥ ৩ ॥ মেঘাবৃতং নভো দৃষ্টা শ্যামলং কাননান্তরম্। বঞ্জাবাতং মেঘশব্দং বজ্রশব্দণ্ড দার্ণম্॥ ৪ ॥ বৃতিধারামতিশুলাং কম্পমানাংশ্চ পাদপান। দ্ধৈত্বং পতিত সক্ষান্ নন্দো ভয়মবাপ হ॥ ৫॥ কথং যাস্যামি গোবংসং বিহায় স্বাশ্রমং প্রতি। গহং যদি ন যাস্যামি ভবিতা বালক্স্য কিম্॥ ৬ ॥ এবং নন্দে প্রবর্ণতি রুরোদ শ্রীহরিস্তদা। মায়াভিয়া ভয়েভ্যন্ত পিতৃঃ কণ্ঠং দধার সং॥ ৭ ॥ এতাস্মন্নন্তরে রাখা জগাম কৃষ্ণসামিখিম।" ব্রহ্মবৈবর্ত্তপর্রাণম্, শ্রীকৃঞ্জক্মখণ্ডে, ১৫ অধ্যারঃ।

অর্থ । "একদা কৃষ্ণসহিত নন্দ বৃন্দারনে গিয়াছিলেন। তথাকার ভান্ডারিবনে গোগণকৈ চরাইতেছিলেন। সরোবরে স্বাদ্ জল তাহাদিগকে পান করাইলেন, এবং পান করিলেন। এবং বালককে বক্ষে লইরা বটমলে বসিলেন। হে মুনে! তার পর মায়াতে শিশ্মনরীরধারণকারী কৃষ্ণ অক্ষমাৎ মায়ার দ্বারা আকাশ মেঘাছের করিলেন, আকাশ মেঘাছের এবং কাননান্তর শ্যামলা; ঝঞ্জাবাত, মেঘশন্দ, দার্ণ বন্ধ্রশন্দ, অতিষ্কৃত্ব বৃদ্দিধারা, এবং বৃক্ষসকল কম্পমান ইইয়া পতিত্বক্ষ হইতেছে, দেখিয়া নন্দ ভর পাইলেন। 'গোবংস ছাড়িয়া কির্পেই বা আপনার আশ্রমে ষাই, যদি গৃহে না যাই, তবে এই বালকেরই বা কি হইবে,' নন্দ এইর্প বলিভেছিলেন, শ্রীহরি

ভখন কাদিতে লাগিলেন; মারাভরে ভীতিয**ুক্ত হইরা বাপের কণ্ঠ ধারণ করিলেন। এই সম**রে রাধা কুক্ষের নিকট আসিরা উপস্থিত হইলেন।"

রাধার অপত্তর্ব লাক্ষ্য দেখিয়া নন্দ বিক্ষিত হইলেন, তিনি রাধাকে বলিলেন "আমি গর্গ-মুখে জানিয়াছি, তুমি পন্মারও অধিক হরির প্রিয়া; আর ইনি পরম নিগর্গ অচ্যুত মহাবিষ্ক; তথাপি আমি মানব, বিষ্কুমায়ায় মোহিত আছি। হে ভদে! তোমার প্রাণনাথকে গ্রহণ কর; বধার সুখী হও, যাও। পশ্চাৎ মনোরথ পূর্ণ করিয়া আমার পুত্র আমাকে দিও।"

এই বিলয়া নন্দ রাধাকে কৃষ্ণসমর্পণ করিলেন। রাধাও কৃষ্ণক কোলে করিয়া লইয়া গেলেন। দুরে গেলে রাধা রাসমন্ডল স্মরণ করিলেন, তখন মনোহর বিহারভূমি সৃষ্ট হইল। কৃষ্ণ সেইখানে নীত হইলে কিশোরম্ভি ধারণ করিলেন। তিনি রাধাকে বিললেন, "যদি গোলোকের ক্ষা স্মরণ হয়, তবে যাহা স্বীকার করিয়াছি, তাহা পূর্ণ করিব।" তাঁহারা এর্প প্রেমালাপে নিযুক্ত ছিলেন, এমন সময়ে রন্ধা সেইখানে উপস্থিত হইলেন। তিনি রাধাকে অনেক স্ববস্থুতি করিলেন। পরিশেষে নিজে কন্যাকর্তা হইয়া, যথাবিহিত বেদবিধি অনুসারে রাধিকাকে কৃষ্ণে সম্প্রদান করিলেন। তাঁহাদিগকে বিবাহবন্ধনে বদ্ধ করিয়া তিনি অন্তর্হিত হইলেন। রায়াণের সঙ্গে রাধিকার যথাশাস্ত্র বিবাহ হইয়াছিল কি না, যদি হইয়া থাকে, তবে প্রের্ব কি পরে হইয়াছিল, তাহা রন্ধাবৈত্ত প্রাণে পাইলাম না। রাধাকৃষ্ণের বিবাহের পর বিহারবর্ণন। বলা বাহুল্য যে, রন্ধাবৈত্তের রাসলীলাও ঐরুপ।

বাহা হউক, পাঠক দেখিবেন যে, রক্ষবৈত্ত কার সম্পূর্ণ ন্তন বৈষ্ণবধ্ম সূষ্ট করিয়াছেন। সে বৈষ্ণবধ্মের নামগন্ধমায় বিষণ্ধ বা ভাগবত বা অন্য প্রাণে নাই। রাধাই এই ন্তন বৈষ্ণবধ্মের কেন্দ্রস্বর্প। জয়দেব কবি, গীতগোবিন্দ কাব্যে এই ন্তন বৈষ্ণবধ্মাবলম্বন করিয়াই, গোবিন্দ্রগীতি রচনা করিয়াছেন। তাঁহার দ্টাস্তান্সরদে বিদ্যাপতি চন্ডীদাস প্রভৃতি বাঙ্গালার বৈষ্ণবগাণ কৃষ্ণসঙ্গীত রচনা করিয়াছেন। এই ধম্ম অবলম্বন করিয়াই প্রীচৈতনাদেব কান্তরসাপ্রিত আভিনব ভক্তিবাদ প্রচার করিয়াছেন। বলিতে গেলে, সকল কবি, সকল ঋষি, সকল প্রাণ, সকল শান্দ্রের অপেক্ষা ব্রহ্মবৈত্ত কারই বাঙ্গালীর জীবনের উপর অধিকতর আধিপত্য বিস্তার করিয়াছেন। এখন দেখা বাউক, এই ন্তন ধন্মের তাৎপর্য্য কি এবং কোথা হইতে ইহা উৎপক্ষ হইল।

ভারতবর্ধে যে সকল দর্শনিশাস্ত্র উৎপন্ন হইয়াছিল, তাহার মধ্যে ছয়িট দর্শনের প্রাধান্য সচরাচর স্বীকৃত হয়। কিন্তু ছয়িটর মধ্যে দৄয়য়িয়য় প্রাধান্য বেশী—বেদান্তের ও সাঙ্খের। সচরাচর ব্যাসপ্রশীত ব্রহ্মসূত্রে বেদান্তদর্শনের সূতি বিলয়া অনেকের বিশ্বাস। বন্ধুতঃ বেদান্তদর্শনের আদি ব্রহ্মসূত্রে নহে, উপনিষদে। উপনিষদকেও বেদান্ত বলে। উপনিষদমূক্ত ব্রহ্মতত্ব, সংক্ষেপতঃ ঈশ্বর ভিন্ন কিছু নাই। এই জগণ ও জীবগণ ঈশ্বরেরই অংশ। তিনি এক ছিলেন, সিস্কাপ্রযুক্ত বহু হইয়াছেন। তিনি পরমান্তা। জীবান্থা সেই পরমান্তার অংশ, ঈশ্বরের মায়া হইতেই জীবান্থা প্রাপ্ত; এবং সেই মায়া হইতে মৃক্ত হইলেই আবার ঈশ্বরে বিলীন হইবে। ইহা অকৈতবাদে পরিপূর্ণ।

প্রাথমিক বৈশ্বধন্মের ভিত্তি এই বৈদান্তিক ঈশ্বরবাদের উপর নিন্মিত। বিষ্ণু এবং বিষণ্ণুর অবতার কৃষ্ণ, বৈদান্তিক ঈশ্বর। বিষণুপ্রোণে এবং ভাগবতে এবং তাদৃশ অন্যান্য গ্রন্থে যে সকল বিষ্ণুন্তোর বা কৃষ্ণন্তোর আছে, তাহা সম্পূর্ণার্পে বা অসম্পূর্ণার্পে অদ্বৈতবাদান্তন। কিন্তু এ বিষয়ের প্রধান উদাহরণ শান্তিপন্থোর ভীত্মকৃত কৃষ্ণন্তোর।

কিন্তু অবৈতবাদ এবং বৈতবাদও অনেক রকম ইইতে পারে। আধ্বনিক সময়ে শঞ্করাচার্য্য, রামান্দ্রজাচার্য্য মধ্যাচার্য্য এবং বল্লভাচার্য্য, এই চারি জনে অবৈতবাদের ভিন্ন ভিন্ন ব্যাখ্যা করিয়া অবৈভবাদ, বিশিন্টাবৈতবাদ, বৈতাবৈতবাদ এবং বিশ্বদ্ধাবৈতবাদ—এই চারি প্রকার মত প্রচার করিয়াছেন। কিন্তু প্রাচীনকালে এত ছিল না। প্রাচীনকালে ঈশ্বর, এবং ঈশ্বরভিত জগতের সন্বন্ধ বিষয়ে দুই রকম ব্যাখ্যা দেখা যায়। প্রথম এই বে, ঈশ্বর ভিন্ন আর কিছ্ই নাই। ঈশ্বরই জগৎ, তত্তিম জাগতিক কোন পদার্থ নাই। আর এক মত এই যে, জগৎ ঈশ্বর বা ঈশ্বর জগৎ নহেন, কিন্তু ঈশ্বরে জগৎ আছে—"সুত্রে মণিগাগা ইব।" ঈশ্বরও জাগতিক সন্বর্ণসাথ্যে আছেন, কিন্তু ঈশ্বরে জগৎ আছে—"সুত্রে মণিগাগা ইব।" ঈশ্বরও জাগতিক সন্বর্ণসাথ্য আছেন, কিন্তু ঈশ্বরে অগতিরক। প্রচানি বৈক্ষবধন্ম এই দ্বিতীয় মতেরই উপর নির্ভর করে। বিভীয় প্রধান দর্শনিশাক্য সাধ্য। কিপ্রের সাধ্যা ঈশ্বরই ক্বীকার করে না। কিন্তু

পরবন্তী সাঙ্খেরা ঈশ্বর প্রীকার করিয়াছেন। সাঙ্খের স্থ্রকথা এই, জড়জগং বা জড়জগশ্বরী শক্তি পরমান্ধা হইতে সম্প্র্লির্পে প্রথক্। পরমান্ধা বা প্রর্থ সম্প্র্লির্পে সঙ্গান্ধারী বা প্রর্থ সম্প্র্লির্পে সঙ্গান্ধারী শক্তিকে ই'হারা 'প্রকৃতি' নাম দিয়াছেন। এই প্রকৃতিই সম্বর্সান্ধারণী, সম্ব্রসাঞ্চারিণী, সম্ব্রসাঞ্চারিণী। এই প্রকৃতিপ্র্রুষতত্ব হইতে প্রকৃতিপ্রধান তালিকধন্মের উৎপত্তি। এই তালিকধন্মের, প্রকৃতিপূর্ব্বের একত্ব অথবা অতি হানিষ্ঠ সম্বন্ধ সম্পাদিত হওয়াতে প্রকৃতিপ্রধান বালিয়া এই ধন্ম লোকরঞ্জন হইয়াছিল। বাহারা বৈঞ্বাদিগের অকৈত্বাদে অসন্তুল্য, তাহারা তালিকধন্মের আশ্রর গ্রহণ করিয়াছিল। সেই তালিকধন্মের সায়াংশ এই কৈকবধন্মের সংলগ্ধ করিয়া বৈঞ্ববধন্মের আশ্রর গ্রহণ করিয়াছিল। সেই তালিকধন্মের সায়াংশ এই কৈকবধন্মের সংলগ্ধ করিয়াছেন অথবা করেবধন্মের প্রান্ধান্ধান্ধ করিয়াছেন। তাহার স্টা রাধা সেই সাজ্যাদিগের ম্লপ্রকৃতিন্তানীয়া। যদিও ব্রক্ষবৈত্র প্ররাণের ব্রন্ধান্ধনে, তথাপি শ্রীকৃষ্ণ-জন্মধন্দে দেখা যায় যে, কৃষ্ণ স্বয়ংই রাধাকে প্রনঃ প্রাং ম্লপ্রকৃতি বলিয়া সন্বোধন করিতেছেন। যথা—

"মমার্দ্ধাংশস্বর্পা ত্বং ম্লপ্রকৃতিরীশ্বরী॥" শ্রীকৃষ্ণজন্মখন্ডে, ১৫ অধ্যায়, ৬৭ শ্লোক।

পরমাত্মার সঙ্গে প্রকৃতির বা কৃষ্ণের সঙ্গে রাধার কি সম্বন্ধ, তাহা প্রাণকার এইর্পে ব্ঝাইতেছেন। ইহা কৃষ্ণোক্তি।

"যথা স্থা তথাহণ্ড ভেদো হি নাবরোধ্রিকম্॥ ৫৭ ॥ যথা ক্ষীরে চ ধাবলাং যথাগ্রো দাহিকা সতি। যথা প্থিব্যাং গক্ষণত তথাহং দ্বায় সন্ততম্॥ ৫৮ ॥ বিনা মৃদা ঘটং কর্ত্তর্ং বিনা স্বর্ণেন কুণ্ডলম্। কুলালঃ স্বর্ণকারশ্চ ন হি শক্তঃ কদাচন॥ ৫৯ ॥ তথা দ্বয়া বিনা স্থিটং ন চ কর্ত্তর্মহং ক্ষমঃ। স্পেট্রাধারভূতা দ্বং বীজর্পোহ্যম্চুতঃ॥ ৬০ ॥

কৃষ্ণং বদন্তি মাং লোকাস্থায়ৈব রহিতাং যদা।
গ্রীকৃষ্ণ তদা তে হি ছায়ৈব সহিতং পরম। ৬২ ॥
গ্রন্থ শ্রীস্থা সম্পত্তিস্থমাধারস্বর্পিদা।
সম্প্রাক্তিস্বর্পাসি সম্প্রান্থ মমাপি চ॥ ৬৩ ॥
গং স্ত্রী প্রমানহং রাধে নেতি বেদেব্ নির্দারঃ।
গ্রন্থ সম্প্রান্থ সম্প্রান্থ মার্কির ৬৪ ॥
যদা তেজঃস্বর্পোহহং তেজোর্পাসি সং তদা।
ন শরীরী যদাহণ্ড তদা স্বমশরীরিদী॥ ৬৫ ॥
সম্প্রীক্রান্থারিদানী। ৬৫ ॥
সম্প্রীক্রান্থারিদানী। ৬৬ ॥
গ্রিক্রান্থারিদানী। ৬৬ ॥
শক্তিস্বর্পাসি সম্প্রীর্প্থারিদানী। ৬৬ ॥
গ্রিক্রাক্রান্থারিদানী। ৬৬ ॥
শক্তিস্বর্পাসি সম্প্রীর্পথারিদানী। ৬৬ ॥
শিক্তিস্বর্পাসি সম্প্রীর্পথারিদানী।

"তুমি যেখানে, আমিও সেখানে, আমাদিগের মধ্যে নিশ্চিত কোন ভেদ নাই। দুদ্ধে যেমন ধবলতা, অমিতে যেমন দাহিকা, পৃথিবীতে যেমন গন্ধ, তেমনই আমি তোমাতে সন্ধ্বদিই আছি। কুস্তকার বিনা মৃত্তিকার ঘট করিতে পারে না, স্বর্ণকার স্বর্ণ বিনা কুণ্ডল গড়িতে পারে না, তেমনই আমিও তোমা ব্যতীত স্ভি করিতে পারি না। তুমি সৃভির আধারভূতা, আমি অচ্যুতবীজর্পী। আমি যথন তোমা ব্যতীত থাকি, তথন লোকে আমাকে 'কুক্ষ' বলে, তোমার সহিত থাকিলে প্রীকৃষ্ণ বলে। তুমি প্রী, তুমি সম্পতি, তুমি আধারস্বর্গিণী, সকলের এবং আমার সন্বর্শিক্তিস্বর্শা। তে রাধে! তুমি স্ব্রী, আমি প্রবৃষ্, বেদও ইহা নিশ্ব করিতে পারে না। তে আকরে! তুমি সন্ধ্বির্শা, আমি সন্বর্গ। আমি বখন তেজকবর্প। তুমি

তথন তেজারপা। আমি যখন শরীরী নই, তখন তুমিও অশরীরিণী। হে স্কুর্দার! আমি যখন যোগের দ্বারা সন্ধ্রীজন্বর্প হই, তখন তুমি শক্তিক্বর্পা সন্ধ্রিনীর্পধারিণী হও। । প্রন্দান,

বথাহণ্ড তথা খণ্ড বথা ধাবলাদ্বস্করোঃ। ভেদঃ কদাপি ন ভবেলিগিশ্চতণ্ড তথাবয়োঃ॥ ৫৬ ॥

ত্বংকলাংশাংশকলয়া বিশ্বেষ সন্ব যোষিতঃ। যা বোষিং সাচ ভবতী যঃ প্রমান সোহহমেব চ॥ ৬৮ ॥ অহণ্ড কলয়া বহিস্ফং স্বাহা দাহিকা প্রিয়া। ত্বয়া সহ সমর্থোহহং নালং দদ্ধ্বও তাং বিনা॥ ৬৯ ॥ অহং দীপ্তিবতাং সূর্য্যঃ কলয়া তং প্রভাত্মিকা। সঙ্গতশ্চ হয়। ভাসে হাং বিনাহং ন দীপ্তিমান্ ॥ ৭০ ॥ অহণ্য কলয়া চন্দ্রসম্বন্ধ শোভা চ রোহিণী। মনোহরস্থ্যা সাদ্ধং ত্বাং বিনা চ ন স্ক্রি॥ ৭১ ॥ অহমিন্দ্রণ্ট কলয়া স্বর্গলক্ষ্মীণ্ট ত্বং সতি। ত্বয়া সান্ধ্রং দেবরাজো হতশ্রীশ্চ ত্বয়া বিনা॥ ৭২ ॥ অহং ধন্ম'ন্চ কলরা হল মুত্তিন্চ ধন্মিণী। নাহং শক্তো ধন্মকৈত্যে ত্বাও ধন্মক্রিয়াং বিনা॥ ৭৩ ॥ অহং যজ্ঞদ কলয়া ত্বও স্বাংশেন দক্ষিণা। ত্বয়া সান্ধণ্ড ফলদোহপাসমর্থস্বয়া বিনা॥ ৭৪ ॥ কলয়া পিতলোকোহহং স্বাংশেন দ্বং স্বধা সতি। प्रयामः करामात्न ह जमा नामः प्रया विना॥ १७ ॥ ত্বও সম্পৎস্বর পাহমীশ্বরণ্ট ত্বয়া সহ। नक्यीय उन्दर्भ नक्या निश्चीक कालि पार विना॥ ५७ ॥ অহং প্রমাংস্থং প্রকৃতির্ন স্রন্টাহং ত্রা বিনা। यथा नालः कूलालम्ह घरेः कर्जुः मृमा विना॥ ११ ॥ **जरः स्मयम् कला**या न्याःस्मन पः वन्नुकता। ত্বাং শদ্যরত্বাধারাণ্ড বিভশ্মি মুদ্ধির সুন্দরি॥ ৭৮ ॥ ঘণ্ড শান্তিশ্চ কান্তিশ্চ মুর্তিম্রিমতী সতি। তুন্তিঃ প্রতিঃ ক্ষমা লব্জা ক্ষুত্রকা চ পরা দরা॥ ৭৯ ॥ নিদ্রা শক্ষোচ তন্ত্রাচ মূর্জ্যোচ সন্ততিঃ ক্রিয়া। ম, জির্পা ভজির্পা দেহিনাং দুঃখর্পিণী॥ ৮০ ॥ মমাধারা সদা দৃষ্ট তবাত্মাহং পরস্পরম। যথা **দণ্ড** তথাহণ্ড সমৌ প্রকৃতিপূর্বাধী। ন হি স্থিতিবিন্দেবি দ্বয়োরেকতরং বিনা॥ ৮১ ॥ শ্রীকৃষ্ণজন্মখণ্ডে, ৬৭ অধ্যায়ঃ।*

"যেমন দৃষ্ধ ও ধবলতা, তেমনই বেখানে আমি, সেইখানে তুমি। তোমাতে আমাতে কখনও ভেদ হইবে না, ইহা নিশ্চিত। এই বিশ্বের সমস্ত দ্বী তোমার কলাংশের অংশকলা; যাহাই দ্বী, তাহাই তুমি; যাহাই পুরুর, তাহাই আমি। কলা ধারা আমি বহিং, তুমি প্রিয়া দাহিকা দ্বাহা: তুমি সক্তে থাকিলে, আমি দৃষ্ধ করিতে সমর্থ হই, তুমি না থাকিলে হই না। আমি দৃষ্ধিমান্-দিগের মধ্যে স্মৃর্যা, তুমি কলাংশে প্রভা: তুমি সঙ্গে থাকিলে আমি দৃষ্ধিমান্ হই, তুমি না থাকিলে হই না। কলা ধারা আমি চন্দ্র, তুমি শোভা ও রোহিণী; তুমি সঙ্গে থাকিলে আমি মনোহর; হে স্কার! তুমি না থাকিলে নই। হে সতি! আমি কলা ধারা ইন্দ্র, তুমি স্বাক্তিকারী;

^{*} বঙ্গবাসী কার্যালয় হইতে প্রকাশিত সংস্করণ হইতে ইহা উদ্ধাত করা গেলা। মুলে কিছু গোলবোগ আছে বোধ হয়।

তুমি সঙ্গে থাকিলে আমি দেবরাজ, না থাকিলে আমি হতন্ত্রী। আমি কলা দারা ধর্ম্মা, তুমি ধর্মিগীমনুর্ত্তি; ধর্মানিয়ার স্বর্পা তুমি ব্যক্তীত আমি ধর্মাকারেণ্ড ক্ষমবান্ হই না। কলা দারা আমি যজ্ঞ, তুমি আপনার অংশে দক্ষিণা; তুমি সঙ্গে থাকিলে আমি ফলদ হই, তুমি না থাকিলে তাহাতে অসমর্থা। কলা দারা আমি পিতৃলোক, হে সতি! তুমি আপনার অংশে স্বধা; তোমা ব্যতীত পিল্ডদান বৃথা। তুমি সম্পংস্বর্পা, তুমি সঙ্গে থাকিলেই আমি প্রভু; তুমি লক্ষ্মী, তোমার সহিত আমি লক্ষ্মীযুক্ত, তুমি ব্যতীত নিঃশ্রীক। আমি প্রবৃষ্ধ তুমি প্রকৃতি; তোমা ব্যতীত আমি প্রভটা নহি; মৃত্তিকা ব্যতীত কুছকার যেমন ঘট করিতে পারে না তোমা ব্যতীত আমি তেমনই স্থিট করিতে পারি না। আমি কলা দারা শেব, তুমি আপনার অংশে বস্কেরা; হে স্কর্দার! শস্যরয়ধার স্বর্প তোমাকে আমি মন্তকে বহন করি। হে সতি! তুমি শান্তি, কান্তি, মৃত্তিমতী, তুন্তি, প্রতি, ক্ষমা, লক্জা, ক্ষ্তুক্তা এবং তুমি পর দ্যা শ্বদার, নিন্না তন্ত্রা, মৃত্তিমতী, তিরা, মৃতির্বুপা, ভক্তির্বুপা, এবং জাবৈর দ্বংখর্পিণী। তুমি সদাই আমার আধার, আমি তোমার আত্মা; যেখানে তুমি, সেইখানে আমি, তুল্য প্রকৃতি প্রবৃষ্ধ হে দেবি! দুইএর একের অভাবে স্ভিট হয় না।"

এইর্প আরও অনেক কথা উদ্বৃত করা যাইতে পারে। ইহাতে যাহা পাই, তাহা ঠিক সাঙ্খের প্রকৃতিবাদ নহে। সাঙ্খের প্রকৃতি তন্দে শক্তিতে পরিণত হইরাছিল। প্রকৃতিবাদ এবং শক্তিবাদে প্রভেদ এই যে. প্রকৃতি পর্ব্ব হইতে সম্পূর্ণ ভিন্ন। প্রকৃতির সঙ্গে পর্ব্বের সম্বদ্ধ সাঙ্খ্যপ্রবচনকার স্ফাটিক পারে জবাপ্রেপের ছায়ার উপমা দ্বারা ব্র্ঝাইয়াছেন। স্ফাটিক পারে এবং জবাপ্রপে পরস্পর হইতে সম্পূর্ণর্পে প্রকৃ: তবে প্রন্থের ছায়া স্ফাটিকে পড়ে, এই পর্যান্ত ঘানিষ্ঠতা। কিন্তু শক্তির সঙ্গে আত্মার সম্বদ্ধ এই যে, আত্মাই শক্তির আধার। যেমন আধার হইতে আধের ভিন্ন হইয়া থাকিতে পারে না, তেমনই আত্মা ও শক্তিতে পার্থক্য নাই। এই শক্তিবাদ যে কেবল তল্ফেই আছে, এমত নহে। বৈশ্বব পোরাণিকেরাও সাঙ্খ্যের প্রকৃতিকে বৈশ্ববী শক্তিতে পরিণত করিয়াছেন। ব্র্ঝাইবার জনা বিশ্বপুর্বাণ হইতে উদ্ধৃত

করিতেছি:--

"নিত্যৈব সা জগন্মাতা বিক্ষাঃ শ্রীরনপায়িনী। यथा मर्न्दर्गाला विक्र्युष्ठरेथद्वसः विद्याखम्। ১৫ ॥ অথে বিষ্ণুরিয়ং বাদী নীতিরেষা নয়ো হরিঃ। বোধো বিষ্ণুরিয়ং বৃদ্ধিধ দেমাহসৌ সংক্রিয়া ভিয়ম্॥ ১৬ ॥ প্রষ্টা বিষ্ফারিয়ং সাজিঃ শ্রীভূমিভূধরো হরিঃ। সন্তোষো ভগবান্ লক্ষ্মীকুন্টিমৈত্রিয়! শাশ্বতী॥ ১৭ ॥ ইচ্ছা শ্রীর্ভগবান্ কামো যজ্ঞোহসৌ দক্ষিণা তুসা। আদ্যাহ,তিরসো দেবী পুরোডাশো জনার্দ্দনিঃ॥ ১৮ ॥ পদ्भौगामा गुरत! मक्त्रीः श्राप्तःरा ग्रथ्मानाः। চিতিল ক্ষ্মীহ বিষ্পে ইধ্যা শ্রীভাগবান্ কুশঃ॥ ১৯ ॥ সামস্বরূপো ভগবান উদ্গাতি কমলালয়া। স্বাহা লক্ষ্মীর্জগন্নাথো বাস,দেবো হ,তাশনঃ॥ ২০ ॥ শঙ্করো ভগবান্ শোরিভূতিগোরী দিজোত্ম। মৈত্রের! কেশবঃ সূর্যান্তংপ্রভা কমলালয়া॥ ২১ ॥ বিষয়ঃ পিতৃসণঃ পদ্মা স্বধা শাশ্বততুষ্টিদা। দ্যোঃ শ্রীঃ সর্বাদ্ধকো বিষ্কুরবকাশোহতিবিশুরঃ॥ ২২ ॥ भागाध्यः श्रीयदः कास्तिः श्रीखटेंगावानशायिनौ। ধ্যতিল ক্মীর্জগচেষ্টা বারঃ সর্বাচগো হরিঃ॥ ২৩ ॥ জলবিদিজ ! গোবিন্দন্তকেলা শ্রীমহামতে! नकारित्राभिकाणी प्राप्ताना स्थानामा १८॥ यमम्ह्यान्य नाकान् ध्राणां क्रमानाः । कषितः ही। हीथरता एनकः न्यम्यायन थरमधन्।। २७॥

গোরী লক্ষ্মীর্মহাভাগা কেশবো বর্শঃ স্বয়ম্। शीर्प वरमना विद्यन्त! प्रवरमनार्भाउर्दातः॥ २७ ॥ অবন্ট্রের গদাপাণিঃ শক্তিল ক্ষ্যীপ্রিভারম!। कान्छ। नक्षीर्नास्याश्यो भृश्रुखीश्यो कना कु मा। क्याश्वा लक्योः धर्मीलाश्त्मो मर्चः मर्स्वश्वता श्रेतः॥ २० ॥ লতাভতা জগন্মাতা শ্রীবিষ-দ্রেসংস্থিত:॥ ২৮ ॥ বিভাবরী শ্রীদিবিসো দেবশ্চক্রগদাধরঃ। বরপ্রদো বরো বিষ্ণুর্বধঃ পদ্মবনালয়।। ২৯ ॥ নদস্বর্পো ভগবান্ প্রীন'দীর্পসংস্থিতিঃ। ধ্বজ্ঞান প্র-ডরীকাক্ষঃ পতাকা কমলালয়া॥ ৩০ ॥ তঞা লক্ষ্যীক্রগৎস্বামী লোভো নারায়ণঃ পরঃ। রতিরাগো চ ধর্মজ্ঞ! লক্ষ্মীগোবিন্দ এব চ॥ ৩১ ॥ কিণ্ডাতিবহ,নোক্তেন সংক্ষেপেণেদম,চাতে। দেবতির্যাণমন, ষ্যাদো পর্নাদ্নি ভগবান হরিঃ। স্থানান্দি লক্ষ্মীমৈত্রেয়! নানয়োবিদাতে প্রম্যা ৩২ ॥" শ্রীবিষ্ণ পরালে প্রথমেহংশে অন্টমোহধ্যায়ঃ।

"বিষ্ণুর শ্রী সেই জগন্মাতা অক্ষয় এবং নিতা। হে দ্বিজোত্তম! বিষ্ণু সর্ব্বগত, ইনিও সেইর্প। ইনি বাকা, বিষয় অর্থ; ইনি নীতি, হরি নয়; ইনি বৃদ্ধি, বিষয় বোধ: ইনি ধর্মা. देनि नशिक्या: विका अची, देनि नृचि: श्री ज्ञी, द्रि ज्यत ज्यत ज्ञातान नरखाय, द्र स्मरक्ष्य লক্ষ্মী শাশ্বতী তুন্দি; খ্রী ইচ্ছা, ভগবান্ কাম; তিনি যক্ত, ইনি দক্ষিণা; জনান্দনি প্রোডাশ, एनवी आमार्श्चार्टः एर भूतः, लक्क्यी श्रवीभावा, भध्यापन প्राप्तः शह वर्ष, लक्क्यी हिणि: ভগবান कुम. श्री देश्ना; ভগবান সাম, कमलालेश উन्गांिक; लक्ष्मा न्यादा, अगन्नाथ वास्तुरित অগ্নি; ভগবান্ শৌরি শঞ্কর, হে দ্বিজোত্তম! লক্ষ্মী গৌরী; হে মৈতেয়! কেশব স্থায়, কমলালয়া তাঁহার প্রভা; বিষ্ণু পিতৃগণ, পদ্মা নিতাতৃষ্টিদা স্বধা; শ্রী স্কার্ণ, সর্বাত্মক বিষ্ণু অতিবিস্তৃত আকাশস্বরূপ: শ্রীধর চন্দ্র, শ্রী তাঁহার অক্ষয় কান্তি: লক্ষ্মী জগচেতা ধৃতি, বিষ্ সর্বাহণ বায়; दर दिख! গোবিন্দ জলাধ হে মহামতে! শ্রী তাঁহার বেলা: नक्क्यी हेन्द्राणी-স্বরূপা, মধুসূদন দেবেনদু: চক্রধর সাক্ষাৎ যম, কমলালয়া ধুমোণা: খ্রী ঋদ্ধি, শ্রীধর স্বয়ং দেব थतमध्यः क्रमाव न्वाः वर्ता, महाभागा लक्ष्मा शोतीः रह विरक्षनः श्री एनवरमना, हित एनव-সেনাপতি: গদাধর পুরুষকার, হে দিজোত্তম! লক্ষ্মী শক্তি: লক্ষ্মী কাঠা, ইনি নিমেষ: ইনি মুহুর্ত্ত, তিনি কলা; লক্ষ্মী আলোক, সর্বেশ্বর হার সর্বপ্রদীপ; জগন্মাতা শ্রী লতাভূতা, विकः, मुभवुट्भ সংস্থিত: श्री विভावती, म्यारिकामायत मियम: विकः, वत्रश्रम वत, भागवनालाया वध्; ভগবান্ नमन्वत्भौ, श्री नमौत्भा; भ्राप्तिकाक धन्न, कमलालया भठाका; लक्ष्मी एका, জগৎস্বামী নারায়ণ পরম লোভ; হে ধন্মজ্ঞ! লক্ষ্মী রতি, গোবিন্দ রাগ: অধিক উক্তির প্রয়োজন নাই. সংক্ষেপে বলিতেছি, দেব তিষ্যক্ মন্ষ্যাদিতে প্ংনামবিশিন্ট হরি, এবং স্মানামবিশিষ্টা লক্ষ্মা। হে মৈরেয়ে! এই দুই ভিন্ন আর কিছুই নাই।"

বেদান্তের যাহা মায়াবাদ সাঙেখা তাহা প্রকৃতিবাদ। প্রকৃতি ইইতে শক্তিবাদ। এই কর্মাট শ্লোকে শক্তিবাদ এবং অধৈতবাদ মিলিত ইইল। বোধ হয়, ইহাই স্মরণ রাখিয়া ব্রহ্মবৈবর্তকার লিখিয়াছেন যে, কৃষ্ণ রাধাকে বলিতেছেন বে, তুমি না থাকিলে, আমি কৃষ্ণ, এবং তুমি থাকিলে আমি শ্রীকৃষ্ণ। বিষ্ণুপুরালকথিত এই শ্রী লইয়াই তিনি শ্রীকৃষ্ণ। পাঠক দেখিবেন, বিষ্ণুপুরাণে যাহা শ্রী সম্বন্ধে কথিত ইইয়াছে, ব্রহ্মবৈবর্ত্তে রাধা সম্বন্ধে ঠিক তাহাই কথিত ইইয়াছে। রাধা সেই শ্রী। পরিচ্ছেদের উপর আমি শিরোনাম দিয়াছি, "শ্রীরাধা"। রাধা ঈশ্বরের শক্তি, উভয়ের বিধিসম্পাদিত পরিণয়, শক্তিমানের শক্তির স্কৃত্তি, এবং শক্তিরই বিকাশ উভয়ের বিহার।

যে রক্ষাবৈবর্ত্ত পর্রাণ এক্ষণে বিদ্যাসনি আছে, তৎক্ষিত 'রাধাতত্ত্ব' কি, তাহা বোধ করি এতক্ষণে পাঠককে ব্ঝাইতে পারিলাম। কিন্তু আদিম রক্ষাবৈবর্ত্ত প্রোণে 'রাধাতত্ত্ব' ছিল কি? বোধ হয় ছিল; কিন্তু এ প্রকার নহে। বর্ত্তমান রক্ষাবৈবর্ত্তে রাধা শব্দের ব্যংপত্তি অনেক প্রকার দেওরা হইরাছে। তাহার দুইটি প্রেব ফ্টনোটে উদ্ধৃত করিয়াছি, আর একটি উদ্ধৃত করিতেছি :-- *

"রেফো হি কোটিজন্মার্থ কন্ম ভোগং শ্বভাশ্ভম্।
আকারো গর্ভবাসণ্ড মৃত্যুণ্ড রোগম্ংস্জেং॥ ১০৬ ॥
ধকার আয়ুঝো হানিমাকারো ভববদ্ধনম্।
প্রবণস্মরণোজিভাঃ প্রণাগতি ন সংশয়ঃ॥ ১০৭ ॥
রাকারো নিশ্চলাং ভজিং দাসাং কৃষ্ণপদান্বলে।
সব্বেশিসতং সদানন্দং সব্বিসিদ্ধোষমীশ্বরম্॥ ১০৮ ॥
ধকারঃ সহবাসণ্ড তত্ত্ল্যকালমেব চ।
দদাতি সান্দিং সার্পাং তত্ত্তানং হরেঃ সমম্॥ ১০৯ ॥"
রক্ষাবৈবর্ত প্রাণম্ প্রীকৃষ্ণজন্মখন্ড, ১৩ আঃ।

ইহার একটিও রাধা শব্দের প্রকৃত ব্যুৎপত্তি নয়। রাধ্ ধাতু আরাধনাথে, পুজার্থে। যিনি কৃষ্ণের আরাধিকা, তিনিই রাধা বা রাধিকা। বর্ত্তমান ব্রহ্মবৈবর্ত্তে এ ব্যুৎপত্তি কোথাও নাই। যিনি এই রাধা শব্দের প্রকৃত ব্যুৎপত্তি গোপন করিয়া কতকগর্নল অবৈয়াকর্রাণক কল কৌশলের দ্বারা প্রতিপাষণার্থা মিথ্যা করিয়া সামবেদের দোহাই দিয়াছেন,* তিনি কখনও 'রাধা' শব্দের সৃষ্টিকারক নহেন। যিনি রাধা শব্দের প্রকৃত ব্যুৎপত্তির অনুযায়িক ইইয়া রাধার,পক রচনা করেন নাই, তিনি কখনও রাধার সৃষ্টিকত্তানহেন। সেই জন্য বিবেচনা করি যে, আদিম ব্রহ্মবৈবতেই রাধার প্রথম সৃষ্টি। এবং সেথানে রাধা কৃষ্ণারাধিকা আদর্শর্মপুণী গোপী ছিলেন, সন্দেহ নাই।

রাধা শব্দের আর একটি অর্থ আছে—বিশাখানক্ষত্রের† একটি নাম রাধা। কৃত্তিকা হইতে বিশাখা চতুন্দশা নক্ষত্র। প্রের্থ কৃত্তিকা হইতে বংসর গণনা হইত। কৃত্তিকা হইতে রাশি গণনা করিলে বিশাখা ঠিক মাঝে পড়ে। অতএব রাসমন্ডলের মধ্যবর্ত্তিনী হউন বা না হউন, রাধা রাশিমন্ডলের বা রাশমন্ডলের মধ্যবর্ত্তী বটেন। এই 'রাশমন্ডলমধ্যবিতিনী' রাধার সঙ্গে 'রাসমন্ডলে' রাধার কোন সন্বন্ধ আছে কি না, তাহা আসল ব্রহ্মবৈবর্ত্তের অভাবে শ্বির করা অসাধা।

এकामम भारतष्ट्रम-वृन्मावननीनात भारतम्याशि

ভাগবতে বৃন্দাবনলীলা সম্বন্ধীয় আর কয়েকটা কথা আছে।

১ম, নন্দ এক দিন স্নান করিতে যম্নায় নামিলে, বর্ণের অন্চর আসিয়া তাঁহাকে ধরিয়া লইয়া বর্ণালয়ে যায়। কৃষ্ণ সেথানে গিয়া নন্দকে লইয়া আসেন। শাদা কথায় নন্দ এক দিন জলে ভূবিয়াছিলেন, কৃষ্ণ তাঁহাকে উদ্ধৃত করিয়াছিলেন।

২য়, একটা সাপ আসিয়া এক দিন নন্দকে ধরিয়াছিল, কৃষ্ণ সে সপের মুখ হইতে নন্দকে মুক্ত করিয়া সপকে নিহত করিয়াছিলেন। সপটি বিদ্যাধর। কৃষ্ণ-পশে মুক্তি প্রাপ্ত হইয়া স্বস্থানে গমন করে। শাদা কথা কৃষ্ণ একদিন নন্দকে সপমুখ হইতে রক্ষা করিয়াছিলেন।

তয়, শৃত্থচ্ড নামে একটা অস্র আসিয়া ব্রজাঙ্গনাদিগকে ধরিয়া লইয়া যায়। কৃষ্ণ বলরাম তাহার পশ্চাদ্ধাবিত হইয়া ব্রজাঙ্গনাদিগকে মৃত্ত করেন এবং শৃত্থচ্ডুকে বধ করেন। ব্রস্কাবৈবর্ত্ত-প্রোণে শৃত্থচ্ডুকে কথা ভিন্নপ্রকার আছে, তাহার কিয়দংশ প্রেব বিলয়াছি।

৪র্থ এই তিনটা কথা বিষম্পরাদে, হরিবংশে, বা মহাভারতে নাই। কিন্তু কৃষ্ণকৃত অরিন্টাস্র ও কেশী অস্বের বধব্তান্ত হরিবংশে ও বিষ্কৃপ্রাণে আছে এবং মহাভারতে শিশ্পালকৃত কৃষ্ণনিন্দায় তাহার প্রসন্ত আছে। অরিন্ট ব্যর্পী এবং কেশী অশ্বর্পী। শিশ্পাল ইহাদিগকে ব্য ও অশ্ব বলিয়াই নিশ্বেশ করিতেছেন।

অতএব প্রথমোক্ত তিনটি ব্রান্ত ভাগবতকারপ্রণীত উপন্যাস বলিয়া উড়াইয়া দিলে অরিণ্ট-

- রাধাশব্দস্য ব্যংপত্তিঃ সামবেদে নির্পিতা।—১০ অঃ, ১৫০।
- † রাধা বিশাখা প্রেষ্য তু সিধ্যতিযোগ প্রবিষ্ঠয়া—অমরকোষ।

र्वाष्क्रम ब्रह्मावणी

বধ ও কেশিবধকে সের্পে উড়াইয়া দেওয়া যায় না। বিশেষ এই কেশিবধব্তান্ত অথবর্বান্ত নাছে বিলরাছি। সেখানে কেশীকে কৃষ্ণকেশী বলা হইয়াছে। কৃষ্ণকেশী অথে বার কাল চুল। ঋণেবদসংহিতাতেও একটি কেশিস্কে আছে (দশম মন্ডল, ১৩৬ স্কে)। এই কেশী দেব কে, তাহা অনিশিচত। ইহার চতুর্থ ও পঞ্চম ঋক্ হইতে এমন ব্বা যায় যে, হয়ড মন্নিই কেশী-দেবতা। মন্নিগণ লন্বা লন্বা চুল রাখিতেন। এ দুই ঋকে মন্নিগণেরই প্রশংসা করা হইতেছে। Muir সাহেবও সেইর্প ব্রিয়াছেন। কিন্তু প্রথম ঋকে, অন্যপ্রকার ব্বান হইয়াছে। প্রথম ঋক্ রমেশ বাব্ব এইর্প বাঙ্গালা অনুবাদ করিয়াছেন।—

"কেশী নামক যে দেব, তিনি অগ্নিকে, তিনিই জলকে, তিনি ভূলোক ও দ্যুলোককে ধারণ করেন। সুমন্ত সংসারকে কেশীই আলোকের দ্বারা দর্শনিযোগ্য করেন। এই যে জ্যোতি, ইহার

নাম কেশী।"

তাহা হইলে, জগদ্বাঞ্চক যে জ্যোতি, তাহাই কেশী। এবং জগদাবরক যে জ্যোতি, তাহাই কৃষ্ণকেশী। কৃষ্ণ তাহারই নিধনকর্ত্তা, অর্থাৎ কৃষ্ণ জগদাবরক তমঃ প্রতিহত করিয়াছিলেন।

এইখানে বৃন্দাবনলীলার পরিসমাপ্তি। এক্ষণে আলোচ্য যে, আমরা ইহার ভিউর পাইলাম কি? ঐতিহাসিক কথা কিছুই পাইলাম না বলিলেই হয়। এই সকল পোরাণিক কথা আতিপ্রাকৃত উপন্যাসে পরিপুর্ণ। তাহার ভিতর ঐতিহাসিক তত্ত্ব অতি দুর্লার্ড। আমরা প্রধানতঃ ইহাই পাইয়াছি যে, কৃষ্ণ সম্বন্ধে যে সকল প্রবাদ আছে—চৌরবাদ এবং পরদারবাদ —সে সকলই আমুলক ও অলীক। ইহাই প্রতিপন্ন করিবার জন্য আমরা এত সবিস্তারে বজলীলার সমালোচনা করিয়াছি। ঐতিহাসিক তত্ত্ব যদি কিছু পাইয়া থাকি, তবে সেটুকু এই,—অত্যাচারকারী কংসের ভয়ে বসুদেব আপন পত্নী রোহিণী এবং প্রভন্ন রাম ও কৃষ্ণকে নন্দালয়ে গোপনে রাথিয়াছিলেন। কৃষ্ণ শৈশব ও কৈশোর সেইখানে অতিবাহিত করেন। তিনি শৈশবে র্পলাবণ্যে এবং শিশুসুলভ গুণুসকলে সম্বাজনের প্রিয় হইয়াছিলেন। কৈশোরে তিনি অতিশয় বলশালী ইইয়াছিলেন এবং বৃন্দাবনের অনিউকারী পশ্ব প্রভৃতি হনন করিয়া গোপালগণকে সম্বাদা রক্ষা করিতেন। তিনি শৈশবাবিধিই সম্বাজন এবং সম্বাজনিবে কার্ণাপরিপূর্ণ — সকলের উপকার করিতেন। গোপালগণ প্রতি এবং গোপবালিকাগণ প্রতি তিনি শ্লেহশালীছিলেন। সকলের সঙ্গে আমোদ আহ্মাদ করিতেন এবং সকলকে সন্তুন্ত রাখিতে চেন্টা করিতেন, এবং কৈশোরেই প্রকৃত ধন্মতিবৃত্ব তাঁহার হদয়ে উন্তাসিত হইয়াছিল। এতটুকু ঐতিহাসিক তত্ত্ব যে পাইয়াছি, ইহাই সাহস করিয়া বালতে পারি না। তবে ইহাও বালতে পারি যে, ইহার বেশি আর কিছু নয়।

তৃতীয় খণ্ড

यथ्रता-शतका

যন্ত্রনোতি সতাং সেতৃম্তেনাম্ত্যোনিনা।
ধশ্মার্থব্যবহারাসৈপ্তকৈ সত্যাত্মনে নমঃ॥
শান্তিপব্যান, ৪৭ অধ্যায়ঃ

প্রথম পরিচ্ছেন-কংসবধ

এদিকে কংসের নিকট সংবাদ প'হ্রছিল যে, বৃন্দাবনে কৃষ্ণ বলরাম অতিশয় বলশালী হইয়াছেন। পতেনা হইতে অরিষ্ট পর্যান্ত কংসান্তের সকলকে নিহত করিয়াছেন। দেবর্ষি नातम शिशा कश्मरक विनालन, कृष्य-ताम वम्राप्तर्वत भूत। एनवकीत व्यच्नेमशर्खका विनाशा य কন্যাকে কংস নিহত করিয়াছিলেন, সে নন্দ-যশোদার কন্যা। বসুদেব সন্তান পরিবর্ত্তিত করিয়া कुम्पत्क नन्मालरा शाभरन রाখিয়াছেন। ইহা শর্নিয়া কংস ভীত ও কুদ্ধ হইয়া বস্বদেবকে তিরস্কৃত করিলেন, এবং তাঁহার বধে উদ্যত হইলেন; এবং রাম-কৃষ্ণকে আনিবার জন্য অকুরনামা এক জন यामनপ্রধানকে বৃন্দাবনে প্রেরণ করিলেন। এ দিকে কংস আপনার বিখ্যাত বলবান মল্লিদিগের দ্বারা রাম-কুষ্ণের বধসাধনের অভিপ্রায়ে ধন-মূর্য নামে যক্তের অন-সান করিলেন। রাম-কৃষ্ণ অনুর কর্তৃক তথায় আনীত হইয়া* রঙ্গভূমিতে প্রবেশপূর্বেক কংসের শিক্ষিত হস্তী কুবলয়াপীড়কৈ ও লব্ধপ্রতিষ্ঠ মল্ল চাণুর ও মুন্টিককে নিহত করিলেন। ইহা দেখিয়া কংস नम्मरक लोहमा निभए अवत् क कित्रवांत अवर वस्तुरामवरक विनाम कित्रवांत क्रमा आरम्भ कित्रया कृष्य-वलताभरक ठाष्ट्रारेश निवात आख्वा कीतरलन। ज्यन रय भरक भक्षयम् प्रतिथवात कना अन्ताना যাদবের সহিত কংস উপবিষ্ট ছিলেন, কৃষ্ণ লম্ফপ্রদান-পূর্বেক তদ্যপরি আরোহণ করিয়া কংসকে ধরিলেন এবং তাঁহাকে কেশের দ্বারা আকর্ষণ করিয়া রঙ্গভূমে নিপাতিত ও তাঁহাকে নিহত করিলেন। পরে বস্ফুদব দেবকী প্রভৃতি গ্রেক্ত্রজনকে যথাবিহিত বন্দনা করিয়া কংসের পিতা উত্রসেনকে রাজ্যে অভিষেক করিলেন। নিজে রাজা হইলেন না।

হরিবংশ ও প্রাণ সকলে এইর্প কংসব্তান্ত কথিত হইয়ছে। কংসবধ ঐতিহাসিক ঘটনা বটে, কিন্তু তদ্বিষয়ক এই বিবরণ ঐতিহাসিকতাশন্য। ইহাতে বিশ্বাস করিতে গেলে, আতপ্রকৃত ব্যাপারে বিশ্বাস করিতে হয়। প্রথমতঃ দেবর্ষি নারদের অন্তিম্বে বিশ্বাস করিতে হয়। তার পর সেই দৈববাণীতে বিশ্বাস করিতে হয়, কেন না, কংসের ভয় সেই দৈববাণীস্মৃতি হইতে উৎপয়। তাহা ছাড়া, দ্বইটি গোপবালক আসিয়া বিনা যুদ্ধে সভামধ্যে মথ্রাধিপতিকে বিনন্দ করিবে, ইহা ত সহজে বিশ্বাস করা যায় না। অতএব দেখা যাউক যে, সর্বপ্রাচীন গ্রন্থ মহাভারতে এই বিষয় কি আছে। মহাভারতের সভাপব্বে জরাসদ্ধবধ-পর্বাধ্যায়ে কৃষ্ণ নিজে নিজের প্রবিত্তান্ত যুমিন্তিরের নিকট বলিতেছেনঃ—

* পথিমধ্যে কুন্জা-ঘটিত ব্যাপারটা আছে। বিজ্পুরাণে নিন্দনীয় কথা কিছু নাই। কুজা আপনাকে স্ন্দরী হইতে দেখিয়া কৃন্ধকে নিজ মন্দিরে ঘাইতে অন্রোধ করিলেন, কৃষ্ণ হাসিয়াই অন্থির। বিজ্পুরাণে এই পর্যান্ত। কৃত্তু ভাগবতকার ও বন্ধবৈত্ত কার তাহাতে সভূষ্ট নহেন, কৃন্ধার হঠাৎ ভক্তির হঠাৎ প্রক্রমর দিয়াছেন, শেষ যান্তার কৃন্ধার পাটবাণী।

আমরা এইখান হইতে ভাগবতের নিকট বিদার গ্রহণ করিলাম। তাহার কারণ, ভাগবতে ঐতিহাসিক কথা কিছুই পাওয়া যায় না; যাহা পাওয়া যায়, তাহা বিক্পেরাণেও আছে। তর্গতিরিক্ত যাহা পাওয়া যায়, তাহা অতিপ্রকৃত উপন্যাস মায়। তবে ভাগবতক্ষিত বালাসীলা অতি প্রসিদ্ধ বলিয়া, আয়য়া ভাগবতের সে অংশের পরিচয় দিতে বাধ্য হইয়াছি। এক্ষণে ভাগবতের নিকট বিদায় গ্রহণ করিতে পারি। "কিয়ংকাল অতীত হইল, কংস* যাদকাণকে পরাভূত করিয়া সহদেবা ও অন্জা নামে বাহ দ্রেথের দ্বই কন্যাকে বিবাহ করিয়াছিল। ঐ দ্বাত্মা স্বীয় বাহ বলে জ্ঞাতিকা কৈ পরাজয় করতঃ সন্বাপেক্ষা প্রধান হইয়া উঠিল। ভোজবংশীর বৃদ্ধ ক্ষাত্রয়ণ মৃদ্যতি কংসের দোরাজ্যে সাতিশয় ব্যথিত হইয়া জ্ঞাতিবগকৈ পরিত্যাগ করিবার নিমিত্ত আমাকে অনুরোধ ক্রিলেন। আমি তংকালে অকুরকে আহ্বক-কন্যা প্রদান করিয়া জ্ঞাতিবগের হিতসাধনার্থ বলভদ্র

ইহাতে কৃষ্ণ বলরাম বৃন্দাবন হইতে আনীত হওয়ার কথা কিছুমান্ত নাই। বরং এমন ব্রাইতেছে যে, কংসবধের পূর্ব হইতেই কৃষ্ণ বলরাম মথ্রাতে বাস করিতেন। কৃষ্ণ বলিতেছেন যে, বৃদ্ধ যাদবেরা জ্ঞাতিবর্গকৈ পরিত্যাগ করিবার নিমিত্ত তাঁহাকে অন্রেম্ব করিয়াছিলেন, অর্থাৎ পলাইয়া আত্মরক্ষা করিতে পরামর্শ দিয়াছিলেন। কৃষ্ণ তাহা না করিয়া জ্ঞাতিদিগের মঙ্গলার্থ কংসকেই বধ করিলেন। ইহাতে বলরাম ভিন্ন আর কেহ তাঁহার সহায় ছিল কি না, ইহা প্রকাশ নাই। কিন্তু ইহা স্পন্ট বৃদ্ধা যাইতে পারিতেছে যে, অন্যান্য যাদবগণ প্রকাশ্যে তাঁহাদের সাহায়্য কর্ন বা না কর্ন, কংসকে কেহ রক্ষা করিতে চেন্টা করেন নাই। কংস তাঁহাদের সকলের উপর অত্যাচার করিত, এজন্য বরং, বোধ হয়, তাঁহারাই রাম-কৃষ্ণের বলাধিক্য দেখিয়া তাঁহাদিগকে নেতৃত্বে সংস্থাপন করিয়া কংসের বধসাধন করিয়াছিলেন। এইট্রকু ভিন্ন আর কিছু ঐতিহাসিক তত্ত্ব পাওয়া যায় না।

আর ঐতিহাসিক তত্ত্ব ইহা পাওয়া বায় বে, কৃষ্ণ কংসকে নিহত করিয়া কংসের পিতা উগ্রসেনকেই বাদবিদিগের আধিপতো সংস্থাপিত করিয়াছিলোন। কেন না, মহাভারতেও উগ্রসেনকে যাদবিদিগের অধিপতি স্বর্প বিশিত দেখিতে পাওয়া যায়। এ দেশের চিরপ্রচলিত রীতি ও নীতি এই যে, যে রাজাকে বধ করিতে পারে, সেই তাহার রাজাভোগী হয়। কংসের বিজেতা কৃষ্ণ অনায়াসেই মধ্বুরার সিংহাসন অধিকৃত করিতে পারিতেন; কিস্তু তিনি তাহা করিলেন না, কেন না, ধর্ম্মতিঃ সে রাজা উগ্রসেনের। উগ্রসেনকে পদচ্যুত করিয়াই কংস রাজা ইয়াছিল। ধর্মাই কৃষ্ণের নিকট প্রধান, তিনি শৈশাবাবিধিই ধর্ম্মাত্মা। অতএব যাহার রাজা, তাহাকেই তিনি রাজ্য প্রদান করিলেন। তিনি ধর্মান্বি,র্দ্ধ ইইয়াই কংসকে নিহত করিয়াছিলেন। আমরা পরে দেখিব যে, তিনি প্রকাশ্যে বলিতেছেন যে, যাহাতে পরিহিত, তাহাই ধর্ম্মা। এখানে ঘোরতের অত্যাচারী কংসের বধে সমস্ত যাদবগণের হিতসাধন হয়, এই জন্য তিনি কংসকে বধ করিয়াছিলেন—ধর্মার্থি মায়। বধ করিয়া কর্শহদয় আদর্শপ্রের্ম কংসের জন্য বিলাপ করিয়াছিলেন, এমন কথা গ্রশ্থে লিখিত আছে। এই কংসবধে আমরা প্রথমে প্রকৃত ইতিহাসের সাক্ষাং পাই এবং এই কংসবধেই দেখি যে, কৃষ্ণ পরম বলশালী, পরম কার্যাদক্ষ, পরম ন্যায়পর, পরম ধর্ম্মাত্মা, পরহিতে রত, এবং পরের জন্য কাতর। এইখান হইতে দেখিতে পাই যে, তিনি আদর্শ মানুষ।

দিতীয় পরিকেদ—শিকা

প্রাণে কথিত হইয়াছে যে, কংসবধের পর কৃষ্ণ বলরাম কাশীতে সান্দীপনি ঋষির নিকট শিক্ষার্থে গমন করিলেন, এবং চতুঃধণ্টিদিবসমধ্যে শস্ত্রবিদ্যায় স্থিদিকত হইয়া গ্রুদ্দিক্য প্রদানন্তে মথ্যায় প্রত্যাগমন করিলেন।

কৃষ্ণের শিক্ষা সন্বন্ধে ইহা ছাড়া আর কিছু প্রাণেতিহাসে পাওয়া যায় না। নন্দালরে তাঁহার কোন প্রকার শিক্ষা হওয়ার কোন প্রসঙ্গ কোন গ্রন্থে পাওয়া যায় না। অথচ নন্দ জাতিতে বৈশ্য ছিলেন বৈশ্যাদিগের বেদে অধিকার ছিল। বৈশ্যালয়ে তাঁহাদিগের কোনও প্রকার বিদ্যাশিক্ষা না হওয়া বিচিত্র বটে। বোধ হয়, শিক্ষার সময় উপস্থিত হইবার প্রেবই তিনি

স্তরাং "দানবরাজ" শব্দ তুলিরা দিরাছি।

^{*} কালীপ্রসায় সিংহ মহোদরের অনুবাদ এখানে উদ্ধৃত করিলাম, কিন্তু বলিতে বাধ্য, এই অনুবাদে আছে "দানবরাজ কংস।" মূলে তাহা নাই, যথা— ক্সাচিত্রথ কালস্য কংসো নির্মাধ্য যাদবান্।

নন্দালর হইতে মথ্বার প্রনরানীত হইরাছিলেন। প্র্ব-পরিচ্ছেদে মহাভারত হইতে যে কৃষ্ণবাক্য উদ্ধৃত করা গিয়াছে, তাহা হইতে এর্প অন্মানই সঙ্গত যে, কংসবধের অনেক প্র্বে হইতেই তিনি মথ্বার বাস করিতেছিলেন, এবং মহাভারতের সভাপব্বে শিশ্পালকৃত কৃষ্ণ-নিন্দায় দেখা যায় যে, শিশ্পাল তাঁহাকে কংসের অলভোজী বলিতেছে—

"যস্য চানেন ধর্ম্মজ্জ ভূক্তমন্নং বলীয়সঃ। স চানেন হতঃ কংস ইত্যেতক মহাভূতং॥" মহাভারতম্ সভাপবর্ণ, ৪০ অধ্যায়ঃ।

অতএব বোধ হয়, শিক্ষার সময় উপস্থিত হইতে না হইতেই কৃষ্ণ মথ্বায় আনীত হইয়াছিলেন। বৃন্দাবনের গোপীদিগের সঙ্গে প্রথিত কৈশোরলীলা যে উপন্যাস মার্চ, ইহা তাহার অন্যতর প্রমাণ।

মথ্রাবাসকালেও তাঁহার কির্প শিক্ষা হইয়াছিল. তাহারও কোন বিশিষ্ট বিবরণ নাই। কেবল সান্দীপনি ম্নির নিকট চতুঃষণিট দিবস অস্ত্রশিক্ষার কথাই আছে। যাঁহারা কৃষ্ণকে ঈশ্বর বিলয়া জানেন, তাঁহাদের মধ্যে কেহ কেহ বলিতে পারেন, সর্বজ্ঞ ঈশ্বরের আবার শিক্ষার প্রয়োজন কি? তাহার উত্তরে বলা যাইতে পারে যে. তবে চতুঃষণিট দিবস সান্দীপনিগৃহে শিক্ষারই বা প্রয়োজন কি? ফলতঃ কৃষ্ণ ঈশ্বরের অবতার হইলেও মানবধর্ম্মাবলম্বী এবং মানুষী শক্তি দ্বারাই সকল কার্য্য সম্পন্ন করেন, এ কথা আমরা প্রের্বে বিলয়াছি এবং এক্ষণেই তাহার ভূরি প্রমাণ দেখাইব। মানুষী শক্তি দ্বারা কর্ম্ম করিতে গেলে, শিক্ষার দ্বারা সেই মানুষী শক্তিকে অনুশীলিত এবং ক্ষ্ম্বিত করিতে হয়। যদি মানুষী শক্তি সেই ব্যক্তঃস্ফ্রিত হইয়া সর্বকার্য্যসাধনক্ষম হয়় তাহা হইলে সে ঐশী শক্তি—মানুষী শক্তি নহে। কৃষ্ণের যে মানুষী শিক্ষা হইয়াছিল, তাহা এই সান্দীপনিব্তান্ত ভিন্ন আরও প্রমাণ আছে। তিনি সমগ্র বেদ অধ্যয়ন করিয়াছিলেন। মহাভারতের সভাপন্থে অর্থাভিহরণ-পর্বাধ্যায়ে কৃষ্ণের প্রজ্ঞাতা বিষয়ে ভীক্ষা একটি হেতু এই নিন্দেশ করিতেছেন যে, কৃষ্ণ নিখিল বেদবেদাঙ্গপারদশী। তাদৃশ বেদবেদাজপ্রনেসপন্ন দ্বতীয় ব্যক্তি দ্বর্শ্ত।

"বেদবেদান্ধবিজ্ঞানং বলং চাপ্যাধিকং তথা। নুশাং লোকে হি কোহন্যাহন্তি বিশিষ্টঃ কেশবাদ্তে॥" মহাভারতম্, সভাপৰ্ব, ৩৮ অধ্যায়ঃ।

মহাভারতে কৃষ্ণের বেদজ্ঞতা সম্বন্ধে এইর্প আরও ভূরি ভূরি প্রমাণ পাওয়া যায়। এই বেদজ্ঞতা তাঁহার স্বতঃলব্ধও নহে। ছান্দোগ্য উপনিষদে প্রমাণ পাইয়াছি যে, তিনি আঙ্গিরস্ববংশীয় ঘার খবির নিকট অধায়ন করিয়াছিলেন।

সে সমরে শ্রেষ্ঠ রাহ্মণ ক্ষারিয়দিগের উচ্চাশক্ষার উচ্চাংশকে তপস্যা বালত। শ্রেষ্ঠ রাজবিশিগণ কোন সমরে না কোন সমরে তপস্যা করিয়াছিলেন, এইর্প কথা প্রায় পাওয়া বার। আমরা এক্ষণে তপস্যা অর্থে বাহা ব্বিঝ, বেদের অনেক স্থানেই দেখা বায় বে, তপস্যার প্রকৃত অর্থ তাহা নহে। আমরা ব্বিঝ, তপস্যা অর্থে বনে বাসিয়া চক্ষ্ব ব্রিজয়া নিশ্বাস র্ক্ষ করিয়া পানাহার ত্যাগ করিয়া ঈশ্বরের ধ্যান করা। কিন্তু দেবতাদিগের মধ্যে কেই কেই এবং মহাদেবও তপস্যা করিয়াছিলেন, ইহাও কোন কোন গ্রেথে পাওয়া বায়। বিশেষতঃ শতপথরাক্ষণে আছে বে, স্বয়ং পরক্রে সিস্কৃত্ব ইইলে তপস্যার শ্বারাই স্থিউ করিলেন, ব্যা—

সোহকাময়ত। বহুঃ স্যাং প্রজায়েয়েতি। স তপোহতপাত। স তপন্তপ্তনা ইদং সর্ব্বাস্কৃত। প্রথ,—"তিনি ইচ্ছা করিলেন, আমি প্রজাস্থির জন্য বহু হইব। তিনি তপস্যা করিলেন। তপস্যা করিয়া এই সকল স্ভিট করিয়াছিলেন।"

এ সকল স্থানে তপস্যা অথে এই রকমই ব্রিতে হয় যে, চিত্ত সমাহিত করিয়া আপনার শক্তি সকলের অনুশীলন ও স্ফ্রেগ করা। মহাভারতে কথিত আছে যে, কৃষ্ণ দশ বংসর হিমালয় পর্বতে তপস্যা করিয়াছিলেন। মহাভারতের ঐশিক পর্বে লিখিত আছে যে, অশ্বথামাপ্রযুক্ত ব্রন্ধানিরা অস্তের শ্বারা উত্তরার গর্ভপাতের সম্ভাবনা হইলে, কৃষ্ণ সেই মৃতশিশনুকে

প্নর্ভ্রীবিত করিতে প্রতিজ্ঞার্ড় হইয়াছিলেন, এবং তখন অশ্বথামাকে বলিয়াছিলেন যে, ভূমি

আদর্শ মনুষ্যের শিক্ষা আদর্শ শিক্ষাই হইবে। ফলও সেইর্প দেখি। কিন্তু সেই প্রাচীন কালের আদর্শ শিক্ষা কির্প ছিল, তাহা কিছ্ম জানিতে পারা গেল না, ইহা বড় দুঃখের বিষয়।

তৃতীয় পরিচ্ছেদ—জরাসন্ধ

সকল সময়েই দেখা যায় যে, ভারতবর্ষে, অন্ততঃ ভারতবর্ষের উত্তরার্দ্ধে এক এক জন সম্রাট্ছিলেন, তাঁহার প্রাধান্য অন্য রাজগণ স্বীকার করিত। কেহ বা করদ, কেহ বা আজ্ঞান্বতীর্ণ, এবং যুদ্ধকালে সকলেই সহায় হইত। ঐতিহাসিক সময়ে চন্দ্রগৃত্ব, বিক্রমাদিত্য, অশোক, মহাপ্রতাপশালী গৃত্ববংশীয়েরা, হর্ষবর্ধ্ধন শিলাদিত্য, এবং আধুনিক সময় পাঠান ও মোগল —ই'হারা এইর্প সম্রাট্ছিলেন। হিন্দুরাজ্যকালে অধিকাংশ সময়ই এই আধিপত্য মগদাধপতিরই ছিল। আমরা যে সময়ের বর্ণনায় উপস্থিত, সে সময়েও মগদাধপতি উত্তরভারতে সম্রাট্। এই সম্রাট্ বিখ্যাত জরাসন্ধ। তাঁহার বল ও প্রতাপ মহাভারতে, হরিবংশে ও প্রোণ সকলে অতিশয় বিস্তারের সহিত বণিত হইয়াছে। কথিত হইয়াছে যে, কুর্ক্লেরের যুদ্ধে সমস্ত ক্ষানিয়গণ একর হইয়াছিল। কিন্তু কুর্ক্লেরের যুদ্ধেও উভয় পক্ষের মোটে অন্টাদশ অক্ষোহিণী সেনা উপস্থিত ছিল, লেখা আছে। একা জরাসম্বের বিংশতি অক্ষোহিণী সেনা ছিল লিখিত হইয়াছে।

কংস এই জরাসদ্ধের জামাতা। কংস তাঁহার দুই কন্যা নিবাহ করিয়াছিলেন। কংসবধের পর তাঁহার বিধবা কন্যান্ধয় জরাসদ্ধের নিকট গিয়া পতিহস্তার দমনার্থ রেদেন করেন। জরাসদ্ধ ক্ষের বধার্থ মহাসেন্য লইয়া আসিয়া মথ্রা অবরোধ করেন। জরাসদ্ধের অসংখা সৈন্যের তুলনায় যাদবিদ্গের সৈন্য অতি অলপ। তথাপি কৃষ্ণের সেনাপতিত্বগুলে যাদবেরা জরাসদ্ধকে বিমুখ করিয়াছিলেন। কিন্তু জরাসদ্ধের বলক্ষয় করা তাঁহাদের অসাধ্য। কেন না, জরাসদ্ধের সৈন্য অগণ্য। অতএব জরাসদ্ধ পুনঃপ্রঃ আসিয়া মথ্রা অবরোধ করিতে লাগিল। মণ্ড সে প্রঃপ্রঃ বিমুখীকৃত হইল, তথাপি এই প্রঃপ্রঃ আক্রমণে যাদবিদ্গের গ্রুর্তর অশ্ভ উৎপাদনের সম্ভাবনা হইল। যাদবিদ্গের ক্ষ্র স্কেন্ত সেন্ত ক্রারা সেনাশ্বা, হইবার উপক্রম হইলেন। কিন্তু সমুলে জোয়ার-ভাটার ন্যায় জরাসদ্ধের অগাধ সেনের ক্ষয়বৃদ্ধি কিছু জানিতে পারা গেল না। এইর্প সপ্তদশ বার আক্রান্ত হওয়ার পর যাদবেরা কৃষ্ণের পরাম্পান্সারে মথ্রা ত্যাগ করিয়া দুরাক্রমা প্রদেশে দুর্গনিক্রাণপ্রক বাস করিবার অভিপ্রায় করিলেন। অতএব সাগরদ্ধীপ দ্বারকায় যাদবিদ্গের জন্য প্রহী নিক্র্যাণ হত্তে লাগিল এবং দ্রারোহ রৈবতক পর্বতে দ্বারকা রক্ষারেণ করিছে আজিলন।

এই সময়ে জরাসঙ্কের উত্তেজনার আর এক প্রবল শত্র কৃষ্ণকে আদ্রুমণ করিবার জন্য উপিছিত হইল। অনেক গ্রন্থেই দেখা যায় যে, প্রাচীনকালে ভারতবর্ষে স্থানে স্থানে যবনিদিগের রাজত্ব ছিল। এক্ষণকার পশ্চিতেরা সিদ্ধান্ত করিয়াছেন যে, প্রাচীন গ্রীকদিগকেই ভারতবর্ষীয়েরা যবন বলিতেন। কিন্তু এই সিদ্ধান্ত বিশ্বদ্ধ কি না, তদ্বিষয়ে অনেক সন্দেহ আছে। বোধ হয়. শক, হুণ, গ্রীক প্রভৃতি অহিন্দ্র সভ্য জাতিমান্তকেই যবন বলিতেন। যাহাই হউক. ঐ সময়ে, কাল্যবন নামে একজন যবন রাজা ভারতবর্ষে অতি প্রবলপ্রতাপ হইয়া উঠিয়াছিলেন। তিনি আসিয়া সসৈনেয় মথুরা অবরোধ করিলেন। কিন্তু পরমসমররহস্যাবিৎ কৃষ্ণ তাঁহার সহিত সসৈনেয় যুদ্ধ করিতে ইচ্ছা করিলেন না। কেন না, ক্ষুদ্র বাদবসেনা তাঁহার সহিত যুদ্ধ করিয়া তাঁহাকে বিমুখ করিতে ইচ্ছা করিলেন না। কেন না, ক্ষুদ্র যাইবে। হতাবাশিন্ট যাহা থাকিবে, তাহারা জরাসক্ষকে বিমুখ করিতে সক্ষম হইতে না পারে। আর ইহাও পশ্চাৎ দেখিব যে, সর্ব্বেভূতে দয়াময় কৃষ্ণ প্রাণিহত্যা পক্ষে ধর্ম্ম প্রয়োজন ব্যতীত অনুরাগ প্রকাশ করেন না। যুদ্ধ অনেক সময়েই ধর্ম্মানির্মাদিত, সে সময়ে যুদ্ধে অপ্রবৃত্ত হইলে, ধন্মের হানি হয়, গীতার কৃষ্ণ এই মতই প্রকাশ করিয়াছেন। এবং এখানেও কাল্যবন এবং জরাসদ্ধের সহিত যুদ্ধ ধর্ম্ম যুদ্ধ। আত্মরক্ষার্থে এবং ব্যজনরক্ষার্থ, প্রজাগদের রক্ষার্থ যুদ্ধ না করা ঘোরতর অধন্মে। কিন্তু র্যাদ

বৃদ্ধ করিতেই হইল, তবে বত অলপ মন্বের প্রাণহানি করিয়া কার্ব্য সলপাল করা বার, বান্দির্শকের ভাহাই কর্ত্তর। আমরা মহাভারতের সভাপব্যের জরাসদ্ধর্য-প্রশ্রারার দেখিব বে, বাহাতে অন্য কোন মন্বোর জরীবন হানি না হইয়া জরাসদ্ধর্য সম্প্রম হয়, কৃষ্ণ তাহার সদ্পার উদ্ধৃত করিয়াছিলেন। কাল্যবনের ব্রুপ্তে তাহাই করিলেন। তিনি সসৈন্যে কাল্যবনের সম্মুখীন না হইয়া কাল্যবনের বর্ধার্থ কোশল অবলম্বন করিলেন। একাকী কাল্যবনের সম্মুখীন না হইয়া কাল্যবনের বর্ধার্থ কোশল অবলম্বন করিলেন। একাকী কাল্যবনের জনা হাত বাড়াইল, কৃষ্ণ ধরা না দিয়া পলায়ন করিলেন। কাল্যবন তাঁহারে পদ্যাদ্ধাবিত হইল। কৃষ্ণ যেমন বেদে বা ব্রুদ্ধবিদ্যায় স্বৃশান্তত, শার্রীরিক ব্যায়ামেও তদুপ স্বারগা। আদর্শ মন্বোর্ম এইর্প হওয়া উচিত, আমি "ধন্মতিত্ব" দেখাইয়াছ। অতএব কাল্যবন কৃষ্ণকে ধরিতে পারিলেন না। কৃষ্ণ কাল্যবন কর্তৃক অন্স্বত্ হইয়া এক গিরিগ্রায় মধ্যে প্রবেশ করিলেন। ক্রিপ্ত আছে, সেখানে মনুকৃন্দ নামে এক ধ্যি নিদ্রিত ছিলেন। কাল্যবন গ্রুছার ক্রের্মীর কাল্যবনের প্রতি দ্রিপ্তাত করিবামাত্র কাল্যবন ভঙ্গীভত হইয়া গেল।

এই অতিপ্রকৃত ব্যাপারটাকে আমরা বিশ্বাস করিতে প্রস্তুত নহি। স্থলে কথা এই বৃথি ষে, কৃষ্ণ কোশলাবলন্বনপূর্বেক কাল্যবনকে তাহার সৈন্য হইতে দুরে লইয়া গিয়া, গোপন স্থানে তাহার সঙ্গে হৈরথ্য যুদ্ধ করিয়া তাহাকে নিহত করিয়াছিলেন। কাল্যবন নিহত হইলে, তাহার সৈন্য সকল ভঙ্গ দিয়া মথ্বা পরিত্যাগ করিয়া গেল। তাহার পর জ্বাসন্ধের অস্টাদশ আক্রমণ,

—সে বারও জরাসন্ধ বিমুখ হইল।

উপরে যের্প বিবরণ লিখিত হইল, তাহা হরিবংশে ও বিষ্ণাদিপ্রাণে আছে। মহাভারতে জরাসদ্ধের যের্প পরিচয় কৃষ্ণ স্বাং যাহিতিরের কাছে দিয়াছেন, তাহাতে এই অণ্টাদশ বার যুদ্ধের কোন কথাই নাই। জরাসদ্ধের সঙ্গে যে যাদবিদিগের যুদ্ধ হইয়াছিল, এমন কথাও স্পষ্টতঃ নাই। যাহা আছে, তাহাতে কেবল এইট্রকু ব্রো যায় যে, জরাসদ্ধ মথুরা একবার আক্রমণ করিতে আসিয়াছিলেন, কিন্তু হংস নামক তাহার অনুগত কোন বীর বলদেব কর্তুক নিহত হওরায় জরাসদ্ধ দ্বাখিত মনে স্বস্থানে প্রস্থান করিয়াছিলেন। সেই স্থান আমরা উদ্ধৃত করিতেছি:—

"কিয়ৎকাল অতীত হইল, কংস যাদবগণকে পরাভূত করিয়া সহদেবা ও অনুজা নামে বাহ দিখের দুই কন্যাকে বিবাহ করিয়াছিল। ঐ দুরাত্মা দ্বীয় বাহুবলে জ্ঞাতিবগকৈ পরাজয় করতঃ সন্বাপেক্ষা প্রধান হইয়া উঠিল। ভোজবংশীয় বৃদ্ধ করিয়গণ মৃত্যুতি কংসের দোরাজ্যে সাতিশর ব্যথিত হইয়া জ্ঞাতিবগকে পরিত্যাগ করিবার নিমিত্ত আমাকে অনুরোধ করিলেন। আমি তৎকালে অনুরকে আহুককন্যা প্রদান করিয়া জ্ঞাতিবর্গের হিতসাধনার্থ বলভদ্র সমাভিব্যাহারে কংস ও স্নামকে সংহার করিলাম। তাহাতে কংসভয় নিবারিত হইল বটে, কিন্তু কিছুদিন পরেই জরাসদ্ধ প্রবল পরাক্রান্ত হইয়া উঠিল। তথন আমরা জ্ঞাতি বদ্ধগণের সহিত একত হইয়া পরামশ করিলাম যে, র্যাদ আমরা শত্রনাশক মহাস্ত্র দ্বারা তিন শত বৎসর অবিশ্রাম জরাসদ্ধের সৈন্য বধ করি, তথাপি নিঃশেষিত করিতে পারিব না। দেবভুলা ভেজস্বী মহাবলপরাক্রান্ত হংস ও জিন্বক নামক দুই বীর তাহার অনুগত আছে; উহারা অস্ত্রাঘাতে কদাচ নিহত হইবে না। আমার নিশ্চয় বোধ হইতেছে, এই দুই বীর এবং জরাসদ্ধ এই তিন জন একত্র হইলে ত্রিভুবন বিজয় করিতে পারে। হে ধন্মরাজ! এই পরামশ কেবল আমাদিগের অভিমত হইল এমত নহে, অন্যান্য ভূপতিগণও উহাতে অনুমোদন করিবেন।

হংস নামে স্বিখ্যাত এক নরপতি ছিলেন। বলদেব তাঁহাকে সংগ্রামে সংহার করেন। ডিল্কে লোকম্থে হংস মরিয়াছে, এই কথা প্রবণ করিয়া নামসাদ্শাপ্রবৃক্ত তাহার সহচর হংস নিখন প্রাপ্ত হইয়াছে বাঁলয়া হির করিল। পরে হংস বিনা আমার জাঁবন ধারণে প্রয়োজন নাই, এই বিবেচনা করতঃ বম্নায় নিমন্ত হইয়া প্রাণত্যাগ করিল। এ দিকে তং-সহচর হংসও পরম প্রশাসসদ ডিল্কে আপন মিখ্যা মৃত্যুসংবাদ প্রবণে প্রাণত্যাগ করিতে প্রবণ করিয়া বংপরোনান্তি দ্বাধিত হইয়া বম্নাজলে আত্মসমপণি করিল। জরাসন্ধ এই দ্বাই বাঁর প্রেবের নিধনবার্ত্তা প্রবণ বংপরোনাত্তি দ্বাধিত ও শ্নামনা হইয়া স্বনগরে প্রস্থান করিলেন। জরাসন্ধ বিমনা হইয়া স্বপ্রের গমন করিলে পর আমরা পরমাহান্তে মধ্বায় বাস করিতে লাগিলাম।

কিয়ন্দিনান্তর পতিবিয়োগ-দঃখিনী জ্ঞরাসন্ধানিদনী স্বীয় পিতার সমীপে আগমন প্রেক 'আমার পতিহস্তাকে সংহার কর' বলিয়া বারংবার তাঁহাকে অনুরোধ করিতে লাগিলেন। আমরা প্রেবিই জরাসন্ধের বলবিক্রমের বিষয় স্থির করিয়াছিলাম, এক্ষণে তাহা স্মরণ করতঃ সাতিশয় উৎপ্ঠিত হইলাম। তথন আমরা আমাদের বিপলে ধনসম্পত্তি বিভাগ করতঃ সকলে কিছু কিছু লইয়া প্রস্থান করিব, এই স্থির করিয়া স্বস্থান পরিত্যাগ পূর্ব্বক পশ্চিমদিকে পলায়ন করিলাম। ঐ পশ্চিম দেশে রৈবতোপশোভিত পরম রমণীয় কুশস্থলীনাম্নী পরেীতে বাস করিতেছি —তথার এরূপ দুর্গসংস্কার করিয়াছি যে, সেখানে থাকিয়া ব্রঞ্চবংশীয় মহারথিদিগের কথা অকতোভয়ে ঐ নগরীমধ্যে বাস করিতেছি। মাধবগণ সমস্ত মগধদেশব্যাপী সেই সর্বশ্রেষ্ঠ রৈবতক পর্বত দেখিয়া পরম আহ্মাদিত হইলেন। হে কুর্কুলপ্রদীপ! আমরা সামর্থায়,কু হইরাও জরাসন্ধের উপদ্রবভয়ে পর্যত আশ্রয় করিয়াছি। ঐ পর্যত দৈর্ঘ্যে তিন যোজন, প্রন্থে এক যোজনের অধিক এবং একবিংশতি শ্রুষ্ট্রত। উহাতে এক এক যোজনের পর শত শত দ্বার এবং অত্যাংকুট উন্নত তোরণ সকল আছে। যুদ্ধদূর্ম্মদ মহাবলপরাক্রান্ত ক্ষরিয়গণ উহাতে সন্ধাদা বাস করিতেছেন। হে রাজন্! আমাদের কুলে অন্টাদশ সহস্র দ্রাতা আছে। আহুকের একশত পত্র, তাহারা সকলেই অমরতুলা। চার্দেষ্ট ও তাঁহার দ্রাতা, চক্রদেব, সাত্যকি, আমি, বলভদ্র, যুদ্ধবিশারদ শাশ্ব—আমরা এই সাত জন রথী; কৃতকম্মা অনাবৃণ্টি, সমীক সমিতিজয়, কক্ষ্ণত্ব ও কৃত্তি, এই সাত জন মহারথ, এবং অন্ধকভোজের দুই বৃদ্ধ পুত্র ও রাজা এই মহাবলপরাক্রান্ত দূঢ়কলেবর দশ জন মহাবীর,—ই'হারা সকলেই জরাসন্ধাধিকৃত মধ্যম দেশ স্মরণ করিয়া যদ্বংশীয়াদিগের সহিত মিলিত হইয়াছেন।"

এই জরাসন্ধবধ-পর্স্বাধ্যায় প্রধানতঃ মোলিক মহাভারতের অংশ বলিয়া আমার বিশ্বাস। দুএকটা কথা প্রক্রিপ্ত থাকিতে পারে, কিস্তু অধিকাংশই মোলিক। যাদ তাহা সত্য হয়, তাহা হইলে, কৃষ্ণের সহিত জরাসন্ধের বিরোধ-বিষয়ে উপরি উক্ত ব্তান্তই প্রামাণিক বলিয়া আমাদিগকে গ্রহণ করিতে হইবে। কেন না, পুর্ন্বে ব্নাইয়াছি যে, হরিবংশ এবং প্রাণ সকলের অপেক্ষা মহাভারতের মোলিকাংশ অনেক প্রাচীন। যাদ এ কথা যথার্থ হয়, তবে জরাসন্ধকৃত অন্টাদশ বার মথ্রা আক্রমণ এবং অন্টাদশ বার তাহার পরাভব, এ সমস্তই মিথ্যা গলপ। প্রকৃত ব্তান্ত এই হইতে পারে যে, একবারমাত্র মথ্রা আক্রমণে আসিয়াছিল এবং নিক্ষল হইয়া প্রত্যাবর্ত্তন করিয়াছিল। বিতীয়বার আক্রমণের সন্ভাবনা ছিল, কিন্তু কৃষ্ণ দেখিলেন যে, চতুন্দিকে সমতল ভূমির মধ্যবন্তী মথ্রা নগরীতে বাস করিয়া জরাসন্ধের অসংখাসৈন্যকৃত প্রস্থান্ন অবরোধ নিক্ষল করা অসম্ভব অতএব যেখানে দুর্গনিন্মাণপূর্বক দুর্গাশ্রমে ক্লুদ্র সেনা রক্ষা করিয়া জরাসন্ধকে বিমুখ করিতে পারিবেন, সেইখানে রাজধানী তুলিয়া লইয়া গেলেন। দেখিয়া জরাসন্ধ আর সে দিকে ঘে'বিলেন না। জয়-পরাজয়ের কথা ইহাতে কিন্তুই নাই। ইহাতে কেবল ইহাই ব্রুঝা যায় যে, যুদ্ধকৌশলে কৃষ্ণ পারদ্দী, তিনি পরম রাজনীতিক্ত এবং অনথ্যক মন্বাহত্যার নিতান্ত বিরোধী। আদর্শ মন্যের সমস্ত গুণু তাঁহাতে ক্রমণ্ড পরিকক্টই হইতেছে।

কৃষ্ণের প্রথম ভার্য্যা র বিশ্বাণী। ইনি বিদর্ভরাজ্যের অধিপতি ভীত্মকের কন্যা। তিনি অতিশয় র প্রবতী এবং গ নৃণবতী শ নিনয় কৃষ্ণ ভীত্মকের নিকট র বিশাণীকে বিবাহার্থ প্রার্থনা করিয়াছিলেন। র বিশাণীও কৃষ্ণের অনুরক্তা হইয়াছিলেন। কিন্তু ভীত্মক কৃষ্ণশান জরাসন্ধের পরামর্শে র বিশাকৈ কৃষ্ণে সমর্পণ করিতে অসম্মত হইলেন। তিনি কৃষ্ণদেবক শিশা পালের সঙ্গে র বিশালির ক্রিকে সমর্পণ করিলেন। বিশালির বিবাহ ভির করিয়া দিনাবধারণপ্র ক সমস্ত রাজগণকে নিমশ্রণ করিলেন। বাদবগণের নিমশ্রণ হইল না। কৃষ্ণ ভির করিলেন, বাদবিদিগকে সঙ্গে লইয়া ভীত্মকের রাজধানীতে বাইবেন এবং র বিশ্বাণীকে তাঁহার বন্ধ্বর্গের অসম্মতিতেও গ্রহণ করিয়া বিবাহ করিলেন।

কৃষ্ণ তাহাই করিলেন। বিবাহের দিনে রুক্মিণী দেবারাধনা করিয়া দেবমন্দির হইতে বাহির

হইলে পর, কৃষ্ণ তাঁহাকে লইয়া রখে তুলিলেন। ভীষ্মক ও তাঁহার প্রচাণ এবং জরাসদ্ধ প্রভৃতি ভীষ্মকের মিরারাজগণ কৃষ্ণের আগমনসংবাদ শর্নিরাই এইর্প একটা কাণ্ড উপন্থিত হইকে ব্রিরাছিলেন। অতএব তাঁহারা প্রস্থুত ছিলেন। সৈন্য লইয়া সকলে কৃষ্ণের পশ্চাৎ ধাবিত হইলেন। কিন্তু কেহই কৃষ্ণকে ও যাদবগণকে পরাভৃত করিতে পারিলেন না। কৃষ্ণ র্বিরাণীকে দারকায় লইয়া গিয়া বথাশাস্ত্র বিবাহ করিলেন।

ইহাক 'হরণ' বলে। হরণ অর্থে কন্যার প্রতি কোনর্প অত্যাচার ব্ঝায় না। কন্যার যদি পাত্র অভিমত হয়, এবং সে বিবাহে সে সম্মত থাকে, তবে তাহার প্রতি কি অত্যাচার? রৃক্ষণী-হরণেও সে দোষ ঘটে নাই, কেন না, রৃক্ষিণী কৃষ্ণে অনুরক্তা, এবং পরে দেখাইব ষে, কৃষ্ণান্-মোদিত অর্জ্জন্নকৃত স্ভদ্রাহরণেও সে দোষ ঘটে নাই। তবে এর্প কন্যাহরণে কোন প্রকার দোষ আছে কি না, তাহার বিশেষ বিচার আবশ্যক, এ কথা আমরা স্বীকার করি। আমরা সে বিচার স্ভদ্রাহরণের সময় করিব। কেনু না, কৃষ্ণ নিজেই সে বিচার সেই সময় করির।ছেন।

অতএব এক্ষণে সে বিষয়ে কোন কথা বলিব না।

তবে ইহার ভিতর আর একটা কথা আছে। সে কালে ক্ষিন্তিয়রাজগণের বিবাহের দুইটি পদ্ধতি প্রশস্ত ছিল;—এক স্বয়ংবর বিবাহ, আর এক হরণ। কখনও কখনও এক বিবাহে দুই রকম ঘটিয়া যাইত, যথা—কাশিরাজকন্যা অম্বিকাদির বিবাহে। ঐ বিবাহে স্বয়ংবর হয়। কিন্তু আদর্শ ক্ষন্তিয় দেবরত ভীল্ম, স্বয়ংবর না মানিয়া, তিনটি কন্যাই কাড়িয়া লইয়া গোলেন। আর কন্যার স্বয়ংবরই হউক, আর হরণই হউক, কন্যা একজন লাভ করিলে, উদ্ধতস্বভাব রণপ্রিয় ক্ষন্তিয়গণ একটা যুদ্ধবিগ্রহ উপস্থিত করিতেন। ইতিহাসে দ্রৌপদীস্বয়ংবরে এবং কাব্যে ইন্দুমতীস্বয়ংবরে দেখিতে পাই যে, কন্যা হতা হয় নাই, তথাপি যুদ্ধ উপস্থিত। মহাভারতের মৌলিক অংশে রুদ্ধিলী যে হতা হইয়াছিলেন, এমন কথাটা পাওয়া য়ায় না। শিশ্বপালবধ-পন্ববিধায়ে কৃষ্ণ বলিতেছেন:—

র্ক্লিণ্যমস্য মৃত্স্য প্রার্থনাসীক্ষ্ম্ব্রতঃ।
ন চ তাং প্রাপ্তবান্ মৃত্যু শ্লো বেদগ্রতীমিব॥
শিশ্পালবধপব্লাধ্যায়ে, ৪৫ অঃ, ১৫ শ্লোকঃ।

শিশ্বপাল উত্তর করিলেন :--

মংপ্ৰবাং র্ক্লিণীং কৃষ্ণ সংসংস্ পরিকীর্ত্তরন্। বিশেষতঃ পাথিবেষ্ রীড়াং ন কুর্বে কথম্॥ মন্যমানো হি কঃ সংস্ প্রুষঃ পরিকীর্ত্তরেং। অন্যপ্রবাং সিদ্রুং জাতু ঘদন্যো মধ্সদেন॥

শিশ্পালবধপর্সাধায়ে, ৪৫ অঃ, ১৮-১৯ শ্লোকঃ।

ইহাতে এমন কিছুই নাই যে, তাহা হইতে ব্ৰিজতে পারিব যে, র্নিশ্বণী হতা হইরাছিলেন, বা তম্জন্য কোন যুদ্ধ হইরাছিল। তার পর উদ্যোগপর্কেব আর এক স্থানে আছে,—

> যো র ক্লিণীমেকরথেন ভোজান্ উৎসাদ্য রাজ্ঞঃ সমরে প্রসহ্য। উবাহ ভার্য্যাং যশসা জনসন্তীং যস্যাং জজ্ঞে রেমিরণেরো মহান্মা॥

ইহাতে যুদ্ধের কথা আছে, কিন্তু হরণের কথা নাই।

আর এক স্থানে র্-ঝিণীহরণবৃত্তান্ত আছে। উদ্যোগপন্থে সৈন্যনির্যাণ সময়ে র্-ঝিণীর লাতা র্-ঝী পাশ্ডবদিগের শিবিরে আসিয়া উপস্থিত হইলেন। তদ্পলক্ষে কথিত হইতেছে — "বাহ্নকাগন্ধিত র্-ঝী প্রের্থীমান্ বাস্দেবের র্-ঝিণীহরণ সহা করিতে না পারিয়া, 'আমি কৃষকে বিনন্থ না করিয়া কদাচ প্রতিনিব্ত হইব না', এইর্প প্রতিজ্ঞাপ্র্বিক প্রবৃদ্ধ ভাগীরখীর ন্যায় বেগবতী বিচিত্র আয়্বধ্যারিলী চত্রকিলী সেনা সম্ভিব্যাহারে তাঁহার প্রতিধাবমান হইয়াছিলেন। পরে তাঁহার সামহিত হইবামাত পরাজিত ও লম্পিত হইয়া প্রতিধাবমান করিলেন। কিন্তু যে স্থানে ক্রিইন্তেন্ত্রে পরাজিত হইয়াছিলেন, তথায় ভোজকট নামক প্রস্তৃত সৈন্য ও গজবাজিসম্পাম স্বিবিখ্যাত এক নামর সংস্তৃতি দেবলা করিয়াছিলেন। এক্ষণে সেই নামর হইতে ভোজরাজ র্-ঝী এক অকোহিণী সেনা সম্ভিব্যাহারে সম্বরে পাশ্ডবগণের নিকট আগমন করিলেন এবং পাশ্ডবগণের অজ্ঞাতসারে কৃষ্ণের প্রিয়ান্প্রান করিবার নিমিত্ত কবচ, শ্বন্ত, তলবার,

থকা ও শরাসন ধারণ করিরা আদিত্যসংকাশ ধনজের সহিত পাণ্ডবসৈনামণ্ডলী মধ্যে প্রবিষ্ট হইলেন।"

এই কথা উদ্যোগপর্ম্বে ১৫৭শ অধ্যায়ে আছে। ঐ অধ্যায়ের নাম র, ক্মিপ্রত্যাখ্যান। মহাভারতের বে পর্ম্বর্শসংগ্রহাধ্যায়ের কথা প্রের্ব বিলয়াছি, তাহাতে লিখিত আছে যে, উদ্যোগ-পর্ম্বে ১৮৬ অধ্যায়, এবং ৬৬৯৮ শ্লোক আছে।

"উদ্যোগপৰ্বনিন্দি ভিং সন্ধিবিগ্ৰহমিশ্ৰিতম্। অধ্যায়ানাং শতং প্ৰোক্তং বড়শীতিম হিৰিণা॥ শ্লোকানাং বট্সহস্লাণি তাবস্তোব শতানি চ। শ্লোকাশ্চ নবতিঃ প্ৰোক্তাস্তবৈবাভৌ মহাআনা॥" মহাভাৱতম্, আদিপৰ্ব।

এক্ষণে মহাভারতে ১৯৭ অধ্যায় পাওয়া যায়। অতএব ১১ অধ্যায় পর্বসংগ্রহাধ্যায় সংকলিত হওয়ার পরে প্রক্রিপ্ত হইয়াছে। এক্ষণে উদ্যোগপব্দের্থ ৭৬৫৭ ক্লোক পাওয়া যায়। অতএব প্রায় এক হাজার শ্লোক প্রক্রিপ্ত হইয়াছে। প্রক্রিপ্ত এই একাদশ অধ্যায় ও সহস্র শ্লোক কোন্গ্লি? প্রথমেই দেখিতে হয় যে, উদ্যোগপর্যান্তর্গত কোন্ ব্ত্তান্তগত্তাল পর্যান্তাহাধ্যায়ে ধৃত হয় নাই। এই রুকিমুসমাগম বা রুকিমুপ্রত্যাখ্যান পর্বসংগ্রহাধ্যায়ে ধৃত হয় নাই। অভএব ঐ ১৫৭ অধ্যায় প্রক্ষিপ্ত একাদশ অধ্যায়ের মধ্যে একটি, ইহা বিচারসঙ্গত। এই রুক্মিপ্রত্যাখ্যান-পর্বাধ্যায়ের সঙ্গে মহাভারতের কোন সম্বন্ধ নাই। রুক্মী সসৈন্যে আসিলেন এবং অর্জ্জন কর্ত্তক পরিত্যক্ত হইলেন, পশ্চাৎ দুর্য্যোধন কর্ত্তকও পরিত্যক্ত হইলেন, পশ্চাৎ স্বস্থানে চলিয়া গেলেন, ইহা ভিন্ন মহাভারতের সঙ্গে তাঁহার আর কোন সম্বন্ধ নাই। এই দুইটি লক্ষণ একচিত করিয়া বিচার করিয়া দেখিলে, অবশ্য ব্যাঝিতে হইবে যে, ১৫৭ অধ্যায় প্রক্রিপ্ত, কাজেই রুক্মিণী-दत्रण र खास भरास्त्रतरा श्रीकश्च। देशत अनाजत श्रमाण धरे य, विकश्चिताल आरह य, মহাভারতের যাদ্ধের পাবেহি র ক্রাী বলরাম কর্ত্তক অক্ষক্রীড়ার্জনিত বিবাদে নিহত হইরাছিলেন। त्रक्रिमार्गीक मिभाभान कामना कीत्रशािष्टलन, देश भछा धवर छिनि त्रक्रिमारिक विवाद कीत्रिक পান নাই-ক্ষ তাঁহাকে বিবাহ করিয়াছিলেন, ইহাও সতা। বিবাহের পর একটা যুদ্ধ হইয়াছিল। কিন্ত 'হরণ' কথাটা মৌলিক মহাভারতে কোথাও নাই। হরিবংশে ও পরোদে আছে।

শিশ্পাল ভীষ্মকে তিরম্কারের সময় কাশিরাজের কন্যাহরণ জন্য তাঁহাকে গালি দিয়াছিলেন। কিন্তু কৃষ্ণকে তিরম্কারের সময় র্নিক্মণীহরণের কোন কথাও তুলেন নাই। অতএব বোধ হয় না যে, র্ন্বিণী হতা হইয়াছিলেন। প্র্বোদ্ধত কথোপকথনে ইহাই সত্য বোধ হয় যে, শিশ্পাল র্নিব্দানকৈ প্রার্থনা করিয়াছিলেন, কিন্তু ভীষ্মক র্নিব্দানকৈ কৃষ্ণকেই সম্প্রদানকরিয়াছিলেন। তার পর তাঁহার পত্ত র্ক্রী শিশ্পালের পক্ষ হইয়া বিবাদ উপন্তিত করিয়াছিলেন। র্ক্বী অতিশয় কলহপ্রিয় ছিলেন। অনির্দ্ধের বিবাহকালে দ্যুতোপলক্ষে বলরামের সঙ্গে কলহ উপস্থিত করিয়া নিজেই নিহত হইয়াছিলেন।

পণ্ডম পরিচ্ছেদ-নরকবর্ধাদি

ক্ষিত হইয়াছে, নরকাস্র নামে প্থিবীর এক প্র ছিল। প্রাণ্ডােতিবে তাহার রাজধানী। সে অত্যন্ত দ্বির্নীত ছিল। ইন্দ্র স্বয়ং দ্বারকায় আসিয়া তাহার নামে ক্ষের নিকট নালিশ করিলেন। অন্যান্য দ্বেশ্পরে মধ্যে নরক ইন্দ্র বিষ্ণু প্রভৃতি আদিত্যাদিগের মাতা অদিতির কৃষ্ণল চুরি করিয়া লইয়া গিয়াছিল। কৃষ্ণ ইন্দ্রের নিকট নরকব্বে প্রতিশ্রত হইয়া প্রান্তেয়াতিবস্কুরে গিয়া নরককে বন্ধ করিলেন। নরকের বোল হাজার কন্যা ছিল, তাহাদিগের সকলকে লইয়া আসিয়া বিবাহ করিলেন। নরকমাতা প্রিবী নরকাপছত অদিতিকৃষ্ণল লইয়া আসিয়া কৃষ্ণকে উপহার নিলেন; এবং বলিয়া গেলেন যে, কৃষ্ণ যথন বরাহ অবতার হইয়াছলেন, তথন প্রিবীর উদ্ধারকা, বরাহের যে স্পর্ল, সেই স্পর্শে প্রিবী গর্ভবিতী হইয়া মরকক্ষে প্রস্ব করিয়ছিলেন।

সমস্তই অতিপ্রকৃত এবং সমস্তই অতি মিখ্যা। বিকা বরাহার পারাণ করেন নাই, প্রজাপতি প্রিথবীর উদ্ধারের জন্য বরাহার পাধারণ করিয়াছিলেন, ইহাই বেদে আছে। কৃকের সমরে, নরক প্রাল্জ্যোতিষের রাজা ছিলেন। তিনি কুর্কেতের বিদ্ধা অক্তর্নহন্তে নিহত হন। ফলতঃ ইন্দেরে ঘারকা গমন, প্রিবীর গর্ভাধান এবং একজনের যোড়শ সহস্র কন্যা ইত্যাদি সকলই অতিপ্রকৃত উপান্যাস মাত্র। কৃষ্ণের যোড়শ সহস্র মহিবী থাকাও এই উপান্যাসের অংশমাত্র এবং মিখ্যা গল্প, ইহা পাঠককে আর বলিতে হইবে না।

এই নরকাস্ত্রবধ হইতে বিশ্বস্থ্রাণের মতে পারিজাত হরণের স্তুপাত। কৃষ্ণ দিতির কৃষ্ণল লইরা অদিতিকে দিবার জন্য সত্যভামা সমভিব্যাহারে ইন্দালরে গমন করিলেন। সেধানে সত্যভামা পারিজাত কামনা করার পারিজাত বৃক্ষ লইয়া ইন্দের সঙ্গে কৃষ্ণের যুদ্ধ বাধিল। ইন্দ্র পরাস্ত হইলেন। হরিবংশে ইহা ভিন্নপ্রকারে লিখিত আছে। কিন্তু যখন আমরা বিশ্বস্থারাণকে হরিবংশের প্র্কামানী গ্রন্থ বিবেচনা করি, তখন এখানে বিশ্বস্থ্রাণেরই অন্বত্তী হইলাম। উভয় গ্রন্থক্থিত ব্রুভেই অত্যভূত ও অতিপ্রকৃত। যখন আমরা ইন্দ্র, ইন্দ্রালয় এবং পারিজাতের অন্তিম্ব সন্বক্ষেই অবিশ্বাসী, তখন এই সমস্ত পারিজাতহরণব্রুভেই আমাদের পরিহার্ষ্য।

ইহার পর বাণাস,রবর্ধব,ভান্ত। তাহাও ঐর্প অতিপ্রকৃত অভুতব্যাপারপরিপূর্ণ, এজন্য তাহাও আমরা পরিত্যাগ করিতে বাধ্য। তাহার পর পোন্ড বাস,দেববধ এবং বারাণসীদাহ। ইহার কতকটা ঐতিহাসিকতা আছে বোধ হয়। পোম্ফুদিগের রাজা ঐতিহাসিক, এবং পৌম্ফু জাতির কথা ঐতিহাসিক এবং অনৈতিহাসিক সময়েও বিবিধ দেশী বিদেশী গ্রন্থে পাওরা বার। রামারণে তাহাদিগকে দাক্ষিণাতো দেখা যায়, কিন্ত মহাভারতের সময়ে তাহারা আধুনিক বাঙ্গালার পশ্চিমভাগবাসী। কুরুক্ষেত্রের যুদ্ধে পোশ্ভেরা উপস্থিত ছিল, মহাভারতে তাহারা অনার্য্য জাতির মধ্যে গণিত ইইয়াছে। দশকুমারচরিতেও তাহাদিগের কথা আছে এবং একজন চৈনিক পরিব্রাজক তাহাদিগকে বাঙ্গালা দেশে স্থাপিত দেখিয়া গিয়াছেন। তিনি তাহাদিগের রাজধানী পোশ্রেবদ্ধানেও গিয়াছিলেন, কৃষ্ণের সময়ে যিনি পৌশ্রেদিগের রাজা ছিলেন, তাঁহারও নাম वाम्राट्मव। वाम्राट्मव भारमञ्ज जात्नक जर्थ इय्त। यिनि वम्राट्मवत भूत, जिनि वाम्राट्मव। धवः বিনি সন্ধানিবাস অর্থাৎ সন্ধাভূতের বাসস্থান, তিনিও বাস্কদেব। অতএব বিনি ঈশ্বরের অবতার, তিনিই প্রকৃত বাস,দেব নামের অধিকারী। এই পৌন্দ্রক বাস,দেব প্রচার করিলেন বে. দ্বারকানিবাসী বাস্বদেব, জাল বাস্বদেব: তিনি নিজেই প্রকৃত বাস্বদেব—ঈশ্বরাবতার। তিনি কৃষ্ণকে বলিয়া পাঠাইলেন যে, তাম আমার নিকটে আসিয়া শৃত্থ-চক্র-গদা-পদ্মাদি যে সকল চিচ্ছে আমারই প্রকৃত অধিকার, তাহা আমাকেই দিবে। কৃষ্ণ 'তথান্ত' বলিরা পৌশ্রুরাজ্যে গমন করিলেন এবং চ্ফ্রাদি অন্য পৌত্রকের প্রতি ক্ষিপ্ত করিয়া তাহাকে নিহত করিলেন। বারাপসীর অধিপতিগণ পৌন্ডেকের পক্ষ হইরাছিল, এবং পৌন্ডকের মৃত্যুর পরেও কৃষ্ণের সঙ্গে শহুজা করিয়া, যুদ্ধ করিতেছিল। এজনা তিনি বারাণসী আদ্রমণ করিয়া শত্র-গণকে নিহত করিলেন এবং বারাণসী দম্ধ করিলেন।

এ ভ্রেল শহ্রকে নিহত করা অধন্ম নহে, কিন্তু নগরদাহ ধন্মান্মোদিত নহে। পরম ধন্মান্ধা ক্ষেত্র দ্বারা এর্শ কার্য্য কেন হইয়ছিল, তাহার বিশ্বাস্যোগ্য বিবরণ কিছ্ পাওয়া বার না। বিক্স্ব্রাদে লেখা আছে যে, কাশিরাজ কৃষ্ণহন্তে নিহত হইলে, তাঁহার প্র মহাদেবের তপস্যা করিয়া ক্ষেত্র ব্যের নিমিত্ত "ক্ষত্যা উৎপায় হউক," এই বর প্রার্থনা করিলেন। কৃত্যা অভিচারকে বলে। অর্থাৎ বজ্ঞ হইতে শ্রেনীর্বিশিন্টা অমোদ কোন শক্তি উৎপায় হইয়া শহ্রের ব্যার্থনা করিলেন। কৃত্যা উৎপায় হইয়া ভারের ব্যার্থার মহাদেব প্রার্থিত বর দিলেন। কৃত্যা উৎপায় হইয়া ভারণ ম্বিত্তার্যার করে। মহাদেব প্রার্থিত বর দিলেন। কৃত্যা উৎপায় হইয়া ভারণ ম্বিত্তারের সংকার ব্যার্থ ধারমান হইল। কৃষ্ণ স্ক্রণান চক্রকে আজ্ঞা করিলেন বে, তুমি এই কৃত্যাকে সংকার করে। বৈক্রচক্রের প্রভাবে মাহেশ্বরী কৃত্যা বিধন্তপ্রভাবা হইয়া পলায়ন করিল। চক্রও পালায়ন করিল। চক্রের তেলা। ইহা অতিশার অনেসগিকি ও অবিশ্বাস্থারায় ব্যাপার। হরিবংশে পোশস্তুক্রথের ক্যা আছে, কিন্তু বারালসীদাহের কথা নাই। কিন্তু ইহার কিন্তিং প্রসঙ্গ মহান্তারতে আছে। অভঞ্জর

 [&]quot;বস্তুঃ সন্ধানিবাসন্চ বিশ্বানি ক্সা লোমস্।
 স. চ দেবঃ পরং বন্ধ বাস্লেব ইতি ক্ষাতঃ।।"

বারাশসীদাহ অনৈতিহাসিক বলিয়া পরিত্যাগ করিতে পারিলাম না। তবে কি জন্য বারাশসীদাহ করিতে কৃষ্ণ বাধ্য ইইয়াছিলেন, তাহার বিশ্বাসযোগ্য করেণ কিছু জানা যায় না।

বৈ সকল ব্দ্ধের কথা বলা গেল, তন্তির উদ্যোগপথের্ব ৪৭ অধ্যায়ে অর্জ্জ্নবাক্টের কৃষ্ণকৃত গান্ধারজয়, পাশ্ডাজয়, কলিকজয়, শাল্বজয় এবং একলব্যের সংহারের প্রসঙ্গ আছে। ইহার মধ্যে শাল্বজয়ব্ত্তাক্ত মহাভারতের বনপথের্ব আছে। ইহা ভিন্ন আর কর্য়টির কোন বিস্তারিত বিবরণ আমি কোন প্রশেষ পাইলাম না। বোধ হয়, হরিবংশ ও প্রগাণ সকল সংগ্রহের প্রের্ব এই সকল বৃদ্ধ-বিবয়ক কিল্বদন্তী বিলম্প্ত হইয়াছিল। হরিবংশে ও ভাগবতে অনেক নৃত্তন কংগ আছে, কিন্তু মহাভারতে বা বিষ্ণুপ্রাণে তাহার কোন প্রসঙ্গ নাই বলিয়া আমি সে সকল পরিত্যাগ করিলাম।

यर्छ পরিচ্ছেদ—দ্বারকাবাস—সমস্তক

ছারকায় কৃষ্ণ রাজা ছিলেন না। যত দ্র ব্ বিশতে পারা যায়, তাহাতে বােধ হয় যে.
ইউরােপীয় ইতিহাসে যাহাকে Oligarchy বলে, যাদবেরা দ্বারকায় তাহাই ছিলেন। অর্থাৎ
তাঁহায়া সমাজের অধিনায়ক ছিলেন, কিন্তু তাঁহারা পরস্পর সকলে সমানস্পদ্ধা । বয়ােজ্যেন্ঠকে
আপনাদিগের মধ্যে প্রধান বিবেচনা করিতেন, সেই জনা উত্তসেনের রাজা নাম। কিন্তু এর্প
প্রধান ব্যক্তির কার্য্যতঃ বড় কর্তৃত্ব থাকিত না। যে ব্রিদ্ধাবিক্রমে প্রধান, নেতৃত্ব তাহারই ঘটিত।
কৃষ্ণ যাদবদিগের মধ্যে বলবার্যা ব্রিদ্ধাবিক্রমে সন্ধান্তে, এই জনাই তিনি যাদবদিগের নেতৃত্বর্প
ছিলেন। তাঁহার অগ্রজ বলরাম এবং কৃতবন্দা প্রভৃতি অন্যান্য বয়ােজ্যেন্ঠ বাদবদিগের বেশ্বীভূত ছিলেন। কৃষ্ণ হইতেই তাঁহািদিগের
রক্ষা সাধিত হইত এবং কৃষ্ণ বহুরাজ্যাবিজেতা হইয়াও জ্ঞাতিবর্গকে না দিয়া আপনি কোন
ক্রেম্বান্তোগ করিতেন না। তিনি সকলের প্রতি তুল্যপ্রীতিসন্প্র ছিলেন। সকলেরই হিতসাধন
করিতেন। জ্ঞাতিদিগের প্রতি আদর্শ মন্বেরর যের্প ব্যবহার কর্ত্বা, তাহা তিনি করিতেন।
কিন্তু জ্ঞাতিভাব চিরকালই সমান। তাঁহার বলবিক্রমের ভয়ে জ্ঞাতিরা তাঁহার বশীভূত ছিল বটে,
কিন্তু তাঁহার প্রতি দ্বেষশ্না ছিল না। এ বিষয়ে কৃষ্ণ স্বয়ং যাহা নারদের কাছে বলিয়াছিলেন,
ভান্স তাহা নারদের মন্থে শ্রানায় যা্ধিন্ঠিরকে বলিয়াছিলেন। কথাগ্রাল সত্য হউক, মিথ্যা
হউক, লোকশিক্ষার্থে আমরা তাহা মহাভারতের শান্তিপ্রবি ইনতে উদ্ধত করিতেছি,—

"জ্ঞাতিদিগকে ঐশ্বর্যের অন্ধাংশ প্রদান ও তাহাদিগের কট্বাক্য শ্রবণ করিয়া তাহাদিগেব দাসের ন্যায় অবস্থান করিতেছি। বহিলাভার্থী ব্যক্তি যেমন অর্মাণ কাষ্ঠকে মথিত করিয়া থাকে, তদ্রুপ জ্ঞাতিবর্গের দৃর্ব্বাক্য নিরস্তর আমার হৃদয় দক্ষ করিতেছে। বলদেব বল, গদ স্কুমারতা এবং আমার আত্মজ্ঞ প্রদান্তন সৌন্দর্য্য-প্রভাবে জনসমাজে অন্বিতীয় বলিয়া পরিগণিত হইয়াছেন। আর অন্ধক ও বৃষ্টিবংশীয়েরাও মহাবলপরাকালত, উৎসাহসম্পান ও অধ্যবসায়শালী: তাঁহারা বাহার সহায়তা না করেন, সে বিনন্দ হয় এবং যাহার সহায়তা করেন, সে অনায়াসে অসামান্য ঐশ্বর্য লাভ করিয়া থাকে। ঐ সকল ব্যক্তি আমার পক্ষ থাকিতেও আমি অসহায় হইয়া কাল্যাপন করিতেছি। আহ্মক ও অকুর আমার পরম স্কুং, কিস্তু ঐ দৃই জনের মধ্যে একজনকে ক্ষেহ করিলে অনাের ক্রোধান্দবিশতঃ উহাদিগকে পরিত্রাগ করাও প্রতি ক্ষেহ প্রকাশ করি না। আরু নিতান্ত সাহান্দবিশতঃ উহাদিগকে পরিত্রাগ করাও স্কুঠিন। অতঃপর আমি এই স্থির করিলাম বে, আহ্মক ও অকুর যাহার পক্ষ, তাহার দৃঃথের পরিসীমা নাই, আর তাঁহারা বাহার পক্ষ নহেন, ভাহা অপেক্ষাও দৃঃখী আর কেহই নাই। যাহা হউক, এক্ষণে আমি দ্যুতকারী সহোদরহারের মাতার নাায় উভ্রেরই জয় প্রার্থনা করিতেছি। হে নারদ। আমি ঐ দৃই মিরকে আরম্ভ করিবার নিমিত্র এইরপ কণ্ট পাইতেছি।"

এই কথার উদাহরণস্বর্প সামন্তক মণির ব্তান্ত পাঠককে উপহার দিতে ইচ্ছা করি। সামন্তক মণির ব্তান্ত অতিপ্রকৃত পরিশ্বর্ণ। অতিপ্রকৃত অংশ বাদ দিলে বেট্রকু থাকিবে, ভাহাও কত দরে সভা, বলা যায় না। যাহা হউক, স্থলে ব্যান্ত পাঠককে শ্নাইতেছি।

সন্তাজিত নামে এক জন যাদৰ দ্বারকায় বাস করিতেন। তিনি একটি অতি উল্জেক্ত ক্রেক্তি ক্রেক্তেন্টা মণি প্রাপ্ত হইরাছিলেন। মণির নাম সামস্তক। কুক্ত সেই মণি দেখিরা বিবেচনা করিয়নিছলেন যে, ইহা যাদবাধিপতি উগ্রসেনেরই যোগ্য। কিন্তু জ্ঞাতিবিরোধ-ভরে সন্ত্রাজিতের নিকট মণি প্রার্থনা করেন নাই। কিন্তু সন্ত্রাজিত মনে ভয় করিলেন যে, কৃষ্ণ এই মণি চাহিবেন। চাহিলে তিনি রাখিতে পারিবেন না, এই ভয়ে মণি তিনি নিজে ধারণ না করিয়া আপনার প্রাভা প্রসেনকে দিয়াছিলেন। প্রসেন সেই মণি ধারণ করিয়া এক দিন মৃগ্রয়ার গিয়াছিলেন। বনমধ্যে একটা সিংহ তাঁহাকে হত করিয়া সেই মণি মনুথে করিয়া লইয়া চলিয়া যায়। জাম্বনান্ সিংহকে হত করিয়া সেই মণি গ্রহণ করে। জাম্বনান্ একটা ভয়নুক। কথিত আছে যে, সে ত্রেভাযুকো রামের বানরসেনার মধ্যে থাকিয়া রামের পক্ষে যুক্ষ করিয়াছিল।

এ দিকে প্রসেন নিহত এবং মণি অন্তহিত জানিতে পারিয়া দ্বারকাবাসী লোকে এইর প সন্দেহ कतिल रा, क्रस्कत यथन এই মণি লইবার ইচ্ছা ছিল, তখন তিনিই প্রসেনকে মারিয়া মণি গ্রহণ করিয়া থাকিবেন। এইরূপ লোকাপবাদ কৃষ্ণের অসহা হওয়ায় তিনি মণির সন্ধানে বহির্গত হইলেন। ষেখানে প্রসেনের মৃতদেহ দেখিজন, সেইখানে সিংহের পদচিক দেখিতে পাইলেন। তাহা সকলকে দেখাইয়া আপনার কলঞ্চ অপনীত করিলেন। পরে সিংহের পদ-চিহ্নান,সরণ করিয়া ভল্ল,কের পদচিহ্ন দেখিতে পাইলেন। সেই পদচিহ্ন ধরিয়া গর্ভের মধ্যে প্রবেশ করিলেন। তথায় জান্ববানের পুত্রপালিকা ধাত্রীর হস্তে সেই সামন্তক মণি দেখিতে পাইলেন। পরে জান্ববানের সঙ্গে যুদ্ধ করিয়া তাহাকে পরাভব করিলেন। তখন জান্ববান তাঁহাকে সামন্তক মণি দিল, এবং আপনার কন্যা জান্ববতীকে ক্রম্ভে সম্প্রদান করিল। ক্রম্ভ মণি লইয়া দ্বারকায় আসিয়া মণি সত্রাজিতকেই প্রত্যপণ করিলেন। তিনি পরস্ব কামনা করিতেন না। কিন্ত স্থাজিত, ক্লের উপর অভতপূর্বে কলম্ক আরোপিত করিয়াছিলেন, এই ভরে ভীত হইয়া, ক্লের তৃণ্টিসাধনার্থ আপনার কন্যা সত্যভামাকে ক্লে সম্প্রদান করিলেন। সত্যভামা সর্বজনপ্রার্থনীয় রূপবতী কন্যা ছিলেন। এজনা তিন জন প্রধান যাদব, অর্থাৎ শতখন্বা, মহাবীর কৃতবর্ম্মা এবং কৃঞ্চের পরম ভক্ত ও সূত্রং অনুর ঐ কন্যাকে কামনা করিয়াছিলেন। এক্ষণে সত্যভামা ক্রুডে সম্প্রদন্তা হওয়ায় তাঁহারা আপ্রনাদিগেক অত্যন্ত অপুমানিত বিবেচনা করিলেন এবং সন্ত্রাজিতের বধের জন্য ষড়বন্দ্র করিলেন। অকুর ও কৃতবন্দ্র্যা শতধন্বাকে পরামর্শ দিলেন যে, তুমি স্ত্রাজিতকে বধ করিয়া তাহার মণি চুরি কর। কৃষ্ণ তোমাদের যদি বিরুদ্ধাচরণ করেন, তাহা হইলে, আমরা তোমার সাহায্য করিব। শতধন্বা সম্মত হইয়া কদাচিৎ কৃষ্ণ বারণাবতে গমন করিলে, স্ত্রাজিতকে নিদ্রিত অবস্থায় বিনাশ করিয়া মণি চুরি করিলেন।

সতাভামা পিতবধে শোকাতরা হইয়া ক্ষের নিকট নালিশ করিলেন। কৃষ্ণ তখন দ্বারকায় প্রত্যাগমন করিয়া, বলরামকে সক্তে লইয়া, শতধন্বার বধে উদ্যোগী হইলেন। শ্রনিয়া শতধন্বা কৃতবন্দ্র্যা অকুরের সাহায্য প্রার্থনা করিলেন। তাঁহারা কৃষ্ণ বলরামের সহিত শন্ত্রতা করিতে অস্বীকৃত হইলেন। তখন শতধন্বা অগত্যা অকুরকে মণি দিয়া দ্রতগামী ঘোটকে আরোহণ-পূর্ব্বক পলায়ন করিলেন। কৃষ্ণ বলরাম রথে যাইতেছিলেন রথ ঘোটককে ধরিতে পারিল না। শতধন্বার অশ্বিনীও পথক্রান্তা হইয়া প্রাণত্যাগ করিল। শতধন্বা তখন পাদচারে পলায়ন করিতে লাগিল। ন্যায়যুদ্ধপরায়ণ কৃষ্ণ তখন রথে বলরামকে রাখিয়া দ্বয়ং পাদচারে শতখন্বার পশ্চাং ধাবিত হইলেন। কৃষ্ণ দুই দ্রোশ গিয়া শতধন্বার মন্তকচ্ছেদন করিলেন। কিন্তু মণি তাঁহার নিকট পাইলেন না। ফিরিয়া আসিয়া বলরামকে এই কথা বলিলে বলরাম তাঁহার কথায় বিশ্বাস করিলেন না। ভাবিলেন, মণির ভাগে বলরামকে বঞ্চিত করিবার জন্য ক্ষ মিথ্যা কথা বলিতেছেন। বলরাম বলিলেন, "ধিক তোমায়! তুমি এমন অর্থলোভী! এই পথ আছে, তুমি শ্বারকায় চলিয়া যাও; আমি আর শ্বারকায় যাইব না।" এই বলিয়া তিনি কৃষ্ণকে ত্যাগ করিয়া বিদেহ নগরে গিয়া তিন বংসর বাস করিলেন। এদিকে অক্ররও স্বারকা ত্যাগ করিয়া পলায়ন করিলেন। পরে যাদবগণ তাঁহাকে অভয় দিয়া প্রনর্ম্বার শ্বারকায় আনাইলেন। কৃষ্ণ তথন এক দিন সমস্ত যাদবগণকে সমবেত করিয়া অকুরকে বলিলেন যে, সামস্তক মণি তোমার নিকট আছে, আমরা তাহা জানি। সে মণি তোমারই থাক, কিন্তু সকলকে একবার দেখাও। অকুর ভাবিলেন, আমি বদি অস্বীকার করি, তাহা হইলে সন্ধান করিলে. আমার নিকট মণি বাহির হুইবে। অতএব তিনি অস্বীকার না করিয়া মণি বাহির করিলেন। তাহা দেখিয়া বলয়াম এবং সতাভাষা সেই মণি লইবার জনা অতিশর বাস্ত হইলেন। কিন্তু সতাপ্রতিজ্ঞ কৃষ্ণ সেই মাণ বলরাম বা সত্যভামা কাছাকেও দিলেন না, আপনিও লইলেন না, অফুরকেই প্রত্যপণি করিলেন।*

এই সামন্তকমণিব্যান্তেও ক্রের ন্যায়পরতা, স্বার্থশ্নোতা, সতাপ্রতিজ্ঞতা এবং কার্যাদক্ষতা অতি পরিস্ফুট। কিন্তু উপন্যাসটা সত্যমূলক বলিয়া বোধ হয় না।

সপ্তম পরিচেছদ-ক্ষের বহুবিবাহ

এই স্যামন্তক মণির কথায় কৃষ্ণের বহুবিবাহের কথা আপনা হইতেই আসিয়া পড়িতেছে। তিনি রুক্মিণীকে পুর্ব্বে বিবাহ করিয়াছিলেন, এক্ষণে এক স্যামন্তক মণির প্রভাবে আর দুটি ভার্ষ্যা, জাম্বতী এবং সত্যভামা, লাভ করিলেন। ইহাই বিষণ্পুর্বাণ বলেন. হরিবংশ এক পৈঠা উপর গিয়া থাকেন,—তিনি বলেন, দুইটি না. চারিটি। স্ব্রাজিতের তিনটি কন্যা ছিল,—স্ব্যভামা, প্রস্বাপিনী এবং রতিনী। তিনটিই তিনি শ্রীকৃষ্ণে অপুণি করিলেন। কিন্তু দুই চারিটায় কিছু আসিয়া যায় না—মোট সংখ্যা নাকি ষোজ হাজারের উপর। এইর্প লোকপ্রবাদ। বিষ্পুর্বাণে ৪ অংশে আছে, "ভগবতোহপ্যর মন্ত্র্যালাকেহবতীর্ণস্য যোড়শসহস্রাশ্যকোন্তর-শতাধিকানি স্বাণামভবন্।" ক্ষেপ্র ষোল হাজার এক শত এক স্বা। কিন্তু ঐ প্রাণের ও অংশের ২৮ অধ্যায়ে প্রধানাদিগের নাম করিয়া প্রগণকার বলিতেছেন, রুক্মিণী ভিন্ন "জন্যাণ্ট ভার্য্যাঃ কৃষ্ণস্য বভূব্ঃ সপ্ত শোভনাঃ।" তার পর, "ষোড়শাসন্ সহস্রাণি স্বাণামন্যানি চিন্নশঃ।" তাহা হইলে, দাঁড়াইল ষোল হাজার সাত জন। ইহার মধ্যে ষোল হাজার নরককন্যা। সেই আষাঢ়ে গণ্প বলিয়া আমি ইতিপ্রেবহি বাদ দিয়াছি।

গলপটা কত বড় আবাঢ়ে, আর এক রকম করিয়া ব্রাই। বিষণ্প্রাণের চতুর্থ অংশের ঐ পণ্ডদশ অধ্যায়ে আছে যে, এই সকল দ্বীর গর্ভে কৃষ্ণের এক লক্ষ আশী হাজার প্র জন্ম। বিষণ্প্রাণেই কথিত হইয়াছে যে, কৃষ্ণ এক শত প'চিশ বংসর ভূতলে ছিলেন। হিসাব করিলে, কৃষ্ণের বংসরে ১৪৪০টি প্র. ও প্রতিদিন চারিটি প্র জন্মিত। এ স্থলে এইর্প কল্পনা করিতে হয় যে, কেবল কৃষ্ণের ইচ্ছায় কৃষ্ণমহিষীরা প্রবতী হইতেন।

এই নরকাস্বরের বোল হাজার কন্যার আষাঢ়ে গল্প ছাড়িয়া দিই। কিন্তু তন্তিম আট জন "প্রধানা" মহিষীর কথা পাওয়া বাইতেছে। এক জন রুক্ষিণী। বিষ্ণুপুরাণকার বলিয়াছেন, আর সাত জন। কিন্তু ৫ অংশের ২৮ অধ্যায়ে নাম দিতেছেন আট জনের যথা—

"কালিন্দী মিত্রবিন্দা চ সত্যা নাম্মাজতী তথা। দেবী জান্ববতী চাশি রোহিদী কামর্পিণী॥ মদ্ররাজস্তা চান্যা স্শীলা শীলমণ্ডনা। সাত্রাজিতী সত্যভামা লক্ষ্মণা চার্হাসিনী॥"

১। का**निन्मी**

৫। রোহিণী (ইনি কামর্পিণী)

২। মিত্রবিশ্য

৬। মদুরাজস্তা স্শীলা

৩। নগ্নজিঞ্কন্যা সভ্যা

৭। স্ত্রাজিতকন্যা সত্যভাষা

৪। জাশ্ববতী

४। लक्नाना

র_্রিশী লইরা নর জন হইল। আবার ৩২ অধ্যারে আর এক প্রকার। কৃঞ্চের প্রগণের নামকীর্ত্তন হইতেছে:—

প্রদান্দাদ্যা হরেঃ পরা র্ক্সিণ্যাঃ কথিতান্তব। ভান্ং ভৈমরিকদ্বৈ সত্যভামা ব্যক্তায়ত॥ ১ ॥ দীপ্রিমান্ তামপক্ষাদ্যা রোহিণ্যাং তনরা হরেঃ। বড়ব্রুক্তিব্রুবত্যাপ্ত শাদ্বাদ্যা বাহুশালিনঃ॥ ২ ॥

- * अवेत्र विकृत्याता आरमः वित्रवरण वालान, कृष्ण आर्थानवे भीन थात्रण कतिरासनः
- ा विकाशताम, 8 वर, 56 वर, 551

তনরা ভদ্রবিন্দাদ্যা নাগ্রজিত্যাং মহাবলাঃ। সংগ্রামজিৎপ্রধানাস্থ শৈব্যায়াস্থভবন্ স্তাঃ॥ ৩ ॥ ব্ৰাদ্যাস্থ সন্তা মাদ্যাং গাত্ৰংপ্ৰমন্থান্ সন্তান্। অবাপ লক্ষ্মণা প্রাঃ কালিন্দ্যাণ্ড প্রতাদয়ঃ॥ ৪ ॥

এই তালিকায় পাওয়া গেল, বুক্মিণী ছাড়া,

১। সত্যভামা (৭) ৫। रेगवाा (२) २। त्राशिंगी (७) ৬। মাদ্রী (৬) ৩। জাম্ববতী (৪) वाकाना (४) ৪। নাগ্ৰজতী (৩) ४। कानिन्मी (১)

কিন্তু ৪র্থ অংশের ১৫ অধ্যায়ে আছে, "তাসাঞ্চ র, ব্বিণী-সত্যভামাজাম্ববতী-জালহাসিনী-প্রমুখা অন্টো পত্নঃ প্রধানাঃ।" এখানে আবার সব নাম পাওয়া গেল না, নতেন নাম "জালহাসিনী" একটা পাওয়া গেল। এই গেল বিষ্ণুপুরাণে। হরিবংশে আরও গোলযোগ।

হরিবংশে আছে:-

र्मारयौः সম্ত कलाागौद्धरणारुना। यथ्नापनः। উপবেমে মহাবাহ্ম(ণোপেতাঃ কুলোশাতাঃ॥ কালিন্দীং মিত্রবিন্দান্ত সত্যাং নাগ্রজিতীং তথা। স,তাং জাম্ববতম্চাপি রোহিণীং কামর্পিণীম্।। মদ্রাজস্তাঞ্চাপি স্শীলাং ভদ্রলোচনাম্। সাত্রাজিতীং সত্যভামাং লক্ষ্মণাং জালহাসিনীম্। শৈব্যস্য চ সতুাং তব্বীং রূপেণাপ্সরসাং সমাং॥ ১১৮ অধ্যায়ঃ, ৪০-৪৩ শ্লোকঃ।

এখানে পাওয়া যাইতেছে যে, লক্ষ্মণাই জালহাসিনী। তাহা ধরিয়াও পাই,—

(১) कानिन्मी।

(৫) রোহিণী।

(২) মিত্রবিন্দা।

(७) मानी म्भीना।

(৩) সত্যা। (৪) জাম্ববং-স্তা।

(৭) স্থাজিতকন্যা সত্যভামা। (४) जामशांत्रनी नकामा।

(৯) শৈবাা।

ক্রমেই শ্রীবৃদ্ধি—রুক্মিণী ছাড়া নয় জন হইল। এ গেল ১১৮ অধ্যায়ের তালিকা। হরিবংশে আবার ১৬২ অধ্যায়ে আর একটি তালিকা আছে, যথা—

> অন্টো মহিষ্যঃ প্রিণ্য ইতি প্রাধান্যতঃ স্মৃতাঃ। সর্বা বীরপ্রজাশ্চেব তাস্বপত্যানি মে শ্শু॥ র, বিশা সত্যভামা চ দেবী নাগ্রজিতী তথা। স্কেত্তা চ তথা শৈব্যা লক্ষ্মণা জালহাসিনী॥ মিত্রবিন্দা চ কালিন্দী জাম্ববতাথ পৌরবী। স্ভীমাচ তথা মাদ্রী * * *

ইহাতে পাওঁয়া গেল. র, বিশা ছাড়া,

(১) সত্যভাষা।

(७) भिविवन्मा।

(২) নাগ্রজিতী।

(१) कानिन्ही।

(७) म्मखा।

. (৮) জাস্ববতা। (৯) পোরবা।

(৪) শৈব্যা।

(১০) স্ভীমা।

(৫) मक्रामा जामशामिनीः

(১১) शसी।

হরিবংশকার ঋষি ঠাকুর, আট জন বলিকা র, জিণী সমেত বার জনের নাম দিলেন।

विष्कम ब्रह्मावणी

তাহাতেও ক্ষান্ত নহেন। ইহাদের একে একে সন্তানগণের নামকীর্ত্তনে প্রবৃত্ত হইলেন। তখন আবার বাহির হইল—

(১২) मूर्पवा।

(১৪) কৌশিকী।

(১৩) উপাসঙ্গ।

(১৫) স্তসোমা।

(১৬) যৌর্ঘাণ্ঠরী।*

- এ ছাড়া প্ৰেৰ্ব সন্ত্ৰাজিতের আর দুই কন্যা ব্রতিনী এবং প্রস্বাপিনীর কথা বলিয়াছেন। এ ছাড়া মহাভারতের ন্তুন দুইটি নাম পাওয়া যায়—গান্ধারী ও হৈমবতী।† সকল নামগ্রিল একত্র করিলে, প্রধানা মহিষী কতকগ্রাল হয় দেখা যাউক। মহাভারতে আছে,—
 - (১) র ক্রিণী।

(৪) শৈব্যা।

(২) সত্যভামা।

(৫) হৈমবতী।

(৩) গান্ধারী।

(৬) জাম্ববতী।

মহাভারতে আর নাম নাই, কিন্তু "অন্যা" শব্দাটা আছে। তার পর বিষ**্প**্রাণের ২৮ অধ্যায়ে ১, ২, ৩, ছাড়া এই কয়টা নামও পাওয়া যায়।

(৭) কালিন্দী।

(১০) রোহিণী।

(৮) মিত্রবিন্দা।

(১১) মাদ্রী।

(৯) সত্যা নাগ্রজিতী।

(১২) नक्साना जानशामिनौ।

বিষদ্পরোণের ৩২ অধ্যায়ে তদতিরিক্ত পাওয়া যায়, শৈব্যা। তাঁহার নাম উপরে লেখা আছে। তার পর হরিবংশের প্রথম তালিকা ১১৮ অধ্যায়ে, ইহা ছাড়া ন্তন নাম নাই, কিন্তু ১৬২ অধ্যায়ে ন্তন পাওয়া যায়।

(১৩) সাদত্তা।

(১৪) পোরবী।

(১৫) সূভীমা।

এবং ঐ অধ্যায়ে সম্ভানগণনায় পাই,

(১৬) সাদেবা।

(১৮) কৌশকী।

(১৭) উপাসঙ্গ।

(১৯) স্তুত্সোমা।

(২০) যৌর্ঘণ্ঠিরী।

এবং সতাভামার বিবাহকালে কুঞ্চে সম্প্রদন্তা.

(২১) ব্রতিনী।

(২২) প্রস্বাগিনী।

আট জনের জায়গায় ২২ জন পাওয়া গেল। উপন্যাসকার্রাদগের খ্ব হাত চলিয়াছিল, এ কথা স্পন্ট। ইহার মধ্যে ১৩ হইতে ২২ কেবল হরিবংশে আছে। এই জন্য ঐ ১০ জনকে ত্যাপ করা যাইতে পারে। তব্ থাকে ১২ জন। গান্ধারী ও হৈমবতীর নাম মহাভারতের মৌসলপর্শ্ব ভিন্ন আর কোথাও পাওয়া যায় না। মৌসলপর্শ্ব যে মহাভারতে প্রক্ষিপ্ত, তাহা পরে দেখাইব। এজন্য এই দুই নামও পরিত্যাগ করা যাইতে পারে। বাকি থাকে ১০ জন।

জাম্ববতীর নাম বিষ্ণুপুরাণের ২৮ অধ্যায়ে এইরুপ লেখা আছে,—

"দেবী জাম্ববতী চাপি রোহিণী কামর্পিণী।"

হরিবংশে এইর প.—

"সূতা জান্ববতশ্চাপি রোহিণী কামর্পিণী।"

ইহার অর্থে যদি বুঝা যায়, জাম্ববংস,তাই রোহিণী, তাহা হইলে অর্থ অসকত হয় না,

- * ই'হারাও প্রধানা অন্টের ভিতর গণিত হইয়াছেন। 'তাসামপত্যান্টানাং ভগবন্ প্রবীতে মে।' ইহার উত্তরে এ সকল মহিবীর অপতা কৃষিত হইতেছে।
 - † রুক্তিণী তথ গাজারী শৈব্যা হৈমবতীত্যপি। দেবী জান্ববতী চৈব বিবিশ্বস্থাত্বেদসম্।

মৌসলপর্য ৭ অধ্যার।

বরং সেই অর্থই সঙ্গত বোধ হয়। অতএব জাস্ববতী ও রোহিণী একই। বাকি থাকিল ৮ জন।

সত্যভাষা ও সত্যাও এক। তাহার প্রমাণ উদ্ধৃত করিতেছি। সন্তান্ধিতবধের কথার উত্তরে

"কৃষ্ণঃ সত্যভামামমর্য তামলোচনঃ প্রাহ, সত্যে, মমৈষাবহাসনা।"

অর্থাৎ কৃষ্ণ দ্রোধারক্ত লোচনে সত্যভাষাকে বলিলেন, "সত্যে! ইহা আমারই অবহাসনা।" প্রশ্চ পশ্চমাংশের ৩০ অধ্যায়ে, পারিজাতহরণে কৃষ্ণ সত্যভাষাকে বলিতেছেন,—

"সত্যে! যথা ছমিত্যক্তং ছয়া কৃষ্ণাসকৃংপ্রিয়ম্।"

আবাশক হইলে, আরও ভূরি ভূরি প্রমাণ দেওয়া যাইতে পারে। ইহা যথেষ্ট।

অতএব এই দশ জনের মধ্যে, সত্যা সত্যভামারই নাম বলিয়া পরিত্যাগ করিতে হইল। এখন আট জন পাই। যথা—

১। বুলিয়াণী ৫। কালিন্দী ২। সত্যভামা ৬। মিত্রবিন্দা ৩। জান্ববতী ৭। মাদ্রী

८। देनता८। कालशामिनी लक्काना

ইহার মধ্যে পাঁচ জন-শৈব্যা, কালিন্দী, মিত্রবিন্দা, লক্ষ্মণা ও মাদ্রী স্পৌলা-ই'হারা তালিকার মধ্যে আছেন মাত্র। ই'হাদের কখনও কার্য্যক্ষেত্রে দেখিতে পাই না। ই'হাদের কবে বিবাহ হইল, কেন বিবাহ হইল, কেহ কিছু বলে না। কৃষ্ণজীবনে ই'হাদের কোন সংস্পর্শ नारे। रे'राम्त भूतात जानिका कृष्णभूतात जानिकात मार्था विष्यूभूतानकात निश्चाहिन वर्छ. কিন্তু তাঁহাদিদাকে কখনও কর্ম্মক্ষেত্রে দেখি না। ই হারা কাহার কন্যা, কোন্ দেশসম্ভূতা, তাহার কোন কথা কোথাও নাই। কেবল, সুশীলা মদ্রবাজকন্যা, ইহাই আছে। কুঞ্চের সমসাময়িক মদুরাজ, নকুল সহদেবের মাতৃল, করুক্ষেত্রের বিখ্যাত রথী শল্য। তিনি ও কৃষ্ণ কুরুক্ষেত্রে সপ্তদশ দিন, পরস্পরের শন্ত্রসেনা মধ্যে অবন্থিত। অনেক বার তাঁহাদের সাক্ষাৎ হইয়াছে। कुक मन्द्रक्षीय जात्मक कथा मनारक दीनारा इरेग्रारह, मना मन्द्रक्षीय कथा कुक्षरक दीनारा इरेग्रारह। कृष्ण जन्दन्तीय अत्नक कथा भनारक मानिएक दशाएह भना जन्दनीय अत्नक कथा कृष्णक । म् निर्देश रहेशारह। এक भनक जना किह्न एउटे প्रकाम नाटे या, क्रुक्त मालात जामाणा, ता ভগিনীপতি, বা তাদৃশ কোন সম্বন্ধবিশিষ্ট। সম্বন্ধের মধ্যে এইট্রকু পাই যে, শল্য কর্ণকে वीनग्राट्यन, 'अन्छ्र्न ও वाम्राट्सवटक अथनरे विनाम कत्र'। कृष्ण्य याधिर्धितटक मनावट्य नियास्ट कतिया जारात यमन्तर्भ रहेलान। कृष्ण य मानीक विवार कतिया हिलान, हेरा मन्भू व भिष्या विनयारे त्याथ रहा। देनवा, कानिन्दी, भिवितन्द्रा अवर नक्स्मान कुन्द्रानी, एन अवर বিবাহব, তান্ত কিছুই কেহ জানে না। তাঁহারাও কাব্যের অলঞ্চার, সে বিষয়ে আমার সংশয় হর না।

কেন না, কেবল মাদ্রী নয়, জান্ববতী রোহিণী ও সত্যভামাকেও ঐর্প দেখি। জান্ববতীর সঙ্গে কালিন্দী প্রভৃতির প্রভেদ এই বে, তাঁহার পত্র শান্বের নাম. আর পাঁচ জন বাদবের সঙ্গে মধ্যে মধ্যে দেখা যায়। কিন্তু শান্ব কার্যক্ষেত্রে অবতীর্ণ, কেবল এক লক্ষ্মণাহরণে। লক্ষ্মণাহরণে লক্ষ্মণাহরণে বাদ কিছু সত্য থাকিত, তবে মহাভারতে লক্ষ্মণাহরণ থাকিত। তাহা নাই। লক্ষ্মণাহরণ ভিল্ল বদ্বংশধ্বংসেও শান্বের নায়কতা দেখা যায়। তিনিই পেটে ম্সল জড়াইয়া মেয়ে সাজিরাছিলেন। আমি এই গ্রন্থের সপ্তম খন্ডে বলিরাছি যে. এই মোসলপর্য প্রক্রিও। ম্সল-বটিত ব্যান্তটা অতিপ্রকৃত, এজনা পরিত্যাজ্য। জান্ববতীর বিবাহের পরে স্ভৃত্যার বিবাহ,—অনেক পরে। স্ভ্রার পোঁর পরিক্রিং যথন ৩৬ বংসপ্রের, তথন বদ্বংশধ্বংস। স্ত্রাং যদ্বংশধ্বংসের সময় শান্ব প্রাচীন। প্রাচীন ব্যক্তির পর্ভিণী সাজিরা ছাবিদের ঠকাইতে যাওয়া অসম্ভব। জান্ববতী নিজে ভল্লকন্যা, ভল্লকী। ভল্লকৌ কৃষ্ণভার্যা বা কোন মানুবের ভার্যা ইইতে পারে না। এই জন্য রোহিণীকে কামর্ণিশী বলা হইয়াছে। কামর্পিশী কেন না, ভল্লকী হইরাও মানবর্গিশী হইতে পারিতেন। কামর্ণিশী ভল্লক্লীতে

আমি বিশ্বাসবান্ নহি, এবং কৃষ্ণ ভল্পন্তকন্যা বিবাহ করিয়াছিলেন, তাহাও বিশ্বাস করিতে

সত্যভামার পরে ছিল শর্নি, কিন্তু তাঁহারা কখনও কোন কার্যাক্ষেরে উপস্থিত নহেন। তাঁহার প্রতি সন্দেহের এই প্রথম কারণ। তবে সত্যভামা নিজে রুক্মিণীর ন্যায় মধ্যে মধ্যে কার্যাক্ষেরে উপস্থিত বটে। তাঁহার বিবাহব্তান্তও সবিস্তারে আলোচনা করা গিয়াছে।

মহাভারতের বনপর্শ্বের মার্ক ভেরসমস্যা-পর্শাধ্যারে সত্যভামাকে পাওয়া বায়। ঐ পর্শ্বাধ্যায় প্রক্রিপ্ত; মহাভারতের বনপর্শ্বের সমালোচনাকালে পাঠক তাহা দেখিতে পাইবেন। ঐখানে দ্রোপদীসত্যভামাসংবাদ বলিয়া একটি ক্ষুদ্র পর্শ্বাধ্যায় আছে, তাহাও প্রক্রিপ্ত। মহাভারতীয় কথার সঙ্গে তাহার কোন সন্বন্ধ নাই। উহা স্বামীর প্রতি স্ক্রীর কির্প আচরণ কর্ত্বা, তৎসন্বন্ধীয় একটি প্রবন্ধ্যায়। প্রবন্ধটার লক্ষ্প আধ্যনিক।

তার পর উদ্যোগপর্বেও সত্যভামাকে দেখিতে পাই—যানসন্ধি-পর্বাধ্যায়ে। সে শ্থানও প্রাক্ষিপ্ত, যানসন্ধি-পর্বাধ্যায়ের সমালোচনা কালে দেখাইব। কৃষ্ণ, কুর্কুক্ষেত্রের যুদ্ধে বরণ হইরা উপপ্রব্য নগরে আসিয়াছিলেন—ব্দ্ধায়ায় সত্যভামাকে সঙ্গে আনিবার সম্ভাবনা ছিল না, এবং কুর্ক্ষেত্রের যুদ্ধে যে সত্যভামা সঙ্গে ছিলেন না, তাহা মহাভারত পড়িলেই জানা যায়। যুদ্ধপর্বাধ্যকলে এবং তংপরবন্তী পর্বাধ্যকলৈ কোথাও আর সত্যভামার কথা নাই।

কেবল কৃষ্ণের মানবলীলাসম্বরণের পর, মৌসলপর্ব্বে সত্যভামার নাম আছে। কিন্তু মৌসলপর্বাও প্রক্রিপ্ত, তাহাও পরে দেখাইব।

ফলতঃ মহাভারতের যে সকল অংশ নিঃসন্দেহে মোলিক বলিরা স্বীকার করা যাইতে পারে, তাহার কোথাও সত্যভামার নাম নাই। প্রক্রিপ্ত অংশ সকলেই আছে। সত্যভামা সম্বন্ধীয় সন্দেহের এই দ্বিতীয় কারণ।

তার পর বিষ্ণুপ্রাণ। বিষ্ণুপ্রাণে ই'হার বিবাহব্তান্ত সামন্তক মণির উপাধ্যানমধ্যে আছে। যে আষাঢ়ে গল্পে কৃষ্ণের সঙ্গে ভক্লাকস্তার পরিণর, ই'হার সঙ্গে পরিণার সেই আষাঢ়ে গল্পে। তার পর কথিত হইয়াছে যে, এই বিবাহের জন্য দ্বের্ঘবিশিষ্ট হইয়া শতধন্বা সত্যভামার পিতা সন্তাজিতকৈ মারিয়াছিলেন। কৃষ্ণ তথন বারশাবতে, জতুগ্হদাহপ্রবাদ জন্য পাশুবদিগের অন্বেষণে গিয়াছিলেন। সেইখানে সত্যভামা তাঁহার নিকট নালিশ করিয়া পাঠাইলেন। কথাটা মিখ্যা। কৃষ্ণ কথন বারণাবতে বান নাই—গেলে মহাভারতে থাকিত। তাহা নাই। এই সকল কথা সন্দেহের তৃতীয় কারণ।

তার পর, বিষ্ণুপ্রাণে সত্যভামাকে কেবল পারিজাতহরণব্তান্তে পাই। সেটা অনৈসগিকি জলীক ব্যাপার; প্রকৃত ও বিশ্বাসধোগ্য ঘটনায় তাঁহাকে বিষ্ণুপ্রাণে কোথাও পাই না। সন্দেহের এই চতর্থ কারণ।

মহাভারতে আদিপব্বে সন্তব-পর্বাধ্যায়ের সপ্তবিট্ট অধ্যায়ের নাম 'অংশাবতরণ'।
মহাভারতের নারকনায়িকাগণ কে কোন্ দেব দেবী অসরে রাক্ষসের অংশ জনিময়াছিল, তাহাই
ইহাতে লিখিত হইয়াছে। শেষভাগে লিখিত আছে যে, কৃষ্ণ নারায়ণের অংশ, বলরাম শেষ
নাগের অংশ, প্রদানন সনংকুমারের অংশ, দ্রোপদী শচীর অংশ, কুন্তী ও মার্রী সিদ্ধি ও যুতির
অংশ। কৃষ্ণমহিষীগণ সম্বদ্ধে লেখা আছে যে, কৃষ্ণের যোড়শ সহস্র মহিষী অপ্সরাগণের অংশ
এবং র্দ্ধিণী লক্ষ্ণী দেবীর অংশ। আর কোনও কৃষ্ণমহিষীর নাম নাই। সন্দেহের এই পশুম
কারণ। সন্দেহের এ কারণ কেবল সত্যভামা সম্বদ্ধে নহে। র্দ্ধিণী ভিন্ন কৃষ্ণের সকল প্রধানা
মহিষীদিগের প্রতি বর্তো। নরকের যোড়শ সহস্র কন্যার অনৈসগিক কথাটা ছাড়িয়া দিলে,
র্দ্ধিণী ভিন্ন কৃষ্ণের আর কোনও মহিষী ছিল না, ইহাই মহাভারতের এই অংশের দারা
প্রমাণিত হয়।

ভল্লকেদোহিত শাল্ব সন্বন্ধে যাহা বলিরাছি, তাহা বাদ দিলে, র্ন্ধিণী ভিল্ল আর কোনও কুমাহিবীর প্র সোত্ত কাহাকেও কোন কন্মক্ষেত্র দেখা যার না । র্ন্ধিণীবংশই রাজা হইল— আর কাহারও বংশের কেহ কোষাও রহিল না

এই সকল কারণে আমার খুব সন্দেহ বে, কৃষ্ণের একাধিক মহিষী ছিল না। এমন হইতেও পারে, ছিল। তখনকার এই রীভিই ছিল। পঞ্চ পাশ্ডবের সকলেরই একাধিক মহিষী ছিল। আদর্শ ধান্দিকে ভৌন্ম, কনিন্ট দ্রাতার জন্য কাশিরাজার তিনটি কন্যা হরণ করিরা আনিয়াছিলেন। একাধিক বিবাহ যে কৃষ্ণের অনভিমত, এ কথাটাও কোথাও নাই; আমিও বিচারে কোথাও পাই নাই যে, প্রেবের একাধিক বিবাহ সকল অবস্থাতে অধন্ম। ইহা নিশ্চিত বটে যে, সচরাচর অকারণে প্রেবের একাধিক বিবাহ সকল অবস্থাতে অধন্ম। ইহা নিশ্চিত বটে যে, সচরাচর অকারণে প্রেবের একাধিক বিবাহ অধন্ম। কিন্তু সকল অবস্থাতে নহে। যাহার পত্নী কুঠগ্রন্থ বা এর্প র্ম যে, সে কোন মতেই সংসারধন্মের সহায়তা করিতে পারে না, তাহার যে দারান্তরপরিগ্রহ পাপ, এমন কথা আমি ব্রিতে পারি না। যাহার দ্বী ধন্মপ্রতিট কুলকলিকিনী, সে যে কোন আদালতে না গিয়া দ্বিতীয় বার দারপরিগ্রহ করিতে পারিবে না, তাহা আমাদের ক্ষুদ্র ব্রিভিতে আসে না। আদালতে যে গোরবব্দ্ধি হয়, তাহার উদাহরণ আমরা সভ্যতর সমাজে দেখিতে পাইতেছি। যাহার উত্তরাধিকারীর প্রয়োজন, কিন্তু দ্বী বন্ধা, সে যে কেন দারান্তর গ্রহণ করিবে না, তা ব্রিতে পারি না। ইউরোপে বিহ্লার নিকট শিখিয়াছিল যে, কোন অবস্থাতেই দারান্তর গ্রহণ করিতে নাই। যাদ ইউরোপের এ কুশিক্ষা না হইত, তাহা হইলে, বোনাপার্টিকে জসেফাইনের বন্ধান করিতে নাই। যাদ ইউরোপের এ কুশিক্ষা না হইত, তাহা হইলে, বোনাপার্টিকে জসেফাইনের বন্ধান ক্ষার পাত ঘোর নারকী পাতকে পতিত হইতে ইত না; অন্টম হেন্রীকে কথায় কথায় পত্নীহন্তা করিতে হইত না। ইউরোপে আজি কালি সভ্যতার উজ্জ্বলালোকে এই কারণে অনেক পত্নীহন্তা, পতিহত্যা হইতেছে। আমাদের শিক্ষিত সম্প্রদারের বিশ্বাস, যাহাই বিলাতী, তাহাই চমংকার, পবিত্র, দোষশ্না, উদ্ধর্নাথঃ চতুর্দ্ধে প্রক্রিলাতও আমাদের কারেণ। আমার বিশ্বাস, আমরা যেমন বিলাতের কাছে অনেক শিথিতে পারি, বিলাতও আমাদের কাছে অনেক শিথিতে পারে। তাহার মধ্যে এই বিবাহতত্ব একটা কথা।

কৃষ্ণ একাধিক বিবাহ করিয়াছিলেন কি না, সে বিষয়ে কোন গণনীয় প্রমাণ নাই, ইহা দেখিয়াছি। যদি করিয়া থাকেন, তবে কেন করিয়াছিলেন, তাহারও কোন বিশ্বাস্যোগ্য ইতিবৃত্ত নাই। যে যে তাঁহাকে সামস্তক মণি উপহার দিল, সে সঙ্গে সঙ্গে অমনি একটি কন্যা উপহার দিল, ইহা পিতামহীর উপক্ষা। আর নুরকরাজার ষোল হাজার মেয়ে, ইহা প্রপিতামহীর

উপকথা। আমরা শ্নিয়া খ্সী—বিশ্বাস করিতে পারি না।

চতুর্থ খণ্ড

डेम्म<u>श्र</u>ुख

অকুণ্ঠং সর্ব্বকার্য্যের ধন্মবাধ্যার্থমন্দ্যতম্। বৈকুণ্ঠস্য চ যদ্রুপং তস্মৈ কার্য্যান্থনে নমঃ॥ শান্তিপর্বাদি, ৪৭ অধ্যায়ং।

প্রথম পরিচ্ছেদ—দ্রোপদীস্বয়ংবর

মহাভারতে কৃষ্ণকথা যাহা আছে, তাহার কোন্ অংশ মোলিক এবং বিশ্বাসযোগ্য তাহার নির্ম্বাচন জন্য প্রথম খণ্ডে যে সকল নিয়ম সংস্থাপন করিয়াছি, এক্ষণে আমি পাঠককে সেই সকল সমরণ করিতে অনুরোধ করি।

মহাভারতে কৃষ্ণকে প্রথম দ্রোপদীন্দ্রয়ংবরে দেখিতে পাই। আমার বিবেচনায় এই অংশের মোলিকতায় সন্দিহান হইবার কারণ নাই। লাসেন্ সাহেব, দ্রোপদীকে পাঞ্চালের পঞ্চ জাতির একীকরণন্দ্রর্প পাঞ্চালী বলিয়া, দ্রোপদীর মানবীত্ব উড়াইয়া দিয়াছেন, ইহা প্রের্ব বিলয়াছি। আমিও বিশ্বাস করি না যে, যজ্ঞের অগ্নি হইতে দ্রুপদ কন্যা পাইয়াছিলেন, অথবা সেই কন্যার পাঁচটি স্বামী ছিল। তবে দ্রুপদের ঔরসকন্যা থাকা অসম্ভব নহে, এবং তাহার স্বয়ংবর বিবাহ হইয়াছিল, এবং সেই স্বয়ংবরে অব্জর্মন লক্ষ্যবেধ করিয়াছিলেন, ইহা অবিশ্বাস করিবার কারণ নাই। তার পর, তাহার পাঁচ স্বামী হইয়াছিল, কি এক স্বামী হইয়াছিল, সে কথার মীমাংসায় আমাদের কোন প্রয়োজন নাই।*

কৃষ্ণকে মহাভারতে প্রথম দ্রোপদীস্বয়ংবরে দেখি। সেথানে তাঁহার দেবত্ব কিছুই স্চিত হয় নাই। অন্যান্য ক্ষরিয়দিগের ন্যায় তিনি ও অন্যান্য যাদবেরা নিমন্তিত হইয়া পাঞ্চালে আসিয়াছিলেন। তবে অন্যান্য ক্ষরিয়েরা দ্রোপদীর আকাংক্ষায় লক্ষ্যবেধে প্রয়াস পাইয়াছিলেন. কিন্তু যাদবেরা কেহই সে চেণ্টা করে নাই।

পান্ডবেরা এই সভায় উপস্থিত হইয়াছিলেন। কিন্তু নির্মান্তত হইয়া নহে। দুর্য্যোধন তাঁহাদিগের প্রাণহানি করিবার চেন্টা করিয়াছিলেন। তাঁহারা আত্মরক্ষার্থে ছন্মবেশে বনে বনে প্রমণ করিতেছিলেন। এক্ষণে দ্রৌপদীন্বরংবরের কথা শ্রনিয়া ছন্মবেশে এখানে উপস্থিত।

এই সমবেত ব্যক্ষণ-ক্ষতিয়-মণ্ডল মধ্যে কেবল কৃষ্ণই ছন্মবেশযুক্ত পাণ্ডবিদিগকে চিনিয়াছিলেন। ইহা যে তিনি দৈবশক্তি প্রভাবে জানিতে পারিয়াছিলেন, এমন ইঙ্গিত মার নাই। মনুমাব্দিতেই তাহা ব্রিয়াছিলেন, তাঁহার উক্তিতেই ইহা প্রকাশ। তিনি বলদেবকে বলিতেছেন, "মহাশয়! যিনি এই বিস্তুর্গি শরাসন আকর্ষণ করিতেছেন, ইনিই অর্জ্জ্বন, তাহাতে আর সন্দেহ নাই। আর যিনি বাহ্বলে বৃক্ষ উৎপাটনপূর্বক নির্ভয়ে রাজমণ্ডলে প্রবিষ্ট ইইতেছেন, ইংহার নাম ব্কোদর।" ইত্যাদি। ইহার পরে সাক্ষাৎ হইলে যথন তাঁহাকে যুখিষ্ঠির জিজ্ঞাসা করিয়াছিলেন, "কি প্রকারে তুমি আমাদিগকে চিনিলে?" তাহাতে তিনি উত্তর করিয়াছিলেন, "ভস্মাচ্ছাদিত বহি কি লুকান থাকে?" পাণ্ডবিদগকে সেই ছন্মবেশে চিনিতে পারা অতি কঠিন; আর কেহ যে চিনিতে পারে নাই, তাহা বিস্ময়কর নহে; কৃষ্ণ যে চিনিতে পারিয়াছিলেন— স্বাভাবিক মানুষব্দিজতেই চিনিয়াছিলেন— ইহাতে কেবল ইহাই বুঝায় যে, অন্যান্য মনুষ্যাপেক্ষা তিনি তীক্ষাবৃদ্ধি ছিলেন। মহাভারতকার এ কথাটা কোথাও পরিজ্ঞার

"সমবারে ততো রাজ্ঞং কন্যাং ভর্তৃস্বরংবরাম্। প্রাপ্তবানন্দ্রনঃ কৃষাং কৃষা কন্ম স্বন্ন্দ্রম্॥" ১২৫॥

^{*} প্রের্ব বলিয়াছি যে, মহাভারতের পর্ব্বসংগ্রহাধ্যায়ে কথিত হইয়ছে যে, অনুক্রমণিকাধ্যায়ে ব্যাসদেব ১৫০ শ্লোকে মহাভারতের সংক্ষিপ্ত বিবরণ রচিত করিয়াছেন। ঐ অনুক্রমণিকার সংক্ষিপ্ত বিবরণে দ্রোপদীস্বরংবরের কথা আছে, কিন্তু পণ্ড পাশ্ডবের সঙ্গে যে তাঁহার বিবাহ হইয়াছিল, এমন কথা নাই। অক্ষ্রনাই তাঁহাকে লাভ করিয়াছিলেন, এই কথাই আছে।

করিয়া বলেন নাই; কিন্তু কৃষ্ণের কার্য্যে সর্পত্ত দেখিতে পাই যে, তিনি মন্য্যব্যদ্ধতে কার্য্য করেন বটে, কিন্তু তিনি সর্পাপেক্ষা তীক্ষাব্যদ্ধি মন্যা। এই ব্যদ্ধতে কোথাও ছিদ্র দেখা বার না। অন্যান্য ব্যত্তির ন্যায় তিনি ব্যদ্ধতেও আদর্শ মন্যা।

অনস্তর অব্দ্রন লক্ষ্য বি'ধিলে সমাগত রাজাদিগের সঙ্গে তাঁহার বড় বিবাদ বাধিল। অম্পর্ন ভিক্ষ, করামাণবেশধারী। একজন ভিক্ষ, ক রামাণ বড় বড় রাজাদিগের মুখের গ্রাস काष्ट्रिया महेया याहेरत. हेशा जांशांमिलात महा हहेम ना। जांशता अर्ब्स्टानत छेभत आक्रमण করিলেন। যত দূরে যুদ্ধ হইয়াছিল, তাহাতে অর্জ্জনই জয়ী হইয়াছিলেন। এই বিবাদ ক্লেব কথার নিবারণ হইরাছিল। মহাভারতে এইট্রকু কুঞ্চের প্রথম কাজ। তিনি কি প্রকারে বিবাদ মিটাইরাছিলেন, সেই কথাটা বলাই আমাদের উদ্দেশ্য। বিবাদ মিটাইবার অনেক উপায় ছিল। তিনি নিজে বিখ্যাত বীরপ্রেষ, এবং বলদেব, সাত্যকি প্রভৃতি অদ্বিতীয় বীরেরা তাঁহার সহায় ছিল। অর্জ্জন তাঁহার আত্মীয়-পিতৃত্বসার পুত্র। তিনি যাদর্বাদগকে লইয়া সমরক্ষেত্রে অৰ্চ্জ নের সাহায্যে নামিলে, তখনই বিবাদ মিটিয়া যাইতে পারিত। ভীম তাহাই করিয়াছিলেন। কিন্তু কৃষ্ণ আদর্শ ধার্ম্মিক, যাহা বিনা যুদ্ধে সম্পন্ন হইতে পারে, তাহার জন্য তিনি কখনও বাজে প্রবৃত্ত হয়েন নাই। মহাভারতের কোন স্থানেই ইহা নাই যে, রুক্ত ধর্মার্থ ভিন্ন অন্য কারণে যাকে প্রবাত্ত হইয়াছেন। আত্মরক্ষার্থ ও পরের রক্ষার্থ যাক্ষা ধর্ম্মা, আত্মরক্ষার্থ বা পরের রক্ষার্থ যদ্ধ না করা পরম অধর্ম। আমরা বাঙ্গালি জাতি, আজি সাত শত বংসর সেই অধক্মের ফলভোগ করিতেছি। কৃষ্ণ কখনও অন্য কারণে যুদ্ধ করেন নাই। আর ধর্ম্মস্থাপনজন্য তাঁহার युक्त आर्थां हिन ना। यथारन युक्त छिन्न धरम्पत छन्नि नारे, रमथारन युक्त ना कतारे অধন্ম। কেবল কাশীরাম দাস বা কথকঠাকুরদের কথিত মহাভারতে যাঁহাদের অধিকার, তাঁহাদের বিশ্বাস, কৃষ্ণই সকল যুদ্ধের মূল, কিন্তু মূল মহাভারত বুদ্ধিপ্তের্ক পড়িলে এরুপ বিশ্বাস থাকে না। তখন বুঝিতে পারা যায় যে, ধর্ম্মার্থ ভিন্ন কৃষ্ণ কখনও কাহাকেও যুদ্ধে প্রবৃত্তি দেন নাই। নিজেও ধর্ম্মার্থ ভিন্ন যুদ্ধ করেন নাই।

এখানেও কৃষ্ণ যুদ্ধের কথা মনেও আনিলেন না। তিনি বিবদমান ভূপালব্দদকে বলিলেন, "ভূপালব্দদ! ই'হায়েই রাজকুমারীকে ধন্ম তঃ লাভ করিয়াছিলেন, তোমরা ক্ষান্ত হও, আর যুদ্ধে প্রয়োজন নাই।" 'ধন্ম তিঃ'! ধন্মের কথাটা ত এতক্ষণ কাহারও মনে পড়ে নাই। সে কালের অনেক ক্ষান্তর রাজা ধন্ম ভীত ছিলেন, রুচিপ্রক কথন অধন্মে প্রবৃত্ত হইতেন না। কিন্তু এ সময়ে রাগান্ধ হইয়া ধন্মের কথাটা ভূলিয়া গিয়াছিলেন। কিন্তু যিনি প্রকৃত ধন্ম ছো, ধন্ম বৃদ্ধিই ষাহার জীবনের উন্দেশ্য, তিনি এ বিষয়ের ধন্ম কোন্ পক্ষে, তাহা ভূলেন নাই। ধন্ম বিস্মৃতিদিগের ধন্ম সমরণ করিয়া দেওয়া, ধন্ম নিভিজ্ঞাদগকে ধন্ম বৃন্ধাইয়া দেওয়াই, তাহার কাজ।

ভূপালব্লকে বলিলেন, "ই'হারাই রাজকুমারীকে ধর্মতঃ লাভ করিয়াছিলেন, অতএব আর যুদ্ধে প্রয়োজন নাই।" শ্নিয়া রাজারা নিরস্ত হইলেন। যুদ্ধ ফ্রাইল। পাল্ডবেরা আশ্রমে গেলেন।

এক্ষণে ইহা বুঝা যায় যে, যদি একজন বাজে লোক দৃপ্ত রাজগণকে ধন্মের্র কথাটা স্মরণ করিয়া দিত, তাহা হইলে দৃপ্ত রাজগণ কখনও যুদ্ধ হইতে বিরত হইতেন না। যিনি ধন্মের্র কথাটা স্মরণ করিয়া দিলেন, তিনি মহাবলশালী এবং গোরবাশ্বিত। তিনি জ্ঞান, ধর্ম্ম ও বাহুবলে সকলের প্রধান হইয়াছিলেন। সকল বৃত্তিগৃলিই সম্পূর্ণর্গে অনুশীলিত করিয়াছিলেন, তাহারই ফল এই প্রাধান্য। সকল বৃত্তিগৃলি অনুশীলিত না হইলে, কেহই তাদৃশ ফলদায়িনী হয় না। এইর্পে কৃষ্ণচরিত্রের দ্বারা ধর্মতিত্ব পরিস্ফুট হইতেছে।

षिकीय भविद्वालन-क्य-वृशिकित-मश्वान

অন্তর্ধন লক্ষ্য বিশিধ্যা, রাজগণের সহিত যুদ্ধ সমাপন করিয়া দ্রাতৃগণ সমন্তিব্যাহারে আশ্রমে গ্রমন করিলেন। রাজগণও স্ব স্ব স্থানে গ্রমন করিতে লাগিলেন। একণে কৃষ্ণের কি করা কর্তব্য ছিল? দ্রোপদীর স্বয়ংবর ফ্রোইল, উংসব বাহা ছিল, তাহা ফ্রোইল, কৃষ্ণের পান্তালে থ্যাকিবার আর কোন প্রয়োজন ছিল না। একণে স্বস্থানে ফিরিয়া গেলেই ইউত। অন্যান্য

बाजगण जारारे कितलन, किन्तु कुक जारा ना कितवा कार्यन्त माम नरेशा, खंशान जार्यन কর্মশালার ভিক্কবেশধারী পাণ্ডবগণ বাস করিতেছিলেন সেইখানে গিয়া ব্যর্থিতিরের সঙ্গে সাক্ষাৎ কবিলেন।

সেখানে তাঁহার কিছু কাজ ছিল না-যু, ধিষ্ঠিরের সঙ্গে তাঁহার পত্রের্ব কথন সাক্ষাৎ বা আলাপ ছিল না, কেন না, মহাভারতকার লিখিয়াছেন যে, "বাস,দেব ৰ খিভিরের নিকট অভিগমন ও চরণবন্দন পূর্বেক আপনার পরিচয় প্রদান করিলেন।" বলদেবও ঐরূপ করিলেন। বখন আপনার পরিচয় প্রদান করিতে হইল, তখন অবশ্য ইহা ব্যবিতে হইবে যে, প্রবর্ষে পরস্পরের সহিত তাঁহাদিলের সাক্ষাৎ বা আলাপ ছিল না। কৃষ-পাণ্ডবে এই প্রথম সাক্ষাৎ। কেবল পিতৃত্বসার পত্র বলিয়া কৃষ্ণ তাঁহাদিগকে খুজিয়া লইয়া তাঁহাদিগের সহিত আলাপ করিয়া-**ছিলেন কাজটা সাধারণ-লোকিক-ব্যবহার-অন**্মোদিত হয় নাই। লোকের প্রথা আছে বটে যে, পিসিত বা মাসিত ভাই যদি একটা রাজা বা বডলোক হয়, তবে উপযাচক হইয়া তাহাদের সঙ্গে আলাপ করিয়া আইসে। কিন্তু পান্ডবেরা তখন সামান্য ভিক্ষাক মাত্র: তাঁহাদিগের সহিত সাক্ষাৎ করিয়া কুষ্ণের কোন অভাষ্টিই সিদ্ধ হওয়ার সম্ভাবনা ছিল না। আলাপ করিয়া কুষ্ণও যে কোন লোকিক অভীষ্ট সিদ্ধ করিলেন, এমন দেখা যায় না। তিনি কেবল বিনয়পূর্বেক ব্রবিণিঠরের সঙ্গে সদালাপ করিয়া তাঁহার মঙ্গলকামনা করিয়া ফিরিয়া আসিলেন। এবং তার পর পাত্রবিদ্যার বিবাহসমাপ্তি পর্যান্ত পাণ্ডালে আপন শিরিরে অবস্থান করিতে লাগিলেন। বিবাহ সমাপ্ত হইয়া গেলে, তিনি "কুতদার পাল্ডবদিগের যৌতক স্বরূপ বিচিত্র বৈদ্যের মণি স্ত্রপের আভরণ, নানা দেশীয় মহার্ঘ বসন, রমণীয় শ্যা, বিবিধ প্রসামগ্রী, বহুসংখ্যক माञ्रमाञ्जी, স्कृषिक्किल शक्तर्यम, উৎकृष्णे याविकावनी, अञरथा तथ এवर कावि कावि तक्किल काथन শ্রেণীবদ্ধ করিয়া প্রেরণ করিলেন।" এ সকল পাশ্রুবদিগের তথন ছিল না: কেন না. তথন তাঁহারা ভিক্ষকে এবং দরবস্থাপন্ন। অথচ এ সকলে তখন তাঁহাদের বিশেষ প্রয়োজন: কেন না. তাঁহারা রাজকন্যার পাণিগ্রহণ করিয়া গৃহী হইরাছেন। স্বতরাং যুধিষ্ঠির "কৃষ্পপ্রেরিত দ্রবাসামগ্রী সকল আহ্মাদ প্রেক গ্রহণ করিলেন।" কিন্তু কৃষ্ণ তাঁহাদিগের সঙ্গে আর সাক্ষাং না করিয়া প্রস্থানে গমন করিলেন। তারপর তিনি পাশ্ডবদিগকে আর খোঁজেন নাই। পাশ্ডবেরা রাজ্যার্দ্ধ প্রাপ্ত হইয়া ইন্দ্রপ্রস্তে নগরনিম্মাণপ্রেবকি বাস করিতে লাগিলেন। যে প্রকারে পনেরায় পান্ডবদিগের সহিত তাঁহার মিলন হইল, তাহা পরে বলিব।

বিস্ময়ের বিষয় এই যে, যিনি এইরপে নিঃস্বার্থ আচরণ করিতেন, যিনি দূরবস্থাগুন্তমাল্লেরই হিতান দান করা নিজ জীবনের ব্রতস্বর্প করিয়াছিলেন, পাশ্চান্তা মুর্থেরা এবং তাঁহাদের শিষ্যাণ সেই কৃষ্ণকৈ কৃক্মানুরত, দুরভিসন্ধিযুক্ত কুর এবং পাপাচারী বলিয়া ভির করিয়াছেন। ঐতিহাসিক তত্ত্বের বিশ্লেষণের শক্তি বা তাহাতে শ্রন্ধা এবং বন্ধ না থাকিলে, এইরপ ঘটাই সম্ভব। স্থাল কথা এই, যিনি আদর্শ মনুষ্য, তাঁহার অন্যান্য সম্বৃত্তির ন্যার প্রীতিবৃত্তিও পূর্ণবিকশিত ও স্ফুর্ন্তিপ্রাপ্ত হওরাই সম্ভব। শ্রীকৃষ্ণ, বুর্মিষ্ঠিরের প্রতি যে ব্যবহার করিলেন, তাহা অনেকেরই পূর্ব্ববিদ্ধাত সখাস্থলে করা সম্ভব। যু, ধিতির কুটুন্ব: বদি কুঞ্চের সঙ্গে পূর্ব্ব হইতে তাঁহার আলাপ প্রশয় এবং আত্মীয়তা থাকিত, তাহা হইলে তিনি যে ব্যবহার করিলেন, তাহা কেবল ভদুজনোচিত বলিয়াই ক্ষান্ত হইতে পারিতাম—বেশী বলিবার অধিকার থাকিত না। কিন্তু বিনি অপরিচিত এবণ্ড দরিদ্র ও হীনাবস্থাপর কুট্মুন্দ্রকে খ্রেজিয়া লইরা, আপনার কার্য্য ক্ষতি করিয়া, তাহার উপকার করেন, তাঁহার প্রীতি আদর্শ প্রীতি। কুকের এই কার্য্যটি ক্ষুদ্র কার্য্য বটে, কিন্তু ক্ষুদ্র কার্য্যেই মনুষ্যের চরিত্রের যথার্থ পরিচয় পাওয়া ষায়। একটা মহৎ কার্যা বদমায়েসেও চেন্টাচরিত্র করিয়া করিতে পারে, এবং করিয়াও থাকে। কিন্তু মাঁহার ছোট কাজগানিও ধর্ম্মাত্মতার পরিচায়ক, তিনি যথার্থ ধর্ম্মাত্মা। তাই, আমরা মহাভারতের আলো-চনারও* কৃষকত ছোট বড সকল কার্যোর সমালোচনার প্রবার হইরাছি। আমাদের দুর্ভাগ্য এই त्य. आमता थ श्रमामीट कथन क्रक्टक द्वियात एको क्रीत नाई। जारा ना क्रिता क्रकातित्वत মধ্যে কেবল "অশ্বস্থামা হত ইতি গল্ডঃ" এই কথাটি শিখিয়া রাশিয়াছি। অর্থাৎ বাহা সতা এবং ঐতিহাসিক, তাহার কোন অনুসন্ধান না করিয়া, বাহা মিখ্যা এবং কল্পিত, তাহারই উপর নির্ভর

^{🖖 💌} इक्रियरमें '७ भावान जकरन विश्वानरंबागा कथा भावता बात ना विनता भारत्वे हेटा भावि नाहे।

করিরা আছি। "অশ্বত্থামা হত ইতি গজঃ" কথার ব্যাপারটা যে মিথ্যা, তাহা দ্রোলবধ-পর্স্বাধ্যার সমালোচনাকালে আমরা প্রমাণীকৃত করিব।

বৈবাহিক পর্ব্বে কৃষ্ণ সন্বন্ধে একটা তামাসার কথা ব্যাসোক্ত বলিয়া কথিত হইয়াছে। তাহা আমাদিণের সমালোচ্য বিষয়ের অন্তর্গত না হইলেও, তাহার কিঞ্চিৎ উল্লেখ করা আবশাক বিবেচনা করিলাম। দ্রুপদরাজ, কন্যার পঞ্চ স্বামী হইবে শ্রনিয়া তাহাতে আপত্তি করিতেছেন। ব্যাস তাঁহার আপত্তি খণ্ডন করিতেছেন। খণ্ডনোপলক্ষে তিনি দ্রপেদকে একটি উপাখ্যান শ্রবণ করান। উপন্যাসটি বড় অন্তত ব্যাপার। উহার স্থলে তাৎপর্য্য এই যে, ইন্দ্র একদা গঙ্গাজলে একটি রোর দ্যমানা সন্দরী দর্শন করেন। তাঁহাকে জিজ্ঞাসা করেন যে, "তুমি কেন কাঁদিতেছ?" তাহাতে সুন্দরী উত্তর করে যে, "আইস, দেখাইতেছি।" এই বলিয়া সে ইন্দ্রকে সঙ্গে লইয়া <u>एम्थारे</u> हा पिल रय. এक युवा এक युवा होते अस्त्र भागकी हा कतिराज्य । जाराता रेल्प्रत यर्था हिछ সম্মান না করায় ইন্দ্র কুদ্ধ হইলেন। কিন্তু যে যুবা পাশক্রীড়া করিতেছিলেন, তিনি স্বয়ং মহাদেব। ইন্দ্রকে কুদ্ধ দেখিয়া তিনিও কুদ্ধ হইলেন এবং ইন্দ্রকে এক গতের ভিতর প্রবেশ করিতে বলিলেন। ইন্দ্র গত্তের ভিতর প্রবেশ করিয়া দেখিলেন, সেখানে তাঁহার মত আর চারিটি ইন্দ্র আছেন! শেষ মহাদেব পাঁচ জন ইন্দ্রকে ডাকিয়া বলিলেন যে, "তোমরা গিয়া প্রতিবীতে মনুষা হও।" সেই ইন্দেরাই আবার মহাদেবের কাছে প্রার্থনা করিলেন যে, "ইন্দ্রাদি পঞ্চদেব গিয়া আমাদিগকে কোন মানুষীর গভে উৎপন্ন কর্ন"!!! সেই পাঁচ জন ইন্দ্র ইন্দ্রাদির ঔরসে পঞ্চ পাল্ডব হইলেন। বিনাপরাধে মেয়েটাকে মহাদেব হক্তম দিলেন যে, "তুমি গিয়া ইহাদিগের পত্নী হও।" সে দ্রোপদী হইল। সে যে কেন কাঁদিয়াছিল, তাহার আর কোন খবরই নাই। অধিকতর রহস্যের বিষয় এই যে, নারায়ণ এই কথা শুনিবামান্তই আপনার মাথা হইতে দুইগাছি চুল উপড়াইয়া ফেলিয়া দিলেন। একগাছি কাঁচা, একগাছি পাকা। পাকা-গাছটি বলরাম হইলেন, কাঁচা-গাছটি কৃষ্ণ হইলেন!!!

বুদ্ধিমান পাঠককে বোধ হয় বুঝাইতে হইবে না যে, এই উপাখ্যানটি, আমরা যাহাকে মহাভারতের ততীয় শুর বলিয়াছি, তদন্তর্গত। অর্থাৎ ইহা মূল মহাভারতের কোন অংশ নহে। প্রথমতঃ, উপাখ্যানটির রচনা এবং গঠন এখনকার বাঙ্গালার সন্ধানিন্দশ্রেণার উপন্যাস-লেখকদিগের প্রণীত উপন্যাসের রচনা ও গঠন অপেক্ষাও নিকুন্ট। মহাভারতের প্রথম ও দ্বিতীয় স্তরের প্রতিভাশালী কবিগণ এর্প উপাখ্যানস্থির মহাপাপে পাপী হইতে পারেন না। স্বিতীয়তঃ মহাভারতের অন্যান্য অংশের সঙ্গে ইহার কোন প্রয়োজনীয় সম্বন্ধ নাই। এই উপাখ্যানটির সম্দায় অংশ উঠাইয়া দিলে, মহাভারতের কোন কথাই অস্পণ্ট, অথবা কোন প্রয়োজনই অসিদ্ধ থাকিবে না। দ্রপদরাজের আপত্তিখন্ডনজন্য ইহার কোন প্রয়োজন নাই: কেন না. ঐ আপত্তি ব্যাসোক্ত দ্বিতীয় একটি উপাখ্যানের দ্বারা থণ্ডিত হইয়াছে। দ্বিতীয় উপাখ্যান ঐ অধ্যায়েই আছে। তাহা সংক্ষিপ্ত এবং সরল এবং আদিম মহাভারতের অন্তর্গত হইলে হইতে পারে। প্রথমোক্ত উপাখ্যানটি ইহার বিরোধী। দুইটিতে দ্রৌপদীর পূর্ব্বজ্ঞের ভিন্ন ভিন্ন প্রকার পরিচয় আছে। স্বতরাং একটি যে প্রক্ষিপ্ত, তদ্বিষয়ে কোন সন্দেহ নাই। এবং যাহা উপরে বলিয়াছি, তাহাতে প্রথমোক্ত উপাখ্যানটিই প্রাক্ষপ্ত বলিয়া সিদ্ধান্ত করিতে হয়। তৃতীয়তঃ, এই প্রথমোক্ত উপাখ্যান মহাভারতের অন্যান্য অংশের বিরোধী। মহাভারতের সর্ব্বাই কথিত আছে ইন্দ্র এক। এখানে ইন্দ্র পাঁচ। মহাভারতের সর্ব্বাই কথিত আছে বে, পান্ডবেরা ধর্ম্ম, বায়, ইন্দ্র, অশ্বিনীকুমারদিগের প্ররসপূত্র মাত্র। এখানে সকলেই এক একজন ইন্দ্র। এই বিরোধের সামগ্রস্কোর জন্য উপাখ্যানরচনাকারী গর্ম্পভ লিখিয়াছেন যে. रेएम्बरा मराप्तरवर निकर প्रार्थना क्रिलन, "रेग्नामिर आमिया आमापिशक मान्सीय शर्ख উৎপন্ন কর্ন।" জগদ্বিজয়ী গ্রন্থ মহাভারত এর্প গন্দভের লেখনীপ্রসূত নহে, উহা নিশ্চিত।

এই অশ্রন্ধেয় উপাখ্যানটির এ স্থলে উল্লেখ করার আমাদিগের প্রধান উদ্দেশ্য এই বে, কি প্রশালী অবলম্বন করিয়া আমরা মহাভারতের তিনটি শুর ভাগ করিতেছি ও করিব. তাহা

[•] পরে দেখিব, "অশ্বস্থামা হত ইতি গজঃ" ব্লিটাই মহাভারতে নাই। ইহা কথকঠাকুরের সংস্কৃত।

উদাহরণের দ্বারা পাঠককে ব্রুঝাই। তাছাড়া একটা ঐতিহাসিক তত্ত্বও ইহা দ্বারা স্পন্টীকৃত হয়। যে বিষয়, বেদে স্থেতির মুর্তিবিশেষ মাত্র, পরুরাণেতিহাসের উচ্চস্তরে যিনি সর্বব্যাপক ঈশ্বর, তিনি কি প্রকারে পরবন্তী হতভাগ্য লেখকদিগের হন্তে দাড়ি গোঁপ, কাঁচা চুল, পাকা চুল প্রভৃতি ঐশ্বর্যা প্রাপ্ত হইলেন, এই সকল প্রক্ষিপ্ত উপাখ্যানের দ্বারা তাহা বুঝা বায়। এই সকল প্রক্ষিপ্ত উপাখ্যানে হিন্দুখন্মের অবনতির ইতিহাস পড়িতে পাই। তাই এই স্থানে ইহার উল্লেখ করিলাম। কোন কৃষ্ণদ্বেষী শৈব দ্বারা এই উপাখ্যান র্রাচত হইয়া মহাভারতে প্রক্রিপ্ত হইয়াছে, এমন বিবেচনাও क्ता याहेरा भारत। राजन ना, अथारन महाराजवें मर्क्यानमुख्या अवः कृष्ण नात्राम्यात अकि राज्य মার। মহাভারতের আলোচনায় কৃষ্ণবাদী এবং শৈবদিগের মধ্যে এইরূপ অনেক বিবাদের চিহ্ন দেখিতে পাই। এবং যে সকল অংশে সে চিহ্ন পাই, তাহার অধিকাংশই প্রক্ষিপ্ত বলিয়া বোধ করিবার কারণ পাই। যদি এ কথা যথার্থ হয়, তবে ইহাই উপলব্ধি করিতে হইবে ষে, এই বিবাদ আদিম মহাভারতের প্রচারের অনেক পরে উপস্থিত হইয়াছিল। অর্থাং যখন শিবোপাসনা ও কুফোপাসনা উভয়ই প্রবল হয়, তখন বিবাদও ঘোরতর হইয়াছিল। মহাভারতপ্রচারের সময়ে বা তাহার পরবত্তী প্রথম কালে এতদ্বভয়ের মধ্যে কোন উপাসনাই প্রবল ছিল না। সে সময়টা বেদের দেবতার প্রবলতার সময়। যত উভয়েই প্রবল হইল, তত বিবাদ বাধিল—তত মহাভারতের কলেবর বৃদ্ধি পাইতে লাগিল। উভয় পক্ষেই অভিপ্রায়, মহাভারতের দোহাই দিয়া আপনার দেবতাকে বড় করেন। এই জন্য শৈবেরা শিবমাহাত্মাস্চক রচনা সকল মহাভারতে প্রক্লিপ্ত করিতে नाशिन। * जम् उदत देवश्वदा विश्व वा कृष्क्याशाष्ट्राञ्च क्राहेत्र तकना नकन गर्वे क्रिया मिरज লাগিলেন। অনুশাসন-পর্ব্বে এই কথার কতকগর্মল উত্তম উদাহরণ পাওয়া যায়। ইচ্ছা করিলে. পাঠক পড়িয়া দেখিবেন। প্রায় সকলগালিতেই একটা একটা গাদভের গানুসোরভ আছে।

তৃতীয় পরিচ্ছেদ—স্ভদ্রাহরণ

দ্রোপদীম্বয়ংবরের পর, স্কুভ্রাহরণে কৃষ্ণের সাক্ষাৎ পাই। স্কুভার বিবাহে কৃষ্ণ যাহা করিয়াছিলেন, ঊনবিংশ শতাব্দার নীতিজ্ঞেরা তাহা বড় পছন্দ করিবেন না। কিস্তু ঊনবিংশ শতাব্দার নীতিজ্ঞেরা তাহা বড় পছন্দ করিবেন না। কিস্তু ঊনবিংশ শতাব্দার নীতিশান্তার উপর, একটা জগদীশ্বরের নীতিশান্তা আছে—তাহা সকল শতাব্দাতৈ, সকল দেশে থাটিয়া থাকে। কৃষ্ণ যাহা করিয়াছিলেন, তাহা আমরা সেই চিরস্থায়া অদ্রান্ত জাগতিক নীতির স্বারাই পরীক্ষা করিব। এ দেশে অনেকেই একব্রি গজের মাপে লাখেরাজ বা জ্যোত জমা প্রাপ্ত হইয়াছিলেন; জমীদারেরা এখনকার ছোট সরকারি গজে মাপিয়া তাহাদিগের অনেক ভূমি কাড়িয়া লইয়াছে। তেমান ঊনবিংশ শতাব্দার যে ছোট মাপকাটি হইয়াছে, তাহার জনালায় আমরা ঐতিহাসিক পৈতৃক সম্পত্তি সকলই হারাইতেছি, ইহা অনেক বার বলিয়াছি। আমরা এক্ষণে সেই একব্ররি গজ চালাইব।

কৃষ্ণভক্তেরা বলিতে পারেন, এর্প একটা বিচারে প্রবৃত্ত হইবার আগে, স্থির কর যে, এই সন্ভানহরণবৃত্তান্ত মূল মহাভারতের অন্তর্গত, কি প্রক্ষিপ্ত। যদি ইহা প্রক্ষিপ্ত এবং আর্থনিক বিলায়া বোধ করিবার কোন কারণ থাকে, তবে সেই কথা বলিলেই সব গোল মিটিল—এত বাগাড়স্বরের প্রয়োজন নাই। অতএব আমরা বলিতে বাধ্য যে, সন্ভানহরণ যে মূল মহাভারতের অংশ, ইহা যে প্রথম স্তরের অন্তর্গত, তিছিষয়ে আমাদের কোন সংশয় নাই। ইহার প্রসঙ্গ অনুক্রমণিকাধ্যায়ে এরং পর্ব্বসংগ্রহাধ্যায়ে আছে। ইহার রচনা অতি উচ্চপ্রেণীর কবির রচনা। ছিতীয় স্তরের রচনাও সচরাচর অতি সন্দর। তবে প্রথম স্তর ও ছিতীয় স্তরের রচনাগত একটা প্রভেদ এই যে, প্রথম স্তরের রচনা পরল ও স্বাভাবিক, দ্বিতীয় স্তরের রচনায় অলাকার ও অত্যুক্তির বড় বাহ্না। সন্ভানহরণের রচনাও সরল ও স্বাভাবিক, অলাকার ও অত্যুক্তির তেমন বাহ্না নাই। সন্তরাং ইহা প্রথমস্তর-গত—দ্বিতীয় স্তরের নহে। আর আসল কথা এই যে, স্ভানহরণ মহাভারত হৈতে তুলিয়া লইলে, মহাভারত অসম্পূর্ণ হয়। সন্ভান হইতে অভিমন্ত্র, অভিমন্ত্র, হতে পরিক্ষিৎ, পরিক্ষিৎ হইতে জনমেজয়। ভারতেরের বংশই বহু শতাব্দী ধরিয়া ভারতে

^{*} সেইগ্রিল অবলম্বন করিয়া মূর প্রভৃতি পাশ্চান্ত্য পশ্ভিতগণ কৃষকে শৈব বলিয়া প্রতিপল্ল করিয়াছেন।

সাম্বাজ্য শাসিত করিয়াছিল—দ্রৌপদীর বংশ নহে। বরং দ্রৌপদীস্বয়ংবর বাদ দেওয়া বার, তব্দ সভেষা নয়।

দ্রোপদীর ন্যায় সন্ভদ্রাকেও সাহেবরা উড়াইয়া দিয়াছেন। লাসেন্ বলেন,—য়াদবসম্প্রীতির্প যে মঙ্গল, তাহাই সন্ভদ্রা। বেবর সাহেবের আপত্তি ইহার অপেক্ষা গ্রহতর। তিনি কেন কৃষ্ণভাগিনী সন্ভদ্রার মানবীত্ব অস্বীকৃত করেন, তম্জন্য বজনুব্বেদের মাধ্যান্দনীশাখা ২৩ অধ্যায়ের ১৮ কন্ডিকার ৪৫ মন্দ্রটি উদ্ধৃত করিতে হইতেছে।

"হে অন্বে! হে অন্বিকে! হে অন্বালিকে! দেখ, এই অশ্ব এক্ষণে চিরকালের জন্য নিদ্রিত হইরাছে, আমি কান্পিলবাসিনী সভেদ্র হইরাও স্বরং ইহার সমীপে (পতিত্বে বরণ করণার্থ) সমাগত হইরাছি, এ বিষয়ে আমাকে কেহই নিয়োগ করে নাই।"*

ইহাতে বেবর সাহেব সিদ্ধান্ত করিতেছেন,—

"Kampila is a town in the country of the Panchalas. Subhadra, therefore, would seem to be the wife of the King of that district." &c.

সারনাচার্য্য কাম্পিলবাসিনীর এইরূপ অর্থ করেন—"কাম্পিলশব্দেন খ্যাঘ্যো বস্ত্রবিশেষ উচাতে" কিন্তু বেবর সাহেবের বিশ্বাস যে, তিনি সায়নাচার্য্যের অপেক্ষা সংস্কৃত ব্রেথন ভাল অতএব তিনি এ ব্যাখ্যা গ্রাহ্য করেন না। তাহা না-ই কর্বন, কিন্তু কাম্পিলবাসিনী কোন স্মীর নাম সভেদ্রা ছিল বলিয়া কৃষ্ণভাগনীর নাম কেন সভেদ্রা হইতে পারে না, তাহা ক্রবিতে পারিলাম না। যে রাজাই অশ্বমেধ যজ্ঞ কর্ন, তাঁহারই মহিষীকে এই মন্দ্র পাঠ করিতে হইবে, তাঁহাকেই বলিতে হইবে, "আমি কাম্পিলবাসিনী সভেদ্র।" সভেদ্র শব্দে সামশ্রমী মহাশয় এই অর্থ করেন,—কল্যাণী অর্থাৎ সোভাগ্যবতী। মহীধর বলেন,—কাম্পিলনগরীর মহিলাগণ অতিশয় त्भनावगुन्नजी। <u>अठ०</u>व **এই মন্ত্রের অর্থ এই যে. "আমি সোভাগাবতী ও র**্শেলাক্ষাবতী হইয়াও এই অশ্বের নিকট সমাগত হইয়াছি।" অতএব ব্রুঝিতে পারি না যে, এই মন্দ্রের বলে কৃষ্ণভাগনী অব্দ্রনপত্নী স্বভদার পরিবর্ত্তে কেন একজন পাণ্ডালী স্বভদাকে কল্পনা করিতে হইবে। বাধিন্ঠির অশ্বমেধ যক্ত করিয়াছিলেন, এবং তাঁহার বহুপুর্বেবন্তী রাজগণও অশ্বমেধ বজ্ঞ করিরাছিলেন, ইহাই মহাভারতে এবং অন্যান্য প্রাচীন গ্রন্থে পাওয়া যায়। অতএব ইহাই সম্ভব বে. অশ্বমেধ যম্ভের এই যজ্ম न কৃষ-পান্ডবের অপেকা প্রাচীন। এখন যেমন লোকে আধানিক লেখকদিগের কাব্যগ্রন্থ হইতে পত্রকন্যার নামকরণ করিতেছে,† তেমনি সে কালেও বেদ হইতে লোকের পত্রকন্যার নাম রাখা অসম্ভব নহে। এই মন্ত্র হইতেই কাশিরাজ আপনার তিনটি কন্যার নাম অন্বা, অন্বিকা, অন্বালিকা রাখিয়া থাকিবেন, এবং এইর পেই ক্ষভগিনী সভেরারও নামকরণ হইয়া থাকিবে। এই মন্তে এমন কিছু দেখি না যে, তম্পন্য ক্লমভাগনী সভেদ্রা কেহ ছিলেন না, এমন কথা অনুমান করা যায়। অতএব আমরা সভেদ্রাহরণের বিচারে প্রবান্ত হইব।

এক্ষণে, স্ভেদ্রাহরণের নৈতিক বিচারে প্রব্ত হইবার আগে পাঠকের নিকট একটা অন্রোধ আছে। তিনি কাশীদাসের গ্রন্থে অথবা কথকের নিকট, অথবা পিতামহীর ম্বে, অথবা বাঙ্গালা নাটকাদিতে যে স্ভেদ্রাহরণ পড়িয়াছেন বা শ্নিরাছেন, তাহা অন্গ্রহপূর্বক ভূলিয়া বাউন। অভ্রেদ্রেকে দেখিয়া স্ভেদ্রা অনক্ষরে ব্যথিত হইয়া উন্মত্ত হইলেন, সত্যভামা মধ্যবির্ত্তনী দ্তী হইলেন, অভ্রেদ্রেক স্ভেদ্রাকে হরণ করিয়া লইয়া গেলে যাদবসেনার সঙ্গে তাঁর ঘোরতর যুদ্ধ হইল, স্ভেদ্রা তাঁহার সারথি হইয়া গগনমাগে তাঁহার রথ চালাইতে লাগিলেন—সে সকল কথা ভূলিয়া বান। এ সকল অতি মনোহর কাহিনী বটে, কিন্তু ম্বল মহাভারতে ইহার কিছ্ই নাই। ইহা কাশীরাম দাসের গ্রন্থেই প্রথম দেখিতে পাই, কিন্তু এ সকল তাঁহার স্থিট, কি তাঁহার পরবত্তী কথকদিশের স্থিট, তাহা বলা বায় না। সংস্কৃত মহাভারতে যে প্রকার স্ভেদ্রহণ কথিত হইয়াছে, ভাছার স্থ্যমন্দ্র্য বিলিতেছি।

দ্রোপদীর বিবাহের পর পাশ্ডবেরা ইন্দ্রপ্রস্থে স্থে রাজ্য করিতেছিলেন। কোন কারণে জব্জনুন দ্বাদশ বংসরের জন্য ইন্দ্রপ্রস্থ পরিত্যাগপ্রেশ্বক বিদেশে শ্রমণ করেন। অন্যান্য

^{*} শ্রীৰুক্ত সভারত সমেশ্ররী কৃত অনুবাদ।

[া] ব্যা-প্রমীলা, ম্পালিনী ইডাাদি।

দেশপর্যাটনানস্তর শেষে তিনি শ্বারকার উপস্থিত হয়েন। তথায় বাদবেরা তাঁহার বিশেষ সমাদর ও সংকার করেন। অভ্জনি কিছু দিন সেখানে অবস্থিতি করেন। একদা বাদবেরা রৈবভক পর্বতে একটা মহান্ উৎসব আরম্ভ করেন। সেখানে বদ্বাররা ও বদ্কুলাঙ্গনাগণ সকলেই উপস্থিত হইরা আমোদ আহ্বাদ করেন। অন্যান্য স্থালোকদিগের মধ্যে স্ভেদ্রাও উপস্থিত ছিলেন। তিনি কুমারী ও বালিকা। অভ্জনি তাঁহাকে দেখিয়া মৃদ্ধ ইইলেন। কৃষ্ণ তাহা জানিতে পারিয়া অভ্জনিকে বলিলেন, "সংখ! বনচর ইইয়াও অনঙ্গশরে চণ্ডল ইইলে?" অভ্জনি অপরাধ স্বীকার করিয়া, স্ভেদ্রা বাহাতে তাঁহার মহিষী হন, তদ্বিষয়ে কৃষ্ণের পরামর্শ জিল্জাসা করিলেন। কৃষ্ণ যে পরামর্শ দিলেন তাহা এই :—

হে অর্ন্দ্রন! স্বারংবরই ক্ষান্তিরাদিগের বিধেয়, কিন্তু স্থালোকের প্রবৃত্তির কথা কিছুই বলা বায় না, স্ত্রাং তাদ্বিষয়ে আমার সংশয় জান্মতেছে। আর ধন্মাশান্ত্রকারেরা ক্রেন, বিবাহোন্দেশে বলপ্ত্রক্ হরণ করাও মহাবার ক্ষান্তিরাদিগের প্রশংসনীয়। অতএব স্বারংবরকাল উপস্থিত হইলে তুমি আমার ভাগনীকে বলপ্ত্রক হরণ করিয়া লইয়া বাইবে; কারণ, স্বারংবরকালে সে কাহার

প্রতি অন্রক্ত হইবে, কে বলিতে পারে?

এই পরামশের অনুবত্তী হইয়া অর্জ্জন প্রথমতঃ বা্ধিন্ঠির ও কুন্তীর অনুমতি আনিতে দতে প্রেরণ করেন। তাঁহাদিগের অনুমতি পাইলে, একদা, স্কুদ্রা যথন রৈবতক পর্বাতকে প্রদাক্ষণ করিয়া দ্বারকাভিম্বথে যাত্রা করিতেছিলেন তথন তাঁহাকে বলপ্র্বাক গ্রহণ করিয়া রথে

তৃলিয়া অভ্জান প্রস্থান করিলেন।

এখন, আজিকালিকার দিনে বদি কেছ বিবাহোদ্দেশে কাহারও মেয়ে বলপ্র্স্বেক কাড়িয়া লইয়া প্রস্থান করে, তবে সে সমাজে নিন্দিত এবং রাজদণ্ডে দণ্ডিত হইবার যোগ্য সন্দেহ নাই। এবং এখনকার দিনে কেই যদি অপর কাহাকে বলে. "মহাশয়! যখন আমার ভাগনীকে বিবাহ করিতে আপনার ইচ্ছা হইয়াছে, তখন আপনি উহাকে কাড়িয়া লইয়া পলায়ন কর্ন, ইহাই আমার পরামার্শ", তবে সে ব্যক্তিও জনসমাজে নিন্দনীয় হইবে, তাহার সন্দেহ নাই। অতএব প্রচালত নীতিশাস্থান্সারে (সে নীতিশাস্থার কিছ্মান্ত দোষ দিতেছি না,) কৃষ্ণার্জ্বন উভয়েই অতিশয় নিন্দনীয় কার্য্য করিয়াছিলেন, সন্দেহ নাই। লোকের চক্ষে ধ্লা দিয়া কৃষ্ণার্জে বিভয়্ন বিদ্বার্থার প্রক্রিপ্ত বিলয়া, কিস্বা এমনই একটা কিছ্ম জ্বয়াচুরি করিয়া, এ কথাটা বাদ দিয়া যাইতাম। কিন্তু সে সকল পথ আমার অবলন্থনীয় নহে। সত্য ভিয় মিথ্যা প্রশংসায়, কাহারও মহিমা বাড়িতে পারে না এবং ধন্মের অবর্নাত ভিয় উয়িত হয় না।

কিন্তু কথাটা একট্ব তলাইয়া ব্বিতে হইবে। কেহ কাহারও মেয়ে কাড়িয়া লাইয়া গিয়া বিবাহ করিলে, সেটা দোষ বলিয়া গণিতে হয় কেন? তিন কারণে। প্রথমতঃ, অপহতা কন্যার উপর অত্যাচার হয়। দ্বিতীয়তঃ, কন্যার পিতা মাতা ও বন্ধ্বর্গের উপর অত্যাচার। তৃতীয়তঃ, সমাজের উপর অত্যাচার। সমাজরক্ষার ম্লেস্ত এই যে, কেহ কাহারও উপর অবৈধ বলপ্রয়োগ করিতে পারিবে না। কেহ কাহারও উপর অবৈধ বলপ্রয়োগ করিলেই সমাজের ক্থিতির উপর আঘাত করা হইল্। বিবাহার্থিকৃত কন্যাহরণকে নিন্দ্নীয় কার্য্য বিবেচনা করিবার এই তিনটি

গ্রেরুতর কারণ বটে, কিন্তু তন্তির আর চতুর্থ কারণ কিছু নাই।

এখন দেখা যাউক, কৃষ্ণের এই কাজে এই তিন জনের মধ্যে কে কতদ্রে অত্যাচার প্রাপ্ত হইয়াছিলেন। প্রথমতঃ, অপহতা কন্যার উপর কতদ্র অত্যাচার হইয়াছিল দেখা যাক। কৃষ্ণ তাঁহার জ্যেন্ট দ্রাতা এবং বংশের শ্রেন্ট। যাহাতে স্কুলার সর্প্রতাভাবে মঙ্গল হয়, তাহাই তাঁহার কর্ত্তব্য—তাহাই তাঁহার ধর্ম্ম—উনবিংশা শতাব্দীর ভাষার তাহাই তাঁহার ''Duty'' এখন ক্রীলোকের পক্ষে প্রধান মঙ্গল —সর্পাঙ্গীণ মঙ্গল বলিলেও হয়—সংপাত্রন্থ হওয়। অতএব স্কুলার প্রতি কৃষ্ণের প্রধান "ভিউটি"—তিনি যাহাতে সংপাত্রন্থা হরেন, তাহাই করা। এখন, অক্স্ক্রের নায় সংপাত্র কৃষ্ণের পরিচিত ব্যক্তিদিগের মধ্যে ছিল না, ইহা বোধ হয় মহাভারতের পাঠকদিগের নিকট কন্থী পাইয়া প্রমাণ করিতে হইবে না। অতএব তিনি বাহাতে অক্স্ক্রের পদ্মী হইবেন, ইহাই স্কুলার মঙ্গলার্থ কৃষ্ণের করা কন্ত্রব্য। তাঁহার যে উক্তি উদ্ধৃত করিয়াছি, তাহাতেই তিনি দেখাইয়াছেন, বলপ্ত্র্বন্ধ হরণ ভিন্ন অন্য কোন প্রকারে এই কন্তব্য সাধন হইতে পারিত কি না, তাহা সন্দেহস্থল। যেখানে ভাবিষ্ণা চিরজীবনের সঙ্গল, সেখানে

যে পথে সন্দেহ, সে পথে বাইতে নাই। যে পথে মঙ্গলাসিদ্ধি নিশ্চিত, সেই পথেই বাইতে হয়। অতএব কৃষ্ণ, স্ভেদ্রার চিরজীবনের পরম শুভ স্ক্রিনিশ্চিত করিয়া দিয়া, তাহার প্রতি প্রম-ধর্ম্মানুমত কার্যাই করিয়াছিলেন—তাহার প্রতি কোন অত্যাচার করেন নাই।

এ কথার প্রতি দুইটি আপত্তি উত্থাপিত হইতে পারে। প্রথম আপত্তি এই যে, আমার ষে কাজে ইচ্ছা নাই, সে কাজ আমার পক্ষে মঙ্গলকর হইলেও, আমার উপর বলপ্রয়োগ করিয়া সে কার্য্যে প্রবৃত্ত করিবার কাহারও অধিকার নাই। প্ররোহিত মহাশয় মনে করেন যে, আমি যদি আমার সর্ব্বাহ্ব ব্রাহ্মণকে দান করি, তবে আমার পরম মঙ্গল হইবে। কিন্তু তাঁহার এমন কোন আধিকার নাই যে, আমাকে মারপিট করিয়া সর্বাহ্ব ব্রাহ্মণকে দান করান। শত্তুত উন্দেশ্যের সাধন জন্য নিন্দনীয় উপায় অবলম্বন করাও নিন্দনীয়। উনবিংশ শতাব্দীর ভাষায় ইহার অন্বাদ এই যে, "The end does not sanctify the means."

এ কথার দুইটি উত্তর আছে। প্রথম উত্তর এই বে, সূভদার যে অৰ্চ্জ্রনের প্রতি আনিচ্ছা বা বিরক্তি ছিল, এমত কিছুই প্রকাশ নাই। ইচ্ছা অনিচ্ছা কিছুই প্রকাশ নাই। প্রকাশ থাকিবার সম্ভাবনা বড় অলপ। হিন্দুর ঘরের কন্যা-কুমারী এবং বালিকা-পার্চাবশেষের প্রতি ইচ্ছা বা অনিচ্ছা বড় প্রকাশ করে না। বাস্তবিক, তাহাদের মনেও বোধ হয়, পাত্রবিশেষের প্রতি ইচ্ছা অনিচ্ছা বড জন্মেও না, তবে ধেডে মেয়ে ঘরে পরিষয়া রাখিলে জন্মিতে পারে। এখন, র্যাদ কোন কাজে আমার ইচ্ছা বা অনিচ্ছা কিছুই নাই থাকে, যদি সেই কাজ আমার পক্ষে পরম মঙ্গলকর হয়, আর কেবল বিশেষ প্রবৃত্তির অভাবে বা লক্ষাবশতঃ বা উপায়াভাববশতঃ আমি সে कार्या न्वार कीतरार्वीच ना, धमन द्या, जात यीन जामात छेलत धकरे, वनश्रासालत छान कीतरन সেই পরম মঙ্গলকর কার্য্য সন্সিদ্ধ হয়, তবে সে বলপ্রয়োগ কি অধন্ম? মনে কর, একজন বড় ঘরের ছেলে দ্ববক্সায় পড়িয়াছে, তোমার কাছে একটি চাকরি পাইলে খাইয়া বাঁচে. কিন্ত বড ঘর বলিয়া তাহাতে তেমন ইচ্ছা নাই, কিন্তু তুমি তাহাকে ধরিয়া লইয়া গিয়া চাকরিতে বসাইয়া দিলে আপত্তি করিবে না, বরং সপরিবারে খাইয়া বাঁচিবে। সে ছলে তাহার হাত ধরিয়া টানিয়া লইয়া গিয়া দুটো ধমক দিয়া তাহাকে দফ্তরখানাতে বসাইয়া দেওয়া কি তোমার অধন্মতিরণ বা পীড়ন করা হইবে? সভেদার অবস্থাও ঠিক তাই। হিন্দরে ঘরের কুমারী মেয়ে, বুঝাইয়া र्वानाल, कि "अरमा ला" विनासा छाकितन, वरतत मरक यादेरव ना। कारकदे धतिसा नदेसा যাওয়ার ভাণ ভিন্ন তাহার মঙ্গলসাধনের উপায়ান্তর ছিল না।

"আমার যে কাজে ইচ্ছা নাই, সে কাজ আমার পক্ষে পরম মঙ্গলকর হইলেও, আমার প্রতি বলপ্রয়োগ করিয়া সে কাজে প্রবৃত্ত করিবার কাহারও অধিকার নাই।" এই আপত্তির দুইটি উত্তর আছে, আমরা বলিয়াছি। প্রথম উত্তর, উপরে ব্রোইলাম। প্রথম উত্তরে আমরা ঐ আপত্তির কথাটা যথার্থ বলিয়া স্বীকার করিয়া লইয়া উত্তর দিয়াছি। দিতীয় উত্তর এই বে. কথাটা সকল সময়ে যথার্থ নয়। যে কার্য্যে আমার পরম মঙ্গল সে কার্য্যে আমার অনিচ্ছা থাকিলেও বলপ্রয়োগ করিয়া আমাকে তাহাতে প্রবৃত্ত করিতে যে কাহারও অধিকার নাই, এ কথা সকল সময়ে খাটে না। যে রোগীর রোগপ্রভাবে প্রাণ যায়, কিন্তু ঔষধে রোগীর স্বভাবস্কভ বিরাগবশতঃ সে ঔষধ খাইবে না, তাহাকে বলপ্ত্র্বক ঔষধ খাওয়াইতে চিকিৎসকের এবং বন্ধবর্গের অধিকার আছে। সাংঘাতিক বিস্ফোটক সে ইচ্ছাপ্র্র্বাক কাটাইবে না,—জ্বোর করিয়া কাটিবার ডাক্তারের অধিকার আছে। ছেলে লেখাপড়া শিখিবে না, জ্ঞার করিয়া লেখাপড়া শিখাইবার অধিকার শিক্ষক ও পিতা মাতা প্রভৃতির আছে। এই বিবাহের কথাতেই দেখ, অপ্রাপ্তবয়ঃ কুমার কি কুমারী যদি অন্চিত বিবাহে উদ্যত হয়, বলপ্রেব তাহাকে নিব্তত্ত করিতে কি পিতা মাতার অধিকার নাই? আজিও সভ্য ইউরোপীর জাতিদিগের মধ্যে কন্যার বিবাহে জ্বোর করিয়া সংপাতে কন্যাদান করার প্রথা আছে। যদি পনের বংসরের কোন হিন্দুর মেরে কোন স্পাত্রে আপত্তি উপস্থিত করে, তবে কোন্ পিতা মাতা জোর করিয়া তাহাকে সংপাত্তস্থ করিতে আপত্তি করিবেন? জোর করিয়া বালিকা কন্যা সংপাত্তস্থ করিলে তিনি কি निम्मनीत्र इटेरवन? यीम ना दन, जरव म्युज्यादत्रा कृत्कत्र जन्याजि निम्मनीय त्कन?

এই গোল প্রথম আপত্রির দুই উত্তর। এখন দ্বিতীয় আপত্তির বিচারে প্রবৃত্ত হই।

দ্বিতীর আপত্তি এই হইতে পারে বে, ভাল, স্বীকার করা গোল বে, কৃষ্ণ সভেদার মঙ্গলকামনা করিয়াই, এই প্রামশ দিরাছিলেন—কিন্তু বলপূর্ত্বক হরণ ভিল্ল কি তাঁহাকে অন্তর্ভুনিমহিষী করিবার অন্য উপার ছিল না? স্বরুদ্বেরে বেন ভর ছিল, যেন মুঢ়ুমতি বালিকা কেবল মুখ দেখিরা ভূলিরা গিরা কোন অপাত্রে বরমাল্য দেওরার সম্ভাবনা ছিল, কিন্তু উপারান্তর কি ছিল না? কৃষ্ণ কি অন্তর্ন, বাস্বদেব প্রভৃতি কর্তৃপক্ষের কাছে কথা পাড়িরা রীতিমত সম্বদ্ধ ছির করিরা তাঁহাদিগকে বিবাহে সম্মত করিরা কন্যা সম্প্রদান করাইতে পারিতেন। যাদবেরা কৃষ্ণের বশাভূত; কেহই তাঁহার কথার অমত করিত না। এবং অন্তর্নে স্কুপাত্র, কেহই আপত্তি করিত না। তবে না হইল কেন?

এখনকার দিনকার হইলে, এ কাজ সহজে হইত। কিন্তু ভদ্রাৰ্জ্বনের বিবাহ চারি হাজার বংসর প্রের্ব ঘটিরাছিল, তখনকার বিবাহপ্রথা এখনকার বিবাহপ্রথার মত ছিল না। সেই বিবাহপ্রথা না ব্রিলে কৃষ্ণের আদর্শ ব্রিজ ও আদর্শ প্রীতি আমরা সম্পূর্ণর্গে ব্রিজতে পারিব না।

মনুতে আছে, বিবাহ অর্ণ্ডবিধ, (১) ব্রাহ্ম, (২) দৈব, (৩) আর্য্য, (৪) প্রাক্তাপত্য, (৫) আসুর, (৬) গান্ধবর্ব, (৭) রাক্ষস ও (৮) পৈশাচ। এই ক্রমান্বর্রুটা পাঠক মনে রাখিবেন।

এই অল্টপ্রকার বিবাহে সকল বর্ণের অধিকার নাই। ক্ষত্তিরের কোন্ কোন্ বিবাহে অধিকার, দেখা যাউক। তৃতীয় অধ্যারের ২০ শ্লোকে কথিত হইয়াছে,

यकान्या विश्वमा क्वमा ठकुताश्वतान्।

ইহার টীকার কুলটেভট্ট লৈখেন, "ক্ষত্রিরস্য অবরান্পরিতনানাস্বরাদীংশ্চতুরঃ।" তবেই ক্ষত্রিয়ের পক্ষে, কেবল আস্বর, গান্ধবর্ণ, রাক্ষস ও পৈশাচ, এই চারি প্রকার বিবাহ বৈধ। আর সকল অবৈধ।

কিন্তু ২৫ শ্লোকে আছে—

পৈশাচশ্চাস্ত্রশৈচব ন কর্ত্তব্যো কদাচন॥

· পৈশাচ ও আস্ত্র বিবাহ সকলেরই অকর্ত্তব্য। অতএব ক্ষত্তির পক্ষে কেবল গান্ধব্ব ও রাক্ষস, এই দ্বিধিধ বিবাহই বিহিত রহিল।

তন্মধ্যে, বরকন্যার উভরে পরম্পর অন্বাগ সহকারে যে বিবাহ হয়, তাহাই গান্ধবর্ণ বিবাহ। এখানে স্বভারে অন্বাগ অভাবে সে বিবাহ অসম্ভব. এবং সেই বিবাহ "কামসম্ভব", স্বতরাং পরম নীতিন্ত কৃষ্ণাম্পর্বের তাহা কখনও অন্যোদিত হইতে পারে না। অতএব রাক্ষস বিবাহ ভিন্ন অন্য কোন প্রকার বিবাহ শাস্তান্মারে ধর্ম্মা নহে ও ক্ষতিয়ের পক্ষে প্রশস্ত নহে; অন্য প্রকার বিবাহেরও সম্ভাবনা এখানে ছিল না। বলপ্বেক কন্যাকে হরণ করিয়া বিবাহ করাকে রাক্ষস বিবাহ বলে। বস্তুতঃ শাস্তান্মারে এই রাক্ষস বিবাহই ক্ষত্তিয়ের পক্ষে একমাত প্রশস্ত বিবাহ। মন্ত্র ৩ অ. ২৪ শ্লোকে আছে—

ठजूदा ताक्रामग्रामग्रान् श्रमखान् करदा विषद्धः। ताक्रमः कवित्रतम्यकमामृतः देवमामृत्रदाः॥

ষে বিবাহ ধন্দ্র্য ও প্রশস্ত, আপনার ভাগনীর ও ভাগনীপতির গোরবার্থ ও নিজকুলের গোরবার্থ, কৃষ্ণ সেই বিবাহের পরামর্শ দিতে বাধ্য ছিলেন। অতএব কৃষ্ণ অর্জ্জনকে যে পরামর্শ দিয়াছিলেন, তাহাতে তাহার পরম শাস্ত্রজ্ঞতা, নীতিজ্ঞতা, অদ্রান্তব্যদ্ধি এবং সর্ব্বপক্ষের মানসম্প্রম রক্ষার অভিপ্রায় ও হিতেক্ষাই দেখা যায়।

কেই কেই বলিতে পারেন, এখানে মন্ত্র দোহাই দিলে চলিবে না। মহাভারতের যুদ্ধের সমরে মন্ত্রাহিতা ছিল, ইহার প্রমাণ কি? কথা ন্যায় বটে, তত প্রাচীনকালে মন্ত্রাহিতা সম্কলিত ইইয়াছিল কি না, সে বিষরে বাদ প্রতিবাদ ইইতে পারে। তবে মন্ত্রাহিতা পূর্বে-প্রচলিত রীতি-নীতির সম্কলন মাত্র, ইহা পশ্ভিতদিগের মত। যদি তাহা হয়, তবে ব্র্যিন্ঠিরের রাজস্বনালে এর্প বিবাহপদ্ধতি প্রচলিত ছিল, ইহা বিবেচনা করা ষাইতে পারে। নাই পার্ক —মহাভারতেই এ বিষরে কি আছে, তাহাই দেখা ষাউক। এই স্ভুলাহরণ-পর্বাধ্যায়েই সে বিষরে কি প্রমাণ পাওয়া বায়, দেখা বাউক। বড় বেশী খ্রিজতে ইইবে না। আমরা পাঠকদিগের নিকট বে উত্তর দিতেছি, কৃষ্ণ নিজেই সেই উত্তর বলদেবকে দিয়াছিলেন। অভ্জন্ন স্ভুদ্রাক হরণ করিয়া লইয়া গিয়াছে, শ্ননিয়া বাদবেরা ফুদ্ধ ইইয়া রণসম্ভ্রা করিতেছিলেন। বলদেব বিললেন, অত গশ্ভগোল করিবার আগে, কৃষ্ণ কি বলেন শ্বনা বাউক। তিনি চুপ করিয়া

আছেন। তথন বলদেব কৃষ্ণকে সম্বোধন করিয়া, অর্ল্জন তাহাদের বংশের অপমান করিয়াছে বলিয়া রাগ প্রকাশ করিলেন, এবং কৃষ্ণের অভিপ্রায় কি. জিজ্ঞাসা করিলেন। কৃষ্ণ উত্তর করিলেন—

"অন্ধর্ন আমাদিগের কুলের অবমাননা করেন নাই, বরং সমিধিক সম্মান রক্ষাই করিরাছেন। তিনি তোমাদিগকে অর্থলার মনে করেন না বলিয়া অর্থদ্বারা সর্ভ্যাকে গ্রহণ করিতে চেন্টাও করেন নাই। স্বয়ংবরে কন্যা লাভ করা অতীব দর্র্হ ব্যাপার, এই জনাই তাহাতে সম্মত হন নাই, এবং পিতা মাতার অনুমতি গ্রহণপূর্বেক প্রদন্তা কন্যার পাণিগ্রহণ করা তেজস্বী করিরের প্রশংসনীয় নহে। অতএব আমার নিশ্চয় বোধ হইতেছে, কুন্তীপুর ধনঞ্জয় উক্ত দোষ সমন্ত পর্য্যালোচনা করিয়া বলপ্র্বেক সর্ভ্যাকে হরণ করিয়াছেন। এই সম্বন্ধ আমাদের কুলোচিত হইয়াছে, এবং কুলাশীল বিদ্যা ও বৃদ্ধিসম্পন্ন পার্থ বলপ্র্বেক হরণ করিয়াছেন বলিয়া স্ভ্যাও বশ্চিবনী হইবেন, সন্দেহ নাই।"

এখানে कृष्ण क्रविदात जाति श्रकात विवाद्यत कथा वीनग्राह्म:-

- ১। অর্থ (বা শুক্ক) দিয়া বিবাহ করা যায় (আসুর)।
- ২। স্বয়ংবর।
- ৩। পিতা মাতা কর্ত্তক প্রদত্তা কন্যার সহিত বিবাহ (প্রাজ্ঞাপত্য)।
- 8। वलभूष्यंक इत्रम (ताक्रम)।

ইহার মধ্যে প্রথমটিতে কন্যাকুলের অকীন্তি ও অষশ, ইহা সন্ধ্বাদিসন্মত। দ্বিতীয়ের ফল অনিশ্চিত। তৃতীয়ে, বরের অগোরব। কাজেই চতুর্থবি এখানে একমান্ত বিহিত বিবাহ। ইহা কুমোজিতেই প্রকাশ আছে।*

ভরসা করি, এমন নিবেশ্যে কেই নাই যে, সিদ্ধান্ত করেন যে, আমি রাক্ষস বিবাহের পক্ষ সমর্থন করিতেছি। রাক্ষস বিবাহ অতি নিন্দনীয়, সে কথা বিলয়া স্থান নন্ট করা নিন্প্রয়েজন। তবে সে কালে যে ক্ষান্ত্র্যাদগের মধ্যে ইহা প্রশংসিত ছিল, কৃষ্ণ তাহার দায়ী নহেন। আমাদিগের মধ্যে অনেকের বিশ্বাস যে, "রিফ্মর্বই" আদর্শ মন্ম্য, এবং কৃষ্ণ যিদ আদর্শ মন্ম, তবে মালাবারি ধরনের রিফ্মর্বর হওয়াই তাহার উচিত ছিল, এবং এই কুপ্রথার প্রশ্রম না দিয়া দমন করা উচিত ছিল। কিন্তু আমরা মালাবারি ঢংটাকে আদর্শ মন্ব্রের গ্রন্থের মধ্যে গণি না, স্কুররাং এ কথার কোন উত্তর দেওয়া আবশ্যক বিবেচনা করি না।

আমরা বলিয়াছি যে, বলপ্রেক হরণ করিয়া যে বিবাহ, তাহা তিন কারণে নিশ্দনীয়; (১) কন্যার প্রতি অত্যাচার. (২) তাহার পিতৃকুলের প্রতি অত্যাচার, (৩) সমাজের প্রতি অত্যাচার। কন্যার প্রতি যে কোন অত্যাচার হয় নাই, বরং তাহার পরম মঙ্গলই সাধিত হইয়াছিল, তাহা দেখাইয়াছি। এক্ষণে তাহার পিতৃকুলের প্রতি কোন অত্যাচার হইয়াছে কি না, দেখা ষাউক। কিন্তু আর স্থান নাই, সংক্ষেপে কথা শেষ করিতে হইবে। যাহা বলিয়াছি, তাহাতে সকল কথাই শেষ হইয়া আসিয়াছে।

কন্যাহরণে তংপিতৃকুলের উপর দৃই কারণে অত্যাচার ঘটে। (১) তাঁহাদিগের কন্যা অপাচে বা অনভিপ্রেত পাত্রের হস্তগত হয়। কিন্তু এখানে তাহা ঘটে নাই। অঙ্কর্ম অপাত্রও নহে, অনভিপ্রেত পাত্রও নহে। (২) তাঁহাদিগের নিজের অপমান। কিন্তু প্রের্ব যাহা উদ্ধৃত করিয়াছি, তাহার দ্বারা প্রমাণীকৃত হইয়াছে যে, ইহাতে যাদবেরা অপমানিত হইয়াছেন বিবেচনা করিবার কোন কারণ ছিল না। এ কথা যাদবশ্রেষ্ঠ কৃষ্ণই প্রতিপন্ন করিয়াছেন, এবং তাঁহার সেকখা ন্যায়সঙ্গত বিবেচনা করিয়া অপর যাদবেরা অঙ্কর্মকে ফিরাইয়া আনিয়া সমারোহপ্র্বেক তাঁহার বিবাহকার্যা সম্পন্ন করিয়াছিলেন। স্কুতরাং তাঁহাদের প্রতি অত্যাচার হইয়াছিল, ইহা বিলাবর আমাদের আর আবশাকতা নাই।

* মহাভারতের অনুশাসন-পদ্ধে যে বিবাহতত্ত্ব আছে, তাহার আমরা কোন উল্লেখ করিলাম না, কেন না, উহা প্রক্ষিপ্ত। সেখানে রাক্ষস বিবাহ ভীক্ষ কর্তৃক নিন্দিত ও নিষিদ্ধ হইয়াছে। কিন্তু ভীক্ষ শ্বরং কর্ত্তবায়কর্ত্বতা বিবেচনা ছির করিয়া, কাশিরাজের তিনটি কন্যা হরণ করিয়া আনিয়াছিলেন। স্ত্রাং ভীক্ষের রাক্ষস বিবাহকে নিন্দিত ও নিবিদ্ধ বলা সম্ভব নহে। ভীক্ষের চরিয় এই যে, যাহা নিবিদ্ধ ও নিন্দিত, তাহা তিনি প্রাণান্তেও করিতেন না। যে কবি তাহার চরিয় স্ভ করিয়াছেন, সে কবি কথনই তাহার মুখ দিয়া এ কথা বাহির করেন নাই। (৩) সমাজের প্রতি অত্যাচার। যে বলকে সমাজ অবৈধ বল বিবেচনা করে, সমাজমধ্যে কাহারও প্রতি সেই বল প্রযাক্ত হইলেই সমাজের প্রতি অত্যাচার হইল। কিন্তু যখন তাংকালিক আর্যাসমাজ ক্ষরিয়ক্ত এই বলপ্রয়োগকে প্রশস্ত ও বিহিত বলিত, তখন সমাজের আর বলিবার অধিকার নাই যে, আমার প্রতি অত্যাচার হইল। যাহা সমাজসম্মত, তম্বারা সমাজের উপর কোন অত্যাচার হয় নাই।

আমরা এই তত্ত্ব এত সবিস্তারে লিখিলাম, তাহার কারণ আছে। স্ভেদ্রাহরণের জন্য কৃষ্ণদ্বেষীরা কৃষ্ণকে কখনও গালি দেন নাই। তজ্জনা কৃষ্ণপক্ষসমর্থনের কোন আবশ্যকতা ছিল না। আমার দেখাইবার উদ্দেশ্য এই যে, বিলাত হইতে যে ছোট মাপকাটিট আমরা ধার করিয়া আনিয়াছি, সে মাপকাটিতে মাপিলে, আমাদিগের প্র্বপ্র্যুষাগত অতুল সম্পত্তি অধিকাংশই বাজেয়াপ্ত হইয়া যাইবে। আমাদিগের সেই একব্বির গজ বাহির করা চাই।

চতুর্থ পরিক্ষেদ—খাণ্ডবদাহ

স্ভদ্রাহরদের পরে খাশ্ডবদাহে কৃষ্ণের দর্শন পাই। পাশ্ডবেরা খাশ্ডবপ্রস্থে বাস করিতেন। তাঁহাদিগের রাজধানীর নিকট খাশ্ডব নামে এক বৃহৎ অরণ্য ছিল। কৃষ্ণাৰ্জ্বন তাহা দগ্ধ করেন। তাহার ব্যান্তটি এই। গলপটা বড় আষাঢ়ে রকম।

প্রেবেকালে শ্বেতিকি নামে একজন রাজা ছিলেন। তিনি বড যাজ্ঞিক ছিলেন। চিরকালই यक करतन। जाँदात यक कतिराज कतिराज क्षेत्रिक वाम्तालता द्राताल द्रोता राजा। जादाता जात পারে না-সাফ জবাব দিয়া সরিয়া পড়িল। রাজা তাহাদিগকে পীড়াপীড়ি করিলেন-তাহারা र्वानन, "এ तक्य काक आधारमत दाता २१र७ भारत ना-जूबि त्रस्तत कारह याछ।" ताका त्रस्तत कार्ष्ट्र (शरमन-तृप्त र्वामरमन, "आमता यक कित ना-ध काक दान्नारात। मृन्यीमा धक कन ৰাষ্মণ আছেন, তিনি আমারই অংশ—আমি তাঁহাকে বলিয়া দিতেছি।" রুদ্রের অনুরোধে, দৰ্ক্তাসা রাজার যজ্ঞ করিলেন। ঘোরতর যজ্ঞ—বার বংসর ধরিয়া ক্রমাগত অগ্নিতে ঘৃতথারা। ঘি খাইয়া অগ্নির Dyspepsia উপন্থিত। তিনি বন্ধার কাছে গিয়া বলিলেন, "ঠাকুর! বড বিপদ, খাইয়া খাইয়া শরীরের বড় প্লানি উপস্থিত হইয়াছে, এখন উপায় কি?" বন্ধা যে রক্ম ডাক্তারি क्रिल्न, जारा Similia Similibus Curanter रिमार्ट । जिन विनलन, "जान, शारेशा র্যাদ পীড়া হইয়া থাকে, তবে আরও খাও। খান্ডব বনটা খাইয়া ফেল-পীড়া আরাম হইবে।" শুনিয়া অগ্নি খান্ডব বন খাইতে গোলেন। চারি দিকে হু হু করিয়া জর্বলিয়া উঠিলেন। কিন্তু वत्न जत्नक क्षीवक्क्षु वाम क्रिक-राजीता भार्ष क्रिया क्रम क्रानिम, मार्श्या क्रम আনিল, এই রকম বনবাসী পশ্পক্ষিগণ মিলিয়া আগনুন নিবাইয়া দিল। আগন সাত বার জ্বনিলেন, সাত বার তাহারা নিবাইল। অগ্নি তখন রাহ্মণের রূপ ধারণ করিয়া কৃষ্ণার্জ্বনের সম্মুখে গিয়া উপস্থিত হইলেন। বলিলেন, "আমি বড় পেট্রক, বড় বেশী খাই, তোমরা আমাকে খাওয়াইতে পার?" তাঁহারা স্বীকৃত হইলেন। তখন তিনি আত্মপরিচয় দিয়া ছোট রকমের প্রার্থনা জানাইলেন—"খাশ্ডব বর্নাট খাব। খাইতে গিয়াছিলাম, কিন্তু ইন্দু আসিয়া বৃষ্টি করিয়া আমাকে নিবাইয়া দিয়াছে—খাইতে দেয় নাই।" তখন কৃষ্ণাৰ্জ্বন অস্ত্র ধরিয়া বন পোড়াইতে গেলেন। ইন্দ্র আসিয়া বৃষ্টি করিতে লাগিলেন, অন্জানের বাণের চোটে বৃষ্টি বন্ধ इरेंग्रा एम्ल । रमेंगे कि तकस्य रम्न, आंभता किलकारलत रलाक छारा व्यक्तिराज भारत मा। भारतल, অতিবৃষ্টিতে ফসল রক্ষার একটা উপায় করা যাইতে পারিত। যাই হোক—ইন্দ্র চটিয়া যুদ্ধ আরম্ভ করিলেন। সব দেবতা অস্ত্র লইয়া তাঁহার সহায় হইলেন। কিন্তু অর্জ্জ্বনকে আঁটিয়া উঠিবার যো নাই। ইন্দ্র পাহাড় ছঃড়িয়া মারিলেন—অন্জর্বন বাণের চোটে পাহাড় কাটিয়া र्ফानलन। (विमाणे अथनकात मितन जाना थाकित्न त्रहेन अत्य जेतनम् कतिवात वर्ष मृतिया **इटे**छ।) भाष टेन्द्र वक्क्स्यहादत छेमाछ—छथन रेमववागी इटेन खं, टेटाता नतनातासम श्राहीन श्रीय।*

^{*} পাঠক দেখিয়াছেন, এক স্থানে কৃষ্ণ বিষ্কৃরে কেশ; এখানে প্রাচীন খবি, আবার দেখিব, তিনি বিষকৃর অবভার। এ কথার সামঞ্জসাচেন্টার বা খন্ডনে আমাদের কোন প্ররোজন নাই। কৃষ্ণচিত্রই আমাদের সমালোচ্য।

দৈববাণীটা বড় স্ববিধা—কে বলিল. তার ঠিকানা নাই—কিন্তু বলিবার কথাটা প্রকাশ হইয়া পড়ে। দৈববাণী শ্বনিয়া দেবতারা প্রস্থান করিলেন। কৃষ্ণান্তর্বন স্বাছন্দে বন পোড়াইতে লাগিলেন। আগ্বনের ভরে পশ্পক্ষী পলাইতেছিল. সকলকে তাঁহারা মারিয়া ফেলিলেন। তাহাদের মেদ মাংস খাইয়া অগ্নির মন্দাগ্নি ভাল হইল—বিষে বিষক্ষয় হইল—তিনি কৃষ্ণান্তর্বনকে বর দিলেন। পরাভূত দেবতারা আসিয়াও বর দিলেন। সকল পক্ষ খুসী হইয়া ঘরে গেলেন।

এইর্প আষাঢ়ে গলেপর উপর ব্নিয়াদ খাড়া করিয়া ঐতিহাসিক সমালোচনায় প্রবৃত্ত হইলে কেবল হাস্যাদপদ হইতে হয়—অন্য লাভ নাই। আর আমাদের যাহা সমালোচ্য—অর্থাং কৃষ্ণচরিয়,—তাহার ভালমন্দ কোন কথাই ইহাতে নাই। যদি ইহার কোন ঐতিহাসিক তাংপর্যা থাকে, তবে সেট্রকু এই যে, পান্ডবাদিগের রাজধানীর নিকটে একটা বড় বন ছিল, সেখানে অনেক হিংল্ল পশ্র বাস করিত, কৃষ্ণাভর্জন তাহাতে আগ্রন লাগাইয়া, হিংল্ল পশ্রদিগকে বিনন্ট করিয়া জঙ্গল আবাদ করিবার যোগ্য করিয়াছিলেন। কৃষ্ণাভর্জন যদি তাই করিয়াছিলেন, তাহাতে ঐতিহাসিক কীর্ত্তি বা অকীর্ত্তি কিছুই দেখি না। স্বন্ধরবনের আবাদকারীরা নিত্য তাহা করিয়া থাকে।

আমরা স্বীকার করি যে. এ ব্যাখ্যাটা নিতান্ত টাল্বয়স হ্ইলার ধরনের হইল। কিন্তু আমরা যে এর্প একটা তাৎপর্য্য স্চিত করিতে বাধ্য হইলাম, তাহার কারণ আছে। খাশ্ডব-দাহটা অধিকাংশ তৃতীয় স্তরান্তর্গত হইতে পারে, কিন্তু স্থ্লে ঘটনার কোন স্চনা যে আদিম মহাভারতে নাই, এ কথা আমরা বলিতে প্রস্তুত নহি। পন্তর্সংগ্রহাধ্যায়ে এবং অন্কর্মাণকাধ্যায়ে ইহার প্রসঙ্গ আছে। এই খাশ্ডবদাহ হইতে সভাপন্থের উৎপত্তি। এই বনমধ্যে ময় দানব বাস করিত। সেও প্রভিয়া মরিবার উপক্রম হইয়াছিল। সে অস্ক্র্নের কাছে প্রাণ ভিক্ষা চাহিয়াছিল: অন্জ্র্নেও শরণাগতকে রক্ষা করিয়াছিলেন। এই উপকারের প্রত্যুপকার জন্য ময় দানব পাশ্ডবিদগের অত্যুৎকৃষ্ট সভা নিশ্মণি করিয়া দিয়াছিলেন। সেই সভা লইয়া সভাপন্থের কথা।

এখন সভাপর্ব্ব অন্টাদশ পর্বের এক পর্বা। মহাভারতের যুদ্ধের বাঁজ এইখানে। ইহা একেবারে বাদ দেওয়া যায় না। যাদ তা না হয়, তবে ইহার মধ্যে কতটুক্ ঐতিহাসিক তত্ত্ব নিহিত থাকিতে পারে, তাহা বিচার করিয়া দেখা উচিত। সভা এবং তদ্পলক্ষে রাজস্ম রজ্জকে মৌলিক এবং ঐতিহাসিক বলিয়া গ্রহণ করার প্রতি কোনই আপত্তি দেখা যায় না। যাদ সভা ঐতিহাসিক হইল, তবে তাহার নির্ম্মাতা এক জন অবশ্য থাকিবে। মনে কর, সেই কারিগর বা এজিনিয়রের নাম ময়। হয়ত সে অনার্যাবংশীয়—এজন্য তাহাকে ময় দানব বলিত। এমন হইতে পারে যে, সে বিপন্ন হইয়া অভ্জর্নের সাহায্যে জাবন লাভ করিয়াছিল, এবং কৃতজ্ঞতাবশতঃ এই এজিনিয়রী কাজটুকু করিয়া দিয়াছিল। যদি ইহা প্রকৃত হয়, তবে সে যে কির্পে বিপন্ন হইয়া অভ্জর্নকৃত উপকার প্রাপ্ত হইয়াছিল, সে কথা কেবল খান্ডবদাহেই পাওয়া যায়। অবশ্য স্বাকার করিতে হইবে য়ে, এ সকলই কেবল অদ্ধকারে ঢিল মারা। তবে অনেক প্রাচীন ঐতিহাসিক তত্ত্বই এইর্প অদ্ধকারেও ঢিল।

হরত, ময় দানবের কথাটা সম্দায়ই কবির স্থিট। তা যাই হৌক, এই উপলক্ষে কবি যে ভাবে কৃষ্ণাৰ্জ্জনের চরিত্র সংস্থাপিত করিয়াছেন, তাহা বড় মনোহর। তাহা না লিখিয়া থাকা যায় না। ময় দানব প্রাণ পাইয়া অভ্যুনিকে বলিলেন, "আপনি আমাকে পরিত্রাণ করিয়াছেন, অতএব আজ্ঞা কর্ন, আপনার কি প্রত্যুপকার করিব?" অভ্যুনি কিছ্ প্রত্যুপকার চাহিলেন না, কেবল প্রীতি ভিক্ষা করিলেন। কিন্তু ময় দানব ছাড়ে না; কিছ্, কাজ না করিয়া যাইবে না। তখন অভ্যুনি তাঁহাকে বলিলেন,—

"হে কৃতজ্ঞ! তুমি আসন্নমৃত্যু হইতে রক্ষা পাইয়াছ বলিয়া আমার প্রত্যুপকার করিতে ইচ্ছা করিতেছ, এই নিমিত্ত তোমার দ্বারা কোন কর্ম্ম সম্পন্ন করিয়া লইতে ইচ্ছা হয় না।"

ইহাই নিজ্জাম ধর্ম্ম ; খ্রীষ্টান ইউরোপে ইহা নাই। বাইবেলে যে ধর্ম্ম অনুজ্ঞাত হইরাছে, স্বর্গ বা ঈশ্বর-প্রীতি তাহার কাম্য। আমরা এ সকল পরিত্যাগ করিয়া পাশ্চান্তা গ্রন্থ হইতে যে ধর্ম্ম ও নীতি শিক্ষা করিতে যাই, আমাদের বিবেচনায় সেটা আমাদের দুর্ভাগ্য। অর্জ্জন্বাকোর অপরাদ্ধে এই নিজ্জাম ধর্ম আরও পশুট হইতেছে। মর যদি কিছু কাজ্ঞ করিতে

পারিলে মনে সুখী হয়, তবে সে সুখ হইতে অক্জন্ন তাহাকে বঞ্চিত করিতে অনিচ্ছন্ক। অতএব তিনি বলিতে লাগিলেন.—

"তোমার অভিলাষ যে বার্থ হয়, ইহাও আমার অভিপ্রেত নহে। অতএব তুমি কৃষ্ণের কোন কম্ম কর, তাহা হইলেই আমার প্রতাপকার করা হইবে।"

অর্থাৎ, তোমার দ্বারা যদি কাজ লইতে হয়, তবে সেও পরের কাজ। আপনার কাজ লওয়া হইবে না।

তখন ময় কৃষ্ণকে অনুরোধ করিলেন—কিছু কাজ করিতে আদেশ কর। ময় "দানবকুলের বিশ্বকৰ্মা"—বা চীফ্ এঞ্জিনিয়র। কৃষ্ণও তাঁহাকে আপনার কাজ করিতে আদেশ করিলেন না। বিশিক্তারের একটি সভা নিশ্মাণ কর। এমন সভা গড়িবে, মনুষ্যে যেন তাহার অনুকরণ করিতে না পারে।"

ইহা কৃষ্ণের নিজের কাজ নহে—অথচ নিজের কাজ বটে। আমরা প্রেব বিলয়াছি, কৃষ্ণ স্বজনীবনে দ্রেটি কার্য্য উদ্দিন্ট করিয়াছিলেন—ধন্মপ্রচারে এবং ধন্মরাজাসংস্থাপন। ধন্মপ্রচারের কথা এখনও বড় উঠে নাই। এই সভা নিন্মাণ ধন্মরাজাসংস্থাপনের প্রথম সূত্র। এইখানেই তাঁহার এই অভিসন্ধির প্রথম পরিচয় পাওয়া যায়। যুবিদ্বিরের সভা নিন্মাণ হইতে যে সকল ঘটনাবলী হইল, শেষে তাহা ধন্মরাজাসংস্থাপনে পরিণত হইল। ধন্মরাজাসংস্থাপন, জগতের কাজ: কিন্তু যখন তাহা কৃষ্ণের উদ্দেশ্য, তখন এ সভাসংস্থাপন তাঁহার নিজের কাজ।

গত অর্ধ্যায়ে সমাজসংস্করণের কথাটা উঠিয়াছিল। আমরা বলিয়াছি যে, তিনি সমাজসংস্থাপন বা Social Reformer হইবার প্রয়াস পান নাই। দেশের নৈতিক এবং রাজনৈতিক প্রক্রেপিবন (Moral and Political Regeneration), ধর্মপ্রচার এবং ধর্ম্মরাজাসংস্থাপন, ইহাই তাঁহার উন্দেশ্য। ইহা ঘটিলে সমাজসংস্কার আপনি ঘটিয়া উঠে—ইহা না ঘটিলে সমাজসংস্কার কোন মতেই ঘটিবে না। আদর্শ মনুষ্য ভাহা জানিতেন,—জানিতেন, গাছের পাট না করিয়া কেবল একটা ভালে জল সেচিলে ফল ধরে না। আমরা তাহা জানিতেন, গাছের পাট না করিয়া কেবল একটা ভালে জল সেচিলে ফল ধরে না। আমরা তাহা জানি না—আমরা তাই সমাজসংস্করণকে একটা পৃথক জিনিস বলিয়া খাড়া করিয়া গণ্ডগোল উপস্থিত করি। আমাদের খ্যাতিপ্রিয়তাই ইহার এক কারণ। সমাজসংস্কারক হইয়া দাঁড়াইলে হঠাং খ্যাতিলাভ করা যায়—বিশেষ সংস্করণপদ্ধতিটা যদি ইংরেজি ধরনের হয়। আর যার কাজ নাই, হুজুক তার বড় ভাল লাগে। সমাজসংস্করণ আর কিছুই হউক না হউক, একটা হুজুক বটে। হুজুক বড় আমোদের জিনিস। এই সম্প্রদায়ের লোকদিগকে আমরা জিজ্ঞাসা করি, ধন্মের উন্নতি ব্যতাত সমাজসংস্কার কিসের জোরে হইবে। রাজনৈতিক উন্নতিরও মূল ধন্মের উন্নতি। অতএব সকলে মিলিয়া ধন্মের উন্নতিতে মন দাও। তাহা হইলে আর সমাজসংস্করণের পৃথক্ চেন্টা করিতে হইবে না। তা না করিলে, কিছুতেই সমাজসংস্কার হইবে না। তাই আদর্শ মনুষ্য মালাবারি হইবার চেন্টা করেন নাই।

পঞ্চম পরিক্ষেদ-ক্রকের মানবিকতা

কৃষ্ণচরিত্রের এই সমালোচনার আমি কৃষ্ণের কেবল মান্ধী প্রকৃতিরই সমালোচনা করিতেছি। তিনি ঈ্ষর কি না, তাহা আমি কিছু বলিতেছি না। সে কথার সঙ্গে পাঠকের কোন সম্বন্ধ নাই। কেন না, আমার বাদ সেই মত হয়, তব্ আমি পাঠককে সে মত গ্রহণ করিতে বলিতেছি না। গ্রহণ করা না করা, পাঠকের নিজের ব্লিন্ধর ও চিত্তের উপর নির্ভর করে, অন্রোধ চলে না। ম্বর্গ জেলখানা নহে—তাহার যে একটি বৈ ফটক নাই, এ কথা আমি মনে করি না। ধ্ব্যুর বটে, কিন্তু তাহার নিকটে পেশিছবার অনেক পথ আছে—কৃষ্ণভক্ত এবং খ্রীষ্টীরান উভ্যেই সেখানে পেশিছতে পারে। অতএব কেহ কৃষ্ণধর্ম্ম গ্রহণ না করিলে, আমি তাঁহাকে পতিত মনে করিব না, এবং ভরসা করি যে, কৃষ্ণদ্বেষী বা প্রাচীন বৈশ্ববের দল আমাকে নিরয়গামী বলিয়া ভাবিবেন না।

 [&]quot;ধন্মের অসংখ্য বার। বে কোন প্রকারে হউক, ধন্মের অনুষ্ঠান করিলে উহা কদাপি নিত্রকা
হয় না।"—মহাভারত, শান্তিপত্র, ১৭৪ আ।

আমাদের এখন বলিবার কথা এই, আমরা তাঁহার মানুষী প্রকৃতির মান্ত সমালোচন করিতেছি। আমরা তাঁহাকে আদর্শ মনুষ্য বলিয়াছি। ইহাতে তাঁহার মনুষ্যাতীত কোন প্রকৃতি থাকিলেও তাহার বিকাশ মান্ত প্রতিবিদ্ধ হইল। বলিয়াছি, এমন হইতে পারে যে, ঈশ্বর লোকশিক্ষার্থ আদর্শমনুষ্য স্বর্প লোকালেরে জন্মগ্রহণ করেন। যদি তাই হর, তবে তিনি কেবল মানুষিক শক্তিতে, জগতে কেবল মানুষিক কার্য্য করিবেন। তিনি কখনও কোন লোকাতীত শক্তির দ্বারা কোন লোকিক বা অলোকিক কার্য্য নির্বাহ করিবেন না। কেন না, মনুষ্বের কোন অলোকিক শক্তি নাই। যিনি তাহার আশ্রের করিয়া স্বকার্য্য সাধন করিলেন তিনি আর মনুষ্বের আদর্শ হইতে পারিলেন না। যে শক্তি মনুষ্বের নাই, তাহার অনুকরণ মনুষ্য করিবে কি প্রকারে?*

অতএব শ্রীকৃষ্ণ ঈশ্বরের অবতার হইলেও তাঁহার কোন অলোকিক শক্তির বিকাশ বা অমান্বী কার্য্যসিদ্ধি সম্ভবে না। মহাভারতের যে সকল অংশে কৃষ্ণের অলোকিক শক্তির আরোপ আছে, তাহা অমূলেক এবং প্রক্ষিপ্ত কি না, সে কথার বিচার আমরা যথান্দানে করিব। এক্ষণে আমাদিগের বক্তব্য এই বে, কৃষ্ণ কোথাও আপনাকে ঈশ্বর বলিয়া পরিচর দেন না। কিথাও এমন প্রকাশ করেন নাই বে, তাঁহার কোন প্রকার অমান্বিক শক্তি আছে। কেহ তাঁহাতে ঈশ্বরত্ব আরোপ করিলে, তথন তিনি সে কথার অনুমোদন করেন নাই, বা এমন কোন আচরণ করেন নাই, যাহাতে তাহাদের সেই বিশ্বাস দ্যৌকৃত হইতে পারে। বরং এক স্থানে তিনি স্পন্টই বলিয়াছেন, "আমি যথাসাধ্য প্রুষকার প্রকাশ করিতে পারি, কিন্তু দৈবের অনুষ্ঠানে আমার কিছুমার ক্ষমতা নাই।"

তিনি যত্নপূৰ্বক মন্ব্যোচিত আচার বাবহারের অন্তান করেন। যাহার মনে থাকে যে, আমি একটা দেবতা বলিয়া পরিচিত হইব, সে একট্ব মন্ব্যোচিত আচারের উপর চড়ে, কুষে সে ভাব কোথাও লক্ষিত হয় না। এই সকল কথার উদাহরণস্বর্প তিনি খান্ডবদাহের পর ব্রিধিন্টিরাদির নিকট বিদায় গ্রহণ করিয়া, বখন দ্বারকা যাত্রা করেন, তখন তিনি বের্প আচরণ করিয়াছিলেন, তাহার বর্ণনা উদ্ধৃত করিয়েতছি। উহা অত্যন্ত মান্ত্রিষক।

"বৈশম্পায়ন কহিলেন, ভগবান্ বাস্দেব পরম প্রীত পাশ্ডবগণ কর্তৃক অভিপ্রজিত হইয়া কিয়িদন খাশ্ডবগ্রন্থে বাস করিলেন। পরিশেষে পিতৃদর্শনে সাতিশয় উৎসাক হইয়া স্বভবনে গমন করিতে নিতান্ত অভিলাষী হইলেন। তিনি প্রথমতঃ ধন্মরিজ ব্রধিন্ঠিরকে আমল্যণ করিয়া পশ্চাৎ স্বীয় পিতৃত্বসা কুন্তী দেবীর চরণবন্দন করিলেন। তখন বাস্দেব, সাক্ষাৎকরণমানসে স্বীয় ভগিনী সাভদ্রার সমীপে উপস্থিত হইয়া, অর্থায়াক্ত ব্যথ্থ হিতকর অল্পাক্ষর ও

*"We forget that Christ incarnate was such as we are, and some of us are putting him where he can be no example to us at all. Let no fear of losing the dear great truth of the divinity of Jesus make you lose the dear great truth of the humanity of Jesus. He took upon himself our nature; as a man of the like passions, he fought that terrible fight in the wilderness; year by year, as an innocent man. was he persecuted by narrow-hearted Jews; and his was a humanity whose virtue was pressed by all the needs of the multitude and yet kept its richness of nature; a humanity which, though given up to death on the cross, expressed all that is within the capacity of our own humanity; and if we really follow him we shall be holy even as he is holy."

Sermon by Dr. Brookly, delivered at Trinity Church, Boston, March 29th, 1885.

শ্ৰীকৃষ্ণ সম্বন্ধে আমি ঠিক এই কথা বলি।

† বে দুই এক স্থানে এর্প কথা আছে, সে সকল অংশ বে প্রক্ষিপ্ত, তাহাও যথাস্থানে আমর। প্রমাণীকত করিব।

া অহং হি তং করিবামি পরং প্রেব্বনরতঃ। দৈবং তুন মরা শকাং কর্মা কর্ত্ত্বে কথন্তন ॥ উদ্যোগপর্যা, ৭৮ অধ্যার। অখন্ডনীর বাক্যে তাঁহাকে নানাপ্রকার ব্বাইলেন। ভদ্রভাষিণী ভদ্রাও তাঁহাকে জননী প্রভৃতি চ্বজনসমীপে বিজ্ঞাপনীর বাক্য সম্পার কহিয়া দিয়া বারংবার প্র্জা ও অভিবাদন করিলেন। ব্রিকংশাবতংস কৃষ্ণ তাঁহার নিকট বিদায় লইয়া দ্রোপদী ও ধোঁম্যের সহিত সাক্ষাৎ করিলেন। ধোঁম্যকে বথাবিধি বন্দন ও দ্রোপদীকে সম্ভাষণ ও আমন্ত্রণ করিয়া অন্ধর্মনসমভিব্যাহারে তথা হইতে ব্রিধিন্টিরাদি দ্রাতৃচতৃষ্টয়ের নিকট উপস্থিত হইলেন। তথার ভগবান্ বাস্কেব পঞ্চপান্ডবক্ত্রক বেন্টিত হইয়া অমরগণ-পরিবৃত মহেন্দ্রের ন্যায় শোভা পাইতে লাগিলেন।

তংপরে ক্লম্ম যাত্রাকালোচিত কার্য্য করিবার মানসে ব্লানান্তে অলম্কার পরিধান করিয়া মালা জপ, নমস্কার ও নানাবিধ গন্ধার্য স্থারা দেব ও দ্বিজগণের প্রজা সমাধা করিলেন। তিনি ক্রমে ক্রমে তৎকালোচিত সমস্ত কার্য্য সমাধা করিয়া স্বপত্ন গমনোদ্যোগে বহিঃকক্ষায় বিনিগতি হইলেন। স্বস্তিবাচক ব্রাহ্মণগণ দ্বিপার স্থলপূর্ণ ও অক্ষত প্রভৃতি মাঙ্গলা বস্তু হস্তে করিয়া বায় বেগগামী কাণ্ডনময় রথে আরোহণ করিয়া স্বপরে গমন করিতেছেন, এমন সময়ে মহারাজ যু, যিতির ক্লেহপরতন্ত্র হইয়া সেই রথে আরোহণপূর্বেক দারুক সার্যাথকে তৎস্থান হইতে স্থানান্তরে উপবেশন করাইয়া স্বয়ং সার্রাথ হইয়া বলুগা গ্রহণ করিলেন। মহাবাহ, অর্চ্জনেও তাহাতে আরোহণ করিয়া স্বর্ণদন্ডবিরাজিত শ্বেত চামর গ্রহণপূর্বেক শ্রীকৃষ্ণকে বীজন করতঃ প্রদক্ষিণ করিলেন। মহাবলপরালান্ত ভীমসেন নকুল এবং সহদেব, ঋত্বিক্ ও পরুরোহিতগণ সমভিব্যাহারে তাঁহার অনুগমন করিতে লাগিলেন। শত্রবলান্তক বাস্কদেব যুরিধিন্ঠরাদি ভ্রাতগণ কর্ত্তক অনুগ্রমান হইয়া শিষাগণানুগত গুরুর ন্যায় শোভা পাইতে লাগিলেন। তিনি जन्म नत्क आमन्त्रण ७ गाए जानिक्रन, यूर्रिशच्छेत ७ जीयरमनर्क भूजा धवर नक्न ७ महरानवर्क সম্ভাষণ করিলেন। যুরিধিন্টির ভীমসেন ও অম্প্রন তাঁহাকে আলিঙ্গন এবং নকুল ও সহদেব তাঁহাকে অভিবাদন করিলেন। তৎপরে ক্রমে ক্রমে অর্দ্ধ যোজন গমন করিয়া শত্রনিস্থান ক্রম যু, ধিভিসনকে আমন্ত্রণ করতঃ প্রতিনিব্ত হউন বলিয়া তাঁহার পাদম্বর গ্রহণ করিলেন। ধন্মরাজ যুধিন্ঠির চরণপতিত পতিতপাবন কমললোচন কৃষ্ণকে উত্থাপিত করিয়া তাঁহার মন্তকান্তালপত্রবিক স্বভবনে গমন করিতে অনুমতি করিলেন। তথন ভগবান্ বাস্দেব পাশ্ডবগণের সহিত যথাবিধি প্রতিজ্ঞা করতঃ অতি কন্টে তাঁহাদিগকে প্রতিনিব্ত করিয়া অমরাবতীপ্রস্থিত মহেন্দ্রের ন্যায় দ্বারাবতী প্রতিগমন করিতে লাগিলেন। পান্ডবগণ ষতক্ষণ কৃষ্ণকে দেখিতে পাইলেন, ততক্ষণ তাঁহারা নিমেষশনো নয়নে তাঁহাকে নিরীক্ষণ ও মনে মনে তাঁহার অনুগমন করিতে লাগিলেন। কৃষ্ণকে দেখিয়া তাঁহাদিগের মন পরিত্তপ্ত না হইতে হইতেই তিনি তাঁহাদিগের দ্বিত্বপথের বহির্ভূত হইলেন। তখন পাশ্ডবগণ কৃষ্ণদর্শনে নিতান্ত নিরাশ হইয়া তদ্বিষ্যাশী চিন্তা করিতে করিতে স্বপুরে প্রতিনিবৃত্ত হইলেন। দেবকীনন্দন কৃষ্ণও অনুগামী মহাবীর সহিত এবং দার্ক সার্থির সহিত বেগবান গর্ভের ন্যায় সম্বরে দ্বারকাপ্তরে সম্পৃষ্টিত হইলেন। ধর্মারাজ যুর্যিষ্ঠির দ্রাত্যাণ সম্ভিব্যাহারে সক্রেজনপরিবৃত হইরা স্বপুরে প্রবেশ করিলেন. এবং দ্রাতা পত্র ও বন্ধনিগকে বিদায় দিয়া দ্রোপদীর সহিত আমোদ প্রমোদে কালক্ষেপ করিতে লাগিলেন। এ দিকে কৃষ্ণও পরম আহ্যাদিতচিত্তে দ্বারকাপ্রের প্রবেশ করিলেন। উগ্রসেন প্রভৃতি ষদ্প্রেষ্ঠগণ তাঁহার প্রজা করিতে লাগিলেন। বাস্ফার্ক প্রপ্রবেশ করিয়া অগ্রে বৃদ্ধ পিতা, আহ্বক ও বর্শান্ত্রনী মাতাকে, পরে বলভদ্রকে অভিবাদন করিলেন। অনন্তর তিনি প্রদান্ত নাম্ব নিশঠ চার দেষ্ট গদ অনির দ্ব ও ভান কে আলিঙ্গন করিয়া বাদ্ধগণের অনুমতি গ্রহণপূৰ্বক রুক্মিণীর ভবনে উপস্থিত হইলেন।"

यके পরিচ্ছেদ-জরাসন্ধবধের পরামর্শ

এ দিকে সভানিন্দর্শাণ হইল। ব্বধিষ্ঠিরের রাজস্ব বজ্ঞ করিবার প্রস্তাব হইল। সকলেই সে বিষয়ে মত করিল, কিন্তু ব্বধিষ্ঠির কৃষ্ণের মত বাতীত তাহাতে প্রবৃত্ত হইতে অনিচ্ছুক—কেন না, কৃষ্ণই নীতিজ্ঞ। অতএব তিনি কৃষ্ণকে আনিতে পাঠাইলেন। কৃষ্ণও সংবাদপ্রাপ্তিমাত্র খাশ্ডবপ্রস্তে উপস্থিত হইলেন।

রাজস্বয়ের অনুষ্ঠান সম্বন্ধে যু, ধিষ্ঠির কৃষ্ণকে বলিতেছেন :--

"আমি রাজস্র যক্ত করিতে অভিসাধ করিয়াছি। ঐ যক্ত কেবল ইচ্ছা করিলেই সম্পন্ন হয় এমত নহে। যে রূপে উহা সম্পন্ন হয় তাহা তোমার স্বিদিত আছে। দেখ, যে ব্যক্তিত সকলই সম্ভব, যে ব্যক্তি সর্বাহ প্রান্ত করিলেই সম্বান্ত করিলেই সালস্থান্ত করিলেই ব্যক্তিই রাজস্থান্ত চিনের উপযুক্ত পাত্র।"

কৃষ্ণকে যুর্যিন্ঠিরের এই কথাই জিজ্ঞাসা। তাঁহার জিজ্ঞাসা এই যে—"আমি কি সেইরুপ ব্যক্তি? আমাতে কি সকলই সম্ভব? আমি কি সর্ব্বাই প্রেয়া, এবং সমুদায় প্রথিবীর ঈশ্বর?" যু, বিষ্ঠির দ্রাত্গণের ভুজবলে একজন বড় রাজা হইয়া উঠিয়াছেন বটে, কিন্তু তিনি এমন একটা লোক হইয়াছেন কি যে, রাজসুরের অনুষ্ঠান করেন? আমি কত বড় লোক, তাহার ঠিক মাপ কেহই আপনা আপনি পার না। দান্তিক ও দ্রোত্মাগণ খুব বড় মাপকাঠিতে আপনাকে মাপিয়া আপনার মহত্ত সম্বন্ধে কৃতনিশ্চয় হইয়া সন্তুষ্টাচতে বসিয়া থাকে, কিন্তু যু্ বিষ্ঠিরের ন্যায় সাবধান ও বিনয়সম্পন্ন ব্যক্তির তাহা সম্ভব নহৈ। তিনি মনে মনে ব্যক্তিছেন বটে ষে, আমি খুব বড় রাজা হইয়াছি, কিন্তু আপনার কৃত আত্মমানে তাঁহার বড় বিশ্বাস হইতেছে না। তিনি আপনার মন্ত্রিগণ ও ভীমার্জ্জনাদি অনুজ্ঞাণকে ডাকিয়া জিজ্ঞাসা করিয়াছিলেন,—'কেমন, আমি রাজস্যে যজ্ঞ করিতে পারি কি?" তাঁহারা বালয়াছেন—"হাঁ, অবশ্য পার। তুমি তার যোগ্য পাত্র।" ধোম্য দৈপায়নাদি ঋষিগণকে ডাকিয়া জিজ্ঞাসা করিয়াছিলেন, "কেমন, আমি কি রাজসূয়ে পারি?" তাঁহারাও বলিয়াছিলেন, "পার। তুমি রাজসূয়ানুষ্ঠানের উপযুক্ত পার।" তথাপি সাবধান* যুবিষ্ঠিরের মন নিশ্চিন্ত হইল না। অঙ্জান হউন, ব্যাস হউন, ন্যাসি হউন, ন্যাসি নিকট পরিচিত ব্যক্তিদিগের মধ্যে যিনি সন্ধাপেক্ষা শ্রেষ্ঠ, তাঁহার কাছে এ কথার উত্তর না শানিলে যাধিন্ঠিরের সন্দেহ যায় না। তাই "মহাবাহা সন্ধলোকোত্তম" ক্লের সহিত পরামর্শ করিতে স্থির করিলেন। ভাবিলেন, "কৃষ্ণ সর্ম্বাস্ত্র ও সর্ম্বারুং, তিনি অবশাই আমাকে সংপরামর্শা দিবেন।" তাই তিনি কৃষ্ণকে আনিতে লোক পাঠাইয়াছিলেন, এবং কৃষ্ণ আসিলে তাই, তাঁহাকে পুর্বেস্কৃত কথা জিজ্ঞাসা করিতেছেন। কেন তাঁহাকে জিজ্ঞাসা করিতেছেন, তাহাও রুফকে খ্যালয়া বালতেছেন।

"আমার অন্যান্য স্ক্রদ্গণ আমাকে ঐ যজ্ঞ করিতে পরামর্শ দিয়াছেন, কিন্তু আমি তোমার পরামর্শ না লইয়া উহার অনুষ্ঠান করিতে নিশ্চর করি নাই। হে কৃষ্ণ! কোন কোন ব্যক্তি বন্ধন্তার নিমিত্ত দোঝোশোষণ করেন না। কেহ কেহ স্বার্থপির হইয়া প্রিয়বাক্য কহেন। কেহ বা ষাহাতে আপনার হিত হয়, তাহাই প্রিয় বালিয়া বােধ করেন। হে মহাত্মন! এই প্রিথবী মধ্যে উক্ত প্রকার লােকই অধিক, স্কুতরাং তাহাদের পরামর্শ লইয়া কোন কার্য্য করা যায় না। তুমি উক্ত দোবরহিত ও কাম-ক্রোধ-বিবন্ধ্বিত; অতএব আমাকে ষথার্থ পরামর্শ প্রদান কর।"

পাঠক দেখন, কৃষ্ণের আত্মীরগণ বাঁহারা প্রতাহ তাঁহার কার্য্যকলাপ দেখিতেন, তাঁহারা কৃষ্ণকে কি ভাবিতেন। আর এখন আমরা তাঁহাকে কি ভাবি। তাঁহারা জানিতেন, কৃষ্ণ কামক্রাধ-বিবন্ধিত সম্বাদেশকা সভ্যবাদী, সম্বাদাররিছত, সম্বাদেশকার, সম্বাদ্ধি ও সম্বাকৃষ্ণ,—আমরা জানি, তিনি লম্পট, ননীমাখনটোর, কৃষ্টলী, মিখ্যাবাদী, রিপ্রশাভূত এবং অন্যান্য দোষযুক্ত। যিনি ধন্মের চরমাদশ বিলয়া প্রাচীন গ্রন্থে পরিচিত, তাঁহাকে যে জাতি ও পদে অবনত করিয়াছে, সে জাতির মধ্যে যে ধন্মান্তোপ হইবে, বিচিত্র কি?

যুমিন্টির বাহা ভাবিয়াছিলেন ঠিক তাহাই ঘটিল: যে অপ্রিয় সত্যবাকা আর কেহই

^{*} পাশ্চব পাঁচ জনের চরিত্র ব্রিজমান্ সমালোচকে সমালোচনা করিলে দেখিতে পাইবেন বে, ব্রিবিন্তিরের প্রধান গ্ল, তাঁহার সাবধানতা। ভীম দর্দ্দাহসী, "গোঁরার" অর্চ্জন্ন আপনার বাহ্রজের গোঁরব জানিয়া নির্ভর ও নিশ্চিন্ত, ব্র্থিন্তির সাবধান। এ জগতে সাবধানতাই অনেক ছানে ধর্ম্ম বিলয়া পরিচিত হয়। কথাটা এখানে অপ্রাসন্তিক হইলেও, বড় গ্রেন্ডর কথা বলিয়াই এখানে ইহার উত্থাপন করিলাম। এই সাবধানতার সঙ্গে ব্রথিন্তিরের দাতান্ত্রাগ্য কতট্বতু সঙ্গত, তাহা দেখাইবার এ স্থান নহে।

[†] যুখিতিরের মুখ হইতে বার্ত্তবিক এই কথাগুলি বাহির হইরাছিল, আর তাহাই কেহ লিখিয়া রাখিরাছে, এমত নহে। মৌলিক মহাভারতে তাঁহার কির্প চরিত প্রচারিত হইরাছিল, ইহাই আমাদের আলোচা।

যাধিষ্ঠিরকে বলে নাই, কৃষ্ণ তাহা বলিলেন। মিষ্ট কথার আবরণ দিয়া যাধিষ্ঠিরকে তিনি বলিলেন, "তুমি রাজস্বের অধিকারী নও, কেন না, সম্ভাট্ ভিন্ন রাজস্বের অধিকার হয় না, তুমি সম্ভাট্ নও। মগধাধিপতি জরাসন্ধ এখন সম্ভাট্। তাহাকে জয় না করিলে তুমি রাজস্বের অধিকারী হইতে পার না ও সম্পন্ন করিতে পারিবে না।"

যাঁহারা কৃষ্ণকে স্বার্থপর ও কুচনী ভাবেন, তাঁহারা এই কথা শ্রনিয়া বলিলেন, "এ কুষ্ণের মতই কথাটা হইল বটে। জরাসন্ধ কৃষ্ণের পর্বেশন্ত্র, কৃষ্ণ নিজে তাঁহাকে আঁটিয়া উঠিতে পারেন নাই; এখন স্বযোগ পাইয়া বলবান্ পাশ্ডবদিগের দ্বারা তাহার বধ-সাধন করিয়া আপনার ইন্টাসিন্ধির চেন্টায় এই পরামশটা দিলেন।"

কিন্তু আরও একট্ কথা বাকি আছে। জরাসদ্ধ সমাট্, কিন্তু তৈম্রলঙ্গ্র বা প্রথম নেপোলিয়নের ন্যায় অত্যাচারকারী সমাট্। প্থিবী তাহার অত্যাচারে প্রপ্রীড়িত। জরাসদ্ধ রাজস্ক্রযজ্ঞার্থ প্রতিজ্ঞা করিয়া, "বাহ্বলে সমস্ত ভূপতিগণকে পরাজয় করিয়া সিংহ যেমন পর্যতকদর-মধ্যে করিগণকে বদ্ধ রাখে, সেইর্প তাহাদিগকে গিরিদ্নগে বদ্ধ রাখিয়াছে।" রাজগণকে কারাবদ্ধ করিয়া রাখার আর এক ভয়ানক তাৎপর্য্য ছিল। জরাসদ্ধের অভিপ্রায়, সেই সমানীত রাজগণকে যজ্ঞকালে সে মহাদেবের নিকট বাল দিবে। প্রেব যে যজ্ঞকালে কেহ কখনও নরবাল দিড, তাহা ইতিহাসজ্ঞ পাঠককে বালতে হইবে না।* কৃষ্ণ ব্রিষ্টিরকে বালতেছেন

"হে ভরতকুলপ্রদীপ! বলিপ্রদানার্থ সমানীত ভূপতিগল প্রোক্ষিত ও প্রমৃষ্ট হইয় পশ্বদিগের ন্যায় পশ্বপতির গ্রেহ বাস করতঃ অতি কন্টে জীবন ধারণ করিতেছেন। দ্বাত্মা জরাসদ্ধ
তাহাদিগকে অচিরাৎ ছেদন করিবে, এই নিমিত্ত আমি তাহার সহিত যুদ্ধে প্রবৃত্ত হইতে উপদেশ
দিতেছি। ঐ দ্বাত্মা ষড়শীতি জন ভূপতিকে আনয়ন করিয়াছে, কেবল চতুর্ম্প জনের অপ্রতুল
আছে; চতুষ্প জন আনীত হইলেই ঐ নৃপাধম উহাদের সকলকে এককালে সংহার করিবে।
হে ধর্ম্মাত্মন্! এক্ষণে যে ব্যক্তি দ্বাত্মা জরাসন্ধের ঐ কৃর কন্মে বিঘা উৎপাদন করিতে
পারিবে, তাহার যশোরাশি ভূমণ্ডলে দেদীপামান হইবে, এবং যিনি উহাকে জয় করিতে
পারিবেন, তিনি নিশ্চয় সাম্লাজ্য লাভ করিবেন।"

অতএব জরাসন্ধবধের জন্য ব্রিষ্টিরকে কৃষ্ণ যে পরামর্শ দিলেন, তাহার উদ্দেশ্য, কৃষ্ণের নিজের হিত নহে;—ব্র্রিষ্টিরেরও যদিও তাহাতে ইন্ট্রিসন্ধি আছে, তথাপি তাহাও প্রধানতঃ ঐ পরামর্শের উদ্দেশ্য নহে; উহার উদ্দেশ্য কারার্দ্ধ রাজমন্ডলীর হিত—জরাসন্ধের অত্যাচার-প্রশীড়িত ভারতবর্ষের হিত—সাধারণ লোকের হিত। কৃষ্ণ নিজে তথন রৈবতকের দ্রুগের আশ্রের, জরাসন্ধের বাহর্ম অতীত এবং অজের; জ্বাসন্ধের বধে তাঁহার নিজের ইন্ট্রানিষ্ট কিছ্ইছল না। আর থাকিলেও, যাহাতে লোকহিত সাধিত হয়, সেই পরামর্শ দিতে তিনি ধন্দর্শতঃ বাধ্য—সে পরামর্শে নিজের কোন স্বার্থাসিন্ধি থাকিলেও সেই পরাম্প দিতে বাধ্য। এই কার্যে লোকের হিত সাধিত হইবে বটে, কিন্তু ইহাতে আমারও কিছ্ স্বার্থাসিন্ধি আছে,—এমন পরামর্শ দিলে লোকে আমাকে স্বার্থাপর মনে করিবে—অতএব আমি এমন পরাম্পা দিব না;—বিনি এইর্প ভাবেন, তিনিই বথার্থা স্বার্থাপর এবং অধ্যান্দ্র্যক, কেন না, তিনি আপনার মর্য্যাদাই ভাবিলেন, লোকের হিত ভাবিলেন না। বিনি সে কলব্দু সাদরে মন্তকে বহন করিয়া লোকের হিতসাধন করেন, তিনিই আদর্শ ধান্ম্বিক। শ্রীকৃষ্ণ সন্ধ্রিই আদর্শ ধান্ম্বিক।

য্মিন্তির সাবধান ব্যক্তি, সহজে জরাসঙ্কের সঙ্গে বিবাদে রাজি হইলেন না। কিন্তু ভীমের দৃপ্ত তেজস্বী ও অর্ল্জনের তেজাগর্ভ বাকো, ও কৃষ্ণের পরামর্শে তাহাতে শেষে সম্মত হইলেন। ভীমার্ল্জনি ও কৃষ্ণ এই তিন জন জরাসদ্ধ-জয়ে যাত্রা করিলেন। বাহার আগণিত সেনার ভয়ে প্রকা পরাদ্রান্ত ব্রিক্সংশ রৈবতকে আগ্রর গ্রহণ করিয়াছিলেন, তিন জন মাত্র জয় করিতে যাত্রা করিলেন, এ কির্শে পরামর্শ ? এ পরামর্শ কৃষ্ণের এবং এ পরাম্পা কৃষ্ণের আদর্শার্চারিত্রান্থায়া। জয়াসদ্ধ দ্রোদ্ধা, এজনা সে দন্দ্দেনীয়, কিন্তু তাহার সৈনিকেরা কি অপরাধ করিয়াছে বে, তাহার সৈনিকদিগকে বধের জন্য সৈন্য লইয়া যাইতে হইবে? এর্প

^{*} কেহ কলাচিং দিত—সামাজিক প্রথা ছিল না। কৃষ্ণ এক স্থানে বলিতেছেন, "আমরা কখন নরবলি দেখি নাই।" ধান্মিক ব্যক্তিরা এ ভয়ানক প্রথার দিক্ দিরা বাইতেন না।

সসৈন্য যুদ্ধে কেবল নিরপরাধীদিণের হত্যা, আর হয়ত অপরাধীরও নিষ্কৃতি; কেন না জরাসন্ধের সৈন্যবল বেশী, পাশ্ডবসৈন্য তাহার সমকক্ষ না হইতে পারে। কিন্তু তখনকার क्षितिशारात्र এই थर्म्य छिन त्य, रेवतथा युक्त आट्उ टरेल क्टरे विमूच रहेएजन ना।* অতএব ক্রম্বের অভিসন্ধি এই যে, অনর্থক লোকক্ষয় না করিয়া, তাঁহারা তিন জন মাত্র জরাসজের সম্মুখীন হইয়া তাহাকে দ্বৈর্থা যুদ্ধে আহুত করিবেন—তিন জনের মধ্যে এক জনের সঙ্গে युद्ध त्म जन्मा न्वीकृष्ठ श्रदेत। जथन याशात्र भारातिक वन, माश्म व भिक्का तमी, स्मर् জিতিবে। এ বিষয়ে চারি জনেই শ্রেষ্ঠ। কিন্তু যুদ্ধ সন্বন্ধে এইরূপ সঞ্চলপ করিয়া তাঁহারা স্নাতক ব্রাহ্মণবেশে গমন করিলেন। এ ছম্মবেশ কেন, তাহা বুঝা যায় না। এমন নহে বে গোপনে জরাসন্ধকে ধরিয়া বধ করিবার তাঁহাদের সঞ্চলপ ছিল। তাঁহারা শানুভাবে, দ্বারন্থ ভেরী সকল ভগ্ন করিয়া, প্রাকার চৈত্য চূর্ণ করিয়া জরাসন্ধসভায় প্রবেশ করিয়াছিলেন। অতএব গোপন উদ্দেশ্য নহে। ছন্মবেশ কৃষ্ণাৰ্ল্জ নৈর অযোগ্য। ইহার পর আরও একটি কান্ড, তাহাও শোচনীয় ও কৃষ্ণার্ল্জ নের অযোগ্য বলিয়াই বোধ হয়। জরাসন্ধের সমীপবত্তী হইলে ভীমার্ল্জ ন "निरामच" रहेरलन। निरामच रहेरल कथा कहिए नारे। जीराता कान कथारे करिस्तन ना। স্তুতরাং জরাসন্ধের সঙ্গে কথা কহিবার ভার কৃষ্ণের উপর পড়িল। কৃষ্ণ বাললেন, "ই'হারা নিয়মস্থ, এক্ষণে কথা কহিবেন না; প্রের্বাত্ত অতীত হইলে আপনার সহিত আলাপ করিবেন।" জরাসদ্ধ কুম্পের বাক্য প্রকাশিন্তর তাঁহাদিগকে যজ্ঞালয়ে রাখিয়া স্বীয় গ্রহে গমন করিলেন, এবং অন্ধরাত্র সময়ে প্রনরায় তাঁহাদের সমীপে সম্পাস্থত হইলেন।

ইহাও একটা কল কোশল। কল কোশলটা বড় বিশান্ধ রক্ষের নয়—চাতুরী বটে। ধর্ম্মান্ত্রার ইহা যোগ্য নহে। এ কল কোশল ফিকির ফল্ট্রী উল্দেশ্যটা কি? যে কৃষ্ণার্জ্জনকে এত দিন আমরা ধর্ম্মের আদর্শের মত দেখিয়া আসিতেছি, হঠাং তাঁহাদের এ অবর্নাত কেন? এ চাতুরীর কোন যদি উল্দেশ্য থাকে, তাহা হইলেও ব্রিথতে পারি যে, হা অভীষ্টার্সান্ধর জন্য, ইহারা এই খেলা খেলিতেছেন, কল কোশল করিয়া শার্নিপাত করিবেন বলিয়াই এ উপায় অবলম্বন করিয়াছেন। কিন্তু তাহা হইলে ইহাও বলিতে বাধ্য হইব যে, ইহারা ধর্ম্মান্ত্রা নহেন, এবং কৃষ্ণচরিত্র আমরা যেরুপ বিশান্ধ মনে করিয়াছিলাম, সেরুপ নহে।

র্যাহারা জরাসন্ধ-বধ-ব, ভাস্ত আদ্যোপাস্ত পাঠ করেন নাই, তাঁহারা মনে করিতে পারেন, কেন, এরপে চাতরীর উদ্দেশ্য ত পড়িরাই রহিয়াছে। নিশীথকালে, যখন জরাসন্ধকে নিঃসহায় অবস্থার পাইবেন, তখন, তাহাকে হঠাৎ আক্রমণ করিয়া বধ করাই এ চাতুরীর উদ্দেশ্য। তাই ই'হারা যাহাতে নিশাপকালে তাহার সাক্ষাৎ লাভ হয়, এমন একটা কৌশল করিলেন। বাস্তবিক, এরপে কোন উদ্দেশ্য তাঁহাদের ছিল না, এরপে কোন কার্য্য তাঁহারা করেন নাই। নিশীথকালে তাঁহারা জরাসন্ধের সাক্ষাৎ লাভ করিয়াছিলেন বটে, কিন্তু তখন জরাসন্ধকে আক্রমণ করেন নাই — आक्तमण कित्रवात कान क्रिको करतन नारे। निमाधिकारण युम्न करतन नारे-पिनमारन युम्न হইয়াছিল। গোপনে বৃদ্ধ করেন নাই-প্রকাশ্যে সমস্ত পোরবর্গ ও মগধবাসীদিগের সমক্ষে युक्त रहेशाष्ट्रिल। अपन अर्क पिन युक्त रहा नाहे, रही प्ल पिन अपन युक्त रहेशाष्ट्रिल। जिन अर्न बुक्क करतन नारे. এक करन करियाहिलन। रठा९ जारुमण करतन नारे-खदामक्करक जन्छना প্রস্তুত হইতে বিশেষ অবকাশ দিরাছিলেন—এমন কি পাছে যুদ্ধে আমি মারা পড়ি এই ভাবিয়া ব্জের প্র্রে জরাসন্ধ আপনার প্রেকে রাজ্যে অভিষেক করিলেন, তত দ্রে পর্যান্ত অবকাশ দিয়াছিলেন। নিরস্ত হইরা জরাসঙ্কের সঙ্গে সাক্ষাং করিয়াছিলেন। লুকাচুরি কিছুই করেন নাই, জরাসন্ধ জিজ্ঞাসা করিবামাত ক্রক আপনাদিগের বথার্থ পরিচয় দিয়াছিলেন। যুদ্ধকালে জরাসদ্ধের প্ররোহিত ব্রজ্ঞাত অঙ্গের বেদনা উপশমের উপযোগী ঔষধ সকল লইয়া নিকটে রহিলেন, কৃষ্ণের পক্ষে সের্প কোন সাহাষ্য ছিল না, তথাপি "অন্যায় যুদ্ধ" বলিয়া তাঁহারা কোন আপত্তি করেন নাই। ব্রুকালে জরাসদ্ধ ভীমকর্ত্তক অতিশার পীডামান হইলে, দরামর 🗫 ভীমকে তত পীভূন করিতে নিষেধ করিয়াছিলেন। বাঁহাদের এইরূপ চরিত্র, এই কার্বো তাঁহারা কেন চাতুরী করিলেন? এ উন্দেশ্যশনো চাতুরী কি সম্ভব? অতি নির্ব্বোধে, যে শঠতার কোন উন্দেশ্য নাই, তাহা করিলে করিতে পারে: কিন্তু ক্লাম্পর্ন, আর বাহাই হউন, নির্ম্বোধ

कालयदन कवित्र हिन ना।

নহেন, ইহা শন্ত্পক্ষও স্বীকার করেন। তবে এ চাতুরীর কথা কোথা হইতে আসিল? যাহার সক্ষে এই সমস্ত জরাসন্ধ-পর্স্বাধ্যারের অনৈকা, সে কথা ইহার ভিতর কোথা হইতে আসিল। ইহা কি কেহ বসাইয়া দিয়াছে? এই কথাগ্যলি কি প্রক্ষিপ্ত? এই বৈ এ কথার আর কোন উত্তর নাই। কিন্তু সে কথাটা আর একট্র ভাল করিয়া বিচার করিয়া দেখা উচিত।

আমরা দেখিয়াছি যে, মহাভারতে কোন স্থানে কোন একটি অধ্যায়, কোন স্থানে কোন একটি পর্ম্বাধ্যায় প্রক্ষিপ্ত। বিদ একটি অধ্যায়, কি একটি পর্ম্বাধ্যায় প্রক্ষিপ্ত। বিদ একটি অধ্যায়, কি একটি পর্ম্বাধ্যায় প্রক্ষিপ্ত। বিদ একটি অধ্যায়, কি একটি পর্ম্বাধ্যায়ের অংশবিশেষ বা কতক শ্লোক তাহাতে প্রক্ষিপ্ত হইতে পারে না কি? বিচিত্র কিছুই নহে। বরং প্রাচীন সংস্কৃত গ্রন্থ সকলেই এইর্প ভূরি ভূরি হইয়াছে, ইহাই প্রসিদ্ধ কথা। এই জন্যই বেদাদির এত ভিন্ন ভিন্ন শাখা, রামায়ণাদি গ্রন্থের এত ভিন্ন পাঠ, এমন কি, শকুন্তলা মেঘদ্ত প্রভৃতি আধ্বনিক (অপেক্ষাকৃত আধ্বনিক) গ্রন্থেরও এত বিবিধ পাঠ। সকল গ্রন্থেরই মোলিক অংশের ভিতর এইর্প এক একটা বা দ্বই চারিটা প্রক্ষিপ্ত শ্লোক মধ্যে মধ্যে পাওয়া যায়—মহাভারতের মোলিক অংশের ভিতর তাহা পাওয়া যাইবে, তাহার বিচিত্র কি?

কিন্তু ষে শ্লোকটা আমার মতের বিরোধী, সেইটাই যে প্রাক্ষপ্ত বলিয়া আমি বাদ দিব, তাহা হইতে পারে না। কোন্টি প্রক্রিপ্ত—কোন্টি প্রক্রিপ্ত নহে, তাহার নিদর্শন দেখিয়া পরীক্ষা করা চাই। যেটাকে আমি প্রক্রিপ্ত বলিয়া ত্যাগ করিব, আমাকে অবশ্য দেখাইয়া দিতে হইবে যে, প্রক্রিপ্তের চিক্র উহাতে আছে, চিক্র দেখিয়া আমি উহাকে প্রক্রিপ্ত বলিতেছি।

অতি প্রাচীন কালে যাহা প্রক্রিপ্ত হইয়াছিল, তাহা ধরিবার উপার, আভ্যন্তরিক প্রমাণ ভির আর কিছ্ই নাই। আভ্যন্তরিক প্রমাণের মধ্যে একটি শ্রেষ্ঠ প্রমাণ—অসর্গতি, অনৈকা। বাদ দেখি যে, কোন পর্নথিতে এমন কোন কথা আছে যে, সে কথা গ্রন্থের আর সকল অংশের বিরোধী, তখন ক্রিরতে হইবে যে, হয় উহা গ্রন্থকারের বা লিপিকারের দ্রমপ্রমাদবশতঃ ঘটিয়াছে, নয় উহা প্রক্রিপ্ত। কোন্টি দ্রমপ্রমাদ, আর কোন্টি প্রক্রিপ্ত, তাহা সহজে নির্পূণ করা যায়। যাদ রামায়ণের কোন কপিতে দেখি যে, লেখা আছে যে, রাম উদ্মিলাকে বিবাহ করিলেন, তখনই সিদ্ধান্ত করিব যে, এটা লিপিকারের দ্রমপ্রমাদ মায়। কিন্তু যদি দেখি যে, এমন লেখা আছে যে, উদ্মিলাকে বিবাহ করায় লক্ষ্মণের সঙ্গে বিবাদ উপস্থিত হইল, তারপর রাম, লক্ষ্মণকে উদ্মিলা ছাড়িয়া দিয়া মিট্মাট্ করিলেন, তখন আর বলিতে পারিব না যে, এ লিপিকার বা গ্রন্থকারের দ্রমপ্রমাদ—তখন বলিতে হইবে যে, এট্রকু কোন দ্রান্থসাহান্দর্বসের রাসকের রচনা, ঐ পর্নথিতে প্রক্রিপ্ত হইয়াছে। এখন, আমি দেখাইয়াছি যে, জরাসন্ধবধন্ধরীয়ায়ের যে কয়টা কথা আমাদের এখন বিচার্যা, তাহা ঐ পর্বাধ্যায়ের আর সকল অংশের সম্পর্ন্ণ বিরোধী। আর ইহাও স্পন্ট যে, ঐ কথাগন্লি এমন কথা নহে যে, তাহা লিপিকারের বা গ্রন্থকারের দ্রমপ্রমাদ বলিয়া নিন্দিক্ট করা যায়। স্ক্রয়ং ঐ কথাগন্লিকে প্রক্রিপ্ত বলিবার আমাদের অধিকার আছে।

ইহাতেও পাঠক বলিতে পারেন যে, যে এই কথাগালি প্রক্লিস্ত করিল, সেই বা এমন অসংলগ্ন কথা প্রক্লিপ্ত করিল কেন? তাহারই বা উদ্দেশ্য কি? এ কথাটার মীমাংসা আছে। আমি পানঃ পানঃ বাঝাইয়াছি যে, মহাভারতের তিন স্তর দেখা যায়। তৃতীয় স্তর নানা ব্যক্তির গঠিত। কিন্তু আদিম স্তর এক হাতের এবং দ্বিতীয় স্তরও এক হাতের। এই দাই জনেই শ্রেণ্ড কবি, কিন্তু তাহাদের রচনাপ্রশালী স্পান্টতঃ ভিন্ন ভিন্ন প্রকৃতির, দেখিলেই চেনা যায়। যিনি দ্বিতীয় স্তরের প্রশেতা, তাহার রচনার কতকগালি লক্ষ্ম আছে, বাক্ষপর্বগালিতে তাহার বিশেষ হাত আছে—ঐ পর্বগালির অধিকাংশই তাহার প্রশীত, সেই সকল সমালোচনকালে ইহা স্পান্ট বাঝা যাইবে। এই কবির রচনার অন্যান্য লক্ষণের মধ্যে একটি বিশেষ লক্ষ্ম এই যে, ইনি কৃষ্ণকে চতুরচ্ট্যামিণ সাজাইতে বড় ভালবাসেন। বাক্ষির কৌশল, সকল গাণের অপেক্ষা ইংহার নিক্ট আদরণীয়। এরপে লোক এ কালেও বড় দার্লাভ নর। এখনও বোধ হয়, অনেক সালিক্ষিত উচ্চ শ্রেণীর লোক আছেন যে, কৌশলবিদ্ বাক্ষিমান্ চতুরই তাহাদের কাছে মন্যান্তের আদর্শ। ইউরোপীয় সমাজে এই আদর্শ বড় প্রিয়—তাহা হইতে আধানিক Diplomacy বিদ্যার স্থিত বিশ্বারা এই বিদ্যার পটা, তাহারাই ইউরোপে মান্য—'Francis d' Assisi বা Imitation of

Christ'' প্রন্থের প্রণেতাকে কে চিনে? মহাভারতের দ্বিতীয় কবিরও মনে সেইর্শ চরমাদশ' ছিল। আবার কৃষ্ণের ঈশ্বরত্বে তাঁহার সম্পূর্ণ বিশ্বাস। তাই তিনি প্র্যুয়োন্তমকে কৌশলীর শ্রেণ্ট সাজাইয়াছেন। তিনি মিথ্যা কথার দ্বারা দ্রোণহত্যা সম্বন্ধে বিখ্যাত উপন্যাসের প্রণেতা। জয়দ্রথবধে স্কুদর্শনচক্রে রবি আচ্ছাদন, কর্ণান্ডর্ক্র্যুনের মুদ্ধে অন্তর্জ্বনের রথচক্র পৃথিবীতে প্রতিষা ফেলা, আর ঘোড়া বসাইয়া দেওয়া, ইত্যাদি কৃষ্ণকৃত অন্তুত কৌশলের তিনিই রচিয়তা। এক্ষণে ইহাই বিলিলে যথেন্ট হইবে যে, জরাসদ্ধবধ-পর্স্বাধ্যায়ে এই অনর্থক এবং অসংলগ্ধ কৌশলবিষয়ক প্রক্রিপ্ত ক্লোকগ্র্নির প্রণেতা তাঁহাকেই বিবেচনা হয়, এবং তাঁহাকে এ সকলের প্রণেতা বিবেচনা করিলে উদ্দেশ্য সম্বন্ধে আর বড় অন্ধকার থাকে না। কৃষ্ণকে কৌশলময় বিলিয়া প্রতিপন্ন করাই তাঁহার উদ্দেশ্য। কেবল এইট্বকুর উপর'নির্ভর করিতে হইলে হয়ত আমি এত কথা বলিতাম না। কিন্তু জরাসদ্ধবধ-পর্স্বাধ্যায়ে তাঁর হাত আরও দেখিব।

সপ্তম পরিচ্ছেদ-কৃষ্ণ-জরাসন্ধ-সংবাদ

নিশীথকালে যজ্ঞাগারে জরাসন্ধ স্নাতকবেশধারী তিন জনের সঙ্গে সাক্ষাৎ করিয়া তাঁহাদিগের পূজা করিলেন। এখানে কিছুই প্রকাশ নাই যে, তাঁহারা জরাসন্ধের পূজা গ্রহণ করিলেন বিদ না। আর এক স্থানে আছে। মূলের উপর আর একজন কারিগারি করায় এই রকম গোলযোগ ঘটিয়ছে।

তংপরে সৌজন্য-বিনিময়ের পর জরাসন্ধ তাঁহাদিগকে বলিতে লাগিলেন, "হে বিপ্রগণ! আমি জানি, স্নাতকব্রতচারী ব্রাহ্মণগণ সভাগমন সময় ভিন্ন কথন মাল্যা বা চন্দন ধারণ করেন না। আপনারা কে? আপনাদের বন্দ্র রক্তবর্ণ; আঙ্গে প্র্পেমাল্য ও অনুলেপন স্কুণাভিত; ভুজে জ্যাচিহ্ন লক্ষিত হইতেছে, আকার দর্শনে ক্ষয়তেজের স্পণ্ট প্রমাণ পাওয়া যাইতেছে; কিন্তু আপনারা ব্রাহ্মণ বলিয়া পরিচয় দিতেছেন, অতএব সত্য বল্বন, আপনারা কে? রাজসমক্ষেসত্যই প্রশংসনীয়। কি নিমিত্ত আপনারা দার দিয়া প্রবেশ না করিয়া, নির্ভাহা চৈতক পর্ব্বতের শৃঙ্গ ভগ্ন করিয়া প্রবেশ করিলেন? ব্রাহ্মণেরা বাক্য দ্বারা বীর্যা প্রকাশ করিয়া থাকেন, কিন্তু আপনারা কার্য্য দ্বারা উহা প্রকাশ করিয়া নিতান্ত বিরন্ধান্ত্তান করিতেছেন। আরও, আপনারা আমার কাছে আসিয়াছেন, আমিও বিধিপ্র্বক প্জা করিয়াছি, কিন্তু কি নিমিত্ত প্রেণ করিলেন না? এক্ষণে কি নিমিত্ত আগমন করিয়াছেন বল্বন।"

তদ্ত্বের কৃষ্ণ বিশ্বসান্তরিক্বরে (মোলিক মহাভারতে কোথাও দেখি না যে, কৃষ্ণ চণ্ডল বা র ্ট হইয়া কোন কথা বলিলেন, তাঁহার সকল রিপ্রই বশীভূত) বলিলেন, "হে রাজন্! তুমি আমাদিগকে লাতক রাহ্মণ বলিয়া বোধ করিতেছ, কিন্তু রাহ্মণ, ক্ষরিয়, বৈশা, এই তিন জাতিই লাতক-রত গ্রহণ করিয়া থাকেন। ই'হাদের বিশেষ নিয়ম ও অবিশেষ নিয়ম উভয়ই আছে। ক্ষরিয় জাতি বিশেষ নিয়মী হইলে সম্পত্তিশালী হয়। প্রকাধারী নিশ্চয়ই শ্রীমান্ হয় বলিয়া আমরা প্রকাধারণ করিয়াছি। ক্ষরিয় বাহ্বলেই বলবান্, বাশ্বীর্যাশালী নহেন; এই নিমিত্ত তাঁহাদের অপ্রগল্ভ বাক্য প্রয়োষ করা নিহ্নারিত আছে।"

কথাগনলৈ শালোক ও চতুরের কথা বটে, কিন্তু কন্ধের যোগ্য নহে, সত্যপ্রিয় ধন্মান্থার কথা নহে। কিন্তু যে ছন্মবেশ ধারণ করিয়াছে, তাহাকে এইর্প উত্তর কান্ধেই দিতে হয়। ছন্মবেশটা যদি দ্বিতীয় স্তরের কবির স্ভিট হয়, তবে এ বাকাগন্লির জন্য তিনিই দায়ী। কৃষ্ণকে যে রকম চতুরচ্ডামদি সাজাইতে তিনি চেন্টা করিয়াছেন, এই উত্তর তাহার অঙ্গ বটে। কিন্তু যাহাই হউক, দেখা যাইতেছে যে, ব্রহ্মণ বলিয়া ছলনা করিবার কৃন্ধের কোন উন্দেশ্য ছিল না। ক্রিয়া বালিয়া আপনাদিগকে তিনি স্পন্টই স্বীকার করিতেছেন। কেবল তাহাই নহে, তাঁহারা শ্রভাবে যুদ্ধার্থে আসিয়াছেন, তাহাও স্পন্ট বালতেছেন।

"বিধাতা ক্ষাত্রিয়াণের বাহতেই বল প্রদান করিয়াছেন। হে রাজন্! যদি তোমার আমাদের

^{*} লিখিত আছে বে, মাল্য তাঁহারা একজন মালাকারের নিকট বলপ্র্রুক কাড়িয়া লইরাছিলেন। ব্রুছিদের এত ঐশ্বর্য বে, রাজস্রের অন্তেটনে প্রবৃত্ত, তাঁহাদের তিন ছড়া মালা কিনিবার বে কড়ি জাটিবে না, ইহা অতি অসম্ভব। বাঁহারা কপট্টানুতাপত্রত রাজাই ধর্মান্রোধে পরিত্যাগ করিলেন, তাঁহারা বে ডাকাতি করিয়া তিন ছড়া মালা সংগ্রহ করিবেন, উহা আঁত অসম্ভব। এ সকল দ্বিতীয় শুরের কবির হাত। দান্ত কর্যভেবের বর্ণনার এ সকল কথা বেশ সাজে।

বাছবেল দেখিতে বাসনা থাকে, তবে অদ্যই দেখিতে পাইবে, সন্দেহ নাই। হে বৃহদ্রথনন্দন! বীর ব্যক্তিগণ শত্রগ্রে অপ্রকাশ্যভাবে এবং স্কুচ্গ্রে প্রকাশ্যভাবে প্রবেশ করিয়া থাকেন। হে রাজন্! আমরা স্বকার্যাসাধনার্থ শত্রগ্রে আগমন করিয়া তন্দত্ত প্রা গ্রহণ করি না; এই আমাদের নিতারত।"

কোন গোল নাই—সব কথাগালি স্পন্ট। এইখানে অধ্যায় শেষ হইল, আর সঙ্গে সঙ্গে ছন্মবেশের গোলযোগটা মিটিয়া গেল। দেখা গেল যে, ছন্মবেশের কোন মানে নাই। তারপর, পর-অধ্যায়ে কৃষ্ণ যে সকল কথা বলিতেছেন, তাহা সম্পূর্ণরূপে ভিন্ন প্রকার। তাঁহার যে উন্নন্ত বিপর্ক পর্বাপ্ত দেখিয়া আসিয়াছি, সে তাঁহারই যোগ্য। প্র্ব অধ্যায়ে এবং পর-অধ্যায়ে বর্ণিত কৃষ্ণচরিত্রে এত গ্রন্তর প্রভেদ যে, দুই হাতের বর্ণন বলিয়া বিবেচনা করিবার আমাদের অধিকার আছে।

জরাসন্ধের গৃহকে কৃষ্ণ তাঁহাদের শন্ত্র্গৃহ বলিয়া নিশ্দেশি করাতে, জরাসন্ধ বলিলেন. "আমি কোন সময়ে তোমাদের সহিত শন্তা বা তোমাদের অপকার করিয়াছি, তাহা আমার ক্ষরণ হয় না। তবে কি নিমিক্ত নিরপরাধে তোমরা আমাকে শন্ত্র্জান করিতেছ?"

উত্তরে, জরাসন্ধের সঙ্গে কৃষ্ণের যথার্থ যে শুরুতা, তাহাই বলিলেন। তাঁহার নিজের সঙ্গে জরাসন্ধের যে বিবাদ, তাহার কিছুমার উত্থাপনা করিলেন না। নিজের সঙ্গে বিবাদের জন্য কেই তাঁহার শর্রু হইতে পারে না, কেন না, তিনি সর্ব্বর্ত সমদশাঁ, শুরুমির সমান দেখেন। তিনি পাশ্ডবের স্কুদ্ এবং কোরবের শর্রু, এইর্প লোকিক বিশ্বাস। কিন্তু বাস্তবিক মৌলিক মহাল্ভারতের সমালোচনে আমরা ক্রমশঃ দেখিব যে, তিনি ধন্মের পক্ষ, এবং অধন্মের বিপক্ষ; তন্তিরে তাঁহার পক্ষাপক্ষ কিছুই নাই। কিন্তু সে কথা এখন থাক। আমরা এখানে দেখিব যে, কৃষ্ণ উপরাচক হইরা জরাসন্ধকে আত্মপরিচয় দিলেন, কিন্তু নিজের সঙ্গে বিবাদের জন্য তাঁহাকে শর্রু বিলয়া নিন্দেশি করিলেন না। তবে যে মন্যুজাতির শর্রু, সে কৃষ্ণের শর্রু। কেন না. আদর্শ প্রের্ব্ব সর্বভ্বে আপনাকে দেখেন, তন্তির তাঁহার অন্য প্রকার আত্মজ্ঞান নাই। তাই তিনি জরাসন্ধের প্রশেনর উত্তরে, জরাসন্ধ তাঁহার যে অপকার করিয়াছিল, তাহার প্রসঙ্গ মার না করিয়া সাধারণের যে অনিশ্ট করিয়াছে, কেবল তাহাই বলিলেন। বলিলেন যে, তুমি রাজগণকে মহাদেবের নিকট বলি দিবার জন্য বন্দী করিয়াছ। তাই, যুর্ধিন্ঠিরের নিয়োগক্রমে, আমরা তোমার প্রতি সম্দাত হইয়াছি। শ্রুতাটা ব্র্ঝাইরা দিবার জন্য কৃষ্ণ জরাসন্ধকে বলিতেছেন:—

"হে ব্হদ্রথনন্দন! আমাদিগকেও ছংকৃত পাপে পাপী হইতে হইবে, যেহেতু আমর। ধ্রমান্ত্রী এবং ধ্রমানে সমর্থ।"

এই কথাটার প্রতি পাঠক বিশেষ মনোযোগী হইবেন, এই ভরসায় আমরা ইহা পরে, অক্ষরে লিখিলাম। এখন, প্রোতন বলিয়া বোধ হইলেও, কথাটা অতিশয় গুরুতর। যে ধর্ম্মরক্ষণে ও পাপের দমনে সক্ষম হইয়াও তাহা না করে, সে সেই পাপের সহকারী। অতএব ইহলোকে সকলেরই সাধ্যমত পাপের নিবারণের চেন্টা না করা অধন্ম। "আমি ত কোন পাপ করিতেছি না, পরে করিতেছে, আমার তাতে দোষ কি?" যিনি এইরপে মনে করিয়া নিশ্চিন্ত হইয়া থাকেন, তিনিও পাপী। কিন্তু সচরাচর ধর্ম্মান্থারাও তাই ভাবিয়া নিশ্চিত হইয়া থাকেন। এই জন্য জগতে যে সকল নরেয়ন্তম জন্মগ্রহণ করেন, তাহারা এই ধন্মরক্ষা ও পাপনিবারণন্তত গ্রহণ করেন। শাক্যসিংহ, যিশ, খ্রীষ্ট প্রভৃতি ইহার উদাহরণ। এই বাকাই তাঁহাদের জীবনচরিতের ম্লেস্ত্র। শ্রীকৃষ্ণেরও সেই রত । এই মহাবাক্য স্মরণ না রাখিলে তাঁহার জীবনচরিত ব্রা याष्ट्रेर ना। ब्लतामक करम निन्नुभारनत वय, মহाভाরতের युक्त भाष्ठवभरक कृष्णकृष्ठ महायुजा, कूरकत এই जकन कार्या अरे भूनजुरतात्र जाशारगारे गुवा यात्र। देशारकरे भूजानकारतता "भूधियौत ভারহরণ" বলিয়াছেন। খ্রীষ্টকৃত হউক, বন্ধকৃত হউক, কৃষ্ণকৃত হউক, এই পার্পানবারণ ব্রতের নাম ধর্ম্মপ্রচার। ধর্ম্মপ্রচার দুই প্রকারে হইতে পারে ও হইয়া থাকে: এক বাক্যতঃ অর্থাং ধন্ম সম্বন্ধীয় উপদেশের দ্বারা: দ্বিতীয়, কার্য্যতঃ অর্থাৎ আপনার কার্য্যসকলকে ধন্মের আদুশে পরিণত করণের দ্বারা। খ্রীন্ট, শাক্যাসিংহ ও শ্রীকৃষ্ণ এই দ্বিবিধ অনুষ্ঠানই করিয়াছিলেন। তবে শাক্যসিংহ ও খ্রীষ্টকৃত ধর্মপ্রচার, উপদেশপ্রধান; কৃষকৃত ধর্মপ্রচার কার্যাপ্রধান। ইহাতে কুষ্ণেরই প্রাধান্য, কেন না, বাক্য সহজ, কার্যা কঠিন এবং অধিকতর ফলোপধায়ক। যিনি কেবল মান্ত, তাঁহার দ্বারা ইহা স্ক্রম্পন্ন হইতে পারে কি না, সে কথা একলে আমাদের বিচার্য নহে। এইখানে একটা কথার মীমাংসা করা ভাল। কৃষ্ণকৃত কংস-শিশ্বপালাদির বধের উল্লেখ করিলাম, এবং জরাসন্ধকে বধ করিবার জন্যই কৃষ্ণ আসিয়াছেন বলিয়াছি; কিন্তু পাপীকে বধ করা কি আদর্শ মনুষ্যের কাজ? বিনি সর্প্রভূতে সমদর্শী, তিনি পাপাত্মাকেও আত্মবং দেখিয়া, তাহারও হিতাকাক্ষ্ণী হইবেন না কেন? সত্য বটে, পাপীকে জগতে রাখিলে জগতের মঙ্গল নাই, কিন্তু তাহার বধসাধনই কি জগও উদ্ধারের একমাত্র উপার? পাপীকে পাপ হইতে বিরত করিয়া, ধন্দ্র্য প্রবৃত্তি দিয়া, জগতের এবং পাপীর উভয়ের মঙ্গল এককালে সিদ্ধ করা তাহার অপেক্ষা উৎকৃষ্ট উপায় নয় কি? আদর্শ প্রেব্রের তাহাই অবলম্বন করাই কি উচিত ছিল না? বিশ্ব, শাক্যসিংহ ও চৈতন্য এইর্পে পাপীর উদ্ধারের চেম্টা করিয়াছিলেন।

এ কথার উত্তর দুইটি। প্রথম উত্তর এই যে, কৃষ্ণচরিত্রে এ ধন্মেরিও অভাব নাই। তবে ক্ষেত্রভেদে ফলভেদও ঘটিয়াছে। দুর্য্যোধন ও কর্ণ, যাহাতে নিহত না ইইয়া ধন্মপথ অবলন্দন-পূর্ত্বক জীবনে ও রাজ্যে বজায় থাকে, সে চেণ্টা তিনি সাধ্যমতে করিয়াছিলেন, এবং সেই কার্য্য সম্বক্ষেই বলিয়াছিলেন, পূর্ম্মকারের দ্বারা যাহা সাধ্য, তাহা আমি করিতে পারি: কিন্তু দৈব আমার আয়ন্ত নহে। কৃষ্ণ মান্ম্যী শক্তির দ্বারা কার্য্য করিতেন, তন্ধ্যন্য যাহা স্বভাবতঃ অসাধ্য, তাহাতে যত্ন করিয়াও কথন কথন নিজ্জল ইইতেন। শিশ্বপালেরও শত অপরাধ ক্ষমা করিয়াছিলেন। সেই ক্ষমার কথাটা অলোকিক উপন্যাসে আবৃত ইইয়া আছে। যথাস্থানে আমরা তাহার তাৎপর্য্য বুনিষতে চেণ্টা করিব। কংসবধের কথা পূর্ব্বে বিলয়াছি।

পাইলেট্কে খ্রীন্টিয়ান করা, খ্রীন্টের পক্ষে যত দ্র সম্ভব ছিল, কংসকে ধর্ম্ম পথে আনমন করা কৃষ্ণের পক্ষে তত দ্র সম্ভব। জরাসন্ধ সম্বন্ধেও তাই বলা যাইতে পারে। তথাপি জরাসন্ধ সম্বন্ধে কৃষ্ণের সে বিষয়ের একট্ কথোপকথন হইয়াছিল। জরাসন্ধ কৃষ্ণের নিকট ধন্মেণিদেশ গ্রহণ করা দ্বে থাকুক, সে কৃষ্ণকেই ধর্ম্মবিষয়ক একটি লেক্চর শ্লাইয়া দিল, যথা—

"দেখ, ধন্ম বা অথের উপঘাত দ্বারাই মনঃপীড়া জনেম। কিন্তু যে ব্যক্তি ক্ষত্রিয়কুলে জন্মগ্রহণ করিয়া ধন্মজ্ঞি হইয়াও নিরপরাধে লোকের ধন্মাথে উপঘাত করে, তাহার ইহকালে অমঙ্গল ও পরকালে নরকে গমন হয়, সন্দেহ নাই।" ইত্যাদি।

এ সব স্থলে ধন্মোপদেশে কিছ্ হয় না। জরাসন্ধকে সংপথে আনিবার জন্য উপায় ছিল কি না, তাহা আমাদের বৃদ্ধিতে আসে না। অতিমান্যকীত্তি একটা প্রচার করিলে, যা হয়, একটা কান্ড হইতে পারিত। তেমন অন্যান্য ধন্মপ্রচারকদিগের মধ্যে অনেক দেখি, কিন্তু কৃষ্ণ-চরিত্র অতিমান্যী শক্তির বিরোধী। শ্রীকৃষ্ণ ভূত ছাড়াইয়া, রোগ ভাল করিয়া, বা কোন প্রকার বৃজ্বুকি ভেল্কির দ্বারা ধন্মপ্রচার বা আপনার দেবস্বস্থাপন করেন নাই।

তিবে ইহা ব্ৰিকতে পারি যে, জরাসদ্ধের বধ কৃষ্ণের উদ্দেশ্য নহে; ধন্মের রক্ষা অর্থাৎ নিদ্দেশি অথচ প্রপীড়িত রাজগণের উদ্ধারই তাঁহার উদ্দেশ্য। তিনি জরাসদ্ধকে অনেক ব্রঝাইয়া পরে বলিলেন, "আমি বস্বদেবনন্দন কৃষ্ণ, আর এই দ্বই বীর্পর্ব পাণ্ডুতনয়। আমরা তোমাকে ব্রেজ আহ্বান করিতেছি, এক্ষণে হয় সমস্ত ভূপতিগণকে পরিত্যাগ কর, না হয় যুদ্ধ করিয়া যমালয়ে গমন কর।" অতএব জরাসদ্ধ রাজগণকে ছাড়িয়া দিলে, কৃষ্ণ তাহাকে নিম্কৃতি দিতেন। জরাসদ্ধ তাহাতে সম্মত না হইয়া যুদ্ধ করিতে চাহিলেন, স্বৃতরাং যুদ্ধই হইল। জরাসদ্ধ যুদ্ধ ভিন্ন অন্য কোনর্প বিচারে যাধার্থ্য স্বীকার করিবার পার ছিলেন না।

দ্বিতীয় উত্তর এই যে, যিশু বা বৃদ্ধের জীবনীতে যতটা পতিতোদ্ধারের চেণ্টা দেখি ক্ষের জীবনে ততটা দেখি না, ইহা স্বীকার্যা। যিশু বা শাকোর ব্যবসায়ই ধর্ম্প্রপ্রচার। কৃষ্ণ ধর্ম্ম-প্রচার করিরাছেন বটে, কিন্তু ধর্ম্মপ্রচার তাঁহার ব্যবসায় নছে; সেটা আদর্শ পর্ব্ধের আদর্শ-জীবননিব্যাহের আন্ম্রাঙ্গক ফল মাত্র। কথাটা এই রকম করিয়া বলাতে কেহই না মনে করেন বে, যিশু খ্রীণ্ট বা শাক্যাসিংহের বা ধর্ম্মপ্রচার ব্যবসায়ের কিছুমাত্র লাঘব করিতে ইচ্ছা করি। যিশ্ব এবং শাক্য উভয়কে আমি মন্মাপ্রেষ্ঠ বলিয়া ভক্তি করি, এবং তাঁহাদের চরিত্র আলোচনা করিয়া তাহাতে জ্ঞানলাভ করিবার ভরসা করি। ধর্ম্মপ্রচারকের ব্যবসায় (ব্যবসায় অর্থে এখানে বে কন্মের অনুষ্ঠানে আমরা সর্ম্বাণ প্রবৃত্ত) আর সকল ব্যবসায় হইতে শ্রেণ্ঠ বলিয়া জানি। কিন্তু যিনি আদর্শ মন্মুর, তাঁহার সে ব্যবসায় হইতে পারে না। কারণ, তিনি আদর্শ মন্মুর, মানুষের যত প্রকার অনুষ্ঠের কর্ম্মের অনুষ্ঠের কর্ম্মের অনুষ্ঠের কর্ম্মের মানুষের যত প্রকার অনুষ্ঠের কর্ম্মের অংশক্ষা প্রধানন্ধ লাভ করিতে পারে না। বিশ্ব বা শাক্যাসিংহ

আদর্শ প্রেম নহেন, কিন্তু মন্মাশ্রেন্ঠ। মন্যোর গ্রেন্ঠ ব্যবসায় অবলম্বনই তাঁহাদের বিধেয়, এবং তাহা অবলম্বন করিয়া তাঁহারা লোকহিতসাধন করিয়া গিয়াছেন।

কথাটা যে আমার সকল শিক্ষিত পাঠক ব্বিয়াছেন, এমন আমার বােধ হর না। ব্বিবার একটা প্রতিবন্ধক আছে। আদর্শ প্র্রুষের কথা বলিতেছি। অনেক শিক্ষিত পাঠক "আদর্শ" শব্দটি ''Ideal'' শব্দের দ্বারা অন্বাদ করিবেন। অন্বাদও দ্বা হইবে না। এখন, একটা ''Christian Ideal'' আছে। খ্রীণ্টিয়ানের আদর্শ প্র্যু ইয়েশ্ব। আমারা বাল্যকাল হইতে খ্রীণ্টিয়ান জাতির সাহিত্য অধ্যয়ন করিয়া সেই আদর্শটি হদয়ঙ্গম করিয়াছি। আদর্শ প্র্বুষের কথা হইলেই সেই আদর্শের কথা মনে পড়ে। যে আদর্শ সেই আদর্শের সঙ্গে মিলে না, তাহাকে আদর্শ বিলায়া গ্রহণ করিতে পারি না। খ্রীণ্ট পতিতোদ্ধারী; কোন দ্রাম্মাকে তিনি প্রাণে নভা করেন নাই, করিবার ক্ষমতাও রাখিতেন না। শাক্যসিংহ বা চৈতন্যে আমারা সেই গ্র্ণ দেখিতে পাই, এজন্য ই'হাদিগকে আমারা আদর্শ প্রেয়্য বিলায়া গ্রহণ করিতে প্রস্তুত আছি। কিন্তু কৃষ্ণ পতিতপাবন নাম ধরিয়াও, প্রধানতঃ পতিত-নিপাতী বালায়াই ইতিহাসে পরিচিত। সন্তরাং তাহাকে আদর্শ প্রুষ্ব বালায়াই আমারা হঠাৎ ব্বিতে পারি না। কিন্তু আমাদের একটা কথা বিচার করিয়া দেখা উচিত। এই Christian Ideal কি যথার্থ মন্মান্তের আদর্শ হৈ সকল জাতির জাতীয় আদর্শ কি সেইরপেই হইবে?

এই প্রশ্নে আর একটা প্রশ্ন উঠে—হিন্দ্রের আবার জাতীয় আদর্শ আছে না কি? Hindu Ideal আছে না কি? বদি থাকে, তবে কে? কথাটা শিক্ষিত হিন্দ্রমণ্ডলীমধ্যে জিজ্ঞাসা হইলে অনেকেরই মন্তককণ্ড্রনে প্রবৃত্ত হইবার সম্ভাবনা। কেহ হয়ত জটাবল্কলধারী শ্রশ্রমপ্রশ্নুষ্ণ বিভূষিত ব্যাস বিশিষ্ঠাদি ঋষিদিগকে ধরিয়া টানাটানি করিবেন, কেহ হয়ত বিলয়া বসিবেন, "ও ছাই ভঙ্গা নাই।" নাই বটে সত্য, থাকিলে আমাদের এমন দ্বন্দাশা হইবে কেন? কিন্তু একদিন ছিল। তখন হিন্দ্র পৃথিবীর শ্রেণ্ড জাতি। সে আদর্শ হিন্দ্র কে? ইহার উত্তর আমি বের্প ব্রিয়াছি, তাহা প্রেব্ব ব্র্ঝাইয়াছি। রামচন্দ্রাদি ক্ষরিয়গণ সেই আদর্শপ্রতিমার নিকটবত্তী, কিন্তু যথার্থ হিন্দ্র আদর্শ প্রীকৃষ্ণ। তিনিই যথার্থ মন্ম্যুত্বের আদর্শ—খ্রীষ্ট প্রভৃতিতে সের্প আদর্শের সম্পূর্ণতা পাইবার সম্ভাবনা নাই।

रकन, छाटा वीलर्र्छाछ। मन्याप कि, धन्म छर्छ छाटा व्याहेवात रुष्णे शहेसाछि। मन्रसात সকল বারিগালের সম্পূর্ণ স্ফার্তি ও সামঞ্জন্যে মনুষ্যত্ব। যাঁহাতে সে সকলের চরম স্ফ্রিতি ও সামঞ্জস্য পাইরাছে তিনিই আদর্শ মনুষ্য। খ্রীষ্টে তাহা নাই-শ্রীকুঞ্চে তাহা আছে। যিশুকে র্ষাদ রোমক সম্রাট্ রিহ্নুদার শাসনকর্তু দিয়ুক্ত করিতেন, তবে কি তিনি সাুশাসন করিতে পারিতেন? তাহা পারিতেন না-কেন না, রাজকার্য্যের জন্য যে সকল ব্যক্তিগুলি প্রয়োজনীয়, তাহা তাঁহার অনুশীলিত হয় নাই। অথচ এরপ ধর্মান্মা ব্যক্তি রাজ্যের শাসনকর্ত্তা হইলে **সমাজের অনুত্ত মঙ্গল। পক্ষান্তরে শ্রীকৃষ্ণ যে সব্ধুশৈর্চ নীতিজ্ঞ, তাহা প্রসিদ্ধ। শ্রেণ্ঠ নীতিজ্ঞ** বলিয়া তিনি মহাভারতে ভূরি ভূরি বৃণিত হইয়াছেন, এবং যুখিপ্ঠির বা উগ্রসেন শাসনকার্যো তাঁহার পরামর্শ ভিন্ন কোন গ্রেতর কাজ করিতেন না। এইরূপে রুষ্ণ নিজে রাজা না হইরাও প্রজার অশেষ মঙ্গলসাধন করিয়াছিলেন—এই জরাসন্তের বন্দিগদের মাস্তি তাহার এক উদাহরণ। প্রেম্চ, মনে কর, যদি য়িহ্নদীরা রোমকের অত্যাচারপীডিত হইয়া স্বাধীনতার জন্য উভিত হইয়া, বিশক্তে সেনাপতিত্বে বরণ করিত, যিশ, কি করিতেন? যদ্ধে তাঁহার শক্তিও ছিল না প্রবৃত্তিও ছিল না। "কাইসরের পাওনা কাইসরকে দাও" বলিয়া তিনি প্রস্থান করিতেন। কৃষ্ণও যুদ্ধে প্রবৃত্তিশ্না-কিন্তু ধর্মার্থ বৃদ্ধও আছে। ধর্মার্থ যুদ্ধ উপস্থিত হইলে অগত্যা প্রবৃত্ত হইতেন। যুদ্ধে প্রবৃত্ত হইলে তিনি অজেয় ছিলেন। যিশ্য অশিক্ষিত ক্লম্ভ সর্বশাস্ত্রবিং। অন্যান্য গশে সন্দৰ্শকেও ঐরপে। উভয়েই শ্রেষ্ঠ খার্ম্মিক ও ধর্ম্মাজ্ঞ। অতএব কৃষ্ণই বথার্থ আদর্শ अनुसा "Christian Ideal" जल्लाका "Hindu Ideal" ट्राइटें।

কৃদ্শ সর্বাগ্রশন্পার আদর্শ মন্বা কার্য্যবিশেষে জীবন সমর্পণ করিতে পারেন না। তাহা হইলে, ইতর কার্যাগ্রিল অনন্তিত, অথবা অসামঞ্জস্যের সহিত অন্তিত হয়। লোক চরিয়তেদে, অবস্থাতেদে, শিক্ষাতেদে ভিন্ন ভিন্ন কর্মা ও ভিন্ন ভিন্ন সাধনের অধিকারী; আদর্শ মন্বা; সকল শ্রেণীরই আদর্শ হওয়া উচিত। এই জন্য শ্রীকৃষ্ণের, শাক্যাসংহ, যিশ্ব বা চৈতনের নাম সম্মাস গ্রহণপূর্ণকি ধর্মা প্রচার বাবসারন্ধর্গে অবলন্দন করা অসভব। কৃষ্ণ সংসারী,

গৃহী, রাজনীতিজ্ঞ, বোদ্ধা, দশ্ভপ্রদেতা, তপস্বী, ধর্ম্মপ্রচারক; সংসারী ও গৃহীদিলের, রাজাদিলের, যোদ্ধাদিলের, রাজপুরুষ্মিলের, তপস্বীদিলের, ধর্ম্মবেন্তাদিলের এবং একাধারে সর্ব্বাঙ্গনীদ মনুষ্যাস্থের আদর্শ। জ্বাসন্ধাদির বধ আদর্শরাজপুরুষ ও দশ্ভপ্রণেতার অবশ্য অনুষ্ঠের। ইহাই Hindu Ideal । অসম্পূর্ণ যে বৌদ্ধ বা খ্রীষ্ট ধর্ম্মর, তাহার আদর্শ পুরুষ্কে আদর্শ স্থানে বসাইয়া, সম্পূর্ণ যে হিন্দুধন্মর, তাহার আদর্শ পুরুষকে আমরা ব্রিক্তে পারিব না।

কিন্তু ব্রিবার বড় প্রয়োজন হইয়াছে, কেন না. ইহার ভিতর আর একটা বিস্ময়কর কথা আছে। কি খ্রীন্টবর্ষ্মাবলম্বী ইউরোপে, কি হিন্দ্র্যমাবলম্বী ভারতবর্ষে. আদশের ঠিক বিপরীত ফল ফলিয়াছে। খ্রীন্ট্রীয় আদশ পরুর্য. বিনীত, নিরীহ, নির্বরোধী সয়্যাসী; এখনকার খ্রীন্ট্রিয়ান ঠিক বিপরীত। ইউরোপ এখন ঐহিক স্ব্থরত সশস্ত্র যোজ্বর্গের বিস্তার্ণ শিবির মাত্র। হিন্দ্র্যমের আদর্শ প্রর্য় সর্বক্রমাক্ত্ —এখনকার হিন্দ্র সর্বক্রমান্ত্র। বর্প ফলবৈপরীত্য ঘটিল কেন? উত্তর সহজ,—লোকের চিত্ত হইতে উভয় দেশেই সেই প্রাচীন আদর্শ লব্প হইয়াছে। উভয় দেশেই এককালে সেই আদর্শ একদিন প্রবল ছিল —প্রাচীন খ্রীন্টিয়ানদিগের ধন্মাপরায়ণতা ও সহিস্কৃতা, ও প্রাচীন হিন্দ্র রাজগণ ও রাজপ্রম্বাণণের সম্বর্গাণ্যবার তাহার প্রমাণ। যে দিন সে আদর্শ হিন্দ্রাদিগের চিত্ত হইতে বিদ্রিরত হইল —যে দিন আমরা কৃষ্ণচিত্র অবনত করিয়া লইলাম, সেই দিন হইতে আমাদিগের সামাজিক অবনতি। জয়দেব গোঁসাইয়ের কৃষ্ণের অনুক্রণে সকলে ব্যস্ত—মহাভারতের কৃষ্ণকে কেহ স্মরণ করে না। এখন আবার সেই আদর্শ প্রমুবকে জাতীয় হদয়ে জাগরিত করিতে হইবে। ভরসা করি, এই কৃষ্ণচিত্র ব্যাখ্যায় সে কার্য্যের কিছ্ব আন্ত্র্লা হইতে পারিবে।

জরাসন্ধবধের ব্যাখ্যায় এ সকল কথা বলিবার তত প্রয়োজন ছিল না, প্রসঙ্গতঃ এ তত্ত্ব উত্থাপিত হইয়াছে মাত্র। কিন্তু এ কথাগুনিল এক স্থানে না এক স্থানে আমাকে বলিতে হইত। আগে বলিয়া রাখায় লেখক পাঠক উভয়ের পথ সুগুম হইবে।

অন্টম পরিচ্ছেদ—ভীম-জরাসন্ধের যদ্ধ

আমরা এ পর্যান্ত কৃষ্ণচরিত্র যত দ্বে সমালোচনা করিয়াছি, তাহাতে মহাভারতে কৃষ্ণকে কোথাও বিষ্ণু বলিয়া পরিচিত হইতে দেখি নাই। কেহ তাহাকে বিষ্ণু বলিয়া সন্বোধন বা বিষ্ণুজ্ঞানে তাঁহার সঙ্গে কথোপকথন করে নাই। তাঁহাকেও এ পর্যান্ত মনুষ্যার্শক্তির আতিরিক্ত শক্তিতে কোন কার্য্য করিতে দেখি নাই। তিনি বিষ্ণুর অবতার হউন বা না হউন কৃষ্ণচরিতের স্থ্ল মন্ম্যাম্য, দেবত্ব নহে, ইহা আমরা প্রনঃ প্রনঃ ব্ঝাইয়াছি।

কিন্তু ইহাও স্বীকার করিতে হয় যে, ইহার পরে মহাভারতের অনেক স্থানে তাঁহাকে বিশ্বর বিলিয়া সম্বোধিত এবং পরিচিত হইতে দেখি। অনেকে বিশ্বর বিলয়া তাঁহার উপাসনা করিতেছে দেখি; এবং কদাচ কখনও তাঁহাকে লোকাতীতা বৈশ্ববী শক্তিতে কার্য্য করিতেও দেখি; এ পর্যান্ত তাহা দেখি নাই, কিন্তু এখনই দেখিব। এই দুইটি ভাব পরস্পর বিরোধী কি না?

যদি কেহ বলেন যে, এই দুইটি ভাব পরস্পর বিরোধী নহে, কেন না, যখন দৈব শক্তির বা দেবত্বের কোন প্রকার বিকাশের কোন প্রয়োজন নাই, তখন কাব্যে বা ইতিহাসে কেবল মন্যাভাব প্রকটিত হয়, আর বখন তাহার প্রয়োজন আছে, তখন দৈবভাব প্রকটিত হয়, তাহা হইলে আমরা বলিব যে, এই উত্তর যথার্থ হইল না। কেন না, নিম্প্রয়োজনেই দৈবভাবের প্রকাশ অনেক সময়ে দেখা বায়। এই জরাসন্ধবধ হইতেই দুই একটা উদাহরণ দিতেছি।

জরাসন্ধবধের পর কৃষ্ণ ও ভীমার্ল্জন্ব জরাসন্ধের রথখানা লইয়া তাহাতে আরেহেণপ্র্বেক নিক্ষান্ত হইলেন। দেবনিন্মিত রথ, তাহাতে কিছুর অভাব নাই। তব্ খামথাই কৃষ্ণ গর্ডুকে সমর্থ করিলেন, সমর্থমান্ত গর্ড আসিয়া রথের চ্ডায় বসিলেন। গর্ড আসিয়া আর কোন কাজ করিলেন না, তাহাতে আর কোন প্রয়োজনও ছিল না। কথাটারও আর কোন প্রয়োজন দেখা যায় না, কেবল মাঝ হইতে কৃষ্ণের বিষ্ণুত্ব স্মৃতিত হয়। জরাসন্ধকে বধ করিবার সময় কোন দৈব শক্তির প্রয়োজন হইল না, কিন্তু রথে চড়িবার বেলা হইল!

আবার যুদ্ধের পুর্বের্ব, অর্মান একটা কথা আছে। জরাসন্ধ যুদ্ধে ভিরংসংকল্প ইইলে কৃষ্ণ জিল্ঞাসা করিলেন "হে রাজন্! আমাদের তিন জনের মধ্যে কাহার সহিত যুদ্ধ করিতে ইচ্ছা হয় বল? কে যুদ্ধ করিতে সক্ষীভূত হইবে?" জরাসন্ধ ভীমের সঙ্গে যুদ্ধ করিতে ইচ্ছা প্রকাশ করিলেন। অথচ ইহার দুই ছত্ত প্রেবই লেখা আছে যে, কৃষ্ণ জরাসন্ধকে যাদবগণের অবধ্য স্মরণ করিয়া বন্ধার আদেশানুসারে স্বয়ং তাঁহার সংহারে প্রবৃত্ত হইলেন না।

ব্রহ্মার এই আদেশ কি, তাহা মহাভারতের কোথাও নাই। পরবত্তী গ্রন্থে আছে। এখন পাঠকের বিশ্বাস হয় না কি যে, এইগৃনিল আদিম মহাভারতে মৃলের উপর পরবত্তী লেখকের কারিগরি? আর কৃষ্ণের বিশ্বাস গুডেরে ভিতরে ভিতরে খাড়া রাখা ইহার উদ্দেশ্য? আদিম স্তরের মৃলে কৃষ্ণবিশ্বতে কোনর্প সম্বন্ধ স্পত্ট করিয়া লিখিয়া দেওয়া হয় নাই, কেন না, কৃষ্ণচিরিত্র মন্যাচরিত্ত; দেবচরিত্র নহে। যখন ইহাতে কৃষ্ণোপাসক দ্বিতীয় স্তরের কবির হাত পড়িল, তখন এটা বড় ভূল বলিয়া বোধ হইয়াছিল সন্দেহ নাই। পরবত্তী কবিকল্পনাটা তাঁহার জানা ছিল, তিনি অভাব প্রেণ করিয়া দিলেন।

এইর্প, যেখানে বন্ধনিবম্ক ক্ষিয় রাজগণ কৃষ্ণকে ধন্মরক্ষার জন্য ধন্যবাদ করিতেছেন. সেখানেও, কোথাও কিছু নাই. খামকা তাঁহারা কৃষ্ণকে "বিক্ষো" বালিয়া সন্বোধন করিতেছেন। এখন ইতিপ্রেব কোথাও দেখা যায় না যে, তিনি বিষণ্ণ বা তদর্থক অন্য নামে সন্বোধিত হইয়াছেন। যদি এখন দেখিতাম যে. ইতিপ্রেব কৃষ্ণ এর্প নামে মধ্যে মধ্যে অভিহিত হইয়া আসিতেছেন, তাহা হইলে ব্বিথাতাম যে, ইহাতে অসঙ্গত বা অনৈস্গির্ক কিছুই নাই. লোকের এমন বিশ্বাস আছে বলিয়াই ইহা হইল। যদি এমন দেখিতাম যে, এই সময়ে কৃষ্ণ কোন অলোকিক কাজ করিয়াছেন. তাহা দেবতা ভিন্ন মন্যোর সাধ্য নহে, তাহা হইলেও হঠাৎ এ "বিক্ষো!" সন্বোধনের উপযোগিতা ব্বিতে পারিতাম। কিন্তু কৃষ্ণ তেমন কিছুই কাজ করেন নাই। তিনি জরাসন্ধকে বধ করেন নাই—সন্ধলোকসমক্ষে ভীম তাহাকে বধ করিয়াছিলেন। সে কার্য্যের প্রবর্তক কৃষ্ণ বটে, কিন্তু কারাবাসী রাজগণ তাহার কিছুই জানেন না। অতএব কৃষ্ণে অকস্মাৎ রাজগণ কর্ত্বক এই বিষণ্ণ আরোপ কখন ঐতিহাসিক বা মোলিক হইতে পারে না। কিন্তু উহা ঐ গর্ভু স্মরণ ও ব্রন্ধার আদেশ সমরণের সঙ্গে অত্যন্ত সঙ্গত, জরাসন্ধবধের আর কোন অংশের সঙ্গে সঙ্গত নহে। তিনটি কথা এক হাতের কারিগরি—আর তিনটা কথাই ম্লাতিরিক্ত। বোধ হয়, ইহা পাঠকের হদরঙ্গম হইয়াছে।

যাঁহারা বালবেন, তাহা হয় নাই, তাঁহাদিগের এ কৃষ্ণচরিত্র সমালোচনার অন্বত্তী হইবার আর কোন ফল দেখি না। কেন না, এ সকল বিষয়ে অন্য কোন প্রকার প্রমাণ সংগ্রহের সম্ভাবনা নাই। আর এই সমালোচনার যাঁহাদের এমন বিশ্বাস হইয়াছে যে, জরাসন্ধবধ মধ্যে কৃষ্ণের এই বিষ্কৃত্বস্কৃত্বনা পরবত্তী কবি-প্রণীত ও প্রক্ষিপ্ত, তাঁহাদের জিজ্ঞাসা করি, তবে কৃষ্ণের ছন্মবেশ ও কৃশটাচারবিষয়ক যে কয়েকটি কথা এই জরাসন্ধবধ-পর্বাধ্যায়ে আছে, তাহাও ঐর্প প্রক্ষিপ্ত বিলয়া পরিত্যাগ করিব না কেন? দুই বিষয়ই ঠিক একই প্রমাণের উপর নির্ভর করে।

বস্তৃতঃ এই দুই বিষয় একত্ত করিয়া দেখিলে বেশ বুঝা যাইবে যে, জরাসন্ধবধ-পর্ন্বাধ্যায়ে পরবস্তু কিবর বিলক্ষণ কারিগার আছে, এবং এই সকল অসঙ্গতি তাহারই ফল। দুই কবির যে হাত আছে, তাহার আর এক প্রমাণ দিতেছি।

জরাসন্ধের প্রেব্তান্ত কৃষ্ণ ঘ্রিণিন্ঠরের কাছে বিবৃত করিলেন, ইহা প্রেব বিলয়াছি। সেই সঙ্গে, কৃষ্ণের সহিত জরাসন্ধের কংসবধজনিত যে বিরোধ, তাহারও পরিচয় দিলেন। তাহা হইতে কিছু উদ্ধৃতও করিয়াছি। তাহার পরেই মহাভারতকার কি বলিতেছেন, শুনুন।

"বৈশম্পারন কহিলেন, নরপতি বৃহদ্রথ ভার্য্যাদ্বর সমাভব্যাহারে তপোবনে বহুদিবস তপোহনুষ্ঠান করিয়া স্বগের্টা গমন করিলেন। তাঁহারা জরাসদ্ধ ও চণ্ডকৌশিকোক্ত সম্বৃদার বর লাভ করিয়া নিক্কণ্টকে রাজ্য শাসন করিতে লাগিলেন। ঐ সময়ে ভগবান বাস্বদেব কংস নরপতিকে সংহার করেন। কংসনিপাত নিবন্ধন ক্ষের সহিত জরাসদ্ধের ঘোরতর শত্তা জনিকা।"

এ সকলই ত কৃষ্ণ বিলয়াছেন—আরও সবিস্তার বিলয়াছেন—আবার সে কথা কেন? প্রয়োজন আছে। মূল মহাভারতপ্রণেতা অন্তুতরসে বড় রসিক নহেন—কৃষ্ণ অলোকিক ঘটনা কিছুই বিলবেন না। সে অভাব এখন প্রিত হইতে চলিল। বৈশম্পায়ন বিলতেছেন,—

"भरावन পताकास करामक निर्तिरक्षणी भाषा थाकिया कृत्कत वधार्थ अक वृहर नमा

একোনশত বার ঘ্র্ণায়মান করিয়া নিক্ষেপ করিল। গদা মথ্বাছিত অভূত কর্ম্মত বাসন্দেবের একোনশত যোজন অন্তরে পতিত হইল। পৌরগণ কৃষ্ণসমীপে গদাপতনের বিষয় নিবেদন করিল। তদবধি সেই মথ্বার সমীপবত্তী স্থান গদাবসান নামে বিখ্যাত হইল।"

এখনও যদি কোন পাঠকের বিশ্বাস থাকে যে, বর্ত্তমান জরাসদ্ধবধ-পর্স্বাধ্যায়ের সম্পায় অংশই ম্ল মহাভারতের অন্তর্গত এবং একব্যক্তি প্রণীত, এবং কৃষ্ণাদি যথার্থই ছদ্মবেশে গিরিব্রজে আসিয়াছিলেন, তবে তাঁহাকে অন্বরোধ করি, হিন্দব্দিগের প্রাণতিহাস মধ্যে ঐতিহাসিক তত্ত্বের অন্সন্ধান পরিত্যাগ করিয়া অন্য শাস্ত্রের আলোচনায় প্রবৃত্ত হউন। এদিকে কিছু হইবে না।

অতঃপর, জরাসন্ধবধের অর্বাশণ্ট কথাগার্লি বলিয়া এ পর্ন্বাধ্যায়ের উপসংহার করিব: সে সকল খনে সোজা কথা।

জরাসক্ষ যুদ্ধার্থ ভীমকে মনোনীত করিলে, জরাসক্ষ "যশস্বী ব্রাহ্মণ কর্ত্বক কৃত-স্বস্থারন হইরা ক্ষরধর্মনানুসারে বন্দা ও কিরীট পরিত্যাগ প্র্বর্ক " ষুদ্ধে প্রবৃত্ত হইলেন। "তথন যাবতীয় প্রবাসী ব্রাহ্মণ ঐতিয় বৈশ্য শুদ্র বণিতা ও বৃদ্ধাণ তাঁহাদের সংগ্রাম দেখিতে তথায় উপস্থিত হইলেন। যুদ্ধক্ষেত্র জনতা দ্বারা সমাকীণ হইল।" "চতুন্দান দিবস যুদ্ধ হইল।" (র্যাদ সত্য হয়, বোধ হয় তবে মধ্যে মধ্যে অবকাশমত যুদ্ধ হইত) চতুন্দান দিবসে "বাস্ক্রের জরাসক্ষকে ক্লান্ত দেখিয়া ভীমকন্দা ভীমসেনকে সন্বোধন করিয়া কহিলেন, হে কোন্তেয়! ক্লান্ত শত্রুকে পীড়ন করা উচিত নহে; অধিকতর পীড়ামান হইলে জীবুন পরিত্যাগ করে। অতএব ইনি তোমার পীড়নীয় নহেন। হে ভরত্বভি, ইংহার সহিত বাহ্যুদ্ধ কর।" (অর্থাং যে শত্রুকে ধন্দাতিঃ বধ করিতে হইবে, তাহাকেও পীড়ন কন্তব্য নহে।) ভীম জরাসন্ধকে পীড়ন করিয়াই বধ করিলেন। ভীমের ধন্মজ্ঞান কৃষ্ণের তুল্য হইতে পারে না।

তথন কৃষ্ণাৰ্জ্বন ও ভীম কারাবদ্ধ মহীপালগণকে বিমৃক্ত করিলেন। তাহাই জরাসন্ধবধের একমাত্র উদ্দেশ্য। অতএব রাজগণকে মৃক্ত করিয়া আর কিছুই করিলেন না, দেশে চলিয়া গোলেন। তাঁহারা Annexationist ছিলেন না—পিতার অপরাধে প্রের রাজ্য অপহরণ করিতেন না, তাঁহারা জরাসদ্ধকে বিনন্ট করিয়া জরাসদ্ধপত্র সহদেবকৈ রাজ্যে অভিষিক্ত করিলেন। সহদেব কিছু নজর দিল, তাহা গ্রহণ করিলেন। কারাম্ক্ত রাজগণ কৃষ্ণকে জিজ্ঞাসা করিলেন

"এক্ষণে এই ভত্যদিগকে কি করিতে হইবে অনুমতি করুন।"

কৃষ্ণ তাঁহাদিসকৈ কহিলেন, "রাজা যু,িধিষ্ঠির রাজস্য় যঞ্জ করিতে অভিলাষ করিয়াছেন, আপনারা সেই সাম্লাজ্য-চিকীর্ষ ধান্মিকের সাহাষ্য করেন, ইহাই প্রার্থনা।"

য্বিখিঠিরকে কেন্দ্রন্থিত করিয়া ধর্ম্মরাজ্য সংস্থাপন করা, ক্ষের এক্ষণে জীবনের উদ্দেশ্য। অতএব প্রতি পদে তিনি তাহার উদ্যোগ করিতেছেন।

এই জরাসন্ধবধে কৃষ্ণচরিত্রের বিশেষ মহিমা প্রকাশমান—কিন্তু পরবত্তী লেথকদিগের দোরান্ম্যে ইহা বড় জটিল হইরা পড়িয়াছে। ইহার পর শিশ্পোলবধ। সেথানে আরও গণ্ডগোল।

নবম পরিচ্ছেদ—অর্ঘাভিহরণ

যুধিন্ঠিরের রাজস্য় যজ্ঞ আরম্ভ হইল। নানাদিক্দেশ হইতে আগত রাজগণ, থাবিগণ, এবং অন্যান্য শ্রেণীর লোকে রাজধানী প্রিয়া গেল। এই বৃহৎ কার্যোর স্মানব্যাহ জন্য পাশ্ডবেরা আত্মীয়বর্গকে বিশেষ বিশেষ কার্য্যে নিযুক্ত করিলেন। দুঃশাসন ভোজ্য প্রবের তত্ত্বাবধানে, সঞ্জয় পরিচর্য্যায়, কৃপাচার্য্য রক্সক্ষায় ও দক্ষিণাদানে, দুর্ব্যাখন উপায়নপ্রতিগ্রহে, ইত্যাদি রূপে সকলকেই নিযুক্ত করিলেন। শ্রীকৃষ্ণ কোন্ কার্য্যে নিযুক্ত হইলেন ? দুঃশাসনাদির নিয়োগের সঙ্গে শ্রীকৃষ্কের নিয়োগের কথাও লেখা আছে। তিনি ব্রাক্ষণগণের পাদপ্রক্ষানের নির্মুক্ত হইলেন।

কথাটা ব্ঝা গেল না। প্রীকৃষ্ণ কেন এই ভূত্যোপযোগী কার্য্যে নিযুক্ত হইরাছিলেন? তাহার যোগ্য কি কোন ভাল কাজ ছিল না? না রাহ্মণের পা ধোরাই বড় মহৎ কাজ?

विकास बाजनावनी

তাঁহাকে আদর্শপার্ব্য বলিয়া গ্রহণ করিয়া কি পাচক ব্রাহ্মণঠাকুর্রাদগের পাদপ্রক্ষালন করিয়া বেড়াইতে হইবে? যদি তাই হয়, তবে তিনি আদর্শপার্ব্য নহেন, ইহা আমরা মাক্তকণ্ঠে বলিব।

কথাটার অনেক রকম ব্যাখ্যা করা যাইতে পারে। ব্রাহ্মণগণের প্রচারিত এবং এখনকার প্রচলিত ব্যাখ্যা এই যে, শ্রীকৃষ্ণ ব্রাহ্মণগণের গোরব বাড়াইবার জন্যই সকল কার্য্য পরিত্যাগ করিয়া এইটিতে আপনাকে নিযুক্ত করিয়াছিলেন। এ ব্যাখ্যা অতি অগ্রন্ধের বলিয়া আমাদিগের বোধ হয়। শ্রীকৃষ্ণ অন্যান্য ক্ষরিয়াদিগের ন্যায় ব্রাহ্মণকে যথাযোগ্য সম্মান করিতেন বটে, কিন্তু তাঁহাকে কোথাও ব্রাহ্মণের গোরব প্রচারের জন্য বিশেষ বাস্ত দেখি না। বরং অনেক স্থানে ছাঁহাকে বিপরীত পথ অবলম্বন করিতে দেখি। মাদ বনপর্বে দ্বর্তাসার আতিথ্য ব্রান্তটা মোলিক মহাভারতের অন্তর্গত বিবেচনা করা বায়, তাহা হইলে ব্রাক্তে হইবে য়ে, তিনি রক্মসক্ম করিয়া ব্রাহ্মণঠাকুরদিগকে পাণ্ডবদিগের আশ্রম হইতে অন্ধর্চন প্রদান করিয়াছিলেন। তিনি ঘারতের সাম্যবাদী। গীতোক্ত ধর্ম্ম যদি ক্ষেক্ত ধর্মা হয়, তবে

বিদ্যাবিনয়ম্পন্নে রান্ধণে গবি হস্তিন। শুনি চৈব শ্বপাকে চ পশ্চিতাঃ সমদ্শিনিঃ॥ ৫ ॥ ১৭

তাঁহার মতে রাহ্মণে, গোরতে, হাতিতে, কুকুরে ও চণ্ডালে সমান দেখিতে হইবে। তাহা হইলে ইহা অসম্ভব যে, তিনি রাহ্মণের গোরব ব্দির জন্য তাঁহাদের পদপ্রক্ষালনে নিযুক্ত হুইকেন।

কৈহ কেহ বলিতে পারেন, কৃষ্ণ যথন আদর্শ প্রের্য, তথন বিনয়ের আদর্শ দেখাইবার জনাই এই ভৃত্যকার্যোর ভার গ্রহণ করিয়াছিলেন। জিল্পাস্যা, তবে কেবল ব্রাহ্মণের পাদপ্রক্ষালনেই নিযুক্ত কেন? বয়োবৃদ্ধ ক্ষতিয়গণেরও পাদপ্রক্ষালনে নিযুক্ত নহেন কেন? আর ইহাও বক্তব্য যে, এইর্প বিনয়কে আমরা আদর্শ বিনয় বলিতে পারি না। এটা বিনয়ের বডাই।

অন্যে বলিতে পারেন যে, কৃষ্ণচরিত সময়োপযোগী। সে সময়ে রাহ্মণগণের প্রতি ভক্তি বড় প্রবল ছিল; কৃষ্ণ ধুর্তে, পশার করিবার জন্য এইরূপ অলৌকিক রহ্মভক্তি দেখাইতেছিলেন।

আমি বলি, এই ক্লোকটি প্রক্ষিপ্ত। কেন না, আমরা এই শিশ্পালবধ-পর্তাধ্যায়ের অন্য অধ্যায়ে (চৌয়ায়িশে) দেখিতে পাই যে, কৃষ্ণ রাহ্মণগণের পাদপ্রক্ষালনে নিযুক্ত না থাকিয়া তিনি ক্ষতিয়াচিত ও বারোচিত কার্য্যান্তরে নিযুক্ত ছিলেন। তথায় লিখিত আছে, "মহাবাহ্ব বাস্দেব শঙ্খ, চক্র ও গদা ধারণ পূর্বক সমাপন পর্যান্ত ঐ যক্ত রক্ষা করিয়াছিলেন।" হয়ত দুইটা কথাই প্রক্ষিপ্ত। আমরা এ পরিচ্ছেদে এ কথায় বেশী আন্দোলন আবশ্যক বিবেচনা করি না। কথাটা তেমন গ্রুতর কথা নয়। ক্ষেচরিত্র সম্বন্ধে মহাভারতীয় উক্তি অনেক সময়েই পরস্পর অসঙ্গত, ইহা দেখাইবার জনাই এতটা বলিলাম। নানা হাতের কাজ বলিয়া এত অসঙ্গতি।

এই রাজসায়ে যজের মহাসভায় কৃষ্ণ কর্তৃক শিশ্বপাল নামে প্রবল পরাক্রান্ত মহারাজা নিহত হয়েন। পান্ডবদিগের সংশ্লেষ মাত্রে থাকিয়া কৃষ্ণের এই এক মাত্র অস্ত্র ধারণ বলিনেও হয়। খান্ডবদাহের যদ্ধেটা আমরা বড় মোলিক বলিয়া ধরি নাই, ইহা পাঠকের স্মরণ থাকিতে পারে।

শিশ্পালবধ-পর্বাধ্যায়ে একটা গ্রত্বর ঐতিহাসিক তত্ত্ব নিহিত আছে। বলিতে গেলে, তেমন গ্রত্বর ঐতিহাসিক তত্ত্ব মহাভারতের আর কোথাও নাই। আমরা দেখিয়াছি য়ে জরাসন্ধবধের প্রেব, কৃষ্ণ কোথাও মোলিক মহাভারতে, দেবতা বা ঈশ্বরাবতার-স্বর্প অভিহিত বা স্বীকৃত নহেন। জরাসন্ধবধে, সে কথাটা অর্মান অস্ফ্র্ট রকম আছে। এই শিশ্পালবধেই প্রথম কৃষ্কের সমসাময়িক লোক কর্ত্বক তিনি জগদীশ্বর বলিয়া স্বীকৃত। এখানে কুর্বংশের তাংকালিক নেতা ভীষ্মই এই মতের প্রচারকর্ত্তা।

এখন ঐতিহাসিক স্থুল প্রশ্নটা এই যে, যখন দেখিয়াছি যে, কৃষ্ণ তাঁহার জীবনের প্রথমাংশে ঈশ্বরাবতার বলিয়া স্বীকৃত নহেন, তখন জানিতে হইবে, কোন্ সময়ে তিনি প্রথম ঈশ্বর বলিয়া স্বীকৃত হইয়াছিলেন? দেখিতে পাই বটে যে, এই শিশ্পালবধে, এবং তংপরবতী মহাভারতের অন্যান্য; অংশে তিনি ঈশ্বর বলিয়া স্বীকৃত হইতেছেন। কিন্তু এমন হইতে পারে যে, শিশ্পালবধ-পর্বাধ্যায় এবং সেই সংশ প্রক্রিয় ৬ প্রশেশ উত্তরে কোন্ পক্ষ অবলন্থনীয়?

এ কথার আমরা এক্ষণে কোন উত্তর দিব না। ভরসা করি, কমশঃ উত্তর আপনিই পরিস্ফুট্
হুইবে। তবে ইহা বক্তব্য যে, শিশ্পালবধ-পর্বাধ্যায় যদি মৌলিক মহাভারতের অংশ হয়,
তবে এমন বিবেচনা করা বাইতে পারে যে, এই সময়েই কৃষ্ণ ঈশ্বরত্বে প্রতিষ্ঠিত হইতেছিলেন।
এবং এ বিষয়ে তাঁহার স্বপক্ষ বিপক্ষ দৃই পক্ষ ছিল। তাঁহার পক্ষীয়দিগের প্রধান ভীন্ম, এবং
এবং পাশ্ভবেরা। তাঁহার বিপক্ষদিগের এক জন নেতা শিশ্পাল। শিশ্পালবের বৃত্তান্তের সূল্ল
ফর্ম এই যে, ভীন্মাদি সেই সভামধ্যে কৃষ্ণের প্রাধান্য স্থাপনের চেন্টা পান। শিশ্পালকে ভাহার
বিরোধী হন। তাহাতে তুম্ল বিবাদের যোগাড় হইয়া উঠে। তথন কৃষ্ণ শিশ্পালকে নিহত
করেন, তাহাতে সব গোল মিটিয়া যায়। যজের বিঘা বিনষ্ট হইলে, যজ্ঞ নিন্ধিঘা নিন্ধাহ
হয়।

এ সকল কথার ভিতর যথার্থ ঐতিহাসিকতা কিছুমান্ত আছে কি না. তাহার মীনাংসার প্রেব্ বর্নিতে হয় যে. এই শিশ্পালবধ-পর্বাধ্যায় মৌলিক কি না? এ কথাটার উত্তর বড় সহজ নহে। শিশ্পালবধের সঙ্গে মহাভারতের স্থুল ঘটনাগ্র্লির কোন বিশেষ সম্বন্ধ আছে, এমন কথা বলা যায় না। কিন্তু তা না থাকিলেই যে প্রক্রিপ্ত বিলতে হইবে, এমন নহে। ইহা সত্য বটে যে, ইতিপ্রেব্ অনেক স্থানে শিশ্পাল নামে প্রবল পরাক্রান্ত এক জন রাজ্ঞার কথা দেখিতে পাই। পরভাগে দেখি, তিনি নাই। মধ্যেই তহিার মৃত্যু হইয়াছিল। পাণ্ডব-সভায় কক্ষের হন্তে তাঁহার মৃত্যু হইয়াছিল, ইহার বিরোধী কোন কথা পাই না। অনুক্রমণিকাধ্যায়ে এবং পর্ব্বসংগ্রহাধ্যায়ে শিশ্পালবধের কথা আছে। আর রচনাবলী দেখিলেও শিশ্পালবধিপর্বাধ্যায়কে মৌলিক মহাভারতের অংশ বলিয়াই বোধ হয় বটে। মৌলিক মহাভারতের আর কয়িট অংশের ন্যায়, নাটকাংশে ইহার বিশেষ উৎকর্ষ আছে। অতএব ইহাকে অমৌলিক বলিয়া একেবাবে পরিত্যাগ করিতে পারিতেছি না।

তা না পারি, কিন্তু ইহাও পশ্চ বোধ হয় যে, যেমন জরাসন্ধবধ-পশ্বাধ্যায়ে দুই হাতের কারিগারি দেখিয়াছি, ইহাতেও সেই রকম। বরং জরাসন্ধবধের অপেক্ষা সে বৈচিত্রা দিশ্বপালবধে বেশী। অতএব আমি এই সিদ্ধান্ত করিতে বাধ্য যে, শিশ্বপালবধ স্থলতঃ মৌলিক বটে, কিন্তু ইহাতে দ্বিতীয় স্তরের কবির বা অন্য পরবন্তী লেখকের অনেক হাত আছে।

এক্ষণে শিশ্বপালবধ ব্তান্ত সবিস্তারে বলিব।

আজিকার দিনেও আমাদিগের দেশে একটি প্রথা প্রচালত আছে যে, কোন সম্ভ্রান্ত ব্যক্তির বাড়ীতে সভা হইলে সভাস্থ সব্ধপ্রধান ব্যক্তিকে প্রক্চশন দেওরা হইরা থাকে। ইহাকে "মালাচন্দন" বলে। ইহা এখন পাত্রের গুণ দেখিয়া দেওয়া হয় না, বংশমর্যাদা দেখিয়া দেওয়া হয়। কুলীনের বাড়ীতে গোষ্ঠীপতিকেই মালাচন্দন দেওয়া হয়। কেন না, কুলীনের কাছে গোষ্ঠীপতি বংশই বড় মানা। কৃষ্ণের সময়ে প্রথাটা একটা ভিন্ন প্রকার ছিল। সভাস্থ সব্ধপ্রধান ব্যক্তিকে অর্ঘ্য প্রদান করিতে হইত। বংশমর্যাদা দেখিয়া দেওয়া হইত না, পাত্রের নিজের গুণ দেখিয়া দেওয়া হইত।

য্থিতিরের সভায় অর্ঘ্য দিতে হইবে—কে ইহার উপযুক্ত পাত্র ? ভারতব্যীয়ে সমস্ত রাজগণ সভাস্থ হইয়াছেন, ইহার মধ্যে সর্ব্বপ্রেণ্ঠ কে? এই কথা বিচার্য্য। ভীষ্ম বলিলেন, "কৃষ্ণই সর্ব্বপ্রেণ্ঠ। ই'হাকে অর্ঘ্য প্রদান কর।"

প্রথম যখন এই কথা বলেন, তখন ভীষ্ম যে কৃষ্ণকে দেবতা বিবেচনাতেই সর্বপ্রেচি দ্বির করিয়াছিলেন, এমন ভাব কিছ্ই প্রকাশ নাই। কৃষ্ণ "তেজঃ বল ও পরাক্রম বিষয়ে শ্রেষ্ঠ" বলিয়াই তাঁহাকে অর্ঘ্যদান করিতে বলিলেন। ক্ষত্রগুলো কৃষ্ণ ক্ষত্রিগণের শ্রেষ্ঠ, এই জনাই অর্ঘ্য দিতে বলিলেন। এখানে দেখা যাইতেছে, ভীষ্ম কৃষ্ণের মনুষ্যচিরত্রই দেখিতেছেন।

এই কথান্সারে কৃষ্ণকে অর্ঘ্য প্রদন্ত হইল। তিনিও তাহা গ্রহণ করিলেন। ইহা শিশ্পালের অসহ্য হইল। শিশ্পালে ভীক্ষ কৃষ্ণ ও পাশ্ডবিদগকে এককালীন তিরস্কার করিয়া যে বক্তৃতা করিলেন, বিলাতে পার্লে মেণ্ট মহাসভায় উহা উক্ত হইলে উচিত দরে বিকাইত। তাঁহার বক্তৃতার প্রথম ভাগে তিনি যাহা বলিলেন, তাঁহার বাণ্মিতা বড় বিশ্বন্ধ অথচ তীর। কৃষ্ণ রাজা নহেন, তবে এত রাজা থাকিতে তিনি অর্ঘ্য পান কেন? যদি স্থবির বিলয়া তাঁহার প্রা করিয়া থাক, তবে তাঁর বাপ বস্দেবকৈ প্রভা করিলে না কেন? তিনি তোমাদের আত্মীয় এবং প্রিয়াচিকীর্য্য বিলয়া কি তাঁর প্রভা করিয়াছ? শ্বশ্বর দ্বপদ থাকিতে তাঁকে কেন?

কৃষ্ণকৈ আচার্য্য মনে করিয়াছ? দ্রোলাচার্য্য থাকিতে কৃষ্ণের অন্ধর্মা কেন? খাত্বিক্ বালয়া কি তাঁহাকে অর্ঘ্য দাও? বেদব্যাস থাকিতে কৃষ্ণ কেন?† ইত্যাদি।

মহারাজ শিশ্বাল কথা কহিতে কহিতে অন্যান্য বাংশীর ন্যায় গরম হইয়া উঠিলেন, তথন লিজক ছাড়িয়া রেটরিকে উঠিলেন, বিচার ছাড়িয়া দিয়া গালি দিতে আরম্ভ করিলেন। পাণ্ডবদিগকে ছাড়িয়া কৃষ্ণকৈ ধরিলেন। অলংকারশাস্ত্র বিলক্ষণ ব্রিডেন,—প্রথমে "প্রিয়চিকীর্ম্ন"
অপ্রাপ্তলক্ষণ" ইত্যাদি চুট্কিতে ধরিয়া, শেষ "ধন্দর্শ্বভ্রমত" "দ্রাত্মা" প্রভৃতি বড় বড় গালিতে
উঠিলেন। পরিশেষে Climax — কৃষ্ণ ঘৃতভোজী কৃষ্ক্র, দারপরিগ্রহকারী ক্লীব‡ ইত্যাদি।
গালির একশেষ করিলেন।

শর্নিরা, ক্ষমাগুর্ণের পরমাধার, পরমযোগী, আদর্শ প্রত্ব করেন উত্তর করিলেন না। কৃষ্ণের এমন শক্তি ছিল যে, তদ্দণ্ডেই তিনি শিশ্বপালকে বিনষ্ট করিতে সক্ষম—পরবন্তী ঘটনায় পাঠক তাহা জানিবেন। কৃষ্ণেও কখন যে এর্প পর্ব্বচনে তিরস্কৃত হইয়াছিলেন, এমন দেখা যায় না। তথাপি তিনি এ তিরস্কারে ত্রুক্ষেপত্ত করিলেন না। ইউরোপীয়দিগের মত ডাকিয়া বিললেন না, "শিশ্বপাল! ক্ষমা বড় ধন্ম, আমি তোমায় ক্ষমা করিলাম।" নীরবে শত্রুকে ক্ষমা করিলেন।

কম্মকর্ত্তা যুধিন্ঠির আহতে রাজার ক্রোধ দেখিয়া তাহাকে সান্থনা করিতে গেলেন— যজ্ঞবাড়ীর কম্মকর্ত্তার যেমন দস্তুর। মধ্রবাক্যে কৃষ্ণের কুংসাকারীকে তুল্ট করিবার চেল্টা করিতে লাগিলেন। বুড়া ভীল্ম লোহানিন্মিত—তাহার সেটা বড় ভাল লাগিল না। বুড়া স্পশ্টই বলিল, "কৃষ্ণের অর্চনা যাহার অনভিমত, এমন ব্যক্তিকে অন্নয় বা সান্থনা করা অনুচিত।"

তথন কুর্ব্দ্ধ ভীষ্ম, সদর্থব্ব্ত বাকাপরম্পরায়, কেন তিনি ক্ষের অন্ধনার পরামশ দিয়াছেন, তাহার কৈফিয়ণ দিতে লাগিলেন। আমরা সেই বাকাগন্লির সারভাগ উদ্ধৃত করিতেছি, কিন্তু তাহার ভিতর একটা রহস্য আছে, আগে দেখাইয়া দিই। কতকগ্লি বাক্যের তাংপর্য্য এই যে, আর সকল মন্যের, বিশেষতঃ ক্ষান্তিয়ের যে সকল গ্লুণ থাকে, সে সকল গ্লুণ ক্ষে সম্প্রেক্তা। এই জন্য তিনি অর্থার যোগ্য। আবার তারই মাঝে কতকগ্লি কথা আছে, তাহাতে ভীষ্ম বলিতেছেন যে, কৃষ্ণ স্বয়ং জগদীশ্বর, এই জন্য কৃষ্ণ সকলের অন্ধনীয়। আমরা দুই রকম পৃথক্ পৃথক্ দেখাইতেছি, পাঠক তাহার প্রকৃত তাংপর্য্য ব্রিতে চেন্টা কর্ন। ভীষ্ম বলিলেন,

"এই মহতী নৃপসভায় একজন মহীপালও দৃষ্ট হয় না, যাহাকে কৃষ্ণ তেজোবলে পরাজয় করেন না।"

এ গেল মন,্যাত্বাদ—তার পরেই দেবত্বাদ—

"অচ্যুত কেবল আমাদিগের অর্চ্চনীয় এমত নহে. সেই মহাভুজ ত্রিলোকীর প্জনীয়। তিনি যুদ্ধে অসংখ্য ক্ষত্রিয়বগেরে পরাজয় করিয়াছেন, এবং অখণ্ড ব্রহ্মাণ্ড তাঁহাতেই প্রতিষ্ঠিত রহিয়াছে।"

প্নশ্চ, মন্য্যত্ব—

"কৃষ্ণ জন্মিয়া অবধি যে সকল কার্য্য করিয়াছেন, লোকে মংসন্নিধানে পানঃ পানঃ তৎসম্পায় কীর্ত্তন করিয়াছে। তিনি অত্যন্ত বালক হইলেও আমরা তাঁহার পরীক্ষা করিয়া থাকি। কৃষ্ণের শোর্ষ্য, বীর্ষ্য, কীর্ত্তি ও বিজয় প্রভৃতি সমন্ত পরিজ্ঞাত হইয়া"—

পরে সঙ্গে সঙ্গে দেবত্ববাদ.

সেই ভূতস্থাবহ জগদচ্চিত অচ্যুতের প্রা বিধান করিয়াছি।"

প্রনশ্চ, মনুষাম, পরিষ্কার রকম—

"কৃষ্ণের প্রাতা বিষয়ে দ্টি হেতু আছে; তিনি নিখিল বেদবেদার পারদশী ও সমধিক বলশালী। ফলতঃ মন্মালোকে তাদৃশ বলবান্ এবং বেদবেদারসম্পন্ন দিতীয় ব্যক্তি প্রত্যক্ষ

* কৃষ্ণ, অভিমন্ত্র, সাত্যকি প্রভৃতি মহার্থীর, এবং কদাপি স্বয়ং অর্ল্জরেরও যুক্ষবিদ্যার আচার্য্য।

† অতএব কৃষ্ণ বিখ্যাত বেদজ্ঞ, ইহা স্বীকৃত হইল।

া 🗫 অনপত্য নহেন—তবে ইন্দ্রিয়পরারণ ব্যক্তিরা জিতেন্দ্রিয়কে এইর্প গালি দেয়।

ছওয়া স্কৃতিন। দান, দাক্ষ্য, শ্রুত, শৌষ্য, লক্ষ্য, কীর্তি, বৃদ্ধি, বিনয়, অনুপম শ্রী, ধৈষ্য ও সন্তোষ প্রভৃতি সম্দায় গুণাবলী কৃষ্ণে নিয়ত বিরাজিত রহিয়াছে। অতএব সেই সর্বান্দসম্পন্ন আচার্য্য, পিতা ও গ্রুক্বর্প প্রভার্হ কৃষ্ণের প্রতি ক্ষমা প্রদর্শন তোমাদের সর্বাতোভাবে কর্ত্বা। তিনি ঋত্বিক্, গ্রুর্, সন্বন্ধী, সাতব্দ, রাজা এবং প্রিয়পাত্র। এই নিমিত্ত অচ্যুত অচিতিত হইয়াছেন।"*

भानक एनवष्याम.

"কৃষ্ণই এই চরাচর বিশ্বের সৃষ্ণি-স্থিতি-প্রলয়কর্ত্তা, তিনিই অব্যক্ত প্রকৃতি, সনাতন, কর্ত্তা, এবং সর্বভূতের অধীশ্বর, স্ত্তরাং পরমপ্জনীয়, তাহাতে আর সন্দেহ কি ? ব্লিষ্ক, মন, মহন্ত্ব, প্থিব্যাদি পঞ্চ ভূত, সম্পায়ই একমাত্র কৃষ্ণে প্রতিষ্ঠিত আছে। চন্দ্র, স্থ্যা, গ্রহ, নক্ষত্র, দিক্বিদিক সম্পায়ই একমাত্র কৃষ্ণে প্রতিষ্ঠিত আছে। ইত্যাদি।"

ভীষ্ম বলিয়াছেন, কৃষ্ণের প্রার দ্বীট কারণ—(১) যিনি বলে সর্প্রেষ্ঠ, (২) তাঁহার তুল্য বেদবেদাঙ্গপারদশী কেহ নহে। অদিতীয় পরাক্রমের প্রমাণ এই গ্রন্থে অনেক দেওয়া গিয়াছে। কৃষ্ণের অদ্বিতীয় বেদজ্ঞতার প্রমাণ গাঁতা। যাহা আমরা ভগবশাতা বলিয়া পাঠ করি, তাহা কৃষ্ণ-প্রণাত নহে। উহা ব্যাস-প্রণাত বলিয়া খ্যাত—"বৈয়াসিকী সংহিতা" নামে পরিচিত। উহার প্রণেতা ব্যাসই হউন আর যেই হউন, তিনি ঠিক কৃষ্ণের ম্থের কথাগালি নোট করিয়া রাখিয়া ঐ গ্রন্থ সঞ্চলন করেন নাই। উহাকে মোলিক মহাভারতের অংশ বলিয়াও আমার বোধ হয় না। কিন্তু গাঁতা কৃষ্ণের ধন্মমিতের সঞ্চলন, ইহা আমার বিশ্বাস। তাঁহার মতাবলন্দ্রী কোন মনীয়া কর্তুক উহা এই আকারে সংকলিত, এবং মহাভারতে প্রক্ষিপ্ত হইয়া প্রচারিত হইয়াছে, ইহাই সঙ্গত বলিয়া বোধ হয়। এখন বলিবার কথা এই যে, গাঁতোক্ত ধন্মা খাঁহার প্রণাত, তিনি স্পন্ততঃই অদ্বিতীয় বেদবিৎ পশ্ডিত ছিলেন। ধন্মা সন্বন্ধে তিনি বেদকে সন্ব্রোচ্চ স্থানে বসাইতেন না—কখন বা বেদের একট্ব একট্ব নিন্দা করিতেন। কিন্তু তথাপি অদ্বিতীয় বেদজ্ঞ ব্যতীত অনোর দ্বারা গাঁতোক্ত ধন্মা প্রণাত হয় নাই, ইহা যে গাঁতা ও বেদ উভয়ই অধ্যয়ন করে সে অনায়াসেই ব্যক্তিত পারে।

যিনি এইরপে, পরাক্রমে ও পাণ্ডিত্যে, বীর্ষ্যে ও শিক্ষায়, কন্মে ও জ্ঞানে, নীতিতে ও

ধন্মে, দয়ায় ও ক্ষমায়, তুলায় পেই সর্বাঞ্চেঠ, তিনিই আদর্শ প্রাষ।

मण्य भावत्क्रम-श्रिम, भाजवश

ভীত্ম কথা সমাপ্ত করিয়া, শিশ্বপালকে নিতান্ত অবজ্ঞা করিয়া বলিলেন, "যদি কৃষ্ণের প্রজা শিশ্বপালের নিতান্ত অসহা বোধ হইয়া থাকে, তবে তাঁহার যের্প অভিবৃচি হয়, কর্ন।" অর্থাৎ "ভাল না লাগে, উঠিয়া যাও।"

পরে মহাভারত হইতে উদ্ধৃত করিতেছি:—

"কৃষ্ণ অন্তিত হইলেন দেখিয়া স্নীথনামা এক মহাবল পরাক্রান্ত বীরপ্রেষ্ কেন্ধে কম্পান্তিতকলেবর ও আরক্তনের হইয়া সকল রাজগণকে সম্বোধন প্রবিক কহিলেন, 'আমি প্রের্ব সেনাপতি ছিলাম, সম্প্রতি যাদব ও পাশ্ডবকুলের সম্লোশ্মলন করিবার নিমিত্ত অদ্যই সমরসাগরে অবগাহন করিব। চেদিরাজ শিশন্পাল, মহীপালগণের অবিচলিত উৎসাহ সম্পর্শনে প্রোৎসাহিত হইয়া যজ্ঞের ব্যাঘাত জন্মাইবার নিমিত্ত তাঁহাদিগের সহিত মন্ত্রণা করিতে লাগিলেন, যাহাতে য্রিণিঠরের অভিষেক এবং কৃষ্ণের প্রামান হয়, তাহা আমাদিগের সর্বতোভাবে কন্তর্বা। রাজারা নিব্বেদ প্রযুক্ত ক্রোধপরবশ হইয়া মন্ত্রণা করিতেছেন দেখিয়া কৃষ্ণ স্পাটই ব্রিতে পারিলেন যে, তাঁহারা যুক্কার্থ পরামাশ করিতেছেন।"

রাজা যুখিন্ডির সাগরসদৃশ রাজমন্ডলকে রোষপ্রচলিত দেখিরা প্রাক্ততম পিতামহ ভীন্মকে সন্বোধন করিয়া কহিতে লাগিলেন, "হে পিতামহ! এই মহান্ রাজসম্ভ সংক্ষোভিত হইরা

উঠিয়াছে, এক্ষণে যাহা কর্ত্তব্য হয়, অনুমতি করুন।"

প্রথম অধ্যায়ে বাহা বলিয়াছি—অন্শালনধদের্মর চরমাদর্শ শ্রীকৃক, এই ভাঁজ্মোক্তিতে তাহা
 পরিক্রত হইতেছে।

শিশ্বপালবধের ইহাই রথার্থ কারণ। শিশ্বপালকে বধ না করিলে তিনি রাজগণের সহিত মিলিত হইয়া যক্ত নন্ট করিতেন।

শিশ পাল আবার ভীষ্মকে ও কৃষ্ণকে কতকগুলা গালিগালাজ করিলেন।

ভীষ্মকৈ ও কৃষ্ণকে এবারেও শিশন্পাল বড় বৈশি গালি দিলেন। "দ্রাস্থা", "ষাহাকে বালকেও ঘ্লা করে," "গোপাল," "দাস" ইত্যাদি। পরম যোগী শ্রীকৃষ্ণ প্রনর্পার তাহাকে ক্ষমা করিয়া নীরব হইয়া রহিলেন। কৃষ্ণ যেমন বলের আদর্শ, ক্ষমার তেমনি আদর্শ। ভীষ্ম প্রথমে কিছু বলিলেন না, কিন্তু ভীম অত্যন্ত কুদ্ধ হইয়া শিশ্বপালকে আক্রমণ করিবার জন্য উত্থিত হইলেন। ভীষ্ম তাঁহাকে নির্মন্ত করিয়া শিশ্বপালের প্রেপ্তান্ত তাঁহাকে শ্রনাইতে লাগিলেন। এই ব্রোক্ত অত্যন্ত অসম্ভব, অনুন্সার্গিক ও অবিশ্বাস্থাগ্য। সে কথা এই—

িশ্বন্দালের জন্মকালে তাঁহার তিনটি চক্ষ্ব ও চারিটি হাত হইয়াছিল, এবং তিনি গন্দভের মত চীঞ্চার করিয়াছিলেন। এর্প দ্বাক্ষণয্ত প্রকে তাঁহার মাতাপিতা পরিত্যাগ করাই শ্রেয় বিবেচনা করিল। এমন সময়ে দৈববাণী হইল। সে কালে যাঁহারা আষাঢ়ে গলপ প্রস্তুত করিতেন, দ্বৈবাণীর সাহায্য ভিন্ন তাঁহারা গলপ জমাইতে পারিতেন না। দৈববাণী বিলল, 'বেশ ছেলে, ফেলিয়া দিও না ভাল করিয়া প্রতিপালন কর; যমেও ইহার কিছু করিতে পারিবেনা। তবে যিনি ইহাকে মারিবেন, তিনি জন্মিয়াছেন।" কাজেই বাপ মা জিজ্ঞাসা করিল, "বাছা দৈববাণী, কে মারিবে নামটা বিলয়া দাও না?" এখন দৈববাণী যদি এত কথাই বিললেন, তবে কক্ষের নামটা বিলয়া দিলেই গোল মিটিত। কিন্তু তা হইলে গলেপর Plot interest হয় না। অতএব তিনি কেবল বিললেন, "যার কোলে দিলে ছেলের বেশী হাত দ্বইটা খসিয়া যাইবে, আর বেশী চোখটা মিলাইয়া যাইবে সেই ইহাকে মারিবে।"

কাজে কাজেই শিশ্বপালের বাপ দেশের লোক ধরিয়া কোলে ছেলে দিতে লাগিলেন। কাহারও কোলে গেলে ছেলের বেশী হাত বা চোথ ঘ্রচিল না। কৃষ্ণকে শিশ্বপালের সমবয়স্ক বিলয়াই বোধ হয়: কেন না, উভয়েই এক সময়ে র্ন্ত্বিণীকে বিবাহ করিবার উমেদার ছিলেন, এবং দৈববাণীর 'জন্মগ্রহণ করিয়াছেন' কথাতেও এর্প ব্বায়। কিন্তু তথাপি কৃষ্ণ দ্বারক: হুইতে চেদিদেশে গিয়া শিশ্বপালকে কোলে করিলেন। তথনই শিশ্বপালের দ্বইটা হাত খসিয়া গেল, আর একটা চোথ মিলাইয়া গেল।

শিশ্বপালের মা কৃষ্ণের পিসীমা। পিসীমা কৃষ্ণকে জবরদন্তী করিয়া ধরিলেন, "বাছা! আমার ছেলে মারিতে পারিবে না।" কৃষ্ণ স্বীকার করিলেন, শিশ্বপালের বধোচিত শত অপরাধ তিনি ক্ষমা করিবেন।

যাহা অনৈসগিক, তাহা আমরা বিশ্বাস করি না। বোধ করি পাঠকেরাও করেন না। কোন ইতিহাসে অনৈসগিক ব্যাপার পাইলে তাহা লেখকের বা তাঁহার প্র্বাগামীদিগের কল্পনাপ্রস্ত বিলয়া সকলেই স্বীকার করিবেন। ক্ষমাগ্লেরে মাহাত্ম্য ব্রেথ না, এবং কৃষ্ণচরিত্রের মাহাত্ম্য ব্রেথ না এমন কোন করি, কৃষ্ণের অভুত ক্ষমাশীলতা ব্রিথতে না পারিয়া, লোককে শিশ্লপালের প্রতি ক্ষমার কারণ ব্র্ঝাইবার জন্য এই অভুত উপন্যাস প্রত্তুত করিয়াছেন। কাণা কাণাকে ব্র্থায়, হাতী কুলোর মত। অস্বরবধের জন্য যে কৃষ্ণ অবতীর্ণ তিনি যে অস্বরের অপরাধ পাইয়া ক্ষমা করিবেন, ইহা অসঙ্গত বটে। কৃষ্ণকে অস্বর্বধার্থ অবতীর্ণ মনে করিলে, এই ক্ষমাগ্লও ব্রুথা যায় না, তাঁহার কোন গ্লেই ব্রুথা যায় না। কিন্তু তাঁহাকে আদর্শ প্রের্য বলিয়া ভাবিলে, মন্মান্থের আদর্শের বিকাশ জন্যই অবতীর্ণ, ইহা ভাবিলে, তাঁহার সকল কার্যাই বিশদর্পে ব্রুথা যায়। কৃষ্ণচরিত্রস্বর্প রক্বভাশ্ডার খ্লিবার চাবি এই আদর্শপ্রর্যতত্ত্ব।

শিশ্ব্যালের গোটাকতক কট্রিভ কৃষ্ণ সহা করিয়াছিলেন বলিয়াই যে কৃষ্ণের ক্ষমাগ্রণের প্রশাংসা করিতেছি, এমত নহে। শিশ্ব্পাল ইতিপ্রের্বে কৃষ্ণের উপর অনেক অত্যাচার করিয়াছিল। কৃষ্ণ প্রাণ্ডাে ভারিকা রেনি সেন করিলে সেন সময় পাইয়া, দ্বারকা দন্ধ করিয়া পলাইয়াছিল। কদ্যাচিং ভােজরাজ রৈবজক বিহারে গেলে সেই সময়ে আসিয়া শিশ্বপাল অনেক বাদবকে কিল্ট ও বদ্ধ করিয়াছিল। বস্দেবের অধ্যমেধের ঘােড়া চুরি করিয়াছিল। এটা তাংকালিক ক্ষয়িয়দিগের নিকট বড় গ্রেত্র অপরাধ বলিয়া গণা। এ সকলও কৃষ্ণ ক্ষমা করিয়াছিলেন। আর কেবল শিশ্বপালেরই যে তিনি বৈরাচরণ ক্ষমা করিয়াছিলেন এমত নহে। জরাসন্ধও তাঁহাকে বিশেষর্পে পাঁডিত করিয়াছিল। শ্বতঃ হােক, পরতঃ হােক, কৃষ্ণ যে জরাসন্ধের নিপ্যত সাধনে

সক্ষম, তাহা দেখাইয়াছি। কিন্তু যত দিন না জ্বরাসন্ধ রাজ্ঞমণ্ডলীকে আবদ্ধ করিয়া পশ্পতির নিকট বলি দিতে প্রস্তুত হইল, উত দিন তিনি তাহার প্রতি কোন প্রকার বৈরাচরণ করিলেন না। এবং পাছে বৃদ্ধে হইয়া লোকক্ষর হয় বলিয়া, নিজে সরিয়া গিয়া রৈবতকে গড় বাঁধিয়া রহিলেন। সেইয়্প যত দিন শিশ্পাল কেবল তাঁহারই শত্রতা করিয়াছিল, তত দিন কৃষ্ণ তাহার কোন প্রকার অনিষ্ট করেন নাই। তারপর যখন সে পাশ্ভবের যজ্ঞের বিঘা ও ধন্মরাজ্ঞা সংস্থাপনের বিঘা করিতে উদার্ক্ত হইল, কৃষ্ণ তখন তাহাকে বধ করিলেন। আদর্শ প্রবৃধের ক্ষমা, ক্ষমাপরায়ণতার আদর্শ, এজনা কেহ তাঁহার অনিষ্ট করিলে তিনি তাহার কোন প্রকার বৈরসাধন করিতেন না, কিন্তু আদর্শ প্রের্ধ দশ্ভপ্রণেতারও আদর্শ, এজনা কেহ সমাজের অনিষ্ট সাধনে উদ্যত হইলে, তিনি তাহাকে দশ্ভিত করিতেন।

কৃষ্ণের ক্ষমাগান্থের প্রসঙ্গ উঠিলে কর্ণ দনুর্য্যাধন প্রতি তিনি যে ক্ষমা প্রকাশ করিয়াছিলেন, তাহার উল্লেখ না করিয়া থাকা যায় না। সে উদ্যোগপর্যের কথা, এখন বালিবার নয়। কর্ণ দনুর্য্যোখন যে অবস্থায় তাঁহাকে বন্ধন করিবার উদ্যোগ করিয়াছিল, সে অবস্থায় আর কাহাকে কেহ বন্ধনের উদ্যোগ করিলে বােধ হয় যিশানু ভিন্ন আন কােন মন্যাই শাত্রকে মার্ল্জনা করিতেন না। কৃষ্ণ তাহাদের ক্ষমা করিলেন, পরে বন্ধ্বভাবে কর্ণের সঙ্গে কথােপকথন করিলেন, এবং

মহাভারতের যুদ্ধে তাহাদের বিরুদ্ধে কখন অস্ত ধারণ করিলেন না।

ভীষ্মে ও শিশ্বপালে আরও কিছ্ব বকাবকি হইল। ভীষ্ম বলিলেন, "শিশ্বপাল কৃষ্ণের তেজেই তেজস্বী, তিনি এখনই শিশ্বপালের তেজোহরণ করিবেন।" শিশ্বপাল জর্বলিয়া উঠিয়া ভীষ্মকে অনেক গালাগালি দিয়া শেষে বলিল, "তোমার জীবন এই ভূপালগণের অন্ত্রহাধীন, ই'হারা মনে করিলেই তোমার প্রাণসংহার করিতে পারেন।" ভীষ্ম তখনকার ক্ষরিয়দিগের মধ্যে প্রেষ্ঠ যোদ্ধা—তিনি বলিলেন, "আমি ইহাদিগকে তৃণভূল্য বোধ করি না।" শ্রনিয়া সমবেত রাজমশ্তলী গাঁছর্জায়া উঠিয়া বলিল, "এই ভীষ্মকে পশ্বং বধ কর অথবা প্রদীপ্ত হতুলানে দক্ষ কর।" ভীষ্ম উত্তর করিলেন, "যা হয় কর, আমি এই তোমাদের মন্তকে পদার্পণ করিলাম।"

বৃড়াকে জোরেও আঁটিবার যো নাই, বিচারেও আঁটিবার যো নাই। ভীষ্ম তখন রাজগণকে মীমাংসার সহজ উপায়টা দেখাইয়া দিলেন। তিনি যাহা বিললেন, তাহার স্থল মন্দ্র্ম এই;— "ভাল, কৃষ্ণের প্র্জা করিয়াছি বিলয়া তোমরা গোল করিতেছ; তাঁহার শ্রেণ্ঠান্থ মানিতেছ না। গোলে কাজ কি, তিনি ত সম্মুখেই আছেন—একবার পরীক্ষা করিয়া দেখ না? যাঁহার মরণ-কম্ভতি থাকে, তিনি একবার কৃষ্ণকে যুদ্ধে আহ্বান করিয়া দেখন না?"

भूनिया कि भिग्नभान हुन करिया थाकिए भारत? भिग्नभान क्ष्यरक छाकिया वीनन.

"আইস, সংগ্রাম কর, তোমাকে যুদ্ধে আহ্বান করিতেছি।"

এখন, কৃষ্ণ প্রথম কথা কহিলেন। কিন্তু শিশ্পালের সঙ্গে নহে। ক্ষতিয় হইয়া কৃষ্ণ বৃদ্ধে আহ্ত হইয়াছেন, আর বৃদ্ধে বিমৃথ হইবার পথ রহিল না; এবং বৃদ্ধেরও ধর্মাজন ছিল। তখন সভাস্থ সকলকে সন্দোধন করিয়া শিশ্পালকৃত পূর্বাপরাধ সকল একটি একটি করিয়া বিবৃত করিলেন। তার পর বলিলেন, "এত দিন ক্ষমা করিয়াছি। আজ ক্ষমা করিব না।"

এই কৃষ্ণোক্তি মধ্যে এমন কথা আছে যে, তিনি পিতৃত্বসার অন্রেষেই তাহার এত অপরাধ ক্ষমা করিয়াছেন। ইতিপ্রেই যাহা বলিয়াছি, তাহা স্মরণ করিয়া হয়ত পাঠক জিজ্ঞাসা করিবেন, এ কথাটাও প্রক্ষিপ্ত? আমাদের উত্তর এই যে, ইহা প্রক্ষিপ্ত হইলেও হইতে পারে, কিন্তু প্রক্ষিপ্ত বিবেচনা করিবার কোন প্রয়োজন দেখি না। ইহাতে অনৈস্গিকতা কিছ্রই নাই; বরং ইহা বিশেষরূপে স্বাভাবিক ও সম্ভব। ছেলে দ্রন্ত, কৃষ্ণছেষী; কৃষণ্ড বলবদ্য মনে করিলে শিশ্বপালকে মাছির মত চিপিয়া মারিতে পারেন, এমন অবহায় পিসী যে প্রাতৃত্বক্রকে অনুরোধ করিবেন, ইহা খ্র সম্ভব। ক্ষমাপরায়ণ কৃষ্ণ শিশ্বপালকে নিজ গ্লেই ক্ষমা করিজেও পিসীর অনুরোধ স্মরল রাখিবেন, ইহা খ্র সম্ভব। আর পিতৃত্বসার প্রকে বধ করা আপাততঃ নিন্দনীয় কার্য্য, কৃষ্ণ পিসীর থাতির কিছ্রই করিলেন না. এ কথাটা উঠিতেও পারিত। সে কথার একটা কৈফিয়ৎ দেওয়া চাই। এ জন্য কৃষ্ণের এই উত্তি থ্ব সঙ্গত।

তার পরেই আবার একটা অনৈসগিকে কাল্ড উপস্থিত। শ্রীকৃষ্ণ, শিশ**্পালের বধ জন্য** আপনার চক্রান্ত স্থারণ করিলেন। স্থারণ করিবা মাত্র চক্র তাঁহার হাতে আসিয়া **উপস্থিত হইল**।

তথন কৃষ্ণ চক্রের দ্বারা শিশ্বপালের মাধা কাটিরা ফেলিলেন।

বোধ করি, এ অনৈস্থার্থক ব্যাপার কোন পাঠকেই ঐতিহাসিক ঘটনা বালিয়া গ্রহণ করিবেন না। যিনি বলিবেন, কৃষ্ণ ঈশ্বরাবতার, ঈশ্বরে সকলেই সন্তবে, তাঁহাকে জিজ্ঞাসা করি, যদি চক্রের দারা শিশ্পালকে বধ করিতে হইবে, তবে সে জন্য কৃষ্ণের মন্যাগরীর ধারণের কি প্রয়োজন ছিল? চক্র ত চেতনাবিশিষ্ট জাবের ন্যায়় আজ্ঞামত যাতায়াত করিতে পারে দেখা যাইতেছে, তবে বৈকুণ্ঠ হইতেই বিশ্বু তাহাকে শিশ্পালের শিরণ্ছেদ জন্য পাঠাইতে পারেন নাই কেন? এ সকল কাজের জন্য মন্যা-শরীর গ্রহণের প্রয়োজন কি? ঈশ্বর কি আপনার নৈর্সার্গ কি নিয়মে বা কেবল ইচ্ছা মাত্র একটা মন্যাের মৃত্যু ঘটাইতে পারেন না যে, তম্জন্য তাঁহাকে মন্যাদেহ ধারণ করিতে হইবে? এবং মন্যা-দেহ ধারণ করিলেও কি তিনি এমনই হানবল হইবেন যে, স্বায় মান্যা শাক্তিতে একটা মান্যের সঙ্গে আঁটিয়া উঠিতে পারিবেন না, ঐশা শক্তির দ্বারা দৈব অস্ত্রকে সমরণ করিয়া আনিতে হইবে? ঈশ্বর যদি এর্প অম্পেশিক্তমান্ হন, তবে মান্যের সঙ্গে তাঁহার তফাং বড় অম্প। আমরাও কৃষ্ণের ঈশ্বরত্ব অস্ত্রাক করি না—কিছু আমাদের মতে কৃষ্ণ মান্যা শক্তি ভিন্ন অন্য শক্তির আগ্রয় গ্রহণ করিতেন না, এবং মান্যা শক্তির দ্বারাই সকল কার্যাই সম্পন্ন করিতেন। এই অনৈস্থার্গক চক্রান্ত্রান্ত যে অলীক ও প্রক্ষিপ্ত, কৃষ্ণ যে মান্যান্ত্রেই শিশান্পালকে নিহত করিয়াছিলেন, তাহার প্রমাণ মহাভারতেই আছে। উদ্যোগপর্বের ধ্তরাট্র শিশান্পালবেধর ইতিহাস কহিতেছেন, যথা—

"প্রের্ব রাজস্য় যজে, চেদিরাজ ও কর্ষক প্রভৃতি যে সমস্ত ভূপাল সর্বপ্রকার উদ্যোগবিশিষ্ট হইয়া বহুসংখ্যক বারপ্রব্য সমাভব্যাহারে একর সমবেত হইয়াছিলেন, তক্মধ্যে
চেদিরাজতনয় স্বের্ব ন্যায় প্রতাপশালা. শ্রেষ্ঠ ধন্বর্ব ও যুদ্ধে অজেয়। ভগবান্ কৃষ্ণ
ক্ষণকাল মধ্যে তাঁহার পরাজয় করিয়া ক্ষান্তিয়গণের উংসাহ ভঙ্গ করিয়াছিলেন; এবং কর্ষরাজপ্রম্থ নরেন্দ্রগা যে শিশ্বপালের সন্মান বর্ধন করিয়াছিলেন, তাঁহারা সিংহস্বর্প কৃষ্ণকে
রথার্ড নিরীক্ষণ করিয়া চেদিপতিরে পরিত্যাগপ্র্বাক ক্ষুদ্র ম্গেন্দ্র ন্যায় পলায়ন করিলেন,
তিনি তখন অবলীলান্তমে শিশ্বপালের প্রাসংহারপ্র্বাক পান্ডবগণের যশ বা মান বর্ধন
করিলেন।"—১২ অধ্যায়।

এখানে ত চক্রের কোন কথা দেখিতে পাই না। দেখিতে পাই, কৃষ্ণকে রথার্ড় হইরা রীতিমত মান্বিক সংগ্রামে প্রবৃত্ত হইতে হইয়াছিল। এবং তিনি মান্বযুদ্ধেই শিশ্বপাল ও তাহার অন্চরবর্গকে পরাভূত করিয়াছিলেন। যেখানে এক গ্রন্থে একই ঘটনার দ্বই প্রকার বর্ণনা দেখিতে পাই—একটি নৈস্বিক, অপরটি অনৈস্বিক, সেখানে অনৈস্বিকি বর্ণনাকে অগ্রাহ্য করিয়া নৈস্বিকিকে ঐতিহাসিক বলিয়া গ্রহণ করাই বিধেয়। যিনি প্রাণেতিহাসের মধ্যে সত্যের অন্বৃসন্ধান করিবেন, তিনি যেন এই সোজা কথাটা স্মরণ রাখেন। নহিলে সকল পরিশ্রমই বিফল হইবে।

শিশ্পালবধের আমরা যে সমালোচনা করিলাম, তাহাতে উক্ত ঘটনার স্থলে ঐতিহাসিক তত্ত্ব আমরা এইর্প দেখিতেছি। রাজস্যের মহাসভার সকল ক্ষানিরের অপেক্ষা কৃষ্ণের শ্রেষ্ঠতা স্বীকৃত হয়। ইহাতে শিশ্পাল প্রভৃতি কতকগ্নিল ক্ষানির রুট হইয়া যজ্ঞ নন্ট করিবার জন্য যুদ্ধ উপস্থিত করে। কৃষ্ণ তাহাদিগের সহিত যুদ্ধ করিয়া তাহাদিগকে পরাজিত করেন এবং শিশ্পালকে নিহত করেন। পরে যজ্ঞ নির্বিঘা সমাপিত হয়।

আমরা দেখিয়াছি, কৃষ্ণ যুদ্ধে সচরাচর বিশ্বেষবিশিষ্ট। তবে অঞ্জবুনাদি যুদ্ধক্ষম পাণ্ডবেরা থাকিতে, তিনি যজ্জবাদিগের সঙ্গে যুদ্ধে প্রবৃত্ত হইলেন কেন? রাজস্রের যে কার্য্যের ভার কৃষ্ণের উপর ছিল. তাহা স্মরণ করিলেই পাঠক কথার উত্তর পাইবেন। যজ্ঞরক্ষা ভার কৃষ্ণের উপর ছিল, ইহা প্রেব বিলয়াছি। যে কাজের ভার যাহার উপর থাকে, তাহা তাহার অনুর্ভের কক্ষ্ম (Duty)। আপনার অনুর্ভের কন্দের সাধন জনাই কৃষ্ণ যুদ্ধে প্রবৃত্ত হইয়া শিশ্বপালকে বধ করিয়াছিলেন।

একাদশ পরিছেদ—গাডবের বনবাস

রাজস্য যত্ত সমাপ্ত হইলে, কৃষ্ণ মারকায় ফিরিয়া গেলেন। সভাপব্দের্থ আর তাঁহাকে দেখিতে পাই না। তবে এক স্থানে তাঁহার নাম হইয়াছে। দ্যতক্রীড়ায় য্র্ধিষ্ঠির দ্রৌপদীকে হারিলেন। তার পর দ্রোপদীর কেশাকর্ষণ, এবং সভামধ্যে বন্দ্রহরণ। মহাভারতের এই ভাগের মত, কাব্যাংশে উৎকৃষ্ট রচনা ক্লাতের সাহিত্যে বড় দ্র্লাভ। কিন্তু কাব্য আমাদের এখন সমালোচনীয় নহে—ঐতিহাসিক ম্লা কিছ্ব আছে কি না পরীক্ষা করিতে হইবে। যখন দৃঃশাসন সভামধ্যে দৌপদীর বন্দ্রহরণ করিতে প্রবৃত্ত, নির্পায় দ্রৌপদী তখন কৃষ্ণকে মনে মনে চিন্তা করিয়াছিলেন। সে অংশ উদ্ধৃত করিয়াছি:—

"গোবিন্দ দ্বারকাবাসিন্ কৃষ্ণ গোপীজনপ্রিয়!"

এবং সে সম্বন্ধে আমাদিগের যাহা বলিবার, তাহা প্রের্ব বলিয়াছি।

তার পর বনপর্বা। বনপব্বে তিনবার মাত্র ক্রম্পের সাক্ষাং পাওয়া যায়। প্রথম, পান্ডবেরা বনে গিয়াছেন শ্রনিয়া বৃষ্ণিভোজেরা সকলে তাঁহাদিগকে দেখিতে আসিয়াছিল-কৃষ্ণও সেই সঙ্গে আসিয়াছিলেন। ইহা সম্ভব। কিন্তু যে অংশে এই ব্তান্ত বার্ণত হইয়াছে, তাহা মহাভারতের প্রথম স্তরগতও নহে, দ্বিতীয় স্তরগতও নহে। রচনার সাদৃশ্য কিছুমাত্র নাই। চরিত্রগত সঙ্গতি কিছুমাত্র নাই। কৃষ্ণকে আর কোথাও রাগিতে দেখা যায় না, কিন্তু এখানে, যুবিণ্ঠিরের কাছে আসিয়াই কৃষ্ণ চটিয়া লাল। কারণ কিছুই নাই, কেহ শত্রু উপস্থিত নাই, क्ट किट् वर्ल नारे, क्वल मृर्याधन अर्ज्जिक मातिया क्लिए ट्रेरव, এर विनयारे এত রাগ যে, যুধিষ্ঠির বহুতর দ্পত্র-দ্পৃতি মিনতি করিয়া তাঁহাকে থামাইলেন। যে কবি লিখিয়াছেন যে, কৃষ্ণ প্রতিজ্ঞা করিয়াছিলেন যে, মহাভারতের যুদ্ধে তিনি অস্ত্রধারণ করিবেন না, এ কথা সে কবির লেখা নয়, ইহা নিশ্চিত। তার পর এখনকার হোংকাদিগের মত কৃষ্ণ বলিয়া বসিলেন, "আমি থাকিলে এতটা হয়!—আমি বাড়ী ছিলাম না।" তখন যুধিষ্ঠির কৃষ্ণ কোথায় গিয়াছিলেন, সেই পরিচয় লইতে লাগিলেন। তাহাতে শাল্ববধের কথাটা উঠিল। তাহার সঙ্গে কৃষ্ণ যদ্ধে করিয়াছিলেন, সেই পরিচয় দিলেন। র্সে এক অন্তত ব্যাপার। সৌভ নামে তাহার রাজধানী। সেই রাজধানী আকাশময় উড়িয়া উড়িয়া বেড়ায়; শাল্ব আহার উপর থাকিয়া যুদ্ধ করে। সেই অবস্থায় কৃষ্ণের সঙ্গে যুদ্ধ হইল। যুদ্ধের সময়ে কৃষ্ণের বিস্তর কাঁদাকাটি। শাল্ব একটা মায়া বস্বদেব গড়িয়া তাহাকে কৃষ্ণের সম্মুখে বধ করিল দেখিয়া কৃষ্ণ কাঁদিয়া মুচ্ছিত। এ জগদীশ্বরের চিত্র নহে, কোন মানুষিক ব্যাপারের চিত্রও নহে। অনুক্রমণিকাধ্যায়ে এবং পর্ম্বসংগ্রহাধ্যায়ে এই সকল ব্যাপারে কোন প্রসঙ্গও নাই। ভরসা করি, কোন পাঠক এ সকল উপন্যাসের সমালোচনার প্রত্যাশা করেন না।

তার পরে দ্বর্শসার সশিষ্য ভোজন। সে ঘোরতর অনৈস্গিকি ব্যাপার। অন্ক্রমণিকাধ্যায়ে সে কথা থাকিলেও তাহার কোন ঐতিহাসিক ম্ল্য নাই। স্বতরাং তাহা আমাদের সমালোচনীয় নহে।

তার পর বনপ্রের শেষের দিকে মার্ক ভেয়সমস্যা-পর্যাধ্যায়ে কৃষ্ণকে দেখিতে পাই। পাশ্ডবেরা কাম্যক বনে আসিয়াছেন শ্রনিয়া, কৃষ্ণ তাঁহাদিগকে আবার দেখিতে আসিয়াছিলেন—এবার একা নহে; ছোট ঠাকুরাণীটি সঙ্গে। মার্ক শ্ডেয়সমস্যা-পর্যাধ্যায় একথানি বৃহৎ গ্রন্থ বিললেও হয়। কিন্তু মহাভারতের সঙ্গে সম্বন্ধ আছে, এমন কথা উহাতে কিছুই নাই। সমস্তটাই প্রক্রিপ্ত বিলয়া বোধ হয়। পর্বাসংগ্রহাধ্যায়ে মার্ক শ্ডেয়সমস্যা-পর্যাধ্যায়ের কথা আছে বটে, কিন্তু অনুক্রমাণকাধ্যায়ে নাই। মহাভারতের প্রথম ও দ্বিতীয় স্তরের রচনার সঙ্গেই হার কোন সাদৃশাই নাই। কিন্তু ইহা মৌলিক মহাভারতের অংশ কি না, তাহা আমাদের বিচার করিবারও কোন প্রয়োজন রাখে না। কেন না, কৃষ্ণ এখানে কিছুই করেন নাই। আসিয়া খ্রিষিঠির দ্রৌপদী প্রভৃতিকে কিছু মিন্ট কথা বাললেন, উত্তরে কিছু মিন্ট কথা শ্রনিজেন। তার পর কয় জনে মিলিয়া খ্যি ঠাকুরের আষাঢ়ে গলপ সকল শ্রনিতে লাগিলেন।

মার্ক'শ্রের কথা ফ্রাইলে দ্রোপদী সত্যভামাতে কিছু কথা হইল। পর্ব্বসংগ্রহাধ্যারে দ্রোপদী সত্যভামার সংবাদ গণিত হইয়াছে; কিস্তু অনুক্রমণিকাধ্যায়ে ইহার কোন প্রসঙ্গ নাই।

ইহা य প্রক্রিপ্ত, তাহা প্রেব বলিয়াছি।

ভাহার পর বিরাটপর্বা। বিরাটপত্বো কৃষ্ণ দেখা দেন নাই—কেবল শেষে উত্তরার বিবাহে আদিয়া উপস্থিত। আসিয়া যে সকল কথাবার্ত্তা বলিয়াছিলেন, তাহা উদ্যোগপত্বো আছে। উদ্যোগপত্বো কৃষ্ণের অনেক কথা আছে। ক্রমণঃ সমালোচনা করিব।

পঞ্চম খণ্ড

.1 ..

উপপ্লব্য

সর্বভূতাত্মভূতায় ভূতাদিনিধানায় চ। অক্রোধন্রেহমোহায় তদৈম শাস্তাত্মনে নমঃ॥ শাস্তিপর্বা, ৪৭ অধ্যায়ঃ।

প্রথম পরিচ্ছেদ-মহাভারতের যুদ্ধের সেনোদ্যোগ

এক্ষণে উদ্যোগপর্বের সমালোচনায় প্রবৃত্ত হওয়া যাউক।

সমাজে অপরাধী আছে। মন্যাগণ পরস্পারের প্রতি অপরাধ সর্বাদাই করিতেছে। সেই অপরাধের দমন সমাজে একটি মুখ্য কার্যা। রাজনীতি রাজদণ্ড ব্যবস্থাশাস্ত্র ধ্বমাশাস্ত্র আইন আদালত সকলেরই একটি মুখ্য উদ্দেশ্য তাই।

অপরাধীর পক্ষে কির্প ব্যবহার করিতে হইবে, নীতিশাস্তে তৎসম্বন্ধে দুইটি নত আছে। এক মত এই যে:—দশ্ভের দ্বারা অর্থাৎ বলপ্রয়োগের দ্বারা দোবের দমন করিতে হইবে—আর একটি মত এই যে. অপরাধ ক্ষমা করিবে। বল এবং ক্ষমা দুইটি পরস্পর বিরোধী—কাক্রেই দুইটি মত বথার্থ হইতে পারে না। অথচ দুইটির মধ্যে একটি যে একেবারে পুরিহার্য্য, এমন হইতে পারে না। সকল অপরাধ ক্ষমা করিলে সমাজের ধ্বংস হয়, সকল অপরাধ দশ্ভিত করিলে মনুষ্য পশুষ্থ প্রাপ্ত হয়। অতএব বল ও ক্ষমার সামঞ্জস্য নীতিশাস্ত্রের মধ্যে একটি অতি কঠিন তত্ত্ব। আধুনিক স্কুসভ্য ইউরোপ ইহার সামঞ্জস্যে অদ্যাপি পেণিছিতে পারিলেন না। ইউরোপীয়দিগের খ্বীভট্টশ্বর্ম বলে, সকল অপরাধ ক্ষমা কর; তাহাদিগের রাজনীতি বলে, সকল অপরাধ দশ্ভিত কর। ইউরোপে ধন্ম অপেক্ষা রাজনীতি প্রবল, এজন্য ক্ষমা ইউরোপে লুপ্তপ্রায়, এবং বলের প্রবল প্রতাপ।

বল ও ক্ষমার যথার্থ সামজস্য এই উদ্যোগপর্ত্ব মধ্যে প্রধান তত্ব। শ্রীকৃষ্ণই তাহার মীমাংসক্ প্রধানতঃ শ্রীকৃষ্ণই উদ্যোগপর্বের নায়ক। বল ও ক্ষমা উভয়ের প্রয়োগ সন্বন্ধে তিনি যের প্রআদর্শ কার্য্যতঃ প্রকাশ করিয়াছেন তাহা আমরা প্রের্ব দেখিয়াছি। যে তাঁহার নিজের অনিষ্ট করে, তিনি তাহাকে ক্ষমা করেন, এবং যে লোকের অনিষ্ট করে, তিনি বলপ্রয়োগপ্রাক তাহার প্রতি দন্দর্ভাবদান করেন। কিন্তু এমন অনেক স্থলে ঘটে, যেখানে ঠিক এই বিধান অনুসারে কার্য্য চলে না, অথবা এই বিধানানুসারে বল কি ক্ষমা প্রযোজ্য, তাহার বিচার কঠিন হইয়া পড়ে। মনে কর, কেহ আমার সম্পত্তি কাড়িয়া লইয়াছে। আপনার সম্পত্তি উদ্ধার সামাজিক ধর্ম্মা। অতএব অপহত সম্পত্তির উদ্ধার করিতে হইবে। এখনকার দিনে সভ্য সমাজ সকলে, আইন আদালতের সাহায্যে, আমরা আপন আপন সম্পত্তির উদ্ধার করিতে গারি। কিন্তু যদি এমন ঘটে যে, আইন-আদালতের সাহায্য প্রাপ্যা নহে, সেখানে বলপ্রয়োগ ধর্ম্মাসঙ্গত কি না? বল ও ক্ষমার সামজস্য সম্বন্ধে এই সকল ক্টে তর্ক উঠিয়া থাকে। কার্য্যন্তঃ প্রায় দেখিতে পাই যে, যে বলবান্, সেবলপ্রমোগর দিকেই যায়। যে দ্বর্শল, সে ক্ষমার দিকেই যায়। কিন্তু যে বলবান্, অথচ ক্ষমাবান্, ভাহার কি করা কর্ত্বরা, অর্থাৎ আদার্শ পর্ব্বের এর্প স্থলে কি কর্ত্বরা? ভাহার মীমাংসা উদ্যোগপন্ত্রের আরম্ভেই আমরা কৃষ্ণবাক্যে পাইতেছি।

ভরদা করি, পাঠকেরা সকলেই জানেন যে, পাশ্ডবেরা দাত্তনীড়ায় শকুনির নিকট হারিয়া এই পণে বাধ্য হইয়াছিলেন যে, আপনাদিগের রাজ্য দ্রের্যাধনকে সম্প্রদান করিয়া দ্বাদশ বর্ষ বনবাস করিবেন। তংপরে এক বংসর অজ্ঞাতবাস করিবেন; যদি অজ্ঞাতবাসের ঐ এক বংসরের মধ্যে কেছ তাঁহাদিগের পরিচয় পায় তবে তাঁহারা রাজ্য প্নকর্বার প্রাপ্ত হইবেন না, প্নকর্বার দ্বাদশ বর্ষ জন্য বনগমন করিবেন। কিন্তু যদি কেহ পরিচয় না পায়, তবে তাঁহারা দ্রের্যাধনের নিকট আসনাদিগের রাজ্য প্নক্রাপ্ত হইবেন। একলে তাঁহারা দ্বাদশ বর্ষ বনবাস সম্পূর্ণ করিয়া, বিরাটরাজের প্রেরীমধ্যে এক বংসর অজ্ঞাতবাস সম্পন্ন করিয়াছেন; ঐ বংসরের মধ্যে কেহ তাঁহাদিগের পরিচয়

পায় নাই। অতএব তাঁহারা দ্বর্য্যোধনের নিকট আপনাদিগের রাজ্য পাইবার ন্যায়তঃ ও ধর্ম্মতঃ অধিকারী। কিন্তু দ্বর্য্যোধন রাজ্য ফিরাইয়া দিবে কি? না দিবারই সম্ভাবনা। যদি না দের, তবে কি করা কর্ত্তব্য? যুদ্ধ করিয়া তাহাদিগকে বধ করিয়া রাজ্যের প্রনর্মার করা কর্ত্তব্য কি না?

অজ্ঞাতবাসের বৎসর অতীত হইলে পাশ্ডবেরা বিরাটরাজের নিকট পরিচিত হইলেন। বিরাটরাজ তাঁহাদিগের পরিচর পাইয়া অত্যন্ত আনশিত হইয়া আপনার কন্যা উত্তরাকে অক্জর্মপুত্র অভিমন্যুর সাইয়া অত্যন্ত আনশিত হইয়া আপনার কন্যা উত্তরাকে অক্জর্মপুত্র অভিমন্যুর মাতৃল কৃষ্ণ ও বলদেব ও অন্যান্য যাদবেরা আসিয়াছিলেন। এবং পাশ্ডবাদগের শ্বশার দ্রাপদ এবং অন্যান্য কৃট্মপ্রগণও আসিয়াছিলেন। তাঁহারা সকলে বিরাটরাজের সভায় আসান হইলে, পাশ্ডব-রাজ্ঞার প্রনর্ম্বার প্রসঙ্গটা উত্থাপিত হইল। নৃপতিগণ "শ্রীকৃঞ্চের প্রতি দৃষ্টিপাত করিয়া মৌনাবলম্বন করিলেন।" তথন শ্রীকৃষ্ণ রাজাদিগকে সম্বোধন করিয়া অবস্থা সকল ব্যবাইয়া বিললেন। যাহা যাহা ঘটিয়াছে, তাহা ব্যবাইয়া, তারপর বলিলেন, "এক্ষণে কোরব ও পাশ্ডবগণের পক্ষে যাহা হিতকর, ধন্মর্য, যশস্কর ও উপযুক্ত, আপনারা তাহাই চিন্তা কর্মন।"

কৃষ্ণ এমন কথা বলিলেন না যে, যাহাতে রাজ্যের প্রনর্কার হয়. তাহারই চেণ্টা কর্ন। কেন না, হিত, ধন্ম, যশ হইতে বিচ্ছিন্ন যে রাজ্য, তাহা তিনি কাহারও প্রার্থনীয় বিবেচনা করেন না। তাই প্রনর্বার ব্র্বাইয়া বলিতেছেন, "ধন্মরাজ যুখিন্টির অধন্মগিত স্রসায়াজ্যও কামনা করেন না, কিন্তু ধন্মর্থিসংযুক্ত একটি গ্রামের আধিপত্যেও অধিকতর অভিলাষী হইয়া থাকেন।" আমরা প্রেব ব্র্বাইয়াছি যে, আদর্শ মন্যা সন্ম্যাসী হইলে চলিবে না—বিষয়ী হইতে হইবে। বিষয়ীর এই প্রকৃত আদর্শ। অধন্মগিত স্রসায়াজ্যও কামনা করিব না, কিন্তু ধন্মতঃ আমি যাহার অধিকারী, তাহার এক তিলও বঞ্চককে ছাড়িয়া দিব না; ছাড়িলে কেবল আমি একা দ্বঃখী হইব, এমন নহে, আমি দ্বঃখী না হইতেও পারি, কিন্তু সমাজবিধ্বংসের পথাবলন্বনর্প পাপ আমাকে স্পর্শ করিবে।

তারপর কৃষ্ণ কৌরবাদণের লোভ ও শঠতা, যু ধিষ্ঠিরের ধান্দ্রিকতা এবং ই'হাদিগের পরঙ্গপর সম্বন্ধ বিবেচনাপ্র্বিক ইতিকপ্রব্যতা অবধারণ করিতে রাজগণকে অন্ররাধ করিলেন। নিজের অভিপ্রায়ও কিছু ব্যক্ত করিলেন। বলিলেন, যাহাতে দ্বেগ্যাধন যু ধিষ্ঠিরকে রাজ্যার্দ্ধ প্রদান করেন—এইর্প সন্ধির নিমিত্ত কোন ধান্দ্র্যিক প্রবুষ দ্ত হইয়া তাঁহার নিকট গমন কর্ন। কৃষ্ণের অভিপ্রায় যুদ্ধ নহে, সন্ধি। তিনি এতদ্রে যুদ্ধের বিরুদ্ধ যে, অর্দ্ধ্রাজ্য মাত্র প্রাপ্তিতে সন্তুষ্ট থাকিয়া সন্ধিন্দ্রাপন করিতে পরামশ দিলেন, এবং শেষ যথন যুদ্ধ অলখ্যনীয় হইয়া উঠিল, তথন তিনি প্রতিজ্ঞা করিলেন যে, তিনি সে যুদ্ধে স্বয়ং অন্তথারণ করিয়া নরশোণিতস্তোত বৃদ্ধি করিবেন না।

কৃষ্ণের বাক্যাবসানে বলদেব তাঁহার বাক্যের অনুমোদন করিলেন, যাধিষ্ঠিরকে দ্যুতক্রীড়ার জন্য কিছু নিন্দা করিলেন, এবং শেষে বলিলেন যে, সিদ্ধ দ্বারা সম্পাদিত অর্থই অর্থ কর হইয়া থাকে, কিছু যে অর্থ সংগ্রাম দ্বারা উপাদ্ধিত, তাহা অর্থই নহে। সারাপায়ী বলদেবের এই কথাগালি সোণার অক্ষরে লিখিয়া ইউরোপের ঘরে ঘরে রাখিলে মন্বাঞ্জাতির কিছু মঙ্গল হইতে পারে।

বলদেবের কথা সমাপ্ত হইলে, সাত্যাকি গান্তোখান করিয়া (পাঠক দেখিবেন, সে কালেও ''Parliamentary procedure'' ছিল) প্রতিবক্তৃতা করিলেন। সাত্যাক নিচ্ছে মহাবলবান্ বীরপ্রের্য, তিনি কক্ষের শিষ্য এবং মহাভারতের যুদ্ধে পাশ্ডবপক্ষীয় বীরদিগের মধ্যে অন্ধ্র্বন্থ অভিমন্যর পরেই তাঁহার প্রশংসা দেখা যায়। কৃষ্ণ সন্ধ্রির প্রস্তাব করায় সাত্যাকি কিছ্ বলিতে সাহস করেন নাই, বলদেবের মুখে ঐ কথা শ্বনিয়া সাত্যাকি কুদ্ধ হইয়া বলদেবকে ক্লীব কাপ্রের্য ইত্যাদি বাক্যে অপমানিত করিলেন। দাতেলীড়ার জন্য বলদেব যুথিন্টিরকে বেট্রুকু দোষ দিয়াছিলেন, সাত্যাকি তাহার প্রতিবাদ করিলেন, এবং আপনার অভিপ্রায় এই প্রকাশ করিলেন য়ে, যদি কেরিবেরা পাশ্ডবিদিগকে তাহাদের পৈতৃক রাজ্য সমন্ত প্রত্যপর্ণ না করেন, তবে কেরিবিদিগকে সমুলে নিম্ম্বিল করাই কর্তব্য।

তারপর বৃদ্ধ দ্রেপদের বস্তৃতা। দ্রেপদও সাত্যাকর মতাবলন্দী। তিনি ব্যাধার্থ উদ্যোগ করিতে, সৈন্য সংগ্রহ করিতে এবং মিগ্ররাজগণের নিকট দৃত প্রেরণ করিতে পাণ্ডবগণকে পরামশা দিলেন। তবে তিনি এমনও বলিলেন যে, দুর্য্যোধনের নিকটেও দৃত প্রেরণ করা হউক।

य ২—08 ६२৯

পরিশেষে কৃষ্ণ প্নর্ব্বার বস্তৃতা করিলেন। দুশেদ প্রাচীন এবং সম্বন্ধে গ্রন্থলন, এই জন্য কৃষ্ণ প্রাচীর কথার বিরোধ করিলেন না। কিন্তু এমন অভিপ্রার ব্যক্ত করিলেন বে, যুদ্ধ উপস্থিত হইলে তিনি স্বরং সে বুদ্ধে নির্লিপ্ত থাকিতে ইচ্ছা করেন। তিনি বলিলেন, "কুর্ ও পাশ্ডবদিগের সহিত আমাদিগের তুলা সম্বন্ধ, তহারা কখন মর্য্যাদালগ্যনপ্র্বুক আমাদিগের সহিত আশিষ্ট ব্যবহার করেন নাই। আমরা বিবাহে নির্মান্তত হইরা এস্থানে আগমন করিরাছি, এবং আপনিও সেই নিমিন্ত আসিয়াছেন। এক্ষণে বিবাহ সম্পন্ন হইয়াছে, আমরা পরমাহ্যাদে নিজ নিজ গ্রেহ প্রতিগমন করিব।" গ্রন্থলনকে ইহার পর আর কি ভর্ণসনা করা হাইতে পারে? কৃষ্ণ আরও বলিলেন যে, "র্যাদ দ্বের্যাধন সন্ধি না করে, তাহা হইলে অগ্রে অন্যান্য ব্যক্তিদিগের নিকট দৃতে প্রেরণ করিয়া পশ্চাৎ আমাদিগকে আহনেন করিবেন," অর্থাৎ "এ যুদ্ধে আসিতে আমাদিগের বড় ইছা নাই।" এই কথা বলিয়া কৃষ্ণ দ্বারকা চলিয়া গেলেন।

আমরা দেখিলাম যে, কৃষ্ণ যুদ্ধে নিতান্ত বিপক্ষ, এমন কি, তম্জন্য অন্ধরিজ্য পরিত্যাণেও পান্ডবদিগকে পরামর্শ দিয়াছিলেন। আরও দেখিলাম যে, তিনি কৌরব পান্ডবদিগের মধ্যে পক্ষপাতশুনা, উভরের সহিত তাঁহার তুল্য সম্বন্ধ স্বীকার করেন। পরে যাহা ঘটিল, তাহাতে

এই দুই কথারই আরও বলবৎ প্রমাণ পাওয়া যাইতেছে।

এদিকে উভয় পক্ষের যুদ্ধের উদ্যোগ হইতে লাগিল, সেনা সংগৃহীত হইতে লাগিল এবং রাজগণের নিকট দতে গমন করিতে লাগিল। কৃষ্ণকে যুদ্ধে বরণ করিবার জন্য অর্জ্জন্ম স্বয়ং দ্বারকার গেলেন। দ্ব্যাধনও তাই করিলেন। দ্ব্ জনে এক দিনে এক সময়ে কৃষ্ণের নিকট উপস্থিত হইলেন। তাহার পর যাহা ঘটিল, মহাভারত হইতে তাহা উদ্ধৃত করিতেছি:—

"বাস্দেব তৎকালে শয়ান ও নিদ্রাভিত্ত ছিলেন। প্রথমে রাজা দ্র্য্যোধন তাঁহার শয়নগ্হে প্রবেশ করিয়া তাঁহার মস্তকসমীপনাস্ত প্রশস্ত আসনে উপবেশন করিলেন। ইন্দ্রনন্দন পশ্চাৎ প্রবেশপ্র্বেক বিনীত ও কৃতাঞ্জলি হইয়া যাদবপতির পদতলসমীপে সমাসীন হইলেন। অনন্তর ব্কিনন্দন জাগরিত হইয়া অগ্রে ধনপ্তর প্রের্মানকে নয়নগোচর করিবামাত্র স্বাগত প্রশ্ন সহকারে সৎকারপ্র্বেক আগমন হেতু জিজ্ঞাসা করিলেন।

দুর্যোধন সহাস্য বদনে কহিলেন, 'হে যাদব! এই উপস্থিত যুদ্ধে আপনাকে সাহায্য দান করিতে হইবে। যদিও আপনার সহিত আমাদের উভরেরই সমান সম্বন্ধ ও তুল্য সৌহাদ্য; তথাপি আমি অগ্রে আগমন করিয়াছি। সাধ্বাণ প্রথমাগত ব্যক্তির পক্ষই অবলম্বন করিয়া থাকেন; আপনি সাধ্বাণের শ্রেষ্ঠ ও মাননীয়; অতএব অদ্য সেই সদাচার প্রতিপালন কর্ন।'

কৃষ্ণ কহিলেন, 'হে কুর্বীর! আপনি যে অগ্রে আগমন করিয়াছেন, এ বিষয়ে আমার কিছ্ম মাত্র সংশয় নাই; কিন্তু আমি কুন্তীকুমারকে অগ্রে নয়নগোচর করিয়াছি, এই নিমিত্ত আমি আপনাদের উভয়কেই সাহায়্য করিব। কিন্তু ইহা প্রসিদ্ধ আছে, অগ্রে বালকেরই বরণ করিবে, অতএব অগ্রে কুন্তীকুমারের বরণ করাই উচিত।' এই বালয়া ভগবান্ য়দ্নন্দন ধনঞ্জয়কে কহিলেন—'হে কোন্তের অগ্রে তোমারই বরণ গ্রহণ করিব। আমার সমযোদ্ধা নারায়ণ নামে এক অব্দ্বদ গোপ, এক পক্ষের সৈনিক পদ গ্রহণ কর্ক। আর অন্য পক্ষে আমি সমরপরাশ্ম্য ও নিরন্ত হইয়া অবস্থান করি, ইহার মধ্যে যে পক্ষ তোমার হদ্যতর, তাহাই অবলম্বন করি।'

ধনপ্তার অরাতিমার্শন জনার্শন সমরপরাজ্ম্ম হইবেন, শ্রবণ করিরাও তাঁহারে বরণ করিলেন। তথন রাজা দ্বর্যোধন অবর্বন নারায়ণী সেনা প্রাপ্ত হইয়া কৃষ্ণকে সমরে পরাজ্ম্ম্

বিবেচনা করতঃ প্রতির পরাকাষ্ঠা প্রাপ্ত হইলেন।"

উদ্যোগপুর্বের এই অংশু সমালোচনা করিয়া আমরা এই কর্মট কথা ব্রিত্তে পারি।

প্রথম—যদিও কৃষ্ণের অভিপ্রায় যে, কাহারও আপনার ধর্ম্মার্থ সংযুক্ত অধিকার পরিত্যাগ করা কর্ত্তব্য নহে, তথাপি বলের অপেকা ক্ষমা তাহার বিবেচনায় এত দ্বে উৎকৃষ্ট যে, বলপ্রয়োগ করার অপেকা অক্ষেক অধিকার পরিত্যাগ করাও ভাল।

দিতীয়—কৃষ্ণ সর্বাত্ত সমদশা। সাধারণ বিশ্বাস এই বে, তিনি পাণ্ডবদিগের পক্ষ, এবং কৌরবদিগের বিপক্ষ। উপরে দেখা গেল যে, তিনি উভয়ের মধ্যে সম্পূর্ণরূপে পক্ষপাতশূন্য।

তৃতীয়—তিনি স্বয়ং অদিতীয় বাঁর হইরাও ব্দের প্রতি বিশেষ প্রকারে বিরাগব্যক্তঃ প্রথমে বাহাতে ব্দ্ধ না হর, এইর্প প্রামর্শ দিলেন, তারপর যথন ব্দ্ধ নিতান্তই উপস্থিত হইল, এবং অগত্যা তাঁহাকে এক পক্ষে বরণ হইতে হইল, তখন তিনি অস্মত্যাগে প্রতিজ্ঞাবদ্ধ

হইরা বরণ হইলেন। এরপে মাহাস্ব্য আর কোন ক্ষতিরেরই দেখা যায় না, জিতেন্দ্রির এবং সন্দর্বত্যাগী ভীন্দেরও নহে।

আমরা দেখিব যে, বাহাতে যুদ্ধ না হয়, তজ্জনা কৃষ্ণ ইহার পরেও অনেক চেষ্টা করিয়াছিলেন। আশ্চর্য্যের বিষয় এই যে, যিনি সকল ক্ষানিয়ের মধ্যে যুদ্ধের প্রধান শান্ত, এবং বিনি
একাই সর্বান্ত সমদশী, লোকে তাঁহাকেই এই যুদ্ধের প্রধান পরামর্শদাতা, অনুষ্ঠাতা এবং
পাশ্ডবপক্ষের প্রধান কুচকী বলিয়া স্থির করিয়াছে। কাজেই এত সবিস্তারে কৃষ্ণচরিত্র সমালোচনার
প্রয়োজন হইয়াছে।

তারপর, নিরন্দ্র কৃষ্ণকে লইয়া অর্জ্জন্ন যুদ্ধের কোন্ কার্য্যে নিযুক্ত করিবেন, ইহা চিন্তা করিয়া, কৃষ্ণকে তাঁহার সারথ্য করিতে অন্বরাধ করিলেন। ক্ষান্তিয়ের পক্ষে সারথ্য অতি হেয় কার্যা। যথন মদ্রাজ্ঞ শল্য কর্শের সারথ্য করিবার জন্য অন্বর্দ্ধ হইয়াছিলেন, তখন তিনি বড় রাগ করিয়াছিলেন। কিন্তু আদর্শপ্রের্থ অহঙ্কারশ্ন্য। অতএব কৃষ্ণ অর্জ্জ্বনের সারথ্য তখনই স্বীকার করিলেন। তিনি সর্ব্বদোষশ্ন্য এবং সর্ব্বগ্নাশ্বিত।

দ্বিতীয় পরিচ্ছেদ—সঞ্জয়যান

উভয় পক্ষের যুব্ধের উদ্যোগ হইতে থাকুক। এদিকে দ্রুপদের পরামর্শান্সারে যুধিন্ঠিরাদি দ্রুপদের প্ররাহিতকে ধৃতরান্টের সভায় সন্ধিন্থাপনের মানসে প্রেরণ করিলেন, কিন্তু প্ররোহিত মহাশয় কৃতকার্য্য হইতে পারিলেন না। কেন না, বিনা যুব্ধে স্ট্রাত্রবেষ্য ভূমিও প্রত্যপণ করা দুর্যোধনাদির অভিপ্রায় নহে। এদিকে যুব্ধ ভীমান্ডর্ম্বন ও কৃষ্ণকে* ধৃতরান্টের বড় ভয়; অতএব ষাহাতে পান্ডবেরা যুব্ধ না করে, এমন পরামর্শ দিবার জন্য ধৃতরান্টি আপনার অমাত্য সঞ্জয়কে পান্ডবের্দিগের নিকট প্রেরণ করিলেন। "তোমাদের রাজ্যও আমরা অধ্নর্ম করিয়া কাড়িয়া লইব, কিন্তু তোমরা তন্জন্য যুব্ধও করিও না, সে কাজটা ভাল নহে," এর্প অসঙ্গত কথা বিশেষ নির্লেজ্ঞ ব্যক্তি নহিলে মুখ ফুটিয়া বলিতে পারে না। কিন্তু দুতের লক্ষ্মা নাই। অতএব সঞ্জয় পান্ডবসভায় আসিয়া দীর্ঘ বক্তৃতা করিলেন। বক্তৃতার স্থ্লমন্ম এই যে, "যুব্ধ বড় গ্রুব্রতর অধন্ম, তোমরা সেই অধন্মে প্রবৃত্ত হইয়াছ, অতএব তোমরা বড় অধান্মিক।" যুবিন্ঠির, তদ্বরের অনেক কথা বিললেন, তন্মধ্যে আমাদের যেট্বুকু প্রয়োজনীয়, তাহা উদ্ধৃত করিতেছি।

"হে সঞ্জয়! এই প্থিবীতে দেবগদেরও প্রার্থনীয় যে সমস্ত ধন সম্পত্তি আছে, তৎসম্দায় এবং প্রাহ্বাপতা স্বর্গ এবং ক্রন্ধলোক এই সকলও অধন্মতঃ লাভ করিতে আমার বাসনা নাই। যাহা হউক, মহাত্মা কৃষ্ণ ধন্মপ্রদাতা, নীতিসম্পন্ন ও ব্রাহ্বাগগদের উপাসক। উনি কোরব ও পাশ্ডব উভয় কুলেরই হিতৈষী এবং বহুসংখ্যক মহাবলপরাক্রান্ত ভূপতিগদকে শাসন করিয়া থাকেন। এক্ষণে উনিই বলুন যে, যদি আমি সন্ধিপথ পরিত্যাগ করি, তাহা হইলে নিন্দনীয় হই, আর বদি যুম্পে নিবৃত্ত হই, তাহা হইলে আমার স্বধন্ম পরিত্যাগ করা হয়, এ স্থলে কি কর্ত্তবা। মহাপ্রভাব শিনির নপ্তা এবং চেদি, অন্ধক, বৃষ্ণি, ভোজ, কুকুর ও স্প্লয়বংশীয়গদ বাস্দেবের বৃদ্ধিপ্রভাবেই শন্ত্ব দমনপ্র্থক স্কুদ্বগদকে আনন্দিত করিতেছেন। ইন্দুককপ উপ্রসেন প্রভৃতি

* বিপক্ষেরাও বে এক্ষণে কৃষ্ণের সন্ধ্রাধান্য স্বীকার করিতেন, তাহার অনেক প্রমাণ উদ্যোগপর্য্থেশ পাওরা বার। ধৃতরাক্ষ পাশ্ডবদিগের অন্যান্য সহায়ের নামোল্লেখ করিয়া পরিশেবে বলিয়াছিলেন, "বৃক্তিসিংহ কৃষ্ণ বাঁহাদিগের সহায়, তাঁহাদিগের প্রতাপ সহা করা কাহায় সাধা?" (২১ অধ্যয়) প্রশ্ব বিলতেছেন, "সেই কৃষ্ণ এক্ষণে পাশ্ডবদিগকে রক্ষা করিতেছেন। কোন্ শাহ্র বিজ্ञরাভিলাবী হইয়া বৈর্পব্যক্ত তাঁহার সম্মুখীন হইবে? হে সঞ্চয়! কৃষ্ণ পাশ্ডবার্থ যের প পরাক্রম প্রকাশ করেন, তাহা আমি প্রবণ করিয়াছি। তাঁহায় কার্য অন্যক্ষণ সমর্গ করতঃ আমি শান্তিলাতে বিগত হইয়াছি; কৃষ্ণ বাঁহাদিগের অত্যশী, কোন্ ব্যক্তি তাঁহাদিগের প্রতাপ সহ্য করিতে সমর্থ হইবে? কৃষ্ণ অম্পর্ক্রের সায়্যার্থ ক্ষামার করিয়াছেন শ্নিয়া ভরে আমার ক্ষর কন্পিত হইতেছে।" আর এক স্থানে ধৃতরাম্ম বিলতেছেন কিছু "কেশ্বও অধ্যা, লোকর্যের অধিপতি এবং মহান্যা। বিনি সন্ধলাকে এক্মান্ত বরেশা, কোন্ত্রা মন্ত্রাক্ষ তাঁহার সম্মুখে অবস্থান করিবে?" এইর্শে অনেক কথা আছে।

বীর সকল এবং মহাবলপরাদ্রান্ত মনস্বী সত্যপরায়ণ যাদবগণ কৃষ্ণ কর্তৃক সত্তই উপদিন্ট হইরা থাকেন। কৃষ্ণ রাতা ও কর্ত্তা বলিয়াই কাশীশ্বর বদ্র, উত্তম শ্রী প্রাপ্ত হইরাছেন; গ্রীষ্মাবসানে জলদজাল বেমন প্রজাদিগকে বারিদান করে, তদ্রুপ বাস্ফের কাশীশ্বরকে সম্দার অভিলাষিত দ্রব্য প্রদান করিয়া থাকেন। কম্মনিশ্চরজ্ঞ কেশব ঈদৃশ গুন্দসম্পন্ন, ইনি আমাদের নিতান্ত প্রিয় ও সাধ্তম, আমি কদাচ ই'হার কথার অন্যথাচরণ করিব না।"

বাস্দেব কহিলেন, "হে সঞ্জয়! আমি নিরন্তর পান্ডবগণের অবিনাশ, সমৃদ্ধি ও হিত এবং সপত্র রাজা ধ্তরান্ট্রের অভ্যুদয় বাসনা করিয়া থাকি। কৌরব ও পান্ডবগণের পরস্পর সদ্ধি সংস্থাপন হয়, ইহা আমার অভিপ্রেত, আমি উহাদিগকে ইহা ব্যতীত আর কোন পরামর্শ প্রদান করি না। অন্যান্য পান্ডবগণের সমক্ষে রাজা যুির্ঘিন্ডিরের মুখেও অনেক বার সদ্ধি সংস্থাপনের কথা শর্নিয়াছি; কিন্তু মহারাজ ধ্তরান্ট্র ও তাহার পত্রগণ সাতিশয় অর্থলোভী, পান্ডবগণের সহিত তাহার সদ্ধি সংস্থাপন হওয়া নিতান্ত দ্বুকর, স্তরাং বিবাদ যে ক্রমশঃ পরিবদ্ধিত হইবে, তাহার আশ্চর্যা কি? হে সঞ্জয়! ধন্মর্বাজ ব্রিণিন্ডর ও আমি কদাচ ধন্ম হইতে বিচলিত হইনাই, ইহা জানিয়া শর্নিয়াও তুমি কি নিমিত্ত স্বক্রম্সাধনোদ্যত উৎসাহসম্পন্ন স্বজন-পরিপালক রাজা ব্রিণিন্ডরক অধ্যান্মিক বলিয়া নিন্দেশেশ করিলে?"

এই পর্যান্ত বলিয়া শ্রীকৃষ্ণ ধন্দের ব্যাখ্যায় প্রবৃত্ত হইলেন। এই কথাটা কৃষ্ণচরিত্রে বড় প্রয়েজনীয়। আমরা বলিয়াছি, তাঁহার জীবনের কাজ দুইটি—ধন্মরাজ্য-সংস্থাপন এবং ধন্ম-প্রচার। মহাভারতে তাঁহার কৃত ধন্মরাজ্য সংস্থাপন সবিস্তারে বর্ণিত হইয়ছে। কিন্তু তাঁহার প্রচারিত ধন্মের কথা প্রধানতঃ ভীত্মপন্দের অন্তর্গত গাঁতা-পর্স্বাধ্যায়েই আছে। এমন বিচার উঠিতে পারে যে, গাঁতায় যে ধন্ম কথিত হইয়ছে, তাহা গাঁতাকার কৃষ্ণের মুখে বসাইয়ছেন বর্টে, কিন্তু সে ধন্ম যে কৃষ্ণ-প্রচারিত কি গাঁতাকার-প্রণাঁত, তাহার স্থিরতা কি? সোঁভাগ্যন্তম আমরা গাঁতা-পর্স্বাধ্যায় ভিন্ন মহাভারতের অন্যান্য অংশেও কৃষ্ণনত ধন্মেপিদেশ দেখিতে পাই। বিদ আমরা দেখি যে, গাঁতায় যে অভিনব ধন্ম ব্যাখ্যাত হইয়ছে আর মহাভারতের অন্যান্য অংশে কৃষ্ণ যে ধন্ম ব্যাখ্যাত করিতেছেন, ইহার মধ্যে একতা আছে, তাহা হইলে আমরা বলিতে পারি বে, এই ধন্ম কৃষ্ণপ্রণাঁত এবং কৃষ্ণপ্রচারিতই বটে। মহাভারতের ঐতিহাসিকতা যদি স্বাকার করি আর যদি দেখি যে, মহাভারতকার যে ধন্মব্যাখ্যা স্থানে স্থানে কৃষ্ণে আরোপ করিয়াছেন, তাহা সর্বত্র এক প্রকৃতির ধন্ম, যদি পনুনশ্চ দেখি যে, সেই ধন্ম প্রচলিত ধন্ম হইতে ভিন্নপ্রকৃতির ধন্ম; তবে বলিব, এই ধন্ম কৃষ্ণেরই প্রচারিত। আবার যদি দেখি যে গাঁতায় যে ধন্ম সবিস্তারে এবং প্রণতার সহিত ব্যাখ্যাত হইয়াছে, তাহার সহিত ঐ কৃষ্ণপ্রচারিত ধন্মের সঙ্গে ঐক্য আছে, উহা তাহারই আংশিক ব্যাখ্যা মাত্র, তবে বলিব যে, গাঁতাক্ত ধন্ম যথার্থাই কৃষ্ণপ্রশাত বটে।

এখন দেখা যাউক, কৃষ্ণ এখানে সঞ্জয়কে কি বিলতেছেন।

"শন্চি ও কুট্ম্বপরিপালক হইয়া বেদাধায়ন করতঃ জীবনযাপন করিবে, এইর্প শাস্ত্র-নির্দ্দিন্ট বিধি বিদামান থাকিলেও ব্রাহ্মণগণের নানা প্রকার বৃদ্ধি জনিয়া থাকে। কেহ কর্ম্ম-বশতঃ কেহ বা কর্ম্ম পরিত্যাগ করিয়া একমাত্র বেদজ্ঞান দ্বারা মোক্ষ লাভ হয়, এইর্প স্বীকার করিয়া থাকেন; কিন্তু যেমন ভোজন না করিলে তৃপ্তিলাভ হয় না, তদ্র্প কর্ম্মান্টান না করিয়া কেবল বেদজ্ঞ হইলে ব্রাহ্মণগণের কদাচ মোক্ষলাভ হয় না। যে সমস্ত বিদ্যা দ্বারা কর্ম্ম সংসাধন হয়য়া থাকে, তাহাই ফলবতী; যাহাতে কোন কর্মান্টানের বিধি নাই, সে বিদ্যা নিতান্ত নিক্ষল। অতএব যেমন পিপাসার্ত্ত ব্যক্তির জল পান করিবামাত্র পিপাসা শান্তি হয়, তদুপ ইহকালে যে সকল কন্মের ফল প্রত্যক্ষ হইয়া থাকে, তাহারই অনুন্টান করা কর্ত্তব্য। হে সঞ্জয়! কর্ম্মবশতঃই এইর্প বিধি বিহিত হইয়াছে; স্নৃতরাং কর্মই সর্ব্পপ্রধান। যে ব্যক্তি কর্ম্ম অপেক্ষা অন্য কোন বিষয়কে উৎকৃষ্ট বিবেচনা করিয়া থাকে, তাহার সমস্ত কন্মই নিক্ষল হয়।

"দেখা, দেবগদ কম্মবলে প্রভাবসম্পন্ন হইরাছেন; সমীরণ কম্মবলে সতত সপ্তরণ করিতেছেন; দিবাকর কম্মবলে আলস্যশ্না হইরা অহোরার পরিপ্রমণ করিতেছেন; চল্পুমা কর্মাবলে নক্ষরমন্ডলী-পরিবৃত হইরা মাসার্দ্ধ উদিত হইতেছেন; হৃতাশন ক্মাবলে প্রজাগদের কর্মা সংসাধন করিরা নিরবজ্জিন উত্তাপ প্রদান করিতেছেন; প্রথিবী কর্মাবলে নিভান্ত দুর্ভার ভার অনারাসেই বছন করিতেছেন; প্রোভস্বতী সকল ক্মাবলে প্রাণিগদের ত্তিসাধন করিরা সলিলরাশি ধারণ করিতেছেন; অমিতবলশালী দেবরাজ ইন্দ্র দেবগদের মধ্যে প্রাধান্য লাভ করিবার নিমিন্ত ব্রহ্মচর্ব্যের অনুষ্ঠান করিরাছিলেন। তিনি সেই কর্মাবলে দশ দিক্ ও নভামন্ডল প্রতিধননিত করিয়া বারিবর্ষণ করিয়া থাকেন এবং অপ্রমন্ত্রচিত্তে ভোগাভিলাষ বিসম্প্রন ও প্রিয়বস্থু সম্পার পরিত্যাগ করিয়া শ্রেষ্ঠছলাভ এবং দম, ক্ষমা, সমতা, সত্য ও ধর্ম্ম প্রতিপালন-প্রেক দেবরাজ্য অধিকার করিয়াছেন। ভগবান্ বৃহস্পতি সমাহিত হইয়া ইণ্দ্রিয়ানরাধপ্রেক ব্রহ্মচর্ব্যের অনুষ্ঠান করিয়াছিলেন; এই নিমিন্ত তিনি দেবগণের আচার্যাপদ প্রাপ্ত হইয়াছেন। র্দ্র, আদিত্য, বম, কুবের, গন্ধর্ম্বর্, বক্ষ, অস্সর, বিশ্বাবস্থ ও নক্ষ্রগণ কর্মপ্রভাবে বিরাজ্যিত রহিয়াছেন; মহর্ষিগণ ব্রহ্মবিদ্যা, ব্রহ্মচর্ব্য ও অন্যান্য ক্রিয়াছেন; মহর্ষিগণ ব্রহ্মবিদ্যা, ব্রহ্মচর্ব্য ও অন্যান্য ক্রিয়াকলাপের অনুষ্ঠান করিয়া শ্রেষ্ঠছলাভ করিয়াছেন।"

কর্ম্মবাদ ক্ষের প্রের্থ প্রচলিত ছিল, কিন্তু সে প্রচলিত মতান্মারে বৈদিক ক্রিয়াকাণ্ডই কর্মা। মন্বাঞ্জীবনের সমস্ত অন্তেঠয় কর্মা যাহাকে পাশ্চান্তোরা Duty বলেন—সে অর্থে সে প্রচলিত ধন্মে "কর্মা" শব্দ ব্যবহৃত হইত না। গীতাতেই আমরা দেখি, কর্মা শব্দের প্রের্থিচলিত অর্থ পরিবর্ত্তিত হইয়া, যাহা কর্ত্তবা, যাহা অন্তেঠয়, যাহা Duty, সাধারণতঃ তাহাই কর্মা নাম প্রাপ্ত হইয়াছে। আর এইখানে হইতেছে। ভাষাগত বিশেষ প্রভেদ আছে—কিন্তু মন্ম্যার্থি এক। এখানে যিনি বক্তা, গীতাতেও তিনিই প্রকৃত বক্তা, এ কথা স্বীকার করা যাইতে পারে।

অনুষ্ঠের কম্মের যথাবিহিত নির্ন্থাহের অর্থাৎ ডিউটির সম্পাদনের নামান্তর স্বধর্ম্মপালন। গীতার প্রথমেই শ্রীকৃষ্ণ স্বধর্ম্মপালনে অর্জ্জনকে উপাদষ্ট করিতেছেন। এখানেও কৃষ্ণ সেই স্বধর্ম্মপালনের উপদেশ দিতেছেন। যথা,

"হে সঞ্জয়! তুমি কি নিমিত্ত রাক্ষণ, ক্ষাহিয় ও বৈশ্য প্রভৃতি সকল লোকের ধন্ম সবিশেষ জ্ঞাত হইয়াও কোরবগণের হিতসাধন মানসে পান্ডবিদগের নিগ্রহ চেন্টা করিতেছ? ধন্মরিক্ষে বৃধিতির বেদজ্ঞ, অশ্বমেধ ও রাজস্য়য়েজের অনুন্ঠানকর্তা, যুক্ষবিদ্যায় পারদশী এবং হস্তায়য়য়য়ালনে স্নিপ্র্ণ। এক্ষণে যদি পান্ডবেরা কোরবগণের প্রাণহিংসা না করিয়া ভীমসেনকে সান্থনা করতঃ রাজ্যলাভের অন্য কোন উপায় অবধারণ করিয়ে পারেন, তাহা হইলে ধন্মরিক্ষা ও প্র্যাক্সের্বর অনুন্ঠান হয়। অথবা ই'হারা যদি ক্ষাহিয়ধন্ম প্রতিপালনপ্র্বক স্বকন্ম সংসাধন করিয়া দ্রদ্ভবিশতঃ মৃত্যুম্বথে নিপতিত হন, তাহাও প্রশন্ত। বোধ হয়, তুমি সক্ষিসংস্থাপনই প্রেয়ঃসাধন বিবেচনা করিতেছ; কিন্তু জিজ্ঞাসা করি, ক্ষাহিয়দিগের যুদ্ধে ধন্মরিক্ষা হয়, কি যুক্ষ না করিলে ধন্মরিক্ষা হয় ? ইহার মধ্যে যাহা শ্রেন্ঠ বলিয়া বিবেচনা করিবে, আমি তাহারই অনুন্ঠান করিব।"

তার পর শ্রীকৃষ্ণ চতুর্বশের ধন্ম কথনে প্রবৃত্ত হইলেন। গীতার অন্টাদশ অধ্যায়ে ব্রাহ্মণ, ক্ষান্তর, বৈশ্য, শ্দের ষের্প ধন্ম কথিত হইয়াছে—এখানেও ঠিক সেইর্প। এইর্পে মহাভারতে অন্যত্তও ভূরি ভূরি প্রমাণ পাওরা ষায় য়ে, গীতোক্ত ধন্ম, এবং মহাভারতের অন্যত্ত কথিত কৃষ্ণোক্ত ধন্ম এক। অভএব গীতোক্ত ধন্ম যে কৃষ্ণোক্ত ধন্ম —সে ধন্ম যে কেবল কৃষ্ণের নামে পরিচিত, এমন নহে—বথার্থই কৃষ্ণপ্রণীত ধন্ম, ইহা এক প্রকার সিদ্ধ। কৃষ্ণ সঞ্জরকে আরও অনেক কথা বালালেন। তাহার দুই একটা কথা উদ্ধৃত করিব।

ইউরোপীয়দিগের বিবেচনায় পররাজ্যাপহরণ অপেক্ষা গোরবের কর্ম্ম কিছুই নাই। উহার নাম ''Conquest,'' ''Glory,'' ''Extension of Empire'' ইত্যাদি ইত্যাদি। ফেমন ইংরেজিতে, ইউরোপীয় অন্যান্য ভাষাতেও ঠিক সেইর্প পররাজ্যাপহরণের গ্র্ণান্বাদ। শ্র্ম্ম এক ''Glorie'' শব্দের মোহে মৃদ্ধ হইয়া প্রাষিয়ার দ্বিতীয় ফ্রেডনিক তিন বার ইউরোপে সমরানল জনালিয়া লক্ষ লক্ষ মন্মের সম্বানাশের কারণ হইয়াছিলেন। ঈদৃশ রুবিরপিপাস্ম রাক্ষ্ম ভিল্ল অন্য ব্যক্তির সহজেই বোধ হয় য়ে এইর্প ''Glorie'' ও তক্ষরতাতে প্রভেশ আর কিছুই নাই ক্ষরতা পরয়াজ্যাপহারক বড় চোর, অন্য চোর ছোট চোর।* কিছু এ কথাটা বলা বড় দায়, কেন না. দিশ্বিজয়ের এমনই একটা মোহ আছে য়ে, আর্য্য ক্ষরিয়েরাও মৃদ্ধ হইয়া অনেক সময় ধন্মাধন্ম ভূলিয়া যাইতেন। ইউরোপে কেবল Diogenes মহাবীর

তবে বেখানে কেবল পরোপকারার্থ পরের রাজ্য হন্তগত করা বার, সেখানে নাকি ভিন কর্মা
 হইতে পারে। সের্প কার্ব্যের বিচারে আমি সক্ষম নহি—কেন না, রাজনীতিক্স নহি।

আলেকজণ্ডরকে বলিয়াছিলেন; "তুমি এক জন বড় দস্য, মান্ত।" ভারতবর্ষেও শ্রীকৃষ্ণ পররাজ্য-লোলপে রাজাদিগকে তাই বলিতেছেন,—তাঁহার মতে ছোট চোর ল্কাইয়া চুরি করে, বড় চোর প্রকাশ্যে চুরি করে। তিনি বলিতেছেন,

"তস্কর দৃশ্য বা অদৃশ্য হইয়া হঠাৎ যে সর্বাস্ব অপহরণ করে, উভয়ই নিন্দনীয়। সৃতরাং

দুর্য্যোধনের কার্য্যও একপ্রকার তম্করকার্য্য বলিয়া প্রতিপল্ল করা যাইতে পারে।"

এই তম্পরণিগের হাত হইতে নিজম্ব রক্ষা করাকে কৃষ্ণ পরম ধর্ম্ম বিবেচনা করেন। জাধ্বনিক নীতিজ্ঞাদিগেরও সেই মত। ছোট চোরের হাত হইতে নিজম্ব রক্ষার ইংরেজি নাম Justice; বড় চোরের হাত হইতে নিজম্ব রক্ষার নাম Patriotism। উভরেরই দেশীর নাম শ্বধন্মপালন। কৃষ্ণ বলিতেছেন, "এই বিষয়ের জন্য প্রাণ পর্যান্ত পরিত্যাগ করিতে হয়, তাহাও শ্লাঘনীয়, তথাপি পৈতৃক রাজ্যের প্রনর্ক্ষারণে বিমুখ হওয়া কোন ক্রমেই উচিত নহে।"

কৃষ্ণ সঞ্জয়ের ধন্মের ভন্ডামি দার্নিয়া সঞ্জয়েক কিছু সঙ্গত তিরস্কারও করিলেন। বলিলেন, "তুমি এক্ষণে রাজা ধ্রিভিরকে ধন্মোপদেশ প্রদান করিতে অভিলাষী হইয়াছ, কিন্তু তৎকালে (যথন দ্বঃশাসন সভামধ্যে দ্রোপদীর উপর অগ্রাব্য অত্যাচার করে) সভামধ্যে দ্বঃশাসনকে ধন্মোপদেশ প্রদান কর নাই।" কৃষ্ণ সচরাচর প্রিয়বাদী, কিন্তু যথার্থ দোষকীর্ত্তনকালে বড় দপ্টবক্তা। সত্যই সন্ধালে তাঁহার নিকট প্রিয়।

সঞ্জয়কে তিরুম্কার করিয়া, শ্রীকৃষ্ণ প্রকাশ করিলেন যে, উভয় পক্ষের হিত সাধনার্থ স্বয়ং হাজনা নগরে গমন করিবেন। বলিলেন, "যাহাতে পাশ্ডকাণের অর্থহানি না হয়, এবং কৌরবেরাও সন্ধি সংস্থাপনে সম্মত হন, এক্ষণে তদ্বিষয়ে বিশেষ যত্ন করিতে হইবে। তাহা হইলে, সন্মহৎ প্রায়কম্মের অনন্তান হয়, এবং কৌরকাণও মৃত্যুপাশ হইতে বিমৃক্ত হইতে পারেন।"

লোকের হিতার্থ, অসংখ্য মনুষ্যের প্রাণরক্ষার্থ, কৌরবেরও রক্ষার্থ, কৃষ্ণ এই দ্বুক্তর কন্মের্ব স্বরং উপযাচক হইরা প্রবৃত্ত হইলোন। মনুষ্যাশিক্ততে দ্বুক্তর কন্ম্ম, কেন না, এক্ষণে পান্ডবেরা তাঁহাকে বরণ করিরাছে; এজন্য কৌরবেরা তাঁহারে সঙ্গে শানুবং ব্যবহার করিবার অধিকার প্রাপ্ত হইরাছে। কিন্তু লোকহিতার্থ তিনি নিরন্ত হইরা শানুপ্র্রীমধ্যে প্রবেশ করাই শ্রেয় বিবেচনা করিলেন।

তৃতীয় পরিচ্ছেদ—যানসন্ধি

এইখানে সঞ্জয়য়ান-পর্স্বাধ্যায় সমাপ্ত। সঞ্জয়য়ান-পর্স্বাধ্যায়ে শেষ ভাপে দেখা ষায় যে, কৃষ্ণ হাস্তনা ষাইতে প্রতিশ্রুত হইলেন, এবং বাস্তাবিক তাহার পরেই তিনি হাস্তনায় গমন করিলেন বটে। কিন্তু সঞ্জয়য়ান-পর্স্বাধ্যায় ও ভগবদ্য়ান-পর্স্বাধ্যায়ের মধ্যে আর তিনটি পর্স্বাধ্যায় আছে; "প্রজাগর", "সনংস্কৃত্যাত", এবং "য়ানসদ্ধি"। প্রথম দ্ইটি প্রক্ষিপ্ত, তদ্বিষয়ে কোন সন্দেহ নাই। উহাতে মহাভারতের কথাও কিছ্বই নাই—অতি উৎকৃষ্ট ধর্ম্ম ও নীতিকথা আছে। কৃষ্ণের কোন কথাই নাই, স্কৃতরাং ঐ দ্বই পর্স্বাধ্যায়ে আমাদের কোন প্রয়োজন নাই।

যানসন্ধি-পর্যাধ্যায়ে সঞ্জয় হস্তিনায় ফিরিয়া আসিয়া ধৃতরাদ্মকৈ যাহা বলিলেন, এবং তচ্ছত্রেশে ধ্তরাদ্ম, দুর্য্যোধন এবং অন্যান্য কৌরবগদে যে বাদান্বাদ হইল, তাহাই ক্ষিত আছে। বক্তৃতা সকল অতি দীর্ঘ, পুনর্ভির অত্যন্ত বাহ্ল্যবিশিষ্ট এবং অনেক সময়ে

নিষ্প্রয়োজনীয়। কৃষ্ণের প্রসঙ্গ, ইহার দুই স্থানে আছে।

প্রথম, অন্টপণ্ডাশন্তম অধ্যায়ে। ধৃতরাপ্ট্র অতিবিস্তারে অন্তর্শনবাক্য সঞ্জর-মুখে শ্বনিরা, আবার হঠাৎ সঞ্জয়কে জিজ্ঞাসা করিতেছেন, "বাস্বদেব ও ধনঞ্জয় যাহা কহিয়াছেন, তাহা প্রবশ করিবার নিমিন্ত উৎস্কুক হইয়াছি, অতএব তাহাই কীর্ত্তন কর।"

তদ্বেরে, সঞ্জয়, সভাতলৈ যে সকল কথাবার্ত্তা হইয়াছিল, তাহার কিছই না বলিয়া, এক আষাঢ়ে গলপ আরম্ভ করিলেন। বলিলেন যে, তিনি পাটিপি পাটিপি,—অর্থাৎ চোরের মত, পাশুবদিগের অক্তঃপ্রমধ্যে অভিমন্য প্রভৃতিরও অগম্য স্থানে গমন করিয়া ক্র্মেন্ট্রের সাক্ষাংকার লাভ করেন। দেখেন, কুক্ষার্ক্ত্রন মদ খাইয়া উন্মন্ত। অর্ক্ত্রন, দ্রোপদী ও সত্যভামার পায়ের উপর পা দিয়া বসিয়া আছেন। কথাবার্তা ন্তন কিছুই হইল না। কৃষ্ণ কেবল

কিছন দছের কথা বলিলেন, -বলিলেন, "আমি যখন সহায়, তখন অৰ্জন সকলকে মারিয়া ফেলিবে।"

তার পর অন্ধর্ম কি বলিলেন, সে কথা এখানে আর কিছ্ন নাই, অথচ ধ্তরাষ্ট্র তাহা শ্ননিতে চাহিরাছিলেন। অন্তপঞ্চাশন্তম অধ্যায়ের শেষে আছে, "অনন্তর মহাবীর কিরীটী তাঁহার (ক্ষেক্সর) বাক্য সকল শ্ননিয়া লোমহর্ষণ বচন প্রয়োগ করিতে লাগিলেন।" এই কথার পাঠকের এমন মনে হইবে বে, ব্রিঝ উনর্ষণ্ডিতম অধ্যায়ে অন্ধর্মন বাহা বলিলেন, তাহাই কথিত হইতেছে। সে দিক্ দিয়া উনর্ষণ্ডিতম অধ্যায় যায় নাই। উন্যন্তিতম অধ্যায়ে ধ্তরাষ্ট্র দ্বর্য্যেখনকে কিছ্ব অনুযোগ করিয়া সন্ধি স্থাপন করিতে বলিলেন। বিশ্তিম অধ্যায়ে দ্বর্য্যেখন প্রত্তুত্তরে বাপকে কিন্তু কড়া কড়া শ্রুনাইয়া দিল। এক্ষণ্ডিতম অধ্যায়ে কর্ণ আসিয়া মাঝে পড়িয়া বক্তুতা করিলেন। ভীষ্ম তাঁহাকে উত্তম মধ্যম রকম শ্রুনাইলেন। কর্ণে ভীষ্মে বাধ্য়ি গেল। বিষণ্ডিতমে দ্বর্য্যেখনে ভীষ্মে বাধ্য়ি গেল। বিষণ্ডিতমে ভীষ্মের বক্তৃতা। চত্যুমণ্ডিতমে বাপ বেটায় আবার বাখিল। পরে, এত কালের পর আবার হঠাৎ ধ্তরাষ্ট্র জিজ্ঞাসা করিলেন যে, অন্ধর্ম আবার বাখিল। পরে, এত কালের পর আবার হঠাৎ ধ্তরাষ্ট্র জিজ্ঞাসা করিলেন যে, অন্ধর্মন কি বলিলেন? তথন সঞ্জয় সেই অন্তপণ্ডাশতম অধ্যায়ের ছিল্ল স্ত্র যোড়া দিয়া অন্ধর্ম্মনিকার বলিতে লাগিলেন। বোধ করি, কোন পাঠকেরই এখন সংশয় নাই যে, ৫৯।৬০। ৬১।৬২।৬৩।৬৪ অধ্যায়গ্রনি প্রক্ষিপ্ত। এই কয় অধ্যায়ে মহাভারতের কিয়া এক পদও অগ্রসর হইতেছে না। এই অধ্যায়গ্রনিল বড় স্পণ্ডতঃ প্রক্ষিপ্ত বলিয়া ইহার উল্লেখ করিলাম।

যে সকল কারণে এই ছয় অধ্যায়কে প্রক্রিপ্ত বলা যাইতে পারে, অষ্টপণ্ডাশন্তম অধ্যায়কেও সেই কারণে প্রক্রিপ্ত বলা যাইতে পারে—পরবন্তী এই অধ্যায়গর্বল প্রক্রিপ্তের উপর প্রক্রিপ্ত। অষ্টপণ্ডাশন্তম অধ্যায় সম্বন্ধে আরও বলা যাইতে পারে যে, ইহা কেবল অপ্রাসঙ্গিক এবং অসংলগ্ন এমন নহে, প্রেবিক্তি কৃষ্ণবাকোর সম্পূর্ণ বিরোধী। এই সকল ব্তান্তের কিছু মাত্র প্রসঙ্গ অন্ক্রমণিকাধ্যায়ে বা পর্বাসংগ্রহাধ্যায়ে নাই। বোধ হয়, কোন রিসক লেখক, অস্ক্রমিপাতন শোরি এবং স্ক্রমিপাতিনী স্ক্রা, উভয়েরই ভক্ত; একত্র উভয় উপাসাকে দেখিবার জন্য অষ্টপণ্ডাশন্তম অধ্যায়িট প্রক্রিপ্ত করিয়াছেন।

যানসন্ধি-পর্বাধ্যায়ে এই গেল কৃষ্ণসম্বন্ধীয় প্রথম প্রসঙ্গ। দ্বিতীয় প্রসঙ্গ, সপ্তর্যাণ্ডিক হইতে সপ্ততিক পর্যান্ত চারি অধ্যায়ে। এখানে সঞ্জয় ধৃতরাজ্মের জিজ্ঞাসা মতে কৃষ্ণের মহিমা কীর্ত্তন করিতেছেন। সঞ্জয় এখানে প্রের্ব যাঁহাকে মদাপানে উদ্মত্ত বলিয়া বর্ণনা করিয়াছিলেন, এক্ষণে তাঁহাকেই জগদীশ্বর বলিয়া বর্ণনা করিতেছেন। বোধ হয় ইহাও প্রক্ষিপ্ত। প্রক্ষিপ্ত ইউক না হউক, ইহাতে আমাদের কোন প্রয়োজন নাই। যদি অন্য কারণে কৃষ্ণের ঈশ্বরত্বে আমাদের বিশ্বাস থাকে, তবে সঞ্জয়বাক্যে আমাদের প্রয়োজন কি? আর যদি সে বিশ্বাস না থাকে, তবে সঞ্জয়বাক্যে এমন কিছু নাই য়ে, তাহার বলে আমাদিগের সে বিশ্বাস হইতে পারে। অতএব সঞ্জয়বাক্যের সমালোচনা আমাদের নিম্প্রয়োজনীয়। কৃষ্ণের মান্ম-চরিত্রের কোন কথাই তাহাতে আমারা পাই না। তাহাই আমাদের সমালোচ্য।

এইখানে যানসন্ধি পৰ্বাধ্যায় সমাপ্ত হইল।

চতুর্থ পরিছেদ-শ্রীকৃঞ্জের হস্তিনা-যাতার প্রস্তাব

শ্রীকৃষ্ণ, পর্শ্বকৃত অংশ-নির্মান্ত্রারা সদ্ধি শ্বাপনার্থ কৌরবদিগাের নিকট যাইতে প্রস্তৃত হইলেন। গমনকালে পাশ্ডবেরা ও দ্রোপদী, সকলেই তাঁহাকে কিছু কিছু বাললেন। শ্রীকৃষ্ণও তাঁহাদিগাের কথার উত্তর দিলেন। এই সকল কথােপকথন অবশ্য ঐতিহাসিক বলিয়া গ্রহণ করা বায় না। তবে কবি ও ইতিহাসবেন্তা বে সকল কথা কৃষ্ণের মন্থে বলাইয়াছেন, তাহার বায়া ব্র্কা বায় বে, কৃষ্ণের পরিচয় তিনি অবগত ছিলেন। ঐ সকল বস্তৃতা হইতে আমরা কিছু কিছু উদ্ধৃত করিব।

বৃষিষ্ঠিরের কথার উত্তরে কৃষ্ণ এক স্থানে বালতেছেন, "হে মহারাজ রক্ষাচর্য্যাদি ক্ষান্তিরের পক্ষে বিধের নহে। সম্পার আশ্রমীরা ক্ষান্তিরের ভৈক্ষাচরণ নিষেধ করিয়া থাকেন। বিধাতা সংগ্রামে জয়লাভ বা প্রাণপরিত্যাগ ক্ষান্তিরের নিতাধর্ম্ম বালয়া নিশ্দেশ করিয়াছেন; অতএব দীনতা ক্ষান্তরের পক্ষে নিতান্ত নিশ্দনীয়। হে অরাতিনিপাতন বৃধিষ্ঠির! ক্ষাপনি দীনতা

অবসন্ত্রন করিলে, কথনই প্রীয় অংশ লাভ করিতে পারিবেন না। অতএব বিক্রম প্রকাশ করিয়া শত্রগদকে বিনাশ কর্ম।"

গীতাতেও অর্ল্জনকৈ কৃষ্ণ এইর্প কথা বলিয়াছেন দেখা যায়। ইহা হইতে যে সিদ্ধান্তে উপন্থিত হওয়া যায়, তাহা প্রের্ব ব্ঝান গিয়াছে। প্রশান ভীমের কথার উত্তরে বলিতেছেন, 'মন্বা প্রব্বকার পরিত্যাগপ্র্বক কেবল দেব বা দৈব পরিত্যাগপ্র্বক কেবল প্র্যুবকার অবলম্বন করিয়া জীবন ধারণ করিতে পারে না। যে ব্যক্তি এইর্প কৃতনিশ্চয় হইয়া কম্মের্প হয়, সে কম্ম সিদ্ধ না হইলে ব্যথিত বা কম্ম সিদ্ধ হইলে সন্তুট হয় না।

গীতাতেও এইর্প উক্তি আছে। । অৰ্জ্জানের কথার উত্তরে কৃষ্ণ বলিতেছেন,

"উর্বর ক্ষেত্রে ব্যানিরমে হলচালন বীজবপনাদি করিলেও বর্ষা ব্যতীত কখনই ফলোংপত্তি হয় না। প্রের্ব যদি প্রের্বকার সহকারে তাহাতে জল সেচন করে, তথাপি দৈবপ্রভাবে উহা শৃত্বক হইতে পারে। অতএব প্রাচীন মহাত্মাগণ দৈব ও প্রের্বকার উভয় একচ মিলিত না হইলে কার্য্যাসিদ্ধি হয় না বলিয়া ভি্র করিয়াছেন। আমি যথাসাধ্য প্রের্বকার প্রকাশ করিতে পারি; কিন্তু দৈব কন্মের অনুষ্ঠানে আমার কিছুমান্ত ক্ষমতা নাই।"

এ কথার উদ্ধোধ আমরা প্রের্ব করিয়াছি। কৃষ্ণ এখানে দেবত্ব একেবারে অস্বীকার করিলেন। কেন না, তিনি মান্যী শক্তির দ্বারা কর্ম্মাধনে প্রবৃত্ত। ঐশী শক্তির দ্বারা কর্মাসাধন ঈশ্বরের অভিপ্রেত হইলে, অবতারের কোন প্রয়োজন থাকে না।

অন্যান্য বক্তার কথা সমাপ্ত হইলে, দ্রোপদী কৃষ্ণকে কিছু বলিলেন। তাঁহার বক্তৃতার এমন একটা কথা আছে যে, স্থালোকের মুখে তাহা অতি বিস্ময়কর। তিনি বলিতেছেন—

'আৰ্ষ্য ব্যক্তিকে বধ করিলে যে পাপ হয়, ৰধ্য ৰ্যক্তিকে ৰধ না করিলেও সেই পাপ হইয়া থাকে "

এই উক্তি স্বীলোকের মুখে বিস্ময়কর হইলেও স্বীকার করিতে হইবে যে, বহু বংসর প্রেব বঙ্গদর্শনে আমি দ্রোপদীচরিত্রের বের্পে পরিচয় দিয়াছিলাম, তাহার সঙ্গে এই বাক্যের অত্যন্ত স্মুসর্গতি আছে। আর স্বীলোকের মুখে ভাল শ্নাক্ না শ্নাক্, ইহা যে প্রকৃত ধর্ম্ম, এবং কৃষ্ণেরও যে এই মত, ইহাও আমি জরাসন্ধবধের সমালোচনাকালে ও অন্য সময়ে ব্র্ঝাইয়াছি।

দ্রৌপদীর এই বস্তৃতার উপসংহারকালে এক অপ**ৃ**ৰ্ব কবিছ-কোশল আছে। তাহা উদ্ধৃত করা যাইতেছে।

"অসিতাপাঙ্গী দ্রুপদনন্দনী এই কথা শ্রনিয়া কুটিলাগ্র, পরম রমণীয়, সর্ব্বান্ধাধিবাসিত, সর্ব্বাক্ষণসম্পর, মহাভূজগসদৃশ কেশকলাপ ধারণ করিয়া অগ্রুপ্র্ণুলাচনে দীননয়নে প্রনয়য় রুষকে কহিতে লাগিলেন, হে জনার্দ্দন! দ্রাঝা দ্রুশাসন আমার এই কেশ আকর্ষণ করিরাছিল। শুরুগা সিদ্ধাপনের মত প্রকাশ করিলে তুমি এই কেশকলাপ স্মরণ করিবে। ভীমার্চ্জ্বন দীনের ন্যায় সিদ্ধি স্থাপনে কৃতসংকলপ হইয়াছেন; তাহাতে আমার কিছ্মান্র ক্ষতি নাই, আমার বৃদ্ধি পিতা মহারথ প্রগণ সমাভিব্যাহারে শুরুগণের সহিত সংগ্রাম করিবেন, আমার মহাবল পরাক্রান্ত পঞ্চ প্রু অভিমন্বরে প্রস্কৃত করিয়া কোরবগণকে সংহার করিবে। দ্রাঝা দ্রুশাসনের শ্যামল বাহ্ ছিল, ধরাতলে নিপতিত ও পাংশ্লুণিত না দেখিলে আমার শান্তিলাভের সম্ভাবনা কোথায়? আমি হৃদয়ক্ষেত্র প্রদীপ্ত পাবকের ন্যায় লোধ স্থাপন প্রের্ক ত্রোদশ বংসর প্রতীক্ষা করিয়াছি। এক্ষণে সেই ত্রয়োদশ বংসর অতিকান্ত হইয়াছে, তথাপি তাহা উপশমিত হইবার কিছুমান্ত উপায় দেখিখেতছি না; আজি আবার ধন্মপিথাবলন্বী ব্কোদরের বাক্যালন্তে আমার হৃদয় বিদীর্ণ হইতেছে।

"নিবিড়নিতন্দিবনী আয়তলোচনা কৃষ্ণা এই কথা কহিয়া বাৎপগণগদস্বরে কম্পিতকলেবরে কন্দন করিতে লাগিলেন, দ্রবীভূত হৃতাশনের ন্যায় অত্যক্ষ নেত্রজলে তাহার শুনব্যাল অভিষিক্ত হৈতে লাগিল। তখন মহাবাহ্ন বাসন্দেব তাহারে সান্ধনা করতঃ কহিতে লাগিলেন, হে কৃষ্ণে! তুমি অতি অলপ দিন মধ্যেই কোরব মহিলাগণকে রোদন করিতে দেখিবে। তুমি যেমন রোদন করিতেছ, কুর্ভুত্তিভাগেও তাহাদের জ্ঞাতি বান্ধবগদ নিহত হইলে এইর্প রোদন করিবে। আমি মুধিভিরের নিরোগান্সারে ভীমাজ্জন নকুল সহদেব সমভিব্যাহারে কোরকাশের বধ-

সিকাসিক্যোঃ সমো ভূষা সমস্বং যোগ উচাতে ॥ ২ ॥ ৪৮

সাধনে প্রবৃত্ত হইব। ধৃতরাষ্ট্রতনয়গণ কালপ্রেরিতের ন্যায় আমার বাক্ষ্যে অনাদর প্রকাশ করিলে অচিরাৎ নিহত ও শ্লাল কুরুরের ভক্ষা হইয়া ধরাতলে শ্রন করিবে। যদি হিমবান্ প্রচলিত, মেদিনী উৎক্ষিপ্ত ও আকাশমন্ডল নক্ষত্রসমূহের সহিত নিপতিত হয়, তথাপি আমার বাক্য মিধ্যা হইবে না। হে কৃষ্ণে! বাষ্প সংবরণ কর, আমি তোমারে বথার্থ কহিতেছি, তুমি অচিরকাল

মধ্যেই স্বীয় পতিগণকে শহু সংহার করিয়া রাজ্যলাভ করিতে দেখিবে।"

এই উত্তি শোণিতপিপাস,র হিংসাপ্রব,তিজনিত বা কুদ্ধের ক্রোধাভিবাক্তি নহে। যিনি मर्ब्यवागाभी मर्ब्यकानवाभी वर्षकत প্रভाবে, ভবিষ্যতে यादा दहेत, जादा म्लव्हे एर्माश्र्र्ण-ছিলেন, তাঁহার ভবিষ্যদর্ভিক মাত্র। কৃষ্ণ বিলক্ষণ জানিতেন যে, দুর্যোধন রাজ্যাংশ প্রতাপশ্-পূর্ব্বেক সন্ধি স্থাপন করিতে কদাপি সম্মত হইবে না। ইহা জ্ঞানিরাও যে তিনি সন্ধিস্থাপনার্থ কৌরব-সভায় গমনের জন্য উদ্যোগী, তাহার কারণ এই বে, যাহা অনুষ্ঠের, তাহা সিদ্ধ হউক বা না হউক, করিতে হইবে। সিদ্ধি ও অসিদ্ধি তুলা জ্ঞান করিতে হইবে। ইহাই তাঁহার মুখবিনিগত গাঁতোক্ত অমৃতময় ধন্ম। তিনি নিজেই অৰ্জনৈকে শিখাইয়াছেন যে.

সিদ্ধ্যসিদ্ধাঃ সমা ভূমা সমস্বং যোগ উচাতে।

সেই নীতির বশবত্তী হইয়া, আদর্শযোগী, ভবিষাৎ জানিয়াও সন্ধিস্থাপনের চেন্টার কোরব-সভায় চলিলেন।

পঞ্চম পরিচ্ছেদ—যাত্রা

যাত্রাকালে শ্রীকৃষ্ণের সমস্ত ব্যবহারই মন্যোপযোগী এবং কালোচিত। তিনি "রেবতী নক্ষরযুক্ত কার্ত্তিকমাসীয় দিনে মৈত্র মৃহুত্তে কোরব-সভায় গমন করিবার বাসনায় স্ববিশ্বন্ত ব্রাহ্মণগণের মাঙ্গল্য প্রণ্যনির্ঘোষ শ্রবণ ও প্রাতঃকৃত্য সমাপন প্র্বিফ ব্লান ও বসনভ্ষণ পরিধান করিয়া সূর্য্য ও বহির উপাসনা করিলেন: এবং ব্রুলাঙ্গলে দর্শন, ব্রাহ্মণগণকে অভিবাদন, অগ্নি প্রদক্ষিণ ও কল্যাণকর দ্বা সকল সন্দর্শনপূর্বক" যাত্রা করিলেন।

শ্রীকৃষ্ণ গীতার যে ধর্ম্ম প্রচারিত করিয়াছেন, তাহাতে তৎকালে প্রবল কাম্যকর্মপরায়ণ যে বৈদিক ধর্ম্ম, তাহার নিন্দাবাদ আছে। কিন্তু তাই বলিয়া তিনি বেদপরায়ণ ব্রাহ্মণগণকে কথনও অবমাননা করিতেন না। তিনি আদর্শ মনুষ্য, এই জন্য তৎকালে ব্রাহ্মণদিগের প্রতি যে ব্যবহার উচিত ছিল, তিনি তাহাই করিতেন। তখনকার রাহ্মণেরা বিশ্বান, জ্ঞানবান, ধর্ম্মাত্মা, এবং অস্বার্থপর হইয়া সমাজের মঙ্গলসাধনে নিরত ছিলেন, এজনা অনা বর্ণের নিকট, প্রজা তাঁহাদের ন্যায্য প্রাপ্য। কৃষ্ণও সেই জন্য তাঁহাদিগকে উপযুক্তরূপ পূজা করিতেন। উদাহরণ বর্প, পথিমধ্যে ঋষিগণের সমাগমের বর্ণনা উদ্ধৃত করিতেছি।

"মহাবাহ, কেশব এইর্পে কিয়ন্দ্র গমন করিয়া পথের উভয় পার্শে ব্রহ্মতেজে জাজ্বলামান কতিপর মহর্ষিরে সন্দর্শন করিলেন। তিনি তাঁহাদিগকে দেখিবামার অতিমার বাগ্রতাসহকারে রথ হইতে অবতার্ণ হইয়া অভিবাদনপূর্বেক জিজ্ঞাসা করিলেন, হে মহর্ষিগণ! সম্পার লোকের কুশল? ধর্ম্ম উত্তমর্পে অন্তিত হইতেছে? ক্ষাত্রয়াদি বর্ণত্রয় ব্রাহ্মণগণের শাসনে অবস্থান করিতেছে? আপনারা কোথায় সিদ্ধ হইয়াছেন? কোথায় যাইতে বাসনা করিতেছেন? আপনাদের প্রয়োজন কি? আমারে আপনাদের কোন কার্য্য অনুষ্ঠান করিতে হইবে? এবং আপনারা কি নিমিত্ত ধরণীতলে অবতীর্ণ হইয়াছেন?

"তথন মহাভাগ জামদগ্য কুষ্ণকে আলিঙ্গন করিয়া কহিলেন, হে মধ্স্দ্ন! আমাদের মধ্যে কেহ কেহ দেববি, কেহ কেহ বহুশ্রত ব্রহ্মণ. কেহ কেহ রাজবি এবং কেহ কেহ তপস্বী। আমরা অনেক বার দেবাস-রের সমাগম দেবিয়াছি: একণে সম-দার ক্ষান্তিয় সভাসদ ভূপতি ও আপনারে অবলোকন করিবার বাসনায় গমন করিতেছি। আমরা কৌরবসভামধ্যে আপনার মুখবিনিগতি ধন্মাধ্যাক্ত বাকা প্রবণ করিতে অভিলাষী হইয়াছি। হে বাদবশ্রেষ্ঠ! ভীব্ম, দ্রোণ, বিদরে প্রভৃতি মহাত্মাগণ এবং আপনি যে সত্য ও হিতকর বাক্য কহিবেন, আমরা সেই সকল বাক্য প্রবশে নিতান্ত কোত্রলাক্রান্ত হইয়াছি।

"এক্ষণে আপনি সম্বরে কুর্রাজ্যে গমন কর্ন; আমরা তথার আপনারে সভাম-ডপে দিবা

আসনে আসীন ও তেজঃপ্রদীও দেখিরা প্রনরার আপনার সহিত কথোপকথন করিব।"

এখানে ইহাও বক্তব্য বে, এই জামদগ্ম পরশারাম কৃষ্ণের সমসামারিক বলিয়া বিশিত হইরাছেন। রামারণে আবার তিনি রামচশ্রের সমসামারিক বলিয়া বিশিত হইরাছেন। অথচ প্রাণে তিনি রাম কৃষ্ণ উভরেরই প্রতিগামী বিষ্কৃর অবতারান্তর বলিয়া খ্যাত। প্রাণের দশাবতারবাদ কত দ্র সঙ্গত, তাহা আমরা গ্রন্থান্তরে বিচার করিব।

এই হস্তিনাযাত্রার বর্ণনার জানা যায় যে, কৃষ্ণ নিজেও সাধারণ প্রজার নিকটেও প্রজা ছিলেন।

হস্তিনাযাত্রার বর্ণনা আরও কিছ, উদ্ধৃত করিলাম।

"দেবকীনন্দন সন্ধাস্যুপরিপ্রণ অতি রম্য স্থাস্পদ পরম পবিশ্রমালভবন এবং অতি মনোহর ও হৃদয়তোষণ বহুবিধ গ্রাম্যপশ্ব সন্দর্শন করতঃ বিবিধ পরে ও রাজ্য অতিক্রম করিলেন। কুর্কুলসংরক্ষিত নিতাপ্রহল্ট অন্ধির ব্যসনরহিত প্রবাসিগণ কৃষ্ণকৈ দর্শন করিবার মানসে উপপ্রবা নগর হইতে পথিমধ্যে আগমন করিয়া তাঁহার পথ প্রতীক্ষা করিতে লাগিল। কিয়ংক্ষণ পরে মহাত্মা বাস্বদেব সমাগত হইলে তাহারা বিধানান্সারে তাঁহার প্রেলা করিতে লাগিল।

"এদিকে ভগবান্ মরীচিমালী স্বীয় কিরণজাল পরিত্যাগ করিয়া লোহিত কলেবর ধারণ করিলে অরাতিনিপাতন মধ্নুদ্দন বৃক্স্লে সম্পাস্থিত হইয়া সম্বরে রথ হইতে অবতরণপ্র্বিক যথাবিধি শোচ সমাপনাস্তে রথাশ্বমোচনে আদেশ করিয়া সন্ধার উপাসনা করিতে লাগিলেন। দার্ক ক্ষের আজ্ঞান্সারে অশ্বগণকে রথ হইতে মুক্ত করতঃ শাস্থান্মারে তাহাদের পরিচর্ব্যা ও গাত্র হইতে সম্দায় যোক্ত্রাদি মোচন করিয়া তাহাদিগকে পরিত্যাগ করিল। মহাত্মা মধ্নুদ্দন সন্ধ্যা সমাপনাস্তে স্বীয় সমভিব্যাহারী জনগণকে কহিলেন, হে পরিচারকবর্গ! অদ্য যুর্যিষ্ঠিরের কার্য্যান্বরোধে এই ছানে রজনী অতিবাহিত করিতে হইবে। তখন পরিচারকবর্গণ তাঁহার অভিপ্রায় অবগত হইয়া ক্ষণকালমধ্যে পটমশ্ভপ নিস্মাণ ও বিবিধ স্থিমান্ট অল্পান প্রস্তুত করিল। অনস্তর সেই গ্রামন্থ স্বশ্মাবেলন্বী আর্য্য কুলীন রাক্ষণ সম্বায় অরাতিকুলকালান্তক মহাত্মা হ্বীকেশের সমীপে আগমনপর্বিক বিধানান্সারে তাঁহার প্রো ও আশীবর্বাদ করিয়া স্ব স্ব ভবনে আনয়ন করিতে বাসনা করিলেন। ভগবান্ মধ্যুদ্দন তাঁহাদের অভিপ্রায়ে সম্মত হইলেন এবং তাঁহাদিগকে অচ্ছনপ্র্বক তাঁহাদের ভবনে গমন করিয়া তাঁহাদিগের সমভিব্যাহারে প্রন্মান্ত দ্বীয় পটমন্ডপে আগমন করিলেন। পরে সেই সম্বায় রাক্ষণগণের সমভিব্যাহারে স্থামনী দ্বাজনত ভোজন করিয়া পরম স্বথে বামিনী যাপন করিলেন।

ইহা নিভান্তই মানুষ্চরিত্র, কিন্তু আদর্শ মনুষ্যের চরিত্র।

দেখা যাইতেছে যে, দেবতা বলিয়া কেহ তাঁহাকে প্রজা করিতেছে, এমন কথা নাই। তবে শ্রেষ্ঠ মনুষ্য যের্প প্রজা পাইবার সম্ভাবনা, তাহাই তিনি পাইতেছেন, এবং আদর্শ মনুষ্যের লোকের সঙ্গে যের্প ব্যবহার করা সম্ভব, তিনি তাহাই করিতেছেন।

यन्त्रे भतिराष्ट्रम-शिष्टनाय अथम मियम

কৃষ্ণ আসিতেছেন শ্নিরা, বৃদ্ধ ধ্তরাণ্ট্র তাঁহার অভ্যর্থনা ও সম্মানের জন্য বড় বেশী রক্ম উদ্যোগ আরম্ভ করিলেন। নানারত্বসমাকীর্ণ সভা সকল নিম্মাণ করাইলেন, এবং তাঁহাকে উপঢোকন দিবার জন্য অনেক হস্তাশ্বরথ, দাস, "অজাতাপত্য শতসংখ্যক দাসী." মেষ, অশ্বতরী, মণিমাণিক্য ইত্যাদি সংগ্রহ করিতে লাগিলেন।

বিদরে দেখিয়া শর্নিয়া বলিলেন, "ভাল, ভাল। তুমি যেমন ধান্মিক, তেমনই ব্লিমান্। কিন্তু রত্নাদি দিয়া কৃষ্ণকে ঠকাইতে পারিবে না। তিনি যে জন্য আসিতেছেন, তাহা সম্পাদন কর;

তাহা হইলেই তিনি সম্ভূষ্ট হইবেন,—অর্থপ্রলোভিত হইয়া তোমার বশ হইবেন না।"

ধ্তরাদ্ম ধ্রে, এবং বিদন্ধ সরল; দ্বের্যাধন দ্বই। তিনি বলিলেন, "কৃষ্ণ প্রেনীয় বটে, কিন্তু তাঁহার প্রেল করা হইবে না। যুদ্ধ ত ছাড়িব না; তবে তাঁর সমাদরে কাজ কি? লোকে মনে করিবে, আমরা ভরেই বা তাঁহার খোশামোদ করিতেছি। আমি তদপেক্ষা সং পরামশ দ্বির করিয়াছি। আমরা তাঁহাকে বাঁধিয়া রাখিব। পাশ্ডবের বল ব্রদ্ধি কৃষ্ণ, কৃষ্ণ আটক থাকিলে পাশ্ডবেরা জ্ঞামার বশীভত থাকিবে।"

এই কথা শ্নিরা ধৃতরাদ্ধও প্রকে তিরস্কার করিতে বাধ্য হইলেন। কেন না, কৃষ্ণ দৃত

হইয়া আসিতেছেন। কৃষণভক্ত ভীষ্ম দ্বেগ্যাধনকে কডকগন্তাে কট্ডি করিয়া সভা হইতে উঠিয়া গেলেন।

নাগরিকেরা, এবং কৌরবেরা বহু সম্মানের সহিত কৃষ্ণকৈ কুর্সভায় আনীত করিলেন। তাঁহার জন্য যে সকল সভা নিম্মিত ও রত্নজাত রক্ষিত হইয়াছিল, তিনি তংপ্রতি দৃদ্দিপাতও করিলেন না। তিনি ধ্তরাদ্ধভবনে গমন করিয়া কুর্সভায় উপবেশনপুর্বক, যে যেমন যোগ্য, তাহার সঙ্গে সেইর্প সংসম্ভাষণ করিলেন। পরে সেই রাজপ্রাসাদ পরিত্যাগ করিয়া দীনবন্ধ্ব এক দীনভবনে চলিলেন।

বিদ্বের, ধ্তরান্দ্রের এক রকম ভাই। উভয়েরই ব্যাসদেবের উরসে জন্ম। কিন্তু ধ্তরান্দ্র রাজা বিচিত্রবীর্ব্যের ক্ষেত্রজ প্র; বিদ্বের তাহা নহে। তিনি, বিচিত্রবীর্ব্যের দাসী এক বৈশ্যার গর্ভে জন্ময়াছিলেন। তাঁহাকে বিচিত্রবীর্ব্যের ক্ষেত্রজ ধরিলেও, তাঁহার জাতি নির্দার হয় না। কেন না, রাজ্ঞানের উরসে, ক্ষত্রিরের ক্ষেত্রে, বৈশ্যার গর্ভে তাঁহার জন্ম।* তিনি সামান্য ব্যক্তি কর্তু পরম ধান্মিক। কৃষ্ণ রাজপ্রাসাদ ত্যাগ করিয়া তাঁহার বাড়ীতে গিয়া, তাঁহার নিকট আতিথ্য গ্রহণ করিলেন। সেই জন্য, আজিও এ দেশে "বিদ্বেরের খ্র্দ" এই বাক্য প্রচলিত আছে। পাশ্ডবমাতা কুস্তী, কুষ্ণের পিতৃত্বসা, সেইখানে বাস করিতেন। বনগমনকালে পাশ্ডবেরা তাঁহাকে সেইখানে রাখিয়াছিলেন। কৃষ্ণ কুস্তীকে প্রণাম করিতে গেলেন। কুস্তী প্রগণ ও প্রত্বিশ্বের দ্বংথের বিবরণ ক্ষরণ করিয়া ক্ষের নিকট অনেক কাঁদাকাটা করিলেন। উত্তরে কৃষ্ণ যাহা বলিলেন, তাহা অম্লায় যে ব্যক্তি মন্যায় ব্রিবে না। ম্থের ত কথাই নাই। শ্রীকৃষ্ণ বলিতেছেন,

"পাশ্ডবগণ, নিদ্রা, তন্দ্রা, ক্রোধ, হর্ষ, ক্ষ্মা, পিপাসা, হিম, রৌদ্র পরাজয় করিয়া বাঁরোচিত স্থে নিরত রহিয়াছেন। তাঁহারা ইন্দ্রিস্থ পরিত্যাগ করিয়া বাঁরোচিত স্থে সন্তুষ্ট আছেন; সেই মহাবলপরাক্রান্ত মহোৎসাহসম্পন্ন বাঁরগণ কদাচ অলেপ সন্তুষ্ট হয়েন না। বাঁরবাজিরা হয় অতিশয় ক্রেশ, না হয় অত্যংক্ষট স্থ সভোগ করিয়া থাকেন; আর ইন্দ্রিসম্থাতিলাধী ব্যক্তিশা মধ্যাবস্থাতেই সন্তুষ্ট থাকে; কিন্তু উহা দ্বংখের আকর; রাজ্যলাভ বা বনবাস স্থের নিলান।"

"त्राङ्मामाङ वा वनवात्र"† u कथा ७ आध्रनिक रिम्म् वृत्य ना। वृत्यित्म, uo मृत्र्य

* মহাভারতীয় নায়য়৾দদেগর সকলেরই জাতি সন্বন্ধে এইর্প গোলবোগ। পাশ্ডবাদিগের সন্বন্ধে এইর্প গোলবোগ। পাশ্ডবাদিগের প্রপিতামহী সতাবতী, দাসকনা। ভীন্মের মার জাতি ল্কাইবার বোধ হয় বিশেষ প্রয়েজন ছিল, এজনা তিনি গঙ্গানন্দন। ধ্তরাত্ম ও পাশ্ডু রাজ্মণের ঔরসে, ক্ষরিয়ার গর্ভজাত। ব্যাস নিজে সেই ধীবরনন্দিনীর কানীনপুত্র। অতএব পাশ্ডু ও ধ্তরাত্মের জাতি সন্বন্ধে এত গোলবোগ যে, এখনকার দিনে, তাঁহারা সন্বজাতির অপাংক্তের হইতেন। পাশ্ডুর পূরুগার গর্ভজাত বটে, কিন্তু বাপের বেটা নহেন; পাশ্ডু নিজে প্রোগোদনে অক্ষম। তাঁহারা ইন্দুদির ঔরস পুত্র বালারা পরিচিত। এদিকে দ্রোগানের্যের পিতা ভরম্বাজ ধ্বি, কিন্তু মা একটা কলসী; কলসীর গর্ভধারল বাঁহাদের বিশ্বাস না হইবে, তাঁহারা দ্রেণের মাতৃকুল সন্বন্ধে বিশেষ সন্দিহান হইবেন। পাশ্ডবিদিগের পিতা সন্বন্ধে ওত—বেশীর ভাগ তিনি কানীন। দ্রোপদী ও ধন্টদ্যন্দের বাপ মা কে, কেহ বলিতে পারে না; তাঁহারা বজ্ঞান্ডত।

এ সময়ে কিন্তু, বিবাহ সন্বন্ধে কোন গোলবোগ ছিল না। অনুলোম প্রতিলোম বিবাহের কথা বালতেছি না। অনেক খবির ধন্মপিঙ্গীও ক্ষতিরকন্যা ছিলেন; বথা, অগস্তাপঙ্গী লোপান্টা, ঋষাশ্রেক দ্বী শাস্তা, ঋচীকভার্যা, জমদগির ভার্যা। (কেছ কেছ বলেন প্রশ্নবামের ভার্যা) রেণ্কা ইডাদি। এমনও কথা আছে যে, প্রশ্নরাম পৃথিবী ক্ষতিরশ্ননা করিলে, রাক্ষাণিগের উরসে গরবতী ক্ষতিরেরা জনিয়াছিলেন। পক্ষান্তরে রাক্ষাণকন্যা দেববানী, ক্ষতির ব্যাতির ধন্মপিঙ্গী। আহারাদি সন্বন্ধে কোন বাঁধার্বাধি ছিল না, তাহাও ইতিহাসে পাওয়া বায়। রাদ্ধাণ, ক্ষতির, বৈশ্য, পরস্পরের আমতেঞ্জন করিতেন।

† মিল্টনের ক্রচেতা সরতান্ বলিরাছিল বে, স্বগে দাসত্বের অপেকা বরং নরকে রাজস্ব প্রেরঃ। আমি জানি বে, আমার এমন পাঠক অনেক আছেন, বাঁহারা এই ক্রােরিরের সঙ্গে উপরিলিখিত মহতী বালীর কোন প্রতেদ দেখিবেন না। তাঁহাদিগের মন্যায় সম্বদ্ধে আমি সম্পূর্ণরূপে আশাশ্না। লহুতো, পরের প্রভূষ সহা করিতে পারে না। মহান্ধা, কর্ত্বাান্রোধে তাহা পারেন, কিন্তু মহান্ধা

থাকিত না। বে দিন ব্রথিবে, সে দিন আর দ্বঃথ থাকিবে না। হিন্দ্ব প্রাণেতিহাসে এমন কথা থাকিতে আমরা কি না, মেম সাহেবদের লেখা নবেল পড়িরা দিন কাটাই, না হর সভা করিয়া পাঁচ জনে জবুটিরা পাখির মত কিচির মিচির করি।

ুক্ষ কুন্তীকে আরও বলিলেন, "আপনি তাহাদিগকে শত্রবিনাশ করিয়া সকল লোকের

আধিপত্য ও অতুল সম্পত্তি ভোগ করিতে দেখিবেন।"

অতএব কৃষ্ণ নিশ্চিত জানিতেন যে, সন্ধি ইইবে না—যুদ্ধ ইইবে। তথাপি সন্ধি স্থাপন জন্য ইন্তিনায় আসিয়াছেন; কেন না, যে কৃষ্ম অন্তেইর, তাহা সিদ্ধ ইউক বা না ইউক, তাহার অন্তেইন করিতে হয়। ইহাকেই তিনি গীতায় কর্ম্ম যোগ বিলয়া ব্রাইয়াছেন। যুদ্ধের অপেক্ষা সন্ধি মন্যের হিতকর; এই জন্য সন্ধিস্থাপন অন্তেইয়। কিন্তু যখন যথাসাধ্য চেন্টা করিয়া সন্ধিস্থাপন করিতে পারিলেন না, তখন কৃষ্ণই আবার যুদ্ধে বীতপ্রদ্ধ অন্তর্ভার প্রধান উৎসাহদাতা ও সহায়। কেন না, যখন সিদ্ধি অসাধ্য, তখন যুদ্ধই অনুতেইয় ধর্মা। অতএব যে কৃষ্ণাযোগ তিনি গীতায় উপদিন্ট করিয়াছেন, তিনি নিজেই তাহাতে প্রধান যোগী। তাহার আদর্শ চরিয় প্রখনন্প্রখ সমালোচনে আমরা প্রকৃত মন্মুদ্ধ কি, তাহা ব্রিকতে পারিব বলিয়াই এত প্রয়াস পাইতেছি।

কৃষ্ণ, কুন্তীর নিকট হইতে বিদায় লইয়া প্রনন্ধার কোরব-সভায় গমন করিলেন। সেখানে গেলে, দ্বর্য্যোধন তাঁহাকে ভোজনের জন্য নিমন্ত্রণ করিলেন। তিনি তাহা গ্রহণ করিলেন না। দ্বের্যাধন ইহার কারণ জিজ্ঞাসা করিলেন। কৃষ্ণ প্রথমে তাঁহাকে লৌকিক নীতিটা সমরণ করাইয়া দিলেন। বলিলেন. "দ্তগণ কার্যাসমাধানান্তে ভোজন ও প্জা গ্রহণ করিয়া থাকে; অতএব আমি কৃতকার্য্য হইলেই আপনার প্জা গ্রহণ করিব।" দ্বর্য্যাধন তব্তু ছাড়ে না; আবার পীড়াপীড়ি করিল। তখন কৃষ্ণ বলিলেন,

"লোকে হয় প্রীতিপূর্বেক অথবা বিপন্ন হইয়া অনোর অন্ন ভোজন করে। আপনি প্রীতি সহকারে আমারে ভোজন করাইতে বাসনা করেন নাই; আমিও বিপদ্গুন্ত হই নাই, তবে কি

নিমিত্ত আপনার অল্ল ভোজন করিব?"

ভোজনের নিমন্ত্রণ গ্রহণ একটা সামান্য কম্ম; কিন্তু আমাদের দৈনিক জীবন, সচরাচর কতকগন্ধা সামান্য কম্মের সমবার মাত্র। সামান্য কম্মের জন্য একটা নীতি আছে অথবা থাকা উচিত। বৃহৎ কম্ম সকলের নীতির যে ভিত্তি, ক্ষুদ্র কম্ম সকলের নীতিরও সেই ভিত্তি। সে ভিত্তি ধম্মা। তবে উমতচরিত্র মন্যোর সঙ্গে ক্ষুদ্রচেতার এই প্রভেদ যে, ক্ষুদ্রচেতা ধম্মে পরাক্ষ্ম্মখ না হইলেও, সামান্য বিষয়ে নীতির আন্বত্তী হইতে সক্ষ্ম হয়েন না, কেন না, নীতির ভিত্তি তিনি অনুসন্ধান করেন না। আদর্শ মন্যা এই ক্ষুদ্র বিষয়েও নীতির ভিত্তি অনুসন্ধান করিলেন। দেখিলেন যে, এই নিমন্ত্রণ গ্রহণ সরলতা ও সত্যের বিরুদ্ধে হয়। অতএব দ্বর্যোধনকে সরল ও সত্য উত্তর দিলেন. স্পষ্ট কথা পর্য হইলেও তাহা বিলতে সঞ্চুচিত হইলেন না। যেখানে অকপট ব্যবহার ধর্ম্মান্মত হয়, সেখানেও তাহা পর্য বালরা আমারা পরাক্ষ্ম্য । এই ধর্ম্মবিরুদ্ধ লক্ষ্যা অনেক সময়ে আমাদিগকে ক্ষুদ্র ক্ষুদ্র অধ্যেম্মবিরুদ্ধ করে।

ক্রক্ষ তার পর করুসভা হইতে উঠিয়া বিদুরের ভবনে গমন করিলেন।

বিদ্বরের সঙ্গে রাত্রিতে তাঁহার অনেক কথোপকথন হইল। বিদ্বর তাঁহাকে ব্রাইলেন যে, তাঁহার হন্তিনার আসা অন্তিত হইরাছে; কেন না, দ্বের্যাধন কোন মতেই সন্ধি স্থাপন করিবে না। ক্ষের উত্তর হইতে কির্দংশ উদ্ধৃত করিতেছি।

"যিনি অশ্বকুঞ্জাররথসমবেত বিপর্যন্ত সম্দার প্রিথবী মৃত্যুপাশ হইতে বিমৃক্ত করিতে

সমর্থ হন, তাহার উৎকৃষ্ট ধর্ম্মলাভ হয়।"

ইউরোপের প্রতি রাজপ্রাসাদে এই কথাগ্নিল স্বর্গান্ধরে লিখিয়া রাখা উচিত। সিমলার রাজপ্রাসাদেও বাদ না পড়ে। কৃষ্ণ প্নশ্চ বলিতেছেন,

"যে ব্যক্তি বাসনগ্রস্ত বান্ধব মৃক্ত করিবার নিমিত্ত ষ্থাসাধ্য ষ্পুবান্ না হন, পশ্ডিতগণ

জানেন যে, মহাদ্বেখ বা মহাস্থ বাতীত, তাঁহার বহুবিস্তারাকান্দিণী চিত্তবৃত্তি সকল স্ফ্রিপ্রাপ্ত ছইতে পারে না। তাঁহারে নৃশংস বলিয়া কীর্ত্তন করেন। প্রাক্ত ব্যক্তি মিত্রের কেশ পর্বান্ত ধারুণ করিয়া তাহাকে অকার্য্য হইতে নিবৃত্ত করিবার চেম্টা করিবেন। * * * * যদি তিনি (দুর্য্যোধন) আমার হিতকর বাকা প্রবণ করিয়াও আমার প্রতি শব্কা করেন, তাহাতে আমার কিছু মান্ত ক্ষতি নাই; প্রত্যত আত্মীয়কে সদঃপদেশ প্রদান নিবন্ধন পরম সন্তোব ও আন্দা লাভ হইবে। বে ব্যক্তি **कां िटएम সময়ে সংপরামশ প্রদান না করে, সে ব্যক্তি কখনও আত্মীয় নহে।**"

ইউরোপীয়দিগের বিশ্বাস, কৃষ্ণ কেবল পরস্ত্রীলা্বর পাপিষ্ঠ গোপ; এ দেশের লোকের কাহারও বা সেইর্প বিশ্বাস, কাহারও বিশ্বাস যে, তিনি মন্যাহত্যার জন্য অবতীর্ণ কাহারও বিশ্বাস, তিনি "চক্রী"—অর্থাৎ স্বাভিলাযসিদ্ধি জন্য কুচক্র উপস্থিত করেন। তিনি যে এ সকল নহেন—তিনি যে তৎপরিবর্ত্তে লোকহিতৈষীর শ্রেষ্ঠ, জ্ঞানিশ্রেষ্ঠ, ধন্মোপদেন্টার শ্রেষ্ঠ, আদর্শ মনুষ্য-ইহাই বুঝাইবার জন্য এই সকল উদ্ধৃত করিতেছি।

সপ্তম পরিচ্ছেদ—হস্তিনায় দ্বিতীয় দিবস

পর্রাদন প্রাতে স্বয়ং দুর্য্যোধন ও শকুনি আসিয়া শ্রীকৃষ্ণকে বিদুরভবন হইতে কৌরবসভায় লইয়া গেলেন। অতি মহতী সভা হইল। নারদাদি দেবধি, এবং জমদিগ্ন প্রভৃতি ব্রহ্মার্য তথায় উপস্থিত হইলেন। রুঞ্চ পরম বাণ্মিতার সহিত দীর্ঘ বক্তৃতায় ধৃতরাষ্ট্রকৈ সন্ধিস্থাপনে প্রবৃত্তি দিতে লাগিলেন। ঋষিগণও সেইরূপ করিলেন। কিছুতে কিছু ইইল না। ধৃতরাষ্ট্র বলিলেন, "आमात माधा नरह, मृत्याधनरक वन।" मृत्याधनरक कृष्य, जीव्म, स्नाम প্রভৃতি অনেক প্রকার ব্বাইলেন। সন্ধি স্থাপন দুরে থাক, দুর্য্যোধন কৃষ্ণকে কড়া কড়া শুনাইয়া দিলেন। কৃষ্ণও তাহার উপযুক্ত উত্তর দিলেন। দুর্যোধনের দুর্শ্চরিত্র ও পাপাচরণ সকল বুঝাইরা দিলেন। কুদ্ধ হইয়া দুর্য্যোধন উঠিয়া গেলেন।

তথন কৃষ্ণ, যাহা সমস্ত প্রথিবীর রাজনীতির মলেস্ত্র, তদন্সারে কার্য্য করিতে ধ্তরাষ্ট্রকে পরামশ দিলেন। রাজশাসনের মলেসত্ত এই যে, প্রজারক্ষার্থ দ্বুষ্কৃতকারীকে দণ্ডিত করিবে। অর্থাৎ অনেকের হিতার্থ একের দক্ত বিধেয়। সমাজের রক্ষার্থ হত্যাকারীর বধ বিহিত। বাহাকে বন্ধ না করিলে তাহার পাপাচরণে বহুসহস্র প্রাণীর প্রাণসংহার হইবে, তাহাকে বন্ধ করাই জ্ঞানীর উপদেশ। ইউরোপীয় সমস্ত রাজা ও রাজমন্ত্রী পরামর্শ করিয়া এই জনা औः ১৮১৫ অব্দে নাপোলেয়নকে যাবজ্জীবন আবদ্ধ করিয়াছিলেন। এই জন্য মহানীতিজ্ঞ ক্রম ধ্তরাষ্ট্রকে প্রামর্শ দিলেন যে, দুর্য্যোধনকে বাঁধিয়া পাল্ডবদিগের সহিত সন্ধি কর্ন। তিনি নিজে, সমস্ত যদুবংশের রক্ষার্থ, কংস মাতৃল হইলেও তাহাকে বধ করিতে বাধ্য হইয়াছিলেন। र्जिन त्म छेमाइत्रम् पर्यान । वना वार्या या व भवामर्ग ग्रीण रहेन ना।

এদিকে দুর্য্যোধন রুষ্ট হইয়া ক্লফকে আবদ্ধ করিবার জন্য কর্ণের সঙ্গে পরামর্শ করিতে লাগিলেন।

সাত্যকি, কৃতবন্দর্মা প্রভৃতি কৃষ্ণের জ্ঞাতিবর্গ সভায় উপস্থিত ছিলেন। সাত্যকি কৃষ্ণের নিতান্ত অনুগত ও প্রিয়; অন্তরিদ্যায় অর্ল্জনের শিষ্য, এবং প্রায় অর্ল্জনুনতুল্য বীর। ইঙ্গিতজ্ঞ মহাব্যদ্ধিমান্ সাত্যকি এই মন্ত্রণা জানিতে পারিলেন। তিনি অন্যতর যাদববীর কুতবম্মাকে সসৈন্যে প্রেম্বারে প্রস্তুত থাকিতে বলিয়া রুষ্ণকে এই মন্ত্রণা জানাইলেন। এবং সভামধ্যে প্রকাশ্যে ইহা ধৃতরাষ্ট্র প্রভৃতিকে জানাইলেন। শ্বনিয়া বিদরে ধৃতরাষ্ট্রকে বলিলেন.

"যেমন পতঙ্গণ পাবকে পতিত হইয়া বিনষ্ট হয়, ইহাদের দশাও কি সেইর্প হইবে না? সেইরূপ জনার্ন্দর্শন ইচ্ছা করিলে যুদ্ধকালে সকলকেই শমনসদনে প্রেরণ করিবেন।" ইত্যাদি।

পরে রুষ্ণ যাহা বলিলেন, তাহা যথাথহি আদর্শ পুরুষের উক্তি। তিনি বলশালী, স্কুরাং

क्ताथमाना अवर क्रमामीन। जिन युज्जाष्ट्रेक वीनालन,

"শ্বনিতেছি, দ্বোধন প্রভৃতি সকলে ক্রন্ধ হইয়া আমাকে বলপ্রেক নিগ্হীত করিবেন। কিন্তু আপনি অনুমতি করিয়া দেখুন, আমি ই'হাদিগকে আক্রমণ করি, কি ই'হারা আমাকে আক্রমণ করেন। আমার এর প সামর্থ্য আছে বে, আমি একাকী ই'হাদিগকে সকলকে নিগছীত করিতে পারি। কিন্তু আমি কোন প্রকারেই নিন্দিত পাপজনক কর্মা করিব না। আপনার পুরেরাই পান্ডবগণের অর্থে লোলাপ হইয়া স্বার্থদ্রন্ট হইবেন। বন্ধুতঃ ই'হারা আমাকে

নিগৃহণীত করিতে ইচ্ছা করিয়া ধ্রিধিষ্ঠিরকে কৃতকার্য্য করিতেছেন। আমি অদ্যই ইংগিদিকে ও ইংগিদিকের অন্তরগণকে নিগ্রহণ করিয়া পাশ্ডবগদকে প্রদান করিতে পারি। তাহাতে আমাকে পাপভাগী হইতেও হয় না। কিন্তু আপনার সন্মিধানে ঈদ্র্শ ফোধ ও পাপব্যক্ষিজনিত গহিত কার্য্যে প্রবৃত্ত হইব না। আমি অন্ত্র্জা করিতেছি যে, দ্বনীতিপরায়ণগণ দ্বর্য্যোধনের ইচ্ছান্সারে কার্য্য কর্ন।"*

ু এই কথার পরু, ধ্তরাষ্ট্র দুর্ব্যোধনকে ডাকাইয়া আনাইলেন, এবং তাঁহাকে অতিশয় কট্,ক্তি

করিয়া ভংসনা করিলেন। বলিলেন.

"তুমি অতি নৃশংস, পাপাত্মা ও নীচাশয়; এই নিমিন্তই অসাধা, অযশক্ষর, সাধ্বিগহিত, পাপাচরণে সম্বংস্ক হইয়ছে। কুলপাংশলে ম্টের ন্যায় দ্রয়াত্মাদিগের সহিত মিলিত হইয়া নিতান্ত দ্রম্ব জনার্লনেকে নিগ্রহ করিতে ইচ্ছা করিতেছ। যেমন বালক চন্দ্মাকে গ্রহণ করিতে উৎস্ক হয়, তৃমিও সেইর্প ইন্দাদি দেবগণের দ্রয়াচম্য কেশবকে গ্রহণ করিবার বাসনা করিতেছ। দেব, মন্য়া, গন্ধবর্ণ, অস্বর ও উরগাণ যাহার সংগ্রাম সহ্য করিতে সমর্থ হয় না; তুমি কি, সেই কেশবের পরিচয় পাও নাই? বৎস! হস্তদারা কখন বায়্ গ্রহণ করা যায় না; পাণিতল ছায়া কখন পাবক স্পর্শ করা যায় না; মন্তক ছায়া কখন মেদিনী ধারণ করা যায় না; এবং বলছারাও কখন কেশবকে গ্রহণ করা যায় না।"

তারপর বিদ্বরও দ্বের্যাধনকে ঐর্প ভর্ৎসনা করিলেন। বিদ্বরের বাক্যাবসানে, বাস্দেব উচ্চহাস্য করিলেন, পরে সাত্যকি ও কৃতবম্মার হস্ত ধারণপ্র্বক কুর্সভা হইতে নিষ্টান্ত হইলেন।

এই পর্যান্ত মহাভারতে আখ্যাত ভগবদ্যান-ব্তান্ত, সনুসঙ্গত ও স্বাভাবিক; কোন গোলযোগ নাই। অতিপ্রকৃত কিছনুই নাই ও অবিশ্বাসের কারণও কিছনু নাই। কিন্তু অঙ্গুনিকণ্ডুরন-নিপীড়িত প্রক্ষিপ্তকারীর জাতি গোষ্ঠী ইহা কদাচ সহ্য করিতে পারে না। এমন একটা মহদ্ব্যাপারের ভিতর একটা অনৈসগিকি অস্তুত কাণ্ড না প্রবিষ্ট করাইলে কৃষ্ণের ঈশ্বরত্ব রক্ষা

* কালীপ্রসাম সিংহের প্রকাশিত অন্বাদ প্রশংসিত, এ জন্য সচরাচর আমি ম্লের সহিত অন্বাদ না মিলাইরাই অন্বাদ উদ্ধৃত করিরাছি। কিন্তু কৃন্ধের এই উক্তিতে কিছু অসঙ্গতি ঐ অন্বাদে দেখা বার, বখা, যে কার্যের জন্য পাপভাগী হইতে হয় না এক স্থানে বলিরাছেন, সেই কার্য্যকে কর ছত্র পরে পাপব্দিজনিত বলিতেছেন। এজনা ম্লের সঙ্গে মিলাইরা দেখিলাম। ম্লে তত অসঙ্গতি দেখা বার না। ম্লু উদ্ধৃত করিতেছি

রাজমেতে যদি কুদ্ধা মাং নিগ্হাীয়,রোজসা।
এতে বা মামহং বৈনানন,জানীহি পার্থিব।
এতান্ হি সর্বান্ সংরক্ষামিস্থুমহম, ংসহে।
ন চাহং নিন্দিতং কম্ম কুর্য্যাং পাপং কথণ্ডন।
পান্ডবার্থে হি লুভান্তঃ গ্রাথান্ হাসান্তি তে স্কুতাঃ।
এতে চেদেরমিছন্তি কৃতকার্য্যে য্রিষিভিরঃ।
অদ্যেব হাহমেনাংশ্চ যে চৈনানন, ভারত।
নিগ্হা রাজন্ পার্থেভ্যে দদ্যাং কিং দুক্তৃতং ভবেং॥
ইদস্থ ন প্রবর্ত্তেরং নিন্দিতং কম্ম ভারত।
সামধৌ তে মহারাজ ক্রোধজং পাপব, দ্বিজম্॥
এষ দুর্ব্যাধনো রাজন্ বংশছতি তথাকু তং।
অহন্ত সম্বাংশ্তনরানন,জানামি তে নুপ্॥

"কিং দ্বুক্তং ভবেং" ইতি বাক্যের অর্থ ঠিক "পাপ্তাগী হইতে হয় না", এমত নহে। কথার ভাব ইহাই বুঝা যাইতেছে বে, "দুর্ব্যোধন আমাকে বন্ধ করিবার চেন্টা করিতেছে; আমি বদি তাহাকে এখন বাধিয়া লইয়া বাই, তাহা হইলে কি এমন মন্দ কাজ হয় ?" দুর্ব্যোধনকে বন্ধ করা মন্দ কাজ হয় না, কেন না, অনেকের হিতের জন্য একজনকৈ পরিত্যাগ করা শ্রের বলিয়া কৃষ্ণ স্বয়ংই ধ্তরাম্মকৈ পরামার্শ দিয়াছেন বে, ইহাকে বন্ধ কর। তবে কৃষ্ণ একলে স্বয়ং এ কাজ করিলো চেন্ধবশতঃই তিনি ইহা করিতেছেন, ইহা ব্রাইবে। কেন না, এতজ্ঞা তিনি নিজে তাহাকে বন্ধ করিবার অভিপ্রায় করেন নাই। চেন্ধ বাহাতে প্রবার্ত্তি করে, তাহা পাপব্যজ্ঞানিত, স্তয়াং আদর্শ প্রেব্রের পক্ষে নিন্দিত ও পরিহার্ব্য কর্মা।

হয় কৈ? বোধ করি, এইর্প ভাবিয়া চিভিয়া তাঁহারা, ক্ষের হাস্য ও নিজ্নাভির মধ্যে একচা বিশ্বর্পপ্রকাশ প্রক্ষিপ্ত করিয়াছেন। এই মহাভারতের ভাল্পপ্রের ভারকাটিতা-পর্বাধ্যায়ে (তাহা প্রক্ষিপ্ত হউক বা না হউক) আর একবার বিশ্বর্পপ্রদর্শন বর্ণিত আছে। সেই বিশ্বর্প-বর্ণনায় আর এই বর্ণনায় কি বিশ্বয়র্পর প্রভেদ! গাঁতার একাদশের বিশ্বর্পবর্ণনা প্রথম শ্রেণীর কবির রচনা; সাহিত্য-জগৎ খ্রিয়া বেড়াইলে তেমন আর কিছ্ পাওয়া দ্র্লভ। আর ভগবদ্যান-পর্বাধ্যায়ে এই বিশ্বর্পবর্ণনা যাহার রচিত, কাব্যরচনা তাঁহার পক্ষে বিভ্রুবনা মাত্র। ভগবলাতার একাদশে পড়ি যে, ভগবান্ অর্জ্জুনকে বিলতেছেন, "তোমা ব্যতিরেকে আর কেইই ইহা প্রের্ব নিরীক্ষণ করে নাই।" কিন্তু তৎপ্র্রেই এখানে দ্র্রোধনাদি কোরবসভান্থ সকল লোকেই বিশ্বর্প নিরীক্ষণ করিল। ভগবান্ গাঁতার একাদশে, আরও বলিতেছেন, "তোমা ব্যতিরেকে মন্যলোকে আর কেইই বেদাধায়ন, যজ্ঞান্তান, দান, চিয়াকলাপ, লয় ও অতি কঠোর তপস্যা দ্বারা আমার ঈদ্শ র্প অবলোকন করিতে সমর্থ হয় না।" কিন্তু কুকবির হাতে পড়িয়া, এখানে বিশ্বর্প শার তার প্রত্যক্ষীভূত হইল। গাঁতায় আরও কথিত হইয়াছে, "অনন্যসাধারণ ভক্তি প্রদর্শন করিলেই আমাদের এইর্পে জ্ঞাত হইতে পারে, এবং আমারে দর্শন ও আমাতে প্রবেশ করিতে সমর্থ হয়।" কিন্তু এখানে দ্বক্তকারা পাপায়া ভক্তিশ্বন্য শাত্র্বণও তাহা নিরীক্ষণ করিলা।

নিশ্পম্যোজনে কোন কর্ম্ম মূর্য ও করে না, যিনি বিশ্বর্পী, তাঁহার ত কথাই নাই। এখানে বিশ্বর্প প্রকাশের কিছুমাত্র প্রয়োজন হয় নাই। দুর্য্যোধনাদি বলপ্রয়োগের পরামর্শ করিতেছিল, বলপ্রয়োগের কোন উদ্যম করে নাই। পিতা ও পিতৃব্য কর্তৃক তিরুক্ত হইয়া দুর্য্যোধন নির্ভব্ব হইয়াছিল। বলপ্রকাশের কোন উদ্যম করিলেও, সে বল নিশ্চিত বার্থ হইত, ইহা কৃষ্ণের অগোচর ছিল না। তিনি স্বয়ং এতাদৃশ বলশালী যে, বল দ্বারা কেহ তাঁহার নিগ্রহ করিতে পারে না। ধৃতরাষ্ট্র ইহা বলিলেন, বিদ্বর বলিলেন, এবং কৃষ্ণ নিজেও বলিলেন। কৃষ্ণের নিজের বল আত্মরক্ষায় প্রত্বর না হইলেও কোন শঙ্কা ছিল না, কেন না, সাত্যাকি কৃতবন্দ্র্যা প্রত্বিত্ব মহাবলপরালান্ত ব্রুক্তবংশীরেরা তাঁহার সাহায্য জন্য উপস্থিত ছিলেন। তাহাদিগের সৈন্যও রাজদ্বারে যোজিত ছিল। দুর্য্যোধনের সৈন্য উপস্থিত থাকার কথা কিছু দেখা যায় না। অতএব বলদ্বারা নিগ্রহের চেষ্টা ফলবতী হইবার কোন সম্ভাবনা ছিল না। সম্ভাবনার অভাবেও ভীত হন, কৃষ্ণ এর্প কাপ্বরুষ নহেন। যিনি বিশ্বর্প, তাঁহার এর্প ভয়ের সম্ভাবনা নাই। অতএব বিশ্বরূপ প্রকাশের কোন কারণ ছিল না। এ অবন্থায় লুদ্ধ বা দান্তিক ব্যক্তি ভিন্ন শত্রুক ভয় দেখাইবার চেষ্টা করে না। যিনি বিশ্বরূপ, তিনি লেশশ্রুব, ববং দম্ভশ্না।

অতএব, এখানে বিশ্বরূপের কথাটা কুকবির প্রদীত অলীক উপন্যাস বলিয়া ত্যাগ করাই বিধেয়। আমি প্নঃ প্নঃ দেখাইয়াছি, মানুষী শক্তি অবলন্দন করিয়া কৃষ্ণ কন্ম করেন, ঐশী শক্তি দ্বারা নহে। এখানে তাহার ব্যাতিক্রম হইয়াছিল, এরূপ বিবেচনা করিবার কোন কারণ নাই।

কুর্ হইতে কৃষ্ণ কুন্তীসভাষণে গেলেন। সেখান হইতে তিনি উপপ্লব্য নগরে, যেখানে পান্ডবেরা অবস্থান করিতেছিলেন, তথার যাত্রা করিলেন। যাত্রাকালে কর্ণকে আপনার রথে তলিয়া লইলেন।

বাহারা কৃষকে নিগ্রন্থ করিবার জন্য পরামর্শ করিতেছিল, কর্ণ তাহার মধ্যে। তবে কর্ণকে কৃষ্ণ স্বর্থে আরোহণ করাইয়া চলিলেন কেন, তাহা পরপরিচ্ছেদে বলিব। সে কথায় কৃষ্ণচরিত্র পরিস্ফুট হয়। সাম ও দশ্ভনীতিতে কৃষ্ণের নীতিজ্ঞতা দেখিয়াছি। এক্ষণে ভোদ নীতিতে তাঁহার পারদর্শিতা দেখিব। সেই সঙ্গে ইহাও দেখিব যে, কৃষ্ণ আদর্শ প্রেষ্ বটে কেন না, তাঁহার দয়া, জাঁবের হিতকামনা, এবং বৃদ্ধি, সকলই লোকাতীত।

जन्देव भारतक्त क्य-कर्भ नःवान

কৃষ্ণ সন্পর্ভাবে দরামর। এই মহাযুদ্ধজনিত যে অসংখ্য প্রাণিক্ষর হইবে, তাহাতে আর কোন ক্ষান্তর ব্যথিত নহে, কেবল কৃষ্ণই ব্যথিত। যথন প্রথম বিরাট নগরে যুদ্ধের প্রস্তাব হয়, তথন কৃষ্ণ যুদ্ধের বিরুদ্ধে মত দিরাছিলেন। অর্ম্পন্ন তাহাকে যুদ্ধে বরণ করিতে গেলে, কৃষ্ণ এ যুদ্ধে অস্ত্র ধরিবেন না ও যুদ্ধ করিবেন না প্রতিজ্ঞা করিলেন। কিন্তু তাহাতেও যুদ্ধ বন্ধ

विकास तहनावणी

হইল না। অতএব উপায়ান্তর না দেখিয়া ভরসাশ্না হইয়াও সন্ধি স্থাপনের জন্য ধৃতরাম্ম সভায় গেলেন। তাহাতেও কিছনু হইল না, প্রাণিহ্ত্যা নিবারণ হয় না। তখন রাজনীতিক্ত কৃষ্ণ

खनमम्(एत तकार्थ जेभाशास्त्र जेसावत श्रव्य इटेलन।

কর্শ মহাবীরপ্রেষ। তিনি অর্জ্জনের সমকক্ষ রথী। তাঁহার বাহ্রলেই দ্বেগ্যধন আপনাকে বলবান্ মনে করেন। তাঁহার বলের উপর নির্ভার করিয়াই প্রধানতঃ তিনি পাশ্ডবদিগের সঙ্গে বৃদ্ধ করিতে প্রবৃত্ত। কর্পের সাহায্য না পাইলে তিনি কদাচ যুদ্ধে প্রবৃত্ত হইকেন
না। কর্শকে তাহার শাত্রপক্ষের সাহায্যে প্রবৃত্ত দেখিলেই অবশাই তিনি যুদ্ধ হইতে নিবৃত্ত
হইকেন। বাহাতে তাহা ঘটে, তাহা করিবার জন্য কর্শকে আপনার রথে তুলিয়া লইলেন।
বিরলে কর্শের সঙ্গে ক্থোপকথন আবশ্যক।

ক্রফের এই অভিপ্রায় সিন্ধির উপযোগী অন্যের অজ্ঞাত সহজ উপায়ও ছিল।

কর্ণ অধিরথনামা স্তের প্র বলিয়া পরিচিত। বস্তুতঃ তিনি অধিরথের প্র নহেন—পালিতপ্র মার। তাহা তিনি জানিতেন না। তাঁহার নিজ জন্মব্তান্ত তিনি অবগত ছিলেন না। তিনি স্তপত্নী রাধার গর্ভজাত না হইয়া, কুন্তীর গর্ভজাত, স্থের্র ঔরসে তাঁহার জন্ম। তবে কুন্তীর কন্যাকালে তাঁহার জন্ম হইয়াছিল বলিয়া কুন্তী, প্র ভূমিষ্ঠ হইবার পরেই তাঁহাকে পরিত্যাগ করিয়াছিলেন। বন্ধুতঃ তিনি য্রিধিষ্ঠরাদি পান্ডবগণের সহোদর ও জ্যোষ্ঠ দ্রাতা। এ কথা কুন্তী ভিন্ন আর কেইই জানিত না। আর কৃষ্ণ জানিতেন; তাঁহার অলোকিক ব্রন্ধির নিকটে সকল কথাই সহজে প্রতিভাত হইত। কুন্তী তাঁহার পিতৃত্বসা; ভোজরাজগ্তে এ ঘটনা হয়, অতএব কৃষ্ণ মনুষ্যর্ভিতেই ইহা জানিতে পারা অসম্ভব নহে।

कुछ এই कथा अक्राल तथातु ए कर्न क मानारेलन। विलालन

"শাস্ত্রজ্ঞেরা কহেন, যিনি যে কন্যার পাণিগ্রহণ করেন. তিনিই সেই কন্যার সহোঢ় ও কানীনপুত্রের পিতা। হে কর্ণ! তুমিও তোমার জননীর কন্যাকালাবস্থায় সম্প্রপন্ন হইয়াছ, তিন্নিমিত্ত তুমি ধন্মতঃ প্রত; অতএব চল, ধন্মশান্দের বিরুদ্ধেও* তুমি রাজ্যেশ্বর হইবে।" তিনি কর্পকে ব্রুমাইয়া দিলেন যে, তিনি জ্যেষ্ঠ, এ জন্য তিনিই রাজা হইবেন, অপর পণ্ড পাণ্ডব তাঁহার আজ্ঞান্বস্তুণী হইয়া তাঁহার পরিচর্ষ্যায় নিযুক্ত থাকিবে।

কৃষ্ণের এই পরামর্শ সম্প্রজনের ধন্মবিন্দিকর ও হিতকর। প্রথমতঃ কর্ণের পক্ষে হিতকর, কেন না, তিনি রাজ্যেশ্বর হইবেন, এবং তাঁহার পক্ষে ধন্মান্মত, কেন না, দ্রাত্গণের প্রতি শর্ট্রভাব পরিত্যাগ করিয়া মিরভাব অবলম্বন করিবেন। ইহা দ্বর্ট্রোধনাদির পক্ষেও পরম হিতকর, কেন না, যুদ্ধ হইলে তাঁহারা কেবল রাজ্যদ্রুষ্ট নহে, সবংশে নিপাতপ্রাপ্ত হইবারই সম্ভাবনা। যুদ্ধ না হইলে তাঁহাদের প্রাণও বজায় থাকিবে, রাজ্যও বজায় থাকিবে, কেবল পাশ্ডবের ভাগ ফিরাইয়া দিতে হইবে। ইহাতে পাশ্ভবদিগেরও হিত ও ধন্মা, কেন না যুদ্ধর্ম নৃশংস ব্যাপারে প্রবৃত্ত না হইয়া, আত্মীয় স্বজন জ্ঞাতি বধ না করিয়াও, ন্বরাজ্য কর্ণের সহিত ভোগ করিবেন। আর এ প্রামশ্বের পরম ধন্ম্যতা ও হিতকারিতা এই যে, ইহা দ্বারা অসংখ্য মন্মুগণের প্রাণ রক্ষা হইতে পারিবে।

কর্ণ ও কৃষ্ণের কথার উপযোগিতা স্বীকার করিলেন। তিনিও ব্রিঝয়াছিলেন যে, এ যুদ্ধে দ্বাধ্বাধিনাদির রক্ষা নাই। কিন্তু কৃষ্ণের কথার সম্মত হইলে তাঁহাকে কোন কোন গার্বতর অপরাধে অপরাধী হইতে হয়। অধিরথ ও রাধা তাঁহাকে প্রতিপালন করিয়াছে। তাহাদের আশ্রেরে থাকিয়া স্তবংশে বিবাহ করিয়াছেন, এবং সেই ভার্য্যা হইতে তাঁহার প্রতিপালি জন্মিয়াছে। তাহাদিগকে কোন মতেই কর্ণ পরিক্যাগ করিতে পারেন না। আর তিনি

 * "বিরুদ্ধে"ও এই পদটি কালীপ্রসার সিংহের অন্বাদে আছে, কিন্তু ইহা এখানে অসঙ্গত বলিয়া বোধ হয়। আমার কাছে মূল মহাভারত ধাহা আছে, তাহাতে দেখিলাম, নিগ্রহান্ধমিশাশ্রাণাম্ আছে। বোধ হয় নিগ্রহার্থমিশাশ্রাণাম্ হইবে। তাহা হইলে অর্থ সঙ্গত হয়।

এই অংশ ছাপা হওয়ার পর জানিতে পারিলাম যে, ইহার অন্যতম পাঠও আছে, যথা—"নিগ্রহাদ্ধর্ম-

শাশ্রাণাম।" এ স্থলে নিগ্রহ অর্থে মর্য্যাদা। বথা-

শনিগ্ৰহো ভংসনেহপি স্যাৎ মৰ্য্যাদায়াণ্ড বন্ধনে।"—ইতি মেদিনী। শনিগ্ৰহো ভংসনে প্ৰোক্তো মৰ্য্যাদায়াণ্ড বন্ধনে।"—ইতি বিশ্ব। শনিশ্বমেন বিধিনা গ্ৰহণং নিগ্ৰহঃ।"—ইতি চিন্তামশিঃ। গ্ররোদশ বংসর দ্বের্যাধনের আশ্ররে থাকিয়া রাজ্যভোগ করিয়াছেন; দ্বর্যাধন তাঁহারই ভরসা করেন; এখন দ্বের্যাধনকে পরিত্যাগ করিয়া পাশ্ডবপক্ষে গোলে লোকে তাঁহাকে কৃতয়, পাশ্ডবদিগের ঐশ্বর্যালোল্প বা তাহাদের ভরে ভীত কাপ্রন্ব বলিবে। এই জন্য কর্ণ কোন মতেই কৃষ্ণের কথায় সম্মত হইলেন না।

কৃষ্ণ বলিলেন্, "যখন আমার কথা তোমার হৃদয়কম হইল না, তখন নিশ্চয়ই এই বসক্ষরার

সংহারদশা সমৃপন্থিত হইয়াছে।"

কর্ণ উপযুক্ত উত্তর দিয়া, কৃষ্ণকে গাঢ় আলিঙ্গন করিয়া বিষমভাবে বিদায় গ্রহণ করিলেন। কৃষ্ণচরিত্র ব্যক্তিবার জন্য কর্ণচরিত্রের বিস্তারিত সমালোচনার প্রয়োজন নাই; এজন্য আমি তংসম্বন্ধে কিছু বলিলাম না। কর্ণচরিত্র অতি মহৎ ও মনোহর।

नवम পরিচ্ছেদ-উপসংহার

কৃষ্ণ উপপ্লব্য নগরে ফিরিয়া আসিলে বর্নধন্ঠিরাদি জিল্কাসা করিলেন, তুমি হচ্ছিনাপ্রের কি করিয়াছিলে বল।

কৃষ্ণ, নিজে যাহা বলিয়াছিলেন, এবং অন্যে যাহা বলিয়াছিল, তাই বলিতে লাগিলেন, কিন্তু সেই সকল বক্তৃতার পূর্ব্ব পূর্ব্ব অধ্যায়ে ষের্পু বর্ণনা দেখিয়াছি, এখানে তাহার সহিত মিল নাই। কিছুর সঙ্গে কিছু মিলে না। মিলিলে দীর্ঘ প্রনর্তিক ঘটিত। তাহা হইতে উদ্ধার

পাইবার জন্য কোন মহাপ্রেষ কিছু নতেন রকম বসাইয়া দিয়াছেন বোধ হয়।

এইখানে ভগবদ্যান-পর্বাধ্যায় সমাপ্ত। তারপর সৈন্যানির্যাণ-প্রবাধ্যায়। ইহাতে বিশেষ কথা কিছু নাই। কতকগ্লা মোলিক কথা আছে; কতকগ্লা কথা অমৌলিক বলিয়া বোধ হয়; কৃষ্ণসন্বন্ধীয় কথা বড় অলপ। কৃষ্ণের ও অভ্জানের পরামর্শান্সারে, পাণ্ডবেরা ধ্রুট্দান্সকে সেনাপতি নিযুক্ত করিলেন, এবং বলরাম মদ খাইয়া আসিয়া, কৃষ্ণকে কিছু মিন্ট ভংগনা করিলেন, কেন না, তিনি কুর্পাণ্ডবকে সমান জ্ঞান করেন না। কুর্সভায় যাহা ঘটিয়াছিল, সেকথাও কিছু হইল। ইহা ভিন্ন আর কিছু নাই।

তাহার পর উল্কদ্তাগমন-প্রাধ্যায়। এটি নিতান্ত অকিঞ্চিৎকর। ইহাতে আর কিছুই নাই, কেবল উভয় পক্ষের গালিগালাজ। দুর্য্যাধন, শকুনি প্রভৃতির পরামশে উল্কেক পাণ্ডবদিগের নিকট পাঠাইলেন। উদ্দেশ্য আর কিছুই নহে, কেবল পাণ্ডবদিগের তি কুলকে খাব গালিগালাজ করা। উল্কে আসিয়া ছয় জনকেই খাব গালিগালাজ করিল। পাণ্ডবেরা উত্তরে খাবই গালিগালাজ করিলেন। কৃষ্ণ বড় কিছু বলিলেন না, তাহার নায়ে রোমামর্শন্না বাজি গালিগালাজ করে না, বরং একটা রাগারাগি বাড়াবাড়ি যাহাতে না হয়, এই অভিপ্রারে পাণ্ডবেরা উত্তর করিবার আগেই তিনি উল্কেক বিদায় করিবার চেন্টা করিলেন। বলিলেন, "তুমি শাল্প গমন করিয়া দুর্য্যাধনকে কহিবে—পাণ্ডবেরা তোমার বাকা শ্রবণ ও তাহার ষথার্থ অর্থ গ্রহণ করিয়াছেন। এক্ষণে তোমার বের্প অভিপ্রায় তাহাই হইবে।" অথচ গালিগালাজটা কৃষ্ণাভর্মনের ভাগেই বেশী রকম হইয়াছিল।

কিন্তু উল্কের দূর্ব্বিদ্ধি, উল্কে ছাড়ে না। আবার গালিগালাল আরম্ভ করিল। না হইবে কেন? ইনি দূর্ব্যাধনের সূহোদর। তথন পাণ্ডবেরা একে একে উল্কের উত্তর দিলেন। উল্কেকে স্বদ সমেত আসল ফিরাইরা দিলেন। কৃষ্ণও একটা কথা বলিলেন, "আমি জব্দুনের মার্থ্য স্বীকার করিরাছি বলিয়া যুক্ষ করিব না, ইহা মনে স্থির করিরা ভীত হইতেছ না; কিন্তু ক্ষেন হুত্রাশনে ভূগ সকল ভস্মসাৎ করে, তদুপে আমিঞ্জ চরম কালে দ্রোধভরে সমন্ত পাথিকি-

গণকৈ সংহার করিব সন্দেহ নাই।"

্র ক্রিক্রে তালামন পর্বে ধেরারো মহাভারতের কার্রোর পক্ষে কিছ্মার প্রয়োজন নাই। ইহাতে রচনার নৈপুলা বা কবিছ নাই। এবং কোন কোন স্থানে মহাভারতের অন্যান্যাংশের সহিত বিরুদ্ধভাবাপান; অনুক্রমণিকাধ্যারে সঞ্জার এবং কুকের দৌত্যের কথা আছে. কিন্তু উল্কেদ্ভের কথা নাই। এই সকল কারণে ইহাকে আদিমন্তরান্তর্গত বিবেচনা করি না।

ইহার পর র্থাতিরথসংখ্যান, এবং তংগরে অন্বোপাখ্যান-পূর্বাধ্যার। এ সকলে কুর্বান্তান্ত

किइ हे नारे। धरेशाल উদ্যোগপর্ব সমাস্ত।

बन्धे थन्छ

कुन्र (क्व

যো নিষয়ো ভবেদ্রারো দিবা ভর্বাত বিভিঠতঃ। ইন্টানিন্টস্য চ দ্রন্টা তকৈম দ্রন্টান্মনে নমঃ॥ শান্তিপর্ব্ব, ৪৭ অধ্যায়ঃ।

প্রথম পরিচ্ছেদ—ভীন্মের যুদ্ধ

এক্ষণে কুর্ক্তেরে মহাযদ্ধ আরম্ভ হইবে। মহাভারতে চারিটি পর্বে ইহা বার্ণত হইয়াছে।
দুর্ব্যোধনের সেনাপতিগণের নামক্রমে ক্রমান্বয়ে এই চারিটি পর্বের নাম হইয়াছে ভীন্মপর্বর,
দ্যোপবর্ব, কর্ণপর্বে ও শল্যপর্ব।

এই যুদ্ধপর্বগর্থি মহাভারতের নিক্ষী অংশ মধ্যে গণ্য করা উচিত। প্নুরর্ভি, অকারণ এবং অর্নুচিকর বর্ণনাবাহ্না, অনৈস্গিকতা, অত্যুক্তি এবং অসঙ্গতি দোষ এইগ্রন্থিতে বড় বেশী। ইছার অলপ ভাগই আদিমন্তরভুক্ত বলিয়া বোধ হয়। কিন্তু কোন্ অংশ মোলিক, আর কোন্ অংশ অমোলিক ছির করা বড় দ্বুল্বা। যেখানে সবই কাঁটাবন, সেখানে প্রুল্টারন বড় দ্বুল্পাধ্য। তবে যেখানে কৃষ্ণচরিত্ত সন্বন্ধে কোন কথা পাওয়া যায়, সেই স্থান আমরা যথাসাধ্য ব্রিবার চেন্টা করিব।

ভীত্মপর্বের প্রথম জন্ব্খন্ড-বিনিন্মাণ-পূর্বাধ্যায়। তাহার সঙ্গে যুদ্ধের কোন সন্বন্ধ নাই—মহাভারতেরও বড় অলপ। কৃষ্ণচরিত্রের কোন কথাই নাই। তারপর ভগবলগীতা-পর্বাধ্যায়। ইহার প্রথম চবিশ্বশ অধ্যায়ের পর গীতারস্ত। এই চবিশা অধ্যায় মধ্যে কৃষ্ণসন্বন্ধীয় বিশেষ কোন কথা নাই। কৃষ্ণ যুদ্ধের প্রের্বি দ্র্গাস্তিব করিতে অর্জ্বন্নকে প্রামর্শ দিলে, অর্জ্জব্দ যুদ্ধারস্তকালে দ্র্গাস্তব পাঠ করিলেন। কোন গ্রুত্বর কার্য্য আরম্ভ করিবার সময়ে আপন আপন বিশ্বাসান্যায়ী দেবতার আরাধনা করিয়া তাহাতে প্রবৃত্ত হওয়া কর্তব্য। তাহা হইলে ঈশ্বরের আরাধনা হইল। যাহা বলিয়া ভাকি না কেন, এক ভিন্ন ঈশ্বর নাই।

তারপর গীতা। ইহাই কৃষ্চরিত্তের প্রধান অংশ। এই গীতোক্ত অনুপম পবিত্র ধর্ম্ম প্রচারই

কৃষ্টের আদর্শ মন্ব্যভের বা দেবছের এক প্রধান পরিচ্য়।

কিন্তু এখানে আমি গীতা সম্বন্ধে কোন কথা বলিব না। তাহার কারণ এই ষে, এই গীতোক্ত ধর্ম্ম একখানি পৃথক্ গ্রন্থেশ কিছ্ম কিছ্ম ব্র্যাইয়াছি, পরে আর একখানি† লিখিতে নিষ্ক্ত আছি। গীতা সম্বন্ধে আমার মত এই দ্বই গ্রন্থে পাওয়া যাইবে। এখানে প্রারন্ধির প্রয়োজন নাই।

ভগবশগীতা-পর্স্বাধ্যায়ের পর ভশ্বিষ্ঠার। এইখানে যুদ্ধারন্ত। যুদ্ধে কৃষ্ণ অব্দ্র্রাক্তনর সার্রাধ্য মাত্র। সার্রাধ্যিদেগের অদৃষ্ট বড় মন্দ ছিল। মহাভারতে যে যুদ্ধের কর্মনা আছে, তাহা কতকগর্ত্তা হৈরথাযুদ্ধ মাত্র। রথিগাণ যুদ্ধ করিবার সময়ে পরস্পরের অস্থ ও সার্রাধিকে বিনাশ করিবার চেন্টা করিতেন। তাহার কারণ, অস্থ বা সার্রাধ্য নন্ট হইলে, আর রথ চিলেবে না। রথ না চিললে রখী বিপার হয়েন। সার্রাধ্যা যোদ্ধা নহে—বিনা দোষে বিনা যুদ্ধে নিহত হইতা। কৃষ্ণকেও সে সুখের ভাগা ইইতে হইরাছিল। তিনি হত হয়েন নাই বটে, কিন্তু বুদ্ধের অন্টাদশ দিবস মৃহুত্তে মুহুত্তে বহুসংখ্যক বাণের দ্বারা বিদ্ধ হইয়া ক্ষত বিক্ষাত্ত হতেন। অন্যান্য সার্রাধাগণ আত্মরক্ষার অক্ষম, তাহারা বৈশ্য, জ্বাতিতে ক্ষতির নহে। কৃষ্ণ, আত্মরক্ষার অতিশ্য সক্ষম, তথাত ক্রেন্টার্বের্থ বিসরা মার শাইতেন।

মহাভারতের ব্বন্ধে তিনি অস্ত্রধারণ করিবেন না প্রতিজ্ঞা করিরাছিলেন, ইহা বলিয়াছি।

^{*} ধন্ম তত্ত।

[†] শ্রীমন্তগবন্দর্শীতার বাঙ্গালা টীকা।

কিন্তু একদিন তিনি অস্ত্রধারণ করিরাছিলেন। অস্ত্রধারণ করিরাছিলেন মার, কিন্তু প্ররোগ করেন

নাই। সে ঘটনাটা এইরূপ:--

ভীষ্ম দুর্বের্যাধনের সেনাপতিত্বে নিব্ৰুক্ত হইয়া যৃদ্ধ করেন। তিনি যুদ্ধ এরুপ নিপৃত্ব হে. পাশ্ডবসেনার মধ্যে অর্জ্জন ভিন্ন আর কেহই তাঁহার সমকক্ষ ছিল না। কিন্তু অর্জ্জন ভাইার সদেক ভাল করিয়া স্বশক্তি অনুসারে যুদ্ধ করেন না। তাহার কারণ এই যে, ভীষ্ম সম্বন্ধে অর্জ্জনুনের পিতামহ, এবং বাল্যকালে পিতৃহীন পাশ্ডবগণকে ভীষ্মই পিতৃবং প্রতিপালন করিয়াছিলেন। ভীষ্ম এখন দুর্ব্যাধনের জনুরোধে নিরপরাধী পাশ্ডবগিগের শত্র হইয়া তাহাদের অনিকটার্থ তাহাদের সঙ্গে যুদ্ধ করিতেছেন বাল্যা, রাদও ভীষ্ম ধর্মতঃ অর্জ্জনুনের বধ্য, তথাপি অর্জ্জনুন পুর্বেক্থা সমরল করিয়া কোন মতেই ভীষ্মের বধ সাধনে সম্মত নহে। এজন্য ভীষ্মের সঙ্গে যুদ্ধ উপস্থিত হইলে মৃদুযুদ্ধ করেন, পাছে ভীষ্ম নিপতিত হন, এজনা সর্বেদা সংকৃচিত। তাহাতে ভীষ্ম, অপ্রতিহত বীর্ষ্যে বহুসংখ্যক পাশ্ডবসেনা বিনন্ট করিজেন। ইহা দেখিয়া এক দিবস ভীষ্মকে বধ করিবার মানসে কৃষ্ণ স্বয়ং চক্রহন্তে অর্জ্জনুনের রথ হইতে অবরোহণপূর্বক ভীষ্মের প্রতি পদরজে ধাবমান হইলেন।

দেখিয়া, कृष्ण्ख जीव्य পরমাহ্যাদিত হইয়া বলিলেন,

এহ্যোহি দেবেশ জগন্নিবাস! নমোহস্তু তে শার্কসদাসিপাণে। প্রসহ্য মাং পাতর লোকনাথ! রথোন্তমাং ভূতশরণা সংখ্যো।

"এসো এসো দেবেশ জগান্নবাস! হে শার্স গদাখলাধারিন্! তোমাকে নমস্কার। হে লোকনাথ ভূতশরণ্য! বৃদ্ধে আমাকে অবিলন্দের রথোত্তম হইতে পাতিত কর।"

অভর্নেও কৃষ্ণের পশ্চাদন্সরণ করিয়া, কৃষ্ণকে অন্নয় করিয়া, স্বয়ং সাধ্যান্সারে ব্রহ্ম করিতে প্রতিজ্ঞা করিয়া, ফিরাইয়া আনিলেন।

এই ঘটনা দুই বার বর্ণিত হইয়াছে, একবার তৃতীয় দিবসের যুদ্ধে, আর একবার নবম দিবসের যুদ্ধে। শ্লোকগুনিল একই, সুতরাং এক দিবসেরই ঘটনা লিপিকারের শ্রম প্রমাদ বা ইচ্ছাবশতঃ দুই বার লিখিত হইয়া থাকিবে। সংস্কৃত গ্রন্থে সচরাচর এর্প ঘটিয়া থাকে।

রচনা দেখিরা বিচার করিলে, এই বিবরণকে মহাভারতের প্রথমন্তরভূক্ত বিবেচনা করা ঘাইতে পারে। কবিত্ব প্রথম প্রেলীর, ভাব ও ভাষা উদার এবং জটিলতাশ্না। প্রথম প্ররের বত্তট্নকু মোলিকতা স্বীকার করা যাইতে পারে, এই ঘটনারও ততট্নকু মোলিকতা স্বীকার করা যাইতে পারে।

এই ঘটনা লইয়া কৃষ্ণভন্তেরা, কৃষ্ণের প্রতিজ্ঞা সম্বন্ধে একটা তর্ক তুলিরা থাকেন। কাশীদাস ও কথকেরা এই প্রতিজ্ঞাভঙ্গ অবলম্বন করিয়া, কৃষ্ণের মাহাত্ম্য কীর্ত্তন করিয়াছেন। তাঁহারা বলেন যে, ভীত্ম যদ্ধারম্ভকালে কৃষ্ণের সাক্ষাৎ প্রতিজ্ঞা করিয়াছিলেন যে—তুমি যেমন প্রতিজ্ঞা করিয়াছ যে, এ যুদ্ধে অস্ত্র ধারণ করিবে না, আমিও প্রতিজ্ঞা করিতেছি, তোমাকে অস্ত্র ধারণ করাইব।

অতএব এক্ষণে ভক্তবংসক কৃষ্ণ, আপনার প্রতিজ্ঞা লণ্যিত করিয়া, ভক্তের প্রতিজ্ঞা রক্ষা করিকেন।

এ স্ব্ৰিজ্ঞরচনার কোন প্রজ্ঞেজন দেখা যার না। ভালের এবন্বিধ প্রভিজ্ঞাও ম্ল মহাভারতে দেখা যার না। কৃষ্ণেরও কোন প্রতিজ্ঞা কাঁয্যত হয় না। তাঁহার প্রতিজ্ঞার মর্ম্ম এই যে—ব্রুদ্ধ করিব না। দ্র্র্য্যেধন ও অভ্যুন্ধ উভরে তাঁহার প্রকল্পালে বর্ষণাভিসাধী হইলে, তিনি উভরের সঙ্গে তুল্য ব্যবহার করিবার জন্য বলিলেন, "আমার তুল্য বলদালী আমার নারারণী সেনা এক জন গ্রহণ কর; আর এক জন আমাকে লও।" "অব্যামানঃ সংগ্রামে নান্তশশ্যেহ-হমেকেতঃ" এই পর্যান্ত প্রতিজ্ঞা। সে প্রতিজ্ঞা রক্ষিত হইরাছিল। কৃষ্ণ ব্যুদ্ধ করেন নাই। ভাষ্ণ সন্দ্ধার এই ঘটনাটির উদ্দেশ্য আর কিছ্টে নহে; কেবল সাধ্যান্সারে যুদ্ধে পরাশ্যুদ্ধ অভ্যুনিকে যুদ্ধে উত্তিজ্ঞত করা। ইহা সার্ঘিরা করিতেন। উদ্দেশ্য সকল হইরাছিল।

ব্রদ্ধের নবম দিবসের রাগ্রিতেও কৃষ্ণ ঐর্প অভিপ্রারে কথা কহিয়াছিলেন। ভীত্মকে অপরাজিত দেখিরা ব্রিফির নবম রাগ্রে বছুবাছকাণকে তাকিয়া ভীত্মবেধর পরামর্শ করিছে লাগিলেন। কৃষ্ণ বিলক্তেন, আনাকে অনুমতি পাও, আমি ভীত্মকে বব করিডেভি। অথবা অক্সনের উপরই এ ভার থাক: অক্সনিও ইহাতে সক্ষম।

ব্রিক্টির এ কথার সক্ষত ইইলেন না। কৃষ্ণ বে ভীন্মবর্ণ ইচ্ছা করিলেই করিতে পারিতেন, তাহা তিনি স্বীকার করিলেন। কিন্তু বলিলেন, "আত্মতারবের নিষিপ্ত তোমাকে মিধ্যাবাদী করিতে চাহি না। তুমি অব্বামান থাকিরাই সাহায্য কর।" ব্রিফিন্ত অব্দ্রামান করিছে রাক্তিন না। পরে ক্রের সন্মতি লইয়া, এবং অন্য পাশ্চবগণ ও ক্রুকে সঙ্গে করিয়া ভীত্মের কাছে তাঁহার বধোপার জানিতে গেলেন।

ভীন্দ নিজের বধোপার বলিরা দিলেন। দৃশ্যতঃ সেইর্প কার্য্য হইল। কার্য্যতঃ তাছার কিছুই ছুইল না। কৃষ্ণ বাহ্য বলিরাছিলেন, তাহাই ঘটিল—অর্জনেই ভীন্মকে শরশব্যাশারিত ও মুখ হইতে নিপতিত করিলেন। মূল মহাভারতের উপর বিতীয় স্তরের কবি, কলম চালাইরা একটা সঙ্গতিশ্না, নিশ্পরেজনীর, কিন্তু আপাতমনোহর শিখন্ডীসন্বন্ধীর গলপ খাড়া করিরাছেন। কৃষ্ণচিরিত্রের সঙ্গে তাহার কোন সম্পর্ক নাই, এজন্য আমরা তাহার সমালোচনার প্রবৃত্ত হইলাম না।

षिजीस भारत्कम जग्रमध्यस

ভীন্মের পর দ্রোলাচার্যা সেনাপতি। দ্রোণপথ্যে প্রথমে কৃষ্ণকে বিশেষ কোন কর্ম্ম করিতে দেখা যার না। তিনি নিপ্রশ সারখির ন্যার কেবল সারথাই করেন। কুর্ক্ষেত্রের যুদ্ধে তিনি বে কর্ত্তা ও নেতা, এ কথাটা এখানে সত্য নহে। মধ্যে মধ্যে অর্জ্জনে ও যুখিন্ডিরকৈ সদ্পূদ্দশ দেওরা ভিন্ন তিনি আর কিছ্রুই করেন নাই। দ্রোণাভিষেক-পর্যাধ্যারের একাদশ অধ্যারে সম্বায়ক্ত কৃষ্ণের বলবীর্যা ও মহিমা কীর্ত্তন জন্য এক স্কৃষীর্ঘ বক্তৃতা পাওরা যার। তাহাতে কোন প্রয়োজন নাই। এই অধ্যারটি প্রক্ষিপ্ত বলিরাই বোধ হয়, এবং কৃষ্ণের বলবীর্যা ও মহিমা কীর্ত্তনের মহাভারতে বা অন্যত্ত কিছ্রুই অভাবও নাই। আমরা তাহার মানবচরিত্ত সমালোচনা করিতে ইচ্ছুক; মানবচরিত্ত কার্য্যে প্রকাশ; অতএব আমরা কেবল কৃষ্ণকৃত কার্য্যেরই অনুসন্ধান করিব।

চোলপর্বে প্রথম ভগদত্তবধে কৃষ্ণের কোন কার্য্য দেখিতে পাই। ভগদত্ত মহাবীর, পাশ্তবপক্ষীর আর কেহ তাঁহার সঙ্গে বৃদ্ধ করিতে পারিল না; শেষ অভ্জন্ন আসিরা তাঁহার সঙ্গে বৃদ্ধ করিতে প্রবৃত্ত হইলেন। ভগদত্ত অভ্জন্নের সঙ্গে বৃদ্ধ আপনাকে অপক্ত দেখিরা, তাঁহার প্রতি বৈঞ্চবান্দ্র পরিত্যাগ করিলেন। অভ্জন্ন বা অপর কেহই এই অন্ত্র নিবারণে সম্বর্ধ নহেন; অভ্জন্তব কৃষ্ণ অভ্জন্নকে আছোদিত করিরা আপনি বক্ষে ঐ অন্ত্র গ্রহণ করিলেন। তাঁহার বক্ষে আল্ত্র বিজ্ঞানত ইরা বিলান্তিত হইল।

এই অস্ম একটা অনৈসন্থিক অবোধগম্য ব্যাপার। যাহা অনৈসন্থিক, তাহাতে আমুরা পাঠককে বিশ্বাস করিতে বজি না এবং অনৈসন্থিকের উপর কোন সত্যন্ত সংস্থাপিত হয় না। অতএব এ গ্রুপটা আমাদের পরিত্যান্তা।

দ্রেলপদেশ, অভিমন্ত্রবের পরে কৃষ্ণকে প্রকৃতপকে ধর্মাক্ষেত্র অবতীর্ণ দেখিতে পাই। বে দিন সপ্ত রখী বেড়িয়া অন্যায়পূর্শ্বক অভিমন্ত্রকে বধ করে, সে দিন কৃষ্ণাব্দনৈ সে রশক্ষেত্র উপন্থিত ছিলেন না। তাঁহারা কৃষ্ণের নারায়শী সেনার সজে যাকে নিযুক্ত ছিলেন—এ সেনা কৃষ্ণ দুর্ঘোধনকে দিয়াছিলেন। এক পক্ষে তিনি নিজে, অন্য পক্ষে তাঁহার সেনা—এইর্পে তিনি উভয় পক্ষেয় সঙ্গে সাম্য রক্ষা করিরাছিলেন।

ব্যাতে ও দিবসাতে শিবিরে ফিরিরা আসিরা ক্ষাক্তর্ন অভিনন্ত্রর ব্যাভ শ্রিনালেন। আর্দ্ধ্রন অভিনন্তর ব্যাভ শ্রিনালেন। আর্দ্ধ্রন অভিন্তর শোককাতর হইলেন শি বোগেশ্বর কৃষ্ণ শ্রুরং শোকমোহের অভীও। তাইরে প্রথম করেই অক্র্নিকে সাম্প্রনা করা। তিনি যে সকল কথা বলিরা অক্র্নিকে প্রবােধ শিক্রেন, ভাষা ভারেরই উপান্ত শীভার তিনি বে ধর্ম্ম প্রচারিত করিরাছেন, সেই ক্রিন্তির নিজ্ঞান্ত মহাকাব্যের বারা অক্র্নের শোকাপনরন করিলেন। অধিরা ব্যিনিরকৈ প্রবােধ দিতেছিলেন,

[্]র াশ প্রামান পাঠক স্থানিকে প্রায়েন রে, তীহাকে বর্তিয়া বিতে হয়নলৈ, স্থানিকাম কর্ম্মান প্রায়ণিক মুক্তের ভাষিত্রের ।

এই বিলয়া বে, সকলেই মরিয়াছে ও সকলেই মরিয়া থাকে। তিনি তাহা বলিলেন না। ব্যাহলেন,

্ "বংকোপজীবী কৃতিয়গণের এই পথ। বংকাব্যুই কৃতিয়গণের সুনাতর ধকাপে । ্রুক অভিমন্যুক্তননী স্ভেলাকেও ঐ কথা বলিয়া প্রবোধ দিলেন। বলিলেন

"সংকৃপজাত থৈব'শালী করিয়ের ষের্পে প্রাণপরিত্যাগ করা উচিত, তোমার প্র সেইয়্পে প্রাণতাগ করিয়াছে; অতএব শোক করিবার আবশ্যকতা নাই। মহারথ, ধীর, পিতৃত্বাদ্রণ পরাক্রমণালী অভিমন্য ভাগ্যক্রেই বীরগণের অভিলবিত গতি প্রাপ্ত হইয়াছে। মহাবীর অভিমন্য ভূরি শার্ সংহার করিয়া প্রাণ্ডানিত সম্বক্ষাপ্রথ অক্ষর লোকে গমন করিয়াছে। সাধ্যণ, তপস্যা রক্ষাকর্য পাত্র প্রথা ধারা বের্প গতি অভিলাষ করেন, তোমার কুমারের সেইর্প গতিলাভ হইয়াছে। হে স্ভদে! তুমি বীরজননী, বীরপত্নী, বীরনালনী ও বীরবান্ধনা; অতএব তনয়ের নিমিত্ত তোমার শোকাকৃকা হওয়া উচিত নহে।"

এ সকলে মাতার শোক নিবারণ হয় না জানি। কিন্তু এ হতভাগ্য দেশে এর প কথাগ্রেলা

শ্নি ও শ্নাই, ইহা ইচ্ছা করে।

এদিকে প্রশোকার্ত অঞ্জনে অতিশার রোষপারবৃশ হইরা এক নিদার্শ প্রতিজ্ঞার আপনাকে আবদ্ধ করিলেন। তিনি যাহা শ্নিলেন, তাহাতে ব্যিলেন যে, অভিমন্ত্র মৃত্যুর প্রধান করেশ জয়দ্রথ। তিনি অতি কঠিন শপথ করিয়া প্রতিজ্ঞা করিলেন যে, পরদিন স্ব্যান্তের প্রেশ জয়দ্রথকে ব্ধ করিবেন, না পারেন, আপনি, অগ্নিপ্রবেশপ্র্ক প্রাণত্যাগ করিবেন।

এই প্রতিজ্ঞার উভর শিবিরে বড় হ্লেস্থ্ল পড়িয়া গেল। পাশ্ডবসৈন্য অতিশর কোলাহল করিতে লাগিল, এবং বাদিত্রবাদকগণ ভারি বাজানা বাজাইতে লাগিল। কৌরবেরা চ্মাকিও হইয়া অনুসন্ধ দ্বারা প্রতিজ্ঞা জানিতে পারিয়া জয়দ্রথরকার্থে মন্দ্রণা করিতে লাগিল।

কৃষ্ণ দেখিলেন, একটা বিষম ব্যাপার উপস্থিত হইয়াছে। অভ্যান বিবেচনা না করিয়া বে কঠিন প্রতিজ্ঞা করিয়া বসিয়াছেন, তাহাতে উত্তীর্ণ হওয়া স্ক্রাধ্য নহে। জয়দ্রখ নিজে মহারখী, সিয়্বসোবীর-দেশের অধিপতি, বহু সেনার নায়ক, এবং দ্বর্গাধনের ভালনীপতি। কৌরবপক্ষীয় অপরাজেয় যোদ্ধাপা তাঁহাকে সাধ্যান্সারে রক্ষা করিবেন। এ দিকে পাশ্ভবপক্ষের প্রধান প্রব্রেরা সকলেই অভিমন্যশোকে বিহ্বল—মন্ত্রণায় বিম্ব্য। অতএব কৃষ্ণ নিজেই নেতৃষ্ণ গ্রহণ করিয়া কন্মে প্রবৃত্ত হইলোন। তিনি কৌরবিশিবিরে গ্রন্থচর পাঠাইলোন। চর আসিয়া সেখানকার ব্রান্ত সব বালল। কোরবেরা প্রতিজ্ঞার কথা সব জানিয়াছে। দ্রোলাচার্ব্য ব্রহ্মচনা করিবেন; তংপশ্চাৎ কর্ণাদি সমস্ত কৌরবপক্ষীয় বীরগণ একগ্রিত হইয়া জয়দ্রথকে রক্ষা কারবেন। এই দ্বতেশ্য ব্যহতেদ করিয়া, সকল বীরগণকে একগ্র পরাজিত করিয়া, মহাবীর জয়দ্রথকে নিহন্ত করা অভ্যানিরও অসাধ্য হইতে পারে। অসাধ্য হয়় তবে অভ্যান্থিরে আঘাহত্যা নিশ্চিত।

অতএব কৃষ্ণ আপনার অনুষ্ঠেয় চিন্তা করিয়া, তাহার বাবস্থা করিলেন। আপনার সার্বাধি দার্ককে ডাকিয়া, কৃষ্ণের নিজের রথ, উত্তম অশ্বে যোজিত করিয়া, অস্ত্রশস্ত্র পরিপূর্ণ করিয়া প্রভাতে প্রস্তুত রাখিতে আজ্ঞা করিলেন। তাহার অভিপ্রায় যে, যদি অক্ষ্র্নে এক দিনে ব্র্ছে পার হইয়া সকল বীরগণকে পরাজয় করিতে না পারেন, তবে তিনি নিজেই যুদ্ধ করিয়া কেরিবন্দ্রন্তিক বধ করিয়া জয়দ্রথবধের পথ পরিক্ষার করিয়া দিবেন।

কৃষ্ণকে যান্ধ করিতে হয় নাই, অন্ধর্মন স্বীয় বাহাবলেই কৃতকার্য্য ইইয়াছিলেন। কিছু বিদ কৃষ্ণকে যান্ধ করিতে হইত, তাহা হইলে "অযুখ্যামানঃ সংগ্রামে নাজ্ঞশন্তোহহমেকতঃ" ইডি সভ্য হইতে বিচুটিত ঘটিত না। কারণ, বে যান্ধ সম্বন্ধে এ প্রতিজ্ঞা ঘটিরাছিল, সে যান্ধ এ নহে। ক্রমণশতবের রাজ্য লইয়া যে যান্ধ, এ মে যান্ধ নহে। আজিকার এ অন্ধ্রাপ্রতিজ্ঞান্ধানত যান্ধ। এ যান্ধ্রের উদ্দেশ্য ভিন্ন; এক দিকে জন্মপ্রথের জীবন, অন্য দিকে অন্ধ্রানের জীবন লইয়া যান্ধ। বান্ধে অন্ধ্রানের পরাভব হইলে, তাহাকে অন্ধ্রিয়াকার সংগ্রামে আছহত্যা করিতে হইবে। এ বান্ধান্ধির ক্রমের স্বাভিত্ত হর নাই—সাত্রাং "অযুখ্যামানঃ সংগ্রামে" ইতি প্রতিজ্ঞা ইহার পক্ষে বর্ত্তের ক্রমণ্ড ক্রমের স্বাচ্চিত্র ক্রমের ব্যব্ধামানির সংগ্রামে তাহার আত্মহত্যানিবারণ ক্রমের অন্তেক্তর ক্রমের

েইহার পর কৃষ্ণ ও অপর সকলে নিয়া গেলেন। সেইখানে একটা আঘাঢ়ে রকম স্বল্পের গালা আছে। স্বপ্নে আবার কৃষ্ণ অব্যানের কাছে আসিলেন, উভয়ে সেই নাতে হিমালর সেলেনিয় মহান্ত্রের উপাসনা করিলেন, পাশ্বপত অস্ত্র প্রেই (বনবাসকালে) অর্জ্বনে প্রাপ্ত হইর্নাছলেন, কিন্তু আবার চাহিলেন ও পাইলেন, ইত্যাদি ইত্যাদি। এ সকল সমালোচনার নিতান্ত অধ্যোগ্য।

পরদিন স্বা্যন্তের প্রাক্তালে আন্তর্ন জয়য়প্রতে নিহত করিলেন। তল্জন্য ক্ষের কোন সাহায্য প্রয়োজন হয় নাই। তথাপি কথিত হইয়ছে, কৃষ্ণ অপরাস্ত্রে যোগমায়া বারা স্বাধিক আত্মর করিলেন; জয়য়থ নিহত হইলে পরে স্বাধিক প্রাপ্তরালিত করিলেন। কেন? স্বা্যন্ত ইয়ছে প্রমে, জয়য়থ আন্তর্নের সম্মাথে আসিবেন, এইর্প প্রান্তির স্ণির জন্য? এইর্প প্রান্তিরত পাঁভরা করারথ এবং তাঁহার রক্ষকগণ, উল্লান্তি এবং আনবহিত হইবেন, ইহাই কি আভিপ্রেত? এইখানে কাব্যের এক স্তরের উপর আর এক স্তর নিহিত হইয়াছে প্রশ্বত দেখা বায়। এক দিকে দেখা বায় যে, এর্প প্রান্তিজননের কোন প্রয়েজন ছিল না। যোগমায়াবিকাশের প্রেবিও অন্তর্ন জয়য়থকে দেখিতে পাইতেছিলেন, এবং তিনি জয়য়য়থকে প্রহার করিতেছিলেন, জয়য়পত তাঁহাকে প্রহার করিতেছিলেন, ক্রম্বেও তাঁহাকে প্রহার করিতেছিল। স্ব্রাবরণের পরেও ঠিক তাহাই হইতে লাগিল। স্ব্রাবরণের প্রেবিও অন্তর্নকে বের্প করিতে হইতেছিল, এখনও ঠিক সেইর্প হইতে লাগিল। সমস্ত্র কোরববীরগণকে পরাভূত না করিয়া অন্তর্ন জয়য়থকে নিহত করিতে পারিলেন না। আর এক দিকে এই সকল উভিন্র বিরোধী, স্ব্র্যাবরণকারিণী যোগমায়ার বিকাশ। এ লাভিন্স্ভির প্রয়োজন, পরপরিছেদে ব্র্যাইতেছি।

তৃতীয় পরিচ্ছেদ—দ্বিতীয় স্তরের কবি

আমরা এত দ্রে পর্যান্ত সোলা পথে স্বিধামত চলিয়া আসিতেছিলাম; কিন্তু এখন হইতে ঘারতম গোলবোগ। মহাভারত সম্প্রবিধাম, কিন্তু এতক্ষণ আমরা, তাহার দ্বির বারিরাশিমধ্যে মধ্র মৃদ্রন্তীর শব্দ শ্নিতে প্রিতে স্থে নৌযান্তা করিতেছিলাম। একলে সহসা আমরা ঘার বাত্যায় পড়িয়া, তরক্ষাভিঘাতে প্রঃ প্রের ভবিক হাতে পড়িলাম। তাঁহার হস্তে কৃষ্ণচরিত্র সম্পূর্ণ পরিবিন্তিত ইইয়াছে। যাহা উদার ছিল, তাহা এক্ষণে ক্রুম ও সংকীপ ইইয়া পড়িতেছে; বাহা সরুল, তাহা এক্ষণে কোশলময়। যাহা সত্যময় ছিল, তাহা এক্ষণে অসত্য ও প্রবশ্ধনার আকর; বাহা ন্যায় ও ধন্মের অন্যোগিত ছিল, তাহা এক্ষণে অন্যায় ও অধন্মে কল্বিত। বিভার ভরের কবির হাতে কৃষ্ণচরিত্র এইরূপ বিকার প্রাপ্ত হইয়াছে।

কিন্তু কেন ইহা হইল? দ্বিতীয় স্তরের কবি নিতান্ত ক্ষান্ত কবি নহেন; তাঁহার স্থিকোশল জাজাবলামান। তিনি ধর্ম্মাধর্ম্ম জ্ঞানশন্য নহেন। তবে তিনি কৃষ্ণের এর্প দশা ঘটাইয়াছেন কেন?

তাহার অতি নিগতে তাৎপর্যা দেখা যায়।

প্রথমতঃ আমরা প্রনঃ প্রনঃ দেখিয়াছি ও দেখিব যে, কৃষ্ণ প্রথম স্তরের কবির হাতে ঈশ্বরবতার বলিয়া পরিক্ষাট নহেন। তিনি নিজে ত সে কথা মাথেও আনেন না; পানঃ পানঃ আপনার মানবী প্রকৃতিই প্রবাদিত ও পরিচিত করেন: এবং মান্তবী শক্তি অবলম্বন করিয়া কার্বা করেন। কবিও প্রায় সেই ভাবেই তাঁহাকে স্থাপিত করিয়াছেন। প্রথম স্তরে এমন সন্দেহও হয় যে, যখন ইহা প্রণীত হইয়াছিল, তখন হয়ত কুৰু ঈশ্বরাবতার বলিয়া সন্ব্রজন-স্বীকৃত নহেন। তাঁহার নিজের মনেও সে ভাব সকল সময়ে বিরাজমান নহে। স্থূল কথা, মহাভারতের প্রথম স্কর কতক্সারিল প্রাচীন কিন্বদন্তীর সংগ্রহ মাচ্র এবং কাব্যালন্কার কবিকর্ত্তক রঞ্জিত; এক আখ্যারিকার সূত্রে বখাবথ সামবেশপ্রাপ্ত। কিন্তু যথন দিতীয় স্তর মহাভারতে প্রবিষ্ট হইন, তথন বোধ হয়, শ্রীকুকের ঈশ্বরত সর্বাকৃত। অতএব বিতীয় ন্তরের কবি তাঁহাকে ঈশ্বরাবতারস্বর প্রত স্থিত ও নিয়ন্ত করিয়াছেন। তাঁহার রচনার রুক্ত অনেক বার আপনার ঈশ্বরদ্বের পরিচয় দিয়া থাকেন, এবং ঐশী শক্তি দ্বারা কার্য্য নির্ন্থাহ করেন। কিন্তু ঈশ্বর প্রশামর, কবি তাহাও জানেন। তবে, একটা তত্ত্ব পরিস্ফট্ট করিবার জন্য ভাঁহাকে বড় बाह्य राषि। देखेरताभीराता । सार्वे छङ् महेता वर्ष वाह्य। छौटाता वरमन, छभवान, मसामतः, क्द्रागाम्स्यहे क्रीवमान्धे क्रिजाएकन: क्रीटव्य मक्रमहे जौहात कामना। তবে প्रथिवीएठ मुक्क কেন? তিনি প্রশামর, প্রশাই তাঁহার অভিপ্রেত। তবে আবার প্রথিবীতে পাপ আসিল কোথা হইতে? খ্রীন্টানের পক্ষে এ তত্ত্বের মীমাংসা বড় কর্তকর, কিন্তু হিন্দার পক্ষে তাহা সহজ। হিন্দুর মতে ইশ্বরই জগং। তিনি নিজে স্বদ্ধেশ, পাপপানুদ্যের অভীত। আমারা যাহাকে স্বদ্ধেশ বলি, তাহা তাঁহার কাছে স্বদ্ধেশ নহে, আমারা যাহাকে পাপপান্য বলি, তাহা তাঁহার কাছে স্বদ্ধেশ নহে, আমারা যাহাকে পাপপান্য বলি, তাহা তাঁহার কাছে পাপপান্য নহে। তিনি লালার জন্য এই জগংস্ছি করিয়াছেন। জগং তাঁহা হইতে ভিলেনতে—তাঁহার অংশ। তিনি আপনার সন্তাকে অবিদ্যার আব্ত করাতেই উহা স্বদ্ধেশ পাপশা প্রাের আধার হইয়াছে। অতএব স্বদ্ধেশ পাপশা তাঁহারই মায়াজনিত। তাঁহা হইতেই স্ব্দুর্থ ও পাপপান্য। দ্বেখ যে পাই, তাঁহার মায়া; পাপ বে করি, তাঁহার মায়া। বিক্সারালে কবি কৃষ্ণাভিত কালির সপের মুখে এই কথা দিয়াছেন,—

যথাহং ভবতা স্টো জাত্যা র্পেণ চেশ্বর। স্বভাবেন চ সংযুক্তপ্রথেদং চেণ্টিতং মম॥

অর্থাং "তুমি আমাকে সপজাতীয় করিয়াছ, তাই আমি হিংসা করি।" প্রহ্মাদ বিষ্কার শুব করিবার সময় বলিতেছেন,

বিদ্যাবিদ্যে ভবান সত্যমসত্যং হং বিষামতে ৷*

কৃষ্ণেক্ত এই সত্যতত্ত্ব নিশ্লেষি এবং মনুষ্যাধারণের অবলন্দনীয় কি না, তাহা আমি এক্ষণে বলিতে প্রস্তুত নহি। তবে কৃষ্ণচরির ব্যাইবার জন্য উহা পরিক্ষ্ণট করিতে আমি বাধ্য। কিন্তু ইহাও বলিতে আমি বাধ্য যে, পাশ্চান্তোরা যে কারণে বলেন যে, সত্য সকল সময়েই সত্য, কোন অবস্থাতেই অপরিহার্যা নহে, তাহার মুলে একটা গ্রন্তর কথা আছে। কথাটা এই যে, ইছাই বলি শর্মা—সত্য যেখানে মনুষ্যের হিতকারী, কেইখানেই ধর্ম্মা আর যেখানে মনুষ্যের হিতকারী, কেইখানেই ধর্ম্মা আর যেখানে মনুষ্যের হিতকারী নর, সেখানে অধর্মা, ইহাই বলি ধর্মা হয়, তাহা হইলে মনুষ্যজীবন এবং মনুষ্যান্ত্রমাজ অতিলয় বিশ্বখন ইইয়া পড়ে,—যে লোকহিত তোমার উদ্দেশ্য, তাহা ভূবিয়া বায়। অবস্থাবিশের উপন্তিত হইলে, সত্য অবজন্মনীর বা মিখ্যা অবলন্দনীয়, এ কথার মীমাংসা কের্মারে? বে সে মীমাংসা করিবে। যে সে মীমাংসা করিতে বসিলে, মীমাংসা ক্ষার বিশ্বমানুমাদিত হইতে পারে না। শিক্ষা, জ্ঞান, বৃদ্ধি অনেকেরই অতি সামান্য; কাহারও সম্পর্যান্ত নেহে। বিচারশক্তি অধিকাংশেরই আদো অলপ, তার উপর ইন্দিরের বেগ, দ্বেহ মমতার বেগ, ভর, লোভ, মোহ, ইত্যাদির প্রকোণ। সত্য নিতাপালনীয়, এর্প ধর্ম্মব্যক্তা না থাকিলে, মনুষ্যজাতি সত্যশন্য হইবারই সন্তাবনা।

প্রচান হিন্দু খবিরা বে তাহা ব্ঝিতেন না, এমত নহে। ব্ঝিরাই তাঁহারা বিশেষ করিয়া বিধান করিয়া দিরাছেন, কোন্ কোন্ সমরে মিথাা বলা যাইতে পারে। প্রাণাতারে ইত্যাদি সেই বিধি আমরা উদ্ধৃত করিয়াছি। মন্, গোঁতম প্রভৃতি খবিদিগেরও মতও সেই প্রকার। তাঁহারা যে করটি বিশেষ বিধি বালরাছেন, তাহা ধর্ম্মান্মত কি না, তাহার বিচারে আমার প্ররোজন নছে। কৃষ্ণবিভত সত্যক্তরু পরিস্ফুট করাই আমার উল্লেখ্য। কৃষ্ণও আধ্নিক ইউরোপীর-দিগের নাার ব্ঝিরাছিলেন বে, বিশেষ বিধি ব্যতীত, এই সাধারণ বিধি কর্মো পরিশত করা, সামারণ লোকের পক্ষে অতি দূর্হ। কিন্তু তাঁহার বিবেচনার প্রাণ্যতারে প্রভৃতি করেকটি বিশেষ অবস্থা নিম্পেশ করিলেই লোককে ধর্ম্মান্মত সত্যাচরণ ব্ঝান যার না। জিনি তথপারিবর্তে কি জন্য, এবং কির্প অবস্থার সাধারণ বিধি উল্লেখন করা উচিত, ভাহাই বলিতেছেন। আমরা তাহা স্প্টীকত করিতেছি।

ন্ধান, তপ, শোচ, আর্জব, সন্ত্য প্রভৃতি অনেকগানি কার্য্যকে ধন্ম বলা যায়। ইহার সকল-গানিই সাধানণতঃ ধন্ম, আবার সকলগানিই অবস্থাবিশেষে অধন্ম। জান্পান্ত প্রয়োগ রা বাবহারেই অধন্ম। দান সন্বছে উদাহরৰ প্রয়োগ প্রেক বলিতেছেন, "সমর্থ হইলেও চৌরানিক্রে ধন দান করা কদাপি কর্ত্তব্য নহে। পাশাঝাদিগকে ধন দান করিলে অধন্দান্তল নিবন্ধন দাভারও নিভাত নিপীড়িত হইতে হয়।" মত্য সন্বন্ধেও সেইর্প। প্রীকৃষ্ণ তাহার যে দ্ইটি উদাহরুশ দিরাছেন, তাহার একটি উপরে উদ্ধৃত করিয়াছি, আর একটি এই: ে "বে ছিলে মিথ্যা লপথ বারাও চৌরসংসর্গ হইতে মৃত্তি লাভ হয়, সে ছলে মিথ্যা বাৰ্চ্য প্রয়োগ করাই প্রেয়া। সে মিথ্যা নিশ্চয়ই সতাদ্বরূপ হয়।"

ইহা ভিন্ন প্রচলিত ধর্মশালা হইতে প্রালাতারে বিবাহে ইত্যাদি কথা প্নের্ক্ত হইরাছে। কৃষ্ণকথিত সভাতত এইর্প। ইহার স্থল তাংপর্যা এইর্প ব্ঝা গেল যে,

১। যাহা ধন্মনি,মোদিত, তাহাই সতা, যাহা ধন্মবির,দ্ধ, তাহা অসতা।

২। মাহাতে লোকের হিত, তাহাই ধর্ম্ম।

৩। অতএব যাহাতে লোকের হিত, তাহাই সত্য। যাহা তদ্বির্দ্ধ, তাহা অসত্য।

৪। এইরূপ সত্য সর্বাদা সর্বাস্থানে প্রযোক্তব্য।

কৃষণ্ডক বলিতে পারেন যে, ইহার অপেক্ষা উৎকৃষ্ট সতাতত্ত্ব কোথাও কথিত হইয়াছে, এমন যদি দেখাইতে পার, তবে আমরা কৃষ্ণের মত পরিত্যাগ করিতে প্রস্তুত আছি। বদি তাহা না পার,

তবে ইহাই আদর্শ মন, ষ্যোচিত বলিয়া স্বীকার কর।

উপসংহারে আমার ইহাও বক্তব্য যে, যন্দ্রারা লোকরক্ষা বা লোকহিত সাধিত হয়, ডাহাই ধন্ম, আমারা বদি ভক্তি সহকারে এই ক্ষেণান্তি হিন্দুধন্মের মূলদ্বরূপ গ্রহণ করিতে পারি, তাহা হইলে হিন্দুধন্মের ও হিন্দুজাতির উপ্রতির আর বিলম্ব থাকে না। তাহা হইলে, যে উপধন্মের ভদ্মরাশিমধ্যে, পবিত্র এবং জগতে অতুলা হিন্দুধন্ম প্রোথিত হইয়া আছে, তাহা অনলপকালে কোথায় উড়িয়া য়ায়। তাহা হইলে শান্দ্রের দোহাই দিয়া কুলিয়া, অনর্থক সামর্থাবায় ও নিক্ষল কালাতিপাত, দেশ হইতে দ্রীভূত হইয়া সংকদ্ম ও সদন্দ্র্যানে হিন্দুন্দমাজ প্রভাবিত হইয়া উঠে। তাহা হইলে ভন্ডামি, জাতি মারামারি, পরদ্পরের বিশ্বেষ ও অনিউচেন্টা আর থাকে না। আমরা মহতী কৃষ্ণক্রিথতা নাতি পরিত্যাগ করিয়া, শ্লেপাণি ও রঘ্ননন্দনের পদানত—লোকহিত পরিত্যাগ করিয়া তিথিতত্ত্ব মলমাসতত্ত্ব প্রভৃতি আটাইশ তত্ত্বের কচকচিতে মন্দ্রম্যা। আমাদের জাতীয় উপ্রতি হইবে ত কোন্ জাতি অধঃপাতে যাইবে? বাদ এখনও আমাদের ভাগ্যোদয় হয়, তবে আমরা সমস্ত হিন্দু একতিত হইয়া, নমো ভগবতে বাস্বুদেবায় বলিয়া কৃষ্ণপাদপন্ম প্রণাম করিয়া, তদ্পদিন্ট এই লোকহিতাত্বক ধন্ম গ্রহণ করিব।* ভাহা ছইলে নিশ্চিতই আমারা জাতীয় উপ্রতি সাথিত করিতে পারিব।

मध्य भारतक्ष-कर्णवय

অন্তর্ন ক্রের কথা ব্রিপলেন, কিন্তু অন্তর্ন ক্রিয়ে প্রতিজ্ঞা রক্ষা করিবার জন্য ব্যাকুল। অতএব বাহাতে দুই দিক্ রক্ষা হয়, কৃষ্ঠে তাহার উপায় অবধারণ করিতে বলিলেন।

কৃষ্ণ বলিলেন, অপমান মাননীয় ব্যক্তির মৃত্যুস্বর্প। তুমি ব্যধিতিরকৈ অপমানস্কৃত্ব একটা কথা বল তাহা হইলেই তাঁহাকে বধ করার তুল্য হইবে। অর্ল্জন্ন তখন ব্যবিতিরকে অপমানস্কৃত্ব বাক্যে ভংগিত করিলেন। কিন্তু কুক্তকে আবার এক বিপদে ফেলিলেন। বলিলেন, আমি জ্যেন্ড প্রাতাকে অপমানিত করিরা গ্রুত্ব পাপ করিরাছি, অতএব আত্মহত্যা করিব। এই বলিয়া আবার অসি নিক্ষোবিত করিলেন। কৃষ্ণ তাঁহারও মৃত্যুর সোজা বাবস্থা করিলেন। ক্রিলেনেন, আত্মপ্রায়া সক্জনের মৃত্যুক্তর্প। কথাটা কিছুমান্ত অন্যায় নহে। অর্ল্জন্ন তখন অনেক্ষ্ আত্মপ্রায়া করিলেন। তখন সব সোজা মিটিয়া সেল।

কৃষ্ণ, অর্চ্জবুনের সার্রাধ, কিন্তু যেমন অর্চ্জবুনের অশ্বের যন্তা, তেমনি এখন স্বন্ধং আর্চ্জবুনেরও নির্তা। কখনও অর্চজবুনের আজ্ঞার কৃষ্ণ রথ চালান, কখনও কৃষ্ণের আজ্ঞার

आपर्क म हरमा । এখন कृष्क, व्यक्त नारक कर्ण वर्ष निवास कविरामन ।

্ এই কর্ণবিধ মহাভারতের একটি প্রধান ঘটনা। বহুকাল হইতে ইহার স্ত্রগাত হইরা
আনিক্ষেত্র। কর্ণতি অর্জন্তির প্রতিবোদ্ধা। ভীমার্জন্ত্র নকুল সহদেব চারি জনে ব্বিশিক্তরের
জন্য ,ক্ষিণবজর করিরাছিলেন, কর্ণ একাই দুবেনার জন্য দিশিবজর করিরাছিল। অর্জন্তর
ক্রেনের শিবা কর্ণদেশিস্বর সরল্বাহারের লিবা। অর্জন্তনর বেমন গাণ্ডীব ধন্দ হিন্দ, কর্ণের

[.]काक दानवारमञ्जू कृष्या देशका पर्रानन-कृष्टका कथा कात्रकार्य पर्रानाम ना ?

ভদপেকা উৎকৃষ্ট বিজয় ধন্ ছিল। অভর্নের কৃষ্ণ সার্রাধ, মহাবীর শল্য কর্গের সার্রাধ, উভরে অনেক দিব্যান্দে শিক্ষিত। উভয়েই প্রকৃপরের বধের জন্য বহুদিন হইতে প্রতিজ্ঞাত। অভ্যুদ্ধ ভীষ্মদ্রেশবধে কিছ্মান্ত ষত্মশীল ছিলেন না, কর্শবধে তাহার দৃঢ় যত্ন। কৃষ্টী যথন কর্শকে কর্ণের জন্মব্তান্ত অবগত করিয়া, তাঁহার নিকট আর পাঁচটি প্রের প্রাণ ভিক্ষা চাছিলেন, তথন কর্ণ যুধিন্ঠির ভীম নকুল সহদেবের প্রাণ ভিক্ষা মাতাকে দিয়াছিলেন, কিন্তু কিছুতেই অভ্যুনের প্রাণ ভিক্ষা দিলেন না। তাহাকে বধ করিবেন না হয় তাঁহার হস্তে নিহত হইবেন, ইহা নিশ্চিত জানাইলেন।

সেই মহাযাকে অদ্য অর্জনিক কৃষ্ণ লাইয়া যাইলেন। ইহারই জন্য কৃষ্ণ অর্জনিক বৃধিতিরেব শিবিরে লাইয়া আসিয়াছিলেন। ভীম অর্জনিকে বৃধিতিরের সন্ধানে বাইতে বালায়াছিলেন বটে, কিন্তু রণ শেষ না করিয়া অর্জনিরে আসিতে ইচ্ছা ছিল না। কৃষ্ণ জিদ করিয়া তাঁহাকে লাইয়া আসিয়াছিলেন। ইহাই তাঁহার আভিপ্রেত যে কর্ণ করাগাত বৃদ্ধ করিয়া পরিপ্রান্ত হউন, অর্জনির অতক্ষণ বিশ্রাম লাভ করিষা প্রশুজন্বী হউন। এক্ষণে যুদ্ধে লাইয়া যাইবার সমযে আরও অর্জনির তেজোবৃদ্ধি জন্য অর্জনিনে বারজের প্রশংসা করিলেন, এবং তাঁহার প্রকৃত অতিদন্ধির কার্য্য সকল স্মরণ করাইয়া দিলেন। প্রোপদীর অপমান, অভিমান, ব বন্যাযাযাক্ষ হত্যা প্রভৃতি কর্ণকৃত পাশ্ডবপীড়ন বৃত্তান্ত সকল স্মরণ করাইয়া দিলেন। এই বক্ততার মধ্য হইতে কোন অংশ উদ্ধৃত করিবার প্রয়োজন নাই। কেবল ইহাই বক্তব্য, কৃষ্ণ বলিতেছেন, "প্রের্ব বিশ্বন যেমন দানবগণকে বিনাশ করিয়াছিলেন." "প্রের্ব দানবগণ বিশ্বন কর্ত্তক নিহত হইলে" ইত্যাদি বাক্যে বৃত্তিতে পারি যে কৃষ্ণ এখনও আপনাকে বিশ্বর অবতার বলিয়া পরিচ্য দেন না। দেবত্বে কোন অধিকার প্রকাশ করেন না ইহা প্রথম স্থরের একটি লক্ষণ। দ্বিতীয স্তরে, অন্য ভাব।

পরে কর্ণাষ্ট্রনের যুদ্ধ আরম্ভ হইল। তাহার বর্ণনার আমাব প্রযোজন নাই। কথিত হইয়াছে যে কর্পের সর্পবাদ হইতে কৃষ্ণ অন্তর্জনকে রক্ষা কবিষাছিলেন। অন্তর্গুন উহার নিবারশ করিতে পারেন নাই, অতএব কৃষ্ণ পদাঘাতে অন্তর্গুনের রথ ভূমিতে কিণ্ডিত বসাইয়া দিলেন, অন্থাগ জান্ব পাতিয়া পড়িয়া গেল। অন্তর্গুনের মন্তক বাঁচিয়া গেল; কেবল কিরীট কাটা পড়িল। অন্তর্গুন নিজে মন্তক অবনত করিলেও সেই ফল হইত। কথাটা সমালোচনার যোগ্য নহে। তবে ক্ষের সারথার প্রশংসা মহাজারতে প্রনঃ প্রনঃ দেখা যায়।

যুদ্ধের শৈষ ভাগে কর্ণের রথচক্র মাটিতে বসিয়া গোল। কর্ণ তাহা তুলিবাব জন্য মাটিতে নামিলেন। যতক্ষণ রথচকের উদ্ধার না করেন, ততক্ষণ জন্য অর্জ্জানের কাছে তিনি ক্ষমা প্রার্থনা করিলেন। অর্জ্জান্ত ক্ষমা করিরাছিলেন দেখা যাইতেছে, কেন না, কর্ণ তাহার পর আবার রখে উঠিয়া পূর্ববিং যুদ্ধ করিতে লাগিলেন। কিন্তু কর্ণের দূর্ভাগ্য যে, ক্ষমা প্রার্থনাকালে তিনি অর্জ্জানকে এমন কথা বলিয়াছিলেন যে, ধন্মতঃ তিনি ঐ সম্যের জন্য কর্ণকে ক্ষমা করিতে বাধ্য: ক্ষম অধন্মের শাস্তা। তিনি কর্ণকে তখন বলিলেন.

"হে স্তপত্র ! তুমি ভাগালেমে একণে ধন্ম কারণ করিতেছ । নীচাশারেরা দৃঃধে নিমাম হইরা প্রায়ই দৈবকে নিন্দা করিয়া থাকে; আপনাদিগের দৃন্কদেমর প্রতি কিছুতেই দৃণ্ডিপাত করে না। দেখ, দুর্বোধন, দৃঃশাসন ও শকুনি তোমার মতান্সাবে এককলা দ্রোপদীরে বৈ সভায় আনরন করিয়াছিল, তখন তোমার ধন্ম কোথায় ছিল ? বখন দৃণ্ট শকুনি দ্রাভিসন্ধিন পরতক্র হইয়া ভোমার অন্মোদনে অক্ষরণীড়ার নিতান্ত অনভিক্ত রাজা বৃধিন্টিরকে পরাজ্য করিয়াছিল, তখন তোমার ধন্ম কোথায় ছিল ? বখন রাজা দৃর্বোধন তোমার মতান্বারী ইইয়া ভীমসেনকে বিষাল্ল ভোজন করাইয়াছিল, তখন তোমার ধন্ম কোথায় ছিল ? বখন ভূমি বারশাবত নগরে জতুগৃহমধ্যে প্রস্নান্ত পান্ডবগশকে দদ্ধ করিবার নিমিত্ত অন্নিপ্রদান করিয়াছিলে, তখন তোমার ধন্ম কোথায় ছিল ? বখন তুমি সভামধ্যে দৃঃশাসনের বশীভূতা রক্ত্রন্তা দ্রোপদীরে, ছে কৃষ্ণে গান্ডবগশ বিলন্ধ ইইয়া শান্ধত নরকে গমন করিয়াছে, একলে ভূমি অলা গতিরে বরুল কর এই কথা বলিয়া উপহাস করিয়াছিলে এবং অনার্য ব্যক্তিরা তাঁহারে নির্দ্ধার্মমে ক্রেশ প্রদান করিলে উপেকা করিয়াছিলে, তখন তোমার ধন্ম কোথায় ছিল ? বখন ভূমি রাজ্যলোতে শকুনিকে আপ্রমণ্ত্রিক পান্ডবগশকে দৃয়তকীড়া করিবার নিমিত্ত আপ্রয়েশ করিয়াছিলে, তখন তোমার মহার্হণাল-সমবেত হইয়া বালক করিয়াছিলে, তখন তোমার মহারহণাল-সমবেত হইয়া বালক

অভিমন্তে পরিবেটন প্রেক বিনাশ করিরছিলে তখন ভোমার ধন্ম কোধার ছিল? তে কর্প! তুমি বখন তত্তংকালে অধন্মনিন্টান করিরছে তখন আর এ সময় ধন্ম ধন্ম করিরা তালনেশ শন্ত করিলে কি হইবে? তুমি যে এখন ধন্মপরায়ণ হইলেও জীবন সত্তে মাজিলাভ করিতে সমর্থ হইবে, ইহা কদাচ মনে করিও না। প্রেব নিষধদেশাধিপতি নল যেমন প্রকর দারা দ্যুতকীভার পরাজিত হইরা প্রারা রাজ্য লাভ করিরাছিলেন, তদুপ ধন্মপরায়ণ পাশ্ডবগণও ভুজবলে সোমদিগের সহিত শত্রগণকে বিনাশ করতঃ রাজালাভ করিবেন। ধৃতরাল্পত তারসাগ অবশাই ধন্মসংরক্ষিত পাশ্ডবগণের হত্তে নিহত হইবে।"

কৃষ্ণের কথা শর্নারা কর্ণ লক্জার মন্তক অবনত করিলেন। তার পর প্রথমত যুদ্ধ করিরা,

অৰ্জ্জনবাণে নিহত হইলেন।

अन्छेम भित्रक्षम-मृत्याधनवध

কর্ণ মরিলে, দুর্ব্যোধন শল্যকে সেনাপতি করিলেন। প্র্বেদিনের যুদ্ধে যুথিপ্তির ক্ষান্তর হইয়া কাপ্র্র্বতা-কলঙ্ক সংগ্রহ করিয়াছিলেন। এ কলঙ্ক অপনীত করা নিতান্ত আবশাক। সম্বেদশী কৃষ্ণ আজিকার প্রধান যুদ্ধে তাঁহাকে নিযুক্ত করিলেন। তিনিও সাহস করিয়া শল্যের সহিত যুদ্ধ করিয়া তাঁহাকে বধ করিলেন।

সেই দিন সমস্ত কোরবলৈন্য পাশ্ডবগণ কর্তৃক নিহত হইল। দুই জন ব্যহ্মণ, কৃপ ও অশ্বত্থামা, যদুবংশীয় কৃতবন্দ্র্যা এবং স্বয়ং দুযোধন, এই চারি জন মাত্র জীবিত রহিলেন। দুর্যোধন পলাইয়া গিয়া দ্বৈপায়ন হুদে ডুবিয়া রহিল। পাশ্ডবগণ খ্রিজয়া সেখানে তাহাকে

धीतन। किन्दु विना युक्त ठाशाक भारतन ना।

য্বিধিষ্ঠিরের চিরকাল স্থ্লব্দি সেই স্থ্লব্দির জনাই পাণ্ডবাদগের এত কল্ট। তিনি এই সময়ে সেই অপা্বর্শ ব্দির বিকাশ করিলেন। তিনি দ্বের্যাধনকে বলিলেন "তৃমি অভীষ্ট আয়্বর গ্রহণপূর্ব্বক আমাদের মধ্যে যে কোন বীরের সহিত সমাগত হইয়া যুদ্ধ কর। আমার সকলে রণস্থলে অবস্থানপূর্বক যুদ্ধরাপাব নিরীক্ষণ করিব। আমি কহিতেছি যে, তৃমি আমাদের মধ্যে একজনকে বিনাশ করিতে পারিলেই সম্দায় রাজ্য তোমার হইবে।" দ্বের্যাধন বিললেন, আমি গদাযুদ্ধ করিব। কৃষ্ণ জানিতেন, গদাযুদ্ধ ভীম ব্যতীত কোন পাণ্ডবই দ্বের্যাধনের সমকক্ষ নহে। দ্বের্যাধন অন্য কোন পাণ্ডবাক ব্রেদ্ধ আহত করিলে, পাণ্ডবাদগের আবার ভিক্ষাব্রি অবলম্বন করিতে হইবে। কেহ কিছু বিললেন না. সকলেই বলদান্তঃ য্রিষিষ্ঠরকে ভর্ণসনার ভার কৃষ্ণই গ্রহণ করিলেন। সেই কার্য্য তিনি বিশিণ্ট প্রকারে নির্বাহ্য করিলেন।

দুর্য্যোধনও অতিশয় বলদ,পু. সেই দপে ব্রিধিন্ঠিরের ব্রন্ধির দোষ সংশোধন হ**ইল।** দুর্য্যোধন বলিলেন, যাহার ইচ্ছা হয়, আমার সঙ্গে গদায**়**দ্ধে প্রবৃত্ত হও। সকলকেই বধ করিব।

তথন ভীমই গদা লইয়া যুদ্ধে অগ্রসর হইলেন।

এখানে আবার মহাভারতের সূরে বদল। আঠার দিন যুদ্ধ হইরাছে, ভীম দুর্বে ধানেই সন্ধানিই স্থানিই বৃদ্ধ হইরাছে গদাযুদ্ধও অনেক বার হইরাছে, এবং বরাবরই দুর্বে গ্রাধনই গদাযুদ্ধে ভীমের নিকট পরাভব প্রাপ্ত হইরাছে। কিন্তু আজ সূর উঠিল যে, ভীম গদাযুদ্ধে দুর্বে গ্রাধনের তুলা নহে। আজ ভীম পরাভ্তপ্রার। আসল কথাটা ভীমের সেই দারুণ প্রতিজ্ঞা। সভাপন্থে যথন দুগ্তক্রীড়ার পর, দুর্বে গ্রাধন দ্রোপদীকে জিতিয়া লইল, যখন দুংগাসন একবন্দ্রা রক্তবলা দ্রোপদীকে জিতিয়া লইল, যখন দুংগাসন একবন্দ্রা রক্তবলা দ্রোপদীকে কেশাকর্ষণ করিয়া সভামধ্যে আনিয়া বিবন্দ্রা করিতেছিলেন, তখন ভীম প্রতিজ্ঞা কারয়াছেলেন যে, আমি দুংগাসনকে বধ করিয়া ভাহার বুক চিরিয়া রক্ত থাইব। ভীম মহাদম্পানতুলা বিকট রগছলে দুংগাসনকে নিহত করিয়া রাক্তসের মত তাহার তপ্ত শোলিত শান করিয়া, রক্তলকে ডাকিয়া বলিয়াছিলেন, আমি অমৃত পান করিলাম। দুর্বে গ্রাধন সেই সজ্ঞামধ্যে "হাসিতে হাসিতে ঘ্রোপদীর প্রতি দৃষ্টিপাত করক্ত বসন উর্বোলনপার্থক সম্পাদ্ধের বজ্লভুলা দৃঢ় কদলীদভ ও করিলানুভের ন্যার দ্বীয় মধ্য উর্বু ভাহাকে দেখাইলেন হ'ল তথন ভীম প্রতিজ্ঞা করিয়াছিলেন, আমি মহাবুদ্ধে গদানতে ঐ উর্বু ভারতি দেখাইলেন হ'ল তথন ভীম প্রতিজ্ঞা করিয়াছিলেন, আমি মহাবুদ্ধে গদানতে ঐ উর্বু ভারতি বিধার করি, তবে জামি বেন লয়কে বাই।

আজি সেই উর্ন্ গদাবাতে ছাজিতে হইবে। কিন্তু একটা ভাহার বিশেষ প্রতিবাদক— গদাব্বের নিয়ম এই বে, নাভির অধ্য গদাবাত করিতে নাই—ভাহা হইবে অন্যার বৃদ্ধ করা হর। ন্যায়ব্বেরে ভীম দূর্বেগ্যধনকে মারিতে গারিলেও, প্রতিজ্ঞা রক্ষা হইবে না।

্বে জ্বেন্ডভাতপন্তের হাদরর্থের পান করিয়া নৃত্য করিয়াছে, সে রাক্ষসের কাছে মাধার গদাঘাত ও উর্তে গদাঘাতে তফাং কি? বে ব্কোদর দ্রোণভরে মিধ্যাপ্রবঞ্চনার সমরে প্রধান উদ্যোগী বলিয়া চিন্নিত হইয়াছেন, তিনি উর্তে গদাঘাতের জন্য অন্যের উপদেশসাপেক হইতে পারেন না। কিন্তু সের্প কিছ্র হইল না। ভীম উর্ভেকের প্রতিজ্ঞা ভূলিয়া গেলেন। বালয়াছ, বিতীয় ভরের কবি (এখানে তাঁহারই হাত দেখা যায়) চরিত্রের স্মুস্পতি রক্ষণে সম্পূর্ণ অমনোযোগী। তিনি এখানে ভীমের চরিত্রের কিছ্মান্ন স্মুস্পতি রাখিলেন না; অক্র্রেনেরও নহে। ভীম ভূলিয়া গেলেন যে, উর্ভেক করিতে হইবে; আর যে পরমধান্মিক অক্র্রেন, দ্রোণবধের সময়, তাঁহার অক্রগ্রের, ধন্মের আচার্য্য, সথা এবং পরমশ্রদ্ধার পার কৃষ্ণের কথাতেও মিধ্যা বলিতে স্বীকৃত হয়েন নাই, তিনি এক্ষণে স্বেছান্তমে অন্যায়যুক্ষে ভীমকে প্রবিভিত্ত করিলেন। কিন্তু কথাটা কৃষ্ণ হইতে উৎপল্ল না হইলে, কবির উদ্দেশ্য সক্ষল হয় না। অতথব কথাটা এই প্রকারে উঠিল—

অন্ধর্ম ভীম-দ্র্য্যাধনের যুদ্ধ দেখিয়া কৃষ্ণকে জিজ্ঞাসা করিলেন যে, ইহাদিগের মধ্যে গদায়ন্ত্রে কে শ্রেণ্ঠ। কৃষ্ণ বলিলেন, ভ্রামের বল বেশী, কিন্তু দ্বর্য্যাধনের গদায়ন্ত্রে যত্ন ও নৈপ্রশ্য অধিক। বিশেষ যাহারা প্রথমতঃ প্রাণভরে পলায়ন করিয়া প্রনরায় সমরে শন্ত্রগণের সম্ম্বান হয়, তাহাদিগকে জীবিতানরপেক্ষ ও একাগ্রচিত্ত বলিয়া বিবেচনা করিতে হইবে। স্ক্রীবিতাশানিরপেক্ষ হইয়া সাহস সহকারে যুদ্ধ করিলে, সংগ্রামে সে বীরকে কেহই পরাভব করিতে পারে না। অতএব যদি ভীম দ্বর্য্যাধনকে অন্যায়য়ন্ত্রে সংহার না করেন, তবে দ্বর্য্যাধন জয়ী হইয়া যুধিন্ঠিরের কথামত প্রনর্থার রাজ্যলাভ করিবে।

ক্ষের এইরপে কথা শ্নিয়া অভ্যান "দ্বীয় বাম জানু আঘাত করতঃ ভীমকে সংক্ত ক্রিলেন।" তার পর ভীম দুর্যোধনের উর্ভেঙ্গ ক্রিয়া তাহাকে নিপাতিত ক্রিলেন।

বেমন ন্যায় ঈশ্বরপ্রেরিত, অন্যায়ও তেমনি ঈশ্বরপ্রেরিত। ইহাই এখানে দ্বিতীর স্তরের কবির উল্লেখ্য।

যুদ্ধকলে দর্শকমধ্যে, বলরাম উপন্থিত ছিলেন। ভীম ও দুর্য্যোধন উভয়েই গদাবনুদ্ধে তাহার শিব্য। কিন্তু দুর্য্যোধনই প্রিয়তর। রেবতীবল্পত সর্ব্যাধন তাহার পিব্য। কিন্তু দুর্ব্যাধনই প্রিয়তর। রেবতীবল্পত সর্ব্যাধন কর্মিন প্রক্ষপাতী। এক্ষণে দুর্ব্যাধন, ভীম কর্মুক অন্যায়যুদ্ধে নিপাতিত দেখিয়া, অতিশয় কুদ্ধ হইয়া, লাক্ষল উঠাইয়া তিনি ভীমের প্রতি ধাবমান হইলেন। বলা বাহুল্য যে, বলরামের স্কদ্ধে সর্ব্বদাই লাক্ষল, এই জন্য তাহার নাম হলধর। কেন তাহার এ বিড়ন্বনা, যদি কেহ এ কথা জিল্লাসা করেন, তবে তাহার কিছু উত্তর দিতে পারিব না। যাই হউক, কৃষ্ণ বলরামকে অনুনর বিনয় করিয়া কেনের্পে শান্ত করিতে চেন্টা করিলেন। বলরাম কৃক্ষের কথায় সন্তুন্ট হইলেন না। রাগ করিয়া বেনা তাগা করিয়া চালয়া গেলেন।

ছার পর একটা বীভংস ব্যাপার উপস্থিত হইল। ভীম, নিপাতিত দুর্শ্বোধনের মাধার পদাবাত করিতেছিলেন। যুখিন্টির নিবারণ করিয়াছিলেন, কিন্তু ভীম তাহা শুনেন নাই। ক্ষা তাইাকে এই কদর্য আচরণে নিব্তু দেখিরা তাঁহাকে নিবারণ না করার জন্য ঘ্রিভিরকৈ তিরক্ষার করিলেন। এদিকে, পাশ্ভবপক্ষীর বীরগণ দুর্ব্যাধনের নিপাত জন্য ভীমের বিশ্বর প্রশাস্ত্র প্রদাব্দা ও দুর্ব্যাধনের প্রতি কুট্নিক্ত করিতে লাগিলেন। কৃষ্ণ তাহাতে বিরক্ত হইয়া বলিলেন,

"মৃতকল্প শহরে প্রতি কট্রোক্য প্রয়োগ করা কর্ত্রা নহে।"

কৃকের এই সকল কথা কৃষ্ণের ন্যার আদর্শ প্রেবের উচিত। কিন্তু ইহার পর বাহা প্রক্রমধ্যে পাই; তাহা অতিশয় আশ্চর্য্য ব্যাপার।

প্রথম আশ্চর্য্য ব্যাপার এই বে, কৃষ্ণ অন্যকে বলিলেন "মৃতকল্প শহরে প্রতি কট্রাক্য প্রয়োল করা কর্ত্তব্য নহে।" কিন্তু ইহা বলিয়াই নিজে দূর্ব্যোধনকে কট্ডি কলিডে লাগিলেন। দূর্বেস্থনের উত্তর দিতীয় আশ্চর্য্য ব্যাশার। দূর্ব্যোধন তথনও মরেন নাই, ভয়োর, হইরা

श्रीकृतिहरून। धकरण कृष्कव कर्दे कि ग्रानिता र्यालाख नामिरानन

"হে কংসদাসতনর! ধনজয় তোমার বাক্যান্সারে ব্কোদরকে আমার উর্ ভঞ্জ করিছে '

বৃদ্ধত করতে ভামসেন অধর্ম হরে আমাবে নিপাতিত করিরাছে, ইহাতে ভূমি ক্লিক্ট ইইতেছ না। তোমার অন্যার উপার দ্বাবাই প্রতিদিন ধন্মহাকে প্রবৃত্ত সহস্র নরপতি নিহত হইরাছেন। ভূমি শিশুভারে অগ্রসব করিয়া পিতামহকে নিপাতিত করিরাছ। আধ্যামা নামে গজ নিহত হইলে ভূমি কোশলেই আচার্যাকে অন্যান্য পরিত্যাগ করাইরাছিলে এবং সেই অবসরে দ্রাত্মা ধৃত্দাদুন্দ সমক্ষে আচার্যাকে নিহত করিতে উদ্যত ইইলে তাহাকে নিক্ষে কর নাই। কর্ণ অন্তর্মানের বিনাশার্থ বহুদিন অতি যত্মসহকারে বে শক্তি রাখিয়াছিলেন, ভূমি কোশলচনে সেই শক্তি ঘটোৎকচের উপর নিক্ষেপ করাইয়া বার্থ করাইয়াছ। সাজাকি তোমারই প্রবর্জনাপ্রতন্ম ইইয়া ছিল্লহন্ত প্রাবোগবিণ্ট ভূবিশ্রবাবে নিহত করিয়াছিলেন শ্ব মহাবার কর্ণ অন্তর্মান্তরের ব্যচক ভূগতে প্রবিক্তা ও তিনি চক্রোদ্ধানের নিমিত্ত বাহুসমন্ত ইইলে ভূমি কৌশলচনে তাহার সপ্রাবা বার্থ কবিরাছ। শাক্তি পরিশোবে স্তৃত্যুরের ব্যচক ভূগতে প্রবিক্তা ও তিনি চক্রোদ্ধানের নিমিত্ত বাহুসমন্ত হইলে ভূমি কৌশলকনে অন্তর্মান ক্রাবা তাহার বিনাশ সাধনে কৃতকার্য্য ইইয়াছ। পাক্তির তোমার ভূলা পাপান্ধা, নিশ্বর ও নির্বাহ্ত আর কে আছে? দেখ তোমার যদি ভাত্ম, দ্রোণ কর্ণ ও আমার সহিত ন্যায্যুক্ত করিতে, তাহা হইলে কদাপি জন্মলাতে সমর্থ হইতে না। তোমার অনার্য্য উপার প্রভাবেই আমবা স্বধন্মনিক্তাত পার্থিবগণেষ সহিত নিহত হইলাম।"

এই বাক্যপবন্দপবা সন্বন্ধে আমি যে কষেকটি ফ্টনোট দিলাম পাঠকের তংপ্রতি মনোঝোশ করিতে হইবে। বাকাগ্নলি সন্পূর্ণ মিথ্যা। এব্প সুন্পূর্ণ মিথ্যা তিককাব মহাভারতে ক্ষার

কোথাও নাই। তাই বলিতেছিলাম যে দুর্য্যোধনেব উত্তর আশ্চর্যা।

তৃতীয় আশ্চর্য্য ব্যাপাব এই বে কৃষ্ণ ইহার উত্তব করিলেন। প্রের্থ দেখিয়াছি তিনি গঙীরপ্রকৃতি ও ক্ষমাশীল, কাহার কৃত তিবস্কারের উত্তর করেন না। সভামধ্যে শিশ্বালকৃত অসহ্য নিন্দাবাদ বিনাবাকাব্যরে সহ্য করিয়াছিলেন। বিশেষ, দ্বের্যাধন এখন মুম্ব্র ভাছার কথাব উত্তরেব কোন প্রযোজন নাই তাহাকে কোন প্রকারে কট্ছিক করা কৃষ্ণ নিজেই নিন্দানীর বিবেচনা করেন। তথাপি কৃষ্ণ দুর্ব্যোধনকৃত তিরস্কাবের উত্তরও কবিলেন এবং কট্ছিক কবিলেন। উত্তবে দুর্ব্যোধনকৃত পাপাচার সকল বিবৃত করিয়া উপসংহারে বলিলেন, "বিশুর অকার্যের অনুষ্ঠান করিয়াছ। এক্ষণে তাহার ফলভোগ কব।"

উত্তবে দুর্বোধন বলিলেন, 'আমি অধ্যয়ন, বিধিপ্রেবিক দান, সস্থাবা বস্ক্রার শাসন, বিপক্ষাদের মন্তকোপরি অবস্থান, অন্য ভূপালের দ্বেভি দেবভোগ্য স্থসজোগ ও অত্যুৎকৃষ্ট ঐশ্বর্য লাভ করিয়াছি পবিশেষে ধর্ম্মপিবায়ণ ক্রিয়গণেব প্রার্থনীয় সমরম্ভ্যু প্রাপ্ত হইয়াছি। অতএব আমাব তুল্য সোভাগ্যশালী আব কে হইবে? এক্ষণে আমি দ্রাত্বর্গ ও বন্ধ্বাক্ষবগণের সহিত স্বর্গো চলিলাম, তোমরা শোকাকুলিতচিত্ত ম্তকন্প হইবা এই প্থিবীতে অবস্থান কর।"

এই উত্তৰ আশ্চর্য্য নহে। যে সর্ব্বাস্থ পদ করিয়া হারিয়াছে সে যদি দুর্ব্বোধনের মঞ্জ দান্তিক হব, তবে দে যে জয়ী শল্পকে বলিবে আমিই জিতিয়াছি তোমরা হারিয়াছ ইহা আশ্চর্ব্য নহে। দুর্য্বোধন এইবৃপ কথা হলে থাকিয়াও বলিয়াছিল। যুদ্ধে মরিলে যে স্বর্গলাভ হয়, সকল ক্রিয়ই বলিত। উত্তর আশ্চর্ব্য নহে, কিন্তু উত্তরের ফল সর্ব্বাপেকা আশ্চর্ব্য। এই কথা বলিবা মাত্র "আকাশ হইতে স্কুগদ্ধি স্কুশ্বিত জারিল। গদ্ধব্বিত স্কুগদ্ধি হইতে লাগিল। গদ্ধব্বিত স্কুগদ্ধি হারের অশ্যান করিতে আরম্ভ কবিলেন। সিদ্ধাণ তাঁহারে

* এর্প বিকেনা করিবাব কারণ মহাভারতে কোথাও নাই। কোন ভরেই না।

। भद्रात्क वय कांत्राल क्वन निरम्भ कांत्ररान ?

ঃ কুঞ্চ ভঙ্জন্য কোন বছ বা কৌশল করেন নাই। মহাভারতে ইহাই আছে বে কৌরবগঞ্জে অনুরোধানুসারেই কর্শ বটোৎকচের প্রতি পত্তি প্ররোগ করিলেন।

্ব কথাটা সম্পূর্ণ থিখ্যা। এমন কথা মহাভারতে কোথাও নাই। সাত্যকি ভূরিপ্রবাকে নিক্ত করিয়াছিলেন বটে কৃষ্ণ করং ছিমবাহু ভূরিপ্রবাকে নিহত করিতে নিবেধ করিয়াছিলেন।

** সে কৌশল, নিজশনবলে রখচক ভূজোখিত করা। এ উপায় অভি ন্যায়া এবং সার্রখির আন্তর্ভীর রক্ষা।

া কি কৌশল ? মহাভারতে এ সম্বন্ধে কৃষ্ণকৃত কোন কৌশলের কথা নাই। মুক্তে কৃষ্ণকৈ নিহত করিয়াছিলেন, ইহাই আছে। >

[†] कुक देशत विल्ह्रियमार्ग । इंटिंग्स ना। स्थालावरण रकाथा ध्रमन कथा नारे।

সাধ্বাদ প্রদানে প্রবৃত্ত হইলেন। স্বাধ্বাদার স্থাপশ সম্বীরণ মাদ্র মাদ্র সন্ধারিত হইতে লাগিল। দিঙ্মাণ্ডল ও নভাষণ্ডল স্নিক্ষাল হইল। তথন বাস্পেবপ্রম্থ পাণ্ডকাশ সেই হুর্বের্মাধনের সম্মানস্কে অভূত ব্যাপার নিরীক্ষণ করিয়া সাতিশার লজ্জিত হইলেন। এবং ভাহারা ভাষ্ম দ্রোল কর্ণ ভূরিপ্রবারে অধন্মধ্যের বিনাশ করিয়াছেন, এই কথা প্রবশ করিয়া শোক প্রকাশ করিতে লাগিলেন।"

বিনি মহাভারতের সর্ব্ব পাপাত্মার অধম পাপাত্মা বলিয়া বণিতি হইয়াছেন, তাঁহার এর্প অমৃত সম্মান ও সাধুবাদ, আর বাঁহারা সকল ধর্ম্মাত্মার শ্রেষ্ঠ ধর্মাত্মা বার্ণিত হইরাছেন, তহিদের এই অধন্মতিরণ জন্য লব্জা, মহাভারতে আন্চর্য্য। সিদ্ধাণ, অপ্সরাগণ, দেবগণ মিলিয়া প্রকৃতিত করিতেছেন, দুরাত্মা দুর্য্যোধন ধর্মাত্মা, আর কৃষ্ণপাণ্ডব মহাপাপিন্ঠ। ইহা মহাভারতে আশ্চর্যা, কেন না, ইহা সমস্ত মহাভারতের বিরোধী। সিদ্ধগণাদি দুরে থাক, কোন মন্ব্য দারা এর্প সাধ্বাদ মহাভারতে আশ্চর্য্য বলিয়া বিবেচ্য, কেন না, মহাভারতের উদ্দেশ্যই দর্শ্বোখনের অধ্বর্মা ও কৃষ্ণ পাশ্চবদিগের ধর্ম্মা কীর্ত্তন। রসের উপর রসের কথা, তাঁহারা দ্র্রের্যাধন-মূথে শ্রনিলেন যে, তাঁহারা ভীক্ম দ্রোণ, কর্ণ ও ভূরিদ্রবাকে অধর্মযুদ্ধে বধ করিলেন: অর্মান শোক প্রকাশ করিতে লাগিলেন। এত কাল তাহারা কিছু জামিতেন না এখন পরম শহরে মুখে জানিয়া, ভদ্রলোকের মত, শোক প্রকাশ করিতে লাগিলেন। তাঁহারা জানিতেন যে, ভীষ্ম বা কর্ণকে তাঁহারা কোন প্রকার অধর্ম্ম করিয়া মারেন নাই, কিন্তু পরম শন্ত, দুর্য্যোধন বলিতেছে, তোমরা অধন্ম করিয়া মারিয়াছ, কাঞ্চেই তাহাতে অবশ্য বিশ্বাস করিলেন: অমনি শোক প্রকাশ করিতে লাগিলেন। তাঁহারা জানিতেন যে, ভূরিপ্রবাকে তাঁহারা ক্রেই বধ করেন নাই—সাত্যকি করিয়াছিলেন, সাত্যকিকে বরং কৃষ্ণ, অর্চ্জন ও ভীম নিষেধ করিরাছিলেন, তথাপি যখন প্রমশ্র, দুর্য্যোধন বলিতেছে, তোমরাই মারিরাছ, আর তোমরাই অধ্যুষ্টাচরণ করিয়াছ, তখন গোবেচারা পা-ডবেরা অবশ্য বিশ্বাস করিতে বাধ্য যে তাঁহারাই মারিরাছেন, এবং তাঁহারাই অধন্ম করিয়াছেন; কাজেই তাঁহারা ভদুলোকের মত কাঁদিতে আরম্ভ করিলেন। এ ছাই ভঙ্গা মাথাম, শেডর সমালোচনা বিভূষ্যনা মাত্র। তবে এ হতভাগ্য দেশের ালোকের বিশ্বাস যে, যাহা কিছু, প্রিথির ভিতর পাওয়া যায়, তাহাই ঋষিবাক্, অল্লান্ত, শিরোধার্ব্য । কাজেই এ বিভূমনা স্বেচ্ছাপ্তর্মক আমাকে স্বীকার করিতে হইয়াছে।

ি আশ্চর্য্য কথাগালো এখনও শেষ হয় নাই। কৃষ্ণ ত স্বকৃত অধশ্মাচরণ জন্য লজ্জিত হইলেন, আবার সেই সময়ে অত্যস্ত নির্লাজ্জভাবে পান্ডবাদগের কাছে সেই পাপাচরণ জন্য আত্মশ্লাষা করিতে লাগিলেন।*

বলা বাহ্না যে, দ্বের্যাধনকৃত তিরুজনারাদি ব্বান্ত সমস্তই অমোলিক। দ্রোণবধাদি বে জমোলিক, তাহা আমি প্রের্থ প্রমাণীকৃত করিয়াছি। যাহা অমোলিক, তাহার প্রসঙ্গ বে অংশে আছে, তাহাও অবশ্য অমোলিক। কেবল এতট্কু বলা আবশ্যক বে, এখানে দ্বিতীর স্তরের কবিরও লেখনীচিহু দেখা যায় না। এ তৃতীয় স্তরের বলিয়া বোধ কয় যায়। দ্বিতীয় স্তরের কবিরও লেখনীচহু দেখা যায় না। এ তৃতীয় স্তরের বলিয়া বোধ কয় যায়। দ্বিতীয় স্তরের কবি কৃষ্ণভক্ত, এই লেখক কৃষ্ণদেষক। শৈবাদি অবৈষ্ণব বা বৈষ্ণবিষ্কাণও স্থানে স্থানে মহাভারতের কলেবর বাড়াইয়াছেন, তাহা প্রের্থ বিলিয়াছি। তাহারা কেহ এখানে গ্রন্থকার

^{*} বথা, "ভীল্যপ্রমূখ মহারথগাণ ও রাজা দুর্ব্যোধন অসাধারণ সমর্ববিশারদ ছিলেন, তোমরা কদাচ তাঁহাদিগকে ধন্মবিশ্বে পরাজর করিতে সমর্থ হইতে না। আমি কেবল তোমাদের হিতান্তানপরতল্য হইরা অনেক উপায় উভাবন ও মায়াবল প্রকাশপূর্বক তাঁহাদিগকে নিপাতিত করিরাছি। অসমি বদি ঐক্সে কৃটিল ব্যবহার না করিতাম, তাহা হইলে তোমাদিগের জরলাভ, রাজ্যলাভ ও অর্থলাভ কখনই হইত না। দেখ, ভীল্ম প্রভৃতি সেই চারি মহান্দা ভূমন্ডলে অতিরথ বলিয়া প্রথিত আছেন। লোকপালগল সমবেত হইরাও তাঁহাদিগকে ধন্মবিশ্বে নিহত করিতে সমর্থ হইতেন না। জার দেখ, সমরে অপরিপ্রাভ্ত গদাধরী এই দুর্বেমধনকৈ দক্তবারী কৃতান্তও ধন্মবিশ্বেদ্ধ বিনন্ত করিতে পারেন না; অতএব ভীম বে উহারে অসম উপায় অবলন্তনপন্তর্ব নিপাতিত করিয়াছেন, সে কথা আর আন্দোলন করিবার আবশাক নাই। এইর প প্রসিদ্ধি ভাবে যে, শত্রুবংখ্যা বৃদ্ধি হইলে তাহাদিগকে কৃট বৃদ্ধে বিনাশ করিবার অব্যুক্ত স্ব্রুবংশক কৃত্ত বৃদ্ধের অনুক্রণ করা

ইহাই সন্তব। আবার এ কাজ কৃষ্ণভক্তের, ইহাও অসম্ভব নহে। নিন্দাক্তমে ভুতি ক্ষম ভারতবর্ষীয়ে কবিদের একটা বিদ্যার মধ্যে।* এ তাও হইতে পারে।

সে বাই হউক, ইহার পরেই আবার দেখিতে পাই বে দুর্ব্যোধন অশ্বশ্বামার নিকট বলিতেছেন, "আমি অমিততেজা বাস্বদেবের মাহাজ্য বিলক্ষণ অবগত আছি। তিনি আন্তারে ক্ষতিরধর্ম হইতে প্রিভ্রণ্ট কবেন নাই। অতএব আমার জন্য শোক করিবার প্রয়োজন কি?"

এমন বারোইয়ারি কান্ডের সমালোচনার প্রবৃত্ত হওয়া বিভূম্বনা নয?

नक्म भनित्क्म-गुक्राण्य

অন্যায় যুক্তে দুর্য্যোধন হত হইযাছে বলিয়া যুখিণ্ঠিরের ভয় হইল যে, তপঃপ্রভাবশালিনী গান্ধারী শুনিয়া পাণ্ডবদিগকে ভস্ম করিষা ফেলিবেন। এ জ্বন্য তিনি কৃষ্ণকে অনুরোধ করিলেন যে, তিনি হস্তিনায় গমন করিয়া ধ্তরাণ্ট্র ও গান্ধারীকে শান্ত করিয়া আসুন।

কথাটা প্রথম ন্তরের নয়, কেন না, এখানে য্বিধিন্টর কৃষ্ণকে বলিতেছেন, "তুমি অবায়, এবং লোকের স্থিট ও সংহারকন্তা" ইহার কিছু প্রেবিট অন্ধ্রনের রথ হইতে কৃষ্ণ অবতরণ করায় সে রথ জনলিয়া গিয়াছিল। অন্ধ্রনের জিল্পাসা মতে কৃষ্ণ বলিলেন, 'রক্ষান্তপ্রভাবে প্রেবিট এই রথে অগ্নি সংলগ্ন হইয়াছিল। কেবল আমি উহাতে অধিন্টান করিয়াছিলাম বলিয়া এ কাল পর্যান্ত দক্ষ হয় নাই" অর্থাৎ আমি দেবতা বা বিষ্কৃ। ইহা দ্বিতীয় বা তৃতীয় শুর।

কৃষ্ণ হস্তিনায় গিয়া ধৃতরাণ্ট্র ও গান্ধারীকে কিছ্ ব্র্থাইলেন। উন্ত করা বা সমালোচনার যোগ্য কোন কথা নাই।

তাব পর, দুর্য্যোধন অশ্বত্থামাকে সেনাপতিত্বে বরণ করিলেন। কিন্তু তথন সেনার মধ্যে সেই অশ্বত্থামা, কুপাচার্য্য ও কৃতবন্ধ্যা। এইখানে শল্যপর্য শেষ।

তাহাব পব সৌপ্তিক পর্ব। সৌপ্তিক পর্বে, অতি ভীষণ ব্যাপারে পরিপূর্ণ। প্রথমাংশে অশ্বত্থামা চোবের মত নিশীথ কালে পান্ডবিশিবিরে প্রবিষ্ট হইয়া নিদ্রাভিত্ত ধৃষ্টদ্যুন্ন, শিখন্ডী, দ্রোপদীর পণ্ড পুত্র এবং সমস্ত পাণ্ডালগণকে, সেনা ও সেনাপতিগণকে বধ কবিলেন। পণ্ড পান্ডব ও ক্লফ ভিন্ন পান্ডবপক্ষে আর কেহ বহিল না।

বস্তুতঃ এই কুর্ক্তেরে যুদ্ধ কুর্পাণ্ডালের যুদ্ধ। পাণ্ডালেরা নিব্বংশ হইলে যুদ্ধ শেষ হইল।

তাহাব পবে, সোণ্ডিক পব্বে একটা ঐষীক পর্বাধ্যায় আছে। অশ্বত্থামা এই চোরোচিত কার্য্য করিয়া পাণ্ডবিদগের ভযে বনে গিয়া ল্বক্সয়িত হইলেন। পাণ্ডবেরা পরিদন তাঁহার অন্বেষণে ধাবিত হইলেন। অশ্বত্থামা ধরা পড়িয়া আত্মরক্ষার্থ অতি ভয়ৎকর ব্রহ্মাণিরা অস্ত্র পরিত্যাগ করিলেন। অর্ক্ত্বার্বারণার্থ ব্রহ্মাণিরা অস্ত্রের প্রতিপ্রয়োগ করিলেন। দুই অস্ত্রের তেজে ব্রহ্মাণ্ডধ্বংসের সম্ভাবনা দেখিয়া শ্বাহ্যা মিটমাট করিয়া দিলেন। অশ্বত্থামার শিরন্থিত সহজ্বমণি কাটিয়া দৌপদীকে উপহার দিলেন। এদিকে ব্রহ্মাণরা অস্ত্র পাণ্ডববধ্য উত্তরার গর্ভ নন্ট করিল।

এই সকল অনৈসগিক ব্যাপাব আমরা ছাড়িয়া দিতে পারি। আমাদের সমালোচনার বোগ্য কৃষ্ণচরিত্র-ঘটিত কোন কথাই সোম্ভিক পর্ন্বে নাই।

তার পর স্ত্রীপর্বা। স্ত্রীপর্বা আরও ভীষণ। নিহত বীরবর্গের স্ত্রীগণের ইহাতে

* একটা উদাহরণ না দিলে, অনেক পাঠক ব্রিঝতে পারিবেন না; স্মর ভস্মীভূত হওরার পর বিলাপকালে রতির মূথে ভারতচন্দ্র বলিতেছেন,

"একের কপালে রহে, আরের কপাল দহে

আগনের কপালে আগনে।" ইহা আগনেকে গালি বটে, কিন্তু একটা ভাষান্তর করিলেই বুতি, বধা—

শহে অমে ! তুমি শালাচিবিহ।রী লোক্ষরপেকারী, তোমার শিখা জনলাবিশিও ইউক। শালিক জারতচন্দ্রশ্রেষ্ঠ অমাদাসকলে দক্ত শিবনিন্দা দেখিবেন। প্রন্থের কলেবরব্রিভয়ে তাহা উল্ভ ক্রিডে পারিলান না। আর্ক্তনাদ। এমন ভবিশ আর্ক্তনাদ আর কখনো শ্নাং কার নাই। কিন্তু কৃষ্ণসম্বদ্ধীর দুইটি কথা মাচ আছে।

১। ধৃতরাদ্ধ আলিক্সকালে ভীমকে চ্র্ণ করিবেন, কল্পনা ;্রার্ডিরান। কিছু কৃষ্ণ ভাঁহার জন্য লোহভীম সংগ্রহ করিয়া রাখিরাছিলেন। অদ্ধ রাজা তাহাই চ্র্ণ করিলেন। অনৈসাগিক ব্যুত্ত আমাদের পরিহার্ষ্য। এজন্য এ সন্বন্ধে আর কিছু বলিবার নাই।

২। গান্ধারী কৃষ্ণের নিকট অনেক বিলাপ করিয়া, শেষে কৃষ্ণকেই অভিসম্পাত করিলেন।

বলিলেন :--

"জনার্ম্পন! যথন কোরব ও পান্ডবগণ পরস্পরের দ্রোধানলে পরস্পর দম্ব হয়, তৎকালে তুমি কি নিমিন্ত ত্রিষরে উপেক্ষা প্রদর্শন করিলে? তোমার বহুসংখ্যক ভ্তা ও সৈন্য বিদামান আছে; তুমি শাস্তজ্ঞানসম্পর্ম, বাক্যবিশারদ ও অসাধারণ বলবীর্যাশালী, তথাপি. তুমি ইচ্ছাপূর্মক কোরবগণের বিনাশে উপেক্ষা প্রদর্শন করিরাছ। অতএব তোমারে অবশাই ইহার
ফলভোগ করিতে হইবে। আমি পতিশ্রুমা দ্বারা যে কিছু তপঃসঞ্চয় করিয়াছি, সেই নিতান্ত
দ্র্লভতগঃপ্রভাবে তোমারে অভিশাপ প্রদান করিতেছি যে, তুমি যেমন কোরব ও পান্ডবগণের
জ্ঞাতিবিনাশে উপেক্ষা প্রদর্শন করিয়াছ, তেমনি তোমার আপনার জ্ঞাতিবর্গ ও তোমাকর্ত্বক
বিনন্ত হইবে। অতঃপর ষট্রিংশং* বর্ষ সম্পন্তিত হইলে তুমি অমাত্য, জ্ঞাতি ও প্রহীন
ও বনচারী হইয়া অতি কুংসিত উপায় দ্বারা নিহত হইবে। তোমার কুলরমণীগণও ভরতবংশীয়
মহিলাগণের ন্যায় প্রহীন ও বন্ধবান্ধবহীন হইয়া বিলাপ ও পরিতাপ করিবেন।"

কৃষ্ণ, হাসিয়া উত্তর করিলেন, "দেবি! আমা ব্যতিরেকে যদ্বংশীর্মাদগের বিনাশ করে, এমন আর কেহ নাই। আমি যে যদ্বংশ ধরংস করিব, তাহা অনেক দিন অবধারণ করিয়া রাখিয়াছি। আমার যাহা অবশাকত্তবি, এক্ষণে আপনি তাহাই কহিলেন। যাদবেরা মনুষ্য বা

प्रत्यानवर्गानत्व वधा नार । मुख्ताः जौहाता भत्रम्भत विनष्टे हहेत्वन ।"

এইর্পে দ্বিতীয় স্তরের কবি মৌসল পর্বের পূর্বে স্চুনা করিয়া রাখিলেন। মৌসল পর্বে যে দ্বিতীয় স্তরের, তাহারও পূর্বেস্চুনা আমরাও করিয়া রাখিয়াছি।

দশম পরিচ্ছেদ—বিধি সংস্থাপন

এক্ষণে আমরা অতি দৃষ্ঠর কুর্কের যুদ্ধ বিবরণ হইতে উত্তীর্ণ হইলাম। কৃষ্ণচারর প্রনৰ্বার সূবিমল প্রভাভাসিত হইতে চলিল। কিন্তু শান্তি ও অনুশাসন পর্বে কৃষ্ণ ঈশ্বর

বলিয়া স্পন্টতঃ স্বীকৃত।

যুদ্ধাদির অবশেষে, অগাধবৃদ্ধি বৃধিষ্ঠির, আবার এক অগাধবৃদ্ধির খেলা খেলিলেন।
তিনি অল্জানিকে বলিলেন, এত জ্ঞাতি প্রভৃতি বধ করিয়া আমার মনে কোন স্মুখ নাই—আমি
বনে যাইব, ভিক্ষা করিয়া খাইব। অল্জান বড় রাগ করিলেন—বাধিষ্ঠিরকে অনেক ব্ঝাইলেন।
ভখন অল্জান বৃধিষ্ঠিরে বড় ভারি বাদান্বাদ উপস্থিত হইল। শেষ, ভীম, নকুল, সহদেব,
প্রোপদী ও স্বয়ং কৃষ্ণ অনেক ব্ঝাইলেন। দ্বর্ণলচিত য্বিধিষ্ঠির কিছ্তেই ব্বেন না। ব্যাস.
নারদ প্রভৃতি ব্ঝাইলেন। কিছ্তুতেই না। শেষ কৃষ্ণের কথায় মহাসমারোহের সহিত হস্তিনা
প্রবেশ করিলেন।

কৃষ্ণ তাঁহাকে রাজ্যাভিষিক্ত করাইলেন। য্র্যিভির কৃষ্ণের শুব করিলেন। সে শুব জগদীশ্বরের। য্র্যিভিস কৃষ্ণের শুব করিয়া নমস্কার করিলেন। কৃষ্ণ বয়ঃকনিন্ড; য্র্যিভিস আর

কখন তাঁহাকে শুব বা নমস্কার করেন নাই।

এদিকে কোরবগ্রেণ্ঠ ভাষ্ম, শরশব্যার শরান, তীর বন্দানার কাতর, উত্তরারণের প্রতীক্ষার শরীর রক্ষা করিতেছেন। তিনি খবিগণ-পরিবৃত হইরা, সন্বর্মায় সম্বাধার পরমপ্রেষ কৃষ্ণকে ধ্যান করিতে লাগিলেন। তাঁহার স্কৃতিবাক্যে চণ্ডলচিত্ত হইরা কৃষ্ণ ব্যথিতিরাদি সঙ্গে লাইরা ভাষ্মকে দর্শন দিতে চলিলেন। পথে বাইতে বাইতে ব্যথিতির উপবাচক হইরা পরশ্রেমামর উপাধান ক্ষেক্র নিকট প্রকা করিলেন।

^{*} क्षेर्िकः मर वरमन द्वन ?

কৃষ্ণ বৃধিতিরকে এইর্প অনুষ্ঠি করিরাছিলেন যে, ভীন্মের নিকট জ্ঞানলাভ কর। ভীন্দ্র সন্ব্যান্থিকের তাঁহার মৃত্যুর পর তাঁহার জ্ঞান ভাঁহার সঙ্গে বাইবে: তাঁহার মৃত্যুর প্রেম্থ সেই জ্ঞান জগতে প্রচারিত হয়, ইহা তাঁহার ইচ্ছা। এই জন্য তিনি যুখিতিরকে ভাঁহার নিকট জ্ঞানলাভাদিতে উপদেশ দিবাছিলেন। ভীন্মকেও ব্রিতিরাদিকে ধন্মোপদেশ দিয়া অনুগৃহীত করিতে আদেশ করিলেন।

ভীত্ম স্বীকৃত হইলেন না। বলিলেন, ধর্ম কর্ম্ম সবই তোমা ইইতে, তুমিই সব জান; তুমিই ব্যিভিরকে উপদেশ প্রদান কব। আমি আপনি শর্থচিত হইরা মুমূর্ব্ ও অপ্তান্ত ক্লিট, আমার ব্যিভিরকে উপদেশ প্রদান কব। আমি আপনি শর্থচিত হইরা মুমূর্ব্ ও অপ্তান্ত ক্লিট, আমার ব্যিভিরকে হইতেছে; আমি পাবিষা উঠিব না। তথন কৃষ্ণ বলিলেন, আমাব ব্যে তোমাব শবাঘাতনিবন্ধন সমন্ত ক্লেশ বিদ্যিত হইবে তোমার অন্তঃক্লে জ্ঞানালোকে সম্ভূজনে হইবে, বৃদ্ধি অব্যতিকান্ত থাকিবে; তোমাব মন কেবল স্তুল্গাল্লয় করিবে। তুমি দিব্যুক্তম্বং-প্রভাবে ভত ভবিষ্যৎ সমস্ত দেখিবে।

কৃষ্ণের কৃপায় সেইব্পই হইল। কিন্তু তথাপি ভীষ্ম আপত্তি কবিলেন। কৃষ্ণকে বলিলেন,

"जीम न्वयः रक्न य्रीयिन्जेतरक विराजाभारमा श्रमान कतिरता ना?"

উত্তরে কৃষ্ণ বলিলেন, সমস্ত হিতাহিত কর্ম্ম আমা হইতে সম্ভূত। চল্লের শীতাংশ্য ঘোষণাও ষের্প, আমার যশোলাভ সেইব্প। আমার এখন ইচ্ছা আপনাকে সমধিক ষশস্বী করি। আমার সম্পার বৃদ্ধি সেই জনা আপনাকে অপ্প করিরাছি। ইত্যাদি।

তখন ভীষ্ম প্রফ্রেলিত যুরিধিন্ঠিরকে ধর্মাতত্ত্ব শুনাইতে প্রবৃত্ত হইলেন। বাজধর্মা, আপদ্ধধর্ম এবং মোক্ষধর্মা অতি সবিস্তারে শুনাইলেন। মোক্ষধর্মের পর শান্তিপর্মা

मघाश्व।

এই শাভিপব্দে তিন শুরই দেখা বার। প্রথম শুরই ইহার কণকাল ও তার পর বিদি বেমন ধন্ম ব্রিবাছেন, তিনিই তাহা শাভিপব্রভুক্ত করিয়াছেন। ইহার মধ্যে আমাদের সমালোচনার বোল্য একটা গ্রেত্র কথা আছে। কেবল ধান্মিককে রাজা করিলেই ধন্মরাজ্য সংস্থাপিত হইল না। আজ ধান্মিক ব্রিশিন্তর রাজা ধন্মান্মা; কাল তাহাব উত্তরাধিকারী পাপান্ধা হইতে পাবেন। এই জন্য ধন্মারাজ্য সংস্থাপন করিয়া, তাহার রক্ষার জন্য ধন্মান্মত বাবস্থা বিধিবক করাও চাই। রক্জয়, রাজ্য স্থাপনের প্রথম কার্য্য মাত্র; তাহার শাসন জন্য বিধিবারস্থাই (Legislation) প্রধান কার্যা। কৃষ্ণ সেই কার্যে জীক্ষকে নিযুক্ত করিলেন। ভীক্ষকে নির্বক্ত করিলেন তাহার বিশেষ কারণ ছিল; আদর্শ নীতিজ্ঞই তাহা ক্ষিত্রত পারেন। কৃষ্ণ সেই সকল কারণ নিজেই ভীক্ষকে ব্রুঝাইতেছেন।

"আপনি বয়েব্দ্ধ এবং শাদ্যজ্ঞান এবং শৃদ্ধাচারসম্পন্ন। বাজধ্ম ও অপরাপর ধর্মা কিছুই আপনার অবিদিত নাই। জন্মাবিধি আপনার কোনও দোষই লক্ষিত হয় নাই, নরপিউগণ আপনারে ক্ষম্প্রথম্মবেত্তা বলিয়া কীর্ত্তন করিয়া থাকেন। অতএব পিতার ন্যায় আপনি এই ভূপালগণকে নীতি উপদেশ প্রদান কর্ন। আপনি প্রতিনিয়ত ঋষি ও দেবগণের উপাসনা করিয়াছেন। এক্ষণে এই ভূপতিগণ আপনার নিকট ধর্ম্মবৃত্তান্ত প্রবশোৎস্ক হইয়াছেন। অতএব আপনাকে অবশাই বিশেষর্পে সমস্ত ধর্ম্মকীর্ত্তন করিতে হইবে। পশ্ভিতদিগের মতে ধর্ম্মেপিদেশ প্রদান করা বিদ্ধান ব্যক্তিরই কর্ত্তবা।"

তার পর অনুশাসন পর্বা। এখানেও হিতোপদেশ; ব্রিধিণ্ঠির প্রোতা, ভীব্ম বক্তা। কতকগ্রা বাজে কথা লইয়া, এই অনুশাসন পর্বে গ্রাথত হইয়াছে। সম্দরই বোধ হব ভৃতীর করের। তব্যব্যে আমাদের প্রয়োজনীয় বিষয় কিছু, নাই।

পরিশেষে ভীত্ম স্কর্ণারোহণ করিলেন। ইহাই কেবল প্রথম গুরের।

- একাদৰ পরিচ্ছেদ-কামগীতা

, ভাতেমার স্বাগারোহবের পর. য্বিভিন্ন আবার কাদিরা ভাসাইরা দিলেন। বাছানা প্রাইক্তন বলে বাইন। অনেকে জনেক প্রকার ব্রাইকেন। কিছু কৃষ্ণ এবার রোগের প্রকৃত উন্ধা-প্রয়োগ করিলেন। সের্প রোগ নির্দার করা আর কাহারও সাধ্য নহে। য্রিভিন্নর প্রকৃত বলা ক্ষান্তকার। ইংরেজি বিদ্যালয়ে শিষার ফানির বন্ধ আহ্তানার শক্তেমার প্রতিশাল । ক্ষান্তকার নাছে। অহন্দার ও মাংসার্য প্রাক্ষ্ প্রকৃষ্ ব্রু। "আমি এই সকল করিতেছি," "ইহা আমার," "এই আমার সূখ" "ইহা আমার দৃহখ," এইরূপ জ্ঞানই অহন্দার। এই ব্যিন্ডিরের দৃহশের ক্ষারণ। আমি এই পাপ করিরাছি—আমার এই গোক উপস্থিত; আমি সাইরাই সব, অতএব আমি বনে বাইব, ইত্যাদি আঘাভিমানই যুখিন্ডিরের এই কাদাকাটির মুলে আছে। সেই মুলে কুঠারাঘাতপুর্বক যুখিন্ডিরকে উদ্ধৃত করা. এই ধন্মবৈত্প্রেন্ডের উদ্দেশ্য। এজন্য তিনি প্র্রুবনক্ষে বৃধিন্ডিরকে কহিলেন, "আপনার এখনও শানু অবিশিষ্ট আছে। আপনার শরীরের অভ্যক্তরে যে অহন্দার্যুপ দৃশ্বর্য শানু রহিয়াছে, তাহা কি আপনি নিরীক্ষণ করিতেছেন না?" এই বিলারা শ্রীকৃষ্ণ, তত্ত্বান দারা অহন্দারকে বিনন্ড করার সন্বন্ধে একটি রুপক যুখিন্ডিরকে শ্রুমান্তিলন। তার পর তিনি যুখিন্ডিরকে বে অত্যুৎকৃষ্ট জ্ঞানোপদেশ দিলেন, তাহা সবিদ্ধারে উদ্ধৃত করিতেছি। যে নিন্ডাম ধন্ম আমরা গীতার পড়ি, তাহা এখানেও আছে। এইরূপ অতি মহৎ ধন্মোপদেশেই কৃষ্ণচরিত বিশেষ স্ফ্রির্ড পায়।

"হে ধন্মরাজ! ব্যাধি দুই প্রকার, শারীরিক ও মানসিক। ঐ দুই প্রকার ব্যাধি পরস্পরেব সাহায়ে পরম্পর সমূপের হইয়া থাকে। শরীরে যে ব্যাধি উপস্থিত হয়, তাহারে শারীরিক এবং মনোমধ্যে যে পাঁড়া উপস্থিত হয় তাহারে মানসিক ব্যাধি কহে। কফ পিত্ত ও বায়, এই তিনটি শরীরের গুণ, যখন এই তিন গুণ সমভাবে অবস্থান করে, তখন শরীরকে সৃস্থ এবং ষৎন ঐ গুনহারের মধ্যে বৈষম্য উপস্থিত হয়, তখনই শরীরকে অসমুস্থ বলা বার। পিত্তের আধিক্য হইলে কফের হ্রাস ও কফের আধিক্য হইলে পিত্তের হ্রাস হইয়া থাকে। শরীরের ন্যায় আত্মারও তিনটি গুণ আছে। ঐ তিনটি গুণের নাম সত্ত, রজ ও তম। ঐ গুণুরয় সমভাবে অবস্থান করিলে আত্মার স্বাস্থ্যলাভ হয়। এ গুণ্ঠযের মধ্যে একের আধিকা হইলে অন্যের হ্রাস হর। হর্ব উপস্থিত হইলে শোক এবং শোক উপস্থিত হইলে হর্ষ তিরোহিত হইয়া বায়। দ্যথের সময় কি কেহ স্থান্ডব করে এবং স্থের সময় কি কাহার দৃঃখান্ডব হয? যাহা হউক, এক্ষণে সূখদুঃথ উভরই স্মরণ করা আপনার কর্ত্তব্য নহে। সূখদুঃখাতীত পরব্রহ্মকে সমরণ করাই আপনার বিধের। * * * পূর্বে ভীত্ম দ্রোণাদিব সহিত আপনার বে ঘোরতর যুক্ত উপস্থিত হইয়াছিল, এক্ষণে একমাত্র অহৎকারের সহিত তাহা অপেক্ষা অধিক ভীষণ সংগ্রাম সমাপন্থিত হইয়াছে। ঐ ব্যন্ধে অভিম্থীন হওয়া আপনার অবশ্য কর্ত্তব্য। যোগ ও তদ্পযোগী कार्या नम्मारा व्यवनन्त्र कतिरावरे धरे युद्ध करानाए किराउ भारितन। धरे युद्ध भारितकर, ভূত্য ও বন্ধকোর কিছুমার প্রযোজন নাই: একমার মনকে সহায় করিয়া ঐ সংগ্রামে প্রবৃত্ত হইতে হইবে। ঐ যুদ্ধে জয়লাভ করিতে না পারিলে দুঃথের পরিসীমা থাকিবে না। অতএব আপনি আমার এই উপদেশান,সারে অচিরাং অহৎকাবকে পরাজয়প্রেক শোক পরিত্যাগ করিয়া স**ুস্থাচন্তে পৈতৃক রাজ্য প্রতিপালন কর**ুন।

"হে ধর্ম্মরাজ। কেবল রাজ্যাদি পরিত্যাগ করিয়া সিদ্ধিলাভ করা কদাপি সম্ভবপর নহে। ই निष्ठ न्या भारतक भारतक करिएक भारतिक भिष्ठिक है कि ना अरन्द । यादाता ताकारि বিষয় সম্পার পরিত্যাগ করিয়াও মনে মনে বিষয়ভোগের বাসনা করে, তাহাদিগের ধর্ম্ম ও স্থে তোমার শত্রগণ লাভ কর্ক। মমতা সংলার-প্রাপ্তির ও নিম্ম্মতা রাক্ষলাভের কারণ বলিয়া निष्कि इहेता थारक। ये वित्रक्षरम्यावनम्यी यमण ও निम्बमण लाकमन्नाराहत हिस्स অনুক্রিভভাবে অবস্থানপূর্ব্বেক পরস্পর পরস্পরকে আক্রমণ ও পরাজয় করিয়া থাকে। যে ব্যক্তি ঈশ্বরের অন্তিম্বের অবিনশ্বরতানিবন্ধন জগতের অন্তিম্ব অবিনশ্বর বলিয়া বিশ্বাস করেন. প্রাণি-গণের দেহনাশ করিলেও তাঁহারে হিংসাপাপে লিপ্ত হইতে হয় না: যে ব্যক্তি স্থাবরজন্মসংবলিত সম্পায় জগতের আধিপতা লাভ করিয়াও মমতা পরিত্যাগ করিতে পারেন, তাঁহাকে কথনই সংসারপাপে বন্ধ হইতে হয় না। আর যে ব্যক্তি অরণ্যে ফলম্লাদি দ্বারা জীবিকানি-ব্যাহ করিয়াও বিষয়বাসনা পরিত্যাগ করিতে না পারে, তাহারে নিশ্চয়ই সংসারজ্ঞালে জড়িত হইতে হয়। অতথ্য ইন্দ্রিয় ও বিষয় সমুদার মারাময় বলিয়া নিশ্চর করা তোমার অবশ্য কর্তব্য। त्व वास्ति धर्वे मार्पादात श्रीष्ठ किन्द्रमात ममणा ना करतन, चिनि निम्हतरे मरमात रहेएछ मुस्ति-नाएक नमर्थ इस । कामभत्रकन्त मूए कांकिया कमाठ श्रमारमात जाम्भम दहेरक भारत सा । कामसा क्या रहेरक नमारभाज रहा: जेरा नमामात धर्वाखत माम कातन। स्व नमामात मराचा वर, करामन व्यवसम्बद्धाः कामनादत् व्यवस्थितः भित्रकाष्ठ दृष्टेता वननाराज्य वामना महकारत् मान. रामाधानसः

তপস্যা, রত, যজ্ঞ, বিবিধ নিরম, ধ্যানমার্গ ও যোগমার্গ আশ্রয় না করেন, তাঁহারাই এককালে কামনারে পরাজর করিতে সমর্থ হন। কামনিগ্রহই যথার্থ ধর্ম্ম ও মোক্ষের বীজস্বর্পে, সন্দেহ নাই।

অতঃপর প্রাবিং পশ্ভিতগণ বে কামগাতা কীর্ত্তন করিয়া থাকেন, আমি এক্লণে তোমার নিকট তাহা কহিতেছি, শ্রবণ কর। কামনা স্বয়ং কহিয়াছে যে, নির্ম্পাতা ও যোগাভ্যাস ভিন্ন কেইই আমারে পরাজয় করিতে সমর্থ হয় না। যে ব্যক্তি জপাদি কার্য্য দ্বারা আমারে জয় করিতে চেন্টা করে, আমি তাহার মনে অভিমানর্পে আবিভূত হইয়া তাহার কার্য্য বিফল করিয়া থাকি। যে ব্যক্তি বিবিধ বজ্ঞান্ত্তীন দ্বারা আমারে পরাজ্ঞিত করিতে চেন্টা করে, আমি তাহার মনে জয়মমধাগত জীবাত্মার ন্যায় ব্যক্তর্পে উদিত হই। যে ব্যক্তি বেদান্ত সমালোচনা দ্বারা আমারে শাসন করিতে বঙ্গবান্ হয়, আমি তাহার মনে স্থাবরান্তর্গত জীবাত্মার ন্যায় অব্যক্তর্পে অবস্থান করি। যে ব্যক্তি ধৈর্য্য দ্বারা আমারে জয় করিতে চেন্টা করে, আমি কখনই তাহার মন হইতে অপনীত হই না। যে ব্যক্তি তপস্যা দ্বারা আমারে পরাজয় করিতে বঙ্গ করে, আমি তাহার তপস্যাতেই প্রাদ্ভূতি হই এবং যে ব্যক্তি মোক্ষার্থী হইয়া আমারে জয় করিতে বাসনা করে, আমি তাহারে লক্ষ্য করিয়া নৃত্য ও উপহাস করিয়া থাকি। পশ্ভিতেয়া আমারে সম্বর্ভূতের অবধ্য, ও সনাতন বলিয়া নিশ্বেশ করিয়া থাকেন।

হৈ ধন্মরাজ! এই আমি আপনার কামগাঁতা সবিস্তারে কীর্ত্তন করিলাম। অতএব কামনারে পরাজয় করা নিতান্ত দ্বঃসাধ্য। আপনি বিধিপ্র্বেক অশ্বমেধ ও অন্যান্য স্বসমৃদ্ধ যজের অনুষ্ঠান করিয়া কামনারে ধন্মবিষয়ে নীত কর্ন। বারংবার বন্ধ্ববিয়োগে অভিভূত হওয়া আপনার নিতান্ত অনুচিত। আপনি অনুতাপ দ্বারা কখনই তাঁহাদিগকে প্রনদ্দান লাভে সমর্থ হইবেন না। অতএব এক্ষণে মহাসমারোহে স্বসমৃদ্ধ যজ্ঞ সম্দায়ের অনুষ্ঠান কর্ন, তাহা হইলেই ইহলোকে অতুল কীর্ত্তি ও পরলোকে উংকৃষ্ট গতি লাভ করিতে সমর্থ হইবেন।"

বাদশ পরিচ্ছেদ-কৃষ্ণপ্রয়াণ

ধন্মরাজ্য সংস্থাপিত হইল; ধন্ম প্রচারিত হইয়ছে। পাণ্ডবদিগের সঙ্গে কৃষ্ণের জন্য এ গ্রন্থের সন্বন্ধ; মহাভারতে যে জন্য কৃষ্ণের দেখা পাই, তাহা সব ফ্রাইল। এইখানে কৃষ্ণের মহাভারত হইতে অভহিতি হওয়া উচিত। কিন্তু রচনাকণ্ড্রিপীড়িতেরা তত সহজে কৃষ্ণকে ছাড়িবার পাত্র নহেন। ইহার পরে অভর্জুনের মুখে তাঁহারা একটা অপ্রাসঙ্গিক, অন্তুত কথা তুলিলেন। তিনি বলিলেন, তুমি যুদ্ধকালে আমাকে যে ধন্মোপদেশ দিয়াছিলে, সব ভূলিয়া গিয়াছি। আবার বল। কৃষ্ণ বলিলেন, কথা বড় মন্দ। আমার আর সে সব কথা মনে হইবেনা। আমি তখন যোগমনুক্ত হইয়াই সে সব উপদেশ দিয়াছিলাম। আর তুমিও বড় নির্ব্বোধ ও শ্রদ্ধান্না; তোমায় আর কিছ্ব বলিতে চাহি না। তথাপি এক প্রোতন ইতিহাস শ্বনাইতেছি।

কৃষ্ণ ঐ ইতিহাসোক্ত ব্যক্তিকে অবলম্বন করিয়া, অঙ্গ্র্পুনকে আবার কিছ্ তত্ত্বজ্ঞান শ্নাইলেন। প্রের্ব যাহা শ্নাইরাছিলেন, তাহা গণীতা বলিয়া প্রসিদ্ধ। এখন যাহা শ্নাইলেন, গ্রন্থকার তাহার নাম রাখিয়াছেন, "অনুগণিতা"। ইহার এক ভাগের নাম "ব্রাহ্মণগণীতা"।

ভগবশাতা, প্রজাগর, সনংস্কাতায়, মার্ক শ্ডেরসমস্যা, এই অন্গাতা প্রভৃতি অনেকগর্নল ধর্ম্ম সম্বন্ধীয় গ্রন্থ মহাভারতের মধ্যে সমিবিচ্ছ ইইয়া, এক্ষণে মহাভারতের অংশ বলিয়া প্রচলিত। এই সকল গ্রন্থের মধ্যে সর্ব্বপ্রেষ্ঠ গাতা, কিন্তু অনাগ্রিলতেও অনেক সারগর্ভ কথা পাওয়া য়ায়। অন্গাতাও উত্তম গ্রন্থ। "ভটু মোক্ষম্লের," ইহাকে তাঁহার ''Sacred Books of the East'' নামক গ্রন্থাবলীমধ্যে স্থান দিয়াছেন। প্রীযুক্ত কাশীনাথ গ্রন্থক তেলাঙ্ক, এক্ষণে মিনি বোম্বাই হাইকোর্টের জজ, তিনি ইহা ইংরাজিতে অনুবাদিত করিয়াছেন। কিন্তু গ্রন্থ ষেমনই হউক, ইহাতে আমাদের কোন প্রয়োজন নাই। গ্রন্থ ষেমনই হউক, ইহা কুম্বোক্তিনহে। গ্রন্থকার বা অপর কেহ, ষের্প অবতারণা করিয়া, ইহাকে কুম্বের মুখে উক্ত করিয়াছেন, তাহাতে ব্রুয়া য়ায় যে, ইহা কুম্বোক্ত নহে; জ্বোড়া দাগ বড় স্পন্ট, কণ্টেও জ্বোড় লাগে নাই। গাতৈক্ত ধন্মের সঙ্গে অনুগাতোক্ত ধন্মে এর্প কোন সাদৃশ্য নাই যে, ইহাকে গাতাবেত্তার

विकास ब्रह्मावली

উক্তি বিবেচনা করা যায়। শ্রীযুক্ত কাশীনাথ গ্রান্থক, নিজকৃত অনুবাদের যে দীর্ঘ উপক্রমাণকা লিখিয়াছেন, তাহাতে সন্তোষজনক প্রমাণ প্রয়োগের দ্বারা এই সিদ্ধান্তে উপন্থিত
হইয়াছেন যে, অনুগীতা, গীতার অনেক শতাব্দী পরে রচিত হইয়াছিল। সে প্রমাণের বিস্তারিত
আলোচনার আমাদের প্রয়োজন নাই। কৃষ্ণচরিত্রের কোন অংশই অনুগীতার উপর নির্ভর করে
না। তবে, অনুগীতা ও রান্ধাণগীতা (বা রক্ষাগীতা) যে প্রকৃত পক্ষে প্রক্রিপ্ত, তাহার প্রমাশার্থ
ইহা বলিলেই যথেন্ট হইবে যে, পর্ব্বসংগ্রহাধ্যায়ে ইহার কিছুমাত্র প্রসঙ্গ নাই।

অভ্জনেকে উপদিশ্ট করিয়া, কৃষ্ণ অভ্জনে ও ব্যথিতিসাদির নিকট বিদায় গ্রহণপূর্ত্বকি দ্বারকা বাত্রা করিলেন। এই বিদায় মানবপ্রকৃতিস্কৃত ক্লেহাভিব্যক্তিতে পরিপূর্ণ। কৃষ্ণের মানবিকতার প্রত্বে প্রত্বে আমরা অনেক উদাহরণ দিয়াছি। অতএব ইহার সবিস্তার বর্ণন নিষ্প্রয়োজন।

পৃথিমধ্যে উতৎক মুনির সঙ্গে কৃষ্ণের সাক্ষাং বার্ণ ত হইয়াছে। কৃষ্ণ যুদ্ধ নিবারণ করেন নাই, বালিয়া উতৎক তাঁহাকে শাপ দিতে প্রস্তুত। কৃষ্ণ বালিলেন, শাপ দিও না, দিলে তোমার তপঃক্ষর হইবে, আমি সন্ধিক্ষাপন করিবার চেন্টা করিয়াছিলাম, আর আমি জগদীশ্বর। তথন উতৎক তাঁহাকে প্রণাম করিয়া স্তব করিলেন। কৃষ্ণের বিশ্বর্প দেখিতে চাহিলেন; কৃষ্ণও বিশ্বর্প দেখাইলেন। তার পর জাের করিয়া উতৎককে অভিলম্বিত ববদান করিলেন। তাহার পর চন্টাল আসিল, কৃকুর আসিল, চন্টাল উতৎককে কুকুরের প্রস্লাব খাইতে বলিল, ইত্যাদি, ইত্যাদি নানার্প বীভংস ব্যাপার আছে। এই উত্থকসমাগম বৃত্তান্ত মহাভারতের পর্যাব সংগ্রহাধ্যায়ে নাই; স্কুতরাং ইহা মহাভারতের অংশ নহে। কাজেই এ সম্বন্ধে আমাদের কোন কথা বলিবার প্রয়োজন নাই। স্পন্টতঃ এখানে তৃতাীয় স্তর দেখা যায়।

দারকায় গিয়া কৃষ্ণ বন্ধন্বান্ধবের সঙ্গে মিলিত হইলে বস্পুদেব তাঁহার নিকট যক্ষ্ব্রান্ত শন্নিতে ইচ্ছা করিলেন। কৃষ্ণ যক্ষব্তান্ত পিতাকে যাহা শন্নাইলেন, তাহা সংক্ষিপ্ত, অত্যুক্তি-শন্না, এবং কোন প্রকার অনৈসগিক ঘটনার প্রসঙ্গদোষরহিত। অথচ সমন্ত শ্বুল ঘটনা প্রকাশিত করিলেন। কেবল অভিমন্যবধ গোপন করিলেন। কিন্তু স্কুভ্রা তাঁহার সঙ্গে দারকায় গিয়াছিলেন, স্কুভ্রা অভিমন্যবধের প্রসঙ্গ স্বয়ং উত্থাপন করিলেন। তথন কৃষ্ণ সে ব্তান্তও সবিস্তারে বলিলেন।

এদিকে য্রাধিষ্ঠির, কৃষ্ণের বিদায়কালে তাঁহাকে অন্র্রোধ করিয়াছিলেন যে, অশ্বমেধ যজ্ঞ-কালে প্রনর্থার আসিতে হইবে। এক্ষণে সেই যজ্ঞের সময় উপন্থিত। অতএব তিনি যাদবগণ-পরিবত হইয়া প্রনর্থার হস্তিনায় গমন করিলেন।

কৃষ্ণ তথায় আসিলে, অভিমন্যপদ্মী উত্তরা একটি মৃত পত্ন প্রসব করিলেন। কৃষ্ণ তাহাকে পত্নক্ষীবিত করিলেন। কিন্তু ইহা হইতে এমন সিদ্ধান্ত করা যায় না যে, কৃষ্ণ ঐশী শক্তির প্রয়োগদ্ধারা এই কার্য্য সম্পাদন করিলেন। এখনকার অনেক ভাক্তারই মৃত সন্তান ভূমিষ্ঠ হইলে তাহাকে পত্নক্ষীবিত করিতে পারেন ও করিয়া থাকেন এবং কির্পে করিতে পারেন, তাহা আমরা অনেকেই জানি। ইহা দ্বারা কেবল ইহাই প্রমাণিত হইতেছে যে, তাহা তখনকার লোক আর কেহ জানিত না, কৃষ্ণ তাহা জানিতেন। তিনি আদর্শ মন্যা, এজন্য সর্শ্বপ্রকার বিদ্যা ও জ্ঞান তাঁহার অধিকৃত হইয়াছিল।

তার পর নিবিছাে যজ্ঞ সম্পন্ন হইল। কৃষ্ণও দ্বারকায় প্নরাগমন করিলেন। তার পর আর পাণ্ডবগণের সঙ্গে তাঁহার সাক্ষাং হয় নাই।

সপ্তম খণ্ড

প্রভাস

ষোহসৌ ব্যসহস্রান্তে প্রদীপ্তান্ধি বিভাবস্থা। সংভক্ষরতি ভূতানি তকৈম ঘোরাত্মনে নমঃ॥ শান্তিপর্বর্ণ, ৪৭ অধ্যায়ঃ।

প্রথম পরিচ্ছেদ-বদ্বংশধ্বংস

তার পর, জাশ্রমবাসিক পর্ম্বা। ইহার সঙ্গে কৃষ্ণের কোন সম্বন্ধ নাই। তার পর অতি ভয়াবহ মৌসল পর্ম্বা। ইহাতে সমস্ত যদ্বংশের নিঃশেষ ধরংস ও কৃষ্ণ বলরামের দেহত্যাগ কথিত হইয়াছে। যদ্বংশীয়েরা পরস্পরকে নিহত করিয়াছিলেন। কৃষ্ণ নিজে এই মহাভয়ানক ব্যাপার নিবারণের কোন উপায় করেন নাই—বরং অনেক যাদ্ব তাঁহার হস্তে নিধন প্রাপ্ত হইয়াছিল, এইরুপ কথিত হইয়াছে।

সে ব্ভান্ত এইর্পে বর্ণিত হইয়াছে। গান্ধার্থাক্থিত ষট্বিংশং বংসর অতীত হইয়াছে। যান্দরের অত্যন্ত দুনীতিপরায়ণ হইয়া উঠিয়াছেন। একদা বিশ্বামিত্র, কব্দ ও নারদ. এই লোকবিশ্র্ত ঋষিত্রয় দ্বারকায় উপস্থিত। দুর্বিনীত যাদবেরা কৃষ্ণপুত্র শান্দকে মেয়ে সাজাইয়া ঋষিদিগের কাছে লইয়া গিয়া বলিলেন, ইনি গব্দতিতী, ই'হার কি পুত্র হইবে? পুরার্ণোতহাসে ঋষিগণ আত ভ্যানক ক্রেধপরবশ স্বর্প বর্ণিত হইয়া থাকেন। কথায় কথায় তাঁহাদের আড্সম্পাতের ঘটা দেখিলে, তাঁহাদিগকে জিতেশিয়ে ঈশ্বরপরায়ণ ঋষি না বলিয়া, আত নৃশংস নর্গিশাচ বলিয়া গণ্য করিতে হয়। এখনকার দিনে যে কেহ ভদ্রলোক এমন একটা তামাসা হাসিয়া উড়াইয়া দিত: অন্ততঃ একট্র তিরক্ষারবাকাই যথেন্ট হয়। কিন্তু এই জিতেশিয় মহর্ষিণাণ একেবারে সমন্ত যদ্বংশ ধরংসপ্রাপ্ত হইবে বলিয়া আভ্সম্পাত করিলেন। বলিলেন, লোইমন মুসল প্রসব করিবে, আর সেই মুসল হইতে কৃষ্ণ বলরাম ভিন্ন সমন্ত যদ্বংশ ধরংসপ্রাপ্ত হইবে। কৃষ্ণ এ কথা অবগত হইলেন। তিনি বলিলেন, মুনিগণ যাহা যলিয়াছেন, তাহা অবশ্য হইবে। শাপ নিবারণের কোন উপায় করিলেন না।

অগত্যা শান্ব, প্রবৃষ্ট হউক আর যাই হউক. এক লোহার মৃসল প্রসব করিল। যাদব-গণের রাজা (কৃষ্ণ রাজা নহেন, উগ্রসেন রাজা বা প্রধান) ঐ ম্সল চ্র্ণ করিতে আজ্ঞা দিলেন। ম্সল চ্র্ণ হইল—চ্র্ণ সকল সম্দ্রে নিক্ষিপ্ত হইল। এদিকে যাদবগণ সমস্ত ধন্ম পরিত্যাগ করিলেন। তখন কৃষ্ণ তাঁহাদিগের "বিনাশ বাসনায়" যাদবগণকে প্রভাসতীর্থে যাত্রা করিতে বলিলেন।

প্রভাসে আসিয়া, যাদবগণ স্রাপান করিয়া নানাবিধ উৎসব করিতে লাগিল। শেষে পরস্পর কলহ আরম্ভ করিলে। কুর্কেনের মহারথী সাত্যাকি প্রথম বিবাদ আরম্ভ করিলেন। তিনি কৃতবন্দার সঙ্গে বিবাদ করিলেন। তথন কৃতবন্দার জ্ঞাতি গোষ্ঠী (যাদবেরা, বৃষি, ভোজ, অন্ধক, কুর্র ইতি ভিন্ন ভিন্ন বংশীয়) সাত্যাকি ও প্রদাননকে নিহন্ত করিলে। তথন কৃষ্ণ এক মান্টি এরকা (শরগাছ) কুদ্ধ হইয়া গ্রহণ করিলেন। এবং তদ্বারা অনেক যাদব নিপাতিত করিলেন। গ্রন্থান্তরে আছে যে, এই শরগাছ মানুসলচ্প যাহা রাজাজ্ঞান্সারে সমুদ্রে নিক্তি হইয়াছিল, তাহা হইতে উৎপন্ন হইয়াছিল। মহাভারতে সে কথাটা পাইলাম না, কিন্তু লিখিত আছে যে, কৃষ্ণ এরকামান্টি গ্রহণ করাতে তাহা মানুসলর্পে পরিশত হইল, এবং ইহাও আছে যে, ঐ স্থানের সমান্দার এরকাই রাহ্মণ-শাপে মানুসলর্পে পরিশত হইয়াছিল। যাদবগণ তখন ঐ সকল এরকা গ্রহণপ্রেক পরস্পর নিহত করিতে লাগিল। এইর্পে যাদবগণ পরস্পরকে নিহত করিলেন। তথন দার্ক (কৃষ্ণির সার্থি) ও বদ্ধু (যাদব) কৃষ্ণকে বলিলেন, "জনার্ম্পন! আপনি এক্ষণে অসংখ্য লোকের প্রাণসংহার করিলেন, অতঃপর চলান, আমরা মহাদ্যা বলভানের বাই।"

কৃষ্ণ দার্ককে হস্তিনায় অর্জ্বনের নিকট পাঠাইলেন। অর্জ্বন আসিয়া যাদবাদণের কুলকামিনীগণকে হস্তিনায় লইয়া যাইবে. এইর্প আজ্ঞা করিলেন। বলরামকে কৃষ্ণ যোগাসনে আসীন দেখিলেন। তাঁহার মুখ হইতে একটি সহস্রমন্তক সর্প নিগতি হইয়া সাগর. নদী, বর্ণ. এবং বাস্কি প্রভৃতি অন্য সর্পাণ কর্তৃক স্তুত হইয়া সম্দুমধ্যে প্রবেশ করিল। বলরামের দেহ জীবনশ্বন্য হইল। তথন কৃষ্ণ স্বয়ং মর্ত্তালোক ত্যাগ বাসনায় মহাযোগ অবলম্বনপ্র্বক ভূতলে শয়ন করিলেন। জরা নামে ব্যাধ মৃগদ্রমে তাঁহার পাদপদ্ম শরদ্বারা বিদ্ধ করিল। পরে আপনার দ্রম জানিতে পারিয়া শাৎকতমনে কৃষ্ণের চরণে নিপতিত হইল। কৃষ্ণ তাহাকে আশ্বাসিত করিয়া সাকাশমন্ডল উন্তাসিত করিয়া স্বর্গে গমন করিলেন।

এদিকে অন্তর্ন দার্বকায় আসিয়া রামকৃষ্ণাদির ঔদ্ধবিদিহিক কন্ম সন্পাদন করিয়া যাদবকুলকামিনীগণকে লইয়া হস্তিনায় চাললেন। পথিমধ্যে দস্যুগণ লাঠি হাতে তাঁহাকে আক্রমণ
করিল। যিনি প্রথিবী জয় করিয়াছিলেন, এবং ভীন্ম কর্ণের নিহস্তা, তিনি লগ্যুড়ধারী
চাষাদিগকে পরাভূত করিতে পারিলেন না। গাণ্ডীব তুলিতে পারিলেন না। রাজ্বিদী, সত্যভামা,
হৈমবতী, জান্ববতী প্রভৃতি কৃষ্ণের প্রধানা মহিষীগণ ভিন্ন আর সকলকেই দস্যুগণ হরণ করিয়া
লইয়া গোল।

এই সকল কথা কি মোলিক? মুসল এরকার অনৈস্গিক উপন্যাস আমবা প্রেকনিয়মান্-সারে পরিত্যাগ করিতে বাধা। কিন্তু তাহা ত্যাগ করিলে যে, প্রাকৃতিক স্থলে কথা কিছু বাকী থাকে, তাহা তত শীঘ্র ত্যাগ করা যায় না। যাদবেরা পানাসক্ত ও দুনীতিপরাষণ হইয়াছিল: ইহা পৰ্বেৰ্ব কথিত হইয়াছে। তাহারা সকলে একবংশীয় নহে: ভিন্ন ভিন্ন বংশীয়, এবং অনেক সময়ে পরস্পর বিরুদ্ধাচারী। কুরুক্ষেত্রের যুদ্ধে বাঞ্চের সাত্যকি ও কৃষ্ণ পাণ্ডবপক্ষে, কিন্তু অন্ধক ও ভোজবংশীয় কৃতবংশা, দুর্য্যোধনের পক্ষে। তার পর, যাদর্বাদগের কেহ বাজা ছিল ना, উগ্রসেনকে কখন রাজা বলা হইয়া থাকে, কিন্তু যাদর্বাদগের মধ্যে কেহই রাজা নহেন, ইহাই প্রাসিদ্ধ। কুঞ্জের গুলাধিক্য হেতু, তিনি যাদবগণের নেতা ছিলেন, কিন্তু তাঁহার অগ্রজ বলরামের **मक्त जौटात मण्डल प्रथा यात्र, এবং শান্তিপর্বে দেখিতে পাই, ভী**ष्म একটি কৃষ্ণনারদসংবাদ বালতেছেন, তাহাতে কৃষ্ণ নারদের কাছে দুঃখ করিতেছেন যে, তিনি জ্ঞাতিগণের মনোরঞ্জনার্থ বহুতর ষত্ন করিয়াও কৃতকার্য্য হইতে পারেন নাই। এ সকল কথা পূর্ত্বে বলিষাছি। অতএব, যখন যাদবেরা, পরস্পর বিদ্বেষবিশিষ্ট, স্ব স্ব প্রধান, অতান্ত বলদুপ্ত দুনীতিপরায়ণ, এবং সারাপাননিরত.* তথন তাঁহারা যে পরস্পর বিবাদ করিয়া যদ্বকুলক্ষয় করিবেন এবং তল্লিবন্ধন কৃষ্ণ বলরামেরও যে ইচ্ছাধীন বা অনিচ্ছাধীন দেহান্ত হইবে, ইহা অনৈর্সার্গক বা অসম্ভব নহে। বোধ হয়, এরপে এ া কিম্বদন্তী প্রচলিত ছিল এবং তাহার উপর প্রোণকারগণ যদ্বংশধ্বংস স্থাপিত করিয়াছেন। অতএব এ অংশের মৌলিকতার পুঞ্খানুপুঞ্খ িচারে আমাদের কোন श्रासम नारे। তবে क्वन मूरे बक्टो कथा वना आवगाक। निधिष्ठ श्रेशास्त्र य यम् वर्भ-**धदःत्र निर्वादंग जना कृष्ण किছ्र् इं कर्त्वन नार्टे. वदः ठाराद आन् क्रुलार्टे कित्रहाहिर्लन । ईर्टा** ७ ৰাদি সত্য হয়, তাহাতে কৃষ্ণচরিত্রের অসঙ্গতি বা অগোরব কিছুই দেখি না। আদর্শ মনুষ্য जामर्ग मन्द्रसात छेभयुक काष्ट्ररे कतिशाष्ट्रिलन। ठाँशत आश्रीश वा जनाश्रीश क्र्य नार्टे-আদর্শ প্রের্বের ধন্মই আত্মীয়। যদ্বংশীয়েরা যথন অধান্মিক হইয়া উঠিয়াছিল, তথন ভাহাদের দন্ড ও প্রয়োজনীয় স্থলে বিনাশসাধনই তাঁহার কর্ত্বা। যিনি জরাসন্ধ প্রভৃতিকে অধন্মান্তা বলিয়াই বিনষ্ট করিলেন, তিনি বাদবগণকে অধন্মান্তা দেখিয়া তাহাদের যদি বিনষ্ট না করেন, তবে তিনি ধন্মের বন্ধ, নহেন. আত্মীয়গণের বন্ধ, আপনার বন্ধ, ধন্মের পক্ষপাতী নহেন, আপনার পক্ষপাতী, বংশের পক্ষপাতী। আদর্শ ধর্মাত্মা, তাহা হইতে পারেন না-কৃষ্ণও তাহা হয়েন নাই।

ু ক্ষেত্র দেহত্যাগের কারণটা কতক অনিশ্চিত রহিল। চারি প্রকার কারণ নিদ্দেশি করা ঘাইতে পারে।

^{*} বাদবেরা এমন মদ্যাসক্ত ছিলেন বে, কৃষ্ণ বলরাম ঘোষণা করিয়াছিলেন যে, দ্বারকায় যে স্রো প্রস্তুত করিবে, তাহাকে শ্লে দিব। আমি পাশ্চান্তা রাজপ্রেক্সগকে এই নীতির অন্বভী হইতে বলিতে ইচ্ছা করি।

প্রথম, টাল্বয়স-হ ইলার সম্প্রদায় বলিতে পারেন, কৃষ্ণ জন্লিয়স্ কাইসরের মত, দেখ-

विभिष्ठे वक्ष्माण कर्जुक निरु रहेशाष्ट्रिलन। अत्भ कथा कान शुरु नाहे।

দ্বিতীয়, তিনি যোগাবলন্দ্ৰন করিয়া দেহত্যাগ করিয়াছিলেন। পাশ্চান্ত্য বৈজ্ঞানিকদিগের শিষাগণ যোগাবলন্দ্ৰনে দেহত্যাগের কথাটার বিশ্বাস করিবেন না। আমি নিজে অবিশ্বাসের কারণ দেখি না। যাঁহারা যোগাভ্যাসকালে নিশ্বাস অবর্দ্ধ করা অভ্যাস করিয়াছেন. তাঁহারা নিশ্বাস অবর্দ্ধ করিয়া আপনার মৃত্যু সম্পাদন করিতে পারেন না, এমন কথা আমি সাহস্পরিয়া বালতে পারি না। এর্প ঘটনা বিশ্বস্তস্তে শ্নাপ্ত গিয়া থাকে। অন্যে বলিতে পারেন. ইহা আত্মহত্যা, স্তরাং পাপ; স্তরাং আদর্শ মন্যের অনাচরণীয়, আমি ঠিক ভাহা বলিতে পারি না। প্রাচীন বরসে, জীবনের কার্যা সমস্ত সম্পম হইলে পরে, ঈশ্বরে লীন হইবার জন্য, মনোমধ্যে তম্ম হইয়া, শ্বাসরোধকে আত্মহত্যা বলিব, না "ঈশ্বরপ্রাপ্তি" বলিব? সেটা বিচারস্থল। আত্মহত্যা মহাপাপ স্বীকার করি, জীবনশেষে যোগবলে প্রাদত্যাগও কি তাই?

তৃতীয়, জরাব্যাধের শরাঘাত।

চতুর্থ, এই সময়ে কৃষ্ণের বয়স শত বর্ষের অধিক হইয়াছিল বলিয়া বিষণুপ্রাণে কথিত হইয়াছিল। এ জরাবাধ, জরাব্যাধ নয় ত?

যাঁহারা কৃষ্ণকে মন্যামাত বিবেচনা করিয়া তাঁহার ঈশ্বরত্ব স্বাকার করেন না, তাঁহারা এই চারিটি মতের যে কোনটি গ্রহণ করিতে পারেন। আমি কৃষ্ণকে ঈশ্বরাবতার বলিয়া স্বীকার করি। অতএব আমি বলি, কৃষ্ণের ইচ্ছাই কৃষ্ণের দেহত্যাগের কারণ। আমার মত ইহা বটে যে, জগতে মন্যাপ্রের আদর্শ প্রচার তাঁহার ইচ্ছা এবং সেই ইচ্ছা প্রণজন্য তিনি মান্যী শক্তির দারা সকল কর্মানিশ্বাহ করেন, কিন্তু তাহা বলিলেও ঈশ্বরাবতারের জন্মস্ত্য তাঁহার ইচ্ছাধীন মাত্র বলিতে হইবে। অতএব আমি বলি, কৃষ্ণের ইচ্ছাই কৃষ্ণের দেহত্যাগের একমাত্র কারণ।

মোসলপর্ব্ব মহাভারতের প্রথম ন্তরের অন্তর্গত কি না, তাহার আমি বিচার করি নাই। বিশেষ প্রয়োজন নাই, বিলয়া সমালোচনা করি নাই। বিশেষ প্রয়োজন নাই কেন, তাহাও বিলয়াছি। শুলে ঘটনাটা কতক সত্য বিলয়াই বোধ হয়। তবে তাহা হইলেও, ইহা মহাভারতের প্রথম স্তরের অন্তর্গত নহে বিলয়াই বোধ হয়। যাহা প্রাণা ও হরিবংশে আছে, কৃষ্ণজীবনঘটিত এমন আর কোন ঘটনাই মহাভারতে নাই। একটিই কেবল প্রাণাদিতেও আছে, হরিবংশেও আছে, মহাভারতেও আছে। পাওবাদিগের সম্বন্ধে যাহা কিছু কৃষ্ণ করিয়াছিলেন, তাহা ভিশ্ন আর কোন কৃষ্ণবৃত্তান্ত মহাভারতে নাই ও থাকিবার সন্ভাবনা নাই। এইটিই কেবল সে নিয়মবহিত্ত। কৃষ্ণ এখানে ঈশ্বরাবতার, এটি দ্বিতীয বা তৃতীয় স্তরের চিহ্ন প্রের্বি বিলয়াছি। এর্প বিবেচনা করিবার অন্যানা হেতুও নিন্দেশ করা যাইতে পারে, কিন্তু প্রয়োজনাভাব। তবে, ইহা বলা কর্ত্বব্য যে, অনুক্রমণিকাধ্যায়ে মৌসলপব্রের কোন প্রসঙ্গই নাই। প্রশীক্ষতের জন্মবৃত্তান্তর পরবর্তী কোন কথাই অনুক্রমণিকাধ্যায়ে নাই। আমার বিবেচনায় প্রশীক্ষতের জন্মই আদিম মহাভারতের শেষ। তার পরবত্তী যে সকল কথা, তাহা দ্বিতীয় বা তৃতীয় স্তরের।

দ্বিতীয় পরিচ্ছেদ—উপসংহার

গ্রন্। আধ্নিক শিক্ষাপ্রণালীর দ্বিতীয় প্রম এই যে, সকলকে এক এক, কি বিশেষ বিশেষ বিশেষ বিষয়ে পরিপক হইতে হইবে—সকলের সকল বিষয় শিখিবার প্রয়োজন নাই। যে পারে, সে ভাল করিয়া বিজ্ঞান শিখ্ক, তাহার সাহিত্যের প্রয়োজন নাই। যে পারে, সে সাহিত্য উত্তম করিয়া শিখ্ক, তাহার বিজ্ঞানে প্রয়োজন নাই। তাহা হইলে মার্নাসক ব্তির সকলগর্নার ক্ষ্র্তি ও পরিণতি হইল কৈ? সবাই আধখানা করিয়া মান্ম হইল, আন্ত মান্ম পাইব কোথা? যে বিজ্ঞানকুশলী, কিন্তু কাব্যরসাদির আম্বাদনে বিশুত, সে কেবল আধখানা মান্ম। অথবা যে সৌন্দর্যাদন্তপ্রাণ, সম্বাসাদ্রের রসগ্রাহী, কিন্তু জগতের অপ্নর্থ বৈজ্ঞানিক তত্ত্বে অজ্ঞ—সেও আধখানা মান্ম। উভয়েই মন্ম্যাহবিহীন, স্তরাং ধন্মে পতিত। যে ক্ষরিয় যুদ্ধবিশারদ—কিন্তু রাজধন্মে অনভিজ্ঞ—অথবা যে ক্ষরিয় রাজধন্মে অভিজ্ঞ, কিন্তু রণবিদ্যায় অনভিজ্ঞ, তাহারা যেমন হিন্দ্রশাক্ষান্সারে ধন্মকুছত, ইহারাও তেমনি ধন্মকুছত—এই প্রকৃত হিন্দ্রধন্মের মন্ম।

শিষ্য। আপনার ধর্ম্মব্যাখ্যা অনুসারে সকলকেই সকল শিখিতে হইবে।

शृद्धः। ना, ठिक छा नय। मकलाकर मकल मत्नावृद्धिश्चान मश्किषि कवित्र हरेत।

শিষা। তাই হউক—কিন্তু সকলের কি তাহা সাধা? সকলের সকল ব্রিজার্নি তুলারপে তেজান্দনী নহে। কাহারও বিজ্ঞানান্দীলনী ব্রিজার্নি অধিক তেজান্দনী, সাহিত্যান্থায়িনী ব্রিজার্নি সের্প নহে। বিজ্ঞানের অন্শীলন করিলে সে একজন বড় বৈজ্ঞানিক হইতে পারে, কিন্তু সাহিত্যের অন্শীলনে তাহার কোন ফল হইবে না. এ শ্বলে সাহিত্যে বিজ্ঞানে তাহার কি তুলারপ মনোযোগ করা উচিত?

গ্রব্। প্রতিভার বিচারকালে যাহা বলিয়াছি, তাহা স্মরণ কর। সেই কথা ইহার উত্তর।

তার পর তৃতীয় দোষ শুন।

জ্ঞানাল্জনী ব্রিজানুলি সম্বন্ধে বিশেষ একটি সাধারণ শ্রম এই যে সংকর্ষণ অর্থাং শিক্ষার উদ্দেশ্য জ্ঞানাল্জন, ব্যত্তির স্ফ্রেণ নহে। যদি কোন বৈদা, রোগীকে উদর ভরিয়া পথ্য দিতে ব্যতিবাস্ত হরেন, অথচ তাহার ক্ষ্মাব্দির বা পরিপাকশক্তির প্রতি কিছ্মাত্র দৃষ্টি না করেন, তবে সেই চিকিংসক বের্প শ্রান্ত, এই প্রশালীর শিক্ষকেরাও সেইর্প শ্রান্ত। যেমন সেই চিকিংসকের চিকিংসার ফল অজীর্ণ, রোগবৃদ্ধি,—তেমনি এই জ্ঞানাল্জন বাতিকগুত্ত শিক্ষক-দিগের শিক্ষার ফল মানসিক অজীর্ণ—বৃত্তি সকলের অবনতি। মুখক্ত কর, মনে রাখ, জিজ্ঞাসা

করিলে যেন চটপট করিয়া বলিতে পার। তার পর, বৃদ্ধি তীক্ষা হইল, কি শৃত্বুক কাষ্ট্র কোপাইতে কোপাইতে ভোঁতা হইয়া গোল, স্বদাক্ত অবলান্বিনী হইল, কি প্রাচীন প্রক্রপ্রণেতা এবং সমাজের শাসনকর্ত্তারপ বৃদ্ধাপিতামহীবগোর আঁচল ধরিয়া চালল, জ্ঞানার্ল্জনি বৃত্তিগুলি বৃত্তা খোকার মত কেবল গিলাইয়া দিলে গিলিতে পারে, কি আপনি আহারাল্জনি সক্ষম হইল, সে বিষয়ে কেহ দ্রমেও চিন্তা করেন না। এই সকল শিক্ষিত গন্দিভ জ্ঞানের ছালা পিঠে করিয়া নিতান্ত ব্যাকুল হইয়া বেড়ায়—বিক্ষ্তি নামে কর্ণাময়ী দেবী আসিয়া ভার নামাইয়া লইলে, তাহারা পালে মিশিয়া স্বচ্ছলে ঘাস খাইতে থাকে।

শিষ্য। আমাদের দেশের শিক্ষিত সম্প্রদায়ের প্রতি আপনার এত কোপদৃষ্টি কেন?

গরর। আমি কেবল আমাদের দেশের শিক্ষিত সম্প্রদায়ের কথা বলিতেছিলাম না। এখনকার ইংরেজের শিক্ষাও এইর্প। আমরা যে মহাপ্রভূদিগের অনুকরণ করিয়া, মনুষ্যজন্ম সার্থক করিব মনে করি, তাঁহাদিগেরও বৃদ্ধি সঞ্চীর্ণ, জ্ঞান পীড়াদায়ক।

শিষ্য। ইংরেজের বর্ণিদ্ধ সঞ্চীর্ণ? আপনি ক্ষর্দ্র বাঙ্গালী হইয়া এত বড় কথা বলিতে সাহস করেন? আবার জ্ঞান পীড়াদায়ক?

গ্রহ্। একে একে বাপ্। ইংরেজের ব্লি সঞ্চীণ, ক্ষ্র্দ্র বাঙ্গালী হইয়াও বলি। আমি গোষ্পদ বলিয়া যে ডোবাকে সম্দ্র বলিব, এমত হইতে পারে না। যে জাতি এক শত কুড়ি বংসর ধরিয়া ভারতবর্ষের আধিপতা করিয়া ভারতবাসীদিগের সম্বন্ধে একটা কথাও ব্রিঞ্জ না, তাঁহাদের অন্য লক্ষ গ্র্ম থাকে স্বীকার করিব, কিন্তু তাঁহাদিগকে প্রশন্তব্যিদ্ধ বলিতে পারিব না। কথাটার বেশী বাড়বাড়ির প্রয়োজন নাই—তিক্ত হইয়া উঠিবে। তবে ইংরেজের অপেক্ষাও সঞ্কীশ পথে বাঙ্গালীর ব্লি চলিতেছে, ইহা আমি না হয় স্বীকার করিলাম। ইংরেজেন শিক্ষা অপেক্ষাও আমাদের শিক্ষা যে নিকৃষ্ট, তাহা মৃক্তকণ্ঠে স্বীকার করি। কিন্তু আমাদের সেই কুশিক্ষার মূলে ইউরোপের দৃষ্টান্ত। আমাদের প্রচীন শিক্ষা হয়ত আরও নিকৃষ্ট ছিল। কিন্তু তাহা বলিয়া বর্ত্তমান শিক্ষাকে ভাল বলিতে পারি না। একটা আপত্তি মিটিল ত?

শিষ্য। জ্ঞান পীড়াদায়ক, এখনও বুঝিতে পারিতেছি না।

গ্রহ। জ্ঞান স্বাস্থ্যকর, এবং জ্ঞান পীড়াদায়ক। আহার স্বাস্থ্যকর, এবং অজীর্ণ হইলে পীড়াদায়ক। অজীর্ণ জ্ঞান পীড়াদায়ক। অর্থাৎ কতকগ্লা কথা জানিয়াছি, কিন্তু যাহা যাহা জানিয়াছি, সে সকলের কি সম্বন্ধ, সকলগ্লার সমবায়ে ফল কি, তাহা কিছুই জানি না। গৃহে অনেক আলোক জনলিতেছে, কেবল সিণ্ডিট্রকু অন্ধকার। এই জ্ঞানপীড়াগ্রস্ত ব্যক্তিরা এই জ্ঞান লইয়া কি করিতে হয়, তাহা জানে না। একজন ইংরেজ স্বদেশ হইতে নৃত্ন আসিয়া একখানি বাগান কিনিয়াছিলেন। মালী বাগানের নারিকেল পাড়িয়া আনিয়া উপহার দিল। সাহেব ছোবড়া খাইয়া তাহা অস্বাদ্ বলিয়া পরিত্যাক্ষ করিলেন। মালী উপদেশ দিল, "সাহেব! ছোবড়া খাইতে নাই—আঁটি খাইতে হয়।" তার পর আঁব আসিল। সাহেব মালীর উপদেশবাক্য সমরল করিয়া ছোবড়া ফেলিয়া দিয়া আঁটি খাইলেন। দেখিলেন, এবারও বড় রস পাওয়া সেলা না। মালী বলিয়া দিল, "সাহেব! কেবল খোসাখানা ফেলিয়া দিয়া, শাঁসটা ছুরি দিয়া কাটিয়া খাইতে হয়।" সাহেবের সে কথা সমরল রহিল। শেষে ওল আসিল। সাহেব, তাহার খোসা ছাড়াইয়া কাটিয়া খাইলেন। শেষে বল্লায়া কাতর হইয়া মালীকে প্রহারপ্র্বেক আষা কড়িতে বাগান বেচিয়া ফেলিলেন। অনেকের মানসক্ষেত্র এই বাগানের মত ফলে ফুলে পরিপ্রেশ তবে অধিকারীর ভোগে হয় না। তিনি ছোবড়ার জায়গায় আঁটি, আঁটির জায়গায় ছোবড়া খাইয়া বিসয়া থাকেন। এরপে জ্ঞান বিডম্বনা মাত্র।

শিষ্য। তবে কি জ্ঞানাৰ্জনী বৃত্তি সকলের অনুশীলন জন্য জ্ঞান নিষ্প্রয়োজন?

গুরু। পাগল! অস্থানা শানাইতে গেলে কি শ্নোর উপর শান দেওয়া যায়? জ্ঞের বস্তু ভিন্ন কিসের উপর অন্শীলন করিবে? জ্ঞানার্জনী বৃত্তি সকলের অন্শীলন জন্য জ্ঞানার্জন নিশ্চিত প্রয়োজন। তবে ইহাই ব্ঝাইতে চাই য়ে, জ্ঞানার্জন মের্প উদ্দেশ্য, বৃত্তির বিকাশও সেইর্প মুখ্য উদ্দেশ্য। আর ইহাও মনে করিতে হইবে, জ্ঞানার্জনেই জ্ঞানার্জনী বৃত্তিগার্নীলর পরিত্তিও। অতএব চরম উদ্দেশ্য জ্ঞানার্জনিই বটে। কিন্তু যে অন্শীলনপ্রথা চালত, তাহাতে পেট বড় না হইতে আহার ঠ্নিয়া দেওয়া হইতে থাকে। পাকশক্তির বৃদ্ধির দিকে দৃশ্টি নাই, ক্রুখা বৃদ্ধির দিকে দুশিট নাই, ক্রুখা বৃদ্ধির দিকে দুশিটে নাই, ক্রুখা বৃদ্ধির দিকে দুশিট নাই, ক্রুখা বৃদ্ধির দিকে দুশিট নাই, ক্রেখা বৃদ্ধির দিকে দুশিটি নাই, ক্রুখা বৃদ্ধির দিকে দুশিক নাই, ক্রিয়া ক্রুখা বৃদ্ধির দিকে দুশিক নাই, ক্রুখা বৃদ্ধির দিকে দুশিক নাই, ক্রুখা বৃদ্ধির নাই ক্রিয়ার বৃদ্ধির দিকে দুশিক নাই ক্রেখার বৃদ্ধির নাই ক্রুখার বৃদ্ধির নাই ক্রিয়ার ক্রিয়ার ক্রিয়ার বিক্রাক বিক্রাক নাই ক্রুখার বিক্রাক বিক্রাক

বেমন কতকগন্দ্রিল অবোধ মাতা এইর্প করিয়া শিশ্ব শারীরিক অবনতি সংসাধিত করিয়া থাকে, তেমন এখনকার পিতা ও শিক্ষকেরা প্র ও ছাত্রগণের অবনতি সংসাধিত করেন।

জ্ঞানার্চ্জন ধন্মের একটি প্রধান অংশ। কিন্তু সম্প্রতি তংসম্বন্ধে এই তিনটি সামাজিক পাপ সর্ব্বদা বর্ত্তমান। ধন্মের প্রকৃত তাংপর্য্য সমাজে গৃহীত হইলে, এই কুশিক্ষার্প পাপ সমাজ হইতে দ্রীকৃত হইবে।

দশম অধ্যায়—মনুষ্যে ভক্তি

শিষ্য। স্থ, সকল ব্তিগ্রলির সমাক্ স্ফ্রির্, পরিণতি, সামঞ্জস্য এবং চরিতার্থতা। ব্রিগ্রলির সমাক্ স্ফ্রির্রে, পরিণতি এবং সামঞ্জস্য মন্যায়। ব্রিগ্রলিল, শারীরিকী, জ্ঞানার্ল্জনী, কার্যাকারিণী এবং চিত্তর্রাঞ্জনী। ইহার মধ্যে শারীরিকী ও জ্ঞানার্ল্জনী ব্রির অন্শীলন প্রথা সম্বন্ধে কিছ্ উপদেশ প্রাপ্ত হইয়াছি। নিকৃষ্টা কার্যাকারিণী ব্রির্গ্রালির অন্শীলন কি, সামঞ্জস্য ব্রিঝবার সমযে, ভয়, লোধ, লোভ ইত্যাদির উদাহরণে ব্রিঝবাছি। নিকৃষ্টা কার্যাকারিণী ব্রি সম্বন্ধে, বোধ করি, আপনার আর কোন বিশেষ উপদেশ নাই, তাহাও ব্রিঝয়াছি। কিন্তু অন্শীলনতত্ত্বের এ সকল ত সামানা অংশ। অবশিষ্ট যাহা শ্রোতব্য, তাহা শ্রনিতে ইচ্ছা করি।

গ্লের। এক্ষণে যাহাকে কার্য্যকারিণী বৃত্তিগ্রনির মধ্যে সচরাচর উংকৃষ্ট বলে, তাদৃশ বৃত্তির কথা বালব। বৃত্তির মধ্যে যে অর্থে উংকর্ষ নিকর্ষ নিদ্দেশ করা যায়, সেই অর্থে এই তিন্টি বৃত্তি সর্ব্যান্তেণ্ঠ—ভক্তি, প্রতি, দ্যা।

শিষা। ভক্তি, প্রতি, দয়া, এ তিনটি কি একই বৃত্তি নহে? প্রতি ঈশ্বরে নাস্ত হইলেই

ट्रिन छिंक रहेन. এवः आरखं नाम्र रहेतारे जारा म्या रहेन।

গ্রন। যদি এরপে বলিতে চাও, তাহাতে আমার এখন কোন আপত্তি নাই: কিন্তু অনুশীলন জন্য তিনটিকে পৃথক্ বিবেচনা করাই ভাল। বিশেষ, ঈশ্বরে নান্ত যে প্রীতি, সেই ভক্তি, এমন নহে। মনুষ্য—যথা রাজা, গ্রন্থ, পিতা, মাতা, দ্বামী প্রভৃতিও ভক্তির পাত্ত। আর ঈশ্বরে ভক্তি না হইযাও কেবল প্রীতি জন্মিতে পারে। তাই, বাঙ্গালার বৈশ্বরো, শাস্ত, দাসা, সংগ, বাংসল্য, এবং মধ্বর, ঈশ্বরের প্রতি এই পঞ্চিবধ অনুরাগ স্বীকার করেন। সে পাঁচটি দেখিবে, এই ভক্তি, প্রীতি, দরা মাত্ত। তবে কোন ভাবটি মিশ্র, কোনটি অমিশ্র, যথা—

শাস্ত (সাধারণ ভক্তের যে ভাব) = ভক্তি।

माना (रन्यानामित य **ভा**व) = र्जेड + म्या।

সখ্য (শ্রীদামাদির যে ভাব) = প্রীতি।

বাংসল্য (নন্দ যশোদা) = প্রীতি + দয়া।

মধ্র (রাধা) = ভক্তি + প্রীতি + দ্যা।

শিষ্য। কৃষ্ণের প্রতি রাধার যে ভাব বাঙ্গালার বৈষ্ণবেরা কল্পনা করেন, তাহার মধ্যে দ্যা কোথায়?

গ্রু। স্নেহ আছে স্বীকার কর?

শিষা। করি, কিন্তু ল্লেহ ত প্রীতি।

গ্রন। কেবল প্রত্তীত নহে। প্রতি ও দয়ার মিগ্রলে শ্লেহ। স্তরাং মধ্র ভাবের ভিতর দয়াও আছে। ভক্তি, প্রতি, দয়া, মন্মাব্তির মধ্যে প্রেত। তামধ্যে ভক্তিই সন্ধাপ্রেত। এই ভক্তি ঈশ্বরে নাস্ত হইলেই, অন্য ধার্মাবলন্দ্রীরা সাল্ড্র্য হইলেন. ধার্মার উদ্দেশ্য সিদ্ধ হইল কিন্তু বাঙ্গালার বৈশ্বরের তাহাতেও সল্ড্র্য নহেন, তাহারা চাহেন যে, তিনটি প্রেষ্ঠ কিশ্বরম্থী হইবে। ইহা এক দিনের কাজ নহে। দ্রমে একটি একটি, দ্রইটি দ্রইটি করিয়া শান্ত, দাস্য, সাধ্য, বাংসলোর পর্যায়ন্ত্রমে সন্ধাশ্বেষ সকলগ্রনিই ঈশ্বরে অপণি করিতে শিখিতে হইবে, তথন "রাধা" (যে আরাধনা করে) হইতে পারা যায়।

কিন্তু ঈশ্বরভক্তির কথা এখন থাক। আগে মনুষ্যে ভক্তির কথা বলা যাউক। বিনিই আমাদের অপেক্ষা শ্রেষ্ঠ এবং যাহার শ্রেষ্ঠতা হইতে আমরা উপকৃত হই, তিনিই ভক্তির পাত। ভক্তির সামাজিক প্রয়োজন এই যে. (১) ভক্তি ভিন্ন নিকৃষ্ট কথন উৎকৃষ্টের অনুসামী হয় না।

(২) নিকৃষ্ট উংকৃষ্টের অন্সামী না হইলে সমাজের ঐক্য থাকে না, বন্ধন থাকে না, উন্নতি ঘটে না।

দেখা যাউক, মনুষামধ্যে কে ভক্তির পাত্র। (১) পিতামাতা ভক্তির পাত্র। তাঁহারা যে जामारमत जरभक्का टार्फ, जाहा द्वाहरू हरेरा ना। गृत् छात्न टार्फ, जामारमत छानमाजा. এজন্য তিনিও ভক্তির পাত। গ্রের ভিন্ন মনুষ্যের মনুষ্যত্বই অসম্ভব, ইহা শারীরিক বৃত্তি আলোচনাকালে বুঝাইয়াছি। এজন্য গুরু বিশেষ প্রকারে ভক্তির পাত্র। হিন্দুধর্ম্ম সব্বতিত্তদশ্য, এজন্য হিন্দুধন্মের গ্রেভিক্তির উপর বিশেষ দূটি। প্ররোহিত, অর্থাৎ যিনি ঈশ্বরের নিকট আমাদের মঙ্গল কামনা করেন, সর্বাথা আমাদের হিতান,স্ঠান করেন এবং আমাদের অপেক্ষা ধর্ম্মাত্মা ও পবিক্রন্তভাব, তিনিও ভক্তির পাত্র। যিনি কেবল চাল কলার জন্য প্রােহিত, তিনি ভক্তির পাত্র নহেন। স্বামী সকল বিষয়েই স্তার অপেক্ষা শ্রেষ্ঠ, তিনি ভাঁক্তর পাত্র। হিন্দুধন্মে ইহাও বলে যে, দ্বীরও স্বামীর ভক্তির পাত্র হওয়া উচিত, কেন না, হিন্দ্রধর্মা বলে যে, স্থাকৈ লক্ষ্মীর্পা মনে করিবে। কিন্তু এখানে হিন্দুধর্মের অপেক্ষা কোম্ৎ ধর্ম্মের উত্তি কিছু স্পন্ট এবং শ্রদ্ধার যোগ্য। যেখানে স্ত্রী স্লেহে, ধর্ম্মের বা পবিত্রতায় শ্রেষ্ঠ, সেখানে তাঁহারও স্বামীর ভক্তির পাত্র হওয়া উচিত বটে। গৃহধন্মে ই'হারা ভক্তির পাত্র; যাহারা ই হাদের স্থানীয়, তাঁহারাও সেইরূপ ভক্তির পাত্র। গৃহমধ্যে যাহারা নিম্নস্থ তাহারা যদি ভক্তির পাত্রগণকে ভক্তি না করে, যদি পিতা মাতাকে পত্র কন্যা বা বধু ভক্তি না করে, যদি স্বামীকে স্বী ভক্তি না করে, যদি স্বীকে স্বামী ঘূণা করে, যদি শিক্ষাদাতাকৈ ছাত্র ঘূলা করে, তবে সে গুহে কিছুমাত্র উন্নতি নাই—সে গুহু নরকবিশেষ। এ কথা কণ্ট পাইয়া বুঝাইতে হইবে না, প্রায় স্বতঃসিদ্ধ। এই সকল ভক্তির পাত্রের প্রতি সম্চিত ভক্তির উদ্রেক অনুশীলনের একটি মুখ্য উন্দেশ্য। হিন্দ্রধন্মেরও সেই উন্দেশ্য। বরং অন্যান্য ধন্মের অপেক্ষা এ বিষয়ে হিন্দুখন্দের্যরই প্রাধান্য আছে। হিন্দুখন্দর্য যে প্রতিবীর শ্রেষ্ঠ ধন্ম, ইহা তদ্বিষয়ে অন্যতর প্রমাণ।

(২) এখন বৃঝিয়া দেখ, গৃহস্থ পরিবারের যে গঠন. সমাজের সেই গঠন। গৃহের কর্ত্তার ন্যায়, পিতা মাতার ন্যায়, রাজা সেই সমাজের শিরোভাগ। তাঁহার গৃলে, তাঁহার দক্তে, তাঁহার পালনে সমাজ রক্ষিত হইয়া থাকে। পিতা যেমন সন্তানের ভক্তির পাত্র, রাজাও সেইর্প প্রজার ভক্তির পাত্র। প্রজার ভক্তিরে রাজা শক্তিমান্—নহিলে রাজার নিজ বাহুতে বল কত? রাজা বলশ্ন্য হইলে সমাজ থাকিবে না। অতএব রাজাকে সমাজের পিতার স্বর্প ভক্তি করিবে। লর্ডা রীপণ সন্বন্ধে যে সকল উৎসাহ ও উৎস্বাদি দেখা গিয়াছে, এইর্প এবং অন্যান্য সদ্পায় দ্বায়া রাজভক্তি অনুশীলিত করিবে। যুদ্ধকালে রাজার সহায় হইবে। হিল্ম্বাম্মে প্নাঃ প্নাঃ রাজভক্তির প্রশংসা আছে। বিলাতী ধন্মে হউক বা না হউক, বিলাতী সামাজিক নীতিতে রাজভক্তির বড় উচ্চ দ্থান ছিল। বিলাতে এখন আর রাজভক্তির স্থান নাই। যেখানে আছে —যথা জন্মানি বা ইতালি, সেখানে রাজ্য উন্নতিশীল।

শিষ্য। সেই ইউরোপীয় রাজভক্তিটা আমার বড় বিশ্ময়কর ব্যাপার বলিয়া বোধ হয়। লোকে রামচন্দ্র বা ধর্নধিষ্ঠিরের ন্যায় রাজাকে যে ভক্তি করিবে, ইহা বর্নঝতে পারি, আকবর বা অশোকের উপর ভক্তিও না হয় বর্নঝলাম, কিন্তু দ্বিতীয় চার্লাস্ বা পঞ্চদশ লাইর মত রাজার উপরে যে রাজভক্তি হয়, ইহার পর মন্যাের অধঃপতনের আর গ্রন্তর চিহ্ন কি হইতে পারে?

গ্রন্। যে মন্ষ্য রাজা, সেই মন্ষ্যকে ভব্তি করা এক বহু, রাজাকে ভব্তি করা দ্বতদ্প বৃদ্ধ। যে দেশে একজন রাজা নাই—যে রাজ্য সাধারণতন্ত, সেইখানকার কথা মনে করিলেই ব্রিক্তে পারিবে যে, রাজভব্তি কোন মন্মাবিশেষের প্রতি ভব্তি নহে। আমেরিকার কংগ্রেসের বা রিটিশ পালিমেন্টের কোন সভাবিশেষ ভব্তির পাত্র না হইতে পারেন, কিন্তু কংগ্রেস ও পালিমেন্ট ভক্তির পাত্র তিম্বিষয়ে সন্দেহ নাই। সেইর্প চার্লস্ ভ্রাট বা লাই কাপে ভক্তির পাত্র না হইতে পারেন, কিন্তু তত্তং সময়ের ইংলান্ড বা ফ্রান্সের রাজা তত্তং প্রদেশীরদিগের ভক্তির পাত্র।

শিষ্য। তবে কি একটা দ্বিতীয় ফিলিপ বা একটা গুরঙ্গজেবের ন্যায় নরাধমের বিপক্ষে বিদ্রোহ পাপের মধ্যে গণ্য হইবে?

গরের। কদাপি না। রাজা যতক্ষণ প্রজাপালক, ততক্ষণ তিনি রাজা। যখন তিনি

প্রজ্ঞাপীড়ক হইলেন, তখন তিনি আর রাজা নহেন, আর ভক্তির পাত্র নহেন। এর্প রাজাকে ভক্তি করা দ্রের থাক, বাহাতে সে রাজা সন্শাসন করিতে বাধ্য হয়, তাহা দেশবাসীদিগের কর্ত্তব্য। কেন না, রাজার স্বেচ্ছাচারিতা সমাজের অমঙ্গল। কিন্তু সে সকল কথা ভক্তিতত্ত্বে উঠিতেছে না, প্রীতিতত্ত্বে অন্তর্গত। আর একটা কথা বালিয়া রাজভক্তি সমাপ্ত করি। রাজা বেমন ভক্তির পাত্র, তাঁহার প্রতিনিধিস্বর্প রাজপ্র্র্বগণও যথাযোগ্য সম্মানের পাত্র। কিন্তু ভাঁহারা যতক্ষণ আপন আপন রাজকার্য্যে নিযুক্ত থাকেন, এবং ধন্মতঃ সেই কার্য্য নির্ব্বাহ্ত করেন, ততক্ষণাই তাঁহারা সম্মানের পাত্র। তার পর তাঁহারা সাধারণ মন্ম্য।

রাজপর্র্যে যথাযোগ্য ভক্তি ভাল, কিন্তু বেশী মান্রায় কিছুই ভাল নহে—কেন না. বেশী মান্রা অসামঞ্জাস্যের কারণ। রাজা সমাজের প্রতিনিধি এবং রাজপ্র্র্যেরা সমাজের ভৃত্য—এ কথা কাহারও বিস্মৃত হওয়া উচিত নয়। আমাদের দেশীয় লোক এ কথা বিস্মৃত হইয়া, রাজপ্র্র্যের অপরিমিত তোষামোদ করিয়া থাকেন।

(৩) রাজার অপেক্ষাও, যাঁহারা সমাজের শিক্ষক, তাঁহারা ভাক্তর পাত্র। গৃহস্থ গ্রন্ধ কথা, গৃহস্থিত ভাক্তর পাত্রদিগের সঙ্গে বলিয়াছি, কিন্তু এই গ্রন্ধাণ, কেবল গাহস্থা গ্রন্ধ নহেন. সামাজিক গ্রন্ধ। যাঁহারা বিদ্যা বৃদ্ধি বলে, পরিশ্রমের সহিত সমাজের শিক্ষায় নিযুক্ত, তাঁহারাই সমাজের প্রকৃত নেতা, তাঁহারাই যথার্থ রাজা। অতএব ধন্মবিক্তা, বিজ্ঞানবেন্তা, নাঁতিবেন্তা, দার্শনিক, প্রাণবেন্তা, সাহিত্যকার, কবি প্রভৃতির প্রতি যথোচিত ভক্তির অনুশালিক কর্ত্তবাও । প্থিবীর যাহা কিছ্ক উর্মাত হইয়াছে, তাহা ই'হাদিগের দ্বারা হইয়াছে। ই'হারা প্থিবীকে যে পথে চালান, সেই পথে প্থিবী চলে। ই'হারা রাজাদিগেরও গ্রন্থ। রাজগণ ই'হাদিগের নিকট শিক্ষা লাভ করিয়া তবে সমাজশাসনে সক্ষম হয়েন। এই হিসাবে, ভারতবর্ষ ভারতীয় ঋবিদিগের সৃষ্টি—এই জন্য বাাস, বাল্মীক, বশিষ্ঠ, বিশ্বামিত, মন্ধ্র, যাজ্ঞবল্কা, কাল্জা, কোম্প, দান্তে, শেক্ষপীয়র প্রভৃতি সেই স্থানে।

শিষ্য। আপনার কথার তাংপর্য্য কি এইর্পু ব্রিমতে হইবে যে, যাঁহা দ্বারা আমি যে পরিমাণে উপকৃত, তাঁহার প্রতি সেই পরিমাণে ভক্তিয**ু**ক্ত হইব?

গ্রা। তাহা নহে। ভক্তি কৃতজ্ঞতা নহে। অনেক সমযে নিক্টের নিকটও কৃতজ্ঞ হইতে হয়। ভক্তি পরের জনা নহে, আপনার উর্রাতর জন্য। যাহার ভক্তি নাই, তাহার চরিব্রের উর্রাত নাই। এই লোকশিক্ষকদিগের প্রতি যে ভক্তির কথা বলিলাম, তাহাই উদাহরশ স্বর্প লইয়া ব্রিথয়া দেখ। তুমি কোন লেখকের প্রণীত গ্রন্থ পড়িতেছ। যদি সে লেখকের প্রতি তোমার ভক্তি না থাকে, তবে সে গ্রন্থের দ্বারা তোমার কোন উপকার হইবে না। তাহার প্রদন্ত উপদেশে তোমার চরিত্র কোনর্প শাসিত হইবে না। তাহার মন্মার্থ তুমি গ্রহণ করিতে পারিবে না। গ্রন্থকারের সঙ্গে সহদরতা না থাকিলে, তাহার উক্তির তাৎপর্যা ব্রা যায় না। অতএব জগতের শিক্ষকদিগের উপর ভক্তি না থাকিলে শিক্ষা নাই। সেই শিক্ষাই সকল উর্রাতর মূল; অতএব সে ভক্তি ভিন্ন উর্রাতও নাই। ইত্যাদের প্রতি সম্বিচত ভক্তি অনুশালন পরম ধন্ম।

শিষ্য। কৈ, এ ধর্ম্ম ত আপনার প্রশংসিত হিন্দর্ধন্মে শিখায় না?

গ্রা । এটা অতি ম্থের মত কথা। বরং হিন্দ্র্যম্মে ইহা যে পরিমাণে শিখায়, এমন আর কোন ধর্মেই শিখায় নাই। হিন্দ্র্যম্মে রাহ্মণগণ সকলের প্রা । তাঁহারা যে বর্ণ শ্রেষ্ঠ এবং আপামর সাধারণের বিশেষ ভান্তর পাত্র, তাহার কারণ এই যে, রাহ্মণেরাই ভারতবর্ষে সামাজিক শিক্ষক ছিলেন। তাঁহারা ধন্মবিত্তা, তাঁহারাই নীতিবেত্তা, তাঁহারাই বিজ্ঞানবেত্তা, তাঁহারাই প্রাণবেত্তা, তাঁহারাই দার্শনিক, তাঁহারাই সাহিত্যপ্রণেতা, তাঁহারাই কবি। তাই অনস্তজ্ঞানী হিন্দ্র্যম্মের উপদেশকগণ তাঁহাদিগকে লোকের অশেষ ভক্তির পাত্র বিলয়া নির্দ্দিশ ক করিয়াছেন। সমাজ রাহ্মণকে এত ভক্তি করিত বিলয়াই, ভারতবর্ষ অম্পকালে এত উমত হইয়াছিল। সমাজ শিক্ষাদাতাদিগের সম্প্রণ বশবত্তী হইয়াছিল বিলয়াই সহজে উমতি লাভ করিয়াছিল।

শিষ্য। আধ্বনিক মত এই যে, ভন্ড ব্রাহ্মণেরা আপনাদিগের চাল কলার পাকা বল্পোইস্ত করিবার জন্য এই দুরুর্জার ব্রহ্মভক্তি ভারতবর্ষে প্রচার করিয়াছে।

विकास सहनावनी

গরে। তমি যে ফলের নাম করিলে, যাঁহারা তাহা অধিক পরিমাণে ভোজন করিয়া থাকেন, এ কথাটা তাহাদিদের বৃদ্ধি হইতেই উদ্ভত হইয়াছে। দেখ বিধি বিধান ব্যবস্থা সকলই ব্রাহ্মণের হাতেই ছিল। নিজ হস্তে সে শক্তি থাকিতেও তাঁহারা আপনাদের উপজীবিকা সম্বন্ধে কি ব্যবস্থা করিয়াছেন? তাঁহারা রাজ্যের অধিকারী হইবেন না, বাণিজ্যের অধিকারী হইবেন না, কৃষিকার্য্যের পর্যান্ত অধিকারী নহেন। এক ভিন্ন কোন প্রকার উপজীবিকার অধিকারী নহেন। যে একটি উপজীবিকা বাহ্মণেরা বাছিয়া বাছিয়া আপনাদিগের জন্য রাখিলেন. সেটি কি? যাহার পর দুঃখের উপজীবিকা আর নাই, যাহার পর দারিদ্রা আর কিছুতেই নাই— ভিক্ষা। এমন নিঃস্বার্থ উন্নতচিত্ত মনুষ্যশ্রেণী ভূমণ্ডলে আর কোথাও জন্মগ্রহণ করেন নাই। তাঁহারা বাহাদঃরির জন্য বা প্রশাসশুয়ের জন্য, বাছিয়া বাছিয়া ভিক্ষাব্যতিটি উপজীবিকা বলিয়া গ্রহণ করেন নাই। তাঁহারা ব্রাঝিয়াছিলেন যে, ঐশ্বর্যাসন্পদে মন গেলে জ্ঞানোপার্ল্জনের বিঘা घटो, ममात्जत भिक्तामात विघा घटि। এकमन, এकधान इट्रेश लाकिभक्ता मिदन विनास है **मर्ब्य** जाशी इरेगि हिल्लन। यथार्थ निष्काम थम्म याराप्तत राए राए श्रदम क्रियाहरू, তাহারাই পরহিতরত সঞ্চল্প করিয়া এরূপ সন্ধৃত্যাগী হইতে পারে। তাঁহারা যে আপনা-দিগের প্রতি লোকের অচলা ভক্তি আদিষ্ট করিয়াছিলেন, তাহাও স্বার্থেব জন্য নহে। তাঁহারা ব্যবিয়াছিলেন যে, সমাজশিক্ষকদিগের উপর ভক্তি ভিন্ন উন্নতি নাই, সে জন্য ব্যক্ষণভক্তি প্রচার ক্রিয়াছিলেন। এই সকল ক্রিয়া তাঁহারা যে সমাজ ও যে সভ্যতার স্থািষ্ট ক্রিয়াছিলেন, তাহা **আজিও জগতে অতন্য, ইউরোপ আজিও তাহা আদর্শস্বরূপ গ্রহণ করিতে পারে। ইউরোপে** আজিও যুদ্ধটা সামাজিক প্রযোজন মধ্যে। কেবল রাহ্মণেরাই এই ভয়ঞ্কর দুঃখ-সকল দুঃখের উপর শ্রেষ্ঠ দুঃখ-সকল সামাজিক উৎপাতের উপর বড উৎপাত-সমাজ হইতে উঠাইয়া দিতে পারিয়াছিলেন। সমাজ রাহ্মণ্য নীতি অবলম্বন করিলে যুদ্ধের আর প্রয়োজন থাকে না। তাঁহাদের কীত্তি অক্ষয়। পূথিবীতে যত জাতি উৎপন্ন হুইয়াছে, প্রাচীন ভারতের ব্রহ্মণ-্দিলের মত প্রতিভাশালী, ক্ষমতাশালী, জ্ঞানী ও ধাম্মিক কোন জাতিই নহে। প্রচৌন এথেকা বা রোম, মধ্যকালের ইতালি, আধুনিক জাম্মানি বা ইংলন্ডবাসী—কেহই তেমন প্রতিভাশালী ता क्रमणामानी हिलान ना: त्रामक धम्मियाङ्गक. त्रीक जिक्क, ता अभव त्रान मन्ध्रमात्रव लाक তেমন জ্ঞানী বা ধান্মিক ছিল না।

শিষ্য। তা যাক। এখন দেখি ত ব্রাহ্মণেরা ল্বাচিও ভাজেন, র্টীও বেচেন, কালী খাড়া করিয়া কসাইয়ের ব্যবসাও চালান। তাঁহাদিগকে ভক্তি করিতে হইবে?

গ্রহ। কদাপি না। যে গ্লের জন্য ভক্তি করিব, সে গ্লে যাহার নাই, তাহাকে ভক্তি করিব কেন? সেখানে ভক্তি অধন্ম। এইট্রুকু না ব্ঝাই, ভারতবর্ষেব অবন্তির একটি গ্রহ্তর কারণ। ষে গ্লে রাহ্মণ ভক্তির পাত্র ছিলেন. সে গ্লে যখন গেল. তখন আর ব্রাহ্মণকে কেন ভক্তি করিতে লাগিলাম? কেন আর ব্রাহ্মণের বশীভূত রহিলাম? তাহাতেই কুশিক্ষা হইতে লাগিল, কুপথে যাইতে লাগিলাম। এখন ফিরিতে হইবে।

শিষা। অর্থাৎ ব্রাহ্মণকে আর ভক্তি করা হইবে না।

গ্রহ। ঠিক তাহা নহে। যে রাহ্মণের গ্র্ণ আছে, অর্থাং যিনি ধান্মিক, বিদ্বান্, নিজ্জাম, লোকের শিক্ষক, তাঁহাকে ভক্তি করিব; যিনি তাহা নহেন, তাঁহাকে ভক্তি করিব না। তংপরিবর্তে যে শুদ্র রাহ্মণের গ্রণযুক্ত, অর্থাং যিনি ধান্মিক, বিদ্বান্, নিজ্জাম, লোকের শিক্ষক, তাঁহাকেও রাজ্মণের মত ভক্তি করিব।

শিষ্য। অর্থাৎ বৈদ্য কেশবচন্দ্র সেনের ব্রাহ্মণ শিষ্য; ইহা আপনি সঙ্গত মনে করেন? গ্রন্থ। কেন করিব না? ঐ মহাত্মা স্ব্রাহ্মণের শ্রেষ্ঠ গ্রুণসকলে ভূষিত ছিলেন। তিনি সকল ব্রাহ্মণের ভক্তির যোগ্য পাত্র।

শিষ্য। আপনার এর্প হিন্দুয়ানিতে কোন হিন্দু মত দিবে না।

গ্রন। না দিক, কিন্তু ইহাই ধন্মের যথার্থ মন্ম। মহাভারতের বনপব্বে মার্কণেভরসমস্যা-পার্মায়ে ২১৫ অধ্যায়ে খ্যিবাক্য এইর্প আছে;—"পাতিত্যজনক কুক্রিয়াসক্ত, দান্তিক, ব্রাহ্মণ প্রাক্ত হইলেও শ্রেসদৃশ হয়, আর যে শ্রু সত্য, দম ও ধন্মে সতত অনুরক্ত, তাহাকে আমি রাহ্মণ বিবেচনা করি। কারণ, ব্যবহারেই ব্রাহ্মণ হয়।" প্রনশ্চ বনপব্বে অজ্ঞার-পর্যাধ্যায়ে ১৮০ অধ্যায়ে রাজ্যি নহ্ম বলিতেছেন, "বেদম্লক সত্য দান ক্ষমা অনৃশংস্য অহিংসা ও কর্ণা শ্রেও লক্ষিত হইতেছে। বদ্যপি শ্রেও সত্যাদি রাহ্মণধন্ধ লক্ষিত হইল, তবে শ্রেও রাহ্মণ হইতে পারে।" তদ্বরের য্বিণিঠর বলিতেছেন,—"অনেক শ্রে রাহ্মণলক্ষণ ও অনেক বিজাতিতেও শ্রেলক্ষণ লক্ষিত হইরা থাকে; অতএব শ্রেবংগ্য হইলেই যে শ্রে হয়, এবং রাহ্মণবংশ্য হইলেই যে রাহ্মণ হয়, এবং রাহ্মণবংশ্য হইলেই যে রাহ্মণ হয়, এবং নাহে। কিন্তু যে সকল ব্যক্তিতে বৈদিক ব্যবহার লক্ষিত হয়, তাহারাই রাহ্মণ, এবং যে সকল ব্যক্তিতে লক্ষিত না হয়, তাহারাই শ্রে।" এর্শ কথা আরও অনেক আছে। প্রশচ ব্রুগোত্ম-সংহিতায় ২১ অধ্যায়ে,

ক্ষান্তং দান্তং জিতকোধং জিতাত্মানং জিতেন্দ্রিয়া।
তমেব রাহ্মণং মন্যে শেষাঃ শ্বা ইতি স্মৃতাঃ॥
অগ্নিহোত্রতপরান্ স্বাধ্যায়নিরতান্ শ্কীন্।
উপবাসরতান্ দান্তাংস্তান্ দেবা রাহ্মণান্ বিদ্বঃ॥
ন জাতিঃ প্জাতে রাজন্ গ্নাঃ কল্যাণকারকাঃ।
চন্ডালমপি বিক্তম্বং তং দেবা রাহ্মণং বিদ্বঃ॥

ক্ষমাবান্, দমশীল, জিতন্তোধ এবং জিতাত্মা জিতেন্দ্রিয়কেই ব্রাহ্মণ বলিতে হইবে: আর সকলে শ্লু। যাঁহারা অগ্নিহোত্তবতপর, স্বাধ্যায়নিরত, শ্লুচি, উপবাসরত, দাস্ত, দেবতারা তাঁহাদিগকেই ব্রাহ্মণ বলিয়া জানেন। হে রাজন্! জাতি প্জা নহে, গ্লুই কল্যাণকারক। চন্ডালও বিত্তস্থ হইলে দেবতারা তাহাকে ব্রাহ্মণ বলিয়া জানেন।

শিষ্য। যাক। এক্ষণে ব্রিতেছি, মন্বামধ্যে তিন শ্রেণীর লোকের প্রতি ভক্তি অনুশীলনীয়, (১) গৃহস্থিত গ্রেল্লন (২) রাজা, এবং (৩) সমাজ-শিক্ষক। আর কেহ?

গ্রন। (৪) যে ব্যক্তি ধান্মিক বা যে জ্ঞানী, সে এই তিন শ্রেণীর মধ্যে না আসিলেও ভক্তির পাত্র। ধান্মিক, নীচজাতীয় হইলেও ভক্তির পাত্র।

- (৫) আর কতকগরেল লোক আছেন, তাঁহারা কেবল ব্যক্তিবিশেষের ভক্তির পার, বা অবস্থাবিশেষে ভক্তির পাত্র। এ ভক্তিকে আজ্ঞাকারিতা বা সম্মান বাললেও চলে। যে কোন কার্য্যানন্দ্রাহার্থে অপর ব্যক্তির আজ্ঞাকারিতা স্বীকার করে, সেই অপর ব্যক্তি তাহার ভক্তির, নিতান্ত পক্ষে, তাহার সম্মানের পাত্র হওয়া উচিত। ইংরেজীতে ইহার একটি বেশ নাম আছে —Subordination । এই নামে আগে Official Subordination মনে পড়ে। এ দেশে দে সামগ্রীর অভাব নাই-কিন্তু যাহা আছে, তাহা বড় ভাল জিনিস নহে। ভক্তি নাই, ভয় আছে। ভক্তি মনুষ্যের শ্রেষ্ঠ বৃত্তি, ভর একটা সর্ব্বনিকৃষ্ট বৃত্তির মধ্যে। ভবেব মত মানসিক অবনতির গ্রুরুতর কারণ অল্পই আছে। উপরওয়ালার আজ্ঞা পালন করিবে, তাঁহাকে সম্মান করিবে, পার ভক্তি করিবে, কিন্ত কদাচ ভ্য করিবে না। কিন্ত Official Subordination ভিন্ন অন্য এক জাতীয় আজ্ঞাকারিতা প্রয়োজনীয়। সেটা আমাদের দেশের পক্ষে বড গরেতের কথা। ধর্ম্ম কর্ম্ম অনেকই সমাজের মঙ্গলার্থ। সে সকল কাজ সচরাচর, পাঁচ জনে মিলিয়া করিতে হয়— একজনে হয় না। যাহা পাঁচ জনে মিলিয়া করিতে হয়, তাহাতে ঐক্য চাই। ঐক্য জন্য ইহাই প্রয়োজনীয় যে, এক জন নায়ক হইবে, আর অপরকে তাহার এবং পর্য্যায়ক্রমে অন্যান্যের বশবন্তী হইয়া কাজ করিতে হইবে। এখানেও Subordination প্রয়োজনীয়। কাজেই ইহা একটি গুরুতের ধর্মা। দুর্ভাগ্যক্রমে আমাদের সমাজে এ সামগ্রী নাই। যে কাজ দশ জনে মিলিয়া মিশিয়া করিতে হইবে, তাহাতে সকলেই স্ব স্ব প্রধান হইতে চাহে, কেহ কাহারও আজ্ঞা স্বীকার না করায় সব বৃথা হয়। এমন অনেক সময় হয় যে, নিকৃষ্ট ব্যক্তি নেতা, শ্রেষ্ঠ ব্যক্তি অধীন হয়। এ স্থানে শ্রেষ্ঠ ব্যক্তির কর্ত্তব্য যে, নিরুষ্টকে শ্রেষ্ঠ মনে করিয়া তাহার আজ্ঞা বহন করেন —নহিলে কার্য্যোদ্ধার হইবে না। কিন্তু আমাদের দেশের লোক কোন মতেই তাহা স্বী**কার** করেন না। তাই আমাদের সামাজিক উন্নতি এত অপ।
- (৬) আর ইহাও ভক্তিতত্ত্বের অন্তর্গত কথা বে, যাহার যে বিষয়ে নৈপন্দ্য আছে. সে বিষয়ে তাহাকে সম্মান করিতে হইবে। বয়োজ্যেন্টকেও কেবল বয়োজ্যেন্ট বলিয়া সম্মান করিবে।
- (৭) সমাজকে ভক্তি করিবে। ইহা সমরণ রাখিবে যে, মন্থ্যের যত গণে আছে, সবই সমাজে আছে। সমাজ আমাদের শিক্ষাদাতা, দণ্ডপ্রশেতা, ভরণপোষণ এবং রক্ষাকর্তা। সমাজই রাজা, সমাজই শিক্ষা। ভক্তিভাবে সমাজের উপকারে বন্ধবান্ হইবে। এই তত্ত্বের সম্প্রসারশ

করিয়া ত্রান্ত কোম্ "মানবদেবীর" প্জার বিধান করিয়াছেন। স্তরাং এ বিষয়ে আর বেশী বলিবার প্রয়োজন নাই।

এখন ভক্তির অভাবে, আমাদের দেশে কি অমঙ্গল ও বিশৃতখলা ঘটিতেছে দেখ। হিন্দরে মধ্যে ভক্তির কিছুই অভাব ছিল না। ভক্তি, হিন্দুধুমের ও হিন্দুশান্তের একটি প্রধান উপাদান। কিন্তু এখন শিক্ষিত ও অন্ধর্শিক্ষিত সম্প্রদায়ের মধ্যে ভক্তি একেবারে উঠিয়া গিয়াছে। পাশ্চান্তা সামাবাদের প্রকৃত মন্মর্থ বর্ণিকতে না পারিয়া, তাঁহারা এই বিকৃত তাৎপর্য্য বর্ণিক্ষা লইয়াছেন যে, মনুষ্যে মনুষ্যে বৃত্তি সৰ্বাত্ত সৰ্বাথাই সমান—কেহ কাহাকে ভাক্ত করিবার श्वरहाकन करत ना। जीक, यारा मन्द्रसात मर्ब्य एक पृत्ति, जारा शीनजात किर वीनहा जाँशापत বোধ হইয়াছে। পিতা এখন "My dear father" —অথবা বুড়ো বেটা। মাতা, বাপের পরিবার। বড় ভাই, জ্ঞাতি মাত্র। শিক্ষক, মান্টার বেটা। পুরোহিত চালকলা-লোল্পু ভন্ড। যে স্বামী দেবতা ছিলেন,—তিনি এখন কেবল প্রিয় বন্ধ, মাত্র—কেহ বা ভূতাও মনে করেন। স্বীকে আর আমরা লক্ষ্মীস্বরূপা মনে করিতে পারি না-কেন না, লক্ষ্মীই আর মানি না। এই গেল গৃহের ভিতর। গৃহের বাহিরে অনেকে রাজাকে শত্রু মনে করিয়া থাকেন। রাজপ্রের্য, অত্যাচারকারী রাক্ষস। সমাজশিক্ষকেরা, কেবল আমাদের সমালোচনাশক্তির পরিচয় দিবার স্থল -- जानि ७ विद्यालय जान । धार्म्यिक वा खानी विनया काशात्क आनि ना । यीन भानि, जत ধান্মিককে "গোবেচারা" বলিয়া দয়া করি-জ্ঞানীকে শিক্ষা দিবার জন্য ব্যস্ত হই। কেহ কাহারও অপেক্ষা নিকৃষ্ট বলিয়া স্বীকার করিব না, সেই জন্য কেহ কাহারও অনুবত্তী হইয়া চলিব না: কাজেই ঐক্যের সহিত কোন সামাজিক মঙ্গল সাধিত করিতে পারি না। নৈপ্রণাের আদর করিব না: ব্দ্ধের বহুদর্শিতা লইয়া বাঙ্গ করি। সমাজের ভয়ে জডসড থাকি, কিন্ত সমাজকে ভক্তি করি না। তাই গৃহ নরক হইয়া উঠিতেছে, রাজনৈতিক ভেদ ঘটিতেছে, শিক্ষা অনিষ্টকারী হইতেছে, সমাজ অনুত্রত ও বিশৃত্থল রহিয়াছে: আপুনাদিগের চিত্ত অপুরিশুদ্ধ ও আত্মাদরে ভরিয়া রহিযাছে।

শিষ্য। উন্নতির জন্য ভক্তির যে এত প্রযোজন, তাহা আমি কখনও মনে করি নাই। গ্রন্ত। তাই আমি ভক্তিকে সর্ব্যপ্রেণ্ঠ ব্তি বলিতেছিলাম। এ শ্র্ম মন্যাভক্তির কথাই বিলয়াছি। আগামী দিবস ঈশ্বরভক্তির কথা শ্রনিও। ভক্তির শ্রেণ্ঠতা আরও বিশেষর্শে ব্রনিতে পারিবে।

একাদশ অধ্যায়—ঈশ্বরে ডক্তি

শিষা। আজ. ঈশ্বরে ভক্তি সম্বন্ধে কিছু, উপদেশের প্রার্থনা করি।

গ্রন। যাহা কিছ্ম তুমি আমার নিকট শ্নিন্যাছ, আর যাহা কিছ্ম শ্ননিবে তাহাই ঈশ্বর-ভক্তিসম্বন্ধীয় উপদেশ: কেবল বালবার এবং ব্নিঝবার গোল আছে। "ভক্তি" কথাটা হিন্দ্নধন্ধে বড় গ্রন্তর অর্থবাচক, এবং হিন্দ্নধন্মে ইহা বড় প্রসিদ্ধ। ভিন্ন ভিন্ন ধন্মবিক্তারা ইহা নানা প্রকারে ব্যাইয়াছেন এবং খ্ন্টাদি আর্যোতর ধন্মবিক্তারাও ভক্তিবাদী। সকলের উক্তির সংশ্লেষ এবং অত্যানত ভক্তদিগের চারিত্রের বিশ্লেষ দ্বারা, আমি ভক্তির যে স্বর্প স্থির করিয়াছি, তাহা এক কথার বালতেছি, মনোযোগপ্রবিক শ্রবণ কর এবং যত্নপূর্বক ক্মরণ রাখিও। নহিলো আমার সকল পরিশ্রম বিফল হইবে।

শিষ্য। আজ্ঞা কর্ন।

গ্রুর। যখন মন্বের সকল ব্তিগ্লিই ঈশ্বম্থী বা ঈশ্বনান্বর্তিনী হয়, সেই অবস্থাই ভক্তি।

শিষ্য। ব্ৰিকলাম না।

গ্রন। অর্থাং যথন জ্ঞানার্জনী বৃত্তিগ্নিল ঈশ্বরান্সন্ধান করে, কার্য্যকারিণী বৃত্তিগ্নিল ঈশ্বরে অপিতি হয়, চিত্তর্রাঞ্জনী বৃত্তিগ্নিল ঈশ্বরের সোন্দর্যাই উপভোগ করে. এবং শারীরিকী বৃত্তিগ্নিল ঈশ্বরের কার্য্যসাধনে বা ঈশ্বরের আজ্ঞাপালনে নিযুক্ত হয়, সেই অবস্থাকেই ভক্তি বাল। বাহার জ্ঞান ঈশ্বরে, কন্ম ঈশ্বরে, আনন্দ ঈশ্বরে এবং শারীরাপণ ঈশ্বরে, তাহারই ঈশ্বরে ভক্তি হইয়াছে। অথবা—ঈশ্বরসন্বন্ধিনী ভক্তির উপযুক্ত ক্ষ্যুত্তি ও পরিশতি হইয়াছে।

শিষা। এ কথার প্রতি আমার প্রথম আপত্তি এই যে, আপনি এ পর্যান্ত ভক্তি জন্যানা ব্যতির মধ্যে একটি বৃত্তি বলিয়া ব্রাইয়া আসিয়াছেন, কিন্তু এখন সকল বৃত্তির সমণ্টিকে ভক্তি বলিতেছেন।

গ্রন। তাহা নহে। ভত্তি একই বৃত্তি। আমার কথার তাৎপর্য্য এই যে, যখন সকল বৃত্তিগৃনিই এই এক ভত্তিবৃত্তির অন্সামী হইবে, তখনই ভত্তির উপযুক্ত স্ফৃত্তি হইল। এই কথার দ্বারা, বৃত্তিমধ্যে ভত্তির যে শ্রেষ্ঠিদ্বের কথা বালয়াছিলাম, তাহাই সমার্থিত হইল। ভত্তি ঈশ্বরাপিতা হইলে, আর সকল বৃত্তিগৃনিল উহার অধীন হইবে, উহার প্রদাপতি পথে যাইবে, ইহাই আমার কথার শ্বুল তাৎপর্য্য। এমন তাৎপর্য্য নহে যে, সকল বৃত্তির সমা্তি ভত্তি।

শিষ্য। কিন্তু তাহা হইলে সামঞ্জস্য কোথা গেল? আপনি বলিয়াছেন যে, সকল বৃত্তিগৃন্লির সম্নিচত স্ফ্রিন্তিই মন্ধ্যত্ব। সেই সম্নিচত স্ফ্রিন্তির এই অর্থ করিয়াছেন যে, কোন বৃত্তির সম্মিক স্ফ্রিন্তির দ্বারা অন্য বৃত্তির সম্নিচত স্ফ্রিন্তির অবরোধ না হয়। কিন্তু সকল বৃত্তিই যদি এই এক ভক্তিবৃত্তির অধীন হইল, ভক্তিই যদি অনা বৃত্তিগ্রিলকে শাসিত করিতে লাগিল, তবে পরস্পরের সামঞ্জস্য কোথায় রহিল?

গ্রহ। ভব্তির অন্বব্রিতা কোন বৃত্তিরই চরম স্ফৃর্তির বিঘা করে না। মন্যের বৃত্তি মাত্রেরই যে কিছন উদ্দেশ্য হইতে পারে, তন্মধ্যে সর্ব্বাপেক্ষা ঈশ্বরই মহং। যে বৃত্তির যত সম্প্রসারণ হউক না কেন, ঈশ্বরান্বত্তী হইলে, সে সম্প্রসারণ বাড়িবে বৈ কমিবে না। ঈশ্বর যে বৃত্তির উদ্দেশ্য,—অনন্ত মঙ্গল, অনন্ত জ্ঞান, অনন্ত ধর্ম্ম, অনন্ত সৌন্দর্য্য, অনন্ত শক্তি, অনন্তই যে বৃত্তির উদ্দেশ্য,—তাহার আবার অবরোধ কোথায়? ভক্তিশাসিতাবস্থাই সকল বৃত্তির যথার্থ সামঞ্জস্য।

শিষ্য। তবে আর্পান যে মন্ম্যত্বত্ব এবং অনুশীলনধর্ম্ম আমাকে শিখাইতেছেন, তাহার স্থুল তাংপর্য্য কি এই যে, ঈশ্বরে ভক্তিই পূর্ণ মন্ম্যত্ব, এবং অনুশীলনের একমাত্র উদ্দেশ্য সেই ঈশ্বরে ভক্তি?

গ্রন। অনুশীলনধন্মের মন্মে এই কথা আছে বটে যে, সকল ব্তির ঈশ্বরে সমর্পণ ব্যতীত মন্ব্যন্থ নাই। ইহাই প্রকৃত কৃষ্ণাপণি, ইহাই প্রকৃত নিদ্কাম ধর্মা। ইহাই স্থায়ী সন্থ। ইহারই নামান্তর চিত্তশন্দ্র। ইহারই লক্ষণ "ভক্তি, প্রীতি, শান্তি"। ইহাই ধর্ম্ম—ইহা ভিন্ন ধর্ম্মান্তর নাই। আমি ইহাই শিখাইতেছি। কিন্তু তুমি এমন মনে করিও না যে, এই কথা ব্যক্তিকেই তুমি অনুশীলনধর্ম্ম ব্যক্তিলে।

শিষ্য। আমি যে এখনও কিছু বৃঝি নাই, তাহা আমি স্বয়ং স্বীকার করিতেছি। অনুশীলনধন্মে এই তত্ত্বের প্রকৃত স্থান কি, তাহা এখনও বৃঝিতে পারি নাই। আপনি বৃত্তি যে ভাবে ব্ঝাইয়াছেন, তাহাতে শারীরিক বল, অর্থাৎ মাংসপেশীব বল একটা Paculty না হউক, একটা বৃত্তি বটে। অনুশীলনধন্মের বিধানান্মারে, ইহার সম্মুচিত অনুশীলন চাই। মনে কর্ন, রোগ দারিদ্রা আলস্য বা তাদৃশ অন্য কোন কারণে কোন ব্যক্তির এই বৃত্তির সম্মুচিত স্ফুরিভি হয় নাই। তাহার কি ঈশ্বরভক্তি ঘটিতে পারে না?

গ্রহ। আমি বলিয়াছি যে, যে অবস্থায় মন্বেরর সকল ব্তিগ্র্লিই ঈশ্বরান্বত্তী হয়, তাহাই ভক্তি। ঐ ব্যক্তির শারীরিক বল বেশী থাক, অলপ থাক, যতাইকু আছে, তাহা যদি ঈশ্বরান্বত্তী হয়, অর্থাৎ ঈশ্বরান্মত কার্য্যে প্রযুক্ত হয়—আর অন্য ব্তিগ্র্লিও সেইর্প হয়, তবে তাহার ঈশ্বরে ভক্তি হইয়ছে। তবে অন্শালনের অভাবে, ঐ ভক্তির কার্য্যকারিতার সেই পরিমাণে র্টি ঘটিবে। এক জন দস্যু একজন ভাল মান্যকে পীড়িত করিতেছে। মনে কর, দ্বই ব্যক্তি তাহা দেখিল, মনে কর, দ্বই জনেই ঈশ্বরে ভক্তিযুক্ত, কিন্তু এক জন বলবান্, অপর দ্বর্শ্বল। যে বলবান্, সে ভাল মান্যকে দস্যুহস্ত হইতে মুক্ত করিল, কিন্তু যে দ্বর্শ্বল, সে চেন্টা করিয়াও পারিল না। এই পরিমাণে, ব্রিবিশেষের অন্শীলনের অভাবে, দ্বর্শ্বল ব্যক্তির মন্যান্থের অসম্পূর্ণতা বলা যাইতে পারে, কিন্তু ভক্তির রুটি বলা যায় না। ব্রি সকলের সম্বিচত ক্ষ্তির ব্যতীত মন্ব্যন্থ নাই; এবং সেই ব্রিজার্লি ভক্তির অন্গামী না হইলেও মন্যান্থ নাই। উভয়ের সমাবেশেই সম্পূর্ণ মন্যান্থ। ইহাতে ব্রিজার্লির ক্রাভন্তা রক্ষিত হইতেছে, অথচ ভক্তির প্রাধান্য বজায় থাকিতেছে। তাই বলিতেছিলাম বে, ব্রিজার্লির ঈশ্বর-সমর্শব্দ, এই কথা ব্রিবালেই মন্যান্থ ব্রিবালে না। তাহার সঙ্গে এট্বকুও ব্রুমা চাই।

विष्यम ब्रह्मावनी

শিষ্য। এখন আরও আপত্তি আছে। যে উপদেশ অনুসারে কার্য্য হইতে পারে না, তাহা উপদেশই নহে। সকল ব্তিস্লিই কি ঈশ্বরগামী করা যার? চোধ একটা ব্ভি, চোষ কি ঈশ্বরগামী করা যার?

গ্রুর্। জগতে অতুল সেই মহাদোধগীতি তোমার কি স্মরণ হয়?

দ্রোধং প্রভো সংহর সংহরেতি, যাবং গিরঃ খে মর্তাং চরস্তি। তাবং স বহির্ভবনেত্রজন্মা ভস্মাবশেষং মদনগুকার॥

এই ক্রোধ মহাপবিত্র ক্রোধ—কেন না, যোগভঙ্গকারী কুপ্রবৃত্তি ইহার দ্বারা বিনদ্ট হইল।
ইহা স্বরং ঈশ্বরের ক্রোধ। অন্য এক নীচ বৃত্তি যে ব্যাসদেব ঈশ্বরান্বতী হইয়াছিল, তাহার
এক অতি চমংকার উদাহরণ মহাভারতে আছে। কিন্তু তুমি উনবিংশ শতাব্দীর মান্ব। আমি
তোমাকে তাহা ব্যাইতে পারিব না।

শিষ্য। আরও আপত্তি আছে—

গ্রহ। থাকাই সন্তব। "যখন মন্যের সকল ব্তিগ্রালিই ঈশ্বরম্খী বা ঈশ্বরান্বত্তী হর, সেই অবস্থাই ভক্তি।" এ কথাটা এত গ্রহ্তর, ইহার ভিতর এমন সকল গ্রহ্তর তত্ত্ব নিহিত আছে যে, ইহা তুমি যে একবার শ্রানিয়াই ব্রিকতে পারিবে, এমন সন্তাবনা কিছ্ন মাত্র নাই। অনেক সন্দেহ উপস্থিত হইবে, অনেক গোলমাল ঠেকিবে, অনেক ছিদ্র দেখিবে, হয়ত পরিশেষেইহাকে অর্থশ্রের প্রলাপ বোধ হইবে। কিন্তু তাহা হইলেও সহসা নিরাশ হইও না। দিন দিন, মাস মাস, বংসর বংসর এই তত্ত্বের চিন্তা করিও। কার্যাক্ষেত্রে ইহাকে বাবহৃত করিবার চেন্টা করিও। ইন্ধনপুন্ট অগ্নির ন্যার ইহা ক্রমশঃ তোমার চক্ষে পরিস্ফর্ট হইতে থাকিবে। বাদ তাহা হয়, তাহা হইলে তোমার জীবন সার্থক হইল বিবেচনা করিবে। মন্যের শিক্ষণীয় এমন গ্রহ্বতর তত্ত্ব আর নাই। এক জন মন্যেরর সমন্ত জীবন সংশিক্ষায় নিযুক্ত করিয়া, সে বাদি শেষে এই তত্ত্বে আসিয়া উপস্থিত হয়, তবেই তাহার জীবন সার্থক জানিবে।

শিষা। যাহা এরুপ দুম্প্রাপ্য, তাহা আর্পানই বা কোথায় পাইলেন?

গ্রহা। অতি তর্শ অবস্থা হইতেই আমার মনে এই প্রশ্ন উদিত হইত, "এ জীবন লইয়া কি করিব?" "লইয়া কি করিতে হয়?" সমস্ত জীবন ইহারই উত্তর খ্রিজয়াছি। উত্তর খ্রিজতে খ্রিজতে জীবন প্রায়় কাটিয়া গিয়াছে। অনেক প্রকার লোক-প্রচালত উত্তর পাইয়াছি, তাহার সত্যাসত্য নির্পুণ জন্য অনেক ভোগ ভূগিয়াছি, অনেক কন্ট পাইয়াছি। যথাসাধ্য পড়িয়াছি, অনেক লিখিয়াছি, অনেক লোকের সঙ্গে কথোপকথন করিয়াছি, এবং কার্যাক্রেরে মিলিত হইয়াছি। সাহিত্য, বিজ্ঞান, ইতিহাস, দর্শন, দেশী বিদেশী শাস্ত্র যথাসাধ্য অধ্যয়ন করিয়াছি। জীবনের সার্থকতা সম্পাদন জন্য প্রাণপাত করিয়া পরিশ্রম করিয়াছি। এই পরিশ্রম, এই কন্ট ভোগের ফলে এইট্রুক্ শিথয়াছি যে, সকল ব্রির ঈশ্বরান্বর্তিতাই ভক্তি, এবং সেই ভক্তি ব্যতীত মন্বাত্ব নাই। "জীবন লইয়া কি করিব।" এ প্রদেনর এই উত্তর পাইয়াছি। ইহাই কথার্থ উত্তর, আর সকল উত্তর অবথার্থ। লোকের সমস্ত জীবনের পরিশ্রমের এই শেষ ফল; এই এক মাত্র স্বুফল। তুমি জিজ্ঞাসা করিতেছিলে, আমি এ তত্ত্ব কোথায় পাইলাম। সমস্ত জীবন ধরিয়া, আমার প্রশেনর উত্তর খ্রিজয়া এত দিনে পাইয়াছি। তুমি এক দিনে ইহার কি ব্রিথবে?

শিষ্য। আপনার কথাতে আমি ইহাই ব্রিতেছি হে, ভক্তির লক্ষণ সম্বন্ধে আমাকে যে উপদেশ দিলেন, ইহা আপনার নিজের মত। আর্য্য ঋষিরা এ তত্তু অনুবগত ছিলেন।

গ্রন। ম্থ'! আমার ন্যায় ক্ষর্দ্র ব্যক্তির এমন কি শক্তি থাকিবার সন্তাবনা বে, বাহা আর্ব্য ক্ষাবিগণ জানিতেন না—আমি তাহা আবিভক্ত করিতে পারি। আমি বাহা বলিতেছিলাম, ছাহার তাৎপর্যা এই বে, সমস্ত জীবন চেণ্টা করিয়া তাহাদিগের শিক্ষার মন্মা গ্রহণ করিয়াছি। তবে, আমি যে ভাষার তোমাকে ভক্তি ব্রকাইলাম, সে ভাষার, সে কথায় তাহারা ভক্তিতত্ব ব্রকান নাই। তোমরা উনবিংশ শতাব্দীর লোক—উনবিংশ শতাব্দীর ভাষাতেই তোমাদিগকে ব্রকাইতে হয়। ভাষার প্রজেদ হইতেছে বটে, কিন্তু সত্য নিত্য। ভক্তি শাণ্ডিল্যের সময়ে বাহা ছিল, ভাছাই আছে। ভক্তির বথার্থ স্বর্শ বাহা, তাহা আর্ব্য ধ্যিদিগের উপদেশমধ্যে প্রাপ্তব্য। তবে বেমন সমন্তানিহিত রত্নের বথার্থ স্বর্শ, ভূব দিয়া না দেখিলে দেখিতে পাওয়া যায় না, তেমনি

অগাধ সম্দ্র হিন্দ্শাস্ত্রের ভিতরে ডুব না দিলে, তদন্তনিহিত রক্নসকল চিনিতে <mark>পারা</mark> যার না।

শিষ্য। আমার ইচ্ছা আপনার নিকট তাঁহাদের কৃত ভক্তিব্যাখ্যা শর্ন।

গ্রন। শনা নিতান্ত আবশ্যক; কেন না, ভক্তি হিন্দ্রেই জিনিস। খ্ল্টধন্মে ভক্তিবাদ আছে বটে, কিন্তু হিন্দ্রেই নিকট ভক্তির যথার্থ পরিণামপ্রাপ্তি হইয়াছে। কিন্তু তাহাদিগের কৃত ভক্তিব্যাখ্যা সবিস্তারে বলিবার বা শননিবার আমার বা তোমার অবকাশ হইবে না। আর আমাদিগের মুখ্য উদ্দেশ্য অনুশীলনধন্ম ব্ঝা, তাহার জন্য সের্প সবিস্তার ব্যাখ্যার প্রয়োজন নাই; স্থল কথা তোমাকে বলিয়া যাইব।

শিষ্য। আগে বল্কন, ভক্তিবাদ কি চিরকালই হিন্দুধন্মের অংশ?

গুরুন। না, তাহা নহে। বৈদিক ধন্দের্য ভক্তি নাই। বেদের ধন্দের্য পরিচয়, বোধ হয়, তুমি কিছ্ন জান। সাধারণ উপাসকের সহিত সচরাচর উপাস্য দেবের যে সম্বন্ধ দেখা যায়. বৈদিক ধন্দের্য উপাস্য উপাসকের সেই সম্বন্ধ ছিল। 'হে ঠাকুর! আমার প্রদন্ত এই সোমরস পান কর! হবি ভোজন কর, আর আমাকে ধন দাও, সম্পদ্ দাও, পত্রু দাও, গোর, দাও, শাস্য দাও, আমার শারুকে পরাস্ত কর।' বড় জোব বলিলেন, 'আমার পাপ ধরংস কব।' দেবগণকে এইর্প অভিপ্রায়ে প্রসন্ন করিবার জন্য বৈদিকেরা যজ্ঞাদি করিতেন। এইর্প কাম্য বস্তুর উদ্দেশ্যে যজ্ঞাদি করাকে কাম্য কর্ম্ম বলে। কাম্যাদি কর্মাত্মক যে উপাসনা, তাহার সাধারণ নাম কর্ম্ম। এই কাজ করিলে তাহার এই ফল, অতএব কাজ করিতে হইবে—এইর্প ধর্ম্মাত্ম্পন্নের যে পদ্ধতি, তাহারই নাম কর্ম্ম। বৈদিক কালের শেষভাগে এইর্প কর্মাত্মক ধন্মের অতিশয় প্রাদৃ্র্ভাব হইয়াছিল। যাগ যজ্ঞের দোরাত্মো ধন্মের প্রকৃত মন্মা বিলুপ্ত হইযা গিথাছিল। এমন অবস্থায় উচ্চ শ্রেণীর প্রতিভাশালী ব্যক্তিগণ দেখিতে পাইলেন যে এই কন্মাত্মক ধন্ম্ম ব্যাধ্ম্ম। তাহাদের মধ্যে অনেকেই ব্রিঝাছিলেন যে, বৈদিক দেবদেবীর কন্পনায এই জগতের অস্তিম্ব ব্রাঝা যায় না; ভিতরে ইহার একটা অনস্ত অক্তেয় কারণ আছে। তাহারা সেই কারণের অনুসন্ধানে তৎপর হইলেন।

এই সকল কারণে কন্মের উপর অনেকে বীতশ্রন্ধ হইলেন। তাঁহারা ত্রিবিধ বিপ্লব উপস্থিত করিলেন—সেই বিপ্লবের ফলে আশিয়া প্রদেশ অদ্যাপি শাসিত। এক দল ঢাব্র্বাক,—তাঁহারা বলিলেন, কন্মাকাণ্ড সকলই মিথ্যা—খাও দাও, নেচে বেড়াও। দ্বিতীয় সন্প্রদাযের স্থিতকর্তা ও নেতা শাক্যসিংহ—তিনি বলিলেন, কন্মাকল মানি বটে, কিন্তু কন্মা হইতেই দুঃখ। কন্মা হইতে প্রনক্ষান্য, অতএব কন্মের ধরংস কর, তৃষ্ণা নিবারণ করিয়া চিন্তুসংযমপ্র্ল্পক অন্টাঙ্গ ধন্মাপথে গিয়া নিব্রাণ লাভ কর। তৃতীয় বিপ্লব দার্শনিকাদগের দ্বারা উপস্থিত হইমাছিল। তাঁহারা প্রার ক্রন্মান্ত্রী। তাঁহারা দেখিলেন যে, জগতের যে অনস্ত কারণভূত চৈতনোর অনুসন্ধানে তাঁহারা প্রবৃত্ত, তাহা অতিশয দুভের্জার। সেই ব্রন্ধ জানিতে পারিলে—সেই জগতের অন্তরাম্বা বা পরমান্থার সঙ্গে আমাদের কি সন্বন্ধ, এবং জগতের সঙ্গেই বা তাঁহার বা আমাদের কি সন্বন্ধ, তাহা জানিতে পরিলে, বন্ধা যাইতে পারে যে, এ জীবন লইষা কি কবিতে হইবে। সেটা জানা কঠিন—তাহা জানাই ধন্মা। অতএব জ্ঞানই ধন্মা—জ্ঞানেই নিঃশ্রেয়ন। বেদের যে অংশকে উপনিষদ্ বলা যায়, তাহা এই প্রথম জ্ঞানবাদীদিগের কীর্ত্তি। ব্রন্ধনির্পূণ এবং আক্সানেই উপনিষদ্ সকলের উদ্দেশ্য। তার পর ছয় দর্শনে এই জ্ঞানবাদ আরও বিবন্ধিত ও প্রচারিত হইয়েছে। কপিলের সাংখ্যে ব্রন্ধ পরিত্যক্ত হইলেও সে দর্শনশাস্ত জ্ঞানবাদান্থক। দর্শনের মধ্যে কেবল প্র্থমিনাংসা কন্মাবাদী—আর সকলেই জ্ঞানবাদী।

শিষ্য। জ্ঞানবাদ বড় অসম্পূর্ণ বিলয়া আমার বোধ হয়। জ্ঞানে ঈশ্বকে জানিতে পারি বটে, কিন্তু জ্ঞানে কি ঈশ্বরকে পাওয়া যায়? জানিলেই কি পাওয়া যায়? ঈশ্বরে সঙ্গে আজার একত্ব, মনে কর্ন ব্বিতে পারিলাম—ব্বিতে পারিলাই কি ঈশ্বরে মিলিত হইলাম? দুইকে এক করিয়া মিলাইয়া দিবে কে?

গ্রে। এই ছিদ্রেই ভাতিবাদের স্থি। ভাতিবাদী বাললেন, জ্ঞানে ঈশ্বর জানিতে পারি বটে, কিন্তু জানিতে পারিলেই কি তাঁহাকে পাইলাম? অনেক জিনিস আমরা জানিরাছি— জানিরাছি বালরা কি তাহা পাইরাছি? আমরা যাহাকে ছেম করি, তাহাকেও ত জানি, কিন্তু তাহার সঙ্গে কি আমরা মিলিত হইরাছি? আমরা যাণ ঈশ্বরের প্রতি শ্বেষ করি, তবে কি

তাঁহাকে পাইব? বরং যাহার প্রতি আমাদের অন্রাগ আছে, তাহাকে পাইবার সন্ভাবনা। যে শরীরী, তাহাকে কেবল অন্রাগে না পাইলে না পাওয়া যাইতে পারে, কিন্তু যিনি অশরীরী তিনি কেবল অন্তঃকরণের দ্বারাই প্রাপা। অতএব তাহার প্রতি প্রগাঢ় অন্রাগ থাকিলেই আমরা তাঁহাকে পাইব। সেই প্রকারের অন্রাগের নাম ভক্তি। শাণ্ডিলাস্ত্রের দ্বিতীয় স্ত্র এই—
"সা (ভক্তিঃ) প্রান্রাক্তরীশ্বরে।"

শিষ্য। ভিক্তবাদের উৎপত্তির এই ইতিবৃত্ত শর্নারা আমি বিশেষ আপ্যায়িত হইলাম। ইহা না শর্নালে ভক্তিবাদ ভাল করিয়া ব্রিকতে পারিতাম না। শর্নারা আর একটা কথা মনে উদয় হইতেছে। সাহেবেরা এবং দযানন্দ সরস্বতী প্রভৃতি এদেশীয় পশ্ডিতেরা বৈদিক ধন্মকৈই শ্রেষ্ঠ ধন্ম বিলয় থাকেন, এবং পৌরাণিক বা আধ্বনিক হিন্দু ধন্মকৈ নিকৃষ্ট বালয় থাকেন। কিন্তু এখন দেখিতোছি, এ কথা অতিশয় অযথার্থ। ভক্তিশ্লের্য যে ধন্ম, তাহা অসম্পূর্ণ বা নিকৃষ্ট ধন্ম—অতএব বেদে যখন ভক্তি নাই, তখন বৈদিক ধন্মই নিকৃষ্ট, পৌরাণিক বা আধ্বনিক বৈষ্ণবাদি ধন্মই শ্রেষ্ঠ ধন্ম। যাঁহারা এ সকল ধন্মের লোপ করিয়া বৈদিক ধন্মের প্রনর্ভ্রম্পীবনের চেষ্টা করেন, তাঁহাদিগকে দ্রান্ত বিবেচনা করি।

গ্রন। কথা বথার্থ। তবে ইহাও বলিতে হয় যে, বেদে যে ভক্তিবাদ কোথাও নাই, ইহাও ঠিক নহে। শাশ্তিলাস্ত্রের টীকাকার স্বশ্লেশ্বর ছান্দোগ্য উপনিষদ্ হইতে একটি বচন উদ্ধৃত করিয়াছেন, তাহাতে ভক্তি শব্দ ব্যবহৃত না থাকিলেও ভক্তিবাদের সার মর্ম্ম তাহাতে আছে। বচনটি এই "আত্মৈবেদং সর্বমিতি। স বা এষ এব পশ্যমেবং মন্বান এবং বিজ্ঞানমান্মরতিরাজ্ঞান্টিড আত্মমিথ্ন আত্মানন্দঃ স স্বরাড় ভবতীতি।"

ইহার অর্থ এই যে, আত্মা এই সকলই (অর্থাং প্রের্বে যাহা বলা হইয়াছে)। যে ইহা দেখিয়া, ইহা ভাবিয়া, ইহা জানিয়া, আত্মায় রত হয়, আত্মাতে ক্রীড়াশীল হয়, আত্মাই য়াহার মিথনে (সহচর), আত্মাই য়াহার আনন্দ, সে স্বরাজ (আপনার রাজা বা আপনার দ্বারা বঞ্জিত) হয়। ইহা মথার্থ ভক্তিবাদ।

দ্বাদশ অধ্যায়—ভক্তি ঈশ্বরে ভক্তি—শাণিডল্য

গ্রন। শ্রীমন্তগবশ্গীতাই ভক্তিতত্ত্বের প্রধান গ্রন্থ। কিন্তু গীতোক্ত ভক্তিতত্ব তোমাকে ব্রুঝাইবার আগে ঐতিহাসিক প্রথাক্রমে বেদে যতট্বকু ভক্তিতত্ব আছে, তাহা তোমাকে শ্রুনান ভাল। বেদে এ কথা প্রায় নাই, ছান্দোগ্য উপনিষদে কিছ্বু আছে, ইহা বলিয়াছি। যাহা আছে, তাহার সহিত শান্তিল্য মহর্ষির নাম সংযুক্ত।

শিষ্য। যিনি ভক্তিস্**ত্রের প্রণেতা**?

গ্রের্। প্রথমে তোমাকে আমার বলা কর্ত্তব্য যে, দ্বই জন শাণ্ডিল্য ছিলেন, বোধ হয়। এক জন উপনিষদযুক্ত এই ঋষি। আর এক জন শাণ্ডিল্য-সূত্রের প্রণেতা। প্রথমোক্ত শাণ্ডিল্য প্রাচীন ঋষি, দ্বিতীয় শাণ্ডিল্য অপেক্ষাকৃত আধ্বনিক পশ্ডিত। ভক্তিস্ত্রের ৩১ সূত্রে প্রাচীন শাণ্ডিল্যের নাম উদ্বৃত হইয়াছে।

শিষ্য। অথবা এমন হইতে পারে যে, আধ্রনিক স্ত্রকার প্রাচীন খাষির নামে আপনার গ্রন্থথানি চালাইয়াছেন। এক্ষণে প্রাচীন খাষি শান্ডিলোর মতই ব্যাখ্যা করনে।

গ্রন। দ্রভাগ্যক্তমে সেই প্রাচীন ঋষি প্রণীত কোন গ্রন্থ বর্ত্তমান নাই। বেদান্তস্ত্রের শাক্ষরাচার্য্য যে ভাষ্য করিয়াছেন, তন্মধ্যে স্ত্রবিশেষের ভাষ্যের ভাষার্থ হইতে কোলব্রক সাহেব এইর্প অনুমান করেন, পণ্ডরাত্রের প্রণেতা এই প্রাচীন ঋষি শান্তিল্য। তাহা হইতেও পারে, না হইতেও পারে; পণ্ডরাত্রে ভাগবত ধর্ম্ম কথিত হইয়াছে বটে, কিন্তু এইর্প সামান্য ম্লের উপর নির্ভার করিয়া শ্থির করা যায় না যে, শান্তিল্যই পণ্ডরাত্রের প্রণেতা। ফলে প্রাচীন ঋষি শান্তিল্য যে ভক্তিধন্মের্বর এক জন প্রবর্ত্তক, তাহা বিবেচনা করিবার অনেক কারণ আছে। কথিত ভাষো জ্ঞানবাদী শব্দর, ভক্তিবাদী শান্তিশ্যের নিন্দা করিয়া বলিতেছেন—

"বেদপ্রতিষেধণ্ট ভবতি। চতুর্ব বেদের পরং শ্রেয়োহলদ্ধনা শাণ্ডিল্য ইদং শাদ্রমধিগতবান্। ইত্যাদি বেদনিন্দাদর্শনাং। তত্মাদসঙ্গতা এবা কল্পনা ইতি সিদ্ধঃ।" অর্থাৎ. "ইহাতে বেদের বিপ্রতিবেধ হইতেছে। চতুর্ব্বেদে পরং শ্রেয়ঃ লাভ না করিয়া শাণ্ডিল্য এই শাস্ত্র অধিগমন করিয়াছিলেন। এই সকল বেদনিন্দা দর্শন করায় সিদ্ধ হইতেছে যে, এ সকল কম্পনা অসঙ্গত।"

শিষ্য। কিন্তু এই প্রাচীন ক্ষমি শাণ্ডিল্য ভক্তিবাদে কত দ্বে অগ্রসর হইরাছিলেন, তাহা জানিবার কিছু উপায় আছে কি?

গ্রুর্। কিছ্ আছে। ছান্দোগ্য উপনিষদের তৃতীয় প্রপাঠকের চতুদ্রণ অধ্যায হইতে একটা প্রতিতিছি শ্রবণ কর।—

"সর্ব্বক্ষমা সর্ব্বকামঃ সর্ব্বরসঃ সর্ব্রসঃ সর্ব্রসঃ সর্ব্রসিদমভ্যাত্তোহ্বাক্যনাদর এব ম আত্মান্তর্হদর এতদ্রক্ষৈত্মিতঃ প্রেত্যাভিসম্ভাবিতাস্মীতি বস্য স্যাদদ্ধা ন বিচিকিংসাস্ত্রীতি হ স্মাহ শাশ্চিলাঃ ।"

অর্থাৎ, "সর্বাক্ষমা, সর্বাক্ষম, সর্বাগন্ধ, সর্বাগন্ধ, সর্বাগন্ধ আপ্তকাম হেতু আদরের অপেক্ষা করেন না এই আমার আত্মা হদরের মধ্যে, ইনিই ব্রহ্ম। এই লোক হইতে অপস্ত হইয়া, ইহাকেই স্কুপণ্ট অন্ভব করিয়া থাকি। যাঁহার ইহাতে শ্রন্ধা থাকে, তাঁহার ইহাতে সংশ্র থাকে না। ইহা শাণ্ডিলা বলিয়াছেন।"

এ কথা বড় অধিক দ্রে গেলু না। এ সকল উপনিষদের জ্ঞানবাদীরাও বলিয়া থাকেন। "শ্রদ্ধা" কথা ভক্তিবাচক নহে বটে, তবে শ্রদ্ধা থাকিলে সংশয় থাকে না, এ সকল ভক্তির কথা বটে। কিন্তু আসল কথাটা বেদান্তসারে পাওয়া যায়। বেদান্তসারকর্ত্তা সদানন্দাচার্য্য উপাসনা শব্দের ব্যাখ্যায় বলিয়াছেন—"উপাসনানি সগ্রন্থব্রদ্ধবিষয়কমানসব্যাপারর্পাণি শান্ডিল্য-বিদ্যাদীন।"

এখন একট্ অনুধাবন করিয়া ব্রু। হিন্দৃধ্যে ঈশ্বরের দ্বিধ কলপনা আছে—অথবা ঈশ্বরেক হিন্দ্রা দুই রকমে ব্রিয়া থাকে। ঈশ্বর নিগ্র্ণ এবং ঈশ্বর সগ্র্ণ। তোমাদের ইংরেজিতে যাহাকে ''Absolute'' বা ''Unconditioned'' বলে, তাহাই নিগ্র্ণ। যিনি নিগ্র্ণ, তাঁহার কোন উপাসনা হইতে পারে না; যিনি নিগ্র্ণ, তাঁহার কোন গ্র্ণান্বাদ করা যাইতে পারে না; যিনি নিগ্র্ণ, যাঁহার কোন ''Conditions of Existence'' নাই বা বলা যাইতে পারে না—তাঁহাকে কি বলিয়া ডাকিব? কি বলিয়া তাঁহার চিন্তা করিব? অতএব কেবল সগ্র্ণ ঈশ্বরেরই উপাসনা হইতে পারে। নিগ্র্ণবাদে উপাসনা নাই। সগ্র্ণ বা ভক্তিবাদী অর্থাণ শাণ্ডিল্যাদিই উপাসনা করিতে পারেন। অতএব বেদান্তসারের এই কথা হইতে দুইটি বিষয় সিদ্ধ বলিয়া মনে করিতে পারি। প্রথম, সগ্র্ণবাদের প্রথম প্রবর্ত্তক শাণ্ডিল্য। আর ভক্তি সগ্র্ণবাদেরই অনুসারিণী।

শিষ্য। তবে কি উপনিষদ সম্দায় নিগ্লেবাদী?

গুরু। ঈশ্বরবাদীর মধ্যে কেহ প্রকৃত নিগুগিবাদী আছে কি না সন্দেহ। যে প্রকৃত निर्भा नवामी, जाहात्क नाष्ट्रिक विललिख इया जत्व, ख्वानवामीया भाषा नात्म नेश्वरत्रत धकिए শক্তি কল্পনা করেন। সেই মায়াই এই জগৎস্থির কারণ। সেই মায়ার জনাই আমরা ঈশ্বরকে জানিতে পারি না। মায়া হইতে বিমৃক্ত হইতে পারিলেই বন্ধজ্ঞান জন্মে এবং বন্ধে লীন হইতে পারা যায়। অতএব ঈশ্বর তাঁহাদের কাছে কেবল জেয়। এই জ্ঞান ঠিক "জানা" নহে। সাধন ভিন্ন সেই জ্ঞান জন্মিতে পারে না। শম, দম, উপরতি, তিতিক্ষা, সমাধান এবং শ্রদ্ধা, এই ছয় সাধনা। ঈশ্বরবিষয়ক শ্রবণ, মনন ও নিদিধ্যাসন ব্যতিরেকে অন্য বিষয় হইতে অন্তরিন্দ্রিরে নিগ্রহই শম। তাহা হইতে বাহ্যেন্দ্রিরের নিগ্রহ দম। তদতিরিক্ত বিষয় হইতে নিবর্ত্তিত বাহ্যেন্দিয়ের দমন, অথবা বিধিপ্র্বেক বিহিত কম্মের পরিত্যাগই উপরতি। শীতোঞ্চাদি সহন, তিতিক্ষা। মনের একাগ্রতা, সমাধান। গ্রেবাক্যাদিতে বিশ্বাস, শ্রদ্ধা। সম্বত্তি এইর্প সাধন কথিত ইইয়াছে, এমত নহে। কিন্তু ধ্যান ধারণা তপস্যাদি প্রারই ख्यानवामीत शत्क विशिष्ठ। अञ्चव ख्यानवामीत्र छेशामना आह् । छेरा अन्मीमन वरहे। আমি তোমাকে ব্রথইয়াছি বে, উপাসনাও অনুশীলন। অতএব জ্ঞানবাদীর ঈদৃশ আকুশানার ভূমি উপাসনা বলিতে পার। কিন্তু মে উপাসনা বে অসম্পূর্ণ, তাহাও প্রেব বাহা বলিয়াছি, ভাষা ক্ষারণ করিলে বাঝিতে পারিবে। বথার্থ উপাসনা ভব্তি-প্রসাত। ভব্তিতক্তের ব্যাখ্যার গীতোক ভক্তিতত্ব ভোমাকে ব্ৰাইতে হইবে। সেই সমরে এ কথা আর একট্ স্পন্ট হইবে।

শিষ্য। এক্ষণে আপনার নিকট বাহা শ্রনিলাম, তাহাতে কি এমন ব্রবিতে হইবে বে, সেই প্রচীন ক্ষাব শাণ্ডিলাই ভক্তিমার্গের প্রথম প্রবর্ত্তক?

গ্রন্। ছান্দোগ্য উপনিষদে যেমন শান্তিল্যের নাম আছে, তেমনি দেবকীনন্দন কৃষ্ণেরও নাম আছে। অতএব কৃষ্ণ আগে, কি শান্তিল্য আগে, তাহা আমি জানি না; স্তরাং শ্রীকৃষ্ণ কি শান্তিল্য ভক্তিমার্গের প্রথম প্রবর্ত্তক তাহা বলিতে পারি না।

ত্রয়োদশ অধ্যায়—ভক্তি

ভগৰশাতা—ছ্ল উদ্দেশ্য

শিষ্য। এক্ষণে গীতোক্ত ভক্তিতত্তের কথা শূনিবার বাসনা করি।

গ্রন্। গীতার দ্বাদশ অধ্যায়ের নাম ভক্তিখাগ। কিন্তু প্রকৃত ভক্তির ব্যাখ্যা দ্বাদশ অধ্যায়ে জাত অলপই আছে। দ্বিতীয় হইতে দ্বাদশ পর্যান্ত সকল অধ্যায়গর্নলের পর্য্যালোচনা না করিলে, গীতাক্ত প্রকৃত ভক্তিতত্ব ব্রুঝা যায় না। যদি গীতার ভক্তিতত্ব ব্রুঝাতে চাও তাহা হইলে এই এগার অধ্যায়ের কথা কিছু ব্রিঝতে হইবে। এই এগার অধ্যায়ে জ্ঞান কর্ম্ম এবং ভক্তি, তিনেরই কথা আছে—তিনেরই প্রশংসা আছে। যাহা আব কোথাও নাই, তাহাও ইহাতে আছে, জ্ঞান, কর্ম্ম ও ভক্তির সামঞ্জস্য আছে। এই সামঞ্জস্য আছে বলায়াই ইহাকে সর্ব্বোংকৃষ্ট ধর্ম্মগ্রন্থ বলা যাইতে পারে। কিন্তু সেই সামঞ্জস্যের প্রকৃত তাৎপর্য্য এই বে, এই তিনের চবমাবস্থা যাহা, তাহা ভক্তি। এই জন্য গীতা প্রকৃত পক্ষে ভক্তিশাস্ত্র

শিষ্য। কথাগ্রলি একট্র অসঙ্গত লাগিতেছে। আত্মীয় অন্তরঙ্গ বধ করিষা রাজ্যলাভ করিতে অনিচ্ছুক হইয়া অভ্জুন বৃদ্ধ হইতে নিবৃত্ত হইতেছিলেন কৃষ্ণ তাহাকে প্রবৃত্তি দিয়া মুদ্ধে প্রবৃত্ত করিয়াছিলেন—ইহাই গীতার বিষয়। অতএব ইহাকে ঘাতকশাদ্য বলাই বিধেয়; উহাকে ভক্তিশাস্য বলিব কি জন্য?

গ্র্ । অনেকের অভ্যাস আছে যে তাঁহারা গ্রন্থের একখানা পাতা পড়িয়া মনে করেন.
আমরা এ গ্রন্থের মন্ম গ্রহণ করিষাছি। যাঁহারা এই শ্রেণীব পশ্ডিত তাঁহারাই ভগবশাীতাকে
ঘাতকশাদ্র বালিয়া ব্রিয়া থাকেন। স্থ্লে কথা এই ষে. অন্তর্নকে যুদ্ধে প্রবৃত্ত করাই এই
গ্রন্থের উন্দেশ্য নহে। কিন্তু সে কথা এখন থাক। যুক্ক মাত্র যে পাপ নহে, এ কথা তোমাকে
প্রের্ব ব্রুঝাইয়াছি।

শিষ্য। ব্याইয়াছেন যে, আত্মরক্ষার্থ এবং স্বদেশবক্ষার্থ যুদ্ধ ধন্মমধ্যে গণ্য।

গ্রুর্। এখানে অর্জন্ন আত্মবক্ষায় প্রবৃত্ত। কেন না, আপনার সম্পত্তি উদ্ধার— আত্মরক্ষাব অন্তর্গত।

শিষ্য। যে নরপিশাচ অনুর্থক যুদ্ধে প্রবৃত্ত হয়, সেই এই কথা বলিয়া যুদ্ধপ্রবৃত্ত হয়।
নরপিশাচপ্রধান প্রথম নেপোলেয়ন্ ফ্রান্স রক্ষার ওজর করিয়া ইউরোপ নরশোণিতে প্রাবিত
করিয়াছিল।

গ্রের। তাহার ইতিহাস যখন নিরপেক্ষ লেখকের দ্বারা লিখিত হইবে, তথন জানিতে পারিবে, নেপোলেয়নের কথা মিথ্যা নহে। নেপোলেয়ন্ নর্রপশাচ ছিলেন না। যাক—বস্ব কথা বিচার্যা নহে। আমাদের বিচার্যা এই যে, অনেক সময় যুদ্ধও পুন্দ কম্মা।

শিষা। কিন্তু সে কখন?

গ্রা। এ কথার দ্ই উত্তর আছে। এক, ইউরোপীর হিত্রাদীব উত্তর। সে উত্তর এই যে, বৃদ্ধে যেথানে লক্ষ লোকের অনিষ্ট করিলা কোটি কোটি লোকের হিত্রাধন করা যান সেথানে যুক্ধ পূণ্য কর্মা। কিন্তু কোটি লোকের জন্য এক লক্ষ লোককেই বা সংহার করিবার আমাদের কি অধিকার? এ কথার উত্তর হিত্রাদী দিতে পারেন না। বিভার উত্তর ভারতব্যীর গ্রু এই উত্তর আধ্যাত্মিক এবং পারমার্থিক। হিন্দুর সকল নীতির মূল আধ্যাত্মিক ও পারমার্থিক। সেই মূল, যুক্তর কর্ত্রাত্তার ন্যায় এমন একটা কঠিন ডত্তু অবলন্বন করিয়া যেমন বিশাদর্শে ব্যান যায়, সামান্য তত্ত্বের উপ্তলক্ষে সের্প ব্রাদ্ধ যায় না। তাই গীতাকার অন্তর্গের ব্যক্ত অপ্রবৃত্তির কলিপত করিয়া, তদ্পুলক্ষে পরেম পবিত্র গ্রেম্বর আহ্বেন ব্যথার প্রবৃত্তি হইরাজেকাং

শিবা। কথাটা কির্পে উঠিতেছে?

গ্রের। ভগবান কর্ত্তবাক্তব্য সম্বন্ধে অর্জ্জনকে প্রথমে দিবিধ অনুষ্ঠান ব্র্থাইতেছেন। প্রথমে আধ্যাদ্বিক্তা, অর্থাৎ আদ্মার অনম্বরতা প্রভৃতি, বাহা জ্ঞানের বিষয়। ইহা জ্ঞানবোগ বা সাংখ্যবোগ নামে অভিহিত হইয়াছে। তৃতীয় অধ্যায়ে তিনি বলিতেছন—

লোকেহি স্মন্ দ্বিধা নিষ্ঠা প্রা প্রোক্তা ময়ান্য। জ্ঞানষোগেন সাংখ্যানাং কর্মাযোগেন যোগিনাম॥ ৩।৩

ইহার মধ্যে জ্ঞানযোগ প্রথমতঃ সংক্ষেপে ব্রথাইয়া কর্ম্মাযোগ সবিস্তারে ব্রাইয়াছেন। এই জ্ঞান ও কর্ম্মা যোগ প্রভৃতি ব্রাঝলে ভূমি জ্ঞানিতে পারিবে যে, গীতা ভক্তিশাস্থা—তাই এত সবিস্তারে ভক্তির ব্যাখ্যায়, গীতার পরিচয় দিতেছি।

চতুন্দ্ৰ অধ্যায়—ছব্তি

ভগৰলাতা-কৰ্ম

গ্রা। এক্ষণে ভোমাকে গাঁতোক্ত কর্মাধাল ব্রথাইডেছি, কিস্তু তাহা শ্নিবার আগে, ভক্তির আমি যে ব্যাখ্যা করিরাছি, তাহা মনে কর। মন্থোর যে অবস্থার সকল ব্যিসানিক স্থরাভিম্থা হয মানসিক সেই অবস্থা অথবা যে ব্তির প্রাবল্যে এই অবস্থা ঘটে, তাহাই ভক্তি। এক্ষণে প্রবণ কর।

শ্রীকৃষ্ণ কর্মা আৰু কর্মা অৰ্জ নুনকে কর্মে প্রবৃত্তি দিতেছেন।

ন হি কশ্চিৎ ক্ষণমপি জাতু তিষ্ঠত্যক্ষাকৃৎ।

কার্য্যতে হাবশঃ কর্ম্ম সন্দৃষ্ট প্রকৃতিজৈগ্রেষ্টা। ৩। ৫

কেহই কখন নিষ্ক্ৰমণ হইয়া অবস্থান করিতে পারে না। কর্ম্মণ না করিলে প্রকৃতিজ্ঞাত গ্রুমকলের দ্বারা কর্ম্মে প্রবৃত্ত হইতে হইবে। অতএব কর্ম্ম করিতেই হইবে। কিন্তু সে কি কর্মা?

কম্ম বিললে বেদোক্ত কম্মই ব্ঝাইত, অর্থাৎ আপনার মঙ্গলকামনায় দেবতার প্রসাদার্থ ষাগবজ্ঞ ইত্যাদি ব্ঝাইত, ইহা প্রের্ব বিলয়াছি। অর্থাৎ কাম্য কম্ম ব্ঝাইত। এইখানে প্রচীন বেদোক্ত ধম্মের সঙ্গে ক্ষোক্ত ধম্মের প্রথম বিবাদ, এইখান হইতে গীতোক্ত ধম্মের উৎকর্ষের পরিচয়ের আরম্ভ। সেই বেদোক্ত কাম্য কম্মের অনুষ্ঠানের নিন্দা করিরা কৃষ্ণ বলিতেছেন

বামিমাং প্র্ভিপতাং বাচং প্রবদস্তাবিপশ্চিতঃ।
বেদবাদরতাঃ পার্থ নান্যদন্তীতি বাদিনঃ॥
কামান্থানঃ স্বর্গপরা জন্মকন্মফিলপ্রদাম।
ক্রিরাবিশেষবহুলাং ভোগেম্বর্যাগতিং প্রতি॥
ভোগেম্বর্যাপ্রসন্তানাং তরাপত্রতচেতসাম্।
বাবসায়ান্থিকা বৃদ্ধিঃ সমাধৌ ন বিধীয়তে॥ ২।৪২-৪৪

যাহার। বক্ষ্যমাণর প শ্রুতিস্থকর বাকা প্রয়োগ করে, তাহারা বিবেকশ্রা। বাহারা বেদবাকোরত হইরা ফলসাধন কর্ম্ম ভিন্ন আর কিছুই নাই, ইহা বলিয়া থাকে, বাহারা কাম-পরক্ষ হইরা স্বপতি পরমপ্রেরার্থ মনে করিয়া জ্ব্মই কন্মের ফল ইহা বলিয়া থাকে, বাহারা (কেবল) ভোগোশ্বর্যাপ্তির সাধনীভূত তিন্ধাবিশেববহ্ন বাক্য মাত্র প্রয়োগ করে, তাহারা অভি ম্বা। এইর প রাক্যে আক্রে তাহারা অভি ম্বা। এইর প রাক্যে আক্রে তাহারা আভি ম্বা। এইর প রাক্যে আক্রে তাহারা আভি ম্বা। এইর প রাক্যে তাব্রুতি পারে না।"

অর্থাৎ বৈদিক কর্ম্ম বা কাময় কল্মের অনুষ্ঠান ধর্ম্ম নহে। অথচ কর্ম্ম করিতেই ইইরেন। তবে কি ক্রম করিতে হইবে? বাহা কাম্য নহে, তাহাই নিব্দাম। বাহা নিব্দাম ধর্ম করিয়া পরিচিত, তাহা কর্মমার্গ মাচ, কল্মের অনুষ্ঠান।

শিষা। নিক্ষায় কথা কাচাকে বলে?

গ্রুর,। নিম্কাম কম্মের এই লক্ষণ ভগবান্ নিম্পেশ করিতেছেন, কম্মেশ্যেবাধিকারতে মা ফলেষ্ কদাচন।

या कन्यक्रमार्ट्यूर्भा एव मह्मार्ट्यकन्यिशि २।८९

অর্থাৎ, তোমার কম্মেই অধিকার, কদাচ কর্মফলে যেন না হয়। কম্মের ফলার্থী হইও না; কর্ম্মত্যাগেও প্রবৃত্তি না হউক।

অর্থাৎ কদ্ম করিতে আপনাকে বাধ্য মনে করিবে, কিন্তু তাহার কোন ফলের আকাজ্ফা করিবে না।

শিব্য। ফলের আকাশকা না থাকিলে কর্মা করিব কেন? যদি পেট ভরিবার আকাশকা না রাখি তবে ভাত খাইব কেন?

গ্রুর্। এইর্প দ্রম ঘটিবার সম্ভাবনা বিলয়া ভগবান্ পর-শ্লোকে ভাল করিয়া ব্ঝাইতেছেন—
"যোগস্থঃ কুর্ কম্মাণি সঙ্গং ত্যক্তনা ধনঞ্জয়!"

অর্থাৎ, হে ধনঞ্জয়! সঙ্গ ত্যাগ করিয়া যোগস্থ হইয়া কম্ম কর।

শিষ্য। किছ इ द्विलाभ ना। প্रথम-সঙ্গ कि?

গ্রহ। আসন্তি। যে কম্ম করিতেছ, তাহার প্রতি কোন প্রকার অন্বাগ না থাকে। ভাত খাওয়ার কথা বালতেছিলে। ভাত খাইতে হইবে সন্দেহ নাই; কেন না, প্রকৃতিজ গ্রেশ তোমাকে খাওয়াইবে, কিন্তু আহারে যেন অন্বাগ না হয়। ভোজনে অন্বাগয়্ক হইয়া ভোজন করিও না।

শিষ্য। আর "যোগস্থ" কি?

গ্রুর। পর-চরণে তাহা কথিত হইতেছে—

যোগন্থঃ কুর কন্মাণি সঙ্গং ত্যক্তরা ধনঞ্জয়। সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমো ভূষা সমন্থং যোগ উচ্যতে॥

কম্ম করিবে, কিন্তু কম্মে সিদ্ধ হউক, অসিদ্ধ হউক, সমান জ্ঞান করিবে। তোমার যত দ্রে কর্ত্তব্য, তাহা তুমি করিবে। তাতে তোমার কর্ম্ম সিদ্ধ হয় আর নাই হয়, তুলা জ্ঞান করিবে। এই যে সিদ্ধাসিদ্ধিকে সমান জ্ঞান করা, ইহাকেই ভগবান যোগ বালিতেছেন। এইর্প বোগস্থ হইয়া, কম্মে আসজিশ্না হইয়া কম্মের যে অনুষ্ঠান করা, তাহাই নিক্কাম ক্মান্তোন।

শিষ্য। এখনও ব্রিকাম না। আমি সিংধকাটি লইয়া আপনার বাড়ী চুরি করিতে ষাইতেছি। কিন্তু আপনি সজাগ আছেন, এজন্য চুরি করিতে পারিলাম না। তার জন্য দুঃথিত হইলাম না। ভাবিলাম, "আছো, হলো হলো, না হলো না হলো।" আমি কি নিক্কাম ধশ্মের

অনুষ্ঠান করিলাম?

গ্রন্। কথাটা ঠিক সোণার পাথরবাটির মত হইল। তুমি মৃথে, হলো হলো, না হলো না হলো বল, আর নাই বল, তুমি যদি চুরি করিবার অভিপ্রায় কর, তাহা হইলে তুমি কখনই মনে এর্প ভাবিতে পারিবে না। কেন না, চুরির ফলাকাজ্ফী না হইরা, অর্থাং অপহৃত ধনের আকাজ্ফা না করিয়া, তুমি কখন চুরি করিতে যাও নাই। যাহাকে "কর্মা" বলা যাইতেছে, চুরি তাহার মধ্যে নহে। "কর্মা" কি তাহা পরে বৃঝাইতেছি। কিন্তু চুরি "কর্মা" মধ্যে গণ্য হইলেও তুমি তাহা অনাসক্ত হইয়া কর নাই। এজন্য ঈদ্শ ক্রিছিটারেক সং ও নিক্কাম কর্মান্তান বলা যাইতে পারে না।

শিষা। ইহাতে যে আপত্তি, তাহা প্ৰেই করিয়াছি। মনে কর্ন, আমি বিড়ালের মত ভাত খাইতে বিস, বা উইলিয়ম সি সাইলেন্টের মত দেশোদ্ধার করিতে বিস, দ্ইরেতেই আমাকে কলাথী ইইতে হইবে। অর্থাৎ উদরপ্তিরি আকাশ্দা করিয়া ভাতের পাতে বসিতে হইবে

अवर एएएगत्र मृक्ष्यानवात्रम जाकान्का कतिशा एएगत फ्रेंगात श्रव्य शहरा शहरा।

গ্রে । ঠিক সেই কথারই উত্তর দিতে বাইতেছিলাম। তুমি যদি উদরপ্তিরি আকাব্দা করিরা ভাত খাইতে বসো, তবে তোমার কর্ম্ম নিক্কাম হইল না। তুমি যদি দেশের দঃখ নিক্ষের দঃখতুল্য বা তদধিক ভাবিরা তাহার উদ্ধারের চেণ্টা করিলে, তাহা হইলেও কর্ম্ম নিক্ষম হইল না।

শিষা। যদি সে আকৃ। কা না থাকে, তবে কেনই এই কন্দো প্রবৃত্ত হইব?

গ্রের। কেবল ইহা তোমার অনুষ্ঠেয় কর্মা বিলিয়া। আহার এবং দেশোদ্ধার, উভরই তোমার অনুষ্ঠেয়। চৌর্য্য তোমার অনুষ্ঠেয় নহে।

শিষা। তবে কোন্ কর্মে অনুষ্ঠেয়, আর কোন্ কর্মা অনুষ্ঠেয় নহে, তাহা কি প্রকারে জানিব? তাহা না বলিলে ত নিক্কাম ধন্মের গোড়াই বোঝা গেল না?

গ্রে,। এ অপ্রেব ধর্ম-প্রণেতা কোন কথাই ছাড়িয়া যান নাই। কোন্ কর্মা অন্তেস্তর, তাহা বলিতেছেন,—

> যজ্ঞার্থাং কর্ম্মাণোহনার লোকোহরং কর্মাবন্ধনঃ। তদর্থং কর্ম্মা কোন্তের মনুক্তসঙ্গ সমাচার॥ ৩।৯

এখানে যজ্ঞ শব্দে ঈশ্বর। আমার কথায় তোমার ইহা বিশ্বাস না হয়, স্বয়ং শঞ্করাচার্য্বের কথার উপর নির্ভর কর। তিনি এই শ্লোকের ভাষ্যে লিখিয়াছেন,—

"যজ্ঞো বৈ বিষ্কৃরিতি শ্রুতের্যজ্ঞ ঈশ্বরস্তদর্থাং।"

তাহা হইলে শ্লোকের অর্থ হইল এই যে, ঈশ্বরার্থ ঈশ্বরোদ্দিট কর্ম্ম, তদ্ভিন্ন অন্য কর্ম্মন মাত্র (অনুষ্ঠেয় নহে): অতএব কেবল ঈশ্বরোদ্দিট কর্মাই করিবে। ইহার ফল দাঁড়ার কি: দাঁড়ায় বে, সমস্ত বৃত্তিগুলিই ঈশ্বরম্খী করিবে, নহিলে সকল কর্ম্ম ঈশ্বরোদ্দিট কর্মাইবে না। এই নিজ্কাম ধর্মাই নামান্তরে ভক্তি। এইর্পে কর্ম্ম ও ভক্তির সামশ্লস্য। কন্মের সহিত ভক্তির ঐক্য স্থানান্তরে আরও স্পদ্দীকৃত হইতেছে। মথা—

মার স্বর্ণাণ কর্ম্মাণ সংন্যস্যাধ্যাম্বচেতসা। নিরাশীনি ম্মামো ভূষা যুধ্যুস্ব বিগতজ্বরঃ॥

অর্থাৎ বিবেকব্ দ্বিতে কন্মাসকল আমাতে অপূর্ণ করিয়া, নিন্দাম হইয়া এবং মমতা ও বিকার-শ্ন্য হইয়া যুদ্ধে প্রবৃত্ত হও।

শিষ্য। ঈশ্বরে কর্ম্ম অর্পণ কি প্রকারে হইতে পারে?

গর্র্। "অধ্যাত্মচেতসা" এই বাক্যের সঙ্গে "সংন্যস্য" শব্দ ব্রিষ্টে হইবে। ভগবান্ শব্দরাচার্য্য "অধ্যাত্মচেতসা" শব্দের ব্যাখ্যায় লিখিয়াছেন, "অহং কর্ষ্তেশ্বরায় ভূত্যবং করোমীত্যনয়া ব্রন্ধ্যা।" "কর্ত্তা যিনি ঈশ্বর, তাঁহারই জন্য, তাঁহার ভূত্যস্বর্প এই কাজ করিতেছি।" এইর্প বিবেচনায় কাজ করিলে, কৃষ্ণে কন্মাপণ হইল।

এখন এই কম্মামোগ ব্রিলেন? প্রথমতঃ কম্মা অবশ্য কপ্তব্য। কিন্তু কেবল অনুষ্ঠের কম্মাই কম্মা। যে কম্মা ঈশ্বরোদ্দিট, অর্থাৎ ঈশ্বরাভিপ্রেত, তাহাই অনুষ্ঠের। তাহাতে আসন্তিশ্রা, এবং ফলাকাঞ্চাশ্রা, হইরা তাহার অনুষ্ঠান করিতে হইবে। সিদ্ধি অসিদ্ধি তুল্য জ্ঞান করিবে। কম্মা ঈশ্বরে অর্পাণ করিবে অর্থাৎ কম্মা তাহার, আমি তাহার ভ্তা ম্বর্প কম্মা করিতেছি, এইরূপ ব্রদ্ধিতে কম্মা করিবে; তাহা হইলেই কম্মাযোগ সিদ্ধ হইল।

ইহা করিতে গেলে কার্য্যকারিণী ও শারীরিক বৃত্তি সকলকেই ঈশ্বরমুখী করিতে হইবে। অতএব কন্মধাগাই ভক্তিযোগ। ভক্তির সঙ্গে ইহার ঐক্য ও সামঞ্জস্য দেখিলে। এই অপ্র্বেত্ত্, অপ্রবেধ্যা করেল গীতাতেই আছে। এইর্প আশ্চর্য্য ধন্মব্যাখ্যা আর কখন কোন দেশে হয় নাই। কিন্তু ইহার সম্পূর্ণ ব্যাখ্যা তুমি এখন প্রাপ্ত হও নাই। কন্মধাগাই ধন্মবিস্থা সম্পূর্ণ হইল না, কন্মধান্মের প্রথম সোপান মাত্র। কাল তোমাকে জ্ঞানযোগের কথা কিছ্ বিলব।

পঞ্চদশ অধ্যায়—ভক্তি ভগৰশাতা—জ্ঞান

গ্রন্। এক্ষণে জ্ঞান সম্বন্ধে ভগবদ্বিক্তর সার মধ্ম প্রবণ কর। কম্মের কথা বলিরা, চত্তর্থাধ্যায়ে আপনার অবতার-কথন সময়ে বলিতেছেন,—

বীতরাগভয়কোধা মন্মরা মাম্পালিতঃ।

বহবো জ্ঞানতপসা প্রতা মস্তাবমাগতাঃ॥ ৪।১০

ইহার ভাবার্থ এই বে. অনেকে বিশ্বতরাগভেরচোধ, মন্মর (ঈশ্বরমর) এবং আমার উপাল্লিত ইইয়া জ্ঞান তপের যারা পবিদ্ধ হইয়া আমার ভাব কর্থাং ঈশ্বরম্ব বা মোক্ষ প্রাপ্ত হইয়াছে। 'শিষা। এই জ্ঞান''কি প্রকার?

গ্রুর। বে জ্ঞানের দ্বারা জীব সম্দার ভূতকে আত্মাতে এবং ঈশ্বরে দৈখিতে পার। যথা— যেন ভূতান্যশেষেশ দুক্ষস্যাত্মন্যথোমরি। ৪৭০৫

শিষ্য। সে জ্ঞান কিরুপে লাভ করিব?

গ্রু। ভগবান্ তাহার উপায় এই বলিয়াছেন,

তদিদ্ধি প্রণিপাতেন পরিপ্রশেনন সেবয়া।

উপদেক্ষান্ত তে জ্ঞানং জ্ঞানিনস্তত্দার্শনঃ॥ ৪।৩৪

অর্থাৎ প্রণিপাত, জিজ্ঞাসা এবং সেবার দ্বারা জ্ঞানী তত্ত্বদশীদিগের নিকট তাহা অবগত হইবে।

শিষ্য। আপনাকে আমি সেবার দ্বারা পরিতৃষ্ট করিয়া প্রণিপাত এবং পরিপ্রশেনর সহিত জিজ্ঞাসা করিতেছি, আমাকে সেই জ্ঞান দান কর্ন।

গ্রহ। তাহা আমি পারি না; কেন না, আমি জ্ঞানীও নহি, তত্তুদশীও নহি। তবে একটা মোটা সংক্ষেত বলিয়া দিতে পারি।

জ্ঞানের দারা সম্দায় ভূতকে আপনাতে এবং ঈশ্বরে দেখিতে পাওয়া যায়, ইতিবাক্যে কাহার কাহার পরস্পর সম্বন্ধ জ্ঞেয় বালিয়া কথিত হইয়াছে?

শিষ্য। ভূত, আমি, এবং ঈশ্বর।

গুরু। ভূতকে জানিবে কোন্ শাদ্রে?

শিষ্য। বহি বিশ্বজ্ঞানে।

গারে। অর্থাৎ উনবিংশ শতাব্দীতে কোম্তের প্রথম চারি— Mathematics, Astronomy, Physics, Chemistry, গণিত, জ্যোতিষ, পদার্থতত্ত্ব এবং রসায়ন। এই জ্ঞানের জন্য আজিকার দিনে পাশ্চান্ত্যদিগকে গারু করিবে। তার পর আপনাকে জানিবে কোন্ শাস্ত্রে?

শিষ্য। বহিন্দিজ্ঞানে এবং অন্তন্দিজ্ঞানে।

গ্রুর্। অর্থাৎ কোম্তের শেষ দুই—Biology, Sociology, এ জ্ঞানও পাশ্চান্তোর নিকট ষাচ্ঞা করিবে।

শিষ্য। তার পর ঈশ্বর জানিব কিসে?

প্রা, হিন্দুশাস্তে। উপনিষদে, দর্শনে, প্রাণে, ইতিহাসে, প্রধানতঃ গীতায়।

শিষ্য। তবে, জগতে যাহা কিছু, জ্ঞেয়, সকলই জানিতে হইবে। প্রথিবীতে যত প্রকার জ্ঞানের প্রচার হইয়াছে, সব জানিতে হইবে। তবে জ্ঞান এখানে সাধারণ অর্থে ব্যবহৃত হইয়াছে?

গ্রে। যাহা তোমাকে শিখাইয়াছি, তাহা মনে করিলেই ঠিক ব্ঝিবে। জ্ঞানান্ডর্নী বৃত্তি সকলের সম্যক্ স্ফ্রিড ও পরিণতি হওয়া চাই। সর্প্রপ্রার জ্ঞানের চর্চ্চা ভিন্ন তাহা হইতে পারে না। জ্ঞানার্জ্ঞানী বৃত্তি সকলের উপযুক্ত স্ফ্রিড ও পরিণতি হইলে, সেই সঙ্গে অনুশীলন ধন্মের বাবস্থান্সারে যদি ভক্তি বৃত্তিরও সম্যক্ স্ফ্রিড ও পরিণতি হইয়া থাকে. তবে জ্ঞানার্জনী বৃত্তিগ্রিল যথন ভক্তির অধীন হইয়া ঈশ্বরম্খী হইবে, তখনই এই গীতোক্ত জ্ঞানে পেশিছিবে। অনুশীলনধন্মেই বেমন কর্ম্মিয়া, অনুশীলনধন্মেই তেমনি জ্ঞানযোগ।

শিষ্য। আমি গৃভমুহের্পর মত আপনার ব্যাখ্যাত অনুশীলনধন্ম সকলই উল্টা

ব্বিয়াছিলাম; এখন কিছ্ব কিছ্ব ব্বিতেছি।

গুরু। এক্ষণে সে কথা যাউক। এই জ্ঞানযোগ ব্রিবার চেন্টা কর।

শিষ্য। আগে বল্পন, কেবল জ্ঞানেই কি প্রকারে ধন্মের প্র্ণতা হইতে পারে? তাহা হইলে পন্ডিতই ধান্মিক।

গ্রহ। এ কথা প্রেব বলিয়াছি। পাণ্ডিতা জ্ঞান নহে। যে ঈশ্বর ব্রিয়াছে, যে ঈশ্বরে জ্ঞাতে যে সম্বন্ধ, তাহা ব্রিয়াছে, সে ক্ষেবল পশ্চিত নহে, সে জ্ঞানী। পশ্চিত না হইলেও সে জ্ঞানী। শ্রীকৃষ্ণ এমত বলিতেছেন না শে, কেবল জ্ঞানেই তাঁহাকে কেই পাইয়াছে। তিনি বলিতেছেন,

বীতরাগভরক্রোধা মন্মরা মাম্পাগ্রিতাঃ। বহুৰো জ্ঞানভপ্সা পুতা মন্তাব্যাগতাঃ॥ ৪।১০

অর্থাৎ বাহারা চিত্তসংবত এবং ঈশ্বরপরারণ, তাহারাই জ্ঞানের ধারা প্তে হইরা তাঁহাকে পার,

আসল কথা, ক্কোন্ড ধন্মেরি এমন মুর্ম্ম নহে বে, কেবল জ্ঞানের দারাই সাধন সম্পূর্ণ হন্ধ। জ্ঞান ও কর্ম্ম উভয়ের সংযোগ চাই।* কেবল কর্ম্মে ইইবে না, কেবল জ্ঞানেও নহে। কন্মেই আবার জ্ঞানের সাধন। কন্মের দারা জ্ঞান লাভ হয়। জ্ঞাবান্ বলিতেছেন,—

व्यात्र त्राम्म (त्रार्था शः कम्म कात्रप्रम हार्छ। ७।०

যিনি জ্ঞানযোগে আরোহণেচ্ছ্র, কম্মই তাঁহার তদারোহণের কারণ বালিয়া কথিত হয়। অতএব কম্মান্তানের দ্বারা জ্ঞান লাভ করিতে হইবে। এখানে ভগবদ্বাক্যের অর্থ এই বে, কম্মাযোগ ভিন্ন চিত্তশান্তি জন্মে না। চিত্তশান্তি ভিন্ন জ্ঞানযোগে পেণীছান যায় না।

শিষ্য। তবে কি কম্মের দ্বারা জ্ঞান জন্মিলে কম্ম ত্যাগ করিতে হইবে?

গুরু। উভয়েরই সংযোগ ও সামঞ্জস্য চাই।

যোগসংনান্তকৰ্মাণং জ্ঞানসংচ্ছিন্নসংশ্বন্। আত্মবস্তং ন কৰ্মাণি নিবধান্তি ধনজয়॥ ৪।৪১

হে ধনঞ্জয়! কশ্মযোগের দ্বারা যে ব্যক্তি সংনাস্তকন্ম এবং জ্ঞানের দ্বারা যার সংশয় ছিল্ল হইয়াছে, সেই আত্মবানুকে কন্মসকল বন্ধ করিতে পারে না।

তবেই চাই (১) কম্মের সংন্যাস বা ঈশ্বরাপণ এবং (২) জ্ঞানের দ্বারা সংশ্বচ্ছেদন। এইর্পে কর্ম্মবাদের, ও জ্ঞানবাদের বিবাদ মিটিল। ধর্ম্ম সম্পূর্ণ হইল। এইর্পে ধর্মপ্রণেত্শ্রেষ্ঠ ভূতলে মহামহিমমর এই ন্তন ধর্ম্ম প্রচারিত করিলেন। কর্ম ঈশ্বরে অপণি কর; কর্মের দ্বারা জ্ঞান লাভ করিয়া প্রমার্থতত্ত্ব সংশ্ব ছেদন কর। এই জ্ঞানও ভক্তিতে বৃক্ত; কেন না,—

তদ্বন্ধরস্তদাত্মানস্তান্নতাস্তৎপরাযণাঃ।

গচ্ছন্তাপনবাব্তিং জ্ঞাননিধ্তকক্ষমঃ॥ ৫।১৭

ঈশ্বরেই যাহাদের বৃদ্ধি, ঈশ্বরেই যাহাদের আত্মা, তাঁহাতে যাহাদের নিষ্ঠা, ও যাহারা তংপরায়ণ, তাহাদের পাপসকল জ্ঞানে নির্মাং হইয়া যায়, তাহারা মোক্ষ প্রাপ্ত হয়।

শিষ্য। এখন ব্রিষ্টেছি যে, এই জ্ঞান ও কন্মের সমবায়ে ভক্তি। কন্মের জন্য প্রযোজন
—কাষ্যকারিণী ও শারীরিকী বৃত্তিগার্লি সকলেই উপযুক্ত স্ফ্রিড ও পরিণতি প্রাপ্ত হইরা
ঈশ্বরম্থী হইবে। জ্ঞানের জন্য চাই—জ্ঞানার্জনী বৃত্তিগার্লি ঐর্প স্ফ্রিড ও পরিণতি প্রাপ্ত
হইষা ঈশ্বরম্থী হইবে। আর চিত্তর্জিনী বৃত্তি?

গুরু। সেইরূপ হইবে। চিত্তরঞ্জিনী বৃত্তি সকল ক্ঝাইবার সময়ে বলিব।

শিষ্য। তবে মন্বেয় সম্দায় বৃত্তি উপযুক্ত স্ফুর্তি ও পরিণতি প্রাপ্ত ইইয়া ঈশ্বরম্থী হইলে, এই গীতোক্ত জ্ঞানকর্মন্যাস যোগে পরিণত হয়। এতদন্তরই ভক্তিবাদ। মন্বাত্ব ও অনুশীলনধর্ম যাহা আমাকে শ্নাইরাছেন, তাহা এই গীতোক্ত ধর্মের ন্তন ব্যাখ্যা নাত্র। গুরু। ক্রমে এ কথা আরও স্পষ্ট বৃথিবে।

ৰোড়শ অধ্যায়—ভক্তি

ভগবল্গীতা-সন্ন্যাস

গ্র্। তাব পব, আব একটা কথা শোন। হিন্দুশাস্থান্সারে যৌবনে জ্ঞানান্জনি করিতে হয়, মধ্য বয়সে গ্রন্থ হইয়া কর্মা করিতে হয়। গীতোক্ত থদেম ঠিক তাহা বলা হয় নাই; বয়ং ক্ষের দ্বারা জ্ঞান উপার্জনে করিবে, এমন কথা বলা হইয়াছে। ইহা সত্য কথা; কেন না অধ্যয়নও কন্মের মধ্যে, এবং কেবল অধ্যয়নে জ্ঞান জন্মিতে পারে না। সে য়াই হৌক, মনুবেদর ধ্রমন এক দিন উপস্থিত হয় য়ে, কর্মা করিবার সময়ও নহে, জ্ঞানোপার্ল্জনের সময়ও নহে। তথ্য জ্ঞান উপায়িজত হয়য়ছে, কন্মেরও শক্তি বা প্রয়োজন আর নাই। হিন্দুশান্তে এই

শ্বলা বাহনুল্য যে, এই কথা জ্ঞানবাদী শংকরাচার্য্যের মতের বিরুদ্ধ। তাঁহার মতে জ্ঞান কম্মের্ক্র নাই। শংকরাচার্য্যের মতের বাহা বিরোধী, শিক্ষিত সম্প্রদার ভিন্ন আর কেহ আমার কথার এখনকার দিনে গ্রহণ করিবেন না, তাহা আমি জ্ঞান। পকান্তরে ইহাও কর্ত্তব্য বে, প্রীধর স্বামী প্রভৃতি ভাজিবাদিগল শংকরাচার্য্যের অন্বত্তী নন। এবং অনেক অন্নগামী পাঁওত শংকরের মতের বিরোধী বালয়াই তাঁহাকে স্বপক্ষসমর্থন জন্য ভারের মধ্যে বড় বড় প্রবন্ধ লিবিতে হইরাছে।

অবস্থার তৃতীর ও চতুর্থাশ্রম অবশম্বন করিবার বিধি আছে। তাহাকে সচরাচর সম্যাস কলে। সম্যাসের স্থলে মন্মা কন্মত্যাগ। ইহাও মৃত্তির উপায় বলিয়া ভগবংকত্কি স্বীকৃত হইয়াছে। বরং তিনি এমনও বৃলিয়াছেন যে, বিদও জ্ঞানবোগে আরোহণ করিবার যে ইচ্ছা করে, কন্মইি তাহার সহায়, কিন্তু যে জ্ঞানযোগ আরোহণ করিয়াছে, কন্মত্যাগ তাহার সহায়।

আর্র্রক্ষেশ্বর্নের্যোগং কর্ম্ম কারণম্চাতে। যোগার্ডুস্য তস্যের শমঃ কারণম্চাতে॥ ৬।৩

শিষা। কিন্তু কম্মত্যাগ ও সংসারত্যাগ একই কথা। তবে কি সংসারত্যাগ একটা ধর্ম্ম? জ্ঞানীর পক্ষে ঠিক কি তাই বিহিত?

গ্রন্। প্রেগামী হিন্দ্ধর্মশাশান্তের তাহাই মত বটে। জ্ঞানীর পক্ষে কন্মত্যাগ যে তাহার সাধনের সাহায্য করে, তাহাও সভ্য। এ বিষয়ে ভগবদ্ধাক্যই প্রমাণ। তথাপি কৃষ্ণোক্ত এই প্র্যাময় ধন্মের এমন শিক্ষা নহে যে, কেহ কন্মত্যাগ বা কেহ সংসারত্যাগ করিবে। ভগবান্ বলেন যে, কন্মবাগা ও কন্মত্যাগ উভয়ই মাক্তির কারণ, কিন্তু তন্মধ্যে কন্মবাগাই শ্রেণ্ঠ।

সন্ন্যাসঃ কর্ম্মবোগণ্ড নিঃশ্রেয়সকরাব তে। । তয়োস্ত কর্ম্মসংন্যাসাৎ কর্মমবোগো বিশিষাতে॥ ৫।২

শিষ্য। তাহা কখনই হইতে পারে না। জন্মতাগটা যদি ভাল হয়, তবে জন্ম কখন ভাল নহে। কম্মতাগ যদি ভাল হয়, তবে কম্ম ভাল হইতে পারে না। জন্মতাগের চেয়ে কি জন্ম ভাল ?

গ্রে। কিন্তু এমন যদি হয় যে, কম্ম রাখিয়াও কম্মত্যাগের ফল পাওয়া যায়?

শিষ্য। তাহা হইলে কর্ম্মই শ্রেষ্ঠ। কেন না, তাহা হইলে কর্ম্ম ও কর্মাত্যাগ, উভয়েরই ফল পাওয়া গেল।

গ্র্। ঠিক তাই। প্ৰব্যামী হিন্দ্ধর্মের উপদেশ—কন্মত্যাগপ্ৰবঁক সন্ন্যাসগ্রহণ। গীতার উপদেশ—কন্ম এমন চিত্তে কর যে, তাহাতেই সন্যাসের ফল প্রাপ্ত হইবে। নিন্দাম কন্মই সন্যাস—সন্যাসে আবার বেশী কি আছে? বেশীর মধ্যে কেবল আছে, নিন্প্রয়োজনীয় দৃঃখ।

জ্ঞেয় স নিত্যসন্ত্র্যাসী যো ন দ্বেষ্টি ন কাঞ্চিত।
নির্দ্বন্দো হৈ মহাবাহো সুখং বন্ধাং প্রমান্ত্রতে॥
সাংখ্যযোগা পৃথাবালাঃ প্রবদন্তি ন পণিডতাঃ।
একমপ্যান্থিতঃ সম্যান্ত্রোবিশিতে ফলম্॥
বং সাংখ্য প্রাপ্যতে ছানং তদ্যোগৈরপি গম্যতে।
একং সাংখ্য প্রাপ্যান্ত ষঃ পশ্যাত স পশ্যাত॥
সংন্যাসন্তু মহাবাহো দুঃখ্যাপ্ত্রুমযোগতঃ।
যোগযুক্তো মুনির্জ্জা ন চিরেণাধিগচ্ছতি॥ ৫।৩-৬

"যাঁহার দ্বেষ নাই ও আকাজ্জা নাই, তাঁহাকেই নিত্যসন্ন্যাসী বলিয়া জানিও। হে মহাবাহো! তাদৃশ নির্দান্ব প্রব্রেরাই স্থে বন্ধনমন্ত হইতে পারে। (সাংখ্য) সন্ন্যাস ও (কম্ম) যোগ যে পৃথক্, ইহা বালকেই বলে, পশ্ডিতে নহে। একের আশ্রয়ে একত্রে উভয়েরই ফল লাভ করা যায়। সাংখ্যে (সন্ন্যাস)* যাহা পাওয়া যায়, (কম্ম) যোগেও তাই পাওয়া যায়। যিনি উভয়কে একই দেখেন, তিনিই যথার্থদেশী। হে মহাবাহো! কম্মাযোগ বিনা সন্ন্যাস দৃঃখের কারণ। যোগয়ত্ত ম্নি অচিরে বন্ধ পারেন। স্থল কথা এই বে, যিনি অনুষ্ঠেয় কম্মা সকলই করিয়া থাকেন, অথচ চিত্তে সকল কম্মাসন্ত্রেই সন্ন্যাসী তিনিই ধান্মিক।

শিষ্য। এই প্রম বৈষ্ণবধশ্ব ত্যাগ করিয়া এখন বৈরাগাীরা ভোর কোপান পরিয়া সং সাজিয়া বেড়ায় কেন, বর্ঝিতে পারি মা। ইংরেজরা বাহাকে Asceticism বলেন, বৈরায়া শশ্বে তাহা ব্ঝায় না. এখন দেখিতেছি। এই পরম পবিত্র ধশ্বে সেই পাপের ম্লোচ্ছেদ হইতেছে। অথচ এমন পবিত্র, সর্বব্যাপা, উন্নতিশাল বৈরায়্য আর কোথাও নাই। ইহাতে সর্বত্ত সেই

^{* &}quot;সংখ্যা" কথাটির অর্থ লইয়া আপাততঃ গোলবোগ বোধ হইতে পারে। বাঁহাদিগের এমত সন্দেহ হইবে, তাহারা শাশ্কর ভাষ্য দেখিবেন।

পৰিত্র বৈরাণ্য, সকর্ম্ম বৈরাণ্য; Asceticism কোথাও নাই। আপনি বথার্থই বলিয়াছেন, এমন সাশ্চর্য্য ধর্ম্ম এমন সত্যময় উন্নতিকর ধর্ম্ম, জগতে আর কখন প্রচারিত হন্ন নাই। গীতা থাকিতে, লোকে বেদ, স্মৃতি, বাইবেল বা কোরাণে ধর্ম খ্রিজতে যায়, ইহা আশ্চর্য্য বোধ হন্ন। এই ধর্ম্মের প্রথম প্রচারকের কাছে কেহই ধর্ম্মবিত্তা বলিয়া গণ্য হইতে পারেন না। এ অতিমান্ত্র ধর্ম্মপ্রণেতা কে?

গৃর্র। গ্রীকৃষ্ণ যে অর্জ্জবুনের রথে চড়িয়া, কুর্ক্জেরে, যুদ্ধের অব্যবহিত প্রের্থ এই সকল কথাগুলি বলিয়াছিলেন, তাহা আমি বিশ্বাস করি না। না বিশ্বাস করিবার অনেক কারণ আছে। গীতা মহাভারতে প্রক্ষিপ্ত, এ কথা বলা যাইতে পারে, কিন্তু কৃষ্ণ যে গীতোক্ত ধন্মের স্ভিকর্তা, তাহা আমি বিশ্বাস করি। বিশ্বাস করিবার কারণ আছে। ফলে তুমি দেখিতে পাইতেছ যে, এক নিম্কামবাদের দ্বারা সমন্দায় মন্যুজ্জীবন শাসিত, এবং নীতি ও ধন্মের সকল উচ্চ তত্ত্ব একতা প্রাপ্ত হইয়া পবিত্র হইতেছে। কাম্য কন্মের ত্যাগই সম্ব্যাস, নিম্কাম কন্মহি সম্ব্যাস, নিম্কাম কন্মহিয়াস নহে।

কাম্যান্যাং কর্ম্মণাং ন্যাসং সন্ম্যাসং কবয়ে। বিদ্ধা। সন্ধাকর্মফলত্যাগং প্রাহম্ভ্যাগং বিচক্ষণাঃ॥ ১৮।২

যে দিন ইউরোপীয় বিজ্ঞান ও শিল্প, এবং ভারতবর্ষের এই নিজ্কাম ধর্ম্ম একচিত হইবে, সেই দিন মন্যা দেবতা হইবে। তখন ঐ বিজ্ঞান ও শিল্পের নিজ্কাম প্রয়োগ ভিন্ন সকাম প্রয়োগ হইবে না।

শিষ্য। মানুষের অদুভেট কি এমন দিন ঘটিবে?

গুরু। তোমরা ভারতবাসী, তোমরা করিলেই হইবে। দুই-ই তোমাদের হাতে। এখন ইচ্ছা করিলে তোমরাই প্রথিবীর কর্ত্তা ও নেতা হইতে পার। সে আশা যদি তোমাদের না থাকে, তবে বৃথায় আমি বকিয়া মরিতেছি। সে বাহা হউক, এক্ষণে এই গীতোক্ত সম্যাসবাদের প্রকৃত তাৎপর্য্য কি? প্রকৃত তাৎপর্য্য এই যে, কন্মহিন সম্যাস নিকৃষ্ট সম্যাস। কন্ম্ , ব্রুঝাইয়াছি— ভক্ত্যাত্মক। অতএব এই গীতোক্ত সম্যাসবাদের তাৎপর্য্য এই যে, ভক্তাত্মক কন্মব্রুক্ত সম্যাসব্যথি সম্যাস।

সপ্তদশ অধ্যায়—ভক্তি

शान विखानाणि

গুরু । ভগবন্দগীতা পাঁচ অধ্যায়ের কথা তোমাকে ব্রাইয়াছি। প্রথম অধ্যায়ে সৈন্যদর্শন, দিতীয়ে জ্ঞানযোগের স্থ্লাভাষ, উহার নাম সাংখ্যবোগ, তৃতীয়ে কর্মাযোগ, চতুর্থে জ্ঞান-কর্মান্যাসযোগ, পঞ্চমে সম্যাসযোগ, এ সকল তোমাকে ব্রাইয়াছি। ষঙ্ঠে ধ্যানযোগ। ধ্যান জ্ঞানবাদীর অনুষ্ঠান, স্তরাং উহার পৃথক্, আলোচনার প্রয়েজন নাই। যে ধ্যানমার্গাবেশবী সে যোগী। যোগী কে, তাহার লক্ষণ এই অধ্যায়ে বিবৃত হইয়াছে। যে অবস্থায় চিত্ত যোগান্তান দ্বায়া নির্দ্ধ হইয়া উপরত হয়; যে অবস্থায় বিশ্বদ্ধান্তঃকরণের দ্বায়া আত্মাকে অবলোকন করিয়া আত্মাতেই পরিত্ত্ত হয়; সে অবস্থায় বিশ্বদ্ধান্তঃকরণের দ্বায়া আত্মাকে অবলোকন করিয়া আত্মাতেই পরিত্ত্ত্ত হয়; সে অবস্থায় ব্রাদ্ধান্তলভ্য, অতীন্দ্রিয়, আত্যান্তক সূথ উপলব্ধ হয়; যে অবস্থায় অবস্থান করিলে আত্মতত্ত্ব হইতে পরিচ্যুত হইতে হয় না; যে অবস্থা লাভ করিলে, অন্য লাভকে অধিক বিলয়া বোষ হয় না, এবং যে অবস্থা উপন্থিত হইলে গ্রন্তর দ্ঃখও বিচলিত করিতে পারে না, সেই অবস্থার নামই যোগ—নহিলে খাওয়া ছাড়িয়া বার বংসর একঠাই বিসয়া চোক্ ব্রজয়া ভাবিলে যোগ হয় না। কিন্তু যোগীয় মধ্যেও প্রধান ভক্ত—

যোগিনামপি সৰ্বেষাং মদ্গতেনান্তরান্ধনা। শ্রন্ধানন্ ভক্তে যো মাং স মে যুক্তকুমো মতঃ॥ ৬।৪৭

"যে আমাতে আসক্তমনা হইয়া প্রদাপ্তেকি আমাকে ভব্দনা করে, আমার মতে যোগবন্ধা ব্যক্তিগাণের মধ্যে সে-ই শ্রেণ্ঠ।" ইহা ভগবদ্ধি। অতএব এই গাঁতোক্ত ধক্মে, জ্ঞান কর্মা ধমন সম্মাস—ভক্তি ব্যতীত কিছুই ক্ষুণ্ডা মহে। ভক্তিই সুর্ব্বসাধনের সার।

সপ্তমে বিজ্ঞানৰোগ। ইহাতেই ঈশ্বর, আপন স্বর্প। কহিতেছেন। ঈশ্বর আপনাকে নিগ্রে

ও সগ্ন, অর্থাৎ স্বর্প ও তটস্থ লক্ষণের দারা বর্ণাত করিয়াছেন। কিন্তু ইহাও বিশদর্শে বলিয়াছেন বে, সম্বরে ভাক্তি ভিন্ন তাহাকে জানিবার উপায় নাই। অতএব ভক্তিই প্রস্নাজ্ঞানের সহায়।

অপ্টমে তারকরক্ষযোগ। ইহাও সম্পূর্ণরূপে ভক্তিযোগ। ইহার ছ্ল ডাংপর্যো ঈশ্বর-প্রাপ্তির উপার কথিত হইয়াছে। একান্ত ভক্তির শ্বারাই তাঁহাকে প্রাপ্ত হওয়া শায়।

নৰমাধ্যারে বিখ্যাত রাজগাহাযোগ। ইহাতে অতিশয় মনোহারিলী কথা সকল আছে। ইতিপ্রেব জগদীশ্বর একটি অতিশয় মনোহর উপমা দ্বারা আপনার সহিত জগতের সম্বন্ধ প্রকটিত করিয়াছিলেন,—"যেমন স্ত্রে মণি সকল গ্রথিত থাকে, তদুপ আমাতেই এই বিশ্ব গ্রথিত রহিয়াছে।" নবমে আর একটি স্কুর উপমা প্রযুক্ত হইয়াছে, যথা—

"আমার আত্মা ভূতসকল ধারণ ও পালন করিতেছে, কিন্তু কোন ভূতেই অবস্থান করিতেছে না। যেমন সমীরণ সব্বগ্রগামী ও মহং হইলেও, প্রতিনিয়ত আকাশে অবস্থান করে, তদুপ সকল ভূতই আমাতে অবস্থান করিতেছে।" হবঁট স্পেন্সরের নদীর উপর জলব্দ্ধ্দের উপয়া অপেক্ষা এই উপমা কত গুলে শ্রেষ্ঠ!

শিষ্য। চক্ষ্ হইতে আমার ঠালি থসিয়া পড়িল। আমার একটা বিশ্বাস ছিল যে- নিগাঁণ ব্রহ্মবাদটা Pantherem মাত্র। এক্ষণে দেখিতেছি, তাহা হইতে সম্পূর্ণবাসে ভিন্ন।

গুরু । ইংরেজা সংস্কারবিশিষ্ট ইইযা এ সকলেব আলোচনাব দোষ ঐ। আমাদের মধ্যে এমন অনেক বাব আছেন, কাচের টম্লবে না খাইলে তাহাদের জল মিষ্ট লাগে না। আমাদের আর একটা ভ্রম আছে বোধ হয় যে মনুষ্য মাতেই—মূর্খ ও জ্ঞানী, ধনী ও দরিদ্র, পুরুষ ও স্বা, বৃদ্ধ ও বালক—সকল জাতি, সকলেই যে তুলার্পে পরিতাণের অধিকারী, এ সাম্যবাদ শাক্যসিংহের ধন্মে ও খৃষ্টধন্মেই আছে, বর্গভেদজ্ঞ হিন্দুধন্মে নাই। এই অধ্যায়ের দুইটা শ্লোক শ্রবণ কর।

সমোহহং সর্বভূতেব্ন মে দ্বেষ্যোহন্তিন প্রিয়ঃ। যে ভজব্তি তুমাং ভক্তা ময়ি তে তেব্য চাপাহম্॥ ৯।২৯

মাং হি পার্থ ব্যপাশ্রিত্য যেহপি স্কাঃ পাপযোনয়ঃ। স্প্রিয়ো বৈশ্যান্তথা শ্রান্তেহপি যান্তি পরাং গতিম্যা ৯।৩২

'আমি সকল ভূতের পক্ষে সমান; কেই আমার দ্বেষ্য বা কেহ প্রিয় নাই, যে আমাকে ভক্তিপ্রেক্ক ভজনা করে, আমি তাহাতে সে আমাতে। * * পাপযোনিও আশ্রুষ্য করিলে প্রাণ্ডি পায়—বৈশ্য শন্তে, স্বীলোক, সকলেই পাষ।"

শিষ্য। এটা বোধ হয় বৌদ্ধধৰ্ম হইতে গৃহীত হইয়াছে।

গ্রের। কৃতবিদাদিগের মধ্যে এই একটা পাগলামি প্রচলিত হইয়াছে। ইংরেজ পণিডতগণের কাছে তোমরা দর্নিযাছ যে. ৫৪৩ খ্রীণ্ট-প্র্বান্দে (বা ৪৭৭) শাকাসিংহ মরিয়াছেন; কাজেই তাঁহাদের দেখাদেখি সিদ্ধান্ত করিতে শিখিয়াছ যে. বাহা কিছু ভারতবর্ষে হইয়াছে, সকলই বোদ্ধান্ম হইতে গ্রেণিত হইয়াছে। তোমাদের দৃঢ় বিশ্বাস যে, হিন্দুখন্ম এমনই নিক্নত সামগ্রী যে, ভাল জিনিব কিছুই তাহার নিজ ক্ষেত্র হইতে উৎপন্ন হইতে পারে না। এই অন্করণপ্রিয় সম্প্রদায় ভূলিয়া যায় যে, বোদ্ধান্ম নিজেই এই হিন্দুখন্ম হইতে উৎপন্ন হইয়াছে। বাদ সমগ্র বোদ্ধান্ম ইহা হইতে উৎপন্ন হইতে পারিল ত আর কোন ভাল জিনিব কি তাহা হইতে উত্ত ছইতে পারে না?

শিষ্য। যোগশান্তের ব্যাখ্যা করিতে করিতে আপনার এ রাগট্যকু সঙ্গত কলিয়া বোধ হয় না। এক্ষণে রাজগ্হ্যযোগের ব্যুত্ত শহুনিতে চাই।

গ্রন্। রাজগাই।বোগ সন্ধ্রিশ্বান সাধন বলিয়া কথিত হইয়াছে। ইহার স্থল তাৎপর্যা এই, বাদও ঈশ্বর সকলের প্রাপ্য বটে, জথাপি যে বে-ভাবে চিন্তা করে. সে সেই ভাবেই তাঁহাকে পায়। শ্বাহারা দেবদেবীর সকাম উপাসনা করেন, তাঁহারা ঈশ্বরান্ত্রহে সিন্ধকাম হইয়া স্বর্গ ভোগ করেন বটে, কিন্তু তাঁহারা ঈশ্বর প্রাপ্ত হরেন না। কিন্তু যাঁহারা নিন্ফাম ইইয়া দেবদেবীর উপাসনা করেন, তাঁহাদের উপাসনা নিন্ফাম বলিয়া তাঁহায়া ঈশ্বরেই উপাসনা করেন; কেন না, ঈশ্বর জিলা করা দাই। তবে যাঁহারা সকাম হইয়া দেবদেবীর উপাসনা করেন, তাঁহারা বে

ভাবান্তরে ঈশ্বরোপাসনার ঈশ্বর পান না, তাহার কারণ সকাম উপাসনা ঈশ্বরোপাসনার প্রকৃত পদ্ধতি নহে। পরস্থ ঈশ্বরের নিন্দাম উপাসনাই মুখ্য উপাসনা, তন্তির ঈশ্বরপ্রাপ্তি হয় না। অতএব সর্ব্বামনা পরিত্যাগপা,ব্বক সন্ব্বাক্তমা ঈশ্বরে অর্পণ করিষা ঈশ্বরে ভক্তি করাই ধন্মা ও মোন্দের উপায়। এই রাজগা,হাযোগ ভক্তিপাণ।

সপ্তমে ঈশ্বরের স্বর্প কথিত হইয়াছে, দশমে তাঁহার বিভূতি সকল কথিত হইতেছে। এই বিভূতিযোগ অতি বিচিত্র, কিন্তু এক্ষণে উহাতে আমাদের প্রয়োজন নাই। দশমে বিভূতি সকল বিবৃত করিয়া, তাহার প্রত্যক্ষশবর্প একাদশে ভগবান্ অর্জনকৈ বিশ্ববৃপ দশন করান। তাহাতেই দ্বাদশে ভক্তিপ্রসঙ্গ উত্থাপিত হইল। কালি তোমাকে সেই ভক্তিযোগ শুনাইব।

অন্টাদশ অধ্যায়—ছব্রি

ভগৰশাতা—ভক্তিযোগ

শিষ্য। ভক্তিযোগ বলিবার আগে, একটা কথা ব্ঝাইয়া দিন। ঈশ্বব এক কিন্তু সাধন ভিন্ন ভিন্ন প্রকার কেন? সোজা পথ একটা ভিন্ন পাঁচটা থাকে না।

গুরু । সোজা পথ একটা ভিন্ন পাঁচটা থাকে না বটে, কিন্তু সকলে. সকল সময়ে সোজা পথে যাইতে পারে না। পাহাড়ের চ্ড়ায় উঠিবার যে সোজা পথ, দুই একজন বলবানে তাহাতে আরোহণ করিতে পারে। সাধারণের জন্য ঘুরাশ ফিরাশ পথই বিহিত। এই সংসারে নানাবিধ লোক; তাহাদের ভিন্ন ভিন্ন শিক্ষা, এবং ভিন্ন ভিন্ন প্রকৃতি। কেহ সংসারী কাহাবও সংসার হয় নাই, হইরাছিল ত সে ত্যাগ করিয়াছে। যে সংসারী, তাহার পক্ষে কর্ম্ম; যে অসংসারী, তাহার পক্ষে ক্রাস। যে জ্ঞানী অথচ সংসারী, তাহার পক্ষে জ্ঞান ও বিজ্ঞানযোগই প্রশন্ত; যে জ্ঞানী অথচ সংসারী নয় অর্থাৎ যে যোগী, তাহার পক্ষে ধ্যানযোগই প্রশন্ত। আর আপামর সাধারণ সকলেরই পক্ষে সর্ব্বেশাধনশ্রেষ্ঠ রাজগ্রহাযোগই প্রশন্ত। অতএব স্বর্ণপ্রকার মন্ব্যের উল্লেখ্য।

শিষ্য। কিন্তু আপনি যাহা ব্রুঝাইরাছেন, তাহা যদি সত্য হয়, তবে ভক্তিই সকল সাধনের অন্তর্গত। তবে এক ভক্তিকে বিহিত বলিলেই, সকলের পক্ষে পথ সোজা হইত।

গ্রন। কিন্তু ভক্তির অনুশীলন চাই। তাই বিবিধ সাধন, বিধি অনুশীলনপন্ধতি। আমার কথিত অনুশীলনতত্ব যদি ব্রিয়া থাক, তবে এ কথা শীন্ত ব্রিবে। ভিন্ন ভিন্ন প্রকৃতিব মনুষ্যের পক্ষে ভিন্ন ভিন্ন অনুশীলনপদ্ধতি বিধেয়। যোগ, সেই অনুশীলনপদ্ধতিব নামান্তর মাত্র।

শিষ্য। কিন্তু যে প্রকারে এই সকল যোগ কথিত হইয়াছে, তাহাতে পাঠকের মনে একটা প্রশন উঠিতে পারে। নিগালে রক্ষের উপাসনা অর্থাৎ জ্ঞান, সাধানবিশেষ বলিয়া কথিত হইয়াছে, সগাল রক্ষের উপাসনা অর্থাৎ ভক্তিও সাধন বলিয়া কথিত হইয়াছে। অনেকের পক্ষে দুই-ই সাধ্য। যাহার পক্ষে দুই-ই সাধ্য, সে কোন্ পথ অবলম্বন করিবে? দুই-ই ভক্তি বটে জানি, তথাপি জ্ঞান-বান্ধি-ময়ী ভক্তি, আর কর্ম্ম-ময়ী ভক্তি মধ্যে কে শ্রেষ্ঠ?

গ্রন্। দ্বাদশ অধ্যায়ের আরভে এই প্রশ্নই অর্জ্বন কৃষ্ণকে জিজ্ঞাসা করিয়াছেন, এবং এই প্রশেনর উত্তরই দ্বাদশ অধ্যায়ে ভত্তিযোগ। এই প্রশ্নটি ব্বাইবার জনাই গীতার প্র্র্গামী একাদশ অধ্যায় তোমাকে সংক্ষেপে ব্বাইলাম। প্রশ্ন না ব্রিকলে উত্তর ব্বা বায না।

শিষ্য। কৃষ্ণ কি উত্তর দিয়াছেন?

গ্রন। তিনি স্পন্টই বলিয়াছেন যে, নিগ্নি রন্মের উপাসক ও ঈশ্বরভক্ত, উভয়েই ঈশ্বর প্রাপ্ত হয়েন। কিন্তু তদ্মধ্যে বিশেষ এই বে, রন্মোশাসকেরা অধিকতর দ্বংখ ভোগ কবে; ভক্তেরা সহক্তে উদ্ধৃত হয়।

ক্রেশােহ থিকতরন্তেরামবাক্তাসক্তচেতসাম্।
অব্যক্তা হি গতিদ হৈখং দেহবন্তিরবাপ্যতে॥
যে তু সন্ধাশি কন্মাণি মায় সংনাস্য মংপরাঃ।
অননােনেব বােগেন মাং ধ্যায়ন্ত উপাসতে॥
তেবামহং সম্ভূক্তা মৃত্যুসংসারসাল্যাং। ১২।৫-৭

শিষ্য। এক্ষণে বঁলনে, তবে এই ভক্ত কে? গ্রেন্। ভগবান স্বয়ং তাহা বলিতেছেন।

অবেশ্টা সর্ব্বভ্তানাং মৈয়ঃ কর্ণ এব চ।
নিশ্বমো নিরহুজনাঃ সমদ্ঃখস্থ ক্ষমী॥
সন্তুল্টঃ সততং বোগী বতাত্মা দ্চনিশ্চরঃ।
মধ্যপিত্যনোব্দির্বো মন্তক্তঃ সে মে প্রিয়ঃ॥
বস্মারোদ্বিজতে লোকো লোকামোদ্বিজতে চ বঃ।
হর্ষার্ম্ব ভ্রোদ্বেগিন্মর্ক্তো বঃ স চ মে প্রিয়ঃ॥
অনপেক্ষঃ শ্রচিদক্ষ উদাসীনো গতবাথঃ।
সর্বারন্তপরিত্যাগী যো মন্তক্তঃ স মে প্রিয়ঃ॥
যো ন হ্র্যাতি ন বেশ্টি ন শোচিতি ন কার্ক্কিত।
শ্রভাশ্রভপরিত্যাগী ভক্তিমান্ যঃ স মে প্রিয়ঃ॥
সমঃ শরো চ মিত্রে চ তথা মানাপমানরোঃ।
শীতোক্ষস্থদ্রথেব্ সমঃ সঙ্গবিবন্ধিজ্তঃ॥
তুল্যানিন্দান্ত্তিমেনি সন্তুল্টো যেন কেনচিং।
আনকেতঃ স্থির্মাতভক্তিমান্ মে প্রিয়়ো নরঃ॥
যে তু ধন্মাম্তিমিদং যথোক্তং পর্যাপ্রসেতে।
প্রাদ্বধানা মংপরমা ভক্তান্তেহতীব মে প্রিয়ঃ॥ ১২।১০-২০

"যে মমতাশ্ন্য (অর্থাৎ যার 'আমার! আমার!' জ্ঞান নাই.) অহত্কারশ্ন্য, যাহার সৃত্ধ দৃহথে সমান জ্ঞান, যে ক্ষমাশীল, যে সন্তুত্ট, যোগী, সংযুতাত্মা এবং দৃঢ়সন্দক্ষপ, যাহার মন ও বৃদ্ধি আমাতে অর্পিত, এমন যে আমার ভক্ত সে-ই আমার প্রিয়। যাহা হইতে লোক উল্বেগ প্রাপ্ত হয় না এবং যিনি লোক হইতে নিজে উল্বেগ প্রাপ্ত হন না, যে হর্ষ অমর্য ভর এবং উল্বেগ হুইতে মৃক্ত, সে-ই আমার প্রিয়। যে বিষয়াদিতে অনপেক্ষ, শৃহ্চি, দক্ষ, উদাসীন, গতব্যথ, অথচ সন্ত্রাপ্ত পরিত্যাগ করিতে সক্ষম, এমন যে আমার ভক্ত, সে-ই আমার প্রিয়। যাহার কিছুতে হর্ষ নাই, অথচ দ্বেষও নাই, যিনি শোকও করেন না, বা আকাত্মা করেন না, যিনি শৃত্তাশৃত্ব সকল পরিত্যাগ করিতে সমর্থ, এমন যে ভক্ত, সে-ই আমার প্রিয়। যাহার নিকট শত্রু ও মিত্র, মান ও অপমান, শীতোক্ষ, সৃত্ধ ও দৃহথ সমান, যিনি আসঙ্ক-বিবর্জিত, যিনি নিন্দা ও স্থুতি তুল্য বোধ করেন, যিনি সংযতবাক্য, যিনি যে কিছু দ্বারা সন্তুত্ট, এবং যিনি সন্ত্র্ণদা আশ্রয়ে থাকেন না, এবং শিত্রর্মাত, সেই ভক্ত আমার প্রিয়। এই ধন্মামৃত যেমন বলিয়াছি, যে সেইরূপ অনুষ্ঠান করে, সেই প্রজাবান আমার পরম ভক্ত, আমার অতিশয় প্রিয়।"

এখন ব্রিকলে ভক্তি কি? ঘরে কপাট দিয়া প্জার ভান করিয়া বসিলে ভক্ত হয় না।
মালা ঠক্ঠক করিয়া, হরি! হরি! করিলে ভক্ত হয় না: হা ঈশ্বর! যো ঈশ্বর! করিয়া
গোলযোগ করিয়া বেড়াইলে ভক্ত হয় না: যে আত্মজয়ী, ষাহার চিত্ত সংযত, যে সমদশী, যে
পরিহতে রত, সে-ই ভক্ত। ঈশ্বরকে সর্ব্বদা অন্তরে বিদ্যামান জানিয়া, যে আপনার চরিত্র পবিত্র
না করিয়াছে, যাহার চরিত্র ঈশ্বরান্র্পী নহে. সে ভক্ত নহে। যাহার সমস্ত চরিত্র ভক্তির দ্বারা
শাসিত না হইয়াছে, সে ভক্ত নহে। যাহার সকল চিত্তব্তি ঈশ্বরম্খী না হইয়াছে, সে ভক্ত
নহে। গীতোক্ত ভক্তির শুলে কথা এই। এর্প উদার, এবং প্রশন্ত ভক্তিবাদ জগতে আর
কোখাও নাই। এই জন্য ভগবলগীতা জগতে শ্রেষ্ঠ গ্রন্থ।

উনবিংশতিভয় অধ্যায়—ডব্রি

नेपात कांक-विक्शात्राम

গ_{ন্}র্। ভগবন্দাতার অর্থান্টাংশের কোন কথা তুলিবার এক্ষণে আমাদের প্রয়োজন নাই। এক্ষণে আমি যাহা বলিয়াছি, তাহা স্পন্ট করিবার জন্য বিষ-মুপনুরাণোক্ত প্রহ্যাদচরিত্তের আমরা সমালোচনা করিব। বিষ-মুপনুরাণে দুইটি ভক্তের কথা আছে, সকলেই জানেন-ধ্রব ও প্রহ্যাদ। এই দুই জনের ভণ্ডি দুই প্রকার। যাহা বলিয়াছি, তাহাতে ব্রিয়াছ উপাসনা দ্বিষধ, সকাম, এবং নিন্কাম। সকাম বে উপাসনা, সেই কামা কন্ম; নিন্কাম যে উপাসনা, সেই ভক্তি। প্রব্রের উপাসনা সকাম.—তিনি উচ্চ পদ লাভের জনাই বিকরে উপাসনা করিয়াছিলেন। অতএব তাহার কৃত উপাসনা প্রকৃত ভক্তি নহে; ঈশ্বরে তাহার দৃঢ় বিশ্বাস এবং মনোবৃদ্ধি সমর্পণ হইয়া থাকিলেও তাহা ভক্তের উপাসনা নহে। প্রহ্রাদের উপাসনা নিন্কাম। তিনি কিছুই পাইবার জন্য ঈশ্বরে ভক্তিমান্ হরেন নাই; বরং ঈশ্বরে ভক্তিমান্ হওয়াতে বহুবিধ বিপদে পড়িয়াছিলেন; কিন্তু ঈশ্বরে ভক্তি সেই সকল বিপদের কারণ, ইহা জানিতে পারিয়াও তিনি ভক্তি ত্যাগ করেন নাই। এই নিন্কাম প্রমই বথার্থ ভক্তি এবং প্রহ্রাদই পরমভক্ত। বোধ হয় গ্রন্থকার সকাম ও নিন্কাম উপাসনার উদাহরণন্বর্গ, এবং পরস্পরের তুলনার জন্য ধ্বুব ও প্রহ্রাদ, এই দুইটি উপাখ্যান রচনা করিয়াছেন। ভগবন্গীতার রাজ্বোগ সন্বন্ধে যাহা বলিয়াছি. তাহা যদি তোমার ক্ষারণ থাকে, তাহা হলৈ ব্রনিবে যে, সকাম উপাসনাও একেবারে নিন্ফল নহে। যে যাহা কামনা করিয়া উপাসনা করে, সে তাহা পায়, কিন্তু ঈশ্বর পায় না। ধ্বুব উচ্চ পদ কামনা করিয়া উপাসনা করিয়াছিলেন, তাহা তিনি পাইয়াছিলেন, তথাপি তাহার সে উপাসনা নিন্মগ্রেণীর উপাসনা, ভক্তি নহে। প্রহ্বাদের উপাসনা ভক্তি, এই জন্য তিনি লাভ করিয়েন—ম্বুলি।

শিষ্য। অনেকেই বলিবে, লাভটা ধ্রুবেরই বেশী হইল। মুক্তি পারলৌকিক লাভ, তাহার সত্যতা সম্বন্ধে অনেকের সংশয় আছে। এর প ভক্তিধর্ম্ম লোকায়ত্ত হইবার সম্ভাবনা নাই।

গ্রহ্। মুক্তির প্রকৃত তাৎপর্য কি, তুমি ভুলিয়া গিয়াছ। ইহলোকেই মুক্তি হইতে পারে ও হইয়া থাকে। যাহার চিত্ত শান্ধি এবং দৃঃথের অতীত, সে-ই ইহলোকেই মুক্ত। সমাট্ দৃঃথের অতীত নহেন, কিন্তু মুক্ত জীব ইহলোকেই দৃঃথের অতীত; কেন না, সে আত্মজয়ী হইয়া বিশ্বজয়ী হইয়াছে। সমাটের কি সুথ বালতে পারি না। বড় বেশী সুথ আছে বালয়া বোধ হয় না। কিন্তু যে মুক্ত, অর্থাৎ সংযতাত্মা বিশ্বজ্বচিত্ত, তাহার মনের সুথের সীমা নাই। যে মুক্ত, সে-ই ইহজীবনেই সুখী। এই জন্য তোমাকে বালয়াছিলাম যে, সুথের উপায় ধশ্ম। মুক্ত ব্যক্তির সকল ব্তিগৃলি সম্পূর্ণ হফ্তি প্রাপ্ত হইয়া সামজসাযুক্ত হইয়াছে বালয়া সে মুক্ত। যাহার ব্রিসকল ক্ষ্তিপ্রাপ্ত নহে, সে অজ্ঞান, অসামর্থ্য, বা চিত্তমালিনাবশতঃ মুক্ত হইতে পারে না।

শিষ্য। আমার বিশ্বাস যে, এই জীবন্মা্ক্তির কামনা করিয়া ভারতবয়ীর্যেরা এর্প অধঃপাতে গিয়াছেন। যাঁহারাই এ প্রকার জীবন্মা্ক্ত, সাংসারিক ব্যাপারে তাদৃশ তাঁহাদের মনোযোগ থাকে না, এজন্য ভারতবর্ষের এই অবন্তি হইয়াছে।

গ্রন্। ম্ভির যথার্থা তাৎপর্যা না ব্রাই এই অধঃশতনের কারণ। গাঁহারা মৃক্ত বা ম্বিজ্পথের পথিক, তাঁহারা সংসারে নির্লিপ্ত হয়েন, কিন্তু তাঁহারা নিন্দাম হইয়া যাবতীয় অন্পেটর কন্মের অনুষ্ঠান করেন। তাঁহাদের কন্ম নিন্দাম বাঁলারা, তাঁহাদের কন্ম ন্বদেশের এবং জগতের মঙ্গলকর হয়; সকাম কন্মী দিগের কন্মে কাহারও মঙ্গল হয় না। আর তাঁহাদের ক্রিসকল অনুশালিত এবং ক্র্তিপ্রপ্ত, এই জন্য তাঁহারা দক্ষ এবং কন্মিট; প্রের্বি ভাগবছাক্য উদ্ধৃত করিরাছি, তাহাতে দেখিবে যে, ভগবস্তক্তদিগের দক্ষতা একটি লক্ষণ। তাঁহারা দক্ষ অথচ নিন্দাম কন্মী, এ জন্য তাঁহাদিগের দ্বারা যতটা স্বজাতির এবং জগতের মঙ্গল সিদ্ধ হয়, এত আর কাহারও দ্বারা ইইতে পারে না। এ দেশের সকলে এইর্প ম্বিজ্মাগবিলন্দাই হইলেই ভারতব্বীরেরাই জগতে শ্রেণ্ঠ জাতির পদ প্রাপ্ত হইবে। ম্বিজ্বিত্তত্বের এই যথার্থ ব্যাখ্যার লোপ হওয়ায় অনুশীলনবাদের দ্বারা আমি তাহা তোমার হদরঙ্গম করিতেছি।

শিষ্য। এক্ষণে প্রহ্মাদচরিত্র শর্নিতে বাসনা করি।

গ্রের। প্রহ্মাদর্চরিত্র সবিস্তারে বিলিবার আমার ইচ্ছাও নাই, প্রয়োজন নাই। তবে একটা কথা এই প্রহ্মাদর্চরিত্র ব্ঝাইতে চাই। আমি বিলিয়াছি যে, কেবল, হা ঈশ্বর! যো ঈশ্বর! করিয়া বেড়াইলে ভক্তি হইল না। যে আত্মজয়ী, সব্ধভূতকে আপনার মত দেখিয়া সব্ধজনের হিতে রত, শত্রু মিত্রে সমদশী, নিক্তাম কম্মী—সে-ই ভক্ত। এই কথা ভগবশাতার উক্ত হুইয়াছে দেখাইরাছি। এই প্রহ্মাদ তাহার উদাহরণ। ভগবশাতার যাহা উপদেশ, বিকৃশ্রাণে

অনপেকঃ শ্রিদিক উদাসীনো গতব্যথঃ।

তাহা উপন্যাসচ্চলে স্পন্টীকৃত। গতায় ভক্তের যে সকল লক্ষ্য কথিত হইয়াছে, তাহা বৃদ্ধি তুমি বিস্মৃত হইয়া থাক, সেই জন্য তোমাকে উহা আর একবার শ্নাইতেছি।

অদেশটা সর্ব্বভূতানাং মৈতাঃ কর্ণ এব চ।
নিশ্মমো নিরহক্কারঃ সমদ্বংখস্থঃ ক্ষমী॥
সক্তুটঃ সততং বোগী বতাত্মা দ্টানশ্চয়ঃ।
মযাপ্রিতমনোব্দ্ধিযোঁ মন্তক্তঃ স মে প্রিয়ঃ॥
যসমারোদ্বিজতে লোকো লোকারোদ্বিজতে চ যঃ।
হর্ষামর্বভরোবেলৈশ্রেকো যঃ স চ মে প্রিয়ঃ॥
অনপেক্ষঃ শ্রিচর্দক্ষ উদাসীনো গতব্যথঃ।
সর্ব্বারম্বস্ক্রিত্যাগী বো মন্তক্তঃ স মে প্রিয়ঃ॥
সমঃ শত্রো চ মিত্রে চ তথা মানাপ্রমানয়োঃ।
শীতোক্ষস্থদ্বংথেষ্ সমঃ সক্ষবিব্যক্তিতঃ॥
তুল্যানন্দান্ত্রতিযোনী সন্তুক্টো বেন কেনচিং।

অনিকেতঃ স্থিরমতিভক্তিমান্ মে প্রিয়ো নরঃ॥ গীতা ১২।১৩-২০

প্রথমেই প্রহ্রাদকে "সর্বর সমদ্গ্রশী" বলা হইয়াছে।

সমচেতা জগত্য স্মিন্ যঃ সন্বেদ্বের জন্তুর। বথান্থানি তথানার পরং মৈরগ্র্ণান্বিতঃ ॥ ধন্ম যেয়া সত্যুশোচাদিগ্র্ণানামাকরন্তথা। উপমানমশেষাণাং সাধ্নাং বঃ সদাভবং॥

কিন্তু কথায় গ্রাবাদ করিলে কিছু হয় না, বার্য্যতঃ দেখাইতে হয়। প্রহ্লাদের প্রথম কার্ষ্যে দেখি, তিনি সত্যবাদী। সত্যে তাঁহার এতটা দার্য্যে যে, কোন প্রকার ভয়ে ভীত হইয়া তিনি সত্য পরিত্যাগ করেন না। গ্রের্গ্হ হইতে তিনি পিতৃসমীপে আনীত হইলে, হিরণ্যকশিপ্র তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, "কি শিখিয়াছ? তাহার সার বল দেখি?"

প্রহ্মাদ বলিলেন, "যাহা শিখিয়াছি, তাহার সার এই যে, যাঁহার আদি নাই, অন্ত নাই, মধ্য নাই—যাঁহার বৃদ্ধি নাই, ক্ষয় নাই—যিনি অচ্যুত, মহাত্মা সর্ব্বকারণের কারণ তাঁহাকে নমন্কার।"

শর্নিয়া বড় কুদ্ধ হইয়া হিরণ্যকশিপ আরক্ত লোচনে, কশ্পিতাধরে প্রহ্মাদের গ্রেক্ ভংসনা করিলেন। গ্রেরু বলিল, "আমাব দোষ নাই, আমি এ সব শিখাই নাই।"

তথন হিরণ্যকশিপ্র প্রহ্যাদকে জিজ্ঞাসা করিলেন, "তবে কে শিখাইল রে?"

প্রহ্মাদ বলিল, "পিতঃ! যে বিষ্ণু এই অনস্ত জগতেব শাস্তা, যিনি আমার হৃদ্যে স্থিত, সেই প্রমান্ধা ভিন্ন আরু কে শিখায়?"

হিরণ্যকশিপ্র বলিলেন, "জগতের ঈশ্বর আমি; বিষ্কৃ কে রে দুর্ববৃদ্ধি!"

প্রহ্মাদ বলিল, "ধাঁহার পরংপদ শব্দে ব্যক্ত করা যায় না. যাঁহার পরংপদ যোগীরা ধ্যান করে,

ষাঁহা হইতে বিশ্ব, এবং যিনিই বিশ্ব, সেই বিশ্ব, পুরমেশ্বর।"

হিরণ্যকশিপন্ অতিশয় কুদ্ধ হইয়া বলিল, "মরিবার ইচ্ছা করিয়াছিস্ যে, পন্নঃ পন্নঃ এই কথা বলিতেছিস্? পরমেশ্বর কাহাকে বলে জানিস্ না? আমি থাকিতে আবার তোর প্রমেশ্বর কে?"

নিভীকি প্রহ্মাদ বলিল, "পিতঃ, তিনি কি কেবল আমারই পরমেশ্বর! সকল জীবেরও তিনিই পরমেশ্বর,—তোমারও তিনি পরমেশ্বর. ধাতা. বিধাতা, পরমেশ্বর! রাগ করিও না. প্রসায় হও।"

হিরণ্যকশিপ^{নু} বলিজ, "বোধ হয়, কোন পাপাশয় এই দূৰ্ব্যুদ্ধি বালকের হদরে প্রবেশ করিয়াছে।"

প্রহ্মাদ বলিল, "কেবল, আমার হৃদরে কেন? তিনি সকল লোকেতেই অধিষ্ঠান করিতেছেন। সেই স্বৰ্শনামী বিশ্ব, আমাকে, তোমাকে, সকলকে সকল কম্মে নিষ্কু করিতেছেন।"

এখন, সেই ভগবদ্বাকা স্মরণ কর। "যতাত্মা দ্ঢ়নিশ্চর" দ্ঢ়নিশ্চর কেন, তাহা ব্রিবলে?

⁺ সম্ভন্টঃ সততং বোগী বতাত্মা দুঢ়নিশ্চরঃ।

সেই "হর্ষামর্যভয়োধেগৈন্দর্ভো বঃ স চ মে প্রিরঃ" স্মরণ কর। এখন, ভর হইতে মৃক্ত যে ভক্ত সে কি প্রকার তাহা বর্নবিলে? "মষ্যাপিতিমনোবর্নদ্ধঃ" কি বর্নবিলে?* ভক্তের সেই সকল লক্ষ্য ব্রুবাইবার জন্য এই প্রহ্মাদ্দরিক কহিতেছি।

হিরণ্যকশিপ, প্রহ্মাদকে তাড়াইয়া দিলেন প্রহ্মাদ আবার গরে,গ্রহে গেলেন। **অনেক** কালের পর আবার আনাইয়া অধীত বিদ্যার আবার পরীক্ষা লইতে বসিলেন। প্রথম উ**ত্তরেই**

প্রহ্যাদ আবার সেই কথা বলিল.

কারণং সকলস্যাস্য স নো বিষয়ঃ প্রসীদতু।

হিরণ্যকশিপ্র প্রহ্মাদকে মারিয়া ফেলিতে হ্রকুম দিলেন। শত শত দৈতা তাহাকে কাচিতে আসিল, কিন্তু প্রহ্মাদ "দৃঢ়নিশ্চয়", "ঈশ্বর্যাপি তমনোব্যদ্ধি"—যাহারা মারিতে আসিল, প্রহ্মাদ তাহাদিগকে বলিল, "বিষ্ণু তোমাদের অন্তেও আছেন, আমাতেও আছেন, এই সত্যান্সারে আমি তোমাদের অন্তের দ্বারা আক্রান্ত ইইব না।" ইহাই "দৃঢ়নিশ্চয়"।

শিষ্য। জানি যে, বিষ্ণুপ্রাণের উপন্যাসে আছে যে, প্রহা্মদ অস্প্রের আঘাতে অক্ষত রহিলেন। কিন্তু উপন্যাসেই এমন কথা থাকিতে পারে,—যথার্থ এমন ঘটনা হয় না। যে যেমন ইচ্চা ঈশ্বরভক্ত হউক, নৈস্মির্গক নিয়ম তাহার কাছে নিষ্ফল হয় না—অস্থ্রে পরমভক্তেরও

মাংস কাটে।

গ্রন্। অর্থাৎ তুমি Miracle মান না। কথাটা প্রাতন। আমি তোমাদের মত ঈশ্বরের শক্তিকে সামারন্ধ করিতে সন্মত নহি। বিষ্ণুপ্রাণে ষের্পে প্রহ্রাদের রক্ষা কথিত হইয়াছে, ঠিক সেই রপ ঘটিতে দেখা যায় না বটে, আর উপন্যাস বলিয়াই সেই বর্ণনা সম্ভবপর হইয়াছে, ইছাও স্বাকার করি। কিন্তু একটি নৈস্বর্গক নিয়মের দ্বারা ঈশ্বরান্কম্পায় নিয়মান্তরের অদ্ভাপ্র্বের প্রতিষেধ যে ঘটিতে পারে না. এমত কথা তুমি বলিতে পার না। অস্ত্রে পরম ভল্তেরও মাংস কাটে, কিন্তু ভক্ত ঈশ্বরান্কম্পায় আপনার বল বা ব্লিত পার না। অস্ত্রে পরিতে পারে যে, অস্ত্র নিজ্জল হয়। বিশেষ, যে ভক্ত, সে "দক্ষ"; ইহা প্রেব্ কথিত হইয়াছে, তাহার সকল ব্রিজান্লি সম্পূর্ণ অন্শালিত, স্ত্রাং সে অতিশয় কার্যক্ষম; ইহার উপর ঈশ্বরান্গ্রহ পাইলে সে যে নৈস্বির্গক নিয়মের সাহায্যেই অতিশয় বিপশ্ল হইয়াও আত্মরক্ষা করিতে পারিবে, ইহা অসম্ভব কি?† যাহাই হউক এ সকল কথায় আমাদিগের কোন প্রয়োজন এক্ষণে দেখা যাইতেছে না,—কেন না, আমি ভক্তি ব্ঝাইতেছি, ভক্ত কি প্রকারে ঈশ্বরান্গ্রহ প্রাপ্ত হন, বা হন কি না, তাহা ব্ঝাইতেছি না। এর্ণ কোন ফলই ভক্তের কামনা করা উচিত নহে.— তাহা হইলে তাহার ভক্তি নিম্কাম হইবে না।

শিষা। কিন্তু প্রহ্মাদ ত এখানে রক্ষা কামনা করিলেন—

গ্রা না, তিনি রক্ষা কামনা করেন নাই। তিনি কেবল ইহাই মনে স্থির ব্রিক্তেন যে. বখন আমার আরাধ্য বিষণ্ণ আমাতেও আছেন, এই অস্ত্রেও আছেন, তখন এ অস্ত্রে কখন আমার আনিষ্ট হইবে না। সেই দ্র্গনিশ্চরতাই আরও স্পন্ট হইতেছে। কেবল ইহাই ব্রান আমার উদ্দেশ্য। প্রহ্রাদচরিত্র যে উপন্যাস. তিছিষয়ে সংশয় কি? সে উপন্যাসে নৈসাগিক বা অনৈসাগিক কথা আছে. তাহাতে কি আসিয়া যায়? উপন্যাসে এর্প অনৈসাগিক কথা থাকিলে ক্ষতি কি? অর্থাৎ যেখানে উপন্যাসকারের উদ্দেশ্য মানস ব্যাপারের বিবরণ, জড়ের গণে ব্যাখ্যা নহে, তখন জড়ের অপ্রকৃত ব্যাখ্যা থাকিলে মানস ব্যাপারের ব্যাখ্যা অস্পন্ট হয় না। বরং অনেক সম্ম অধিকতর স্পন্ট হয়। এই জন্য জগতের শ্রেণ্ঠ কবির মধ্যে অনেকেই অতিপ্রকৃতের আশ্রম্ব গ্রহণ করিয়াছেন।

তার পর অস্তে প্রহ্মাদ মরিল না দেখিয়া, হিরশ্যকশিপ প্রহ্মাদকে বলিলেন "ওরে দ্বর্দ্ধি এখনও শুরুষ্ঠতি হইতে নিব্ত হ! বড় ম্থ হইস্ না, আমি এখনও তোকে অভয়

দিতেছি।"

* মর্যাপতিমনোবৃদ্ধিরো মন্তক্তঃ স মে প্রিয়ঃ।
† ঠিক এই কথাটি প্রতিপদ্ধ করিবার জন্য সিপাহী হস্ত হইতে দেবী চৌধ্রাণীর উদ্ধার কর্তমান
লেখক কর্ত্ব প্রণীত হইয়ছে। সময়ে মেঘোদয় ঈশ্বরের অন্ত্রহ; অর্বাশন্ট ভক্তের নিজের দক্ষতা।
দেবী চৌধ্রাদীর সক্তে পাঠক এই ভিক্তিব্যাখ্যা মিলাইয়া দেখিতে পারেন।

অভারের কথা শ্নিরা প্রহ্মাদ বলিল, "যিনি সকল ভারের অপহারী, বাঁহার স্মরণে জন্ম জরা যম প্রভৃতি সকল ভারই দূরে হয়, সেই অনন্ত ঈশ্বর হদয়ে থাকিতে আমার ভার কিসের?"

সেই "ভরোদ্বেগৈর্ক্তো" কথা মনে কর। তার পর হিরণ্যকশিপ, সপর্গণকে আদেশ করিলেন যে, উহাকে দংশন কর। কথাটা উপন্যাস, স্তরাং এর্প বর্ণনার ভরসা করি, তুমি বিরক্ত হইবে না। সাপের কামড়ে প্রহ্লাদ মরিল না,—সে কথাও তোমার বিশ্বাস করিয়া কাজ নাই। কিন্তু যে কথার জন্য প্রাণকাব এই সপ্দংশন-বৃত্তান্ত লিখিয়াছেন, তৎপ্রতি মনোযোগ কর—

স স্বাসক্তমতিঃ কৃষ্ণে দশ্যমানো মহোরগৈঃ। ন বিবেদাস্থানো গাত্রং তৎস্মত্যাহ্যাদসংস্থিতঃ॥

প্রহ্মাদের মন কৃষ্ণে তখন এমন আসক্ত যে. মহাসপ সকল দংশন করিতেছে. তথাপি কৃষ্ণস্যতির আহ্মাদে তিনি ব্যথা কিছুই জানিতে পারিলেন না। এই আহ্মাদের জন্য স্থ দৃংখ সমান জ্ঞান হয়। সেই ভগবদ্বাক্য আবার স্মরণ কর "সমদ্বংখস্থ ক্ষমী!" "ক্ষমী" কি, পরে ব্রিকবে, এখন "সমদ্বংখস্থ" ব্রিকলে?

শিষ্য। ব্ৰিলাম এই যে ভক্তের মনে বড় একটা ভারি সূখ রাচি দিন রহিয়াছে বলিয়া,

व्यता माथ मार्थ माथ मार्थ विलयारे ताथ रय ना।

গ্রহ্ন। ঠিক তাই। সপ কর্ত্বক প্রহ্মাদ বিনন্ট হইল না, দেখিয়া হিরণ্যকশিপনু মন্ত হস্তি-গণকে আদেশ করিলেন যে, উহাকে দাঁতে ফাড়িয়া মারিয়া ফেল। হস্ত্রীদিগের দাঁত ভাঙ্গিয়া গেল, প্রহ্মাদের কিছুই হইল না; বিশ্বাস করিও না—উপন্যাস মাত্র। কিন্তু তাহাতে প্রহ্মাদ পিতাকে কি বলিলেন শ্ন্ন,—

দন্তা গজানাং কুলিশাগ্রনিষ্ঠ্রাঃ
শীপা বদেতে ন বলং মমৈতং।
মহাবিপংপাপবিনাশনোহয়ং
জনাশ্রনানুস্মরণানুভাবঃ॥

"কুলিশাগ্রকঠিন এই সকল গজদন্ত যে ভাঙ্গিয়া গেল, ইহা আমার বল নহে। যিনি মহাবিপং ও পাপের বিনাশন, তাঁহারই সমরণে হইয়াছে।"

আবার সেই ভগ্বদ্বাক্য সমুরণ কর "নিম'মো নিরহঙ্কার" ইত্যাদি।* ইহাই নিরহঙ্কার।

ভক্ত জানে यে, সকলই ঈশ্বর করিতেছেন এই জন্য ভক্ত নিরহ জ্বার।

হস্তা হইতে প্রহ্মাদের কিছু হইল না দেখিয়া হিরণ্যকশিপন্ন আগন্নে পোড়াইতে আদেশ করিলেন। প্রহ্মাদ আগন্নেও পর্যুড়ল না। প্রহ্মাদ "শীতোক্ষস্থদ ঃথেষ সমঃ," তাই প্রহ্মাদের সে আগন্ন পদ্মপরের ন্যায় শীতল বোধ হইল। তখন দৈত্যপ্রের্যাহত ভাগবেরা দৈত্যপতিকে বাললেন যে, "ইহাকে আপনি ক্ষমা করিয়া আমাদের ক্রিম্মা করিয়া দিন। তাহাতেও যদি এ বিশ্বভক্তি পরিত্যাগ না করে, তবে আমরা অভিচারের দ্বারা ইহাকে বধ করিব। আমাদের কৃত অভিচার কখন বিফল হয় না।"

দৈত্যেশ্বর এই কথায় সম্মত হইলে, ভার্গবেরা প্রহ্মাদকে লইয়া গিয়া, অন্যান্য দৈত্যগণের সঙ্গে পড়াইতে লাগিলেন। প্রহ্মাদ সেখানে নিজে একটি ক্লাস খালিয়া বসিলেন। এবং দৈত্যপার্বগণকে একত্রিত করিয়া তাহাদিগকে বিষণ্কভিতত উপদেশ দিতে লাগিলেন। প্রহ্মাদের বিষণ্কভিত্ত আর কিছুই নহে—পরহিতরত মাত্র—

বিস্তারঃ সন্ব'ভূতস্য বিষ্ণোহ্ব'শ্বমিদং জগং। দুষ্টব্যমাত্মবং তস্মাদভেদেন বিচক্ষণৈঃ॥

> সৰ্ব ব দৈত্যাঃ সমতামুপেত সমত্বমারাধনমচ্যুতসা॥

অর্থাৎ বিশ্ব, জগং, সর্বভিত, বিকার বিস্তার মাত্র: বিচক্ষণ ব্যক্তি এই জন্য সকলকে আপনার

নিশ্বমা নিরহ কারঃ সমদ্রখসনুখঃ কমী। † শীতোকসনুখদ্রধেষ্ সমঃ সজবিবজিকতি।
 ১৪০

সঙ্গে অভেদ দেখিবেন। **হে দৈত্যগণ! তোমরা সর্ব্যত্ত সমান দেখিও, এই সমত্ব (আপনার সঙ্গে সব্বভিত্তর) ঈশ্বরের আরাধনা।

প্রহ্মাদের উক্তি বিষ্কৃপ্রাণ হইতে তোমাকে পড়িতে অন্রোধ করি। এখন কেবল আর দুইটি প্লোক শ্নুন।

অথ ভদ্রাণি ভূতানি হীনশক্তিরহং প্রম্।
মন্দং তথাপি কুব্বীতি হানিদ্বেষফলং যতঃ॥
বন্ধবৈরাণি ভূতানি দ্বেষং কুব্বীত চেত্ততঃ।
শোচ্যান্যহোহতিমোহেন ব্যাপ্তানীতি মনীবিশা॥

"অন্যের মঙ্গল হইতেছে, আপুনি হীনশক্তি, ইহা দেখিয়াও আহ্মাদ করিও, দ্বেষ করিও না; কেন না, দ্বেষে অনিষ্টই হইয়া থাকে। ষাহাদের সঙ্গে শন্ত্বতা বন্ধ হইয়াছে, তাহাদেরও যে দ্বেষ করে, সে অতি মোহেতে ব্যাপ্ত হইয়াছে বালয়া জ্ঞানীরা দুঃখ করেন।'

এখন সেই ভগবদুক্ত লক্ষণ মনে কর।

"যম্মানোদ্বিজতে লোকো লোকামোদ্বিজতে চ যঃ" এবং 'ন দ্বেন্টি' শব্দ মনে কর। ভগবদ্বাক্যে প্রোণকর্ত্তার কত এই টীকা।

প্রহ্মাদ আবার বিষণ্ণভক্তির উপদ্রব করিতেছে জানিয়া হিরণ্যকশিপন তাহাকে বিষ পান করাইতে আজ্ঞা দিলেন। বিষেও প্রহ্মাদ মরিল না। তখন দৈত্যেশ্বর প্ররোহিতগণকে ডাকাইয়া অভিচার-ক্রিয়ার দ্বারা প্রহ্মাদের সংহার করিতে আদেশ করিলেন। তাঁহারা প্রহ্মাদকে একট্য বুঝাইলেন; বলিলেন—তোমার পিতা জগতের ঈশ্বর, ডোমার অনস্তে কি হইবে? প্রহ্মাদ "স্থিরমতি": প্রহ্মাদ তাঁহাদিসকে হাসিয়া উডাইয়া দিল। তখন দৈতা প্রেরাহিতেরা ভ্যানক অভিচার-ক্রিয়ার সূথি করিলেন। অগ্নিময়ী মূত্তিমতী অভিচার-ক্রিয়া প্রহানের কদয়ে শ্লাঘাত করিল। প্রহ্মাদের হদয়ে শূল ভাঙ্গিয়া গেল। তখন সেই মৃত্তিমান সভিচার, নিরপরাধ প্রহ্মাদের প্রতি প্রযুক্ত হইয়াছিল বালয়া অভিচারকারী প্ররোহতদিগকেই ধ্রংস করিতে গেল। তথন প্রহ্মাদ "হে কৃষ্ণ। হে অনন্ত। ইহাদের রক্ষা কর" বলিয়া সেই দহামান পুরোহিতদিদের রক্ষার জন্য ধাবমান হইলেন। ডাকিলেন, "হে সর্বব্যাপিন্, হে জগংস্বর্প, रह क्रगर्छत म्राष्ट्रिकर्छा, रह क्रनाम्बन! এই ताक्षाणगण्य এই म्राध्य मन्त्राधि हरेरछ शका करा! যেমন সকল ভূতে সৰ্বব্যাপী, জগদ্গারু, বিষ্ণা ভূমি আছ, তেমনই এই ব্রাহ্মণেরা জীবিত হউক! বিষ্ট্র সম্বাগত বলিয়া যেমন অগ্নিকে আমি শত্রপক্ষ বলিয়া ভাবি নাই, এ ব্রাক্ষণেরাও তেমনি— ইহারাও জীবিত হোক। যাহারা আমাকে মারিতে আসিয়াছিল, যাহারা বিষ দিয়াছিল, যাহারা আমাকে আগ্রনে পোড়াইয়াছিল, হাতীর দ্বারা আমাকে আহত করিয়াছিল, সাপের দ্বারা দংশিত করিয়াছিল, আমি তাহাদের মিত্রভাবে আমার সমান দেখিয়াছিলাম, শত্রু মনে করি নাই, আজ সেই সত্যের হেতু এই প্ররোহিতেরা জীবিত হউক।" তখন ঈশ্বরকুপায় প্ররোহিতেরা জীবিত হইয়া, প্রহ্মাদকে আশীব্রাদ করিয়া গ্রহে গমন করিল।

এমন আর কখন শর্নিব কি? তুমি ইহার অপেক্ষা উন্নত ভক্তিবাদ, ইহার অপেক্ষা উন্নত ধুম্ম অন্য কোন দেশের কোন শাস্ত্রে দেখাইতে পার?‡

শিষ্য। আমি স্বীকার করি, দেশীয় গ্রন্থসকল ত্যাগ করিয়া কেবল ইংরাজী পড়ায় আমাদিগের বিশেষ অনিষ্ট ইইতেছে।

গ্রন। এখন ভগবশাতায় যে ভক্ত ক্ষমাশীল এবং শন্ত্রি মিত্রে তুলাজ্ঞানী বলিয়া কথিত হইয়াছে, তাহা কি প্রকার তাহা ব্রিকলে?§

যো ন হ্রয়তি ন দ্বেষ্টি ন শোচতি ন কাঞ্জাতি।

† অনিকেতঃ ভিরমতিভ ক্তিমান মে প্রিয়োঃ নরঃ।

† মনন্বী শ্রীষ্ক্ত বাব্ প্রতাপচন্দ্র মজ্মদার স্বপ্রণীত "Oriental Christ' নামক উৎকৃষ্ট প্রক্থে লিখিয়াছেন, "A suppliant for mercy on behalf of those very men who put him to death, he said—'Father! forgive them, for they know not what they do.' Can ideal forgiveness go any further?" Ideal যায় বৈ কি, এই প্রহ্মাণচারত দেখন না।

। সমঃ শত্রো চ স্বিত্র চ তথা মানাপমানরোঃ।

र्वाध्कम ब्रह्मावली

পরে, হিরণ্যকশিপ্ন প্রের প্রভাব দেখিয়া জিজ্ঞাসা করিলেন, "তোমার এই প্রভাব কোথা হইতে হইল?" প্রহ্মাদ বালিলেন, "অচ্যুত হার বাহাদের হৃদরে অবস্থান করেন. তাহাদের এইর্প প্রভাব হইয়া থাকে। যে অন্যের অনিষ্ট চিন্তা করে না—কারণাভাববশতঃ তাহারও অনিষ্ট হয় না। যে কম্মের দ্বারা, মনে বা বাক্যে পরপীড়ন করে. তাহার সেই বীজে প্রভূত অশত্ত ফলিয়া থাকে।

কেশব আমাতেও আছেন, সর্ম্বভৃতেও আছেন, ইহা জানিয়া আমি কাহারও মন্দ ইচ্ছা করি না, কাহারও মন্দ করি না, কাহাকেও মন্দ বলি না। আমি সকলের শ্ভ চিন্তা করি, আমার শারীরিক বা মানসিক, দৈব বা ভৌতিক অশ্ভ কেন ঘটিবে? হরি সর্ম্বাময় জানিয়া সর্ম্বভৃতে এইর্প অব্যাভচারিশী ভক্তি করা পশ্ভিতের কর্ত্ব্য।"

ইহার অপেক্ষা উন্নত ধর্ম্ম আর কি হইতে পারে? বিদ্যালয়ে এ সকল না পড়াইযা, পড়ায় কি না— নেকলে প্রণীত ক্লাইভ ও হেন্ডিংস সম্বন্ধীয় পাপপূর্ণ উপন্যাস। আব সেই উচ্চ শিক্ষার জনা আমাদের শিক্ষিত্মণ্ডলী উন্মত্ত।

পরে, প্রহ্মাদের বাক্যে প্রনশ্চ ক্রন্ধ হইষা দৈত্যপতি তাহাকে প্রাসাদ হইতে নিক্ষিপ্ত করিয়া, শম্বরাস্বরের মায়ার দ্বারা ও বায়্র দ্বারা প্রহ্মাদের বিনাশের চেষ্টা করিলেন। প্রহ্মাদ সে সকলে বিনন্ধ না হইলে, নীতিশিক্ষাব জন্য তাহাকে প্রনশ্চ গ্রহ্মগৃহে পাঠাইলেন। সেথানে নীতিশিক্ষা সমাপ্ত হইলে আচার্য্য প্রহ্মাদকে সঙ্গে করিয়া দৈত্যেশ্বরের নিকট লইয়া আসিলেন। দৈত্যেশ্বর প্রনশ্চ তাহার পরীক্ষার্থ প্রশন করিতে লাগিলেন.

"হে প্রহ্যাদ। মিত্রের ও শত্রর প্রতি ভূপতি কির্পে ব্যবহাব করিবেন ? তিনি সমযে কির্পে আচরণ করিবেন ? মন্ত্রী বা অমাত্যের সঙ্গে বাহো এবং অভ্যন্তরে—চব চৌর, শৃংকতে এবং অশৃংকতে, সন্ধি বিপ্রহে, দৃশ্ধি ও আটবিক সাধনে বা কন্টকশে।বণে—কির্পে করিবেন, তাহা বল।

প্রহ্যাদ পিতৃপদে প্রণাম করিয়া বলিলেন, "গারুর সে সব কথা শিখাইয়াছেন বটে, আমিও শিখিয়াছি। কিন্তু সে সকল নীতি আমার মনোমত নহে। শারু মিত্রের সাধন-জন্য সাম দান ভেদ দশ্ড, এই সকল উপায় কথিত হইয়াছে, কিন্তু পিতঃ! বাগ করিবেন না, আমি ত সের্প শারু, মিত্র দেখি না। যেখানে সাধ্য নাই,* সেখানে সাধনের কি প্রয়োজন। যথন জগন্ময় জগায়াথ পরমায়া গোবিন্দ সন্ধভিতায়া, তখন আর শারু, মিত্র কে? তোমাতে ভগবান্ আছেন, আমাতে আছেন, আর সকলেও আছেন, তখন এই ব্যক্তি মিত্র, আর এই শারু, এমন করিয়া প্থক্ ভাবিব কি প্রকারে? অতএব দুটে-চেন্ডা-বিধি-বহুল এই নীতিশান্তে কি প্রয়োজন?"

হিরণাকশিপন্ কুদ্ধ হইয়া প্রহ্রাদের বক্ষঃশুলে পদাঘাত করিলেন। এবং প্রহ্রাদকে নাগপাশে বদ্ধ করিয়া সমন্দ্রে নিক্ষেপ করিতে অস্বরগণকে আদেশ করিলেন। অস্বরেরা প্রহ্রাদকে নাগপাশে বদ্ধ করিয়া সমন্দ্রে নিক্ষেপ করিয়া পব্বত চাপা দিল। প্রহ্রাদ তথন জগদীশ্বরের গুব করিতে লাগিলেন। গুব করিতে লাগিলেন, কেন না. অভিম কালে ঈশ্বরিচন্তা বিধেয়; কিন্তু ঈশ্বরেব কাছে আত্মরক্ষা প্রার্থনা করিলেন না; কেন না, প্রহ্রাদ নিক্ষম। প্রহ্রাদ ঈশ্ববে তক্ময় ইইয়া, তাঁহাব ধ্যান করিতে করিতে তাঁহাতে লীন হইলেন। প্রহ্রাদ মোগী।† তথন তাঁহার নাগপাশ র্যাসরা গেল, সমন্দ্রের জল সরিয়া গেল; পব্বতসকল দ্রে নিক্ষেপ করিয়া প্রহ্রাদ গালোখান করিলেন। তথন প্রহ্রাদ আবার বিষ্কৃর গুব করিতে লাগিলেন,—আত্মক্ষার জন্য নহে, নিক্ষম হইয়া শুব করিতে লাগিলেন। বিষ্কৃ তথন তাঁহাকে দর্শন দিলেন। এবং ভল্তের প্রতি প্রসম হইয়া তাঁহাকে বর প্রার্থনা করিতে আদেশ করিলেন। প্রহ্রাদ "সভ্ভতঃ সততং," স্বতরাং তাঁহার জগতে প্রার্থনীয় কিছুই নাই। অতএব তিনি কেবল চাহিলেন যে, 'যে সহস্র যোনিতে আমি পরিক্রমণ করিব, সে সকল জন্মেই যেন তোমার প্রতি আমার অচলা ভক্তি থাকে।" ভক্ত ভক্তিই প্রার্থনা করে, ভক্তির জন্য ভক্তি প্রার্থনা করে, ম্বিক্তর জন্য বা অন্য ইন্টসাধনের জন্য নহে।

ভগবান্ কহিলেন. "তাহা আছে ও থাকিবে। অনা বর দিব, প্রার্থনা কর।"

^{*} অর্থাৎ বখন পৃথিবীতে কাহাকেও শন্ত্র মনে করা উচিত নহে।

[া] সম্ভূষ্ট সততং যোগী যতাত্মা দ্চ্নিশ্চরঃ।

প্রহান দ্বিতীয় বর প্রার্থনা করিলেন, "আমি তোমার ছৃতি করিয়াছিলাম বলিয়া, পিতা আমার যে দ্বেষ করিয়াছিলেন, তাঁর সেই পাপ ক্ষালিত হউক।"

ভগবান্ তাহাও দ্বীকার করিয়া, তৃতীয় বর প্রার্থনা করিতে আদেশ করিলেন। কিন্তু নিজ্কাম প্রহ্যাদের জগতে আর তৃতীয় প্রার্থনা ছিল না; কেন না, তিনি "সর্ব্বারম্ভপরিতালানী,— হব'. দ্বেষ, শোক, আকাত্কাশনুনা, শনুভাশনুভপরিতাগানী।" তিনি আবার চাহিলেন, "তোমার প্রতি আমার ভক্তি যেন অব্যভিচারিণী থাকে।"

বর দিয়া বিষ্ণু অন্তর্হিত হইলেন। তার পর হিরণ্যকশিপ**্র** আর প্রহ্মাদের উপর অত্যাচার কবেন নাই।

শিষ্য। তুলামানে এক দিকে বেদ, নিখিল ধর্মশাস্ত, বাইবেল, কোরাণ আর এক দিকে প্রহাদচরিত রাখিলে প্রহাদচরিতই গরে, হয়।

গ্রহ। এবং প্রহ্লাদক্থিত এই বৈষ্ণব ধন্ম সকল ধন্মের শ্রেষ্ঠ ধন্ম। ইহা ধন্মের সার, স্তরাং সকল বিশ্বদ্ধ ধন্মেই আছে। যে পরিমাণে ধন্ম বিশ্বদ্ধ, ইহা সেই পরিমাণে সেই ধন্মে আছে। খৃত্টধন্ম, রাক্ষধন্ম এই বৈষ্ণব ধন্মের অন্তর্গত। গড় বলি, আলা বলি, ব্রহ্ম বলি, সেই এক জগলাথ বিষ্কৃতেই ডাকি। সর্ব্বভূতের অন্তর্গ্রাদ্বর্প জ্ঞান ও আনন্দময় চৈতন্যকে যে জানিয়াছে, সর্বভূতে যাহার আত্মজ্ঞান আছে, যে অভেদী, অথবা সেইর্প জ্ঞান ও চিত্তের অবস্থা প্রাপ্তিতে যাহার যক্স আছে, সেই বৈষ্ণব ও সেই হিন্দ্ব। তন্তিল্ল যে কেবল লোকের দ্বেষ কবে, লোকের অনিষ্ট করে, পরের সঙ্গে বিবাদ করে, লোকের কেবল জাতি মারিতেই বান্ত, তাহার গলায় গোচ্চা করা পৈতা, কপালে কপালজোড়া ফোটা, মাথায টিকি, এবং গায়ে নামার্বলি ও মুখে হারনাম থাকিলেও, তাহাকে হিন্দ্ব বিলব না। সে ন্লেচ্ছেব অধিক ন্লেচ্ছ, তাহার সংস্পর্ণো থাকিলেও হিন্দ্বর হিন্দ্বর্যান যায়।

বিংশতিতম অধ্যায়—ভক্তি

ভক্তিৰ সাধন

শিষ্য। এক্ষণে আপনাকে জিজ্ঞাস্য যে, আপনার নিকট যে ভক্তির ব্যাখ্যা শ্রনিলাম, তাহা সাধন, না সাধ্য?

গ্রুর্। ভক্তি, সাধন ও সাধ্য। ভক্তি মর্ক্তিপ্রদা, এজন্য ভক্তি সাধন। আর ভক্তি মর্ক্তিপ্রদা হইলেও মর্ক্তি বা কিছুই কামনা করে না, এজন্য ভক্তিই সাধ্য।

শিষা। তবে, এই ভক্তির সাধন কি, শর্নিতে ইচ্ছা করি। ইহার অনুশীলন প্রথা কি? উপাসনাই ভক্তির সাধন বলিয়া চিরপ্রথিত, কিন্তু আপনার ব্যাখ্যা যদি যথার্থ হয়, তবে ইহাতে উপাসনার কোন স্থান দেখিতেছি না।

গ্রন্। উপাসনার যথেন্ট স্থান আছে, কিন্তু উপাসনা কথাটা অনেক প্রকার অর্থে ব্যবহৃত হইরা থাকে, ইহাতে গোলযোগ হইতে পারে বটে। সকল ব্যক্তিগ্রনিকে ঈশ্বরম্থী করিবার যে চেন্টা, তাহার অপেক্ষা শ্রেন্ট উপাসনা আর কি হইতে পারে? তুমি অন্বিদন সমস্ত কার্য্যে ঈশ্বরকে আন্তর্নিক চিন্তা না করিলে কথনই তাহা পারিবে না।

শিষ্য। তথাপি হিন্দুশান্দে এই ভক্তির অনুশীলনের কি প্রথা প্রচলিত আছে, তাহা জানিতে ইচ্ছা করি। আপনি যে ভক্তিতত্ত্ব ব্ঝাইলেন, তাহা হিন্দুশান্দোক্ত ভক্তি হইলেও হিন্দুদিদোর মধ্যে বিরল। হিন্দুর মধ্যে ভক্তি আছে; কিন্তু সে আর এক রকমের। প্রতিমা গড়িয়া, তাহার সন্দ্র্যথে যোড়হাত করিয়া পট্টকে গলদেশে দিয়া গল্পদভাবে অশ্রুমোচন, "হরি! হরি!" বা "মা! মা!" ইত্যাদি শব্দে উচ্চতর গোলযোগ, অথবা রোদন, এবং প্রতিমার চরণামৃত পাইলে তাহা মাথায়, মুখে, চোখে, নাকে, কাণে,—

গ্রে। তুমি যাহা বলিতেছ, ব্রিঝরাছি। উহাও চিত্তের উল্লত অবস্থা, উহাকে উপহাস

সৰ্পাৱন্তপারত্যাগী যো মন্তক্ষ: স মে প্রির: ॥ যো ন হ্যাতি ন যেতি ন শোচতি ন কাৎক্ষতি। শ্ভাশ্ভপরিত্যাগী ভক্তিমান্ ক স মে প্রিয়:॥ করিও না। তোমার হর্মলী, টিডল অপেকা ওর্প এক জন ভাব্রক আমার শ্রহার পার। তুমি গোণ ভক্তির কথা তুলিতেছ।

শিষ্য। আপনার পূর্ব্বকার কথায় ইহাই ব্রবিয়াছি যে, ইহাকে আপনি ভক্তি বলিয়া

স্বীকার করেন না।

গ্রে। ইহা মুখ্য ভক্তি নহে, কিন্তু গোণ বা নিরুষ্ট ভক্তি বটে। যে সকল হিন্দুশাস্ত অপেক্ষাকৃত আধুনিক, ইহাতে সে সকল পরিপূর্ণ।

শিষ্য। গীতাদি প্রাচীন শাস্ত্রে মুখ্য ভক্তিতত্তেরই প্রচার থাকাতেও আধুনিক শাস্ত্রে গোণ

ভক্তি কি প্রকারে আসিল?

গ্রুর। ভক্তি জ্ঞানাত্মিকা, এবং কম্মাত্মিকা, ভরসা করি, ইহা ব্রবিয়াছ। ভক্তি উভয়াত্মিকা বলিয়া, তাহার অনুশীলনে মনুষ্যের সকল ব্তিগ্রালই ঈশ্বরে সম্পিত করিতে इस । मकल वृक्तिः नित्क द्वेश्वत्रां भी क्रिक्ट इस । यथन छोळ कम्प्रांशिका व्यवः कम्प्र मकलरे ঈশ্বরে সমর্পণ করিতে হয়, তথন কাজেই কম্মেণ্ডিয় সকলই ঈশ্বরে সমর্পণ করিতে হইবে। ইহার তাৎপর্য্য আমি তোমাকে ব্রুঝাইয়াছি যে, যাহা জগতে অনুভেঠয় অর্থাৎ ঈশ্বরান,মোদিত কর্মা, তাহাতে শারীরিক ব্রতির নিয়োগ হইলেই ঐ বৃত্তি ঈশ্বরমুখী হইল। কিন্তু অনেক भाम्यकारत्रता अनात्र १ वृत्तिकार्ष्टम । कि ভाবে जाँदाता करम्य निष्ठत मकल नेश्वरत ममर्थण कितरण চান, তাহার উদাহরণস্বরূপ কয়েকটি শ্লোক ভাগবতপ্রোণ হইতে উদ্ধৃত করিতেছি। হরিনামের কথা হইতেছে,---

> वित्न वर्षात्रक्रमविक्रमान् य न मृन्वजः कर्पभूरहे नत्रमा। জিহ্বাসতী দার্দ্দরিকেব সতে নযোপগায়তার গায় গাথাঃ॥ ভারঃ পরং পর্টকিরীটজ্জেসমপ্রক্রমাঙ্গং ন নমেন্মকেন্দং। भारतो करतो त्ना कत्र उः मुश्रयाः र त्वस् मुश्काक्षनक कर्णा वा॥ वर्शायरा एक नयरेन नवानाः विकानि विस्थानीनवीकारा रा। পাদৌ নূণাং তৌ দুমজন্মভাজৌ ক্ষেত্রাণি নানুবজতো হরেযৌ॥ জীবঞ্বো ভাগবতা গ্রেরেণ্ন্ ন জাতু মর্ত্যোভিলভেত যন্তু। প্রীবিষ্ণুপদ্যা মন,জন্তুলস্যাঃ শ্বসঞ্চুবো যস্তু ন বেদ গন্ধং॥ তদশ্মসারং হুদুরং বতেদং যক্ষাহামানৈহ রিনামধেরৈঃ। ন বিক্রিয়েতাথ যদা বিকারো নেত্রে জলং গাত্রর হেষ, হর্ষঃ॥

ভাগবত, ২ স্ক. ৩ অ, ২০-২৪।

"যে মন্যা কর্ণপাটে হরিগাণান্বাদ শ্রবণ না করে, হায়! তাহার কর্ণ দাইটি বৃথা গর্ত্ত মাত্র। হে সতে! যে হরিগাথা গান না করে, তাহার অসতী জিহুনা ভেকজিহুনাতলা। যাহার মন্তক মুকুন্দকে নমস্কার না করে, তাহা পট্ট-কিরীট-শোভিত হইলেও বোঝা মাত্র। যাহার रुख्य राजित সপর্য্যा ना करत, जारा कनककब्काम स्मा<u>ष्ट्रिक रहेलाख भणात राज भाव। भन्</u>या-मिरगत ठक्क्-्रच्या यीम विक्क्या खि^{*} नित्रीक्कन ना करत, তবে তাহা ময় ্রপ ৄ क्ट মান। আর যে চরণদ্বর হরিতীর্থে পর্যাটন না করে, তাহার ব্কক্ষক্ম লাভ হইয়াছে মাত্র। আর যে ভগবংপদরেশ, थातम ना करत, रम जीवन्मनाराज्ये भव। विकुलामार्थिक कुलमीत शक्त य मन्या ना ज्ञानिसारह, स्म निश्वाम थाकिएछ भव। <u>शां श्री श्रीक के कि सार्वा के कार्या के कार्या के कार्या के कार्या के कार्या के कार्या के क</u> বিকারেও যাহার চক্ষে জল ও গাতে রোমাণ্ড না হয়, তাহার হৃদয় লোহময়।"

এই শ্রেণীর ভক্তেরা এইরপে ঈশ্বরে বাহ্যেন্দির সমর্পণ করিতে চাহেন। কিন্তু ইহা সাকারোপাসনাসাপেক্ষ। নিরাকারে চক্ষ্বপাণিপাদের এর্প নিয়োগ অঘটনীয়।

শিষা। কিন্তু আমার প্রন্দেনর উত্তর এখনও পাই নাই। ভক্তির প্রকৃত সাধন কি? গ্রে। তাহা ভগবান্ গীতার সেই শ্বাদশ অধ্যায়ে বলিতেছেন,— যে তু সর্ব্বাণি কর্ম্মাণি ময়ি সংনাস্য মৎপরাঃ। অননোনৈব যোগেন মাং ধ্যায়ন্ত উপাসতে।।

^{*} এখানে "লিঙ্গানি বিক্ষাঃ" অর্থে বিক্ষুর মুর্তিসকল। অতি সন্ধৃত অর্থ। তবে শিবলিক্ষের क्वित राष्ट्रे अर्थ ना करिया, कमर्या উপन्যाम ও উপাসনাপদ্ধতিতে बाह्रे क्विन?

তেষামহং সম্বর্জা মৃত্যুসংসারসাগরাং। ভবামি ন চিরাং পার্থ ময্যাবেশিতচেতসাং॥ মধ্যের মন আধংস্ব ময়ি বৃদ্ধিং নিবেশয়।

নিবসিষ্যাস মধ্যেব অত উদ্ধর্মং ন সংশয়ঃ॥ ১২। ৬—৮

"হে অর্জ্বন! ষাহারা সর্বকর্ম আমাতে নাস্ত করিয়া মংপরায়ণ হয়, এবং অন্য ভজনারহিত যে ভক্তিযোগ, তম্বারা আমার ধ্যান ও উপাসনা করে, মৃত্যুযুক্ত সংসার হইতে সেই আমাতে নিবিষ্টচেতাদিশের আমি অচিরে উদ্ধারকর্তা হই। আমাতে তুমি মন স্থির কর. আমাতে বৃদ্ধি নিবিষ্ট কর, তাহা হইলে তুমি দেহান্তে আমাতেই অধিষ্ঠান করিবে।"

শিষ্য। বড় কঠিন কথা। এইরপে ঈশ্বরে চিত্ত নিবিষ্ট করিতে করজন পারে?

গ্রু। সকলেই পারে। চেণ্টা করিলেই পারে।

শিষ্য। কি প্রকারে চেম্টা করিতে হইবে?

গ্রা। ভগবান্ তাহাও অভ্রেকে বলিয়া দিতেছেন,

অথ চিত্তং সমাধাতুং ন শক্লোষ মায় স্থিরম্। অভ্যাসযোগেন ততো মামিচ্ছাপ্তরং ধনঞ্জয়॥ ১২।৯

"হে অৰ্জ্বন! যদি আমাতে চিত্ত স্থির করিয়া রাখিতে না পার, তবে অভ্যাসযোগের স্বারা আমাকে পাইতে ইচ্ছা কর।" অর্থাৎ যদি ঈশ্বরে চিত্ত স্থির রাখিতে না পার, তবে পুনঃ প্রনঃ চেষ্টার দ্বারা সেই কার্য্য অভ্যস্ত করিবে।

শিষ্য। অভ্যাস মাত্রই কঠিন, এবং এ গ্রের্ডর অভ্যাস আরও কঠিন। সকলে পারে না।

যাহারা না পারে, তাহারা কি করিবে?

গুরু। যাহারা কর্ম্ম করিতে পারে, তাহারা যে কর্ম্ম ঈশ্বরোদ্দিন্ট বা ঈশ্বরান,মোদিত, সেই সকল कन्म अन्दीमा कतितल क्राया अन्नात मन जित हरेत। जाहारे जगवान् वीमाज्यहन-অভ্যাসেহপ্যসমর্থোহসি মংকশ্মপরমো ভব।

মদর্থমিপ কর্মাণ কুর্বন্ সিদ্ধিমবাপ্স্যাস॥ ১২।১০

"র্যাদ অভ্যাসেও অসমর্থ হও, তবে মংকর্ম্মপরায়ণ হও। আমার জন্য কর্মসকল করিয়া সিদ্ধি প্রাপ্ত হইবে।"

শিষা। কিন্তু অনেকে কম্মেও অপট্—বা অকর্মা। তাহাদের উপায় কি?

গ্রর। এই প্রশেনর আশক্ষার ভগবান্ বলিতেছেন,--

অথৈতদপাশক্তোহাস কর্ত্ত্রং মদ্যোগমাগ্রিতঃ। সর্বক্ষফলত্যাগং ততঃ কুর্ ষতাত্মবান্॥ ১২।১১

"র্যাদ মদাশ্রিত কম্মেও অশক্ত হও, তবে যতাত্মা হইয়া সন্ধ্রকশ্মফল তাাগ কর।"

भिषा। त्म कि? य करूर्य अक्रम, यादात कान कम्म नाहे, त्म कम्मर्कक जाग कतित्व কি প্রকারে?

গ্রে। কোন জীবই একেবারে কর্মশ্না হইতে পারে না। যে স্বতঃ প্রবৃত্ত হইয়া কর্ম্ম না করে, ভততাড়িত হইয়া সেও কর্ম্ম করিবে। এ বিষয়ে ভগবদ,ক্তি প্রেম্ম উদ্ধৃত করিয়াছি। যে কম্মহি তম্বারা সম্পন্ন হয়, যদি কম্মকিন্তা তাহার ফলাকাক্ষা না করে, তবে অন্য কামনা-ভাবে, ঈশ্বরই একমান্র কাম্য পদার্থ হইয়া দাঁড়াইবেন। তখন আপনা হইতেই চিত্ত ঈশ্বরে স্থির হইবে।

শিষ্য। এই চতুর্ব্বিধ সাধনই অতি কঠিন। আর ইহার কিছ,তেই উপাসনার কোন প্রয়োজন

प्तथा यात्र ना।

গ্রের। এই চতৃত্বিধ সাধনই শ্রেষ্ঠ উপাসনা। ঈদৃশ সাধকদিগের পক্ষে অন্যবিধ উপাসনার প্রয়োজন নাই।

भिषा। किन्तु जल्ल, नौठन्त, कम्दीषठ, नामक প্रভৃতির এ সকল সাধন আয়ন্ত নহে।

তাহারা কি ভক্তির অধিকারী নহে?

গ্রে। এই সব স্থলে উপাসনাত্মিকা গোঁগ ভক্তির প্রয়োজন। গাঁতায় ভগবদর্শিক্ত আছে বে,---

"ষে ষে-রংপে আমাকে আশ্রয় করে, আমি তাহনকে সেইরংপ ভজনা করি।" এবং স্থানান্তরে বলিয়াছেন,—

> পত্রং পর্তপং ফলং তোরং যো মে ভক্ত্যা প্রযক্ষতি। তদহং ভক্তরপহতমশ্লাম প্রযতাত্মনঃ॥

"বে ভক্তিপ**্**ৰ্বক আমাকে পত্ৰ, প**্**ৰুপ, ফল, জল দেয়, তাহা প্ৰয়তান্থার ভক্তির উপহার বিলয়া আমি গ্ৰহণ করি।"

শিষ্য। তবে কি গীতায় সাকার মূর্ত্তির উপাসনা বিহিত হইয়াছে?

গ্রন। ফল প্রুপাদি প্রদান করিতে হইলে, তাহা যে প্রতিমার অপণি করিতে হইবে, এমন কথা নাই। ঈশ্বর সর্ব্বর আছেন; যেখানে দিবে, সেইখানে তিনি পাইবেন।

শিষা। প্রতিমাদির প্জা বিশ্বদ্ধ হিন্দুধম্মে নিষিদ্ধ, না বিহিত?

গ্রন্। অধিকারভেদে নিষিদ্ধ, এবং বিহিত। তদ্বিষয়ে ভাগবতপ্রাণ হইতে কপিলোজি উদ্ধৃত করিতেছি। ভাগবতপ্রাণে কপিল, ঈশ্বরের অবতার বিলয়া গণ্য। তিনি তাঁহার মাতা দেবহুতীকে নিগ্র্ণে ভক্তিযোগের সাধন বিলতেছেন। এই সাধনের মধ্যে এক দিকে সব্বভূতে ঈশ্বরচিন্তা, দয়া, মৈত্র, যম নিরমাদি ধরিয়াছেন, আর এক দিকে প্রতিমা দর্শন স্পর্শন, প্রাদি ধরিয়াছেন। কিন্তু বিশেষ এই বলিতেছেন,—

অহং সন্ধেব্যু ভূতেষ্ ভূতাত্মাবন্দ্রিতঃ সদা।
তমবজ্ঞায় মাং মন্ত্রোঃ কুরুতেহচ্চাবিড়ন্দ্রনং॥
যো মাং সন্ধেব্যু ভূতেষ্ সন্তমাত্মানমীশ্বরং।
হিত্তাচ্চাং ভজতে মৌঢ্যান্তস্মনোব জুহোতি সঃ॥

० व्का २० वा २०।२४

"আমি, সর্পভৃতে ভৃতাদ্মাস্বর্প অবস্থিত আছি। সেই আমাকে অবজ্ঞা করিয়া। অর্থাং সন্পভিতকে অবজ্ঞা করিয়া) মন্বা প্রতিমাপ্তা বিড়ন্দ্রনা করিয়া থাকে। সন্পভিতে আত্মাস্বর্প ঈশ্বর আমাকে পরিত্যাগ করিয়া যে প্রতিমা ভজনা করে, সে ভস্মে ঘি ঢালে।" প্রশ্বত

অর্চ্চাদাবর্চ্চ যেত্তাবদীশ্বরং মাং স্বক্তম কং। যাবন্ন বেদ স্বহৃদি সর্ব্বভিতেম্ববিস্থিতং ॥ ২৯ আ।২০

যে ব্যক্তি স্বকম্মে রত, সে যত দিন না আপনাব হৃদয়ে সর্ব্বভূতে অবস্থিত ঈশ্বরকে জানিতে পারে. তাবং প্রতিমাদি প্রেলা করিবে।

বিধিও রহিল, নিষেধও রহিল। যাহাব সর্বজনে প্রীতি নাই, ঈশ্বর জ্ঞান নাই, ত.হাব প্রতিমাদির আচনো বিশ্বস্থান। আর যাহার সব্বজনে প্রীতি জনিমাছে, ঈশ্বর জ্ঞান জনিম্যাছে, তাহারও প্রতিমাদি প্রজা নিম্প্রোজনীয়। তবে যত দিন সে জ্ঞান না জন্মে, তত দিন বিষয়ী লোকের পক্ষে প্রতিমাদি প্রজা অবিহিত নহে; কেন না, তম্বারা ক্রমণঃ চিত্তশত্বিজ জনিমতে পারে। প্রতিমাপ্রজা গৌণ ভক্তির মধ্যে।

শিষা। গোণ ভক্তি কাহাকে বলিতেছেন, আমি ঠিক ব্যঝিতেছি না।

গ্রের। মুখ্য ভক্তির অনেক বিষা আছে। যাহা দ্বারা সেই সকল বিষা বিনন্ট হব, শান্তিলাস্ত্রপ্রণেতা তাহারই নাম দিয়াছেন গোণ ভক্তি। ঈশ্বরের নামকীর্ত্তন, ফল প্রুপ্যাদির দ্বারা তাহার অর্চ্চনা, বন্দনা, প্রতিমাদির প্রজা—এ সকল গোণ ভক্তির লক্ষণ। স্ত্রের টীকাকার স্বয়ং স্বীকার করিয়াছেন যে, এই সকল অনুষ্ঠান ভক্তিজনক মাত্র: ইহার ফলান্তর নাই।

শিষ্য। তবে আপনার মত এই ব্রিজনাম যে, প্রুলা, হোম, যজ্ঞ, নামসফ্লীর্ত্তন, সন্ধানবন্দনাদি বিশক্ষ হিন্দর্ধন্দর্মর বিরোধী নহে। তবে উহাতে কোন প্রকার ঐহিক বা পারমার্থিক ফল নাই,—এ সকল কেবল ভক্তির সাধন মাত্র।

গ্রহ। তাহাও নিকৃষ্ট সাধন। উৎকৃষ্ট সাধন, যাহা তোমাকে ক্ষোক্তি উদ্ধৃত কবিষা শ্বনাইয়াছি। যে তাহাতে অক্ষম, সেই প্জাদি করিবে। তবে ছুতি বন্দনা প্রভৃতি সন্বন্ধে একটা বিশেষ কথা আছে। যখন কেবল ঈশ্বরচিন্তাই উহার উদ্দেশ্য, তখন উহা মুখ্য ভক্তিক

^{*} ভক্ত্যা কীর্ত্তনেন ভক্ত্যা দানেন পরাভক্তিং সাধর্মোর্দাত * * ন ফলান্তরার্থং গৌরবার্দিত।

লক্ষণ। যথা বিপশ্ম,ক্ত প্রহ্মাদকৃত বিষ্ণু-স্থৃতি ম,খা উক্তি। আর "আমার পাপ ক্ষালিত হউক," "আমার স,খে দিন যাউক," ইত্যাদি সকাম সন্ধাবন্দনা, স্থৃতি বা Prayer গোণভজ্জিমধ্যে গণ্য। আমি তোমাকে পরামণা দিই যে, কৃষ্ণোক্তির অনুবন্তী হইয়া ঈশ্বরের কন্ষাতংপর হও।

শিষা। সেও ত প্জা, হোম, যাগ যজ্জ-

গ্রহ। সে আর একটি ভ্রম। এ সকল ঈশ্বরের জন্য কম্ম নহে: এ সকল সাধকের নিজ সঙ্গলোদ্দিট কম্ম—সাধকের নিজের কাষা: ভক্তির বৃদ্ধি জন্যও যদি এ সকল কর তথাপি তোমার নিজের জন্য হইল। ঈশ্বর জগন্ময়: জগতের কাজই তাহার কাজ। অতএব ধাং।তে জগতের হিত হয়, সেই সকল কম্মই ক্ষোন্ত "মংকম্ম": তাহার সাধনে তংপর ২৫ এবং সমস্ত বৃত্তির সমাক্ অনুশীলনের দ্বারায় সে সকল সম্পাদনের যোগা ২ও। তাহা হইলে ধাহার উদ্দিট্ট সেই সকল কম্ম, তাহাতে মন দ্বির হইবে। তাহা হইলে ক্রমণঃ জীবন্মত্ত হইবে। জীবন্ম্বিত স্থান উপায়ই ধন্ম। বিলয়াছি, "স্থের উপায় ধন্ম।" এই জীবন্ম্বিত স্থের উপায়ই ধন্ম। রাজসম্পদাদি কোন সম্পদেই তত স্থু নাই।

যে ইহা না পারিবে, সে গোণ উপাসনা অথাং প্রুজা, নামকীন্ত'ন সন্ধাবেদনাদিব দ্বারা ভক্তির নিরুষ্ট অনুশীলনে প্রবৃত্ত হউক। কিন্তু তাহ। করিতে হইলে অন্তরের সহিত সে সকলের অনুষ্ঠান করিবে। তদ্বাতীত ভক্তির কিছুমাত্র অনুশীলন হয় না। কেবল বাহ্যাডম্বরে বিশেষ অনিষ্ট জন্মে। উহা তখন ভক্তির সাধন না হইয়া কেবল শঠতার সাধন হইথা পড়ে। তাহার অপেক্ষা সম্ব্রপ্রকার সাধনের অভাবই ভাল। কিন্তু, যে কোন প্রকার সাধনে প্রবৃত্ত নহে, সে শঠ ও ভব্ত হইতে প্রেষ্ঠ হইলেও, তাহার সঙ্গে পশ্যোগের প্রভেদ অলপ।

শিষ্য। তবে, এখনকার অধিকাংশ বাঙ্গাল হয় ভণ্ড ও শঠ, নয় পশ্বং।

গারে। হিন্দরে অবনতির এই একটা কারণ। কিন্তু তুমি দেখিবে, শীঘ্রই বিশাস্ক এক্তির প্রচারে হিন্দর নবজীবন প্রাপ্ত হইখা, শুমওখোলের সমকালিক ইংরেজের মত বা মহম্মদের সমকালিক আরবের মত অতিশ্য প্রতাপান্বিত হইয়া উঠিবে।

শিষ্য। কায়মনোবাক্যে জগদীশ্বরের নিকট সেই প্রার্থনা করি।

একবিংশতিভ্য অধ্যায়—প্রীতি

শিষ্য। এক্ষণে অন্যান্য হিন্দ্রগ্রেম্থের ভক্তিব্যাখ্যা শহনিতে ইচ্ছা করি।

গ্রহ। তাহা এই অনুশীলনধন্মের ব্যাখ্যায় প্রয়োজনীয় নহে। ভাগবতপ্রাণেও ভক্তিত্বের অনেক কথা আছে। কিন্তু ভগবস্পতিতেই সে সকলের মূল। এইর্প অন্যানা গ্রেথও বাহা আছে, সেও গতিমশ্লক। অতএব সে সকলের পর্য্যালোচনায় কালক্ষেপ করিব।ব প্রয়োজন নাই। কেবল চৈতনাের ভক্তিবাদ ভিন্ন প্রকৃতির। কিন্তু অনুশীলনধন্মের সহিত সে ভক্তিবাদের সম্বদ্ধ তাদৃশ ঘনিষ্ঠ নহে, বরং একট্খানি বিরাধে আছে। অতএব আমি সে ভক্তিবাদের আলোচনায় প্রবৃত্ত হইব না।

শিষ্য। তবে এক্ষণে প্রীতিবৃত্তির অনুশীলন সম্বন্ধে উপদেশ দান কর্ন।

গ্রন্। ভক্তিব্রির কথা বলিবার সময়ে প্রীতিরও আসল কথা বলিয়াছি। মন্মে প্রীতির ভিন্ন ঈশ্বরে ভক্তি নাই। প্রহ্রাদচরিত্রে প্রহ্রাদোক্তিতে ইহা বিশেষ ব্রিষাছ। অনা ধন্দের এ মত হোক না হোক, হিন্দ্র্ধের্মার এই মত। প্রীতির অনুশীলনের দ্বুটি প্রণালী আছে। একটি প্রাকৃতিক বা ইউরোপীয়, আর একটি আধ্যাত্মিক বা ভারতবর্ষীয়। আধ্যাত্মিক প্রণালীর কথা এখন থাক। আগে প্রাকৃতিক প্রণালী আমি যে রকম ব্রিঝ, তাহা ব্ঝাইতেছি। প্রীতি ছিবিধ, সহজ এবং সংসর্গজ। কতকগর্লি মনুষোর প্রতি প্রীতি আমাদের স্বভার্বাসক, যেমন সন্তানের প্রতি মাতা পিতার, বা মাতা পিতার প্রতি সন্তানের। ইহাই সহজ প্রীতি। আর কতকগর্লির প্রতি প্রীতি সংস্কান্ধ, যেমন স্বীর প্রতি স্থানির প্রতি প্রতি সংস্কান্ধ, যেমন স্বীর প্রতি স্থানির প্রতি স্থানির বন্ধন, প্রতি কর্বর, প্রভুর প্রতি ভ্তোর, বা ভূতোর প্রতি প্রভুর। এই সহজ এবং সংস্কান্ধ প্রতি পারিবারিক বন্ধন এবং ইহা হইতেই পারিবারিক জীবনের স্থিট। এই পরিবারই প্রীতির প্রথম শিক্ষান্থল। কেন না, যে ভাবের বশীভূত হইয়া অন্যের জনা আমরা আত্মত্যাগে প্রবৃত্ত হই, তাহাই প্রীতি। প্রাদির জন্য আমরা আত্মত্যাগ করিতে স্বতঃই প্রবৃত্ত, এই জন্য পরিবার

হইতে প্রথম প্রীতিব্তির অনুশীলনে প্রবৃত্ত হই। অতএব পারিবারিক জীবন ধার্মিকের পক্ষে নিতান্ত প্রয়োজনীয়। তাই হিন্দুনাদ্যকারেরা শিক্ষানবিশীর পরেই গার্হস্থা আগ্রম অবশ্য পালনীয় বলিয়া অনুজ্ঞাত করিয়াছিলেন।

পারিবারিক অনুশীলনে প্রীতিবৃত্তি কিয়ৎপরিমাণে স্ফ্রিড হইলে পরিবারের বাহিরেও বিস্তার কামনা করে। বলিয়াছি যে, প্রীতিবৃত্তি অন্যান্য শ্রেড বৃত্তির ন্যার অধিকতর স্ফ্রেণক্ষম; স্ত্তাং অনুশীলিত হইতে থাকিলেই ইহা গ্রের ক্ষুদ্র সীমা ছাপাইয়া বাহির হইতে চাহিবে। অডএব ইহা ক্রমণঃ কুট্মন বন্ধনুবর্গ, অনুগত ও আগ্রিতে, গোণ্ঠীতে, গোত্রে সমাবিন্দ হয়। ইহাতেও অনুশীলন থাকিলে ইহার স্ফ্রিণিক্তি সীমা প্রাপ্ত হয় না। ক্রমে আপনার গ্রামন্থ, নগরন্থ, দেশন্থ, মন্মামারের উপর নিবিন্দ হয়। যথন নিখিল জন্মভূমির উপর এই প্রীতি বিস্তারিত হয়, তখন ইহা সচরাচর দেশবাংসল্য নাম প্রাপ্ত হয়। এই অবন্থায় এই বৃত্তি অতিশয় বলবতী হইতে পারে, এবং হইয়াও থাকে। হইলে, ইহা জাতিবিশেষের বিশেষ মঙ্গলের কারণ হয়। ইউরোপীয়নি্লের মধ্যে প্রীতিবৃত্তির এই অবন্থা সচরাচর প্রবল দেখা বায়। ইউরোপীয়ন্দিগের জাতীয় উন্নতি যে এতটা বেশী হইয়াছে ইহা ভাহার এক কারণ।

শিষ্য। ইউরোপে দেশবাংসল্যের এত প্রাবল্য এবং আমাদের দেশে নাই, তাহার কারণ কি আপনি কিছু, বুঝাইতে পারেন?

গ্রন। উত্তমন্ত্রে পারি। ইউরোপের ধর্মে, বিশেষতঃ পূর্ব্বতন ইউরোপের ধর্মে, হিন্দ্র্ধন্মের মত উলত ধর্ম্ম নহে; ইহাই সেই কারণ। একট্ব সবিস্তারে সেই কথাটা ব্রুঝাইতেছি, তাহা শ্রন।

দেশবাংসলা প্রীতিবৃত্তির স্ফ্রির চরম সীমা নহে। তাহার উপর আর এক সোপান আছে। সমস্ত জগতে যে প্রীতি, তাহাই প্রীতিবৃত্তির চরম সীমা। তাহাই যথার্থ ধন্ম। যত দিন প্রীতির জগংপরিমিত স্ফ্রির্ড না হইল, তত দিন প্রীতিও অসম্পূর্ণ—ধন্মও অসম্পূর্ণ।

এখন দেখা যায় যে, ইউরোপীয়দিগের প্রীতি আপনাদের ন্বদেশেই পর্যাবিদিত হয়, সমন্ত্র মন্মালোকে ব্যাপ্ত হইতে সচরাচর পারে না। আপনার জাতিকে ভালবাসেন, অন্য জাতীয়কে দেখিতে পারেন না, ইহাই তাঁহাদের ন্বভাব। অন্যান্যজাতির মধ্যে দেখিতে পাওয়া যায় যে, তাহারা ন্বধন্মীকে ভালবাসে, বিধন্মীকে দেখিতে পারে না। মুসলমান ইহার উদাহরণ। কিন্তু ধন্ম এক হইলে, জাতি লইয়া তাহারা বড় আর দ্বেষ করে না। মুসলমানের চক্ষে সব মুসলমান প্রায় তুলা; কিন্তু ইংরেজখ্রীন্টিয়ান ও রুষ্থীন্টিয়ানের মধ্যে বড় গোল্যোগ।

শিষ্য। এ স্থলে মুসলমানেরও প্রতি জাগতিক নহে, ইউরোপের প্রতিও জাগতিক নহে। গ্রুর। মুসলমানের প্রতি-বিস্তারে নিরোধক তাহার ধর্ম্ম। জগৎস্ক মুসলমান হইলে জগৎস্ক সে ভালবাসিতে পারে, কিন্তু জগৎস্ক প্রীষ্টিয়ান হইলে জন্মাণ জন্মাণ ভিন্ন, ফরাসি ফরাসি ভিন্ন আর কাহাকেও ভালবাসিতে পারে না। এখন জিল্ঞাস্য কথা এই,—ইউরোপীয় প্রতি দেশব্যাপক হইয়াও আর উঠিতে পারে না কেন?

এই প্রশ্নের উত্তরে ব্রিক্তে হইবে, প্রীতিস্ফ্রির কার্য্য বিরোধী কে? কার্য্যতঃ বিরোধী কে? কার্য্যতঃ বিরোধী আত্মপ্রীতি। পশ্পক্ষীর ন্যায় মন্বোতে আত্মপ্রীতিও অতিশয় প্রবলা। পরপ্রীতির অপেক্ষা আত্মপ্রীতির প্রবলা। এই জন্য উন্নত ধন্মের দ্বারা চিত্ত শাসিত না হইলে, প্রীতির বিস্তার আত্মপ্রীতির দ্বারা সীমাবদ্ধ হয়। অর্থাং পরে প্রীতি বত দ্বের আত্মপ্রীতির সঙ্গে ক্যুত হয়, তত দ্বেই তাহার বিস্তার হয়, বেশী হয় না। এখন পারিবারিক প্রীতি আত্মপ্রীতির সঙ্গে স্কৃত্বত আমার, এই ভার্য্যা আমার, ইহারা আমার স্বুথের উপাদান, এই জন্য আমি ইহাদের ভালবাসি। তারপর কৃত্বত্বত, বন্ধু, স্বজন, জ্ঞাতি, গোষ্ঠীগোত্তও আমার, আপ্রিত অন্যত, ইহারাও আমার, ইহারাও আমার স্বুথের উপাদান, এই জন্য আমি ইহাদের ভালবাসি। তেমনি আমার গ্রাম, আমার নগর, আমার দেশ আমি ভালবাসি। কিন্তু জগৎ আমার নহে, জগং আমি ভালবাসিব না। প্রথিবীতে এমন লক্ষ্ক লক্ষ্ক লোক আছে, যাহার দেশ আমার দেশ হইতে ভিন্ন, কিন্তু এমন কেহই নাই, বাহার প্রথিবী আমার প্রথিবী হইতে ভিন্ন। স্ত্রাং প্রিবী আমার নহে, আমার নহে, আমা প্রথিবী ভালবাসিব কেন?

শিষ্য। কেন? ইহার কি কোন উত্তর নাই?

গ্রন। ইউরোপে অনেক রকমের উত্তর আছে, ভারতবর্ষে এক উত্তর আছে। ইউরোপে হিতবাদীদের ''Greatest good of the greatest number,'' কোম্তের Humanity প্জা, সর্বোপির খ্রীন্টের জাগতিক প্রীতিবাদ, মন্যা মন্যো সকলেই এক ঈশ্বরের সন্তান, স্তরাং সকলেই ভাই ভাই, এই সকল উত্তর আছে।

শিষ্য। এই সকল উত্তর থাকিতে, বিশেষ খ্রীষ্টধর্ম্মের এই উন্নত নীতি থাকিতে, ইউরোপের প্রীতি দেশ ছাড়ায় না কেন?

গ্রন্। তাহার কারণান্সন্ধান জনা প্রাচীন গ্রীস ও রোমে যাইতে হইবে। প্রাচীন গ্রীস ও রোমে যাইতে হইবে। প্রাচীন গ্রীস ও রোমে কোন উন্নত ধর্ম্ম ছিল না, যে পৌর্জিকতা স্কুদরের এবং শক্তিমানের প্রজা মাত্র, তাহার উপর আর কোন উচ্চ ধর্ম্ম ছিল না। জগতের লোক কেন ভালবাসিব, ইহার কোন উত্তর ছিল না। এই জন্য তাহাদের প্রীতি কখন দেশকে ছাড়ায় নাই। কিন্তু এই দুই জাতি অতি উন্নতন্ত্রতার আর্য্যবংশীয় জাতি ছিল: তাহাদের স্বাভাবিক মহত্তালে তাহাদের প্রীতি দেশ পর্যাপ্ত বিস্তৃত হইয়া বড় বেগবতী ও মনোহারিণী হইয়াছিল। দেশবাংসল্যে এই দুই জাতি প্থিবীতে বিখ্যাত।

এখন আধ্বনিক ইউরোপে খ্রীণ্টিয়ান হোক আর ষাই হোক, ইহার শিক্ষা প্রধানতঃ প্রাচীন গ্রীস ও রোম হইতে। গ্রীস ও রোম ইহার চরিত্রের আদর্শা। সেই আদর্শা আধ্বনিক ইউরোপে বতটা আধিপত্য করিয়াছে, যীশ্ব তত দ্বে নহে। আর এক জাতি আধ্বনিক ইউরোপীয়দিগের শিক্ষা ও চরিত্রের উপর কিছ্ব ফল দিয়াছে। য়িহ্বদী জাতির কথা বালিতেছি। য়িহ্বদী জাতিও বিশিষ্টর্পে দেশবংসল, লোকবংসল নহে। এই তিন দিকের গ্রিস্রোতে পড়িয়া ইউরোপ দেশবংসল হইযা পড়িয়াছে, লোকবংসল হইতে পারে নাই। অথচ খ্রীন্টের ধন্ম ইউরোপের ধন্ম। তাহাও বর্ত্তমান। কিন্তু খ্রীন্টিখন্ম এই তিনের সমবায়ের অপেক্ষা ক্ষীণবল বালেয়া কেবল মুখেই রহিয়া গিয়াছে। ইউরোপীয়েরা মুখে লোকবংসল, অন্তবে ও কার্মো দেশবংসল মাত্র। কথাটা ব্রন্থিলে?

শিষ্য। প্রীতির প্রাকৃতিক বা ইউরোপীয় অনুশীলন কি. তাহা ব্রিঝলাম। ব্রিঝলাম। ইহাতে প্রীতির পূর্ণ স্ফ্রির্ভি হয় না। দেশবাংসল্যে থামিয়া ষায়়, কেন না, তার আত্মপ্রীতি আসিয়। আপত্তি উত্থাপিত করে যে, জগং ভালবাসিব কেন, জগতের সঙ্গে আমার বিশেষ কি সম্পর্ক? এক্ষণে প্রীতির পারমার্থিক বা ভারতব্যীয় অনুশীলনের মন্ম কি বলুন।

গ্রন। তাহা ব্ঝিবার আগে ভারতব্যীরের চক্ষে ঈশ্বর কি, তাহা মনে করিরা দেখ।
খ্রীতিয়ানের ঈশ্বর জগং হইতে স্বতন্ত্ত। তিনি জগতের ঈশ্বর বটে, কিন্তু ষেমন জন্মাণি বা র্বিয়াব রাজা সমস্ত জন্মাণি বা সমস্ত র্ম হইতে একটা প্থক্ ব্যক্তি, খ্রীতিয়ানের ঈশ্বর তাই। তিনিও পাথিব রাজার মত প্থক্ করিয়া রাজ্য পালন রাজ্য শাসন করেন, দক্ষের দমন ও শিক্তের পালন করেন, এবং লোকে কি করিল, প্লিসের মত তাহার খবর রাখেন। তাঁহাকে ভালবাসিতে হইলে, পাথিব রাজাকে ভালবাসিবার জন্য ষেমন প্রীতিব্তিব বিশেষ বিস্তার করিতে হয়, তেমনই করিতে হয়।

হিন্দর ঈশ্বর সের্প নহেন। তিনি সম্প্তৃতময়। তিনিই সম্প্তৃতের অন্তরায়া। তিনি জড জগং নহেন, জগং হইতে পৃথক, কিন্তু জগং তাঁহাতেই আছে। যেমন স্তে মাণহার, যেমন আকাশে বার্, তেমনি তাঁহাতে জগং। কোন মন্ব্য তাঁহা ছাড়া নহে, সকলেই তিনি বিদ্যমান। আমাতে তিনি বিদ্যমান। আমাকে ভালবাসিলে তাঁহাকে ভালবাসিলাম। তাঁহাকে না ভাল বাসিলে আমাকেও ভাল বাসিলাম না। তাঁহাকে ভাল বাসিলে সকল মন্ব্যকেই ভাল বাসিলাম। সকল মন্ব্যকেই লা ভালবাসিলে, তাঁহাকে ভালবাসা হইল না, আপনাকে ভালবাসা হইল না, অপশং সমস্ত জগং প্রীতির অন্তর্গত না হইলে প্রীতির অন্তিম্বই রহিল না। বতক্ষণ না ব্রিতে পারিব যে, সকল জগংই আমি, যতক্ষণ না ব্রিকে যে, সন্বলোকে আর আমাতে অভেদ, ততক্ষণ আমার জ্ঞান হয় নাই, ধন্ম হয় নাই, ভক্তি হয় নাই, প্রীতি হয় নাই। অতএব জাগাতিক প্রীতি হিন্দৃধ্যের ম্লেই আছে; অছেদা, অভিন্ন, জাগতিক প্রীতি ভিন্ন হিন্দৃম্ব নাই। ভগবানের সেই মহাবাক্য প্রন্রকুত করিতেছি:—

সৰ্বভূতস্থমান্থানং সৰ্বভূতানি চাৰ্মান। ঈক্ষতে যোগযুক্তান্থা সৰ্বত্ত সমৰ্দশনঃ॥

र्वाष्ट्य ब्रह्मावली

যো মাং পশ্যতি সৰ্বান্ত সৰ্বান্ত মহির পশ্যতি। তস্যাহং ন প্রণশ্যামি সচ মে ন প্রণশ্যতি॥

"যে যোগযাক্তাত্মা হইয়া সর্প্রভূতে আপনাকে দেখে এবং আপনাতে সর্প্রভূতকে দেখে ও সর্পত্ত সমান দেখে, যে আমাকে সর্পত্ত দেখে, আমাতে সকলকে দেখে, আমি তাহার অদৃশ্য হই না, সেও আমার অদৃশ্য হয় না।"

স্থলে কথা, মনুষ্যে প্রীতি হিন্দু শান্তের মতে ঈশ্বরে ভক্তির অন্তর্গত: মনুষ্যে প্রীতি ভিন ঈশ্বরে ভক্তি নাই, ভক্তি ও প্রীতি হিন্দুধন্মে অভিন্ন, অভেদ্য, ভক্তিতত্ত্বের ব্যাখ্যাকালে ইহা দেখিয়াছি: ভগবশ্গীতা এবং বিষ্ণপ্রোণোক্ত প্রহ্যাদর্চারত হইতে যে সকল বাক্য উদ্ধৃত করিয়াছি. তাহাতে উহা দেখিয়াছি। প্রহ্মাদকে যখন হিরণাকশিপ, জিজ্ঞাসা করিলেন যে, শত্রুর সঙ্গে রাজার কির্পে ব্যবহার করা কর্ত্তব্য, প্রহ্মাদ উত্তর করিলেন, "শগ্রু কে? সকলই বিষ্ণ-(ঈশ্বর) ময়, শত্র মিত্র কি প্রকারে প্রভেদ করা যায়!" প্রীতিতত্তের এইখানে একশেষ হইল। এবং এই এক কথাতেই সকল ধন্মের উপব হিন্দুধ্যের শ্রেষ্ঠত। প্রতিপন্ন হইল বিষেচনা করি। প্রহ্যাদের সেই সকল উীক্ত এবং গীতা হইতে যে সকল বাক্য উদ্ধৃত করিয়াছি, ভাহা প্রনর্থার স্মারণ কর। সমরণ না হয়, গ্রন্থ হইতে প্রনর্ধার অধ্যয়ন কর। তদ্বাতীত হিন্দুধ্যমোক্ত প্রীতিতঃ ব্রিঝতে পারিবে না। এই প্রীতি জগতের বন্ধন, এই প্রীতি ভিন্ন জগং বন্ধনশূন্য বিশ্ংখল জড়পিও সকলের সমষ্টি মাত্র। প্রীতি না থাকিলে পরস্পর বিদ্বেষপরায়ণ মন্যা জগতে বাস করিতে অক্ষম হইত, অনেক কাল হয়ত পুথিবী মনুষাশূন্য, নয় মনুষালোকের অসহা নবক হইয়া উঠিত। ভক্তির পর প্রীতির অপেক্ষা উচ্চ বৃত্তি আর নাই। যেমন ঈশ্বরে এই জগং গ্রাথত রহিয়াছে, প্রীতিতেও তেমনি জগৎ গ্রাথত রহিয়াছে। ঈশ্বরই প্রীতি, ঈশ্বরই ভক্তি,--ব্রতি স্বরূপ জগদাধার হইয়া তিনি লোকের হদযে অবস্থান করেন। অজ্ঞান আমাদিগকে ঈশ্বরকে জানিতে দেয় না এবং অজ্ঞানই আমাদিগকে ভক্তি প্রীতি ভুলাইয়া রাখে। অতএব ভক্তি প্রীতিব সম্যক্ অনুশীলন জনা, জ্ঞানাৰ্জনী বৃত্তি সকলের সম্যক্ অনুশীলন আবশ্যক। ফলে সকল বৃত্তির সম্যক্ অনুশীলন ও সামঞ্জনা বাতীত সম্পূর্ণ ধর্ম লাভ হয় না, ইহার প্রমাণ প্নঃ প্রা পাইয়াছ।

শিষ্য। এক্ষণে প্রীতিবৃত্তির ভারতবয়ীয় বা পারমাথিক অনুশীলনপদ্ধতি বৃথিলাম। জ্ঞানের শ্বারা ঈশ্বরের স্বর্প বৃথিয়া জগতেন সঙ্গে তাঁহার এবং আমার অভিন্নতা ক্রাম ঘদরস্ম করিতে হইবে। ক্রমে সম্বালাককে আপনার মত দেখিতে শিখিলে প্রীতিবৃত্তির পূর্ণ স্কৃতি হইবে। ইহার ফলও বৃথিলাম। আদ্মপ্রীতি ইহার বিরোধী হইবার সম্ভাবনা নাই--কেন না. সমস্ত জ্ঞাং আদ্মময় হইয়া যায়। অভএব ইহার ফল কেবল দেশবাংসল্য মাত্র হইতে পারে না. — সম্বালাকবাংসল্যই ইহার ফল। প্রাকৃতিক অনুশীলনের ফল ইউরোপে কেবল দেশবাংসল্য মাত্র জ্ঞান্মাছে—কিন্তু ভারতবর্ষে লোকবাংসল্য জ্ঞান্মাছে কি ?

গ্রন্। আজিকালকার কথা ছাড়িয়া দাও। আজিকালি পাশ্চান্তা শিক্ষার জাের বড় বেশী হইরাছে বিলিয়া আমরা দেশবংসল হইতেছি, লােকবংসল আর নহি। এখন ভিন্ন ভাতির উপর আমাদেরও বিশ্বেষ জািনতেছে। কিন্তু এতকাল তাহা ছিল না। দেশবাংসলা জিনিসটা দেশে ছিল না। কথাটাও ছিল না। ভিন্ন জাতির প্রতি ভিন্ন ভাব ছিল না। হিন্দ, বাজা ছিল, তার পর ম্সলমান হইল, হিন্দ, প্রজা তাহাতে কথা কহিল না. হিন্দ, বাজা ছিল, সমান। ম্সলমানের পর ইংরেজ রাজা হইল, হিন্দ, প্রজা তাহাতে কথা কহিল না। বরং হিন্দুরাই ইংরেজকে ডাকিয়া রাজ্যে বসাইল। হিন্দুর সংরেজর ইইয়া লড়িয়া, হিন্দুর রাজ্য জয় করিয়া ইংরেজকে দিল। কেন না. হিন্দুর ইংরেজর উপর ভিন্নজাতীয় বলিয়া কোন

এই ধর্ম্ম বৈদিক। বাজসনেয় সংহিতোপনিষদে আছে —

যন্ত্র সন্ধাণি ভূতান্যাম্মন্যেবান্সপাতি।

সন্ধভূতেষ্ চাম্মানভতো ন বিজ্পুপ্সতে ॥

যসিন্ সন্ধাণি ভূতান্যামেরবাভূমিজানতঃ।

তহুঃ কঃ মোহঃ কঃ শোক এক্সমন্পণ্যতঃ॥

দ্বেষ নাই। আজিও ইংরেজের অধান ভারতবর্ষ অত্যন্ত প্রভূভক্ত। ইংরেজ ইহার কারণ না ব্রবিয়া মনে করে, হিন্দ্র দর্শ্বল বলিয়া কৃতিম প্রভূভক্ত।

শিষ্য। তা, সাধারণ হিন্দ, প্রজা বা ইংরেজের সিপাহীবা যে ব্যক্তিয়াছিল ঈশ্বর সর্বভূতে

আছেন, সকলই আমি, এ কথা ত বিশ্বাস হয় না।

গ্রন। তাহা ব্বে নাই কিন্তু জাতীয় ধন্মে জাতীয় চরিত্র গঠিত। যে জাতীয় ধন্মি ব্বেন না. সেও জাতীয় ধন্মের অধীন হয় জাতীয় ধন্মে তাহার চরিত্র শাসিত হয়। ধন্মের গ্রে মন্ত্র আলু লোকেই ব্রিয়া থাকে। যে কয় জন ব্বে, তাহাদেরই অন্করণে ও শাসনে জাতীয় চরিত্র শাসিত ও গঠিত হয়। এই অন্শালনধন্ম যাহা তোমাকে ব্বাইতেছি তাহা যে সাধারণ হিন্দ্র সহজে বোধগমা হইবে, তাহার বেশী ভরসা আমি এখন রাখি না। কিন্তু এমন ভরসা রাখি যে, মনন্দিরগণ কর্তৃক ইহা গ্রীত হইলে, ইহার দ্বারা জাতীয় চরিত্র গঠিত হইতে পারিবে। জাতীয় ধন্মের মুখ্য ফল অল্প লোকেই প্রাপ্ত হয়, কিন্তু গোণ ফল সকলেই পাইতে পারে।

শিষ্য। তার পর আর একটা কথা আছে। আপনি যে প্রীতির পারমার্থিক অন্শীলন-পদ্ধতি ব্ঝাইলেন, তাহাব ফল লোক-বাংসল্যে দেশ-বাংসল্য ভাসিয়া যায়। কিন্তু দেশ-বাংসল্যের অভাবে ভারতবর্ষ সাত শত বংসর পরাধীন হইয়া অবনতি প্রাপ্ত হইযাছে। এই পারমার্থিক প্রীতিব সঙ্গে জাতীয উন্নতির কির্পে সামঞ্জস্য হইতে পারে?

গরর। সেই নিজ্কাম কর্মাযোগের দ্বারাই হইবে। ষাহা অনুষ্ঠের কর্ম্মা তাহা নিজ্কাম হইযা করিবে। যে কর্ম্মা ঈশ্বরান,মোদিত, তাহাই অনুষ্ঠের। আত্মরক্ষা, দেশরক্ষা, পরপ্রীজ্তেব রক্ষা, অনুষ্ঠতের উন্নতি সাধন—সকলই ঈশ্বরান,মোদিত কর্ম্মা, সন্তরাং অনুষ্ঠের। অতএব নিজ্কাম হইযা আত্মরক্ষা দেশরক্ষা, পর্নিভত দেশীয়বগেরে রক্ষা, দেশীয় লোকের উন্নতি সাধন করিবে।

শিষা। নিজ্বাম আত্মরক্ষা কি রকম ? আত্মরক্ষাই ত সকাম।

গ্রু। সে কথার উত্তর কাল দিব।

দ্বাবিংশতিতম অধ্যায়—আত্মপ্রীতি

শিষ্য। আপনাকে জিজ্ঞাসা করিয়াছিলাম, নিষ্কাম আত্মরক্ষা কি রকম আপনি বলিযা-ছিলেন, "কাল উত্তর দিব!" সেই উত্তর এক্ষণে শত্ননিব ইচ্ছা করি।

গ্রর্। আমার এই ভক্তিবাদ সম্পানাপা কোন জড়বাদীর সহায়তা গ্রহণ করিব তুমি এমন

প্রত্যাশা কর না। তথাপি হর্বর্ট স্পেন্সরের একটি কথা তোমাকে পড়াইযা শ্লাইব।

"A creature must live before it can act. From this it is a corollary that the acts by which each maintain his own life must, speaking generally, precede in imperativeness all other acts of which he is capable. For if it be asserted that these other acts must precede in imperativeness the acts which maintain life; and if this, accepted as a general law of conduct, is conformed to by all; then by postponing the acts which maintain life to the other acts which life makes possible, all must lose their live. The acts required for continued self-preservation, including the enjoym nt of benefits achieved by such acts, are the first requisites to universal welfare. Unless each duly cares for himself, his care for all others is ended by death, and if each thus dies, there remain no others to be cared for."*

অতএব জ্বগদীশ্বরের সন্টিরক্ষার্থ আত্মরক্ষার্থ নিতান্ত প্রয়োজনীয়। জগদীশ্বনের স্টি-রক্ষার্থ প্রয়োজনীয় বলিয়া ইহা ঈশ্বরোন্দিন্ট কন্ম। ঈশ্বরোন্দিন্ট কন্ম, এজন্য আত্মরক্ষাকেও নিন্দাম কন্মে পরিণত করা যাইতে পারে ও করাই কর্ত্তবা।

এক্ষণে পরহিত ও পররক্ষার সঙ্গে এই আত্মরক্ষার তুলনা কবিয়া দেখ। পরহিত ধর্ম্মাপেক্ষা

^{*} Data of Ethics, Chap. XI [p 187., Italic যে যে খাব্দ দেওয়া ইইল, তাহা আমাব দেওয়া।

আত্মরক্ষা ধন্মের গোরব অধিক। যদি জগতে লোকে পরস্পরের হিত না কবে, পরস্পরের রক্ষা না করে, তাহাতে জগৎ মন্ব্যশ্না হইবে না। অসভ্য সমাজ সকল ইহার উদাহরণ। কিন্তু সকলে আত্মরক্ষায় বিরত হইলে, সভ্য কি অসভ্য, কোন সমাজ কোন প্রকার মন্ব্য বা জীব জগতে থাকিবে না। অতএব প্রহিতের আগে আপনার প্রাণরক্ষা।

শিষ্য। এ সকল অতি অশ্রদ্ধের কথা বলিরা আমার বোধ হইতেছে। মনে কর্ন, পরকে না দিয়া আপনি খাইব?

গ্রে। তুমি বাহা কিছ্ আহার্য্য সংগ্রহ কর, তাহা যদি সমস্তই প্রত্যহ অন্যকে বিলাইয়া দাও, তবে পাঁচ-সাত দিনে তোমার দানধন্মের শেষ হইবে। কেন না, তুমি নিজে না খাইয়া মরিয়া বাইবে। পরকে দিবে, কিন্তু পরকে দিয়া আপান খাইবে। যদি পরকে দিতে না কুলায়. তবে কাজেই পরকে না দিয়া আপানই খাইবে। এই "না কুলায়" কথাটাই যত অধন্মের গোড়া। যাঁর নিজের আহারের জন্য প্রতাহ তিনটা পাঁঠা. দেড় কুড়ি মাছের প্রাণ সংহার হয়, তাঁর কাজেই পরকে দিতে কুলায় না। যে সর্ব্বভূতে সমান দেখে, আপানাতে ও পরে সমান দেখে, সে পরকে যেমন দিতে পারে. আপান তেমনই খায়। ইহাই ধন্ম—আপান উপবাস করিয়া পরকে দেওয়া ধন্ম নহে। কেন না, আপানাতে ও পরে সমান করিতে হইবে।

শিষ্য। ভাল, আমার প্রয**্**ক উদাহরণটা না হয়, অনুপ্রযুক্ত হইয়াছে। কিন্তু কখন কি পরোপকারার্থ আপনার প্রাণ বিসম্ভর্জন করা কর্ত্তব্য নহে?

গ্রর। অনেক সময়ে তাহা অবশ্য কর্ত্ব্য। না করাই অধর্ম।

শিষা। তাহার দুই একটা উদাহরণ শুনিতে ইচ্ছা করি।

গ্রে। যে মাতা পিতার নিকট তুমি প্রাণ পাইরাছ, যাঁহাদিদোর যত্নে তুমি কম্মক্ষম ও ধর্ম্মক্ষম হইরাছ, তাঁহাদিদোর রক্ষার্থ প্রয়োজনমতে আপনার প্রাণ বিসম্জনই ধর্ম্ম, না করা অধ্যম।

সেইর্প প্রাণদানাদি উপকার যদি তুমি অন্যের কাছে পাইরা থাক, তবে তাহার জন্যও ঐর্প আত্মপ্রাণ বিসম্ভর্শনীয়।

যাহাদের তুমি রক্ষক, তাহাদের জন্য আত্মপ্রাণ ঐর,পে বিসম্পর্জনীয়। এখন বিবেচনা করিয়া দেখ, তুমি রক্ষক কাহার। তুমি রক্ষক, (১) স্ফ্রীপ্রাদি পরিবারবর্চার, (২) স্বদেশের, (৩) প্রভুর, অর্থাং যে তোমাকে রক্ষার্থ বৈতন দিয়া নিযুক্ত করিয়াছে, তাহার; (৪) শরণাগতের। অতএব স্ফ্রীপ্রাদি, স্বদেশ, প্রভু, এবং শরণাগত, এই সকলের রক্ষার্থ আপনার প্রাণ পরিত্যাগ করা ধর্ম্ম।

যাহারা আপনাদের রক্ষার অক্ষম, মন্ধা মাত্রেই তাঁহাদের রক্ষক। দ্বীলোক, বালক, বৃদ্ধ, পাঁড়িত, অন্ধ খঞ্জাদি অঙ্গহীন, ইহারা আত্মরক্ষার অক্ষম। ইহাদের রক্ষার্থ প্রাণ পরিত্যাগ ধর্ম্ম। এইর্প আরও অনেক স্থান আছে। সকলগ্রনি গণনা করিয়া উঠা যায় না। প্রয়োজনও নাই। যাহার জ্ঞানাক্ষ্মনী ও কার্য্যকারিণী বৃত্তি অনুশালিত ও সামঞ্জস্য প্রাপ্ত হইয়াছে, সেসকল অবস্থাতেই বৃত্তিতে পারিবে যে, এই স্থলে প্রাণ পরিত্যাগ ধর্ম্মা, এই স্থলে অধন্মা।

শিষ্য। আপনার কথার তাংপর্য্য এই ব্রিকাম যে, আত্মপ্রীতি প্রীতিবৃত্তির বিরোধী হইলেও, ঘ্ণার যোগ্য নহে। উপযুক্ত নিয়মে উহার সীমাবদ্ধ করিয়া উহারও সমাক্ অনুশীলন কর্ত্তব্য। বটে?

গ্রন্থ। বস্তুতঃ র্যাদ আত্ম-পর সমান হইল, তবে আত্মপ্রীতি ও জাগাতিক প্রীতি, ভিন্ন বিবেচনা করাও উচিত নহে। উপযুক্তর্পে উভয়ে অনুশীলিত ও সামঞ্জস্যবিশিষ্ট ইইলে আত্মপ্রীতি জাগাতিক প্রীতির অন্তর্গত হইয়া দাঁড়ায়। কেন না, আমি ত জগতের বাহিরে নই। ধন্মের, বিশেষতঃ হিন্দ্র্যুক্তর্মার মূল একমার ঈশ্বর। ঈশ্বর সন্প্রভূতে আছেন; এজন্য সন্প্রভূতের হিতসাধন আমাদের ধন্ম, কেন না, বালায়াছি যে—সকল ব্রিকে ঈশ্বরম্পী করাই মন্যুজ্ঞের চরম উদ্দেশ্য। র্যাদ সন্প্রভূতের হিতসাধন ধন্ম হয়, তবে পরেরও হিতসাধন যেমন আমার ধন্ম, তেমনি আমার নিজেরও হিতসাধন আমার ধন্ম। কারণ, আমিও সন্প্রভূতের অন্তর্গত; ঈশ্বর যেমন অপর ভূতে আছেন, তেমনি আমাতেও আছেন। অতএব পরেরও রক্ষাদি আমার ধন্ম এবং আপনারও রক্ষাদি আমার ধন্ম। আত্মপ্রীতি ও জাগতিক প্রীতি এক।

শিষা। কিন্তু কথাটার গোলবোগ এই যে. যখন আছাহিত এবং পরহিত পরস্পর বিরোধী

তখন আপনার হিত করিব, না পরের হিত করিব? প্রের্বাগামী ধর্ম্মবেন্ত্র্গণের মত এই যে, আত্মহিতে ও পরহিতে পরম্পর বিরোধ হইলে, পরহিত সাধন্ট ধর্ম।

গ্রহ। ঠিক এমন কথাটা কোন ধন্মে আছে, তাহা আমি ব্রিম না। খ্রীষ্টধন্মের উত্তিরে, "পরের তোমার প্রতি ধের্পে ব্যবহার তুমি বাসনা কর, তুমি পরের প্রতি সেইর্প ব্যবহার করিবে।" এ উক্তিতে পরিহিতকে প্রাধান্য দেওয়া হইতেছে না, পরিহিত ও আর্মাহতকে তুলা করা হইতেছে। কিন্তু সে কথা থাক্, কেন না, আমাকেও এই অন্শীলনতত্বে পরিহতকেই হুলবিশেষে প্রাধান্য দিতে হইবে। কিন্তু তুমি যে কথা তুলিলে, তাহারও সম্মীমাংসা আছে। সেই মীমাংসার প্রথম এবং প্রধান নিয়ম এই যে, পরের অনিষ্টমাহই অধন্মা । পরের অনিষ্ট করিয়া আপনার হিতসাধন করিবার কাহারও অধিকার নাই। ইহা হিন্দ্রধন্মেও বলে, খ্রীষ্ট বৌদ্ধাদি অপর ধন্মেরিও এই মত, এবং আধ্রনিক দার্শনিক বা নীতিবেন্তাদিগেরও মত। অনুশীলনতত্ব যদি ব্রবিয়া থাক, তবে অবশ্য ব্রিয়াছ, পরের অনিষ্ট, ভক্তি প্রীতি প্রভৃতি শ্রেষ্ঠ ব্রিসকলের সম্নিচত অনুশীলনের বিরোধী ও বিঘাকর এবং যে সামাজ্ঞান ভক্তি ও প্রীতির লক্ষ্মা, তাহার উচ্ছেদক। পরের অনিষ্ট, ভক্তি প্রীতি দয়াদির অনুশীলনের বিরোধী, এজন্য যেখানে পরের অনিষ্ট ঘটে, সেখানে তন্দ্বারা আপনার হিতসাধন করিবে না, ইহা অনুশীলনধন্মের্র এবং হিন্দ্রধন্মের আজ্ঞা। আত্মপ্রীতি-তত্ত্বের ইহাই প্রথম নিয়ম।

শিষা। নিয়মটা কি প্রকারে খাটে—দেখা যাউক। এক বাক্তি চোর, সে সপারবারে খাইতে পায় না, উপবাস করিয়া আছে। এর্প যে চোরের সর্বাদা ঘটে, তাহা বলা বাহ্লা। সে, রাত্রে আমার ঘরে সিধ দিয়াছে—অভিপ্রায়, কিছ্ব চুরি করিয়া আপনার ও পরিবারবংগরে আহার সংগ্রহ করে। তাহাকে আমি ধৃত করিয়া বিহিত দম্ভবিধান করিব, না উপহারস্বর্প কিছ্ব

অর্থ দিয়া বিদায় করিব?

গ্রর। তাহাকে ধৃত করিয়া বিহিত দণ্ডবিধান করিবে।

শিষ্য তাহা হইলে আমার সম্পত্তিরক্ষা-রূপ ইন্ট্যাধন হইল বটে, কিন্তু চোরের এবং তাহার নিরপরাধী দ্বীপ্রকাণের ঘোরতর অনিন্ট হইল। আপনার স্বুটি খাটে?

গ্রন। চোরের নিরপরাধী স্থা-প্রাদি যদি অনাহারে মরে, তুমি তাহাদের আহারার্থ কিছন্দান করিতে পার। চোরও যদি না খাইরা মরে, তবে তাহাকেও খাইতে দিতে পার। কিল্তু চুরির দন্ড দিতে হইবে। কেন না, না দিলে, কেবল তোমার অনিষ্ট নহে, সমস্ত লোকের অনিষ্ট। চোরের প্রশ্রের চোর্যবৃদ্ধি, চৌর্যাবৃদ্ধিতে সমাজের অনিষ্ট।

শিষ্য। এ ত বিলাতী হিতবাদীর কথা--আপনার মতে "Greatest good of the

greatest number'' এখানে অবলম্বনীয়।

গ্রন্। হিতবাদ মতটা হাসিয়া উড়াইয়া দিবার বস্তু নহে। হিতবাদীদিগের ভ্রম এই যে, তাঁহারা বিবেচনা করেন বে, সমস্ত ধম্মতিত্বটা এই হিতবাদ মতের ভিতরই আছে। তাহা না হইয়া, ইহা ধম্মতিত্বের সামান্য অংশ মাত্র। আমি যেখানে উহাকে স্থান দিলাম, তাহা আমার ব্যাখ্যাত অন্শীলনতত্বের একটি কোলের কোণ মাত্র। তত্বটা সত্যম্লক, কিন্তু ধম্মতিত্বের সমস্ত ক্ষেত্র আবৃত করে না। ধর্ম্ম ভিক্তিতে, সর্বভূতে সমদৃ্দিটতে। সেই মহাশিথর হইতে যে সহস্র নিকারিদী নামিয়াছে—হিতবাদ ইহা তাহার একটি ক্ষ্মতম স্লোতঃ। ক্ষ্মত্তম হউক — ইহার জল পবিত্র। হিতবাদ ধর্ম্ম —অধ্নর্ম নহে।

শুল কথা, অনুশীলন ধন্মে ''Greatest good of the greatest number,''গণিততত্ত্ব ভিন্ন আর কিছুই নহে। যদি ভূতমারের হিতসাধন ধর্ম্ম হয়, তবে এক জনের হিতসাধন ধর্ম্ম, আবার এক জনের হিতসাধন অপেক্ষা দশ জনের তুল্যা হিতসাধন অবশ্য দশগুণ ধর্ম্ম। যদি এক দিকে এক জনের হিতসাধন ও আর এক দিকে দশ জনের তুল্যা হিতসাধন পরস্পর বির্দ্ধ কর্মা হয়, তবে এক জনের হিত পরিত্যাগ করিয়া দশ জনের তুল্যা হিতসাধনই ধর্মা: এবং দশ জনের হিত পরিত্যাগ করিয়া এক জনের তুল্যা হিতসাধন করা অধন্মা। এখানে ''Good of the greatest number.''

^{*} ভরসা করি, কেছই ইহার এমন অর্থা ব্রিরবেন না বে দশ জনের হিতের জন্য এক জনের অনিন্ট করিবে। তাহা করা ধন্মবির্ক্ক, ইহা বলা বাহুলা।

र्वाध्कन्न क्रान्यका

পক্ষান্তরে, এক জনের অলপ হিত, আর এক দিকে আর এক জনের বেশী হিত পরস্পর বিরোধী, সেখানে অলপ হিত পরিত্যাগ করিয়া বেশী হিত সাধন করাই ধর্ম্ম, তদ্বিপরীতই অধন্ম। এখানে কথাটা ''Greatest good.''

শিষ্য। সে ত স্পন্ট কথা।

গ্রন। যত দপত এখন বােধ হইতেছে, কার্য্যকালে তত দপত হয় না। এক দিকে শ্যাম্ ঠাক্র, কুলান, ব্রাহ্মণ, কন্যাভারগ্রস্থ, অর্থাভাবে মেরেটি দ্বঘরে দিতে পারিতেছেন না; আর এক দিকে রামা ডোম, কতকগর্নাল অপোগণ্ডভারগ্রস্থ, সপরিবারে খাইতে পায় না, প্রাণ বায়। এখানে ''Greatest good'' রামার দিকে, কিন্তু উভয়েই তোমার নিকট যাচ্ঞা করিতে আসিলে, তুমি বােধ করি শ্যাম্ ঠাকুরকে পাঁচটি টাকা দিয়াও কুণ্ঠিত হইবে, মনে করিবে কম হইল, আর রামাকে চারিটা পয়সা দিতে পারিলেই আপনারে দাতা ব্যক্তি মধ্যে গণ্য করিবে। অন্ততঃ অনেক বাঙ্গালিই এইর্প। বাঙ্গালি কেন, সকল জাতীয় লােক সম্বন্ধে এইর্প সহস্র উদাহরণ দেওয়া যাইতে পারে।

শিষা। সে কথা যাক্। সন্ধাভূতে যদি সমান, তবে অন্পের অপেক্ষা বেশী লোকের হিতসাধন ধর্মা. এবং এক জনের অন্প হিতের অপেক্ষায় এক জনের বেশী হিতসাধন ধর্মা। কিন্তু যেখানে এক জনের বেশী হিত একদিকে, আর দশ জনের অর্প হিত (তুল্য হিত নহে) আর একদিকে, সেখানে ধর্মা কি?

গ্রং। সেখানে অঙক কষিবে। মনে কর, এক দিকে এক জনের যে পরিমাণ হিত সাধিত হইতে পারে, অন্য দিকে শত জনের প্রত্যেকের চতুর্থাংশের এক অংশ সাধিত হইতে পারে। এ স্থলে এই শত জনের হিতের অঙক $\frac{1}{3}$? = ২৫। এখানে এক জনের বেশী হিত পরিত্যাগ করিয়া শভ জনের অঙ্প হিতসাধন করাই ধর্ম্ম। পক্ষান্তরে, যদি এই শত জনের প্রত্যেকের হিতের মাত্রা চতুর্থাংশ না হইযা সহস্রাংশ হইত, তাহা হইলে ইহাদিগের স্থেয় মাত্রার সম্ভি এক জনের $\frac{1}{3}$ মাত্র। স্ত্রাং এ স্থলে সে শত ব্যক্তির হিত পরিত্যাগ করিয়া এক ব্যক্তির হিতসাধন করাই ধর্ম।

শিষ্য। হিতের কি এর্প ওজন হয়? মাপকাঠিতে মাপ হয়. এত গজ এত ইণ্ডি?

গ্রন। ইহার সদন্তর কেবল অনুশীলনবাদীই দিতে পারেন। যাঁহার সকল বৃত্তি, বিশেষ জ্ঞানান্জনী বৃত্তি সম্যক্ অনুশীলিত ও স্ফ্রিপ্তাপ্ত ইইয়াছে, হিতাহিত মাত্রা ঠিক ব্রিকতে তিনি সক্ষম। যাহার সের্প অনুশীলিন হয় নাই, তাঁহার পক্ষে ইহা অনেক সময় দ্বংসাধ্য, কিন্তু তাঁহার পক্ষে সক্ষপ্রকার ধন্মই দ্বংসাধ্য, ইহা বোধ করি ব্ঝাইয়াছি। তথাপি ইহা দেখিবে যে, সচরাচর মনুষ্য অনেক স্থানেই এর্প কার্য্য করিতে পারে। ইউরোপীয় হিতবাদীরা ইহা বিশেষ করিয়া ব্ঝাইয়াছেন, স্কুরাং আমার আর সে সকল কথা তুলিবার প্রয়েজন নাই। হিতবাদের এতট্বুকু ব্ঝাইবার আমার উদ্দেশ্য এই যে, তুমি ব্ঝ যে, অনুশীলনতত্ত্ব হিতবাদের স্থান কোথায়।

শিষা। স্থান কোথায়?

গ্রন্। প্রীতিব,তির সামঞ্জসো। সম্বভূতে সমান, কিন্তু ব্যক্তিবিশেষের হিত পরস্পর বিরোধী হইয়া থাকে, সে স্থলে ওজন করিয়া বা অঞ্চ কষিয়া দেখিবে। অর্থাৎ "Greatest good of the greatest number" আমি যে অর্থে ব্রঝাইলাম, তাহাই অবলম্বন করিবে। যথন পরহিতে এইর্শ বিরোধ, তখন কি প্রকারে এই বিচার কর্ত্তব্য, তাহাই ব্রঝাইয়াছি। কিন্তু পরহিতে পরহিতে বিরোধের অপেক্ষা, আত্মহিতে পরহিতে বিবাদ আরও সাধারণ এবং গ্রন্তর ব্যাপার। সেখানেও সামশ্রুসোর সেই নিরম। অর্থাৎ—

(১) যখন এক দিকে তোমার হিত, অপর দিকে একাধিক সংখ্যক লোকের তুল্য হিত, সেখানে আত্মহিত ত্যাজ্য এবং পরহিতই অনুষ্ঠের।

(২) যেখানে এক দিকে আত্মহিত, অনা দিকে অপর এক জনের অধিক হিত, সেখানেও পরের হিত অনুস্থেয়।

(৩) যেখানে তোমার বেশী হিত এক দিকে, অন্যের অলপ হিত এক দিকে, সেখানে কোন্ দিকের মোট মাত্রা বেশী, তাহা দেখিবে। তোমার দিক্ বেশী হয়, আপনার হিত সাধিত করিবে; পরের দিক্ বেশী হয়, পরের হিত খ্লৈবে। শিষা। (৪) আর ষেখানে দুইখানে দুই দিক সমান?

গ্রুর। সেখানে পরের হিত অনুষ্ঠের।

শিষা। কেন? সৰ্বভূত যথন সমান, তখন আপনি পর ত সমান।

গ্রহ। অনুশীলনতত্ত্ব ইহার উত্তর পাওয়া যায়। প্রীতিবৃত্তি পরান্রাগিণী। কেবল অন্মান্রাগিণী প্রীতি প্রীতি নহে। আপনার হিতসাধনে প্রীতির অনুশীলন স্ফ্রেণ বা চরিতার্থ হয় না। পরহিতসাধনে তাহা হইবে। এই জনা এ স্থলে পরপক্ষ অবলম্বনীয়। কেন না. তাহাতে পরহিতও সাধিত হয় এবং প্রীতিবৃত্তির অনুশীলন ও চরিতার্থতা জন্য তোমার যে নিজের হিত, তাহাও সাধিত হয়। অতএব মোটের উপর পরপক্ষে বেশী হিত সাধিত হয়।

অতএব, আত্মপ্রীতির সামঞ্জস্য সম্বন্ধে আমি যে প্রথম নিয়ম বালয়াছি, অর্থাং যেখানে পরের অনিষ্ট হয়, সেখানে আত্মহিত পরিত্যাজ্য, তাহার সম্প্রসারণ ও সীমাবন্ধন স্বর্প হিতবাদীদিগের এই নিয়ম দ্বিতীয় নিয়মের স্বর্প গ্রহণ করিতে পার।

আর একটি তৃতীয় নিয়ম আছে। অনেক সময় আমার আত্মহিত যত দ্র শ্বামার আয়ন্ত, পরের হিত তাদৃশ নহে। উদাহরণস্বরূপ দেখ, আমরা যত সহজে আপনার মার্নাসক উন্নতির সাধিত করিতে পারি, পরের তত সহজে পারি না। এ স্থলে অগ্রে আপনার মার্নাসক উন্নতির সাধনই কর্ত্রবা; কেন না, সিদ্ধির সন্তাবনা বেশী। প্রশচ, অনেক স্থলে আপনার হিত আগে সাধিত না করিলে পরের হিত সাধিত করিতে পারা যায় না। এ স্থলেও পরপক্ষ অপক্ষা আত্মপক্ষই অবলম্বনীয়। আমার মার্নাসক উন্নতি না হইলে, আমি তোমার মার্নাসক উন্নতি সাধিত করিতে পারিব না; অতএব এখানে আগে আপনার হিত অবলম্বনীয়। যদি তোমাকে আমাকে এককালে শত্রতে আক্রমণ করে, তবে আগে আপনার রক্ষা না করিলে, আমি তোমাকে রক্ষা করিতে পারিব না। চিকিৎসক নিজে রুপ্লশয্যাশায়ী হইলে, আগে আপনার আরোগ্যসাধন না করিলে, পরকে আরোগ্য দিতে পারেন না। এ সকল স্থানেও অ্বাহিতই আগে সাধনীয়।

এক্ষণে, তোমাকে যাহা বুঝাইয়াছিলাম, তাহা আবার সমরণ কর।

প্রথম, আত্মপর অভেদজ্ঞানই, যথার্থ প্রীতির অনুশীলন।

দ্বিতীয়, তন্দ্রারা আত্মপ্রীতির সম্চিত ও সীমাবদ্ধ অন্শীলন নিষিদ্ধ ২ইতেছে না, কেন না, আমিও সর্বভিতের অস্তর্গত।

তৃতীয়, বৃত্তির অনুশীলনের চরম উদ্দেশ্য –সকল বৃত্তিগ্রালিকে ঈশ্বর্ধ্বন্থী করা। অতএব যাহা ঈশ্বরোন্দিন্ট কন্ম, তাহাই অনুভেষ্ঠয়। ঈদৃশ অনুভেষ্ঠর কন্মের অনুবর্ত্তনে কখন অবস্থা-বিশেষে আত্মহিত, কখন অবস্থাবিশেষে পরহিতকে প্রাধান্য দিতে হয়।

তাহাতে হিন্দুধন্মোক্ত সাম্যজ্ঞানের বিঘা হয় না। তুমি যেখানে অ, ছারক্ষার আধিকারী, পরেও সেইখানে সেইরপে আত্মরক্ষার অধিকারী। যেখানে তুমি পরের জন্য আত্মবিসক্জনি বাধ্য, পরেও সেইখানে তোমার জন্য আত্মবিসক্জনি বাধ্য। এই জ্ঞানই সাম্যজ্ঞান। অতএব আমি যে সকল ব্যক্তিক কথা বিল্লাম, তম্মারা গীতোক্ত সাম্যজ্ঞানের কোন হানি ইইতেছে না।

শিষ্য। কিন্তু আমি ইতিপ্রের্ব যে প্রশ্ন করিয়াছিলাম, তাহার কোন সম্চিত উত্তর হয় নাই। আমি জিজ্ঞাসা করিয়াছিলাম, হিন্দরে পারমাথিক প্রীতির সঙ্গে জাতীয় উপ্লতির কির্পে সামঞ্জন্য হইতে পারে।

গ্রঃ। উত্তরের প্রথম স্ত্র সংস্থাপিত হইল। এক্ষণে ক্রমশঃ উত্তর দিতেছি।

গ্ৰয়োবিংশতিভম অধ্যায়-স্বজনপ্ৰীতি

গ্রহ। এক্ষণে হবট দেশসরের যে উক্তি তোমাকে শ্নাইরাছি, তাহা স্মরণ কর।
"Unless each duly cares for himself, his care for all others is ended by death; and if each thus dies, there remain no others to be cared for."

জগদীশ্বরের স্নিটরক্ষা জগদীশ্বরের অভিপ্রেত, ইহা যদি মানিয়া লওয়া যায়, তবে আত্মরক্ষা ঈশ্বরোদ্দিট কর্ম: কেন না, তন্তাতীত স্নিটরক্ষা হয় না। কিন্তু এ কথা কেবল আত্মরক্ষা

विश्वका ब्रह्मावली

সম্বন্ধেই যে খাটে, এমন নহে। যাহারা আত্মরক্ষায় অক্ষম, এবং <mark>যাহাদের রক্ষার</mark> ভার তোমার উপর, তাহাদের রক্ষাও আত্মরক্ষার ন্যায় জগংরক্ষার পক্ষে তাদৃশে প্রয়োজনীয়।

শিষা। আপনি সন্তানাদির কথা বলিতেছেন?

গ্রন। প্রথমে অপত্যপ্রীতির কথাই বলিতেছি। বালকেরা আপনাদিসের পালনে ও রক্ষণে সক্ষম নহে। অন্যে যদি তাহাদিগকে রক্ষা ও পালন না করে, তবে তাহারা বাঁচে না। যদি সমস্ত শিশ্ব অপালিত ও অরক্ষিত হইয়া প্রাণ ত্যাগ করে, তবে জগণও জীবশ্বা হইবে। অতএব আত্মরক্ষাও যেমন গ্রন্তর ধর্ম্ম, সন্তানাদির পালনও তাদৃশ গ্রন্তর ধর্ম্ম; আত্মরক্ষার ন্যায়, ইহাও ঈশ্বরোন্দিন্ট কর্মা, স্বতরাং ইহাকেও নিচ্চাম কর্ম্মে পরিণত করা যাইতে পারে। বরং আত্মরক্ষার অপেক্ষাও সন্তানাদির পালন ও রক্ষণ গ্রন্তর ধর্ম্ম; কেন না, যদি সমস্ত জগণ আত্মরক্ষায় বিরত হইয়াও সন্তানাদি রক্ষায় নিয্তুও সফল হইয়া সন্তানাদি রাখিয়া যাইতে পারে, তাহা হইলে স্তিন রক্ষাত হয় কিন্তু সমস্ত জীব সন্তানাদির রক্ষায় বিরত হইয়া কেবল আত্মরক্ষায় নিয্তুত হইলে, সন্তানাদির অভাবে জীবস্নিট বিলম্প্ত হইবে। অতএব আত্মরক্ষায় অপেক্ষা সন্তানাদির রক্ষায় গ্রন্তর ধর্ম্ম।

ইহা হইতে একটি গ্রেত্র তত্ত্ব উপলব্ধ হয়। অপত্যাদির রক্ষার্থ আপনার প্রাণ বিসম্পর্ন করা ধর্ম্মসন্ত। পূর্ব্বে যে কথা আন্দাজি বিলিয়াছিলাম, এক্ষণে ভাহা প্রমাণীকৃত হইল।

ইহা পশ্ম পক্ষীতেও করিষা থাকে। ধন্ম জ্ঞানবশতঃ তাহারা এর্প করে, এমন বলা যায় না। অপতাপ্রীতি প্রাভাবিক বৃত্তি, এই জন্য ইহা করিয়া থাকে। অপতাপ্তেই যদি প্রতন্ত্র প্রভাবিক বৃত্তি হয়, তবে তাহা সাধারণ প্রীতিবৃত্তির বিরোধী হইবার সম্ভাবনা। অনেক সময়ে ইয়াও থাকে। অনেক সময়েই দেখিতে পাই য়ে, অনেকে অপতাস্ত্রেরের বশীভূত হইয়া পরেব অনিন্ট করিতে প্রবৃত্ত হয়। য়েমন জাগতিক প্রীতির সঙ্গে আত্মপ্রীতির বিরোধ সম্ভাবনার কথা প্রের্ব বিলিয়াছিলাম, জাগতিক প্রীতির সঙ্গে অপতাপ্রীতিরও সেইর্প বিরোধের শঙ্কা করিতে হয়।

কেবল তাহাই নহে। এখানে যে আত্মপ্রীতি আসিয়া যোগ দেয় না, এমন কথা বলা যায় না। ছেলে আমার, স্বতরাং পরের কাড়িয়া লইয়া ইহাকে দিতে হইবে। ছেলের উপকারে আমার উপকার, অতএব যে উপায়ে হউক, ছেলের উপকার সিদ্ধ করিতে হইবে। এর্প ব্লিদ্ধর বশীভূত হইয়া অনেকে কার্য্য করিয়া থাকেন।

অতএব এই অপতাপ্রীতির সামঞ্জাজনা বিশেষ সতক্তার প্রয়োজন।

শিষ্য। এই সামঞ্জসোর উপায় কি?

গ্রহ্ন। উপায়—হিন্দুধন্মের ও প্রতিতত্ত্বের সেই মূল স্ত্র—সর্বভূতে সমদর্শন। অপত্যপ্রতি সেই জাগতিক প্রতিতে নিমন্জিত করিয়া, অপত্যপালন ও রক্ষণ ঈশ্বরোন্দিন্ট; স্ত্রাং অনুষ্ঠের কন্ম জানিয়া, "জগদশ্বরের কন্ম নিব্বাহ করিতেছি, আমার ইহাতে ইন্টানিন্ট কিছ্ন নাই," ইহা মনে ব্রিয়া, সেই অনুষ্ঠের কন্ম করিবে। তাহা হইলে এই অপত্যপালন ও রক্ষণধন্ম নিন্দাম ধন্মে পরিণত হইবে। ভাহা হইলে তোমাব অনুষ্ঠের কন্মেরও অতিশয় স্ন্নিব্বাহ হইবে; অথচ তুমি নিজে এক দিকে শোকমোহাদি, আর এক দিকে পাপ ও দ্বর্ষাসনা হইতে নিজ্কতি পাইবে।

শিষ্য। আপনি কি অপত্যন্নেহ-বৃত্তির উচ্ছেদ করিয়া তাহার স্থানে জাগতিক প্রীতির সমাবেশ করিতে বলেন?

গ্রহ। আমি কোন ব্ভিরই উচ্ছেদ করিতে বাল না, ইহা প্নঃ প্নঃ বালয়াছ। তবে, পাশব বৃত্তি সম্বন্ধে যাহা বালয়াছি, তাহা সমরণ কর। পাশব বৃত্তিসকল স্বতঃস্ফ্র্ড। যাহা স্বতঃস্ফ্র্ড, তাহার দমনই অনুশীলন। অপতাল্লেহ পরম রমণীয় ও পবিত্র বৃত্তি। পাশব বৃত্তি-গ্র্নির সঙ্গে ইহার এই ঐক্য আছে যে, ইহা যেমন মন্যোর আছে, তেমান পশ্লিদােরও আছে। তাদ্শ সকল বৃত্তিই স্বতঃস্ফ্র্ড, ইহা প্রেম্ব বালয়াছি। অপতাল্লেহও সেই জন্য স্বতঃস্ফ্র্ড। বরং সমস্ত মানসিক বৃত্তির অপেক্ষা ইহার বল দ্শেমনীয় বলা যাইতে পারে। এখন অপত্য-প্রাতি যতই রমণীয ও পবিত্র হউক না কেন, উহার অন্যিচত স্ফ্রিড আমাঞ্চান্যের কারণ, যাহা স্বতঃস্ফ্রেড, তাহার সংযম না করিলে জন্তিত স্ফ্রিড ঘটিয়া উঠে। এই জন্য উহার সংযম আবশাক। উহার সংযম না করিলে, জাগতিক প্রীতি ও স্করের ভক্তি, উহার প্রোতে ভাসিয়া

यात्र। आমि र्वावाहार, नेश्वरत जीख उ मन्द्रा श्रीजि, देशहे धरम्पत नात, जन्द्रगीनात्नत मन्ध्र উদ্দেশ্য, স্থের ম্লীভূত এবং মন্যাথের চরম। অতএব অপত্যপ্রতির অনুচিত স্ফ্রেণে এইর্প ধর্মনাশ, সূখনাশ, এবং মন্বাঘনাশ ঘটিতে পারে। লোকে ইহার অন্যায় বশীভূত হইরা ঈশ্বর ভূলিয়া যায়; ধর্ম্মাধর্ম্ম ভূলিয়া, অপত্য ভিন্ন আর সকল মন্ব্যকে ভূলিয়া যায়। আপনার অপত্য ভিন্ন আর কাহারও জন্য কিছ্ব করিতে চাহে না। ইহাই অন্যায় স্ফুরির্ড। পক্ষান্তরে, অবস্থাবিশেষে ইহার দমন না করিয়া ইহার উন্দীপনই বিধেয় হয়। অন্যান্য পাশব বৃত্তি হইতে ইহার এক পার্থকা এই যে, ইহা কামাদি নীচ বৃত্তির ন্যায় সর্ম্বদা এবং সর্ম্বন্ত ञ्चज्ञञ्चार्ज नरह। এমন नर्जाभगाठ ও भिगाठी ও দেখা यात्र यं, जाहारमत এই भन्न त्रमणीत्र, পবিত্র এবং সূত্রকর স্বাভাবিক বৃত্তি অন্তহিত। অনেক সময়ে সামাজিক পাপবাহ্বল্যে এই স্কল বৃত্তির বিলোপ ঘটে। ধনলোভে পিশাচ পিশাচীরা পত্র কন্যা বিক্রয় করে; লোকলজ্জা-ভয়ে কুলকলজ্কিনীরা তাহাদের বিনাশ কবে; কুলকলজ্জভয়ে কুলাভিমানীরা কন্যাসস্তান বিনাশ করে; অনেক কাম,কী কামাতুর হইয়া সন্তান পরিত্যাগ করিয়া যায়। অতএব এই ব্যক্তির অভাব বা লোপও অতি ভয়ঞ্কর অধন্মের কারণ। যেখানে ইহা উপযাক্তর্পে স্বতঃস্ফর্ত না হয়. সেখানে অনুশীলন দ্বারা ইহাকে স্ফুরিত করা আবশ্যক। উপযুক্তমত স্ফুরিত ও চরিতার্থ হইলে ঈশ্বরে ভক্তি ভিন্ন আর কোন ব্যত্তিই ঈদৃশ সুখদ হয় না। সুখকারিতায় অপত্যপ্রীতি ঈশ্বরে ভক্তি ভিন্ন সকল বৃত্তির অপেক্ষায় শ্রেষ্ঠ।

অপত্যপ্রীতি সম্বন্ধে যাহা বিললাম, দম্পতিপ্রীতি সম্বন্ধেও তাহা বলা যায়। অর্থাং (১) স্থার প্রতিপালন ও রক্ষণের ভার তোমার উপর। স্থা নিজে আত্মরক্ষণে ও প্রতিপালনে অক্ষম। অতএব তাহা তোমার অনুতেঠ্য কর্ম্ম। স্থার পালন ও রক্ষা ব্যতীত প্রজার বিলোপ সম্ভাবনা। এজন্য তংপালন ও রক্ষণ জন্য স্বামীর প্রাণপাত করাও ধর্ম্মসঙ্গত।

(২) দ্বামীর পালন ও রক্ষণ দ্বীর সাধ্য নহে, কিন্তু তাঁহার সেবা ও স্থসাধন তাঁহার সাধ্য। তাহাই তাঁহার ধন্ম। অন্য ধন্ম অসম্পূর্ণ, হিন্দ্র্ধন্ম সন্বশ্রেণ্ঠ এবং সম্পূর্ণ; হিন্দ্র্ধন্মে স্বীকে সহধন্মিণী বলিষাছে। যদি দম্পতিপ্রীতিকে পাশব ব্তিতে পরিণত না করা হয়, তবে ইহাই দ্বীর যোগ্য নাম; তিনি স্বামীর ধন্মের সহায়। অতএব স্বামীর সেবা, স্ব্খসাধন ও ধন্মের সহায়তা, ইহাই দ্বীর ধন্মি।

(৩) জগৎ রক্ষার্থ এবং ধন্মাচরণের জন্য দম্পতিপ্রীতি। তাহা স্মরণ রাখিয়া এই প্রীতির অনুশীলন করিলে ইহাও নিষ্কাম ধন্মে পরিণত হইতে পারে ও হওয়াই উচিত। নহিলে ইহা

নিষ্কাম ধর্ম নহে।

শিষ্য। আমি এই দম্পতিপ্রীতিকেই পাশব বৃত্তি বলি, অপত্যপ্রীতিকে পাশব বৃত্তি বলিতে তত সম্মত নহি। কেন না, পশ্রদিগেরও দাম্পত্য অনুরাগ আছে। সে অনুরাগও অতিশয় তীব্র।

গ্রহ। পশ্রদিগের দম্পতিপ্রীতি নাই। শিষা।—

মধ্ দিরেফঃ কুস্মৈকপাত্রে
পপো প্রিয়াং স্বামন্বর্ত্তমানঃ।
শ্রেদঃ চ স্পর্ণনিম্মালিতাক্ষীং
ম্গামক ভ্রেত কৃষ্ণসারঃ॥
দদো রসাং পৎকজরেশ্রারি
গজার গ ভ্রেজলং করেণ্ড।
অকোপভূক্তেন বিসেন জায়াং
সভাবয়ামাস রথাক্ষনামা॥

গ্রুর। ওহো! কিন্তু আসল কথাটা ছাড়িয়া গেলে যে! তং দেশমারোপিত প্ম্পচাপে রতিদ্বিতীয়ে মদনে প্রপক্ষে—ইত্যাদি।

রতি সহিত মন্মধ দেখানে উপস্থিত, তাই এই পাশব অনুরাগের বিকাশ। কবি নিজেই বিলয়া দিয়াছেন যে, এই অনুরাগ স্মরজ। ইহা পশ্রিদগেরও আছে, মন্ধ্যেরও আছে। ইহাকে

बिष्कम ब्राजनावली

কামবৃত্তি বলিয়া প্রের্থ নির্দ্দিণ্ট করিয়াছি। ইহাকে দম্পতিপ্রীতি বলি না। ইহা পাশব বৃত্তি বটে, স্বতঃস্ফৃর্ত, এবং ইহার দমন অনুশালন। কাম, সহজ; দম্পতিপ্রীতি সংসগজে: কামজনিত অনুরাগ ক্ষণিক, দম্পতিপ্রীতি স্থায়ী। তবে ইহা স্বীকার করিতে হয় যে, অনেক সময়ে এই কামবৃত্তি আসিয়া দম্পতিপ্রীতিস্থান অধিকার করে। অনেক সময়ে তাহার দ্থান অধিকার না কর্ক, দম্পতিপ্রীতির সঙ্গে সংখ্তে হয়। সে অবস্থায় যে পরিমাণে ইন্দ্রিয়ের তৃপ্তি. বাসনার প্রবলতা, সেই পরিমাণে দম্পতিপ্রীতিও পাশবতা প্রাপ্ত হয়। এই সকল অবস্থায় দম্পতিপ্রীতি অতিশয় বলবতী বৃত্তি হইয়া উঠে। এ সকল অবস্থায় তাহাব সামজস্য আবশ্যক। যে সকল নিয়ম প্রের্থ বলা হইয়াছে, তাহাই সামজস্যের উত্তম উপায়।

শিষ্য। আমি যত দ্র ব্ঝিতে পারি এই কামব্তিই স্থিতরক্ষার উপায়। দম্পতিপ্রীতি ব্যতীত ইহার দ্বারাই জগং রক্ষিত হইতে পারে। ইহাই তবে নিজ্কাম ধন্মে পরিণত করা যাইতে পারে। দম্পতিপ্রীতি যে নিজ্কাম ধন্মে পরিণত করা যাইতে পারে, এমন বিচারপ্রণালী দেখিতেছি না।

গ্রন্থ সমরজ ব্তিও যে নিজ্ঞাম কম্মের কারণ হইতে পারে, ইহা আমি স্বীকার করি। কিন্তু তোমার আসল কথাতেই ভূল। দম্পতিপ্রীতি ব্যতীত কেবল পাশব ব্তিতে জগং রক্ষা হইতে পারে না।

শিষা। পশ্বসূষ্টি ত কেবল তন্দ্বারাই রক্ষিত হইয়া থাকে।

গ্রহ। পশ্রদ্ধি রক্ষিত হইতে পারে, কিন্তু মন্যাস্থি রক্ষা পাইতে পারে না। কারণ, পশ্রদিদের স্থাদিদের আত্মরক্ষার ও আত্মপালনের শক্তি আছে। মন্যাস্থীর তাহা নাই। অতএব মন্যাজাতিমধ্যে প্রহুব দ্বারা স্থাজাতির পালন ও রক্ষণ না হইলে স্থাজাতির বিলোপের সম্ভাবনা।

শিষ্য। মনুষ্জাতির অসভ্যাবস্থায় কির্প?

গ্রে। ষের্প অসভ্যাবস্থার মন্যা পশ্তুলা, অর্থাং বিবাহপ্রথা নাই, সেই অবস্থার স্থানাক সকল আত্মরক্ষার ও আত্মপালনে সক্ষম কি না, তাহা বিচারের প্রয়োজন নাই। কেন না, তাদ্শ অসভ্যাবস্থার সঙ্গে ধন্মের কোন সন্বন্ধ নাই। মন্যা যত দিন সমাজভুক্ত না হয় তত দিন তাহাদের শারীরিক ধন্ম ভিন্ন অন্যা ধন্ম নাই বলিলেও হয়। ১৯ চরণ জন্য সমাজ আবশ্যক। সমাজ ভিন্ন জ্ঞানোন্নতি নাই; জ্ঞানোন্নতি ভিন্ন ধন্মাধিক্ম জ্ঞান সম্ভবে না। ধন্মজ্ঞান ভিন্ন ক্ষরের ভক্তি সম্ভবে না; এবং যেখানে অন্য মন্যোর সঙ্গে সন্বন্ধ নাই, সেখানে মন্যো প্রীতি প্রভৃতি ধন্মাও সম্ভবে না। অর্থাং অসভ্যাবস্থায় শারীরিক ধন্মা ভিন্ন অন্য কোন ধন্মা সম্ভব নহে।

ধন্মজন্য সমাজ আবশ্যক। সমাজগঠনের পক্ষে একটি প্রথম প্রয়োজন বিবাহপ্রথা। বিবাহপ্রথার স্থুল মন্ম এই যে, স্বীপ্র্র্ব এক হইয়া সাংসারিক ব্যাপার ভাগে নিব্বহি করিবে। যাহার যাহা যোগ্য, সে সেই ভাগের ভারপ্রাপ্ত। প্র্রুষের ভাগ—পালন ও রক্ষণ। স্বী অন্যভারপ্রাপ্ত, পালন ও রক্ষণে সক্ষম হইলেও বিবত। বহুপ্র্রুষপ্রন্পর্পর্পরার এইর্প বিরতি ও অনভ্যাসবশতঃ সামাজিক নারী আত্মপালনে ও রক্ষণে অক্ষম। এ অবস্থায় প্রুষ্ স্বীপালন ও রক্ষণ না করিলে অবশ্য স্বীজাতির বিলোপ ঘটিবে। অথচ যদি প্রন্দ তাহাদিগের সে শক্তি প্রুনরভ্যাসে প্রুষ্পরম্পরা উপস্থিত হইতে পারে, এমন কথা বল, তবে বিবাহপ্রথার বিলোপ এবং সমাজ ও ধন্ম বিনন্ধ ইইলে তাহার সম্ভাবনা নাই, ইহাও বলিতে হইবে।

শিষ্য। তবে পাশ্চাত্ত্যেরা যে স্ত্রীপর্র্বের সাম্য স্থাপন করিতে চাহেন, সেটা সামাজিক বিড়ম্বনা মাত্র?

গ্রের। সাম্য কি সম্ভবে? প্রের্থে কি প্রসব করিতে পারে, না শিশ্বকে স্তন্য পান করাইতে পারে? পক্ষান্তরে স্ত্রীলোকের পল্টন লইয়া লড়াই চলে কি?

শিষ্য। তবে শারীরিক বৃত্তির অনুশীলনের কথা যে প্রের্ব বলিয়াছিলেন, তাহা স্থীলোকের পক্ষে খাটে না?

গ্রন। কেন খাটিবে না? যাহার যে শক্তি আছে. সে তাহার অনুশীলন করিবে। স্থালোকের যুদ্ধ করিবার শক্তি থাকে. তাহা অনুশীলিত কর্ক; প্রব্যের স্তন্য পান করাইবার শক্তি থাকে, অনুশীলিত কর্ক।

শিষ্য। কিন্তু দেখা বাইতেছে যে, পাশ্চান্তা স্থালোকেরা ঘোড়ায় চড়া, বন্দক ছোড়া প্রান্তৃতি পৌর্ব কম্মে বিলক্ষণ পটতো লাভ করিয়া থাকে।

গ্রে,। অভ্যাস ও অনুশীলনে যে প্রভেদের কথা প্রের্ব বিলয়াছি, তাহা স্মরণ কর। অনুশীলন, শক্তির অনুক্ল; অভ্যাস, শক্তির প্রতিক্ল। অনুশীলনে শক্তির বিকাশ; অভ্যাসে বিকার। এ সকল অভ্যাসের ফল, অনুশীলনের নহে। অভ্যাস, প্রয়োজনমতে কর্ত্ববা, অনুশীলন সম্বত্র কর্ত্ব্য।

যাক। এ তত্ত্ব যেট্কু বলা আবশ্যক, তাহা বলা গেল। এখন অপতাপ্রীতি ও দম্পতিপ্রীতি সম্বন্ধে কয়টা বিশেষ প্রয়োজনীয় কথা পত্নরত্তুক করিয়া সমাপ্ত করি।

প্রথম, বলিরাছি যে, অপত্যপ্রতীত স্বতঃস্ফুর্তা। দম্পতিপ্রতি স্বতঃস্ফুর্তা নহে: কিন্তু স্বতঃস্ফুর্তা ইন্দ্রিলালসা ইহার সঙ্গে সংযুক্ত হইলে, ইহাও স্বতঃস্ফুর্তার নায় বলবতী হয়। এই উভয় ব্রিউই এই সকল কারণে অতি দ্বৃদ্ধমনীয় বেগবিশিষ্ট। অপতাপ্রীতির নায় দ্বৃদ্ধমনীয় বেগবিশিষ্ট ব্রি মন্ব্যের আর আছে কিনা সন্দেহ। নাই বলিলে অত্যুক্তি হইবে না।

দ্বিতীয়, এই দুইটি ব্রিউই অতিশয় রমণীয়। ইহাদের তুল্য বল আর কোন ব্রির থাকিলে থাকিতে পারে, কিন্তু এমন পরম রমণীয় ব্রিত্ত মন্দ্রের আর নাই। রমণীয়তায় এই দুইটি ব্রিত্ত সমস্ত মন্ম্যব্তিকে এত দ্র পরাভব করিয়াছে যে, এই দুইটি ব্রিত্ত, বিশেষতঃ দম্পতি-প্রতিত, সকল জ্ঞাতির কাব্য-সাহিত্য অধিকৃত করিয়া রাখিয়াছে। সমস্ত জগতে ইহাই কাব্যের একমাত্র উপাদান বলিলেও বলা যায়।

তৃতীয়তঃ, সাধারণ মন্ব্যের পক্ষে স্থকরও এই দুই বৃত্তির তুলাও আর নাই। ভক্তিও জাগতিক প্রীতির সূথ উক্ততর ও তীরতর, কিন্তু তাহা অন্শীলন ভিন্ন পাওয়া যায় না; সে অন্শীলনও কঠিন ও জ্ঞানসাপেক্ষ। কিন্তু অপতাপ্রীতির সূথ অন্শীলনসাপেক্ষ নহে; এবং দম্পতিপ্রীতির সূথ কিয়ংপরিমাণে অন্শীলনসাপেক্ষ হইলেও সে অন্শীলন অতি সহজ্ঞ ও সূথকর।

এই সকল কারণে এই দ্বৈ বৃত্তি অনেক সময়ে মন্বোর ঘোরতর ধন্মবিঘা পরিণত হয়।
ইহারা পরম রমণীয় এবং অতিশয় স্বেদ, এজনা ইহাদের অপরিমিত অন্শীলনে মন্বেদর
অতিশয় প্রবৃত্তি। এবং ইহার বেগ দ্বন্দমনীয়, এই জনা ইহার অন্শীলনের ফল, ইহাদের
সব্ব্যাসিনী বৃদ্ধি! তখন ভক্তি, প্রীতি এবং সমস্ত ধন্ম ইহাদের বেগে ভাসিয়া বায়। এই
জন্য সচরাচর দেখা যায় যে, মন্ব্য স্ত্রীপ্রাদির ল্লেহের বশীভূত হইয়া অন্য সমস্ত ধন্ম
পরিত্যাগ করে। বাঙ্গালির এ কলঙ্ক বিশেষ বলবান্।

এই কারণে যাঁহারা সম্যাসধর্ম্মাবলম্বী, তাঁহাদিনের নিকট অপত্যপ্রীতি ও দম্পতিপ্রীতি অতিশয় ঘূণিত। তাঁহারা দ্বীমান্তকেই পিশাচী মনে করেন। আমি তোমাকে ব্ঝাইয়াছি, অপত্যপ্রীতি ও দম্পতিপ্রীতি সম্নিচত মান্রায় পরম ধর্মা। তাহা পরিত্যাগ ঘোরতর অধন্মা। অতএব সম্যাসধর্মাবলম্বীদিনের এই আচরণ যে মহং পাপাচরণ, তাহা তোমাকে বলিতে হইবেনা। আর জাগতিক-প্রীতি-তত্ত্ব ব্ঝাইবার সময় তোমাকে ব্ঝাইয়াছি যে, এই পারিবারিক প্রীতি জাগতিক প্রীতিতে আরোহণ করিবার প্রথম সোপান। যাহারা এই সোপানে পদার্পণ না করে, তাহারা জাগতিক প্রীতিতে আরোহণ করিবেত পারে না।

শিষ্য। যীশর?

গ্রন। যীশন বা শাক্যসিংহের ন্যায় যাহারা পারে, তাহাদের ঈশ্বরাংশ বলিয়া মন্বের ফ্রীকার করিয়া থাকে। ইহাই প্রমাণ যে, এই বিধি যীশন বা শাক্যসিংহের ন্যায় মন্ব্র ভিন্ন আর কেহই লক্ষন করিতে পারে না। আর যীশন বা শাক্যসিংহ যদি গৃহী হইয়া জগতের ধন্দ্রপ্রবর্ত্তক হইতে পারিতেন, তাহা হইলে তাঁহাদিগের ধান্দ্রিকতা সম্পূর্ণতা প্রাপ্ত হইত সম্পেছ নাই।* আদশ্ প্রের্থ শ্রীকৃষ্ণ গৃহী। যীশন বা শাক্যসিংহ সন্ন্যাসী—আদশ্ প্রের্থ নহেন।

অপ্রতাপ্রীতি ও দম্পতিপ্রীতি ভিন্ন স্বজনপ্রীতির ভিতর আরও কিছু আছে। (১) বাহারা অপত্যস্থানীর, তাহারাও অপত্যপ্রীতির ভাগী। (২) বাহারা শোণিত-সম্বন্ধে আমাদের সহিত

কৃষ্করিয় নামক গ্রান্থে এই কথাটা বর্ত্তমান গ্রন্থকার কর্তৃক সবিস্তারে আলোচিত হইয়াছে।

সম্বন্ধ, মথা—দ্রাতা ভাগনী প্রভৃতি, ভাহারাও আমাদের প্রীতির পার। সংস্কৃতিনতই হউক, আত্মপ্রীতির সম্প্রসারণেই হউক, তাহাদের প্রতি প্রীতি সচরাচর জন্মিয়া থাকে। (৩) এইরপ্র প্রীতির সম্প্রসারণ হইতে থাকিলে, কুট্ম্বাদি ও প্রতিবাসিগণ প্রীতির পাত্র হয়, ইহা প্রীতির নৈস্থিক বিস্তার কথনকালে বলিয়াছি। (৪) এমন অনেক ব্যক্তির সংসূর্গে আমরা পড়িয়া থাকি ষে, তাহারা আমাদের স্বক্ষনমধ্যে গণনীয় না হইলেও তাহাদের গ্লেণ মন্ধ্র হইয়া আমরা তাহাদের প্রতি বিশেষ প্রীতিযুক্ত হইয়া থাকি। এই বন্ধুপ্রতি অনেক সময়ে অত্যন্ত বলবতী হইয়া থাকে।

ঈদৃশ প্রীতিও অনুশীলনীয় ও উৎকৃষ্ট ধর্ম্ম। সামঞ্জস্যের সাধারণ নিয়মের বশবত্তী হইয়া हेहात जन्मीलन क्रित्र।

চতৃৰ্বিংশতিত্য অধ্যায়-স্বদেশপ্ৰীতি

গ্রুর। অনুশীলনের উদ্দেশ্য, সমস্ত ব্তিগ্রুলিকে স্ফ্রারত ও পরিণত করিয়া ঈশ্বরম খী করা। ইহার সাধন, কম্মীর পক্ষে, ঈশ্বরোদ্দিন্ট কর্মা। ঈশ্বর সর্ব্বভূতে আছেন, এজন্য সমস্ত জাপ আত্মবং প্রীতির আধার হওয়া উচিত। জাগতিক প্রীতির ইহাই মূল। এই মৌলিকতা দেখিতে পাইতেছ, ঈশ্বরোন্দিষ্ট কম্মের। সমস্ত জগৎ কেন আপনার মত ভাল বাসিব? ইহা ঈশ্বরোদ্দিন্ট কর্ম্ম বিলয়া। তবে, যদি এমন কাজ দেখি যে, তাহাও ঈশ্বরোদ্দিন্ট, কিন্তু এই জাগতিক প্রীতির বিরোধী, তবে আমাদের কি করা কর্তব্য? যদি দুই দিক বজার না রাখা ষার, তবে কোন্ দিক্ অবলম্বন করা কর্তব্য?
শিষ্য। সে স্থলে বিচার করা কর্তব্য। বিচারে যে দিক্ গ্রের্ হইবে, সেই দিক অবলম্বন

করা কর্ত্তব্য।

গ্রুর্। তবে, যাহা বলি, তাহা শ্রনিয়া বিচার কর। দম্পতিপ্রীতি-তত্ত্ব ব্রুবাইবার সময়ে বুঝাইয়াছি যে, সমাজের বাহিরে মনুষ্যের কেবল পশ্জীবন আছে মাত্র, সমাজের ভিতরে ভিন্ন মনুষ্যের ধর্মজীবন নাই। সমাজের ভিতরে ভিন্ন কোন প্রকার মঙ্গল নাই বলিলেও অত্যক্তি इयं ना। ममाक्रधदारम नमन्छ मन् स्याद सम्मिधदान। এवर नमन्त मन् स्याद मन् स्वाद मन् स्वाद मन् তোমার ন্যায় স্থানিক্ষতকে কর্চ্চ পাইয়া এ কথাটা বোধ করি ব্রাইতে হইবে না।

শিষ্য। নিম্প্রোজন। বাচম্পতি মহাশয় দেশে থাকিলে এ সকল বিষয়ে আপত্তি উত্থাপিত

করার ভার তাঁরে দিতাম।

গুরু। যদি তাহাই হইল, যদি সমাজধরংসে ধর্ম্মধরংস এবং মনুষ্যের সমস্ত মঙ্গলের ধরংস, তবে সব রাখিয়া আগে সমাজ রক্ষা করিতে হয়। এই জন্য হর্বট স্পেন্সার বলিয়াছেন. "The life of the social organism must, as an end, rank above the lives of its units." অর্থাৎ আত্মরক্ষার অপেক্ষাও দেশরক্ষা শ্রেষ্ঠ ধর্ম্ম। এবং এই জন্যই সহস্র সহস্র ব্যক্তি আত্মপ্রাণ বিসম্পর্ন করিয়াও দেশরক্ষার চেণ্টা করিয়াছেন।

যে কারণে আত্মরক্ষার অপেক্ষা দেশরক্ষা শ্রেষ্ঠ ধর্ম্ম, সেই কারণেই ইহা স্বজনবক্ষার অপেক্ষাও শ্রেষ্ঠ ধর্ম্ম। কেন না, তোমার পরিবারবর্গ সমাজের সামান্য অংশ মাত্র, সমন্দারের

জন্য অংশ মাত্রকে পরিত্যাগ বিধেয়।

আত্মরক্ষার ন্যায় ও স্বজনরক্ষার ন্যায় স্বদেশরক্ষা ঈশ্বরোদ্দিষ্ট কর্ম্ম; কেন না, ইহা সমস্ত জ্ঞাতের হিতের উপায়। পরস্পরের আক্রমণে সমস্ত বিনষ্ট বা অধঃপতিত হইয়া কোন भवन्यत्माम् भाभिष्ठे काणित यीधकावज्ञ रहेता, भाधियौ रहेता धर्मा ও উन्नणि विमास इदैत। এইজন্য সর্পভৃতের হিতের জন্য সকলেরই স্বদেশরক্ষণ কর্ত্তব্য।

যদি স্বদেশরকাও আত্মরক্ষা ও স্বজনরক্ষার নাায় ঈশ্বরোন্দিন্ট কর্ম্ম হয়, তবে ইহাও নিম্কাম কম্মে পরিণত হইতে পারে। ইহা যে আত্মরক্ষা ও স্বজনরক্ষার অপেক্ষা সহজে নিন্কাম কন্মে পরিণত হইতে পারে ও হইয়া থাকে, তাহা বোধ করি কন্ট পাইয়া বুঝাইতে

শিষা। প্রশ্নটা উত্থাপিত করিয়া আপনি বলিয়াছিলেন, "বিচার কর।" এক্ষণে বিচারে কি

নিজ্পত্র হুইল ?

গ্রে। বিচারে এই নিম্পন্ন হইতেছে বে, সম্পূতি সমদ্ধি মাদৃশ আমার অনুষ্ঠের কর্মা, আত্মরকা, স্বজনরকা এবং দেশরকা আমার তাদৃশ অনুষ্ঠের কর্মা। উভরেরই অনুষ্ঠান করিতে হইবে। যখন উভরে পরস্পর্বাবরোধী হইবে, তখন কোন্ দিক্ গ্রে, তাহাই দেখিব। আত্মরকা, স্বজনরকা দেশরকা—জগৎরকার জন্য প্রয়োজনীয়, অতএব সেই দিক্ অবলম্বনীর।

কিন্তু বন্তুতঃ জাগতিক প্রীতির সঙ্গে, আত্মপ্রীতি বা স্বজনপ্রীতি বা দেশপ্রীতির কোন বিরোধ নাই। যে আক্রমণকারী, তাহা হইতে আত্মরক্ষা করিব, কিন্তু তাহার প্রতি প্রীতিশূন্য কেন হইব? ক্ষ্যার্স চোরের উদাহরণের দ্বারা ইহা তোমাকে প্রের্ম ব্রাইয়াছ। আর ইহাও ব্ঝাইয়াছি যে, জাগতিক প্রীতি এবং সম্বর্ত সমদর্শনের এমন তাংপর্যা নহে যে, পডিয়া মার খাইতে হইবে। ইহার তাৎপর্য্য এই যে. যখন সকলেই আমার তুলা, তখন আমি কখন কাহারও অনিষ্ট করিব না। কোন মনুষোরও করিব না এবং কোন সমাজেরও করিব না। আপনার সমাজের যেমন সাধ্যান সারে ইন্ট সাধন করিব, সাধ্যান সারে পর-সমাজেরও তেমনি ইন্ট সাধন করিব। সাধ্যান,সারে—কেন না, কোন সমাজের অনিষ্ট করিয়া অন্য কোন সমাজের ইন্ট সাধন করিব না। পর-সমাজের অনিষ্ট সাধন করিয়া, আমার সমাজের ইষ্ট সাধন করিব না, এবং আমার সমাজের অনিষ্ট সাধন করিয়া, কাহারেও আপনার সমাজের ইষ্ট সাধন করিতে দিব না। ইহাই যথার্থ সম দর্শন এবং ইহাই জাগতিক প্রীতি ও দেশপ্রীতির সাম**ঞ্জ**স্য। কয় দিন প্রের্থ তুমি যে প্রশ্ন করিয়াছিলে, এক্ষণে তাহার উত্তর পাইলে। বোধ করি, তোমার মনে ইউরোপীয় Patriotism ধন্মের কথা জাগিতেছিল, তাই তুমি এ প্রশন করিয়াছিলে। আমি তোমাকে যে দেশপ্রীতি ব্রাইলাম তাহা ইউরোপীয় Patriotism নহে। ইউরোপীয় Patriotism একটা ঘোরতর পৈশাচিক পাপ! ইউরোপীয় Patriotism ধন্মের তাৎপর্য্য এই যে, পর-সমাজের কাডিয়া ঘরের সমাজে আনিব। স্বদেশের শ্রীবৃদ্ধি করিব, কিন্ত অনা সমস্ত জাতির সর্বনাশ করিয়া তাহা করিতে হইবে। এই দরেন্ত Patriotism প্রভাবে আমেরিকার আদিম জাতিসকল প্রথিবী হইতে বিলুপ্ত হইল। জগদীশ্বর ভারতবর্ষে যেন ভারতব্যীরের কপালে এর পে দেশবাংসল্য ধর্ম্ম না লিখেন। এখন বল, প্রীতিতত্ত্বে স্থলে তত্ত্ব কি ব্রবিলে?

শিষ্য। ব্ৰিঝয়াছি যে, মনুষ্যের সকল ব্তিগ্বলি অনুশীলিত হইয়া যখন ঈশ্বরান্বতিনী

হইবে, মনের সেই অবস্থাই ভক্তি।

এই ভক্তির ফল, জাগতিক প্রীতি। কেন না, ঈশ্বর সর্ম্বভূতে আছেন।

এই জার্গতিক প্রীতির সঙ্গে আত্মপ্রীতি, স্বজনপ্রীতি এবং স্বদেশপ্রীতির প্রকৃত পক্ষে কোন বিরোধ নাই। আপাততঃ যে বিরোধ আমরা অনুভব করি, সেটা এই সকল ব্রিকে নিম্কামতায় পরিণত করিতে আমরা যত্ন করি না. এই জন্য। অর্থাৎ সম্কিত অনুশীলনের অভাবে।

আরও ব্বিয়াছি, আত্মরকা হইতে স্বজনরকা গ্রহতর ধর্ম্ম, স্বজনরকা হইতে দেশরকা গ্রহতর ধর্ম্ম। যখন ঈশ্বরে ভক্তি এবং সর্বলোকে প্রীতি এক, তখন বলা যাইতে পারে বে,

ঈশ্বরে ভক্তি ভিন্ন, দেশপ্রীতি সর্ব্বাপেক্ষা গ্রহতর ধর্ম।

গ্রন। ইহাতে ভারতবধীর্মদিদোর সামাজিক ও ধর্ম্ম সন্বন্ধীর অবন্তির কারণ পাইলে। ভারতবধীর্মদিদোর ঈশ্বরে ভক্তি ও সন্ধালোকে সমদ্দি ছিল। কিন্তু তাঁহারা দেশপ্রীতি সেই সান্ধালিক প্রীতিতে ভূবাইরা দিয়াছিলেন। ইহা প্রীতিবৃত্তির সামঞ্জসাপ্র্ণ অনুশীলন নহে। দেশপ্রীতি ও সার্ম্বালিক প্রীতি, উভয়ের অনুশীলন ও পরস্পর সামঞ্জসা চাই। ভাহা ঘটিলে, ভবিষ্যতে ভারতবর্ষ পৃথিবীর শ্রেষ্ঠ জাতির আসন গ্রহণ করিতে পারিবে।

শিষ্য। ভারতবর্ষ আপনার ব্যাখ্যাত অন্শীলনতত্ত্ব ব্ৰিতে পারিলে ও কার্ষ্যে পরিণত করিলে প্থিবীর সম্ব্রেণ্ড জাতির আসন গ্রহণ করিবে, তদ্বিবরে আমার অণ্নাত্ত সন্দেহ

নাই।

পঞ্চবিংশতিভ্য অধ্যায়—পশ্সীতি

গ্রুর। প্রীতিতত্ত্ব সম্বন্ধীর আর একটি কথা বাকি আছে। অন্য সকল ধন্মের অপেকা হিন্দুর্যম্ম যে শ্রেষ্ঠ, তাহার সহস্র উদাহরণ দেওরা বাইতে পারে। এই প্রীতিতত্ত্ব বাহা তোমাকে ব্রুইলাম, ইহার ভিতরেই তাহার কত উদাহরণ পাওয়া যাইতে পারে। হিন্দর্শিগের স্বাগতিক প্রাণিত বাহা তোমাকে ব্রুইয়াছি, তাহাতেই ইহার চমংকার উদাহরণ পাইয়াছ। অন্য ধন্মেও সম্প্রলাকে প্রীতিবৃক্ত হইতে বলে বটে. কিন্তু তাহার উপযুক্ত মূল কিছুই নিন্দেশি করিতে পারে না। হিন্দর্শম্পের এই জাগতিক প্রীতি জগতত্ত্ব দৃঢ় বদ্ধমূল। ঈশ্বরের সম্প্রবাগকতায় ইহার ভিত্তি। হিন্দর্শিগের দম্পতিপ্রীতি সমালোচনায় আর একটি এই শ্রেষ্ঠতার প্রমাণ পাওয়া বায়; হিন্দর্শিগের দম্পতিপ্রীতি অন্য জাতির আদশস্থল: হিন্দর্শম্পের বিবাহপ্রথা ইহার কারণ। শামি এক্ষণে প্রীতিতত্ত্বটিত আর একটি প্রমাণ দিব।

ঈশ্বর সর্প্রভৃতে আছেন। এই জন্য সর্প্রভৃতে সমদ্দি করিতে হইবে। কিন্তু সর্প্রভৃত বাললে কেবল মন্ব্য ব্ঝায় না। সমস্ত জীব সর্প্রভৃতান্তর্গত। অতএব পশ্রগণও মন্ব্যের প্রীতির পাত্র। মন্ব্যও যের্প প্রীতির পাত্র, পশ্রগণও সেইর্প প্রীতির পাত্র। এইর্প অভেদজ্ঞান আর কোন ধন্মে নাই, কেবল হিন্দ্রধন্মে ও হিন্দ্রধন্ম হইতে উৎপন্ন বৌদ্ধধন্মে আছে।

শিষ্য। কথা বৌশ্ধধন্ম হিন্দ্ধন্ম হইতে পাইয়াছে, না হিন্দ্ধন্ম বৌদ্ধধন্ম হইতে পাইয়াছে?

গ্রন। অর্থাং তোমার জিজ্ঞাস্য যে, ছেলে বাপের বিষয় পাইয়াছে. না বাপ ছেলের বিষয পাইয়াছে?

শিষ্য। বাপ কখন ছেলের বিষয় পায়?

গ্রের। যে প্রকৃতির গতিবির্দ্ধ পক্ষ সমর্থন করে, প্রমাণের ভার তাহার উপর। বৌদ্ধ পক্ষে প্রমাণ কি?

শিষা। কিছুই না বোধ হয়। হিন্দু পক্ষে প্রমাণ কি?

গ্রব। ছেলে বাপের বিষয় পায়, এই কথাই যথেন্ট। তা ছাড়া বাজসনেয় উপনিষং শ্রুতি উদ্ধৃত করিয়া প্রমাণ দিয়াছি যে, সর্বভিতের যে সাম্য, ইহা প্রাচীন বেদোক্ত ধন্ম।

শিষ্য। কিন্তু বেদে ত অশ্বমেধাদির বিধি আছে।

গ্রা। বেদ যদি কোন এক ব্যক্তিবিশেষ-প্রদীত একখানি গ্রন্থ ইইত, তাহা ইইলে না হয় বেদের প্রতি অসঙ্গতি দোষ দেওয়া যাইত। Thomas Acquinas সঙ্গে হবর্তি স্পেন্সরের সংগতি খোঁজা যত দ্র সংগত, বেদের ভিন্ন ভিন্ন অংশের সংগতির সংধানও তত দ্র সংগত। হিংসা ইইতে অহিংসার ধন্মের উন্নতি। যাক্। হিংসাই শ্রুমি বিহিত "পশ্বদিগের প্রতি অহিংসা" পরম রমদীয় ধন্মা। যত্নে ইহার অনুশীলন করিবে। অহিণ্দ্রা যত্নে ইহার অনুশীলন করিয়া থাকে। খাইবার জন্য বা চাষের জন্য বা চাড়বার জন্য যাহারা গো মেষ অশ্বাদির পালন করে, আমি কেবল তাহাদের কথা বলিতেছি না। কুকুরের মাংস খাওয়া যায় না, তথাপি কত যত্নে খৃষ্টানেরা কুকুর পালন করে! তাহাতে তাহাদের কত স্বুং! আমাদের দেশে কত স্কুলি।ক বিড়াল প্রিষয়া অপত্যহীনতার দৃঃখ নিবারণ করে। একটি পক্ষী প্রিষয়া কে না স্বুখী হয় শ্রামি একদা একখান ইংরাজি গ্রন্থে পড়িয়াছিলাম,—যে বাড়ীতে দেখিবে—পিঞ্গরে পক্ষী আছে, জানিবে—সেই বাড়ীতে একজন বিজ্ঞ মানুষ আছে। গ্রন্থখানির নাম মনে নাই, কিন্তু বিজ্ঞ

পশ্রদিগের মধ্যে গো হিন্দর্দিগের বিশেষ প্রীতির পাত্র। গোর্র তুল্য হিন্দ্রে পরমোপ-কারী আর কেহই নাই। গোদ্রা হিন্দ্রে দ্বিতীয় জীবন স্বর্প। হিন্দ্র মাংস ভোজন করে না। যে অল্ল আমরা ভোজন করি, তাহাতে প্রিটকর (nitrogenous) দ্রা বড় অল্প, গোর্র দ্বা না খাইলে সে অভাব মোচন হইত না। কেবল গোর্র দ্বা খাইয়াই আমরা মান্র এমন নহে; যে ধান্যের উপর আমাদের নির্ভর, তাহার চাষও গোর্র উপর নির্ভর—গোর্ই আমাদের অল্লাতা। গোর্ কেবল ধান্য উৎপাদন করিয়াই ক্লান্ত নহে; তাহা মাঠ হইতে গোলায়, গোলা ইইতে বাজারে, বাজার হইতে ঘরে বহিয়া দিয়া যায়। ভারতবর্ষের সমস্ত বহনকার্য্য গোর্ই করে। গোর্ মরিয়াও দ্বিতীয় দধীচির ন্যায়, অক্সির দ্বারা, শ্রের দ্বারা ও চামড়ার দ্বারা উপকার করে। মুথে বলে, গোর্ হিন্দ্রের দেবতা: দেবতা নহে, কিন্তু দেবতার ন্যায় উপকার করে।

বাব্ চন্দ্রনাথ বস্ প্রশীত ছিন্দ্বিবাহ বিষয়ক পর্ত্তিকা দেখ।

বৃষ্টিদেবতা ইন্দ্র আমাদের যত উপকার করে, গোর তাহার অধিক উপকার করে। ইন্দ্র ধাদ প্রভার্থ হয়েন, গোর ও তবে প্রভার্থ। যদি কোন কারণে বাঙ্গালা দেশে হঠাং গোবংশ লোপ পায়, তবে বাঙ্গালি জাতিও লোপ পাইবে সন্দেহ নাই। যদি হিন্দ্র, ম্বসলমানের দেখাদেখি গোর খাইতে শিখিত, তবে হয় এত দিন হিন্দ্র নাম লোপ পাইত, নয় হিন্দ্রেরা অতিশায় দ্বদর্শাপাম হইয়া থাকিত। হিন্দ্রের অহিংসা ধন্মই এখানে হিন্দ্রের রক্ষা করিয়াছে। অনুশীলনের ফল হাতে হাতে দেখ। পানুপ্রীতি অনুশীলিত হইয়াছিল বালয়াই হিন্দ্রে এ উপকার হইয়াছে।

শিষ্য। বাঙ্গালার অন্তর্কে কৃষক মুসলমান।

গ্রন। তাহারা হিন্দ্র্জাতিসম্ভূত বলিয়াই হউক, আর হিন্দ্র মধ্যে থাকার জনাই হউক, আচারে ত তাহারা হিন্দ্র। তাহারা গোর, থায় না। হিন্দ্রংশসম্ভূত হইয়া যে গোর, থায়, সে কুলাঙ্গার ও নরাধম।

শিষ্য। অনেক পাশ্চান্তা পণ্ডিত বলেন, হিন্দরো জন্মান্তরবাদী: তাহারা মনে করে, কি জানি, আমাদের কোন্ পূর্বে প্রেয় দেহান্তর প্রাপ্ত হইয়া কোন পশ্ন হইয়া আছেন, এই

আশ কায় হিশ্বরা পশ্বদিসের প্রতি দয়াবান্।

গ্রুর। তুমি পাশ্চান্ত্য পশ্চিতে ও পাশ্চান্ত্য গন্দতে গোল করিয়া ফেলিতেছ। এক্ষণে হিন্দুধন্মের মন্ম কিছু কিছু ব্রিঝলে, এক্ষণে ডাক শ্রনিলে গন্দভি চিনিতে পারিবে।

ষড়বিংশতিতম অধ্যায়-দয়া

গ্রে। ভভিড ও প্রতির পর দয়। আর্তের প্রতি যে বিশেষ প্রতিভাব, তাহাই দয়া।
প্রতিতি যেমন ভভিতর অন্তর্গত, দয়া তেমনই প্রতিতর অন্তর্গত। যে আপনাকে সম্প্রভূতে এবং
সম্প্রভূতকে আপনাতে দেখে, সে সম্প্রভূতে দয়ায়। অতএব ভভিতর অনুশীলনেই যেমন
প্রতির অনুশীলন, তেমনই প্রতির অনুশীলনেই দয়ায় অনুশীলন। ভতিত, প্রতি, দয়া,
হিন্দুখন্মের্ম এক স্ত্রে গ্রথিত—পৃথক্ করা যায় না। হিন্দুখন্মের মত সম্প্রিসম্পন্ন ধন্মে
আর দেখা যায় না।

শিষ্য। তথাপি দয়ার প্থক্ অনুশীলন হিন্দ্ধশ্মে অনুজ্ঞাত হইয়াছে।

গ্রন। ভূরি ভূরি, প্নঃ প্নঃ। দয়ার অনুশীলন যত প্নঃ প্নঃ অনুভাত হইয়াছে, এমন কিছুই নহে। বাহার দয়া নাই, সে হিন্দুই নহে। কিছু হিন্দুধন্মের এই সকল উপদেশে দয়া কথাটা তত ব্যবহৃত হয় নাই, যত দান শন্দ ব্যবহৃত হইয়াছে। দয়ার অনুশীলন দানে, কিছু দান কথাটা লইয়া একটা গোলাযোগ ঘটিয়াছে। দান বিললে সচরাচর আমরা অয়দান, বস্তুদান, ধনদান ইত্যাদিই বৃঝি। কিছু দানের এর্প অর্থ অতি সংকীর্ণ। দানের প্রকৃত অর্থ ত্যাগ। ত্যাগ ও দান পরস্পর প্রতিশব্দ। দয়ার অনুশীলনার্থ ত্যাগ শব্দও অনেক স্থানে ব্যবহৃত হইয়াছে। এই ত্যাগ অর্থে কেবল ধনত্যাগ বৃঝা উচিত নহে। সর্বপ্রকার ত্যাগ—আত্মত্যাগ পর্যান্ত বৃঝিতে হইবে। অতএব যথন দানধন্ম আদিল্ট হইয়াছে, তথন আত্মত্যাগ পর্যান্ত ইহাতে আদিল্ট হইল বৃঝিতে হইবে। এই প দানই যথার্থ দয়ার অনুশীলনমার্গ। নহিলে তোমার অনেক টাকা আছে, তাহার অতাশপাংশ তুমি কোন দরিদ্রকে দিলে, ইহাতে তাহাকে দয়া করা হইল না। কেন না, যেমন জলাশয় হইতে এক গণ্ড্র জল তুলিয়া লইলে জলাশয়ের কোন প্রকার সাক্ষোচ হয় না, তেমনি এইরুপ দানে তোমারও কোন প্রকার কন্ট হইল না, কোন প্রকার আত্মোংস্গর্ণ হইল না। এরুপ দান যে না করে, সে ঘারতর নরাধ্ম বটে, কিছু যে করে, সে একটা বাহাদন্র নয়। ইহাতে দয়া বৃত্তির প্রকৃত অনুশীলন নাই। আপনাকে কণ্ট দিয়া পরের উপকার করিবে, তাহাই দান।

শিষা। যদি আপনিই কন্ট পাইলাম, তবে বৃত্তির অনুশীলনে সূথ হইল কৈ? অথচ

আর্পান বলিয়াছেন--স্থের উপায় ধর্ম।

গ্রহ। যে, বৃত্তিকে অনুশীলিত করে, তাহার সেই কন্টই পরম পবিত্র স্থে পরিণত হয়। শ্রেষ্ঠ বৃত্তিগৃলি—ভতি: প্রীতি, দয়া; ইহাদের একটি লক্ষণ এই, ইহাদের অনুশীলনজনিত দঃখ সুথে পরিণত হয়। এই বৃত্তিগৃলি সকল দঃখকেই সুথে পরিণত করে। সুথের উপায় ধন্মই বটে, আর সেই যে কণ্ট, সেও যত দিন আত্ম-পর ভেদজ্ঞান থাকে. তত দিনই লোক তাহাকে কণ্ট নাম দের। ফলতঃ ধন্মনি,মোদিত যে আত্মপ্রীতি, তাহার সহিত সামঞ্জসাম্বর পরের জন্য যে আত্মতাগ, তাহা ঈশ্বরান,মোদিত: এ জন্য নিক্ষাম হইয়া তাহার অনুষ্ঠান করিবে। সামঞ্জসাবিধি প্রেব বিলয়াছি।

এক্ষণে দানধর্ম্ম যে ভাবে সাধারণ হিন্দৃশাস্ত্রকারিদগের দ্বারা স্থাপিত হইরাছে. তংসন্বন্ধে আমার কিছ্ বলিবার আছে। হিন্দৃধন্মের সাধারণ শাস্ত্রকারেরা (সকলে নহে) বলেন, দান করিলে পশ্যু হয়, এজন্য দান করিবে। এখানে "পশ্যু"—স্বর্গাদি কাম্য বস্তু লাভের উপায়। দান করিলে অক্ষয় স্বর্গ লাভ হয়, এই জন্য দান করিবে, ইহাই সাধারণ হিন্দৃশাস্ত্রকারের ব্যবস্থা। এর্প দানকে ধর্ম্ম বলিতে পারি না। স্বর্গলাভার্থ ধন দান করার অর্থ—ম্ল্য দিয়া স্বর্গে একট্ জমি খরিদ করা, স্বর্গের জন্য টাকা দাদন দিয়া রাখা মাত্র। ইহা ধর্ম্ম নহে. বিনিময় বা বাণিজ্য। এর্প দানকে ধর্ম্ম বলা ধর্মের অবমাননা।

দান করিতে হইবে. কিন্তু নিজ্কাম হইয়া দান করিবে। দয়াব্তির অন্শীলন জন্য দান করিবে; দয়াব্তিতে প্রীতিব্তিরই অন্শীলন, এবং প্রীতি ভক্তিরই অন্শীলন; অতএব ভক্তি, প্রীতি, দয়ার অন্শীলন জন্য দান করিবে, বৃত্তির অন্শীলন ও স্ফৃতিতে ধর্ম্মা, অতএব ধর্মাপেই দান করিবে, প্র্ন্যাপে বা স্বর্গাপ নহে। ঈশ্বর সর্ব্পত্ত আছেন, অতএব সর্ব্পত্ত দান করিবে, যাহা ঈশ্বরের, তাহা ঈশ্বরেক দেয়, ঈশ্বরে সর্ব্বপ্র দানই মন্যান্তের চরম। স্ব্র্পত্ত এবং তোমাতে অভেদ, অতএব তোমার স্বর্পত্ব তোমার, এবণ্ড সর্বলোকের অধিকার; যাহা সর্ব্বলোকের, তাহা সর্ব্বলোককে দিবে। ইহাই যথার্থ হিন্দুধন্মের অন্মোদিত, গীতোক্ত ধন্মের অন্মোদিত দান। ইহাই যথার্থ দানধন্মা। নহিলে তোমার অনেক আছে, ভূমি ভিক্ষ্কাককে কিছু দিলে, তাহা দান নহে। বিস্মারের বিষয়, এমন অনেক লোকও আছে যে, তাহাও দেয় না।

শিষ্য। সকলকেই কি দান করিতে হইবে? দানের কি পাত্রাপাত্র নাই? আকাশের স্বর্ষ্য সন্ধাত্র করবর্ষণ করেন বটে, কিন্তু অনেক প্রদেশ তাহাতে দগ্ধ হইয়া যায়। আকাশের মেঘ সন্ধাত্র জলবর্ষণ করেন বটে, কিন্তু তাহাতে অনেক স্থান হাজিয়া ভাসিয়া যায়। বিচারশন্ম দানে কি সেইরপে আশন্দা নাই?

গ্রহ। দান, দয়াব্তির অনুশীলন জন্য। যে দয়ার পাত্র, তাহাকেই দান করিবে। যে আর্জ, সেই দয়ার পাত্র, অপরে নহে। অতএব যে আর্জ, তাহাকে দান করিবে—অপরকে নহে। সর্বভূতে দয়া করিবে বাললে এমন ব্ঝায় না যে, যাহার কোন প্রকার দৢয়খ নাই, তাহার দৢয়খ নাই, আহার দৢয়খ নাই, আহার দৢয়খ নাই, আহার দৢয়খ নাই, আমন লোকও সংসারে পাওয়া য়য় না। য়হার দায়িদৣয়দৢয়খ নাই, তাহাকে ধনদান বিধেয় নহে, য়হার রেয়দয়ৢয়খ নাই, তাহারে চিকিৎসা বিধেয় নহে। ইহা বলা কর্ত্রা, অনুচিত দানে অনেক সময়ে প্রিবীর পাপ বৃদ্ধি হয়। অনেক লোক অনুচিত দান করে বালয়া, প্রিবীতে য়হায়া সংকার্থের দিন য়াপন করিতে পারে, তাহারাও ভিক্ষুক বা প্রবণ্ডক হয়। অনুচিত দানে সংসারে আলসা, বণ্ডনা এবং পাপফিয়া বৃদ্ধি পাইয়া থাকে। পক্ষান্তরে, অনেকে তাই ভাবিয়া কাহাকেও দান করেন না। তাহাদের বিবেচনায় সকল ভিক্ষুক্ই আলস্যবশতঃই ভিক্ষুক্ক অথবা প্রবণ্ডক। এই দুই দিক্ বাঁচাইযা দান করিবে। য়হায়া জ্ঞানার্জনী ও কার্য্যারিলী বৃত্তি বিহিত্ত অনুশীলিত করিয়াছে, তাহাদের পক্ষে ইহা কঠিন নহে। কেন না, তাহারা বিচারক্ষম অথচ দয়াপর। অতএব মনুষোর সকল বৃত্তির সময়ক্ অনুশীলন ব্যতীত কোন বৃত্তিই সম্পূর্ণ হয় না।

গীতার সপ্তদশ অধ্যারে দান সন্বন্ধে যে ভগবদ্ধি আছে. তাহারও তাংপর্য্য এইর্প—
দাতব্যমিতি যন্দানং দীয়তেহন্পকারিশে।
দেশে কালে চ পাত্রে চ তন্দানং সাত্ত্বিং স্মৃতং॥
যত্ত্ব প্রত্যুপকারার্থং ফলমন্দিশ্য বা প্নঃ।
দীয়তে চ পরিক্লিউং তন্দানং রাজসং স্মৃতং॥
অদেশকালে যন্দান্যপাত্রেভান্চ দীয়তে।
অসংকৃত্যবজ্ঞাতং তত্ত্বাসসমুদাহতং॥



অর্থাং "দেওরা উচিত, এই বিবেচনার বে দান, বাহার প্রত্যুপকার করিবার সভাবনা নাই, তাহাকে দান, দেশ কাল পাত্র বিবেচনা করিয়া যে দান, তাহাই সাত্ত্বিক দান। প্রত্যুপকার-প্রত্যাশার যে দান, ফলের উদ্দেশে যে দান, এবং অপ্রসম হইয়া যে দান করা যায়, তাহা রাজস দান। দেশ কাল পাত্র বিচারশন্না যে দান, অনাদরে এবং অবজ্ঞাযুক্ত যে দান তাহা তামস দান।"

শিষ্য। দানের দেশ কাল পাত্র কিরুপে বিচার করিতে হইবে, গীতায তাহার কিছু উপদেশ আছে কি?

গুরু। গীতায় নাই, কিন্তু ভাষ্যকারেরা সে কথা বিষয়াছেন। ভাষ্যকার্যদিগের রহস্য দেখ। সকল কর্মাই দেশ কাল পাত্র বিচার করিয়া করিতে হয়। দানও সেইর্প। দেশ কাল পাত্র বিচার না করিয়া দান করিলে, দান আর সাত্তিক হইল না, তামসিক হইল। কথাটার অর্থ সোজা ব্রঝিবার জন্য হিন্দুখন্মের কোন বিশেষ বিধির প্রয়োজন করে না। বাঙ্গালা দেশ দৃভিক্ষি উৎসন্ন যাইতেছে: মনে কর, সেই সময়ে মাঞ্চেউরে কাপড়ের কল বন্ধ—শিল্পীদিগের কণ্ট হইয়াছে। এ অবস্থায় আমার কিছ, দিবার থাকিলে দুই জায়গায় কিছ, কিছ, দিতে भातिराल ভान रस, ना भातिराल रकवन वान्नानास या भाति निव। जारा ना निसा, यिन आमि সকলই মাণ্ডেষ্টরে দিই, তবে দেশ-বিচার হইল না। কেন না, মাণ্ডেষ্টরে দিবার অনেক লোক আছে, বাঙ্গালায় দিবার লোক বড় কম। কালবিচারও ঐরূপ। আজ যে ব্যক্তির প্রাণ তুমি আপনার প্রাণপাত করিয়া রক্ষা করিলে, কাল হয়ত তাহাকে তুমি রাজদশ্ভে দণ্ডিত করিতে বাধা হইবে, তথন সে প্রাণদান চাহিলে তুমি দিতে পারিবে না । পার্তাবিচার অতি সহজ্ঞ-প্রায় সকলেই করিতে পারে। দৃঃখীকে সকলেই দেয়, জ্মাচোরকে কেহই দিতে চাহে না। অতএব "দেশে কালে চ পাত্রে চ" এ কথার একটা স্ক্র্মা ব্যাখ্যার বিশেষ প্রযোজন নাই—যে উদার জাগতিক মহানীতি সকলের হদয়গত, ইহা তাহারই অন্তর্গত। এখন ভাষাকারেরা কি বলেন. তাহা দেখ। "দেশে"—িক না "পুলো কুরুক্ষেত্রাদৌ।" শঙ্করাচার্য্য ও শ্রীধর স্বামী উভয়েই ইহা বলেন। তার পর "কালে" কি? শঙ্কর বলেন, "সংক্রান্ত্যাদৌ"—শ্রীধর বলেন "গ্রহণাদৌ"। পারে কি? শঙ্কর বলেন, "ষডঙ্গবিদ্বেদপারাগ ইত্যাদৌ আচারনিষ্ঠায়"– শ্রীধর বলেন, "পাত্র ভূতার তপঃব্রতাদিসম্পল্লায় ব্রাহ্মণায়।" সর্বানাশ! আমি যদি স্বদেশে বসিয়া মাসের ১লা হইতে ২৯শে তারিখের মধ্যে কোন দিনে, অতি দীনদঃখী পীড়িত কাতর এক জন মুচি কি ए। प्राप्त किंद्र मान कींत्र, उत्त तम मान जगवर्गा उत्त मान दरेल मा। धरेत्र तभ कथन ভাষ্যকার্নদেশের বিচারে অতি উন্নত, উদার এবং সার্শ্বলৌকিক যে হিন্দুখর্ম্ম, তাহা অতি সঞ্চীর্ণ এবং অন্দার উপধন্মে পরিণত হইয়াছে। এথানে শঙ্করাচার্য্য ও শ্রীধর স্বামী বাহা বলিলেন, তাহা ভগবদ্বাক্যে নাই। কিন্তু তাহা স্মৃতিশাস্ত্রে আছে। ভগবদ্বাক্যকে স্মৃতির অনুমোদিত করিবার জন্য সেই উদার ধর্মাকে অনুদার এবং সক্কীর্ণ করিয়া ফেলিলেন। এই সকল মহাপ্রতিভাসম্পন্ন, সন্ধাশাস্ত্রবিং মহামহোপাধ্যায়গণের তুলনায় আমাদের মত ক্ষ্ম লোকেরা পর্বতের নিকট বাল কাকণাতুলা, কিন্তু ইহাও কথিত আছে যে.—

> কেবলং শাদ্রমাগ্রিতা ন কর্ত্তব্যা বিনিশ্রঃ। ব্যক্তিহীনবিচারে তু ধর্মহানিঃ প্রজায়তে॥

বিনা বিচারে, শ্বরিদিণ্ডার বাক্যসকল মস্তকের উপর এত কাল বহন করিয়া আমরা এই বিশৃত্থলা, অধন্ম এবং দৃশ্দশার আসিরা পড়িয়াছি। এখন আর বিনা বিচারে বহন করা কর্তব্য নহে। আপনার বৃদ্ধি অনুসারে সকলেরই বিচার করা উচিত। নহিলে আমরা চন্দনবাহী গন্দভের অবস্থাই ক্রমে প্রাপ্ত হইব। কেবল ভারেই পীড়িত হইতে থাকিব—চন্দনের মহিমা কিছ্ই বৃনিবে না।

শিষ্য। তবে এখন ভাষাকারদিগের হাত হইতে হিন্দ্খেশ্বের উদ্ধার করা আমাদের গ্রেব্তর

কর্ম্বর কার্যা।

মন্, ১২ অধ্যার, ১১০শ লোকের টীকায় কুয়৻কভট্ট-ধৃত ব্হস্পতি-বচন।

গৃরু,। প্রাক্তীন ঋষি এবং পশিভতগদ অতিশর প্রতিভাসম্পন্ন এবং মহাজ্ঞানী। তাঁছাদের প্রতি বিশেষ ভক্তি করিবে, কদাপি অমর্য্যাদা বা অনাদর করিবে না। তবে ষেখানে বৃত্তিরে, যে, তাঁহাদিগের উক্তি ঈশ্বরের অভিপ্রায়ের বিরুদ্ধ, সেখানে তাঁহাদের পরিত্যাগ করিয়া, ঈশ্বরাভিপ্রায়েরই অনুসরণ করিবে।

সপ্তবিংশতিতম অধ্যায়—চিত্তরঞ্জিনী বৃত্তি

শিষ্য। এক্ষণে অন্যান্য কার্য্যকারিণী বৃত্তির অনুশীলনের পদ্ধতি শ্ননিতে ইচ্ছা করি। গ্রন্। সে সকল বিস্তারিত কথা শিক্ষাতত্ত্বের অন্তর্গত। আমার কাছে তাহা বিশেষ শ্রনিবার প্রয়োজন নাই। শারীরিকী বৃত্তি বা জ্ঞানান্জনী বৃত্তি সন্বন্ধেও আমি কেবল সাধারণ অনুশীলনপদ্ধতি বিজয় দিয়াছি, বৃত্তিবিশেষ সন্বন্ধে অনুশীলনপদ্ধতি কিছু শিখাই নাই। কি প্রকারে শরীরকে বলাধান করিতে হইবে, কি প্রকারে অস্তর্গক্ষা। বা অশ্বসঞ্জালন করিতে হইবে, কি প্রকারে মধাকে তীক্ষ্য করিতে হইবে বা কি প্রকারে বৃদ্ধিকে গণিতশাস্তের উপযোগী করিতে হইবে, তাহা বাল নাই। কারণ, সে সকল শিক্ষাতত্ত্বের অন্তর্গত। অনুশীলনতত্ত্বের স্থল মন্ম বৃত্তিবার জন্য কেবল সাধারণ বিধি জানিলেই যথেন্ট হয়। আমি শারীরিকী ও জ্ঞানান্ত্রনী বৃত্তি সন্বন্ধেও সেইর্প কথা বলাই আমার উন্দেশ্য। কিন্তু কার্যকারিণী বৃত্তি অনুশীলন সন্বন্ধে যে সাধারণ বিধি, তাহা ভক্তিত্বের অন্তর্গত। প্রীতি ভক্তির অন্তর্গত, এবং দবা প্রীতির অন্তর্গত। সমস্ত ধন্মই এই তিনটি বৃত্তির উপর বিশেষ প্রকারে নির্ভর করে। এই জন্য আমি ভক্তি, প্রীতি, দ্যা বিশেষ প্রকারে ব্ন্যাইয়াছি। নচেং সকল বৃত্তি গণনা কর। বা তাহার অনুশীলনপদ্ধতি নির্বাচন করা আমার উন্দেশ্য নহে, সাধ্যও নহে। শারীরিকী, জ্ঞানান্জনী বৃত্তি সন্বন্ধে গছিবে কিছু বিলব।

জগতের সকল ধন্মের একটি অসম্পূর্ণত। এই যে, চিত্তর্ঞিনী বৃত্তিগ্রনির অনুশালন বিশেষর্পে উপদিন্ট হয় নাই। কিন্তু তাই বলিয়া কেহ এমত সিদ্ধান্ত করিতে পারে না যে, প্রাচীন ধন্মবেন্তারা ইহার আবশ্যকতা অনবগত ছিলেন বা এ সকলের অনুশালনের কোন উপায় বিহিত করেন নাই। হিন্দ্রর প্রের প্রের প্রের নাল্য, ধ্প, দীপ, ধ্না, গ্র্গ্ল, নৃত্য, গীত, বাদ্য প্রভৃতি সকলেরই উদ্দেশ্য ভক্তির অনুশালনের সঙ্গে চিত্তর্ঞিনী বৃত্তির অনুশালনের সন্দিন্দান অথবা এই সকলের দ্বাবা ভক্তির উদ্দাপন। প্রাচীন গ্রীকদিগের ধন্মের্ব, এবং মধ্যকালের ইউরোপে রোমীয় খ্রীষ্ট্রধন্মের্ব উপাসনার সঙ্গে চিত্তর্ঞিনী বৃত্তিসকলের ম্ফ্রের্বর ও পরিত্তির বিলক্ষণ চেন্টা ছিল। আপিলীস্ বা রাফেলের চিচ্চ, মাইকেল এঞ্জিলো বা ফিদিয়সের ভাস্কর্য্য, জন্মাণির বিখ্যাত সঙ্গীতপ্রণেত্গণের সঙ্গীত উপাসনাব সহায় হইয়াছিল। চিত্রকরের, ভাস্করের, স্থপতির, সঙ্গীতকারকের সকল বিদ্যা ধন্মের্বর পদে উৎস্বর্গ করা হইত। ভারতবর্ষেরও স্থাপত্য, ভাস্কর্য্য, চিত্রবিদ্যা, সঙ্গীত উপাসনার সহায়।

শিষ্য। তবে এমন হইতে পারে, প্রতিমা গঠন, উপাসনার সঙ্গে এই প্রকার চিত্তরঞ্জিনী ব্যক্তির তপ্তির আকাৎক্ষার ফল।

গ্রব। এ কথা সঙ্গত বটে, কিন্তু প্রতিমাগঠনের যে অন্য কোন মলেও নাই. এমন কথা

 এ বিষয়ে প্ৰের্থাহা ইংরাজিতে বর্তমান লেখক কর্তৃক লিখিত হইয়াছিল, তাহাব কিয়দংশ নিদ্দে উদ্ধৃত করা বাইতেছে।

"The true explanation consists in the ever true relations of the subjective ideal to its objective Reality. Man is by instinct a poet and an artist. The passionate yearnings of the heart for the Ideal in beauty, in power, and in purity, must find an expression in the world of the Real. Hence proceed all poetry and all art. Exactly in the same way the ideal of the Divine in man receives a form from him, and the form an image. The existence of Idols is as justifiable as that of the tragedy of Hemlet or of that of Prometheus. The religious worship of Idols is as justifiable as the

বলিতে পার না। প্রতিমাপ্রাের উৎপত্তি কি, তাহা বিচারের স্থল এ নহে। চিচ্রবিদ্যা, ভাশ্বর্ষ, স্থাপত্য, সঙ্গীত, এ সকল চিত্তরঞ্জিনী বৃত্তির স্ফ্তি ও তৃপ্তিবিধায়ক, কিন্তু কাবাই চিত্তরঞ্জিনী বৃত্তির অনুশীলনের শ্রেণ্ঠ উপায়। এই কাব্য, গ্রীক ও রােমক ধন্মের সহায়, কিন্তু হিন্দ্র্বন্ধেই কাব্যের বিশেষ সাহায়্য গৃহীত হইয়াছে। রামায়দ ও মহাভারতের তুল্য কাব্যগ্রন্থ আর নাই, অথচ ইহাই হিন্দ্র্নিদেরে এক্ষলে প্রধান ধর্ম্মগ্রন্থ। বিষ্ণু ও ভাগবতাদি প্রাণে এমন কাব্য আছে যে, অন্য দেশে তাহা অতুলনীয়। অতএব হিন্দ্র্বন্ধে যে চিত্তরঞ্জিনী বৃত্তির অন্শীলনের অলপ মনোযােগ ছিল, এমন নহে। তবে যাহা প্রেম্ব বিধিবদ্ধ না হইয়া কেবল লােকাচারেইছিল, তাহা এক্ষণে ধন্মের অংশ বলিয়া বিধিবদ্ধ করিতে হইবে। এবং জ্ঞানান্ডর্ননী ও কার্যাকারিদী বৃত্তিগ্র্লির যেমন অনুশীলন অবশ্য কর্ত্তব্য, চিত্তরঞ্জিনী বৃত্তির সেইর্প অনুশীলন ধন্মান্তন্ত্র দ্বারা অনুজ্ঞাত করিতে হইবে।

শিষ্য। অর্থাং যেমন ধন্মশানে বিহিত হইয়াছে যে. গ্রেজনে ভক্তি করিবে, কাহারও হিংসা করিবে না. দান করিবে, শাস্তাধায়ন ও জ্ঞানোপার্জন করিবে, সেইর্প আপনার এই ব্যাখ্যানুসারে ইহাও বিহিত হইবে যে. চিত্রবিদ্যা, ভাস্কর্য্য, নৃত্য, গীত, বাদ্য, এবং কাব্যের

অনুশীলন করিবে?

গ্রু। হাঁ। নহিলে মন্ষ্যের ধর্মাহানি হইবে।

শিষা। ব্ঝিলাম না।

গ্রু। বুঝ। জগতে আছে কি?

শিষ্য। যাহা আছে, তাই আছে।

গ্রুর। তাহাকে कि বলে?

শিষ্য। সং।

গ্রন্। বা সত্য। এখন এই জগৎ ত জড়পিন্ডের সমষ্টি। জাগতিক বস্তু নানাবিধ, ভিন্ন-প্রকৃতি, বিবিধ গুণবিশিষ্ট। ইহার ভিতর কিছ্ব একা দেখিতে পাও না: বিশ্তখলার মধ্যে কি শৃতখলা দেখিতে পাও না?

শিষ্য। পাই।

গ্রু। किस्त एथ?

শিষ্য। এক অনন্ত অনিন্দে চনীয় শক্তি—যাহাকে স্পেন্সৰ Inscrutable Power in Nature বলিয়াছেন; তাহা হইতে সকল জন্মিতেছে, চলিতেছে, নিয়ত উৎপদ্ম হইতেছে এবং ভাহাতেই সৰ বিলীন হইতেছে।

গ্রন্। তাহাকে বিশ্বব্যাপী চৈতন্য বলা যাউক। সেই চৈতন্যর্পিণী যে শক্তি, তাহাকে চিংশক্তি বলা যাউক। এখন বল দেখি, সতে এই চিতের অবস্থানের ফল কি?

শিষ্য। ফল ত এই মাত্র আর্পানই বলিয়াছেন। ফল এই জাগতিক শৃংখলা। আনিশ্বচনীয় ঐক্য।

গ্রুর্। বিশেষ করিয়া ভাবিষা বল, জীবের পক্ষে এই সনিন্ধচনীয় শ্ংখলাব ফল কি? শিষা। জীবনের উপযোগিতা বা জীবের সূথে।

গ্রহ। তাহার নাম দাও আনন্দ। এই সচিচদানন্দকে জানিলাই জগং জানিলাম। কিন্তু জানিব কি প্রকারে? এক একটা করিয়া ভাবিয়া দেখ। প্রথম, সং অর্থাং যাহা আছে, সেই অলিজ্মান জানিব কি প্রকারে?

শিষা। এই "সং" অর্থে স্তের গণেও বটে?

গ্রে। হাঁ: কেন না, সেই সকল গুণও আছে। তাহাই সতা।

intellectual worship of Hamlet or Prometheus. The homage we owe to the ideal of the human realised in act is admiration. The homage we owe to the ideal of the Divine realised in idealry is worship."—Statesman, Oct. 28, 1882.

এই তত্ত্ব স্লেখক বাব্ চন্দুনাৰ বস্থা নকলীবনের "বোড়শোপচারে প্রাণ ইত্যাদি শীর্ষ ক প্রথকে এর্শ বিশদ ও হুদরগ্রাহী করিয়া ব্ঝাইরাছেন যে, আমার উপরিধ্ত দুই ছত ইংরেজির অন্বাদ এখানে দিবার প্রয়োজন আছে বোধ হয় না।

विषय न्त्रानावनी

শিষ্য। তবে সং বা সত্যকে প্রমাশের দ্বারা জানিতে হইবে।

গ্রু। প্রমাণ কি?

শিষ্য। প্রত্যক্ষ ও অনুমান। অন্য প্রমাণ আমি অনুমানের মধ্যে ধরি।

গ্র্ । ঠিক। কিন্তু অনুমানেরও ব্নিয়াদ প্রত্যক্ষ । অতএব সত্যজ্ঞান প্রত্যক্ষম্কাক। প্রত্যক্ষম্কাক। প্রত্যক্ষম্কাক। প্রত্যক্ষম্কাক। প্রত্যক্ষম্কাক। প্রত্যক্ষম্কাক। প্রত্যক্ষম্কাক। প্রত্যক্ষম্কাক। ক্রিলের মারীরিক ব্রির স্বচ্ছন্দতাই যথেন্ট। তার পর অনুমান জন্য জ্ঞানান্জনী বৃত্তি সকলের সম্বিচত স্ফ্রির ও পরিণতি আবশ্যক। জ্ঞানান্জনী ব্রিস্কার্লির মধ্যে কতকগ্মিলেকে হিন্দ্র্নিগের দর্শান্দ্রেম মনঃ নাম দেওয়া হইয়ছে, আর কতকগ্মিলার নাম ব্রির বলা হইয়ছে। এই মন ও ব্রির প্রভেদ কোন কোন ইউরোপীয় দার্শনিককৃত জ্ঞাপিকা এবং বিচারিকা বৃত্তি মধ্যে যে প্রভেদ, তাহার সঙ্গে কতক মিলো। অনুমান জন্য এই মনোনামযুক্ত ব্রিস্কার্লির স্ফ্রেরিটই বিশেষ প্রয়োজনীয়। এখন এই সন্থ্যাপী চিংকে জানিবে কি প্রকার?

শিষ্য। সেই অনুমানের দ্বারা।

গ্রের্। ঠিক তাহা নহে। যাহাকে বৃদ্ধি বা বিচারিকা বৃত্তি বলা হইয়াছে, তাহার অনুশীলনের দ্বারা। অর্থাৎ সংকে জানিতে হইবে জ্ঞানের দ্বারা এবং চিংকে জ্ঞানিবে ধ্যানের দ্বারা। তার পর আনন্দকে জ্ঞানিবে কিসের দ্বারা।

শিষ্য। ইহা অন্মানের বিষয় নহে, অন্ভবের বিষয়। আমরা আনন্দ অন্মান করি না— অন্ভব করি, ভোগ করি। অতএব আনন্দ জ্ঞানার্চ্জনী বৃত্তির অপ্রাপ্য। অতএব ইহার জন্য অন্যজ্ঞাতীয় বৃত্তি চাই।

গ্রব্। সেইগর্লি চিত্তরঞ্জিনী বৃত্তি। তাহার সমাক্ অনুশীলনে এই সাচ্চদানন্দময় জগৎ এবং জগন্ময় সচ্চিদানন্দের সম্পূর্ণ স্বরূপান,ভূতি হইতে পারে। তদ্বাতীত ধর্ম্ম অসম্পূর্ণ। তাই বলিতেছিলাম যে, চিন্তরঞ্জিনী ব্রির অনুশীলন অভাবে ধন্মের হানি হয়। আমাদের সর্ব্বাঙ্গসম্পন্ন হিন্দুধম্মের ইতিহাস আলোচনা করিলে দেখিতে পাইবে যে ইহার যত পরিবর্ত্তন ঘটিয়াছে, তাহা কেবল ইহাকে সন্ধাঙ্গসম্পন্ন করিবার চেণ্টার ফল। ইহার প্রথমাবস্থা ঋণ্বেদ-সংহিতার ধন্ম আলোচনায় জানা যায়। যাহা শক্তিমান বা উপকারী বা সন্দর, তাহারই উপাদনা এই আদিম বৈদিক ধর্ম। তাহাতে আনন্দভাগ যথেন্ট ছিল, কিন্তু সতের ও চিতের উপাসনার, অর্থাং জ্ঞান বা ধ্যানের অভাব ছিল। এই জন্য কালে তাহা উপনিষদ সকলের দ্বারা সংশোধিত হইল। উপনিষদের ধর্মা—চিকায় পরব্রন্মের উপাসনা। তাহাতে জ্ঞানের ও ধ্যানের অভাব নাই। কিন্তু আনন্দাংশের অভাব আছে। ব্রহ্মানন্দপ্রাপ্তিই উপনিষদ্ সকলের উন্দেশ্য বটে, কিন্তু চিত্তরঞ্জিনী বৃত্তি সকলের অনুশীলন ও স্ফুর্তির পক্ষে সেই জ্ঞান ও ধ্যানময় ধন্মের কোন ব্যবস্থা নাই। বৌদ্ধ ধন্মের্য উপাসনা নাই। বৌদ্ধেরা সং মানিতেন না। এবং তাঁহাদের ধন্মে আনন্দ ছিল না। এই তিন ধন্মের একটিও সচ্চিদানন্দপ্রয়াসী হিন্দু জাতির মধ্যে অধিক দিন স্থায়ী হইল না। এই তিন ধন্মের সারভাগ গ্রহণ করিয়া পৌরাণিক হিন্দুধর্ম্ম সংগঠিত হইল। তাহাতে সতের উপাসনা, চিতের উপাসনা এবং আনন্দের উপাসনা প্রচর পরিমাণে আছে। বিশেষ আনন্দভাগ বিশেষরপে স্ফুর্ন্তি প্রাপ্ত হইয়াছে। ইহাই জাতীয় ধর্ম্ম হইবার উপযুক্ত, এবং এই কারণেই সর্ম্বাঙ্গসম্পন্ন হিন্দুখর্ম্ম অন্য কোন অসম্পূর্ণ বিজ্ঞাতীয় ধর্ম্ম কর্ত্তক স্থানচ্যত বা বিজ্ঞিত হইতে পারে নাই। এক্ষণে যাঁহারা ধর্ম্মসংস্কারে প্রবৃত্ত, তাঁহাদের সমরণ রাখা কর্ত্তবা যে, ঈশ্বর যেমন সংস্বরূপ, যেমন চিংস্বরূপ, তেমন আনন্দস্বরূপ: অতএব চিত্তর্মাঞ্জনী বৃত্তি সকলের অনুশীলনের বিধি এবং উপায় না থাকিলে সংস্কৃত ধর্ম্ম কখন স্থায়ী হইবে না।

শিষ্য। কিন্তু পৌরাণিক হিন্দৃধক্ষে আনন্দের কিছ্ব বাড়াবাড়ি আছে, সামঞ্জস্য নাই, ইহা স্বীকার করিতে হইবে।

গারন। অবশ্য হিন্দার্থম্মে অনেক জঞ্জাল জন্মিয়াছে—ঝাঁটাইয়া পরিন্দার করিতে হইবে। হিন্দার্থম্মের মন্মা যে ব্রিক্তে পারিবে, সে অনায়াসেই আবশ্যকীয় ও অনাবশ্যকীয় অংশ ব্যাঝিতে পারিবে ও পরিত্যাগ করিবে। তাহা না করিলে হিন্দার্জাতির উন্নতি নাই। এক্ষণে

সকল জ্ঞান প্রত্যক্ষম্লক নহে, ইহা ভগবশগীতাব টীকার ব্রান গিরাছে—প্রবর্ধি অনাবশাক।
 ৬৬৮

ইহাই আমাদের বিবেচ্য বে, ঈশ্বর অনস্ত সৌন্দর্যয়। তিনি যদি সগ্ন্য হয়েন, তবে তাঁহার সকল গ্র্থই আছে; কেন না. তিনি সন্ধ্যয়, এবং তাঁহার সকল গ্র্থই অনন্ত। অনন্তের গ্র্পা সাস্ত বা পরিমাণবিশিষ্ট হইতে পারে না। অতএব ঈশ্বর অনন্তসৌন্দর্য্যবিশিষ্ট। তিনি মহৎ, শ্রুচি, প্রেময়র, বিচিত্র অথচ এক, সন্ধ্যাসসম্পন্ন এবং নিন্দ্র্বিজার। এই সকল গ্র্ণই অপরিমেয়। অতএব এই সকল গ্রের সমবায় যে সৌন্দর্যা, তাহাতে তাঁহাতে অনন্ত। যে সকল ব্তির স্বারা সৌন্দর্য্য অনুভূত করা যায়, তাহাদিগের সম্পূর্ণ অনুশীলন ভিন্ন তাঁহাকে পাইব কি প্রকারে? অতএব ব্দ্ব্যাদি জ্ঞানান্তর্জানী বৃত্তির, ভক্ত্যাদি কার্য্যকারিণী বৃত্তির অনুশীলন বদ্মের জন্য যের্প প্রয়োজনীয়, চিত্তর্মজিনী বৃত্তির, ভক্ত্যাদি কার্য্যকারিণী বৃত্তির অনুশীলন থামের্শ প্রয়োজনীয়। তাঁহার সৌন্দর্যের সমর্চিত অনুভব ভিন্ন আমাদের হদয়ে কখনও তাঁহার প্রতি সম্যক্ প্রম বা ভক্তি জন্মবে না। আধ্বনিক বৈক্ষবধন্মে এই জন্য কৃক্ষোপাসনার সঙ্গে কৃক্ষের ব্রজলীলাকীপ্রনের সংযোগ হইয়াছে।

শিষ্য। তাহার ফল কি স্ফল হইয়াছে?

গ্রন্। যে এই ব্রজলীলার প্রকৃত তাৎপর্য্য ব্রিয়াছে, এবং যাহার চিত্ত শন্ধ হইরাছে, তাহার পক্ষে ইহার ফল সন্ফল। যে অজ্ঞান, এই ব্রজলীলার প্রকৃত অর্থ বন্ধে না. ষাহার নিজের চিত্ত কল্বিত, তাহার পক্ষে ইহার ফল কৃফল। চিত্তশন্ধি, অর্থাৎ জ্ঞানার্জনী, কার্য্যকারিণী প্রভৃতি ব্তিগন্নির সমন্চিত অনুশীলন ব্যতীত কেহই বৈষ্ণব হইতে পারে না। এই বৈষ্ণব ধর্ম্ম অজ্ঞান বা পাপাত্মার জন্য নহে। যাহারা রাধাকৃষ্ণকে ইন্দ্রিয়স্থ্রত মনে করে, তাহারা বৈষ্ণব নহে—পৈশাচ।

সচরাচর লোকের বিশ্বাস যে, রাসলীলা অতি অগ্নাল ও জঘন্য ব্যাপার। কালে লোকে রাসলীলাকে একটা জঘন্য ব্যাপারে পরিণত করিয়াছে। কিন্তু আদে ইহা ঈশ্বরোপাসনা মার, অনন্ত স্কুলরের সোল্দর্যের বিকাশ এবং উপাসনা মার; চিন্তরজিনী বৃত্তির চরম অনুশীলন, কিন্তুলাকের পক্ষে কর্মানার্গ কণ্টসাধ্য, কিন্তু ভক্তিতে তাহাদের বিশেষ অধিকার। ভক্তি, বিলায়াছ—"পরানুরাক্তরীশ্বরে।" অনুরাগ নানা কারণে জান্মতে পারে; কিন্তু সৌল্দর্যের মোহঘটিত যে অনুরাগ, তাহা মনুয়ে সম্বাপেক্ষা বলবান্। অতএব অনন্ত স্কুলরের সৌল্দর্যের বিকাশ ও তাহার আরাধনাই অপরের হউক বা না হউক, স্বীজাতির জীবনসার্থকতার মুখ্য উপার। এই তত্ত্বাত্মক রুপকই রাসলীলা। জড় প্রকৃতির সমস্ত সৌল্দর্য তাহাতে বর্ত্তমান; শরংকালের প্র্তিন্দ্র, শরংপ্রবাহপরিপূর্ণা শ্যামসলিলা যম্না, প্রক্রুটিত কুস্মুমস্বাসিত কুঞ্জবিহঙ্গমক্জিত বৃদ্ধাবনবনস্থলী জড়প্রকৃতি মধ্যে অনন্ত স্কুলরের সশ্বীরে বিকাশ। তাহার সহায় বিশ্ববিমোহিনী বংশী। এইর্প সর্বপ্রকার চিন্তরঞ্জনের দ্বারা স্ক্রীজাতির ভক্তি উদ্রিক্তা হইলে তাহারা ক্ষানুরাগিনী হইয়া কৃষ্ণে তন্ত্রা প্রাপ্ত ক্রান্তরে লাগিল,—

কৃষ্ণে বিরুদ্ধহানয় ইদম্চুঃ পরস্পরম্।
কৃষ্ণেহ্যমেতল্লালতং ব্রজাম্যাক্যতং গতিং॥
অন্যা ব্রবীতি কৃষ্ণ্য মম গীতিনিশাম্যতাং।
দুফ কালিয! তিন্ঠার কৃষ্ণেহ্হমিতি চাপরা।
বাহ্মাস্ফোটা কৃষ্ণ্য লীলাসন্দ্রমাদদে॥
অন্যা ব্রবীতি ভো গোপা নিঃশন্দেঃ স্থীয়তামিহ।
অলং বৃষ্টিভয়েনার ধ্তো গোবর্দনো ময়া॥ ইত্যাদি

জীবাত্মা ও পরমাত্মার যে অভেদজান, জ্ঞানের তাহাই চিরোন্দেশ্য। মহাজ্ঞানীও সমস্ত জীবন ইহার সন্ধানে ব্যারিত করিয়াও ইহা পাইয়া উঠেন না। কিন্তু এই জ্ঞানহীনা গোপকন্যাগণ কেবল জগদীখ্বরের সৌন্দর্য্যের অনুরাগিণী হইয়া (অর্থাং আমি যাহাকে চিন্তরঞ্জিনী বৃত্তির অনুশীলন বলিতেছি, তাহার সন্বেছি সোপানে উঠিয়া) সেই অভেদজ্ঞান প্রাপ্ত হইয়া ঈশ্বরে বিলীন হইল। রাসলীলা রুপকের ইহাই স্কুল তাৎপর্য্য এবং আধ্যনিক বৈশ্ববদ্দাও সেই পথগামী। অতএব মনুবান্ধে, মনুবাজীবনে, এবং হিন্দর্যন্দোর্য, চিন্তর্যজ্ঞানী বৃত্তির কত দ্বে আধিপত্য বিবেচনা কর। শিষ্য। এক্ষণে এই চিন্তরঞ্জিনী বৃত্তিসকলের অন্শীলন সম্বন্ধে কিঞ্ছিং উপদেশ প্রদান কর্ন।

গ্রে। জার্গাতক সৌন্দর্য্যে চিত্তকে সংযুক্ত করাই ইহার অনুশীলনের প্রধান উপায়। জগৎ সৌন্দর্যাময়। বহিঃপ্রকৃতিও সৌন্দর্যাময়, অন্তঃপ্রকৃতিও সৌন্দর্যাময়। বহিঃপ্রকৃতির সৌন্দর্যা সহজে চিত্তকে আকৃষ্ট করে। সেই আকর্ষণের বশবতী হইয়া সৌন্দর্যাগ্রাহিণী र्जाखगर्रामत अनुगौमतन প্রবৃত্ত হইতে হইবে। ব্যক্তিগ্রাদ স্ফ্রার্ড হইতে থাকিলে, ফুমে অন্তঃপ্রকৃতিও সৌন্দর্য্যান,ভবে সক্ষম হইলে, জগদীশ্বরের অনন্ত সৌন্দর্য্যের আভাস পাইতে খাকিবে। সৌন্দর্যাগ্রাহিণী বৃত্তিগ্রনির এই এক স্বভাব যে, তন্দ্বারা প্রীতি, দয়া, ভক্তি প্রভৃতি শ্রেষ্ঠ কার্য্যকারিণী ব্রতিসকল স্ফুরিত ও পরিস্ফুট হইতে থাকে। তবে একটা বিষয়ে সতর্ক হওয়া উচিত। চিত্তরঞ্জিনী বৃত্তির অনুচিত অনুশীলন ও স্ফৃতিতি আর কতকগুলি কার্য্যকারিণা ব্রতি দুর্শ্বলা হইয়া পড়ে। এই জন্য সচরাচর লোকের বিশ্বাস যে, কবিরা কাব্য ভিন্ন অন্যান্য বিষয়ে অকন্মণ্য হয়। এ কথার যাথার্থা এই পর্যান্ত যে, যাহারা চিত্তরঞ্জিনী বৃত্তির অনুচিত অনুশীলন করে, অন্য বৃত্তিগুলির সহিত তাহাদের সামঞ্জস্য রক্ষা করিবার চেণ্টা পার না. অথবা "আমি প্রতিভাশালী, আমাকে কাব্যরচনা ভিন্ন আর কিছ, করিতে নাই." এই ভাবিয়া যাঁহারা ফর্নিয়া বসিয়া থাকেন, তাঁহারাই অকর্ম্মণা হইয়া পড়েন। পক্ষান্তরে যে সকল শ্রেষ্ঠ কবি, অন্যান্য বৃত্তির সম্বাচত পরিচালনা করিয়া সামঞ্জস্য রক্ষা করেন, তাঁহারা অকম্মণ্য না হইরা বরং বিষয়কদ্মে বিশেষ পট্তা প্রকাশ করেন। ইউরোপে শেক্ষপীয়র, মিলটন, দাস্তে, গেটে প্রভৃতি শ্রেষ্ঠ কবিরা বিষয়কশ্মে অতি স্কেক ছিলেন। কালিদাস না কি কাশ্মীরের রাজা হইয়াছিলেন। এখনকার লড় টেনিসন না কি ঘোরতর বিষয়ী লোক। চালচে ডিকেন স প্রভতির

শিষ্য। কেবল নৈস্গিক সৌন্দর্য্যের উপর চিত্ত স্থাপনেই কি চিত্তরঞ্জিনী বৃত্তিসকলের সম্ক্রিত স্ফুর্তি ইইবে?

গ্রহ্ন। এ বিষয়ে মন্বাই মন্ব্যের উত্তম সহায়। চিত্তরঞ্জিনী বৃত্তিসকলের অনুশীলনের বিশেষ সাহায্যকারী বিদ্যাসকল, মন্ব্যের দ্বারা উভূত হইয়াছে। স্থাপতা, ভাস্কর্যা, চিত্রবিদ্যা, সঙ্গীত, নৃত্য, এ সকল সেই অনুশীলনের সহায়। বহিঃসৌন্দর্য্যের অনুভবশক্তি এ সকলের দ্বারা বিশেষর্পে স্ফ্রারত হয়। কিন্তু কাবাই এ বিষয়ে মন্বেরর প্রধান সহায়। তম্বারাই চিত্ত বিশান্দ এবং অন্তঃপ্রকৃতির সৌন্দর্যো প্রেমিক হয়। এই জনা কবি, ধন্মের একজন প্রধান সহায়। বিজ্ঞান বা ধন্মেরিপেদেশ, মন্ব্যবের জন্য যের্প প্রযোজনীয়, কাব্যও সেইর্প। যিনি তিনের মধ্যে একটিকৈ প্রাধান্য দিতে চাহেন, তিনি মন্ব্যের বা ধন্মের মন্ম্য ব্রথেন নাই।

শিষা। কিন্তু কুকাবাও আছে।

গ্রন। সে বিষয়ে বিশেষ সতর্ক থাকা উচিত। যাহারা কুকাবা প্রণায়ন করিয়া পরের চিত্ত কল্মিত করিতে চেণ্টা করে, তাহারা তম্করাদির ন্যায় মন্ব্যঙ্গাতির শন্ত্ব। এবং তাহাদিগকে তম্করাদির নায় শারীবিক দক্ষের দ্বারা দক্ষিত করা বিধেয়।

অন্টাবিংশতিতম অধ্যায়—উপসংহার

গ্রে। অন্শীলনতত্ব সমাপ্ত করিলাম। বাহা বলিবার, তাহা সব বলিয়াছি, এমন নহে। সকল কথা বলিতে হইলে শেষ হয় না। সকল আপত্তির মীমাংসা করিয়াছি এমন নহে। কেন না, তাহা করিতে গেলেও কথার শেষ হয় না। অনেক কথা অসপত্ত বা অসম্পূর্ণ আছে, এবং অনেক ভূলও যে থাকিতে পারে, তাহা আমার স্বীকার করিতে আপত্তি নাই। আমি এমনও প্রত্যাশা করিতে পারি না যে, আমি বাহা বলিয়াছি, তাহা সকলই ব্রিয়াছ। তবে ইহা প্রঃ প্রঃ প্রালোচনা করিলে ভবিষ্যতে ব্রিষতে পারিবে, এমন ভরসা করি। তবে স্থ্ল মক্ষা যে ব্রিয়াছ, বোধ করি এমন প্রত্যাশা করিতে পারি।

শিষ্য। তাহা আপনাকে বলিতেছি, শ্রবণ কর্ন।

১। মন্ষ্যের কতকগরিল শক্তি আছে। আপনি তাহার বৃত্তি নাম দিয়াছিলেন। সেইগ্রনির অনুশীলন, প্রস্ফারণ ও চরিতার্থতার মন্যায়। ২। তাহাই মনুষ্যের ধর্মা।

া সেই অন্শীলনের সীমা, পরস্পরের সহিত ব্তিগ্লির সামগ্রসা।

৪। তাহাই সুখ।

৫। এই সমস্ত ব্তির উপযুক্ত অনুশীলন হইলে ইহারা সকলই ঈশ্বম্থী হয়। ঈশ্বম্থতাই উপযুক্ত অনুশীলন। সেই অবস্থাই ভক্তি।

৬। ঈশ্বর সর্বভিতে আছেন; এই জন্য সব্বভিতে প্রীতি, ভক্তির অন্তর্গত, এবং নিতান্ত প্রয়োজনীয় অংশ। সব্বভিতে প্রীতি ব্যতীত ঈশ্বরে ভক্তি নাই, মনুষাত্ব নাই, ধন্ম নাই।

৭। আত্মপ্রীতি, স্বজনপ্রীতি, স্বদেশপ্রীতি, পশ্নপ্রীতি, দয়া, এই প্রীতর অন্তর্গত। ইহার মধ্যে মন্ব্যের অবস্থা বিবেচনা করিয়া, স্বদেশপ্রীতিকেই সর্ব্বপ্রেণ্ঠ ধর্ম্ম বলা উচিত। এই সকল স্থাল কথা।

গ্রন। কই, শারীরিকী বৃত্তি, জ্ঞানাঙ্জানী বৃত্তি, কার্য্যকারিণী, চিত্তরঞ্জিনী বৃত্তি এ সকলের তুমি ত নামও করিলে না?

শিষা। নিন্প্রয়োজন। অনুশীলনতত্ত্বে শ্রুলে মন্মে এ সকল বিভাগ নাই। এক্ষণে ব্রথিয়াছি, আমাকে অনুশীলনতওু ব্রথাইবার জন্য এ সকল নামের স্থি করিয়াছেন।

গ্রের। তবে, তুমি অনুশীলনতত্ত্ব্বিয়াছ। এক্ষণে আশীব্বাদ করি, ঈশ্বরে ভণ্ডিত তোমার দৃঢ় হউক। সকল ধন্মের উপরে স্বদেশপ্রীতি, ইহ। বিস্মৃত হইও না।

ক্রোড়পর—ক

(মিল্লিখিত "ধর্ম্মাজিজ্ঞাসা" নামক প্রবন্ধ হইতে কিয়দংশ উদ্ধৃত করা গেল।)

ধর্ম্ম শব্দের আধুনিক ব্যবহার-জাত কয়েকটা ভিন্ন ভিন্ন অর্থ তাহার ইংরেজি প্রতিশব্দের দ্বারা আগে নিদ্দেশ করিতেছি, তুমি ব্রিঝয়া দেখ। প্রথম, ইংরেজ যাহাকে Religion বলে. আমরা তাহাকে ধর্ম্ম বলি, যেমন হিন্দুধর্ম্ম, বৌদ্ধধর্ম, খ্রীষ্টীয় ধর্ম। দ্বিতীয়, ইংরেজ যাহাকে Morality বলে, আমরা তাহাকেও ধর্মা বলি, যথা--অমুক কার্যা "ধর্মা-বিরুদ্ধ" "মানব-ধর্ম্মশাস্ত্র," "ধর্ম্মসূত্র" ইত্যাদি। আধুনিক বাঙ্গালায় ইহার আর একটি নাম প্রচলিত আছে —নীতি। বাঙ্গালি একালে আর কিছ্ব পার্ক আর না পার্ক "নীতিবির্দ্ধ" কথাটা চট্ করিয়া বলিয়া ফেলিতে পারে। তৃতীয়, ধর্ম্ম শব্দে Virtue ব্রুঝায়। Virtue ধর্মান্তা মনুব্যের অভ্যন্ত গুণুকে বুঝায়: নীতির বশবত্তী অভ্যাসের উহা ফল। এই অংগ আমরা বলিয়া থাকি —অমুক ব্যক্তি ধান্মিক, অমুক ব্যক্তি অধান্মিক। এখানে অধন্মকে ইংরেজিতে Vice বলে। চতুর্থ, রিলিজন বা নীতির অনুমোদিত যে কার্যা, তাহাকেও ধন্ম বলে, তাহার বিপরীতকে जर्भम्म त्रात्न । यथा-नान भन्नम सम्म जिल्ला भन्नम अन्म सम्म , ग्राह्मिनना भन्नम जर्मम । ইहारक সচরাচর পাপপশোও বলে। ইংরেজিতে এই অধন্মের নাম "Sin"- প্রাণার এক কথায় একটা নাম নাই—''good deed'' বা তদুপ বাগ্বাহ্লা দ্বারা সাহেবেরা অভাব মোচন করেন। পঞ্চম, थम्ब गत्म गुग तुवारा, यथा-इम्बत्कत धम्ब लोशकर्षण। अञ्चल याश वर्षास्तर व्यक्तर्या, তাহাকেও ধর্ম্ম বলা যায়। যথা "পর্রানন্দা-ক্ষ্মদ্রচেতাদিগের ধর্ম্ম।" এই অর্থে মনু স্বয়ং "পাষত্রধন্মের" কথা লিখিয়াছেন, যথা-

> "হিংস্রাহিংস্ত্রে মৃদ্রুকুরে ধর্ম্মাধর্মাব্তান্তে। যদ্যস্য সোহদধাৎ সর্গে তত্তস্য স্বয়মাবিশং॥"

প্ৰক্

"পাষ-ভগণধন্মাংশ্চ শাদেরহ সিমন্কবান্ মন্ঃ।"

আর ষণ্ঠতঃ, ধর্মা শব্দ তথন আচার বা ব্যবহারাথে প্রযাক্ত হয়। মন্ এই অর্থেই বলেন,—

"দেশধর্মান্ জাতিধর্মান্ কুলধর্মাংশ্চ শাশ্রতান্।"

* অনুশীলনতত্ত্বে সঙ্গে জাতিতেদ ও শ্রমজীবনের কি সম্বন্ধ, তাহা এই গ্রন্থমধ্যে ব্রুথইলাম না। কারল, তাহা শ্রীমন্তগবশ্দীতার টীকায় "স্বধ্দর্ম" ব্র্থাইবার সময়ে ব্রুথইয়াছি। গ্রন্থের সম্পূর্ণতা রক্ষার জন্য (ঘ) চিহ্নিত ক্রোড়পত্রে তদংশ গীতার দীকা হইতে উন্ধৃত করিলাম।

तक्षिक कानावणी

এই ছয়টি অর্থ লইয়া এ-দেশীয় লোক বড় গোলযোগ করিয়া থাকে। এই মান্ত এক অর্থে ধার্মা শব্দ ব্যবহার করিয়া পরক্ষণেই ভিয়ার্থে ব্যবহার করে; কাজেই অপসিদ্ধান্তে পতিত হয়। এইয়্প অনিয়ম প্রয়োগের জন্য ধার্মা সম্বন্ধে কোন তত্ত্বের স্মীমাংসা হয় না। এ গোলযোগ আজ ন্তন নহে। যে সকল গ্রম্থকে আমরা হিন্দ্রশাস্ত বলিয়া নিন্দেশ করি, তাহাতেও এই গোলযোগ বড় ভয়ানক। মন্সংহিতার প্রথমাধ্যায়ের শেষ ছয়টি গ্লোক উহার উত্তম উদাহরদ। ধার্মা কখন রিলিজনের প্রতি, কখন নীতির প্রতি, কখনও অভ্যন্ত ধার্মাজতার প্রতি, এবং কখন প্রাক্ষমের প্রতি প্রযুক্ত হওয়াতে—নীতির প্রকৃতি রিলিজনে, রিলিজনের প্রকৃতি নীতিতে, অভ্যন্ত গ্রেরে লক্ষণ কন্মের লক্ষণ অভ্যাসে ন্যন্ত হওয়াতে একটা ঘোরতর গণ্ডগোল হইয়াছে। তাহার ফল এই হইয়াছে যে, ধার্মা (রিলিজন)—উপধার্মাসাক্র্কল, নীতি—আন্ত, অভ্যাস —কঠিন, এবং প্র্যা—দ্বংখজনক হইয়া পড়িযাছে। হিন্ম্বন্মের ও হিন্ম্নীতির আধ্রনিক অনাভ্যাব গ্রেব্রুবে এক কাবণ এই গণ্ডগোল।

ক্রোড়প্র—খ

("ধন্মজিজ্ঞাসা" নামক প্রবন্ধ হইতে উদ্ধৃত)

গ্রু। রিলিজন কি?

শিষ্য। সেটা জানা কথা।

গ্রের। বড় নয়-বল দেখি কি জানা আছে?

শিষ্য। যদি বলি পারলোকিক ব্যাপারে বিশ্বাস।

গ্রুর্। প্রাচীন য়ীহ্দীরা প্রলোক মানিত না। য়ীহ্দীদের প্রাচীন ধর্ম্ম কি ধর্ম্ম নয়? শিষ্য। যদি বলি দেবদেবীতে বিশ্বাস।

গ্রের। ইস্লাম, খ্রীষ্টার, য়ীহ্দ, প্রভৃতি ধন্মে দেবী নাই। সে সকল ধন্মে দেবও এক — সম্বর। এগ্রাল কি ধন্ম নয়?

শিষ্য। ঈশ্বরে বিশ্বাসই ধর্ম্ম?

গ্রা । এমন অনেক পরম রমণীয় ধন্ম আছে, যাহাতে ঈশ্বর নাই। ঋণ্বেদসংহিতার প্রাচীনতম মন্ত্রগালি সমালোচনা করিলে ব্রুয়া যায় যে, তংপ্রণয়নের সমকালিক আর্যাদিগের ধন্মে অনেক দেবদেবী ছিল বটে, কিন্তু ঈশ্বর নাই। বিশ্বক্র্মা, প্রজাপতি, রক্ষ ইত্যাদি ঈশ্বরবাচক শব্দ, ঋণ্বেদের প্রাচীনতম মন্ত্রগালিতে নাই—যেগালি অপেক্ষাকৃত আর্থনিক, সেইগালিতে আছে। প্রাচীন সাংখ্যেরাও অনীশ্বরবাদী ছিলেন। অথচ তাঁহারা ধন্মহিন নহেন: কেন না, ডাঁহারা কন্মফিল মানিতেন, এবং মন্তি বা নিঃশ্রেয়স্ কামনা করিতেন। বৌদ্ধদ্মতি নিরীশ্বর। অতএব ঈশ্বরবাদ ধন্মের লক্ষণ কি প্রকারে বলি? দেখ, কিছুই পরিক্ষার হয় নাই।

শিষ্য। তবে বিদেশী তার্কিকদিগের ভাষা অবলম্বন করিতে হইল—লোকাতীত চৈতনে। বিশ্বাসই ধর্ম্ম।

গ্রব। অর্থাং Supernaturalism, কিন্তু ইহাতে তুমি কোথায় আসিয়া পড়িলে দেখ। প্রেততত্ত্বিদ্ সম্প্রদায় ছাড়া, আধ্বনিক বৈজ্ঞানিকদিগোর মতে লোকাতীত চৈতনোর কোন প্রমাণ নাই। স্বতরাং ধর্মাও নাই—ধন্মের প্রয়োজনও নাই। রিলিজনকে ধর্ম্ম বলিতেছি মনে থাকে যেন।

শিষা। অথচ সে অর্থে ঘোর বৈজ্ঞানিকদিগের মধ্যেও ধর্ম্ম আছে। যথা Religion of Humanity.

গুরুর। স্বতরাং লোকাতীত চৈতন্যে বিশ্বাস ধর্ম নয়।

শিষ্য। তবে আপনিই বল্ন, ধৰ্ম কাহাকে বলিব।

গ্রন। প্রশনটা অতি প্রাচীন। "অথাতো ধর্ম্ম-জিজ্ঞাসা" মীমাংসা দর্শনের প্রথম স্ত্র। এই প্রশেনর উত্তর দানই মীমাংসা দর্শনের উদ্দেশ্য। সর্ব্র গ্রাহ্য উত্তর আজ পর্য্যন্ত পাওয়া বায় না। আমি যে ইহার সদ্ত্রর দিতে সক্ষম হইব, এমন সম্ভাবনা নাই। তবে প্র্বেপিণ্ডত-দিপের মত তোমাকে শ্নাইতে পারি। প্রথম মীমাংসাকারের উত্তর শ্ন। তিনি বলেন. "নোদনালক্ষণো ধর্ম্মঃ।" নোদনা, কিয়ার প্রবর্তক বাক্য। শ্বং এইটকু থাকিলে বলা যাইত,

কথাটা ব্ৰি নিতান্ত মন্দ নয়: কিন্তু যখন উহার কথা উঠিল "নোদনা প্ৰবৰ্তকো বেদবিধি-র্পঃ" তখন আমার বড় সন্দেহ হইতেছে, তুমি উহাকে ধন্ম বিলয়া স্বীকাব কৰিবে কি না।

শিষ্য। কথনই না। তাহা হইলে যতগ্লি পৃথক্ ধন্দাগ্ৰন্থ ৩৩গ্লি পৃথক্-প্ৰকৃতি-সম্পন্ন ধন্দানিতে হয়। খাণ্টানে বলিতে পারে, বাইবেল-বিধিই ধন্দা, ম্সলমানও কোরাণ সম্বন্ধে ঐর্প বলিবে। ধন্দাপদ্ধতি ভিন্ন হউক, ধন্দা বলিয়া একটা সাধাবণ সামগ্রী নাই কি? Religions আছে বলিয়া Religion হলিয়া একটা সাধাবণ সামগ্রা নাই কি?

গ্রা। এই এক সম্প্রদায়ের মত। লোগান্ধি ভাষ্কর প্রভৃতি এইর্প কহিষাছেন ষে, "বেদপ্রতিপাদ্যপ্রয়েজনবদর্থো ধর্ম্মা।" এই সকল কথার পরিগামফল এই দাঁড়াইয়াতে যে, ষাগানিষ্ট ধর্ম্মা এবং সদাচারই ধর্ম্মা শব্দে বাচ্য হইয়া গিয়াছে—যথা মহাভারতে.

গ্রন্ধা কম্ম তপশ্চৈর সত্যমক্রোধ এবচ। স্বেষ, দারেষ, সন্তোষঃ শোচং বিদ্যানস্থিতা॥ আত্মজ্ঞানং তিতিকা চ ধর্ম্মঃ সাধারণো নুপ॥

কেহ বা বলেন, 'দ্রব্যক্রিয়াগ্রাদীনাং ধক্ষরিং" এবং কেহ বলেন, ধক্ষর অদৃষ্ঠবিশেষ। ফলতঃ আর্য্যদিগের সাধারণ অভিপ্রায় এই যে, বেদ বা লোকাচারসম্মত কার্যাই ধক্ষ্য, যথা বিশ্বামিত্র—
যমার্যাঃ ক্রিয়মাণং হি শংসন্ত্যাগ্যাবেদিনঃ

স ধন্মো যং বিগহন্তি তমধন্মং প্রচক্ষতে।

কিন্তু হিন্দ্নান্দে যে ভিন্ন মত নাই, এমত নহে। "দ্বে বিদ্যে বেদিতব্যে ইতি হ গন বদ্
ব্রহ্মবিদো বদন্তি পরা চৈবাপরা চ," ইত্যাদি শ্রুতিতে স্চিত হইরাছে যে, বৈদিক প্রান ও
তদন্বত্তী যাগাদি নিকৃষ্ট ধন্ম, ব্রহ্মজ্ঞানই পরম ধন্ম। ভগবন্দগীতার স্থুল তাৎপর্যাই কন্মাত্মক বৈদিকাদি অনুষ্ঠানের নিকৃষ্টতা এবং গীতোক্ত ধন্মের উৎকর্য প্রতিপাদন। বিশেষতঃ হিন্দ্র্বন্মের ভিতর একটি পরম রম্বানীয় ধন্ম পাওয়া যার, যাহা এই মীমাংসা এবং ভ্রমীত হিন্দ্র্বন্মেরবাদের সাধারণতঃ বিরোধী। যেখানে এই ধন্ম দেখি—অর্থাৎ কি গীতার, কি মহাভারতের অন্যত্ত, কি ভাগবতে—সর্বাই দেখি, শ্রীকৃষ্ণই ইহার বক্তা। এই জন্য আমি হিন্দ্র্বাদেত নিহিত এই উৎকৃষ্টতর ধন্মকৈ শ্রীকৃষ্ণ-প্রচারিত মনে করি, এবং ক্ষোক্ত ধন্ম বিলতে ইচ্ছা করি। মহাভারতের কর্ণপর্বে হইতে একটি বাব্য উদ্ধৃত করির। উহার উদাহরণ দিতেছি।

"অনেকে প্রত্তিরে ধন্মের প্রমাণ বলিয়া নিন্দেশি করেন। আমি তাহাতে দোষারোপ করি না। কিন্তু প্রতিতে সম্নায় ধন্মতিকু নিশ্দি নাই। এই নিমিত্ত অন্মান দ্বারা অনেক স্থলে ধন্ম নিন্দি করিতে হয়। প্রাণিগণের উৎপত্তির নিমিত্তই ধন্ম নিন্দেশি করা হইয়াছে। আহংসায়ক্ত কার্য্য করিলেই ধন্মান্তিন করা হয়। হিংপ্রকাদগের হিংসা নিবারণার্থেই ধন্মের স্ভি ইইয়াছে। উহা প্রাণিগণকে ধারণ করে বালিয়াই ধন্ম নাম নিন্দিণ্ট ইইতেছে। অভএব বন্দারা প্রাণিগণের রক্ষা হয়, তাহাই ধন্ম"—ইহা ক্লেখিত। ইহার পরে বনপদ্ব হইতে ধন্মব্যাধাক্ত ধন্মব্যাথা উদ্ধৃত করিতেছি। "বাহা সাধারণের একান্ত হিত্তমনক, তাহাই সত্য। সত্যই প্রের লাভের অন্ধিতীয় উপায়। সত্যপ্রভাবেই যথার্থ জ্ঞান ও হিত্সাধন হয়।" এ স্থলে ধন্ম অর্থেই সত্য শব্দ ব্যবহৃত হইতেছে।

শিষ্য। এ দেশীরেরা ধশ্মের যে ব্যাখ্যা করিয়াছেন, তাহা নীতির ব্যাখ্যা বা প্রাণ্যা । রিলিজনের ব্যাখ্যা কই?

গ্রের্। রিলিজন শব্দে যে বিষয় ব্ঝায়, সে বিষয়ের স্বাতন্ত্র্য আমাদের দেশের লোক কথন উপলব্ধি করেন নাই। যে বিষয়ের প্রজ্ঞা আমার মনে নাই আমার পরিচিত কোন শব্দে কি প্রকারে তাহার নামকরণ হইতে পারে?

শিষা। কথাটা ভাল ব্ৰিষতে পারিলাম না।

গ্ৰহ। তবে আমার কাছে একটি ইংরেজি প্রবন্ধ আছে, তাহা হইতে একট, পড়িয়া শ্নাই।
"For religion, the ancient Hindu had no name, because his conception
of it was so broad as to dispense with the necessity of a name. With other
peoples, religion is only a part of life; there are things religious, and there are
things lay and secular. To the Hindu, his whole life was religion. To other
peoples, their relations to God and to the spiritual world are things sharply

₹ 2—80 **690**

distinguished from their relations to man and to the temporal world. To the Hindu, his relations to God and his relations to man, his spiritual life and his temporal life are incapable of being so distinguished. They form one compact and harmonious whole, to separate which into its component parts is to break the entire fabric. All life to him was religion, and religion never received a name from him, because it never had for him an existence apart from all that had received a name. A department of thought which the people in whom it had its existence had thus failed to differentiate, has necessarily mixed itself inextricably with every other department of thought, and this is what makes it so difficult at the present day, to erect it into a separate entity."*

শিষ্য। তবে রিলিজন কি, তদ্বিষয়ে পাশ্চাত্তা আচার্য্যাদগের মতই শ্না যাউক।

গ্রু । তাহাতেও বড় গোলাযোগ। প্রথমতঃ রিলিজন শব্দের ষোগিক অর্থ দেওয়া যাউক।
প্রচলিত মত এই যে, re-ligare হইতে দক্ষ নিম্পন্ন হইয়াছে অতএব ইহার প্রকৃত অর্থ বন্ধন.
--ইহা সমাজের বন্ধনী। কিন্তু বড় বড় পশ্ডিতগণের এ মত নহে। বোমক পশ্ডিত কিকিরো
(বা সিসিরো) বলেন যে, ইহা াং-ligere হইতে নিম্পন্ন হইয়াছে। তাহার অর্থ প্নরাহরণ
সংগ্রহ, চিস্তা, এইর্প। মক্ষম্লর প্রভৃতি এই মতান্বায়ী। যেটাই প্রকৃত হউক, দেখা যাইতেছে
যে, এ শব্দের আদি অর্থ এক্ষণে আর বাবহত নহে। যেমন লোকের ধন্মব্রিদ্ধ স্ফ্তির্প্ত প্রিরাছে, এ শব্দের অর্থও তেমনি স্ফ্রিত ও পরিবর্ধিত হইয়াছে।

শিষা। প্রাচীন অর্থে আমাদিগের প্রয়োজন নাই, এক্ষণে ধর্ম্ম অর্থাৎ রিলিজন ক।হাকে বিলব, তাই বল্লন।

গ্রন্। কেবল একটি কথা বলিয়া রাখি। ধন্ম শব্দের যৌগিক অর্থ অনেকটা religio শব্দের অন্বর্প। ধন্ম = খ্+মন্ (ধ্রিয়তে লোকো অনেন, ধরতি লোকং বা) এই জন্য আমি ধন্মকৈ religioশ্ব্দেব প্রকৃত প্রতিশব্দ বলিয়া নিন্দেশি করিয়াছি।

भिषा। তा दोक-अक्करण तिलिकतनत आधानिक गाथा। वनान।

গ্রহ। আধ্নিক পণ্ডিতগণের মধ্যে জার্মানেরাই সর্বাগ্রগণা। দৃভাগাবশতঃ আমি নিজে জন্মান জানি না। অতএব প্রথমতঃ মক্ষম্লরের প্রথক হইতেই জন্মানদিগের মত পড়িয়া শ্নাইব। আদৌ কাণ্টের মত প্রধালোচনা কর।

"According to Kant, religion is morality. When we look upon all our moral duties as divine commands, that, he thinks, constitutes religion. And we must not forget that Kant does not consider that duties are normal duties because they rest on a divine command (that would be according to Kant merely revealed Religion); on the contrary, he tells us that because we are directly conscious of them as duties, therefore we look upon them as divine commands."

তার পর ফিল্ডে। ফিল্ডেব মতে "Religion is knowledge. It gives to a man a clear insight into himself, answers the highest questions, and thus imparts to us a complete harmony with ourselves, and a thorough sanctification to our mind." সাংখ্যাদিরও প্রায় এই মত। কেবল শব্দপ্রয়োগ ভিন্ন প্রকার। তার পর শ্বিলয়ের মেকর। তাঁহার মতে, Religion consists in our consciousness of

* লেখক-প্রণীত কোন ইংরেজি প্রবন্ধ হইতে এইট্কু উদ্ধৃত হইল, উহা এ পর্যান্ত প্রকাশিত হয় নাই। ইহার মন্দ্রাধি বাঙ্গালার এখানে সমিবেশিত করিলে করা বাইতে পারিত, কিন্তু বাঙ্গালার এ রকমের কথা আমার অনেক পাঠকে ব্লিবেন না। বাঁহাদের জন্য লিখিডোছ, তাঁহারা না ব্লিলে, লেখা ব্যা। অতএব এই র্তিবির্দ্ধ কার্যাট্কু পাঠক মার্ল্ডনা করিবেন। বাঁহারা ইংরেজী জানেন না, ভাঁহারা এট্কু ছাডিয়া গেলে কভি হইবে না।

absolute dependence on something, which though it determines us, we cannot determine in our turn.'' তাঁহাকে উপহাস করিয়া হীগোল বলেন,—''Religion is or ought to be perfect freedom; for it is neither more or less than the divine spirit becoming conscious of himself through the finite spirit—''
এ মত কতকটা বেদান্তের অনুসামী।

শিষা। যাহারই অনুগামী হউক, এই চারিটির একটি ব্যাখ্যাও ত শ্রন্ধের বলিয়া বোধ হইল

না। আচার্য্য মক্ষম্লেরের নিজের মত কি?

গ্রহা বলেন "Religion is a subjective faculty for the apprehension of the Infinite."

শিষ্য। Faculty সর্বনাশ! বরং রিলিজন ব্রনিলে ব্রা ষাইবে,—Faculty ব্রিব কি প্রকারে? তাহার অভিত্যের প্রমাণ কি?

গ্রহ। এখন জন্মনিদের ছাড়িয়া দিয়া দৃই এক জন ইংরেজের ব্যাখ্যা আমি নিজে সংগ্রহ করিয়া শ্রনাইতেছি। টইলর সাহেব বলেন যে যেখানে ''Spiritual Beings'' সম্বন্ধে বিশ্বাস আছে, সেইখানেই রিলিজন। এখানে ''Spiritual Beings'' অর্থে কেবল ভূত প্রেত নহে—লোকাতীত চৈতন্যই অভিপ্রেত; দেবদেবী ও ঈশ্বরও তদন্তর্গত। অতএব তোমার বাক্যের সহিত ই'হার বাক্যের ঐক্য হইল।

শিষ্য। সে জ্ঞান ত প্রমাণাধীন।

গ্রহ্। সকল প্রমাজ্ঞানই প্রমাণাধীন, ভ্রমজ্ঞান প্রমাণাধীন নহে। সাহেব মৌস্কের বিবেচনায় রিলিজনটা ভ্রমজ্ঞান মাত্র। এক্ষণে জন্ ভূট্যার্ট মিলের ব্যাখ্যা শোন।

শিষ্য। তিনি ত নীতিমাত্রদী, ধন্মবিরোধী।

গ্রন্থ। তাঁহার শেষাকন্থার রচনা পাঠে সের্প বোধ হয় না। অনেক স্থানে শ্বিধায**্ত** বটে। যাই হোক, তাঁহার ব্যাখ্যা উচ্চগ্রেণীর ধর্ম্মসকল সম্বন্ধে বেশ খাটে।

তিনি বলেন, "The essence of Religion is the strong and earnest direction of the emotions and desires towards an ideal object recognised as of the highest excellence, and is rightfully paramount over all selfish objects of desire."

শিষ্য। কথাটা বেশ।

গ্রন্। মন্দ নহে বটে। সম্প্রতি আচার্যা সীলীর কথা শোন। আধুনিক ধর্মাওত্বব্যাখ্যাকারদিনের মধ্যে তিনি এক জন শ্রেষ্ঠ। তাঁহার প্রদীত ''Ecce Homo'' এবং
''Natural Religion'' অনেককেই মোহিত করিয়াছে। এ বিষয়ে তাঁহার একটি উক্তি বাঙ্গালি
পাঠকদিনের নিকট সম্প্রতি পরিচিত হইয়াছে।* বাকাটি এই-- ''The substance of
Religion is Culture.'' কিন্তু তিনি এক দল লোকের মতের সমালোচনকালে এই উক্তির
দ্বারা তাঁহাদিনের মত পরিস্ফুট করিয়াছেন—এটি ঠিক তাঁহার নিজের মত নহে। তাঁহার নিজের
মত বড় সম্ব্রাপী। সে মতান্সারে রিলিজন ''habitual and permanent admiration.''
ব্যাখ্যাটি সবিস্তারে শ্লাইতে হইল।

"The words Religion and Worship are commonly and conveniently appropriated to the feelings with which we regard God. But those feelings—love, awe, admiration, which together make up worship—are felt in various combinations for human beings, and even for inanimate objects. It is not exclusively but only par excellence that religion is directed towards God. When feelings of admiration are very strong and at the same time serious and permanent, they express themselves in recurring acts, and hence arises ritual, liturgy and whatever the multitude indentifies with religion. But without ritual, religion may exist in its

र्वाध्कन तहनावनी

elementary state and this elementary state of Religion is what may be described as habitual and permanent admiration."

শিষ্য। এ ব্যাখ্যাটি অতি স্কুদর। আর আমি দেখিতেছি, মিল যে কথা বলিয়াছেন, তাহার সঙ্গে ইহার ঐক্য হইতেছে। এই "habitual and permanent admiration" যে মানসিক ভাব, তাহারই ফল, "strong and earnest direction of the emotions and desires towards an ideal object recognised as of the highest excellence."

গ্রে । এ ভাব ধন্মের একটি অঙ্গমাত।

বাহা হউক, তোমাকে আর পণিডতের পাণিডতের বারক্ত না করিয়া অগ্নন্ত কোম্তের ধর্মাব্যাখ্যা শুনাইয়া, নিরস্ত হইব। এটিতে বিশেষ মনোযোগ প্রয়োজন: কেন না. কোম্ং নিজে একটি অভিনব ধর্মোর স্থিকিতা, এবং তাঁহার এই ব্যাখ্যার উপর ভিত্তি স্থাপন করিয়াই তিনি সেই ধর্মা স্ভিট করিয়াছেন। তিনি বলেন, ''Religion, in itself expresses the state, of perfect unity which is the distinctive mark of man's existence both as an individual and in society, when all the constituent parts of his nature, moral and physical, are made habitually to converge towards one common purpose.'' অর্থাং ''Religion consists in regulating one's individual nature, and forms the rallying-point for all the separate individuals.''

যতগর্নি ব্যাখ্যা তোমাকে শ্নাইলাম, সকলের মধ্যে এইটি উৎকৃষ্ট বলিয়া বোধ হয়। আর যদি এই ব্যাখ্যা প্রকৃত হয়, তবে হিন্দুখন্ম সকল ধন্মের মধ্যে শ্রেষ্ঠ ধন্ম।

শিষ্য। আগে ধন্ম কি ব্ৰিঝ, তার পর পারি যদি, তবে না হয় হিন্দ্বধন্ম ব্ৰিঝব। এই সকল পণ্ডিতগণকত ধন্মব্যাখ্যা শুনিয়া আমার সাত কাণার হাতী দেখা মনে পড়িল।

গ্রহ। কথা সত্য। এমন মন্যা কে জন্মগ্রহণ করিয়াছে যে ধন্মের প্ণ প্রকৃতি ধ্যানে পাইয়াছে? যেমন সমগ্র বিশ্বসংসার কোন মন্যা চক্ষে দেখিতে পার না, তেমনই সমগ্র ধন্ম কোন মন্যা চক্ষে দেখিতে পার না, তেমনই সমগ্র ধন্ম কোন মন্যা ধ্যানে পার না। অন্যের কথা দ্রে থাক, শাক্যাসিংহ, যীশ্রীষ্ট, মহম্মদ, কি চৈতন্য,—তাঁহারাও ধন্মের সমগ্র প্রকৃতি অবগত হইতে পারিয়াছিলেন, এমন স্বীকার করিতে পারি না। অন্যের অপেক্ষা বেশি দেখ্ন. তথাপি সবটা দেখিতে পান নাই। যদি কেহ মন্যাদেহ ধারণ করিয়া ধন্মের সম্পূর্ণ অবয়ব হদয়ে ধ্যান, এবং মন্যালাকে প্রচারিত করিতে পারিয়া থাকেন, তবে সে শ্রীমন্তগবন্দাতাকার। ভগবন্দাতার উক্তি, ঈশ্বরাবতার শ্রীক্ষের উক্তি কি কোন মন্যাপ্রণীত, তাহা জানি না। কিন্তু যদি কোথাও ধন্মের সম্পূর্ণ প্রকৃতি ব্যক্ত ও পরিক্ষ্ট হইয়া থাকে, তবে সে শ্রীমন্তগবন্দাতার।

ক্রোড়পর--গ

(অন্টম অধ্যায় দেখ)

It, as the sequence of a malady contracted in pursuit of illegitimate gratification, an attack of iritis injures vision, the mischief is to be counted among those entailed by immoral conduct; but if, regardless of protesting sensations, the eyes are used in study too soon after ophthalmia, and there follows blindness for years or for life, entailing not only personal unhappiness but a burden on others, moralists are silent. The broken leg which a drunkard's accident causes, counts among those miseries brought on self and family by intemperance, which form the ground for reprobating it; but if anxiety to fulfil duties prompts the continued use of a sprained knee in spite of the pain, and brings on a chronic lameness involving lack of exercise, consequent ill health, inefficiency, anxiety, and unhappiness, it is supposed that ethics has no verdict to give in the matter. A student who is plucked because he has spent in amusement the time and money that

should have gone in study, is blamed for thus making parents unhappy and preparing for himself a miserable future; but another who, thinking exclusively of claims on him, reads night after night with hot or aching head, and, breaking down, cannot take his degree, but returns home shattered in health and unable to support himself, is named with pity only, as not subject to any moral judgment; or rather, the moral judgment passed is wholly favourable.

Thus recognizing the evils caused by some kinds of conduct only, men at large, and moralists as exponents of their beliefs, ignore the suffering and death daily caused around them by disregard of that guidance which has established itself in the course of evolution. Led by the tacit assumption, common to Pagan stoics and Christian ascetics, that we are so diabolically organized that pleasures are injurious and pains beneficial, people on all sides yield examples of lives blasted by persisting in actions against which their sensations rebel. Here is one who, drenched to the skin and sitting in a cold wind pooh-poohs his shiverings and gets rheumatic fever with subsequent heart-disease, which makes worthless the short life remaining to him. Here is another who, disregarding painful teelings, works too soon after a debilitating illness, and establishes disordered health that lasts for the rest of his days, and makes him useless to himself and others. Now the account is of a youth who, persisting in gymnastic feats spite of scarcely bearable straining, bursts a blood-vessel, and, long laid on the shelf, is permanently damaged; while now it is of a man in middle life who, pushing muscular effort to painful excess suddenly brings on hernia. In this family is a case of aphasis, spreading paralysis, and death, caused by eating too little and doing too much; in that, softening of the brain has been brought on by ceaseless mental efforts against which the feelings hourly protested; and in others, less serious brain-affections have been contracted by overstudy continued regardless of discomfort and the craving for fresh air and exercise.* Even without accumulating special examples, the truth is forced on us by the visible traits of classes. The careworn man of business too long at his office, the cadaverous barrister pouring half the night over his briefs, the feeble factory hands and unhealthy seamstresses passing long hours in bad air, the anæmic, flat-chested school girls, bending over many lessons and forbidden boisterous play, no less than Sheffield grinders who die of suffocating dust, and peasants crippled with rheumatism due to exposure, show us the widespread miseries caused by persevering in action repugnant to the sensations and neglecting actions which the sensations prompt. Nay the evidence is still more extensive and conspicuous. What are the puny malformed children, seen in poverty-stricken districts, but children whose appetites for food and desires for warmth have not been adequately satisfied? What are populations stunted in growth and prematurely aged,

^{*}I can count up more than a dozen such cases among those personally well known to me

such as parts of France show us, but populations injured by work in excess and food in defect: the one implying positive pain, the other negative pain? What is the implication of that greater mortality which occurs among people who are weakened by privations, unless it is that bodily miseries conduce to fatal illness? Or once more, what must we infer from the frightful amount of disease and death suffered by armies in the field, fed on scanty and bad provisions, lying on damp ground, exposed to extremes of heat and cold, inadequately sheltered from rain, and subject to exhausting efforts; unless it be the terrible mischiefs caused by continuously subjecting the body to treatment which the feelings protest against?

It matters not to the argument whether the actions entailing such effects are voluntary or involuntary. It matters not from the biological point of view, whether the motives prompting them are high or low. The vital functions accept no apologies on the ground that neglect of them was unavoidable, or that the reason for neglect was noble. The direct and indirect sufferings caused by non-conformity to the laws of life, are the same whatever induces the nonconformity; and cannot be omitted in any rational estimate of conduct. If the purpose of ethical inquiry is to establish rules of right living; and if the rules of right living are those of which the total results, individual and general, direct and indirect, are most conducive to human happiness; then it is absurd to ignore the immediate results and recognize only the remote results.—Herbert Spencer: Data of Ethics, pp. 93-95.

ক্রোডপগ্র—ঘ

(অনুশীলনতত্ত্বের সঙ্গে জাতিভেদ ও প্রমজীবনের সম্বন্ধ)

"বৃত্তির সপ্তালন স্বারা আমরা কি করি? হয় কিছু কর্ম্ম করি, না হয় কিছু জানি। কর্ম ও জ্ঞান ভিন্ন মনুষ্যের জীবনে ফল আর কিছু নাই।*

অতএব জ্ঞান ও কম্ম মানুষের স্বধন্ম। সকল বৃত্তিগৃলি সকলেই যদি বিহিতর্পে অনুশালিত করিত, তবে জ্ঞান ও কম্ম উভয়ই সকল মনুষোরই স্বধন্ম হইত। কিন্তু মনুষ্য-সমাজের অপরিলতাবন্ধায় তাহা সাধারণতঃ ঘটিয়া উঠে না। কহ কেবল জ্ঞানকেই প্রধানতঃ স্বধন্ম স্থানতঃ স্বধন্ম বিলয়া গ্রহণ করেন।

জ্ঞানের চরমোন্দেশ্য রক্ষ; সমস্ত জগৎ রক্ষে আছে। এজন্য জ্ঞানার্ল্জন যাঁহাদিগের স্বধন্ম. তাঁহাদিগকে রাহ্মণ বলা যায়। রাহ্মণ শব্দ রক্ষণ, শব্দ হইতে নিম্পান হইয়াছে।

কন্দর্শকে তিন শ্রেণীতে বিভক্ত করা যাইতে পারে। কিন্তু তাহা ব্যক্তিত গোলে কন্দের্যর বিষয়টা ভাল করিয়া ব্যক্তিত হইবে। জগতে অন্তর্বিষয় আছে ও বহিবিষয় আছে। অন্তর্বিষয় কন্দের্যর বিষয়ীভূত হইতে পারে না; বহিবিষয়ই কন্দের্যর বিষয়। সেই বহিবিষয়ের মধ্যে কন্তকগালিই হোক, অথবা সবই হোক, মন্বোর ভোগ্য। মন্বোর কন্ম মন্বোর ভোগ্য বিষয়কেই আশ্রয় করে। সেই আশ্রয় তিবিধ, যথা—(১) উৎপাদন, (২) সংযোজন বা সংগ্রহ,

† আমি উনবিংশ শতাব্দীর ইউরোপকেও সমাজের অপরিণতাবস্থা বলিতেছি।

^{*} কোন্ শুভূতি পাশ্চান্তা দাশনিকগণ তিন ভাগে চিন্তপরিণতিকে বিভক্ত করে ''Thought, Feeling, Action,'' ইহা ন্যায়। কিন্তু Feeling অবশ্যের Thought কিন্তা Action প্রাপ্ত হয়। এই জনা পরিণামের ফল জ্ঞান ও ক্মা, এই ছিবিধ বলাও ন্যায়।

(৩) রক্ষা। (১) যাহারা উৎপাদন করে, তাহারা কৃষিধন্মী; (২) যাহারা সংযোজন বা সংগ্রহ করে, তাহারা শিল্প বা বাণিজ্যধন্মী; (৩) এবং ষাহারা রক্ষা করে, তাহারা যুদ্ধধন্মী। ইহাদিগের নামান্তর বাংক্রমে ক্ষাত্রয়, বৈশ্য, শুদ্র, এ কথা পাঠক স্বীকার করিতে পারেন কি?

শ্বীকার করিবার প্রতি একটা আপত্তি আছে। হিন্দ্ব্দিগের ধর্ম্মশাস্ত্রান্দ্রান্দ্রারে এবং এই গীতার ব্যবস্থান্দ্রারে কৃষি শুদ্রের ধর্ম্ম নহে; বাগিজ্য এবং কৃষি, উভয়েই বৈশোর ধর্ম্ম । অন্য তিন বর্ণের পরিচর্য্যাই শুদ্রের ধর্ম্ম । এখনকার দিনে দেখিতে পাই, কৃষি প্রধানতঃ শুদ্রেরই ধর্ম্ম । কিন্তু অন্য তিন বর্ণের পরিচর্য্যাও এখনকার দিনে প্রধানতঃ শুদ্রেবই ধর্ম্ম । যথন জ্ঞানধর্মী যুদ্ধধর্মী, বাগিজ্যধন্মী বা কৃষিধন্মীর কন্মের এত বাহ্ল্য হয় যে তদ্ধন্মিগণ আপনাদিগের দৈহিকাদি প্রয়োজনীয় সকল কন্ম সম্পন্ন করিয়া উঠিতে পারে না তথন কতকগ্র্নি লোক তাহাদিগের পরিচর্য্যায় নিষ্কুক্ত হয়। অতএব (১) জ্ঞানার্জ্যন বা লোক্ষিক্ষা, (২) যুদ্ধ বা সমাজরক্ষা, (৩) শিলপ বা বাগিজা, (৪) উৎপাদন বা কৃষি, (৫) পরিচর্য্যা, এই পঞ্চবিধ কন্ম্ম ।"

ভগবন্দাতার টীকায় যাহা লিখিয়াছি, তাহা হইতে এই কয়টি কথা উদ্ধৃত করিলাম। এক্ষণে স্মরণ রাখা কন্তব্য যে সন্ধাবিধ কন্মানুষ্ঠান জন্য অনুশালন প্রয়োজনীয়। তবে কথা এই যে, যাহার যে স্বধন্মা, অনুশালন তদন্বত্তা না হইলে সে স্বধন্মার স্নুপালন হইবে না। অনুশালন স্বধন্মানুবত্তা হওয়ার অর্থ এই যে, স্বধন্মোর প্রয়োজন অনুসারে ব্তিবিশেষের বিশেষ অনুশালন চাই।

সামঞ্জন্য রক্ষা করিয়া বৃত্তিবিশেষের বিশেষ অনুশীলন কি প্রকারে হইতে পারে. তাহা শিক্ষাতত্ত্বের অন্তর্গত। সন্তরাং এ গ্রন্থে সে বিশেষ অনুশীলনের কথা লেখা গেল না। আমি এই গ্রন্থে সাধারণ অনুশীলনের কথাই বলিয়াছি: কেন না, তাহাই ধর্ম্মতত্ত্বের অন্তর্গত; বিশেষ অনুশীলনের কথা বলি নাই; কেন না, তাহা শিক্ষাতত্ত্ব। উভয়ে কোন বিরোধ নাই ও হইতে পারে না, ইহাই আমার এখানে বলিবার প্রয়োজন।

শ্রীমন্তগবদ্গীতা

ভূমিকা

ভগবান্ শঙ্করাচার্য্য প্রভৃতি প্রণীত গাঁতার ভাষ্য ও টাঁকা থাকিতে গাঁতার অন্য ব্যাখ্যা অনাবশ্যক। তবে ঐ সকল ভাষ্য ও টাঁকা সংস্কৃত ভাষার প্রণাঁত। এখনকার দিনে এমন অনেক পাঠক আছেন যে, সংস্কৃত ব্বেনে না, অথচ গাঁতা পাঠে বিশেষ ইচ্ছুক। কিন্তু গাঁতা এমনই দ্রুহ গ্রন্থ যে, টাঁকার সাহাষ্য ব্যতীত অনেকেরই বোধগম্য হয় না। এই জন্য গাঁতার একথানি বাঙ্গালা টাঁকা প্রয়োজনীয়।

শঙ্গালা টীকা দুই প্রকার হইতে পারে। এক, শংকরাদি-প্রণীত প্রাচীন ভাষোর ও টীকার বাদালা অনুবাদ দেওয়া যাইতে পারে। দ্বিতীয়, ন্তন বাঙ্গালা টীকা প্রণয়ন করা যাইতে পারে। কেহ কেহ প্রথমাক্ত প্রথা অবলম্বন করিয়াছেন। বাব্ হিতলাল মিশ্র নিজকৃত অনুবাদে, কথন শংকরভাষোর সারাংশ, কথন শ্রীধরস্বামিকৃত টীকার সারাংশ সংকলন করিয়াছেন। পরম বৈষ্ণব ও পশ্ভিত শ্রীযুক্ত বাব্ কেদারনাথ দত্ত নিজকৃত অনুবাদে, অনেক সময়ে বিশ্বনাথ চক্রবর্তী প্রণীত টীবার মারাংশ সংকলন বিশেষ ঋণী। প্রিয়বর শ্রীযুক্ত বাব্ ভূধরচন্দ্র চট্টোপাধ্যায় গীতার আর একখানি সংস্করণ প্রকাশে উদ্যত হইয়াছেন; বিজ্ঞাপনে দেখিলাম, তাহাতে শংকরভাষোব অনুবাদ থাকিবে। ইহা বাঙ্গালী পাঠকের বিশেষ সৌভাগ্যের বিষয়।

শ্রীষর্ক্ত বাব্ শ্রীকৃষ্ণপ্রসন্ন দ্বিতীয় প্রথা অবলম্বন করিয়াছেন। তিনি নিজকৃত অনুবাদের সহিত "গাঁতাসন্দাপনী" নামে একখানি বাঙ্গালা টীকা প্রকাশ করিতেছেন। ইহা সুখের বিষয় যে, "গাঁতাসন্দাপনী"তে গাঁতার মন্ম প্র্বেপান্ডিতেরা যের্প ব্রিঝয়াছিলেন, সেইর্প ব্রুঝা হুইতেছে। বাঙ্গালী পাঠকেরা শ্রীকৃষ্ণপ্রসন্ন বাব্র নিকট তঙ্জন্য কৃতজ্ঞ হইবেন সন্দেহ নাই।

এই সকল অন্বাদ বা টীকা থাকাতেও মাদৃশ ব্যক্তির অভিনব অন্বাদ ও টীকা প্রকাশে প্রবৃত্ত হওয়া বৃথা পরিশ্রম বলিয়া গণিত হইতে পারে। কিন্তু ইহার যথার্থ প্রয়োজন না থাকিলে, আমি এই গ্রহত্বর কার্যের হস্তক্ষেপ করিতাম না। সে প্রয়োজন কি. তাহা ব্রাইতেছি।

এখনকার পাঠকদিগের মধ্যে প্রায় অধিকাংশই "শিক্ষিত" সম্প্রদায়ভক্ত। যাঁহারা পাশ্চান্তা শিক্ষায় শিক্ষিত, তাঁহাদিগোরই সচরাচর "শিক্ষিত" বলা হইয়া থাকে: আমি প্রচলিত প্রথার বশবতী হইয়াই তদথে "শিক্ষিত" শব্দ ব্যবহার করিতেছি। কাহারও শিক্ষা বেশী, কাহারও শিক্ষা কম. কিন্তু কম হউক, বেশী হউক, এখানকার পাঠক অধিকাংশই "শিক্ষিত" সম্প্রদায়ভক্ত ইহা আমার জানা আছে। এখন গোলযোগের কথা এই যে, এই শিক্ষিত সম্প্রদায় প্রাচীন পশ্চিতদিগের উক্তি সহজে ব্রাঝিতে পারেন না। বাঙ্গালায় অনুবাদ করিয়া দিলেও তাহা ব্রাঝিতে পারেন না। যেমন টোলের পশ্ভিতেরা, পাশ্চান্তাদিগের উক্তির অনুবাদ দেখিয়াও সহজে ব্রাঝিতে পারেন না, যাঁহ।রা পাশ্চান্তা শিক্ষায় শিক্ষিত, তাঁহারা প্রাচীন প্রাচ্য পশ্ভিতদিগের বাক্য কেবল অনুবাদ করিয়া দিলে সহজে ব্রঝিতে পারেন না। ইহা তাঁহাদিগের দোষ নহে, তাঁহাদিগের শিক্ষার নৈস্মিত্র ফল। পাশ্চান্তা চিন্তা-প্রণালী প্রাচীন ভারতব্যীয়িদিগের চিন্তা-প্রণালী হইতে এত বিভিন্ন যে, ভাষার অনুবাদ হইলেই ভাবের অনুবাদ হৃদয়ঙ্গম হয় না। এখন আমাদিগের "শিক্ষিত" সম্প্রদায়, শৈশব হইতে পাশ্চাত্তা চিন্তা-প্রণালীর অনুবত্তী, প্রাচীন ভারতব্যীয় চিন্তা-প্রণালী তাঁহাদিগের নিকট অপরিচিত: কেবল ভাষান্তরিত হইলে প্রাচীন ভাবসকল তাঁহাদিগের হদরক্ষম হয় না। তাঁহাদিগকে ব্ঝাইতে গেলে পাশ্চান্তা প্রথা অবলম্বন করিতে হয়, পাশ্চান্তা ভাবের সাহাষ্য গ্রহণ করিতে হয়। পাশ্চান্তা প্রথা অবলম্বন করিয়া পাশ্চান্তা ভাবের সাহায্যে গীতার মন্ম তাঁহাদিগকে ব্রুঝান, আমার এই টীকার উদ্দেশ্য।

ইহার আরও বিশেষ প্রয়োজন এই যে, পাশ্চান্তা শিক্ষায় শিক্ষিত সম্প্রদায়ের মনে যে সকল সংশয় উপস্থিত হইবার সম্ভাবনা, পূর্ব্বপশ্ভিতদিগের কৃত ভাষ্যাদিতে তাহার মীমাংসা নাই। থাকিবারও সম্ভাবনা নাই; কেন না, তাহারা যে সকল পাঠকের সাহায্য জন্য ভাষ্যাদি প্রণয়ন

করিয়াছিলেন, তাঁহাদিগের মনে সে সকল সংশয় উপস্থিত হইবার সম্ভাবনাই ছিল না। এই টীকায় যত দূরে সাধ্য, সেই সকল সংশয়ের মীমাংসা করা গিয়াছে।

অতএব যে সকল পশ্ডিতগণ গীতার ব্যাখ্যা বাঙ্গালায় প্রচার করিয়াছেন বা করিতেছেন, আমি তাঁহাদিগের প্রতিযোগী নহি; ষথাসাধ্য তাঁহাদিগের সাহাষ্য করি. ইহাই আমার ক্রুলাভিলায় । আমিও যত দ্র পারিয়াছি, প্র্বপশ্ডিতদিগের অনুগামী হইয়াছি। আনন্দর্গার-টীকা-সন্বলিড শঙ্করভাষ্য, শ্রীধরস্বামিকৃত টীকা রামান্জভাষ্য, মধ্মদুদন সরস্বতীকৃত টীকা, বিশ্বনাথ চক্রবতীকৃত টীকা ইত্যাদির প্রতি দৃষ্টি রাখিয়া এই টীকা প্রণয়ন করিয়াছি। তবে ইহাও আমাকে বালতে হইতেছে যে, যে ব্যক্তি পাশ্চান্তা সাহিত্য, বিজ্ঞান এবং দর্শন অবগত হইয়াছে সকল সময়েই যে, সে প্রাচীনদিগের অনুগামী হইতে পারিবে. এমন সভাবনা নাই। আমিও সর্প্রতিহাদের অনুগামী হইতে পারি নাই। যাঁহারা বিবেচনা করেন, এদেশীয় প্র্বেপশ্ডিতেরা যাহা বিল্যাভিন, তাহা সকলই ঠিক এবং পাশ্চান্তাগণ জাগতিক তত্ত্ব সম্বন্ধে যাহা বলেন তাহা সকলই ভূল, তাঁহাদিগের সঙ্গে আমার কিছুমান্ত সহানুভূতি নাই।

টীকাই আমার উন্দেশ্য, কিন্তু মূল ভিন্ন টীকা চলে না, এই জন্য মূলও দেওয়া গেল। অনেক পাঠক অনুবাদ ভিন্ন মূল ব্যাঝিতে সক্ষম নহেন, এজন্য একটা অনুবাদও দেওয়া গেল। বাঙ্গালা ভাষায় গীতার অনেক উৎকৃষ্ট অনুবাদ আছে। পাঠক যেটা ভাল বিবেচনা করেন সেইটা অবলম্বন করিতে পারেন। সচরাচর যাহাতে অনুবাদ অবিকল হয়, সেই চেণ্টা করিয়াছি। কিন্তু দুই এক স্থানে অর্থব্যক্তিব অনুবাধে এ নিযমের কিঞ্ছিৎ ব্যাতিক্রম ঘটিয়াছে।

কলিকাতা। ১২৯৩ সাল। श्रीर्वा॰कम्बरुम् रुद्धाेशासास

প্রথমোহধ্যায়ঃ

ধ্তরাষ্ট্র উবাচ।

ধন্মক্ষেত্রে কুর্ক্ষেত্রে সমবেতা য্যুংসবঃ। মামকাঃ পাশ্ডবাশ্চৈব কিমকুর্বত সঞ্জয়॥ ১ ॥

ধ্তরাষ্ট্র বলিলেন হে সঞ্জয়! প্রণ্যক্ষেত্র ক্রুক্তেতে যুদ্ধাথী সমবেত আমার পক্ষ ও পাশ্ডবেরা কি করিল? ১।

শ্রীমন্তগবশ্দীতা মহাভারতের ভীক্ষপন্তের অন্তর্গত। ভীক্ষপন্তের ৩ অধ্যায় হইতে ৪৩ অধ্যায় পর্যান্ত- এই অংশের নাম ভগবশ্দীতাপন্ত্রাধ্যায়: কিন্তু ভগবশ্দীতার আরম্ভ পঞ্চবিংশতিত্য অধ্যায়ে। তংপক্তের্ব যাহা ঘটিয়াছে, তাহা সকল পাঠক জানিতে না পারেন, এজন্য তাহা সংক্ষেপে বলিতেছি; কেন না তাহা না বলিলে, ধ্তরাল্ট্র কেন এই প্রশ্ন করিলেন, এবং সঞ্জয়ই বা কে, তাহা অনেক পাঠক ব্রিবেন না।

যুখিন্ঠিরের রাজ্যসমৃদ্ধি দেখিয়া, ধৃতরান্টের পুত্র দুর্যোধন তাহা অপহরণ করিবার অভিপ্রায়ে যুখিন্ঠিরকে কপটদুর্তে আহ্বান করেন। যুখিন্ঠির কপটদুরতে পরাজিত হইয়া এই পণে আবদ্ধ হয়েন যে, দ্বাদশ বংসর তিনি ও তাঁহার দ্রাত্যগণ বনবাস করিবেন, তার পর এক বংসর অজ্ঞাতবাস করিবেন। এই গ্রেমদশ বংসর দুর্য্যোধন তাঁহাদিগের রাজ্য ভোগ কবিবেন। তাব পব পান্ডবেরা এই পণ রক্ষা করিতে পারিলে আপনাদিগের রাজ্য প্নঃপ্রাপ্ত হইবেন। পান্ডবেরা দ্বাদশ বংসব বনবাসে এবং এক বংসর অজ্ঞাতবাসে যাপন করিলেন, কিন্তু দুর্যোধন তার পর রাজ্য প্রতার্পণ করিতে অস্বীকৃত হইলেন। কাজেই পান্ডবেরা যুদ্ধ করিয়া স্বরাজ্যের উদ্ধাব করিতে প্রস্তুত হইলেন। উভয় পক্ষ সেনা সংগ্রহ করিলেন। উভয়পক্ষীয় সেনা যুদ্ধার্থ কুরুক্ষেত্রে সমবেত হইল। যথন উভয় সেনা পরস্পর সম্মুখীন হইয়াছে কিন্তু যুদ্ধ আরম্ভ।

ধৃতবাণ্ট্র প্রব্নং যাদ্ধন্তে উপন্থিত নহেন—তিনি হন্তিনানগরে আপনার রাজভবনে আছেন। তাহার কারণ, তিনি জন্মান্ধ, কুর্ক্তেরে উপস্থিত থাকিরা যাদ্ধদর্শন-স্থেও বণিত। কিন্তু যাদ্ধে কি হয়, তাহা জানিবার জন্য বিশেষ বাগু। যাদ্ধের প্রেশ ভগবান্ ব্যাসদেব তাহার সম্ভাষণে

विष्क्रम तहसावनी

আসিরাছিলেন, তিনি অনুগ্রহ করিয়া ধৃতরাষ্ট্রকে দিব্য চক্ষ্ম প্রদান করিতে ইচ্ছা করিলেন। কিন্তু ধৃতরাষ্ট্র তাহাতে অস্বীকৃত হইলেন, বলিলেন যে, "আমি জ্ঞাতিবধ সন্দর্শন করিতে অভিলাষ করি না, আপনার তেজঃপ্রভাবে আদ্যোপান্ত এই যুদ্ধ-বৃত্তান্ত প্রবণ করিব।" তথন ব্যাসদেব ধ্তরভেট্র মন্ত্রী সঞ্জয়কে বর দান কবিলেন। বর-প্রভাবে সঞ্জয় হস্তিনাপুরে থাকিয়াও কুরুক্লেত্রের যুদ্ধব্তান্ত সকল দিবা চক্লে দেখিতে পাইলেন, দেখিয়া ধৃতরাদ্ধকৈ শুনাইতে লাগিলেন। ধৃতরাষ্ট্র মধ্যে মধ্যে প্রশন করিতেছেন, সঞ্জয় উত্তর দিতেছেন। সহাভারতের যুদ্ধপর্ম্বাল এই প্রণালীতে লিখিত। সকলই সঞ্জয়োক্তি। এক্ষণে উভয়পক্ষীয় সেনা যুদ্ধার্থ পরস্পর সম্মুখীন হইয়াছে শুনিয়া ধৃতরাষ্ট্র জিজ্ঞাসা করিতেছেন উভয় পক্ষ কি করিলেন। গীতার এইরূপ আরম্ভ।

এই দিবা চক্ষরে কথাটা অনৈস্গিক, পাঠককে বিশ্বাস করিতে বলি না। গীতোক্ত ধন্মের সঙ্গে ইহার কোন সম্বন্ধ নাই।

যে ধন্মব্যাখ্যা গীতার উদ্দেশ্য প্রথমাধ্যায়ে তাহার কিছুই নাই। কি প্রসঙ্গোপলক্ষ্যে এই তত্ত উত্থাপিত হইয়াছিল, প্রথমাধ্যায়ে এবং দ্বিতীযাধ্যায়ের প্রথম একাদশ শ্লোকে কেবল তাহারই পরিচয় আছে। গীতার মুর্ম্ম হুদুরক্ষম করিবার জন্য এতদংশের কোন প্রয়োজন নাই। পাঠক ইচ্ছা করিলে এতদংশ পরিত্যাগ করিতে পারেন। আমার যে উদ্দেশ্য, তাহাতে এতদংশের কোন টীকা লিখিবারও প্রয়োজন নাই; ভগবান্ শঙ্করাচার্য্যও এতদংশ পরিত্যাগ করিয়াছেন। তবে শ্রেণীবিশেষের পাঠক কোন কোন বিষয়ে কিছু জানিতে ইচ্ছা করিতে পারেন। এজন্য দুই একটা কথা লেখা গেল।

কর ক্ষেত্র একটি চক্র বা জনপদ। ঐ চক্র এখনকার স্থানেশ্বর বা থানেশ্বর নগরের দক্ষিণবত্তী। আম্বালা নগর হইতে উহা ১৫ ক্রোশ দক্ষিণ। পানিপাট হইতে উহা ২০ ক্রোশ উত্তর। করুক্ষেত্র ও পানিপাট ভারতবর্ষের যুদ্ধক্ষেত্র, ভারতের ভাগ্য অনেক বার ঐ ক্ষেত্রে নিষ্পত্তি পাইযাছে। "ক্ষেত্র" নাম শ্রনিয়া ভরসা করি, কেহ একখানি মাঠ ব্রঝিবেন না। করক্ষেত্র প্রাচীন কালেই পণ্ড যোজন দৈর্ঘ্যে এবং পণ্ড যোজন প্রস্তে। এই জন্য উহাকে সমন্তপণ্ডক বলা যাইত। চক্রেব সীমা এখন আরও বাডিয়া গিয়াছে।

কুর্ম নামে এক জন চন্দ্রবংশীয় রাজা ছিলেন। তাঁহা হইতেই এই ৮ক্রের নাম কুর্ফেত হইয়াছে। তিনি দ্বর্য্যোধনাদির ও পাণ্ডবদিগের প্রেপ্রেষ; এজন্য দ্বর্য্যাধনাদিকে কৌরব বলা হয়, এবং কখন কখন পাণ্ডবদিগকেও বলা হয়। তিনি এই স্থানে তপস্যা করিয়া বর লাভ করিয়াছিলেন, এই জন্য ইহার নাম কর কে। মহাভারতে কথিত হইয়াছে যে, আঁহার তপসাার কারণেই উহা প্রণাতীর্থ। ফলে চিরকালই কুরুক্ষেত্র প্রণ্যক্ষেত্র বা ধর্মাক্ষেত্র বলিয়া প্রসিদ্ধ। শতপথ ব্রাহ্মণে আছে, "দেবাঃ হ বৈ সহং নিষেদ্, বিগিরিক্তঃ সোমো মথো বিষ্কৃ্বি শ্বেদেবা অন্যত্রেবাশ্বিভ্যাম । তেষাং কুর্কেরং দেবযজনমাস। তম্মাদাহ ; কুর্কেরং দেবযজনম ।" অর্থাং দেবতারা এইখানে যজ্ঞ করিয়াছিলেন. এজন্য ইহাকে "দেবতাদিগের যজ্ঞস্থান" বলে।

মহাভারতেব বনপ্রের তীর্থযাত্রা পর্যাধ্যায়ে কথিত হইয়াছে যে, কুরুক্ষেত্র তিলোকীর মধ্যে প্রধান তীর্থ। বনপর্বেক করক্ষেত্রের সীমা এইরপে লেখা আছে—"উন্তরে সরস্বতী দক্ষিণে দ্যবতী: কুরুক্ষেত্র এই উভয় নদীর মধ্যবত্তী।" (৮৩ অধ্যায়) মন, সংহিতায় বিখ্যাত ব্রহ্মাবর্ত্তেরও ঠিক সেই সীমা নিদ্দিণ্ট হইয়াছে।--

> সরস্বতীদ বদ্ধত্যোদে বনদ্যোর্য দন্তরং। जः प्रविनिष्यां जः प्रभार बन्नावर्खः क्षरुक्तरु ॥ २।১५।

অতএব কুরুক্ষেত্র এবং ব্রহ্মাবর্ত্ত একই। কালিদাসের নিশ্নলিখিত কবিতাতে তাহাই বুঝা যাইতেছে।

> ব্রহ্মাবর্ত্তং জনপদমথচ্ছার্যা গাহমানঃ ক্ষেত্র: ক্ষতপ্রঘনপিশ,নং কোরবং তন্তভেথা:। রাজন্যানাং শিতশরশতৈর্যত গাণ্ডীবধন্বা ধারাপাতে ভুমিব কমলান্যভাবর্ষন মুখানি॥

—মেঘদ্ত ৪৯।

কিন্তু মন্তে আবার অন্য প্রকার আছে। যথা—
কুর্ক্তেও মংস্যাদ্চ পণ্ডালাঃ শ্রসেনকাঃ।
এব ব্লাবিদেশো বৈ ব্লাবতাদনন্তরঃ॥

অপেক্ষাকৃত আধ্রনিক সমযে চৈনিক পরিব্রাজক হিউন্থসাঙ্ও ইহাকে দ্বীয় প্রশেষ

"ধশ্ম ক্ষেত্ৰ" বলিয়াছেন।*

কুর্ক্ষের আজিও প্রাতীর্থ বিলয় ভারতবর্ষে পরিচিত: অনেক যোগী সম্যাসী তথা পরিদ্রমণ করেন। কুর্ক্ষেরে অনেক ভিন্ন ভিন্ন তীর্থ আছে। তাহার মধ্যে কতকগুলি মহাভারতের যুদ্ধের স্মারক স্বর্প। যে স্থানে অভিমন্য সপ্তর্রাথকর্ত্ক অন্যায়-যুদ্ধে নিহত ইইয়াছিলেন, সে স্থানকে এক্ষণে 'অভিমন্যকের' বা 'আমন' বিলয়া থাকে। সেখানে আহিও পুরহীনারা পুরকামনায় আদিতির মন্দিরে আদিতির উপাসনা করে। যেখানে কুর্ক্ষেরে যুদ্ধে নিহত যোদ্ধাদিগের সংকার সমাপন ইইয়াছিল, ক্ষেত্রের যে ভাগ সেই বীরগণের অস্থিতে সমাকীর্ণ ইইয়াছিল, এখনও তাহাকে 'অস্থিপ্র' বলে। যেখানে সাত্যকিতে ও ভূরিপ্রবাতে ভয়তকর যুদ্ধ হয়় এবং অঙ্কর্ন সাত্যকির রক্ষার্থ অনাায় করিয়া ভূরিপ্রবার বাহ্মছেদ কবেন, সে স্থানকে এক্ষণে 'ভোর' বলে। জনপ্রবাদ আছে যে, ভূরিপ্রবার সালঙ্কার ছিল্ল হস্ত পক্ষীতে লইয়া যায়। সেই ছিল্ল হস্তের অলঙ্কারে একখণ্ড বহুম্ন্তা হীরক ছিল। তাহাই কহীন্র, এক্ষণে ভারতেশ্বরীর অঙ্কে শোভা পাইতেছে। কথাটা যে সত্য, তাহার অবশ্য কোন প্রমাণ নাই।

কুর্ক্ষেত্রের নাম বাঙ্গালীমাত্রেই মৃথে আছে। একটা কিছ্ব গোল দেখিলে বাঙ্গালীর মেয়েরাও বলে, "কুর্ক্ষেত্র হইতেছে"। অথচ কুর্ক্ষেত্রের সবিশেষ তত্ত্ব কেহই জানে না। বিশেষ টম্সন, হ্বইলর প্রভৃতি ইংরেজ লেখকেরা সবিশেষ না জানিয়া অনেক গোলযোগ বাধাইয়াছেন। তাই কুর্ক্ষেত্রের কথা এখানে এত সবিস্তারে লেখা গেল।†

সঞ্জয় উবাচ।

দৃষ্ট্বা তু পাশ্ডবানীকং বাড়েং দুর্যোধনস্তদ। আচার্যাম্পসঙ্গমা রাজা বচনমত্রবীং॥ ২॥

সঞ্জয় বলিলেন—

ব্যহিত পান্ডবলৈন্য দেখিয়া রাজা দ্বের্যাধন আচার্ব্যের নিকটে গিয়া বলিলেন। ২।
দ্বের্যাধনাদির অস্ত্রবিদ্যার আচার্য্য ভরম্বাজপত্ত দ্রোণ। ইনি পান্ডবাদগেরও গত্ত্ব্য ইনি
রাহ্মণ। কিস্তু যুক্ষবিদ্যায় অদ্বিতীয়। শস্ত্রবিদ্যা ক্ষতির্যাদগেরই ছিল, এমন নহে। দ্রোণাচার্য্য,
পরশ্রাম, কৃপাচার্য্য, অস্থামা, ইহারা সকলেই ব্রাহ্মণ, অথচ সচরাচর ক্ষতির্যাদগের অপেক্ষা
যুদ্ধে শ্রেষ্ঠ বলিয়া বণিতি হইয়াছেন। যখন পশ্চাৎ স্বধশ্র্মপালনের কথা উঠিবে, তখন এই
কথা স্মরণ করিতে হইবে।

युकार्थ रेमना-मिद्यालक त्राह वर्षा।

সমগ্রস্য তু সৈনাস্য বিন্যাসঃ স্থানভেদতঃ। স ব্যুহ ইতি বিখ্যাতো যুদ্ধেষ্ পৃথিবীভূজাম্॥ আধুনিক ইউরোপীর সমরে সেনাপতির ব্যুহরচনাই প্রধান কার্য্য।

* M. Stanislaus Julien অনুবাদে লিখিয়াছেন ''Le champ due bonheur.'' অথাং ধৰ্মকেন।

া সাহেবাদগের শ্রমের উদাহরণশবর্প গাঁতার অন্বাদক ঐম্সনের টীকা হইতে দ্ই ছত্র উদ্ধৃত করিতেছি। কুরুক্ষেত্র সম্বদ্ধে লিখিতেছেন,—

"A part of Dharmmakshetra, the flat plain around Delhi, which city is often

identified with Hastinapur, the Capital of Kurukshetra."

এইট্রুক ভিতর ৫টি ভূল। (১) ধর্মাকের নামে কোন স্বতন্ত কোর নাই। (২) কুর্ক্ষের ধর্মাকেরের অংশ মার নহে। (৩) "The flat plain around Delhi" কুর্ক্ষের নহে। (৪) দিল্লী হিন্তনাপুর নহে। (৫) হিন্তনাপুর কুর্ক্ষেরের রাজধানী নহে। এডট্রুর ভিতর এডগার্কি ভূল একর করা ধায়, আমরা জানিতাম না।

পলৈতাং পাণ্ডুপ্রাণামাচার্য্য মহতীং চম্ম্। ব্যুড়াং দুক্রদপ্রেণ তব শিকোণ ধীমতা॥ ৩॥

হে আচার্য্য! আপনার শিষ্য ধীমান্ দ্রুপদপ্তের দ্বারা ব্যহিতা পাণ্ডবদিগের মহতী সেনা

मर्भन कत्ना ७।

দ্রশদপত্ত ধৃষ্টদ্যুদ্ন, পাণ্ডবদিগের একজন সেনাপতি। তিনিই ব্যুহ রচনা করিয়াছিলেন। কথিত আছে, ই'হার পিতা দ্রোণবধ কামনায় যজ্ঞ করিলে ই'হার জন্ম হয়। ইনিও দ্রোণের শিষা বলিয়া বণিতি হইতেছেন। এ কথাটা স্বধন্মপালন ব্রিঝবার সময়ে স্মরণ করিতে হইবে। নিজ বধার্থ উৎপন্ন শত্রুকে দ্রোণ শিক্ষা দিয়াছিলেন। আচার্যের ধন্ম বিদ্যা দান।

অত শ্রা মহেত্বাসা ভীমার্জ্নসমা য্থি।
য্যুধানো বিরাটণ্ট দ্রুপদণ্ট মহারথঃ॥৪॥
ধৃষ্টকেতুশ্চেকিতানঃ কাশীরাজণ্ট বীর্যাবান্।
প্র্কিং কুস্তিভোজণ্ট শৈবাণ্ট নরপ্রস্বঃ॥৫॥
যুধামন্ণট বিক্রাস্ত উত্তমোজাণ্ট বীর্যাবান্।
সৌভদ্রা দ্রোপদেয়াণ্ট স্বর্থ এব মহারথাঃ॥৬॥

ইহার মধ্যে শত্র, বাণক্ষেপে মহান্, যুদ্ধে ভীমার্জ্রা, যুযুধান, (১) বিরাট, (২) মহারথ দ্রুপদ, ধৃষ্টকেতু, ৫০) চেকিতান, বীর্যাবান্ কাশীরাজ, প্রুজিং, কুন্তিভোজ (৪) নরশ্রেষ্ঠ শৈব্য, বিক্রমশালী যুধামন্য, বীর্যাবান্ উত্তমৌজা স্কলেই নহারথ।৪।৫।৬।

(১) যুযুধান—যদুবংশীয় মহাবীর সাত্যকি।

(২) দ্রুপদ, বিরাট, সাত্যাক, ধৃষ্টকেতু প্রভৃতি সকলে অক্ষোহিণীপতি।

(৩) ধ্টকৈত মহাভারতে চেদিদেশের অধিপতি বলিয়া বর্ণিত হইয়াছেন। অন্যবিধ বর্ণনাও আছে (মহা, উদ্যোগ, ১৭১ অধ্যায়)।

(৪) কুন্তিভোজ বংশের নাম। বৃদ্ধ কৃতিভোজ বস্দেবের পিতা শ্রের পিতৃৎবস্প্ত। পান্ডবমাতা কুন্তী তাঁহার ভবনে প্রতিপালিতা হয়েন। প্রবৃত্তিৎ এ সম্বন্ধে পান্ডব-মাতল।

(৫) বিখাত অভিমন্ত।

অস্মাকস্থ বিশিষ্টা যে তালিবোধ দিজোত্তম। নায়কা মম সৈন্যস্য সংজ্ঞার্থং তান্ রবীমি তে॥ ৭॥

হে দ্বিজোত্তম ' আমাদিগের মধ্যে যাঁহারা প্রধান, আমার সৈনোর নায়ক, তাঁহাদিগকে অবগত হউন। আপনার অবগতির জন্য সে সকল আপনাকে বলিতেছি। ৭।

ভবান্ ভীত্মশ্চ কর্ণশ্চ কৃপশ্চ সমিতিঞ্জয়ঃ। অশ্বতামা বিকর্ণশ্চ সৌমদন্তির্জায়প্রথমঃ॥*

আপনি, ভীষ্ম, কর্ণ, যুদ্ধজয়ী কৃপ, (৬) অশ্বত্থামা, (৭) বিকর্ণ, সোমদত্তপত্ত (৮) ও জয়দ্রথ (৯)।৮।

(৬) ইনিও ব্রাহ্মণ এবং অস্ক্রবিদ্যায় কৌরবিদিগের আচার্য্য।

(৭) দ্রোণপরে।

(৮) ইনিই বিখ্যাত ভূরিশ্রবা।

(৯) দুর্যোধনের ভগিনীপতি।

অন্যে চ বহবঃ শ্রা মদর্থে ত্যক্তজীবিতাঃ। নানাশক্ষপ্রহরণাঃ সক্তেব ব্দ্ধবিশারদাঃ॥ ৯॥

আরও অনেক অনেক বীর আমার জন্য তাক্তজীবন হইয়াছেন (অর্থাৎ জীবনত্যাগে প্রস্তুত হইয়াছেন)। তাঁহারা সকলে নানান্দ্রধারী এবং যুদ্ধবিশারদ।৯।

গীতার প্রথমাধ্যায়ে ধন্মতিত্ব কিছ্নু নাই। কিন্তু প্রথম অধ্যায় কাব্যাংশে বড় উৎকৃষ্ট। উপরে উভয় পক্ষের বহু গুণবান্ সেনানায়কদিগের নাম যে পাঠককে স্মরণ করাইরা দেওয়া

সৌমদবিত্তথৈব চ ইতি পাঠান্তর আছে।

হইল, ইহা কবির একটা কৌশল। পশ্চাতে অর্জ্জানের যে কর্ণাময়ী মনোমোহিনী ভক্তি লিখিত হইয়াছে, তাহা পাঠকের হৃদয়ঙ্গম করাইবার জন্য এখন হইতে উদ্যোগ হইতেছে।

অপর্যাপ্তং তদস্মাকং বলং ভীষ্মাভিরক্ষিতম্। পর্যাপ্তং ছিদমেতেষাং বলং ভীমাভিরক্ষিতম্॥ ১০॥

ভীম্মাভিরক্ষিত আমাদের সেই সৈন্য অসমর্থ। আর ইহাদিগের ভীমাভিরক্ষিত সৈন্য সমর্থ। ১০।

পর্য্যাপ্ত এবং অপর্য্যাপ্ত শব্দের অর্থ শ্রীধর স্বামীর টীকান্সারে করা গেল। অন্যে অর্থ করিয়াছেন—পরিমিত এবং অপরিমিত।

> অয়নেষ্ চ সম্বেষ্ যথাভাগমবস্থিতাঃ। ভীষ্মমোতিরক্ষপ্ত ভবস্তঃ সর্ব এব হি॥ ১১॥

আপনারা সকলে স্ব-স্ব বিভাগান, সারে সকল ব্যহদারে অবন্ধিতি কবিয়া ভীষ্মকে রক্ষা কর্ন। ১১।

ভীষ্ম দুর্য্যোধনের সেনাপতি।

তস্য সংজনয়ন্ হর্ষং কুর্ব্দঃ পিতামহঃ। সিংহনাদং বিনদ্যোকৈঃ শৃংখং দধ্যো প্রতাপবান্॥ ১২॥

(তখন) প্রতাপবান্ কুর্ব্দ্ধ পিতামহ (ভীৎম) দ্র্র্যোধনের হর্ষ জন্মাইরা উচ্চ সিংহনাদ করতঃ শৃতথধননি করিলেন। ১২।

পূর্ব্বকালে রথিগণ যুদ্ধের পূর্ব্বে শৃংখধননি করিতেন। ভীষ্ম দুর্যোধনের পিতামহের ভাই।

ততঃ শৃঙ্খাশ্চ ভেষ্যাশ্চ পশবানকগোম্খাঃ। সহসৈবাভাহনন্ত স শব্দস্তমুলোহভবং॥ ১৩॥

তথন শঙ্খ, ভেরী, পাব, আনক, গোমা্থ সকল (বাদ্যাক্ত) সহসা আহত ২ইলে সে শব্দ ভূমাল হইয়া উঠিল।১৩।

ততঃ শ্বেতৈহ মৈর্বক্ত মহাত স্যান্দনে স্থিতো।
মাধবঃ পাশ্ডবদৈব দিব্যো শঙ্খো প্রদ্ধমুত্যুঃ ১৪॥
তথন শ্বেতাশ্বযুক্ত মহারথে স্থিত কৃষ্ণাম্পর্ন দিব্য শঙ্খ বাজাইলেন। ১৪।
পাশুজনাং হ্বীকেশো দেবদক্তং ধনঞ্জয়ঃ ।
পোশুরুং দধ্যো মহাশৃঙ্খং ভীমকর্ম্মা ব্কোদরঃ ॥ ১৫॥
অনন্তবিজয়ং রাজা কুন্তীপ্রো যুবিন্টিরঃ।
নক্তরঃ সহদেবশ্চ সুবোষম্মিশ্বুম্পকো ॥ ১৬॥

কৃষ্ণ পাণ্ডজন্য নামে শৃংখ, অভ্জন্ন দেবদন্ত এবং ভীমকর্মা ভীম পৌশ্র নামে মহাশংখ বাজাইলেন। কৃষ্ণীপত্র রাজা যুখিষ্ঠির অনন্তবিজয়, নকুল সুযোষ, এবং সহদেব র্মাণপৃত্পক (নামে) শৃংখ বাজাইলেন। ১৫। ১৬।

কাশ্যন্ত প্রমেশ্বাসঃ শিখণতী চ মহারথঃ। ধৃষ্টদান্দ্রো বিরাটন্চ সাত্যকিশ্চাপরাজিতঃ॥ ১৭॥ দ্রুপদো দ্রোপদেরাশ্চ সর্বব্দঃ পৃথিবীপতে। সোভদ্রশ্চ মহাবাহঃঃ শৃংখান্ দ্বাঃ পৃথক্ পূথক্॥ ১

সোভদ্রশ্য মহাবাহ; শৃংখান্ দ্ধানু; পৃথক্ গৃথক্ ॥ ১৮॥
পরম ধন্ত্র্র কাশীরাজ, মহারথ শিংশভী, ধৃন্টদুন্ন, বিরাট, অপরাজিত সাত্যকি, দুপদ,
দ্রোপদীর প্রগণ, মহাবাহ, স্ভ্রাপ্র,—হে প্থিবীপতে! ইংহারা সকলেই পৃথক্ শৃথক্
শৃথক্ বাজাইলেন। ১৭। ১৮।

স ঘোষো ধার্ত্তরালট্টাণাং হৃদয়ানি ব্যদারয়ং। নভশ্চ প্রথিবীকৈব তুম্লোহভ্যন্নাদয়ন্॥ ১৯॥*

সেই শব্দ ধ্তরাত্মপুত্রিদণের হদয় বিদীর্ণ করিল ও আকাশ এবং প্থিবীকে তুম্ল ধ্ননিত করিল।১৯।

তুম্লো ব্রন্নাদয়ন্ইতি পাঠান্তর আছে।

অথ ব্যবন্থিতান্ দৃষ্ট্রা ধার্ত্রাষ্ট্রান্ কপিধ্রজঃ। প্রবৃত্তে শস্ত্রসম্পাতে ধন্রন্দায়্ পান্ডবঃ। হয়বাকেশং তদা বাক্যায়দমাহ মহীপতে॥ ২০॥

পরে হে মহীপতে !* ধার্ম্বরাম্ম্রীদগকে ব্যবস্থিত দেখিয়া অস্ক্রনিক্ষেপে প্রবৃত্ত কপিধ্বজ্ঞ অর্জ্বন ধন্ন উত্তোলন করিয়া হ্রষীকেশকে এই কথা বলিলেন।২০

"ব্যবস্থিত" শব্দের ব্যাখ্যায় শ্রীধর স্বামী লিখিয়াছেন "যুদ্ধোদ্যোগে অবস্থিত।"

অৰ্জ্জন উবাচ।

সেনয়োর্ভয়োশ্র্মধ্যে রথং স্থাপয় মেহচ্যুত॥ ২১॥ বাবদেতায়িরীক্ষেহহং যোজ্বকামানবস্থিতান্। কৈর্মায় সহ যোজবামিসিন্ রণসম্বামে॥ ২২॥ যোৎসামানানবেক্ষেহহং য এতেহত্ত সমাগতাঃ। ধার্ত্রাষ্ট্রস্য দূর্ব্দ্বের্দ্বি প্রিয়চিকীর্ষবঃ॥ ২৩॥

অঙ্জ্বন বলিলেন—

ষাহারা যুদ্ধ-কামনায় অবস্থিত, আমি যাবং তাহাদিগকে নিরীক্ষণ করি, এই রণসমুদ্যমে কাহাদিগের সঙ্গে আমাকে যুদ্ধ করিতে হইবে (যাবং তাহা দেখি), যাহারা দুর্ব্দ্দ্দি ধ্তরাষ্ট্র-পুরের প্রির্হাচকীর্যায় এইখানে যুদ্ধে সমাগত হইরাছে, সেই সকল যুদ্ধার্থীদিগকে (যাবং) আমি দেখি, (তাবং) তুমি উভর সেনার মধ্যে আমার রথ স্থাপন কর। ২১। ২২। ২৩।

সঞ্জয় উবাচ।

এবম্জে হ্বাকেশো গ্র্ডাকেশেন ভারত। সেনয়োর্ভয়োর্মধ্যে স্থাপায়ত্বা রথোত্তমম্॥ ২৪॥ ভীক্ষদ্রোণপ্রমন্থতঃ সব্বেষাণ্ড মহীক্ষিতাম্। উবাচ পার্থ পশোতান্ সমবেতান্ কুর্নিতি॥ ২৫॥

সঞ্জয় বাললেন-

হে ভারত!† অর্জ্জন কর্ত্ত্বক হ্রষীকেশ এইর্প অর্ভিহিত হইরা উভর সেনার মধ্যে ভীক্ষদ্রোণপ্রমন্থ সকল রাজগণের সম্মন্থে সেই উৎকৃষ্ট রথ স্থাপন করিরা কহিলেন, হে পার্থ সমবেত কুর্গণকে এই নিরীক্ষণ কর।২৪।২৫

ত্রাপশ্যং স্থিতান্ পার্থঃ পিতৃনথ পিতামহান্। আচার্য্যান্মাতৃদান্ দ্রাতৃন্ প্রান্ পৌরান্ স্থীংস্তথা॥ স্থারান স্ফান্টেব সেনয়োর্ভয়োরপি॥ ২৬॥

তথন অন্তর্ন সেইখানে দ্বিত উভয় সেনায় পিত্বলাণ, পিতামহণণ, আচার্য লাণ, মাতুলগণ, দ্রাতৃগণ, প্রগণ, পোরগণ, শ্বশ্রগণ, সথিগণঃ এবং স্কৃদ্গণকে দেখিলেন। ২৬।

তান্সমীক্ষ্য স কোন্তেয়ঃ সম্বান্বস্কুনবক্ষিতান্। কুপয়া প্রয়াবিশ্যো বিষীদান্ত্রস্বীং॥ ২৭॥

সেই কৃন্তীপত্র সেই সকল বন্ধগণকে অবস্থিত দেখিয়া, পরম কৃপাবিষ্ট হইয়া বিষাদপত্রবর্ক এই কথা বলিলেন।২৭

অৰ্কুন উবাচ।

দুৰ্টেনুমান্ স্বজনান্ কৃষ্ণ যুযুংস্ন্ সম্বন্ধিতান্।

সীদক্তি মম গাতাণি মুখণ প্রিশুষ্তি॥ ২৮॥

- ধারধ করি পাঠকের স্মরণ আছে যে, সঞ্জারিত চলিতেছে। সঞ্জার কুর্ক্তের ব্তান্ত ধ্তরাশ্বকৈ শ্লাইতেছেন।
- † ধ্তরাদ্ধ এবং অন্তর্ন উভরেই "ভারত" বলিরা এই গ্রন্থে সম্বোধন করা হ**ইরাছে**, তাহার কারণ, ই'হারা দুস্মন্তপুত্র ভরতের বংশ।
 - 🛨 সখা ও স্কেদে অবশ্য প্রভেদ আছে। বাঁহার নিকট উপকার পাওয়া গিয়াছে, সেই সথা।
 - ঃ দ্লেটন্মং স্বজনং কৃষ্ণ ব্ৰুহ্পন্থ সম্পশ্হিতম্ ইতি পাঠান্তর জাছে।

অঙ্জন বলিলেন—

হে কৃষ্ণ! এই যুদ্ধেচ্ছ, সম্মুখে অর্থাস্থত স্বজনগণকে দেখিয়া আমার শরীর অবসম হইতেছে এবং মুখ শুক্ক হইতেছে।২৮।

বেপথ্য শরীরে মে রোমহর্ষণ্ট জায়তে। গান্ডীবং স্থানতে হস্তাং ক্ষ্কু চৈব পরিদহ্যতে॥ ২৯॥

আমার দেহ কাঁপিতেছে, রোমহর্ষ জ্ঞান্মিতেছে, হস্ত হইতে গাল্ডীব খাসয়া পড়িতেছে এবং চন্ম জনলা করিতেছে। ২৯।

ন চ শক্লোম্যবস্থাতুং ভ্রমতীব চ মে মনঃ। নিমিত্তানি চ পশ্যামি বিপরীতানি কেশব॥ ৩০॥

হে কেশব! আমি আর থাকিতে পারিতেছি না, আমার মন যেন দ্রাও হইতেছে আমি দর্শেকণ সকল দর্শন করিতেছি।৩০।

ন চ শ্রেরেহন্পশ্যামি হত্বা স্বজনমাহবে। ন কাঞ্চে বিজয়ং কৃষ্ণ ন চ রাজাং স্থানি চ॥ ৩১॥

যুক্তে আত্মীয়বগতে বিনাশ করায় আমি কোন মঙ্গল দেখি না—হে কৃষণ আমি জয় চাহি না, রাজ্যসূখ চাহি না।৩১।

কিং নো রাজ্যেন গোবিন্দ কিং ভোগৈজীবিতেন বা।
যেষামথে কাঞ্চিতং নো রাজ্যং ভোগাঃ স্থানি ৮॥ ৩২॥
ত ইমেহবাস্থতা যুদ্ধে প্রাণাস্থ্যকার ধনানি ৮।
আচার্য্যাঃ পিতরঃ প্রাস্তথৈব চ পিতামহাঃ॥ ৩৩॥
মাতুলাঃ শ্বশ্রাঃ পোলাঃ শ্যালাঃ সম্বন্ধিনস্থথা।
এতায় হস্তমিচ্ছামি খাতোহপি মধ্সদুদ্ন॥ ৩৪॥

যাহাদিগের জন্য রাজ্য, ভৌগ, সন্থ কামনা করা যায়, সেই আচার্যা, পিতা প্রে. পিতামহ, মাতৃল, শ্বশন্ত্র, পৌত্র, শ্যালা এবং কুট্ম্বগণ যথন ধন প্রাণ ত্যাগ করিয়া এই যুদ্ধে অবিদ্ধিত তখন হে গোবিন্দ! আমাদের রাজ্যেই কাজ কি, ভোগেই কাজ কি, জীবনেই কাজ কি? হে মধ্সদ্দেশ আমি হত হই হইব, তথাপিও তাহাদিগকে মারিতে ইচ্ছা করি না ।৩২। ৩৪।

আমি হত হই হইব (ঘাতে।হিপি)" কথার তাৎপর্য্য এই যে, "আমি না মারিলে তাহারা আমাকে মারিরা ফেলিতে পারে বটে। যদি তাই হয়, সেও ভাল, তথাপি আমি তাহাদিগকে মারিব না। বস্তুতঃ ভীল্ম, দ্রোণের সহিত অর্জ্জ্বন এই ভাবেই যুদ্ধ করিয়াছিলেন। অর্জ্জ্বন এই ভাবেই যুদ্ধ করিয়াছিলেন। অর্জ্জ্বন মৃদ্ব যুদ্ধের" কথা আমরা অনেক বার শ্বনিতে পাই।

অপি ত্রৈলোক্যরাজ্যসা হেতোঃ কিন্ন, মহীকৃতে। নিহত্য ধার্ত্তরান্দ্র কা প্রীতিঃ স্যান্জনান্দ্র ॥ ৩৫ ॥

পৃথিবীর কথা দরে থাক, গ্রৈলোক্যের রাজ্যের জনাই বা ধ্তরান্দ্র-প্রগণকে বধ করিলে কি সুখ হইবে জনান্দ্ন? । ৩৫।

> পাপমেবাশ্রদেশান্ হথৈজানাততায়িনঃ তস্মারাহা বরং হস্তুং ধার্ত্রাণ্টান্ স্বান্ধবান্।* স্বজনং হি কথং হন্ধা সূথিনঃ স্যাম মাধবা৷ ৩৬ ৷৷

এই আততায়ীদিগকে বিনাশ করিলে আমাদিগকে পাপ আশ্রয় করিবে, অতএব আমরা সবান্ধব ধৃতরাদ্দ্র-প্রদিগকে বিনাশ করিতে পারিব না। হে মাধব। স্বজন হত্যা করিয়া আমরা কি প্রকারে স্থা হইব ? ৩৬।

ছয় জনকে আততারী বলে-

অগ্নিলো গরদদৈচৰ শশ্বপাণিধনাপহঃ। ক্ষেত্রদারাপহারী চ বড়েতে আততাগ্নিনঃ॥

যে ঘরে আগনে দের. বে বিষ দের. শদ্রপাণি, ধনাপহারী, ভূমি যে অপহরণ করে ও বনিতা অপহরণ করে, এই ছয় জন আততায়ী। অর্থশাদ্রান্সারে আততাষী বধা। টীকাকারেরা

স্ববান্বান্ ইতি পাঠান্তর আছে।

विष्कत्र ब्रह्मावणी

অৰ্চ্জনের বাক্যের এইর্প অর্থ করেন যে, যদিও অর্থাশাস্তান্সারে আততায়ী বধ্য, তথাপি ধন্মাশাস্তান্সারে গ্রের্ প্রভৃতি অবধ্য। ধন্মাশাস্তার কাছে অর্থাশাস্তা দ্বর্বাল, স্বতাং দ্রোণ ভীন্মাদি আততায়ী হইলেও তাঁহাদিগের বধে পাপাশ্রর হইবে। একালে আমরা'Law'' এবং ''Morality র'' মধ্যে প্রভেদ করি, এ বিচার ঠিক সেইর্প ''Law''র উপর ''Morals'' ইংরেজের পিনাল কোডেও লিথে বে, অবস্থাবিশেষে আততায়ীর বধজন্য দন্ড নাই। কিন্তু সেই সকল অবস্থায় আততায়ীর বধ সর্বাত আধ্বনিক নীতিশাস্ত্রসঙ্গত নহে।

আনন্দার্গার এই শ্লোকের আর একটা অর্থ করিয়াছেন। তিনি বলেন, এমনও ব্ঝাইতে পারে যে, গ্রুর প্রভৃতি বধু করিলে আমরাই আততায়ী হইব; স্তুজাং আমাদের পাপাশ্র

করিবে। "গ্রের্ভাতৃস্ত্রংপ্রভৃতীনেতান্ হত্বা বয়মাততায়িনঃ স্যামঃ।"

যদ্যপ্যেতে ন পশ্যন্তি লোভোপহতচেতসঃ। কুলক্ষয়কৃতং দোষং মিত্রদ্রোহে চ পাতকম্॥ ৩৭॥ কথং ন জ্ঞেয়মস্মাভিঃ পাপাদস্মাল্লবন্তিত্বং। কুলক্ষয়কৃতং দোষং প্রপশ্যন্তির্জনান্দ্রন॥ ৩৮॥

যদ্যপি ইহারা লোভে হতজ্ঞান হইয়া কুলক্ষয়দোষ এবং মিত্রদ্রোহে যে পাতক, তাহা দেখিতেছে না, কিন্তু হে জনান্দন। আমরা কুলক্ষয় করার দোষ দেখিতেছি, আমরা সে পাপ হইতে নিব্যন্তিব্যদ্ধিবিশিষ্ট কেন না হইব? ৩৭।৩৮।

কুলক্ষয়ে প্রণশ্যন্তি কুলধর্ম্মাঃ সনাতনাঃ। ধন্মে নন্টে কুলং কুংক্সমধন্মোহভিভবত্যুত॥ ৩৯॥

কুলক্ষয়ে সনাতন কুলধর্ম নক্ট হয়। ধর্ম নক্ট হইলে অর্বাশক্ট কুল অধক্ষে অভিভূত হয়।৩৯।

সনাতন কুলধর্ম্ম — অর্থাৎ প্রেপ্র্মপর্মপরা-প্রাপ্ত কুলধর্ম্ম । অধন্মাভিভবাৎ কৃষ্ণ প্রদ্যোত্তি কুলাস্তায়ঃ।

স্ত্রীষ্, দৃষ্টাস্, বাঞ্চের জায়তে বর্ণসংকরঃ॥ ৪০॥

হে কৃষণ! অধন্মাভিভবে কুলস্ত্রীগণ দৃষ্টা হয়, স্ত্রীগণ দৃষ্টা হইলে, হে বাস্কেরি!⁴ বর্ণসংকর জন্মায়।৪০।

> সক্ষরো নরকারেব কুলখ্যানাং কুলস্য চ। পতন্তি পিতরো হোষাং ল-্গুপিন্ডোদকক্রিয়াঃ॥৪১॥

এই সঞ্জর কুলনাশকারীদিগের ও তাহাদের কুলের নরকের নিমিত্ত হয়। পিশ্ডোদকক্রিয়ার লোপ হেতু তাহাদিগের পিতৃগণ পতিত হয়। ৪১।

रारियरत्ररेजः कृत्यघ्यानाः वर्गमध्कतकात्ररेकः।

উৎসাদ্যতে জাতিধন্দাঃ কুলধন্দান্চ শাশ্বতাঃ॥ ৪২॥

এইর্প কুলঘাদিগের বর্ণসঞ্করকারক এই দোষে জাতিধর্ম্ম এবং সনাতন কুলধর্ম উৎসল্ল যায়।৪২।

উৎসমকুলধন্মানাং মন্যাণাং জনার্দ্ন। নরকে নিয়তং বাসো ভবতীতান্দ্রশ্রম॥৪৩॥

হে জনার্ন্দরি! আমরা শ্রনিয়াছি যে, যে মন্যাদিগের কুলধর্ম উৎসন্ন যায়, তাহাদিগের নিয়ত নরকে বাস হয়।৪৩।

০৯, ৪০, ৪১, ৪২, ৪০. এই পাঁচটি শ্লোক আধানিক কৃতবিদ্য পাঠকদিগের কানে ভাল লাগিবে না। ইহা বর্ণসঞ্জর-বিরোধী প্রাচীন কুসংস্কারপূর্ণ বিলয়া বোধ হইবে, তার উপর "লন্প্রপিশেডাদকদিয়াঃ" প্রভৃতি অলঞ্চারও আছে। বর্ণসঞ্চরের উপর গাঁতাকারের বিশেষ বিষেষ দেখা যায়। ইনি স্বয়ং ভগবানের মুখেও বর্ণসঞ্চরের নিন্দা সিমিবিণ্ট করিয়াছেন। আমরা যখন তদ্বিষয়িণী ভগবদন্তির সমালোচনার প্রবৃত্ত হইব, তখন তদ্বিত্তর তাংপর্যার ব্যাবার চেন্টা করিব। এক্ষণে অলক্রনাজির স্থলা মন্ম ব্রিবলেই বথেন্ট হইল। কুলের প্রক্রাণা মরিলে কুলন্দাগিণ যে ব্যভিচারিণী হয়, ইহা সচরাচর দেখা যায়। কুলন্দাগিণ

কৃষ্ণ ব্রিকবংশসম্ভূত, এজন্য বার্কেয়।

ব্যভিচারিশী হইলে তাহাদিগের গর্ভে নীচ লোকের ঔরসে সন্তান জন্মিতে থাকে। বংশ নীচ সন্তাতিতে পরিপূর্ণ হয়, কাজেই কুলধর্ম্ম লোপ পায়। বর্ণসঙ্করে য়াঁহারা দোষ না দেখেন, এবং পিশ্ডাদির স্বাক্রারকতায় য়াঁহারা বিশ্বাসবান্ নহেন—স্বর্গ নরকাদিও য়াঁহারা মানেন না, তাঁহারাও বোধ করি, এতট্কু স্বীকার করিবেন।* বাকীট্কু কালোচিত ভাষা এবং অলঙকার।† কথাটা অতি মোটা কথা বটে। কথাটা অভ্জন্নের মূখে বসাইবার একট্ক কারণ আছে— অভ্জন্নের এই "কুলধন্মের" বড়াইয়ের উত্তরে ভগবান্ "স্বধন্মের" কথাটা তুলিবেন। এট্কু গ্রন্থকারের কোশল। "ন কান্ডেক্ষ বিজয়ং কৃষ্ণ ন চ রাজ্যং স্মুখানি চ" এই অমৃত্যয় বাক্যের পর বলিবার যোগ্য কথা এ নহে।

অহো বত মহং পাপং কর্ত্ত: ব্যবসিতা বয়ং। যদ্রাজ্যসূত্রশোভেন হন্তু: স্বজনমুদ্যতাঃ॥ ৪৪॥

হার। আমরা রাজ্যস্থলোভে স্বজনকে বধ করিতে উদ্যত হইয়াছি—মহং পাপ করিতে অধ্যবসায় করিয়াছি। ৪৪।

যদি মামপ্রতীকারমশস্ত্রং শস্ত্রপাণয়ঃ। ধার্ত্তরান্ট্রা রণে হন্দেন্তকে ক্ষেমতরং ভবেং॥ ৪৫॥

র্যাদ আমি প্রতীকারপরাঙ্মন্থ এবং অশস্ত হইলে শস্ত্রধারী ধ্তরাষ্ট্রপন্ত্রগণ বৃদ্ধে আমাকে বিনাশ করে, তাহাও আমার পক্ষে অপেক্ষাকৃত মঙ্গলকর হইবে। ৪৫।

সঞ্জয় উবাচ।

এবম্ভিনাম্জ্নিঃ সংখ্যে রথোপন্থ উপাবিশং। বিস্কো স্মরং চাপং শোকসংবিগ্নমানসঃ॥ ৪৬॥

সঞ্জয় বলিলেন-

অঙ্জন্ন এইর্প বলিয়া শোকাকুল মানসে ধন্ত্বিগ পরিত্যাগ করিয়া সংগ্রামন্থলে রথোপন্থে উপ্রেশন করিলেন। ৪৬।

শ্রীভগবশ্গীতাস্পনিষংস্ক বন্ধবিদ্যায়াং যোগশাস্ত্র শ্রীকৃঞ্চার্জ্জন্নসম্বাদে অর্জ্জন্নিব্যাদাে‡ নাম প্রথমােহধায়ঃ।

* The women, for instance, whose husbands, friends or relations have been all slain in battle, no longer restrained by law, seek husbands among other and lower castes, or tribes, causing a mixture of blood, which many nations at all ages have regarded as a most serious evil; but particularly those who—like the Aryans, the Jews and the Scotch—were at first surrounded by foreigners very different to themselves, and thus preserved the distinction and genealogies of their races more effectively than any other.

(Thomson's Translation of the Bhagavadgita, p. 7.)

By the destruction of the males the rites of both tribe and family would cease, because women were not allowed to perform them; and confusion of castes would arise, for the women would marry men of another caste. Such marriages were considered impure (Manu, x. 1-40). Such marriages produced elsewhere a confusion of classes. Livy tells us that the Roman patricians at the instance of Canuleius complained of the intermarriages of the plebian class with their own, affirming that "omnia divina humanaque turbari, ut qui natus sit, ignoret, cujus sanguinis, quorum sacrorum sit."

(Davies' Translation of the Bhagavadgita, p. 26.)

†In bringing forward these and other melancholy superstitions of Brahmanism in the mouth of Arjuna, we are not to suppose that our poet—though as much Brahman as philosopher in many unimportant points of belief—himself received and approved of them.

(Thomson, p. 7.)

‡ কোন কোন প্রতকে "সৈন্যদর্শ নং" ইতি পাঠ আছে।

র্বালয়াছি, গীতার প্রথম অধ্যায়ে ধন্মতিত কিছু, নাই, কিন্তু এই অধ্যায় একথানি উৎকৃষ্ট কাবা। কাবার উপাদান সকল এখানে বড় স্বুদর সাজান হইয়াছে। কুরুক্ষেত্রে উভয় সেনা সূত্রজিত হইরা পরস্পর সম্মুখীন হইয়াছে। পাশ্ডবদিগের মহতী সেনা ব্যহবদ্ধা হইয়াছে দেখিয়া রাজা দুর্য্যোধন, পরম রণপণ্ডিত আপনার আচার্য্যকে দেখাইলেন। একটা ভীত হইয়া আচার্যাকে বলিলেন, "আপনারা আমার সেনাপতি ভীষ্মকে রক্ষা করিবেন।" কিন্তু সেই বৃদ্ধ ভীষ্ম যুবার অপেক্ষাও উদ্যমশীল-তিনি সেই সময়ে সিংহনাদ করিয়া শৃত্থধন্নি করিলেন-(শৃত্য তথ্নকার bugle) । তাঁহার শৃত্যধর্নন শ্রনিয়া উৎসাহে বা প্রত্যন্তরে উভয় সৈন্যস্থ याक्ष गुन अकलारे मुख्यस्तीन क्रिलान। ज्यन छेल्य मत्न नानाविध त्रम्यामा वाक्रिया छिठिन-শভেষ্ ভেরীতে, অন্যান্য বাদ্যের কোলাহলে গগন বিদীর্ণ হইল—আকাশ প্রথিবী তম্ল হইয়া উঠিল। সেই মহোংসাহের সময়ে স্থিরচিত্ত অর্ল্জন—যাঁহার উপরে কোরব-জয়ের ভার—আপনার সার্থি কৃষ্ণকে বলিলেন—"একবার উভয় সেনার মধ্যে রথ রাথ দেখি,—দেখি, কাহার সঙ্গে আমায় যুদ্ধ করিতে হইবে।" কৃষ্ণ, শ্বেতাশ্বযুক্ত মহারথ উভয় সেনার মধ্যে স্থাপিত করিলেন,—সর্বজ্ঞ সৰ্বক্তা বলিলেন, "এই দেখ।" अञ्জ्या দেখিলেন, দুই দিকেই ত আপনার জন,-পিতৃবা, পিতামহ, পত্র, পৌর, মাতুল, শ্বশুর, শ্যালক, সত্ত্বৎ, স্থা—তাঁহার গা কাঁপিয়া উঠিল, শরীরে রোমাণ হইল, মূখ শ্কাইল, দেহ অবসর হইল, মাথা ঘ্রারল, হাত হইতে সেই মহাধন, গাণ্ডীব र्थाभशा পড़िल। र्वानलन, "कृष्ण! ताङ्ग शार्मत छना, जारमत मातिशा तारङा कि कल?--आमि যুদ্ধ করিব না।" এই সংগ্রামক্ষেত্র, দুই দিকে দুই মহতী সেনা, এই তুমুল কোলাহল, রণবাদ্য এবং ঘোরতর উৎসাহ-সেই সময়ে এই মহাবীরের প্রথমে স্থৈত্য, তার পর তাঁহার হৃদয়ে সেই কর্ণ এবং মহান্ প্রশান্ত ভাব-এর্প মহচিত্র সাহিত্যজগতে দ্বভি। "ন কাণ্ডেক্ষ বিজয়ং কৃষ্ণ न ह तालाः मार्थान ह"- क्रम्भी अमार्थमशी वागी आत एक कार्याय मानियारह ?

দ্বিতীয়োহধ্যায়ঃ

সঞ্জয় উবাচ।

তত্তথা কৃপয়াবিষ্টমশ্রস্থাকুলেক্ষণম্। বিষীদন্তমিদং বাক্যম্বাচ মধ্যস্থানঃ॥১॥

সঞ্জয় বলিলেন—

তখন সেই কৃপাবিষ্ট অশ্রন্প্গাকুললোচন বিষাদয্ত (অর্জন্ন)কে মধ্স্দন এই কথা বিললেন। ১।

শ্রীভগবান্ উবাচ। কুতন্থা কশ্মলমিদং বিষমে সম্পস্থিতম্। অনার্যাজ্বত্যমন্বর্গাসকীতি কর্মন্তর্ন॥ ২॥

শ্রীভগবান্ বলিলেন—

হে অঙ্জ ন। এই সঙ্কটে অনার্যাসেবিত স্বর্গহানিকর এবং অকীর্ত্তিকর তোমার এই মোহ কোথা হইতে উপস্থিত হইল ? ২।

> भा क्रियाः शष्ट्र कोरखंश तेन्छ प्रयाभभारः । क्रम्यः क्रमस्मिर्यनाः छारखनीखर्छ भत्रखभ॥ ०॥

কোন্ডের! ক্লীবতা প্রাপ্ত হইও না, ইহা তোমার উপষ্ক্ত নহে। হে পরন্তপ! ক্ষ্র হদরদৌব্দা পরিতাাগ করিয়া উত্থান কর। ৩।

অৰ্জ্জন উবাচ।

কথং ভীত্মমহং সংখ্যে দ্রোণণ্ড মধ্স্দন। ইষ্ডিঃ প্রতিযোগস্যামি প্জাহাবিরস্দন॥৪॥

অৰ্জ্জন বলিলেন-

হে শত্রনিস্দেন মধ্যুদ্দন! প্জাহ যে ভীষ্ম এবং দ্রোণ, ব্বদ্ধ তাঁহাদের সহিত বাশের দ্বারা কি প্রকারে আমি প্রতিযুদ্ধ করিব?৪।

"ক্রৈবাং মা সম গমঃ পার্থ" ইতি আনন্দর্গারি-ধৃত পাঠ।

গ্র্নহয় হি মহান্ভাবান্ শ্রেয়ো ভোক্তঃ ভৈক্ষমপীহ লোকে। হয়ার্থকামাংস্থু গ্রুনিহৈব ভূঞ্জীয় ভোগান্ রুধিরপ্রদিদ্ধান্॥ ৫॥

মহান ভব গ্রে দিগকে বধ না করিয়া ইহলোকে ভিক্ষা অবলম্বন করিতে হয়, সেও শ্রেয়। আর গ্রে দিগকে বধ করিয়া যে অর্থ কাম ভোগ করা যায়, তাহা র ধিরলিপ্ত। ৫।

> ন চৈতদ্বিশ্বঃ ক্তরক্ষো গরীয়ো যন্ত্রা জয়েম যদি বা নো জয়েমুঃ। যানেব হন্বা ন জিজীবিষাম-দ্রেহবন্দ্রিতাঃ প্রমাথে ধার্ত্তরান্দ্রীঃ॥৬॥

আমরা জয়ী হই বা আমাদিগকৈ জয় কর্ক, ইহার মধ্যে কোন্টি গ্রেয়, তাহা আমরা ব্রিকতে পারিতেছি না—যাহাদিগকে বধ করিয়া আমরা বাঁচিতে ইচ্ছা করি না, সেই ধ্তরাণ্ট-প্রগণ সম্মুখে অবস্থিত। ৬।

কাপ'ণ্যদোষোপহতস্বভাবঃ প্চ্ছামি দ্বাং ধন্ম'সংম্চেচতাঃ। বচ্ছেরঃ স্যান্নিশ্চিতং ব্রহি তন্মে শিষ্যন্তেহহং শাধি মাং দ্বাং প্রপন্নম্॥ ৭॥

কার্পণা-দোষে আমি অভিভূত হইয়াছি এবং ধর্মা সম্বন্ধে আমার চিক্ত বিমৃত্ হইয়াছে, তাই তোমাকে জিজ্ঞাসা করিতেছি। যাহা ভাল হয়, আমাকে নিশ্চিত করিয়া বল। আমি তোমার শিষ্য এবং তোমার শরণাপন্ন হইতেছি—আমাকে শিক্ষা দাও।৭।

কার্পণ্য অথে দীনতা। তারানাথ 'বাচস্পতাে' এই অথ নিদ্দেশ করিয়া উদাহরণস্বর্শ গাঁতার এই বচনটি উদ্ধৃত করিয়াছেন। ভরসা করি, কোন পাঠকই এখানে দীনতা অথে দারিদ্রা ব্রিবেনে না। 'দীন' অথে মহাবাসনপ্রাপ্ত। উদাহরণস্বর্প—তারানাথ রামায়ণ হইতে আর একটি বচন উদ্ধৃত করিয়াছেন ষথা:—"মহদ্বা বাসনং প্রাপ্তো দীনঃ কৃপণ উচাতে।" আনক্ষািগরি বলেন—"যোহলপাং স্বল্পার্মপি স্বক্ষািতং ন ক্ষমতে স কৃপণঃ।" যে সামান্য ক্ষতি স্বাকার করিতে পারে না, সেই কৃপণ। শুরীধর স্বামী ব্রোইয়াছেন যে, "এই সকল বদ্ধ্বেগাঁকে নার্ট করিয়া কি প্রাণ ধারণ করিব? অক্ষর্নের ইতি ব্রিক্ষ কার্পা। তিনি "কার্শাদোশ" ইতি সমাসকে দ্বন্থ সমাস ব্রিঝাছেন—কার্পাণ্য এবং দোষ। দোষ শব্দে এখানে প্র্থক্তিত কুলক্ষরকৃত পাপ ব্রিথতে ইইবে। অন্যান্য টাকাকারেরা সের্প অর্থ করেন নাই।

নহি প্রপশ্যামি মমাপন্দ্যাদ্-যচ্ছোকম্চ্ছোক্দমিন্দ্রাল্মে। অবাপ্য ভূমাবসপত্রম্ভাং রাজ্যং স্রাণামপি চাধিপত্যম্॥ ৮॥

পৃথিবীতে অসপত্ন সমৃদ্ধ রাজা এবং স্বরলোকের আধিপতা পাইলেও বে শোক আমার ইন্দ্রিয়গদকে বিশোষণ করিবে, তাহা কিন্দে বাইবে, আমি দেখিতেছি না। ৮।

সঞ্জয় উবাচ।

এবম্ক্তনা হ্ৰীকেশং গ্ৰুড়াকেশঃ প্রস্তপঃ। ন যোৎস্য ইতি গোবিশ্সম্ক্তনা ত্ৰুণীং বছুব হ॥ ৯॥

সঞ্জয় বালতেছেন-

শ্রন্জয়ী অভ্জনি কৰীকেশকে এইর্প বৃলিয়া, বৃদ্ধ করিব না, ইহা গোবিন্দকে বিলয়া তৃষ্ণীস্তাব অবলম্বন করিলেন।৯।

* কাশীনাথ বাস্বক তেলাং "কাপ'ণা" শব্দের প্রতিবাক্য দিয়াছেন ''helplessness.''

† মূলে "গ্র্ডাকেশ" শব্দ আছে। গ্র্ডাকেশ অব্দ্র্রের একটি নাম। টীকাকারের। ইহার অর্থ করেন নিদ্রাজয়ী'। অন্যবিধ অর্থ ও দেখা গিয়াছে। তম্বাচ হ্যীকেশঃ প্রহসন্নিব ভারত। সেনয়োর,ভরোম্মধ্যে বিষীদন্তমিদং বচঃ॥ ১০॥

হে ভারত! হ্রষীকেশ হাস্য করিয়া উভয় সেনার মধ্যে বিষাদপর অঙ্জনিকে এই কথা বিললেন।১০।

> শ্রীভগবান্ উবাচ। অশোচ্যানন্বশোচস্থং প্রজ্ঞাবাদাংশ্চ ভাষসে। গতাসনুনগতাসংশ্চ নানুশোচন্তি পশ্ভিতাঃ॥ ১১॥

শ্রীভগবান বালতেছেন-

তুমি বিজ্ঞের ন্যায় কথা কহিতেছ বটে; কিন্তু যাহাদের জন্য শোক করা উচিত নহে. তাহাদের জন্য শোক করিতেছ। কি জীবিত, কি মৃত, কাহারও জন্য পণ্ডিতেরা শোক করেন না।১১।

এইখানে প্রকৃত গ্রন্থারম্ভ। এখন কি কথাটা উঠিতেছে, তাহা ব্রিঝয়া দেখা যাউক।
দ্বর্য্যাধনাদি অন্যায়পূর্ব্বক পাশ্ডবদিগের রাজ্যাপহরণ করিয়াছে। যুদ্ধ বিনা তাহার
প্রনরুদ্ধারের সম্ভাবনা নাই। এখানে যুদ্ধ কি কর্ত্তব্য ?

মহাভারতের উদ্যোগ পর্স্বে এই কথাটার অনেক বিচার হইয়াছে। বিচারে স্থির হইয়াছিল যে, যুদ্ধই কর্ত্তব্য। তাই এই উভয় সেনা সংগৃহীত হইয়া পরস্পরের সম্মুখীন হইয়াছে।

এ অবস্থায় য'ক কন্তব্য কি না, আধ্ননিক নীতির অন্গামী হইয়া বিচার করিলেও আমরা পাশ্ডবিদিগের সিদ্ধান্তের যাথার্থ্য স্বীকার করিব। এই জগতে যত প্রকার কন্ম আছে, তন্মধ্যে সচরাচর য'ক্ষই সন্বাপেক্ষা নিকৃষ্ট। কিন্তু ধন্ম্যযুদ্ধও আছে। আমেরিকার ওয়াশিংটন, ইউরোপে উইলিয়ম দি সাইলেণ্ট, এবং ভারতবর্ষে প্রতাপ সিংহ প্রভৃতি যে য'ক্ষ করিয়াছিলেন. তাহা পরম ধন্ম—দানাদি অপেক্ষাও শ্রেণ্ট ধন্ম। পাশ্ডবিদগেরও এই য'ক্ষপ্রবৃত্তি সেই শ্রেণীর ধন্ম। এ বিচার আমি কৃষ্ণচরিত্রে সবিস্তারে করিয়াছি—এক্ষণে সে সকল প্নর্বুক্ত করিবার প্রয়োজন নাই। এ বিচারের স্থলে মন্ম এই যে, যেটি যাহার ধন্মান্মত অধিকার, তাহার সাধ্যান্সারে রক্ষা করা তাহার ধন্ম। রক্ষার অর্থ এই যে, কেহ অন্যায়প্র্বুক্ত তাহার অপহরণ বা অবরোধ করিতে না পারে; করিলো তাহার প্নর্বুদ্ধার এবং অপহর্তার দন্দ্বিধান করা কর্তব্য। যদি লোকে ন্বেচ্ছামত পরকে অধিকারচ্যুত করিয়া ন্বচ্ছন্দে পরস্বাপহরণপ্র্বুক্ত উপভোগ করিতে পারে, তবে সমাজ এক দিনও টিকে না। সকল মন্যাই তাহা হইলে অনন্ত দ্বুংখ ভোগ করিবে। অতএব আপনার সন্পত্তির প্নর্বুদ্ধার কর্তব্য। যদি বল ভিন্ন অন্য সদ্বুপায় থাকে, তবে তাহাই অগ্রে অবলন্দ্বনীয়। যদি বল ভিন্ন সদ্বুপায় না থাকে, তবে বলই প্রযোজ্য। এখানে বলই ধন্ম।

মহাভারতে দেখি যে, অর্জনে ইতিপক্তের্ব সকল সময়েই যুদ্ধপক্ষ ছিলেন। যখন যুদ্ধে স্বজনবধ্বে সময় উপস্থিত হইল, বধ্য স্বজনবর্গের মুখ দেখিয়া তিনি যে কাতরচিত্ত ও যুদ্ধবৃদ্ধি হইতে বিচলিত হইবেন, ইহাও সম্জনস্বভাবস্থাত দ্রান্তি।

মহাভারতে ইহাও দেখিতে পাই বে. যাহাতে বৃদ্ধ না হয়, তংজন্য শ্রীকৃষ্ণ বিশেষ যত্ন করিয়াছিলেন। পরে যখন বৃদ্ধ অলংব্য হইয়া উঠিল, তখন তিনি যুদ্ধে কোন পক্ষে বতী হইতে অম্বীকৃত হইয়া, কেবল অংজ্বনের সার্থ্য মাত্র ম্বীকার করিয়াছিলেন। কিন্তু কৃষ্ণ যুদ্ধে অপ্রবৃত্ত হইলেও তিনি প্রম ধন্মস্কি, স্কুত্রাং এ স্থলে ধন্মের পথ কোন্টা, তাহা অংজ্বনকে ব্র্ঝাইতে বাধ্য। অতএব অংজ্বনকে ব্রঝাইতেছেন বে, যুদ্ধ করাই এখানে ধন্ম্বি, যুদ্ধ না করাই অধ্যম্বি।

বান্ত্রবিক বে, যুদ্ধক্ষেত্রে যুদ্ধারপ্তসময়ে কৃষ্ণার্জ্জনে এই কথোপকথন হইয়াছিল, ইহা বিশ্বাস করা কঠিন। কিন্তু গীতাকার এইর্প কল্পনা করিয়া কৃষ্ণপ্রচারিত ধন্মের সার মন্ম সংকলিত করিয়া মহাভারতে সন্মিরেশিত করিয়াছেন, ইহা বিশ্বাস করা যাইতে পারে।

য**ুদ্ধে প্রবৃত্তিস**্চক যে সকল উপদেশ শ্রীকৃষ্ণ অঙ্জানুনকে দিতেছেন, তাহা এই দ্বিতীয় অধ্যায়েই আছে। অন্যান্য অধ্যায়েও "যুদ্ধ কর" এইরূপ উপদেশ দিয়া ভগবান্ মধ্যে মধ্যে

^{*} এবং नवकीवन, श्रथम भन्छ एमथ।

আপনার বাক্যের উপসংহার করেন বটে, কিন্তু সে সকল বাক্যের সঙ্গে যুদ্ধের কর্ত্তব্যতার বিশেষ কোন সম্বন্ধ নাই। ইহাই বোধ হয় যে, যে কোশলে গ্রন্থকার এই ধর্ম্মব্যাখ্যার প্রসঙ্গ মহাভারতের সঙ্গে সম্বন্ধ করিয়াছেন, তাহার অপ্রকৃততা পাঠক অনুভূত করিতে না পারেন, এই জনা যুদ্ধের কথাটা মধ্যে মধ্যে পাঠককে ক্ষরণ করিয়া দেওয়া হইয়াছে। নতুবা যুদ্ধপক্ষ সমর্থন এই গ্রন্থের প্রকৃত উদ্দেশ্য নহে। যুদ্ধপক্ষ সমর্থনকে উপলক্ষ্য করিয়া সমস্ত মনুষ্যধন্মের প্রকৃত পরিচয় প্রচারিত করাই উদ্দেশ্য।

এই কথাটা বিশেষ করিয়া আলোচনা করিলে, বোধ হয়, পাঠক মনে মনে ব্রঝিবেন য়ে, ব্রদ্ধক্ষেত্রে উভয় সেনার সম্মুখে রথ স্থাপিত করিয়া, কৃষ্ণাষ্ক্র্যনে যথার্থ এইর্প কথোপকথন য়ে হইয়াছিল, তাহাতে বিশেষ সন্দেহ। দুই পক্ষের সেনা ব্যহিত হইয়া পরস্পরকে প্রহার করিতে উদ্যত, সেই সময়ে য়ে এক পক্ষের সেনাপতি উভয় সৈনাের মধ্যে রথ স্থাপন করিয়া অন্টাদশ অধ্যায় যোগধন্ম প্রথণ করিয়েন, এ কথাটা বড় সম্ভবপর বালয়াও বােধ হয় না। এ কথার বােভিকতা স্বীকার করা যাউক না যাউক, পাঠকের আর কয়েকটি কথা স্ময়ণ রাখা কর্ত্ব্য।

- (১) গীতায় ভগবংপ্রচারিত ধন্ম সঙ্কলিত হইয়াছে সন্দেহ নাই, কিন্তু গীতাগ্রন্থখানি ভগবংপ্রণীত নহে, অন্য ব্যক্তি ইহার প্রণেতা।
- (২) যে ব্যক্তি এই গ্রন্থের প্রণেতা, তিনি যে কৃষ্ণার্জ্বনের কথোপকথনকালে সেখানে উপস্থিত থাকিয়া সকলই স্বকর্ণে শ্রনিয়াছিলেন, এবং শ্রনিয়া সেইখানে বসিয়া সব লিখিয়াছিলেন বা স্মৃতিধরের মত সমরণ রাখিয়াছিলেন, এমন কথাও বিশ্বাসযোগ্য হইতে পারে না। স্তরাং যে সকল কথা গীতাকার ভগবানের মৃথে ব্যক্ত করিয়াছেন, সে সকলই যে প্রকৃত পক্ষে ভগবানের মৃথ হইতে নির্গত হইয়াছিল, এমন বিশ্বাস করা যায় না। অনেক কথা যে গ্রন্থকারের নিজের মত, তিনি ভগবানের মৃথ হইতে বাহির করিতেছেন, ইহা সম্ভব।

যাঁহারা বলিবেন যে, এই গ্রন্থ মহাভারতান্তর্গতি, মহাভাবত মহর্ষি ব্যাস-প্রণীত, তিনি যোগবলে সর্ব্দ্র এবং অভ্রান্ত, অতএব এর্প সংশর এখানে অকর্ত্তবা, তাঁহাদিগের সঙ্গে আমাদের কোন বিচার হইতে পারে না। সে শ্রেণীর পাঠকের জন্য এই ব্যাখ্যা প্রণীত হয় নাই, ইহা আমার বলা রহিল।

(৩) সংস্কৃত সকল গ্রন্থে মধ্যে মধ্যে প্রক্রিপ্ত শ্লোক পাওয়া যায়। শঙ্করাচার্যের ভাষা প্রণীত হইবার পর কোন শ্লোক গীতায় প্রক্রিপ্ত হইতে পারে নাই, তাঁহার ভাষ্যের সঙ্গে এখন প্রচলিত মূলের ঐক্য আছে। কিন্তু শঙ্করাচার্য্যের অন্যুন সহস্র বা ততোখিক বংসর প্রেবর্থ গীতা প্রচলিত ছিল। এই কাল মধ্যে যে কোন শ্লোক প্রক্রিপ্ত হয় নাই, তাহা কি প্রকারে বলিব? আমরা মধ্যে মধ্যে এমন শ্লোক পাইব, যাহা প্রক্রিপ্ত বলিযাই বোধ হয়।

এই সকল কথা স্মরণ না রাখিলে আমরা গীতার প্রকৃত তাংপর্য্য ব্রনিতে পারিব না। এ জন্য আগেই এই কয়টি কথা বলিয়া রাখিলাম। এক্ষণে দেখা যাউক, শ্রীকৃষ্ণ অর্জন্ত্রক এই যুদ্ধের ধর্ম্মাতা ব্রনাইতেছেন, সে সকল কথার সার মর্ম্ম কি?

আমরা উনবিংশ শতাব্দীর নীতিশাস্ত্রের বশবত্তী হইয়া উপরে যে প্রশালীতে সংক্ষেপে এই যুদ্ধের ধর্ম্মাতা বুঝাইলাম, শ্রীকৃষ্ণ যে সে প্রথা অবলম্বন করেন নাই, ইহা বলা বাহ্লা। তাঁহার কথার স্থুলে মন্ম্ম এই যে, সকলেরই স্বধন্ম পালন করা কর্ত্তবা।

আগে আমাদিগের ব্রিয়া দেখা চাই যে, স্বধর্ম সামগ্রীটা কি?

শতকরাদি প্রবিপশ্তিতগণের পক্ষে এ তত্ত ব্ঝান বড় সহজ হইয়াছিল। অৰ্জন্ন ক্ষতির, সন্তরাং অর্জন্নের স্বধন্ম ক্ষাত্ত ধন্ম বা যুদ্ধ। তিনি যে যুদ্ধ না করিয়া বরং বলিতেছিলেন যে, "ভিক্ষাবলন্দ্রন করিব, সেও ভাল" সেটা তাঁহার প্রধন্মবিলন্দ্রনের ইচ্ছা—কেন না, ভিক্ষা রাহ্মণের ধন্মবি।

কিন্তু আমরা এই ব্যাখ্যায় সক**র্মা বৃত্তিকাম কি? বর্ণাশ্রমধন্মাবলন্বী হিল্পাধন্মে**র স্বধন্ম বর্ণবিভাগান্সারে নিশাতি হইতে পানে ইন্তু বেন বৃত্তিকাম। কিন্তু অহিন্দুর পক্ষে স্বধন্ম কি? ব্রাহ্মণ, ক্ষতিয়, বৈশ্য ও শ্রেকা বি ক্ষতিট, তাহা পৃথিবীর লোকসংখ্যার অতি ক্রাংশ—

 শোকমোহাভাগং হ্যভিভূতবিবেকবিজ্ঞানঃ স্বতএব ক্ষপ্রথম্পে যুদ্ধে প্রব্রোহপি তস্মাদ্যুদ্ধানু-প্ররাম প্রধর্মণ্ড ড্রিক্সালীবনাদিকং কর্ত্ত্বং প্রবর্তে।—শংকরভায়। অধিকাংশ মন্যা চতুর্বপেরি বাহির; তাহাদের স্বধর্ম নাই? জগদীশ্বর কি তাহাদের কোন ধর্ম্ম বিহিত করেন নাই? কোটি কোটি মনুষ্য সূতি করিয়া কেবল ভারতবাসীর জন্য ধর্ম্ম বিহিত করিয়া, আর সকলকেই ধর্ম্মান্ত্যত করিয়াছেন? ভগবদুক্ত ধর্ম্মা কি হিন্দুর জনাই? ম্পেচ্ছেরা কি তাঁহার সন্তান নহে? ভাগবত ধন্ম এমন অনুদার নহে।

যিনি স্বয়ং জগদীম্বরের এইরূপ ধন্মচ্যিতিতে বিশ্বাসবান, তিনি খ্রীষ্টানের* তুলা। আর বিধিন তাহাতে বিশ্বাসবান নহেন তিনি "স্বধ্যেরি" অন্য তাংপ্রেরি অনুসন্ধান করিনেন

मरम्पर नारे।

যাহার যে ধর্ম্ম, তাহার তাই স্বধর্ম। এখন মনুষোর ধর্ম্ম কি? যাহা লইয়া মনুষাত্ত. তাহাই মনুষ্যের ধর্মা। কি লইয়া মনুষাত্ব? মানুষ্যের শরীর আছে, এবং মন† আছে। এই শরীরই বা কি? এবং মনই বা কি? শরীর কতকগুলি জড় পদার্থের সমবায়, তাহাতে কতকগুলি শক্তি আছে। এই শক্তিগুলি শরীর হইতে তিরোহিত হইলে মনুষ্য থাকে না; क्त ना, मान्यत मृज्यपट मन्याष आहि, अमन कथा वना यात्र ना। ज्वरे किए भमार्थक ছাডিয়া দিতে হইবে—সেই দৈহিকী শক্তিগ,লিই মন,ষাশরীরের প্রকৃত উপাদান। আমি স্থানান্তরে এইগুলির নাম দিয়াছি—"শারীরিকী বৃত্তি"। মনুষ্যের মনও এইরূপ শক্তি বা वृचित्र नमिष्ठे। रमहेश्रीलत्र नाम रमख्या याजेक-मानिमक वृच्छि। এখन रमथा याहेरज्राह्य रय, এই শারীরিক ও মানসিক বৃত্তি লইয়াই মানুষ বা মানুষের মানুষত্ব।

यिष जारे रहेन, जत रमरे मकन वृत्तिशृतित विश्वि अनुभीननरे मान्यात धर्म। বৃত্তির সপ্তালন দ্বারা আমরা কি করি? হয় কিছু কম্ম করি, না হয় কিছু জানি। কম্ম

ও জ্ঞান ভিন্ন মন স্বোর জীবনে ফল আর কিছ নাই !!

অতএব জ্ঞান ও কম্ম মান,বের স্বধম্ম। সকল ব্তিগ,লি সকলেই যদি বিহিতর,পে অনুষ্ঠিত করিত, তবে জ্ঞান ও কম্ম উভয়েই সকল মনুষোরই স্বধন্ম হইত। কিন্তু মনুষা-সমাজের অপরিণতাবস্থায় তাহা সাধারণতঃ ঘটিয়া উঠে না।§ কেহ কেবল জ্ঞানকেই প্রধানতঃ স্বধন্মস্থানীয় করেন, কেহ কন্মকে ঐর্প প্রধানতঃ স্বধন্মস্বর্প গ্রহণ করেন।

खात्नत हत्यात्मभा तन्त्रा; नमन्त्र क्रशर तत्त्रा आह्य। এ क्रमा खानाण्कान याँशामित्रत न्यर्थम्य,

তাঁহাদিগকে ব্রাহ্মণ বলা যায়। ব্রাহ্মণ শব্দ ব্রহ্মন শব্দ হইতে নিষ্পন্ন হইয়াছে।

কম্মকৈ তিন শ্রেণীতে বিভক্ত করা যাইতে পারে। কিন্তু তাহা ব্রাঝিতে গেলে কম্মের বিষয়টা ভাল করিয়া বৃ্ঝিতে হইবে। জগতে অন্তব্পিষয় আছে ও বহিন্দিষয় আছে। অন্তব্বিষয় কম্মের বিষয়ীভত হইতে পারে না. বহিন্বিষয়ই কম্মের বিষয়। সেই বহিন্বিষয়ের মধ্যে কতকগ্রনিই হউক অথবা সবই হউক, মনুষ্যের ভোগ্য। মনুষ্যের কর্ম্ম মনুষ্যের ভোগ্য বিষয়কেই আশ্রয় করে। সেই আশ্রয় ত্রিবিধ, যথা (১) উৎপাদন, (২) সংযোজন বা সংগ্রহ, (৩) রক্ষা। (১) যাহারা উৎপাদন করে, তাহারা কৃষিধন্মী; (২) যাহারা সংযোজন বা সংগ্রহ করে, তাহারা শিল্প বা বাণিজাধন্মী; এবং (৩) যাহারা রক্ষা করে, তাহারা যুদ্ধধন্মী। ইহাদিগের নামান্তর ব্যাংক্রমে ক্ষরিয় বৈশ্য, শদ্রে, এ কথা পাঠক স্বীকার করিতে পারেন কি?

স্বীকার করিবার প্রতি একটা আপত্তি আছে। হিন্দুদিগের ধর্মশাস্থান,সারে এবং এই গীতার ব্যবস্থান,সারে কৃষি শুদ্রের ধর্ম্ম নহে: বাণিজ্য এবং কৃষি, উভয়ই বৈশ্যের ধর্ম্ম। অন্য

Feeling, Action," ইহা ন্যায়। কিন্তু Feeling অব্লেকে Thought কিন্তা Action প্রাপ্ত হয়।

এই क्रमा शिक्रगारमंत्र क्रम खान ७ क्रम्म और विविध वलाउ नागा।

খ্রীষ্টানদিগের বিশ্বাস যে, যে বীশুখ্রীষ্ট না ভঙ্জে, জগদীশ্বর তাহাকে অনস্তকাল জন্য নরকে নিকেপ করেন।

^{† &}quot;মন" চলিত কথা, এই জন্য "মন" শব্দ ব্যবহার করিলাম। এই চলিত কথাটি ইংরেজি ''mind'' শব্দের অনুবাদ মান্ত। হিন্দুদর্শনিশান্তের ভাষা ব্যবহান্ত করিতে গেলে, ইহার পরিবর্ত্তে বৃদ্ধি ও মন উভয় শব্দ এবং তৎসক্ষে অহত্কার এই তিনটি খ্বাই আহার করিতে হইবে। তাহার পরিবর্ত্তে "matter and mind" এই বিভাগের অনুবত্তী হ**ার্কিছ ক্রান্তি** ‡ কোম্ প্রভৃতি পাশ্চান্তা দাশনিকগণ তিন ভাগে **তিন্তানি**তিকে বিভক্ত করেন "Thought,

[🛊] আমি উনবিংশ শতাব্দীর ইউরোপকেও সমাজের অপরিণতাবস্থা বলিতেছি।

তিন বর্ণের পরিচর্য্যাই শা্দ্রের ধর্মা। এখনকার দিনে দেখিতে পাই, কৃষি প্রধানতঃ শা্দ্রেরই ধর্মা। কিন্তু অন্য তিন বর্ণের পরিচর্য্যাও এখনকার দিনে প্রধানতঃ শা্দ্রেরই ধর্মা। মধন জ্ঞানধর্মী, ব্যানজ্ঞান্দর্মী বা কৃষিধন্মীর কন্মের এত বাহ্লা হয় যে তদ্ধন্মিগণ আপনাদিগের দৈহিকাদি প্রয়োজনীয় সকল কর্মা সম্পান করিয়া উঠিতে পারে না, তথ্ন কতকগ্রাল লোক তাহাদিগের পরিচর্য্যায় নিযুক্ত হয়। অতএব (১) জ্ঞানার্জন বা লোকশিক্ষা, (২) যুদ্ধ বা সমাজরক্ষা, (৩) শিল্প বা বাণিক্ষা, (৪) উৎপাদন বা কৃষি, (৫) পরিচর্য্যা এই পশ্চবিধ কর্মা।

ইহার অন্ব্র্প পাঁচটি জাতি, র্পাশুরে, সকল সমাজেই আছে। তবে অন্য সমাজের সঙ্গে ভারতবর্ষের প্রভেদ এই যে, এখানে ধর্ম্ম প্র্ব্বপরম্পরাগত। কেবল হিন্দ্রসমাজেই যে এর্প. তাহা নহে, হিন্দ্রসমাজসংলগ্ধ ম্র্সলমানিদগের মধ্যেও এর্প ঘটিয়াছে। দর্রজ্ঞরা প্র্ব্বান্কমে সলাই করে। জোলারা প্র্ব্বান্কমে বন্দ্র ব্নে, কল্বরা প্র্ব্বান্কমে তৈল বিকর করে। ব্যবসা এইর্প প্র্ব্বপরম্পরানিবদ্ধ হইলে একটা দোষ ঘটে এই যে, যখন কোন জাতির সংখ্যা বৃদ্ধি হইল, তখন নিন্দিটি ব্যবসায়ে কুলান হয় না, কর্মান্তর অবলম্বন না করিলে জাবিকানিব্রাহ হয় না। প্রাচীন কালের অপেক্ষা এ কালে শ্রুজাতির সংখ্যা বিশেষ প্রকারে বৃদ্ধি পাইয়াছে, তাহার ঐতিহাসিক প্রমাণ দেওয়া যাইতে পারে। এজন্য শ্রু এখন কেবল পরিচর্ষ্যা ছাড়িয়া কৃষিধম্মী। পক্ষান্তরে প্র্বেকালে আর্য্যসমাজক্ত অধিকাংশ লোক এইর্প সামাজিক কারণে শিল্প, বাণিজ্য বা কৃষিধমী ছিল। এবং তাহাদিগেরই নাম বৈশ্য।

সে যাই হউক, মনুষ্য মাত্রে, জ্ঞান বা কম্মানুসারে, ব্রাহ্মণ, ক্ষাত্রিয়, বণিক্, শিলপী, কৃষক, বা পরিচারকধন্মী। সামাজিক অবস্থার গতি দেখিয়া যদি বল যে. মনুষ্য মাত্রে ব্রাহ্মণ, ক্ষাত্রিয়, বৈশ্য বা শ্রু, তাহাতেও কোন আপত্তি হইতে পাবে না। স্থুল কথা এই যে, এই বড়বিধ বা পর্জবিধ বা চতুর্বিধ কন্মা ভিন্ন মনুষ্যের কন্মান্তির নাই। যদি থাকে, তাহা কৃক্মান্তি এই বড়বিধ কন্মের মধ্যে যিনি যাহা গ্রহণ করেন উপজীবিকার জনাই হউক, আর যে কারণেই হউক, যাহার ভার আপনার উপর গ্রহণ করেন, তাহাই তাহার অনুষ্ঠেয় কন্মা, তাহার Duty, তাহাই তাহার স্বধন্মা। ইহাই আমার ব্যান্ধিতে গীতোক্ত স্বধন্মের উদার ব্যাখ্যা। যাহারা ইহার কেবল প্রাচীন হিন্দুসমাজের উপযোগী অর্থ নিল্পেশ করেন, তাহারা ভগবদ্যুক্তিতে অতি সঙকীর্ণার্থক বিবেচনা করেন। ভগবানু কথনই সঙকীর্ণার্থকি নহেন।

যাহা ভগবদ্বিত,—গাঁতাই হউক, Bible ই হউক, গ্র্মং অবতার্ণ ভগবানের প্রম্থানিগ তই হউক বা তাঁহার অন্গৃহীত মন্ধেরে মুর্থানগতিই হউক, যথন উহা প্রচারিত হয়, উহা তথনকার ভাষায় ব্যক্ত হইয়া থাকে এবং তথনকার সমাজের এবং লোকেব শিক্ষা ও সংস্বারের অবস্থার মন্মাজের এবং লোকেব শিক্ষা ও সংস্বারের অবস্থার মন্মাজের অবস্থা এবং লোকেব শিক্ষা ও সংস্কারসকল কালক্রমে পরিবর্ত্তি হয়। তথন ভগবদ্বিত্তর ব্যাখ্যারও সম্প্রসারণ আবশ্যক হয়। কেন না, ধর্ম্মা নিডা: এবং সমাজের সঙ্গে তাহার সম্বন্ধও নিতা। ঈশ্বরোক্ত ধর্মা যে কেবল একটি বিশেষ সমাজ বা বিশেষ সামাজিক অবস্থার পক্ষেই ধর্ম্মা, সমাজের অবস্থান্তরে তাহা আর খাটিবে না, এজন্য সমাজকে প্র্বাবস্থাতে রাখিতে হইবে, ইহা কথন ঈশ্বরাভিপ্রায়সকত হইতে পারে না। কালক্রমে সামাজিক পরিবর্ত্তানান্সারে ঈশ্বরোক্তির সামাজিক জ্ঞানোপ্যোগিনী ব্যাখ্যা প্রয়োজনীয়। ক্ষোক্ত স্বধন্মের অর্থের ভিতর বর্ণাশ্রমধর্ম্ম আছে: আমি যাহা ব্র্যাইলাম, তাহাও আছে: কেন না, উহা বর্ণাশ্রমধর্মের সম্প্রসারণ মাত্র। তবে প্রাচীন বালে বর্ণাশ্রম ব্রিলেই ঈশ্বরোক্তির কালোচিত ব্যাখ্যা করা হয়; আমি যের্প ব্র্থাইলাম এথন সেইরপ ব্রিলেই কালোচিত ব্যাখ্যা করা হয়।

[•] বেবল কালসতকারে প্রজাব্দ্ধির কথা বলিতেছি না। "বাঙ্গালিব উৎপত্তি" বিষয়ে বছনশনে যে কর্মাট প্রবন্ধ প্রকাশ কবিয়াছিলাম, তাহাতে প্রমাণ করিবার চেন্টা পাইয়াছি যে, অনার্য্য জ্ঞাতিবিশেষসকল হিন্দু ধুন্ত করিয়া হিন্দু শ্রুজাতিবিশেষে পরিণত হইয়াছে। যথা প্র্যু নামক প্রচেটন অনার্য্য জ্ঞাতিবিশেষ এখন কোন স্থানে প্রভা কোন স্থানে পোদে পরিণত হইয়াছে। এইব্পে কালচন্ম শ্রের সংখ্যা বাড়িয়াছে। বুর্গসঞ্চব শ্রুব্দির অন্যতম কারণ।

⁺ यथा क्रीवर्गामि।

र्वाष्क्रम ब्रह्मावनी

স্বধর্ম্ম কি, তাহা যদি, যাহা হউক এক রকম, আমরা ব্রিঝরা থাকি, তবে এক্ষণে স্বধর্ম

পালন কেন করিব, তাহা ব, বিতে হইবে।

শ্রীকৃষ্ণ দুই প্রকার বিচার অবলম্বনপূর্ত্বক এ তত্ত্ব অর্জ্জনুনকে ব্রুঝাইতেছেন। একটি জ্ঞানমার্গ, আর একটি কর্মমার্গ। এই অধ্যায়ে দ্বাদশ শ্লোক হইতে আটারিশ শ্লোক পর্য্যস্ত জ্ঞানমার্গ কীর্ত্তন, তৎপরে কর্মমার্গ।

জ্ঞানমার্গের স্থলে তত্ত্ব আত্মা অবিনশ্বর, পর-শ্লোকে সেই কথা উঠিতেছে।

ন ছেবাহং জাতু নাসং ন ছং নেমে জনাধিপাঃ। ন চৈব ন ভবিষ্যামঃ সর্ব্বে বয়মতঃপরম্॥ ১২॥

আমি কদাচিং ছিলাম না, এমন নহে। তুমি বা এই বাজগণ ছিলেন না, এমন নহে। ইহার

পরে আমরা সকলে যে থাকিব না. এমন নহে। ১২।

যুদ্ধে দ্বজন-নিখন-সম্ভাবনা দেখিয়া অৰ্জ্জন অনুতাপ করিলেন। তাহাতে কৃষ্ণ ইহার প্রের্থিশ্লাকে বালিয়াছেন, "যাহার জন্য শোক করিতে নাই, তাহার জন্য তুমি শোক করিতেছ।" যে মরিবে, তাহার জন্য শোক করা উচিত নহে কেন, তাহা এই শ্লোকে বুঝাইতেছেন। ভাবার্থ এই যে, "দেখ কেহ মরে না। দেখ, আমি, তুমি আর এই রাজগণ অর্থাৎ সকলেই চিরস্থায়ী; প্রের্বেও সকলেই ছিলাম, এ জীবন ধ্বংসের পর স্বাই থাকিবে। যদি থাকিবে, মবিবে না, তবে তাহাদের জন্য শোক করিবে কেন?"

ইহাই হিন্দ্ধেশ্বের স্থ্ল কথা—হিন্দ্ধশ্বান্তগত প্রধান তত্ত্ব। কেবল হিন্দ্ধশ্বের নহে, খ্রীষ্টধশ্বের, বৌদ্ধধ্বের, ইসলামধ্যের, সকল ধ্যের মধ্যে ইহাই প্রধান তত্ত্ব। সে তত্ত্ব এই যে, দেহাদি ব্যতিরিক্ত আত্মা আছে. এবং সেই আত্মা অবিনাশী। শরীরের ধ্বংস হইলেও আত্মা প্রকালে বিদ্যমান থাকে। প্রকালে আত্মার কি অবস্থা হয়, তদ্বিষ্যে নানা মতভেদ আছে ও হইতে পারে. কিন্তু দেহাতিরিক্ত অথচ দেহস্থিত আত্মা আছেন, এবং তিনি বিনাশ-শ্ন্য, অমর, ইহা হিন্দ্, খ্রীষ্টিয়ান, বৌদ্ধ, ব্রাহ্ম, ম্সলমান প্রভৃতি সকলের সম্মত। এই সকল ধ্যের ইহাই ম্লভিত্তি।

এই তত্ত্বের প্রধান প্রতিবাদী বৈজ্ঞানিকেরা। তাঁহারা বলেন, শবীরা্তিরিক্ত আর কিছ, নাই।

শরীরাতিবিক্ত আর একটা যে আত্মা আছে তদ্বিষয়ে কোন প্রমাণ নাই।

আজকাল বৈজ্ঞানিকেরাই বড় বলবান্। পৃথিবীর সমস্ত ধন্ম এক দিকে, তাঁহারা আর এক দিকে তাঁহাদের প্রচণ্ড প্রতাপে পৃথিবীর সমস্ত ধন্ম হঠিয়া যাইতেছে। অথচ বিজ্ঞানের প্রদেশ বড়। পক্ষান্তরে ধন্ম বড় বলিয়া আমরা বিজ্ঞানকে পরিত্যাগ করিতে পারি না। ধন্ম ও সত্য, বিজ্ঞানও সত্য। অতএব এ স্থলে আমাদের বিচার করিয়া দেখা যাউক, কতট্বুক্ সত্য কোন্ দিকে আছে। বিশেষতঃ শিক্ষিত বাঙ্গালী, বিজ্ঞান জান্ন বা না জান্ন, বিজ্ঞানের প্রতি অচল ভক্তিবিশিষ্ট। বিজ্ঞানে রেলওয়ে টেলিগ্রাফ হয়, জাহাজ চলে কল চলে, কাপড় হয়, নানা বকমে টাকা আসে, অতএব বিজ্ঞানই তাঁহাদের কাছে জ্ঞানের শ্রেষ্ঠ। যখন শিক্ষিত সম্প্রদায়ের জন্য এই টীকা লেখা যাইতেছে, তখন আত্মবাদের বিজ্ঞান যে প্রতিবাদ করেন, তাহা বিচার করিয়া দেখা উচিত।

এ বিচারে আগে ব্রুঝা কন্তব্যি ষে, আত্মা কাহাকে বলা যাইতেছে, এবং হিন্দর্রা আত্মাকে

कित्रुश वृत्य।

হিন্দ্র দার্শনিকেরা আত্মাকে বলেন, "অহম্প্রত্যয়বিষয়াস্পদপ্রত্যয়লক্ষিতার্থ'ঃ"—অর্থাৎ "আমি" বলিলে যাহা ব্রথিব, সেই আত্মা। এ সন্দক্ষে আমি প্রেব যাহা লিখিয়াছি, তাহা

উদ্ধৃত করিতেছি। তাহা এই বাক্যের সম্প্রসারণ মাত্র।

"আমি দৃঃখ ভোগ করি—কিন্তু আমি কে? বাহা-প্রকৃতি ভিন্ন আব কিছু তোমাদের ইন্দিরের গোচর নহে। তুমি বলিতেছ, আমি বড় দৃঃখ পাইতেছি—আমি বড় দৃঃখী। কিন্তু একটি মনুবাদেহ ভিন্ন 'তুমি' বলিব, এমন কোন সামগ্রী দেখিতে পাই না। তোমার দেহ এবং দৈহিক প্রক্রিয়া, ইহাই কেবল আমার জ্ঞানগোচর। তবে কি তোমার দেহেরই এই সৃঃখ দৃঃখ ভোগ বলিব?

পাঠকের সমরণ রাখা উচিত যে, প্রচলিত প্রথান,সাবে Science কেই বিজ্ঞান বলিতেছি ও বলিব।
 ৬৯৬

তোমার মৃত্যু হইলে তোমার সেই দেহ পড়িয়া থাকিবে, কিন্তু তংকালে তাহার সৃত্থ দৃঃখ ভোগের কোন লক্ষণ দেখা যাইবে না। আবার মনে কর, কেহ তোমাকে অপমান করিয়াছে, তাহাতে দেহের কোন বিকার নাই, তথাপি তুমি দৃঃখী। তবে তোমার দেহ দৃঃখভোগ করে না। যে দৃঃখভোগ করে, সে স্বতশ্ত। সেই তুমি। তোমার দেহ তুমি নহে।

এইর প সকল জীবের। অতএব দেখা যাইতেছে যে, এই জগতের কিয়দংশ ইন্দিরগোচর, কিয়দংশ অনুমেয় মাত্র, ইন্দিরগোচর নহে, এবং সুখ দুঃখাদির ভোগকর্তা। যে সুখ দুঃখাদির

ভোগকর্ত্তা, সেই আত্মা।"*

আত্মতত্ত্ব বিষয়ক এই শ্বনে কথাটা প্রীষ্টিয়াদি সকল ধন্মেই আছে। কিন্তু তাহার উপর আর একটা অতি সক্ষা, অতি চমংকার কথা কেবল হিন্দ্রধন্মেই আছে। সেই তত্ত্ব অতি উন্নত, উদার, বিশ্বন্দ্রমানের মন্যাজন্ম সার্থক হয়। হিন্দ্র ভিন্ন আর কোন জাতিই সেই অতি মহন্তত্ব অন্ভূত করিতে পারে নাই। যে সকল কারণে হিন্দ্রধন্ম অন্য সকল ধন্মের অপেক্ষা শ্রেষ্ঠ, ইহা তাহার মধ্যে একটি অতি গ্রের্তর কারণ। সেই তত্ত্ব এখন ব্যাইতেছি।

আত্মা সকলেরই আছে। তুমি যখন আমা হইতে ভিন্ন, তখন তোমার আত্মা আমা হইতে কাজেই ভিন্ন। কিন্তু ভিন্ন হইরাও প্রকৃতরূপে ভিন্ন নহে। মনে কর, বহুসংখাক শ্না পাত্র আছে; তাহার সকলগ্নলির ভিতর আকাশ আছে। এক পাত্রাভান্তরন্থ আকাশ পাত্রাভরন্থ আকাশ হৈতে ভিন্ন। কিন্তু পৃথক্ হইলেও সকল পাত্রন্থ আকাশ জাগতিক আকাশের অংশ। পাত্রগ্র্নি ভন্ন করিলেই আর কিছুমাত্র পার্থকা থাকে না। সকল পাত্রন্থ আকাশ সেই জাগতিক আকাশ হইতে অভিন্ন হয়। এইর্প ভিন্ন ভিন্ন জীবগত আত্মা পরস্পর পৃথক্ হইলেও জাগতিক আত্মার অংশ, কেহ বন্ধন হইতে বিমৃক্ত হইলে সেই জাগতিক আত্মায় বিলীন হয়। এই জগদাত্মাকে হিন্দ্-দার্শনিকেরা পরমাত্মা বলেন। জীবদেহস্থায়ী আত্মা যত দিন সেই পরমাত্মায় বিলীন না হয়, তও দিন তাহাকে জীবান্ধা বলেন।

এখন এই জীবাত্মা কি নশ্বর? দেহের ধ্বংস হইলেই কি তাহার ধ্বংস হইল? ইহার সহজ্ঞ উত্তর এই যে, যাহা অবিনশ্বরের অংশ, তাহা কখন নশ্বর হইতে পারে না। যদি জাগতিক আকাশ অবিনশ্বর হয়, তবে ভাল্ডঙ্গু আকাশও অবিনশ্বর। যদি প্রমাত্মা অবিনশ্বর হয়েন, তবে তদংশ জীবাত্মাও অবিনশ্বর।

এই হইল হিন্দ্ধম্মের কথা। অন্য কোন ধর্মা এই অত্যন্তত তত্ত্বের নিকটেও আসিতে পারেন নাই। আমরা পরে দেখাইব বে. ইহার অপেক্ষা উন্নত তত্ত্ব মন্ধারাত তত্ত্বের ভিতর আদি নাই বলিলেও হয়। প্রাচীন ঝ্যিরা বলিতে পারেন, "আমবা যদি আরা কিছা, না ঝ্রিরাম, কেবল এই কথাটা প্থিবীতে প্রচার করিয়া যাইতাম, তাহা হইলেও আমরা, সকল নিন্ধ্রের উপরে আসন পাইবার যোগ্য হইতাম।" বাস্তবিক এই সকল তত্ত্বের আলোচনা করিলে তাঁহাদিগকে মন্ধ্রমধ্যে গণনা করা ষাইতে পারে না; দেবতা বলিতে ইচ্ছা করে।

এখন দেখা যাউক, বৈজ্ঞানিকেরা এ সম্বন্ধে কি বলেন। তাঁহারা বলেন আদৌ আত্মার অন্তিম্বের প্রমাণ নাই। প্রমাণাভাবে কোন কথাই স্বীকার কর্ত্তব্য নহে। যখন আত্মার অন্তিম্বই স্বীকার করা যাইতে পারে, তখন তাহার অবিনাশিতা, জীবাদ্মা, পরমাদ্মা, এ সকল উপন্যাস-মধ্যে গণনা করিতে হয়। এই শ্রেণীর এক জন জগদ্বিখ্যাত লেখক, আত্মার অস্তিম্ব স্বীকার পক্ষে

যে আপত্তি, তাহা বিশদর্পে ব্ঝাইয়াছেন।

"Thought and consciousness, though mentally distinguishable from the body, may not be a substance separable from it, but a result of it, standing in relation to it, like that of a tune to the musical instrument on which it is played; and that the arguments used to prove that the soul does not die with the body, would equally prove that the tune does not die with the instrument but survives its destruction and continues to exist apart.

* প্রবন্ধ পুস্তক।

[†] যে তত্ত্বটা ব্ঝাইলাম, তাহা যে বিলাতী pantheism নর, এ কথা বোধ হয় বলিবার প্রয়োজন নাই।

र्वाध्कन ब्रह्मावली

In fact, those moderns who dispute the evidence of the immortality of the soul, do not in general believe the soul to be a substance per se, but regard it as a bundle of attributes, the attributes of feeling, thinking, reasoning, believing, willing and these attributes they regard as a consequence of the bodily organization which therefore, they urge, it is as unreasonable to suppose surviving when that organization is dispersed, as to suppose the colour or odour of a rose surviving when the rose itself has perished. Those, therefore, who would deduce the immortality of the soul from its own nature have first to prove that the attributes in question are not attributes of the body, but of a separate substance."*

এইখানে পাঠক একটা স্ক্রা ব্রিয়া দেখন। এই বিচারের তাংপর্য্য এই যে, আত্মার অক্তিম্বের প্রমাণাভাব, স্তরাং আত্মার অন্তিম্ব অসিদ্ধ। তন্তিম ইহার দ্বারা আত্মার অনন্তিম্ব প্রমাণ হইতেছে না। আত্মা নাই, এমন কথা মিল, কি কেহই বলিতে পারেন না। উক্ত বিচাবে যে আত্মার অনন্তিম্ব সিদ্ধ হইতেছে না, তাহা মিল নিজেই ব্যাইতেছেন।

"In the first place, it does not prove, experimentally, that any mode of organization has the power of producing feeling or thought. To make that proof good, it would be necessary, that we should be able to produce an organism, and try whether it would feel, which we cannot do."

STURD-

There are thinkers who regard it as a truth of reason that miracles are impossible; and in like manner there are others who, because the phenomena of life and consciousness are associated in their minds by undeviating experience with the action of material organs, think it an absurdity per se to imagine it possible those phenomena can exist under any other conditions. But they should remember that the uniform coexistence of one fact with another does not make the one fact a part of the other or the same with it. The relation of thought to a material brain is no metaphysical necessity; but simply a constant co-existence within the limits of observation. And when analysed to the bottom on the principles of the associative Psychology, just as much as the mental functions, is, like matter itself, merely a set of human sensations either actual or inferrible as possible . . . Experience furnishes us with no example of any series of states of consciousness without this group of contingent sensations attached to it; but it is as easy to imagine such a series of states without, as with, this accompaniment, and we know of no reason in the nature of things against the possibility of its being thus disjoined. We may suppose that the same thoughts, emotions, volition and even sensations which we have here, may persist or recommence somewhere else under other conditions, just as we may suppose that other thoughts and sensations may exist under other conditions in other parts of the universe. And in entertaining this supposition we need not be embarrassed by any metaphysical difficulty about a thinking substance. Substance is but a general name for the perdurability of attributes; wherever there is a

^{*}Three Essays on Religion, p. 197 শিক্ষিত সম্প্রদারের জন্য এই টীকা লেখা বাইতেছে, স্তেরাং ইংরেজির তরজমা দেওয়া বাইবে না।

series of thoughts connected together by memories, that constitutes a thinking substance."

জড়বাদীর আপত্তি এই বিচারে ভাসিয়া গেল, তাহার চিচ্নাত্ত রহিল না। তথাপি ইহাতেই আত্মবাদী জয়ী হইতেছেন। পৃথক আত্মা নাই. অথবা তাহা নশ্বর, এ কথা বলিবার কাহারও অধিকার নাই. ইহাতে প্রমাণীকৃত হইল। কিন্তু আত্মা যে একটি স্বতক্ত পদার্থ, এবং তাহা অবিনাশী, ইহা প্রমাণীকৃত হইল না। তুমি বলিতেছ. স্বতক্ত্র আত্মা আছে, এবং তাহা অবিনাশী এ কথার প্রমাণ কি?

অনেক সহস্র বংসর ধরিয়া প্থিবীর সকল সভ্য জাতির মধ্যে এই প্রমাণ সংগৃহীত হইয়া আসিয়াছে। বৈজ্ঞানিকেরা তাহা অপ্রচুর বালিয়া উড়াইয়া দেন। বৈজ্ঞানিকেরা সত্যবাদী এবং প্রমাণ সম্বন্ধে তাঁহারা স্বিচারক। অতএব তাঁহারা এ কথা কেন বলেন, সেটাও ব্বিয়া রাখা চাই।

ব্নিতে গেলে, আগে ব্নিতে হইবে, প্রমাণ কি? যাহা দ্বারা কোন বিষয়ের জ্ঞান জন্মে, তাহাই তাহার প্রমাণ। আমি এই প্রুপটি দেখিতে পাইতেছি বলিয়াই, জানিতে পারিতেছি যে, প্রুপটি আছে। প্রত্যক্ষ দ্বিউই এখানে প্রেপের অক্তিক্বের প্রমাণ। আমি গৃহমধ্যে শয়ন করিয়া মেঘগর্জন শ্রনিলাম, ইহাতে জানিলাম যে, আকাশে মেঘ আছে। এখানে মেঘ আমাব প্রত্যক্ষের বিষয় নহে। কিন্তু মেঘের ধর্নি আমার প্রত্যক্ষের বিষয়। প্রতাক্ষালারেও মেঘবিষয়ক জ্ঞান জন্মিবার কারণ প্রেক্ত প্রত্যক্ষ হইতে অন্মান। যথনই যথনই এইর্প গ্রন্থনিন শ্রনিয়া আকাশ প্রতি দ্বিউপাত করা গিয়াছে, তথনই তথনই আকাশে মেঘ দেখা গিয়াছে।

অতএব আমরা দ্বিধি প্রমাণের দেখা পাইতেছি—(১) প্রত্যক্ষ (২) অনুমান। ভারতবধী থৈরা অন্যবিধ প্রমাণও স্বীকার করেন, তাহার কথা পরে বলিতেছি। বৈজ্ঞানিক বা জড়বাদিগণ অনা কোন প্রকাব প্রমাণ স্বীকার করেন না। তাহারা অনুমান সম্বন্ধে ইহাও বলেন যে, যে অনুমান প্রত্যক্ষমূলক নহে, সে অনুমান অসিদ্ধ: অথবা এর্প অনুমান হইতেই পারে না। এই তত্ত্বে মীমাংসা জন্য ইউরোপীয়েরা এক অতি বিচিত্র এবং মনোহর দর্শনশাস্ত্র স্থিতি করিয়াছেন, তাহার সবিশেষ পরিচয় দিবার স্থান নাই।

এখন ইহা অবশ্য স্বীকার করিতে হইবে যে, আত্মা কখন কাহারও প্রত্যক্ষের বিষয় হয নাই। শরীর প্রত্যক্ষ কিন্তু শরীরন্ধ আত্মার প্রত্যক্ষতা নাই। শরীর-বিমৃক্ত আত্মারও কেহ কখন প্রত্যক্ষ করে নাই। যাহা প্রত্যক্ষের বিষয় নহে, তংসম্বন্ধে প্রত্যক্ষম্পাক কোন অন্মানও হইতে পারে না। কেবল ইহাই নহে। আত্মা ভিন্ন এমন অন্য কোন পদার্থ ক্ষম্পে মন্ব্যের কোন প্রকাব প্রত্যক্ষজাত কোন প্রকার জ্ঞান নাই যে, তাহা হইতে আত্মার আছিও অনুমান করা যায়। এর্প যে সকল প্রমাণ এদেশে বা ইউরোপে প্রযুক্ত হইয়াছে, তাহা বিচারে টিকে না। অত্রব আত্মার অভিত্য সম্বন্ধে কোন প্রমাণ নাই।

তাই বিজ্ঞান, আত্মাকে খ্রিজয়া পায় না। বিজ্ঞান সত্যবাদী। বিজ্ঞানের যত দূরে সাধ্য,

 শহাহা ইন্দ্রিংগাচর, তাহাই প্রত্যক্ষের বিষয়। প্রেপের চাক্ষ্য প্রত্যক্ষ হইল, মেদেব ধর্নিব শ্রবণ প্রত্যক্ষ হইল।

† তবে সর্ব্ধ দেশে সাধারণ লোকের বিশ্বাস বে, মৃত ব্যক্তির দেহবিমৃত্ত আন্ধা কথন কথন মন্বোর ইন্দির-প্রত্যক্ষ হয়। দেহ-বিমৃত্যান্ধা এইর্পে মন্বোর ইন্দিরগোচর হইলে অবন্থাবিশেষে ভূত প্রেড নাম প্রাপ্ত হয়। কৈন্তানিকেরা বলেন, এ সকল চিত্তের প্রমান্ত, রক্ত্বতে সর্পজ্ঞানবং প্রমঞ্জান মান্ত, আর ঈদ্শ প্রমঞ্জানই আন্ধার স্বাতক্যে বিশ্বাসের কারণ। কিন্তু একণে ইউরোপ ও আর্মেরকায় Spiritualism তত্ত্বের প্রাদ্রভাব, এই প্রতত্ত্বেই বিজ্ঞানের একটি শাখা হইরা দাঁড়াইয়ছে; এবং Crookes, Wallace প্রভৃতি প্রসিদ্ধ বৈজ্ঞানিকেরা এতিব্ধিরক প্রমাণ সকল এমন উত্তমর্পে পর্বীক্ষিত ও প্রেণীবন্ধ করিয়াছেন বে, প্রতিপক্ষেরা কিছ্ গোলবোগে পড়িয়াছেন। ইহার নানা প্রকার বাদ প্রতিবাদ চলিতেছে। তবে ইহা বলা যাইতে পারে যে, প্রতপ্রতাক্ষের যাথার্থ্য এখনও কৈজ্ঞানিকেরা সাধারণতঃ স্বীকার করেন না। স্তরাং উহা আন্ধার অন্তিদ্বের প্রমাণেব মধ্যে আমি গলনা করিতে পারিলাম না। আর ঈদ্শে প্রমাণেব উপর ধন্মের ভিত্তি স্থাপন করা বাছ্নীয় বিবেচনা করি না। ধর্ম্ম বিজ্ঞান নহে; তাহার ভিত্তি আরও দানুসক্যাপিত।

र्वाष्क्रम ब्रह्मावली

বিজ্ঞান তত দূরে সন্ধান করিল, কিন্তু যথার্থ সত্যান,সিধিংস, হইয়া ও সাধামত চেণ্টা করিয়াও বিজ্ঞান আত্মাকে পাইল না। পাইল না কেন, না বিজ্ঞানের তত দরে গতিশক্তি নাই। ষাহার যত দৌড়, তাহার বেশী সে যাইতে পারে না। ডুবুরী কোমরে দাঁড় বাঁধিয়া সাগরে নামে, যতটাকু দড়ি, তত দরে যাইতে পারে, তার বেশী যাইতে পারে না, সাগরে সমস্ত রম্ব কডাইবার তার সাধ্য নাই। প্রমাণের দড়ি বিজ্ঞানের কোমরে বাঁধা, বিজ্ঞান প্রমাণের অপ্রাপ্য আত্মতন্ত পাইবে কোথা? যেখানে বিজ্ঞান পেণিছে না, সেখানে বিজ্ঞানের অধিকার নাই, যে উচ্চ ধামের নিন্দ সোপানে বসিয়া বিজ্ঞান জন্ম সার্থক করে, সেখানে বৈজ্ঞানিক প্রমাণের অনুসন্ধান করাই ত্রম। "Our victorious Science fails to sound one fathom's depth on any side, since it does not explain the parentage of mind,* For mind was in truth before all science, and remains for ever, the seer, judge, interpreter, even father of all its systems, facts, and laws. Our faculties are none the less truly above our heads because we no longer wonder like children at processes we do not understand. Spite of category and formula of Kant and Hegel, we are abashed before our own untraceable thought. The star of heaven, the grass of the field, the very dust that shall be man, foil our curiosity as much as ever, and none the less for yielding to the lens, the prism and the polariscope of science ever now triumphs for our pride and delight."† যখন বিজ্ঞান একটি ধ্রালকণার অস্তিত প্রমাণ করিতে পারে না. তখন আত্মার অন্তিত্ব প্রমাণ করিবে কি প্রকারে? যে হদরে ঈশ্বরকে না পায় সে বিজ্ঞানে পায় না। যে হৃদয়ে ঈশ্বরকে পাইয়াছে তাহার কাছে আত্মবাদ সম্বন্ধে বৈজ্ঞানিক প্রমাণের কোন প্রয়োজন নাই।

এখন বৈজ্ঞানিক উত্তর করিবেন যে, বিচার বড় অন্যায় হইতেছে। যখন বলিতেছ, জ্ঞান মারের উপায় প্রমাণ, তখন অবশ্য স্বীকার করিতেছ যে, প্রমাণাতিরিক্ত জ্ঞেয় কিছুই নাই। আত্মতত্ত্ব যখন প্রমাণের অতীত, আত্মার অস্তিত্বের যখন প্রমাণ নাই, তখন আত্মসন্বন্ধে মন্বারে কোন জ্ঞান নাই ও হইতে পারে না। অতএব আত্মা আছে কি না জানি না, ইহা ভিন্ন আর কিছু আমাদের বলিবার উপায় নাই।

এ কথার দুইটি উত্তর দেওরা যাইতে পারে। একটি প্রাচীন হিন্দু দার্শনিকদিগের উত্তর, একটি আধুনিক জম্মাণিদিগের উত্তর। দর্শনিশাস্তে এই দুইটি জাতিই প্রথিবীর শ্রেস্ট। এই দুই জাতিই ক্ষেমাছেন যে, প্রত্যক্ষ ও প্রত্যক্ষমূলক যে অনুমান, তাহার গতিশক্তি অতি সঙ্কীণ, তাল্লা কথনই মনুষ্য-জ্ঞানের সীমা নহে। এই জন্য হিন্দু দার্শনিকেরা অন্যবিধ প্রমাণ স্বীকার করেন। নৈয়ায়িকেরা বলেন, আর দ্বিবধ প্রমাণ আছে, উপমান এবং শাব্দ। সাংখ্যেরা উপমান স্বীকার করেন। কিন্তু শাব্দকে ততীয় প্রমাণ বিলয়া স্বীকার করেন।

উপমান (Analogy) যে একটি পৃথক্ প্রমাণ, ইহা আমরা পাঠকদিগকে স্বীকার করিতে বালিতে পারি না। অনেক শুলে উহার দ্বারা প্রমাণজ্ঞান জন্মে না, ভ্রমজ্ঞান জন্মে। যেখানে উপমান প্রমাণের কার্য্য করে, সেখানে উহা পৃথগ্বিধ প্রমাণ নহে, অন্যানবিশেষ মাত্র। এক্ষণে "শাব্দ" কি, তাহা ব্রাইতেছি।

আপ্তোপদেশই শাব্দ, অর্থাৎ প্রমপ্রমাদাদিশ্না যে বাক্য, তাহাই তৃতীর প্রমাণ। যদি বেদাদিকে প্রমপ্রমাদাদিশ্না বিলয়া আমরা শ্বীকার করিতে পারি, তবে তাহা প্রমাণ। বিদ্যালকে আমরা প্রমাদাদিশ্না বাক্য বিলয়া শ্বীকার করিতে পারি, তবে আত্মার অন্তিম্ব ও অবিনাশিতা বেদে উক্ত হইয়াছে বিলয়া, উহা অনায়াদে শ্বীকার করা যাইতে পারে। পরস্থু বেদাদি যদি মনুষ্যোক্তি হয়, তবে উহা প্রমপ্রমাদাদিশ্ন্য বিলয়া শ্বীকার করা যাইতে পারে না; কেন না, মনুষ্যমান্তেই প্রমপ্রমাদাদির অধীন। স্থুল কথা, এক ঈশ্বরই প্রমপ্রমাদাদিশ্ন্য প্রের্থ।

^{*} ज्याच्या ।

[†]Oriental Religions, India, p. 447.

[🔹] কতকগ্রনি ইউরোপীয় দার্শনিকদের মতে বহিন্দর্গতের অন্তিম্বের কোন প্রমাণ নাই।

বদি কোন উজিকে ঈশ্বরোজি বলিয়া আমরা স্বীকার করিতে পারি, তবে তাহাই প্রকৃত শাব্দ-র্প প্রমাণ। খ্রীণিরানেরাও ইহাকে উংকৃষ্ট প্রমাণ বলিয়া স্বীকার করেন—ইংরাজি নাম Revelation. বস্তুতঃ যদি কোন উজিকে ঈশ্বরোজি বলিয়া স্বীকার করা যায় তবে তাহা প্রত্যক্ষ ও অন্মানের অপেক্ষাও উৎকৃষ্ট প্রমাণ। কেন না. প্রত্যক্ষ ও অন্মানও দ্রান্ত হইতে পারে, ঈশ্বর কখনই দ্রান্ত হইতে পারেন না। যদি এই গীতাকে কাহারও ঈশ্বরোজি বলিয়া বিশ্বাস হয়, তবে আত্মার অন্তিত্ব ও অবিনাশিতা সম্বন্ধে তাহার অন্য প্রমাণ খ্রিলবার প্রয়োজন নাই; এই গীতাই অখণ্ডনীয় প্রমাণ। তবে নিরীশ্বর বৈজ্ঞানিক, গীতাদিকে ঈশ্বরোজি বলিয়া স্বীকার করিবেন না। আত্মার অন্তিত্বে বিশ্বাস করিতে তিনি কি বাধ্য নহেন?

তাঁহাদিগের জন্য জন্মাণ-দার্শনিকদিগের উত্তর আছে। কান্টের বিচিত্র দর্শনশাস্থ পাঠককে বুঝাইবার স্থান এখানে নাই। কিন্তু কান্ট এবং তাঁহার পরবন্তী কতকগ্নিল লক্ষপ্রতিষ্ঠ দার্শনিকদিগের মত এই যে, প্রত্যক্ষ এবং প্রত্যক্ষম্বাক অনুমান ভিন্ন জ্ঞানের অন্য কারণ আছে। তাঁহারা বলেন, কতকগ্নিল তত্ত্ব মনুষ্যাচিত্তে স্বতঃসিদ্ধ। তাঁহারা কেবল বলেন" ইহাই নয়, কান্ট এই তত্ত্বের যে প্রকার প্রমাণ করিয়াছেন, তাহা মনুষ্য বৃদ্ধির আন্চর্য্য পরিচয়স্থল। কান্ট ইহাও বলেন যে, যাহাকে আমরা বৃদ্ধি বলি, অর্থাৎ যে শক্তির দ্বারা আমরা প্রত্যক্ষাদি হইতে প্রাপ্ত জ্ঞান লইয়া বিচার করি, তাহার অপেক্ষা উচ্চতর আমাদের আর এক শক্তি আছে। যাহা বিচারে অপ্রাপ্য, সেই শক্তির প্রভাবে আমরা তাহা জ্ঞানিতে পারি। ঈশ্বর, আ্মা, এবং জগতেব একত্ব সম্বন্ধীয় জ্ঞান আমরা সেই মহতী শক্তি হইতে পাই। এই ''Transcendental Philosophy'', সর্বোদসম্মত নহে। অতএব এমন লোক অনেক আছেন যে, আত্মার অন্তিত্ব ও অবিনাশিতায় বিশ্বাস তাঁহাদের পক্ষে দ্বর্লাভ। তবে যাহা আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য, তাহা আমি এখানে বলিতে বাধ্য। আমার নিজের বিশ্বাস এই যে, চিত্তব্তির সকল সমন্চিত মান্তিত হইলে, আত্মসম্বন্ধীয় এই জ্ঞান স্বভাগিক হয়।*

ভক্তের এ সকল কচ্কচিতে কোন প্রয়োজন নাই। ঈশ্বরভক্ত কেবল ক্ষুদ্র দর্শনিশান্দের উপর নির্ভার করিয়া, আত্মার স্বাতন্দ্র বা অবিনাশিতা স্বীকার করেন না। ভক্তের পক্ষে ইহাই যথেণ্ট যে, ঈশ্বর আছেন, এবং তিনি স্বয়ং বলিয়াছেন যে, তিনিই পরমাত্মা এবং স্বরংই সর্বভিতে অবস্থান করিতেছেন। তবে যে এই দীর্ঘ বিচারে প্রবৃত্ত ইইলাম, তাহার কারণ এই যে, অনেকে অসম্পূর্ণ বিজ্ঞানের আশ্রয় গ্রহণ করিয়া আত্মতত্ত্বকে উপহাসত করেন। তাঁহাদের জানা উচিত যে, আত্মতত্ত্ব পাশ্চান্ত্য বিজ্ঞানের অতীত হউক, বিজ্ঞানবির্ভ্বন নহে।

দেহিনোহ স্মিন্ যথা দেহে কোমারং যৌবনং জরা। তথা দেহান্তরপ্রাপ্তিধীরিস্তান মহাতি॥ ১৩॥

দেহীর যেমন এই দেহে কোমার ও যোবন ও বান্ধকা, তেমনি দেহান্তর-প্রাপ্তি। পশ্ডিত তাহাতে মন্ধে হন না।১৩।

গীতোক্ত প্রথম প্রধান তত্ত্ব, আত্মার অবিনাশিতা। এই শ্লোকে দিতীয় প্রধান তত্ত্ব কথিত হইতেছে—জন্মান্তরবাদ। যেমন এই দেহেতেই আমাদিগকে দ্রমশঃ কোমার যৌবন, জরা ইত্যাদি অবস্থান্তর প্রাপ্ত হইতে হয়, তেমনি দেহান্তে দেহান্তরপ্রাপ্তি অবস্থান্তরপ্রাপ্তি মান্ত। অর্থাৎ মৃত্যু কেবল অবস্থান্তর মান্ত, যেমন কোমার গেলে যৌবন উপস্থিত হয়, যৌবন গেলে জয়া উপস্থিত হয়, তেমনি এ দেহ যায়, আর এক দেহ আসে;—যেমন কোমার গিয়া যৌবন আসিলে কেহ শোক করে না, যৌবন গিয়া জয়া আসিলে কেহ শোক করে না, তেমনি এ দেহ গেলে দেহান্তরপ্রাপ্তির বেলাই বা কেন শোক করিব?

এই কথার মানিয়া লওয়া হইল যে, মরিলেও আবার জন্ম আছে। আত্মার অবিনাশিতা যেমন হিন্দুখন্মের প্রথম তত্ত্ব, জন্মান্তরবাদ তেমনি দ্বিতীয় তত্ত্ব। কিন্তু আত্মার অবিনাশিতা যেমন খ্রীন্টিয়াদি অন্যান্য প্রধান ধন্মে ন্বীকৃত, জন্মান্তরবাদ সের্প নহে। পক্ষান্তরে জন্মান্তরবাদ যে কেবল হিন্দুখন্মেই আছে, এমনও নহে। বৌদ্ধধন্মেরও ইহা প্রধান তত্ত্ব, এবং

^{*} অনেকে বলিবেন, তবে কি Huxley, Tyndall প্রভৃতির মত লোকের চিত্তবৃত্তি সকল সম্চিত মান্চিত হয় নাই? উত্তর—না, সকলগুলি হয় নাই।

অন্যান্য ধন্মেও ছিল বা আছে। তবে ইউরোপে এ মত অগ্নাহ্য এবং ইহার কোন বৈজ্ঞানিক প্রমাণ নাই। এজন্য শিক্ষিত বাঙ্গালী এ মত গ্রাহ্য করেন না।

বান্দ্রবিক আত্মার অন্তিত্ব সম্বন্ধে যেমন কোন বৈজ্ঞানিক প্রমাণ নাই, তেমনি জন্মান্তর সম্বন্ধেও তদ্র্প কোন প্রমাণ নাই। পক্ষান্তরে যেমন আত্মার অন্তিত্ব অপ্রমাণ করা যায় না. জন্মান্তরও অপ্রমাণ করা যায় না। তা না যাক, যাহার প্রমাণাভাব, তাহা মানিতে কেই বাধ্য নহে। এই তত্ত্ব বিশ্বাস যে, চিত্তবৃত্তি সকলের সম্বাচিত অন্শীলনে স্বতঃসিদ্ধ হয়, এমন কথাও আমি বলিতে পারি না। তবে যিনি স্বর্গ নরকাদি মানেন, জন্মান্তরবাদীর অপেক্ষা তাহার বেশী জোর কিছুই নাই। যেমন জন্মন্তরবাদের আপ্রোপদেশ ভিন্ন অন্য প্রমাণ নাই, স্বর্গ নরকাদিরও তেমনি অন্য প্রমাণ নাই। বিসময়ের বিষয় এই যে, এ দেশে অনেক শিক্ষিত ব্যক্তি ইউরোপীয়াদিগের দেখাদেখি প্রমাণাভাবেও স্বর্গনিরকে বিশ্বাসবান—অর্থাৎ স্থান্দ্র-মৃত্ত পারলোকিক অবস্থাবিশেষে বিশ্বাসবান্, কিন্তু জন্মান্তরে কোন মতেই বিশ্বাসবান্ নহেন।

কথাটা একট্ সবিস্তারে সমালোচনা করিবার আমাদের একট্ প্রয়োজন আছে। যিনি আত্মার অস্তিত্ব মানেন না, তাঁহার সঙ্গে ত আমাদের কথাই নাই; কেন না, তিনি কাজেই জন্মান্তর মানিবেন না। কিন্তু যিনি আত্মার অস্তিত্ব ও অবিনাশিতা মানেন, তাঁহার সম্মুখে একটা বড় গ্রহতর প্রশ্ন আপনা হইতেই উপস্থাপিত হয়।

জীবাত্মা যদি অবিনশ্বর হইল, তবে দেহান্তে তাহার গতি কি হয়?

- এ বিষয়ে জগতে অনেকগ, লি মত প্রচলিত আছে।
- ১। ভূতযোনি প্রাপ্ত হয়। ইহা সচরাচর অসভ্য জাতিদিগের বিশ্বাস।
- २। न्यर्गापि लाकाखन शाश्व रया। श्रीष्ठियान ও মन्नमप्रानिपरगत এই মত।
- ৩। জন্মান্তর প্রাপ্ত হয়। বৌদ্ধদিগের এই মত।
- ৪। পরব্রেম্ম লীন হয় বা নির্ম্বাণ প্রাপ্ত হয়।

হিন্দ্রধন্মের শেষোক্ত এই তিনটি মতই প্রচলিত আছে। এই তিনটি মতের সামঞ্জস্য কি প্রকার হইরাছে, তাহা ব্ঝাইতেছি। হিন্দ্ররা বলেন যে, দেহান্তে জীবাত্মা মৃক্ত হর না; আপনার কৃত কন্মান্সারে প্নক্রার দেহান্তর প্রাপ্ত হয়. তাহার আবার জন্মান্তর হয়। যথন জীবাত্মা এমন অবস্থা প্রপ্তে হয় যে, ঈশ্বরে লীন হইবার যোগ্য হইরাছে, তথন আর জন্ম হয় না. ঈশ্বরপ্রাপ্তি হয় বা নিন্দ্রাণপ্রাপ্তি হয়। ইহাকেই সচরাচর মৃক্তি বা মোক্ষ বলে। কিসে জীবাত্মা এই অবস্থাপার হইতে পারে, ইহাই সাংখ্যাদি দর্শনিশান্তের উন্দেশ্য। হিন্দ্রা ইহাও বলেন যে, যথন জীবাত্মা মৃক্ত হইবার অবস্থা প্রাপ্ত হয় নাই অথচ এমন কোন স্কৃত করিয়াছে যে, স্বর্গাদি উপভোগের যোগ্য, তখন জীবাত্মা কৃত প্রণার পরিমাণান্বায়ী কাল, স্বর্গাদি উপভোগ করে, পরে জন্মান্তর প্রাপ্ত হয়।

আপাততঃ শ্রনিলে এ সকল কথা পাশ্চান্ত্য শিক্ষাপ্রাপ্ত অনেকের নিকট অশ্রন্ধেয় বলিয়া বোধ হইতে পারে। কিন্তু একট্র বিচার করিলে আর এক রকম বোধ হইবে।

এই জন্মান্তর্বাদ হিন্দ্র্থম্মে অতিশয় প্রবল। উপনিষদ্ব হিন্দ্র্থম্ম, গীতোক্ত হিন্দ্র্থম্ম, পোরাণিক হিন্দ্র্থম্ম বা দার্শনিক হিন্দ্র্থম্ম, সকল প্রকার হিন্দ্র্থম্ম ইহার উপর স্থাপিত। যেমন স্ত্রে মণি গ্রথিত থাকে, হিন্দ্র্থম্মের সকল তত্ত্ব্বলিই তেমনি এই স্ত্রে গ্রথিত আছে। অতএব এই তত্ত্বিট আমাদিগকে বড় ষত্নপূর্বেক ব্রাথতে হইবে। কথাটাও বড় গ্র্বুত্ব,—আতি দ্রুত্ব। আমরা বাল্যকাল হইতে কথাটা শ্রনিয়া আসিতেছি, ইহা আমাদের বাল্য-সংকারের মধ্যে, স্তরাং আমরা সচরাচর ইহার গোরব অন্তব করি না। কিন্তু বিদেশীয় এবং অন্যধ্মাবিলট্বী চিন্তাশীল পশ্ডিতেরা কুসংকারবিজ্ঞাত হইয়া ইহার আলোচনাকালে বিসময়াবিলট্ব হয়েন! গীতার অন্বাদকার টমসন সাহেব এতংসন্বন্ধে লিখিয়াছেন, ''Undoubtedly it is the most novel and starting idea ever started in any age or country'' টেলর সাহেব ইহাকে ''One of the most remarkable developments of ethical speculation'' বিলয়া প্রশংসিত করিয়াছেন।*

कथाणे यीम अमनदे भूत्र्जत, তবে देश आत अकरें चान कित्रा व्यक्तिता राज्ये कता याउँक।

^{*}Primitive Culture, Vol. I, p. 12.

বলা হইরাছে, জীবাত্মা পরমাত্মার অংশ, ইহা হিন্দুশান্দের উক্তি। পরমাত্মা বা পরবজের অংশ তাঁহা হইতে পার্থকা লাভ করিল কি প্রকারে? তাঁহার দেহবদ্ধাবন্থা বা কেন? হিন্দুন্দান্দের ইহার যে উত্তর আছে. তাহা ব্রাইতেছি। ঈশ্বরের অশেষ প্রকার শক্তি আছে। একটি শক্তির নাম মারা। এই মারা কি, তাহা স্থানান্তরে ব্র্ঝাইব। এই মারার দ্বারা তিনি আপনার সন্তাকে জগতে পরিণত করিরাছেন। তিনি চৈতন্যমার; তাঁহা ছিল্ল আর চৈতন্য নাই; অভএব জগতে যে চৈতন্য দেখি, ইহা তাঁহারই অংশ; তাঁহার সিস্কান্তমে এই অংশ মারার বদীভূত হইরা পৃথক্ ও দেহবদ্ধ হইরাছে। যদি সেই পৃথগ্ভূত চৈতন্য বা জীবাত্মা কোন প্রকারে মারার বদ্ধন হইতে মারু হুইতে পারে, তবে আর তাহার পার্থক্য থাকিবে কেন? পার্থক্য ঘ্র্নিরা বাইবে, জীবাত্মা আবার পরমাত্মার বিলান হইবে।

এখন জিজ্ঞাস্য হইতে পারে যে, জীবাদ্মা এই মায়াকে অতিক্রম করিবে কি প্রকারে? র্যাদ স্থারের ইচ্ছা বা নিয়োগক্রমেই বদ্ধ হইয়া থাকে, তবে আবার বিমৃক্ত হইবার সাধ্য কি? ইহার উত্তর এই যে ঈশ্বরের নিয়োগ এর্প নহে যে, জীবাদ্মা চিরকালই মায়াবদ্ধ থাকিবে। তিনি যে সকল নিয়ম করিয়াছেন. মায়ার অতিক্রমের উপায়ও তাহার ভিতরে রাখিয়াছেন। সে উপায় কি. তিদ্বিরে মতভেদ আছে। কেহ বলেন. জ্ঞানেই সেই মায়াকে অতিক্রম করা যায়; কেহ বলেন—কর্মো, কেহ বলেন—ভিক্ততে। এই সকল মতের মধ্যে কোন্টি সত্য বা কোন্টি অসত্য. তাহার বিচার পশ্চাৎ করা যাইবে। এখন সকলগানিই সত্য, ইহা স্বীকার করিয়া লওয়া যাউক। এখন এইস্নিই যদি ঈশ্বরে বিলীন হইবার উপায় হয়, তবে যে ব্যক্তি ইহজীবনে জ্ঞান, কর্ম্ম বা ভিক্তর সম্বিত অন্ত্রান করে নাই, সে ঈশ্বরে লয় বা মৃত্তি লাভ করিবে না। তবে যে ব্যক্তির আয়া, নৃত্যুর পর কোথায় যাইবে? আয়া অবিনশ্বর; স্ত্তরাং দেহদ্রণ্ট আম্মাকে কোথাও না কোথাও যাইতে হইবে।

ইহার এক উত্তর এই হইতে পারে যে, দেহদ্রষ্ট আত্মা কর্ম্মান্সারে স্বর্গো বা নরকে যাইবে। দ্বর্গা বা নরক প্রভৃতি লোকান্তরের অন্তিষ্কের প্রমাণাভাব। কিন্তু প্রমাণের কথা এখন থাক। দ্বীকার করা যাউক, কর্মাফলান্সারে আত্মা দ্বর্গো বা নরকে যায়। এখন জিজ্ঞাস্য যে, জীবান্মা দ্বর্গো বা নরকে কিয়ংকালের জন্য যায়, না অনস্তকালের জন্য যায়?

যদি বল কিয়ৎকালের জন্য যায়, তবে সেখান হইতে ফিরিয়া আবার কোথার যাইবে? জন্মান্তর স্বীকার না করিয়া, এ প্রশ্নের উত্তর নাই। হয় বল যে, জীব কম্মফিলের উপযোগী কাল স্বর্গ বা নরক ভোগ করিয়া, প্নবর্গার জন্মগ্রহণ করিবে, নয় বল যে অনস্তকাল সে স্বর্গ বা নরক ভোগ কবিবে।

খ্রীষ্টিয়ানেরা তাই বলেন। তাহারা বলেন যে, ঈশ্বর বিচার করিয়া পাপীকে অনস্ত নরকে এবং পুশ্যবান্কে অনস্ত দ্বলে প্রেরণ করেন।

এ কথার বড় গোলমালে পড়িতে হয়। মন্বালোকে এমন কেইই নাই যে, কোন সং কম্ম কখন করে নাই বা কোন অসং কম্ম কখন করে নাই। সকলেই কিছু পাপ, কিছু পুণা করে। এখন জিজ্ঞাস্য যে. যে কিছু পাপ করিয়াছে, কিছু পুণা করিয়াছে, সে অনস্ত স্বর্গে যাইবে, না অনস্ত নরকে যাইবে? যদি সে অনস্ত স্বর্গে যার, তবে জিজ্ঞাসা করি, তাহার পাপের দশ্ড হইল না কেন? যদি বল, অনস্ত নরকে যাইবে, তবে জিজ্ঞাসা করি, তাহার পুণার পুরস্কার হইল না কেন?

যদি বল, যাহার পাপের ভাগ বেশী, সে অনস্ত নরকে, যাহার পুণ্যের ভাগ বেশী, সে অনস্ত স্বর্গে যাইবে, তাহা হইলেও ঈশ্বরে অবিচার আরোপ করা হইল। কেন না. তাহা হইলে এক পক্ষে পুণ্যের কিছুই পুরুষ্কার হইল না. আর এক পক্ষে পাপের কিছুই দুক্ত হইল না।

কেবল ঈশ্বরের প্রতি অবিচার আরোপ করা হয়, এমত নহে। ঘোরতর নিষ্ঠ্রতা আরোপ করাও হয়। যাঁহাকে দ্য়ামর বলি, তিনি যে এই অংশ কাল পরিমিত মন্যাজীবনে কৃত পাপের জন্য অনস্তকালস্থায়ী দশ্চ বিধান করিবেন, ইহার অপেক্ষা অবিচার ও নিষ্ঠ্রতা আর কি আছে? ঈদৃশ নিষ্ঠ্রতা ইহলোকের পামরগণের মধ্যেও পাওরা যায় না।

বদি বল, ষাহার পাপের ভাগ বেশী, প্রশ্যের ভাগ কম, সে প্র্যান্তর্গ কাল স্বর্গ ভোগ করিয়া অনস্তকাল জন্য নরকে যাইবে, এবং তদ্বিসরীতে বিপরীত ফল হইবে; তাহাতেও ঐ সকল আপত্তির নিরাস হইল না। কেন না, পরিমিত কাল, কোটি কোটি যুগ হইলেও, অনস্ত

विष्क्रम ब्रह्मावली

কালের তুলনার কিছ্ই নহে। অবিচার ও নিষ্ঠারতার লাঘব হইল, এমন হইতে পারে, অভাব হইল না। অতএব তুমি যদি স্বর্গ নরক স্বীকার কর, তবে তোমাকে অবশ্য স্বীকার করিতে হইবে যে, অনন্ত কালের জন্য স্বর্গ নরক ভোগ বিহিত হইতে পারে না। তুমি উদ্ধর্ব ইহাই বলিতে পার যে, পাপ প্রেণার পরিমাণান্যায়ী পরিমিত কাল জীব স্বর্গ বা নরক বা পৌর্বা-পর্যের সহিত উভর লোক ভোগ করিবে। তাহা হইলে সেই সাবেক প্রশ্নটির উত্তর বাকি থাকে। সেই পরিমিত কালের অবসানে জীবাদ্মা কোথার যাইবে? পররক্ষো লীন হইতে পারে না; কেন না, জ্ঞান কর্মাদিই যদি মর্ক্তির উপায়, তবে স্বর্গ নরকে সে উপায়ের সাধনাভাবে মর্ক্তি অপ্রাপ্য। কেন না, স্বর্গ নরক ভোগ মান্ত—কর্মাক্ষের নহে, এবং দেহশ্র্না আদ্মার জ্ঞানেন্দিয় ও ক্মোন্দিয়ের অভাবে, স্বর্গ নরকে জ্ঞান কন্মের্র অভাব। অতএব এখনও জিজ্ঞাস্য, সেই পরিমিত কালের অবসানে জীবাদ্মা কোথায় যায়?

হিন্দুশাল্য এ প্রশ্নের উত্তরে বলে,—জীবাদ্মা তখন জীবলোকে প্রত্যাগমন করিয়া দেহান্তব ধারণ করে। হিন্দুখন্দের, বিশেষতঃ এই গীতোক্ত ধন্দের এই অভিপ্রায় যে, জীবাদ্মা সচরাচর দেহধরংসের পর দেহান্তর প্রাপ্ত হইয়া প্রনন্ধার জন্মগ্রহণ করে। সেই দেহান্তর-প্রাপ্তিতে কন্মফলানুসারে এবং পাপপ্র্ণাের তারতম্যান্সারে সদসং যােনি প্রাপ্ত হয়। সচরাচর কন্মফল ভোগ জন্মান্তরেই হইয়া থাকে, কিন্তু কতকগ্রাল কন্ম এমন আছে যে, তাহার ফলে নরক ভোগ করিতে হয়। যে সের্প কন্ম করিয়াছে, তাহাকে ন্বর্গে বা নরকে যাইতে হইবে। কন্মের ফলের পরিমাণানুযায়ী কালই ন্বর্গ বা নরক ভোগ করিবে, তাহার পর আবার জীবলােকে আসিয়া জন্মগ্রহণ করিবে।

কিন্তু যে ব্যক্তি জন্মান্তর মানে না, তাহার সকল আপত্তির এখনও নিরাস হয় নাই। সেবলিবে, "যাহা বলিলে, এটা সাফ আন্দাজি কথা। অনস্ত স্বর্গ নরক ভাগে অসঙ্গত কথা স্বীকার করি। স্বর্গ ও নরক আমি আদৌ মানিতেছি না। কেন না, তাহার প্রমাণাভাব। কিন্তু স্বর্গ নরক না মানিলেই জন্মান্তর মানিব কেন? মানিলাম যে, আত্মা অবিনাশী। তুমি বলিতেছ যে, অবিনাশী আত্মা, থদি দেহান্তরে না যায়. তবে কোথায় যাইবে? আমি উত্তরে বলিব, কোথায় যায়, তাহা জানি না। পরকালের কথা কিছুই জানি না। যাহা জানি না, যাহার প্রমাণাভাব, তাহা মানিব না। জন্মান্তরের প্রমাণ দাও, তবে মানিব। গত্যন্তরের প্রমাণাভাব, জন্মান্তরের প্রমাণ নয়। তুমি যে রামও নও, শ্যামও নও, তাহাতে প্রমাণ হুইতেছে না যে, তুমি যাদব কি মাধব। জন্মান্তর যে হইয়া থাকে, তাহার প্রমাণ কি?"

কথা বড় শক্ত। জন্মান্তরবাদীরা এ বিষয়ে যে সকল প্রমাণ দিয়া থাকেন বা ইচ্ছা করিলে দিতে পারেন, তাহা আমি যথাসাধ্য নিন্দে সংগ্রহ করিলাম।

১। এ দেশে সচরাচর লোকের অদৃষ্ঠ-তারতম্য দেখাইয়া এই মত সমর্থন করা হয়। কেহ বিনা দোষে দ্বংখী; কেহ সৃহস্র দোষ করিয়াও স্থা, এ দেশীয়গণ জন্মান্তরের স্কৃত দ্বকৃত ভিন্ন এর্প বৈষম্যের কিছু কারণ দেখেন না। লোকান্তরে অর্থাৎ স্বর্গ নরকে স্কৃতের প্রেস্কার ও দ্বকৃতের দন্ড হইবে, এ কথা বলিলে ইহলোকের অদৃষ্ট-বৈষম্য সম্পূর্ণর্পে ব্রুষা যায় না। কেহ আজন্ম দ্বংখী, আয়হীনের ঘরে জন্মিয়াছে; কেহ আজন্ম স্থা, রাজার একমাত্র প্রঃ—জন্মকালেই এ অদৃষ্ট-তারতম্য কেন? যদি ইহা জীবের কন্মফল হয়, তবে ইহজন্মের কন্মফল নহে; কেন না, সদ্যপ্রস্ত শিশ্রর ত কিছুই ইহজন্মকৃত কন্ম নাই। কাজেই তাঁহারা এখানে প্রেক্সকৃত কন্মফল বিবেচনা করিয়া থাকেন।

আপত্তিকারক এ বিচারে সন্তৃত ইইবেন না। মনে কর, তিনি বলিবেন, "সকলই কি কম্মফল? যদি তাই হয়, তবে মৃত্যুকেও কম্মফল বলিতে হইবে। কিন্তু কথনও কোন জীব মৃত্যু হইতে নিম্কৃতি পায় নাই। অতএব ইহাই সিদ্ধ যে, এমন কোন কম্ম বা অকম্ম নাই, বন্ধারা মৃত্যু হইতে রক্ষা হইতে পারে। অতএব মৃত্যু কম্মফল হইতে পারে না। মৃত্যু যদি কম্মফল না হইল, তবে জম্মই বা কম্মফল বলিব কেন? যাহা কম্মফল, যাহা কম্মফল নহে, সকলই ঈশ্বরের নিয়মে ঘটে। ইহাও তাই। দম্পতি-সংসর্গে অবস্থাবিশেষে প্র জন্মে; রাজার ঘরেও জন্ম, মুটের ঘরেও জন্মে। ইহাও তাই ঘটিয়াছে। এমন স্থলে জাত ব্যক্তির কম্মফল খ্রিব কেন?"

শ্রীমন্তগবলগীতা

এখানেও বিচার শেষ হয় না। প্রেজিন্মবাদী প্রত্যান্তরে বলিতে পারে, "ঈশ্বরের নিয়মের ফলে সকলই ঘটে. ইহা আমিও স্বীকার করি। তবে বালতেছি বে, এ বিষয়ে ঈশ্বরের নিরম এই যে. পূৰ্বজন্মকৃত ফলান,সারে এই সকল বৈষমা ঘটে। তুমি যে নিয়ম বলিতেছ, আমি তাহা অস্বীকার করিতেছি—জন্মের কারণ উপস্থিত হইলেই জন্ম ঘটিবে—তা রাজ্ঞীর গভেই কি. আর দরিদ্রের গভেঁই কি? কিন্তু এ নিয়মে কি জন্মতত্ত্ব সকলই বুঝাইতে পার? কেছ র্প, কান্তি, ব্লিম, সদ্গুণ লইয়া জন্মগ্রহণ করিতেছে কেহ কুর্প, নির্পোধ ও গুণহীন হইয়া জন্মগ্রহণ করিতেছে। তুমি যদি বল যে, এইরূপ প্রভেদ অনেক স্থলে জন্মের পরবন্তী শিক্ষার ফল, তাহাতে আমার উত্তর এই যে শিক্ষার প্রভেদে কতক তারতম্য ঘটে বটে কিন্তু সমস্ত তারতমাটুকু শিক্ষাধীন বলিয়া বুঝা যায না। কেন না, অনেক স্থলেই দেখা যায যে, এক প্রকার শিক্ষায় পাত্রভেদে ফলের বিশেষ তারতম্য ঘটে। এমন কি. শিক্ষা আরম্ভ হইবার প্রেম্বে দেহ ও বৃদ্ধির তারতম্য দেখা যায়। ছয় মাসের শিশ্বদিগের মধ্যেও এ প্রভেদ লক্ষিত হয়। জানি, তুমি বলিবে যে, যেটুকু শিক্ষার অধীন বলিয়া বুঝা যায় না, সে তারতমাটুকু বৈজিক, অর্থাং পিতা মাতা বা প্রবিপুর ষগণের প্রকৃতিব ফল। আমি ইহাও মানি যে, মাতা পিতা বা তংপাৰ্বগামী প্ৰেবপার্যুগণের প্রকৃতি, এমন কি সংস্কার পর্যান্ত আমাদিগকে পাইতে হয়, এবং পাশ্চান্তা বিজ্ঞানবিং পশ্চিতের। তাহা সপ্রমাণ কবিয়াছেন। কিন্তু মনুষামধ্যে যে তারতম্যের কথা বলিতেছি, তাহা তোমার বৈজিক তত্ত্বে নিঃশেষে ব্রুঝা যায় না। দেখ, এক মাতার গর্ভে এক পিতার ঔরসে অনেকগালি দ্রাতা জন্মে: তাহাদের মাতা পিতা ব। প্রের্থ সন্বন্ধে কোনই প্রভেদ নাই: অথচ ভ্রাক্তাণের মধ্যে বিশেষ তারতম্য দেখা যায়। ইহার উত্তরে তুমি বলিতে পার বটে যে, গর্ভাধানকালে মাতা পিতার দৈহিক অবস্থা এবং যত দিন শিশ, গর্ভে থাকে, তত দিন মাতার দৈহিক ও মানসিক অবস্থা ও তংকালীন ঘটনাসকল এই তারতমাের কারণ। না হয় ইহাও মানিলাম-কিন্ত যমজেও এর প তারতমা দেখা যায - সে তাবতম্যের কিছু, কারণ নিশেশ করিতে পার কি?"

ইহারও বৈজ্ঞানিক উত্তর দিতে পারেন। তিনি বালতে পারেন যে, এই সকল তারতম্য এত দ্রে মন্যা-পরিজ্ঞাত নৈস্গির্ক নিরমাধীন বালিয়া ব্বা গেল, তবে বাকিট্রক মন্যোর জ্ঞের নিরমের অধীন বালিয়া বিবেচনা করা উচিত—প্রেজিম্ম কলপনা করা অনাবশ্যক। এখনও বিজ্ঞান এত দ্রে যায় নাই যে, এই তারতম্যেব কারণ সর্ব্বা নিদ্দেশি করা যায়; কিন্তু একদিন যাইবে ভরসা করা যায়।

এ দিকে জন্মান্তরবাদীও বলিতে পারেন যে, এ তোমার আন্দাজি কথা। যাহা বিজ্ঞান এখন ব্রুঝাইতে পারিতেছে না, তাহা যে বিজ্ঞান ব্রুঝাইতে পারে, এবং ভবিষ্যতে ব্রুঝাইতে পারিবে, এটা আন্দাজি কথা। ইহা আমি মানি না।

এর প বিচারের অন্ত নাই. কোন পক্ষের জয় পবাজয় নাই। এখানে বৈজ্ঞানিক জক্মান্তর-বাদীকে নিরস্ত করিতে পারেন না. বা জক্মান্তরবাদী বৈজ্ঞানিককে নিরস্ত করিতে পারেন না। ইভয়ের দশা তুল্য হইয়া পড়ে। যাহা অজ্ঞাত, উভয়কেই তাহার আশ্রয় লইতে হয়। তবে জক্মান্তরবাদীকেই বিশেষ প্রকারে অজ্ঞাত ও অপ্রামাণিকের আশ্রয় লইতে হয়। এ বিচারে জক্মান্তর প্রমাণীকৃত হইতেছে, এমন আমরা ফ্বীকার করিতে পারি না।

২। যাহাতে মনুষাসাধারণের বিশ্বাস, তাহা সত্য বলিয়া বিবেচনা করিতে হয়, এমন কথা তানেকে বলেন। খ্রীণ্টিয়ান ও মনুসলমানেরা যাই বলনে, অন্যান্য ধর্ম্মাবলন্দ্রী মনুষ্যেরা সাধারণতঃ জন্মান্তরে বিশ্বাস করে। প**ৃথিবী অনুসন্ধান করিলে দেখা যাইবে.** নানা দেশে নানা জাতিই জন্মান্তরে বিশ্বাসবান্।*

* "It has been accepted, in some form, by disciples of every religion in the world. It is common to Greek philosophers, Egyptian priests, Jewish Rabbins and several early Christian sects. I appears in the speculations of the Neo-Platonists, of later European mystics, even of socialists like Fourier, who elaborates a fanciful system of successive lines mutually connected by numerical relation. It reaches from the Eleusinian mysteries down to the religions of many rude tribes of North America

र्वाष्क्रम ब्रह्मानली

বলা বাহ্বল্য যে, এ প্রমাণও অনেক লোকের প্রতীতিকর হইবে না। ফাহা জনসাধারণের বিশ্বাস, তাহাও সকল সময়ে সত্য হয় না। ইহা প্রসিদ্ধ। যথা. প্থিবী স্ব্যাদির সম্বর্জনকেল।

- ত। যত দিন না আত্মা বহ্ জম্মান্জিত জ্ঞান কর্মাদির দারা বিধ্তপাপ হয় তত দিন ব্রহ্মপ্রাপ্তির যোগ্য হয় না। এক জন্মে সকলে তদ্পযোগী চিন্তশন্দি লাভ করে না। এ কথাটা আমাদের দেশী, কিন্তু গ্রীক দার্শনিকেরাও এই য্বিস্তর দ্বারা জন্মান্তরবাদের সত্যতা প্রতিপন্ন করিতে টেণ্টা করিয়াছেন। যাঁহারা তাহা সবিস্তারে পাঠ করিতে ইচ্ছা করেন, তাঁহারা Plicedon নামক বিখ্যাত গ্রন্থে সোর্ফোতসের উক্তি অধ্যয়ন করিবেন। বৈজ্ঞানিক বলিবেন, এ কথারও প্রমাণাভাব।
- ৪। অনেকের বিশ্বাস যে, যোগসিদ্ধ প্রে,ষেরা আপনাদিগের প্রেজন্মের ব্তান্ত প্রাণ করিতে পারেন। কিন্তু কোন সিদ্ধ প্রের্ষের যে এর্প প্রের্জন্মস্থাত উপস্থিত ইইয়াছিল, তাহার বিশ্বাসজনক কিছ্ব প্রমাণ নাই। প্রাণেতিহাসের সকল কথা যে বিশ্বাসরোগ্য নহে, ইহা বলা বাহ্ল্য।* আর যদি কোন সিদ্ধপ্রের্ষ যথার্থই বলিয়া থাকেন যে, তাঁহার প্রেজন্মস্থাতি উপস্থিত ইইয়াছিল, তাহা হইলেও প্রমাণ সম্পূর্ণ ইইল না। কেন না, দ্ইটি সন্দেহের কারণ বিদ্যমান থাকে, (১) তিনি সত্য কথা বলিতেছেন কি না, (২) যদিও ইচ্ছাপ্রের্ক মিথ্যা না বল্বন, তাঁহার সেই বিস্মৃতি কোন পীড়ার্জনিত মন্তিন্দের বিক্রিয়া মাত্র কি না
- ৫। যোগীদিগের প্রত্নিক্স তিতে বিশ্বাসবান্ না হইলেও, আর এক প্রকার প্রেজিক্সক্তির সাক্ষাৎ পাওয়া যায়। অনেকেরই এমন ঘটে যে, কোন নতেন স্থানে আসিলে মনে হয় যে, প্রের্ব যেন কথনও এ স্থানে আসিয়াছি—কোন একটা নতেন ঘটনা হইলে মনে হয়. যেন এ ঘটনা প্রের্ব কখন ঘটিয়াছিল। অথচ ইহাও নিশ্চিত ক্ষরণ হয় যে, এ জন্মে কখন সে স্থানে আসি নাই বা সে ঘটনা ঘটে নাই। অনেকে এমন স্থলে বিবেচনা করেন য়ে, প্র্বিতন্মে সেই স্থানে গিয়াছিলাম অথবা সেই ঘটনা ঘটিয়াছিল—নহিলে এর্প ক্ষ্তি কোথা হইতে উদয় হয়?

এর প স্মৃতির উদয় যে হইয়া থাকে, তাহা সত্য। অন্বস্ধান করিয়া জানিয়াছি সত্য। অনেক পাঠকই বলিতে পারিবেন যে, তাঁহাদের মনে কখন না কখন এমন স্মৃতির উদয় হইয়াছিল। পাশ্চান্তা বিজ্ঞানশাস্ত্রও ইহার সত্যতা স্বীকাব করে। বৈজ্ঞানিকেরা বলেন যে,

and the Pacific isles. Not a few noble dreams of the cultivated imagination are subtly associated with it, as in Plato, Giordano Bruno, Herder, Sir Thomas Browne, and specially notable is Lessing's conception of gradual improvement of the human type through metamorphosis in a series of future lives." Oriental Religions: India, p. 517.

যিনি এ সকল কথার বিস্তারিত প্রথম সংগ্রহ দেখিতে চান, তিনি টেলর-প্রণীত Primitive Culture নামক গ্রন্থের দ্বাদশ অধ্যায় অধ্যয়ন করিবেন।

* কিন্তু ইহা আমি স্বীকার করিতে বাধ্য যে, ভিন্ন দেশীয় লেখকেও এর্প প্র্কজিকস্মৃতির কথা বলেন।

"Pythagoras is made to illustrate in his own person his doctrine of metempsychosis, by recognizing where it hung in Here's temple the shield he had carried in a former birth, when he was that Euphorbos whom Menclaus slew at the siege of Troy. Afterwards he was Hermotimos, the Klazomenian prophet, whose funeral rites were so prematurely celebrated while his soul was out, and after that, as Lucian tells the story, his prophetic soul passed into the body of a cock. Mikyllos asks this cock to tell him about Troy—were things there really as Homer said? But the cock replies;—"How should Homer have known, O Mikyllos? When the Trojan war was going on, he was a camel in Baktria."—Tylor's Primitive Culture, Vol. II, p. 13.

বলা বাহ্না, ইহা সব খোস গল্প মাত।

এ সকল ''Fallacies of Memory'', অথবা মন্তিন্দের Double action. কিরুপে এর্প স্মৃতির উদয় হয়, তাহা কাপে'ন্টর সাহেবের Mental Physiology নামক গ্রন্থ হইতে দুইটি উদাহরণ উদ্ধৃত করিয়া বুঝাইব।

"Several years ago the Rev. S. Hansard, now Rector of Bethnal Green. was doing clerical duty for a time at Hurstmonceaux in Sussex and while there, he one day went over with a party of friends of Pevensey Castle, which he did not remember to have previously visited. As he approached the gateway he became conscious of a very vivid impression of having seen it before and he "seemed to himself to see" not only the gateway itself but doukeys beneath the arch and people on the top of it. His conviction that he must have visited the castle on some former occasion—although he had neither the slightest remembrance of such a visit, nor any knowledge of having ever been in the neighbourhood previously to his residence at Hurstmonceoux-made him enquire from his mother if she could throw any light on the matter. She at once informed him that being in that part of the country when he was about eighteen months old. she has gone over with a large party and had taken him in the pannier of a donkey, that the elders of the party having brought lunch with them, had eaten it on the roof of the gateway, where they would have been seen from below, whilst he had been left with the attendants and donkeys.— This case is remarkable for the vividness of the sensorial impression (it may be worth mentioning that Mr. Hansaid has a decidedly artistic temperament) and for the reproduction of details which were not likely to have been brought up in conversation, even if he had happened to hear the visit itself mentioned as an event of his childhood, and of such mention he has no remembrance whatever."

যদি এই ব্যক্তির মা না বাঁচিয়া থাকিতেন, তাহা হইলে এ প্র্যুতি কোথা হইতে আসিল, তাহার কিছ্নুই নিশ্চয়তা হইত না। প্র্রেজন্মবাদিগণ ইহা প্র্রেজন্মস্মৃতি বলিয়া ধরিতেন সন্দেহ নাই। এইবৃপ অনেক প্যাতি আছে, যাহার আমরা কোন কারণ দেখি না, অনুসন্ধান করিলে ইহজন্মেই তাহার কারণ পাওয়া যায়। এইবৃপ সফল অনুসন্ধানের আর একটি উদাহরণ কাপেণ্টর সাহেবের ঐ গ্রন্থ হইতে উদ্ধৃত করিতেছি।

In a Roman Catholic town in Germany a young woman who could neither read nor write, was seized with a fever and was said by the priests to be possessed of the devil, because she was heard talking Latin, Greek and Hebrew. Whole sheets of her ravings were written out and found to consist of sentences intelligible in themselves, but having slight connection with each other. Of her Hebrew sayings only a few could be traced to the Bible and most seemed to be in Rabbinical dialect. All trick was out of the question; the woman was a simple creature; there was no doubt as to the fever. It was long before any explanation, save that of demoniacal possession, could be obtained. At last the mystery was unveiled by a physician who determined to trace back the girl's history and who after much trouble discovered that at the age of nine she had been charitably taken by an old Protestant pastor, a great Hebrew scholar, in whose house she lived till his death. On further inquiry it appeared to have been the old man's custom for years to walk up and down a passage in his house

विकास के नावणां

into which the kitchen opened, and to read to himself with a loud voice out of his books. The books were ransacked and among them were found several of the Greek and Latin Fathers together with a collection of Rabbinical writings. In these works so many of the passages taken down at the young woman's beside were identified that there could be no reasonable doubt as to their source."

এ দেশে হইলে ইহার আর কোন অন্সন্ধান হইত না, গ্রীক, লাটিন ও হিরু, এই স্থীলোকের "পু**র্পেক্সান্তি**ত বিদ্যার" মধ্যে গণিত ও স্থিরীকৃত হইত।

পক্ষান্তরে ইহাও বলিতে পারা যায় না, এরপে সকল স্মৃতিই, অনুসন্ধান করিলে, এই বর্ত্তমান জীবনমূলক বলিয়া প্রতিপন্ন হইবে। বেশী অনুসন্ধান না হইলে এ কথা স্থির করিয়া বলা যায় না। তেমন বেশী অনুসন্ধান আজিও হয় নাই। যত দিন না হয় তত দিন এ প্রমাণ কত দূরে গ্রাহা, তাহা নিশ্চিত করিয়া বলা যায় না।

অন্সন্ধানের ফল যাহাই হউক, আর একটা তর্ক উঠিতে পারে। স্মৃতি মন্তিকের কিয়া না আত্মার কিয়া? যদি বল, আত্মার কিয়া, তবে প্ৰের্জন্মের সবিশেষ স্মৃতি আমাদের মনে উদর হয় না কেন? কেবল এক আধট্বকু অস্পণ্ট স্মৃতি কখন কদাচিং মনে আসার কথা বল কেন? আত্মা ত সেই আছে, তবে তাহার স্মৃতি কোথায় গেল? আর যদি বল. স্মৃতি মন্তিকের কিয়া, তবে এই এক আধট্বকু অস্পণ্ট স্মৃতিই বা উদিত হইতে পারে কি প্রকারে? কেন না, যে মন্তিকে প্রেজনের স্মৃতি ছিল, সে মন্তিক ত দেহের সঙ্গে ধরংস পাইয়াছে—আর নাই।

এ আপত্তির সুমীমাংসা করা যায়। কিন্তু প্রযোজন নাই। কেন না, এই সকল স্মৃতি যে পুরুক্তিক্ষম্মতি, ইহাই সিদ্ধ হইতেছে না।

শেষ কথা এই যে, যাঁহারা জীবাত্মার নিত্যতা স্বীকার করেন, তাঁহাদের জন্মান্তর স্বীকার তিম গতি নাই। আত্মা যদি নিত্য হয়, তবে অবশ্য প্রের্ব ছিল। কোথায় ছিল পরমাত্মায় লীন ছিল, এ কথা বলা যায় না। কেন না. পরমাত্মায় যাহা লীন. তাহা জীবাত্মা নহে, তাহার পৃথক অক্তিত্ব নাই। আর যদি বল, লোকান্তরে ছিল, তাহা হইলে ইহলোকে তাঁহার জন্ম, জন্মান্তর বলিতেই হইবে। লোকান্তরে ছিল, যদি এমন না বল, তবে অবশ্য বলিতে হইবে যে, ইহলোকেই দেহান্তরে ছিল।

এমন কৈছ থাকিতে পারেন যে, আত্মার অবিনাশিতা স্বীকার করিবেন, কিন্তু নিত্যতা স্বীকার করিবেন না। অর্থাৎ বলিবেন যে, দেহের সহিত আত্মার জন্ম হয়, জন্ম হইলে আর ধর্সে নাই; কিন্তু জন্মের প্রের্ব যে আত্মা ছিল, এমন না হইতে পারে। যাঁহারা এমন বলেন তাঁহারা প্রত্যেক জীবজন্মে একটি নৃত্ন সৃষ্ণিইর কলপনা করেন। এর্প কলপনা বিজ্ঞানবির্দ্ধ। কেন না, বিজ্ঞানশাল্যের মূল স্ত্র এই যে, জাগতিক নিয়ম সকল নিত্য, তাহার কথন বিপর্যায় ঘটে না। এখন জাগতিক নিয়মের মধ্যে বিশেষ প্রকারে প্রমাণীকৃত একটি নিয়ম এই যে, জগতে কিছু নৃত্ন সৃষ্ণি হয় না,—নিত্য নিয়মাবলীর প্রভাবে বস্তুর র্পান্তর হয় মাত্র। জগতে কিছু নৃত্ন সৃষ্ণি হয় না,—নিত্য নিয়মাবলীর প্রভাবে বস্তুর র্পান্তর হয় মাত্র।* এই যে জীব-শরীর, ইহা জন্মিলে বা গর্ভে সঞ্জারিত হইলে কোন নৃত্ন সৃষ্ণি ইইল, এমন কথা বলা যায় না; প্র্ব হইতে বিদ্যামান জড় পদার্থ সম্হের নৃত্ন সমবায় হইল মাত্র। অন্য বস্তুর র্পান্তর হইল মাত্র। আত্মা, যাহা শরীরের সহিত জন্মগ্রহণ করিল, তাহা কিছুরই র্পান্তর বলা যায় না। কেন না, আত্মা জড় পদার্থ নহে, স্তুরাং জড়ের বিকার নহে। প্র্বজ্ঞাত আত্মা সকলও অবিনাশী, স্তুরাং তাহারও র্পান্তর নহে। কান্তেই নৃত্ন সৃষ্ণি কালতে হইবে। কিন্তু নৃত্ন সৃষ্ণি জাগতিক নিয়মবির্দ্ধ। অতএব আত্মাকে অবিনাশী বলিলে নিত্য ও অনাদি কান্তেই বলিতে হয়। নিত্য ও অনাদি বলিলে জন্মান্তর কান্তেই স্বীকার করিতে হয়।

আর বাঁহারা আত্মার স্বাতন্ত্র বা অবিনাশিতা স্বীকার করেন না, তাঁহারা অবশা জন্মান্তরও স্বীকার করিবেন না। তাঁহাদিগের প্রতি আমার বক্তব্য এই বে, জন্মান্তরবাদ অপ্রামাণ্য হইলেও

^{*} नावकृत्ना वकु-त्रिकिः Exnihilo nihit fit.

ইহা তাঁহাদিগের কাছে অশ্রন্ধেয় হইতে পারে না। তাঁহাদিগেরই সম্প্রদায়ভূক্ত ইউরোপীয় পণ্ডিতেরা কি বলেন, শুনা যাউক।*

বৌদ্ধতভ্রেত্তা Rhys Davids লেখেন.

"The doctrine of Transmigration in either the Brahmanical or the Buddhist form; is not capable of disproof; while it affords an explanation, quite complete to those who can believe in it, of the apparent anomalies and wrongs in the distribution of happiness or woc.† The explanation can always be exact, for it is scarcely more than a repetition of the facts to be explained; it may always fit the facts, for it is derived from them; and it cannot be disproved,‡ for it lies in a sphere beyond the reach of human enquiry."

টেলর সাহেব লিখিতেছেন-

"The Buddhist Theory of 'Karma', or 'Action', which controls the destiny of all sentient beings, nor by judicial rewards and punishment, but by the inexhorable result of cause into effect, where the present is ever determined by the past in an unbroken line of causation is indeed one of the world's most remarkable developments of ethical speculation."—

Primitive Culture, Vol. II, p. 12.

কথাটার ভিতর একটা নিগটোর্থ আছে। খ্রীষ্টানেরা জন্মান্তর বিশ্বাস করেন না: তাঁহারা বলেন, স্বগের্ণ বসিয়া ঈশ্বর পাপ প্রণ্যের বিচার করিয়া দে।ষীর দণ্ড ও প্রণ্যাত্মার প্রস্কার বিহিত করেন। টেলর সাহেবের এ কথাটার তাংপর্য্য এই যে, ঈশ্বর যে হাকিমের মত বেণ্ডে বিসয়া ডিক্রী ডিসমিস করেন, তাহার অপেক্ষা এই কার্য্যকারণ সম্বন্ধে নিবদ্ধ জীবাদ্দ্র্ট অধিকতর বৈজ্ঞানিক তত্ত বটে। কথাটা একট, ভাল করিয়া বুঝা উচিত। জগতের শাসনপ্রশালী এই যে, কতকগুলি জাগতিক নিয়ম আছে। তাহা নিতা, কখন বিপর্যান্ত হয় না। সেইগুলির প্রভাবে সমস্ত জাগতিক ক্রিয়া নির্ন্ধাহ হয়: জগদীশ্বরকে কখনও হস্তক্ষেপ করিয়া নিজে কোন কাজ করিতে হয় না। ইহাও সত্য, সকল কাজ তিনি নিজেই করেন, কিন্তু সে নিয়মের আড়ালে থাকিয়া। কিন্তু যদি বলি যে, তিনি বিচারকার্য্যে ব্রতী হইয়া জীবের মৃত্যুর পর ভাহার অদৃষ্ট সম্বন্ধে ডিক্রী ডিসমিস করিয়া কাহাকে দ্বগে বা কাহাকে নরকে পাঠাইতেছেন, তবে যাহা জগতের বিরুদ্ধে তাহা কল্পনা করা হ**ইল। এখানে নিয়মের দ্বারা কোন কার্যা সিদ্ধ হ***ইতে***ছে** না. স্বয়ং জগদীশ্বরকে কার্য্য করিতে হইতেছে। প্রত্যেক জীবের দণ্ড পরেস্কার বিধান, এক একটি ঈশ্বরের অনিয়মসিদ্ধ কার্য্য -অর্থাৎ miracle কিন্ত জন্মান্তরবাদে এ আপত্তি ঘটে ना। ঈশ্বরের নিযম এই যে এইরপে পাপাচারী এইরপে যোনি প্রাপ্ত হইবে। কর্ম্ম কারণ, যোনিবিশেষ, তাহার কার্যা। এইরপে কার্য্য-কারণ-সম্বন্ধে-নিবদ্ধ কম্মফলের দ্বারাই জন্মান্তর সম্পাদিত হয়— "miracle" প্রয়োজন হয় না।

ঞ্চোলে বড় গোঁড়া খ্রীষ্টীয়ান, কিন্তু তিনি ইউরোপের এক জন সন্ধান্ত্রণ্ঠ লেখক ও পশ্চিত। তিনি এ বিষয়ে যাহা বলিরাছেন, তাহার ইংরেজি অনুবাদ উদ্ধৃত করিতেছি।

"In this doctrine, there was a noble element of truth—the feeling that man, since he has gone astray, and wandered so far from his God,

† Buddhism, p. 100.

^{*} অনেকগর্নি আধ্নিক ইউরোপীয় লেখক জন্মান্তরবাদ সমর্থন করিয়াছেন। Herder ও Lessing তন্মধ্যে স্বর্ধশ্রেন্ড। তাল্ডর Fourier, Soame Jenyns, Figuier, Dupont de Nemours, Pezzani প্রভৃতি অনেক ইতর লেখকের নাম করা যাইতে পারে।

[া] যদি বল, প্রেততত্ত্বিং পন্ডিতেরা প্রমাণ করিতেছেন যে, দেহদ্রণ্ট মন্যাত্মা কথন কথন মন্যোর ইন্দ্রিয়গোচর হইরা থাকে, তাহাতেও জন্মান্তরবাদের নিরাস হর না। জন্মান্তরবাদীরা এমন বলেন না যে, সকল সময়েই মৃত্যু হইবামাত্র আত্মা দেহান্তরে প্রবেশ করে। যদি এমন হয় যে, কথন কথন দেহান্তরপ্রাপণ পক্ষে কালবিলাব ঘটে, তাহা হইতে জন্মান্তর অপ্রমাণিত হইল না।

must needs exert many efforts, and undergo a long and painful pilgrimage before he can regain the source of all perfection;—the firm conviction and positive certainty that nothing defective, impure, or defiled with earthly stains can enter the pure region of perfect spirits, or be eternally united to God; and that thus before it can attain to this blissful end, the immortal soul must pass through long trials and many purifications. It may now well be conceived, (and indeed the experience of this life would prove it) that suffering, which deeply pierces the soul, anguish that convulses all the members of existence, may contribute, or may even be necessary, to the deliverance of the soul from all alloy, and pollution, or to borrow a comparison from natural objects, the generous metal is melted down in fire and purged from its dross. It is certainly true that the greater the degeneracy and the degradation of man, the nearer is his approximation to the brute; and when the transmigration of the immortal soul through the bodies of various animals is merely considered as the punishment of its former transgressions, we can very well understand the opinion which supposes that man who by his crimes and the abuse of his reason, had descended to the level of the brute should at last be transformed into the brute itself."*

পরিশেষে আর্মোরকা-নিবাসী সাম্বয়েল জনসন সাহেবের উক্তি উদ্ধৃত করিতেছি। ই হার মত বিজ্ঞালেখক দূর্লভি।

"The Transmigration faith was so widely spread in the chler world, because it had its roots in natural and profound aspirations. It combined the two-fold intuition of immortality and moral sequence with that mystic sense of the unity of being which is a germ of the highest religious truth."

এক্ষণে যাহা বলা হইল, তাহার স্থলে মন্ম বলিতেছি।

- ১। জন্মান্তরবাদ অপ্রমাণ করা যায় না।
- ২। ইহার পক্ষে কোন রকম কিছ, প্রমাণও আছে।
- ত। যাঁহারা আত্মার অবিনাশিতা স্বীকার করেন, তাঁহাদিগের নিকট ইহার প্রামাণ্যতা অংশ-জনীয়।
- ৪। য়াঁহারা আত্মার অবিনাশিতা স্বীকার করেন না. এই তত্ত্ব তাঁহাদিগের নিকটও অশ্রদ্ধেয় ইইতে পারে না; কেন না. জাগতিক নিত্য নিয়মাবলীর সঙ্গে সঙ্গতিষ্ক্ত পরলোকবাদ আর কিছাই প্রচলিত নাই।

বিনি ভক্ত, তাঁহার পক্ষে এ সকল বিচারের কোন প্রযোজন নাই। যদি এই শ্লোকটিতে ঈশ্বরোক্তির মন্ম থাকে, তবে তাহাই তাঁহার বিশ্বাসের ষ্বেণ্ট কারণ। তাঁহার বিচার্য বিষয় এই যে, জন্মান্তরবাদ যাহা গাঁতার আছে, তাহা যথার্থ ঈশ্বরোক্তি, না গ্রন্থকারেব বিশ্বাস মাত্র—তিনি আপনার বিশ্বাস ঈশ্বরবাক্যমধ্যে সন্মিবেশিত করিয়াছেন?

যদি কাহারও এমন সংশয় উপস্থিত হয় যে, ইহা ভগবদ্ধিক কি না এবং উপরে যে সকল প্রমাণের উপরে সমালোচনা করা গেল, তাহাতে যদি জন্মান্তরে বিশ্বাসবান্ না হয়েন, তবে তিনি জিজ্ঞাসা করিবেন, জন্মান্তরে বিশ্বাস না করিলেও, এই গাঁতোক্ত ধন্ম গ্রহণ করা হায় কি না?

ইহার উত্তর বড সোজা। এই গীতোক্ত ধর্ম্ম সমস্ত মনুষোর জনা। জন্মান্তরে যে বিশ্বাস

^{*} Philosophy of History—translated by Robertson—Bohn's Edition, pp. 157-8. † Oriental Religions: India, p. 539.

শ্রীমন্তগবদগীতা

করে, তাহার পক্ষে ইহাই শ্রেণ্ঠ ধর্ম্ম; যে না করে, তাহার পক্ষেও ইহা শ্রেণ্ঠ ধর্মা। যে শ্রীকৃষ্ণে ভক্তি করে, তাহার পক্ষেও ইহা শ্রেণ্ঠ ধর্ম্ম। যে ভক্তি না করে, তাহার পক্ষেও ইহা শ্রেণ্ঠ ধর্মা। যে ঈশ্বরে বিশ্বাস করে, তাহার পক্ষেও ইহা শ্রেণ্ঠ ধর্মা; যে ঈশ্বরে বিশ্বাস নাও করে, তাহার পক্ষেও ইহা শ্রেণ্ঠ ধর্মা; কেন না, চিত্তশ্বন্ধি ও ইণ্রিয়সংযম অনীশ্বরবাদীর পক্ষেও শ্রেণ্ঠ ধর্মা; সেই চিত্তশ্বন্ধি এই গীতার উন্দেশ্য। এর্প বিশ্বলোকিক ও সন্ধ্ব্যাপক ধর্মা আব কখন প্রথিবীতে প্রচারিত হয নাই। যাহার যতাবুক্তে অধিকার, তিনি ততাবুক্ গ্রহণ করিবেন। যেথানে যাহার বিশ্বাস নাই, সেখানে সে অন্ধিকারী। যাহার যাহাতে অধিকার, তিনি তাহা হইতে পাইবেন।

মাত্রাম্পর্শাস্তু কোন্ডেয় শীতোক্ষস্থদর্প্থদাঃ। আগমাপায়িনোহনিত্যাস্তাংস্থিতিক্ষস্ব ভারত॥ ১৪॥

হে কোন্তেয় ! ইন্দ্রিয়গণ এবং ইন্দ্রিয়ের বিষয়ে তৎসংযোগ,* ইহাই শাতোঞ্চাদি স্বদ্ধ্য জনক। সে সকলের উৎপত্তি ও অপায় আছে, অতএব তাহা অনিতা, অতএব হে ভারত। সে সকল সহ্য কর। ১৪।

একাদশ শ্লোকে বলা হইল যে, যাহার জন্য শোক করা উচিত নহে, তাহার জন্য তুমি শোক করিতেছ। দ্বাদশ শ্লোকে এর্প অনুযোগ কবিবার কারণ নিন্দেশ করা হইল। সে কারণ এই যে, কেহই ত মরিবে না; কেন না. আত্মা অবিনাশী। তুমি কাটিয়া পড়িলেও সে থাকিবে. কেন না, তাহার আত্মা থাকিবে। একাদশ শ্লোক পাঠে জানা যায় যে, যখন গীতা প্রণীত হয়, তখন জন্মান্তর জনসমাজে গৃহীত। একাদশ শ্লোকে অঙ্জান্নের আপত্তি আশঙ্কা করিয়া, ভগবান্তাহারই খণ্ডন কবিতেছেন। অঙ্জান বিলতে পারেন, আত্মা না হয় বহিল কিন্তু যখন দেহ গেল, তখন আমার আত্মীয় ব্যক্তি, যাহার জন্য শোক করিতেছি, সে আব বহিল কৈ থ দেহান্তর প্রাপ্ত হইলে সে ত ভিন্ন ব্যক্তি হইল। এই আপত্তির আশঙ্কা করিয়া ভগবান্ গ্রাদশ শ্লোকে বলিতেছেন যে, এব্প ভেদ কল্পনা করা অনুচিত; কেন না, যেমন কোমার, গৌবন জবা এক ব্যক্তিরই অবস্থান্তর মাত্র, তেমনি দেহান্তরপ্রাপ্তিও অবস্থান্তর মাত্র। ইহান্তেও অঙ্জান মাপত্তি করিতে পারেন যে না হয় স্বীকার করা গেল যে, দেহান্তরেও দেহীর একতা থাকে -কিন্তু মৃত্যুব একটা দ্বঃখ-কন্টে ত আছেই? এই স্বজনগণ সেই কন্ট পাইবে—তাহা স্মবণ কবিয়া শোক কবিন না কেন? তাহাদের বিরহে কাতর হইব না কেন?

তাহার উত্তরে ভগবান্ এই চতুর্ন্দ শ্লোকে বলিতেছেন যে, যে সকলকে ভূমি এই দ্বঃখ বলিতেছ, তাহা ইন্দ্রিয়ের বিষয়ের সঙ্গে ইন্দ্রিয়ের সংযোগ-জনিত। যতক্ষণ সেই সংযোগ থাকে, ততক্ষণ সেই দ্বঃখ থাকে, সংযোগের অভাবে আব সে দ্বঃখ থাকে না। যেমন যতক্ষণ দ্বঃকর সঙ্গে রোদ্রাদি উত্তাপের বা হিমের শৈতোর সংযোগ হয়, ততক্ষণ উষ্ণ বা শীতন্বব্প যে দ্বঃখ, তাহা অন্ভূত করি রোদ্রাদির অভাব হইলে আর তাহা থাকে না। যাহা থাকিবে না, অনিতা, তাহা সহ্য করাই উচিত। যে দ্বঃখ সহ্য করিলেই ফ্রাইবে, তাহাব জন্য কন্ট বিবেচনা করিব কেন?

এই সহিক্তা বা ধৈর্যগাল থাকিলেই জীবন মধ্র হয়। অভ্যাস করিলে অভ্যাসসংগ্রে আব কোন দ্বঃখকেই দ্বঃখবোধ হয় না। তার পর এই গীতোক্ত সম্পানন্দময়ী ভক্তিতে মন্যুষ্যব জীবন অপবিসীম সূথে আপ্লাত হয়। দ্বঃখমান্ত থাকে না। জীবনকে সংখমর করিবাব জন্য, গোড়াতে এই দ্বঃখসহিষ্ণুতা আছে—তাহা বাতীত কিছা হইবে না। ইন্দ্রিরগদের সহিত বহিন্বিষ্যের-সংযোগজনিত যে স্থ—ভোগবিলাসাদি, তাহাও দ্বঃখের মধ্যে গণ্য করিতে হইবে; কেন না, তাহার প্রতি অনুরাগ জন্মিলে, তাহার অভাবও দ্বঃখ বলিষা বোধ হয়। এই জন্য "শীতোক্ত স্থেদ্বঃখ" একত্র গণ্না করা হইরাছে।

মাত্রাশ্চ স্পর্শাশ্চ ইতি শঙকরঃ।

[া] এখানে মূলে যে মাত্রা শব্দ আছে ও মাত্রাপশা পদ আছে, তাহাব দুই প্রকাশ অর্থ কবা ষার। উহার দ্বারা ইন্দিরগণকে ব্রোইতে পারে, এবং ইন্দিরগণের বিষয়কেও ব্রোইতে পারে। শব্দরাচার্য বলেন,—"মাত্রা আভিস্মীরিস্তে শব্দাদার ইতি প্রোতাদানীনিদুরাণি, মাত্রাণাং প্রপাণিঃ সংযোগাঃ।" শ্রীধর স্বামীও ঐর প বলেন, ষথা—"মারস্তে জ্ঞারস্তে বিষয়া আভিবিতি মাত্রা ইন্দিরব্তুগন্তাসাং স্পর্শা বিষয়েঃ সহ সম্বদ্ধাঃ (মাত্রাস্পর্শাঃ)।" মধ্স্দ্দ সরুস্বতীও ঠিক তাই বলেন। পক্ষান্তরে, বিশ্বনাথ চক্রবর্তী বলেন, "মাত্রা ইন্দিরগ্রাহাবিষয়াঃ।" তাতেও বড় আসিরা ঘাইত না, কিন্তু একজন ইংরেজ অনুবাদক Davis স্মরণ করাইরা দিরাছেন যে, এই মাত্রা শব্দ কাটিন স্তাষার Materia ও ইংরাজিতে

যং হি ন ব্যথমন্ত্যেতে প্র্র্যং প্র্র্যর্বভ। সমদ্রখস্থং ধীরং সোহমূত্যায় কলপতে॥ ১৫॥

হে প্রথম্ভ ! স্থদ্ঃথে সমভাব যে ধীর প্রথম, এ সকলে ব্যথিত হন না, তিনিই মোক্ষলাভে সমর্থ হন ৷ ১৫ ৷

সুখ দুঃখ সহ্য করিতে পারিলে মোক্ষলাভের উপযোগী হয় কেন? দুঃখ হইতে মুক্তিই, মুক্তি বা মোক্ষ। সংসার দুঃখময়। যাঁহারা বলেন, সংসারে দুঃখর অপেক্ষা স্থ বেশী. তাঁহাদেরও স্বীকার করিতে হইবে, সংসারে দুঃখ আছে। এজন্য জন্মান্তরও দুঃখ, কেন না. প্রুক্তার সংসারে আসিয়া আবার দুঃখভোগ করিতে হইবে। অতএব প্রুক্তাম হইতে মুক্তিলাভও মুক্তি বা মোক্ষ। শুর্লতঃ দুঃখভোগ হইতে মুক্তিলাভই মোক্ষ। এই জন্য সাংখ্যকার প্রথম স্বেই বলিয়াছেন, "গ্রিবিধদ্রখস্যাতান্তরিন্তরত্যন্তপ্রব্যার্থাঃ।" এখন, দুঃখ সহ্য করিতে শিখিলেই দুঃখ হইতে মুক্তি হইল। কেন না. যে দুঃখ সহ্য করিতে শিখিলাই দুঃখ হইতে মুক্তি হইল। কেন না. যে দুঃখ সহ্য করিতে শিখিলাই দুঃখ হাত আর দুঃখ নাই বলিয়া তাহার মোক্ষলাভ হইরাছে। অতএব মোক্ষের জন্য মরিবার প্রয়োজন নাই। দুঃখ সহ্য কবিতে পারিলে, অর্থাং দুঃখে দুঃখিত না হুইলে, ইহজীবনেই মোক্ষলাভ হইল।

নাসতো বিদ্যতে ভাবো নাভাবো বিদ্যতে সতঃ। উভযোরপি দুণ্টোহস্তুদ্বনয়েস্তুত্ত্বদিশিভিঃ॥ ১৬॥

অসং বস্তুর অন্তিত্ব নাই, সম্বন্ধুর অভাব হয় না। তত্ত্বদর্শিগণ এইর্পে উভয়ের অস্ত দর্শন করিয়াছেন। ১৬।

অস্ ধাতু হইতে সং শব্দ হইয়াছে। যাহা থাকিবে, তাহাই সং; যাহা নাই বা থাকিবে না, তাহাই অসং। আত্মাই সং; শীতোঞ্চাদি সুখ দুঃখ অসং। নিত্য আত্মায় এই অনিত্য শীতোঞ্চাদি সুখ-দুঃখাদি স্থায়ী হইতে পারে না। কেন না, সং যে আত্মা, অসং শীতোঞ্চাদি তাহার ধন্মবিরোধী। শ্রীধর স্বামী এইরপে বুঝাইয়াছেন। তিনি বলেন, "অসতোহনাত্মধন্মত্মাং অবিদ্যমানস্য শীতোঞ্চাদেরাত্মনি ন ভাবঃ।" আমরা তাঁহারই অনুসরণ করিয়াছি।

শাণকরাচার্য এই শ্লোক অবলম্বন করিয়া সদসদ্বাদ্ধি যে প্রকার ব্ঝাইয়াছেন, তাহাও পাঠকদিগের বিশেষ অভিনিবেশপ্রবাক আলোচনা করা কর্ত্তব্য। তাহা হইতে আমাদিগেব প্রবিশ্বর্ষেরা এই সকল বিষয় কোন্ দিক্ হইতে দেখিতেন, এবং আমরা এখন কোন্ দিক্ হইতে দেখি, তাহার প্রভেদ ব্ঝিতে পারিবেন। এই শ্লোকের শাংকরপ্রণীত ভাষ্য অতিশয় দ্বর্হ। নিম্নে তাহার একটি অনুবাদ দেওয়া গেল।

"কারণ হইতে উৎপন্ন, অতএব অসৎস্বর্প শীত উষ্ণ প্রভৃতি কার্য্যের অন্তিত্ব নাই। শীত উষ্ণাদি যে কারণ হইতে উৎপন্ন, তাহা প্রমাণ শ্বারা নির্পিত হয়; স্ত্রাং উহাবা সং পদার্থ হইতে পারে না। কারণ, উহারা বিকার মাত্র, এবং বিকারেরও সর্ম্বাদা ব্যভিচার দৃষ্ট হয় (অর্থাং কখন বিকার থাকে, কখন থাকে না)। যেমন চক্ষ্ম শ্বারা দেখিতে পাইলেই ঘটাদি পদার্থ মৃত্তিকা ভিন্ন অন্য কিছ্ম বিলায়া উপলব্ধি হয় না, সেইর্প কারণ ভিন্ন অন্য কিছ্ম বিলায়া উপলব্ধি হয় না, সেইর্প কারণ ভিন্ন অন্য কিছ্ম বিলায়া উপলব্ধি না হওয়ায় সর্ম্বপ্রকার বিকার পদার্থই অসং। উংপত্তির প্র্মেব এবং ধরংসের পরে, মৃত্তিকাদি কারণ হইতে উৎপন্ন ঘটাদি কারেণ্যর উপলব্ধি হয় না। সেই সকল কারণও আবার তাহাদের কারণ হইতে ভিন্ন বিলায়া উপলব্ধি হয় না, স্ত্রাং তাহারাও অসং। এন্থলে আপত্তি হইতে পারে, কারণসমূহে এইর্পে অসং হইলে সকল পদার্থই অসং হইয়া পড়ে (সং আর কিছুই থাকে না)। এর্প আপত্তির খন্ডন এই য়ে, সকল স্থলেই দুই প্রকার জ্ঞান উৎপন্ন হয়: সং বলিষা জ্ঞান ও অসং বলিষা জ্ঞান। যে বস্তুর জ্ঞানের ব্যভিচার

matter, সন্তরাং তিনি "মান্রাস্পর্শান্ধ" পদের অনুবাদে ''Matter-contacts' লিখিয়াছেন। পরিমাণ-জ্ঞানের জন্য ইন্দ্রিরবিষয়েরও যে আবশ্যকতা, তিশ্বিষ্কে সন্দেহ নাই। সাংখ্যদর্শনের "তন্মান্ত" শব্দের তাংপর্য্য বিচান্ন করা কর্ত্তর্য। বলা বাহন্ল্য যে, আমি বিশ্বনাথ চক্রবন্তী' ও ডেভিস সাহেবকে পরিত্যাগ করিয়া শব্দরাচার্য্য ও শ্রীধর ন্বামীর জন্মেরশ করিয়াছি।

* অর্থাৎ ঘটের জ্ঞান জন্মিতে গেলে তাহার সঙ্গে সঙ্গেই ম্রিকার জ্ঞান জন্মায়। ম্রিকার জ্ঞান না জন্মাইলে ঘটের জ্ঞান জন্মায় না, স্তরাং ঘট অসং, উহার কারণ ম্রিকা সং। নাই অর্থাৎ যে বস্তু একবার "আছে" বিলয়া বােধ হইলে আর "নাই" বিলয়া বােধ হয় না, তাহার নাম সং। আর যে বস্তু একবার আছে বিলয়া বােধ হইলে পরে আবার নাই বিলয়া বােধ হয়. তাহার নাম অসং। এইর্পে বৃদ্ধিতন্ত সং ও অসং দ্বৃই ভাগে বিভক্ত, এবং সকলেই সম্বত্ত এই দ্বৃই প্রকার জ্ঞান হইতেছে বলিয়া উপলিন্ধি করেন। বিশেষণ ও বিশেষ্য পদ এক বিভক্তিতে বর্তামান থাকিলে তাহাদের অভেদ হয়, যেমন "নীলং উংপলং" ইহার অর্থ উংপল নীল হইতে অভিন্ন, অর্থাৎ ঐ উংপলের জ্ঞান হইলে তাহার সঙ্গে সজে অভিন্নভাবে নীলত্বে জ্ঞান হইবে। এইর্প যথন "ঘটঃ সন্" পট সন্" "হস্তী সন্" ইত্যাদি জ্ঞান হয়, তথন ঘটজ্ঞানের সহিত সং" এই জ্ঞান অভিন্নভাবে উংপন্ন হয়। স্কুতরাং সং ও অসং ভেদবৃদ্ধির যে কংপনা কবা হইতেছিল, তাহা নির্থাক হয়। কিন্তু লোকে এর্প অভিন্নভাবে উপলিন্ধি করে না। এই বৃদ্ধির্যের (সং ও অসং) মধ্যে ঘটাদি বৃদ্ধির ব্যা ভিচাব হয়, তাহা প্রদর্শিত হইয়াছে: সং বৃদ্ধির ব্যাভিচার হয় না। অতএব ব্যাভিচার হয় বলিয়া সে পদার্থ ঘটাদি বৃদ্ধির বিষয়, তাহা অসং, এবং অবাভিচার হয় না বলিয়া উহা বৃদ্ধির বিষয় হইতে পারে না।

যাদ বল, ঘট বিনন্ট হইলে যখন ঘটবাজির ব্যাভিচার হয়, তখন সেই সঙ্গে সঙ্গে সংবাজিরও ব্যাভিচার হউক (অর্থাৎ আপত্তিকারীর মতে ঘটবাজির ও সংবাজি অভিন্ন সাত্তবাং ঘটবাজির ব্যাভিচার হইলে সংবাজিরও ব্যাভিচার হউক)। এই আপত্তি খাটিতে পারে না; কাবণ, তংকালে সেই সংবাজি ঘটাদিতে বস্তুমান থাকে (সাত্তবাং উহার ব্যাভিচাব হয় না।) সে সংবাজি বিশেষণভাবে অবস্থিত, সাত্তরাং (বিশেষানাশে) বিনন্ট হয় না।

যদি বল, সংব্যদ্ধিব স্থলে যেবপে শ্বক্তি অন্সারে একটি ঘট বিনন্ট হইলেও অন্য ঘটে ত ঘটন্দি পাকে "স্তরাং ঘটন্দি সং হউক" এ আপত্তি ইহাতে খাটিতে পাবে না, মেহেতৃ সে ঘটন্দি পটাদিতে থাকে না।

র্যাদ বল সংবৃদ্ধিও ঘট নতা হইলে দৃষ্ট হথ না। এ কথা গ্রেত্র নহে। সংবৃদ্ধি বিশেষণভাবে অবন্থিত, বিশেষোর অভাব হইলে বিশেষণ থাকিতে পারে না। থাকিলে তাহার বিষয় কি হইবে? বিষয়ের অভাব হইলে সংবৃদ্ধি থাকে না। যদি বল ঘটাদি বিশেষরে অভাব হইলেও বিশেষণ বিশোষা ভাবে এক বিভক্তিতে উল্লেখ কবা যায় বিলয়া ঘট সং হইবে তাহার উত্তর এই যে, মরীচিকা প্রভৃতি স্থলেও সংবৃদ্ধি এবং উদক, উভযেব অভাব হইলেও এক বিভক্তিতে সং ইদং উদকং' এব্প ব্যবহার হয়।ইহাব দ্বাবা এক বিভক্তিতে উল্লেখ হওয়া সং অথবা অসং, এ উভয়েব কোন পক্ষেই প্রমাণ নহে)।

অতএব দেহাদি দ্বন্দ্ব কারণ হইতে উৎপন্ন ও অসৎ উহার অন্তিম্ব নাই; এবং সং যে আমা তাঁহারও কোথাও অভাব নাই, যেহেতু তাঁহার কোগাও ব্যভিচাব হয় না। ইহাই সং এবং অসংরূপ আত্মা এবং অনাত্মার স্বর্পনির্গয়। যে সং, সে সংই; যে অসং সে অসংই।*

শৃক্ররাচার্য্য যেমন দিশ্বিজয় পশ্ডিত, এই দার্শনিক বিচারও তাহার উপযুক্ত। তবে উনবিংশ শতাব্দীর পাশ্চান্ত্য শিক্ষার সঙ্গে ইহা বড় মিশিনে না। সুখ দুঃখকে সংই বল আর অসংই বল সুখ দুঃখ আছে। থাকিবে না সত্য, কিন্তু নাই, এ কথা বলিবার বিষয় নাই। কিন্তু থাকিবে না, এইটাই বড় কাজেব কথা। তবে সহা কবিতে পাবিলেই দুঃখ নন্ট হইবে।

"-The darkest day,

Wait till to-morrow, Will have passed away."

এখন ১৪।১৫।১৬. এই তিন শ্লোকে যাহা উক্ত হইল, তাহা ভাল করিয়া না ব্রিজে, কয়েকটি আপত্তি উপস্থাপিত হইতে পারে। প্রথম আপত্তি, দুঃখ সহ্য করিতে হইবে—নিবারণ করিতে হইবে না? অভ্যূনের দুঃখ, জ্ঞাতি-বন্ধু-বধ; যুদ্ধ না করিলেই সে দুঃখ নিবারণ হইল: দুঃখনিবারণের সহজ উপায় আছে। এ স্থলে তাঁহাকে দুঃখনিবারণ করিতে উপদেশ না দিয়া, ভগবান্ দুঃখ সহ্য করিতে উপদেশ দিতেছেন, ইহা কির্প উপদেশ স্রোণীর রোগের উপশ্যের জন্য ঔষধ ব্যবহার করিতে পরামশ্রনা দিয়া, ভাহাকে রোগের দুঃখ সহ্য করিতে উপদেশ দেওয়ার সঙ্গে কি এ উপদেশ তুলা নহে?

শাক্তর ভাষ্টের এই অন্বাদ আমরা কোন বন্ধব নিকট উপহার প্রাপ্ত হইয়াছি।

र्वाष्क्रम ब्रह्मावली

না তাহা নহে। দৃঃখ নিবারণের কোন নিষেধ নাই। তবে ষেখানে দৃঃখ নিবারণ করিতে গোলে অধন্ম হয়, সেখানে দৃঃখ নিবারণ না করিয়া সহ্য করিবে। যে যুদ্ধে অর্জ্জুন প্রবৃত্ত, তাহা ধন্ম যুদ্ধ । ধন্ম যুদ্ধের অপেঞ্চা ফ্রিয়ের আর ধন্ম নাই। ধন্ম পরিত্যাগে অধন্ম। অতএব এ স্থলে দৃঃখ সহ্য না করিয়া নিবারণ করিলে অধন্ম আছে। এজন্য এখানে সহ্য করিতে হইবে, নিবারণ করা হইবে না।

দিতীয় আপত্তি এই, দৃঃখই সহ্য করিবে—সাখ সহ্য করা কির্প ? সাখ দৃঃখ সমান জ্ঞান করিব ? তবে ভগবানের কি এই আজ্ঞা যে, পৃথিবীর কোন সাথে সাখ হইবে না ? তবে আর ascelicism কাহাকে বলে ? সাখাদ্বা ধার্মা লইয়া কি হইবে ?

ইহার উত্তর প্রেবহি লিখিয়াছি। ইন্দিয়ের অধীন যে স্ব্যু, তাহা দ্বঃখের করণ—তাহা দ্বঃখমধ্যে গণ্য। ইন্দিয়াদির অনধীন যে স্ব্যু, যথা—জ্ঞান, ভক্তি, প্রাণিত, দয়াদিজানত যে স্বাঃ
তাহা গীতোক্ত ধর্ম্মান্সারে পরিত্যাজ্য নহে, বরং গীতোক্ত ধন্মের সেই স্বাই উন্দেশ্য। আর
ইন্দিয়ের অধীন যে স্ব্যু, তাহাও প্রকৃতপক্ষে পরিত্যাজ্য নহে। তংপরিত্যাগও গীতোক্ত ধন্মের
উন্দেশ্য নহে। তাহাতে অনাসক্তিই গীতোক্ত ধন্মের উন্দেশ্য, পরিত্যাগ উন্দেশ্য নহে।

রাগদ্বেষবিমন্তৈস্থু বিষয়ানিন্দিরৈশ্চরন্। আত্মবশ্যৈবিধেয়াত্মা প্রসাদমধিগচ্ছতি॥ ২। ৬৪॥

উক্ত চতুঃৰণিতম শ্লোকের ব্যাখ্যাকালে আমরা এ বিষয়ে আরও কিছু বালিব।

আমরা দৈখিতেছি যে ছদশ শ্লোকে হিন্দুধন্দের প্রথম তত্ত্ব স্চিত হইর।ছে- আত্মার অবিনাশিতা। ত্রেদেশ শ্লোকে কি তীয় তত্ত্ব—জন্মান্তরবাদ। চতুদ্দশি, পণ্ডদশ, এবং সোড়ন শ্লোকে তৃতীয় তত্ত্ব স্চিত হইতেছে—স্থদ্বংথের অনাত্মধিন্মিত। ও অনিত্যত্ব। সাংখ্যদশনের ব্যাখ্যার উপলক্ষে আত্মার সঙ্গে সুখ্দ্বংথে সম্বন্ধ প্রেব্ধি যের্প ব্রুঝাইয়াছিলাম, তাহা ব্রুঝাইতেছি।

"শরীরাদি ব্যতিরিক্ত প্রেষ। কিন্তু দ্বংখ ত শারীরাদিক: শারীরাদিতে সে দ্বংশের কারণ নাই,—এমন দ্বংখ নাই। যাহাকে মানাসক দ্বংখ বলি—বাহ্য পদার্থই তাহার মূল। আমার বাক্যে তুমি অপমানিত হইলে, আমার বাক্য প্রাকৃতিক পদার্থ, তাহা প্রবণেশ্বিশের দ্বানা তুমি গ্রহণ করিলে, তাহাতে তোমার দ্বংখ। অতএব প্রকৃতি ভিন্ন দ্বংখ নাই, কিন্তু প্রকৃতিঘটিত দ্বংখ প্রেষে বর্তে কেন? "অঙ্গোহযম্পার্ষঃ। প্রেষ্ একা, কাহারও সংস্কাবিশিক্ত নহে। (১ম অধ্যায়ে ১৫শ স্তা।) অবস্থাদি সকল শরীরের, আত্মার নহে। (ঐ. ১৪ স্তা)। "ন বাহ্যান্তরয়োর পরজ্যোপরজকভাবোহণি দেশব্যবধানাং প্র্যুম্পার্টালপ্রস্থ্যোরিব।" বাহ্য এবং আন্তরিকের মধ্যে উপরজ্য এবং উপরজ্ঞক ভাব নাই; কেন না, তাহা পরস্পর সংলগ্ন নহে, দেশব্যবধানবিশিক্ট, যেমন এক জন পার্টালপাত্র নগরে থাকে, আর একজন স্রুম্ম নগরে থাকে, ইহাদিগের পরস্পরের ব্যবধান তদ্রপ।

তবে প্র,ষের দ্বংখ কেন? প্রকৃতির সংযোগই দ্বংখর কাবণ। বাহো আন্তরিকে দেশব্যবধান আছে বটে, কিন্তু কোন প্রকার সংযোগই নাই. এমত নহে। যেমন স্ফাটিক পাত্রের নিকট জবাকুস্ম রাখিলে পাত্র প্রকের বর্ণবিশিষ্ট হয় বিলয়া, প্রভপ এবং পাত্রে এক প্রকার সংযোগ আছে বলা যায়, এ সেইর্প সংযোগ। প্রভপ এবং পাত্র মধ্যে দেশব্যবধান থাকিলেও পাত্রের বর্ণ বিকৃত হইতে পারে: ইহাও সেইর্প। এ সংযোগ নিত্য নহে, দেখা ধাইতেছে: স্কুতরাং তাহার উচ্ছেদ হইতে পারে। সেই সংযোগ উচ্ছেদ হইলেই দ্বংথের কারণ অপনীত হইল। অতএব এই সংযোগের উচ্ছিত্তিই দ্বংখনিবারণের উপায়, স্কুতরাং তাহাই প্র্যুষার্থ। "যদ্বা তদ্বা তদ্বিছ্তিঃ প্র্যুষার্থভিয়া প্রায়ার্থ। (৬, ৭)।*

অবিনাশি তু তদিদ্ধি যেন সর্ব্বমিদং ততম্। বিনাশমব্যাস্যাস্য ন কশ্চিং কর্ত্মহতি॥ ১৭॥

ষাহার দ্বারা এই সকলই ব্যাপ্ত, তাহাকে অবিনাশী জ্ঞানিবে। এই অব্যয়ের কেহট বিনাশ করিতে পারে না। ১৭।

"যাহার দ্বারা" অর্থাৎ পরমান্ত্রার দ্বারা। এই "সকলই" অর্থাৎ জ্বগং। এই সমস্ত জ্বগৎ পরমান্ত্রার দ্বারা ব্যাপ্ত—শৎকর বলেন, যেমন ঘটাদি আকাশের দ্বারা ব্যাপ্ত, সেইরূপ ব্যাপ্ত।

^{*} প্রবন্ধ-পর্ত্তক হইতে উদ্বত।

যাহা সর্বব্যাপী, তাহার বিনাশ হইতে পারে না; কেন না, যত কাল কিছ্ন থাকিবে, তত কাল সেই সর্বব্যাপী সন্তাও থাকিবে। যত কাল কিছ্ন থাকিবে, তত কাল সেই সর্বব্যাপী সন্তা সর্বব্যাপীই থাকিবে। অতএব তাহা অব্যয়। আকাশ সর্বব্যাপী, আকাশের বিনাশ বা ক্ষয় আমরা মনেও কম্পনা করিতে পারি না। আকাশ অবিনাশী এবং অব্যয়। যিনি সর্বব্যাপী, সন্তরাং আকাশও যাঁহার দ্বারা ব্যাপ্ত, তিনিও অবিনাশী ও অব্যয়। কাজেই বেহই ইশ্হার বিনাশসাধন করিতে পারে না।

এক্ষণে এই কথার দ্বারা আর কয়েকটি কথা স্টিত হইতেছে। সেই সকল কথা হিন্দ -ধান্মের স্থাল কথা, এ জন্য এখানে তাহার উত্থাপন করা উচিত।

প্রথমতঃ এই শ্লোকের দ্বারা সিদ্ধ হইতেছে যে, ঈশ্বর নিরাকার, সাকার হইতে পানেন না। বাহা সাকার, তাহা সর্বব্যাপী হইতে পারে না। সাকার ইন্দ্রিয়াদির গ্রাহ্য আমরা জানি মে, ইন্দ্রিয়াদির গ্রাহ্য সাকার সর্বব্যাপী কোন পদার্থ নাই। অতএব ঈশ্বর যদি সংবব্যাপী হয়েন, তবে তিনি সাকার নহেন।

ঈশ্বন সাকার নহেন, ইহাই গাঁতার মত। কেবল গাঁতার নহে, হিন্দ্।শাস্তের এনং হিন্দ্র্ধমের ইহাই সাধারণ মত। উপনিষৎ এবং দর্শনিশাস্তের এই মত। সে সকলে ঈশ্বর সব্বানাপী চৈতন্য বলিয়া নিন্দিটি হইযাছেন। সত্য বটে, প্রাণ্যেতহাসে বল্লা বিষ্ণু মহেশ্বর প্রভৃতি সাকার চৈতন্য কলিপত হইযা অনেক স্থলে ঈশ্বরস্বর্প উপাসিত হইরাছেন। যে কারণে এইর্ণ ঈশ্বরের র্পকল্পনাব প্রয়োজন বা উত্তব হইয়।ছিল, তাহার অন্সন্ধানের এ শ্বলে প্রয়োজন নাই। কেবল ইহাই বক্তব্য যে, প্রাণেতিহাসে শিবাদি সাকার বিলিয়া কথিত হইলেও প্রাণ ও ইতিহ।সকারেরা ঈশ্বরের সাকারতা প্রতিপন্ন করিতে চাহেন না, ঈশ্বর যে নিরাকার, তাহা কথনাই ভূলেন না। প্রাণেতিহাসেও ঈশ্বর নিরাকার।

্র একটা উদাহরণ দিলেই আমার কথার তাংপর্য্য ব্রুঝা যাইবে। বিষ্ণুপর্রাণের প্রহ্যাদর্চরিত্র ইহার উদাহরণস্বর্প গ্রহণ করা ঘাউক। তথাস বিষ্ণুই ঈশ্বর। প্রহ্যাদ তাঁহাকে "নমন্তে প্তেরীকাক্ষ" বলিয়া ন্তব করিতেছেন। অন্য স্থলে স্পন্টতঃ সাকারতা স্বীকার করিতেছেন। যথা

> রক্ষত্বে স্জতে বিশ্বং স্থিতৌ পালয়তে প্রাঃ। রদ্রেপায় কন্পান্তে নমস্তভাং গ্রিমন্ত্রিয়ে॥

এবং পরিশেষে পীতাম্বর হরি সশরীরে প্রহ্মাদকে দর্শন দিলেন। কিন্তু তথাপি এই প্রহ্মাদর্চিরিরে বিষ্ণু নিরাকার; তাঁহ।র নাম "অনন্ত," তিনি "সন্বব্যাপী"। যিনি অনন্ত এবং সন্বব্যাপী, তিনি নিরাকার ভিন্ন সাকার হইতে পারেন না; এবং তিনি মে নিগুলৈ ও নিরাকার, তাহা প্রনঃ কথিত হইয়াছে। যথা—

নমস্তুস্মৈ নমস্তুস্মে নমস্তুস্মে পরাত্মনে।

नामत्रभः न यदेनात्का त्यारिष्ठत्वताभन्नात्वात्वा हेनाभि। ১। ১৯। ५১

প্রশ্চ বিষ্ণু "অনাদিমধ্যান্তঃ," স্বতরাং নিরাকার।

এর্প সকল প্রোণে ইতিহাসে। অতএব ঈশ্বর নিরাকার, ইহাই যে হিন্দ্ধম্মের মন্ম. ইহা এক প্রকার নিশ্চিত।

তবে কি হিন্দুর্বন্দো সাকারের উপাসন। নাই? গ্রামে গ্রামে ত প্রত্যুহ প্রতিমা-প্রজা দেখিতে পাই, ভারতবর্ষ প্রতিমান্ধনার পরিপূর্ণ। তবে হিন্দুর্বন্ধে সাকারবাদ নাই কি প্রকারে বলিব?

ইহার উত্তর এই যে, অন্য দেশে যাহা হউক, হিন্দরে প্রতিমার্চন। সাকারের উপাসনা নয: এবং যে হিন্দর প্রতিমার্চনা করে, সে নিতান্ত অজ্ঞ ও অশিক্ষিত না হইলে মনে করে না যে. এই প্রতিমা ঈশ্বর, অথবা ঈশ্বরের এইর্শু আকার বা ইহা ঈশ্বরের প্রকৃত প্রতিমা। যে একখানা মাটির কালী গড়িয়া প্জা করে, সে যদি স্বকৃত উপাসনার কিছু, মাত্র বুঝে, তবে সে জানে, এই চিত্রিত মৃৎপিন্ড ঈশ্বর নহে বা ঈশ্বরের প্রতিমা নহে, এবং সে জানে, তাহা ঈশ্বরের প্রতিফাত হইতে পারে না।

তবে সে মাটির তালের প্জা করে কেন? সে ঘাঁহার প্জা করিবে তাঁহাকে খ্রিজ্ঞা পায় না। তিনি অদৃশ্য, অচিন্তনীয়, ধ্যানের অপ্রাপ্য, অতএব উপাসনার অতীত। কাঞ্জেই সে তাঁহাকে ডাকিয়া বলে, "হে বিশ্বব্যাপিনি সর্ব্বমায় আদ্যাশক্তি! তুমি সর্ব্বহই আছ, কিন্তু আমি তোমাকে দেখিতে পাই না: তমি সর্ব্বহই আবির্ভত হইতে পার, অতএব আমি দেখিতে পাই.

এমন কিছ্বতে আবিস্থৃত হও। আমি তোমার বে রুপ কল্পনা করিয়া গাঁড়রাছি, তাহাতে আবিস্থৃত হও, আমি তোমার উপাসনা করি। নহিলে কোথায় প্রুপচন্দন দিব, তদ্বিষয়ে মনঃস্থির করিতে পারি না।

এই প্রতিমাপ্রভার উপরে আমাদের শিক্ষাগ্রের ইংরেজদিগের বড় রাগ এবং তাঁহাদিগের শিষ্য নব্য ভারতবর্ষীয়েরও বড় রাগ। ইংরেজের রাগ, তাহার কারণ—বাইবেলে ইহার নিষেধ আছে। শিক্ষিত ভারতবর্ষীয়ের রাগ; কেন না, ইংরেজের ইহার উপর রাগ। যাহা ইংরেজে নিন্দা করে, তাহা "আমাদের" অবশ্য নিন্দনীয়। প্রতিমাপ্রভা ইংরেজের নিকট নিন্দনীয়, অতএব প্রতিমাপ্রভা অবশ্য "আমাদের" নিন্দনীয়, তাহার আর বিচার আচারের প্রয়োজন নাই। ইংরেজ বলে যে, এই প্রতিমাপ্রভার জন্য ভারতবর্ষ উৎসন্ন গিয়াছে, এবং ইহার ধ্বংস না হইলে একেবারে উৎসন্ন যাইবে; স্বতরাং আমরাও তাহাই বিশ্বাস করিতে বাধ্য; তাহার আর বিচার আচারের প্রয়োজন নাই। সত্য বটে, রোম গ্রীস প্রভৃতি প্রাচীন রাজ্য প্রতিমাপ্রভা করিয়াও উন্নত হইয়াছিল, কিন্তু ইংরেজ বলে যে, ভারতবর্ষ প্রতিমাপ্রভার উৎসন্ন ষাইবে, অতএব ভারতবর্ষ নিন্দর প্রতিমাপ্রভার উৎসন্ন যাইবে; তদ্বিষয়ে বিচারের প্রয়োজন নাই। এইর্প শিক্ষিত সম্প্রদায়ের মধ্যে অনেকে ভাবিয়া থাকেন। অন্যমত বিবেচনা করা কুশিক্ষা, কুব্রন্ধি, এবং নীচাশ্রতার কারণ মনে করেন।

আমরা এর্প উক্তির অন্মোদন করিতে পারি না। ঈশ্বর সম্বন্ধ্য, সকলের অন্তর্যামী। সকলের অন্তরের ভিতর তিনি প্রবেশ করিতে পারেন, সকল প্রকারের উপাসনা গ্রহণ করিতে পারেন; কি নিরাকারের উপাসক, কি সাকারোপাসক, কেহই তাঁহার প্রকৃত স্বর্প অন্ভূত করিতে পারেন না। তিনি অচিন্তনীয়। অতএব তাঁহার চক্ষে সাকার উপাসকের উপাসনা ও নিরাকার উপাসকের উপাসনা তুল্য; কেহই তাঁহাকে জানে না। যদি ইহা সত্য হয়, যদি ভক্তিই উপাসনার সার হয়. এবং ভক্তিশ্না উপাসনা যদি তাঁহার অগ্রাহ্যই হয়, তবে ভক্তিযুক্ত হইলে সাকারোপাসকের উপাসনা তাঁহার নিকট গ্রাহ্য; ভক্তিশ্না ইইলে নিরাকারোপাসকের উপাসনা তাঁহার নিকট প্রাহ্য: ভক্তিশ্না হইলে নিরাকারোপাসকের উপাসনা তাঁহার নিকট গ্রাহ্য; ভক্তিশ্না হইলে নিরাকারোপাসকের উপাসনা তাঁহার নিকট পোছিবে না। অতএব আমাদের বিশ্বাস যে, ভারতবর্ষীরের যদি ঈশ্বরে ভক্তিথাকে, তবে সাকার উপাসনার ভাবে আচ্ছেল হইলেও কেহ উংসল্ল যাইবে না, আর ভক্তিশ্না হইলে নিরাকারোপাসনায়ও উংসল্ল হইবে তিন্বিষয়ের কোন সংশয় নাই। সাকার ও নিরাকার উপাসনার মধ্যে আমাদের মতে কোনটাই নিচ্ছল নহে; এবং এতদ্ভেয়ের মধ্যে উৎকর্ষাপকর্ষের বিচার নিষ্প্রোজনীয়।

সাকারোপাসকেরা বলিয়া থাকেন, নিরাকারের উপাসনা হয় না। অনস্তকে আমরা মনে ধরিতে পারি না, স্তরাং তাঁহার ধ্যান বা চিন্তা আমাদের দ্বারা সম্ভব নহে, এ কথারও বিচার নিংপ্রয়োজন বোধ হয়। কেন না, এমন যদি কেহ থাকেন যে, তিনি আপনার সান্ত চিন্তা শক্তির দ্বারা অনস্তের ধ্যান বা চিন্তায় সক্ষম, এবং তাঁহাতে ভক্তিয়ন্ত হইতে পারেন, তবে তিনি নিরাকারেরই উপাসনা কর্ন। যিনি তাহা না পারেন, তাঁহাকে কাজেই সাকারের উপাসনা করিতে হইবে। অতএব সাকারোপাসক ও নিরাকারোপাসকের মধ্যে বিচার, বিবাদ ও পরস্পরের বিশ্বেষর কোন কারণ দেখা যায় না।

পাঠক স্মরণ রাখিবেন যে, আমি "সাকারের উপাসনা," এবং "সাকারোপাসক" ভিন্ন "সাকারবাদ" বা "সাকারবাদী" শব্দ ব্যবহার করিতেছি না। কেন না, "সাকারবাদ" অবশ্য পরিহার্ষ্য। ঈশ্বর সাকার নহেন, ইহা প্রেক্তি বলা গিয়াছে।

কথাটা উঠিতে পারে যে, ঈশ্বর যদি সাকার নহেন, তবে হিন্দ্বধন্দের অবতারবাদের কি হইবে? এই গীতার বক্তা কৃষ্ণকে উদাহরণস্বর্প গ্রহণ করা যাউক। ঈশ্বর নিরাকার, কিন্তু কৃষ্ণ সাকার। ই'হাকে তবে কি প্রকারে ঈশ্বরাবতার বলা বাইবে? এই প্রশ্নের যথাসাধ্য উত্তর আমি কৃষ্ণচরিক্র নামক মংপ্রণীত গ্রন্থে দিয়াছি, স্বৃতরাং এখানে সে সকল কথা প্রনর্থার বিলবার প্রয়োজন নাই। ঈশ্বর সর্প্রাক্তিমান্, স্বৃতরাং ইচ্ছান্সারে তিনি যে আকার ধারণ করিতে পারেন না, একথা বিললে তাঁহার শক্তির সীমা নিন্দেশ্য করা হয়।

"যেন সন্ধামদং ততম্" ইত্যাদি বাক্যে অনেকের এইর্পে প্রম জন্মিতে পারে যে, বিলাতী Pantheism এবং হিন্দৃধন্দের ঈশ্বরবাদ বর্নির একই। স্থানান্তরে এই প্রমের নিরাস করা বাইবে।

অন্তবন্ত ইমে দেহা নিতাস্যোক্তাঃ শরীরিণঃ। অনাশিনোহপ্রমেয়স্য তম্মাদ্যাদ্রমাদ্ব ভারত॥ ১৮॥

নিতা, অবিনাশী এবং অপ্রমেয় আত্মার এই দেহ নশ্বর বলিয়া কথিত হইয়াছে। অতএব হে ভারত! যুদ্ধ কর।১৮।

নিতা, অর্থাৎ সব্বদা একর্পে স্থিত (শ্রীধর)।

অপ্রমেয় অর্থাং অপরিচ্ছিন্ন। প্রত্যক্ষাদি প্রমাণের দ্বারা অপরিচ্ছেদ্য। প্রত্যক্ষাদির অতীত।

শ্রীধর এই শ্লোকের এইরূপ ব্যাখ্যা করেন—"নিত্য অর্থাং সর্বাদা একরূপ অভএব অবিনাশী, ও অপ্রমেয় অর্থাৎ অপরিচ্ছিল্ল যে আত্মা, তাঁহার এই দেহ সুখদুঃখাদিধম্মক, ইহা তত্ত্বদশী দিয়ের দ্বারা উক্ত: যখন আত্মার বিনাশ নাই, সূত্র্থদ্বত্রখাদি সম্বন্ধ নাই, তখন মোহজনিত শোক পরিত্যাগ করিয়া যুদ্ধ কর, অর্থাৎ স্বধর্ম্ম ত্যাগ করিও না।"

এই শ্লোকের ব্যাখ্যার পর শুক্ররাচার্য্য বাহা বলিয়াছেন, তাহার প্রতি বিশেষ মনোযোগ আবশ্যক। তিনি বলেন—"ইহাতে যুদ্ধের কর্ত্তব্যতা বিধান করা হইতেছে না। যুদ্ধে প্রবাত্ত হইয়াও ইনি শোকমোহপ্রতিবদ্ধ হইয়া ত্ঞীস্তাবে আছেন, ভগবান্ তাঁহার কর্ত্তবাপ্রতিবদ্ধের অপনয়ন করিতেছেন মাত্র। অতএব 'যুদ্ধ কর' ইহা অনুবাদ মাত্র, বিধি নয়।"

অনেকের বিশ্বাস যে. এই গীতাগুলেথর স্থাল উন্দেশ্য—যুদ্ধের ন্যায় নৃশংস ব্যাপারে মন,ষোর প্রবৃত্তি দেওয়া। তাঁহারা যে গীতা বুঝিবার চেষ্টা করেন নাই, তাহা বলা বাহুল্য। গীতা বাজারের উপন্যাস-গ্রন্থ নহে যে, একবার পাড়িবা মাত্র উহার সমস্ত তাৎপর্য্য বুঝা যাইবে। বিশেষর পে উহার আলোচনা না করিলে বুঝা যায় না। গীতার এতদংশের উদ্দেশ্য-স্বধন্মপালনে অপরিহার্য্যতা প্রতিপন্ন করা। স্বধন্ম বলিলে শিক্ষিত সম্প্রদায় ব্রাঝতে কণ্ট পাইতে পারেন, ইহার ইংরাজি প্রতিশব্দ Duty শর্মানলে বোধ হয়, সে কন্ট থাকিবে না। গীতার এতদংশের উদ্দেশ্য –সেই Duly ধন্মের অবশাসম্পাদ্যতা প্রতিপল্ল করা। সকল মনুষ্যের স্বধর্ম্ম একপ্রকার নহে—কাহারও স্বধন্ম দণ্ড-প্রণয়ন: কাহারও স্বধন্ম ক্ষমা। সিপাহীর স্বধন্ম শব্রুকে আয়াত করা, ডাক্তারের স্বধর্ম্ম সেই আঘাতের চিকিৎসা। মনুষ্যের যত প্রকার কর্ম্ম আছে, তত প্রকার স্বধন্ম আছে। কিন্তু সকল প্রকার স্বধন্মমধ্যে যুদ্ধই সর্ব্বাপেক্ষা নুশংস ব্যাপার। যুদ্ধ পরিহার করিতে পারিলে যুদ্ধ কাহারও কর্ত্তবা নহে। কিন্তু এমন অবস্থা ঘটে যে, এই न्भारम कार्या अर्थात्रहार्या ७ अर्थामस्थामा हरेया छेते। टेक्स्त्वनक वा नात्मत तम्भ ७ লুকিত করিতে আসিতেছে, এমন অবস্থায় যে যুদ্ধ করিতে জানে, যুদ্ধ তাহারই অপরিহার্যা ও অবশা সম্পাদ্য স্বধ্ম্ম। অতএব গীতাকার স্বধ্ম্ম পালন সম্বন্ধে ইংরাজি দর্শনশান্তে যাহাকে Crucial instance বলে, তাহাই অবলম্বন করিয়া স্বধ্মের অবশাসম্পাদ্যতা এবং তদ্পেলক্ষে সমস্ত ধন্মেরও নিগঢ়ে রহস্য ব্যাখ্যাত করিতেছেন। উদাহরণস্বরূপ যে স্বধ্ন্ম সর্ব্বাপেক্ষা নৃশংস ও ভয়াবহ ও যাহাতে সাধ্যজন মাত্রই স্বতঃ অপ্রবৃত্ত, তাহাই গ্রহণ করা হইয়াছে। কেবল जारारे नरर-य, एकत भरधा रय यन्त्र अर्था १०११ न, मार्थ ७ ज्यावर, यारार अर्जावर: न, मार्थ ব্যক্তিও সহজে প্রবৃত্ত হইতে চাহে না, তাহাই উদাহরণস্বরূপ গ্রহণ করিয়াছেন। Crucial instance বটে। গতিার উদ্দেশ্য ইহাই প্রতিপাদন করা যে, স্বধুন্ম এর প নুশংস, ভয়াবহ এবং সাধ্বজনপ্রবৃত্তির আপাত-বিরোধী হইলেও তাহা অবশ্য পালনীয়।

কিন্ত শ্লোকটার ভাবার্থ বোধ করি, এখনও পরিষ্কার হয় নাই। 'আত্মা অবিনাশী–কেহ তাহার বিনাশ করিতে পারে না—অতএব যুদ্ধ কর,' এই কথার অর্থ কি? আত্মা অবিনাশী বলিয়া কাহাকে হত্যা করায় কি দোষ নাই? ভগবদ্বাক্যের সে তাংপর্যা নহে। ইহার তাংপর্যা উপরিধৃত শব্দরভাষ্যে যাহা কথিত হইরাছে, তাই। অম্পর্কন যুদ্ধে প্রবৃত্ত, তবে মোহে অভিভূত হইয়া, মানুষ মারিতে হইবে, এই দৃঃখে তাহা হইতে প্রতিনিবৃত্ত হইতেছেন। ভগবান্ इट्रेंट्र वर्त्त, किन्नु भरीत o जीनजा, जन्मिन याम ना कतिराम अक पिन जवना नमें इट्रेंट्र । কিন্তু শরীর নন্ট হইলে মানুষ মরে না—যাহার শরীর, সে অমর—কেহই তাহাকে মারিতে পারে না। অতএব যদ্ধের প্রতি অভ্যান যে আপত্তি উপস্থিত করিতেছেন, সেটা ভ্রমজনিত মাত্র। অতএব তিনি যুদ্ধ করিতে পারেন।

বঙ্কিম রচনাৰলী

য এনং বেত্তি হস্তারং যদৈচনং মনাতে হতম্। উভো তো ন বিজানীতো নারং হস্তি ন হন্যতে॥ ১৯॥

যে ই'হাকে হস্তা বলিয়া জানে, এবং যে ই'হাকে হত বলিয়া জানে. ইহারা উভয়েই অনভিজ্ঞ। ইনি হত্যা করেন না—হতও হয়েনে না।১৯।

প্রাচীন টীকাকারেরা এই শ্লোকের এইর্প ব্যাখ্যা করেন; যথা—ভীষ্মাদির মৃত্যু নিমিন্ত অর্জ্বনের শোক, উক্ত বাক্যে নিবারিত হইল। এক্ষণে "আমি ইহাদের বধের কর্ত্তা।" এই নিমিন্ত যে দৃঃখ, প্রথম অধ্যায়ে ৩৪। ৩৫ ইত্যাদি শ্লোকে অর্জ্বনের দ্বারা উক্ত হইয়াছে, তাহার উভরে ভগবান্ ব্র্বাইতেছেন যে, আত্মা যেমন কাহারও কর্তৃক হত হয়েন না, তেমনি তিনি কাহাকেও হত্যা করেন না। কেন না, আত্মা অবিক্রিয়।

শঙ্কর ও শ্রীধর প্রভৃতি মহামহোপাধ্যাযের। যের পে অর্থ করিয়াছেন, আমি একণে সেইর প বালতেছি। ইহার পরবন্তী শ্লোকেরও সেইর পে অর্থ বারব। অন্য অর্থ হয় কি না, তথাও বলা যাইবে। টীকাকারেবা বলেন, আত্মা যে অবিক্রিয়, তাহার প্রমাণ পরবন্তী শ্লোকে দেওয়া হইতেছে।

ন জায়তে মিষতে বা কদাচিনাষং ভূষা ভবিতা বা ন ভূয়ঃ।
অজো নিতাঃ শাশ্বতোহয়ং প্রাণো
ন হন্যতে হন্যমানে শরীরে॥২০॥

ইনি জন্মেন না বা মরেন না, কখন হয়েন নাই, বর্ত্তমান নাই বা হইবেন না। ইনি অজ. নিতা, শাশ্বত, প্রোণ: শরীর হত হইলে ইনি হত হয়েন না। ২০।

টীকাকারেরা বলেন, আত্মা যে অবিকিয়, ই'হার ষড় ভাববিকারশ্নাম্বের দ্বারা দ্টীকৃত করা হইতেছে। ইনি জন্মশ্না—এই কথার দ্বারা জন্ম প্রতিষিদ্ধ হইল; মরেন না—ইহাতে বিনাশ প্রতিষিদ্ধ হইল। ইনি কথন উৎপল্ল হযেন নাই এজনা বর্ত্তমান নাই। যাহা জন্মে, তাহাকেই বর্ত্তমান বলা যায়; কিন্তু ইনি প্র্বে হইতে স্বতঃ সদুপে আছেন, অতএব উৎপল্ল হইয়া ষে বিদামানতা, তাহা ই'হাব নাই। এবং সেই জনা ইনি আবার জন্মিবেন না। সেই জন্য ইনি অজ অর্থাৎ জন্মশ্ন্য, ইনি নিত্য অর্থাৎ স্বর্দা একর্প শাশ্বত অর্থাৎ অপক্ষশশ্ন্য, প্রাণ অর্থাৎ বিপরিণামশ্ন্য।

এক্ষপে পাঠক. এই দৃইটি শ্লোকের প্রতি মনোভিনিবেশ করিলেই দেখিতে পাইবেন যে, আজাব এই অবিক্রিম্ববাদ সন্বন্ধে কোন কথা স্পন্টতঃ মূলে নাই। অস্পন্টতঃ "নায়ঃ হাস্ত" এই কথাটা আছে. কিস্তু ইহার অন্য অর্থ না হইতে পারে. এমনও নহে। যদি কেহ মরে না. তবে অন্যাও কাহাকে মারে না।

আত্মা যে অবিক্রিয়, ইহা প্রাচীন দর্শনিশান্তের একটি মত। তত্ত্বটা কি, তাহা পাঠককে ব্রুঝান যাইতে পারে, কিন্তু সে প্রসঙ্গ উত্থাপিত করা আবশ্যক বোধ হইতেছে না। আবশ্যক বোধ হইতেছে না, তাহার কারণ, আমরা গীতার বাাখ্যায় প্রবৃত্ত, কিন্তু এই দ্বিট প্লোক গীতার নহে। শ্লোক দ্বিট কঠোপনিষদের। গীতার দ্বিতীয় অধ্যায়ের যেটি ১৯শ শ্লোক, তাহা কঠোপনিষদেরও দ্বিতীয় বল্লীব ১৯শ শ্লোক; আর গীতার ঐ অধ্যায়ের যেটি ২০শ শ্লোক, তাহাও কঠোপনিষদের ঐ বল্লীব ১৮শ শ্লোক। গীতার শ্লোক ও কঠোপনিষদের শ্লোক পাশাপাশি লেখা যাইতেছে।

গীতা।

য এনং বেত্তি হস্তারং যদৈচনং মন্যতে হতম্।
উভো তো ন বিজানীতো নায়ং হস্তি ন হন্যতে॥২।১৯
ন জায়তে ম্রিয়তে বা কদাচিন্নায়ং ভূষা ভবিতা বা ন ভূয়ঃ।
অজো নিজঃ শাশ্বতোহয়স্প্রাণো ন হন্যতে হন্যমানে শরীরে॥২।২০
কঠোপনিষদ্

হস্তা চেন্মন্যতে হস্তুং হতশেল্মন্যতে হতম্। উভো তো ন বিজ্ঞানীতো নায়ং হস্তি ন হনাতে॥২।১৯ ন জায়তে ম্বির্যাত বা বিপশ্চিমায়ং কুতশ্চিম বভূব কশ্চিং। অজো নিতাঃ শাশ্বতোহয়স্প্রোশো ন হন্যতে হন্যানে শ্রীরে॥ ২।১৮

শ্লোক দুইটি কঠোপনিষদ্ হইতে গীতার আনীত ইইরাছে, গীতা ইইতে কঠোপনিষদে নীত হয় নাই। এ কথা লইয়া বোধ করি বেশী বিচারের প্রয়োজন নাই। আমরা দেখিব. উপনিষদ্ হইতে অনেক শ্লোক গীতার আনীত ইইরাছে। অন্ততঃ প্রাচীন ভাষ্যকারদিগের এই মত। শঙ্করাচার্য্য লিখিয়াছেন—"শোকমোহাদিসংসারকারণনিব্ত্তার্থং গীতাশাস্ত্রং ন প্রবর্তকিনিত্যেতং পার্থস্য সাক্ষীভূতে খচাবানিনায়" এবং আনশ্চগিবি লিখিয়াছেন— ইন্থা চেক্মন্যতে হন্তুং ইত্যাদ্যাম্চমর্থতো দশ্রিষা ব্যাচণ্টে য এনমিতি।"

এক্ষণে এই শ্লোক সম্বন্ধে দুইটি কথা বলিতে বাধ্য হইতেছি।

প্রথম, আত্মা যদি কর্ত্তা নহে, তবে কম্ম'যোগ জলে ভাসাইয়া দিতে হয়। শঙ্করাচার্য্যের যে তাহ।ই উদ্দেশ্য, ইহা বলা বাহ্মল্য। কম্ম'যোগের কথা যথন পড়িবে, পাঠক তখন এ বিধয়ের বিচার কারতে পারিবেন।

দ্বিতীয়, আত্মার অবিক্রিয়ত্ব একটা দার্শনিক মত। প্রাচীন কালে সকল দেশে, দর্শনি ধন্মের স্থান অধিকার করে এবং ধন্ম দর্শনের অনুগামী হয়। ইহা উভয়েরই অনিট্টকারী। ধন্ম ও দর্শনি পরস্পর হইতে বিযুক্ত হইলেই উভয়ের উন্নতি হয়, নচেং হয় না। এই তত্ত্বি সপ্রমাণ করিয়া কোম্ং ও তংশিষ্যাণ দর্শনি ও ধন্ম উভয়েরই উপকার করিয়াছেন। আমাদিগেরও সেই মার্গবিলন্দ্রী হওয়া উচিত।

দার্শানিক মত যাহাই হউক, হিন্দুধন্মের সাধারণ মত—আত্মাই কর্ত্রা। ইহা প্রমাণ করিবার জন্য শত পৃষ্ঠা ধরিয়া বচন উদ্ধৃত করিতে পারা যায়। আমরা কেবল দুইটি কথা তুলিব। এজটি উপনিষদ হইতে, আর একটি পুরাণ হইতে।

আত্মা বা ইদ্য়েক এবাগ্র আসীং।
নানাং কিণ্ডন মিষং।
স ঈক্ষত লোকান্ ন্মৃজা ইতি॥১
স ইমাল্লোকানস্জত অস্তো মরীচীম্মরিমিত্যাদি।
অংশবদীগৈত্বেয়োপনিষং।

আত্মাই সব সৃষ্টি করিয়াছেন, সন্তরাং আত্মাই কতা।
দ্বিতীয় উদাহরণ প্রাণ হইতে গ্রহণ করিতেছি। উহা কঠোপনিষদের শ্লোকের সঙ্গে তুলনা করিয়া পাঠক দেখিবেন, হিন্দুশাস্কের মধ্যে ঐক্যের সন্ধান করা কি যক্ত্যা—

কঃ কেন হন্যতে জন্তুজন্তিঃ কঃ কেন রক্ষ্যতে। হন্তি রক্ষতি চৈবাজা হাসং সাধ্য সমাচরন্। বিষ্ণুপ্রাণ।১।১৮।২১

বেদাবিনাশিনং নিতাং য এনমজমবায়ম্। কথং স পুরুষঃ পাথ কং ঘাতরতি হস্তি কম্॥ ২১॥

যে ইহাকে অবিনাশী, নিত্য, অজ এবং অব্যয় বিলয়া জানে, হে পার্থ, সে প্রবাধ কাহাকে মারে : কাহাকেই বা হনন করায় ? ।২১ ।

ভাবার্থ—যে জানে যে, দেহ নাশ হইলেই শরীরীর বিনাশ হইল না, সে যদি কাহারও দেহধন্বপের কারণ হয়, তবে তাহার উচিত নহে যে, সে "আমি ইহার বিনাশের কারণ হইলাম" বিলিয়া দুঃখিত হয়। কেন না, আত্মা অবিনাশী। শ্রীরের বিনাশে তাহার বিনাশ হইল না।

তবে যদি বল যে. "ভাল, আত্মার বিনাশ না হউক, কিন্তু শরীরের ত বিনাশ আছেই। শরীরনাশেরই বা আমি কেন কারণ হই?" তাহার উত্তর পরশ্লোকে কথিত হইতেছে

> বাসাংসি জীপানি যথা বিহায় নবানি গ্হাতি নরোহপরাণি। তথা শরীরাণি বিহায় জীপা-ন্যন্যানি সংযাতি নবানি দেহী॥২২॥

যেমন মন্য্য জীর্ণ বদ্ত পরিত্যাগ করিয়া অপর ন্তন বদ্ত* গ্রহণ করে, তেমনি আ্রা প্রাতন শ্রীর পরিত্যাগ করিয়া ন্তন শ্রীরে সংগত হয়।২২।

অর্থাৎ যেমন তোমার জীপ বস্তু কেহ ছি'ড়িয়া দিক বা না দিক, তোমাকে জীপ বস্তু পরিত্যাগ করিয়া নতেন বস্তু গ্রহণ করিতেই হইবে, তেমান তুমি যান্ধ কর বা না কর যোদ্ধাণ অবশ্য দেহত্যাগ করিবে, তোমার যান্ধবিরতিতে তাহাদের দেহনাশ নিবারণ হইবে না। তবে কেন যান্ধ করিবে না?

শ্মরণ রাখা কর্ত্তব্য যে. যে ব্যক্তি বধকার্য্য করিতে হইবে বলিয়া শোকমোহপ্রযুক্ত ধন্মবিদ্ধ হইতে বিমন্থ হয়, তাহার প্রতি এই সকল বাক্য প্রযোজ্য। নচেং আত্মা অবিনশ্বর এবং দেহমার নশ্বর, ইহার এমন অর্থ নহে যে. কেহ কাহাকে খনুন করিলে তাহাতে দোষ নাই। খনুন করিলে দোষ আছে কি না আছে—সে বিচারের সঙ্গে এ বিচারের কোন সন্বন্ধই নাই—থাকিতেও পারে না। এখানে বিবেচ্য, ধন্মবিদ্ধে শোকমোহের কোন কারণ আছে কি না? উত্তর—কারণ নাই, কেন না, আত্মা অবিনশ্বর, আর দেহ নশ্বর। দেহী কেবল নতন কাপড় পরিবে মাত্র তাহাতে কাদাকাটার কথাটা কি?

নৈনং ছিন্দান্ত শস্ত্রাণি নৈনং দহতি পাবকঃ। ন চৈনং ক্রেদয়ন্ত্যাপো ন শোষয়তি মার্তঃ॥২৩॥

এই (আত্মা) অসের কাটে না, আগন্নে পন্ডে না, জলে ভিজে না, এবং বাতাসে শক্তায় না।২৩।

আত্মা নিরবয়ব, এই জন্য অস্ত্রাদির অতীত।

অচ্ছেদ্যোহ্যমদাহ্যোহ্যমক্লেদ্যোহশোষ্য এব চ। নিত্যঃ সৰ্বাগতঃ স্থাণ্যৱচলোহয়ং সনাতনঃ। অব্যক্তোহ্যমচিন্ড্যোহ্যমবিকার্যোহ্যমনুচ্যতে॥ ২৪॥

ইনি ছেদনীয় নহেন, দহনীয় নহেন. ক্লেদনীয় নহেন এবং শোষণীয় নহেন। (ইনি) নিত্য, সৰ্বগত, স্থাণ, অচল, সনাতন, অব্যক্ত, অচিন্তা অবিকাষ্য বলিয়া কথিত হন। ২৪।

স্থান,—অর্থাৎ স্থিরস্বভাব। অচল—প্র্বর্প অপরিত্যাগী। সনাতন—চিরন্তন, অনাদি। অব্যক্ত—চক্ষ্রাদি জ্ঞানেন্দ্রিরে অবিষয়। অচিন্ত্য –মনের অবিষয়। অবিকার্যা অচল—কম্মেন্থিয়ের অবিষয়।

শঙ্কর এই শ্লোকের অর্থ এইর্প করেন। আত্মা অচ্ছেদ্য ইত্যাদি, এজন্য আত্মা নিতা-নিতা—এজন্য সর্ব্বগত স্বর্থত—এজন্য স্থিরস্বভাব; স্থিরস্বভাব—এজন্য অচল; অচল- এজন্য স্নাতন, ইত্যাদি।

তম্মাদেবং বিদিছৈনং নানুশোচিত্মহাসি॥ ২৫॥
অতএব ইহাকে এইরূপ জানিয়া, শোক করিও না। ২৫।
অথ চৈন নিত্যজাতং নিতাং বা মন্যসে মৃতম্।
তথাপি ছং মহাবাহো নৈনং† শোচিত্মহাসি॥ ২৬॥

আর যদি ইহা তুমি মনে কর, আত্মা সর্ম্পদাই জন্মে, সর্ম্পদা মরে, তথাপি হে মহাবাহো! ইহার জন্য শোক করিও না। ২৬।

কেন তথাপি শোক করিবে না? শংকর বলেন, মৃত্যু অবশাদ্ভাবী বলিয়া। পরশ্লোকেও সেই কথা আছে। কিন্তু পরশ্লোকে "ধ্রুবং জন্ম মৃতসা চ"—এই বাক্যে আত্মার অবিনাশিতাও স্টিত হইতেছে। তাহা হইলে আর আত্মার বিনাশ স্বীকার করা হইল কৈ? এবং নৃত্ন কথাই বা কি হইল? এই জন্য শ্রীধর আর এক প্রকার ব্রুবাইয়াছিলেন। তিনি বলেন যে,

* "It was if my soul were thinking separately from the body; she looked upon the body as a foreign substance, as we look upon a garment." Wilhelm Meister, Carlyle's Translation, Book VI.

যে কয়টা কথা ইটালিক অক্ষরে লিখিলাম, পাঠক তংপ্রতি অন্ধাবন করিবেন, গীতার কথাটা বেশ বুঝা যাইবে।

† "নৈবং" পাঠান্তর।

আত্মাও যদি মরিল, তাহা হইলে তোমাকেও আর পাপপ্রণ্যের ফলভাগী হইতে হইবে না, তবে আর দঃখের বিষয় কি?

क्न ज्थाि रगाक कांत्रत्व ना, जाशा भत्रत्थात्क वना श्रदेख्य ।

জাতস্য হি ধ্রুবো মৃত্যুর্ধ্বং জন্ম মৃতস্য চ। তস্মাদপরিহার্ব্যেহর্থেন সং শোচিতুমহাসি॥ ২৭॥

যে জন্মে, সে অবশ্য মরে; যে মরে, সে অবশ্য জন্মে; অতএব যাহা অপরিহারণ তাহাতে শোক করিও না। ২৭।

আত্মার অবিনাশিতা গীতাকারের হাড়ে হাড়ে প্রবেশ করিরাছে। "নিতাং বা মন্যসে ম্তম্" বালিয়া মানিয়া লইরাও, উত্তরে আবার বালিতেছেন, "ধ্বং জন্ম মৃতস্য চ।" যদি মরিলে আবার অবশ্য জন্মিবে, তবে আত্মা অবশ্য অবিনাশী, "নিতাং বা মৃন্যসে মৃতম্" বলা আর খাটে না। তবে প্রীধরের ব্যাখ্যা গ্রহণ করিলে এ আপত্তি উপস্থিত হয় না।

অব্যক্তাদীনি ভূতানি ব্যক্তমধ্যানি ভারত। অব্যক্তনিধনান্যেব তত্ত্ব কা পরিবেদনা॥ ২৮ ॥

জীবসকল আদিতে অব্যক্ত, (কেবল) মধ্যে বাক্ত, (আবার) নিধনে অব্যক্ত: সেখানে শোক-বিলাপ কি? ২৮।

অব্যক্ত শব্দের অর্থ প্রেব্ধ বলা হইয়াছে। শৃৎকর অর্থ করেন, "অব্যক্তমদর্শনমন্পলন্ধি-র্যেষাং ভূতানাং" অর্থাৎ যে (যে অবস্থায়) ভূতসকলের দর্শন বা উপলব্ধি নাই। শ্রীধর অর্থ করেন: "অব্যক্তং প্রধানং তদেবাদি উৎপত্তিঃ প্র্বের্পুম্।" অর্থাৎ ভূত সকল উৎপত্তির প্রেব্ধ কারণর্পে অব্যক্ত থাকে। অপর সকলে কেহ শ্রীধরের, কেহ শৃৎকরের অন্বক্তী হইয়াছেন। শৃৎকরের অর্থ গ্রহণ করিলেই অর্থ সহজে বুঝা যায়।

শ্লোকের অর্থ এই যে, যেখানে জীব সকল আদিতে অর্থাৎ জন্মের প্রেবর্ণ চক্ষর্রাদির অতীত ছিল; কেবল মধ্যে দিনকত জন্মগ্রহণ করিয়া ব্যক্তর্প হইয়াছিল, শেষে মৃত্যুর পর আবার চক্ষ্রাদির অতীত হইবে, তখন আর তজ্জন্য শোক করিব কেন? "প্রতিব্যক্ষস্য স্বপ্লদ্ভবস্থুন্বিব শোকো ন য্জাতে" (শ্রীধর স্বামী)—ঘুম ভাঙ্গিলে স্বপ্লদ্ভ বস্তুর ন্যায় জীবের জন্য শোক অনুচিত।

এখানেও আত্মার অবিনাশিত্ববাদ জাজ্বল্যমান।

আশ্চর্য্যবং পশ্যতি কশ্চিদেন-মাশ্চর্য্যবদ্ধতি তথৈব চানাঃ। আশ্চর্য্যবৈচ্চনমনাঃ শ্লোতি শ্রহাপ্যেনং বেদ ন চৈব কশ্চিং॥ ২৯ ॥

এই (আত্মা)কে কেহ আশ্চর্যাবৎ দেখেন; কেহ ইহাকে আশ্চর্যাবৎ বলেন; কেচ ইহাকে আশ্চর্যাবৎ শানিয়া থাকেন। শানিয়াও কেহ ইহাকে জানিতে পারিলেন না। ২৯।

এই শ্লোকের অভিপ্রায় এই। আত্মা অবিনাশী হইলেও পশ্তিতেরাও মৃত ব্যক্তির জন। শোক করিয়া থাকেন বটে। কিন্তু তাহার কারণ এই যে, তাঁহারাও প্রকৃত আত্মতত্ত্ব অবগত নহেন। আত্মা তাঁহাদের নিকট বিদ্যায়ের বিষয় মাত্র—তাঁহারা আশ্চর্য্য বিবেচনা করেন। আত্মার দক্তের্মতাবশতঃ সকলের এই ভ্রান্তি।

এ কথাতে এই আপত্তি হইতে পারে যে, "আত্মা অনিনাশী" এবং "ইণ্দ্রিয়াদির অবিষয়" এই সকল কথাতে এমন কিছু নাই যে, পশ্চিতেও ব্রিষ্কতে পারে না। কিন্তু ভগবদ্বতির উদ্দেশ্য কেবল দ্বর্থোধ্যতা প্রতিপাদন করা নহে। আমরা আত্মার অবিনাশিতা ব্রিতে পারিলেও কথাটা আমাদের হৃদরে বড় প্রবেশ করে না। তদ্বিষ্কক যে বিশ্বাস, তাহা আমাদের সমস্ত জ্বীবন শাসিত করে না। এই বিশ্বাসকে আমরা একটা সর্ম্বাদা-জাজ্বলামান জ্বীবন্ত স্বর্থা-হৃদয়ে-প্রস্কৃতিত-ব্যাপারে পরিণত করি না। ইহাই ভগবদ্বিত্তর উদ্দেশ্য।

দেহী নিতামবধ্যোহরং দেহে সর্বাস্য ভারত। তম্মাং সর্বাদি ভতানি ন স্বং শোচিত্মহাসি॥ ৩০ ॥

হে ভারত! সকলের দেহে, আন্ধা নিত্য ও অবধ্য। অতএব জীব সকলের জন্য তোমার শোক করা উচিত নহে। ৩০।

₹ 2-86

আন্থার অবিনাশিতা সম্বন্ধে বাহা কথিত হইল, এই শ্লোক তাহার উপসংহার। স্বধন্মর্মাপ চাবেক্ষ্য ন বিকশ্পিতুমহাসি।

ধৰ্ম্ম্যাদ্ধি যুদ্ধাচ্ছে রোহনাৎ ক্ষরিয়স্য ন বিদ্যতে॥ ৩১ ॥

স্বধর্ম্ম প্রতি দ্থিট রাখিয়া ভীত হইও না। ধর্ম্মা মৃদ্ধের অপেক্ষা ক্ষরিয়ের পক্ষে শ্রেয় আর নাই। ৩১।

এক্ষণে ১১ ও ২২ শ্লোকের টীকায় যাহা বলা গিয়াছে, তাহা স্মরণ করিতে হইবে। স্বধন্ম কি, তাহা প্রেৰ্ব বলিয়াছি। ক্ষগ্রিয় অর্থাৎ যুদ্ধব্যবসায়ীর স্বধশ্ম—যুদ্ধ। কিন্তু যোদ্ধার দ্বধৰ্ম যুদ্ধ বলিয়া যে, যুদ্ধ উপস্থিত হইলেই যে যোদ্ধাকে তাহাতে প্ৰবৃত্ত হইতে হইবে, এমন নহে। অনেক সময়ে যুদ্ধে প্রবৃত্ত হওয়া যোদ্ধার পক্ষে অধর্ম্ম। অনেক রাজা পরস্বাপহরণ জনাই যুদ্ধ করেন। তাদৃশ যুদ্ধে প্রবৃত্ত হওয়া ধর্মানুমত নহে। কিন্তু যে যুদ্ধব্যবসায়ী, মনুষ্য-সমাজের দোষে তাহাকে তাহাতেও প্রবৃত্ত হইতে হয়। যোদ্ধ্যণ রাজা বা সেনাপতির আজ্ঞান,বত্তী'। তাঁহাদের আজ্ঞামত যদ্ধ করিতে, অধীন বোদ,মাত্রেই বাধা। কিন্তু সে অবস্থায় যুদ্ধ করিলেও তাঁহারা পরস্বাপহরণ ইত্যাদি পাপের অংশী হয়েন। এই অধন্ম যুদ্ধই অনেক। যোদ্ধা তাহা হইতে কোনরূপে নিষ্কৃতি পান না। ভীষ্মের ন্যায় প্রমধান্মিক ব্যক্তিরও অন্নদাসম্বশতঃ দুর্য্যোধনের পক্ষাবলম্বনপূর্বক অধন্মযুদ্ধে প্রবৃত্ত হওয়ার কথা এই মহাভারতেই আছে। ইউরোপীয় সৈনামধ্যে থ্রিজলে ভীক্ষের অবস্থাপন্ন লোক সহস্র সহস্র পাওয়া যাইবে। অতএব যোদ্ধার এই মহৎ দুর্ভাগ্য যে, স্বধন্ম পালন করিতে গিয়া, অনেক সময়েই অধন্মে লিপ্ত হইতে হয়। ধান্মিক যোদ্ধা ইহাকে মহন্দরেখ বিবেচনা করেন। কিন্তু ধশ্মযাদ্বত আছে। আত্মরক্ষা, স্বজনরক্ষা, সমাজরক্ষা, দেশরক্ষা, সমন্ত প্রজার রক্ষা, ধশ্মরিক্ষাব জনা যুদ্ধ উপস্থিত হয়। এইরূপ যুদ্ধে যোদ্ধার অধর্ম্ম সঞ্চয় না হইয়া পরম ধর্ম্ম সঞ্চয় হয়। এখানে কেবল স্বধন্মপালন নহে, তাহার সঙ্গে অনন্ত পুণা সঞ্চয়। এরপে ধন্মযিদ্ধ যে যোদ্ধার অদুটে ঘটে, সে পরম ভাগাবান। অভ্রুনের সেই সময় উপস্থিত, এর প যুদ্ধে অপ্রবৃত্তি পরম অধন্ম-অন্থাক স্বধন্মপরিত্যাগ। অজ্জান সেই অন্থাক স্বধন্মপরিত্যাগর্প ঘোরতর অধন্মে প্রবৃত্ত। ইহার কারণ আর কিছু নহে। কেবল স্বজনাদি নিধনের ভয়। সেই ভয়ে ভীত শোকাকুল বা মৃদ্ধ হইবার কোন কারণ নাই, তাহা ভগবান্ ব্রুঝাইলেন: ব্রুঝাইলেন যে কেহ মরিবে না-কেন না, দেহী অমর। যাইবে কেবল শ্না দেহ। কিন্তু সেটা ত জীপ করু মাত্র। অতএব স্বজনবধাশ কায় ভীত হইয়া স্বধম্মে উপেক্ষা অকর্ত্তবা। এই ধন্ময় দের মত এমন মঙ্গলময় ব্যাপার ক্ষতিয়ের আর ঘটে না। ইহাই শ্লোকার্থ।

যদুচ্ছয়া চোুপপলং স্বৰ্গদারমপাব্তম্।

স্থিনঃ ক্রিয়া পার্থ লভন্তে যুদ্ধমীদৃশম্॥ ৩২ ॥

মৃক্ত স্বৰ্গদ্বারুবর্প ঈদৃশ যুদ্ধ, আপনা হইতে যাহা উপস্থিত হইয়াছে, সুখী ক্ষান্তিয়েরাই ইহা লাভ করিয়া থাকে। ৩২।

অথ চেত্রমিমং ধর্ম্মাং সংগ্রামং ন করিব্যাস। ততঃ স্বধর্ম্মাং কীর্ত্তিও হিদ্বা পাপ্মবাস্যাস॥ ৩৩॥

আর যদি তুমি এই ধর্ম্মা যুদ্ধ না কর, তবে স্বধর্ম্ম এবং কীর্ত্তি পরিত্যাগে পাপযুক্ত হইবে। ৩৩।

৩১ শ্লোকের টীকার যাহা লেখা গিয়াছে, তাহাতেই এই দুই শ্লোকের তাৎপর্য্য স্পষ্ট বুঝা যাইবে।

অকীর্ত্তিশাপি ভূতানি কথায়ষ্যতি তেহব্য়াম্। সম্ভাবিতস্য চাকীত্তিমরণাদতিরিচ্ছত ॥ ৩৪ ॥

লোকে তোমার চিরস্থায়ী অকীন্তি ঘোষণা করিবে। সমর্থ ব্যক্তির অকনিত্র অপেক্ষা মৃত্যু ভাল। ৩৪।

> ভরাদ্রণাদ_্পরতং মংসাতে স্থাং মহারথাঃ। যেষাঞ্চ স্থাং বহুমতো ভূষা যাস্যাস লাঘবম্যা ৩৫ ॥

মহারথগণ মনে করিবেন, তুমি ভয়ে রণ হইতে বিরত হইলে। যাঁহারা তোমাকে বহুমান করেন, তাঁহাদিগের নিকট তুমি লাঘব প্রাপ্ত হইবে। ৩৫। অবাচ্যবাদাংশ্চ বহুন্ বদিষ্যন্তি তবাহিতাঃ। নিন্দপ্তস্তব সামর্থ্যং ততো দুঃখতরং নু কিম্॥ ৩৬॥

তোমার শত্রগণ তোমার সামর্থ্যের নিন্দা করিবে ও অনেক অবাচ্য কথা বালিবে। তার পর অধিক দৃঃখ আর কি আছে? । ৩৬।

হতো বা প্রাম্যাস স্কাং জিম্বা বা ভোক্ষাসে মহীম্। তস্মাদ্বিভন্ঠ কোন্ডেয় যদ্ধায় কৃতনিশ্চয়ঃ॥ ৩৭॥

হত হইলে দ্বর্গ পাইবে। জ্বয়ী হইলে প্থিবী ভোগ করিবে। অতএব হে কোন্তেয়! মুদ্ধে কৃতনিশ্চয় হইয়া উদ্ধান কর। ৩৭।

৩৪।৩৫।৩৬।৩৭, এই চারিটি শ্লোক কি প্রকারে এখানে আদিল, তাহা বৃঝা যায় না। এই চারিটি শ্লোক গীতার অযোগ্য। গীতায় ধর্ম্মপ্রসঙ্গ আছে, এবং দার্শনিক তত্ত্বও আছে। এই চারিটি শ্লোকের বিষয় না ধর্ম্ম, না দার্শনিক তত্ত্ব। ইহাতে বিষয়ী লোকে যে অসার অগ্রন্ধেয় কথা সচরাচর উপদেশ স্বর্পে ব্যবহার করে, তাহা ভিন্ন আর কিছ্ নাই। ইহা ঘোরতর স্বার্থবাদে পূর্ণ, তাহা ভিন্ন আর কিছ্ নহে।

৩৩শ শ্লোক পর্যান্ত ভগবান অরুজ্বনৈকে আত্মতত্ত্ব সম্বন্ধীয় পরম পবিত্র উপদেশ দিলেন। ৩৮ শ্লোক হইতে আবার জ্ঞান ও কম্ম সম্বন্ধীয় পর্ম পবিত উপদেশ আরম্ভ হইবে। এই চারিটি শ্লোকের সঙ্গে, দুইয়ের একেরও কোন প্রকার সম্বন্ধ নাই। তৎপরিবর্ত্তে লোক-নিন্দা-ভয় প্রদর্শিত হইতেছে। বলা বাহ্মল্য যে, লোক-নিন্দা-ভয় কোন প্রকার ধর্ম্ম নহে। সতা বটে, আধুনিক সমাজ সকলে ধর্ম্ম এতই দুর্ব্বল যে, অনেক সময়ে লোক-নিন্দা-ভয় ধন্মের স্থান অধিকার করে। অনেক চোর চোর্যো ইচ্ছুক হইয়াও কেবল লোক-নিন্দা-ভয়ে চুরি করে না, অনেক পারদারিক লোক-নিন্দা-ভয়েই শাসিত থাকে। তাহা হইলেও ইহা ধর্ম্ম হইল না: পিতলকে গিল্টি করিলে দুই চারি দিন সোনা বলিয়া চালান যায় বটে, কিন্তু তাহা বলিয়া পিতল সোনা হয় না। পক্ষান্তরে এই লোক-নিন্দা বহ,তর পাপের কারণ। আজিকার দিনে হিন্দ, সমাজের দ্র্বাহত্যা ও স্মাহত্যা অনেকই এই লোক-নিন্দা-ভয় হইতে উৎপন্ন। এক সময়ে ফরাসীর দেশে উচ্চ শ্রেণীর লোকের মধ্যে পারদারিকতার অভাবই নিন্দার কারণ ছিল। সিয়াপোষ নহে, সে সমাজে নিন্দিত—তাহার বিবাহ হয় না। সকল সমাজেরই সহস্র সহস্র পাপ লোক-নিন্দা-ভয় হইতেই উৎপন্ন: কেন না, সাধারণ লোক নির্বোধ, যাহা ভাল, তাহারও নিন্দা कित्रया थारक। लाटक यारा जान वरल, मन्या अथन जारातरे अस्वयम करत विनयारे मन्यात ধর্ম্মাচরণে অবসর বা তৎপ্রতি মনোযোগ নাই। লোক-নিন্দা-ভয়ে অনেকে যে ধর্ম্মাচরণ করিতে পারে না. এবং ধর্ম্মাচরণে প্রবাত্ত ব্যক্তিকে অসার লোকে লোক-নিন্দা-ভয় প্রদর্শন করে. ইহা সচরাচর দেখা গিয়া থাকে। যে লোক-নিন্দা-ভয়ে যুদ্ধে প্রবৃত্ত, সে সাক্ষাৎ নরপিশাচ। ভগবান न्दाः य जन्द्रात्क मारे भराभाभ উপनिन्हें क्रियन, रेश महत नह । क्वान खानवान क्रिक्टे ইহা ঈশ্বরোক্তি বলিয়া গ্রহণ করিবেন না। ইহা গীতাকারের নিজের কথা বলিয়াও গ্রহণ করিতে পারা যায় না; কেন না, গীতাকার যেই হউন, তিনি পরম জ্ঞানী এবং ভগবদ্ধামের্ম স্ফুদীক্ষিত; এরপে পাপোজি তাঁহা হইতেও সম্ভবে না। যদি কেহ বলেন যে, এই প্লোক চারিটি প্রক্রিপ্ত তবে তাঁহাকে স্বীকার করিতে হইবে যে, ইহা শব্দরের পর প্রক্লিপ্ত হইয়াছে। অভিনবগ্রপ্তাচার্য্য এই কয় শ্লোককে "লোকিক ন্যায়" বালয়াছেন। স্বয়ং শ্রীকৃষ্ণ যদি "লোকিক ন্যায়" পরিত্যাগ না করিবেন, তবে আর দাঁডাই কোথায়! যাহাই হউক, লোকনিন্দার কথার পর ও পরিধবীভোগের কথার পরেই "এষা তেহভিহিতা সাংখ্যে বৃদ্ধির্যোগে" ইত্যাদি কথা অসংলগ্ন বোধ হয় বটে। অতএব যাঁহারা এই চারিটি প্লোক প্রক্রিপ্ত বলিবেন, তাঁহাদের সঙ্গে আমরা বিবাদ করিতে ইচ্ছক নহি।

বিলতে কেবল বাকি আছে যে, যদিও ৩৭শ শ্লোকে লোক-নিন্দা-ভয় দেখান নাই, তথাপি ইহা স্বার্থবাদ-পরিপূর্ণ। স্বর্গ বা রাজ্যের প্রলোভন দেখাইয়া ধন্মে প্রবৃত্ত করা, আর ছেলেকে মিঠাই দিব বলিয়া সংকশ্মে প্রবৃত্ত করা তুলা কথা, উভয়ই নিকৃষ্ট স্বার্থপরতার উত্তেজনা মাত্র।

স্থদ্ধে সমে কৃষা লাভালাভো জ্বরাজরো। ততো যুদ্ধার যুদ্ধান্য নৈবং পাসম্বাস্গাল। ০৮॥

र्वाण्कन तहनावणी

করিয়া থাকেন—কর্ম ফল পাইবার জন্য। এই সকলের ইহলোকে যে কোন প্রকার ফল পাওয়া বার না, এমন কথা আমরা বলি না। একাদশীরত করিলে শারীরিক স্বাস্থ্য লাভ করা যায় এবং অন্যান্য যাগয়জ্ঞের ও ব্রত্যাদির কোন কোন প্রকার শারীরিক বা মার্নাসক ফল পাওয়া যাইতে পারে। তবে হিন্দর্বা সচরাচর যে সকল ফল কামনা করিয়া এই সকল অনুষ্ঠান করেন, তাহা এ জন্মে পাওয়া যায় না বটে। ভরসা করি, এ টীকার এমন কোন পাঠক উপস্থিত হইবেন না, যিনি এ প্রশেনর কোন উত্তর প্রত্যাশা করিবেন।

নেহাভিক্রমনাশোহস্তি প্রত্যবারো ন বিদ্যতে। স্বল্পমপ্যস্য ধর্ম্মস্য রায়তে মহতো ভরাং॥ ৪০॥

এই (কম্মাযোগে) প্রারম্ভের নাশ নাই; প্রত্যবায় নাই; এ ধন্মের অলপতেই মহন্তর হইতে পরিবাশ পাওয়া যায়।৪০।

জ্ঞান সম্বন্ধে এর্প কথা বলা যায় না। কেন না, অলপ জ্ঞানের কোন ফলোপধায়িতা নাই; বরং প্রত্যবার আছে, উদাহরণ—সামান্য জ্ঞানীর ঈশ্বরান্সন্ধানে নান্তিকতা উপস্থিত হইয়া থাকে; এমন সচরাচর দেখা গিয়াছে।

ব্যবসায়াত্মিকা বৃদ্ধিরেকেই কুর্নন্দন। বহুশাখা হানভাশ্চ বৃদ্ধয়োহব্যবসায়িনাম্॥ ৪১॥

হে কুর্নন্দন! ইহাতে (কম্মবোগে) ব্যবসায়াত্মিকা (নিশ্চয়াত্মিকা) বৃদ্ধি একই হইয়া

থাকে। কিন্তু অব্যবসায়িগণের বৃদ্ধি বহুশাখাযুক্ত ও অনন্ত হইয়া থাকে। ৪১।

শ্রীধর বলেন, "পরমেশ্বরে ভক্তির দ্বারা আমি নিশ্চিত ত্রাণ পাইব," এই নিশ্চয়াত্মিকা বৃদ্ধি ব্যবসায়াত্মিকা বৃদ্ধি। ইহা একই হয়, অর্থাৎ একনিষ্ঠই হয়, নানা বিষয়ে ধাবিত হয় না। কিন্তু যাহারা অব্যবসায়ী, অর্থাৎ যাহাদের সের্প নিশ্চয়াত্মিকা বৃদ্ধি নাই, অর্থাৎ যাহারা ঈশ্বরারাধনাবহিম খ, এবং সকাম, তাহাদের কামনা সকল অনস্ত, এবং কম্মফল-গ্লফলত্মাদির প্রকারভেদ আছে, এজন্য তাহাদের বৃদ্ধিও বহুশাখা ও অনস্ত হয়, অর্থাৎ কত দিকে যায়, তাহার অস্ত নাই। যাহার কামনাপরবশ, এবং কামনাপরবশ হইয়াই কাম্য কম্ম করিয়া থাকে, তাহাদের ইশ্বরারাধনার বৃদ্ধি একনিষ্ঠ নহে, নানাবিধ বিষয়েই প্রধাবিত হয়।

কথাটার স্থ্রল তাৎপর্য্য এই। ভগবান্ কম্ম যোগের অবতারণা করিতেছেন, কিন্তু অর্জ্বন্দ্র সহসা মনে করিতে পারেন যে, কাম্য কম্মের অনুষ্ঠানই কম্ম যোগ; কেন না, তৎকালে বৈদিক কাম্য কর্ম্মেই কর্ম্ম বিলয়া পরিচিত। কর্ম্ম বিললে সেই সকল কর্মেই ব্রুয়ায়। অতএব প্রথমেই ভগবান্ বিলয়া রাখিতেছেন যে, কাম্য কর্ম্ম কর্ম্মেগ নহে, তাহার বিরোধী। কর্ম্ম কি, তাহা পশ্চাৎ বিলবেন, কিন্তু তাহা বিলবার আগে এ বিষয়ে যে সাধারণ ক্রম প্রচলিত, পরে তাহারই

নিরাস করিতেছেন।

বামিমাং প্রভিপতাং বাচং প্রবদন্ত্যবিপশ্চতঃ।
বেদবাদরতাঃ পার্থ নান্যদন্ত্যীতিবাদিনঃ॥ ৪২॥
কামাত্মানঃ স্বর্গপরা জন্মকন্মফলপ্রদাম।
ক্রিরাবিশেষবহ্নলাং ভোগেত্মর্যাগতিং প্রতি॥ ৪৩॥
ভোগেত্মর্যাপ্রসক্তানাং তয়াপহতচেতসাম্।
ব্যবসায়াত্মিকা বৃদ্ধিঃ সমাধৌ ন বিধীয়তে॥ ৪৪॥

হে পার্থ! অবিবেকিগণ এই প্রবণরমণীয়, জন্মকন্মফলপ্রদ ভোগৈশ্বর্য্যের সাধনভূত ক্রিয়াবিশেষবহ্ব বাক্য বলে, যাহারা বেদবাদরত, "(তন্তির) আর কিছুই নাই" যাহারা ইহা বলে, তাহারা কামান্ম্য, স্বর্গপর, ভোগৈশ্বর্যে আসক্ত এবং সেই কথায় যাহাদের চিত্ত অপহৃত, তাহাদের ব্যক্তি সমান্তিতে সংশ্রবিহীন হয় না।৪২।৪৩।৪৪।

এই তিনটি শ্লোক ও ইহার পরবন্তী দুই শ্লোকের ও ৫৩ শ্লোকের বিশেষ প্রাধান্য আছে; কেন না, এই ছয়টি শ্লোকে একটি বিশেষ ঐতিহাসিক তত্ত্ব নিহিত আছে। এবং গীতার এবং কৃষ্ণের মাহাত্ম্য ব্রিবার জন্য ইহা বিশেষ প্রয়োজনীয়। অতএব ইহার প্রতি পাঠকের বিশেষ মনোবোগের অনুরোধ করি।*

^{*} এই শ্লোক্যরের বিশেষ প্রাধান্য আছে বলিয়া পাঠকের সন্দেহভঞ্জনার্থ মংকৃত অনুবাদ ভিন্ন আর ৭২৬

প্রথমতঃ শ্লোকরয়ে যে কর্মট শব্দ ব্যবহৃত হইয়াছে, তাহা বুঝা যাউক।

কাম্য কম্মের কথা হইতেছিল। এখনও সেই কথাই হইতেছে। কাম্যক্রমিবিরিক্ষণী কথাকে আপাতশ্রনিতস্থকর বলা হইতেছে; কেন না, বলা হইরা থাকে যে, এই করিলে স্বর্গ লাভ হইবে, এই করিলে রাজ্যলাভ হইবে, ইত্যাদি।

সে সকল কথা "জন্মকর্ম্মফলপ্রদ"। শঙ্কর ইহার এইর্প অর্থ করেন, "জন্মৈব কর্ম্মণঃ ফলং জন্মকর্ম্মফলং. তং প্রদদাতীতি জন্মকর্মফলপ্রদা।" জন্মই কন্মের ফল, বাহা তাহা প্রদান করে, তাহা "জন্মকর্মফলপ্রদ"। শ্রীধর ভিন্ন প্রকার অর্থ করেন, "জন্ম চ তত্র কর্ম্মাণি চ তংফলানি চ প্রদদাতীতি।" জন্ম, তথা কর্ম্মা, এবং তাহার ফল, ইহা যে প্রদান করে। অন্বাদকেরা কেহ শঙ্করের, কেহ শ্রীধরের অন্বত্তী হইরাছেন। দুই অর্থই গ্রহণ করা বাইতে পারে।

তার পর ঐ কাম্যকর্ম্মবিষয়িণী কথাকে "ভোগৈশ্বর্য্যের সাধনভূত ক্রিয়াবিশেষবহ্ল" বলা হইয়াছে। তাহা ব্রিথবার কোন কন্ট নাই। ভোগেশ্বর্য্য প্রাপ্তির জন্য ক্রিয়াবিশেষের বাহ্ল্য ঐ সকল বিধিতে আছে. এই মাত্র অর্থ।

কথা এইর্প। যাহারা এই সকল কথা বলে, তাহারা "বেদবাদরত"। বেদেই এই সকল কাম্যকশ্মবিষ্টিশী কথা আছে—অন্ততঃ তৎকালে বেদেই ছিল; এবং এখনও ঐ সকল কশ্ম বেদম্লক বলিয়াই প্রসিদ্ধ ও অন্তেইর। যাহারা কাম্যকশ্মনির্রাগী, তাহারা বেদেরই দোহাই দেয়—বেদ ছাড়া "আর কিছু নাই" ইহাই বলে। অর্থাৎ বেদোক্ত কাম্যকশ্মাত্মক যে ধশ্ম, তাহা ভিন্ন আর কিছু ধশ্ম নাই, ইহাই তাহাদের মত। তাহারা "কামাত্মা" বা কাম্যাপরবশ—শ্বগ্রপর," অর্থাৎ স্বর্গই তাহাদের পরমপ্রব্রার্থ, ঈশ্বরে তাহাদের মতি নাই, মোক্ষলাভে তাহাদের আকাশ্কা নাই। তাহারা ভোগ এবং ঐশ্বর্যো আসক্ত—সেই জন্যই স্বর্গ কাম্যা করে: কেন না, স্বর্গ একটা ভোগৈশ্বর্যোর স্থান বলিয়া তাহাদের বিশ্বাস আছে। কাম্যকশ্মবিষয়ক প্রতিপত বাক্য তাহাদের মনকে মুদ্ধ করিয়া রাখিয়াছে। ঈদ্শ ব্যক্তিরা অবিবেকী বা মৃতৃ। সমাধিতে—ঈশ্বরে চিত্তের যে অভিমুখতা বা একাগ্রতা—তাহাতে এবংবিধ বৃদ্ধি নিশ্চয়াত্মিকা হয় না।

শ্লোকন্ত্ৰের অর্থ এক্ষণে আমরা ব্নিকতে পারিতেছি। বেদে নানা কাম্য কন্মের বিধি আছে; বেদে বলে যে, সেই সকল বহুপ্রকার কাম্য কন্মের ফলে স্বর্গাদি বহুনিধ ভোগেশ্বর্য প্রাপ্তি হয়, স্ত্তরাং আপাততঃ শ্ননিতে সে সকল কথা বড় মনোহারিণী। যাহারা কামনাপরায়ণ, আপনার ভোগেশ্বর্য খ্রেজ, সেই জন্য স্বর্গাদি কামনা করে, তাহাদের মন সেই সকল কথায় ম্বা হয়। তাহারা কেবল বেদের দোহাই দিয়া বেড়ায়, বলে—ইহা ছাড়া আর ধন্ম নাই। তাহারা মৃড়। তাহাদের বৃদ্ধি কথন ঈশ্বরে একাগ্র হইতে পারে না। কেন না, তাহাদের বৃদ্ধি "বহুশাখা" ও "অনস্তা", ইহা পৃত্বশ্লোকে কথিত হইয়াছে।

কথাটা বড় ভয়ানক ও বিক্ষায়কর। ভারতবর্ষ এই উনবিংশ শতাব্দীতেও বেদশাসিত। আজিও বেদের যে প্রতাপ, ব্রিটিশ গভর্শমেন্টের তাহার সহস্লাংশের এক অংশ নাই। সেই প্রাচীন কালে বেদের আবার ইহার সহস্রগ্ন প্রতাপ ছিল। সাংখ্যপ্রবচনকার ঈশ্বর মানেন না— ঈশ্বর নাই, এ কথা তিনি মৃক্তকপ্ঠে বলিতে সাহস করিয়াছেন, তিনিও বেদ অমান্য করিতে সাহস করেন না—প্রনঃ প্রনঃ বেদের দোহাই দিতে বাধ্য হইয়াছেন। প্রীকৃষ্ণ মৃক্তকপ্ঠে বলিতেছেন, এই বেদবাদীরা মৃঢ়, বিলাসী; ইহারা ঈশ্বরারাধনার অযোগ্য!

ইহার ভিতরে একটা ঐতিহাসিক তত্ত্ব নিহিত আছে। তাহা ব্রশাইবার আগে আর দ্ইটা

একটি অনুবাদ দেওয়া ভাল। এজনা কালীপ্রসন্ন সিংহের মহাভারতের অনুবাদকৃত অনুবাদও এ স্থলে দেওয়া গেল। উহা অবিকল অনুবাদ এমন বলা যায় না, কিন্তু বিশদ বটে।

"যাহারা আপাতমনোহর প্রবণরমণীর বাক্তো অনুরক্ত; বহুবিধ ফলপ্রকাশক বেদবাকাই বাহাদের প্রীতিকর; বাহারা স্বর্গাদি ফলসাধন কম্ম ভিন্ন কিছুই স্বীকার করে না; বাহারা কামনাপরারণ; স্বর্গাই বাহাদের পরমপ্র্রার্থ; জন্ম কম্ম ও ফলপ্রদ ভোগ ও ঐশ্বর্যোর সাধনভূত নানাবিধ চিরা-প্রকাশক বাক্যে বাহাদের চিন্ত অপহত হইরাছে; এবং বাহারা ভোগ ও ঐশ্বর্যো একান্ত সংসক্ত; সেই বিবেকহীন মূচ্দিগের বৃদ্ধি সমাধি বিবয়ে সংশ্রশন্তা হর না।"

विक्रिय व्हानावणी

কথা বলা আবশ্যক। প্রথমতঃ কৃষ্ণের ঈদৃশ উল্ভি বেদের নিন্দা নহে, বৈদিক ক্ষ্মবাদীদিগের নিন্দা। বাহারা বলে, বেদেক্ত ক্ষ্মই (যথা, অশ্বমেধাদি) ধন্ম, কেবল তাহাই আচরণীর, তাহাদেরই নিন্দা। কিন্তু বেদে যে কেবল অশ্বমেধাদি যজ্ঞেরই বিধি আছে, আর কিছু নাই, এমন নহে। উপনিষদে যে অত্য়রত ব্রহ্মবাদ আছে, গীতা সম্পূর্ণরূপে তাহার অনুবাদিনী, তদ্যুক্ত জ্ঞানবাদ অনেক সমরেই গীতার উদ্ধৃত, সম্কলিত ও সম্প্রসারিত হইয়া নিন্দাম কন্মবাদ ও ভিক্তবাদের সহিত সমঞ্জসীভূত হইয়াছে। অতএব কৃষ্ণের এতদ্বক্তিকে সমস্ত বেদের নিন্দা বিবেচনা করা অনুচিত। তবে দ্বিতীয় কথা এই বক্তবা যে, যাহারা বলেন যে, বেদে যাহা আছে, তাহাই ধন্ম, তাহা ছাড়া আর কিছু ধন্ম নহে, শ্রীকৃষ্ণ তাহাদের মধ্যে নহেন। তিনি বলেন, (১) বেদে ধন্ম আছে, ইহা মানি। (২) কিন্তু বেদে এমন অনেক কথা আছে, যাহা প্রকৃত ধন্ম নহে—যথা, এই সকল জন্মকন্মক্তপ্রদা ক্রিয়াবিশেষবহুলা প্রভিগতা কথা। (৩) তিনি আরও বলেন যে, যেমন এক দিকে বেদে এমন অনেক কথা আছে, যাহা ধন্ম নহে, আবার অপর দিকে অনেক তত্ত্ব যাহা প্রকৃত ধন্মতিত্ব, অথচ বেদে নাই। ইহার উদাহরণ আমরা গীতাতেই পাইব। কিন্তু গীতা ভিয় মহাভারতের অন্য স্থানেও পাওয়া যায়। উদাহরণম্বর্প কর্ণপর্ব্ব হইতে দুইটি শ্লোক উদ্ধৃত করিতেছি।

শ্রুতের্ধম্ম ইতি হ্যেকে বদন্তি বহবো জনাঃ। তত্তে ন প্রত্যস্থামি ন চ সর্ব্বং বিধীয়তে॥ ৫৬॥ প্রভবার্থায় ভূতানাং ধর্মপ্রবচনং কৃতমূ॥ ৫৭॥*

যদি কেই ইহাকে বেদনিন্দা বলিতে চাহেন, তবে শ্রীকৃষ্ণ বেদনিন্দক এবং গীতার এবং মহাভারতের অন্যন্ত বেদনিন্দা আছে। বস্তুতঃ ইহা এই পর্য্যন্ত বেদনিন্দা যে, এতন্দ্রানা বেদের অসম্পূর্ণোতা সূচিত হয়।

তত দ্রে ইহাকে না হয়, বেদনিন্দাই বলা যাউক। এই বেদনিন্দার ভিতর একটা ঐতিহাসিক তত্ত্ব নিহিত আছে বলিয়াছি, তাহা মংপ্রদীত "ধর্ম্মতত্ত্ব" প্রন্থে ব্রুমাইয়াছি। কিন্তু ঐ প্রন্থ সম্প্রতি মাত্র প্রচারিত হইয়াছে। এ জন্য পাঠকদিগের স্বলভ না হইতে পারে। অতএব প্রয়োজনীয় অংশ নিন্দে উদ্ধৃত করিতেছি।

"সাধারণ উপাসকের সহিত সচরাচর উপাস্য দেবের সে সন্বন্ধ দেখা যায়, বৈদিক ধন্মের্বি উপাস্য-উপাসকের সেই সন্বন্ধ ছিল। 'হে ঠাকুর! আমার প্রদন্ত এই সোমরস পান কর। হবি ভোজন কর, আর আমাকে ধন দাও, সন্পদ্দাও, পত্র দাও, গোর্ দাও, শস্য দাও, আমার শাত্রকে পরাস্ত কর।' বড় জোর বিলিলেন, 'আমার পাপ ধনংস কর।' দেবগণকে এইর্প অভিপ্রায়ে প্রসায় করিবার জন্য বৈদিকেরা যজ্ঞাদি করিতেন। এইর্প কাম্য বস্তুর উদ্দেশ্যে যজ্ঞাদি করাকে কাম্য কম্মের্বল।

কাম্যাদি কর্ম্মাথক যে উপাসনা, তাহার সাধারণ নাম কর্মা। এই কাজ করিলে তাহার এই ফল; অতএব কাজ করিতে হইবে—এইর্প ধর্মাঞ্জনির যে পদ্ধতি, তাহারই নাম কর্মা। বৈদিক কালের শেষ ভাগে এইর্প কর্মাত্মক ধন্মের অতিশয় প্রাদ্বভাব হইয়াছিল। বাগযজ্ঞের দোরাত্মো ধন্মের প্রকৃত মর্ম্মা বিল্পন্ত হইয়া গিয়াছিল। এমন অবস্থায় উচ্চ শ্রেণীর প্রতিভাশালী ব্যক্তিগণ দেখিতে পাইলেন যে, এই কর্মাত্মক ধর্ম্মা ব্যথা ধর্মা। তাহাদের মধ্যে অনেকেই ব্রিয়াছিলেন যে, বৈদিক দেবদেবীর কল্পনায় এই জগতের অস্তিত্ব ব্রমা যায় না; ভিতরে ইহার একটা অনন্ত অজ্ঞের কারণ আছে। তাহারা সেই কারণের অন্সন্ধানে তৎপর হইলেন।

এই সকল কারণে কন্মের উপর অনেকে বীতশ্রদ্ধ হইলেন। তাঁহারা ত্রিবিধ বিপ্লব উপস্থিত করিলেন। সেই বিপ্লবের ফলে আসিয়া প্রদেশ অদ্যাপি শাসিত। এক দল চার্ব্বাক—তাঁহারা বলেন, কর্ম্মকান্ড সকলই মিধ্যা—খাও দাও, নেচে বেড়াও। দ্বিতীয় সম্প্রদায়ের স্থিতকর্ত্তা ও

^{* &}quot;অনেকে শ্রুতিকে ধর্ম্মপ্রমাণ বলিয়া নির্দ্ধেশ কবেন। আমি তাহাতে দোষারোপ করি না। কিন্তু শ্রুতি সম্দার ধর্ম্মতিকু নিন্দিশ্ট নাই। এই নিমিত্ত অনুমান দ্বারা অনেক স্থলে ধর্ম্ম নিন্দিশ্ট করিতে হয়।" কালীপ্রসল্ল সিংহের অনুবাদ—কর্পপর্বে, ৭০ অধ্যায়। সিংহ মহোদয় যে কাপি দেখিয়া অনুবাদ করিয়াছেন, তাহাতে এই শ্লোক দ্বিট ৭০ অধ্যায়ে আছে। কিন্তু অনায় ৩৯ অধ্যায়ে ইহা পাওয়া যায়।

নেতা শাক্যসিংহ—তিনি বলিলেন, কর্মফল মানি বটে, কিন্তু কর্ম্ম হইতেই দুর্খ। কর্ম্ম হইতে প্রকর্মন অতএব কর্মের ধরংস কর. তৃষ্ণা নিবারণ করিয়া চিন্তসংয়মপ্র্র্থক অন্টাঙ্গ ধর্ম্মপথে গিয়া নির্দ্রণ লাভ কর। তৃতীয় বিপ্লব দার্শনিকদিগের দ্বারা উপস্থিত হইয়াছিল। তাঁহারা প্রায় ব্রহ্মবাদী। তাঁহারা দেখিলেন যে, জগতের যে অনন্ত কারণভূত চৈতনোর অন্সন্ধানে তাঁহারা প্রবৃত্ত, তাহা অতিশয় দ্রের্জ্জয়। সেই বন্ধ জানিতে পারিলে—সেই জগতের অন্তরাত্মা বা পরমাত্মার সঙ্গে আমাদের কি সন্বন্ধ এবং জগতের সঙ্গে বা তাঁহার বা আমাদের কি সন্বন্ধ তাহা জানিতে পারিলে ব্রুমা মাইতে পারে যে, এ জীবন লইয়া কি করিতে হইবে। সেটা কঠিন—তাহা জানাই ধর্ম্ম—অতএব জ্ঞানই ধর্ম্ম—জ্ঞানই নিঃপ্রেয়া। বেদের যে অংশকে উপনিষদ্ বলা যায়, তাহা এই প্রথম জ্ঞানবাদীদিগের কীর্তি। ব্রন্ধানির্পূপ ও আত্মজ্ঞানই উপনিষদ্ সকলের উদ্দেশ্য। তার পর ছয় দর্শনে এই জ্ঞানবাদ আরও বিবন্ধিত ও প্রচারিত হইয়াছে। কপিলের সাংখ্যে ব্রন্ধ পরিত্যক্ত হইলেও সে দর্শনশাস্ত্র জ্ঞানবাদাত্মক।"

শ্রীকৃষ্ণ এই জ্ঞানবাদীদিগের মধ্যে। কিন্তু অন্য জ্ঞানবাদী যাহা দেখিতে পায় না, অনস্তজ্ঞানী তাহা দেখিয়াছিলেন। তিনি দেখিয়াছিলেন যে, জ্ঞান সকলের আয়ন্ত নহে: অন্ততঃ অনেকের পক্ষে অতি দ্বঃসাধ্য। তিনি আরও দেখিয়াছিলেন, ধন্মের অন্য পথও আছে: অধিকারভেদে তাহা জ্ঞানাপেক্ষা দ্বঃসাধ্য। পরিশেষে ইহাও দেখিয়াছিলেন, অথবা দেখাইয়াছেন—জ্ঞানমার্গ এবং অন্য মার্গ, পরিণামে সকলই এক। এই কয়টি কথা লইয়া গীতা।

ঠৈগুণাবিষয়া বেদা নিশ্লৈগুণাো ভবাৰ্জ্বন। নিৰ্দ্বন্ধো নিত্যসতুস্থো নিৰ্মোগক্ষেম আত্মবান ॥ ৪৫ ॥

হে অৰ্জনি! বেদ সকল গ্ৰৈগন্গাবিষয়; তুমি নিস্তৈগন্গ্য হও। নিশ্বন্দ্ধ, নিতাসজুন্থ, যোগক্ষেম-রহিত এবং আত্মবান হও। ৪৫।

এই শ্লোকে ব্যবহৃত শব্দগ্লির বিস্তৃত ব্যাখ্যা করা প্রয়োজনীয় বলিয়া অনুবাদে তাহার কিছুই পরিষ্কার করা গেল না। প্রথম "ত্রৈগুণ্যবিষয়" কি? সত্ত্ব, রজঃ, তমঃ, এই ত্রিগুণ্ ; ইহার সমণ্টি ত্রৈগুণায়। এই তিন গুণোর সমণ্টি কোথায় দেখি? সংসারে। সেই সংসার যাহার বিষয়, অর্থাৎ প্রকাশয়িতব্য (Subject), তাহাই "ত্রেগুণোবিষয়"।

শঙ্করাচার্য্য এইর্প অর্থ করিয়াছেন। তিনি বলেন—''ক্রগ্নগাবিষয়াঃ কৈগ্নগং সংসারো বিষয়ঃ প্রকাশয়িতব্যা যেষাং তে বেদালৈরগাগাবিষয়া।' ইহাও একটা বেদানিদার মত শোনায়। অতএব শঙ্করের টীকাকাব আনন্দর্গিরি প্রমাদ গণিয়া সকল দিক্ বজায় রাথিবার জন্য লিখিলেন, ''বেদশব্দেনার কর্ম্মকাণ্ডমেব গ্রুতে। তদভ্যাসবতাং তদন্ষ্ঠানদ্বারা সংসারধ্রৌব্যাম্ন বিবেকাবসরোহস্তীত্যর্থ'ঃ' অর্থাৎ ''এখানে বেদ শব্দের অর্থে কর্ম্মকাণ্ড ব্রিতে হইবে। যাহারা তাহা অভ্যাস করে, তাহাদের তদন্ষ্ঠান দ্বারা সংসারধ্রোব্য হেতু বিবেকের অবসর থাকে না।'' বেদের কতটাকু কর্ম্মকাণ্ড, আর কতটাকু জ্ঞানকাণ্ড সে বিষয়ে কোন এম না ঘটিলে, আনন্দর্গিরির এ কথায় আমাদের কোন আপত্তি নাই।

শ্রীধর স্বামী বলেন, "ত্রিগুণাত্মকাঃ সকামা যে অধিকারিণন্তাদ্বিষয়েঃ কর্ম্মফলসম্বন্ধপ্রতিপাদকা বেদাঃ।" এই ব্যাখ্যা অবলম্বনে প্রাচীন বাঙ্গালা অনুবাদক হিতলাল মিশ্র বুঝাইয়াছেন যে, "ত্রিগুণাত্মক অর্থাৎ সকাম অধিকারীদিগের নিমিন্তই (!) বেদ সকল কর্মফল সম্বন্ধে প্রতিপাদক হয়েন।" এবং শ্রীধরের বাক্যেবই অনুসরণ করিয়া কালীপ্রসন্ন সিংহের মহাভারতকার এই শ্লোকান্ধের অনুবাদ করিয়াছেন যে, "বেদসকল সকাম ব্যক্তিদিগের কর্মফলপ্রতিপাদক।" অন্যান্ত সেই পথ অবলম্বন করিয়াছেন।

উভয় ব্যাখ্যা মন্দ্র্যতঃ এক। সেই ব্যাখ্যা গ্রহণ করিয়া এই খ্লোকের প্রথমার্থা ব্বিথতে চেষ্টা করা ষাউক। তাহা হইলেই ইহার অর্থ এই হইতেছে যে "হে অর্জ্জ্বন! বেদ সকল সংসার-প্রতিপাদক বা কন্মফলপ্রতিপাদক। তুমি বেদকে অতিক্রম করিয়া সাংসারিক বিষয়ে বা কন্মফল বিষয়ে নিজ্কাম হও।" কথাটা কি হইতেছিল, স্মরণ করিয়া দেখা যাউক। প্রথমে ভগবান্ অর্জ্জ্বনকে সাংখ্যযোগ ব্বাইয়া, তৎপরে কন্মবোগ ব্বাইবেন অভিপ্রায় প্রকাশ করিয়াছেন। কিন্তু কন্মবোগ কি, তাহা এখনও বলেন নাই। কেন না, কন্ম্ব সন্বেদ্ধে যে একটা গ্রেত্তর সাধারণ শ্রম প্রচলিত ছিল (এবং এখনও আছে) প্রথমে তাহার নিরাস করা কর্মবা। নিহলে প্রকৃত কন্ম কি, অর্জ্জ্বন তাহা ব্বিধবেন না। সে সাধারণ শ্রম এই যে, বেদে যে সকল বজ্জাদির

विक्य ब्रह्मावनी

অনুষ্ঠান-প্রথা কথিত ও বিহিত হইরাছে, তাহাই কম্ম। ভগবান্ ব্রাইতে চাহেন যে, ইহা প্রকৃত কম্ম নহে। বরং যাহারা ইহাতে চিন্তানিবেশ করে, ঈশ্বরারাধনার তাহাদিগের একাগ্রতা হয় না। এ জন্য প্রকৃত কম্মাধােগাঁর পক্ষে উহা কম্মানহে। এই ৪৫শ শ্লোকে সেই কথাই প্রনর্ক্ত হইতেছে। ভগবান বলিতেছেন যে, বেদ সকল, যাহারা সংসারী, অর্থাং সংসারের স্ব্য খোঁজে, তাহাদিগের অন্সরশীয়। তুমি সের্প সাংসারিক স্ব্য খাঁজিও না। গ্রৈগ্রণাের অতীত হও।

কি প্রকারে দ্রৈগন্দাের অতীত হইতে পারা যায়, শ্লোকের দ্বিতীয় অদ্ধে তাহা কথিত হইতেছে। ভগবান্ বলিতেছে—তুমি নিম্বন্ধ হও, নিত্যসভূস্থ হও, যোগ-ক্ষেম-রহিত হও এবং আত্মবান্ হও। এখন এই কয়টা কথা বুনিলেই শ্লোক বুঝা হয়।

১। নির্দ্রশ্ব—শীতোষ্ণ সর্থদ্ধ্রখাদিকে দ্বন্ধ বলে, তাহা প্রেব্ বলা গিয়াছে। যে সে-সকল তল্য জ্ঞান করে, সেই নির্দ্ধ।

২। নিত্যসত্তম্ভলনিত্য সত্ত্বসূণাশ্রিত।

ত। যোগ-ক্ষেম-রহিত—যাহা অপ্রাপ্ত, তাহার উপার্জ্জনকে যোগ বলে, আর যাহা প্রাপ্ত, তাহার রক্ষণকে ক্ষেম বলে। অর্থাৎ উপার্জন রক্ষা সম্বন্ধে যে চিন্তা, তদ্রহিত হও।

৪। আত্মবান-অথবা অপ্রমন্ত।*

যাবানর্থ উদপানে সর্বতঃ সংপ্লুতোদকে। তাবান্ সর্বেধ্যু বেদেষ্টু বাহ্মণস্য বিজানতঃ॥ ৪৬ ॥

এখানে এই শ্লোকের অন্বাদ দিলাম না। টীকার ভিতরে অন্বাদ পাওয়া যাইবে। কেন না, এই শ্লোকের প্রচলিত যে অর্থ, তাহাতে দুই একটা আপত্তি ঘটে; সে সকলের মীমাংসা না করিয়া অনুবাদ দেওয়া যুক্তিসঙ্গত নহে।

আমি এই শ্লোকের তিনটি ভিন্ন ভিন্ন ব্যাখ্যা বুঝাইব।

প্রথম। যে ব্যাখ্যাটি পূর্ব্ব হইতে প্রচালত, এবং শঙ্কর ও শ্রীধরাদির অনুমোদিত, তাহাই অগ্রে বুঝাইব।

দ্বিতীয়। আর একটি নৃতন ব্যাখ্যা পাঠকের সমীপে তাঁহার বিচার জন্য উপস্থিত করিব। সঙ্গত বোধ না হয়, পাঠক তাহা পরিত্যাগ করিবেন।

তৃতীয়। আধ্নিক ইংরেজি অনুবাদকেরা ষের্প ব্যাখ্যা করিয়াছেন, তাহাও ব্ঝাইব। সংক্ষেপতঃ সেই তিন প্রকার ব্যাখ্যা এই :—

১ম। সর্বতঃ সংপ্ল,তোদকে উদপানে যাবানর্থঃ বিজ্ঞানতো ব্রাহ্মণস্য সর্বেষ, বেদেষ, তাবানর্থঃ। ইংরেজি অন,বাদকেরা এই অর্থ করিয়াছেন। ইহার কোন মানে হয় না।

২য়। সর্ব্বতঃ সংপ্রতোদকে সতি উদপানে যাবানর্থ ইত্যাদি প্রববং। এই ব্যাখ্যা ন্তন।

* আমার ক্ষ্দ্র ব্রদ্ধিতে ধের্প ম্লস্কত বোধ হইয়াছে, আমি সেইর্প অর্থ করিলাম। কিন্তু বাঁহারা বেদের গোরব বজার রাখিয়া এই স্লোকের অর্থ করিতে চান, তাঁহারা কির্প ব্রেন, তাহার উদাহরণস্বর্প বাব্ কেদারনাথ দত্ত কৃত এই শ্লোকের ব্যাখ্যা নিদ্দে উদ্ধৃত করিতেছি। পাঠকের যে অর্থ সঙ্গত বোধ হয়, সেই অর্থ গ্রহণ করিবেন।

"শাস্ত্রসমূহের দুই প্রকার বিষয়—অর্থাৎ উদ্দিষ্ট বিষয় ও নিশ্দিশট বিষয়। যে বিষয়টি যে শাস্ত্রের চরম উদ্দেশ্য, তাহাই তাহার উদ্দিষ্ট বিষয়। যে বিষয়কে নিশ্দেশ করিয়া উদ্দিষ্ট বিষয়কে লক্ষ্য করে, সেই বিষয়ের নাম নিশ্দিশট বিষয়। অর্ক্ষতী যে স্থলে উদ্দিষ্ট বিষয়, সে স্থলে তাহার নিকটে প্রথমে লক্ষিত যে স্থলে তারা, তাহাই নিশ্দিশট বিষয় হয়। বেদসমূহ নিগাণ তত্ত্বকে উদ্দিষ্ট বিলয়া লক্ষ্য করে, কিন্তু নিগাণ তত্ত্ব সহসা লক্ষিত হয় না বলিয়া প্রথমে কোন সগাণ তত্ত্বকে নিশ্দেশ করিয়া থাকে। সেই জনাই সত্ত, রক্ষঃ ও তম রূপ হিগাণুমরী মায়াকেই প্রথম দ্বিটেনে বেদ সকলের বিষয় বলিয়া বোধ হয়। হে অম্পর্কান, তুমি সেই নিশ্দিশট বিষয়ে আবদ্ধ না থাকিয়া নিগাণ্ণতত্ত্বপ উদ্দিষ্ট তত্ত্ব লাভ করতঃ নিস্তৈগ্রাণ্য স্বীকার কর। বেদ শাস্তে কোন স্থলে রক্ষন্তমোগাণাত্মক কর্মা, কোন স্থলে সত্ত্বপূণাত্মক জ্ঞান এবং বিশেষ বিশেষ স্থলে নিগাণে ভাক্তি উপদিষ্ট হইরাছে। গাণুমর মানাপমানাদি ক্ষ্মতাব হইতে রহিত হইরা নিতা সত্ত্ব অর্থাৎ আমার ভক্তগণের সঙ্গ করতঃ কর্মজ্ঞানমার্গের অন্সন্ধের যোগ ও ক্ষেমান্সকান পরিত্যাগপ্রেক ক্রিকারে ব্রিয়েগ সহকরে নিস্তেগ্রাণ্য লাভ কর।

তয়। উপাদানে যাবানর্থ: সন্ধতঃ সংপ্রতোদকে তাবানর্থ:। এবং সন্ধেষ, বেদেয়, যাবানর্থ: বিজ্ঞানতো রাহ্মণস্য তাবানর্থ:। এই অর্থ প্রাচীন এবং প্রচলিত।

অগ্রে প্রচলিত ব্যাখ্যা ব্ঝাইব। কিন্তু বাঙ্গালা অন্বাদ দেওয়া যায় নাই; তদভাবে যাঁহারা সংস্কৃত না জানেন, তাঁহাদের অস্বিধা হইতে পারে, এ জন্য প্রচলিত ব্যাখ্যার উদাহরণস্বর্প প্রথমে প্রাচীন অন্বাদক হিতলাল মিশ্র-কৃত অন্বাদ নিশ্নে উদ্ধৃত করিতেছি:—

"যাহা হইতে জল পান করা যায়, তাহা উদপান শব্দে বাচা, অর্থাৎ প্রুক্তরিণী এবং ক্পাদি। তাহাতে স্থিত অলপ জলে একেবারে সমস্ত প্রয়োজন সাধনের অসম্ভব হেতু সেই সেই সমস্ত ক্পাদি পরিভ্রমণ করিলে, প্থক্ পৃথক্ যে প্রকার স্থান পানাদি প্রয়োজন সম্পন্ন হয়, সে সম্দায় প্রয়োজন, সংপ্রতাদকশব্দবাচা এক মহাছদে একত্র যেমন নির্বাহ হইতে পারে, তদুপ্র সমস্ত বেদে কথিত যে কম্মফলর্প অর্থ, তাহা সম্দায়ই ভগবন্তজিয়ক্ত ব্লানিণ্ঠ ব্যক্তির তন্দ্বারাই সম্পন্ন হয়।"

শঙ্কর ও শ্রীধর উভয়েই এইর্প অর্থ করিয়াছেন, কাজেই আর সকলে সেই পথের পথিক হইয়াছেন। শ্রীধর-কৃত ব্যাখ্যা আমরা উদ্ধৃত করিতেছি।

"উদকং পীয়তে যদ্মিংস্তদ্দপানং বাপীক্পতড়াগাদি। তাদ্মিন্ স্বলেপাদকে একর কংরার্থাস্যাসন্তবান্তর তর পরিভ্রমণেন বিভাগশো মাবান্ রানপানাদিরর্থাঃ প্রয়োজনং ভরতি তাবান্
সব্বোহপার্থাঃ সম্বতিঃ সংপ্রতাদকে মহাহুদে একরৈব যথা ভরতি এবং মাবান্ সর্বেষ্ বেদেব্
তত্তংক-মফলর্পোহর্থান্তাবিদ্ধান্তিপ বিজানতো ব্যবসায়াত্মিকাব্দির্ফস্য রাহ্মাণস্য
রক্ষানিষ্ঠস্য ভবতোব।"

ইহার স্থলে তাৎপর্য্য এই যে, যেমন ক্ষ্মদ্র ক্ষ্মদ্র জলাশয় অনেকগর্মালন পরিপ্রমণ করিলে বাবং পরিমিত প্রয়োজন সম্পন্ন হয়, এক মহাহ্রদেই তাবং প্রয়োজন সম্পন্ন হয়। সেইর্প সমস্ত বেদে বাবং প্রয়োজন সিদ্ধ হয়, ব্যবসায়াত্মিকা-ব্লিজ-য্তু ব্রহ্মনিষ্ঠায় তাবং প্রয়োজন সিদ্ধ হয়।

ইয়।

*

আমরা ক্ষ্রব্দি, এই ব্যাখ্যা ব্নিতে গিয়া যে গোলযোগে পড়িয়াছি. প্রাচীন মহা-মহোপাধ্যায়দিগের পাদপদ্ম বন্দনাপ্র্বক আমি তাহা নিবেদন করিতেছি। যে আপনার সন্দেহ ব্যক্ত করিতে সাহস না করে, তাহার কোন জ্ঞানই জন্মে নাই। এবং জ্ঞান্মবারও সম্ভাবনাও নাই।

"যাবং" "তাবং" শব্দ পরিমাণবাচক। কিন্তু কেবল যাবং বলিলে কোন পরিমাণ বৃঝা যায় না। একটা যাবং থাকিলেই তার একটা তাবং আছেই। একটা তাবং থাকিলেই তার একটা যাবং আছেই। এমন অনেক সময়ে ঘটে যে, কেবল "যাবং" শব্দটা স্পন্ট, তাহার পরবত্তী "তাবং"কে বৃঝিয়া লইতে হয়; যথা—"আমি যাবং না আসি, তুমি এখানে থাকিও।" ইহার প্রকৃত অর্থ, "আমি যাবং না আসি, (তাবং) তুমি এখানে থাকিও।" অতএব স্পন্টই হউক, আর উহাই হউক, যাবং থাকিলেই তাবং থাকিবে। তদুপ তাবং থাকিলেই যাবং থাকিবে।

এই যাবং তাবং শব্দের পরস্পরের সম্বন্ধ এই, যে বন্ধুর সঙ্গে যাবং থাকে, আর যাহার সঙ্গে তাবং থাকে, উভয়ের পরিমাণ এক বা সমান বিলয়া নিন্দিন্দি হয়। অতএব যাবং তাবং থাকিলে দুইটি তুল্য বা তুলনার বস্থু আছে, ইহাই ব্রবিতে হইবে। "আমি যাবং না আসি, (তাবং) তুমি এখানে থাকিও।"—এই বাক্যের প্রকৃত তাৎপর্য্য এই যে, "আমার প্রনরাগমন পর্যান্ত যে কাল, আর তোমার এখানে অবন্ধিতিকাল, উভয়ে সমান হইবে।" এখানে এই দুইটি সময় তুল্য বা তুলনীয়।

^{*} শব্দরাচার্য্য-বাবহাত ভাষা কিশ্বিত ভিন্ন প্রকার। শ্লোকের দিতীয়াদ্ধের ব্যাখ্যার তিনি বলেন, "সব্বেষ্ বেদেষ্ বেদোক্তেষ্ কন্মান্দ্র বোহার্থা বং কন্মান্দরং সোহর্থো রাজ্ঞানস্য সন্ন্যাসিনঃ পরমার্থাতত্ত্বং বিজ্ঞানতা যোহর্থাঃ বং বিজ্ঞানফলং সব্বতিঃ সংপ্রতাদকস্থানীয়ং তিস্মান্তাবানের সংপদ্যতে ইত্যাদি।" ইহার ভিতর অন্য যে কল-কোশল থাকে, তাহা পশ্চাং ব্রাইব। সম্প্রতি "সব্বেষ্ বেদেষ্" ইহার বেরেপ অর্থা ভগবান্ শব্দরাচার্য্য করিয়াছেন, তংপ্রতি পাঠককে মনোযোগ করিতে বলি। "সব্বেষ্ বেদেষ্" অর্থা "বেদোক্তেষ্ কন্মান্য" যে কারণে আনন্দািগরি বলিয়াছেন, "বেদশব্দোনাত কন্মান্তান্তন্ত," সেই কারণে ইনিও বলিয়াছেন, "সব্বেষ্ বেদেষ্য" অর্থা "বেদোক্তেষ্ কন্মান্য"।

र्वाष्क्रभ ब्रह्मावनी

এইর্শ ষেখানে একটি ষাবান্ আর একটি তাবান্ আছে, সেখানেও ব্রিক্তে হইবে যে, দুইটি বিষয় পরস্পর তুলিত হইতেছে। যদি তার পর আবার ষাবান্ তাবান্ দেখি তবে অবশ্য ব্রিকতে হইবে যে, আবার আরও দুইটি পরস্পর তুলিত হইতেছে। ইহার অন্যথা কদাচ হইতে পারে না।

এখন এই শ্লোকের ম্লে মোটে একটি যাবান্ আর একটি তাবান্ আছে; অতএব ব্রিতে হইবে, দ্ইটি বিষয় মাত্র পরস্পর তুলিত হইতেছে, অর্থাৎ (১) উদপানে বা সংকীর্ণ জলাশয়ে অবস্থাবিশেষে যাবং পরিমিত প্রয়োজন, (২) সমস্ত বেদে অবস্থাবিশেষে তাবং প্রয়োজন। কিন্তু প্রাচীন টীকাকার্রাদিগের কৃত যে ব্যাখ্যা, যাহার উদাহরণ উপরে উদ্ধৃত করিয়াছি, তাহাতে দেখি যে দ্ইটা যাবান্ এবং দ্ইটা তাবান্। অতএব ব্রিতে হইবে যে, প্রথমে দ্ইটা বস্থু পরস্পর তুলিত হইলে পর. আবার দ্বইটা বস্থু পরস্পর তুলিত হইরাছে। প্রথম, সংকীর্ণ জলাশয়ের সঙ্গে সমস্ত বেদ তুলিত না হইয়া মহাহ্রদের সঙ্গে তুলিত হইতেছে। তার পরে আবার সমস্ত বেদ, সংকীর্ণ জলাশয়ের সঙ্গে সমস্ত বেদ তুলিত না হইয়া মহাহ্রদের সঙ্গে তুলিত হইতেছে। তার পরে আবার সমস্ত বেদ, সংকীর্ণ জলাশয়ের সঙ্গে সম্বন্ধ ছাড়িয়া ব্রন্ধানিষ্ঠার সঙ্গে তুলনা প্রাপ্ত হইল। ইহাতে কোন অর্থ বিপর্যায় ঘটিতেছে কি না?

সচরাচর এ প্রশ্নের এই উত্তর যে, কোন অর্থবিপর্য্যর ঘটিতেছে না। কেন না, যাবান্ তাবান্ যেখানে নাও থাকে, সেখানে ব্যাখ্যার প্রয়োজনান্সারে ব্যাখ্যাকারকে বসাইয়া লইতে হয়; তাহার উদাহরণ প্র্বে দেওয়া গিয়াছে। এ কথার এখানে দ্ইটি আপত্তি উপস্থিত হইতেছে।

প্রথম আপত্তি এই। মানিলাম যে, ব্যাখ্যার প্রয়োজনান,সারে ব্যাখ্যাকার যাবান্ তাবান্ বসাইয়া লইতে পারেন। কিন্তু যাবান্ কাটিয়া তাবান্ করিতে, তাবান্ কাটিয়া যাবান্ করিতে পারেন কি? আমি যদি বলি, আমি যাবং না আসি তুমি এখানে থাকিও, তাহা হইলে ব্যাখ্যাকার তাবং শব্দ বসাইয়া লইয়া 'তাবং তুমি এখানে থাকিও' বলিতে পারেন। কিন্তু তিনি যদি যাবং কাটিয়া তাবং করেন, তাবং কাটিয়া যাবং বরেন, যদি বলেন যে, এই বাক্যের অর্থ 'আমি তাবং না আসি, যাবং তুমি এখানে থাকিও' তাহা হইলে তাঁহার ব্যাখ্যা অগ্রাহ্য ও ম্লের বিপ্রীত বলিতে হইবে।

আরও একটা উদাহরণের দ্বারা কথাটা আরও স্পষ্ট করা যাউক।

"যাবং তোমার জীবন, তাবং আমার স্থ।" (क)

এই বাক্যটি উদাহরণ-স্বর্প গ্রহণ কর, এবং তাহাতে (ক) চিহ্ন দাও। তার পর উহার যাবং কাটিয়া তাবং কর, তাবং কাটিয়া যাবং কর। তাহা হইলে বাক্য এইর্প দাঁড়াইতেছে। "তাবং তোমার জীবন, যাবং আমার সুখ।" (খ)

এখন দেখ, বাক্যার্থের কির্প বিপর্যায় ঘটিল। (ক)-চিহ্নিত বাক্যের প্রকৃত অর্প ধে, "তুমি যত দিন বাঁচিবে, তত দিনই আমি স্থী, তার পর আর স্থী হইব না।" (খ)-চিহ্নিত বাক্যের প্রকৃত অর্থ "যত দিন আমি স্থী থাকিব, তত দিন তুমি বাঁচিবে, তার পর আর তুমি বাঁচিবে না।" অর্থের সম্পূর্ণ বিপর্যায় ঘটিল।

অতএব টীকাকার কখনও যাবান্ কাটিয়া তাবান্, তাবান্ কাটিয়া যাবান্ করিবার অধিকারী নহেন। কিন্তু এখানে টীকাকার ঠিক তাহাই করিয়াছেন। ব্যিবার জন্য শ্লোকের চারিটি চরণে ফুমান্বরে ক. খ, গ, ঘ, চিহ্ন দেওয়া যাক। তাহা হইলে শ্লোকন্থ "যাবানের" গারে (ক) এবং "তাবানের" গায়ে (গ) চিহ্ন পড়িতেছে।

- (ক) যাবানর্থ উদপানে
- (খ) সন্ধতঃ সংপ্রতোদকে তদ্মাখ্যায় টীকাকার করিয়াছেন—
- (ক) যাবানর্থ উদপানে
- (খ) তাবান সম্বতঃ সংপ্লতোদকে
- (ग) তাবান্ সর্বেষ্ বেদেষ্
- (ঘ' ব্রাহ্মণসা বিজ্ঞানতঃ
- (१) यातान् मस्वियः त्रापयः
- (ঘ) তাবান্ ব্রাহ্মণস্য বিজানতঃ

^{*} প্রে অক্ষরে এই চারিটা শব্দ ছাপিয়াছি, পাঠক মিলাইয়া দেখিবেন।

এক্ষণে পাঠক (গ)তে গি)তে মিলাইয়া দেখিবেন, তাবান্ কাটিয়া যাবান্ হইয়াছে কি না।*
দ্বিতীয় আপত্তি এই ষে, ব্যাখ্যার প্রয়োজনমতে ব্যাখ্যাকার যাবান্ তাবান্ বসাইয়া ব্যাইয়া দিতে পারেন। কিন্তু নিজ্প্রোজনে বসাইতে পারেন কি? যেখানে ন্তন যাবান্ তাবান্ না বসাইয়া লইয়া সোজা অর্থ করিলেই অর্থ হয়, সেখানেও কি যাবান্ তাবান্ বসাইয়া লইতে হইবে? এখানে কি ন্তন যাবান্ তাবান্ না বসাইলে অর্থ হয় না? হয় বৈ কি। বড় সোজা অর্থই আছে।

যাবানর্থ উদপানে সর্বতঃ সংপ্রতাদকে। তাবান্ সর্বেব্যু বেদেয়ু ব্রাহ্মণস্য বিজ্ঞানতঃ॥

ইহার সোজা অর্থ আমি এইর্প ব্ঝি:--

সর্বতঃ সংপ্রতোদকে সতি উদপানে যাবানর্থঃ বিজ্ঞানতো ব্রাহ্মণস্য সব্বেধি বেদেষ, তাবানর্থঃ।

সর্থাৎ সকল স্থান জলে প্লাবিত হইলে উদপানে অর্থাৎ ক্ষ্যুদ্র জলাশয়ে যাবৎ প্রয়োজন, ব্রহ্মজ্ঞ ব্রহ্মনিস্টের সমস্ত বেদে তাবৎ প্রয়োজন।

মহামহোপাধ্যায় প্রাচীন ঋষিতৃল্য ভাষাকার টীকাকারেরা যে এই সহজ অর্থের প্রতি দূচিট করেন নাই, আমার এরূপ বোধ হয় না। আমার বোধ হয় যে, তাঁহারা এই অর্থের প্রতি বিলক্ষণ দ্ভিট করিয়াছেন এবং অতিশয় দ্রদশী দেশকালপাত্ত পণ্ডিত বলিয়াই এই সহজ অর্থ পরিত্যাগ করিয়াছেন। দুইটা ব্যাখ্যার প্রকৃত তাৎপর্য্য পর্য্যালোচনা করিলেই পাঠক তাহা বুঝিতে পারিবেন। শেষে কথিত এই সহজ ব্যাখ্যার তাৎপর্য্য কি? সর্ব্বান্ত জলপ্লাবিত হইলে ক্ষুদ্র জলাশয়ে লোকের আর কি প্রয়োজন থাকে? কোন প্রযোজনই থাকে না। কেন না, সর্বত্ত জলপ্লাবিত—সকল ঠাঁইই জল পাওয়া যায়। ঘরে বসিয়া জল পাইলে কেহ আর বাপী কুপাদিতে যায় না। তেমনি যে ঈশ্বরকে জানিয়াছে, তাহার পক্ষে সমস্ত বেদে আর কিছু মান্ত প্রয়োজন নাই। এখন বেদে কিছু, প্রয়োজন নাই, এমন কথা, আমরা ঊনবিংশ শতাব্দীর ইংরেজ শিষ্য, আমরা না হয় সাহস করিয়া বলিতে পারি, কিন্তু শংকরাচার্য্য, কি শ্রীধর স্বামী এমন কথা কি বলিতে পারিতেন? বেদ স্বয়ন্ত্র, অপোর্বেয়, নিতা, সর্বফলপ্রদ। প্রাচীন ভারতব্যীয়েরা বেদকেই একটা ঈশ্বরস্বরূপ খাড়া করিয়া তুলিয়াছেন। কপিল ঈশ্বর পরিত্যাগ করিতে পারিয়াছিলেন. কিন্তু বেদ পরিত্যাগ করিতে পারেন নাই। বৃহস্পতি বা শাক্যসিংহ প্রভৃতি ষাহারা বেদ পরিত্যাগ করিয়াছিলেন, তাঁহারা হিন্দু-সমাজচ্যুত হইয়াছিলেন। অতএব শুক্রাচার্য্য, কি শ্রীধর স্বামী হইতে এমন উল্তি কখন সম্ভবে না যে, ব্রহ্মজ্ঞানীই হউক বা যেই হউক, কাহারও পক্ষে বেদ নিষ্প্রয়োজনীয়। কাজেই তাঁহাদিগকে এমন একটা অর্থ করিতে হইয়াছে যে, তাহাতে বুঝায় যে, ব্রহ্মজ্ঞানেও যা, বেদেও তা, একই ফল। তাহা হইলে বেদের মর্য্যাদ। বাহাল রহিল। শেষে যে ব্যাখ্যা निश्चि रहेन, তাহার অর্থ যে, ব্রহ্মজ্ঞানের তুলনায় বেদজ্ঞান অতি তুচ্ছ। এক্ষণে সেই "সব্বেষ, বেদেয়," অর্থে "বেদোন্ডেষ, কম্মস," "বেদশবেদনাত কম্মান্সভাচেব গ্রহাতে"। ইত্যাদি বাক্য পাঠক স্মরণ কর্ন। প্রাচীন টীকাকারদিগের উদ্দেশ্য ব্রবিতে পারিবেন।

এক্ষণে পাঠকের বিচার্যা এই যে, দুইটা ব্যাখ্যা, তাহার মধ্যে একটার জনা মূল কোন প্রকান পরিবর্তন করিতে হয় না; যেমন আছে, তেমনি ব্যাখ্যার রিলেই সেই অর্থ পাওয়া য়য়। কিছু সে ব্যাখ্যার পক্ষে কেহই সহায় নাই। আর একটা ব্যাখ্যার জন্য কিছু নৃতন কথা বসাইয়া কিছু কাটকুট করিয়া লইতে হয়। কিছু সমস্ত টীকাকার, ভাষাকার ও অনুবাদক এবং মহামহোপাধায় পশ্ভিতমণ্ডলী সেই ব্যাখ্যার পক্ষে। কোন্ ব্যাখ্যা গ্রহণ করা উচিত? আমার কোন দিকেই অনুরোধ নাই। আমার ক্ষুদ্র বৃদ্ধিতে যেমন বৃন্ধিয়াছি, সেইর্প বৃন্ধাইলাম। দুই দিক্ই বৃন্ধাইলাম, পাঠকের যে ব্যাখ্যা সঙ্গত বোধ হয়, তাহাই অবলম্বন করিবেন। অভিনব ব্যাখ্যার সমর্থন জন্য আরও কিছু বলা ষাইতে পারে, কিছু ততটা প্রয়াস পাইবার বিষয় কিছু দেখা যায় না। বৈদিক ধন্মের্র সক্ষে গীতোক্ত ধন্মের্র কি সম্বন্ধ, পাঠক তাহা ব্রিলেই হইল। সে সম্বন্ধ কি প্রন্ধের্ব তাহা বলিয়াছি।

^{*} সত্য বটে, শব্দারাচার্য্য তাবান্ শব্দের স্থানে যাবান্ শব্দ ব্যবহার করার বিষয়ে সত্তর্ক ইইরাছেন, কিন্তু তংপরিবর্ত্তে "বদ্শ শব্দ ব্যবহার করিয়াছেন। কাজেই এক কথা।

তৃতীর, ইংরাজি অন্বাদকেরা এই শ্লোকের আর এক প্রকার অর্থ করিরাছেন। সর্বতঃ সংপ্রতাদকে সতি উদপানে যাবানর্থঃ এর্প না ব্বিষা, তাঁহারা ব্বেন, সর্বতঃ সংপ্রতাদকে উদপানে যাবানর্থঃ ইত্যাদি। অর্থাৎ "সংপ্রতাদকে" পদ "উদপানের" বিশেষণ মাত্র। অন্য ইংরাজি অন্বাদকগণের প্রতি পাঠকগণের শ্রদ্ধা হউক বা না হউক কাশীনাথ ক্রান্থক তেলাঙ্গের প্রতি শ্রদ্ধা হইতে পারে। তিনি এই শ্লোকের এইর্প অন্বাদ করিয়াছেন—

"To the instructed Brahmana there is in all the Vedas as much utility

as in a reservoir of water into which waters flow from all sides."

দ্বংখের বিষয় কেবল এই ষে, ইহার অর্থ হয় না। কিছু তাৎপর্য্য নাই। অনুবাদকও তাহা অগত্যা স্বীকার করিয়াছেন। তিনি এই শ্লোকের একটি টীকা লিখিয়া, তাহাতে বলিয়াছেন—

"The meaning here is not easily apprehended. I suggest the following explanation:—Having said that the Vedas are concerned with actions for special benefits, Krishna compares them to a reservoir which provides water for various special purposes—drinking, bathing &c. The Vedas similarly prescribe particular rites and ceremonies for going to heaven, or destroying an enemy &c. But, say Krishna, man's duty is merely to perform the actions prescribed for him among these, and not entertain desires for the special benefits named."

তেলাঙ্গের পর আর কোন ইংরেজি অনুবাদকের অনুবাদ এখানে উদ্ধৃত করা প্রয়োজনীয় হইতে পারে না। ইহাই বলা যথেষ্ট যে, Davis ও Thomson প্রভৃতি সাহেবেরা তেলাঙ্গের ন্যায় অর্থ করিয়াছেন। তবে তাঁহারা সেই অনুবাদের সঙ্গে যে একট্র একট্র টীকা সংযুক্ত করিয়া দিয়াছেন, তাহাতে আরও রস আছে। Thomson-কৃত টীকাট্রক্ পাঠককে উপহার দিলেই যথেষ্ট হইবে। তাহা উদ্ধৃত করিতেছি—

"As a tank full of fresh water may be used for drinking, bathing, washing one's clothes and numerous other purposes, so the text of the Vedas may be turned to any object of self-interest by a Brahman who is well acquainted with them and knows how to wield them. We may exemplify this general fact by the uses made of texts from our scriptures in the mouths of the Puritans on the one hand, and of the Cavaliers on the other. Our author must not, however, be understood to reject the use of the Vedas by what he here says. He merely advises a careful use of them. Kapila himself admits them as a last source of proof of the truth when others fail."

আমার ন্যায় ক্ষরুদ্র ব্যক্তি গীতার মন্ত্র্যার্থ ব্রিঝতে বা ব্র্ঝাইতে যে অক্ষম, তাহা আমি মর্ক্তকণ্ঠে স্বীকার করি। তবে "স্বল্পমপ্যস্য ধন্মস্য" ইত্যাদি বাক্য স্মর্যর করিয়াই স্বকার্যের প্রবৃত্ত হইয়াছি। কিন্তু আমি ব্র্ঝাইতে পার্নি বা না পারি, প্রাচীন ভাষ্যকারদিগের যে সকল মহদ্বাক্য উদ্ধৃত করিত্রেছি, অন্ততঃ তাহা হইতে পাঠক ইহার মন্ত্র্যার্থ ব্রিঝতে পারিবেন, এমত ভরসা আছে। কিন্তু তাহাতেও ব্রুব্র বা না ব্রুব্রন, পাঠকের কাছে যুক্তকরে এই নিবেদন করি যে, ইংরেজের কাছে যেন গীতার্থ ব্রিঝবার জন্য না যান। সর্গিক্ষিত বাঙ্গালীকে ইংরেজের কৃত গীতান্বাদ পড়িতে দেখিয়াছি বলিয়াই এ কথা বলিতেছি; এবং সেই প্রবৃত্তির বিনাশের জন্যই এডটা ইংরেজি এখানে উদ্ধৃত করিলাম।

প্রবাদ আছে যে, পর্রাণাদি প্রণয়নের পর ব্যাসদেব এক দিন সম্দ্রুদ্রতীরে উপবেশন করিয়া কি চিন্তা করিতেছিলেন। সম্দ্রে বৃহৎ বৃহৎ উদ্মি-মালার মৃত তাঁহারও মানসসম্দ্রে গ্রহত্ব চিন্তা উঠিয়া মনকে অশান্ত করিয়া তুলিয়াছিল। সেই সময়ে দেবার্য নারদ তাঁহার নিকট উপস্থিত হন। নারদের নিকট ব্যাসদেব মনের অবস্থা বিবৃত করেন; বলেন,—প্রভ্, জগতের হিতার্থ আমি সাধারণের দুর্বেশ্যে বেদোক্ত ধন্মকৈ সহজ্ঞ করিয়া প্রচার করিয়াছি, গল্পচ্ছলে বেদোক্ত উপদেশ লইয়া প্রাণাদি প্রশক্ষন করিয়াছি, ইহাতে আমার জীবনের অধিকাংশ সময়

অতিবাহিত হইরাছে। তথাপি এখন আমার মনে হইতেছে, বৃঝি আমার কন্তব্য কিছুই করা হয় নাই, অথচ আর আমি কি করিব, নির্ণয় করিতে পারিতোছি না। এই জন্য মন অতিশয় ব্যাকুল হইরাছে—অশান্ত মনে সম্দ্রতীরে আসিয়াছি—দেব! কোথায় আমার কন্তব্যর বৃত্তি হইরাছে, আরও আমার কি কন্তব্য বাকি আছে, নিন্দেশ করিয়া আমার এই অশান্ত মনে শান্তি প্রদান কর্ন। "ধন্মের প্রধান অবলম্বন ভক্তি জগতে প্রচার কর"—এই উপদেশ দিয়া দেবিষি অন্তহিত হইলোন। কথিত আছে যে, ব্যাসদেব তখন ভাগবত ও ভগবন্দগীতা প্রণয়ন করেন, আরও দৃই একখানি প্রবাণে ভক্তের আদর্শ অঞ্চন করেন। এই কারণে কেহ কেহ মহাভারত গীতার প্রের্ণ রচিত হইয়াছিল, অনুমান করেন।

গীতাও ভাগবত ভক্তিপ্রধান গ্রন্থ। ব্যাসদেব ব্রিঝয়াছিলেন, ভক্তি জীবনের চরম উদ্দেশ্য, পরিতালের একমাত্র উপায়।

কি কথাটা হইতেছিল, এক্ষণে এক বার স্মরণ করা কর্ত্রা। ভগবান্ অর্জ্র্নকে জ্ঞানযোগ ব্র্বাইয়া, "এষা তেহভিহিতা সাংখ্যে" ইত্যাদি বাক্যে বলিলেন যে, এখন তোমাকে কর্ম্যোগ শ্নাইব। তখন কর্ম্যোগের কিছ্ প্রশংসা করিয়া, প্রথমতঃ একটা সাধারণ প্রচলিত দ্রান্তির নিরাসে প্রবৃত্ত হইলেন। সে দ্রান্তি এই যে, বেদোক্ত কাম্য কর্ম্ম সকলেই লোকের চিন্ত নির্বিষ্ঠ, তাদ্শ লোক ঈশ্বরে একাগ্রচিন্ত হইতে পারে না। তাই ভগবান্ অর্জ্র্নকে বলিলেন যে, বেদ সকল "দ্রৈগ্র্ণাবিষয়," তুমি নিন্তেগ্র্ণা হও বা বেদবিষয়কে অতিক্রম কর। কেন না, যেমন সন্ব্র জলপ্লাবিত হইলে বাপী ক্প তড়াগাদিতে কাহারও প্রয়োজন হয় না, তেমনি যে ব্রহ্মনিষ্ঠ, বেদে আর তাহার প্রয়োজন হয় না। কর্ম্মযোগের সহিত বৈদিক কন্মের সন্বন্ধরাহিত্য এইর্পে প্রতিপাদন করিয়া ভগবান্ এক্ষণে কর্মযোগ্য কহিতেছেন:—

কন্ম'ণ্যেবাধিকারস্তে মা ফলেষ কদাচন। মা কন্মফলহেতুর্ভুমা তে সঙ্গোহস্থকন্মণি॥ ৪৭॥

কম্মে তোমার অধিকার, কিন্তু ফলৈ কদাচ (অধিকার) না হউক। তুমি কম্মফলহেতু হইও না; অকম্মে তোমার আসন্তি না হউক।৪৭।

এই শ্লোক ব্ৰবিতে গেলে, "কম্ম" কি, "কম্মফলহেতু" কি, "অকম্ম" কি, ব্ৰুঝা চাই।

কম্ম কি" ব্ৰিকলে, আর দুইটা ব্ঝা গেল। কম্মফল যাহার প্রবৃত্তি হেতু, সেই "কম্মফলহেত"। কম্মশ্ন্যতাই অকম্ম। কম্ম কি, তাহা পরে বলিতেছি।

অতএব শ্লোকের অর্থ এই যে, কম্ম করিও, কিন্তু কম্মফল কামনা করিও না। কম্ম-ফলপ্রাপ্তিই যেন তোমার কম্মে প্রবৃত্তির হেতু না হয়। কিন্তু কম্মের ফলের প্রত্যাশা না থাকিলে কেহ কম্ম করিতে প্রবৃত্ত হইবার সম্ভাবনা নাই, এই জন্য শ্লোকশেষে তাহাও নিষিদ্ধ হইতেছে। বলা হইতেছে, ফল চাহি না বলিয়া কম্মে বিরত হইও না। অর্থাৎ কম্ম অবশ্য করিবে, কিন্তু ফল কামনা করিয়া কম্ম করিবে না।

বোধ হয় এক্ষণে শ্লোকের অর্থ ব্রুঝা গিয়াছে। ইহাই স্বৃবিখ্যাত নিজ্জাম কম্মতিত্ব। এর্প উন্নত, পবিত্র এবং মন্বেয়র মঙ্গলকর মহামহিমময় ধম্মোক্তি জগতে আর কখন প্রচারিত হয় নাই। কেবল ভগবংপ্রসাদাংই হিন্দ্র, এর্প পবিত্র ধন্মতিত্ব লাভ করিতে পারিয়াছে।

কিন্তু লাভ করিয়াও হিন্দরে পক্ষে ইহার বিশেষ ফলোপখায়িতা ঘটে নাই। তাহার কারণ, এমন কথাতেও আমাদের বৃদ্ধিবিদ্রংশবশতঃ অনেক গোলযোগ ঘটিয়াছে। আমরা আজিও ভাল করিয়া ইহা বৃদ্ধিতে পারি নাই।

আমি এমন বলিতেছি না যে, আমি ইহা সম্পূর্ণর পে ব্রিঝয়াছি বা পাঠককে সম্পূর্ণরপে ব্রাইতে পারিব। ভগবান্ যাঁহাকে তাদৃশ অন্গ্রহ করিবেন, তিনিই ইহা ব্রিকতে পারিবেন। তবে যতটুকু পারি, ব্রঝাইতে চেন্টা করায় বোধ হয় ক্ষতি নাই।

ইহার প্রথম গোলযোগ কর্ম্ম শব্দের অর্থ সন্বন্ধে। যাহা করা যার বা করিতে হয়, তাহাই কর্ম্ম, কর্ম্ম শব্দের এই প্রচলিত অর্থ। কিন্তু কতকগর্নল হিন্দু শাদ্যকার বা হিন্দু শাদ্যের ব্যাখ্যাকার ইহাতে একটা গোলযোগ উপস্থিত করিয়া রাখিয়াছেন। তাঁহাদের কৃপার এ সকল স্থলে ব্রিতে হয়, কর্ম্ম অর্থে বেদোক্ত যজ্ঞাদ। কর্ম্ম মান্তই কর্ম্ম নহে—বেদোক্ত অথবা শাদ্যোক্ত যজ্ঞই কর্ম্ম।

যদি তাই হয়, তাহা হইলে এই শ্লোকের অর্থ এই ব্রেক্তে হয় যে, বেদোন্ডাদি যজ্ঞাদি

कतिरंत, किञ्च त्मारे मकल यरख्य कल न्दर्शामि, त्मारे न्दर्शामित कामना कतिरंद ना।

এইর প অর্থ চিরপ্রচলিত বলিয়া স্নিশিক্ষত ইংরেজিনবিশেরাও এইর প অর্থ ব্রিয়াছেন। স্পশ্চিত কাশীনাথ বাদ্বক তেলাঙ্ই হার প্রবিদ্যাকের টীকায় লিখিয়াছেন, ''The Vedas . . . prescribe particular rites and ceremonies for going to heaven or destroying an enemy &c. But, says Krishna, man's duty is merely to perform the actions prescribed for him among these, and not entertain desires for the special benefits named.''

ষদি কর্মা শব্দের এই অর্থ হয়, তবে পাঠককে একটা গোলযোগে পড়িতে হইবে। পাঠক বাললেন যে, যে কন্মের ফল স্বর্গাদি, অন্য কোন প্রয়োজন নাই, যাদি সে ফলই কামনা না করিলাম, তবে সে কর্ম্মেই করিব কেন? নিম্কাম কাম্য কর্ম্মে কির্পে? কাম্য কর্ম্মে নিম্কাম হইয়াই বা করি কেন?

অতএব দেখা যাইতেছে যে, কর্ম্ম অর্থে বেদোক্তাদি কাম্য কর্ম্ম ব্যক্তিলে আমরা কোন বোধগম্য তত্ত্বে উপস্থিত হইতে পারি না। আর বেদোক্ত কাম্য কর্ম্ম গাঁতোক্ত নিজ্কাম কর্মের উদ্দিন্ট নহে, তাহা গীতার তৃতীয় অধ্যায়ের আলোচনায় অতি স্পন্ট প্রতীয়মান হয়। ঐ তৃতীয় অধ্যায়ের নামই "কর্ম্মযোগ"। ইহাতে কর্ম্ম সম্বন্ধে কথিত হইয়াছে—

ন হি কশ্চিৎ ক্ষণমপি জাতু তিণ্ঠত্যকৰ্মকং। কাৰ্য্যতে হ্যবশঃ কৰ্মা সৰ্বা প্ৰকৃতিজৈগ্ৰ্লৈঃ॥ ৫॥

"কেহ বখন ক্ষণমাত্র কর্ম্ম না করিয়া থাকিতে পারে না; কেন না, প্রকৃতিজ বা স্বাভাবিক গুলো সকলকেই কর্ম্ম করিতে বাধ্য করে।"

এখন দেখা যাইতেছে, বেদোক্ত যজ্জাদি সম্বন্ধে এ কথা কখনই বলা যায় না। কেবল সচরাচর যাহাকে কম্ম বিল—যাহাকে ভাষায় কাজ এবং ইংরেজিতে action বলে, তাহার সম্বন্ধেই কেবল এ কথা বলা যাইতে পারে। কেহ কখন কাজ না করিয়া থাকিতে পারে না, অন্য কোল কাজ না কর্ক, স্বভাব বা প্রকৃতির (Nature) বশীভূত হইয়া কতকগ্নিল কাজ অবশ্য করিতে হইবে। যথা,—অশন, বসন, শায়ন, শ্বাস, প্রশ্বাস ইত্যাদি। অতএব স্পষ্টই কম্ম শাংক বাচা, যাহাকে সচরাচর কম্ম বলা যায়, তাহাই: যজ্ঞাদি নহে।

প্নশ্চ ঐ অধ্যায়ের ৮ম শ্লোকে কথিত হইতেছে—

নিরতং কুরা কম্ম স্বং কম্ম জ্যায়ো হ্যকম্মণঃ। শরীরবাল্রাপি চ তে ন প্রসিধ্যেদকর্ম্মণঃ॥

"তুমি নিয়ত কম্ম কর; কম্ম অকম্ম হইতে শ্রেষ্ঠ; অকম্মে তোমার শরীর্যাত্রাও নির্ন্বাহ হুইতে পারিবে না।"

এখানেও নিশ্চিত কর্ম্ম সর্ব্ববিধ কর্ম্ম বা 'কাজ';— যজ্ঞাদি নহে। যজ্ঞাদি ব্যতীত সকলেরই শরীরযাত্রা নির্ম্বাহ হইতে পারে ও হইয়া থাকে, কেবল কাজ বা Action যাহাকে সচরাচর কর্ম্ম বলা যায়, তাহা ভিন্ন শরীরযাত্রা নির্ম্বাহ হয় না।

এবংবিধ প্রমাণ গাঁতা হইতে আরও উদ্ধৃত করা যাইতে পারে।* প্রমাণ নিদ্দোল হইলে, এক প্রমাণই যথেকী। অতএব আর নিষ্প্রয়োজনীয়।

অতএব ইহা সিদ্ধ যে, কম্ম'যোগ ব্যাখ্যায় কম্ম' অর্থে সচরাচর যাহাকে কম্ম' বলা যায়, অর্থাৎ কান্ধ বা action তাহাই ভগবানের অভিপ্রেত :—বৈদিক যজ্ঞাদি নহে।

* পক্ষান্তরে অন্টমাধ্যারে, "ভূতভাবোদ্ভবকরে। বিসর্গঃ কর্ম্মসংক্রিতঃ" ইতি বাকাও আছে। তাহার প্রচলিত অর্থ বস্তুর পক্ষে বটে কিন্তু সেই প্রচলিত অর্থ ও যে দ্রমায়ক, বোধ করি পাঠক তাহা পশ্চাং ব্রিয়তে পারিবেন। আমি ব্রাইব, এমন কথা বলি না—পাঠক সহজেই ব্রিয়বেন। এবং ইহাও স্বাকার করিতে আমি বাধ্য যে, কখন কখন গীতাকেও কর্ম্ম শব্দে বৈদিক কামা কর্ম্ম ব্রার, রথা— এই স্বে অধ্যান্থের ৪৯ ক্লোকে, "দ্রেশ হাবরং কর্ম্ম"। কিন্তু এখানেও স্পর্টই ব্রা বার, এ "কর্ম্মের" সঙ্গে ক্ষমবোগের বিরুদ্ধ ভাব। গীতার অনেকগ্রিল শব্দ ভিন্ন ভিন্ন অর্থে স্থানে হাবহুত হইয়াছে, ইহা প্রেই বলিয়াছি।

তাহা হইলে এই ৪৭ শ্লোকের অর্থ এই হইতেছে যে, কন্তব্য কর্ম্ম সকল করিতে হইবে। কিন্তু তাহার ফল কামনা করিবে না, নিম্কাম হইয়া করিবে। এক্ষণে এই মহাকাব্যের প্রকৃত তাংপর্য্য ব্যবিধার চেন্টা করা যাউক।

ইহার ভিতর দ্বইটি আজ্ঞা আছে—প্রথম, কম্ম করিতে হইবে। দ্বিতীয়, সকল কম্ম নিষ্কাম

হইযা করিতে হইবে। এক একটি করিয়া ব্রুঝা ষাউক। প্রথম, কর্ম্ম করিতে হইবে।

কর্ম্ম করিতে হইবে কেন? তৃতীয়াধ্যায়ের যে দুই শ্লোক উপরে উদ্ধৃত করিয়াছি, তাহাতেই উহা বুঝান হইয়াছে। কর্ম্ম আমাদের জীবনের নিষম—Law of Life—কর্ম্ম না করিয়া কেহ ক্ষণকাল তিন্ঠিতে পারে না। সকলেই প্রকৃতিজ গুলুণে কর্ম্ম করিতে বাধ্য হয়। কর্ম্ম না করিলে শবীরযাত্রাও নির্ন্বাহ হয় না। কাজেই সকলকে কর্ম্ম করিতে হইবে।

কিন্তু সকল কর্মাই কি করিতে হইবে? কতকগন্তি কর্মাকে আমরা সংকর্মা বলি, কতক-গন্তিকে অসংকর্মা বলি। অসংকর্মাও করিতে হইবে?

অসংকশ্ম আমাদের জীবন নির্ন্ধাহের নিয়ম নহে—ইহা আমাদের Law of Life নহে।
অসংকশ্ম না করিয়া কেহ ক্ষণকাল থাকিতে পারে না, এমন নহে,--অসংকশ্ম না করিলে
কাহারও শরীর্যান্তা নির্ন্ধাহের বিঘা হয় না। চুরি বা পরদার না করিয়া কেহ যে বাঁচিতে পারে
না, এমন নহে। সতেরাং অসংকশ্ম করিতে হইবে না। ততীয় অধ্যায় হইতে উদ্ধৃত ঐ দুই

শ্লোক হইতে বুঝা যাইতেছে, পশ্চাৎ আরও বুঝা যাইবে।

পক্ষান্তরে ইহাও জিজ্ঞাসিত হইতে পারে যে, যাহাকে সংকশ্ম বলি তাহাই কি আমাদের জীবনযান্তার নিরম? আমরা কতকগর্নিকে সংকশ্ম বলি, যথা—পরোপকারাদি; আর কতকগর্নিকে অসংকশ্ম বলি, যথা—পরদারগমনাদি; আর কতকগর্নিকে সদসং কিছুই বলি না, যথা. শরন ভোজনাদি। ভাল ব্বা গিয়াছে যে, দ্বিতীয় শ্রেণীর কশ্মগর্নি করিবার প্রয়োজন নাই; এবং তৃতীয় শ্রেণীর কশ্মগর্নি না করিলে নয়, স্বৃতরাং করিতে হইবে। কিন্তু প্রথম শ্রেণীর কশ্মগর্নি করিব কেন? সংকশ্ম মনুষ্যজীবনের নিরম কিসে?

এ কথার উত্তর আমার প্রণীত ধন্মতিত্ব নামক গ্রন্থে সবিস্তারে দির্নাছি সন্তরাং পন্নরন্তিব প্রযোজন নাই। আমি সেই গ্রন্থে ব্র্ঝাইযাছি যে, যাহাকে আমরা সংকর্ম বলি তাহাই মন্মান্ত্রের প্রধান উপাদান। অতএব ইহা মন্ম্যাজীবন নির্মাত্রের নিযম।

বস্তৃতঃ কম্মের এই ত্রিবিধ প্রভেদ করা যায় না। যাহাকে সংকর্ম বলি, আব যাহাকে সদসং কিছুই বলি না, অথচ করিতে বাধ্য হই, এতদ্বভাষই মন্বাদ্ধ পক্ষে প্রয়োজনীয়। এই জন্য এই দুইকে আমি ধর্মাতত্তে অনুপ্রেয় কর্মা বলিয়াছি। এই চীকাতেও বলিতে থাকিব।

এক্ষণে জিজ্ঞাসা হইতে পারে, কোন্ কর্মা অনুষ্ঠেয় এবং কোন্ কর্মা অনুষ্ঠেয় নহে, তাহার মীমাংসা কে করিবে? মীমাংসার স্থ্ল নিয়ম এই, গীতাতেই কথিত হইয়াছে, পশ্চাৎ দেখিব; এবং সেই নিয়ম অবলন্বন করিয়া আমি উক্ত ধন্মতিত্ব গ্রন্থে এ তত্ত্ব কিছু দুরে মীমাংসা করিয়াছি।

এই শ্লোকোক্ত প্রথম বিধি. "কম্ম করিবে." তংসদ্বন্ধে এক্ষণে এই পর্যাক্ত বলিয়া দ্বিতীয বিধি সামান্যতং ব্রুঝাইব। দ্বিতীয় বিধি এই যে, যে কম্ম করিবে, তাহা নিজ্কাম হইয়া করিবে। একটা উদাহরণ দেওয়া যাউক।

পরোপকার অনুষ্ঠেয় কর্মা। অনেকে পরোপকার এইর্প অভিপ্রায়ে করিয়া থাকে যে, আমি যাহার উপকার করিলাম, সে আমার প্রত্যুপকার করিবে। ইহা সকাম কর্মা। ইহা এই বিধির বহিন্তাত।

অনেকে এই অভিপ্রায়ে দানাদির দ্বারা পরোপকার করে যে, ইহাতে আমার প্র্ণাসণ্ডয় হইয়া তংফলে স্বর্গাদি লাভ হইবে। ইহাও সকাম কম্ম, এবং এই বিধির বহিন্তৃত।

অনেকে এইরপে অভিপ্রায়ে পরোপকার করিয়া থাকেন যে, ঈশ্বর ইহাতে আমার উপর প্রসম হইবেন, এবং প্রসম হইয়া আমার মঙ্গল করিবেন। তাহা হইতে পারে; ঈশ্বর প্রসম হইবেন সন্দেহ নাই এবং পরোপকারীর মঙ্গলও করিতে পারেন: কিন্তু ইহা নিজ্কাম কন্ম নহে। ইহা সকাম, এবং এই বিধির বহির্ভূত।

নিশ্কামকর্মী তাহাও চাহে না, কিছুই চাহে না, কেবল আপনার অনুষ্ঠের কর্ম্ম করিতে চাহে। পরোপকার আমার অনুষ্ঠের কর্ম-এই জন্য আমি করিব, কোন ফলই চাই না। ইহা নিশ্কাম চিত্তভাব।

विष्क्रम ब्रह्मावकी

ধর্ম্মতত্ত্বে আমি আর আর উদাহরণের দ্বারা ব্রঝাইরাছি ষে, সকল প্রকার অন্তেটর কন্মইি নিচ্কাম হইতে পারে। অতএব প্রনর্কাক্ত অনাবশাক।

নিন্দাম কন্ম সন্বন্ধে একটি প্রথম কথা। এ তত্ত্ব ক্রমশঃ আরও পরিস্ফান্ট ও বিশদ হইবে। যোগস্থঃ কুর কন্মাণি সঙ্গং তাক্তনা ধনঞ্জয়।

সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমো ভূত্বা সমত্বং যোগ উচ্যতে॥ ৪৮॥

হে ধনশ্বর! যোগস্থ হইয়া "সঙ্গ" ত্যাগ করিয়া কর্ম্ম কর। সিদ্ধি ও অসিদ্ধিকে তুলা জ্ঞান করিয়া (কর্ম্ম কর)। (এইরূপ) সমত্বকে যোগ বলে।৪৮।

প্রেক্তে ফলাকা জ্লাশ্ন্য যে কন্ম, তাহাই বিহিত হইয়ছে। এক্ষণে সেইর্প কন্ম করার পক্ষে তিনটি বিধি নিশ্পিট হইতেছে—

প্রথম, যোগস্থ হইয়া কর্ম্ম করিবে।

দ্বিতীয়, সঙ্গ ত্যাগ করিয়া কম্ম করিবে।

তৃতীয়, সিদ্ধি ও অসিদ্ধিতে তুল্যজ্ঞান করিবে।

ক্রমশঃ এই তিনটি বিধি ব্রবিতে চেণ্টা করা যাউক।

প্রথম, যোগস্থ হইয়া কর্ম্ম করিবে। যোগ কি? যোগ শব্দ গীতায় স্থানে স্থানে ভিন্ন ভিন্ন আর্থে ব্যবহৃত হইরাছে, ইহা প্রের্থ বিলয়াছি। পাঠককে ব্রুথাইতে হইবে না যে, যাহাকে পতঞ্জাল ঠাকুর "চিত্তব্যতিনিরোধ" বালয়াছেন, সের্প কথা হইতেছে না।

এখানে "যোগ" শবৈদর অর্থে খ্রীধর স্বামীর মতে "পরমেশ্বরৈকপরতা।" শঙ্করাচার্যাও তাহাই ব্রিঝয়াছেন। তিনি বলেন, "যোগস্থ সন্ কুর্ কম্মানি কেবলমীশ্বরার্থম্।" কিন্তু শ্লোকের শেষাংশের ব্যাখ্যাকালে তিনি বলিয়াছেন, "কোহসো যোগো যন্ত্রস্থঃ কুর্বিত্যক্তমিদমেব তং সিদ্ধ্যান্ত সমন্থং যোগ উচ্যতে।"

স্থ্ল কথা, যোগ কি, তাহা যখন এই শ্লোকেই ভগবান্ ব্ঝাইয়াছেন, তখন আর ভিন্ন অর্থ খাজিবার প্রয়োজন কি? সিদ্ধি ও অসিদ্ধিতে যে সমত্বজ্ঞান, তাহাই যোগ। তৃতীয় বিধি ব্যাঝালেই তাহা ব্যাঝাৰ। তৃতীয় বিধি, প্রথম বিধির সম্প্রসারণ মাত্র। সম্প্রসারণকে প্রার্থিত বলা যায় না।

তৃতীয় বিধির আগে দ্বিতীয় বিধি ব্রুঝা যাউক। "সঙ্গ" ত্যাগ করিয়া কম্মা করিবে। সঙ্গ কি ? গ্রীধর বলেন. "কর্ম্বাভিনিবেশঃ।" আমি কর্ত্তা, এই অভিনিবেশ পরিত্যাগ করিয়া, কেবল ঈশ্বরাশ্রয়ে অর্থাৎ ঈশ্বরই কর্তা, ইহা জানিয়া কর্ম্মা করিবে।

শঙ্কর বলেন, "যোগস্থঃ সন্ কুর্ব কর্মাণি, কেবলমীশ্বরার্থং তন্নাপীশ্বরো মে তুষান্বিতি সঙ্গং ত্যক্তবা," কেবল ঈশ্বরার্থ কর্মা করিবে, কিন্তু ঈশ্বর তঙ্জনা আমার শত্ত কর্ন, এর্প কামনা পরিত্যাগ করিয়া কর্মা করিবে। ফলে, ফলকামনা ত্যাগই সঙ্গত্যাগ, এইর্প অর্থে "সঙ্গ" শব্দ পুনঃ পুনঃ গীতায় ব্যবহৃত হইয়াছে, দেখা যায়।

এক্ষণে তৃতীয় বিধি ব্ঝা যাউক। কম্মিসিদ্ধি, এবং কম্মের অসিদ্ধিকে তৃত্য জ্ঞান করিতে হইবে, এই সমত্বজ্ঞানই যোগ। এই কথা জ্ঞানবাদী শব্দরাচার্য্য যের প ব্যক্ষাইয়াছেন, আমাদের মত অজ্ঞানীদিগের সের প ব্যঝাই বিশেষ লাভ নাই। তাঁহার মত এই যে, জ্ঞানপ্রাপ্তি কম্মের সিদ্ধি। তাই তিনি বলেন যে, "সত্ত্বশৃদ্ধিজা জ্ঞানপ্রাপ্তিলক্ষণা সিদ্ধি।" এবং "তদ্বিপর্য্যক্ষা অসিদ্ধি"। শ্রীধর ঠাকুরও এখানে শব্দরাচার্য্যের অন্বত্তী । তিনি বলেন "কর্মফলস্য জ্ঞানস্য সিদ্ধাসিদ্ধোঃ" ইত্যাদি।

এখন জ্ঞান, কন্মের ফল কি না. সে বিচারের প্রয়োজন নাই। স্থানান্তরে সে বিচারে প্রবৃত্ত হইবে। আপাততঃ যে কথাটা উপস্থিত. তাহার সোজা অর্থ ব্বিথতে পারিলে আমাদিগের পরম লাভ হইবে। টীকাকার মধ্মদুদন সরুবতী সেই সোজা অর্থ ব্বাইয়াছেন। তিনি বলেন. "সিন্ধাসিন্ধোঃ সমো ভূত্বেতি ফলসিন্ধো হর্ষং ফলাসিন্ধো চ বিষাদং ত্যক্তরা" ইত্যাদি। ফলসিন্ধতে হর্ষত্যাল এবং ফলের অসিন্ধিতে বিষাদত্যাগ. ইহাই সিন্ধি অসিন্ধিতে সমন্ধ্জান। সাধারণ পাঠকের ইহাই সঙ্গত অর্থ বিলয়া বোধ হইবে। যে নিন্কাম, ফলকামনা করে না. তাহার ফলসিন্ধিতে হর্ষ হইতে পারে না এবং অসিন্ধিতে বিষাদ জ্ঞানতে পারে না। ষত দিন সে ফলসিন্ধিতে আনন্দ লাভ করে, তেওঁ দিন ব্যক্তিতে ইইবে যে, সে ফলকামনা করে—কেন না, ফলকামনা না করিলে ফলসিন্ধিতে হর্ষলাভ করিবে কেন। কন্ম্বারী নিন্কাম হুইলে, তাহার

শ্রীমন্তগবন্গীতা

ফর্লাসিদ্ধিতে হর্ষ নাই বা আসিদ্ধিতে দৃঃখ নাই। তাহার পক্ষে অসিদ্ধি ও সিদ্ধি সমান। এই সমত্বজ্ঞানই যোগ। তাদৃশ যোগস্থ হইয়া কম্ম কর, ইহাই প্রথম বিধি।

দুরেণ হাবরং কম্ম ব্রিদ্ধযোগাদ্ধনঞ্জয়। বুদ্ধো শরণমন্বিচ্ছ কুপণাঃ ফলহেতবঃ॥৪৯॥

হে ধনঞ্জর! বৃদ্ধিযোগ হইতে কম্ম অনেক নিকৃষ্ট। বৃদ্ধিতে আগ্রয় প্রার্থনা কর। <mark>যাহারা</mark> সকাম, তাহা নিকৃষ্ট। ৪৯।

ব্লিদ্ধযোগ কাহাকে বলে, তাহা প্ৰেৰ্থ কথিত হয় নাই। শ্রীধর বলেন, ব্যবসায়াত্মিকা-ব্লিদ্ধিক কম্ম যোগই ব্লিদ্ধযোগ। শুকর বলেন, সমত্ব্লিদ্ধ। সমত্বং যোগ উচাতে। তাহা হইতে কম্ম অনেক নিকৃষ্ট যখন বলা হইতেছে, তখন ব্লিখতে হইবে, এখানে কম্ম শব্দে কাম্য কম্ম। ভাষ্যকারেরা এইর্প বলেন। অতএব শ্লোকের প্রথমার্দ্ধের অর্থ এই যে, যে কম্ম যোগের কথা বলিলাম, তাহা হইতে কাম্য কম্ম অনেক নিকৃষ্ট।

শ্লোকের দ্বিতীয়ান্ধে বলা হইতেছে যে, ব্দির আশ্রয় গ্রহণ কর বা ব্দির অনুষ্ঠান কর। ইহাতে এখানে "বৃদ্ধি" শব্দে ঐ বৃদ্ধিযোগই বৃদ্ধিতে হয়। ভাষ্যকারেরা বলেন, সংখ্যাবৃদ্ধি বা জ্ঞান। যাদ তাই হয়, তবে প্রথমান্ধেও বৃদ্ধি শব্দে জ্ঞান বৃন্ধাই উচিত। তাহা হইলে তৃতীয় অধ্যায়ের আরম্ভে "জ্যায়সী চেৎ কর্ম্মণিশু মতা বৃদ্ধিজ্পনার্ম্পন" ইত্যাদি বাক্যে আর কোন গোলখোগ হইবে না। কিন্তু পরবন্তী ৫০ শ্লোকে কিছু গোলখোগ বাধিবে।

বর্নন্ধথ,কো জহাতীহ উত্তে স্কৃতদ্বৃদ্ধতে। তদমাং যোগায় যুক্তদ্ব যোগঃ কম্মাস্ব কৌশলম্ ॥ ৫০ ॥

যিনি ব্লিষ্মুক্ত, ইহজন্ম তিনি স্কৃত দৃষ্কৃত উভগ্নই পরিতাগি করেন। তাজান্য তুমি যোগের অনুষ্ঠান কর। কন্মে কৌশলই যোগ। ৫০।

"বৃদ্ধিয় ক্র"— অর্থাং বৃদ্ধিয়োগে যুক্ত। যে সকল কন্মের ফল স্বাগাদি, তাহাই স্কৃত; আর যে সকল কন্মের ফল নরকাদি, তাহাই দৃষ্কৃত। যিনি বৃদ্ধিয় ক্র, তিনি যাহাতে স্বাগাদি বা নরকাদি প্রাপ্ত হয়, তাদৃশ উভয়বিধ ক্র্মেই পরিত্যাগ করেন। ইহার তাৎপর্য্য এমন নহে যে, তিনি কোন প্রকার সংক্র্মে করেন না, অথবা ভাল মন্দ কোন ক্র্মেই করেন না। ইহার অর্থ এই যে, তিনি স্বাগাদি কামনা বা নরকাদির ভয়ে কোন ক্র্মে করেন না। যাহা করেন, তাহা অনুষ্ঠের বলিয়া করেন।

অতএব তুমি যোগের অনুষ্ঠান কর। কন্মে কৌশলই যোগ। প্রাচীন ভাষ্যকারেরা এ কথার অর্থ করিয়াছেন যে, কন্মা বন্ধনজনক; কেন না, কন্মা করিলেই প্রন্দ জন্মগ্রহণ করিয়া তাহার ফলভোগ করিতে হয়। কিন্তু তাদৃশ বন্ধনকেও যদি ঈশ্বরারাধনার সাহায্যে মুক্তির উপায়ে পরিণত করিতে পারা যায়, তবে তাহাকেই কন্মের কৌশল বা চাত্র্য্য বলা যায়।

উনবিংশ শতাব্দীতে আমরা এরপে ব্রিতে প্রস্তুত নহি। আমরা ব্রিঅ, যিনি কশ্মের্ক্শলী, অর্থাৎ আপনার অনুষ্ঠের কন্মেসকল ব্যাবিহিত নিব্বহি করেন, তিনিই যোগী। কন্মে তাদ্শ কোশল বা বিহিত অনুষ্ঠানই যোগ। "যোগঃ কন্মাস্য কোশলম্।" এ কথার এই অর্থই সহজ এবং সঙ্গত বলিয়া বোধ হয়। যেখানে সহজ অর্থ আছে, সেখানে ভাষ্যকার মহামহোপাধ্যায়দিগকে দ্র হইতে প্রশাম করিয়া, আমরা সেই সহজ অর্থেরই অনুবত্তী হইব।

কর্মাজং ব্রাদ্ধিয়ব্জা হি ফলং ত্যক্তরা মনীবিশঃ। জন্মবন্ধবিনিন্দর্বিজঃ পদং গচ্ছন্তানাময়ম্॥ ৫১॥

বর্দ্ধিযুক্ত জ্ঞানিগণ কর্ম্মজনিত ফল ত্যাগ করিয়া, জন্মবন্ধ হইতে মুক্ত হইয়া অনাময় পদ প্রাপ্ত হরেন। ৫১।

"र्वाक्षयुक्त"--र्वाक्षरयागायलम्यी।

অনাময় পদ-সর্বেপদ্রশ্ন্য বিষ্ণুপদ। (শ্রীধর)

বদা তে মোহকদিলং বৃদ্ধিব্যতিতরিষ্যতি। তদা গল্ডাসি নির্বেদং শ্রোতবাস্য শ্রুতসা চা। ৫২॥

যবে তোমার বৃদ্ধি মোহকানন অতিক্রম করিবে, তবে তুমি শ্রোতবা এবং শ্রুত বিষয় সকলে বৈরাগ্য প্রাপ্ত হইবে। ৫২।

এই ফলকামনা পরিত্যাগপ্রবর্ক অনাময় পদ কিসে পাওয়া যায়? যখন মোহ বা দেহাভিমান হইতে উত্তীর্ণ হওয়া ফায়, তখন সমস্ত শ্রুত বা শ্রোতব্য বিষয়ে বৈরাগ্য বা কামনা-শ্রুতা জন্মে। স্বর্গাদি সর্খ বা রাজ্যাদি সম্পদ্, কোন বিষয়েরই কথা শর্নিয়া মর্ম হইতে হয় না।

শ্রুতিবিপ্রতিপন্না তে যদা স্থাস্যতি নিশ্চলা। সমাধাবচলা বুদ্ধিস্তদা যোগমবাপ্স্যাস॥ ৫৩॥

তোমার "শ্রুতিবিপ্রতিপল্লা" বুদ্ধি যখন সমাধিতে নিশ্চলা, (স্তরাং) অচলা হইযা থাকিবে, তখন যোগ প্রাপ্ত হইবে। ৫৩।

"শ্রন্তিবিপ্রতিপক্ষা"। বিপ্রতিপন্ন অর্থে বিক্ষিপ্ত।* কিন্তু শ্রন্তি কি? শ্রন্তি, যাহা শন্না গিয়াছে—আর শ্রন্তি, বেদকে বলো। বেদ বৃদ্ধিবিক্ষেপের কারণ হইতে পারে, ইহা প্রাচীন ভাষাকারেরা স্বীকার করিতে পারেন না; স্বৃতরাং এখানে শ্রন্তি শব্দে "যাহা শ্বনা গিয়াছে," তাঁহারা এইর্প অর্থ করেন। রামান্বজের মত সোজা—শ্রন্তি, শ্রবণ মাত্র। মধ্ম্দ্ন আর একট্ব বেশী বলেন, "নানাবিধ ফলশ্রবণই" শ্রন্তি। শুক্ররাচার্য্য তাই বলেন, তবে তাঁহার মাছির্জ তি শেখনীর শব্দের ছটাটা বেশীর ভাগ। তিনি বলেন. "শ্রন্তিবিপ্রতিপন্না অনেকসাধ্যসাধনসম্বন্ধ-শ্রকাশনশ্রন্তিভিঃ শ্রবণৈব্যিতিপন্না।" শ্রীধর স্বামী সকলের অপেক্ষা একট্ব সাহস করিয়াছেন —তিনি বলেন. "নানালোকিকবৈদিকার্থপ্রবংশিব্বপ্রতিপন্না।"

ইংরেজ গাঁতার কিছুই বুঝে না—ব্বিধবার সম্ভাবনাও নাই। কিন্তু অনেক সময়ে পণিতত, মুখের কথাও শ্বনায় ক্ষতি বোধ করে না। Davis সাহেব এই সম্বন্ধে যাহা বলিয়াছেন তাহা উদ্ধাত করিতেছি।

সাহেব প্রথমে একটা আপনার বড়াই করিতেছেন-

"I, too, have consulted Hindu Commentators largely কেলচিং) and have found them deficient in critical insight and more intent on finding or forming Vedantist doctrines in every part than in giving the true sense of the author. (শাৰুর ভাষা সম্বন্ধে অনেক দেশী লোকেও এ কথা বলিয়া থাকেন।)। I have examined their explanations with the freedom of inquiry that is common to western habits of thought, and thus while I have sometimes followed their guidance, I have been obliged to reject their comments as misrepresenting the doctrine of the author. I append some instances of this kind, that my readers may be able to form their own judgment."

এই বলিয়া সাহেব, দ্বিতীয় অধ্যায়ে এই শ্লোককেই উদাহরণস্বর প উদ্ধৃত করিয়াছেন। তিনি শ্রুতি শব্দে 'বেদ' এই অর্থ করেন। এবং উপরিলিখিত উক্তির পোষকতায় বলেন যে—

"Here the reference is to *Sruti* which means (1) hearing, (2) revelation. Hindu commentators say that the meaning is, what you have heard, about the means of obtaining desirable things; assuming as a certain proposition that the Vedas could not be attacked. The doctrine of the Bhagavadagita is, however, that the devotee (yogin), when fixed in meditation lays aside the Vedas and Vedic ritual."

ডেবিস এক জন ক্ষ্মু প্রাণী—তাঁহার উক্তি উদ্ধৃত করিয়া কাগজ নন্ট করিবার প্রয়োজন ছিল না। তবে এই মতটা ইউরোপের এক জন পশ্চিতপ্রেন্টের—থোদ লাসেনের। তিনিও "শ্রুনিতিবিপ্রতিপন্না" পদের ঐর্প অনুবাদ করিয়াছেন। আর আর ক্ষ্মু অনুবাদকেরা তাঁহার পথে গিয়াছেন। তান্তিন ডেবিসের আত্মপ্রাঘার ভিতর একটি অম্ল্য কথা আছে—সেই অম্লা তত্ত্ব ভারতবর্ষে ইদানীং ছিল না ও এখনও নাই। "FREEDOM OF ENQUIRY"—এই অম্লা বাক্যের অনুরোধেই আমরা তাঁহার ন্যায় লেখকের আত্মপ্রাঘা উদ্ধৃত করিতে কুণিঠত হইলাম না।

^{*} Anglice-distracted.

বেদ সম্বন্ধে শ্রীকৃষ্ণের যেরপে মত আমরা ব্রিঝয়াছি বা ব্র্ঝাইয়াছি, তাহার সঙ্গে দেশী মতের অপেক্ষা বিলাতী মতটা বেশী সঙ্গত। তবে পাঠক ইচ্ছা করিলে শ্রীধর স্বামীকে এখানে বিলাতী দলে টানিয়া লইতে পারেন।

এই শ্লোকে "শ্রুতিবিপ্রতিপন্না" ভিন্ন আর একটি মাত্র পদ ব্রথাইবার প্রয়োজন। **ধাহাতে** চিত্ত সমাহিত হয়, তাহাই "সমাধি"।

এক্ষণে অনুবাদ পাঠ করিলে, পাঠক বোধ হয় শ্লোকার্থ বর্মিতে পারিবেন।

অঙ্জ্বন উবাচ।

স্থিতপ্রজ্ঞস্য কা ভাষা সমাধিখ্স্য কেশব। স্থিতধীঃ কিং প্রভাষেত কিমাসীত রজেত কিম্॥৫৪॥

অৰ্জ্জন বলিলেন.—

হে কেশব! যিনি সমাধিস্থ হইয়া স্থিতপ্রজ্ঞ হইয়াছেন, তাঁহার কি লক্ষণ? স্থিতধী ব্যক্তি

কি বলেন, কির্পে অবস্থান করেন, কির্পে চলেন? । ৫৪।

ইতিপ্ৰের্থ সাংখ্যােগ কহিয়া, ভগবান্ এক্ষণে অর্জ্জ্বনকে কন্ম্যােগ ব্ঝাইলেন। কন্ম্ব-যােগের শেষ কথা এই বলিয়াছেন যে, কর্মফল সন্বন্ধে যাহা (বেদেই হউক, অন্যাই হউক) শ্বনিয়াছ, তাহাতে তােমার ব্লি বিক্ষিপ্ত হইয়া আছে। যত দিন সের্প থাকিবে, তত দিন তুমি কন্ম্যােগা প্রাপ্ত হইবে না। কিন্তু যথন তােমার ব্লি সমাধিতে (পর্মেশ্বরে) শ্বর হইবে, তথন তুমি যােগা প্রাপ্ত হইবে। যাহার এইর্প ব্লি শ্বির হইয়াছে, তাহাকে স্থিতপ্রজ্ঞ বা শ্বিতধী বলা যায়। অর্জ্জ্বন এক্ষণে সেই সমাধিশ্বত স্থিতপ্রজ্ঞের লক্ষণ জিজ্ঞাসা করিতেছেন।

দ্রীভগবান,বাচ।

প্রজহাতি যদা কামান্ সন্ধান্ পার্থ মনোগতান্। আত্মন্যোত্মনা তুল্টঃ স্থিতপ্রজ্ঞদোচ্যতে॥ ৫৫॥

যখন সকল প্রকার মনোগত কামনা বন্ধ্বিত হয়, আপনাতে বা (আত্মাতে) আপনি তুষ্ট থাকে, তখন স্থিতপ্রজ্ঞ বলা যায়। ৫৫।

কামনার প্রেশেই মান্ধের স্থ দেখিতে পাই। যে কামনা ত্যাগ করিল, তাহার আর কি স্থ রহিল? শঙ্করাচার্য্য বলেন, পরমার্থদর্শনলাভে অন্য আনন্দ নিজ্প্রয়োজন। বেদে তাদৃশ ব্যক্তিকে "আত্মারাম" বলা হইয়াছে।

আমরা আর একটা সোজা উত্তরে সস্তুষ্ট। আমরা স্বীকার করি, পরমেশ্বরই আনন্দ। তিনিই পরমানন্দ। কিন্তু বহিজাগৎও ঈশ্বর হইতে বিযুক্ত নহে। কামনাশ্ন্য হইলে বহিন্বিষয়ে আনন্দ উপভোগ করা যাইবে না কেন? যে কামনাশ্না, সে কি জগতের সৌন্দর্যা দেখিয়া মৃক্ষ হয় না? না. জ্ঞানার্জানে আনন্দ লাভ করে না? না সংক্রম্ম-সম্পাদনে প্রফল্প হয় না? কম্মের অনুষ্ঠানই আনন্দময়—তাহার উপর সিদ্ধি ও অসিদ্ধি তুলাজ্ঞান থাকিলে, সে আনন্দের আর কখন লাঘব হয় না; এবং এইর্প আনন্দ আত্মাতেই; কাহারও সাপেক্ষ নহে।

যিনি এই কথাটা তলাইয়া না ব্নিবেন, তিনি গীতার এই সকল উক্তি, এই শ্লোক, এবং ইহার পরবন্তী কয়টি শ্লোক Ascetic Philosophy বলিয়া গণ্য করিবেন। বছুতঃ ইহা Asceticism নহে। সংসারে যে কিছ্ সুখ আছে, তাহার নিশ্বিদ্য উপভোগের এই তত্ত্বই উপযোগী। সংসারে উপভোগ্য যে কিছ্ সুখ আছে, তাহার উপভোগের বিঘ্য কামনা ও ইন্দ্রিয়াদির প্রাবল্য। তাহা বশবন্তী হইলে সাংসারিক সুখসকলের উপভোগের আর কোন বিঘ্য থাকে না, সংসার পবিত্র ও সুখময় কন্মক্ষিত্র পরিগত হয়। এই তত্ত্ব পরিস্ফুট করিবার জন্য মংপ্রণীত অনুশীলনতত্ত্ব (ধন্মতিত্ব, প্রথম ভাগ) আমি বিশেষ যত্ন পাইয়াছি, স্তরাং পুনর্ভিদ্র প্রয়োজন নাই। পরবন্তী শ্লোক সকলে ইহা বিশেষ প্রকারে পরিক্ষুট হইবে।

দ্বংখেবন্দ্রিমনাঃ স্থেষ্ বিগতস্প্রঃ। বীতরাগভরকোধঃ স্থিধী মানির্চাতে॥ ৫৬॥

দ্রথে যিনি অনুষিগ্রমনা, সুধে যিনি স্পৃহাশ্ন্য, বাঁহার অনুরাগ, ভর ও <u>কোধ আর নাই,</u> তাঁহাকে স্থিতধী মুনি বলা বায়। ৫৬ ।

विष्क्य ब्रह्मावनी

এ সকল Asceticism নহে, এই তত্ত্ব দৃঃখনাশক, (স্তরাং) সন্থব্দ্ধির উপায়। দৃঃখে বে কাতর হয়, সেই দৃঃখী। দৃঃখে যাহার মন উদ্ধির হয় না, সে দৃঃখজরী হইয়ছে, তাহার আর দৃঃখ নাই। স্থে যাহার স্পৃহা, সে বড় দৃঃখী; কেন না, স্থের স্পৃহা অনেক সময়েই ফলবতী হয় না, ফলবতী হইলেও আশান্র্প ফল ফলে না; এই উভয় অবস্থাতেই সেই স্থম্পৃহা দৃঃখে পরিণত হয়। অতএব স্থম্পৃহা কেবল দৃঃখব্দ্ধির কারণ। ভয়, ক্রোধ দৃঃখের কারণ, ইহা বলা বাহ্লা। অন্রাগ অর্থে এখানে সকল প্রকার অন্রাগ ব্বা উচিত নহে। যথা সম্বান্রাগ—ইহা কখন নিষিদ্ধ হইতে পারে না। অন্রাগ অর্থে এখানে কেবল কাম্য বস্তুতে, অর্থাং ইন্দ্রিভোগ্যাদি বস্তুতে অন্রাগই ব্রিতে হইবে। তাদৃশ বিষয় সকলে অন্রাগ যে দৃঃখের কারণ, তাহা আবার বলিতে হইবে না।

বলিতে কেবল বাকি আছে যে, স্থম্পূহা ত্যাগ করিলেই স্থ ত্যাগ করা ইইল না। এবং স্থম্পূহাত্যাগ ভিন্ন, স্থভোগত্যাগ এখানে বিহিত ইইতেছে না। যে স্থে ম্পূহাশ্ন্য. সে সম্প্রাপ্রার স্থভোগ করিতে পারে. এবং করিয়াও থাকে। ম্বয়ং জগদখির সম্প্রার সম্প্রার স্থালার স্প্রাশ্ন্য, অবচ অনন্ত স্থে স্থা। তবে মন্যা সম্বর্ধে এই আপত্তি উপস্থিত ইইতে পারে মে, মন্যা স্থে ম্প্রাশ্ন্য ইইলে, স্থলাভের চেণ্টা করিবে না, স্থলাভের চেণ্টা না করিলে, মন্যা স্থলাভ করে না। যিনি কর্মাযোগ ব্রিয়াছেন, তিনি কখন এই আপত্তি করিবেন না। কর্মাযোগের মন্মা এই যে, নিজ্লাম ইইয়া কর্মা করিবে। কন্মের ফলই স্থা—যে অন্তর্গের কর্মা বাইন করে সে তাজনিত স্থলাভও করে। যে কামনা বা ম্প্রার অধীন ইইয়া কর্মা করে, সে স্থালাভ করে না—কামনা ও ম্পূহা অনন্তের্গর কর্মের, স্তরাং পাপের ও দ্বংথের কারণ ইইয়া থাকে। অতএব নিজ্লাম ও স্থে ম্পূহাশ্ন্য ইইয়া কর্মা করিবে। ব০ শ্লোকে ভগবান্ স্বয়ং তাহাই বলিয়াছেন, পরে দেখিব।

যঃ সর্ব্যানভিয়েহস্ততং প্রাপ্য শন্তাশন্তম্। নাভিনন্দতি ন দ্বেষ্টি তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা॥ ৫৭ ॥

বিনি সম্পত্তি লেহশ্না, তত্তি দিয়ে শ্ভপ্রাপ্তিতে আনন্দিত বা অশ্ভপ্রাপ্তিতে বিদেষযত্তি হন না, তিনি স্থিতপ্রস্কাতি ওব ।

"সন্ধার স্নেহশন্য।"—শ্রীধর বলেন, সন্ধার কি না "পর্তামন্রাদিচ্বপি।" শঙ্কর বলেন, "দেহ জীবিতাদিচ্বপি"। শঙ্করের ব্যাখ্যাই প্রকৃত বালিয়া বোধ হয়। দেহ জীবনাদির শন্ভাশন্তে যাহার কোন আনন্দ বা বিদ্বেষ নাই, তাহারই ব্লিদ্ধ যে ঈশ্বরে স্থিরে স্থির সন্থাবনা, তাহা ব্বনাইতে হইবে না।

যদা সংহরতে চায়ং ক্রেমাণ্ডঙ্গানীব সর্বশঃ। ইন্দ্রিয়াণীন্দ্রিয়েথেভান্তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা॥ ৫৮॥

ক্রম যেমন সকল বস্তু হইতে আপনার অঙ্গসকল সংহরণ করিয়া লয়, তেমনি যিনি ইন্দ্রিয়ের বিষয় হইতে ইন্দ্রিয়সকল সংহরণ করেন, তাঁহার প্রজ্ঞা প্রতিষ্ঠিত। ৫৮ ।

এই কথার উপর কোন টীকা চাহি না। ইন্দ্রিয়সংযম ভিন্ন কোন প্রকার ধন্মাচরণ নাই, ইহা সকল ধন্মগ্রিথের প্রথম প্র্টা, সকল ধন্মমিন্দিরের প্রথম সোপান।* সর্বাশান্দেই আগে ইন্দ্রিয়সংযমের কথা। কেবল এই ক্ন্মের উপমার প্রতি একট্ন মনোযোগ আবশ্যক। ক্নমার তাহার হস্তপদাদি সংহত করিয়া রাখে—ধন্ধে করে না, এবং আবশ্যকমত তন্দ্রারা জৈবনিক কার্য্য নির্দ্বাহ করে। ইন্দ্রিয়াদি সন্বন্ধেও তাই। ইহার সংযমই ধন্মা, ধন্ধ্য ধন্মানহে। ধন্মতিত্বে এ কথা ব্রাইয়াছি।

* All ethical gymnastic consists therefore singly in subjugating the instincts and appetites of our physical system in order that we remain their masters in any and all circumstances hazardous to morality; a gymnastic exercise rendering the will hardy and robust and which by the consciousness of regained freedom makes the heart glad. Kant: Metaphysics of Ethics—translated by Semple.

বিষয়া বিনিবর্ত্তত্তে নিরাহারস্য দেহিনঃ। রসবঙ্জাং রসোহপাস্য পরং দৃষ্ট্না নিবর্ত্ততে॥ ৫৯॥

নিরাহার দেহীর (ইন্দ্রিয়াদির) বিষয় বিনিব্ত হয়, কিন্তু তংপ্রতি অন্রাগ যায় না। (কেবল) ব্রহ্মসাক্ষাংকারেই তাহা নিব্ত হইয়া থাকে। ৫৯।

"নিরাহার"—যে ইন্দ্রিয়াদির বিষয়োপভোগে বিরত।

মনের একটি অতি ভয়য়্ব ববস্থা আছে, দ্ব্রভাগ্যবশতঃ জগতে তাহা সম্বাদাই দেখিতে পাওয়া যায়। উপভাগ যায়, কিন্তু বাসনা যায় না। প্রাচীন ভাষ্যকারের। আতুরাদির উদাহরণ দিয়াছেন। যে জড় বা আত্রর, তাহার উপভোগের সাধ্য নাই, স্বতরাং উপভোগ নাই। কিন্তু ভোগের বাসনার অভাব নাই। দ্বরভাগ্যক্রমে ইহার অপেক্ষা শোচনীয় উদাহরণ আমরা প্রত্যহ দেখিতে পাই। লোকনিন্দাভয়ের বা পবিত্র চরিত্রের ভান করিয়া বা সয়্যাসাদি ধর্ম্ম গ্রহণ করিয়া, অনেকে উপভোগ ত্যাগ করেন, কিন্তু বাসনা ত্যাগ করিতে পারেন না। তার পর এক দিন বালির বাঁধ ভাঙ্গিয়া পাপের স্রোতে সব ভাসিয়া যায়। ঈদ্শ ব্যক্তির সঙ্গে উপভোগরত ব্যক্তির প্রভেদ বড় অক্প। এইর্প মানসিক অবস্থা বড় দ্বুক্রয়। কিন্তু ঈশ্বরে অন্ব্রাগ জন্মিলে ইহা দ্বুরীকৃত হয়। "পরং দৃষ্ট্রা" এই কথার এমন তাৎপর্য্য নহে যে, ঈশ্বরকে চক্ষে দেখিবে।

ধন্মের এই বিঘা এমন গ্র,তর যে, ভগবান্ পববত্তী কয় শ্লোকে ইহা আরও পরিস্থন্ট

করিতেছেন।

যততো হাপি কোঁন্ডের প্রার্যস্য বিপশ্চিতঃ। ইন্দ্রিয়ানি প্রমাথীনি হরন্তি প্রসভং মনঃ॥ ৬০॥ তানি সর্বাণি সংযায় যুক্ত আসীত মংপরঃ। বশে হি যুস্যোন্দ্রাণি তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা॥ ৬১॥

হে কোন্তের! বিবেকী প্রন্থ প্রয়ম করিলেও প্রমথনকারী ইন্দ্রিয়গণ বলপ্র্বাক চিত্ত হরণ করে। ৬০।

সেই সকল ইণ্দ্রিয় সংযত করিয়া, যোগমাক হইয়া, মংপর হইয়া যিনি অবস্থান করেন,

যাঁহার ইন্দিরসকল বশীভূত হইয়াছে, তিনিই স্থিতপ্রজ্ঞ। ৬১।

এই গেল ইন্দিরগণের প্রাভাবিক বলের কথা। যিনি বিবেকী, তিনিও যত্ন করিয়াও ইহাদিগকে সহজে দমন করিতে পারেন না, বলপুন্ধিক ইহারা চিত্তকে হরণ করে। আর যাহারা যত্ন করে না, যাহারা বাহিরে উপভোগ করে না, কিন্তু মনে কেবল সেই ইন্দির্য়বিষয়েরই ধ্যান করে, তাহাদের সম্বিনাশ ঘটে। সেই কথা পরবতী দিই শ্লোকে বলা হইতেছে।

ধ্যায়তো বিষয়ান্ প্রশঃ সঙ্গন্তেষ্পজায়তে।
সঙ্গাং সংজায়তে কামঃ কামাং দ্রোধাহ ভিজায়তে॥ ৬২॥
দ্রোধান্তবিত সন্মোহঃ সন্মোহাং স্মৃতিবিক্রমঃ।
স্মৃতিক্রংশাদ্ব্দিনাশো বৃদ্ধিনাশাং প্রণশ্যতি॥ ৬৩॥

(ইন্দ্রিরের) বিষয়ে ধ্যান করিতে করিতে তাহাতে আর্সাক্ত জন্মে। আর্সাক্ত হইতে কামনা জন্মে, কামনা হইতে ক্রোধ জন্মে। ৬২।

ক্রোধ হইতে সম্মোহ হয়, সম্মোহ হইতে স্মৃতিদ্রংশ, স্মৃতিদ্রংশ হইতে বৃদ্ধিনাশ, বৃদ্ধিনাশ হইতে বিনাশ ঘটে। ৬৩।

যাহাকে মনে প্নঃ প্নঃ স্থান দিবে, তাহারই প্রতি আসন্তি জন্মিবে। আসন্তি জন্মিলে তাহা পাইছে ইচ্ছা করে, অর্থাৎ কামনা জন্মে। না পাইলেই, প্রতিরোধক বিষয়ের প্রতি লোধের উৎপত্তি হয়। কোধে কর্তব্যাকর্ত্তব্য সম্বন্ধে জ্ঞানশ্ন্যতা বা মৃত্তা জন্মে। এর্প মোহ হইতে কার্য্য-কারণ-পরস্পর-সম্বন্ধ বিষ্মৃত হইতে হয়। কার্য্যকারণসম্বন্ধ ভূলিলেই বৃদ্ধিনাশ হইল। বৃদ্ধিনাশে বিনাশ।*

* সীতারামের চরিত্রে বর্ত্তমান লেখক এই কথাগার্লিন উদাহরণের ছারা পরিস্ফার্ট করিতে বন্ধ করিয়াছেন।

र्वाध्क्य बहुनावनी

ইন্দ্রিগণকে সংযত করিতে হইবে, এবং ইন্দ্রিয়াদির বিষয়কে মনেও স্থান দেওয়া হইবে না। তবে কি ইন্দ্রিয়াদির উপভোগ একেবারে নিষিদ্ধ? যদি তাহা হয়, তবে এই গীতোক্ত ধর্ম্মর acceticism* না ত কি? তাহা হইলে জনসমাজকে সম্যাসীর মঠে পরিণত করিতে হয়।

তাহা নহে, ইন্দ্রিয়ের উপভোগ নিষিদ্ধ নহে, তাহার বিশেষ বিধি পরশ্লোকে দেওয়া

রাগদ্বেষাবম,ক্তেন্তু বিষয়ানিশ্নিয়েশ্চরন্। আত্মবশ্যৈবিধৈয়াত্মা প্রসাদমধিগচ্ছতি॥ ৬৪॥

বিনি বিধেয়াত্মা, তিনি অন্ত্রাগ ও বিদেষ হইতে বিমৃক্ত এবং আপনার বশ্য ইন্দ্রিগণের দ্বারা বিষয়ের উপভোগ করিয়া প্রসাদ লাভ করেন। ৬৪।

বিধেয়াত্মা—যাঁহার আত্মা বা অস্তঃকরণ বশবত্তী।

ঈদৃশ ব্যক্তির ইন্দ্রিয়সকল নিজের আজ্ঞাধীন—বলের দ্বারা তাঁহার চিত্ত হরপ করিতে পারে না। তাঁহার ইন্দ্রিয়সকল ভোগ্য বিষয়ের প্রতি অন্তরাগ ও বিদ্বেষ হইতে বিমৃত্ত—ইন্দ্রিয়সকল তাঁহার বশ, তিনি ইন্দ্রিয়ের বশ নহেন। ঈদৃশ ব্যক্তি ইন্দ্রিয়াদি বিষয়ের উপভোগ করিয়া প্রসাদ বা শান্তি† লাভ করেন। অর্থাং তাঁহার কৃত উপভোগ দৃঃথের কারণ নহে, স্থের কারণ। তাই বালতেছিলাম যে, গীতোক্ত এই ধর্ম্ম Ascetic Philosophy নহে—প্রকৃত পৃণ্যুময় ও স্থুময় ধর্ম্ম। বিষয়ের উপভোগ ইহাতে নিষদ্ধ হইতেছে না, তবে ইহার পরিমাণ ও উপযুক্ত বিধি কথিত হইয়াছে।

একটা কথা ব্ৰুঝাইতে বাকি আছে। বিধেয়াত্মা প্ৰুর্ধের ইন্দ্রিয়সকলকে 'রাগদ্বেষ বিমৃক্ত"
—আনুরাগ ও বিদ্বেষশ্ন্য বলা হইয়াছে। বিধেয়াত্মা প্রুর্ধের ইন্দ্রিয় ভোগ্য বিষয়ে অন্বরাগশ্ন্য কেন হইবে, তাহা ব্ৰুঝান নিম্প্রয়োজন। কিন্তু বিদ্বেষশ্ন্য বলিবার কারণ কি? ভোগবিষয়ে
অনুরাগই ইন্দ্রিয়ের স্বাভাবিক ধন্ম, বিদ্বেষ অস্বাভাবিক, কখন দেখান যায় না। যাহার
সম্ভাবনা নাই, তাহার নিষেধের কারণ কি? আর যদি উপভোগ্য বিষয়ে ইন্দ্রিয়ের বিদ্বেষ ঘটে,
সে ত ভালই—তাহা হইলে আর ইন্দ্রিয়স্থে প্রবৃত্তি থাকিবে না। তবে এ নিষেধ কেন?

উপভোগ্যে যে বিদ্বেষ ঘটে না, এমন নহে। রোগীর আহারে অর্নিচ এবং অলসের ব্যায়ামস্থে অর্নিচ, উদাহরণ-স্বর্প নিশ্পিউ করা যাইতে পারে। এ সকল শারীরিক স্বাস্থ্যের লক্ষণ নহে, মানসিক স্বাস্থ্যেরও লক্ষণ নহে। অনেককে দেখিতে পাই, কিছুতেই পাড়ওয়ালা ধ্বিত পরিবেন না, চটি জবতা নহিলে পায়ে দিবেন না। ই'হাদিগের চিত্ত আজিও বিকারশন্ন্য হয় নাই, যে ফিন্ফিনে কালাপেড়ে ধ্বিত নহিলে পরিবে না, তাহাদিগের চিত্ত যেমন এখনও বিকৃত, ইহাদিগের তেমনি। যখন সকলই সমান জ্ঞান হইবে, তখন ইহারা আর এর্প আপত্তি করিবে না।

এই সকল ক্ষুদ্র উদাহরণে কথাটা যত ক্ষুদ্র বোধ হইতেছে, বছুতঃ কথাটা ততটা ছোট কথা নহে। একটা বড় উদাহরণ দ্বারা উহার গোরব প্রতিপন্ন করিতেছি। রোমান কার্থালক ধন্মোপদেন্টাদিগের ইন্দ্রিয়বিশেষের তৃপ্তির প্রতি বিদ্বেষ—কার্য্যতঃ না হউক, বিধিতঃ বটে। এই জন্য তাঁহাদের মধ্যে চিরকোমার বিহিত ছিল। ইহার ফলে কির্প বিশৃঙখলা ঘটিয়াছিল, তাহা ইতিহাসপাঠক মারেই জানেন। কিন্তু আর্য্য শ্বাধিরা যথার্থ স্থিতপ্রজ্ঞ—কোন ইন্দ্রিরের প্রতি তাঁহাদের অনুরাগও নাই, বিশ্বেষও নাই। অতএব তাঁহারা ব্লশ্বচর্য্য সমাপন করিরা, ব্রথাকালে দারপরিগ্রহ করিতেন। কিন্তু তাঁহারা বেমন বিশ্বেষণ্ট্যা, ইন্দ্রিরের প্রতি তেমনি অনুরাগণনো, অতএব কেবল ধন্মতিঃ সন্তানোৎপাদন জন্যই বিবাহ করিতেন, এবং সেই জন্মই স্বভাব-নিন্দিক্ট সামারিক নিরমের অতিরিক্ত কখন ইন্দ্রির চরিতার্থ করিতেন না।

Asceticism দ্রে থাকুক যাহাকে Puritanism বলে, এই গীতোক্ত ধর্ম্ম তাহারও বিরোধী। কেন না, Puritanism এই "বিশ্বেষ"-ব্যদ্ধিজ্ঞাত। গীতোক্ত ধর্ম্মে কোনর্প ভন্ডামি চলিবার পথ নাই।

† "Makes the heart glad,"—প্রেশাদ্ধ কান্তের উত্তি দেখ।

^{*} আমরা যাহাকে বৈরাগ্য বা সহ্যাস বলি, Asceticism তাহা হইতে একট্ব স্বতন্দ্র জিনিষ। এই জনা ইংরেজি কথাটাই আমি উপরে ব্যবহার করিয়াছি।

প্রসাদে সর্ব্বদঃখানাং হানিরস্যোপজারতে। প্রসামকেতসো হ্যাশা, বানির সর্যাবতিত্ঠতে॥ ৬৫॥

প্রসাদে তাঁহার সকল দ্বংখের বিনাশ জন্মে। যিনি প্রসন্নচিত্ত, আশ্ তাঁহার বৃদ্ধি ছিত হয়। ৬৫।

পূর্ব্ব শ্লোকে কথিত হইয়াছে যে, আত্মবশ্য ও রাগদ্বেষবিমৃক্ত ইন্দ্রিয়ের দ্বারা বিষয়ের উপভোগে প্রসাদ লাভ হয়। প্রসাদ অর্থে প্রসন্ন চিত্ত বা শান্তি। এক্ষণে কথিত হইতেছে, সেই প্রসাদে সর্ব্যাদ্য নন্ট হয়, সেই প্রসন্নচেতার স্থিতপ্রজ্ঞতা জন্মে।

নাস্থি ব্দিরযুক্ত্সা ন চাযুক্তসা ভাবনা।

ন চাভাবয়তঃ শান্তিরশান্তস্য কুতঃ স্থম্॥ ৬৬॥

অযুক্তির বৃদ্ধি নাই। অযুক্তের ভাবনা নাই। যাহার ভাবনা নাই, তাহার শান্তি নাই; যাহার শান্তি নাই, তাহার সূথ নাই।৬৬।

অযুক্ত অসমাহিতান্তঃকরণ (যোগশ্ন্য)। ভাবনা ধ্যান, চিন্তা। যাহার অন্তঃকরণ অসমাহিত, ইন্দ্রিসকল বশীকৃত হয় নাই, তাহার শাস্তাদির আলোচনাতেও বুদ্ধি জন্মে না। যাহার বুদ্ধি নাই, সে চিন্তা করিতে পারে না। (ভাষ্যকারেরা বলেন, আত্মজ্ঞানাভিনিবেশ নাই) যাহার চিন্তার শক্তি নাই, তাহার শান্তি নাই: শান্তি না থাকিলে সুখ নাই।

ইন্দ্রিপর ব্যক্তির যে বৃদ্ধি নাই, ইহা বৃদ্ধি শব্দের সাধারণ অর্থে সত্য নহে। অনেক ইন্দ্রিপর ব্যক্তি বৃদ্ধিমান্ বলিয়া জগতে পরিচিত হইয়াছেন। তবে সে বৃদ্ধিতে তাঁহাদিগকে কখন সুখী করে না। যে বৃদ্ধিতে সুখী করে না, সে বৃদ্ধি বৃদ্ধিই নহে।

ইন্দ্রিয়াণাং হি চরতাং ফমনোহন্রিধীয়তে। তদস্য হরতি প্রজ্ঞাং বায়ুর্নাব্যিমবান্তাস ॥ ৬৭ ॥

যাহার মন বিষয়ে প্রবর্তমান ইন্দ্রিয়গণের অনুবর্তন করে, যেমন বায়ু নৌকাকে জলে মগ্র করে, সেইরপে (ইন্দ্রিয়) তাহার প্রজ্ঞা হরণ করে। ৬৭।

টীকার প্রয়োজন নাই।

তস্মাদ্যস্য মহাবাহো নিগ্হীতানি সর্বশঃ। ইন্দ্রিয়াণীন্দ্রিয়েথেভান্তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিত। ॥ ৬৮ ॥

অতএব হে মহাবাহো! যাহার ইন্দ্রিয়সকল ইন্দ্রিয়ের বিষয় হইতে সর্ব্বপ্রকারে বিম্বখীকৃত হইয়াছে, সেই স্থিতপ্রজ্ঞ। ৬৮।

টীকার প্রয়োজন নাই।

যা নিশা সৰ্বভূতানাং তস্যাং জাগত্তি সংযমী। যস্যাং জাগ্ৰতি ভূতানি সা নিশা পশ্যতো মুনোঃ ॥ ৬৯ ॥

যাহা সৰ্বভূতের রাত্রি, সংযমী তখন জাগ্রত। সর্বভূত যখন জাগ্রে, দ্ণিইযুক্ত মুনির তহাই রাত্রি।৬৯।

মহাভারতকারের অনুবাদই এই শ্লোকের প্রচুর টীকা। "অজ্ঞানতিমিরাবৃত্মতি ব্যক্তিদিগের নিশাস্বর্প রন্ধানিষ্ঠাতে জিতেন্দ্রি যোগিগণ জাগ্রত থাকেন। এবং প্রাণিগণ যে বিষয়নিষ্ঠা-স্বর্প দিবায় প্রবোধিত থাকে, আত্মতভুদশী যোগীদিগের সেই রাহি।"

> আপ্ৰ্য্যমাণমচলপ্ৰতিষ্ঠং সমনুদ্ৰমাপঃ প্ৰবিশান্তি যদ্ধং। তদ্ধং কামা যং প্ৰবিশান্তি সৰ্ম্বে স শান্তিমাপ্লোতি ন কামকামী॥ ৭০॥

যেমন পর্ব্যমাণ স্থিরপ্রতিষ্ঠ সমন্দ্রে নদীসকল প্রবেশ করে, সেইর্প ভোগসকল বাহাতে প্রবেশ করে, তিনিই শান্তি প্রাপ্ত হয়েন; যিনি ভোগসকলের কামনা করেন, তিনি পান না। ৭০।

সমন্ত্র, জলের অন্বেষণে বেড়ায় না; নদীসকল আপনা হইতে জল লইয়া সমূতের প্রবেশ করিয়া তাহাকে পরিপ্র্শ রাখে। তেমনি যিনি ইন্দিরসকল বশ করিয়াছেন, ভোগ সকলি আপনা হইতেই তাঁহাকে আশ্রর করে; সেই কারণে তিনিই শান্তি লাভ করেন। বিনি ইন্দির-তাড়িত, স্বৃতরাং কামনাপরবশ, তিনি সে শান্তি কদাচ লাভ করিতে পারেন না। এখন ৫৬

বাংকম বচনাবলী

শ্লোকের টীকার যাহা বালিয়াছি, তাহা স্মরণ কর। কামনা পরিত্যাগই কম্মফলজনিত স্থ-লাভের কারণ। কম্মফলজনিত স্থ আসিয়া তাহাকে আপনি আশ্রম করে। তাদ্শ স্থই শান্তিদায়ক। কামনাজনিত সূথে শান্তি নাই: স্তরাং সে স্থ স্থই নয়।

> বিহায় কামান্ যঃ সৰ্বান্ প্রমাংশ্চরতি নিস্পৃহঃ। নিশ্বমো নিরহজ্কারঃ স শান্তিমধিগচ্ছতি॥ ৭১॥

যিনি সব্ধিমনা ত্যাগ করিয়া নিস্পৃহ হইয়া বিচরণ করেন, যিনি মমতাশ্ন্য এবং নিরহঙ্কার, তিনিই শাস্তি প্রাপ্ত হয়েন। ৭১।

মমতাশ্ন্য--- আত্মাভিমানশ্না।

এষা ব্রাহ্মী স্থিতিঃ পার্থ নৈনাং প্রাপ্য বিমুহ্যতি। স্থিত্যাহস্যামন্তকালেহপি ব্রহ্মনিব্রাণসাচ্ছতি॥ ৭২॥

হে পার্থ'! ইহাই ব্রহ্মনিষ্ঠা। ইহা প্রাপ্ত হইলে আর মৃদ্ধ হইতে হয় না। কেবল অন্তকালেও

ইহাতে স্থিত হইলেও ব্রহ্মনিব্র্বাণ প্রাপ্ত হওয়া যায়। ৭২।

তবে ব্রহ্মানিষ্টা, অতি অপ্প কথার ভিতর আসিল। ইন্দ্রিসংয়ম এবং কামনাপরিত্যাগই ব্রহ্মানিষ্টা। স্মরণ রাখিতে হইবে যে, ঈশ্বরে সমাহিতচিত্তের ইহা লক্ষণ নাত্র—ভগবদারাধনা ভিন্ন কামনাত্যাগ ঘটে না। অতএব সংযতেন্দ্রিয় ও নিষ্কাম হইয়া যে ঈশ্বরে চিত্তাপণ, তাহাই প্রকৃত ব্রহ্মানিষ্টা। ইন্দ্রিসংয়ম এবং ঈশ্বরে চিত্তাপণিপ্র্ব্বর্ক নিষ্কাম কন্মের্র অনুষ্ঠান ইহাই যথেষ্ট ব্রহ্মানিষ্টা।

ইহা হইলেই ধর্ম্ম সম্পূর্ণ হইল। ইহাই হিন্দুধর্মের সারভাগ। গীতায় আর যাহা কিছ্ম আছে, তাহা এই কথার সম্প্রসারণ মান্ত—অধিকারভেদে পদ্ধতিনিন্দাচন মান্ত। হিন্দুধর্মের বা অপর কোন ধন্মের ইহা ছাড়া যাহা কিছ্ম আছে, তাহা ধন্মের প্রয়োজনীয় অংশ নহে। তাহা হয় উপন্যাস, নয় উপধন্মে, নয় সামাজিক নীতি, নয় বাজে কথা—ত্যাগ করিলেই ভাল। ইহা সকলের আয়ত্ত, ইহার জন্য বেদাধ্যয়নের আবশ্যক নাই, সদ্ধ্যগায়নীর আবশ্যক নাই। স্বীলোক বা পতিত ব্যক্তি, শ্রুর বা ন্দোছ্য, মুসলমান বা ঞ্রীকীয়ান, সকলেরই ইহা আয়ত্ত। ইহা জগতে একমান্ত ধন্মা—ইহাই একমান্ত Catholic religion.

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বাদ শ্রীমন্তগবন্দাতাস্পান্ধংস্ক ব্রহ্ম-বিদ্যায়াং যোগশাস্তে শ্রীকৃষ্ণার্জ্জ্ব-সংবাদে সাংখ্যযোগো নাম দ্বিতীয়োহধ্যায়ঃ।

তৃতীয় অধ্যায

অৰ্জ্জন উবাচ।

জ্যায়সী চেং কম্ম'ণস্তে মতা ব্যদ্ধির্জনান্দান। তং কিং কম্মণি ঘোরে মাং নিয়োজয়সি কেশব॥ ১॥

হে জন। দ্বন ! যদি তোমার মতে কর্ম্ম হইতে ব্লিদ্ধ শ্রেষ্ঠ, তবে হে কেশব ! আমাকে হিংসাত্মক কন্মে কেন নিযুক্ত করিতেছ ? ১।

বৃদ্ধি অথে এখানে আবার জ্ঞান বৃদ্ধিতে হইতেছে। ভগবান অভ্জানকে যাদ্ধ করিতে বিলয়াছেন, কিন্তু দ্বিতীয়াধ্যায়ের শেষ কয়েক শ্লোকে, অর্থাং স্থিতপ্রজ্ঞের লক্ষণে অভ্জান এইর্প বৃদ্ধিয়াছেন যে, জ্ঞান কন্ম হইতে শ্লোষ্ঠা। তাই জিজ্ঞাসা করিতেছেন যে, যদি জ্ঞানই কন্ম হইতে শ্লোষ্ঠ, তবে আমাকে কন্মে, বিশেষ যুদ্ধের ন্যায় নিকৃষ্ট কন্মে কেন নিষ্কুত্ত করিতেছ?

অভন্ধনের এইর্প সংশয় কির্পে উপস্থিত হইল, গ্রীধর তাহা এইর্পে ব্রক্ষইয়ছেন, "অশোচ্যানত্বশোচত্ত্ব্যু" (দ্বিতীয়াধ্যায়ের ১১শ শ্লোক দেখ) ইত্যাদি বাক্যের দ্বারা প্রথমে মোক্ষ-সাধনজনা দেহাত্মবিবেকবর্দ্ধির কথা বলিয়া, তাহার পর "এষা তেহভিহিতা সাংখ্যে বৃদ্ধিঃ"

ইত্যাদি বাক্যে (দ্বিতীয়াধ্যায়ের ৩৯শ শ্লোক দেখ) কম্ম'ও কথিত হইয়াছে। কিন্তু এতদ্ভয় মধ্যে গ্রুপপ্রধান ভাব স্পন্টতঃ দেখান হয় নাই। তথা ব্যদ্ধিযুক্ত স্থিতপ্রজের নিশ্চিয়ও, নিয়তেদিয়েজ, নিরহঙ্কারত্ব ইত্যাদি লক্ষণের গ্রুপবাদে "এষা ব্রাহ্মী স্থিতিঃ পার্থ" (৭২ শ্লোক দেখ) সপ্রশংস উপসংহারে, ব্রাহ্ম ও কম্মা, এতম্মধ্যে ব্রাহ্মর শ্রেণ্ঠত্বই ভগবানের অভিপ্রায় ব্রাহ্মর অন্ধ্রান্ত অন্ধ্রাত্তিন।

বস্তুত দ্বিতীয়াধ্যায়ে স্পন্টতঃ কোথাও বলেন নাই যে, কন্ম হইতে জ্ঞান শ্রেষ্ঠ। তবে

8% श्लांक कि**च्य लान**रयान घिष्यां वरहे.

"দূরেণ হাবরং কম্ম বুদ্ধিযোগাদ্ধনঞ্জয়।"

এখানে ভাষ্যকারের। যে বৃদ্ধি অর্থে ব্যবসায়াখিকা কন্ম যোগ বৃঝাইয়াছেন, তাহাও উস্ত শ্লোকের ব্যাখ্যাকালে বৃঝাইয়াছি। সেখানে এই অর্থ পরিত্যাগ করিয়া, বৃদ্ধি অর্থে জ্ঞান বৃঝিলে আর কোনও গোল থাকে না। নচেৎ এইখানে গোলযোগ উপস্থিত হয়, এ কথাও প্রেব বিলয়াছি। আনন্দর্গিরিও এই তৃতীয়ের প্রথম শ্লোকের ভাষ্যের টীকায় "দ্রেণ হাবরং কন্ম" ইত্যাদি শ্লোকটি বিশেষর্পে নিদ্দিট্ট করিয়াছেন।

যাহাই হউক জ্ঞান কন্দের্যর গ্রেপ্রাধান্য সম্বন্ধে দ্বিতীয়াধ্যায়ে ভগবদন্তি যাহা আছে, এহা কিছন্ন "ব্যামিশ্র" (anglice ambigaous) বটে। বাধে হয়, ইচ্ছাপ্ন্পেকই ভগবান্ কথা প্রথমে পরিস্ফাট করেন নাই—এই প্রশেনর উত্তরের অপেক্ষা করিয়াছিলেন। কেন না, এই প্রশেনর উত্তর উপলক্ষে পরবর্ত্তী কয়েক অধ্যায়ে জ্ঞান-কন্দের্যর তারতম্য ও পরস্পর সম্বন্ধ বিষয়ে যে মীমাংসা ইইয়াছে, ইহা মনন্ব্যের অনস্ত মঙ্গলকর, এবং ইম্বাকে অতিমান্ত্য-বন্ধ্বি-প্রস্তু বলিয়াই স্বীকাব করিতে হয়। আর কোথাও কখনও ভূমণ্ডলে এর্প স্ব্রিজ্বময় ধ্ব্ম কথিত এয় নাই।

অভজনে সেই "ব্যামিশ্র" বাক্যের কথাই বিশেষ করিয়া বলিতেডেন

ব্যামিশ্রেণের বাক্যেন ব্যক্তিং মোহযসীর মে। তদেকং াদ নিশ্চিত্য যেন শ্রেমোহযমাপ্র্যাম্য ২॥

ব্যানিশ্র (সন্দেহজনক) বাক্যের দ্বাবা আমার মন মৃত্ত্ব করিতেছ। অতএব যাহাব দ্বাবা গ্রান শ্রো প্রাপ্ত হইব, সেই একই (এক প্রকার নিস্টাই) আমাকে নিশ্চিত করিয়া বলিয়া দাও।২।

গ্রীভগবান,বাচ।

লোকেহি স্মিন্দিবিধা নিষ্ঠা পর্রা প্রোক্তা ময়ানঘ। জ্ঞানযোগেন সাংখ্যানাং কর্ম্মাযোগেন যোগিনাম্॥ ৩॥

হে অনঘ! ইহলোকে দ্বিবিধা নিষ্ঠা আছে, ইহা প্রেবে বিলয়াছি। অর্থাৎ সাংখ্যাদিগের জ্ঞানযোগ এবং (কম্ম) যোগীদিগের কম্মযোগ বিলয়াছি। ৩।

এই সকল कथा একবার ব্রুঝান হইয়াছে। প্রুনর্রুক্তির প্রয়োজন নাই।

ন কর্ম্মণামনারন্তালৈ কর্ম্মণ: পার্র্ষোহশন্তে। ন চ সমগ্রসনাদেব সিদ্ধিং সমধিগচ্চতি॥ ৪॥

এই কন্মের অনুষ্ঠানই প্রুষ নৈত্কর্ম্য প্রাপ্ত হয় না। আর কন্মত্যাগেই সিদ্ধি পাওয়া যায় না।৪।

অজ্জানের প্রশ্ন ছিল, যদি কম্ম হইতে জ্ঞান শ্রেণ্ঠ, তবে কম্মে নিয়োগ করিতেছ কেন? ভগবানের উত্তর, জ্ঞান যদি শ্রেণ্ঠই হয়, তাহা হইলে কি তোমাকে কম্ম ত্যাগ করিতে বলিতে হইবে? জ্ঞাননিষ্ঠ হইলেই কি তুমি কম্ম ত্যাগ করিতে পারিবে? তুমি কোন কম্মের সন্টোন না করিলেই কি নৈষ্কম্ম প্রাপ্ত হইবে? না নৈষ্কম্ম প্রাপ্ত হইলেই সিদ্ধি প্রাপ্ত হইবে?

কম্মের অনুষ্ঠানে কেন নৈষ্কম্ম প্রাপ্ত হইবে না, তাহা জগবান্ বলিতেছেন,—

ন হি কশ্চিং ক্ষমাপি জাতু তিণ্ঠতাকম্মকং। কাৰ্য্যতে হাবশঃ কম্ম সম্বঃ প্ৰকৃতিজৈগ্ৰেঃ॥৫॥

কেহই কখনও ক্ষণমাত্র কর্ম্ম না করিয়া থাকিতে পারে না। প্রকৃতিজ গ্ন্পে সকলেই কর্ম্ম করিতে বাধ্য হয়। ৫।

হে অর্চ্জন থ তুমি বলিতেছ, জ্ঞানের শ্রেণ্ডত্ব সত্ত্বেও আমি তোমাকে কর্ম্ম করিতে বলিতেছি, কিন্তু কর্ম্ম না করিয়া থাকিতে পার কৈ? প্রকৃতি ছাড়েন কৈ? নিশ্বাস, প্রশ্বাস, অশন, শয়ন, স্নান, পান, এ সকল কম্ম নয় কি? জ্ঞানমাগ বিলম্বী হইলে এ সকল ত্যাগ করা যায় কি?

জিজ্ঞাস, এখানে বালতে পারেন যে, যে সকল কর্ম্ম প্রকৃতির বশ হইয়া করিতে হইবে তাহা ত্যাগ করা যায় না বটে; কিন্তু যে সকল কার্য্য আপনার ইচ্ছাধীন, তাহা কি জ্ঞানী বা সম্যাসী পরিত্যাগ করিতে পারেন না?

ইহার সহজ উত্তর এই, অনুষ্ঠেয় কর্ম্ম কেহই পরিত্যাগ করিতে পারে না। ঈশ্বরচিন্তা স্বেচ্ছাধীন কর্ম্ম, ইহা কি জ্ঞানমাগাবলম্বী পরিত্যাগ করিতে পারে? তবে জ্ঞানের উদ্দেশ্য কি?

অনেকে বলিবেন, সাধারণতঃ যাহাকে কম্ম বলে, তাহার কথা হইতেছে না। হিন্দুশান্দে শ্রোত কম্ম ও স্মার্ত্ত কম্ম বলে। কিন্তু ইহা সত্য নহে, শ্রোত কম্ম ও স্মার্ত্ত কম্ম না করিয়া কেহ ক্ষণকাল তিন্চিতে পারে না এবং এই সকল স্বাভাবিক নহে যে, প্রকৃতির তাড়নায় বাধ্য হইয়া তাহা করিতে হয়। অতএব সাধারণতঃ যাহাকে কম্ম বলে—যাহা কিছ্ম করা যায়—তাহারই কথা হইতেছে বটে। ইহা আমি প্রেম্বেও বলিয়াছি, এক্ষণেও বলিতেছি। গীতার ব্যাখ্যায় কম্ম বলিলে, কম্ম মাত্রই ব্রিতে হইবে: কেবল শ্রোত স্মার্ত্ত কম্ম যে ভগবানের অভিপ্রেত নহে, তাহা এই শ্লোকেই দেখা যাইতেছে।

কম্মেণিদ্রাণি সংযম্য য আস্তে মনসা স্মরণ্। ইন্দ্রিয়ার্থান্ বিম্টাল্যা মিথ্যাচারঃ স উচাতে॥৬॥

যে বিম্টোম্মা, মনেতে ইন্দ্রিয়-বিষয় সকল স্মরণ রাখিয়া, কেবল কন্দ্র্যন্তিয় সংযত করিয়া অবন্থিতি করে, সে মিথ্যাচারী। ৬।

ভগবান্ বালিয়াছেন যে, কন্মের অনন্তানেই নৈজ্জ্ম পাওয় যায় না এবং ক্মেতিগগেই সিদ্ধি পাওয় যায় না। কম্মের অনন্তানে যে নৈজ্জ্ম্মা ঘটে না, ভগবান্ তাহার এই প্রমাণ দিলেন যে, তুমি কন্মের অন্তান না করিলেও স্বভাবগ্র্ণেই তোমাকে ক্ম্মে করিতে বাধ্য হইতে হইবে। আর ক্মেতিগালেই যে সিদ্ধি ঘটে না, তাহার এই প্রমাণ দিতেছেন যে, কন্মেণিরয়সকল সংযত করিয়া, "ক্ম্মে করিব না" বালয়া বাসয়া থাকিলেও ইণ্রিয়ভোগ্য বিষয়সকল মনে আসিয়া উদিত হইতে পারে। তাহা হইলে সে মিথ্যাচার মাত্র। তাহাতে কোন সিদ্ধির সম্ভাবনা নাই।

র্ফাদ কর্মাত্যাগও করা যায় না. এবং কর্মাত্যাগ করিলেও সিদ্ধি নাই. তবে কর্ত্তব্য কি, তাহাই এক্ষণে কথিত হইতেছে।—

যদিদ্বন্ধিয়া মনসা নির্ম্যারভতে২জ্জন। কন্মেন্তিরেঃ কন্মবোগমসক্তঃ স বিশিষ্তে॥ ৭॥

হে অর্জ্জন। যে ইন্দ্রিয়সকল মনের দ্বারা নিয়ত করিয়া, অসক্ত হইয়া কম্পেন্টিয়ের দ্বারা কর্ম্মযোগের অনুষ্ঠান করে, সেই শ্রেষ্ঠ।৭।

> নিয়তং কুর্ কম্ম স্থং কম্ম জ্যায়ো হ্যকম্মণঃ। শ্রীর্যাল্যপি চ তে ন প্রসিধ্যেদকম্মণঃ॥৮॥

তুমি নিয়ত কম্ম করিবে। কম্মশ্ন্যতা হইতে কম্ম শ্রেষ্ঠ। কম্মশ্ন্যতায় তোমার শরীর-যাত্রাও নির্বাহ হইতে পারে না। ৮।

"তং কিং কম্মণি ঘোরে মাং নিয়োজয়িস কেশব!" অভ্জানের এই প্রশেনর, ভগবান্ এই উত্তর দিলেন। উত্তর এই যে. কম্মত্যাগ কেহই করিতে পারে না, এবং কম্মত্যাগ করিলেই সিদ্ধি ঘটে না। কম্ম না করিলে তোমার জীবনযাত্রা নিব্বাহের সম্ভাবনা নাই। অতএব কম্ম করিবে। তবে যদি কম্ম করিতেই হইল, তবে যে প্রকারে করিলে কম্ম মঙ্গলকর হয়, তাহাই করিবে। কম্ম যাহাতে শ্রেয়ঃসাধক হয়, তাহার দ্বটি নিয়ম কথিত হইল। প্রথম, ইন্দিয়সকলাশ মনের দ্বারা সংযত করিয়া; দ্বিতীয় অনাসক্ত হইয়া কম্ম করিবে। তদত্তিরক্ত আর একটি নিয়ম আছে: ভাহাই সন্বেশংকৃত্ট ও সন্বিশ্রেষ্ঠ এবং কম্ম যোগের কেন্দ্রীভূত। তাহা পরবন্তী জ্যোকে কথিত হইতেছে।

ভाষ্যকারেরা বলেন,—কেবল জ্ঞানেন্দ্রিসকল।

যজ্ঞার্থাৎ কর্ম্ম শোহনাত্র লোকোহয়ং কর্ম্ম বন্ধনঃ। তদর্থং কর্ম্ম কোন্তেয় মুক্তসঙ্গুঃ সমাচর॥ ৯॥

যজ্ঞার্থ যে কর্ম্ম, তন্তিম অন্যত্র কর্ম্ম ইহলোকে বন্ধনের কারণ। হে কোন্তেয়! তুমি সেই জন্য (যজ্ঞার্থে) অনাসক্ত হইয়া কর্ম্মান্ম্পান কর।৯।

যজ্ঞ শব্দের অর্থের উপর এই শ্লোকের ব্যাখ্যা নির্ভার করে। সচরাচর বেদোক্ত ক্রিয়াকলাপকে প্র্বের্থ যজ্ঞ বলিত, যথা—অশ্বমেধাদি। এক্ষণে সর্বপ্রকার শাস্ত্রোক্ত ক্রিয়াকলাপকেই যজ্ঞ বলে।

প্রাচীন ভাষ্যকার শঙ্কর ও শ্রীধর এ অর্থ গ্রহণ করেন না। শঙ্কর বলেন,—"যজ্ঞো বৈ বিষ্ণুরিতি শ্রুতের্যজ্ঞ ঈশ্বরঃ"। শ্রীধর সেই অর্থ গ্রহণ করেন। মধ্যুদ্দন সরম্বতীও এইরুপ অর্থ করেন। রামানুজ তাহা বলেন না। তিনি দ্রব্যার্জনাদিক কম্মকে যজ্ঞ বলেন।

শঙ্করাদি-কথিত যজ্ঞ শন্দের অর্থ গ্রহণ করিলে, এই শ্লোকের অর্থ এইর্পে হয় যে, ঈশ্বরোন্দিন্ট ভিন্ন যে সকল কর্ম্ম, তাহা কেবল কর্ম্মফল ভোগের জন্য বন্ধন মান্ত। অতএব অনাসক্ত হইয়া কেবল ঈশ্বরোন্দেশেই কর্ম্ম করিবে।

তাহা হইলে বিচার্য্য শ্লোকের অর্থ এই হয় যে, ঈশ্বরারাধনার্থ যে কর্ম্ম, তাহা ভিন্ন অন্য সকল কর্ম্ম, কর্মফলভোগের বন্ধন মাত্র। অতএব কেবল ঈশ্বরারাধনার্থই কর্ম্ম করিবে।

এ স্থলে জিজ্ঞাস্য হইতে পারে, তাও কি হয়? ভগবান্ই স্বয়ং বলিতেছেন, নিতান্ত পক্ষে প্রকৃতিতাড়িত হইয়া এবং জীবনযাত্রা নিব্বাহার্থ ও কর্মা করিতে হইবে। ঈশ্বরারাধনা কি সেসকল কন্মের উদ্দেশ্য হইতে পারে? আমি জীবনযাত্রা নিব্বাহার্থ স্লান পান, আহার ব্যায়ামাদি করি, তাহাতে ঈশ্বরারাধনার কি সম্বন্ধ থাকিতে পারে?

এ কথা ব্রিঝবার আগে স্থির করিতে হয়, ঈশ্বরারাধনা কি? মন্ব্যের আরাধনা করিতে গেলে, আমরা আরাধ্য ব্যক্তির শুবস্থৃতি করি। কিন্তু ঈশ্বরকে সের্প তোষামোদপ্রিয় ক্ষ্মুটেতা মনে করা যায় না। তাঁহার শুবস্থৃতি করিলে যদি আমাদের নিজের স্খ, কি চিন্তোর্য়াত হয়, তবে এর্প শুবস্থৃতি করার পক্ষে কোন আপত্তিই নাই, এবং এর্প শুলে ইহা অবশ্য কর্ত্ব্য। কিন্তু তাই বলিয়া ইহাকে প্রকৃত ঈশ্বরারাধনা বলা যায় না। সেইর্প যাহাকে সাধারণতঃ "যাগ্যক্ত" বলে, পূর্ণপ চন্দন, নৈবেদ্য, হোম, বলি, উংসব, এ সকলও ঈশ্বরারাধনা নহে।

ঈশ্বরের তুণ্ডিসাধন ঈশ্বরারাধনা বটে, কিন্তু তোষামোদে তাঁহার তুণ্ডিসাধন হইতে পারে না। তাঁহার অভিপ্রেত কার্য্যের সম্পাদন, তাঁহার নিয়ম প্রতিপালনই তাঁহার তুণ্ডিসাধন—তাহাই প্রকৃত ঈশ্বরারাধনা। এই তাঁহার অভিপ্রেত কার্য্যের সম্পাদন ও তাঁহার নিয়ম প্রতিপালন কাহাকে বাল ? বিষ্ণুপ্রোণে প্রহ্যাদ এক কথার এই প্রশেবর অতি স্কুলর উত্তর দিয়াছেন—

"সৰ্বার দৈত্যাঃ সমতাম্পেত সমত্বমারাধনমচ্যতস্য॥"

সর্ব্বভূতে সমদ্ণিটই প্রকৃত ঈশ্বরারাধনা: আমরা ক্রমণঃ ভূয়ে। ভূয়ঃ দেখিব, গীতোক্ত ঈশ্বরারাধনাও তাই—সর্বভূতে সমদ্দিট, সর্বভূতে আত্মবৎ জ্ঞান, এবং সর্বভূতের হিতসাধন। অতএব কর্মাযোগীর কন্মের একমাত্র উন্দেশ্য, সর্বভিতের হিতসাধন।

যে কর্ম্মকর্ত্তা, সে নিজেও সর্ব্বভূতের অন্তর্গত। অতএব আত্মরক্ষাও ঈশ্বরাভিপ্রেত। জগদীশ্বর আত্মরক্ষার ভার, সকলকেই নিজের উপর দিয়াছেন। এ সকল কথা আমি সবিস্তারে ধর্ম্মতত্ত্বে ব্রুঝাইয়াছি, প্রুনর্রুক্তির প্রয়োজন নাই।

এই নবম শ্লোকে বলা হইতেছে যে, "যজ্ঞ" (যে অথেই হউক) ভিন্ন অন্যন্ত কর্ম্ম বন্ধন মাত্র। "বন্ধন" কি. এইটা ব্বাইতে বাকি আছে। অন্যবিধ কর্ম্ম নিজ্ফল হয় বা পাপজনক, এমন কথা বলা হইতেছে না—বলা হইতেছে, তাহা বন্ধনস্বরূপ। এই বন্ধন ব্বিত্তে জন্মান্তরবাদ সমরণ করিতে হইবে। কর্ম্ম করিলেই জন্মান্তরে তাহার ফল ভোগ করিতে হইবে। কর্ম্মফল—স্ফলই হউক, আর কুফলই হউক, তাহা ভোগ করিবার জন্য জীবকে জন্মান্তর গ্রহণ করিতে হইবে। যত দিন জন্মের পর জন্ম হইবে, তত দিন জ্লীবের মৃত্তি নাই। মৃত্তি প্রতিবন্ধক বলিয়াই কর্ম্ম বন্ধন মাত্র।

এক্ষণে জিল্ঞাস্য হইতে পারে,—যদি জন্মান্তর না থাকে? তাহা হইলেও গীতোক্ত নিক্কাম কন্মহি কি ধর্ম্মান,মোদিত? না, নিক্কাম কন্মতি যা, সকাম কন্মতি তা?

र्वास्क्य तहनावली

আমি ধন্মতিত্বে এ কথার উত্তর দিয়াছি। নিজ্কাম কর্ম্ম ভিন্ন মন্ব্যন্থ নাই। মন্ব্যন্থ ব্যতীত ইহজনেম বা ইহলোকে স্থায়ী সূখে নাই। অতএব গীতোক্ত এই ধন্ম বিশ্বজনীন।

> সহযজ্ঞাঃ প্রজাঃ সৃষ্ট্রা প্ররোবাচ প্রজাপতিঃ। অনেন প্রসবিষ্যাধনুমেষ বোহস্থিকটকামধনুক্॥ ১০॥

প্ৰেকালে প্ৰজাপতি প্ৰজাগণের সহিত যজের স্থি করিয়া কহিলেন. "ইহার দ্বারা তোমর। বিদ্ধিত হইবে, ইহা তোমাদিগের অভীষ্টপ্রদ হইবে"। ১০।

এখানে 'ষজ্ঞ' শব্দে আর 'ঈশ্বর' নহে বা ঈশ্বরারাধনা নহে। কেবল যজ্ঞই অর্থাৎ শ্রোত সমার্ক্ত কর্মাই যজ্ঞ; এবং পরবন্তী ১২শ, ১৩শ, ১৪শ এবং ১৫শ শ্লোকেতে যজ্ঞ শব্দে কেবল ঐ যজ্ঞই ব্রুঝায়। এক শ্লোকে একার্থে একটি শব্দ কোন অর্থবিশেষে ব্যবহাত করিয়া, তাহার পরছরেই ভিন্নার্থে কেহ ব্যবহার করে না। এ জন্য অনেক আধর্নাক পশ্চিত নবম শ্লোকে যজ্ঞার্থে যজ্ঞই ব্রেমন। কাশীনাথ গ্রুদ্বক তেলাঙ্ স্বকৃত অনুবাদে যজ্ঞার্থে sacrifice লিখিয়াছেন। তাহার পর দশম শ্লোকের টীকায় লিখিযাছেন—''Probably the sacrifices spoken of in that passage (নবম শ্লোকে) must be taken to be the same as those referred to in this passage.'' ডেবিস্ সাহেবও তৎপথাবলন্বী। শঙ্করের ভাষ্য দেখিয়াও গ্রাহা করেন নাই, নোটে এইর্শ ভাব ব্যক্ত করিয়াছেন। এদিকে ক্মধ্রকের স্থানে Kamduk লিখিয়া বসিয়ালে। একবার নহে, বার বার!!!

এতক্ষণ ভগবান্ সকাম কন্মের নিন্দা ও নিষ্কাম কন্মের প্রশংসা করিতোছিলেন। কিন্তু যজ্ঞ সকাম। অতএব যজ্ঞাথে ঈশ্বর না ব্রিলে ইহাই ব্রিলতে হয়, ভগবান্ সকাম কর্মা কবিতে উপদেশ দিতেছেন। তাই নবমে যজ্ঞাথে ঈশ্বর, ইহা ভগবান্ শঙ্করাচার্য্য বেদ হইতে বর্ণিহর করিয়াছেন। চতুন্ধেদ তাঁহার কণ্ঠস্থ।

এক্ষণে এই শ্লোকটা সন্বন্ধে একটা কথা ব্ঝাইবার প্রয়োজন আছে। বলা ইইতেছে, প্রজাপতি গজের সহিত স্থি করিয়াছিলেন। এমন কেহই ব্নিবেনে না যে, যজ্ঞ একটা জীব বা জিনিষ: প্রজাপতি যখন মন্ত্র্য স্থি করিলেন তখন তাহাকেও স্টিট করিলেন। ইহার অর্থ এই যে, বেদে যজ্ঞাবিধ আছে, এবং যখন প্রজাপতি প্রজা স্থি করিলেন, তখন সেই বেদও ছিল। গোঁড়া হিন্দ্র এইট্রকুতেই সন্তৃষ্ট হইবেন, কিন্তু আমার অধিকাংশ পাঠক সে শ্রেণীর লোক নহেন। আমার পাঠকেরা বলিবেন, প্রথমতঃ প্রজাস্থিই মানি না—মন্ত্র্য ত বানরের বিবর্ত্তন। তার পর বেদ নিত্য বা অপোর্ব্বেয় বা প্রজাস্থিই মানি না—মন্ত্র্য ত বানরের বিবর্ত্তন। তার পর বেদ নিত্য বা অপোর্ব্বেয় বা প্রজাস্থিই সমসাময়িক, ইহাও মানি না। পরিশেষে প্রজাপতি ষে প্রজা স্থিট করিয়া যজ্ঞ সন্বন্ধে একটি বক্তৃতা করিয়া শত্ত্বনাইলেন, ইহাও মানি না।

মানিবার আবশ্যকতা নাই। আমিও মানি না। শ্রীকৃষ্ণও মানিতে বলিতেছেন না। ক্রমশঃ ব্রুঝা যাইবে। এই সকল কথার আলোচনা, আর পরবত্তী কয়েকটি শ্লোকের প্রকৃত তাংপর্য্য আমি ষেড্শ শ্লোকের পর বলিব।

প্নেশ্য লৌকিক বিশ্বাদের উপর নির্ভার করিয়া বলিতেছেন,—
দেবান্ ভাবয়তানেন তে দেবা ভাবয়ন্তু বঃ।
পরদপরং ভাবয়ন্তঃ শ্রেয়ঃ পরমবাংস্যথ॥ ১১ ॥

তোমার যজ্ঞের দ্বারা দেবতাদিগকে সংবিদ্ধিত কর; দেবগণ তোমাদিগকৈ সংবিদ্ধিত কর্ন। পরস্পর এইরপে সংবিদ্ধিত করিয়া পরম শ্রেয়ঃ লাভ করিবে। ১১।

টীকার শ্রীধর স্বামী বলেন, "তোমরা হবির্ভাগের দ্বারা দেবগণকে সংবদ্ধিত করিবে. দেবগণও বৃষ্ট্যাদির দ্বারা অমোৎপত্তি করিয়া তোমাদিগকে সংবদ্ধিত করিবেন"। আমরা ত অন্ন না খাইলে বাঁচি না. ইহা জানা আছে। দেবতারাও না কি যজ্ঞের ঘি খাইয়া থাকেন, খাইলে তাঁহাদের প্রিজিসাধন হয়। বেদে এর্প কথা আছে। থাকুক।

ইন্টান্ ভোগান্ হি বো দেবা দাসান্তে বজ্ঞভাবিতাঃ। তৈর্দস্তানপ্রদায়েভ্যো যো ভূঙ্কে স্তেন এব সঃ॥ ১২॥

যজ্ঞের দ্বারা সংবদ্ধিত দেবগণ, যে অভীষ্ট ভোগ তোমাদিগকে দিবেন, তাঁহাদিগকে তম্দত্ত (অন্ন) না দিয়া, যে খার, সে চোর ১১২।

শ্রীমন্তগরদগতির

শঙ্কর ও শ্রীধর স্বামী বলেন. (বলিবার বিশেষ প্রয়োজন দেখা যায় না) "পণ্ডযজ্ঞাদিভির-দত্তা", পণ্ডযজ্ঞাদির দ্বারা না দিয়া খায়, সে চোর। পণ্ড যজ্ঞ যথা।

> অধ্যাপনং রক্ষাযজ্ঞ পিতৃযজ্ঞস্থ তপ্রণম্। হোমো দৈবো বলিভৌতো নৃষ্জ্ঞোহতিথিভোজনম্॥

অর্থাং ব্রহ্মযজ্ঞ বা অধ্যাপন, পিতৃযজ্ঞ বা তপাশ, দৈব যজ্ঞ বা হোম, ভূতযজ্ঞ বা বিলা, এবং নরযজ্ঞ বা অতিথি-ভোজন। ইহা স্মরণ রাখা কর্ত্তব্যি যে, গ্রীধর "পণ্ডযজ্ঞৈরদত্তা" বলেন না, "পণ্ডযজ্ঞাদিভিরদত্তা" বলেন।

যজ্ঞশিষ্টাশিনঃ সন্তো মন্চান্তে সন্ত্রিকবিষ্টা। ভূঞ্জতে তে দ্বয়ং পাপা যে পচন্ত্যাত্মকারণাং॥ ১৩॥

যে সম্জনগণ যজ্ঞ:বশিষ্ট ভোজন করেন, তাঁহারা সর্বাপাপ হইতে মৃক্ত হয়েন। যাহারা কেবল আপনার জন্য পাক করে, সেই পাণিশ্চেরা পাপ ভোজন করে। ১৩।

> অন্নান্তর্বন্তি ভূতানি পঙ্জন্যাদলসম্ভবঃ। যজ্ঞান্তর্বাত পঙ্জন্যাে যজ্ঞঃ কম্পাসমান্তবঃ॥ ১৪॥

অন হইতে ভূতসকল উৎপন্ন; পর্জ্জন্য হইতে অন জন্মে; যজ্ঞ হইতে পঞ্জন্য জন্মে। কর্ম্ম হইতে যজ্ঞের উৎপত্তি।১৪।

পঙ্জন্য একটি বৈদিক দেবতা। তিনি বৃষ্টি ক্রেন। এখানে পঙ্জন্য অর্থে বৃষ্টি বৃষ্ণিলেই হইবে।

অম ২ইতে জীবের উৎপত্তি। কথাটা ঠিক বৈজ্ঞানিক না হউক, অসত্য নয় এবং বোধগম্য বলে। টীকাকারেরা ব্র্ঝাইয়াছেন, অম র্পান্তরে শ্রুক্ত শোণিত হয়, তাহা হইতে জীব জন্মে। ইহাই যথেষ্টে।

তার পর বৃষ্টি ইইতে অন। তাহাও স্বীকার করা যাইতে পারে: কেন না, বৃষ্টি না ইইলে ফসল হা না। কিন্তু যজ ইইতে বৃষ্টি এ কথাটা বৈজ্ঞানিক স্বীকার করিবেন না। টীকাকারেরা বলেন, যজের ধ্মে মেঘ জন্মে। অন্য ধ্মেও মেঘ জন্মিতে পারে। অধিকাংশ মেঘ
ধ্ম ব্যতীত জন্মে। যে দেশে যজ্ঞ হয় না, সে দেশেও মেঘ ও বৃষ্টি হয়। সে যাহা হউক,
বৈজ্ঞানিক তত্ত্ব এ স্থলে আলোচিত ইইতেছে না। তবে কি ভগবদ্ভি অসতা ও অবৈজ্ঞানিক দিমশা তাহাই ব্যাইতেছি।

কর্মা রক্ষোঙবং বিদ্ধি রক্ষাক্ষরসম্ভব্ম। তক্ষাং স্বর্গতং রক্ষা নিতাং যভ্তে প্রতিষ্ঠিতম্ ॥ ১৫ ॥

কম্ম রক্ষ হইতে উভূত জানিও; রক্ষ অফর হইতে সম্ভূত; অতএব সর্ম্বগত রক্ষ নিত্য যজ্ঞে প্রতিষ্ঠিত।১৫।

টীকাকারের। বলেন, ব্রহ্ম শব্দে এখানে বেদ ব্রনিধবে। এবং অক্ষর পরমাথা। তবে কেহ কেহ এই গোলযোগ করেন যে, প্রথম চরণে ব্রহ্ম শব্দে বেদ ব্রনিঝা, দ্বিতীয় চরণে ব্রহ্ম শব্দে পরব্রহ্ম ব্রব্দেন। নহিলে অর্থ হয় না। কালীপ্রসার সিংহের মহাভারতকার এবং অন্যান্য অন্বাদকেরা এই মতের অন্বত্তী হইয়াছেন। কিন্তু শঞ্করাচার্য্য স্বয়ং দ্বিতীয় চরণেও ব্রহ্ম শব্দে বেদ ব্রনিঝাছেন, অতএব এই শ্লোকের এই দুই প্রকার অর্থ করা যায়।

প্রথম শ্রীধরাদির মতে-

"কম্ম বেদ হইতে, এবং বেদ পরব্রহ্ম হইতে সমৃত্তুত হইয়াছে; অতএব সর্ব্বগত ব্রহ্ম নিয়তই যজ্ঞে প্রতিষ্ঠিত আছেন।"

দ্বিতীয়, শঙ্করাচার্য্যের মতে—

"কর্ম্ম বেদ হইতে, এবং বেদ পরব্রহ্ম হইতে সমাস্তৃত হইয়াছে; অতএব বেদ সব্বার্থ-প্রকাশকত্ব হেত নিয়তই যজ্ঞে প্রতিষ্ঠিত আছেন।"

পাঠকের যে ব্যাখ্যা ইচ্ছা, তাহাই গ্রহণ করিতে পারেন; স্থল তাৎপর্য্যের বিঘা কোনও ব্যাখ্যাতেই হইবে না।

> এবং প্রবৃত্তিতং চক্রং নান্বস্তগ্নতীহ বঃ। অঘায়র্বিন্দ্রিয়ারামো মোঘং পার্থ স জীবতি॥ ১৬॥

विष्क्रम तहनावनी

এইর্প প্রবিত্তি চক্রের যে অন্বত্তী না হয়, সে পাপজীবন ও ইন্দ্রিয়ারাম, হে পার্থ, সে অনর্থক জীবন ধারণ করে।১৬।

(ইন্দ্রিস,থে যাহার আরাম, সেই ইন্দ্রিরারাম।)

রন্ধ ইইতে বেদ, বৈদ ইইতে কন্ম, কন্ম ইইতে যজ্ঞ, যজ্ঞ ইইতে মেঘ, মেঘ ইইতে অধ্য, অম হইতে জীব। টীকাকারেরা ইহাকে জগচ্চক্র বিলয়াছেন। কন্ম করিলে এই জগচ্চক্রের অনুবর্ত্তন করা হইল। কেন না, কন্ম হইতে যজ্ঞ হইবে, যজ্ঞ হইতে মেঘ হইবে, মেঘ হইতে অম হইবে। অম হইতে জীবনযাত্রা নির্ন্তাহ হইবে। এই হইল চক্রের এক ভাগ। এ ভাগ সত্য নহে; কেন না, আমরা জানি, কন্ম করিলে যজ্ঞ হয় না, যজ্ঞ করিলেই মেঘ হয় না, মেঘ হইলেই শস্য হয় না (সকল মেঘে বৃণ্টি নাই এবং অতিবৃণ্টিও আছে) ইত্যাদি। পক্ষান্তরে যজ্ঞ ভিন্ন কন্ম আছে, বিনা যজ্ঞেও মেঘ হয়, বিনা মেঘেও শস্য হয় (যথা রবিখন্দ), শস্য বিনাও জীবনযাত্রা নির্ন্তাহ হয় (উদাহরণ, সকল অসভ্য ও অন্ধ্রসভ্য জাতি ম্গ্র্য়া বা পশ্বপালন করিয়া খায়) ইত্যাদি।

চক্রের দ্বিতীয় ভাগ এই যে, ব্রহ্ম হইতে বেদ, বেদ হইতে কম্ম। ইহাও বিরোধের স্থল। ব্রহ্ম হইতে বেদ না বিলিয়া, অনেকে বলেন, বেদ অপৌর্ব্রেয়। অনেকে বলিতে পারেন, বেদ অপৌর্বেয়ও নহে, ব্রহ্মসম্ভূতও নহে, ঋষিপ্রণীত মাত্র, তাহার প্রমাণ বেদেই আছে। তার পব বেদ হইত কম্মা, এ কথা কেবল শ্রোত কম্মা ভিন্ন আর কোন প্রকার কম্মা সম্বন্ধে সত্য নহে। পাঠক দেখিবেন, দশম শ্রোক হইতে আর এই ষোড়শ পর্যান্ত আমরা অনৈসার্গাক কথার ঘোরতর আবর্ত্তে পাড়িয়াছি। সমস্তই অবৈজ্ঞানিক (unscientific) কথা। এখানে মহর্ষিতৃল্য প্রাচীন ভাষ্যকারেরা কেহই সহায় নহেন; তাহারা বিশ্বাসের জাহাজে পাল ভরিয়া অনায়াসে উত্ত্তীর্ণ হইয়া গিয়াছেন। আমরা ম্লেচ্ছের শিষ্য; আমাদের উদ্ধাবের সে উপায় নাই। তবে ইহা আমরা অনায়াসে ব্রিঝতে পারিব যে, গীতা বিজ্ঞান-বিষয়ক গ্রন্থ নহে। বিশ্বন্ধ বৈজ্ঞানিক তত্ত্বপ্রচার জন্য Ifuxley বা Tyndale ইহার প্রণয়ন করেন নাই। তিন সহস্র বংসর প্র্বেব্ধ যে গ্রন্থ

তবে পাঠক বলিতে পারেন যে, যাহা তুমি ভগবদ্বিত বলিতেছ, তাহা ভ্রমশ্না ও অসতাশ্বে হওয়াই উচিত। অবৈজ্ঞানিক হইলে অসতা হইল। ঈশ্বরের অসতা কথা কি প্রকারে সম্ভবে?

কিন্তু এই সাতি শ্লোক যে ভগবদ্বিক্ত. তাহা আমি বলিতে পারি না। আমি প্রেবই বলিয়াছি যে, গীতায় যাহা কিছ্ব আছে, তাহাই যে ভগবদ্বিক্ত, এমন কথা বিশ্বাস করা উচিত নহে। আমি বলিয়াছি যে, কৃষ্ণকথিত ধর্ম্ম অন্য কর্ত্তিক সংকলিত হইয়াছে। যিনি সংকলন করিয়াছেন. তাঁহার নিজের মতামত অবশ্য ছিল। তিনি যে নিজ-সংকলিত গ্রন্থে কোথাও নিজেব মত চালান নাই, ইহা সম্ভব নহে। শ্রীধর স্বামীর ন্যায় টীকাকারও সংকলনকর্ত্তা সম্বন্ধে "প্রায়শঃ শ্রীকৃষ্ণম্খাদ্বিনিঃস্তানেব শ্লোকানলিখং," ইহা বলিয়া স্বীকার করিয়াছেন যে, "কাংশিচং তংসক্রতেরে স্বয়ণ্ণ ব্যরচয়ণ।" এখানে দেখিতে পাইতেছি, কৃষ্ণোক্ত নিজ্কাম ধন্মের সঙ্গে এই সাতিট শ্লোকের বিশেষ বিরোধ। এজন্য ইহা ভগবদ্বিক্ত নহে—সংকলনকর্ত্তার মত—ইহাই আমার বিশ্বাস।

তবে ইহাও আমার বক্তব্য যে, ইহা যদি প্রকৃতপক্ষে কৃষ্ণোক্তিই হয়, তবে যে এ সকল কথা উনবিংশ শতাব্দীর বিজ্ঞানসঙ্গত হওয়া উচিত ছিল, এমন বিশ্বাস আমার নাই। আমি 'কৃষ্ণচরিত্রে' দেখাইয়াছি যে, কৃষ্ণ মান্যী শক্তির দ্বারা পার্থিব কম্মসকল নিব্বাহ করেন, ঐশী শক্তি দ্বারা নহে। মন্যাপের আদর্শের বিকাশ ভিন্ন, ঈশ্বরের মন্যাপেহ গ্রহণ করা ব্রুঝা যায় না। কৃষ্ণ যানবশরীরধারী ঈশ্বর হয়েন, তবে তাঁহার মান্যী শক্তি ভিন্ন ঐশী শক্তির দ্বারা কার্য্য করা অসম্ভব; কেন না, কোন মান্বেরই ঐশী শক্তি নাই—মান্যের আদর্শেও থাকিতে পারে না। কেবল মান্যী শক্তির ফল যে ধর্ম্মতিত্ব, তাহাতে তিন সহস্র বংসর পরবন্তী বৈজ্ঞানিক সত্য প্রত্যাশা করা যায় না। ঈশ্বরের তাহা অভিপ্রেত নহে।

^{*} যদি বল, প্রোত স্মার্ত্র কম্মই কম্ম, কাজেই যজ্ঞ ভিন্ন কম্ম নাই, তাহা হইলে "ন হি কম্চিং ক্ষমশি জাতু তিন্ঠত্যকম্মকৃং" (৫ম স্লোক), এবং "শরীরমন্ত্রাণি চ তে ন প্রসিধ্যেদকম্মণঃ" (৮ স্লোক) ইত্যাদি বাকোর অর্থ নাই।

<u>শীমন্তগৰম্গীতা</u>

আর এই বৈজ্ঞানিকতা সম্বন্ধে আর একটা কথা আছে। মনে কর এখন ঈশ্বর অনুগ্রহ করিয়া নতেন ধর্ম্মতত্ত্ব প্রচার করিলেন। এখনকার লোকের বোধগম্য বিজ্ঞান অতিক্রম করিয়া, নিজের সর্ব্বজ্ঞতাপ্রভাবে আর তিন চারি হাজার বংসর পরে বিজ্ঞান যে অবস্থায় দাঁডাইবে, তাহার সহিত স্কলত রাখিলেন। বিজ্ঞানের যের্প দ্রতগতি, তাহাতে তিন চারি হাজার বংসর পরে विख्वात्न त्य कि ना कीत्रत्, जारा वना यात्र ना। ज्थन रहाज मन्द्रा, ख्रीवस्य मन्द्रा राज्य गीज़्ह्रा সৃতি করিবে, ইথরের তরঙ্গে চড়িয়া সপ্তর্ষিমণ্ডলা বা রোহিণী নক্ষত্রণ বেড়াইয়া আসিবে, হিমালয়ের উপর দাঁড়াইয়া মঙ্গলাদি গ্রহ-উপগ্রহবাসী কিম্ভূতকিমাকার জীবগণের সঙ্গে करथाभकथन वा युक्त कतिरव, এ विना ও विना मूर्यारलाक जीवरानाकति निमन्तन त्राधिर যাইবে। মনে কর, ভগবান্, সর্বজ্ঞতাপ্রযুক্ত এই ভাবী বিজ্ঞানের সঙ্গে স্কুসঙ্গতি রাখিয়া তদ্বপ্রোগী ভাষায় নতেন ধন্মতিত প্রচার করিলেন। করিলে, শ্রনিবে কে? ব্রঝিবে কে? অনুব্রত্তী হইবে কে? কেহ না। এই জন্য ঈশ্বরোক্তি সময়োপযোগী ভাষায় প্রচারিত হওয়া উচিত। তার পর ক্রমশঃ মানুষের জ্ঞানবৃদ্ধির সঙ্গে সেই প্রাচীন কালোপযোগী ভাষার দেশ কাল পাত্রের উপযোগী ব্যাখ্যা হইতে পারে। সেই জন্যই শৎকরাদি দিণ্বিজয়ী পণিডতকত গীতাভাষ্য থাকিতেও, আমার ন্যায় মূর্খ অভিনব ভাষ্যরচনায় সাহসী।

এই সাতটি শ্লোক যে বৈজ্ঞানিক অসত্যে কলঙ্কিত, এই প্রথম আপত্তির আমি এই তিন্টি উত্তর দিলাম। দ্বিতীয় আপত্তি এই উপস্থিত হইতে পারে যে, এই সার্তাট শ্লোক গীতোক্ত নিম্কাম ধন্মের বিরোধী। এ আপত্তি অতি যথার্থ। তবে এই কর্মট শ্লোক কেন এখানে আসিল, এ প্রন্দেনর উত্তর শঙ্কর ও শ্রীধর যেরপে দিয়াছেন, তাহা নবম শ্লোকের টীকায় বলিয়াছি। মধ্মদেন সরস্বতী যে উত্তর দিয়াছেন, তাহা অপেক্ষাকৃত সঙ্গত বোধ হইতে পারে। পরিব্রাজক শ্রীকৃষ্ণপ্রসম সেন তাহার মন্মার্থ অতি বিশদর্পে ব্রাঝয়াছেন, অতএব তাঁহার কৃত গীতার্থ-সন্দীপনী নামনা টীকা হইতে ঐ অংশ উদ্ধাত করিতেছি।

"সহযক্ত" অর্থাৎ কম্মাধিকারী ব্রাহ্মণ, ক্ষৃত্রিয়, বৈশ্যকে সম্বোধন করিয়া প্রজাপতি যাহা বলিয়াছেন, তাহাতে কাম্য কম্মেরই উদ্ঘোষণা হইল। কিন্তু "মা কম্মফলহেতুর্ভঃ" এই বচনে কাম্য কম্মের নিষেধও করা হইয়াছে, এবং গীতাতেও কাম্য কম্মের প্রসঙ্গ নাই, এজন্য রন্ধার উক্তি এ স্থলে নিতান্ত অসঙ্গত বলিয়া বোধ হইতেছে; কিন্তু বিচার করিয়া দেখিলে এ আশঞ্কা বিদ্রিত হইবে। "প্রজাগণ, তোমরা কামনা করিয়া ফলপ্রাপ্তির জন্য যজ্ঞের অনুষ্ঠান করিও"--ব্রহ্মা এ কথা বলেন নাই। কর্ত্তব্যান,রোধে কম্মের অন,ষ্ঠান করিবে, ইহাই ব্রহ্মার উদ্দেশ্য। কিন্তু এই কম্মাসাধন মধ্যে যে দিবা শক্তি নিহিত আছে, তাহারই ঘোষণার্থ ব্রহ্মা বলিলেন, "তোমরা নিয়মিত যজ্ঞের অনুষ্ঠান করিও। তাহারই অলোকিক প্রভাবে তোমরা যখন যাহা বাসনা করিবে, তাহা সিদ্ধ হইতে থাকিবে। লোকে আগ্রেরই জন্য যেমন আগ্রবক্ষ রোপণ করে, কিন্তু ছায়া ও মুকুলের সশান্ধ তাহারা বিনা চেণ্টাতেই পাইয়া থাকে. সেইর্প কর্ত্তব্যের অনুরোধেই কম্ম সাধন করিবে, কিন্তু অনুষ্ঠানের ফল কামনা না করিলেও, উহা প্রতএব প্রাপ্ত হইবে। ফলে ইচ্ছা না থাকিলেও কম্মের স্বভাবগ্রণেই ফল উৎপন্ন হইয়া থাকে।"

আমার বোধ হয়, আমার পাঠকের নিকট শব্দর ও শ্রীধরের উত্তরের ন্যায়. এ উত্তরও সন্ডোষ-জনক হইবে না। কিন্তু বিচারে বা প্রতিবাদে আমার কোন প্রয়োজন নাই। এই সাতটি শ্লোকের ভিতর একটি রহস্য আছে, দেখাইয়া দিয়া ক্ষান্ত হইব।

গীতাকার বলিতেছেন যে—

সহযজ্ঞাঃ প্রজাঃ সৃষ্ট্রা প্ররোবাচ প্রজাপতিঃ।‡

এই কথা গীতাকার নিজে হইতে বলেন নাই। এইরূপ বিশ্বাস প্রাচীন ভারতে প্রচলিত ছিল। মন,সংহিতায় আছে,

কর্ম্মাত্মনাঞ্চ দেবানাং সোহসূত্রং প্রাণিনাং প্রভঃ। সাধ্যানাণ্ড গণং স্ক্রোং যজ্ঞণ্ডৈব সনাতনম্ া ১-২২।ইত্যাদি।

* Great Bears. † Plerades.

[‡] ইহার অন্বাদ প্র্বে দেওয়া হইয়াছে।

যজ্ঞের দ্বারা দেবগণ পরিতৃণ্ট ও প্রসন্ন হয়েন, এবং যজ্ঞকারীকে অভিমত ফল দান করেন, ইহা বৈদিক ধন্মের স্থূলোংশ। ইহাই লৌকিক ধন্মি।

এখন প্রের্থাচালত প্রাচীন লোকিক ধন্মের প্রতি ধন্মসংস্কারকের কির্প আচরণ করা কর্তব্য? এমন লোকিক ধন্ম নাই, এবং হইতেও পারে না যে, তাহাতে উপধন্মের কোনও সম্বন্ধ নাই। যিনি ধন্মসংস্করণে প্রবৃত্ত, তিনি সেই লোকিক বিশ্বাসভুক্ত উপধন্মের প্রতি কির্পে আচরণ করিবেন?

কৈছ কৈছ বলেন, তাহার একেবারে উচ্ছেদ কর্ত্তব্য। মহম্মদ তাহাই করিয়াছিলেন, কিন্তু তাঁহার ও তাঁহার পরবন্তী মহাপানুর্মগণের তরবারির জাের তত বেশী না থাকিলে, তিনি কৃতকার্য্য হইতে পারিতেন না। যাঁশাঝালি নিজে যাহাদা ধম্মের উপরেই আপনার প্রচািত ধম্মতিত্ব সংস্থাপিত করিয়াছিলেন। তার পর খ্রীকটীয় ধর্ম্ম যে রামক সায়াজ্য হইতে প্রচান উপধর্মেক একেবারে দ্রীকৃত করিয়াছিল, তাহার একমাত্র কারণ এই যে, বােমক সায়াজ্যের প্রাচীন ধর্ম্ম তখন একেবারে জীবনশানা হইয়াছিল। যাহা জীবনশানা তাহাব মৃত দেহটা ফেলিয়া দেওয়া বড় কঠিন কাজ নহে। পক্ষান্তরে শাক্যাসংহের ধর্ম্ম, প্রাচীন ধন্মের সঙ্গেকখনও যুদ্ধে প্রবৃত্ত হয় নাই।

গীতাকারও বৈদিক ধন্মের প্রতি খঙ্গাহস্ত নহেন। তিনি জানিতেন যে, তাঁহার কথিত নিম্পন্ন কম্মেরে ও জ্ঞানযোগ কখনও লৌকিক ধন্মের সমস্ত স্থান অধিকার করিতে পারিবে না। তবে লৌকিক ধন্মের বজায় থাকিলে, ইহার দ্বারা প্রকৃষ্টরপে সেই লৌকিক ধন্মের বিশ্বদ্ধিন্যাধন হইতে পারিবে। এ জন্য তিনি সম্বন্ধবিচ্ছেদ করিতে ইচ্ছুক নহেন। যাঁহারা বৈদিক ধন্মের বিবন্ধে বিদ্রোহ উপস্থিত করিয়াছিলেন, তাহার মধ্যে তাঁহাকে আমরা গণনা করিয়াছি। কিন্তু তাঁহার কৃত যে বিদ্রোহ, তাহার সীমা এই পর্যান্ত যে, বেদে ধন্ম আছে, তাহা অসম্পর্ণ নিম্পাম কন্মেযোগাদির দ্বারা তাহা সম্পূর্ণ করিতে হইবে। এই জন্য তিনি বৈদিক সকাম ধন্মকে নিকৃষ্ট বলিয়াছেন। কিন্তু নিকৃষ্ট বলিয়া যে তাহার কোনও প্রকার গ্রণ নাই, এমন বংগা বলেন না। তাহার গ্রণ সম্বন্ধে এখনে গীতাকার যাহা বলেন, ব্রুঝাইতেছি।

যাহারা কম্ম করে (সকলেই কম্ম করে), তাহাদিগকে তিন শ্রেণীতে বিভক্ত কবা হইতেছে। প্রথম, যাহারা নিন্দামকম্মী, এবং যাহারা নিন্দাম কম্মথ্যোগের দ্বারা জ্ঞানমাণে আরোহণ করিয়াছে, তাহাদের সপ্তদশ শ্লোকে "আত্মরাত" বা "আত্মারাম" বলা হইয়াছে। দ্বিতীয়, যাহারা কেবল আপান ইন্দ্রিয়াস্থের জন্য কর্মা করে, ষোড়শ শ্লোকে তাহাদিগকে "ইন্দ্রিয়ারাম" বলা হইয়াছে। তদ্তির তৃতীয় শ্রেণীর লোক আছে, তাহারা প্রচলিত ধর্ম্মানুসাবে যজ্ঞাদি করিয়া যজ্ঞাবশিষ্ট ভোজন করে। দশম হইতে পঞ্চদশ শ্লোকে তাহাদেরই কথা বলা হইল। তাহাদের অন্তঃ এই প্রশংসা করা থাইতে পারে যে, তাহারা "ইন্দ্রিয়ারাম" নহে—প্রচলিত ধর্মানুসারে চলিযা থাকে। যদিও তাহাদের ধর্মা উপধর্মা মাত্র তথাপি তাহারা ঈশ্ববোপাসক; কেন না, ঈশ্বব যজ্ঞে প্রতিষ্ঠিত। এই কথার তাৎপর্য্য আমরা পরে ব্রিঝা। দেখিব যে, কৃষ্ণ বলিতেছেন যে আমি ভিন্ন দেবতা নাই। যাহারা অন্য দেবতার উপাসনা করে, তাহারা আমারই উপাসনা করে। সে উপাসনাকে তিনি অবৈধ উপাসনা বলিয়াছেন। কিন্তু তথাপি তাহাও তাঁহাব উপাসনা, এবং তিনিই তাহার ফলদাতা, ইহাও বলিযাছেন।

এখন জিজ্ঞাস্য, কাহাদের মন্টা উদার? যাঁহারা বলেন যে, অবৈধ উপাসনা অনস্ত নরকের পথ, না ফাঁহারা বলেন যে বৈধ হউক আব অবৈধ হউক, উপাসনা মাত্র ঈশ্বরের গ্রাহা? কি বৈধ আর অবৈধ, তাহা জ্ঞানের উপর নির্ভার করে। কাহাদেন মত উদার? যাঁহারা বলেন, জ্ঞানের অভাব জন্য উপাসক ঈশ্বর কর্তৃক পরিত্যক্ত হইবে, না যাঁহারা বলেন যে, ঈশ্বর জ্ঞানের মাপ করেন না উপাসকের ক্রদয়ের ভাব দেখেন? কে নরকে যাইবে,—যে বলে যে, নিরাকাবের উপাসনা না করিলেই অনস্ত নরক, না যে যেমন ব্বেন, তেমনই উপাসনা করে?

গঙ্গা বা Caspian Sea বা আমাদের লালদীঘি, সবই জল। কিন্তু জল গঙ্গা নহে, Caspian Sea নহে বা লালদীঘি নহে। জল মন্যাজীবনেব পক্ষে নিতাত প্রয়োজনীয়," বিললে কখনও ব্রাইবে না যে, গঙ্গা মন্যা জীবনের পক্ষে নিতাত প্রয়োজনীয় বা Caspian Sea তংজনা নিতাত প্রয়োজনীয় বা লালদীঘি তংজনা প্রয়োজনীয়। অতএব বিষণ্ সম্বব্যাপক বিলয়া যক্ত বিষণ্ অতএব "যজ্ঞার্থে" বলিলে "বিষণ্ধে" ব্রিকতে ইইবে এ কথা খাটে না।

আর কোনও অর্থ শংকরাচার্য্যের অভিপ্রেত হইতে পারে কি না এখন দেখা যাউক। আর কোন অভিপ্রায়ই খ্রিন্ধারা পাওয়া যায় না—তবে শতপথব্রাহ্মাণ হইতে যাহা উদ্ধৃত করিয়াছি, তাহাতে যা হউক, একটা কিছু পাওয়া বায়। সে কথার তাংপর্য্য এই যে, ইন্দ্র এবং অন্যান্য দেবগণ কুর্ক্ষেত্রে যজ্ঞ করেন। সেই দেবগণের মধ্যে বিষ্কৃ এক জন। সেই যজ্ঞে ইনি অন্য দেবতাদিগের উপর প্রাধান্য লাভ করেন এবং তব্জন্য যজ্ঞ বলিয়া পরিচিত হইয়াছেন। অতএব এই বিষ্কৃই ঈশ্বর নহেন। আর পাঁচটা দেবতার মধ্যে এক জন মাত্র—আদৌ আর পাঁচটা দেবতার সঙ্গে সমান। শংকরাচার্য্যকৃত ব্যাখ্যা এই যে, "যজ্ঞো বৈ বিষ্কৃরির্যিত শ্রুত্রেজ্ঞ ঈশ্বরঃ।" এখন যাঁহারা বলিলেন যে "যজ্ঞো বৈ বিষ্কৃঃ" ইহা স্বীকার করিলে, যজ্ঞ ঈশ্বর, ইহা যে বেদে ক্ষিত হইয়াছে, এমন কথা কোনও মতেই স্বীকার করা যায় না।

শৃৎকরাচার্যের ন্যায় পশ্ভিত দুই সহস্র বংসরের মধ্যে ভারতবর্ষে কেই জনিয়াছেন কি না সন্দেহ। এক্ষণে ভারতবর্ষে কেই নাই যে, তাঁহার পাদ্বলা বহন করিবার যোগ্য। তবে দেশ কাল পাত্র বিবেচনা করিয়া আমাদের স্মরণ করিতে ইইবে যে, গাঁতা যে আদান্ত সমস্ত শ্রীকৃষ্ণের মুখপন্দা-বিনিগত, ইহা তিনি বিশ্বাস করিতেন বা করিতে বাধ্য। কাজেই এখানে অপরের উক্তি কিছু আছে বা জোড়াতাড়া আছে, এমন কথা তিনি মুখেও আনিতে পারেন না। পক্ষান্তরে যদি যজ্ঞের প্রচলিত অর্থ গ্রহণ করেন, তাহা হইলে বৈদিক ক্রিয়াললাপের অর্থাৎ সকাম কন্মের উৎসাহ দেওয়া হয়। তাহাতে অর্থবিরোধ উপস্থিত হয়। কেন না, এ পর্যান্ত শ্রীকৃষ্ণ সকাম কন্মা অপ্রশংসিত ও নিম্কাম কন্মা অনুজ্ঞাত করিয়া আসিতেছেন। এই জন্য এখানে যজ্ঞার্থে ঈশ্বর বিলবাব বিশেষ প্রয়োজন ছিল। তাহা বিলয়াও প্রবর্ত্তী কয়টি প্লোকের কোন উপায় হয় নাই। সে সকলে যজ্ঞার্থ কাম্য কন্মেই বুঝাইতে হইয়াছে। গাঁতায় এইবৃপ কাম্য কন্মের বিধি থাকার কারণ যোড়শ ক্লোকের ভাষো শঙ্করাচার্য্য বিলয়াছেন যে, প্রথমে আত্মজ্ঞাননিষ্ঠাবাগতে প্রাপ্তির জন্য অনাজ্জ ব্যক্তি কন্মাযোগানুষ্ঠান করিবে। ইহার জন্য "ন কন্মাণান্মনারম্ভাং" ইত্যাদি যুক্তি পুন্রের কণ্ডিত হইয়াছে; কিন্তু অনাজ্জ্ঞানের কন্মানা করার অনেক দোষ আছে ইহাই কথিত হইতেছে।

শ্রীধব স্বামী শঙ্করাচার্য্যের অনুবত্তী। তিনি নবম শ্লোকের ব্যাখ্যায় যজ্ঞার্থে ঈশ্বরই বর্নিব্যাছেন। তিনি বলেন যে, সামান্যতঃ অকম্ম (কম্মশিন্যতা) হইতে কাম্য কম্ম শ্রেষ্ঠ, এই জন্য পরবত্তী শ্রোক কয়টি কথিত হইয়াছে।

সেই পরবত্তা শ্লোক কি, তাহা পাঠক নিম্নে জানিতে পারিবেন। তাহার ব্যাখ্যায় প্রবৃত্ত হইবাব প্রেশ যদি আমরা কেহ শঙ্করাচার্য্যকৃত নবম শ্লোকের যজ্ঞ শন্দের ব্যাখ্যা গ্রহণ করিতে ইচ্ছুকে না হই, তবে তাহার আর একটা সদর্থের সন্ধান করা আমাদের কর্ত্তব্য।

যজ্ঞ শন্দেব মোলিক অর্থই এখানে গ্রহণ করিলে ক্ষতি কি যজ্ধাতু দেবপ্জার্থে। অতএব খজেব মোলিক অর্থ দেবোপাসনা। যেখানে বহু দেবতার উপাসনা স্ণীকৃত, সেখানে সকল দেবতার প্জা যজ্ঞ। কিন্তু যেখানে এক ঈশ্বরই সর্ব্দেবময় যথা –

> "যেহপ্যন্দেবতাভক্তা যজন্তে শ্রদ্ধয়ান্বিতাঃ। তেহপি নামেব কোন্তেয় যজন্তাবিধিপ্ৰেব্কন্॥"২০॥ গীতা, ৯ জ।

সেখানে যজ্ঞার্থে ঈশ্বরারাধনা। ভগবান্ তাহাই স্বরং বলিতেছেন—
"অহং হি সর্ব্যজ্ঞানাং ভোক্তা চ প্রভূরেব চ।"২৪॥ গীতা, ১ অ।

যজ্ ধাতু এবং যজ্ঞ শব্দ এইর্প ঈশ্বরারাধনাথে প্রনঃ প্রনঃ বাবহৃত হইয়াছে। উপরিধ্ত শ্লোকে তিনটি উদাহরণ আছে। আরও অনেক দেওয়া যাইতে পারে—

> "ভূতানি যাতি ভূতেজাা যাতি মদ্যাজিনোহপি মান্।" গীতা ২৫, ১০ অ। "যজ্ঞানাং জপযজ্ঞোহিস স্থাবরাণাং হিমালফঃ।" গীতা, ২৫, ১০ অ।

र्वाष्क्रम ब्रह्मानली

जना शर्म्थ यक भर्मन नेश्वतात्राधनार्थ वावदात जनक रम्था यात्र। यथा "वाक् यटखनािक एका एनवः श्रीयकाः स्म जनाम्मन।"

শান্তিপৰ্ব, ৪৭ অধ্যায়।

এখন এই নবম খ্লোকে যজ্ঞ শব্দে ঈশ্বরারাখনা ব্রাঝিলে কি প্রত্যবায় আছে? তাহা করিলে, এই শ্লোকের সদর্থ ও হয়, স্বসঙ্গত অর্থ ও হয়।

কিন্তু যজ্ঞ শব্দের এই ব্যাখ্যা গ্রহণ করিবার পক্ষে কিছু, আপত্তি আছে। একটি আপত্তি এই :--এই শ্লোকের পরবত্তী কর শ্লোকে যজ্ঞ শব্দটি ব্যবহৃত হইয়াছে: সেখানে যজ্ঞ শব্দে ঈশ্বর. এমন অর্থ ব্রায় না। "সহযজাঃ প্রজাঃ", "যজ্ঞভাবিতাঃ দেবাঃ," "যজ্ঞশিষ্টাশিনঃ", "যজ্ঞ কৰ্মাসমুন্তবঃ," "যজে প্রতিষ্ঠিতম্" ইত্যাদি প্রয়োগে যজ্ঞ শব্দে বিষণ্ণ বা ঈশ্বর ব্রুঝাইতে পারে না। এখন ৯ম শ্লোকে যজ্ঞ শব্দ এক অর্থে ব্যবহার করিয়া, তাহার পরেই দশম, দ্বাদশ, ব্যোদশ, চতুর্ম্পশ. পণ্ডদশ শ্লোকে ভিন্নার্থে সেই শব্দ ব্যবহার করা নিতান্ত অসম্ভব। সামান্য লেথকও এর্প করে না, গীতাপ্রণেতা যে এর্প করিবেন, ইহা নিতান্ত অসম্ভব। হয় গীতাকর্তা রচনায় নিতান্ত অপট্র, নয় শব্দরাদিকত যজ্ঞ শব্দের এই অর্থ দ্রান্ত। এ দৃইয়ের একটাও স্বীকার করা यात्र ना। यिम जा ना यात्र, তবে श्वीकात कीतरा इटेरत या, दश नवम इटेरा अधिमा अर्थाख একাথেই যজ্ঞ শব্দ ব্যবহৃত হইয়াছে. নয় নবম শ্লোকের পর একটা জোডাতাডা আছে।

প্রথমতঃ দেখা যাইতেছে, যজ্ঞ বিষ্ণার নাম নয়। অভিধানে কোথাও নাই যে, যজ্ঞ বিষ্ণার নাম। কোথাও এমন প্রয়োগও নাই। 'হে যজ্ঞ!' বলিলে কেহই ব্রাঝবে না যে, 'হে বিস্থো!' বলিয়া ডাকিতেছি। "বিষ্ণুর দশ অবতার" এ কথার পরিবর্ত্তে কখনও বলা যায় না যে, "যজ্ঞের দশ অবতার"। "যজ্ঞ, শৃত্থচক্রগদাপদ্মধারী বনমালী" বলিলে, লোকে হাসিবে। তবে শৃত্করাচার্য্য **रकन वर्त्वन रय, यख्डारर्थ** विक्रू? रकन वर्त्वन, তारा जिन विन्नशास्त्रन। "यख्डा वि विक्रूरिजि শ্ৰুত্যে-যজ্ঞ বিষ্ণু, ইহা বেদে আছে।

শতপথব্রাহ্মণে কথিত আছে যে. অগ্নি, ইন্দ্র, সোম, মঘ, বিষ্ণু প্রভৃতি দেবগণ কুর্ক্ষেত্রে যজ্ঞ করিয়াছিলেন। তাঁহারা যজ্ঞকালে এই প্রতিজ্ঞা করিলেন যে, আমাদিগের মধ্যে যিনি শ্রম, তপ, শ্রদ্ধা, যজ্ঞ, আহুত্রির দ্বারা যজ্ঞের ফল প্রথমে অবগত হইতে পারিবেন, তিনি আমাদিগের মধ্যে শ্রেষ্ঠ হইবেন। বিষয় তাহা প্রথমে পাইলেন। তিনি দেবতাদিগের মধ্যে শ্রেষ্ঠ হইলেন। এক্ষণে শতপথব্রাহ্মণ হইতে উদ্ধৃত করিতেছি।

"তদ্বিষ্ট্রঃ প্রথমঃ প্রাপ। স দেবানাং শ্রোন্ঠোহভবং। তম্মাদাহর্নুবিষ্ট্রন্দেবানাং শ্রেন্ঠ ইতি। সঃ যঃ স বিষ্ণুর্যক্তঃ সঃ। স যঃ স যক্তোহসোঁ স আদিতাঃ।

অর্থ—ইহা বিষ্ণু প্রথমে পাইলেন। তিনি দেবতাদিগের শ্রেষ্ঠ হইলেন। তাই বলে, বিষ্ণু দেবতাদিগের শ্রেষ্ঠ যে, সেই বিষ্ণু, যজ্ঞ সেই। যে সেই যজ্ঞ, সেই আদিত্য।

প্রনশ্চ তৈত্তিরীয়সংহিতায় "শিপিবিষ্ণায়" শব্দের এইরূপ ব্যাখ্যা আছে ৷— যজ্ঞো বৈ বিষ্ণঃ পশবঃ শিপিঃ। যজ্ঞ এব পশ্ব, প্রতিতিষ্ঠতি।" ভটু ভাস্কর মিশ্রও লিখিয়াছেন, "যজ্ঞো বৈ বিষয়ঃ পশবঃ শিপিরিতি শ্রুতেঃ।"

অতএব শব্দরাচার্য্যের কথা ঠিক—শ্রুতিতে যজ্ঞকে বিষ্ণু বলা হইয়াছে। কিন্তু কি অর্থে? একটা অর্থ হইতে পারে যে, বিষ্ণু যজ্ঞ, কেন না, সন্বব্যাপী। ভট্ট ভাষ্কর মিশ্রও তাই বলিয়াছেন। তিনি বলেন, "বিষ্ণুঃ পশবঃ শিপিরিতি শ্রুতে সম্ব্প্রাণাদ্যশুর্যামিছেন প্রবিষ্ট ইত্যর্থঃ।"

এই গীতার ভিতর সন্ধান করিলেই পাওয়া যাইবে.— "অহং ক্রতুরহং যক্তঃ স্বধাহমহমৌষধম। মল্যোহ্হমহমেবাজ্যমহমাগ্ররহং হৃতম্॥"

গীতা, ৯ অ, ১৬।

আমি কতু, আমি যক্ত, আমি স্বধা, আমি ঔষধ, আমি মন্ত্ৰ, আমি ঘৃত, আমি অগ্নি, আমি হবন।

* 281212

[†] ইহা আমি Muir সংগ্রহ হইতে তুলিলাম। কিন্তু একট্র সন্দেহের বিষয় আছে।

যদি তাই হয়, তবে বিষদ্ধ বজ্ঞ, কিন্তু যজ্ঞ বিষদ্ধনহে। বিষদ্ধ সন্ধ্যায়, এজন্য তিনি মন্ত্র, তিনি ঘৃত, তিনি অগ্নিঃ, কিন্তু মন্ত্রও বিষদ্ধনহে, ঘৃতও বিষদ্ধনহে, অগ্নিও বিষদ্ধনহে। অতএব বিষদ্ধ যজ্ঞ, কিন্তু যজ্ঞ বিষদ্ধনহে, ইহা যদি সতা হয়, তবে শুক্রাচার্যের ব্যাখ্যা খাটে না।

যম্বাত্মরতিরেব স্যাদাত্মতৃপ্তম্চ মানবঃ।

আত্মনোব চ সন্তুণ্টস্তস্য কার্যাং ন বিদ্যতে॥ ১৭॥

যে মন্ধ্যের আত্মাতেই বতি, যিনি আত্মতপ্ত আত্মাতেই যিনি সন্তুন্ত, তাঁহার কার্য্য নাই। ১৭।

দ্বিবিধ মন্যা, এক ইন্দ্রারাম (১৫ শ্লোক দেখ), দ্বিতীয় আত্মারাম। যে আত্মজ্ঞাননিষ্ঠ সেই আত্মারাম; সাংখ্যযোগ তাহারই জন্য। এই শ্লোকে তাহারই কথা হইতেছে।

ইতিপ্ৰের্থ বলা হইয়াছে যে, কেহই কন্ম না করিয়া ক্ষণমাত্র থাকিতে পারে না। কন্ম ব্যতীত কাহারও জীবনযাত্রাও নির্ব্বাহ হয় না। আবার এখন বলা যাইতেছে যে, ব্যক্তিবিশেষের কন্ম নাই। অতএব কন্ম বা কার্য্য শব্দের বিশেষ ব্যক্তিত হইবে। বৈদিকাদি সকাম কন্মই এখানে অভিপ্রেত। ভাবার্থ এই যে, যে আত্মতত্ত্বজ্ঞ, তাহার পক্ষে উপরিক্থিত যজ্ঞাদির প্রয়োজন নাই।

নৈব তস্য কৃতেনার্থো নাকৃতেনেহ কশ্চন। ন চাস্য সর্বভূতেম্ কশ্চিদর্থবাপাশ্রয়ঃ॥ ১৮॥

তাঁহার কন্মের কোন প্রযোজন নাই; এবং কর্ম্ম অকরণেও কোন প্রত্যবায় নাই। সর্ব্বভূত-মধ্যে কাহারও আশ্রয় ই'হার প্রয়োজন নাই। ১৮।

> তস্মাদসক্তঃ সততং কার্য্যাং কর্ম্ম সমাচর। অসক্তো হ্যাচরন্ পরমাপ্লোতি পুরুষঃ॥১৯॥

অতএব সতত অসক্ত হইয়া কর্ত্তব্য কার্যা সম্পাদন করিবে। প্রবৃষ অসক্ত হইয়া কর্ম্ম করিলে মুক্তি লাভ করে। ১৯।

্তসক্ত' অথে আসন্তিশ্না অথাৎ ফলকামনাশ্না। পাঠক দেখিবেন যে, ৮ম বা ৯ম শ্লোকের পর ১৮শ শ্লোক পর্যান্ত বাদ দিয়া পড়িলে, এই 'তস্মাং' (অতএব) শব্দ অতিশর স্বসঙ্গত হয়। মধ্যে যে করটি শ্লোক আছে এবং বাহাব ব্যাখ্যায় এত গোলবোগ উপস্থিত হইয়াছে, তাহার পর এই 'তস্মাং' শব্দ বড় সঙ্গত বোধ হয় না। ৮ম শ্লোকে বলা হইল যে, কন্মা না করিলে তোমার শরীরবাতাও নির্বাহিত হইতে পারে না। ৯ম শ্লোকে বলা হইল যে, কন্মা না করিলে তোমার শরীরবাতাও নির্বাহিত হইতে পারে না। ৯ম শ্লোকে বলা হইল যে, কন্মা আবাধনা ভিন্ন অন্যত্ত কন্মা বন্ধনের কারণ মাত্র। অতএব ত্মি অনাসক্ত হইয়া কন্মা কর, অনাসক্ত হইয়া কন্মা কর কর, তাহাব দ্বারা মন্বা মা্ক্তিলাভ করে। ৮ম, তার পর ৯ম, তার পর ১৯শ শ্লোক পড়িলে এইর্প সদর্থ হয়। মধ্যবন্তী নর্যাট শ্লোক কিছ্ অসংলক্ষ বোধ হয়। মধ্যবন্তী কর্যাট শ্লোকের যে ব্যাখ্যা হয় না, এমতও নহে। তাহা উপরে দেখাইযাছি। অতএব এ নর্যাট শ্লোক যে প্রক্ষিপ্ত, ইহা সাহস করিয়া বলিতে পারি না।

কর্মাণের হি সংসিদ্ধিমান্থিতা জনকাদয়ঃ। লোকসংগ্রহমেবাপি সংপশ্যন্ কর্ত্তমহাসি॥২০॥

জনকাদি কম্মের দ্বারাই জ্ঞান লাভ করিষাছেন। তুমিও লোকসংগ্রহেব প্রতি দ্ভিপাত করিষা কম্ম কর।২০।

এই 'লোকসংগ্রহ' শব্দের অর্থে ভাষ্যকারেরা ব্বেনে দৃষ্টান্তের দ্বারা লোকের ধন্মে প্রবর্তন।
শ্রীধর স্বামী বলেন যে, লোককে স্বধন্মে প্রবর্তন, অর্থাৎ আমি কন্ম কবিলে সকলে কন্ম করিবে, না করিলে অজ্ঞেরা জ্ঞানীর দৃষ্টান্তের অনুবন্তী হইয়া নিজ ধন্ম পবিত্যাগপ্র্বেক পতিত হইবে, এই লোকরক্ষণই লোকসংগ্রহ। শব্দরার এইর্প ব্রুষাইয়াছেন। শব্দরার বলেন, লোকের উন্মার্গপ্রবৃত্তি নিবারণ লোকসংগ্রহ। পবশ্লোকে গীতাকার এই কথা পরিক্ষার করিতেছেন।

যদ্যদাচরতি শ্রেষ্ঠস্তত্তদেবেতরো জনঃ। স যৎ প্রমাণং কুরুতে লোকস্তদনুবর্ত্তে॥ ২১॥

যে যে কম্ম শ্রেষ্ঠ লোকে আচরণ করেন, ইতর লোকেও তাহাই কবে। তাঁহারা যাহা প্রামাণ্য বলিয়া বিবেচনা করেন, লোকে তাহারই অনুবস্তী হয়। ২১।

र्वाध्कन्न ब्रुह्मावनी

প্ৰেৰ্থ কথিত হইয়াছে ষে, আত্মজ্ঞানীদিগের কম্ম নাই। এক্ষণে কথিত হইতেছে যে, কম্ম না থাকিলেও তাঁহাদের কম্ম করা কর্ত্তব্য। কেন না, তাঁহারা কম্ম না করিলে সাধারণ লোক যাহারা আত্মজ্ঞানী নহে, তাহারাও তাঁহাদের দৃষ্টান্তের অনুবন্তী হইয়া কম্ম হইতে বিরত হইলে দ্ব দ্ব ধম্ম হইতে বিচ্যুত হইবে। অতএব সকলেরই কম্ম করা কর্ত্তব্য।

ভারতবর্ষের শ্রেষ্ঠ ব্যক্তিরা জ্ঞানমার্গাবলন্বী ছিলেন। জ্ঞানমার্গাবলন্বীর কর্ম্ম নাই. ইহা ছির করিয়া তাঁহারা কর্ম্মে বীতশ্রদ্ধ ছিলেন। এবং সেই দৃষ্টান্তের অনুবতী হইয়া সমস্ত ভারতবর্ষই কন্মে অনুরাগশ্না, স্কুতরাং অকর্মা লোকের দ্বারা পরিপ্র্রণ হইয়া এই অধঃপতন দশা প্রাপ্ত হইয়াছে। ভগবান্ উপরিলিখিত যে মহাবাক্যের দ্বারা কর্ম্মাবা ও জ্ঞানবাদের সামঞ্জস্য বা একীকরণ করিলেন, ভারতবর্ষীরেরা তাহা স্মরণ রাখিলে, তদন্বত্তী হইয়া কর্ম্ম করিলে. জ্ঞান ও কর্ম্ম উভয়ই তাঁহাদের তুল্যরুপে উদ্দেশ্য হইলে, তাঁহারা কথনই আজিকার দিনের সভ্যতর জ্ঞাতি হইতে নিকৃষ্টদশাগ্রস্ত হইতেন না—পরাধীন, পরমুখাপেক্ষী, পরজাতিদত্তশিক্ষাবিপদ্প্রস্ত হইতেন না।

শ্রীকৃষ্ণ বে কেবল এই গীতাতেই কম্মের মহিমা কীর্ত্তি করিয়াছেন, এমত নহে; মহাভারতে উদ্যোগপর্বে সঞ্জয়যানপ্রবাধ্যায়েও তিনি ঐর্প করিয়াছেন। তাহা গ্রন্থান্তরে উদ্ধৃত সরিয়াছি, এখানেও উদ্ধৃত করিলাম :—

"শ্রচি ও কুট্ম্বপরিপালক হইয়া বেদাধায়ন করতঃ জীবন যাপন করিবে, এইর্প শাস্থ্রনিশ্পিট বিধি বিদামান থাকিলেও ব্রাহ্মণগণের নানাপ্রকার ব্রিদ্ধ জনিয়া থাকে। কেই
কম্মবিশতঃ, কেই বা কম্ম পরিত্যাগ করিয়া একমাত্র বেদজ্ঞান দ্বারা মোক্ষলাভ হয়, এইর্প
স্বীকার করিয়া থাকেন। কিন্তু যেমন ভোজন না করিলে তৃপ্তি লাভ হয় না, তদ্রপ কম্মান্তান
না করিলে কেবল বেদজ্ঞ হইলে ব্রাহ্মণগণের কদাচ মোক্ষ লাভ হয় না। যে সমস্ত বিদ্যা দ্বারা
কম্ম সংসাধন ইইয়া থাকে, তাহাই ফলবতী; যাহাতে কোনও কম্মান্তানের বিধি নাই, সে
বিদ্যা নিজান্ত নিম্ফল। অতএব যেমন পিপাসার্ত্র বাজির জল পান করিবা মাত্র পিপাসা শান্তি
হয়, তদুপে ইহকালে যে সকল কম্মের ফল প্রত্যক্ষ হইয়া থাকে, তাহারই অনুষ্ঠান করা কর্ত্রবা।
হে সঞ্জয়! কম্মবিশতঃই এইর্প বিধি বিহিত হইয়াছে, স্বতরাং কম্মই সম্বর্ত্রধান। যে ব্যক্তি কম্ম
অপেক্ষা অন্য কোনও বিষয়কে উৎকৃষ্ট বিবেচনা করিয়া থাকে, তাহার সমস্ত কম্মই নিম্ফল হয়:

"দেখ, দেবগণ কর্মাবলে প্রভাবসম্পন্ন হইয়াছেন। সমীরণ কর্মাবলে সতত সঞ্রণ করিতেছেন; দিবাকর কর্মাবলে আলস্যশ্না হইয়া অহোরাত্র পরিভ্রমণ করিতেছেন; চন্দ্রমা কর্মাবলে নক্ষরমন্ডলীপরিবৃত হইয়া মাসাদ্ধা উদিত হইতেছেন; হ্লাশন কর্মাবলে প্রভাগের কর্মাবলে নক্ষরমানিরবাচ্ছন্ন উত্তাপ প্রদান করিতেছেন; পৃথিবী কর্মাবলে নিতান্ত দ্লুর্ভর ভার অনায়াসেই বহন করিতেছেন; স্লোতস্বতী সকল কর্মাবলে প্রাণিগণের তৃপ্তি সাধন করিয়া সাললরাশি ধারণ করিতেছে। আমিতবলশালী দেবরাজ ইন্দ্র দেবগণের মধ্যে প্রাধান্য লাভ করিবার নিমিত্ত ব্রদ্ধার্মার অনুষ্ঠান করিয়াছিলেন। তিনি সেই কর্মাবলে দশ দিক্ ও নভোমন্ডল হইতে বারি বর্ষণ করিয়া থাকেন এবং অপ্রমন্তিত্তে ভোগাভিলাম বিসম্ভান ও প্রিয় বন্ধান্য করিয়া গ্রেড্ড লাভ এবং দম, ক্ষমা, সমতা, সত্য ও ধর্মা প্রতিগালনপর্বক দেবরাজ্য অধিকার করিয়াছেল। ভগবান্ বৃহস্পতি সমাহিত হইয়া ইন্দ্রিয় নিরোধনপর্ক্র ক্ষাচর্যের অনুষ্ঠান করিয়াছিলেন, এই নিমিত্ত তিনি দেবগণের আচার্যাপদ প্রাপ্ত হইয়াছেন। র্দ্রে, আদিত্য, যম, কুবের, গন্ধর্ব্ব, রক্ষাত্রন, বিশ্বাবস্থ ও নক্ষত্রগণ কর্মাপ্রভাবে বিরাজিত রহিয়াছেন, মহর্ষিগণ বক্ষবিদ্যা, ব্রহ্মচর্য্য ও অন্যান্য ক্রিয়াকলাপের অনুষ্ঠান করিয়া শ্রেড্ড লাভ করিয়াছেন।"

আত্মনী ব্যক্তিদিগেরও কন্ম করা কর্ত্তবা, ইহা বলিয়া ভগবান কন্মপিরায়ণতার মাহাত্মা আরও পরিস্ফাট করিবার জনা নিজের কথা বলিতেছেন :—

ন মে পার্থান্তি কর্ত্তব্যং বিষ লোকেষ কিণ্ডন।
নানবাপ্তমবাপ্তব্যং বর্ত্ত এব চ কর্ম্মণি॥ ২২॥
বিদ হাহং ন বর্ত্তব্যং জাতু কর্মণ্যতান্দ্রতঃ।
মম বর্মান বর্ত্তব্যে মনুষ্যাঃ পার্থ সর্বশঃ॥ ২৩॥

হে পার্থ'! এই তিন লোকে আমার কিছ, মাত্র কর্ত্তব্য নাই। অপ্রাপ্ত অথবা প্রাপ্তব্য কিছ,ই নাই, তথাপি আমি কম্ম করিয়া থাকি।২২।

কম্মে অনলস না হইয়া যদি আমি কখনও কম্ম না করি, তবে হে পার্থ! মন্মা সকলে স্বর্পপ্রকারে আমারই পথের অনুবত্তী হইবে।২৩।

এখানে বক্তা স্বায়ং ভগবান্ জগদীশ্বর। ঈশ্বরের কোনও প্রয়োজন নাই, কোনও বিকার নাই, সাই দর্যথ কিছুই নাই, অতএব তাঁহার কোনও কন্মা নাই। তিনি জগৎ স্থি কিণ্যাছেন এবং জগৎ চিলিবার নিয়মও করিয়াছেন, সেই নিয়মের বলে জগৎ চিলিতেছে; তাহাতে তাঁহার হস্তুক্ষেপণের কোনও প্রয়োজন নাই। এ জন্য তাঁহার কন্মা নাই। তবে তিনি যদি মন্যাপেব আদেশ প্রচার জন্য ইচ্ছান্রমে মন্যাশবীর ধারণ করেন, তাহা হইলে তিনি মন্যাধন্মী বিলয় তাঁহার কন্মাও আছে। যদিও তিনি নিজের ঐশী শক্তির দ্বারা সকল প্রয়োজন সিদ্ধ করিতে পারেন, তথাপি মন্যাধন্মিপ্রত্ কন্মের দ্বারাই তাহাকে প্রয়োজন সিদ্ধ করিতে হব। তিনি আদর্শ মন্যা, কাজে কাজেই তিনি আদর্শ কন্মী। অতএব তিনি কদাচ আলসাপরবশ হইয়া কন্মান করিলে, লোকেও আদর্শ মন্যারের দৃষ্টান্তের অনুবর্তনে অলস ও কন্মে অমনোযোগী হইবে। যে অলস ও কন্মে অমনোযোগী, সে উৎসত্র যায়। তাই ভগবান প্রশান বলিতেছেন

উৎসীদেয়্রিমে লোকা ন কুর্য্যাং কন্ম চেদহম্। সঙকরস্য চ কর্ত্তা স্যাম্পহন্যামিমাঃ প্রজাঃ॥ ২৪॥

র্যাদ আমি কর্ম্ম না করি, তাহা হইলে এই লোকসকল আমি উৎসন্ন দিব। সঙ্করের কন্ত্রণ হইব এবং এই প্রজা সকলের মালিনাহেত হইব।২৪।

ভাষাকারেরা এই সংকর শব্দে বর্ণসংকরই ব্বিয়াছেন। হিন্দ্রা জাতিগত বিশ্বদ্ধি রক্ষার জন্য অতিশয় যত্নশীল: এ জন্য বর্ণসংকর একটা কদর্য্য সামাজিক দোষ বলিয়া প্রাচীন হিন্দ্রদিগের বিশ্বাস। মন্ বলেন, নিকৃষ্ট বর্ণসংকর জাতি বাজানাশের কারণ এবং এই গীতাতেই আছে—

"मञ्करता नतकारतव कुलघानाः कुलमा ह।"

কিন্তু আমরা হঠাৎ ব্রিক্তে পারি না যে, সংসারে এত গ্রের্ডর অনঙ্গল থাকিতে ঈশ্বরের আলস্যে বর্ণসঙ্করোৎপত্তির ভয়টাই এত প্রবল কেন? এমন ত কিছু ব্রিক্তে পারি না যে, ঈশ্বর বা প্রীকৃষ্ণ ব্রাহ্মণ ধরিয়া ব্রাহ্মণীর নিকট, ক্ষতিয়কে ধরিয়া ক্ষতিয়ার নিকট, বৈশ্যকে গরিয়া বৈশ্যার নিকট এবং শ্রুকে ধরিয়া শ্রার নিকট প্রেরণ কবিষা বর্ণসাঙ্কর্য নিবারণ করেন। দ্বভিক্ষ, যুদ্ধ, লোকক্ষয়, সর্ব্বদেশব্যাপী রোগ, হতাা, চৌর্য্য এবং দান, তপস্যা প্রভৃতি ধন্মের তিরোভাব ঈশ্বরের আলস্যে, এ সকলের কোনও শঙ্কার কথা না বলিয়া, বর্ণসাঙ্কর্যের ভারে প্রীকৃষ্ণ এত গ্রন্ত কেন? সংকর জাতির বাহুলা যে আধ্রনিক সমাজের উপকারী, ইহাও সপ্রমাণ করা যাইতে পারে। অতএব সঙ্কর অর্থে বর্ণসঙ্কর ব্রিক্তেন, এই ক্লোকের অর্থ অমাদিগের ক্ষাপ্রবিদ্ধিগম্য হয় না।

কিন্তু সৎকর শব্দে বর্ণ সৎকরই ব্রিক্তে হইবে, সংস্কৃত ভাষায় এমন কিছ্ নিশ্চযতা নাই। সংকর অথে মিলন, মিশ্রদ। ভিন্নজাতীয় বা বিরুদ্ধভাবাপন্ন পদার্থের একত্রীকরণ ঘটিলে সাংকর্ষ্য উপস্থিত হয়। তাহার ফল বিশ্বংখলা, ইংর্বেজিরে যাহারে disorder বলে। শ্রীক্ষোক্তির তাংপর্য্য এই আমি ব্রুকি যে, তিনি কম্মবিরত হইলে, সামাজিক বিশ্বংখলতা ঘটিবে। আদর্শ প্রুব্ধের দৃষ্টান্তে সকলেই আলস্যপরবশ এবং কন্মে তামনোযোগী হইলে সামাজিক বিশ্বংখলতা যথার্থই সম্ভব।

সক্তাঃ কম্মণ্যবিদ্বাংসো যথা কৃৰ্বান্তি ভারত। ক্র্য্যাদ্বিদ্বাংশুথাসক্তশ্চিকীর্দোকসংগ্রহম্॥ ২৫॥

হে ভারত! যেমন অবিদ্বানেরা কন্মে আসন্তিবিশিষ্ট হইয়া কর্মা কবিয়া থাকে তেমনই লোকসংগ্রহচিকীর্ম, বিদ্বানেরা অনাসক্ত হইয়া কর্মা করিবেন। ২৫।

অবিদ্বানেরা ফলকামনা করিয়া কম্ম করেন, বিদ্বানেরা লোকরক্ষাথে অর্থাৎ ধর্ম্মাথে ফল-কামনা পরিত্যাগ করিয়া কর্মা করিবেন।

ন বৃদ্ধিভেদং জনয়েদজ্ঞানাং কর্মসঙ্গিনাম্। যোজায়েং সর্বকর্মাণি বিদ্ধান যুক্তঃ সমাচরন্॥ ২৬॥

र्वाष्क्रम त्रुठनावली

বিশ্বানেরা কম্মে আসক্ত অজ্ঞানদিগের বৃদ্ধিভেদ জন্মাইবেন না। আপনারা অবহিত হইযা ও সর্ব্ব কম্ম করিয়া, তাহাদিগকে কম্মে নিযুক্ত করিবেন।২৬।

যাঁহারা জ্ঞানী, তাঁহারা কর্ম্ম না করিলে অজ্ঞানেরা বিবেচনা করিতে পারে যে, আমাদিগেরও এই সকল কর্ম্ম কর্ত্তব্য নহে; অতএব জ্ঞানীদিগের দৃষ্টাস্তদোষে অজ্ঞানদিগের এইর্প ব্যক্ষিভেদ জ্ঞানতে পারে।

> প্রকৃতেঃ ক্রিয়মাণানি গ্রুণ্টেঃ কর্ম্মাণি সর্ব্বশঃ। অহঙ্কারবিমূঢ়াত্মা কন্তাহিমিতি মনাতে॥ ২৭॥

প্রকৃতির গ্রণসকলের দ্বারা সর্বপ্রকার কর্ম্ম ক্রিয়মাণ। কিন্তু যাহার ব্রন্ধি অহঙকারে বিমৃদ্ধ, সে আপনাকে কর্ত্তা মনে করে। ২৭।

> তত্ত্বিত্ত মহাবাহো গুণকম্মবিভাগয়োঃ। গুণা গুণেষু বর্ত্তত ইতি মন্থান সম্প্রতে॥২৮॥

হে মহাবাহো! গ্রন্কন্মবিভাগের তত্ত্ব ষাঁহারা জানেন, তাঁহারা ব্বেন যে, ইন্দ্রিসকলই বিষয়ে বর্ত্তমান: এ জন্য তাঁহারা কন্মে আসক্ত হন না।২৮।

যাঁহারা শরীর হইতে ভিন্ন আত্মা মানেন না, তাঁহারা উপরিব্যাখ্যাত দুই শ্লোকের দুই অর্থ ব্রিববেন না। ঐ দুই শ্লোক এবং তংপ্রের্ব বিদ্বান্ এবং অবিদ্বান্, জ্ঞানী অজ্ঞান ইত্যাদি শব্দ যে ব্যবহৃত হইয়াছে, সে সকল এই আত্মজ্ঞান লইয়া। যাহার আত্মজ্ঞান আছে অর্থাৎ যিনি জানেন যে, শরীর হইতে পৃথক অবিনাশী আত্মা আছেন, তাঁহাকেই বিদ্বান্ বা জ্ঞানী বলা হইতেছে। वला श्टेराक्ट रय. जीवनान् वा अब्बारनता करम्भ जामक वा कलकामनाविभिन्छे. এवश विन्नान् खानीता कर्म्य जनामक वा कनकामनाभाना। किन्नु धरे श्राप्टम घर्ट किन? आश्रखान शाकितनरे ফলকামনা পরিত্যাগ করে, এবং আত্মজ্ঞান না থাকিলেই ফলকামনাবিশিষ্ট হয়, এই প্রভেদ ঘটে কেন, তাহাই এই দুই শ্লোকে বুঝান হইতেছে। ইন্দ্রিয়ের যাহা ভোগা, তাহাকেই বিষয় বলে। কেন না, তাহাই ইন্দ্রিয়ের বিষয়। ইন্দ্রিয়ে ও বিষয়ে যে সংযোগ সংঘটন, তাহাই কর্ম্ম। যাহাস আত্মজ্ঞান নাই, যে আত্মার অস্তিত্ব অবগত নহে, সে জানে যে, ইন্দ্রিয়ে ও বিষয়ে যে সংঘটন, তাহা আমা হইতেই ঘটিল: অতএব আমিই কম্মের কর্তা। "আমিই কম্মের কর্ত্তা" এই বিবেচনাই অহঙ্কার। সে বুঝে যে আমি কম্ম করিয়াছি এ জন্য আমিই কম্মের ফল ভোগ করিব, তাই সে ফল কামনা করে। আর যাঁহার আত্মজ্ঞান আছে, আত্মার অস্তিত্বে বিশ্বাস আছে: ইন্দিরসকল আত্মার কোন অংশ নহে. ইহা যাঁহার বোধ আছে. তিনি জানেন যে. ইন্দিয বা প্রকৃতিই কম্ম করিল। কেন না, তম্বারাই বিষয়ের সহিত ইন্দ্রিয়ের সুযোগ সংঘটিত হইবে। আত্মা কর্ম্ম করেন নাই, স্বতরাং আত্মা তাহার ফলভোগী নহেন। আত্মাই আমি; অতএব আমি তাহার ফলভোগ করিব না. এই বোধে, তাঁহারা ফল কামনা করেন না। অতএব আত্মতত্তুজ্ঞানই নিষ্কাম কম্মের মূল। এবং এই তত্ত্বে দ্বারা জ্ঞানযোগের এবং কর্ম্মযোগের সম্ভায় হইতেছে। জ্ঞান ব্যতীত কম্ম নিক্কাম হয় না এবং নিজ্কাম কম্ম ব্যতীত জ্ঞানের পরিপাক হয় না। নিষ্কাম কর্ম্মও অভান্ত না হইলে ঘটে না। আমরা পরে দেখিব যে, কথিত হইতেছে—কর্ম্ম হইতেই জ্ঞানে আরোহণ করিতে হয়। সে কথা বলিবার কারণ এইখানে নিন্দিটি হইল।

> প্রকৃতেগ্রন্সংম্টাঃ সম্জন্তে গ্রনকন্মাস্। তানকংশ্ববিদো মন্দান্ কংশ্ববিশ্ব বিচালয়েং॥ ২৯॥

যাহারা প্রকৃতির গুর্ণে বিমৃত, তাহারা ইন্দ্রিয়ের কম্মে অন্রাগযুক্ত হয়। এই সকল মন্দর্ভিদ্ধ অলপজ্ঞান ব্যক্তিদিগকে জ্ঞানিগণ বিচালিত করিবেন না।২৯।

অর্থাৎ তাহাদিগকে কম্মফলকামনা পরিত্যাগ করিতে বলিলে, তাহা তাহারা পারিবে না। তবে উপদেশ বা দৃষ্টান্তের ফলে এমত ঘটিতে পারে যে, তাহারা সকাম কম্ম পর্য্যন্ত পরিত্যাগ করিবে। সকাম কম্ম অভ্যন্ত না হইলে, নিম্কাম কম্ম সম্ভবে না; এই জন্য তাহাদিগের বৃদ্ধি বিচালিত করা বা বৃদ্ধিভেদ জন্মান নিষিদ্ধ হইতেছে।

. ময়ি সন্ধাণি কন্মাণি সংন্যস্যাধ্যাত্মচেতসা। নিরাশীনিশ্মমো ভূজা যুধ্যুস্ব বিগতজ্বরঃ॥৩০॥

আমাতে সমস্ত কম্ম সমপ্দ করিয়া অধ্যাত্ম-জ্ঞানের দ্বারা নিস্পৃহ, মমতাশ্না ও শোকশ্না হইয়া যুদ্ধ কর।৩০। গোড়ার কথাটা এই হইয়াছিল যে, অভ্যুন আত্মীয় স্বন্ধনকে হত্যা করিয়া তাদৃশ পাপ-কদ্মের দ্বারা রাজ্য লাভ করিতে অনিচ্ছুক; অতএব যুদ্ধ করিবেন না স্থির করিলেন। তদন্তরে ভগবান্ প্রথমে আত্মজ্ঞানে তাঁহাকে উপদিষ্ট করিলেন। তার পর কদ্মের মাহাত্ম্য ও অবশ্যু-কর্ত্তব্যতা ব্ব্ঝাইলেন যে, সকলকে কদ্ম করিতেই হয়। অন্য কদ্ম না করিলেও জীবনযান্না নির্বাহের জন্য কদ্ম করিতে হয়। তবে যাহার আত্মজ্ঞান নাই, সে মুর্থ ফলকামনা করিয়া কদ্ম করে, আর যে আত্মজ্ঞানী, সে নিজ্জাম হইয়া কদ্ম করে; কিন্তু নিজ্জাম হইয়াই হউক, আর সকাম হইয়াই হউক, অনুপ্রেয় কদ্ম করিতেই হইবে। যদি করিতেই হইল, তবে নিজ্কাম হইয়াই ক্রাই ভাল; কেন না, নিজ্জাম কদ্ম পরম ধদ্ম। অতএব তুমি নিজ্জাম হইয়া, ফলকামনা পরিত্তাগ করিয়া রাজালাভ হইবে, না হইবে, সে চিন্তা না করিয়া, কদ্মের ফলাফল স্থিরে অপ্ণ করিয়া, যুদ্ধ ক্ষতিয়ের অনুপ্রেয় কদ্ম বিলয়া নিন্বিকারিচিত্তে যুদ্ধ কব।

যে মে মতমিদং নিতামন্তিষ্ঠান্ত মানবাঃ। শ্রন্ধাবন্তোহনস্য়ন্তো ম্চাল্ডে তেহপি কম্মভিঃ॥৩১॥

যে সকল মনুষ্য শ্রদ্ধাবান্ ও অস্থাশ্না হইয়া আমার এই মতেব নিতা অনুষ্ঠান করে, তাহারা কম্ম হইতে অর্থাং কম্মফলভোগ হইতে মুক্ত হয়।৩১।

যে হেতদভাস্থভো নান্তিপ্ততি মে মতম্। সৰ্প্ৰানবিম্টাংস্তান্ বিদ্ধি নন্তানচেতসঃ॥ ৩২॥

যাহারা অস্থাপরবশ হইয়া আমার এই মতের অনুষ্ঠান করে না, তাহাদিগকে সর্বজ্ঞান-বিমৃত্, বিন্দট এবং বিবেকশ্না বিলয়া জানিও।৩২।

> সদৃশং চেন্টতে স্বস্যাঃ প্রকৃতেব্রোনবানপি। প্রকৃতিং যান্তি ভতানি নিগ্রহঃ কিং করিষাতি॥ ৩৩॥

জ্ঞানবান্ত, যাহা আপন প্রকৃতিব অন্ক্ল সেইর্পই চেণ্টা কবে। জীবগণ প্রকৃতিরই অনুগামী হয়। নিগ্রহে কোন ফল হয় না।৩৩।

ইন্দ্রিস্যান্থি রাগদ্বেষো ব্যবন্থিতো। তয়োন বশমাগচ্ছেত্তো হাস্য পরিপন্থিনো॥ ৩৪॥

হাল্যুয়ের বিষয়ে ইন্দ্রিয়ের রাগদ্বেষ অবশাদ্ভাবী। তাহার বশগামী হইও না: কেন না, তাহা শ্রেয়ামার্গের বিঘাকারক। ৩৪।

শ্রেয়ান্ স্বধশ্মো বিগ্লঃ প্রধশ্মাং স্বন্তিতাং। স্বধশ্মে নিধনং শ্রেয়ঃ প্রধশ্মো ভ্রাবহঃ॥ ৩৫॥

প্রধন্মের সম্পূর্ণ অনুষ্ঠান অপেক্ষা স্বধন্মের অসম্পূর্ণ অনুষ্ঠানও ভাল । বরং স্বধন্মে নিধনও ভাল প্রধন্ম ভয়াবহ । ৩৫ ।

তেত্রিশ চোত্রিশ প্রতিশ-- এই তিন শ্লোকে যাহা কথিত হইল, তাহাব মন্মার্থ বুঝাইতেছি। সকলেই আপন আপন প্রকৃতির বশ, ইহা প্রেব কথিত হইয়াছে। জ্ঞানবান্ত আপন স্বভাবের অনুকূল যে কার্যা, তাহাই করিয়া থাকেন। নিষেধ বা পীড়নের দ্বারাও আপন প্রভাবের প্রতিকলে কার্ম্যে কাহাকে নিযুক্ত বা স্কুদক্ষ করা যায় না। কিন্তু লোকে যদি ইন্দিংশের বশীভূত হয়, তবে সে স্বধ্ন্ম পরিত্যাগ করিয়া পরধন্মেব অনুসরণ করিয়া থাকে। স্বধ্ন্ম कि, जांदा भृत्यर्व त्यादिशाष्ट्रि। वर्गाध्यभभ्यं एव भ्वभभ्यं, अमन अर्थ कता यात्र ना। रकन ना. যে সকল সমাজের মধ্যে বর্ণাশ্রমধন্ম নাই সে সকল সমাজের প্রতি এই উপদেশ অপ্রয়োক্তব্য হয। কিন্তু ভগবদুক্ত ধর্ম্ম সাব্যজনীন, মনুষা মাত্রেরই রক্ষা ও পরিত্রাণের উপায়। অতএব স্বধন্ম এইর্শই ব্রিডে হইবে যে, ইহজীবনে যে যে কন্মকে আপনার অনুষ্ঠেয় কর্ম্ম বিলয়া গ্রহণ করিয়াছে, তাহাই তাহার স্বধর্ম্ম। যে সমাজে বর্ণাশ্রমধর্ম্ম প্রচলিত, এবং যে সমাজে সে ধর্ম্ম প্রচলিত নহে এতদ্বভয়ের মধ্যে প্রভেদ এই যে, বর্ণাশ্রমধন্মীরা প্রের্থ-পরম্পরায় একজাতীয় কার্য্যকেই আপনার অনুষ্ঠেয় কম্ম বলিয়া গ্রহণ করিতে বাধা হন। অন্য সমাজে, লোক আপন আপন ইচ্ছা, প্রবৃত্তি স্যুয়োগ এবং শক্তি অন্সারে কম্মে প্রবৃত্ত হয। শক্তি ও প্রবৃত্তির অনুযায়ী বলিয়া অথবা আজীবন অভ্যন্ত বলিয়া স্বধন্সহি লোকের অনুক্ল। কিন্তু অনেক সময়ে দেখা যায় যে. ইন্দ্রিয়াদির বশীভূত হইয়া, ধনাদির লোভে বিমন্ধ হইয়া, স্বধন্ম পরিত্যাগপ্তেক লোকে পরধর্ম অবলম্বন করে। তাহাদের প্রায় ঘোরতর

र्वाध्कम तहनावली

অমঙ্গল ঘটিয়া থাকে। প্রাচীন ভাষ্যকারেরা এই অমঙ্গল পারলোঁকিক অবস্থা সন্বন্ধেই বৃবেন। কিন্তু ইহলোকেও বে স্বধন্মত্যাগ এবং পরধন্ম অবলন্দন অমঙ্গলের কারণ, তাহা আমরা প্রনঃ প্রনঃ দেখিতে পাই। যে সকল প্রেয় স্বধন্মে থাকিয়া, তাহার সদন্দান জন্য প্রাণপণ ষত্ন করেন, এবং তাহার সাধন জন্য মৃত্যু পর্যাপ্ত স্বীকার করেন, তাঁহারাই ইহলোকে বীর বালিয়া বিখ্যাত হইয়া থাকেন; এবং স্বধন্মের অনুষ্ঠানে কৃতকার্য্য হইতে পারিলে, তাঁহারাই ইহলোকে যথার্থ স্বখী হয়েন। কিন্তু পরধন্ম অবলন্দান করিয়া অর্থাৎ যাহা নিজের অনুষ্ঠোর নয়, এমন কার্য্যে প্রবৃত্ত হইয়া, তাহা সনুসম্পন্ন করিতে পারিলেও, কেহ যে সনুখী বা যশস্বী হইতে পারিয়াছেন, এমন দেখা যায় না। অতএব পরধন্মের সম্পূর্ণ অনুষ্ঠান অপেক্ষা স্বধন্মের অসম্পূর্ণ অনুষ্ঠানও ভাল। বরং স্বধন্মের মরণও ভাল, তথাপি পরধন্মে অবলন্দায় নহে।

অৰ্জ্বন উবাচ।

অথ কেন প্রযুক্তোহয়ং পাপণ্ডরতি প্রুরুষঃ। অনিচ্ছর্মপি বাস্কেয়ি বলাদিব নিযোজিতঃ॥ ৩৬॥

পরে অজ্জ্বন বলিতেছেন,—

হে বাস্কের! প্রব্য কাহার দ্বারা প্রযুক্ত হইয়া পাপাচরণ করে? কাহার নিধোপে অনিচ্ছা

সত্ত্বে বলের দ্বারা পাপে নিযুক্ত হয়? ৩৬।

পুৰেব কথা হইয়াছে যে, ইন্দ্রিয়ের বিষয়ে ইন্দ্রিয়ের রাগদ্বেষ অবশাস্তাবী। পর্যুবের ইচ্ছা না থাকিলেও সে স্বধন্সবিচ্যুত হইয়া উঠে, ইহাই এরপে কথায় ব্রঝায়। অর্জ্জন এক্ষণে জিঞ্জাসন করিতেছেন যে, কেন এর্প ঘটিয়া থাকে? কে এর্প করায়?

শ্রীভগবান,বাচ।

কাম এষ ক্রোধ এষ রজোগন্ণসম্প্রবঃ। মহাশনো মহাপাপ্মা বিদ্ধোনমিহ বৈরিণম্॥ ৩৭॥

ইহা কাম। ইহা দ্রোধ। ইহা রজোগ,লোৎপল্ল মহাশন এবং অত্যপ্ত। ইহলে।কে ইহাকে শন্ত্র বিবেচনা করিবে।৩৭।

আগে শব্দার্থ সকল ব্রুঝা যাউক। ব্জোগ্র্ণ কি তাহা স্থানাস্তরে কথিত ২ইবে। মহাশন অর্থে যে অধিক আহার করে। কাম দ্বুংপ্রেণীয়, এ জন্য মহাশন।

পাঠক দেখিবেন যে, কাম ক্রোধ উভয়েরই নামোল্লেখ হইয়াছে। কিন্তু একবচন ন্রহত হইয়াছে। ইহাতে ব্ঝায় যে, কাম ও ক্রোধ একই; দ্রহীট প্থক্ রিপ্র কথা হইতেছে না ভাষ্যকারেরা ব্ঝাইয়াছেন যে, কাম প্রতিহত হইলে অর্থাৎ বাধা পাইলে ক্রোধে পরিণত হয; অতএব কাম ক্রোধ একই।

তবে কথাটা এই হইল যে, স্বধন্ধানুষ্ঠানই শ্রেয়, কিন্তু ইহা সকলে পারে না। কেন না, স্বভাবই বলবান্; স্বভাবের বশীভূত বলিয়াই লোকে অনিচ্ছুক হইয়াই পরধন্ধাশ্রয় করে; পাপাচরণ করে। ইহার কারণ, কামের বলশালিতা। কাম অর্থে রিপর্বিশেষ না ব্রিঝা সাধারণতঃ ইন্দির মাত্রেরই বিষয়াকাজ্কা ব্রিঝালে, এই সকল শ্লোকের প্রকৃত উদার তাৎপর্যা ব্রিঝাতে পারা যাইবে।

ভগবদ্বাকোর যাথার্থ্য এবং সাব্ধজনীনতাব প্রমাণস্বর্প প্রবন্তী দেশী বিদেশী ইতিহাস হইতে তিন্টি উদাহরণ প্রয়োগ করিব।

প্রথম, রাজার স্বধ্ম্ম নাজ্যশাসন ও প্রজাপালন। তিনি ধর্ম্ম প্রচারক বা ধর্ম্ম নিয়ন্তা নহেন। এখানে Religion অথে ধর্ম্ম শব্দ ব্যবহার করিতেছি। কিন্তু মধ্যকালে ইউরোপে রাজগণ ধর্ম্ম নিয়ন্তা গ্রহণ করার মন্ব্যজাতির কি ভয়ানক অমঙ্গল ঘটিয়াছিল, তাহা ইতিহাসে স্পরিচিত। উদাহরণস্বর্প St. Bartholomew, Sicilian Vespers এবং স্পেনের Inquisition, এই তিনটা নামের উত্থাপনই যথেন্ট। কথিত আছে, পণ্ডম চার্লস্কের সময়ে এক Netherland দেশে দশ লক্ষ মন্ব্য কেবল রাজার ধর্ম্ম হইতে ভিল্লখর্ম্মাবলম্বী বলিয়া প্রাণে নিহত হইয়াছিল। আজকাল ইংরেজরাজ্যে ভারতবর্ষে রাজার এর্প পরধন্মাবলম্বন প্রবৃত্তি থাকিলে ভারতবর্ষে কয় জন হিন্দু থাকিত?

দ্বিতীয় উদাহরণ, বাঙ্গালা দেশে ইংরেজরাজত্বের প্রথম সময়ে। রাজার ধন্ম ক্ষত্রিয়ধন্ম।

শ্ৰীমন্তগৰণগীতা

বাণিজ্য বৈশ্যের ধর্ম্ম। রাজা এই সময়ে বৈশাধন্মাবলন্দ্রন করিয়াছিলেন— East India Company বাণিজ্যব্যবসায়ী হইয়াছিলেন। ইহার ফল ঘটিয়াছিল বাঙ্গালার শিল্পনাশ, বাণিজ্যনাশ, অর্থনাশ। বাঙ্গালার কার্পাসবক্ষ্ম, পট্টবক্ষ্ম, রেশম, পিস্তল কাঁসা, সব ধনংসপ্রের গেল:—আভ্যন্তরিক বাণিজ্য কতক একেবারে অন্তর্হিত হইল, কতক অন্যেব হাতে গেল; বাঙ্গালা এমন দারিদ্র্য-সমন্দ্রে ভূবিল যে, আর উঠিল না। কোন্পানিকেও শেষ বাণিজ্য ছাড়িতে হইল। মানুষ সব ছাড়ে, আফিঙ্গা ছাড়ে না। সে বাণিজ্যের এখনও আফিঙ্গানুকু আছে।

তৃতীয় উদাহরণ, আমেরিকার স্ত্রীজাতির আধ্বনিক স্বধন্মতাালে ও পৌর্ষ কন্মে প্রবৃত্তি। ইহাতে ঘটিতেছে, স্ত্রীজাতির বৈষয়িক ভিন্ন প্রকার অবনতি গ্রেহ উচ্চ্ভথলতা এবং জাতীয স্থহানি। যে স্ত্রীলোক স্বগর্ভসম্ভূত শিশ্বকে স্তন্যদানে অসমর্থা তাহাকে স্মাবণ কবিয়া

সহমরণাভিলাষিণী হিন্দুমহিলা অবশ্যই বলিবেন

স্বধন্মে নিধনং শ্রেমঃ পরধন্মে ভয়াবহঃ। ধ্মেনারিয়তে বহিষপাদশো মলেন চ। যথোদেবণাব্তো গর্ভস্তথা তেনেদমাব্তম্॥ ৩৮॥

ষেমন ধুমে বহি আবৃত, মলে দপণি এবং গর্ভ জরায়ার দ্বারা আবৃত থাকে, তেমনই কামেব দ্বারা (জ্ঞান) আবৃত থাকে। ৩৮।

"জ্ঞান" শব্দটি মূলে নাই,—তৎপবিবর্তে ইদম্" আছে। কিন্তু প্রশ্লোকে জ্ঞান" শব্দই আন্তের বিশেষ্য; এ জন্য এ শ্লোকের অনুবাদেও সেইরূপ কবা গেল।

৩৩শ শ্লোকে কথিত হইয়াছে যে, জ্ঞানবান্ও আপন প্রকৃতির অনুর্প চেষ্টা করে। "সদৃশং চেষ্টতে স্বস্যাঃ প্রকৃতেজ্ঞানবানপি"

জ্ঞানবান্ জ্ঞান থাকিতে কেন এরপে করে? তাহাই ব্ঝাইবার জন। বলিতেছেন যে, জ্ঞান এই কামেব দ্বারা আবৃত থাকে; জ্ঞান এ অবস্থায অকন্মণ্য হয়।

উপমা তিনটি অতি চমংকার; কিন্তু উপমার কোশল ব্ঝাইবার প্রেব বলা আবশ্যক। "মল" শব্দে শঙ্করাচার্য্য "মল" অর্থাৎ মলই ব্যাঝাছেন। কিন্তু শ্রীধর স্বামী বলেন "মলেন" কি না "আগন্তুকেন"। এ অবস্থায় দর্পণিস্থ প্রতিবিন্দ্র যে "মল" শন্দেব অভিপ্রেত, ইহাই ব্যাঝতে হইতেছে।

উপমা তিনটির প্রতি দৃষ্টি করা যাউক। যাহা উপমিত, এবং যাহা উপমেয, উভয়ই স্বাভাবিক। বহির স্বাভাবিক আবরণ ধ্ম; দর্পণ থাকিলেই ছায়া বা প্রতিবিদ্ধ থাকিবে, নহিলে দর্পণত্ব নাই; এবং গভেরিও স্বাভাবিক আবরণ জরায়। তেমনই জ্ঞানের আবরণ কামও স্বাভাবিক। ইহা প্রেই কণিত আছে। উপমেণ ও উপমিত উভয়ই প্রকাশাত্মক; বহি প্রকাশাত্মক; দর্পণ প্রকাশাত্মক, গভ প্রকাশাত্মক; তেমনই জ্ঞানও প্রকাশাত্মক। প্রকাশাত্মক, গভিপ্রকাশাত্মক; তামাবিশেষ। ফুংকাবাদিব দ্বারা ধ্মাববণ, অাসাবণের দ্বারা বিন্বাবরণ এবং প্রসাদের দ্বারা উল্বোবরণ বিনন্ট হইয়া অলি, দর্পণ, ও গভেরি প্রকাশ হয তেমনই ইন্দ্রিয় দননের দ্বানা কামাববণ বিনন্ট হইয়া জ্ঞানের প্রকাশ পায়। ইহা ৪১ শ্লোকে দেণিব।

আবৃতং জ্ঞানমেতেন জ্ঞানিনো নিতার্বৈরিণা। কামর্পেণ কোন্তেয় দুঃপুরেণানলেন চ॥৩৯॥

হে কৌন্তের 'জ্ঞানীদিয়ের নিতাশাল্ কামর্পে দ্বুপ্র এবা আগ্রন্থা জ্ঞানকে আবত রাখে। ৩৯।

কামই জ্ঞানীদিগোব নিতাশন্ত্। ভোগকালে স্থদায়ক, পবিণামে স্থদায়ক এবং ভোগকালেও হাহা নিচপ্রোজনীয় তাহার অনুসন্ধানে প্রবৃত্ত করিয়া সংখদায়ক এই জন্য নিতাশন্ত্র। ইহা দুহপুর কেন না, কিছুতেই ইহাব প্রেণ নাই; এবং ইহা সন্তাগহৈত এই জন্য গণিত্রা।

ইন্দ্রিয়ানি মনো ব্দিবস্যাধিতানম,চ্যতে।

এতৈবিমোহয়ত্যেষ জ্ঞানমাব,ত্য দেহিনম্॥ ৪০।

ইন্দিয় সকল মন ও বুদ্ধি ইহাব অধিষ্ঠান বলিয়া কথিত চট্যাছে। জ্ঞানকে আবৃত রাখিয়া এই সকলের দ্বারা ইহা কোম) আত্মাকে মুগ্ধ করে।৪০।

र्वाष्क्रम त्रानावली

এই কাম কাহাকে আশ্রয় করিয়া থাকে? ইন্দিয় সকলকে এবং মন ও বৃদ্ধিকে। আস্থা হইতে পৃথক্। আস্থাকে আশ্রয় করিতে পারে না। আস্থাকে বিমৃদ্ধ করিয়া রাখে।

তস্মাত্মিন্দ্রিয়াণ্যাদো নিয়ম্য ভরতর্বভ। পাপ্মানং প্রজাহ হোনং জ্ঞানবিজ্ঞাননাশনম্॥ ৪১॥

অতএব হে ভরতশ্রেষ্ঠ ! তুমি আগে ইন্দ্রিয়গণকে নিয়ত করিয়া, জ্ঞানবিজ্ঞানবিনাশী পাপস্বরূপ কামকে বিনন্ধ (বা ত্যাগ) কর । ৪১ ।

যদি ইন্দ্রিয়গণই কামের অধিষ্ঠানভূমি, তবে আগে ইন্দ্রিয়গণকে নিয়ত করিতে হইবে। তাহা হইলে কামকে বিনন্ট করা হইবে।

জ্ঞান বা বিজ্ঞানে প্রভেদ কি? শ্রীধর বলেন, জ্ঞান আত্মবিষয়ক, বিজ্ঞান শাস্ত্রীয় অথবা "জ্ঞান শাস্ত্রাচার্য্যের উপদেশজাত, বিজ্ঞান নিদিধ্যাসজাত।" শঙ্করাচার্য্য বলেন, "জ্ঞান শাস্ত্র হইতে আচার্যালের আত্মাদির অবরোধ। আর তাহার বিশেষ প্রকার অন্ভবই বিজ্ঞান।" পাঠক এই ব্যাখ্যা অপেক্ষা শ্রীধর স্বামীর ব্যাখ্যা প্রাঞ্জল বলিয়া গ্রহণ করিবেন। আমি বৃত্তি যে, এইট্,কু বৃত্তিবতে পারিলেই আমাদের মত লোকের পক্ষে যথেত হইবে যে, কাম সর্ব্বপ্রকার জ্ঞান ও আত্মার উন্নতির বিনাশক।

ইন্দ্রিয়াণি পরাণ্যাহ্বরিন্দ্রিয়েভাঃ পরং মনঃ।
মনসস্থু পরা ব্বিদ্বব্বের্দ্ধর্যঃ পরতস্থু সঃ॥৪২।
এবং ব্বদ্ধেঃ পরং ব্বদ্ধা সংস্থভ্যাত্মানমাত্মনা।
জহি শত্রং মহাবাহো কামর্পং দ্বাসদম্॥৪৩॥

ইন্দ্রিয় সকল শ্রেষ্ঠ বলিয়া কথিত: ইন্দ্রিয় সকল হইতে মন শ্রেষ্ঠ: মন হইতে বৃদ্ধি শ্রেষ্ঠ: বৃদ্ধি হইতে তিনি শ্রেষ্ঠ। ৪২।

এইর্প ব্দ্ধির দ্বারা পরমাত্মাকে ব্রিঝয়া আপনাকে স্তব্তিত করিয়া, হে মহাবাহাে! তুমি কামর্প দ্রাসদ শত্তে জয় কর।৪৩।

পাঠক প্রথম ৪২ শ্লোকের প্রতি মনোযোগ কর্ন। ইহা অনুবাদে দুর্বোধ্য।

বলা হইতেছে যে. ইন্দ্রিয়াণ শ্রেষ্ঠ বলিয়া কথিত। মন ইন্দ্রিয় হইতে শ্রেষ্ঠ, ইত্যাদি। তবে ইন্দ্রিয়াণ কাহা হইতে শ্রেষ্ঠ? ভাষাকারেরা বলেন, দেহাদি হইতে। তাহাই শ্লোকের অভিপ্রায় বটে, কিন্তু আধুনিক পাঠক জিজ্ঞাসা করিতে পারেন, ইন্দ্রিয় কি দেহাদি হইতে স্বতন্ত্র?

অতএব প্রথমে বৃথিতে হয়, ইন্দ্রিয় কি। দর্শনিশান্তে কহে, চক্ষ্মঃশ্রবণাদি পাঁচটি জ্ঞানেন্দ্রিয়, হস্তপদাদি পাঁচটি কন্মেন্দ্রিয়, এবং মন অন্তর্গিন্দ্র। কিন্তু এ শ্লোকে মনকে ইন্দ্রিয় হইতে পৃথক্ বলা হইতেছে। সৃত্রাং জ্ঞানেন্দ্রিয় ও কন্মেন্দ্রিয়ই এখানে অভিপ্রেত।

দেহাদি ইইতে ইহা শ্রেষ্ঠ ইইল কিসে? ভাষ্যকারেরা বলেন, ইন্দ্রিয় সকল স্ক্ষা ও প্রকাশক, দেহাদি ইন্দ্রিয়ের গ্রাহ্য। কিন্তু এ কথা কেবল জ্ঞার্নোন্দ্রয় সম্বন্ধেই সতা। আর জ্ঞানেন্দ্রিয় সকল দেহাদি হইতে স্বতন্ত্র নহে। তবে প্রপণ্টতঃ ভাষ্যকারেরা দেহাদি শন্দের দ্বারা স্থলে পদার্থ বা স্থলে ভূত অভিপ্রেত করিয়াছেন। স্থলে কথা এই যে, ইন্দ্রিয়ের বিষয় ইইতে ইন্দ্রিয় শ্রেষ্ঠ।

বক্তার অভিপ্রায় কি. তাহা ম্লে যে "আহ্রু" পদ আছে, তাহার প্রতি মনোযোগ করিলে সন্ধান পাওয়া যাইবে। বক্তা নিজের মত বলিয়া ইহা বলিতেছেন না, এইর্প কথিত হইয়াছে বিলয়া বলিতেছেন। কে এর্প বলিয়াছে? সাংখ্যদর্শন স্মরণ করিলেই এ প্রশেনর উত্তর পাওয়া যাইবে। তাহা ব্রাইতেছি।

সাংখ্যদর্শনে সমস্ত পদার্থ পঞ্চবিংশতি গণে বিভক্ত হইয়াছে। পর্য্যায়ক্রমে পঞ্চবিংশতি গণ এইর্প।

১। প্রকৃতি।

৪ হইতে ১৯। পঞ্চ তন্মাত্র ও একাদশ ইন্দ্রিয়।

২। মহৎ।

২০-২৪। পণ স্ল ভূত।

৩। অহঙকার।

২৫। পরুরুষ।

দ্রাসদ শব্দে দ্বিবভিত্তয়, শ্রীধর স্বামী ব্ঝিয়াছেন।

শ্রীমন্তগবশগীতা

এই পর্য্যায়ের তাৎপর্য্য এই যে, প্রকৃতি হইতে মহৎ, মহৎ হইতে অহৎকার, অহৎকার হইতে

পণ্ড তক্ষাত্র ও একাদশ ইন্দ্রিয়; পণ্ড তন্মাত্র হইতে স্থ্ল ভূত। পুরুষ প্রমাত্মা।

এই পর্য্যায়ান্সারে শ্ব্ল ভূত (ক্ষিত্যাদি, স্বৃতরাং পাণ্ডভোতিক দেহাদি) হইতে ইন্দ্রিয় শ্রেণ্ঠ। এখানে মন ইন্দ্রিয় হইতে পৃথক্; কিন্তু সাংখ্যমতান্সারে মন ইন্দ্রিয় হইলে অন্যান্য ইন্দ্রিয় হইতে শ্রেণ্ঠ; কেন না, অন্যগর্নল বহিরিন্দ্রিয়; দ্বিতীয় গণ, অহৎকারকে বিজ্ঞানভিক্ষ্ব সাংখ্যপ্রবচনভাষ্যে বৃদ্ধি বলিয়াছেন। অতএব বৃদ্ধি মন হইতে শ্রেণ্ঠ।

কিন্তু এমন বলিতে পারা যায় না, এই সাংখ্যদর্শন গীতাপ্রণয়নকালে জন্মগ্রহণ করিয়াছিল। তবে গীতাপ্রণয়নকালে ইহা হইতে ভিন্ন প্রকার সাংখ্যমত প্রচলিত ছিল, তাহার প্রমাণ গীতাতেই আছে। তাহারই সম্প্রসারণে কপিল-প্রচারিত সাংখ্য। গীতার সপ্রমাধ্যায়ের চতুর্থ শ্লোকে এইর্প গণ কথিত হইয়াছে.—

ভূমিরাপোহনলো বায়্রঃ খং মনো ব্রন্ধিরেব চ। অহৎকার ইতীয়ং মে ভিন্না প্রকৃতিরণ্টধা॥ ৪ ॥

আটিট মাত্র গণ কথিত হইল; পাঁচটি স্থ্ল ভূত. মন, বৃদ্ধি এবং অহৎকার। শংকরাচার'। বলেন, পণ্ড ভূতের গণনাতেই পণ্ড তন্মাত্র এবং ইন্দ্রিষ সকলের গণনা হইল বৃদ্ধিতে হইবে।' আর পাঠক ইহাও দেখিবেন যে, ভগবান্ বলিতেছেন যে, এই আট প্রকার আমার প্রকৃতি। অতএব কাপিল সাংখ্যের সঙ্গে এ মতের প্রভেদও অতি গ্রেত্র।

যাহা হউক, শ্লোকোক্ত পারম্পর্য্য কতক ব্বা গেল। কিন্তু ব্যদ্ধির আর একটি অর্থ আছে। নিশ্চয়াত্মিকা অন্তঃকরণবৃত্তিকে ব্যদ্ধি বলা যায়। এই অর্থে ব্যদ্ধি শব্দ যে গীতাতেই বাবহৃত ইয়ছে, তাহা দ্বিতীয় অধ্যায়ে দেখিয়াছি। শ্লোকের অর্বাশন্টাংশ ব্যাকার জন্য এই তথ্ স্মান করিতে হইবে। ইন্দ্রিদমনের উপায় কথিত হইতেছে। অন্য সমস্ত অন্তঃকরণপ্রবৃত্তি হইতে শ্রেষ্ঠ যে এই নিশ্চয়াত্মিকা বৃত্তি, পরমাত্মা তাহা হইতে শ্রেষ্ঠ।

এখন ৪৩ শ্লোক সহজে ব্রঝিব। এই নিশ্চয়াত্মিকা ব্রদ্ধির দ্বারা সেই পরমাত্মাকে ব্রঝিয়া, আপনাকে নিশ্চল করিয়া কামকে পরাজিত করিতে হইবে। ইহার অপেক্ষা ইন্দ্রিয়জয়ের উৎকৃণ্ট উপায় আর কোথাও কখন কথিত হইয়াছে এমন জানি না।

ইতি মহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্শ্বলি শ্রীমন্তগবন্দাীতাস্পনিষংস্ক ব্রহ্মবিদ্যায়াং যোগশান্তে কম্ম যোগো নাম তৃতীয়োহধ্যায়ঃ।

কপি চ ত্রয়োদশ অধ্যায়ে ৫।৬ শ্লোকে বলিতেছেন,
মহাভূতান্যহত্বারো বৃদ্ধিরব্যক্তমেব চ।
ইন্দ্রিয়াণি দশৈকণ্
পণ্ড চেন্দ্রিয়াণারাঃ॥৫॥
ইচ্ছা দ্বেয়ঃ স্থং দৃঃখং সংঘাতন্চেতনা ধ্তিঃ।
এতৎ ক্ষেত্রং সমাসেন সবিকারম্দাহতম্॥৬॥

ইহাতে কাপিল সাংখ্যের ১০টি গণ আছে, মন ও আত্মা, আরও সার্ভাট আছে। ইহা গণ বা পদার্থ বিলয়া কথিত হইতেছে না; সমস্ত জগণকে এই কয় শ্রেণীতে বিভক্ত করিবার উদ্দেশ্য নাই। অতএব কপিল সাংখ্য নহে; বরং কাপিল সাংখ্যের মূল এইথানে আছে, এমন কথা বলা যাইতে পারে।

+ रवमासमाव->४।

্সভাসমাজে মনুষ্যের একটি ইন্দ্রিয় এত প্রবল দেখা যায় যে, "ইন্দ্রিয়দোষ" বলিলে সেই ইন্দ্রিয়ের দোষই ব্ঝায়। ইহার প্রবল্য নিবারণের উপায় অনেকে জিজ্ঞাসা করিয়া থাকেন, অনেকে জিজ্ঞাসা, হইয়াও লক্জার অনুরোধে প্রশন করিতে পারেন না। অনেকে এমনও আছেন যে, ঈশ্বরে বিশ্বাসহীন বা তাঁহাকে নিশ্চয়াশ্বিকা বৃদ্ধির দ্বারা ধারণ করিতে অক্ষম। অতএব ইন্দ্রিয়দমনের ক্ষুদ্রতর যে সকল উপায় আছে, তাহা নিন্দে লিখিত হইল।

(১) শারীরিক ব্যারাম। ইহাতে শারীরিক ও মানসিক উভরবিধ স্বাস্থ্য সাধিত হয়। শারীরিক ও

মানসিক উভয়বিধ স্বাস্থ্য থাকিলে ইন্দিয়ের দূষণীয় কেগ জন্মিতে পারে না।

(২) আহারের নিরম। উত্তেজক পানাহার পরিত্যাগ করিবে। মদ্যাদি বিশেষ নিষেধ। মৎস্য, মাংস একেবারে নিষেধ করা যায় না; বিশেষতঃ মৎস্যের অনেক সদৃগ্রেণ আছে; কিন্তু মৎস্য ইন্দ্রিয়ের বিশেষ

ठडूर्थ अशाग्र

শ্রীভগবান,বাচ।

ইমং বিবস্বতে যোগং প্রোক্তবানহমবায়ম্। বিবস্বান্ মনবে প্রাহ মন্ত্রিক্ষবাকবেহরবীং॥ ১ ॥

গ্রীভগবান বলিলেন,--

এই অব্যয় যোগ আমি স্থাকে বলিয়াছিলাম। স্থা মন্কে বলিয়াছিলেন, মন্ ইক্ষাকুকে বলিয়াছিলেন। ১।

এই যোগের ফল অব্যয়, এ জন্য ইহাকে অব্যয় বলা হইয়াছে। ইক্ষরাক মন্র প্ত. এবং স্যাবংশীয় রাজগণের আদি প্রেষ।

এবং পরম্পরাপ্রাপ্রামমং রাজ্য থাে বিদঃ।

म कार्त्वतन्य भर्जा खार्गा नष्टेः भत्रख्या २ ॥

এইর্প পরম্পরাপ্রাপ্ত হইয়া এই যোগ রাজির্মিগণ এবগত ইইয়াছিলেন। হে পরস্তপ! এক্ষণে মহং কালপ্রভাবে সে যোগ নন্ট হইয়াছে।২।

(টীকা অনাবশাক।)

স এবায়ং ময়া তে২দ্য যোগঃ প্রোক্তঃ প_্রাতনঃ। ভক্তোহসি মে স্থা চেতি রহসাং হোতদ্বশুমম্ম। ৩ ॥

তুমি আমার ভক্ত ও স্থা, সেই প্রোতন যোগ অদ্য আমি তোমাকে বলিলান। এ প্রসঙ্গ উক্তম।৩।

টে কা অনাবশ্যক।

অঙ্গ্রন উবাচ।
অপরং ভবতো জন্ম পরং জ্বা বিক্রতঃ।
কথমেত্রিজানীয়াং স্বমাদৌ প্রোক্তবানিতি॥ ৪ ॥

উত্তেজক। ৩০এৰ মংস্য মাংসেৰ অব্প ভোজনই ভাল। মংস্য মাংসের এই দোষ জন্যই ব্ৰহ্ম্যাৰীৰ পক্ষে হিন্দুলোস্থে নিষিদ্ধ হইয়াছে। মংস্য হিন্দুমান্ত্ৰেই পক্ষে নিষিদ্ধ হইয়াছে।

⁽৩) আলস্য পিনিত্রাগ। আলস্য ইন্দ্রিদোবেন একটি অতিশ্য গ্রেন্ত্র কারণ। আলস্যে কুচিন্তার অবসং পাওয়া যায়,—অনা চিন্তার অভাব থাকিলে ইন্দ্রিয়স্বচিন্তাই বলবতী হন। আন কর্মনা থাকিলে, ইন্দ্রিয়পরিভৃত্তি চেন্টাই প্রধান হয়। যাঁহার বিবয়কর্ম্মা আছে, তিনি বিয়য়কর্ম্মা বিশেষ মনোনিবেশ করিবেন এবং অবসরকালেও বিয়য়ক্মের্মার উল্লিভ্রান্ত করিবেন। তাহাতে ছিরিম্ম শুভ ফল ফলিনে; ইন্দ্রিয়ও শাসিত থাকিবে এবং বিয়য়ক্মের্মারও উল্লাভি ঘটিবে। তবে এরপুন বিয়য়ক্ম্মানিভার দোষ এই ঘটে যে, লোক অতান্ত বিয়য়য় ইইয়া উঠে। সেটা মার্নাসক্ম অবনতির বারণ হয়। অতএব মাইলা পারেন, তাঁহারা অবসয়কালে স্মাহিত পাঠ বা বৈজ্ঞানিক আলোচনা করিবেন। যাঁহারা শিক্ষার অভাবে এহাতে অক্ষম বা অবনমুরাগী, তাঁহারা আপনার কার্য্য শেষ করিয়া পরেন কার্য্য করিবেন। গরিবাববর্গের সহিত কথোপক্থন, বালক্ষবালিকাদিগের বিদ্যাশিক্ষার তত্ত্বাব্ধান, আপনার আয়য়ব্যেল তত্ত্বাব্ধান এবং প্রতিবাসিগলের স্ম্মান্তন্ত্রেকাল তত্ত্বাব্ধান কর্ম্য প্রতিবাসিগলের স্মান্ত্র করিবেন। ইহাতে যাহাদের মন না যায়, তাহারা কোনও গ্রেন্ত্র পরক্রের্মান ক্রিম্ন্ত হইতে পারেন। আনেক এনটা দুকুল বা একটা ভাতারখানা স্থাপন ও বক্ষণে ব্রতী হইযা অনেক পাপ হইতে মৃক্ত হয়াছেন।

⁽৪) অতি প্রধান উপায় কুসংসর্গ পরিত্যাগ। যাহাবা ইন্দ্রিমপরবশ, অঞ্চালভাষী, অঞ্চাল আমোদ-প্রমোদে অনুরক্ত, তাহাদের ছায়াও পরিত্যাগ করিবে। ইহাদের দৃষ্টান্ত, প্ররোচনা ও কথোপকথনে দেববির্বাগণ ও কলম্বিত হইতে পারেন। সভা সমাজে বাসের একটি প্রধান অমঙ্গলই এই কুসংস্থাণ

^{ি (}৫) সর্ব্ব্যাপেক্ষা শ্রেষ্ঠ উপায়—কেবল ঈশ্বরচিন্তার নীন্দ্র—পবিদ্র দাম্পত্য-প্রণয়। এ বিষয়ে অধিক লিখিবাব প্রয়োজন নাই।

এই সকল কথা যদিও গাঁতাব্যাখ্যার পক্ষে অপ্রাসঙ্গিক, তথাপি ইহা লোকের পক্ষে অশেষ মঙ্গলকর বিশয়া এ স্থানে লিখিত হইল।

আপনার জন্ম পরে, স্বেগ্র জন্ম প্রের্থ আপনি যে ইহা প্রের্থ বিলয়াছিলেন, তাহা কি প্রকারে ব্রিয়তে পারিব? ৪।

(টীকা অনাবশ্যক।)

প্রীভগবান,বাচ।

বহুনি মে ব্যতীতানি জন্মানি তব চাৰ্চ্জন। তান্যহং বেদ সৰ্বাণি ন ছং বেখ পরস্তপ॥ ৫ ॥

আমাব বহু জন্ম অতীত হইয়াছে, তোমারও হইযাছে। আমি সেগ্রাল সকলই অবগত আছি। হে প্রস্তপ! তুমি জান না। ৫।

সহসা অবতারবাদের কথা উত্থাপিত হইল। কর্ম্ম ও জ্ঞানের সম্বন্ধ বর্নিধবার জন্য উহার প্রয়োজন আছে। আপাততঃ এই শ্লোকগর্মান ভাবে বোধ হয়, যেন অর্জ্জ্মন অবতাবতত্ব অবগত ছিলেন না। এ সম্বন্ধে কয়েকটা কথা সমরণ রাখা কর্ত্তবি।

প্রথমতঃ, মহাভারতের অনেক স্থলে শ্রীকৃষ্ণ, বিষ্কৃ ঈশ্ববের কথা বলা হইথাছে, ইহ। সত্য বটে। কিন্তু কৃষ্ণচিত্র নামক মংপ্রণতি প্রথে ব্বাইবার চেণ্টা করিয়াছি যে, মহাভারতের সকল অংশ এক সম্যেব নহে; এবং যে সকল অংশ কৃষ্ণের অবতাবি আরোপিত হইয়াছে, তাহা অপেক্ষাকৃত আর্থনিক। দ্বিতীয়তঃ, মহাভাবতে দশ অবতারের কথা মাত্র । এই এক ষষ্ঠ অবতাব পরশার্মার অন্টম অবতার শ্রীকৃষ্ণে। সঙ্গে একত বিদামান। তৃতীয়তঃ, দশ অবতারের কথা অপেক্ষাকৃত আর্থনিক প্রণাণ্যনিলতে আছে, কিন্তু প্রোণে গাবাব ভিন্ন প্রকারও আছে। ভাগবতে আছে, অবতাব বাইশটি, আবার এ কথাও আছে থে, অবতার অসংখ্যেয়। শ্রীকৃষ্ণও এখানে আটাট, বিং দশ্যি কি বাইশটিল কথা বালতেছেন না। বহু," অবতাবের বথা বলিতেছেন। ভাগবতের ওসংখ্যেত্ব এই বহু," শব্দ একার্থবাচন সন্দেহ নাই।

তাজাহিপি সরবারাত্মা ভূতানামাশ্বরোহিপি সন্। প্রকৃতিং স্বামধিতীয় সম্ভবাম্যাত্মনাযয়া॥ ৬ ॥

আহি, অজ, আমি অন্যাত্মা; সংক্ভিতেৰ ঈশ্বৰ, তাহা হইয়াও আপন প্ৰকৃতি বশীকৃত ক্ৰিয়া অপন মাযায় জন্মগ্ৰহণ ক্ৰি।৬।

মধ্য-জন্মর্হিত।

অব্যাত্থা- যাহাব জ্ঞানশক্তিব ক্ষয় নাই (শঙ্কব।।

ঈশ্বন-কন্মপারতন্তা-রহিত (শ্রীধর)।

প্রক্রি - তিলুণাজিকা মা।।, সংগ্রেগৎ যাহার কণ্ডিত।

এতদ্যতীত মূলে যে 'অধিক্টায়" শব্দ আছে, শৃৎকারাচার্য্য তাহার অর্থ "বশীক্ষতা" লিখিয়া/ছন, কিন্তু শ্রীধর স্বামী 'স্বীকৃত্য" লিখিয়া/ছন। শ্বনরকৃত ব্যাখ্যা গধিকত্ব ২২৬ বলিয়া গ্রহণ কবা গিয়াছে।

স্থাল কথা এই যে ভগবানের কথায় এই আপত্তি হইতে পারে, যিনি জন্মরাহত, তাহার জন্ম হইল কি প্রকারে? জ্ঞানে মোক্ষ;—যাহাব জ্ঞান সক্ষণ, তাহার ফেন হইনে বেনি এক ক্মাধিন, – যিনি ইশ্বর, এ জন্য কক্ষেম্ম অনবীন, তাঁহার জন্ম কেন

উত্তবে ভগবান্ যাহা বিলয়াছেন, শুৰুবাচাৰ্য্য তাহার এইর্প অর্থ করিবাছেন। আমার যে দ্বপ্রকৃতি, অর্থাং স্ত্রজন্তম ইতি হিগ্নাগ্রিকা বেষ্ণবী মায়া, সমস্ত জগং যাহার বংশ আছে, ফ্লারা মোহিত হইয়া আমাকে বাস্কৃদেব বিলয়া জানিতে পারে না, সেই প্রকৃতিকে বশীভূত করিয়া আমি জন্মগ্রহণ করি। আপনার মায়ায়—িক না সাধারণ লোক যেমন প্রমারণিবন্ধন জন্মগ্রহণ করে, এ সের্পু নহে।

শ্রীধর স্বামী একট্ন ভিন্ন প্রকার অর্থ করিয়াছেন। তিনি বলেন, ভগনান্ বহি আমি আপনার শন্ধসম্বাধিকা প্রকৃতি স্বীক্র ক্ষিমা বিশ্বে উজ্জনল

দেবাদ্যাদ্রমে অবতীর্ণ হই।

न्धाग्रील वर्फ क्रिन। भाग्रेरकत वावियात भाष्टायार्थ प्रचे अकि कथा वला छेहिछ।

'মায়া'' ঈশ্বরের একটি শক্তি। এই মায়া, হিন্দ্,দিগের ঈশ্বরতত্ত্ব, বিশেষতঃ উপনিষদে ও দর্শনিশাল্রে অতি প্রধান স্থান প্রাপ্ত হইয়াছে। সাধারণতঃ বেদান্তে মায়া কির্পে পরিচিত হইয়াছে, তাহা অনুসন্ধান করিবার আমাদের প্রয়োজন নাই। এই গাঁডাতেই মায়া কির্প

र्वाध्कम ब्रह्मावनी

ব্**ঝান হইয়াছে, তাহাই ব্ঝাইতেছি। পাঠকের স্মরণ** থাকিতে পারে যে, তৃতীয় অধ্যায়ের ৪২ শ্লোকের টীকায় আমরা গীতার সপ্তম অধ্যায় হইতে এই শ্লোকটি উদ্ধৃত করিয়াছিলাম,—

> ভূমিরাপোহনলো বায় । খং মনো ব্রন্ধিরেব চ। অহৎকার ইতীয়ং মে ভিন্না প্রকৃতিরন্টধা॥ ৪ ॥

ভূমি, জল, অগ্নি, বায়ন্, আকাশ, মন, বৃদ্ধি, অহঙকার, আমার ভিন্ন ভিন্ন অণ্ট প্রকার প্রকৃতি।৪।ইহা বলিয়াই বলিতেছেন—

> অপরেয়মিতস্থন্যাং প্রকৃতিং বিদ্ধি মে পরাং। জীবভূতাং মহাবাহো যয়েদং ধার্য্যতে জগং॥ ৫ ॥

ইহা আমার অপরা বা নিকৃষ্টা প্রকৃতি; আমার পরা বা উৎকৃষ্ট প্রকৃতিও জান। ইনি জীবভূতা, এবং ইনি জগৎ ধারণ করিয়া আছেন।৫।

তবে ঈশ্বরের যে শক্তি জীবস্বর্পা, এবং যাহা জগৎকে ধারণ করিয়া আছে, তাহাই তাঁহার পরা প্রকৃতি বা মায়া। আপনার জীবস্বর্পা এই শক্তিতে ভগবান্ জীবস্থিট করিয়াছেন, সেই শক্তিকে বশীভূত করিয়া আপনার স্বন্ধকে জীবর্পী করিতে পাবেন।

ঈশ্বর শরীর ধারণপ্রবর্ক অবতীর্ণ হইতে পারেন না. ইহার বিচার নিম্প্রয়োজন. কেন না. তিনি ইচ্ছাময় ও সর্ব্বর্শাক্তিমান্,—পারেন না. এমন কথা বালিলে গাঁহার শক্তির সীনা নির্দেশি করা হয়। ঈশ্বর শরীরী হইয়া অবতীর্ণ হওয়া সম্ভব কি না, সে স্বতন্ত্র কথা। তাহার বিচার আমি গ্রন্থান্তরে' যথাসাধ্য করিয়াছি—প্নর্ক্তির প্রযোজন নাই। আর শরীর ধারণপ্রবর্ক ঈশ্বর অবতীর্ণ হওয়ার কোন প্রয়োজন আছে কি না, ভগবান্ নিজেই পরশ্লোকদ্বয়ে তাহা বলিতেছেন।

যদা যদা হি ধম্মস্য গ্লানিভ্বিতি ভারত। অভ্যুত্থানমধ্মস্য তদাত্মানং স্জামাহম্॥ ৭ ॥ পরিত্রাণায় সাধ্নাম্ বিনাশায় চ দ্বকুতাম্। ধ্যমসংস্থাপনাথায় সম্ভবামি যুগে যুগে॥ ৮ ॥

যে যে সময়ে ধন্মেরি ক্ষীণতা এবং অধন্মের অভ্যুত্থান হয়, আমি সেই সেই সময়ে আপনাকে সূজন করি। ৭।

সাধ্রণণের পরিকাণহেতু, দৃহকৃতকারীদিগের বিনাশার্থ এবং ধন্মসংস্থাপনার্থ আমি যুগে যুগে জন্মগ্রহণ করি†।৮।

জন্ম কম্ম চ মে দিব্যমেবং যো বেত্তি তত্তঃ। ত্যক্তবা দেহং প্ৰবৰ্জন্ম নৈতি মাৰ্মেতি সোহজ্জব্ন॥ ৯ ॥

হে অঙ্জনে! আমার জন্ম কন্ম দিব্য। ইহা যে তত্তঃ জ্ঞাত হয়, সে প্নঙ্জন্ম প্রাপ্ত হয় না,—আমাকে প্রাপ্ত হয়।৯।

দিব্য অর্থে "অপ্রাকৃত", "ঐশ্বর" বা "অলোকিক"।

ভগবানের মানবিক জন্ম কন্ম তত্ত্বত্ত জানিলে মোক্ষলাভ হইবে কেন? আমি কৃষ্ণচরিত্রবিষয়ক গ্রন্থে এইর্প ব্ঝাইয়াছি যে, মন্ষ্যম্বের আদর্শ প্রকাশের জন্য ভগবানের মানবদেহ ধারণ। অন্য উদ্দেশ্য সম্ভবে না। আদর্শ মন্ষ্য, আদর্শ কন্মী। অতএব কন্মযোগাীর পক্ষে আদর্শ কন্মীর কন্ম তত্ত্বত্ব ব্ঝা আবশ্যক। তদ্বাতীত কন্মযোগ অন্ধকারে লোভ্রক্ষেপ। যদি ইহা না ন্বীকার করা যায়, তবে কন্মযোগ কথনকালে এই অবতারতত্ত্ব উত্থাপনের কোনও প্রয়েজন দেখা যায় না। যিনি ভগবানের আদর্শকিন্মিত্ব ব্ঝিতে চেন্টা করিবেন, তিনি কৃষ্ণচরিত্ব গ্রন্থ বিস্তারশঃ পাঠ করিলে ব্ঝিতে পারিবেন। আর একটা অর্থ না হয়, এমন নহে। যাহাকে দার্শনিকেরা জ্ঞানমার্গ কহেন, তাহার অর্থ এইর্প প্রসিদ্ধ, ব্রক্ষজ্ঞানই ম্কির পথ। ব্রহ্মকে জানিতে হইবে, কিন্তু ব্রন্ধ কি? ব্রন্ধাকার, নিরঞ্জন, অপরিচ্ছিন্ন নিত্য, শন্ধমন্ত্র। সত্য, জ্ঞান ও আনন্দন্বর্প। এই ব্রন্ধকে জানিলেই ম্কিলাভ হয়। কিন্তু অবতীর্ণ এবং শরীরবিশিন্ট যে ঈশ্বর, তাহাকে নিরাকার ইত্যাদি বলা যাইতে পারে না। তবে কি অবতীর্ণ

কৃষ্ণচরিত, প্রথম খণ্ডে।

[†] এই সকলের কথাও আমি কৃষ্ণচরিত্রের প্রথম খন্ডে বিচার করিয়াছি। প্নরনুক্তি অনাবশ্যক।

এবং শরীরবিশিষ্ট ঈশ্বরের জ্ঞানে কোনও ফলোদয় নাই, তাঁহার উপাসনায় ম্ক্তির সম্ভাবনা নাই ? এই শ্লোকে সে সংশয় নিরাকৃত হইতেছে। অবতীশ এবং শরীরী ঈশ্বরের দিব্য জন্ম কর্ম্ম তত্ত্বতঃ জ্ঞানিলেও ম্কিজ্লাভ হইতে পারে। কিন্তু তত্ত্বতঃ জ্ঞানিতে হইবে। যাহাকে তাহাকে ঈশ্বরের অবতার বলিয়া জ্ঞানিলে সে লাভ নাই।

বীতরাগভয়ক্রোধা মন্ময়া মাম্পাগ্রিতাঃ। বহবো জ্ঞানতপসা প্তো মন্তাবমাগতাঃ॥ ১০॥

বীতরাগভয়কোধ, মন্ময়, আমাতে উপাত্রিত, জ্ঞানতপস্যার দ্বারা পত্ অনেকে নভাবগত হইয়াছে।১০।

প্রথমে কথার অর্থ। রাগ—অন্ত্রাগ। মন্ময়—ব্রন্ধাবিং, ঈশ্বরভেদজ্ঞানরহিত। এনিছে উপাগ্রিত। শঙ্কর বলেন, কেবল জ্ঞাননিষ্ঠ: শ্রীধর বলেন, মংপ্রসাদলব্ধ মন্তাবগত ঈশ্বরভাবগত, মোক্ষপ্রাপ্ত।

ভাষাকারেরা বলেন যে, এ কথা এখানে বলিবার কারণ এই যে, আমাতে ভক্তিবাদ এই ন্তন প্রচারিত ইইতেছে না। প্রেব ও অনেকে ঈদ্শ জ্ঞানতপের দ্বারা মোক্ষলাভ করিয়াছেন। তাহাই বটে, কিন্তু বেশীর ভাগ এইটকু বুঝা কর্ত্তবা যে, যাঁহাবা আদর্শ কন্মীর কন্সের সন্ম ব্রিয়া কন্ম করিয়াছেন, তাঁহাদেরই কথা হইতেছে। পরবন্তী পঞ্চদশ ক্ষোক পাঠ করিলেই ইহা বুঝা যাইবে। ইহা ব্রিণতে না পারিলে কন্মযোগেব সঙ্গে এই সকল কথার কোনও সন্বন্ধ দেখিতে পাওয়া যাইবে না।

নিষ্কাম কম্মেরি পক্ষে রাগভয়ক্রোধ থাকিবে না, ঈশ্বরে অভেদ জ্ঞান থাকিবে, এবং জ্ঞান ও তপের (Spinitual culture) ছাবা চরিত্র বিশন্ত্যীকৃত হইবে। ইহা না হইলে কর্ম্মে নিষ্কাম হইবে না।

সকলেই নিষ্কামক মাঁ হইতে পারে না। যাহারা সকাম কম্ম করে, তাহাদের কন্মের কি কোন ফল নাই? ঈশ্বর সকল কম্মের ফলবিধাতা। ইহা পরবন্তী দুই শ্লোকে কথিত হইতেছে। –

যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজামাহম্।
মম বর্মানুবর্তন্তে মনুষ্যাঃ পার্থ সর্বশং॥ ১১॥

যে আমাকে যে ভাবে উপাসনা করে, আমি তাহাকে সেই ভাবেই তুণ্ট বরি। মনুষ্য সর্ব্পপ্রকারে আমার পথের অনুবস্তু হয়।১১।

অগ্রে প্রথম চরণ ব্রুঝা ষাউক। অঙ্করেন বলিতে পারেন, "প্রভো! আসল কথাটা কি. তা ত এখনও ব্রঝাও নাই। নিজ্কাম কন্মেই তোমাকে পাইব, আর সকাম কন্মে কিছু পাইব না কি? সেগ্রুলো কি পণ্ডশ্রম?" ভগবান্ এই সংশয়চ্ছেদ করিতেছেন। সকলেই একই প্রকার চিত্তভাবেব অধীন হইয়া আমার উপাসনা করে না। যে যে-ভাবে আমার উপাসনা করে তাহাকে সেইর্প ফল দান করি। যে যাহা কামনা করিয়া আমার উপাসনা করে, তাহার সেই কামনা পূর্ণ করি। যে কোনও কামনা করে না,—অর্থাৎ যে নিজ্কাম, সে আমায় পায়। কামনা-ভাবে তাহার কামনা পূর্ণ হয় না, কিন্তু সে আমায় পায়।

তার পর দ্বিতীয় চরণ। "মন্রা সন্বাপ্রকারে আমার পথের অন্বব্তী হয়" এ কথার অর্থ সহসা এই বােধ হয় যে, "আমি যে পথে চলি, মান্র সর্বাপ্রকারে সেই পথে চলে।" এখানে সে অর্থা নহে—গীতাকারের ''Idiom''ঠিক আমাদের''Idiom'' সঙ্গে মিলিবে. এমন প্রত্যাশা করা যায় না। এ চরণের অর্থা এই যে, "উপাসনার বিষয়ে মন্রা যে পথই অবলম্বন কর্ক না, আমি যে পথে আছি, সেই পথেই মান্রাকে আসিতে হইবে।" "মান্র যে-দেবতারই প্রোকর্ক না কেন সে আমারই প্রাক্তা করা হইবে; কেন না, এক ভিন্ন দেবতা নাই। আমিই সম্বাদেব—অন্য দেবের প্রার ফল আমিই কামনান্র্প দিই। এমন কি, যিদ মান্রা দেবোপাসনা না করিয়া কেবল ইন্দ্রিয়াদির সেবা করে, তবে সেও আমার সেবা। কেন না, জ্পতে আমি ছাড়া কিছ্ব নাই—ইন্দ্রিয়াদিও আমি, আমিই ইন্দ্রিয়াদিশ্বর্পে ইন্দ্রিয়াদির ফল দিই। ইহা নিকৃষ্ট ও দ্বেংখময় ফল বটে, কিস্তু যেমন উপাসনা ও কামনা, তদন্র্প ফল দান করি।"

প্থিবীর বহুবিধ উপাসনাপদ্ধতি প্রচলিত আছে। কেহ নিরাকারের কেহ সাকারের উপাসনা করেন। কেহ একমার জগদীশ্বরের, কেহ বহু দেবতার উপাসনা করেন; কোনও জাতি ভূতবোনির, কোনও জাতি বা পিতৃলোকের, কেহ সজাবের, কেহ নিজাবৈর, কেহ মনুষ্যের,

কেহ গবাদি পশ্বর, কেহ বা ব্লেকর বা প্রস্তরখন্ডের উপাসনা করে। এই সকলই উপাসনা; কিন্তু ইহার মধ্যে উৎকর্ষাপকর্ষ আছে, অবশ্য স্বীকার করিতে হইবে। কিন্তু সে উৎকর্ষাপকর্ষ কেবল উপাসকের জ্ঞানের পরিমাণ মাত্র। যে নিতান্ত অজ্ঞ, সে পথিপার্যে পরুপচন্দনসিন্দরাক্ত শিলাখন্ড দেখিয়া, তাহাতে আবার প্রুপেচন্দন সিন্দ্রে লেপিয়া যায়; যে কিঞ্চিৎ জানিয়াছে, সে না হয়, নিরাকার বন্ধের উপাসক। কিন্তু ঈশ্বরের প্রকৃতির পরিমাণজ্ঞান সম্বন্ধে দুই জনেই প্রায় তুলা আরু। যে হিমালয় পর্বতিকে বল্মীক-পরিমিত মনে করে, আর যে তাহাকে বপ্র-পরিমিত মনে করে, এ উভয়ে সমান অন্ধ। ব্রহ্মবাদীও ঈশ্বরস্বরূপ অবগত নহেন—শিলাখন্ডের উপাসকও নহে। তবে একজনের উপাসনা ঈশ্বরের নিকট গ্রাহ্য, আর একজনের অগ্রাহ্য, ইহা কি थकारत वना या**टेर**व ? दश काहात्र উপामना श्रेश्वरतत शारा नरह, नय मकन উপामनारे शारा। **স্থানে কথা**, উপাসনা আমাদিগের চিত্তব্তির, আমাদের জীবনের পবিত্রতা সাধন জন্য—ঈশ্বরের তৃষ্টিসাধন জন্য নহে। যিনি অনস্ত আনন্দময়, যিনি তৃষ্টি অতৃষ্টির অতীত, উপাসনা দ্বারা আমরা তাঁহার তুন্টিবিধান করিতে পারি না। তবে ইহা যদি সত্য হয় যে, তিনি বিচারক—কেন না, কম্মের ফলবিধাতা—তবে যাহা তাঁহার বিশক্ষ স্বভাবের অনুমোদিত, সেই উপাসনাই তাঁহার গ্রাহ্য হইতে পারে। যে উপাসনা কপট, কেবল লোকের কাছে ধান্মিক বলিয়া প্রতিষ্ঠালাভের উপায়স্বর্প, তাহা তাঁহার গ্রাহা নহে—কেন না. তিনি অন্তর্যামী। আর যে উপাসনা আন্তরিক তাহা দ্রান্ত হইলেও তাঁহার কাছে গ্রাহ্য। যিনি নিরাকার রন্মের উপাসক বা তপশ্চারী, তাঁহাব উপাসনা যদি কেবল লোকের কাছে পসার করিবার জন্য হয়, তাহার অপেক্ষা যে অভাগী পুরের মঙ্গল কামনায় ষষ্ঠীতলায় মাথা কুটে, তাহার উপাসনাই অধিক পরিমাণে ভগবানের গ্রাহ্য বলিয়া বোধ হয়।

এই শ্লোকের তাৎপর্য্য ব্রিজে, প্রথিবীতে আর ধন্মগত পার্থক্য থাকে না;—হিন্দ্র, মুসলমান, গ্রীষ্টীয়ান, জৈন, নিরাকারবাদী, সাকারবাদী, বহুদেবোপাসক, জড়োপাসক, সকলেই সেই এক ঈশ্বরের উপাসক—যে পথে তিনি আছেন, সেই পথে সকলেই যায়। এই শ্লোকোক্ত ধন্মই জগতে একমাত্র অসাম্প্রদায়িক ধন্ম। এক মাত্র সন্বর্জনাবলন্বনীয় ধন্ম। ইহাও প্রকৃত হিন্দ্রধন্ম। হিন্দ্রধন্মের তুল্য উদার ধন্ম আর নাই—আর এই শ্লোকের তুল্য উদার মহাবাক্যও আর নাই।

কাশ্দ্রন্তঃ কন্মণাং সিদ্ধিং যজন্ত ইহ দেবতাঃ।
ক্ষিপ্রং হি মানুষে লোকে সিদ্ধির্ভাবতি কন্মজা॥ ১২॥

ইহলোকে যাহারা কম্ম সিদ্ধি কামনা করে, তাহারা দেবগণের আরাধনা করে। এবং শীঘ্র মন,যালোকেই তাহাদের কম্ম সিদ্ধি হয়। ১২।

অর্থাৎ সচরাচর মন্য্য কম্মফল কামনা করিয়া দেবগণের আরাধনা করে এবং ইহলোকেই সেই অভিলয়িত ফল প্রাপ্ত হয়।

সে ফল সামান্য। নিম্কাম কম্মের ফল অতি মহং। তবে মহং ফলের আশা না করিয়া, লোকে সামান্য ফলের চেন্টা করে কেন? ইহা মন্ব্যের স্বভাব যে. যে-সূখ শীঘ্র পাওয়া ষাইবে, তাহা ক্ষুদ্র হইলেও, মন্ব্যু তাহারই চেন্টা করে।

চাতৃৰ্বণাং ময়া সৃষ্টং গ্ৰণকম্মবিভাগশঃ। তস্য কন্তারমপি মাং বিদ্ধাকন্তারমবায়ম্॥১৩॥

গুণ ও কন্মের বিভাগ অনুসারে আমি চারি বর্ণ স্থিত করিয়াছি বটে, কিন্তু আমি তাহার (স্থিত)কর্ত্রা হইলেও আমাকে অকর্ত্তা ও বিকার-রহিত জানিও। ১৩।

হিন্দ্শান্দের সাধারণ উক্তি এই যে রাহ্মণবর্ণ স্থিকতার মৃথ হইতে, ক্ষতিয় বাহ্ম হইতে, বৈশ্য উর্ব হইতে এবং শ্দে চরলু হইতে স্ফ হয়। কিন্তু গ্র্ণকক্ষবিভাগশঃ চাতুর্বর্ণা স্ফ হইরাছে, এই কথা হিন্দ্মান্দের কথিত সাধারণ উক্তির সঙ্গে আপাততঃ সঙ্গত বোধ হয় না। নানা কারণে এ কথাটার বিস্তারিত বিচার আবশাক।

প্রথমতঃ দেখা যায়, হিন্দুশান্দের ক্থিত সাধারণ উক্তির আদি বিখ্যাত প্রায়ুষস্ক্তে।

ঋণেবদসংহিতার দশম মণ্ডলের নবতিতম স্কুকে প্রেষ্ক্ত কহে। উহার প্রথম ঋক্
"সহস্রশীর্ষা প্রেষ্ণ সহস্রাক্ষঃ" ইত্যাদি ব্রাহ্মণগণ আদ্রিও বিষ্ণুপ্জাকালে প্রয়োগ করিয়া
থাকেন। পাশ্চান্ত্য পশ্ভিতগণ—যাহারা প্রতিপন্ন করিতে চাহেন যে বৈদিক কালে জাতিভেদ

ছিল না,—তাঁহারা বলেন যে, এই স্কু আধ্নিক। আমাদের সে বিচারে প্রয়োজন নাই। বৈদিক স্কু সবই অতি প্রাচীন, ইহা কোন মতেই অস্বীকার করা যায় না। আমার বিলবার কথা, ঐ স্কে যাহা আছে, তাহাতে ঠিক এমন ব্ঝায় না যে, মুখ হইতে রাক্ষণ উৎপন্ন হইয়াছে, বাহ্ব হইতে ক্ষত্রিয় উৎপন্ন হইয়াছে, ইত্যাদি। সেই ঋক্গন্লি উদ্ধৃত করিতেছি—
"রাক্ষণোহস্য মুখমাসীদ্বাহ্ব রাজনাঃ কৃতঃ।

ঊর তদস্য যদৈশঃ পন্তাং শুদ্রোহজায়ত॥"

শুদ্রের সম্বন্ধে "অজায়ত" বলা হইয়াছে বটে কিন্তু ব্রাহ্মণ সম্বন্ধে বলা হইয়াছে যে, ব্রাহ্মণ সেই প্রবৃষ্টের মূখ হইলেন এবং ক্ষণ্ডিয় বাহ্ন (কৃত) হইলেন।* বৈশ্য সম্বন্ধেও বলা হইয়াছে যে. ইহার উর্বুই বৈশ্য।

বেদের মধ্যে কেবল তৈতিরবীর সংহিতার পাওয়া যায় যে, প্রজাপতি মুখ হইতে ব্রাহ্মণ, বাহ্ন হইতে ক্ষান্তির, মধ্যভাগ হইতে (মধ্যভঃ) বৈশ্য, এবং চরণ হইতে শুদ্র সৃষ্টি করিলেন।

কিন্তু বেদের অন্যান্য ভাগে, চাতুর্বণেরি স্ভিট অন্য প্রকার কথিত হইয়াছে। শতপথ-রাহ্মণে কথিত হইয়াছে যথা—

"ভূরিতি বৈ প্রজাপতির্বন্ধা অজনয়ত। ভূব ইতি ক্ষরং স্বরিতি বিশম্।" শ্রের কথা নাই।†

প্রনশ্চ তৈত্তিরীয় ব্রাহ্মণে—

"ঋগ্ভা জাতং বৈশ্যং বর্ণমাহ্রঃ যজ্বের্বদং ক্ষত্রিয়স্যাহ্বর্যানিম্। সামবেদো ব্রহ্মণানাং প্রস্তিঃ।

অর্থাৎ সামবেদ হইতে ব্রহ্মণের, যজ্বের্বদ হইতে ক্ষত্তিয়ের এবং ঋণেবদ হইতে বৈশ্যের জন্ম। এখানেও শ্রুরে কথা নাই।

* ডান্তার হোগ এই খাব্ সান্তারে গিশিষাছেল, ''Now, according to this passage, which is the most ancient and authoritative, we have on the origin of Brahmanism, and caste in general, the Brahmana has not come from the mouth of this primary being, the Purusha, but the mouth of the latter became the Brahmanichal caste, that is to say, was transformed into it. The passage has no doubt an allegorical sense (বেদের অনেক স্তেড তাই) Mouth is the seat of speech. The allegory points out that the Brahmans are teachers and instructors of mankind. The arms are the seat of strength. If the two arms of the Purusha are said to have been made of Kshattriya (warrior), that means, then, that the Kshattriya have to carry arms to defend the empire. That the thighs of the Purusha were transformed into Vaisya, that, as the lower parts of the body are the principal repository of food taken, the Vaisya caste is destined to provide food for the others.'' এট্ৰক বড় কেলা, —উর্তেড ভাল ভাত যায় না—কিন্তু এ সকল স্থানে উদর শক্তির প্রয়োগও হিন্দুন্শান্তে দেখা যায়। যথা—মহাভারতের শান্তিপুর্বেণ ৪৭ অধ্যান্তে—

"বন্ধা বক্তাং ভূজো ক্ষাম্র্দরং বিশঃ" তার প্র, "The creation of the Sudra from the feet of the Purusha indicates that he is destined to be a servant to the others, just as the foot supports the other parts of the body as a firm support." Dr. Haug on the origin of Brahmanism, p. 4.

Dr. Muir- ্ত বলেন "It is indeed said that the Sudra sprang from Purusha's feet; but as regards the three superior castes and the members with which they are respectively connected, it is not quite clear which (i.e.) the castes or the members are to be taken as subjects, and which as the predicates, and consequently, whether we are to suppose verse 12, (উদ্ভিত খক) to declare that the three castes were the three members or conversely that the three members were, or became the three castes." Sanskrit Texts, Vol. II, p. 15, 2nd edition.

^{*} ২। ১। ৪। ১১ ইত্যাদি।

^{\$ 01 251 21 5}

উদাহরণস্থার,প এই মতগ্রনি উদ্ধৃত করা গেল। এমন আরও অনেক আছে। সকল উদ্ধৃত করিতে গেলে পাঠকের বিরক্তিকর হইবে। স্থূল কথা, হিন্দুশান্দ্র চাতৃর্বণ্য উৎপত্তি সম্বদ্ধেনানা প্রকার মত আছে। শ্রীকৃষ্ণও যাহা বলিতেছেন, তাহাও সাধারণ মত হইতে ভিন্ন বলিয়া আপাততঃ বোধ হইতে পারে। তিনি বলেন না যে, আমি আমার অঙ্গবিশেষ হইতে বর্ণবিশেষ স্থি করিয়াছি। তিনি বলেন, গুণকশ্রের বিভাগান্সারে করিয়াছি। প্রথমে দেখা যাউক, গুণ কাহাকে বলে।

সত্রজন্তম এই তিন গুণ। ভাষ্যকারেরা বলেন, সত্তপ্রধান ব্রাহ্মণ, তাহাদিগের কর্ম্মণ শমদমাদি; সত্তরজ্পপ্রধান ক্ষান্তির, তাহাদিগের কর্ম্ম শোষ্য যুদ্ধাদি; রজন্তমঃপ্রধান বৈশ্য, তাহাদিগের কর্ম্ম ক্ষাব্যাদিজ্যাদি; তমঃপ্রধান শুদ্ধ, তাহাদিগের কর্ম্ম অন্য তিন বর্গের সেবা। এইর্প গুণকন্মের বিভাগ অনুসারে স্টি করিয়াছি, ইহাই ভগবদভিপ্রায়।

এক্ষণে যে জন্মিবে, সে গর্ভে জন্মিবার প্রেবেই সত্ত্বন্দাধিক্য, রজোগন্দাধিক্য বা

ভমোগ্যাধিক্য ইত্যাদি প্রকৃতি সৃষ্ট হয়?

যিনি বলিবেন যে, আগে জীবের জন্ম, তার পর তাহার সত্তপ্রধানাদি স্বভাব, তাঁহাকে অবশ্য স্বীকার করিতে হইবে যে, মন্বেরর বংশান্সারে নহে, গ্ল্গান্সারে তাহার রাহ্মণত্বাদি। রাহ্মণের প্র হইলেই তাহাকে রাহ্মণ হইতে হইবে. এমন নহে; সত্তগ্লপ্রধান স্বভাব হইলে শ্রের প্র হইলেও রাহ্মণ হইবে এবং রাহ্মণের প্রতের তমোগ্রপ্রধান স্বভাব হইলে সে শ্রে হইবে, ভগবদ্ধাক্য হইতে ইহাই সহজ উপলব্ধি।

আমি যে একটা নতেন মত নিজে গড়িয়া প্রচার করিতেছি, তাহা নহে। প্রাচীন কালে, শঙ্কর শ্রীধরের অনেক প্রের্ব প্রাচীন ঋষিগণও এই মত প্রচার করিয়াছিলেন। ধর্ম্মতিত্ত্ব

তাহার কিছু, প্রমাণ উদ্ধৃত করিয়াছি, যথা-

ক্ষান্তং দান্তং জিতক্রোধং জিতাত্মানং জিতেন্দ্রিয়ম্। তমেব ব্রাহ্মণং মন্যে শেষাঃ শ্লো ইতি ক্ষৃতাঃ॥

প্ৰশ্ৰদ্

অগ্নিহোত্তরতপরান্ স্বাধ্যায়নিরতান্ শ্রচীন্। উপবাসরতান্ দাস্তাংস্তান্ দেবা রাহ্মণান্ বিদর্গ। ন জাতিঃ প্রজ্ঞাতে রাজন্ গ্রণাঃ কল্যাণকারকাঃ। চন্ডালমপি ব্রুস্থং তং দেবা রাহ্মণং বিদরুঃ॥

গোতমসংহিতা।

ক্ষমাবান্, দমশীল, ক্লিতন্ত্রেম, এবং জিতাত্মা জিতেন্দ্রিমকেই ব্রাহ্মণ বলিতে হইবে, আর সকলে শ্রে। যাহারা অগ্নিহোত্রব্রতপর, স্বাধ্যায়নিরত, শ্রাচ, উপবাসরত, দান্ত, দেবতারা তাহাদিগকেই ব্রাহ্মণ বলিয়া জানেন। হে রাজন্! জাতি প্রায় নহে, গ্রাহ কল্যাণকারক। চন্ডালও ব্তক্ত হইলে দেবতারা তাহাকে ব্রাহ্মণ বলিয়া জানেন।

প্রশাস, মহাভারতের বনপথ্বে মার্ক শেডরসমস্যাপর্যাধ্যারে ২১৫ অধ্যারে ঋষিবাক্য আছে, "পাতিত্যজনক কুক্রিয়াসক্ত, দান্তিক রাহ্মণ প্রাপ্ত হইলেও শ্রুসদৃশ হয়, আর যে শ্রু সত্য, দম ও ধন্মে সতত অন্বরক্ত, তাহাকে আমি রাহ্মণ বিবেচনা করি। কারণ, ব্যবহারেই রাহ্মণ হয়।" প্রশাস্ত বনপথ্বে অজগরপর্যাধ্যারে ১৮০ অধ্যারে রাজিষি নহুষ বলিতেছেন, "বেদমূলক সত্য, দান, ক্ষমা, আনুশংস্য, আহিংসা ও কর্ণা শ্রেও লক্ষিত হইতেছে। যদ্যপি সত্যাদি রাহ্মণ-ধন্ম শ্রেও লক্ষিত হইল, তবে শ্রুও রাহ্মণ হইতে পারে।" তদ্বরে য্রিষ্ঠির বলিতেছেন, "অনেক শ্রে রাহ্মণলক্ষণ ও অনেক দ্বিজাতিতেও শ্রুলক্ষণ লক্ষিত হইয়া থাকে, অতএব শ্রুবংশ্য হইলেই যে শ্রুর হয়, এবং রাহ্মণবংশ্য হইলেই যে রাহ্মণ হয়, এর্প নহে। কিন্তু যে সকল ব্যক্তিতে বৈদিক ব্যবহার লক্ষিত হয়, তাহারাই রাহ্মণ, এবং যে সকল ব্যক্তিতে লক্ষিত না হয়, তাহারাই শ্রুর।"

কিন্তু হইতেছিল নিম্কাম ও সকাম কম্মের কথা, কম্মের ফলকামনার কথা,—চাতুর্ব্বগ্রের কথা আসিল কেন? কথাটা বলা হইরাছে যে, কেহ ইহকালে আশ্লভা ফলের কামনার দেবাদির যজনা করে, কেহ বা নিম্কাম কর্ম্ম করিয়া থাকে। লোকের মধ্যে এর্প বিসদৃশ আচরণ দেখা যায় কেন? তাহাদিগের প্রকৃতিভেদবশতঃ। এই প্রকৃতিভেদই চাতুর্ব্গর্য বা বর্গভেদ। কিন্তু

এই বর্ণভেদ কেন? ঈশ্বরেচ্ছা। ঈশ্বর ইহা করিয়াছেন। তবে ঈশ্বর কি কন্ম করেন? করেন বৈ কি? কিন্তু এর প কন্ম করিয়াও তিনি অকন্তা। কেন না, তিনি অবায়। তিনি বিদ অবায়, তবে তিনি কন্ম ফলের অধীন হইতে পারেন না—তাঁহার স্থ দ্বেখ, হ্রাস বৃদ্ধি নাই। যদি তিনি ফলের অধীন নহেন, তবে তাঁহার কৃত কন্ম নিষ্কাম। তিনি নিষ্কামকন্মী। মন্যাও সেই জন্য নিষ্কাম না হইলে ঈশ্বরে মিলিত হইতে পারে না। জীবাত্মা পরমাত্মায় লীন হওয়াই ম্ভিল। কিন্তু শ্দ্ধসন্ত্ব নিষ্কামন্বভাব পরমাত্মায় সকাম জীবাত্মা লীন হইতে পারে না। নিষ্কামক্ষীই মৃত্তির অধিকারী।

ঈশ্বর কর্ম্ম করেন, এ কথা আধ্ননিক বৈজ্ঞানিকদিগের শিষ্যেরা মানিবেন না। তাঁহারা বিলবেন, ঈশ্বর কর্ম্ম করেন না; যাহা হয়, তাহা তাঁহার সংস্থাপন নিষয়ে ($I_{\rm Law}$) নিজ্পন্ন হয়। কিন্তু সেই নিয়ম সংস্থাপনও কর্মা। যাঁহারা বিলবেন, সেই সকল নিয়ম জড়ের গ্রে, যদি তাঁহারা জড়কে ঈশ্বরস্ভ বিলয়া স্বীকার করেন, তবে তাঁহারা ঈশ্বরের কর্ম্মকারিত্ব স্বীকার করেন না, তাঁহারা অনীশ্বরবাদী, তাঁহাদের সঙ্গে ঈশ্বরের কর্ম্মকারিত্ব সন্বাধ্বর কর্মাকারিত্ব সন্বাধ্বর ক্ষম্বরের ক্ষমকারিত্ব সাহার স্বাধ্বর ক্ষমকারিত্ব সন্বাধ্বর ক্ষমকারিত্ব সন্বাধ্বর ক্ষমকারিত্ব সাহার স্বাধ্বর ক্ষমকারিত্ব সন্বাধ্বর ক্ষমকারিত্ব সন্বাধ্বর ক্ষমকার স্বাধ্বর ক্ষমকারিত্ব সন্বাধ্বর ক্ষমকার স্বাধ্বর ক্ষমকার স্বাধ্বর ক্ষমকার স্বাধ্বর স্বাধ্বর ক্ষমকার সাহার স্বাধ্বর স্বাধ্ব

ন মাং কম্মাণি লিম্পন্তি ন মে কম্মফলে স্পৃহা। ইতি মাং যোহভিজানাতি কমেভিন স বধ্যতে॥ ১৪॥

কৰ্ম্মসকল আমাকে লিপ্ত করে না। আমারও কন্মে ফলস্প্তা নাই। এইর্পে আমায় যে জানে, সে কন্মেরি দ্বারা আবদ্ধ হয় না। ১৪।

ঈশ্বরের নিষ্কামকন্মিত্ব না জানিলে নিষ্কাম কন্ম ব্রুণা যায় না। তাহা জানিলে কন্ম নিষ্কাম হইবে। তাহা হইলে সকাম কন্মর্প বন্ধন হইতে অব্যাহতি পাওয়া যায়। প্র্বিশ্লোকের যে টীকা দেওয়া গিয়াছে. তাহাতে এ কথা পরিস্ফুটে করা গিয়াছে।

এবং জ্ঞাত্বা কৃতং কশ্ম প্ৰৈব্যপি মুম্ক্ৰুভিঃ। কুরু কদৈমবি তদমাভুং প্ৰেব্ঃ প্ৰেব্তমং কৃতম্॥ ১৫॥

এইর্প জানিয়া প্রেকালের মোক্ষাভিলাধিগণ কম্ম করিয়াছিলেন, তুমি প্রেগামীদিগের প্রেকাল-কৃত কম্ম সকল কর। ১৫।

অর্থাৎ প্রাচীন কালে বাঁহারা মোক্ষকাম, তাঁহারা আপনাকে অকর্ত্তা জানিয়া -কম্মের ফলভোগী নহি, ইহা জানিয়া কম্ম করিতেন। তুমিও সেইর্প কম্ম কর।

কিং কৰ্ম্ম কিমকন্মোতি কনয়োহপ্যত্ৰ মোহিতাঃ। তত্তে কৰ্ম্ম প্ৰবক্ষ্যাম যজুজ্ঞাত্বা মোক্ষ্যসেহশত্ৰাং॥ ১৬॥

কম্ম কি, অকম্ম কি, পশ্চিতেরাও তাহা ব্ঝিতে পারেন না। অতএব কম্ম কি, তাহা তোমাকে বলিতেছি। তাহা জানিলে, অশন্ভ হইতে মুক্ত হইবে।১৬।

जकम्म जरर्थ **এখানে मन्त कम्म नर्श-जकम्म जर्थ कम्म म्**नाजा।

কর্ম্মানো হ্যাপি বোদ্ধবাং বোদ্ধবাণ বিকশ্মাণঃ। অকর্ম্মাণ্যচ বোদ্ধবাং গহনা কন্মাণো গতি॥১৭॥

কর্ম্ম কি. তাহা ব্রিতে হইবে. বিকর্ম কি. তাহা ব্রিতে হইবে, এবং অকর্ম কি, তাহা ব্রিতে হইবে। কর্মের গতি দুর্জের। ১৭।

কৰ্ম-অথে বিহিত কৰ্মা, যাহা যথাথ কৰ্ম।

বিকশ্ম—অবিহিত কশ্ম।

অকম্ম-কম্মত্যাগ, কম্মশ্নোতা।

कम्बागुकम्बा यः भरणामकम्बानि ह कम्बा यः। म दाक्षित्रान् बन्दसासः म युद्धः कुश्चकम्बाकुः॥ ১৮॥

যে কন্মেতিও কন্মশিনোতা দেখে, এবং অকন্মেও কন্ম দেখে, সেই মনুষোর মধ্যে বুদ্ধিমান্। সেই যোগযুক্ত, এবং সেই সন্ধাকারী। ১৮।

ভগবদারাধনা কর্ম্ম; কিন্তু তাহাতে ক্ষেম্মর যে বন্ধকতা. তাহা ঘটে না. এই জন্য তাহাকে ক্ম্মন্বর্প বিবেচনা করিবে না। আর যে কর্ম্ম বিহিত, তাহা না করিলে তাহার ফলভাগী হইতে হয়, ফলভাগিত মুক্তির রোধক; এ জন্য না করাকেই, অর্থাং অক্স্মকেই কর্ম্ম বিবেচনা

र्वाष्क्रम ब्रह्मावली

করিবে। শ্রীধরের টীকার মর্ম্মার্থ এই। ইহাতে এ শ্লোক হইতে ইহাই পাওয়া যায় যে, ভগবদারাধনাই কর্ত্তব্য। অন্যান্য অনুষ্ঠান মুক্তির বিঘা।

শশ্বনাচার্যা অন্তর্প ব্রাইয়াছেন। তিনি এই শ্লোক উপলক্ষে একটি দীর্ঘ এবং জটিল প্রবন্ধ রচনা করিয়াছেন, তাঁহার স্থলে কথা এই—আত্মা ক্রিয়ানির্লিপ্ত; কম্ম ইন্দ্রিয়াদির দ্বারাই কৃত হইয়া থাকে; কিন্তু প্রমন্তমেই আত্মাতে কম্মারোপ হইয়া থাকে। যিনি ইহা জানেন, তিনি কম্মে অকম্মা দেখেন। আর ইন্দ্রিয়াদি বিহিতান্ত্র্তানে বিরত হইলেও সেই অকম্মাকেও তিনি ইন্দ্রিয়াদির কম্মা দেখেন।

কিন্তু আমাদের ক্ষ্দ্র বৃদ্ধিতে, পরবতী শ্লোকের উপর দৃষ্টি রাখিলে একটা সোজা অর্থ পাওয়া যায়। কামসঙ্কলপ-বিবন্ধির্জত, ফলকামনাশ্ন্য যে কন্মা, সে অকন্মা—কন্মাশ্ন্যতা। আর যিনি অনুষ্ঠেয় কন্মো বিরত, তাঁহার কর্ত্তব্য-বির্রতির ফলভাগিত্ব আছেই আছে—অতএব এখানে কন্মাশ্ন্যতাও কন্মা। কেন না, ফলোৎপত্তির কারণ। যিনি ইহা ব্রিতে পারেন, তিনিই জ্ঞানী।

যস্য সব্বে সমারদ্রাঃ কামসংকল্পবজ্জিতাঃ।

জ্ঞানাগ্নিদম্বকম্মাণং তমাহঃ পণ্ডিতং বুধাঃ॥ ১৯॥

যাঁহার সকল চেন্টা কাম ও সংকলপ্রতিজতি, এবং যাঁহার কম্ম জ্ঞানাগ্নিতে দ্ধ, তাঁহাকেই জ্ঞানিগণ পশ্চিত বলেন।১৯।

"কামসৎকলপ" এই পদের অথের উপর শ্লোকের গোঁরব কিয়ংপরিমাণে নির্ভার করে।
শংকরাচার্য্যকৃত এই অর্থ,—"কামসৎকলপ্রতির্ভাতঃ", "কামস্তংকারগৈন্চ সৎকল্পের্বিজ্ব তাঃ"।
শ্রীধরকৃত ব্যাখ্যা এই, "কাম্যতে ইতি কামঃ। ফলং তংসংকল্পেন বিজ্বতাঃ।" মধ্মদেন
সরস্বতী বলেন, "কামঃ ফলতৃষ্ণা। সৎকল্পোহহং করোমাতি কর্ত্তমাভিমানস্তাভ্যাং বিজ্বতাঃ"।
এইর্পু নানা ম্নির নানা মত। মধ্মদেন সরস্বতীকৃত সংকল্প শব্দের অর্থ আভিধানিক নহে.
কিন্তু এখানে খ্র সঙ্গত। শংকরাচার্য্যকৃত, কাম এবং তাহার কারণ সংকল্প উভয়-বিবিজ্বিত
হইলে কন্মে প্রবৃত্তির অভাব জন্মিরে। যে কন্ম করিবার অভিলাষ রাখে, এবং ফল কামনা
করে না, সে কন্ম করিবে কেন? এ জন্য শংকরাচার্য্য নিজেই বিলিয়াছেন, "ম্বেধ্ব চেন্ডামান্তম্
অনুষ্ঠীয়ন্তে প্রবৃত্তেন চেল্লোকসংগ্রহার্থং নিবৃত্তেন জাবনমান্তার্থং।" অর্থাং ঈদ্ন ব্যক্তির
সমারন্তসকল অনর্থক চেন্টা মান্ত। প্রবৃত্তিমার্গে কেবল লোকশিক্ষার্থ, এবং নিবৃত্তিমার্গে কেবল
জাবনযানানিব্যাহার্থ। পাঠকদিগের নিকট আমার বিনীত নিবেদন যে, তাহা হইলেও কামও
সঙ্কলপ্রতিজ্বত হইল না।

মধ্সন্দন সরস্বতীও "লোকশিক্ষার্থ" ও "জীবনযাত্রার্থ" কথা দ্বুইটি রাখিয়াছেন, কিন্তু "কামসঙ্কলপবজ্জিত" পদের তিনি যে ব্যাখ্যা করিয়াছেন, তাহা পাঠক নিঃসঙ্কোচে গ্রহণ করিতে পারেন। ফলতৃষ্ণা এবং অহঙ্কাররহিত যে কর্ম্মান্ত্রান, তাহাই বিহিত, এবং তাহাই কর্ম্মান্ত্যা।

সচরাচর লোকে ফলকামনাতেই কর্ম্মান্তানে প্রবৃত্ত হয়—এবং আমি এই কর্মা করিতেছি বা করিয়াছি, এই অহন্কার তাহার সঙ্গে সঙ্গে থাকে। ভগবদভিপ্রায় এই যে, দুইয়ের অভাবই কন্মের লক্ষণ, কন্মে তদ্ভয়ের অভাবই কর্মান্ন্যতা।

এইর্প ব্বিলেই কি আপত্তির মীমাংসা হইল? হইল বৈ কি। ফলকামনাতেই লোকে সচরাচর কম্মে প্রবৃত্ত হয় বটে, কিন্তু ফলকামনা বাতীত যে কম্মে প্রবৃত্ত হওয়া যায় না, এমন নহে। যদি তাই হইত, তাহা হইলে নিম্কাম শব্দের অর্থ নাই—এমন বস্তুর অন্তিম্থ নাই। যদি তাই হইত, তাহা হইলে গীতার এক ছত্তেরও কোন মানে নাই। কথাটা প্র্রেশ ব্বান হয় নাই। এখন ব্বান যাউক।

কতকগৃনিল কার্য্য আছে, যাহা মন্ধ্রের অন্তের। যে সে কন্দোর ফলকামনা করে না.
তাহারও পক্ষে অন্তের। এমন মন্ধ্য আছে সন্দেহ নাই, যে জীবন রক্ষা কামনা করে না—
মারতে পারিলেই তাহার সব যক্ষণা ফ্রায়। কিন্তু আত্মজীবন রক্ষা তাহার অন্তের। যে
শ্লেরোগী আত্মহত্যা করে, সে পাপ করে সন্দেহ নাই। শানুর জীবনরক্ষা সচরাচর কেহ কামনা
করে না, কিন্তু শানু মক্জনোমন্থ বা অন্য প্রকারে মৃত্যুকবলগুল্পপ্রায় দেখিলে তাহার রক্ষা আমাদের
অন্তের কমা। শানুকে উদ্ধারকালে মনে হইতে পারে, "আমার চেন্টা নিম্ফল হইলেই ভাল।"
এখানে ফলকামনা নাই, কিন্তু কম্ম আছে।

তবে ইহাও বলা কর্ত্রা যে, নিষ্কাম কম্মে ফলিসিদ্ধির চেণ্টা নাই. এমন কথা বলাও যায় না. এবং গাঁতার সে অভিপ্রায়ও নয়। মৃত্তিই যাহার উদ্দেশ্য, সে মৃত্তি কামনা করে এবং মৃত্তি প্রাপ্তির উপযোগাঁ চেণ্টা করে। কাম শব্দ গাঁতায় বা অনাত্র এমন অর্থে ব্যবহার হয় না যে, তাহারও ফলিসিদ্ধির চেণ্টা ব্রুঝায় না। মনে কর, স্বদেশের বা স্বজাতির হিতসাধন একটি অনুষ্ঠেয় কম্ম। যে স্বদেশহিতের চেণ্টা করে, সে যে স্বদেশের হিতকামনা করিয়া, সে চেণ্টা করে না, এমন কখনই হইতে পারে না। অতএব কাম শব্দের প্রকৃত তাংপর্য্য কি তাহা ব্রুঝা কর্ত্ব্য়।

ধন্ম. অর্থ, কাম, মোক্ষ, এই চারিটি অপবর্গ-পর্ব্বার্থ। প্রব্বাথে ইহা ভিন্ন আব কোন প্রয়োজন নাই। যাহা ধন্ম. অর্থ অর্থাৎ ঐহিক ধন সৌভাগ্যাদি এবং মোক্ষ. এই তিনের অতিরিক্ত, তাহাই কাম। এই জন্য কাম্য কন্মের দ্বারা স্বর্গাদি লাভ সাধনাকে কাম শব্দে অভিহিত করা যায়। কিন্তু সেই কাম্যকন্মজনিত যে স্থভাগ, সে আপনার স্থ। অতএব কামের উদ্দিশ্ট যে স্থ-তাহা নিজের স্থ-পরের মঙ্গল নহে। যে কন্মের উদ্দেশ্য পর্বাহ গ্রিদ, তাহাই নিম্কাম। যে কন্মের উদ্দেশ্য নিজহিত, তাহা নিম্কাম নহে।

কাম শব্দ মহাভারতের অন্যক্র বিশেষ করিয়া ব্ঝান আছে।
ইন্দ্রিয়াণাঞ্চ পঞ্চানাং মনসো হৃদয়স্য চ।
বিষয়ে বর্ত্তমানানাং যা প্রীতির্পজায়তে।
স কাম ইতি মে ব্যক্তিঃ কম্মণাং ফলম্ভ্রম্ম্ ॥

পাঁচটি ইন্দ্রিয়, মন, এবং হৃদয়, দ্ব দ্ব বিষয়ে বর্ত্তমান থাকিয়া যে প্রীতি উপভোগ আনাব বিবেচনায় তাহাই কাম। তাহাই কন্মের উত্তম ফল।

অতএব কাম অর্থে আত্মসুখ।

এখন সেই স্বদেশহিতৈষীর উদাহরণ মনে কর। যদি স্বদেশহিতেষী কেবল মাত্র স্বদেশের হিতকামনা করিয়া কর্ম্ম করেন, তবে তাঁহারই কর্ম্ম নিম্কাম। আর যদি আপনার যশ মান সম্ভ্রম উমতি প্রভৃতিব বাসনায স্বদেশের ইন্ট্সাধনে প্রবৃত্ত হয়েন, তবে তিনি স্বামক্ষ্ম।

দেবতত্ত্ব ও হিন্দুধর্মা

হিন্দ্যধন্ম

সম্প্রতি সুশিক্ষিত বাঙ্গালিদিগের মধ্যে হিন্দুধম্মের আলোচনা দেখা যাইতেছে। অনেকেই মনে করেন যে, আমরা হিন্দুধ্মের প্রতি ভক্তিমান্ হইতেছি। যদি এ কথা সত্য হয়, তবে আহ্যাদের বিষয় বটে। জাতীয় ধম্মের প্রকজীবন ব্যতীত ভারতবর্ষের মঙ্গল নাই, ইহা আমাদিগের দূঢ় বিশ্বাস। কিন্তু যাঁহারা হিন্দুধ্মের প্রতি এইর্প অনুরাগযুক্ত, তাঁহাদিগকে আমাদিগের গোটাকত কথা জিজ্ঞাস্য আছে। প্রথম জিজ্ঞাস্য, হিন্দুধ্মে কি? হিন্দুয়ানিতে অনেক রকম দেখিতে পাই। হিন্দু হাঁচি পড়িলে পা বাড়ায় না, টিকটিকি ডাকিলে "সত্য" বলে, হাই উঠিলে তুড়ি দেয়, এ সকল কি হিন্দুখ্মের প্রমুক শিয়রে শ্রুইতে নাই, অমুক আস্যে খাইতে নাই, শ্রুয়া কলসী দেখিলে যাত্রা করিতে নাই, অমুক বারে ক্ষোরী হইতে নাই, অমুক বারে অমুক কাজ করিতে নাই, এ সকল কি হিন্দুখ্যমে? অনেকে স্বীকার করিবেন যে, এ সকল হিন্দুখ্যমান নহে। মুর্থের আচার মাত্র। যদি ইহা হিন্দুখ্যমান হয়, তবে আমরা মুক্তকপ্রের বিলতে পারি যে, আমরা হিন্দুখ্যের প্রনজ্জীবন চাহি না।*

এক্ষণে শ্রনিতে পাইতেছি যে, হিন্দ্র্ধন্মের নিয়মগ্র্লি পালন করিলে শরীর ভাল থাকে। যথা একাদশীর ব্রত স্বাস্থ্যরক্ষার একটি উত্তম উপায়। তবে শরীররক্ষার ব্রতই কি হিন্দ্র্ধন্ম? আমরা একটি জমিদার দেখিয়াছি। তিনি জাতিতে ব্রহ্মণ এবং অত্যন্ত হিন্দ্র। তিনি অতি প্রত্যুয়ে গালোখান করিয়া কি শীত কি বর্ষা প্রতাহ প্রাতঃশ্লান করেন এবং তথনই প্রজাহ্নিকে বিসায় বেলা আড়াই প্রহর পর্যান্ত অনন্যমনে তাহাতে নিয়্ক্ত থাকেন। প্রজাহ্নিকের কিছুমান্র বিঘা হইলে, মাথায় বজ্রাঘাত হইলা, মনে করেন। তার পর অপরাহে নিরামিষ শাকায়ে ভোজন করিয়া একাহারে থাকেন,—ভোজনান্তে জমিদারী কার্য্যে বসেন। তথন কোন্ প্রজার সর্ব্বনাশ করিবেন, কোন্ আনাথা বিধবাব সর্ব্বেস কাড়িয়া লইবেন, কাহার ঋণ ফাঁকি দিবেন, মিথ্যা জাল করিয়া কাহাকে বিনাপরাধে জেলে দিতে হইবে, কোন্ মোকদ্দমার কি মিথ্যা প্রমাণ প্রস্তুত করিতে হইবে, ইহাতেই তাহার চিন্ত নিবিণ্ট থাকে, এবং যত্ন পর্যাপ্ত হয়়। আমবা জানি যে, এ ব্যক্তির প্রজা আছিকে, কিয়া কন্মের্ম, দেবতা ব্রাহ্মণে আন্তরিক ভক্তি, সেখানে কপটতা কিছুন নাই। জাল করিতে করিতেও হরিনাম করিয়া থাকেন। মনে করেন, এ সময় হরি-স্মরণ করিলে এ জাল করা আমার অবশ্য সার্থক হইবে। এ ব্যক্তি কি হিন্দ্র?

আর একটি হিন্দরর কথা বলি। তাঁহার অভক্ষা প্রায় কিছ্বই নাই। যাহা অস্বাস্থ্যকর, তাহা ভিন্ন সকলই খান। এবং ব্রাহ্মণ হইয়া এক আধট্ব স্বরাপান পর্যান্ত করিয়া থাকেন। যে কোন জাতির অন্ন গ্রহণ করেন। যবন ও ন্লেচ্ছের সঙ্গে একছ ভোজনে কোন আপত্তি করেন না। সন্ধ্যা আছিক কিয়া কর্ম্ম কিছ্বই করেন না। কিন্তু কখন মিথ্যা কথা কহেন না। যদি মিথ্যা কথা কহেন, তবে মহাভারতীয় কৃষ্ণোক্তি স্মরণপ্রেক যেখানে লোকহিতার্থে মিথ্যা নিতান্ত প্রয়োজনীয়—অর্থাৎ যেখানে মিথ্যাই সত্য হয়় সেইখানেই মিথ্যা কথা কহিয়া থাকেন। নিজ্বাম হইয়া দান ও পরহিত সাধন করিয়া থাকেন। যথাসাধ্য ইন্দ্রিয় সংয়ম এবং অন্তরে ঈশ্বরকে ভক্তি করেন। কাহাকে বন্ধনা করেন না, কখন পরন্ধ কামনা করেন না। ইন্দ্রিয়াদি দেবতা আকাশাদি ঈশ্বরের ম্ত্রি স্বর্প এবং শক্তি ও সৌন্দর্যের বিকাশ স্বর্প বিবেচনা করিয়া, সে সকলের মানসিক উপাসনা করেন। এবং প্রাণক্থিত শ্রীকৃষ্ণে সর্বগ্র্পান্সন্মের গ্রন্ত্রকনে ভক্তি, পত্ত কল্যাদির সন্ধেহ প্রতিপালন, পশ্বর প্রতি দয়া করিয়া থাকেন। তিনি অন্তোধ ও ক্ষমাশীল। এ ব্যক্তি কি হিন্দর্ এ দুই ব্যক্তির মধ্যে কে হিন্দ্র? ইহাদের মধ্যে কেহই কি

পশ্তিত শশ্ধর তর্ক ভূড়ার্মাণ মহাশয় য়ে-হিল্দ্ধয়র্ম প্রচার করিতে নিয়্ক্ত, তাহা আমাদের মতে
কথনই টিকিবে না, এবং তাঁহার য়য় সফল হইবে না। এইর্প বিশ্বাস আছে বলিয়া, আমরা তাঁহার কোন
কথার প্রতিবাদ করিলাম না।

रमवञ्ज ७ हिन्म् अर्च्या—हिन्म् अर्चा

হিন্দ্রনয়? যদি না হয়—তবে কেন নয়? ইহাদের মধ্যে কাহাতেও যদি হিন্দ্রয়নি পাইলাম না, তবে হিন্দ্র্ধম্ম কি? এক ব্যক্তি ধম্মপ্রিষ্ট, দ্বিতীয় ব্যক্তি আচারদ্রন্ট। আচার ধর্ম্ম, না ধর্ম্মই ধর্ম্ম? যদি আচার ধর্ম্ম না হয়, ধর্ম্মই ধর্ম্ম হয়, তবে এই আচারদ্রন্ট ধার্ম্মিক ব্যক্তিকেই হিন্দ্র্বলিতে হয়। তাহাতে আপত্তি কি?

ইহার উত্তরে অনেকে বলিবেন যে. এ ব্যক্তি হিন্দ্রশাস্ত্রবিহিত আচারবান্ নহে, এজনা এ হিন্দ্র নহে। কোথায় এ হিন্দ্রধর্মের স্বর্প পাইব?

এ সকল লোকের বিশ্বাস যে, হিন্দ্নাশ্রেই হিন্দ্র্ধম্ম আছে। এই হিন্দ্নাশ্র কি?
শাস্ত্র তো অনেক। যে সকল গ্রন্থকে শাস্ত্র বলা যায়, তাহার যেখানে যাহা আছে, সকলই কি
হিন্দ্ন্ম্ম ? যদি কোন গ্রন্থ হিন্দ্নাস্ত্র বলিয়া এ দেশে মান্য হয়, তবে সে 'মন্সংহিতা'।
মন্তে আছে যে, যুদ্ধকালে শত্রুসেনা যে তড়াগপ্রুকরিণ্যাদির জলে ল্লান পানাদি করে, তাহা
নতি করিবে। যে হিন্দ্র্ধম্মে ত্রিতকে এক গণ্ড্য জলদানের অপেক্ষা আর প্র্ণা নাই বলে,
সেই হিন্দ্র্ধম্মেরই এই গ্রন্থে বলিতেছে যে, সহস্র সহস্র লোককে জলপিপাসাপীড়িত করিয়া
প্রাণে মারিবে। এটা কি হিন্দ্র্যম্ম ? যদি হয়়, তবে এর্প নৃশংস ধন্মের প্রনজ্জীবনে কি
ফল ? বস্তুতঃ এ হিন্দ্র্যম্ম নহে, যুদ্ধনীতি মাত্র,- কি উপায়ে যুদ্ধে জয়লাভ করিতে পারা যায়,
তিরিষ্যক উপদেশ। যদি ইহা হিন্দ্র্যমাণ হয়, তবে এ হিন্দ্র্ধ্যমে মন্বাদি সপ্রেক্ষা মোল্ত্কে
ও নেপোলিয়ন্ অধিক অভিজ্ঞ।

স্থ্ল কথা এই, মন্তে যাহা কিছ্ম আছে. তাহাই যে ধর্ম্ম নহে, ইহা এক উদাহরণেই সিদ্ধ इटेराउट । এ সকলকে योष धन्म वला यात्र, जरव रम धन्म भरामत अभवावदात । यथन विल চোরের ধর্ম্ম লাকাচরি, তখন যেমন ধর্ম্ম শব্দ অর্থান্তরে প্রযুক্ত হয়, এ সকল বিধিকে "রাজধর্ম্ম" ইত্যাদি বলা, সেইরপে। তবে মনতে যাহা যাহা পাই, তাহাই যদি ধর্ম নহে, তবে জিজ্ঞাস্য, মনুৱা কোন উক্তিগুলিতে হিন্দুধন্ম আছে এবং কোন্গুলিতে নাই, এ কথা কে মীমাংসা করিব? যদি মন্বাদি খ্যাষরা অভ্রান্ত হন, তবে তাহাদের সকল উক্তিশালিই ধর্ম —যদি তাহাই थर्म्य दश, उद्भ देश मुख्कर्फ वला घाटेरा भारत स्य, १० मा प्रमान, मारत ममाझ हला व्यमाधा। মন্ হইতেই একটা উদাহরণ দিয়া আমরা দেখাইতেছি। মনে কর, কাহারও পিতৃপ্রাদ্ধ উপস্থিত। হিন্দু,শাস্ত্রমতে শ্রান্ধে ব্রাহ্মণভোজন করাইতে হইবে। কাহাকে নিমন্ত্রণ করিবে? ম**ন**তে নিষেধ আছে যে, যে রাজার বেতনভূক্ তাহাকে খাওয়াইবে না: যে বাণিজ্য করে, जाशांक था ७ शांकेरव ना : रय होकात माम थाया. जाशांक था ७ शांकेरव ना : रय रविमाधायनगरना, जाहात्क था**ु**शहर्य नाः य প्रतलाक भारन नाः जाहारक थाु आहर्य नाः याहात व्यत्नक यक्ष्मानः তাহাকে খাওয়াইবে না: যে চিকিংসক, তাহাকে খাওয়াইবে না: যে গ্রোতস্মার্ত অগ্নি পরিত্যাগ কবিয়াছে তাহাকে খাওয়াইবে না: যে শুদ্রের নিকট অধ্যয়ন করে, কি শুদুকে অধ্যয়ন করায়, যে ছল করিয়া ধর্মাকর্মা করে যে দুর্জ্জান, যে পিতামাতার সহিত বিবাদ করে, যে পতিত লোকের সহিত অধ্যয়ন করে, ইত্যাদি বহুবিধ লোককে খাওয়াইবে না। এমন কথাও আছে যে, মিত্র ব্যক্তিকেও ভোজন করাইবে না। ইহা মুক্তকণ্ঠে বলা যাইতে পারে যে, মনুর এই বিধি অনুসারে চলিলে শ্রাদ্ধকম্মে আজিকার দিনে একটিও ব্রাহ্মণ পাওয়া যায় না। সতেরাং শ্রাদ্ধাদি পিতৃকার্য্য পরিত্যাগ করিতে হয়। অথচ যে বাপের শ্রাদ্ধ করিল না, তাহাকেই হিন্দু বলি কি প্রকারে? এইর প ভরি ভরি উদাহরণের দ্বারা প্রমাণ করা যাইতে পারে যে, সর্ম্বাংশে শাস্ত্রসম্মত যে হিন্দুধর্মে, তাহা কোনরপে এক্ষণে প্রাঃসংস্থাপিত হইতে পারে না: কখন হইয়াছিল কি না. তদ্বিষ্যে সন্দেহ। আর হইলেও সের প হিন্দুধন্মে এক্ষণে সমাজের উপকার হইবে না, ইহা এক প্রকার নিশ্চিত বলা যাইতে পারে।

যদি সমস্ত শাস্ত্রের সঙ্গে সর্বাংশে সংমিলিত যে হিন্দুখর্ম্ম তাহা প্নাঃসংস্থাপনের সম্ভাবনা না থাকে, তবে এক্ষণে আমাদিগের কি করা কন্তব্য? দুইটি মাত্র পথ আছে। এক, হিন্দুখর্মা একেবারে পরিত্যাগ করা, আর এক হিন্দুখন্মের সারভাগ অর্থাং যেট্রুকু লইয়া সমাজ চলিতে পারে, এবং চলিলে সমাজ উন্নত হইতে পারে, তাহাই অবলম্বন করা। হিন্দুখন্মা একেবারে পরিত্যাগ করা আমরা যোরতর অনিষ্টকর মনে করি। যাঁহারা হিন্দুখন্মা একেবারে পরিত্যাগ

ৰ্বাণ্কম রচনাৰলী

করিতে পরামর্শ দেন, তাঁহাদের আমরা ক্লিজ্ঞাসা করি যে, হিন্দুখন্দের্মর পরিবর্ত্তে আর কোন নতেন ধর্ম্ম সমাজে প্রচলিত হওয়া উচিত, না সমাজকে একেবারে ধর্মহীন রাখা উচিত? যে সমাজ ধর্মাশনো, তাহার উন্নতি দ্বে থাকুক, বিনাশ অবশাদ্ভাবী।* আর তাঁহারা যদি বলেন যে, হিন্দু,ধন্মের পরিবর্ত্তে ধন্মান্তরকে সমাজ আশ্রয় কর্ক, তাহা হইলে আমরা জিজ্ঞাসা করি যে. কোন্ ধর্মাকে আশ্রয় করিতে হইবে? প্রথিবীতে আর যে কর্য়াট শ্রেণ্ঠ ধর্ম্মা আছে, বৌদ্ধধর্ম্মা ইস লামধর্ম্ম এবং খুড়াধর্ম্ম, এই তিন ধন্মইি ভারতবর্ষে হিন্দুখর্ম্মকে স্থানচ্যুত করিয়া তাহার আসন গ্রহণ করিবার জন্য যথাসাধ্য চেণ্টা করিয়াছে: কেহই হিন্দুধর্ম্মকে স্থান্চ্যুত করিতে পারে নাই। ইস্লাম কতকগ্লা বন্যজাতি এবং হিন্দুনামধারী কতকগ্লা অনার্য্য জাতিকে অধিকৃত করিয়াছে বটে, কিন্তু ভারতীয় প্রকৃত আর্য্যসমাজের কোন অংশ বিচলিত করিতে পারে নাই। ভারতীয় আর্য্য হিন্দ্র ছিল, হিন্দ্রই আছে। বৌদ্ধধ্মা হিন্দ্রধ্মাকে ভারতবর্ষ ছাড়িয়া দিয়া দেশান্তরে পলায়ন করিয়াছে। খৃষ্টধন্ম রাজাব ধন্ম হইয়াও কদাচিং একখানি চন্ডালের বা পোদের গ্রাম অধিকার, অথবা দুই এক জন কুরু,ট-মাংস-লোল্বপ ভদুসন্তানকে দখল ভিন্ন আর কিছ্বই করিতে পারে নাই। যখন বৌদ্ধধন্ম, ইস্লামধন্ম ও খুল্টধন্ম, হিন্দুধন্মের স্থান অধিকার করিতে পারে নাই, তখন আর কোন্ ধর্মকৈ তাহার স্থানে এখন স্থাপিত করিব? রাহ্মধন্মের আমরা পৃথক উল্লেখ করিলাম না কেন না ব্রাহ্মধন্ম হিন্দুধন্মের শাখা মাত। ইহার এমন কোন লক্ষণ দেখা যায় নাই, যাহাতে মনে করা যাইতে পারে যে, ইহা ভবিষাতে সামাজিক ধন্মে পরিণত হইবে।

যখন ধর্ম্মান্ত্র সমাজের বিনাশ নিশ্চিত, যদি হিন্দুধুমের স্থান অধিকার করিবার শক্তি আর কোন ধন্মেরিই নাই, তখন হিন্দুধর্মের রক্ষা ভিন্ন হিন্দুসমাজের আর কি গতি আছে? তবে হিন্দাধর্ম্ম লইয়া একটা গণ্ডগোলে পড়িতে হইতেছে। আমরা দেখিয়াছি যে, শান্দোক্ত যে ধর্ম্ম, তাহার সর্ব্বাঙ্গ রক্ষা করিয়া কথন সমাজ চলিতে পারে না -এখনও চলিতেছে না-এবং বোধ হয়. কখন চলে নাই। তা ছাড়া একটা প্রচলিত হিন্দ্রধর্ম্ম আছে; তংকর্ত্তক শাদেত্রর কতক বিধি রক্ষিত এবং কতক পরিত্যক্ত এবং অনেক অশাস্ত্রীয় আচার-ব্যবহার-বিধি তাহাতে গৃহীত হইয়াছে। হিন্দুধন্মের কি সপক্ষ কি বিপক্ষ সকলেই স্বীকার করেন যে, এই বিমিশ্র এবং কল্মিত হিন্দুখনের দারা হিন্দুসমাজের উর্নাত হইতেছে না। তাই আমরা বলিতেছিলাম যে যেটাকু হিন্দাধন্মের প্রকৃত মন্মা, যেটাকু সারভাগ, যেটাকু প্রকৃত ধন্মা, সেইটাকু অন্যাস্ত্রান করিয়া আমাদের স্থির করা উচিত। তাহাই জাতীয় ধর্ম্ম বলিয়া অবলম্বন করা উচিত। যাহা প্রকৃত হিন্দঃধর্ম্ম নহে, যাহা কেবল অপবিত্র কলঃষিত দেশাচার বা লোকাচার, ছন্মবেশে ধর্ম্ম বলিয়া হিন্দ্রধন্মের ভিতর প্রবেশ করিয়াছে, যাহা কেবল অলীক উপন্যাস, যাহা কেবল কাব্য, অথবা প্রত্নতত্ত্ব, যাহা কেবল ভণ্ড এবং স্বার্থপর্নদিগের স্বার্থসাধনার্থ সূল্ট হইয়াছে, এবং অজ্ঞ ও নিবেশিধগণ কর্ত্তক হিন্দু,ধন্ম বলিয়া গৃহীত হইয়াছে, যাহা কেবল বিজ্ঞান, অথবা দ্রান্ত এবং মিথ্যা বিজ্ঞান যাহা কেবল ইতিহাস, অথবা কেবল কল্পিত ইতিহাস, কেবল ধন্ম'গ্রন্থ মধ্যে বিনাস্ত বা প্রক্রিপ্ত হওয়া ধর্ম্ম বিলিয়া গণিত হইয়াছে, সে সকল এখন পরিত্যাগ করিতে হইবে। ষাহাতে মনুষোর যথার্থ উল্লতি, শারীরিক, মানসিক এবং সামাজিক সন্ধাবিধ উল্লতি হয়, তাহাই ধর্মা। এইরপে উন্নতিকর তত্ত্ব লইয়া সকল ধন্মেরিই সারভাগ গঠিত, এইরপে উন্নতিকর তত্ত্ব-সকল, সকল ধর্ম্মাপেক্ষা হিন্দ,ধন্মেই প্রবল। হিন্দ,ধন্মেই তাহার প্রকৃত সম্পূর্ণতা আছে। হিন্দ্রধন্মে যেরপে আছে, এরপে আর কোন ধন্মেই নাই। সেইটকু সারভাগ। সেইটকুই হিন্দঃধর্ম। সেটাকু ছাড়া আর যাহা থাকে—শাস্তে থাকুক, অশাস্ত্রে থাকুক বা লোকাচারে থাকুক —তাহা অধন্ম। যাহা ধন্ম তাহা সত্য, যাহা অসত্য, তাহা অধন্ম। যদি অসত্য মনুত্ত থাকে, মহাভারতে থাকে বা বেদে থাকে, তব্ব অসতা, অধন্ম বলিয়া পরিহার্যা।

এ কথায় দুইটি-গোল ঘটে। প্রথম, বেদাদিতে অসত্য বা অধন্ম আছে, বা থাকিতে পারে,

^{*} অনেকে বলেন যে, ধন্ম (Religion) পবিতাগে করিয়া কেবল নীতিমান্ত অবলম্বন করিয়া সমাজ চলিতে পারে ও উন্নত হইতে পারে। এ কথার প্রতিবাদের এ স্থান নহে। সংক্ষেপে বলা যাইতে পারে যে, এমন কোন সমাজ দেখা যায় নাই যে, ধন্ম ছাড়িয়া, কেবল নীতিমান্ত অবলম্বন করিয়া উন্নত হইয়াছে। বিতীয়, এই নীতিবাদীরা যাহাকে নীতি বলেন, তাহা বাস্তবিক ধন্ম বা ধন্মমিলেন।

रमवज्जु ও हिन्म्यम्ब-रवम

এ কথা অনেকেই স্বীকার করিবেন না। এমন কথা শানিলে অনেকে কানে আঙ্গলৈ দিবেন।
এ সম্প্রদারের জন্য আমরা লিখিতেছি না। তাঁহাদের যা হোক্ একটা ধর্ম্ম অবলম্বন আছে।
যাঁহারা হিন্দ্রধন্মে আস্থাশন্ন্য হইয়াছেন, অথচ অন্য কোন ধর্ম্ম গ্রহণ করেন নাই, তাঁহাদের জন্যই লিখিতেছি। তাঁহারা এ কথা অস্বীকার করিবেন না।

আর একটি গোলখোগ এই যে, হিন্দুশান্তের কোন্ কথা সতা, কোন্ কথা মিথাা, ইহার মীমাংসা কে করিবে? কোন্ট্রকু ধন্ম, কোন্ট্রকু ধন্ম নয়? কোন্ট্রকু সার, কোন্ট্রকু অসার? উত্তর, আপনাদেরই তাহার মীমাংসা করিতে হইবে। সত্যের লক্ষণ আছে। যেখানে সেই লক্ষণ দেখিব, সেইখানেই ধন্ম বিলয়া স্বীকার করিব। যাহাতে সে লক্ষণ না দেখিব, তাহা পরিত্যাগ করিব। অতএব প্রকৃত হিন্দুধন্ম নির্পণ পক্ষে, আগে দেখিতে হইবে, হিন্দুশান্তে কি কি আছে।

কিন্তু হিন্দ্নশাস্ত্র অগাধ সমন্ত্র। তাহার যথোচিত অধ্যয়নের অবসর অলপ লোকেরই আছে। কিন্তু সকলে প্রম্পরের সাহায্য করিলে, সকলেরই কিছ্ব কিছ্ব উপকার হইতে পারে। আমবা সে বিষয়ে যথাসাধ্য যত্ন করিব।—'প্রচার,' ১ম বর্ষ, প্র. ১৫-২৩।

বেদ

বেদ, হিন্দুশান্দ্রের শিরোভাগে। ইহাই সর্প্রাপিক্ষা প্রাচীন এবং আর সকল শান্দ্রের আবর বিলয়া প্রসিদ্ধ। অন্য শান্দ্রে যাহা বেদাতিরিক্ত আছে, তাহা বেদমূলক বিলয়া চলিয়া যায়। যাহা বেদে নাই বা বেদবির্দ্ধ, তাহাও বেদের দোহাই দিয়া পাচার হয়। অতএব, আগে বেদের কিছ্যু পরিচয় দিব।

সকলেই জানেন, বেদ চারিটি—ঋক্, যজ্বঃ, সাম, অথবা । অনেক প্রাচীন গ্রন্থে দেখা যায় যে, বেদ তিনটি—ঋক্, যজ্ঞ, সান । অথবা সে সকল স্থানে গণিত হয় নাই। অথবা নেদ অন্য তিন বেদের পর সঞ্চলিত হইয়াছিল কি না, সে বিচারে আমাদের কিছুমাত প্রয়োজন নাই।

কিম্বদন্তী আছে যে, মহর্ষি কৃষ্ণদ্বৈপায়ন ব্যাস. বেদকে এই চারি ভাগে বিভক্ত করেন। ইহাতে বুঝা যায় যে, আগে চারি বেদ ছিল না, এক বেদই ছিল। বাস্তবিক দেখা যায় যে, ঋণেবদের অনেক শ্লোকার্দ্ধ যজ্বব্বেদে ও সামবেদে পাওয়া যায়। অতএব এক সামগ্রী চারি ভাগ হইয়াছে ইহা বিবেচনা করিবার যথেষ্ট কারণ আছে।

যখন বলি, ঋক্ একটি বেদ, যজ্বঃ একটি বেদ, তখন এমন ব্ৰিতে হইবে না যে, ঋণ্পেদ একখানি বই বা যজ্বৰ্দেৰ্দ একখানি বই। ফলতঃ এক একখানি বেদ লইয়া এক একটি ক্ষ্দ্ৰ লাইৱেরী সাজান যায়। এক একখানি বেদের ভিতর অনেকগ্রলি গ্রন্থ আছে।

একখানি বেদের তিনটি করিয়া অংশ আছে. মন্ত্র, রাহ্মণ, উপনিষং। মন্ত্রগ্রালর সংগ্রহকে সংহিতা বলে, যথা—ঋণ্বেদসংহিতা. যজ্বব্রেদসংহিতা। সংহিতা, সকল বেদের এক একখানি, কিন্তু রাহ্মণ ও উপনিষং অনেক। যজ্ঞের নিমিত্ত বিনিয়োগাদি সহিত মন্ত্রসকলের ব্যাখ্যা সহিত গদ্যপ্রশের নাম ব্রহ্মণ। ব্রহ্মপ্রতিপাদক অংশের নাম উপনিষং। আবার আর্ল্যক নামে কতকগর্নল গ্রন্থ বেদের অংশ। এই উপনিষদ্ই ১০৮ খানি।

বৈদ কৈ প্রণয়ন করিল? এ বিষয়ে হিন্দ্দিগের মধ্যে অনেক মতভেদ আছে। এক মত এই যে, ইহা কেহই প্রণয়ন করে নাই। বেদ অপোর্বেয় এবং চিরকালই আছে। কতকগর্নি কথা আপনা হইতে চিরকাল আছে। মন্ষ্য হইবার আগে, স্চিট হইবার আগে হইতে, মন্ষ্য-ভাষায় সঙ্কলিত কতকগ্নিল গদ্য পদ্য আপনা হইতে চিরকাল আছে; অধিকাংশ পাঠকই এ মত গ্রহণ করিবেন না, বোধ হয়।

তার এক মত এই যে, বেদ ঈশ্বর-প্রণীত। ঈশ্বর বসিয়া বসিয়া অগ্নিস্তব ও ইন্দ্রন্তব ও নদীস্তব ও অশ্বমেধ যজ্ঞ প্রভৃতির বিবিধ রচনা করিয়াছেন, ইহাও বোধ হল পাঠকের মধ্যে অনেকেই বিশ্বাস না করিতে পারেন। বেদের উৎপত্তি সম্বন্ধে আরও অনেক মত আছে, সে সকল সবিস্তারে সৎকলিত করিবার প্রয়োজন নাই। বেদ যে মন্ম্য-প্রণীত, তাহা বেদের আর কিছ্ম্ পরিচয় পাইলেই, বোধ হয় পাঠকেরা আপনারাই সিদ্ধান্ত করিতে পারিবেন। তাঁহারা আপন অগ্রন বৃদ্ধিমত মীমাংসা করেন, ইহাই আমাদের অনুরোধ।

र्वाष्क्रम तहनावली

বেদ যের পেই প্রণীত হউক, এক জন উহা সঞ্চালত ও বিভক্ত করিয়াছে, ইহা নিঃসন্দেহ। সেই বিভাগ মন্ত্রভেদে হইয়াছে এবং মন্ত্রভেদান,সারে তিন বেদই দেখা যায়। ঋণেবদের মন্ত্রভণ্দানিবদ্ধ স্থাত্ত; যথা, ইন্দ্রস্তোত্ত, আগ্নিস্তোত্ত, বর্ণস্তোত্ত। যজ্বব্দের মন্ত্র প্রাপ্রস্তাপাঠ গদের বিবৃত্ত, এবং যজ্ঞান,ষ্ঠানই তাহার উদ্দেশ্য। সামবেদের মন্ত্র গান। ঋণেবদের মন্ত্রও গীত হয় এবং গীত হইলে তাহাকেও সাম বলে। অথব্ধবিদের মন্ত্রের উদ্দেশ্য মারণ, উচাটন, বশীকরণ ইত্যাদি।

হিন্দন্মতান্সারে অন্য বেদের অপেক্ষা সামবেদের উৎকর্ষ আছে। ভগবন্দীতায় শ্রীকৃষ্ণ বালয়াছেন. "বেদানাং সামবেদোস্মি দেবানামিত্যাদি" কিন্তু ইউরোপীয় পশ্চিতদিগের কাছে ঋণেবদেরই প্রাধানা। বান্তাবিক ঋণেবদের মন্ত্রগালি সন্বাপেক্ষা প্রাচীন বালয়া বোধ হয়। এই জন্য আমরা প্রথমে ঋণেবদের পরিচয় দিতে প্রবৃত্ত হই। ঋণেবদের রাক্ষণ ও উপনিষদের পরিচয় পশ্চাৎ দিব, অগ্রে সংহিতার পরিচয় দেওয়া কর্ত্রবা হইতেছে।

ঋণবদে দশটি মণ্ডল ও আটিট অন্টক। এক একটি মন্তকে এক একটি ঋচ্ বলে। এক খাষির প্রণীত এক দেবতার স্থৃতি সন্বাস্ধে মন্ত্রগ্রিলিকে একটি স্তে বলে। বহুসংখাক ঋষি কর্তৃক প্রণীত স্তুসকল এক জন ঋষি কর্তৃক সংগৃহীত হইলে একটি মণ্ডল হইল। এইর্প দশটি মণ্ডল ঋণেবদসংহিতার আছে। কিন্তু এর্প পরিচা দিয়া আমরা পাঠকের বিশেষ কিছু উপকার করিতে পাবিব লা। এগর্লা কেবল ভূমিকা দ্বর্প বলিলাম। আমরা পাঠককে ঋণ্বেদসংহিতার ভিতরে লইয়া যাইতে চাই। এবং সেই জন্য দ্ই একটা স্কু বা ঋক্ উদ্ধৃত করিব। সন্বাপ্তে ঋণ্বেদসংহিতার প্রথম মণ্ডলের প্রথম অন্বাকের প্রথম স্তুক্তর প্রথম ঋক্ উদ্ধৃত করিতেছি। কিন্তু ইহার একটি "হেডিং" আছে। আগে "হেডিং"টি উদ্ধৃত করি।

শ্ববিবিশ্বামিত্রপন্তাে মধ্চছন্দা। অত্নিদের্পবতা। গায়ত্রীচ্ছন্দঃ। ব্রহ্মবজ্ঞান্তে বিনিয়োগঃ অত্নিদেটামে চ।"

আগে এই "হেডিং"টুকু ভাল করিয়া ব্নিতে হইবে। এইর্প "হেডিং" সকল স্তেরই আছে। ব্রাহ্মণ পাঠকেরা দেখিবেন, তাঁহারা প্রতাহ যে সদ্ধ্যা করেন, তাহাতে যে সকল বেদমশ্র আছে, সে সকলেরও ঐর্প একট্ন একট্ন ভািমকা আছে। দেখা যাক্ন এই "হেডিং"ট্নুকুর তাৎপর্যা কি? ইহাতে চারিটি কথা আছে প্রথম, এই স্তের ঋষি, বিশ্বামিত্রের প্রু মধ্চহুন্দা। দিতীয়, এই স্তের ছন্দ গাযন্ত্রী। চতুর্থ, এই স্তেরে বিনিয়োগ রক্ষাযজ্ঞান্তে এবং অগ্নিডেটামযজ্ঞে। এইর্প সকল স্তের একটি ঋষি, একটি দেবতা, ছন্দ এবং বিনিয়োগ নিন্দির্শন্ত আছে। ইহার তাৎপর্যা কি?

প্রথম, ঋষিশন্দট্নকু ব্রা যাক্। ঋষি বলিলে এক্ষণে আমরা সচরাচর সাদা দাড়ীওয়ালা গের্রাকাপড়-পরা সন্ধাহ্নিক-পরায়ণ ব্রাহ্মণ—বড় জাের সেকালের ব্যাস বালমীকির মত তপােবল-বিশিষ্ট একটা অলােকিক কাণ্ড মনে করি। কিন্তু দেখা যাইতেছে. সের্প কােন অর্থে ঋষি শব্দ এ সকল স্থলে প্রযুক্ত হয় নাই।

বেদের অর্থ ব্ঝাইবার জন্য একটি স্বতন্ত্ব শাস্ত্র আছে, তাহার নাম "নির্ক্ত"। নির্ক্ত একটি "বেদাঙ্গ"। যাস্ক, স্থোলন্টিবী, শাকপ্লি প্রভৃতি প্রাচীন মহর্ষিগণ নির্ক্তকর্ত্তা। বেদের কোন শব্দের যথার্থ অর্থ জানিতে হইলে, নির্ক্তের আশ্রয় গ্রহণ করিতে হয়। এখন, নির্ক্তকার ধাষ শব্দের অর্থ কি বলেন? নির্ক্তকার বলেন এই যে, "যস্য বাকাং স খাষি" অর্থাৎ যাহার কথা সেই খাষা। অতএব যখন কোন স্ক্তের প্র্বে দেখি যে, এই স্ক্তের অম্ক খাষ, তখন ব্রিতে হইবে যে, স্ক্তাটর বক্তা ঐ খাষ। এই বক্তা অর্থ প্রণেতা ব্রিতে হইবে কি? যাহারা বলেন, বেদ নিত্য অর্থাৎ কাহারও প্রণীত নহে তাহাদের উত্তর এই যে, বেদ-মন্ত্রসকল খাষিদিগের সম্মুখে আবিভূতি হইয়াছিল, তাহারা মন্তরচনা করেন নাই, জ্ঞানবলে দৃষ্ট করিয়াছিলেন। যে খাষি যে স্কু দেখিয়াছিলেন, তিনিই সেই স্ক্তের খাষি। শব্দ শ্রুত হইয়া থাকে ইহা জানি, কিন্তু যোগ-বলেই হউক আর যে বলেই হউক, শ্রুত যে ব্লুত হইতে পারে, ইহা

বেদের মধ্যে আমি সামবেদ ইত্যাদি।

[†] বৃহন্দেবতা প্রশেষর মতে সম্পূর্ণম্বিবাকাস্থু স্ক্রনিত্যভিধীয়তে। অর্থাৎ সম্পূর্ণ ঋষি-বাক্যকে স্ক্রবলে।

प्तिबब्ध ७ हिन्म, बन्ध-दिन

অনেকে কিছুতেই স্বীকার করিবেন না। যদি কেছ বিশ্বাস করিতে চান যে, যখন লিপিবিদ্যাব সৃষ্টি হয় নাই তখন মন্ত্রসকল মুর্তি ধারণ করিয়া ঋষিদিগের সংমুখে আবিভূতি হইয়াছিল. তবে তিনি স্বচ্ছেন্দে বিশ্বাস কর্ন, আমরা আপত্তি বরিব না। আমরা কেবল ইহাই বলিতে চাই যে, বেদেই অনেক স্থলে আছে যে, মন্ত্রসকল ঋষিপ্রদীত, ঋষিদৃষ্ট নহে। আমরা ইহার অনেক উদাহরণ দিতে পারি, কিন্তু অপর সাধারণের পাঠ্য প্রচারে এর্প উদাহরণা খান হইতে পারে না। এক্ষণে ইহা বলিলেই যথেন্ট হইবে যে, এমন অনেক স্তুত আছে যে, ভাহাতে ঋষিরাই বলিয়াছেন যে, আমরা মন্ত্র করিয়াছি, গাঁড়য়াছি, সৃষ্ট করিয়াছি বা ক্রমাইয়াছি। সে যাহাই হউক, ইহা স্থির যে, ঋষি অথে আদো তপোবলবিশিষ্ট মহাপ্র্যু নহে, স্তের বজা মাত্র।

এই প্রথম স্ক্তের ঋষি মধ্চেনা। তার পর দেবতা অগ্নি। স্ক্তের দেবতা কি মেন-ঋষি শন্দের আলোচনায় তাহার লোকিক অর্থ উড়িয়া গেল তেমনি দেবতা শন্দের আলোচনায় ঐর্প দেবতার লোকিক অর্থ উড়িয়া যায়। নির্ত্তকার বলেন যে, "যস্য বাঞ্চ্য স্ক্ষিঃ যা তেনোচাতে সা দেবতা" অর্থাৎ স্ক্তে যাহার কথা থাকে, সেই সে স্ক্তের দেবতা। এর্থাং স্ক্তের যা ''Subject'' তাই দেবতা।

ইহাতে অনেকে এমন কথা বলিতে পারেন, এক্ষণে যাহাদিগকে দেবতা বলি, অর্থাৎ ইন্দ্রাদি স্ক্তে সকলে তাঁহারাই স্তৃত হইয়াছেন, অতএব এখন যে অর্থে তাঁহারা দেবতা, সেই অর্থেই তাঁহারা বেদমন্দ্রে দেবতা। এরপে আপত্তি যে হইতে পারে না, তাহার প্রমাণ দানস্থৃতিসকল। कठकग्रीन স्कु আছে, সেগ্रीनरक দানস্থৃতি বলে। তাহাতে কোন দেবতারই প্রশংসা নাই, কেবল দানেরই প্রশংসা আছে। অতএব ঐ সকল স্তের দানই দেবতা। ইহা এনেকে জিজ্ঞাস। করিতে পারেন, যদি দেবতা শব্দের অর্থ স্বত্তের বিষয় (aubject), তবে দেবতাৰ আধ্বনিক অর্থ আসিল কোথা হইতে? এ ততু ব্রবিবার জন্য দেবতা শব্দটি একটা তলাইয়া ব্রবিত হইবে। नित्र क्लात याष्क विनासार्हन, "या प्रवः मा प्रविचा" यादारक एपवे वरन, जादारकरे দেবতা বলা যায়। এই দেব শব্দের উৎপত্তি দেখ। দিব্ধাতু হইতে দেব। দিব্দীপনে বা দ্যোতনে। যাহা উল্জবল, তাহাই দেব। আকাশ, স্থ্য, অগ্নি, চন্দ্র প্রভৃতি উল্জবল, এই জন্য এ সকল আদৌ দেব। এ সকল মহিমাময় বস্তু, এই জন্য আদৌ ইহাদের প্রশংসায় স্তোত্র, অর্থাৎ স্কু রচিত হইয়াছিল। কালে যাহার প্রশংসায় স্কু রচিত হইতে লাগিল ভাহাই দেব হইল। পৰ্জন্য যিনি বৃষ্টি করেন। তিনি উৰ্জ্জনল নহেন, তিনিও দেব হইলেন। ইন্দু ধাতু বর্ষণে। সংস্কৃতে একটি র প্রতায় আছে। রুদ্ ধাতুর পর র করিয়া রুদ্র হয়, অসু ধাতুর পর র করিয়া অসার হয়। ইন্দ্ ধাতুর পর র করিয়া ইন্দ্র হয়। অতএব যিনি বৃণ্টি করেন, তিনিই ইন্দ্র। যিনি বৃষ্টি করেন তাঁহাকে উম্জ্বল বলিয়া মনে কম্পনা করিতে পারি না, কিন্তু তিনি ক্ষমতাবান - तृष्ठि ना रहेल भना रहा ना, भना ना रहेल लाक्त প्राप वाँक ना। कार्क्करे जिनि देविषक সুক্তে স্তৃত হইলেন। বৈদিক সুক্তে স্তৃত হইলেন বলিয়াই তিনি দেবতা হইলেন। এ সকল কথার সবিস্তার প্রমাণ ক্রমে পাওয়া যাইবে।

"ঋষিমধ্ছেশা। অগ্নিদেবতা। গায়ত্রীচ্ছন্দঃ।" ছন্দ ব্রিবেত কাহারও দেরা হইবে না কেন না, ছন্দ ইংরাজি বাঙ্গালাতে আছে। ঋক্গর্মলি পদ্য, কাজেই ছন্দে বিনান্ত। "ধদ্দ্রব পরিমাণ্ড তচ্ছন্দঃ।" অক্ষর পরিমাণ্ডে ছন্দ বলে। চৌন্দ অক্ষরে পরার হ্য প্যার এব চিছন্দ। আমাদের যেমন পরার, ত্রিপদী, চতুষ্পদী, নানা রকম ছন্দ আছে যে স্তে যে ছন্দে রাচত, আমরা যাহাকে "হেডিং" বলিয়াছি, তাহাতে দেবতা ও ঋষির পর ছন্দের নাম কথিত থাকে। খাঁহারা মাইকেল দন্ত ও হেমচন্দ্রের প্র্কার কবিদিগের কাব্য পড়িয়াছেন তাঁহার৷ জানেন যে. এ প্রথা বাঙ্গালা রচনাতেও ছিল। আগে বিষয় অর্থাং দেবতা লিখিত হইত, যথা—"গদেশ-বন্দনা।" তাহার পর ছন্দ লিখিত হইত, যথা "ত্রিপদী ছন্দ" বা "পরার।" শেষে ঋষি লিখিত হইত, যথা—"কাশীরাম দাস কহে" কি "কহে রায় গ্রাণকর।" ইংরাজিতেও দেবতা ও ঋষি লিখিতে হয়: ছন্দ লিখিত হয় না। যথা, De Profundis দেবতা Alfred Tennyson ঋষি।

শ্বষি দেবতা ও ছন্দের পর বিনিয়োগ। যে কাজের জন্য স্কুটির প্রয়োজন, অথবা যে কাজে উহা ব্যবহার হইবে, তাহাই বিনিয়োগ। যথা, অগ্নিণ্টোমে বিনিয়োগঃ অর্থাং অগ্নিণ্টোম যজে

र्वाष्क्रम बुह्नावली

ইহার নিয়োগ বা ব্যবহার। অতএব ইংরাজিতে ব্র্ঝাইতে হইলে ব্র্ঝাইব যে, ঋষি (author) দেবতা (subject) ছন্দ (metre) বিনিয়োগ (use).

এক্ষণে আমরা ঋক্টি উদ্ধৃত করিতে পারি।

"অগ্নিমীলে প্ররোহিতং যজ্ঞস্য দেবম্ত্রিজম্। হোতারং রঙ্গধাতমম্না"

'ঈলে.' কি না শুব করি। "অগ্নিমীলে" কি না অগ্নিকে শুব করি। এ ঋকের এইটিই আসল কথা। "অগ্নিং" কম্ম "ঈলে" ক্রিয়া। আর যতগর্লি কথা আছে, সব অগ্নির বিশেষণ। সেগর্লি পরে বুঝাইব। আগে অগ্নি শব্দটি বুঝাই। বেদের টীকাকার সায়নাচার্য্য বলেন, অগ্নি অগ্ ধাতু হইতে হইয়াছে, "অগ কম্পনে।" বাচম্পত্য অভিধানে লেখে, "অগ বক্রগতৌ" কিন্তু ইহার আরও অনেক ব্যাখ্যা আছে। সে সকল উদ্ধৃত করিয়া পাঠককে পীড়িত করিব না। কিন্তু তাহার মধ্যে একটি ব্যাখ্যা অনেক কাজ করিয়াছে। নিরুক্তে সেটি পাওয়া যায়। "অগ্র" শব্দ পূর্ব্বর্ক "নী" ধাতুর পর ইন্ প্রত্যয় কর, তাহা হইলে অগ্রণী হইবে। নির্ক্তকার বলেন, ইহাতে "অগ্নি" শব্দ নিষ্পন্ন হইবে। যাহা অগ্নে নীয়মান। এখন যজ্ঞ করিতে গেলে হোম চাই। হোমে আঁপ্লতে আহুতি দিতে হয়। নহিলে দেবতারা পান না। এই জন্য যাহা প্রথমে যজ্ঞে নীয়মান তাহাই অগ্নি। এই ব্যাখ্যাটি পরিশান্ধ বলিয়া কোন মতে গৃহীত হইতে পারে না। কেন না, অগ্নি এই নাম অন্যান্য আর্য্যজাতির মধ্যে দেখা যায়। যথা Latin ignis Slav Ogni তবে नित्र क्रकारतत बनारे रुपेक चात्र त्य बनारे रुपेक, वार्याणि प्रिवाधिक, प्रविद्या प्रविश्वित লাগিয়াছিল, তাই ইহার কথা বালিলাম ৷—কাজেই যদি অগ্রপূৰ্বেক নী ধাতু হইতে অগ্নি হইল, তবে অগ্নি দেবতাদিগের অগ্রণী হইলেন, যদি অগ্রণী হইলেন, তবেই তিনি দেবতাদের প্রধান, আগে যান এ কথাও উঠিল। বহ্বুক্ মল্ভাগে আছে—"অগ্নিম্বং দেবতানাম্।" অগ্নি দেবতাদিগের প্রথম ও মুখন্বরূপ। আর "অগ্নিবৈ দেবানামবমঃ" দেবতাদিগের মধ্যে আগ্নই মুখা। এইরূপ কথা হইতে হইতেই কথা উঠিল, "অগ্নিবৈ দেবানাং সেনানী" অর্থাৎ অগ্নি দেবতাদিগের সেনানী। সেনানী কি না সেনাপতি।

তারপর এক রহস্য আছে — আমাদিগের বর্ত্তমান হিন্দ্র্শান্তে অর্থাৎ পৌরাণিক হিন্দ্র্য়ানিতে দেবতাদিগের সেনাপতি কে? প্রাণেতিহাসে কাহাকে দেবসেনানী বলে? কুমার, কার্ত্তিকেয়, স্কন্দ, ইনিই এখন দেবসেনানী। শেষ প্রচালত মত এই যে, কার্ত্তিকেয়, মহাদেব অর্থাৎ র্দ্রের প্রত্ত। যখন এই মত প্রচালত হইয়াছে, তখন আয় র্দ্রে মিশিয়া গিয়াছে। আয়র সঙ্গে র্দ্রের কি সন্ত্রম তাহা আমরা ক্রমে পরে দেখাইব, কিন্তু আতি প্রচান ইতিহাসে, যখন আয় র্দ্র হন নাই, তখন কার্ত্তিকেয় অয়ির প্রত্ত। যাঁহারা এ তত্ত্বের বিশেষ প্রমাণ খ্রেজন, তাঁহারা মহাভারতের বনপব্রের মার্ক শ্রেম সমস্যা পন্ত্রাধ্যায়ের ১১২ অধ্যায়ে এবং তৎপরবত্তী অধ্যায়গ্রালিতে দেখিতে পাইবেন। "আয়া বৈ জায়তে প্রচঃ"। আয়র দেব-সেনানী, শেষ দাঁড়াইল, অয়ির ছেলে দেব-সেনানী। কুমার র্দ্রজ, অতএব শেষ মহাদেবের প্রত্ত।

"অগ্নিমীলে প্ররোহিতং যজ্ঞস্য দেবম্ত্রিজম্। হোতারং রত্নধাতমম্॥"

"অগ্নিমীলে"। অগ্নিকে শুব করি। অগ্নি কি রুপ তাহা বলা হইতেছে। "পুরোহিতং"। অগ্নি পুরোহিত। অগ্নি হোমকার্য্য সম্পন্ন করেন, এই জন্য অগ্নিকে পুরোহিত বলা যাইতেছে। খণেবদ-সংহিতায় অগ্নিকে পুনঃ পুনঃ পুরোহিত বলা হইয়ছে। বেদব্যাখ্যায় পাঠক মহাশয়েয়য় র্যাদ একট্খানি বাঙ্গ মার্চ্জনা করিতে পারিতেন, তাহা হইলে আমরা বলিতাম যে, আধুনিক পুরোহিতদিগের সঙ্গে অগ্নির বিলক্ষণ সাদৃশ্য আছে; যজ্ঞীয় দ্রব্য উভয়েই উত্তমর্পে সংহার করেন।

"যজ্ঞস্য দেবং"। অগ্নি যজ্ঞের দেব। পাঠকের স্মরণ থাকিতে পারে আমরা বলিয়াছি— দিব্ ধাতু দীপনে বা দ্যোতনে। "যজ্ঞস্য দেবং" যিনি যজ্ঞে দীপ্যমান।

"ঋষ্টিজং। ঋত্বিক্ বলে যাজককে। তথনকার এক একটি বৈদিক যজে যোল জন করিয়া

ঋषिक প্রয়োজন হইত। চারি জন হোতা, চারি জন অধ্বর্ম, চারি জন উপ্যাতা, আর চারি জন ব্রহ্মা। যাহারা ঋঙ্মন্ত্র পাঠ করিত. তাহারা হোতা। যজ্ববেদী ঋষিকেরা অধ্বর্ম,। আর যাহারা সামগান করেন, তাহারা উপ্যাতা। যাহারা কার্য-পরিদর্শক, তাহারা ব্রহ্মা।

হোতারং। হোতৃগণ ঋঙ্মন্ত্র পাঠ করিয়া দেবতাদিগকে আহ্বান করেন আন্ধ হবিরাদি বহন করিয়া দেবতাদিগকে আহ্বান করেন, এই জন্য আন্ধ হোতা। "ঋত্বিজং হোতারং" সায়নাচার্য্য ইহার এই অর্থ করেন যে, আন্ধ ঋত্বিকর মধ্যে হোতা।

রঙ্গধাতমম্। ধাতমম্ ধারয়িতারম্। যিনি রঙ্গ দান কবেন, তিনি রঙ্গধাতম। অগ্নি যজ্ঞ-ফলরূপে রঙ্গ প্রদান করেন, এই নিমিত্ত অগ্নি রঙ্গাধাতম।

এই একটি ঋক্ সবিস্তারে ব্ঝাইলাম। এই স্ক্তে এমন নয়টি ঋক্ আছে। অবশিষ্ট আটটি এইর্প সবিস্তারে ব্ঝাইবার প্রয়োজন নাই। আমরা কেবল তাহার একটা বাঙ্গালা অনুবাদ দিতেছি।

"অগি প্ৰে'্ছাষ্টিদেগের দারা স্তৃত হইয়াছেন এবং ন্তনের দারাও। তিনি দেবতাদিগকৈ এখানে বহন করুন।২।

যাহা দিন দিন বাড়িতে থাকে, এবং যাহাতে যশ ও শ্রেষ্ঠ ধীরবত্তা আছে, সেই ধন আন্নির দ্বারা প্রাপ্ত হইয়া থাকে। ৩।

হে অমে ! যাহা বিঘারহিত এবং তুমি ধাহাব সন্ধতোভাবে রক্ষাকর্তা, সেই যজ্ঞই দেবগণেব নিকট গমন করে। ৪।

যিনি আহ্বান-কর্তা, যজ্ঞকুশল, বিচিত্র যশঃশালিগণের শ্রেষ্ঠ এবং সত্যস্বর্প, সেই অগ্নিদেব দেবগণের সহিত আগমন কর্ন।৫।

হে অগ্নে! তুমি হবিদাতার যে মঙ্গল কর, হে অঙ্গির! তাহা সতাই তোমা ভিন্ন আর কেহই করিতে পারে না।৬।

হে অগ্নে! আমরা প্রতিদিন রাত্রে ও দিবসে ভক্তিভাবে তোমাকে নমস্কার করিতে করিতে সমীপস্থ হই।৭।

তুমি বজ্ঞসকলের জন্বনন্ত রাজা, সত্যের জন্বন্ত রক্ষাকর্তা। এবং স্বগ্রে বন্ধমান, (তোমাকে নমস্কার করিতে করিতে আমরা তোমার সমীপন্থ হই)।৮।

হে অগ্নি! পিতা যেমন প্রের, তুমি তেমনি আমাদের অনায়াসলভ্য হও; মঙ্গলার্থে তুমি আমাদের সন্নিহিত থাক। ৯।*

অনেক হিন্দর্রই বিশ্বাস আছে যে, বেদের ভিতর মন্যোর বৃদ্ধির অগম্য অতি দ্রহ্ কথা আছে; বৃদ্ধিবার চেণ্টা করা কর্ত্তব্য, কণ্ঠস্থ করাই ভাল—তাও দ্বিজাতির পক্ষে। এজন্য আমরা ঋণেবদ-সংহিতার প্রথম স্ক্তের অন্বাদ পাঠককে উপহার দিলাম। লোকে বলে, একটা ভাত টিপিলেই হাঁড়ির পরিচয় পাওয়া যায়। প্রয়োজনমতে আরও কোন কোন স্কু উদ্ধৃত করিব। সম্প্রতি প্রয়োজন নাই।

ইহার পর দ্বিতীয় স্তের এক দেবতা নহেন। প্রথম তিন ঋকের দেবতা, বায়. ৪—৬ ঋকেব দেবতা ইন্দ্র ও বায়: শেষ তিনটি ঋকের দেবতা, মিত্র ও বর্ণ, সংস্কৃতে "মিত্রাবর্ণো।" মিত্র কে তাহা পরে বিলব। বেদের অনুশীলনে, এমন অনেক দেবতা পাওয়া যাইবে যে,

* মূল এই সঙ্গে দিলাম। প্রথম ঋক্ প্রেব দেওয়া গিয়ছে।

আরঃ স্কেন্বিটঃ ক্ষিবিভরীডো ন্তনৈর্ত।
আরি স্কেন্তিঃ ক্ষিবিভরীডো ন্তনৈর্ত।
আরিনা ররিমশনবং পোষমেন দিবে দিবে।
আরে যং যজ্ঞমধ্বং বিশ্বতঃ পরিভূর্সা।
আরহোতা কবিকুজুঃ সত্যশ্চিমপ্রক্রমঃ।
যদক দাশুবে স্বর্গে ভদ্রং করিষ্যাস।
উপস্থানে দিবে দিবে দোষা বস্তবিধ্যা বয়ম্।
রাজন্তমধ্বরাণাং গোপাম্ত্সা দীদিবিং।
স নঃ পিতেব স্নবেহমে স্বায়নো ভব।

গরাছে।
স দেবান্ এই বক্ষতি। ই ।
যশসং ধারবস্তমং। ৩ ।
স ইন্দেবেয় গচ্ছতি। ৪ ।
দেবো দেবেভিরাগমং। ৫ ।
ভবেতং সতমিক্সাং। ৬ ।
নমো ভংবত এমিস। ৭ ।
বধানাং স্বে দুমে। ৮ ।
সচস্বা নঃ স্বস্তরো ১ ।

বাঙ্গালা অনুবাদ বাহা দেওরা হইল, তাহার মধ্যে ১ ও ২ ঋক্ লেখকের; অন্য ঋক্ গ্রালর অনুবাদ কোন বন্ধ, হইতে উপহার প্রাপ্ত।

र्वाष्क्रम ब्रह्मावनी

আধর্নিক হিন্দ্রয়নিতে যাহার নাম মাত্র নাই। আবার, আধর্নিক হিন্দ্রর কাছে যে সকল দেবতার বড় আদর, তাহার মধ্যে অনেকের নামমাত্রও বেদে পাওয়া যাইবে না।

তৃতীয় স্তের দেবতাও অনেকগ্নি। ১—৩ খকের দেবতা, অশ্বিনীকুমারশ্বয়, বেদে তাঁহাদের নাম "অশ্বিনো"। ৪—৬ খকের দেবতা ইন্দ্র; ৭—১ খকের দেবতা বিশ্বদেবাঃ।" আধ্নিক হিন্দ্র ইহাদিগের নামও অনবগত। ১০—১২ খকের দেবতা সরুস্বতী।

চতুর্থ স্তুক্তের দেবতা ইন্দ্র। ঋণেবদে ইন্দ্রের স্তবই অধিক। ৪ হইতে ১১ পর্যান্ত স্তুক্তের দেবতা ইন্দ্র। তদমধ্যে ষষ্ঠ স্তুক্তে মর্তেরাও আছেন। মর্তেরা বায়্ব হইতে ভিন্ন। সে প্রভেদ পরে বুঝাইব।

দ্বাদশের আবার জান্নদেবতা। ইন্দের পর ঋণেবদে আন্নর স্তবই জাধক।

চরোদশ স্কু "আপ্রী" স্কু। আপ্রীস্কের বিনিয়োগ পশ্যক্তে। ঋণেবদে মোট দশটি আপ্রীস্কু আছে। এই আপ্রীস্কের দেবতাও অগ্নি কিন্তু স্কের ১২টি ঋকে অগ্নির দ্বাদশ মুন্তির স্তব করা হইয়াছে।

চতুদ্দশি স্তের অনেক দেবতা, যথা—বিশ্বদেবাঃ, ইন্দু, বায়্, আমি, মিচ, ব্হস্পতি, প্যা, ভগ, আদিতা ও মর্শণা।

পণ্ডদশে ইন্দ্রাদি অনেক দেবতা। সায়নাচার্য্য বলেন, ঋতুরাই ইহার দেবতা। ষোড়শে একা ইন্দ্র দেবতা। সপ্তদশে ইন্দ্র, বর্ণ। অন্টাদশের এক দেবতা ব্রহ্মণস্পতি। তিনি কে? সে বড় গোলযোগের কথা। আবও ইন্দ্র ও সোম আছেন, তান্তর দক্ষিণা ও সদসম্পতি বা নারাশংস বলিয়া এক দেবতা আছেন। উনবিংশ সুক্তের দেবতা অগ্নি, মরুং।

এক অধ্যায়ের দেবতার তালিকা দিয়াই আমরা ক্ষান্ত হইলাম। বৈদিক দেবতা কাহারা, তাহা পাঠককে দেখাইবার জন্য তাঁহাকে এতটা দ্বঃখ দিলাম। এই এক অধ্যায়ের যে সব দেবতার নাম আছে, অবশ্য এমত নহে। কিন্তু পাঠক দেখিলেন যে, এই এক অধ্যায়ের মধ্যে, যে সকল দেবতা এখনকার প্রজার ভাগ খাইতে অগ্রসর তাঁহারা কেহ নাই। ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর, দ্বুর্গা, কালী, লক্ষ্মী, কার্ত্তিক, গণেশ, ই'হারা কেহই নাই। আমরা ঋণ্বেদের অন্যত্র বিষ্ণুকে খ্ব মতে পাইব; আর শিবকে না পাই, রুদ্রকে পাইব। ব্রহ্মাকে না পাই, প্রজাপতিকে পাইব। লক্ষ্মীকে না পাই, প্রজাপতিক পাইব। কিন্তু আর ঠাকুর ঠাকুরাণীগর্মালর বৈদিকত্বের ও মৌলিকত্বের ভারী গোলেযোগ। বাঙ্গালার চাউল কলার উপর তাঁহাদের আর যে দাবি দাওয়া থাকে থাকুক, বেদ-কর্ত্তা ঋষিদিগের কাছে তাঁহারা সনন্দ পান নাই, ইহা নিশ্চিত। এখন দেবত্ব বাজেয়াপ্ত করা যাইবে কি?

বাজেয়াপ্ত করিলে, অনেক বেচারা দেবতা মারা যায়। হিন্দর্র ম্থে ত শ্রনি, হিন্দর্র দেবতা তেরিশ কোটি। কিন্তু দেখি, বেদে আছে, দেবতা মোটে তেরিশটি। ঋশ্বেদ-সংহিতার প্রথম মন্ডলের, ৩৪ স্ক্তের, ১১ ঋকে অশ্বীদিগকে বলিতেছেন, "তিন একাদশ (১১×৩=৩৩) দেবতা লইয়া আসিয়া মধ্পান কর।" ১।৪৫।২ ঋকে অগ্নিকে বলা হইতেছে, "তেরিশটিকে লইয়া আইস" ঐর্প ১।১৩৯।১১ ও ৩।৬।৯ ও ৮।২৮।১ ও ৮।৩০।২ ও ৮।৩৫।৩ ও ৯।৯২।৪ ঋকে ঐর্প আছে। কেবল ঋশ্বেদে নয়, শতপথরাহ্মণে, মহাভারতে, রামায়ণে ও ঐতরেয় রাহ্মণেও তেরিশটিমার দেবতার কথা আছে।

এখন তেরিশ হইতে তেরিশ কোটি হইল কোথা হইতে? ইহার উত্তর, বিদ্যাস্ক্রের ভাটের কথায় দেওয়াই উচিত—

"এক মে হাজার লাখ মেয় কহা বনায়কে।"

ঋশ্বেদের ৩।৯।৯ ঋকে আছে, "গ্রীণ শতা গ্রীসহস্রাণি অগ্নিনং গ্রিংশচ্চ দেব। নব চ অসপর্যান্।" তিন শত, তিন সহস্র, গ্রিশ, নয় দেবতা। তেগ্রিশ কোটি হইতে আর কতক্ষণ লাগে।*

তার পর জিজ্ঞাস্য এই তেতিশটি দেবতা কে কে? ঋণেবদে সে কথা নাই, থাকিবার কথাও

তব্ খবি ঠাকুর তিন ছাড়েন নাই।

যে তিনের একাদশ গুলে তেতিশ, সেই তিনকে শত গুল, সহস্র গুল, দশ গুল ও তিন গুল করিয়াছেন। লোকে কোটি গুল করিয়াছে। এই "তিন" পাঠক ছাড়িবেন না। তাহা হইলে হিন্দু ধন্মের চরমে পৌছিতে পারিবেন। সে কথা পরে হইবে।

रमवञ्ज ७ शिनम् अन्य-द्वरम् सम्बर्धाः

নর। তবে শতপথব্রাহ্মণে ও মহাভারতে উহাদিগের শ্রেণীবিভাগ ও নাম পাওয়া যায়। শ্রেণীবিভাগ এইর্প। দ্বাদর্শটি আদিতা, একাদশটি র্দ্র এবং আর্টিট বস্। "আদিতা" "র্দ্র" এবং "বস্," বিশেষ একটি দেবতার নাম নয়, দেবতার শ্রেণী বা জাতিবাচক মাত্র।

এই হইল একহিশ। তারপর এ ছাড়া "দ্যাবা প্রিথী" এই দ্র্টি লইষা তেরিশটি। শতপথরাহ্মণে প্রজাপতিকে ধরিয়া ৩৪টি গণা হইয়াছে। মহাভারতের অনুশাসন পর্বে উহাদিগের নাম নিন্দেশি আছে। যথা—

আদিত্য। অংশ, ভগ, মিত্র, জলেশ্বর, বর্ণ, ধাতা, অর্য্যা, জয়স্ত, ভাস্কর, ত্বটা, পূ্বা, ইন্দু, বিষ্ণ।

র্দ্র। অজ. একপদ, আহরধা, পিনাকী, ঋত, পিতৃর্প ত্যানক, ব্যাকপি, শছু. হবন, ঈশ্ব।

বস্। ধর, ধ্রুব, সোম, সবিতা, অনিল, অনল, প্রত্যেষ, প্রভাস।

— 'প্রচার', ১ম বর্ষ, প. ৩৭-৪৬, ১০২-৮।

বেদের দেবতা

(বেদশীর্ষক প্রবন্ধের পরভাগ)

আমরা বেদ সম্বন্ধে যাহা লিখিয়াছি, তাহার উদ্দেশ্য যে কেবল পাঠককে দেখাইব, বেদে কি রকম সামগ্রী আছে, তাহা নহে। আমাদের আর একটি উদ্দেশ্য এই যে, বেদে কোন্দেবতাদের উপাসনা আছে? ঋশ্বেদসংহিতা বেদের সর্বাপেক্ষা প্রাচীন অংশ বিলয়া আধ্নিক পণ্ডিতেরা স্থির করিয়াছেন, তাই, আমরা এখন ঋশ্বেদসংহিতার আলোচনায় প্রবৃত্ত, কিন্তু সমযে বেদের অন্যান্যাংশের দেবে।পাসনার স্থূল মর্ম্ম বাহা পাওয়া যায়, তাহা ব্র্ঝাইব। এখন, আমরা দেখিয়াছি, ঋশ্বেদে আছে যে, দেবতা তেগ্রিশটি, কবি, ভক্ত বা ঠাকুরাণীদিদিদিসের গল্পে গল্পে তেগ্রিশ কোটি হইয়াছে।

তাব পর দেখিয়াছি যে, সেই তোঁলুশাট দেবতা, শতপথবান্ধণে (ইহাও বেদ) তিন শ্রেণীতে বিভক্ত ইইয়ছেন, যথা (১) আদিতা, (২) র.৫, (৩) বস্ব। তার পর মহাভারতে এই তিন শ্রেণীর দেবতার যেরপে নাম দেওয়া আছে, তাহাও দেযাছি।

খাং বদের সঙ্গে ইহার কিছ্ মিলে না। ইহার মধ্যে কোন কোন দেবতার নামও ঋণেবদে পাওয়া যায় না। ঋণেবদে এমন অনেক দেবতার নাম পাওয়া যায়, বাহা এই তালিকার ভিতর নাই। ঋণেবদে কতকগ্নিল আদিতোর নাম আছে বটে, এবং রাদ্র ও বসনু শব্দদ্বয় বহনুবচনে ব্যবহৃত হইরাছে। কিন্তু দ্বাদশ আদিত। একাদশ রাদ্র, এবং সভ বসনু, এমন কথা নাই। খাশেবদে নিন্দালিখিত দেবতাদিগের নাম পাওয়া যায়।

(১) মিত্র, বর্ণ, অর্থামা, ভগা, দক্ষ, অংশ, মার্ভান্ড, স্থা, সবিতা ও ইন্দ্র। ইহাদিগকে ঋণেবদের কোন স্থানে না কোন স্থানে আদিতা বলা হইয়াছে।

ইহ'র মধ্যে অর্থামা, ভগ, দক্ষ, অংশ, মার্ত্তব্দ ই'হাদিণের কোন প্রাধান্য নাই।

(২) আর বয়টির, **অর্থাং মি**ন্ত, **স্থা**, বর্ণ, সবিতা ও ইন্দের খ্ব প্রাধান্য। তছিয়া নিন্দালিখিত দেবতারাও ঋণ্বেদসংহিতায় বড় প্রবল।

অগি, বায়, মর্শাণ, বিষ্ণু, পদ্ধনা, প্রা, ছণ্টা অশ্বীদ্বয়, সোম।

- (৩) বৃহস্পতি, রন্ধণস্পতি ও যমেরও কিছ, গোরব আছে।
- (৪) ত্রিত, আপ্তা, অধিরধা ও অজ একপদের নাম স্থানে স্থানে পাওয়া যায়।
- (৫) এই কয়টি নামে স্থিকতা বা ঈশ্বর ব্ঝায়—বিশ্বকশ্মা, হিরণাগর্ভা, স্কন্ত, প্রজাপতি, প্রব্য, রন্ধা।
 - (৬) তদ্ভিন্ন কয়েকটি দেবী আছেন। দুইটি দেবী বড় প্রধানা—অদিতি ও উষা।
- (৭) সরস্বতী, ইলা, ভারতী, মহী, হোৱা, বর্ত্তী, ধীষণা, অরণ্যানী, অগ্নায়ী, বর্ণানী, অগ্নিনী, রোদসী, রাকা, সিনিবালী গ্লেস্, শ্রদ্ধা ও খ্রী, এই কয় দেবীও আছেন। ভাত্তিম পরিচিতা সকল নদীগণও স্থুত হইয়াছেন।

र्वाष्क्य ब्रह्मावली

এক্ষণে, আগে আদিতাদিগের কথা কিছ্ব বলিব। আদিত্য শব্দে এখন সচরাচর স্ব্র্যার ব্রুঝার। দ্বাদশ আদিত্য বলিলে অনেকেই বারটি স্ব্র্যার ব্রুঝার। আনক পশ্ডিত আবার এই ব্যাখ্যা করেন যে, দ্বাদশ আদিত্য অর্থে বারটি মাস ব্রুঝতে হইবে। পক্ষান্তরে আদিত্য সকল দেবতাদিগের সাধারণ নাম, এর্প প্রয়োগও আছে। যাঁহারা অমরকোবের ছত্ত দুই চারি পাঁড়রাছেন, তাঁহারাও জ্ঞানেন যে, "দেব" ইহার প্রতিশব্দ মধ্যে "আদিতের" শব্দটি ধরা হইয়াছে। আদিতের, আদিত্য, একই। এর্প গণ্ডগোল কেন? দেখা যাউক আদিত্য শব্দের প্রকৃত অর্থ কি?

দিত ধাতু বন্ধনে বা খণ্ডনে বা ছেদনে। দিতি যাহার বন্ধন নাই. সীমা আছে, খণ্ডিত বা ছিল্ল। অদিতি, যাহার বন্ধন নাই, অখণ্ড, অচ্ছিল্ল, সীমা নাই যে অনস্ত; The Infimite.

এই জড় জগং সূর্য্য, চন্দ্র, আকাশ, মেঘ, সবই সেই অখন্ড বা অনম্ভ হইতে উৎপন্ন। পূর্ব্বে बुकाइसाहि, यादा छेन्छ्यल, जादादे एमव, मूर्यापि त्रिम्ममस भागर्थ एमव। जादाता अनल दरेटज উৎপন্ন; অদিতি অনন্ত, তাই অদিতি দেবমাতা; দেবতারা আদিতা। কিন্তু সকল দেবতার মাতা ষে আদিতি, ঠিক এ কথা বেদে পাওয়া যায় না। এ কথা পৌরাণিক ও ঐতিহাসিক। প্রাণেতিহাসেই বেদে অঞ্জরিত যে হিন্দুধর্ম, তাহাই সম্পূর্ণতা প্রাপ্ত হইযাছিল। এখনকার সাহেবদিলের এবং সাহেব শিষ্যাদিলের মত এই যে, প্রেনা ইতিহাস কেবল মূর্থতা, এবং প্রপর্ধাম্মিকতা, ভন্ডামি এবং নন্টামি। বাস্তবিক বৈদিক ধর্ম্ম অপেক্ষা পৌরাণিক ধর্ম্ম অঞ্চরের অপেক্ষা ব্ক্লের ন্যায় শ্রেষ্ঠ। তবে বৃক্ষটিতে এখন অনেক বানরের বাসা হইযাছে বটে। ভরসা আছে, সময়ান্তরে সে কথা ব্রঝাইব। এক্ষণে কথাটা যাহা বলিতেছি, তাহা এই :-পোরাণিকেরা ব,ঝিয়াছিল যে, এই অনন্ত,—অনন্ত কাল ও অনন্ত শ্বিতি, অনন্ত জড়পরম্পরা, অনন্ত জীবপরম্পরা —এই অদিতি: (The Infinite in time, space and existence) ইহাই সৰ্বপ্রসূতি। সম্প্রসূতি বলিয়া যাহা তেজঃপর্জ, যাহা সুম্পর, যাহা দীপ্তিমান, যাহা মহৎ, যাহা বলবান্— আকাশ চন্দ্র সূর্য্য বর্ণ মর্থ পজ্জানা, সকলেরই প্রসূতি। তাই অদিতি দেবমাতা। কিন্তু ঋণেবদে অদিতির একটা বিস্তার নাই। ঋণেবদে অদিতি অনন্ত বটে, কিন্ত সে অনন্ত আকাশ। আকাশ অনন্ত, আকাশ অদিতি। তাই বেদে অদিতি কেবল সুর্য্যাদি আদিত্যদিনের মাতা। र्जामीज य जाकाम, जारा त्यामत जातक चात्नरे त्वथा आरह:-यथा अर्प्यामत ১०म मन्छलत ৬৩ সুক্তের ৩ খকে "যেভ্যো মাতা মধ্মৎ পিন্বতে পয়ঃ পীয় ষং দ্যৌর্দিতির্নিবহ'।:"— ইত্যাদি।

এখানে অদিতির বিশেষণ "দ্যোঃ" শব্দ। দ্যোঃ শব্দে আকাশ।*

আদিতি একটি প্রধানা বৈদিকী দেবী ইহা বলিয়াছি: কিন্তু দেখিতেছি ইনি আকাশ মান্ত। ইহাকে আকাশ-দেবতা বলা যাইতে পারে। বেদের যে সকল দেবতার নাম করিয়াছি, তাহাদের মধ্যে আরও আকাশ-দেবতা পাইব। বাস্ত্রবিক ঋশ্বেদের দেবতারা, হয়,

- (১) आकाम, यथा. जीर्माठ. एमोम्. वत्र्व (हैनि जाएनी जलमात नरहन), हेन्छ, अर्जना।
- (২) नज्ञ, अर्या एनवजा, यथा, अर्या, मिश्र, भविजा, शर्या, विक्रु।
- (৩) নয়, আঁগ্ন দেবতা, যথা, আঁগ্ন, বৃহস্পতি, ব্রহ্মণস্পতি, রুদ্র।
- (৪) নর, অন্যবিধ আলোক দেবতা, যথা, সোম, উষা, অশ্বীদ্বয়।
- (৫) নয়, বায়, দেবতা, যথা, বায়, মর,দ্গণ।
- (৬) নয়, স্থিকত্তা, যথা, প্রজাপতি, হিরণাগর্ভ, প্রের্ষ, বিশ্বকর্মা।
- (4) क्यो, यम প্রভৃতি দুই চারিটি মাত্র এই শ্রেণীর বাহিরে।

—'প্রচার', ১ম বর্ষ, প. ১২৪-২৮।

* শতপথরান্ধাশে আছে "ইয়ং বৈ পূথিবী অদিতিঃ", এখানে যদিও পূথিবীকৈ অদিতি বলা হইয়াছে, সে অনস্তার্থে। অথবর্ষ বৈদে পূথিবী হইতে অদিতির প্রভেদ করা হইয়াছে। যথা, "ভূমির্মাতা অদিতিনো জনিহাং ভ্রাতান্তরীক্ষম্।" এখানে তিন লোক গণা হইল। এখানেও অদিতি স্পন্টই আকাশ।

ইন্দ্ৰ

এখন আমরা কতক কতক জানিয়াছি, ঋশ্বেদে কোন্ কোন্ দেবতার উপাসনা আছে। আকাশ দেবতা, স্বা দেবতা, এ সকল কথা এখন ছাড়িয়া দিই। যদি প্রয়োজন বিবেচনা করি, তবে সে কথার সবিশেষ আলোচনা পশ্চাৎ করা যাইবে। এখন, ইন্দ্রাদির কথা বাল।

এই ইন্দ্রাদি কে? ইন্দ্র বলিয়া যে এক জন দেবতা আছেন, কি বিষ্ণু বলিয়া দেবতা এক জন আছেন, ইহা আমরা কেমন করিয়া জানিলাম? কোন মন্যা কি তাঁহাদের দেখিয়া আসিয়াছে? তাহাদের অন্তিত্বের প্রমাণ কি? ইহার উত্তরে অনেক পাকা হিন্দু, বাললেন যে, "হাঁ অনেকেই তাঁহাদিগকে দেখিয়া আসিয়াছে। সেকালে ঋষিরা সর্ব্বদাই স্বর্গে যাইতেন এবং ইল্যাদি দেবতার সঙ্গে আলাপ করিয়া আসিতেন। এবং তাঁহারাও সর্বাদা প্রতিবীতে আসিয়া মনুষ্য-দিগের সঙ্গে দেখাসাক্ষাং করিতেন। এ সকল কথা প্রোণ ইতিহাসে আছে।" বোধ হয়. আমাদিগকে এ সকল কথার উত্তর দিতে হইবে না। কেন না, আমাদিগের অধিকাংশ পাঠকই এ সকল কথায় শ্রদ্ধায়,ক্ত নহেন। তবে এ সম্বন্ধে একটা কথা না বলিয়া থাকা যায় না। প্রোণেতি-হাসে যে ইন্দ্রাদি দেবতার বর্ণনা আছে, যাঁহাদিগের সহিত রাজির্ধরা এবং মহর্ষিরা সাক্ষাৎ করিতে যাইতেন এবং যাঁহারা প্রথিবীতে আসিয়া স্পরীরে লীলা করিতেন, তাঁহাদিগের চরিত্র বড় চমংকার। কেহ গ্রের্তল্পগামী, কেহ চৌর, কেহ বাঙ্গালি বাব্রদিগের ন্যায় ইন্দ্রিপরবর্শ হইয়া নন্দনকাননে উব্দিশী মেনকা রম্ভা লইয়া ক্রীড়া করেন, কেহ অভিমানী, কেহ স্বার্থপর, क्टर लाडी,— प्रकल्ट भराभाभिष्ठे, प्रकल्टर प्रबर्गल, कथन अप्रदेव कर्जुक जाएंठ, कथन রাক্ষস কর্ত্তক দাসত্বশৃত্থলে বন্ধ, যথন মানব কর্ত্তক পরাজিত, কথন দুর্ব্বাসা প্রভৃতি মানবদিগের অভিশাপে বিপদগ্রস্ত, সর্বাদা রক্ষা বিষয় মহেশ্বরের শরণাপর। এই কি দেব-চরিত্র? ইহার সঙ্গে এবং নিকৃষ্ট মনুষ্য-চরিত্রের সঙ্গে প্রভেদ কি? এই সকল দেবতার উপাসনায় মহাপাপ এবং চিত্তের অবর্নাত ভিন্ন আর কিছুই হইতে পারে না। যদি এ সকল দেবতার উপাসনা হিন্দ্রধন্ম হয়, তবে হিন্দ্রধন্মের প্রনজ্জীবন নিশ্চিত বাঞ্চনীয় নহে। বাস্তবিক হিন্দ্রধন্মের প্রকৃত তাংপর্য্য এরূপ নহে। ইহার ভিতর একটা গুঢ় তাংপর্য্য আছে: তাহা পরম রমণীয় এবং মনুষ্যের উন্নতিকর। সেই কথাটি ক্রমে পরিস্ফুটে করিব বালিয়া আমরা এই সকল প্রবন্ধ-গর্মাল লিখিতেছি। সেই কথা বর্মিবার জন্য আগে বোঝা চাই, এই সকল দেবতা কোথা হইতে পাইলাম।

অনেকে বলিবেন, বেদেই পাইয়াছি। কিন্তু জিজ্ঞাস্য এই যে, বেদেই বা তাঁহারা কোথা হইতে আসিলেন? বেদ-প্রশেতারা তাঁহাদিগকে কোথা হইতে জানিলেন? পাকা হিন্দর্দিগের মধ্যে অনেকে বলিবেন, কেন বেদ ত অপৌর্ষেয়! বেদও চিরকাল আছেন, দেবতারাও চিরকাল আছেন, স্বতরাং তাঁহারাও বেদে আছেন। অপর কেহ বলিবেন, বেদ ঈশ্বর-প্রণীত, ঈশ্বর সর্ব্জ্ঞ, কাজেই বেদে ইন্দ্রাদি দেবগণের কথা থাকা কিছ্বই আশ্চর্য্য নহে। এর্প পাকা হিন্দ্রর সঙ্গে বিচার করা আমাদের উদ্দেশ্য নহে। আমরা বলিয়াছি যে, বেদ যে ঋষি-প্রণীত অর্থাং মন্ষ্য-রচিত, এ কথা বেদেই প্রশঃপ্রনঃ উক্ত হইয়াছে। এ কথায় যাঁহারা ব্রিবেন না ভাঁহাদিগকে ব্র্ঝাইবার আর উপায় নাই।

বেদ যদি ঋষি-প্রশীত হইল, তবে বিচার্য্য এই যে, ঋষিরা ইন্দাদিকে কোথা হইতে পাইলেন। তাঁহারা ত বলেন না যে, আমরা ইন্দাদিকে দেখিয়াছি। সে কথা প্রাণ ইতিহাসে থাকুক, ঋণেবদে নাই। অথচ তাঁহারা ইন্দাদির রূপ ও গ্লুণ সবিস্তারে বর্ণন করিয়াছেন। খবর পেণিছিল কোথা হইতে? ইন্দাদি কি, এ কথাটা ব্রিঝলেই সে কথাটা বোঝা যাইবে। এবং আরও অনেক কথা বোঝা যাইবে।

এই ইন্দ্রকেই উদাহরণস্বর্প গ্রহণ করা যাউক। ই'হার ইন্দ্র নাম হইল কোথা হইতে? কে নাম রাখিল? মন্ব্যে না তাঁর বাপ মারে? "তাঁর বাপ মারে," এমন কথা বলিতেছি তাহার কারণ এই যে, তাঁহার বাপ মা আছেন, এ কথা ঋণ্বেদে আছে। তবে তাঁর বাপ মা কে, সে বিষয়ে ঋণ্বেদে বড় গোলযোগ। ঋণ্বেদে অনেক রকম বাপ মার কথা আছে। ঋণ্বেদে এক ছানে মাত্র তিনি আদিত্য বলিয়া আখ্যাত হইয়াছেন। কিন্তু শেষ পোরাণিক তত্ত্ব এই দাঁড়াইয়াছে যে,

र्वाष्क्रम ब्रह्मावली

তিনি অদিতি ও কশ্যপের প্রা। প্রোণেতিহাসে তাহার এই পরিচয়। এখন জিজ্ঞাস্য এই ষে, অদিতি ও কশ্যপ—ইন্দের অম্প্রাশনের সময় কি তাঁহার ঐ নাম রাখিয়াছিলেন?

আগে ব্রিঝয়া দেখা যাউক যে, ইন্দ্র আদিতি এবং কশ্যাপের সন্তান কেন হইলেন? আদিতি কে তাহা আমরা প্রেবহি ব্ঝাইয়াছি—তিনি অনন্ত প্রকৃতি। আমরা যাহা বলিয়াছি, তাহার উপর দ্বই একজন বিলাতী পশ্ডিতের কথা হইলে বোধ হয় আমাদের দেশের অনেক বাব্র মনঃপ্ত হইবে। এই জন্য নোটে প্রথমতঃ আচার্য্য রোথের মত, দ্বিতীয়তঃ মাক্ষম্লরের মত উদ্ধৃত করিলাম।*

এই ত গেল দেবতাদিগের মা। এখন দেবতাদিগের বাপ কশ্যপের কিছু পরিচর দিই। এখানে সাহেবদিগের সাহায্য পাইব না বটে, কিন্তু বেদের সাহায্য পাইব। কশ্যপ অর্থে কচ্ছপ। এ অর্থ বেদেও লেখে, আজিও অভিধানেও লেখে। এখন, কচ্ছপের আর একটা সংস্কৃত নাম ক্মো। আবার ক্মো শব্দ কু ধাতু হইতে নিন্পন হইতে পারে—কি প্রকারে নিন্পন হইতে পারে সে কচ্কচিতে আমাদের কাজ নাই—বৈদিক ঋষিরা তাহার দায়ী অতএব যে করিয়াছে, সেই ক্মো। ক্মো হইতে হইতে কালক্রমে সেই কর্তা আবার কশ্যপ হইল, কেন না—ক্মো কণ্যপ একার্থবাচক শব্দ। যিনি সকল করিয়াছেন, যিনি বেদে প্রজাপতি বা প্রায় অভিহিত, তিনি ক্মো, তিনিই এই কশ্যপ। এখন বেদ হইতে ইহার প্রমাণ দিতেছি।

"স বং ক্ষেমা নাম। এতবৈ র্পং ধ্রা প্রজাপতিঃ প্রজা অস্জত। যদস্জত অকরোত্তং। যদকরোক্তমাৎ ক্মাঃ। কশ্যপো বৈ ক্মা। তস্মাদাহ্ঃ সব্বাঃ প্রজাঃ কাশাপা ইতি।" শতপথরাক্ষা ৭।৪।১।৫

ইহার অর্থ---

"ক্মের্ম নামের কথা বলা যাইতেছে।—প্রজাপতি এই রূপ ধারণ করিয়া প্রজা স্জন করিলেন। যাহা স্জন করিলেন, তাহা তিনি করিলেন (অকরোং), করিলেন বলিয়া তিনি ক্ম্মি। কশ্যপত্ত (অর্থাং কছপ্র) ক্মের্ম। এই জন্য লোকে বলে, সকল জীব কশ্যপের বংশ।"

অতএব প্রজাপতি বা স্রন্টাই কশ্যপ। গোড়ায় তাই। তার উপর উপন্যাসকারেরা উপন্যাস বাডাইয়াছে।

অতএব ইন্দের বাপ মার ঠিকানা হইল। সকল বন্ধুর বাপ মা যে, ইন্দেরও বাপ মা সেই প্রকৃতি প্র্র্ব। সাংখোর প্রকৃতি প্র্র্ব নহে: ইন্দ্র যখন হইরাছেন, সাংখ্য তখন হস নাই। প্রকৃতি অনন্তসন্তা†—প্র্র্ব আদি কারণ। যখন বাপ মার এর্প পরিচয় পাইলাম, তখন এর্প

* আচার্যা রোথ বলেন—

"Aditi Eternity or the Eternal, is the element which sustains and is sustained by the Adityas. This conception, owing to the character of what it embraces, had not in the Vedas been carried out into a definite personification, though the beginnings of such are not wanting.*** This eternal and inviolable principle in which the Adityas live and which constitutes their essence is the Celestial Light."

২। মাক্ষম্লের বলেন-

"Aditi, an ancient God or Goddess, is in reality the carliest name invented to express the Infinite; not the Infinite as the result of a long process of abstract reasoning but the visible Infinite, visible by the naked eye, the endless expanse beyond the earth beyond the clouds beyond the sky."

Translations from the Rig-Veda. I, 230.

সারনাচার্য্যের মত ভিন্ন প্রকার, কিন্তু তিনিও জ্ঞানেন যে, অদিতি চৈতন্যযুক্তা দেবী-বিশেষ নহেন। তিনি বলেন, "অদিতিং অধন্ডনীয়াং ভূমিং দিতিং খন্ডিতাং প্রজ্ঞাদিকাং।" কেহ কেহ অদিতিকে প্রথিবী মনে করিতেন, তাহা পুস্থেব বলা হইয়াছে।

† পাঠকের স্মরণ থাকে যেন প্রথমে অদিতি অনন্তসত্তা বা প্রকৃতি নহেন—প্রথমে অদিতি অনন্ত আকাশ মাত্র। "অনন্ত" ইতিজ্ঞান, প্রথমে আকাশ হইতে জন্মিয়া পরিণামে সমন্ত সন্তায় পেণছে। ব্ঝা ষায় যে, ইন্দ্রও ব্রিঝ একটা শরীরী চৈতন্য না হইবেন—প্রকৃতিতে ঐশী শক্তির বিকাশ মাত্র হইবেন। আমরা প্রথম প্রবন্ধে দেখাইরাছি, ইন্দ্রের নামেই সে কথা স্পন্ট ব্যুঝা ষায়। নামটা আদিতি ও কশ্যপ তাঁহার অলপ্রাশনের সময় রাখেন নাই, আমরাই রাখিরাছি। আমরা যাঁহাকে ইন্দ্র বলি, তাঁহার গ্লুণ দেখিয়াই ইন্দ্র নাম রাখিয়াছি। ইন্দ্র্যাপু বর্ষদে। তদত্তর "র" প্রতায় করিয়া "ইন্দ্র" শব্দ হয়। অতএব, বিনি বৃন্দ্রি করেন, তিনিই ইন্দ্র। আকাশ বৃন্দ্রি করে, অতএব ইন্দ্র আকাশ।

আমরা অন্য প্রবন্ধে বলিয়াছি, অদিতিও আকাশ-দেবতা। আকাশকে দ্বই বার পৃথক্ পৃথক্ ভিন্ন ভিন্ন দেবতা কল্পনা করা কিছ্ই অসম্ভব নহে। বরং আরও আকাশ-দেবতা আছে—থাকাও সম্ভব। যখন আকাশকে অনস্ত বলিয়া ভাবি, তখন আকাশ অদিতি; যখন আকাশকে বৃণ্টিকারক বলিয়া ভাবি, তখন আকাশ ইন্দ্র; যখন আকাশকে আলোকময় ভাবি, তখন দ্যোঃ। এমনই আকাশেব আর আর ম্তি আছে। সুর্য্য অগ্নি বায়্ব প্রভৃতির ভিন্ন ভিন্ন শক্তির আলোচনায় ভিন্ন ভিন্ন বৈদিক দেবের উৎপত্তি হইয়াছে, ক্রমে দেখাইব।

আমরা যদি এই কথা মনে রাখি যে, বৃষ্টিকারী আকাশই ইন্দ্র, তাহা হইলে ইন্দ্র সম্বন্ধে যত গুন্দ, যত উপন্যাস, বেদ, প্রোণ ও ইতিহাসে কথিত হইয়াছে, তাহা বৃথিতে পারি। এখন বৃথিতে পারি, ইন্দুই কেন বজ্রধর, আর কেহ কেন নহে। যিনি বৃণ্টি করেন, তিনিই বজ্রপাত করেন।

ঋণেবদের স্কুণ্যলির সবিশেষ পর্য্যালোচনা করিলে ব্রিঝতে পারিব যে, কতকগ্রলি স্কু অপেক্ষাকৃত প্রাচীন, কতকগ্রলি অপেক্ষাকৃত আধ্রনিক। ইহাতে কিছ্ই অসম্ভব নাই, কেন না সংহিতা সংকলিত গ্রন্থ মাত্র। নানা সময়ে, নানা ঋষি কর্ত্তক প্রণীত, না হয় দৃষ্ট মন্ত্রগ্রলির সংগ্রহ মাত্র। অতএব তাহার মধ্যে কোনটি প্র্ববন্তী, কোনটি পরবন্তী অবশ্য হইবে। যে স্কুণ্যলি আধ্রনিক, তাহাতে ইন্দ্র শরীরী, চৈতন্যযুক্ত দেবতা হইয়া পড়িয়াছেন বটে, তথন ইন্দ্রের উৎপত্তি ঋষিরা ভুলিয়া গিয়াছেন। কিন্তু প্রাচীন স্কুণ্যলিতে দেখা যায় যে, ইন্দ্র যে আকাশ, এ কথা ঋষিদের মনে আছে। কতকগ্রলি উদাহরণ দিতেছি।

"অবন্ধ হিনন্দ্রমর তুণিচদর মাতা যদ্বীরং দধনদ্ধনিষ্ঠা" ১০।৭৩।১

অর্থাৎ যথন তাহার ধনাঢ্যা মাতা তাঁহাকে প্রসব করিলেন, তখন মর্তেরা তাঁহাকে বাড়াইলেন। এস্থলে ঝড়ের সঙ্গে বৃষ্টির সম্বন্ধ স্টিত হইতেছে।

"ইন্দ্রস্য শীর্ষং ক্রতযো নিরেকে" ১০।১১২।৩

এখানে স্থ্যালোকে আকাশ আলোকিত হইবার কথা স্চিত হইতেছে এবং ইন্দ্রেক "হরিশিপ্র" "হরিকেশ" "হবিশ্যার্য" "হিরিশিপ্র" "হিরিশের্য" "হিরিশিপ্র" "হিরিশের্য" "হিরিশের্য" "হিরিশের্য" ইত্যাদি বিশেষদের দারা আকাশে স্থ্যালোকজনিত কাঞ্চনবর্ণ স্চিত হইতেছে। বর্ষণকালীন মেঘ সকল বায়্র উপর আরোহণ করিয়া চলে, এজন্য কথিত হইয়াছে যে, ইন্দ্র বাতাসের ঘোড়ার উপর চলেন "যুজানো অশ্বা বাতস্য ধুনী দেবো দেবস্য বিজ্ঞার" ১০।২২।৪।৬। ইন্দের বজ্ঞের সম্বন্ধে কথিত হইয়াছে "সম্চের অন্তঃ শয়তে উদ্না বজ্ঞা অভীবৃতঃ" ৮।৭৯।৯। বজ্ঞ অন্তঃসম্দের জলকর্ত্বক আবৃত হইয়া শৃইয়া থাকে। এখানে অন্তঃসম্দ্র অর্থে অন্তরীক্ষ্ক, আর জল অর্থে অন্তরীক্ষ্কর বায়বীয় পদার্থ। অথব্ব বেদে ইন্দের জাল আছে "অন্তরীক্ষম্ জালমাসীক্জালদশতা দিশোমহীঃ।" অথব্ব বেদ ৮।৫। অর্থাৎ অন্তর্গীক্ষটা ইন্দের জাল আর প্থিবীর দিক্ সকল জালের দণ্ড বা বাশি—এ জাল আকাশেরই।

এর্প উদাহরণ খ্জিলে অনেক পাওয়া যায়। পাঠকের র্চি হয়, আমরা আরও যোগাইতে পারিব। এক্ষণে ইন্দ্র সম্বন্ধে যে সকল উপন্যাস আছে, তাহার দুই একটা ব্রাইবার চেন্টা করা ষাউক। এ সকল উপন্যাস অধিকাংশ অস্বরবধ স্বন্ধে। আধ্নিক বৈয়াকরণেরা অস্বর শব্দের এই ব্যাখ্যা করেন যে, "অস্যতি ক্ষিপতি দেবান্ উর বিরোধে ইতি অস্বয়ঃ।"

* মাও আকাশ, ছেলেও আকাশ, ইহাও বিক্ষয়কর নহে। প্রথম বখন আকাশ "অদিতি" এবং আকাশ "ইন্দ্র" বলিয়া কল্পিত হয়, তখন ইহাদিদের মাতা পত্র সন্তর্ম কল্পিত হয় নাই। ঋণেবদে তিনি অদিতির প্রেদিগের মধ্যে গণিত হন নাই; কেবল এক স্থানে মাত্র ঋণেবদে আদিত্য বলিয়া অভিহিত্ত হইয়ছেন। সে স্কেটিও বোধ হয় আধ্নিক। বদিও এই ব্যাখ্যা প্রকৃত নহে এবং আদৌ অস্ত্রে ও দেব উভয় শব্দ একার্থবাচক ছিল, তথাপি শেষাবন্ধায় দেববেষবীদিগকেই যে অস্ত্রর বলা হইত, ইহা যথার্থ। যখন বেদে পড়ি যে, ব্রু নম্চি শব্র প্রভৃতি অস্ত্ররাণ ইল্রের দ্বেক ছিল এবং ইন্দ্র ইহাদিগকে বছুদ্বারা বধ করিলেন তখন অনেক স্থানেই ব্রিবতে পারি যে, এই সকল অস্ত্রর বৃদ্ধির বিঘা মার, বৃদ্ধিনিরাধক প্রাকৃতিক ক্রিয়া মার। আকাশ বজ্পাত করিয়া বৃদ্ধি আরম্ভ করেন, অর্মান সে অস্ত্রেরা মরিয়া যায়। অর্মান ইল্রের বজ্রে ব্রু মরে। "বজ্রেণ হন্ধা নিরাপঃ সসর্জ" "বক্রেণ যানি অতৃণং নদীনাং" "ইল্রো অর্মো অপাং প্রৈরমদহীহাচ্চ সম্ত্রং" এমন কথা অনেক পাওয়া যায়। প্রথম মন্ডলের ৩২ স্ত্রের ২ ঋকে আছে যে, "বাল্লা ইব ধেনবঃ স্যান্মনাষ্ট অঞ্জঃ সম্ত্রমবজ্বশুরাপঃ" ব্রাস্ত্রর হত হইলে পর রৃদ্ধাতি নদী সকল বেগের সহিত সম্ত্রেপ্র প্রাহিত হইয়াছিল, যার প্রেণ গো সকল হাম্বারব করিয়া সম্বর বংসের নিকট গমন করে।

এই সকল কথার মন্ম এই যে, ব্রাদি অস্ব বধ হইলেই জল ছোটে। অতএব অস্ব-বধ আর কিছ্ই নহে—বৃষ্টির বিঘা সকল বিনাশ করিয়া বর্ষণ করা। সচরাচর দেখা যায় যে, গ্রীজ্মের পর প্রথম বৃষ্টিতে অধিক বজ্রাঘাত হয়, এই জন্য বজ্রের দ্বারা ইন্দ্র অস্বর বধ করেন। কিন্তু কেবল বজ্রের দ্বারা নহে, "হিমেন অবিধ্যদর্শ্বদেং" ৮।৩২।২৬, (হিমেন, হিমের দ্বারা অর্থাৎ আমরা যাহাকে শিল বলি তন্দ্বারা)। শৃক্তকালের পর প্রথম বৃষ্টির সময়ে অনেক সময়ে শিল (hail) পড়ে। প্রনশ্চ "অপাম্ ফেনেন নম্চেঃ শির ইন্দ্র উদ্বর্ত্তরং" ৮।১৪।১৩ জলের ফেনার দ্বারা ইন্দ্র নম্কির মন্তক উদ্বর্ত্তন করিলেন। ঝড় বৃষ্টির চোটে অস্বটা মারা গোল।

অতএব নম্বাচ ব্র শম্বর আহি প্রভৃতি অস্বরেরা ব্লিট-নিরোধক প্রাকৃতিক ক্রিয়া ভিন্ন অন্য কিছ্ই যে নহে, ইহা স্পন্টই দেখা যাইতেছে। কিন্তু ইহারা প্রাদেতিহাসের অনেক মালমসলা যোগাইয়াছে।

ইন্দ্র বৃণ্টিকারী আকাশ, শাধ্ব এই কথাটাকু লইয়া প্রাণেতিহাসের উপন্যাস সকল কি প্রকারে রচিত হইয়াছে, তাহার আর একটা উদাহরণ দিতেছি। অহল্যার গলপ সকলেই জানেন। কথিত আছে, ইন্দ্র গোতমপদ্দী অহল্যাকে হরণ করেন এবং ঋষির শাপে তাঁহার অঙ্ক সহস্রধা বিকৃত হয়। তাহার পর আবার ঋষিবাক্যে সেই বিকার সহস্র চক্ষে পরিণত হয়। উপন্যাসটা শানিতে অতি কদর্য্য এবং এইরপে উপন্যাসের জন্যই হিন্দ্রশাস্ত্র লক্ষ গালি খাইয়াছে। আর এই সকল উপন্যাসই হিন্দ্র্যম্মের প্রতি শিক্ষিত সম্প্রদায়ের এত অভক্তির কারণ হইয়াছে। ইউরোপীয় পণ্ডিত সাহেবরাও—অন্যে নয়, ম্র, মাক্ষম্লার, লাসেন প্রভৃতি, পড়িয়া শানিয়া শ্বির করিয়াছেন যে, লাম্পট্যপ্রিয় হিন্দ্রশাস্ত্রকারেরা লাম্পট্যপ্রিয়তাবশতঃই, ইন্দ্রাদি দেবতাকে লম্পট বলিয়া চিত্রিত করিয়াছে।

কিন্তু কথাটা বড় সোজা। ইন্দ্র সহস্রাক্ষ কিন্তু ইন্দ্র আকাশ। আকাশের সহস্র চক্ষ্ব কে না দেখিতে পার? সাহেবরা কি দেখিতে পান না ষে, আকাশে তারা উঠে? সহস্র তারাষ্ক্ত আকাশ, সহস্রাক্ষ ইন্দ্র। কথাটা আমি ন্তন গড়িতেছি না—অনেক সহস্র বংসরের কথা। প্রাচীন গ্রীসেও এ কথা প্রচলিত ছিল। তবে আমরা বলি, ইন্দ্র সহস্রাক্ষ: তাহারা বলে, আর্গাস শতাক্ষ।*

পাঠক বালতে পারেন, তাহা হউক, কিন্তু অহল্যার কথাটা আসিল কোথা হইতে? সকলেই জানেন হল বলে লাঙ্গলকে। অহল্যা অর্থাৎ যে ভূমি হলের দ্বারা কর্ষিত হয় না—কঠিন,

Tylor's Primitive Culture, p. 230, Vol. I.

^{*} Even where the tellers of legends may have altered or forgotten its earlier mythic meaning, there are often sufficient grounds for an attempt to restore it.*** For instance the Greeks had still present to their thought the meaning of Argos Panoptes, Io's hundred eyed all seeing guard, who slain by Hermes and changed into a peacock, for Macrobus writes as recognizing in him the star-eyed heaven itself, even as the Aryan Indra—the Sky—is the "thousand eyed."

एमवञ्जू ও हिन्मुअर्ध्य—रकान् भाष बाहेरङीह?

অনুবর। ইন্দ্র বর্ষণ করিয়া সেই কঠিন ভূমিকে কোমল করেন,—জীণ করেন, এই জন্য ইন্দ্র অহল্যা-জার। জ্বাত্ত হাতে জার শব্দ নিম্পন্ন হয়। বৃষ্ণির দ্বারা ইন্দ্র তাহাতে প্রবেশ করেন, এই জন্য তিনি অহল্যাতে অভিগমন করেন। কুমারিলভট্ট এ উপন্যাসের আর একটি ব্যাখ্যা দিয়াছেন তাহা নোটে* উদ্ধৃত করিলাম। উপরি-ক্থিত ব্যাখ্যাগ্নিলর জন্য লেখক নিজে দায়ী।

এখন বোধ হয় পাঠক কতক কতক বৃথিয়া থাকিবেন যে, হিন্দৃধন্দের্মর ইন্দ্রাদি দেবতা কোথা হইতে আসিয়াছেন এবং প্রাণেতিহাসের উপাখ্যান সকলই বা কোথা হইতে আসিয়াছে। বেদের অন্যান্য দেবতা সম্বন্ধেও আমরা কিছু কিছু বলিব।

এখন জিজ্ঞাস্য এই যে, এই ইন্দুকে প্রজা না করিব কেন? ইনি অচেতন, বর্ষণকারী আকাশ মাত্র, কিন্ত ইহাতে কি জগদীশ্বরের শক্তি, মহিমা, দয়ার আশ্চর্য্য পরিচয় পাই না? র্যাদ আমি আকাশ সচেতন, স্বয়ং সুখদুঃখের বিধানকর্তা বালয়া, তাঁহার উপাসনা করি, র্যাদ তাই ভাবিয়া, তাঁহার কাছে প্রার্থনা করি যে, হে ইন্দু! ধন দাও, গোর, দাও, ভার্য্যা দাও, শনুসংহার কর, তবে আমার উপাসনা, দৃষ্ট, অঙ্গীক, উপধর্ম্ম মাত। কিন্তু যদি আমার মনে থাকে যে, এই আকাশ নিজে অচেতন বটে, কিন্তু জগদীশ্বরের বর্ষণ-শক্তির বিকাশস্থল; যে অনন্ত कात, लात गुरा प्रियो द्षि भारेया गीजना, जनगानिनी, गमागानिनी, जीवगानिनी रस. সেই কার দোর দ্রিটপথবর্তিনী প্রতিমা, তবে তাহাকে ভক্তি করিলে, প্রজা করিলে, ঈশ্বরের প্জা করা হইল। ঈশ্বরকে আমরা দেখিতে পাই না; তবে তাহাকে আমরা জানিতে পারি কিসে? তাঁহার কার্য্য দেখিয়া, তাঁহার শক্তি ও দয়ার পরিচয় পাইয়া। যেখানে সে শক্তি দেখিব, সে পরিচ্য পাইব, সেইখানে তাঁহার উপাসনা করিব, নহিলে তাঁহার প্রতি আন্তরিক ভক্তির সম্পূর্ণ স্ফুরির্ড হইবে না। আর যদি চিত্তরঞ্জিনা ব্রিগ্রেলির স্ফুরির্ড স্থের হয়, তবে জগতে यादा মহং, यादा मुन्पत, यादा भी ख्यान, তादात छे भामना कतिराठ दश। यिष ध সকলের প্রতি ভাক্তমান্ না হইব, তবে চিত্তরঞ্জিনী ব্যক্তিগ্রলি লইয়া কি করিব? এ উপাসনা ভিন্ন হদর মর্ভুমি হইরা যাইবে। এগর্লি বাদ দিয়া যে সশ্বরোপাসনা, সে পত্রহীন বক্ষের न्याय अन्नरीन छेपात्रना। हिन्दूधस्पर्य व छेपात्रना आह्य। देश हिन्दूधस्पर्यत स्थलेशात नक्ष्म। তবে দুর্ভাগ্যবশতঃ ক্রমে হিন্দুধন্মের বিকৃতি হইয়াছে, ইন্দু যে বর্ষণকারী আকাশ, তাহা ভলিয়া গিয়া তাঁহাকে স্বয়ং সূখদঃখের বিধাতা, অথচ ইন্দ্রিয়পর্বশ, কুকম্মশালী, স্বর্গস্থ একটা জীবে পরিণত করিয়াছি। হিন্দুধন্মের সেইট্রক এখন বাদ দিতে হইবে-হিন্দুধন্মে যে একমাত্র ঈশ্বর ভিন্ন দেবতা নাই, ইহা মনে রাখিতে হইবে। তবে ইহাও মনে রাখিতে হইবে যে, ঈশ্বর বিশ্বরূপ: যেখানে তাঁহার রূপ দেখিব, সেইখানে তাঁহার পূজা করিব। সেই অর্থে रेन्त्रामित উপाসনা প্रगामश-निर्देश व्यक्त्या। 'श्रुहात', ১म वर्ष, शृः ১৪৫-৫৬।

কোন পথে যাইতেছি?

যাঁহারা ধর্ম্ম-ব্যাখ্যায় প্রবৃত্ত, তাঁহাদিগকে দুই শ্রেণীতে বিভক্ত করা ঘাইতে পারে। এক শ্রেণীর ব্যাখ্যাকারেরা বলেন, যাহাকে ধর্ম্ম বালিতেছি, তাহা ঈশ্বরোক্ত বা ঈশ্বর-প্রেরিত উপদেশ। তাঁহাদের কাজ বড় সোজা। অমৃক গ্রুণ্থে ঈশ্বরদন্ত উপদেশগুনি পাওয়া যায়, আর তাহার তাৎপর্য্য এই, এই কথা বলিলেই তাহাদের কাজ ফ্রাইল। খ্রীন্টিয়ান, রাক্ষণ, মৃসলমান, রাহ্মণী, সচরাচর এই প্রথাই অবলম্বন করিয়াছেন।

দ্বিতীয় শ্রেণীর ব্যাখ্যাকারেরা বলেন যে, কোন ধর্ম্ম বা ধর্ম্মপত্নক যে ঈশ্বরোক্ত, ইহা বিশ্বাস করিবার উপযুক্ত কারণ নাই। বৌদ্ধ, কোম্ত্, রাহ্ম, এবং নব্য হিন্দু, ব্যাখ্যাকারেরা এই মতের উদাহরণম্বরূপ। ই'হারা কোন গ্রন্থকেই ঈশ্বরোক্তি বলিয়া স্বীকার করেন না।

* "সমন্ততেজাঃ প্রমেশ্বরত্বনিমিত্তেশ্রশব্দবাচ্যঃ সবিতৈবাহনি লীর্মানত্য়া রাত্রের্ল্যাশব্দবাচ্যারাঃ ক্ষারাত্মকর্পহেত্ত্বাল্জনি তাম্মাদনেন বোধিতেন বেতাহল্যাঞ্জার ইত্যাতে ন প্রস্থাবিত্তারাং।"

ইহার অর্থ। তেজামর সবিতা ঐশ্বর্গহেতুক ইন্দ্রপদবাচা। অইন্ অর্থাৎ দিনকে লার করে বলিয়া রাত্রের নাম অহল্যা। সেই রাত্রিকে ক্ষর বা জাণি করেন বলিয়া ইন্দ্র অর্থাৎ সবিতা অহল্যাজ্বার। ব্যক্তিচার জন্ম নহে। বঙ্গদর্শন, ১২৮১—৪৬৮ প্রে। ষদি ঈশ্বর-প্রণীত ধর্ম্ম না স্বীকার করিলেন, তবে তাহাদিগকে ধন্মের একটা নৈসগিক ভিত্তি আছে, ইহা প্রমাণ করিতে হইবে। নইলে ধন্মের কোন মূল থাকে না—কিসের উপর ধর্ম্ম সংস্থাপিত হইবে? ধন্মের এই নৈসগিক ভিত্তি কন্সিত অস্তিত্বশন্যে বন্তু নহে; যাঁহারা ঈশ্বর-প্রণীত ধর্ম্ম স্বীকার করিয়া থাকেন, তাঁহারাও ধন্মের নৈসগিক ভিত্তি স্বীকার করিতে পারেন।

উপস্থিত লেখক হিন্দ্র্ধন্মের অন্যান্য নৃতন ব্যাখ্যাকার্রাদগের ন্যায় দ্বিতীয় শ্রেণীভূক্ত। আমি কোন ধর্মাকে ঈশ্বর-প্রণীত বা ঈশ্বর-প্রেরিত মনে করি না।* ধর্মোর নৈসগিকি ভিত্তি আছে, ইহাই স্বীকার করি। অথচ স্বীকার করি যে, সকল ধন্মের অপেক্ষা হিন্দুংধর্মা শ্রেষ্ঠ।

এই দুইটি কথা একত্রিত করিলে, পাঠক প্রথমে আপত্তি করিবেন যে, এই দুইটি উক্তি পরস্পর অসঙ্গত। হিন্দুধর্ম্ম যাহারা গ্রহণ করে, তাহারা হিন্দুধর্ম্ম ঈশ্বরোক্ত বলিয়াই গ্রহণ করে। কেন না, হিন্দুধর্ম্ম বেদমূলক। বেদ হয় ঈশ্বরোক্ত, নয় ঈশ্বরের নায় নিতা। যে ইহা মানিল না, সে আবার হিন্দুধর্মের সত্যতা এবং শ্রেষ্ঠতা স্বীকার করে কি প্রকারে?

ইহার উত্তরে বলা যাইতে পারে যে, ধন্মের যে নৈস্গিক ভিত্তি আছে, হিন্দর্ধন্ম তাহার উপর স্থাপিত, তাই ঈশ্বর-প্রণীত ধন্ম না মানিয়াও হিন্দর্ধন্মের যাথার্থ্য ও প্রেষ্ঠতা স্বীকার করা যাইতে পারে। মহাত্মা রাজা রামমোহন রাথের সময় হইতে এই কথা ক্রমে পরিস্ফুট হইতেছে।

যাঁহারা এই কথা বলেন, তাঁহাদের উপর এই কথা প্রমাণের ভার আছে। তাঁহাদিগকে দেখাইতে হইবে যে, হিন্দব্ধন্ম, ধন্মের নৈস্গিক ম্লের উপর স্থাপিত। যদি তাহা না দেখাইতে পারেন, তবে এক শ্রেণীর লোক বলিবেন, "হিন্দব্ধন্ম তবে ধন্মহি নহে, মিথ্যা ধন্ম।" আর এক শ্রেণীর লোক বলিবেন, "ধন্মের নৈস্গিক ভিত্তির কথা ছাড়িয়া দাও—বেদ নিত্য বা বিধিবাকা বলিয়া স্বীকার কর।"

অতএব হিন্দুখন্দের্যর ব্যাখ্যায় আমাদের দেখাইতে হইবে যে, হিন্দুখন্দর্ম, ধন্দের্মর নৈস্গিকি ভিত্তির উপর শুপিত। ইহা দেখাইতে গেলে প্রথমে ব্যুঝাইতে হইবে, ধন্দের সেই নৈস্গিকি মূল কি? তাহার পর দেখাইতে হইবে যে, হিন্দুখন্দর্ম সেই মূলের উপরেই শ্বাপিত।

প্রথমটি, অর্থাৎ ধন্মের নৈস্গিকি তত্ত্ব, আমি নবজীবনে ব্রথাইতেছি। দ্বিতীয়টি 'প্রচারে' ব্রথাইতে প্রয়াস পাইতেছি।

আমি 'নবজীবনে' দেখাইরাছি যে, ধন্মের তিন ভাগ, (১) তত্ত্বজ্ঞান, (২) উপাসনা. (৩) নীতি। হিন্দ্রধন্মের ব্যাখ্যায় প্রবৃত্ত হইতে গেলে, ঐ তিন ভাগই একে একে ব্রিষয়া লইতে হয়।

হিন্দ্রধন্মের প্রথম ভাগা, অর্থাং তত্ত্ত্তান, ইহাকেও আবার তিনটি পৃথক্ অবস্থায় অধীত করিতে হয়। (১) বৈদিক, (২) দার্শনিক, (৩) পোরাণিক।

এই বৈদিক তত্ত্ব আবার গ্লিবিধ। (১) দেবতাতত্ত্ব, (২) ঈশ্বরতত্ত্ব, (৩) আত্মতত্ত্ব। দেবতাতত্ত্ব প্রধানতঃ সংহিতায়; আত্মতত্ত্ব উপনিষদে: ঈশ্বরতত্ত্ব উভয়ে।

অতএব হিন্দুধশ্মের ব্যাখার গোড়ায় ঋণেবদসংহিতার দেবতাতত্ত্ব। পাঠক এখন ব্যবিয়াছেন যে, কেন আমরা ঋণেবদসংহিতার দেবতাদিগকে লইযা 'প্রচারে' ধর্মে-ব্যাখ্যা আরম্ভ করিয়াছি।

পূর্ব্ব কয় সংখ্যার কর্মটি বৈদিক প্রবন্ধে আমরা যাহা বলিয়াছি, তাহার মধ্যে ভরসা করি, পাঠকদিলের স্মরণ আছে। যথা. (১) বেদে বলে দেবতা মোটে তেরিশটি। অনেক আধ্নিক দেবতা এই তেরিশটির মধ্যে নাই। অনেকে আবার এমন আছেন যে, তাঁহাদের উপাসনা এখন আর প্রচলিত নাই।

(২) সে তেরিশটি দেবতা হয় আকাশ, নয় স্বা, নয় অগ্নি, নয় অন্য কোন নৈসগিকি পদার্থ। তাঁহারা লোকাতীত চৈতন্য, অথবা এখানে যাঁহাকে দেবতা বলি—সের্পে দেবতা নহেন।

(৩) এই নৈসন্থিক পদার্থের যে সকল গ্রুছ, তাহার বর্ণনাগর্নল ক্রমে বৈদিক এবং পৌরানিক উপন্যাসে পরিণত হইয়াছে।

* ষাহা কিছু জগতে আছে, তাহাই ঈশ্বর-প্রণীত বা ঈশ্বর-প্রেরিত। সে কথা এখন হইতেছে না।
৭৯২

(৪) এ সকল অচেতন পদার্থ জগদীশ্বরের মহিমার পরিচারক এবং নিজেও মহান্বা সন্দর, অতএব সে সকল বন্ধুর ধ্যানে ঈশ্বরে ভক্তি, এবং চিত্তব্তির স্ফ্রিও হয়। এই অর্থে বৈদিক উপাসনা বিধেয়।

এই চারিটির মধ্যে দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ তত্ত্বের প্রমাণ এবং উদাহরণস্বর্প আমি অদিতি ও ইন্দের কিছু বিস্তারিত পরিচয় দিয়াছি। কিন্তু আর আর বৈদিক দেবতাগৃলের প্রত্যেককে এইর্প সশরীরে পরিচিত না করিলে, এই দেবতাতত্ত্ব প্রমাণীকৃত বা প্রাঞ্জল হইয়ছে, এমত বিবেচনা করা যায় না। অতএব ইন্দের পরে, বর্ন্গাদির পরিচয়ে প্রবৃত্ত হইব। কিন্তু সকলেরই তত সবিস্তারে পরিচয় আবশ্যক হইবে না। আবশ্যক হইলে দিব। দেবতাতত্ত্ব সমাপ্ত হইলে ঈশ্বরতত্ত্বের ব্যাখ্যায় প্রবৃত্ত হওয়া যাইবে।

পাঠককে এত দ্বে আনিয়া আমরা কোন্ পথে যাইতেছি, তাহা বালিয়া দেওয়া আবশ্যক বোধ হইল। কোন্ পথে কোথায় যাইতেছি, তাহা না বলিয়া দিলে পাঠক সঙ্গে যাইতে অগ্ৰীকার করিতে পারেন। 'প্রচার', ১ম বর্ষ, পু., ২০০-২০৪।

বরুণাদি*

আমরা বলিয়াছি, ইন্দ্র ও অদিতি আকাশ-দেবতা। বর্ণ আর একটি আকাশ-দেবতা। বৃধাতু আবরণে। যাহা চরাচর বিশ্ব আবরণ করিয়া আছে, তাহাই বর্ণ। আকাশকে যথন অনন্ত ভাবি, তখন তিনি অদিতি, যথন আকাশকে বৃণ্টিকারী ভাবি, তখন আকাশ ইন্দু, যথন আকাশকে সর্ববিরণকারী ভাবি, তখন আকাশ বর্ণ।

প্রাণে বর্ণ আর আকাশ-দেবতা নহেন, তিনি জলেশ্বর। ঋণ্বেদেও তিনি স্থানে স্থানে জলাধিপতি বলিয়া অভিহিত হইয়াছেন। তাহার কারণ, বেদে প্থিবীর বায়বীয়া আবরণ অনেক স্থলে জল বলিয়া বিশিত হইয়াছে। কিন্তু প্রাচীন কালে তিনি যে আকাশ-দেবতা ছিলেন, গ্রীকদিগের মধ্যে Ouranos দেবতা তাহার এক প্রমাণ। ভাষাতত্ত্বিং পাঠকেরা অবগত আছেন যে গ্রীক ও হিন্দর্রা যে এক বংশসম্ভূত, তাহার অন্বল্লখ্যা প্রমাণ আছে। গ্রীক ধর্ম্মের্বি (uranos আকাশ-দেবতা।

ঋণেবদে বর্ণের বড় প্রাধান্য। তিনি সচরাচর সম্লাট্ ও রাজা বলিয়া অভিহিত হইয়াছেন। ইউরোপীয় পশ্ডিত কেই কেই বলেন যে, প্রথমে বর্ণ বৈদিক উপাসকদিগের প্রধান দেবতা ছিলেন, ক্রমে ইন্দ্র তাঁহাকে স্থানচ্যুত করিয়াছেন। ফলতঃ ঋণেবদে বর্ণের যের্প মাহান্ত্য কীর্ত্তি হইয়াছে, এর্প ইন্দ্র ভিন্ন আর কোন দেবতারই হয় নাই। পোরাণিক বর্ণ ক্ষান্ত্র দেবতা।

আর এক আকাশ-দেবতা "দ্যোঃ"। ভাষাতত্ত্বিদেরা বলেন, ইনি গ্রীকদিগের ''Zeus'' এবং ''Zeus Pater'' হইয়া রোমকদিগের Jupiter হইয়াছেন। Zeus ও Jupiter উক্ত জাতিদিগের প্রধান দেবতা। "দ্যোঃ" এককালে আর্য্যাদিগের প্রধান দেবতা ছিলেন। ই'হাকে বেদে প্রায় পর্যথবীর সক্ষে একত্রে পাওয়া যায়। যুক্তনাম "দ্যাবা প্রথবী"। দ্যোঃ পিতা— প্রথবী মাতা। ই'হাদিগের সম্বন্ধে কয়েকটা কথা ভবিষ্যতে বলিবার আছে। ই'হারা যে আকাশ ও প্রথবী ই'হাদের নামেই প্রকাশ আছে, অন্য প্রমাণ দিতে হইবে না।

আর একটি আকাশ-দেবতা পদ্পর্কা। ইনিও ইন্দের ন্যায় বৃণ্টি করেন. বঞ্জপাত করেন, ভূমিকে শস্যশালিনী করেন। ইন্দের সঙ্গে ই'হার প্রভেদ কেন হইল, তাহা আমি বৃনিওতে পারি নাই, বৃবাইতেও পারিলাম না। তবে ইহা বৃনিওতে পারি যে, পদ্পর্কান ইন্দের অপেক্ষা প্রচীন দেবতা। লিথ্য়ানিয়া বলিয়া রুষ দেশের একটি ক্ষুদ্র বিভাগ আছে। সে প্রদেশের লোক আর্যারংশোন্তব। শ্বনিয়াছি তাহাদের ভাষার সঙ্গে প্রচীন বেদের ভাষার বিশেষ সাদৃশ্য। এমন কি, বেদক্ক ব্যক্তি তাহাদের ভাষা অনেক বৃনিওতে পারেন। এই পদ্পর্কাদেব, সেই প্রদেশে

এই প্রবন্ধ পড়িবার আগে, ইহার প্রেকিছত প্রবন্ধটি পড়িলে ভাল হয়।

[†] বথা "যে দেবালো দিবি একাদশ স্থ প্ৰিয়ামধি একাদশ হ। অপ্স্কিতো মহিনা একাদশ হু তে দেবালো" ইত্যাদি। ১, ১৩৯, ১৯:।

बिष्कम त्रहनावनी

আজিও বিরাজ করিতেছেন। সেথানে নাম Perkunas, সেথানেও তিনি বজ্পবৃষ্টির দেবতা। বিদ এ কথা সত্য হয়, তবে যে আদিম আর্য্যজাতি, ইউরোপীয় ও ভারতবর্ষীয় আধ্যনিক আর্য্যজাতিদিগের প্র্পে,র্ম, পর্ল্জন্য তাহাদিগের দেবতা। ইন্দের নাম ভারতবর্ষ ভিন্ন আর কোথাও নাই। ইনি কেবল ভারতবর্ষীয় দেবতা। আর্য্যেরা ভারতবর্ষে আসিলে তবে ইংহার স্ফি ইইয়াছিল। ইন্দ্র পর্জন্যের অনেক পরবন্তী।

এক্ষণে স্থাদেবতাদিসের কথা বলি। স্থাদেবতাগ্লি সংখ্যার অনেক। যথা, স্থা, সবিতা, প্রা, মিয়্র, অর্যামা, ভগ, বিষ্ণু। স্থোর সবিশেষ পরিচয় দিতে হইবে না। স্থাকে প্রতাহ দেখিতে পাই—তিনি কে তা জানি। অন্য সৌর দেবতাদিগের পরিচয় দিতেছি। যজ্বেদ্রে মাধ্যাদিনী-শাখা চতুস্তিংশ অধ্যায়ে ব্লম্বয়ন্ত্রপাঠে কতকগ্লি দেবতার স্থুতি আছে। তলমধ্যে রায়্রি, উষা ও প্রাতস্থাতির পর পারম্পর্যের সহিত কতক্গলি সৌর দেবতার স্থুতি আছে। প্রথমে ভগস্থাত। তারপর প্রার স্থাত। তার পর অর্যামার স্থাত। তার পর বিষ্ণুর স্থাত। পান্ডতবর সতারত সামশ্রমী যজ্বেদ্রে মাধ্যাদিনী শাখা ব্রহ্মযজ্ঞপ্রকরণের অন্বাদের টীকায় ঐ ম্রির্ত চারিটির সংক্ষিপ্ত ব্যাখ্যা করিয়াছেন, তাহা উদ্ধৃত করিতেছি। 'উবোদয়ের পরেই প্রাতঃকাল—ইহাকেই অর্শোদয়কাল কহে। প্রাতঃকালের পরেই ভগোদয়কাল —অর্থাৎ অর্শোদয়ের পরেই যখন স্থোর প্রকাশ অপেক্ষাকৃত তীর হইয়া উঠে, ভগ সেই কালের স্থা।"

"যে পর্যান্ত স্থোর তেজ অত্যান্ত না হয়, তাবং তাদৃশ স্বান্তজন স্থাকে পা্ষা কহে, অর্থাং পা্ষা ভগোদায়ের পরকালবন্তী সা্যাঃ।"

তার পর অর্থামা, অর্থামা অর্ক একই। সামশ্রমী মহাশয় লিখিতেছেন।—

"প**্**ৰোদয়ের পরেই অর্কোদয়কাল—ইহার পরেই মধ্যাহ্ন। এই কালের স্থ্যুকেই অর্ক বা অর্যামা কহে। এই অর্যামার অস্তেই পূর্ন্বাহু শেষ হয়।"

"মধ্যাহ্ন কালের সূর্য্যকে বিষ্ণু কহে।"

ঋশ্বেদে প্রাকে অনেক ছলেই "পশ্বা" "পর্নিট্ডর" ইত্যাদি শব্দে অভিহিত করা হইয়াছে। যে ভাবে এই কথাগর্নিল প্রনঃ প্রনঃ বলা হইয়াছে, তাহাতে এমন বোধ হয় যে, যে ম্তিতে স্বা কৃষিধনের রক্ষাকর্তা, পশ্বাদিগের পাতা, প্রা স্যোর সেই ম্তি। কিন্তু এই পশ্ব কে, সে বিষয়ে অনেক সন্দেহ আছে। অনেক স্থানে প্রা পথিকদিগের দেবতা বলিয়া আখ্যাত হইয়াছে।

বাহাই হউক, প্রা সম্বন্ধে অধিক বলিবার প্রয়োজন নাই, কেন না, তিনি এক্ষণে আর হিন্দ্রধক্ষের প্রচলিত দৈবতা নহেন।

এক্ষণে মিত্রের কথা বলি। মিত্র সূর্য্য, কিন্তু মিত্র বরুণের ভাই। বেদে যেখানে মিত্রের স্থৃতি, সেইখানে বরুণের স্থৃতি,—মিত্রাবরুণো বেদের দুইটি প্রধান দেবতা। আদিত্য শব্দ এই দাই দেবতা সম্বন্ধে যেমন পানঃ পানঃ বাবহাত হইয়াছে, এমন আর কোন দেবতা সম্বন্ধেই নহে। আমরা বলিয়াছি যে, বর্ণ আকাশ, তবে মিত্র স্থা হইল কোথা হইতে? তৈত্তিরীয় সংহিতায় आरह, "न देव देनर निवा न नकुमानीमवााकृष्ठर एक एमवा भिवावत् दुर्गा अब वन् देनर देनर देन বিব্যাসয়তামিতি মিলো অহরজনয়দ্বরূলো রালিং।" অর্থাৎ দিন ছিল না, রালি ছিল না—জগং অব্যাকৃত ছিল, তখন দেবতারা মিত্র বর্ষকে বলিলেন—তোমরা ইহাকে বিভাগ কর। মিত্র দিবা করিলেন, বরুণ রাত্রি করিলেন। ১।৭।১০।১। সায়নাচার্য্য বলিয়াছেন, "অন্তং গচ্ছন্ সূর্য্য এব বর্ণ ইতি উচ্যতে—স হি স্বগমনেন রাহিং জনরতি।" "অন্তগামী সুর্য্যকে বর্ণ বলে, তিনি আপনার গমনের দ্বারা রাত্রির সৃষ্টি করেন।" শতপথরান্ধণে আছে, "অয়ং হি লোকো মিত্রঃ। অসোঁ বর্ণঃ।" অর্থাং ইহলোক মিত্র, পরলোক বর্ণ। বোধ হয়, ইহাতে পাঠক ব্রুঝিরাছেন যে, বর্ণ সন্বাবরণকারী অন্ধকার—তিনি সন্বাহই আছেন যেখানে কেহ গিয়া আলো করে. **रमरेशा**त जाला रहा, नीरान जनकात, नीरान वतन। जाला करतन मिछ। स्नीर्छाणाकस्य এर বর্ণ আর এই মির অন্য আর্যাজাতি মধ্যেও প্রিজত। বর্ণ যে গ্রীকদিগের Uranos তাহা বলিয়াছি। আবার তিনি প্রাচীন পারসাঞ্জাতিদিসের দেবতা, এমনও কেহ কেহ বলেন। প্রাচীন পারস্যাদিগের প্রধান দেবতা অহ্বমজ্দ। ভাষাবিদেরা জানেন যে, পারস্যেরা সংস্কৃত স স্থানে হ উচ্চারণ করে। - যথা, সিদ্ধ, স্থানে হিন্দু, সপ্ত স্থানে হস্ত। তেমনি অসুর স্থানে অহুর। এথন

স্রাস্র শব্দ যাঁহারা ব্যবহার করেন তাঁহাদিগের কথার তাৎপর্য্য এই, অস্বরেরা দেবতাদিগের বিদ্বেষী,* কিন্তু আদোঁ অস্বরই দেবতা। অস্ব নিশ্বাসে। অস্ব ধাতৃর পর র প্রত্যর করিয়া "অস্বর" হয়। অর্থাৎ আকাশে স্বর্গে পর্বতে নদীতে যাঁহাদিগকে প্রাচীন আর্য্যেরা শক্তিশালী লোকাতীত চৈতন্য মনে করিতেন, তাঁহারাই অস্বর। বেদে ইন্টাদি দেবগণ প্রনঃ প্রনঃ অস্বর বিলায়া অভিহিত হইয়াছেন। অন্বেদে বর্ণকে প্রনঃ প্রনঃ "অস্বর" বলা হইয়াছে। এই অহ্বমজ্দ নামের অহ্বর শব্দের তাৎপর্য্য দেব। অনেক ইউরোপীয় লেখক প্রমাণ করিতে চেণ্টা করিয়াছেন যে, এই অহ্বরমজ্দ বর্ণ। ইনি বর্ণ হউন বা না হউন, ই'হার আন্র্যাক্ষক দেবতা মিগ্র যে বর্বদের আন্র্যাক্ষক মিগ্র, তিদ্বিয়ে সন্দেহ অলপই। মিগ্র সম্বন্ধে আর একটি রহস্যের কথা আছে। প্রাচীন পার্সিকদিগের মধ্যে এই মিগ্রদেবের একটা উংস্ব ছিল। সে উংস্বশীতকালে হইত। রোমকেরা যথন আশিয়ার পশ্চিম ভাগ অধিকৃত করিয়াছিলেন, তখন তাঁহারা স্বরাজ্য মধ্যে ঐ উংস্বটি প্রচলিত করেন। তার পর রোমক রাজ্য খ্রীষ্টমান হইয়া গোল। কিন্তু উংস্বটি উঠিয়া গেল না। উংস্বটি শেষে খ্রীষ্টের ক্লেমাংস্ব খ্রীষ্টমাসে (Christmas) পরিণত ও সেই নামে পরিচিত হইল। এই যে ইংরেজ মহলে আজি এত গাঁদাফ্ল ও কেকের শ্রাদ্ধ পড়িয়া গিয়াছে, সাহেবরা জানন্ন বা না জানন্ন, মানন্ন বা না মানন্ন, এ উংস্ব আদেশ আমাদের মিগ্রদেবের উংসব। নোটে প্রমাণ উদ্ধত করিতেছি।†

আবার সেই মিন্নদেবের উৎসবই বা কি? সেটা স্থেরের উত্তরায়ণের উৎসব। আমাদেরও যে উৎসব আছে—"মকর সংক্রান্তি"—যে দিন স্থেরে মকর রাশিতে সঞ্চার হয়। বান্তবিক এখনকার "মকর সংক্রান্তি", আর যে দিন স্থেরে মকরে যথার্থ সঞ্চার হয়, সে এক দিনই নয়—মকরে প্রকৃত সঞ্চার, "মকর সংক্রান্তি" হইতে তিন সপ্তাহের কিছু বেশী পিছাইয়া পড়িয়াছে। এই ব্যতিক্রমের কারণ "Precession of the Equinoxes". জ্যোতিষ শাস্ত্র যহিরা অবগত আছেন, তাঁহারা সহজে গণনা করিতে পারিবেন, কত দিনে এই ব্যতিক্রম ঘটিয়াছে। সে যাহাই হউক, সাহেবদিগের এই আমাদের "মকর সংক্রান্তি" পোষপার্শ্বণ ও "খ্রীত্টমাস" একই। কথাটা "আষাঢ়ে" রকম, কিন্তু প্রমাণে কিছু ছিন্ত নাই।— প্রচার, ১ম বর্ষ্য প্রে ২০৪-১০।

অস্যতি ক্ষিপতি দেবান্ উর বিরোধে।

†The Roman winter solstice festival as celebrated on December 25 (VIII. Kal. Jan.) in connexion with the worship of the Sun-God Mithra, appears to have been instituted in this special form by Aurelin about A D. 273, and to this festival the day owes its apposite name of Birth-day of the Unconquered Sun, "Dies Natalis Soils Invict". With full symbolic appropriateness, though not with historical justification, the day was adopted in the Western Church, where it appears to have been generally introduced in the fourth century, and whence in time it passed to the Eastern Church, as the solemn anniversary of the birth of Christ, the Christian Dies Natalis, Christmas day. Attempts have been made to ratify this date as a matter of history, but no valid or even consistent Christian tradition vouches for it. The real origin of the festival is clear from the writings of the Fathers after its institution. In religious symbolism of the material and spiritual Sun, Augustine and Gregory Nyassa discourse on the glowing light and dwindling darkness that follow the Nativity, while Leo the Great, among whose people the earlier Solar meaning of the festival remained in strong remembrance, rebukes in a sermon the pestiferous persuasion, as he calls it, that this solemn day is to be honoured not for the birth of Christ, but for the rising, as they say, Tylor's Primitive Culture, Vol. II, p. 297-8. of the new Sun.

টেলর সাহেব নোটে প্রমাণ উদ্ধৃত করিয়াছেন। বাঁহাদিগের সে প্রমাণগুলি বিস্তারিত দেখিবার ইচ্ছা থাকে, তাঁহারা ভাঁহার ঐ নোটের লিখিত গ্রন্থগুলি পড়িয়া দেখিবেন। নোটে ছয়খানি গ্রন্থের নাম আছে।

স্বিতা ও গায়ত্রী

আকাশ-দেবতাদিগের কথা বলিয়াছি। তার পর স্থ্য-দেবতাদিগের কথা বলিতেছিলাম। স্থ্য-দেবতা, স্থ্য, ভগ, অর্থ্যা, মিত্র, সবিতা, বিষ্ণু। ইহার মধ্যে স্থোর কোন কথা বলিবার প্রয়োজন হয় নাই—চেনা জিনিষ। ভগ, অর্থ্যামা, প্রাও মিত্র সম্বন্ধে কিছ্র কিছু বলা গিয়াছে। বিষ্ণুর কথা এখন বলিব না—পোরাণিক তত্ত্বে আলোচনায় তাঁহার সম্বন্ধে অনেক কথা বলিতে হইবে। অতএব এক্ষণে কেবল সবিতাই আমাদের আলোচ্য।

কিন্তু সবিতাকে লইয়া বড় গোলযোগ। স্যেব্র নাম সবিতা, ইহা বালকেও জানে। কিন্তু প্রসিদ্ধ গায়হাী নামক মন্দ্রে যেখানে সবিতা আছেন ("তংসবিতুঃ") সেখানে তিনি স্বয়ং পরব্রহ্ম পরমেশ্বর বিলয়া পরিচিত। অনেকেই সবিতা অর্থে জগংস্রন্ডাকেই ব্রুক্তন। এ কথা আমাদের বিচার্য। পর্যা বা মিত্রের মত তাঁহাকে অপ্রচলিতের মধ্যে ফেলিয়া তাড়াতাড়ি কাজ শেষ করিতে পারি না—কেন না, তিনি আর্য্য ব্রাহ্মণের উপর বড় আধিপত্য বিস্তার করিয়াছেন। যে গায়হীকে রাহ্মণেরা আপনাদের রাহ্মণ্যের ও উপাসনার সার ভাগ মনে করেন, তিনি সেই গায়হীর দেবতা। গায়হী কেবল তাঁরই স্তব। স্ত্তরাং এ কথাটা আগো মীমাংসার প্রয়োজন—তিনি কেবল একটা বৃহৎ জড়াপণ্ড, না সর্ব্বন্থটা. অনস্তঠেতন্য পরমেশ্বর? আমরা নিরপেক্ষ হইয়া এ বিষয়ের মীমাংসার চেণ্টা করিব। আমরা সবিতাকে স্ব্র্-দেবতা মধ্যে গণিয়াছি বটে, কিন্তু সে মতের বিরুদ্ধে কতকগ্রালি কথা আছে, তাহাও দেখাইতে হইবে।

"স্" ধাতু ইইতে সবিত্ শব্দ নিষ্পান্ন ইইয়ছে। তবেই সবিতা অথে প্রসবিতা। কাহার প্রসবিতা? নির্ভুক্তার যাস্ক বলেন, "সম্বস্য প্রসবিতা"। সায়নাচার্যা গায়নীর ব্যাখ্যা কালে "তংসবিতুঃ" ইতি বাক্যের অর্থ করেন, "জগংপ্রসবিতুঃ"। যদি তাই হয়, তাহা হইলে সবিতা, পরব্রহ্ম পরমেশ্বর। রঘ্নদদন ভট্টাচার্যা প্রভৃতিও "তংসবিতুঃ" শব্দের ব্যাখ্যা পরব্রহ্ম পেকে করিয়া থাকেন। বেদের এক স্থানে তাঁহাকে "প্রজাপতি" বলা হইয়ছে। আর এক স্থানে বলা হইয়ছে যে, ইন্দ্র, বর্ন্দ, মিত্র, অর্য্যা, রাদ্র, কেহই তাঁহার বিরোধী হইতে পারে না।* জলবায়্ব তাঁহার আজ্ঞাকারী। আরু কর্মান দেবতায়া তাঁহার অনুগামী। ই বর্ন্দ, মিত্র, অর্য্যা, আদিতি, ও বস্কাশ তাঁহার স্থাতি করেন। ছিনি প্রথানার বস্তু ঈশ্বর; আমাদের কাম্য বস্তু সকল দান করেন। তিনি ভূবনের প্রজাপতি: আকাশকে ধর্তা (দিবো ধর্তা ভূবনস্য প্রজাপতিঃ ।৫।৫৩।২।)। তৈত্তিরীয় ব্রাহ্মণে আছে যে, "প্রজাপতিঃ সবিতা ভূম্বা প্রজা অস্কৃত্ত"। সবিতা প্রজাপতি হইয়া প্রজা স্তিক করিলেন। কথাগ্লায় যেন কেবল পরমেশ্বরকেই ব্রুঝায়।

পক্ষান্তরে ইহাও বলা যাইতে পারে যে. প্রসবিত শব্দ ঋণেবদে স্বা প্রতিও এক স্থানে প্রযুক্ত হইরাছে (৭।৬৩।২।)। ঋণেবদের স্কের একটি লক্ষণ এই যে, যখন যে দেবতা স্কৃত হন, তখন তিনিই সকলের বড় হইয়া দাঁড়ান। স্বতরাং সবিতার এত মাহাত্ম্য কীর্তিত দেখিয়াও কিছ্ই স্থির করা যায় না। সবিতা যে স্বা, এমত বিবেচনা করিবার অনেকগ্রাল কারণ আছে।

- ১। ঋণেবদে অনেক স্থানে স্পাড়াই স্থায়থে সবিত্ শব্দ প্রযাতে হইয়াছে। যথা, ৪ ম, ১৪ স্, ২ ঋকে।
- ২। স্বৈরের ন্যায় তাঁহার রূপ। স্বৈরের মত তাঁহার কিরণ আছে। (প্রস্বল্লক্তর্ভিজ্লণং। ৪ ম, ৫৩ স্, ৩ খক্) স্বৈর ন্যায় তাঁহার রথ আছে, অম্ব আছে এবং স্বৈরির ন্যায় তিনি আকাশ পরিশ্রমণ করেন।
 - ৩। যাস্ক বলেন, যখন আকাশ হইতে অন্ধকার গিয়াছে, রশ্মি বিকীর্ণ হইয়াছে, সেই
- * নকিরস্য তানি ব্রতাঃ দেবস্য সবিতুমিনিস্তি। ন যস্য ইন্দ্রো বর্রুণো ন মিত্রো ব্রতং অর্থামান্ মিনস্তি রুদ্রাঃ। অস্যাহি সম্বাশান্তারাং সবিতুঃ কচন প্রিরং। ন মিনস্তি স্বরাজ্যং।২।০৮।৭।৯।—৫।৮২।২
 - † আপশ্চিদস্য রতে আনিম্যা অর্থিৎ বাতো রমতে পরিজ্মন্।২।৩৮।২।
 - ঃ यमा প্রয়ানমন্বয়ে ইন্দ্রহুদেবিঃ।৫।৮১।৩।
- § অপি মৃতঃ সবিতা দেবো অনুরং আচিধিকেবসবো গ্র্ণন্ত। অভি ষং দেবী অদিতিগ্র্ণাতি স্বং দেবস্য সবিত্জব্বাণা। অভিসম্লাকো বর্ণো গ্র্ণন্তি অভিমিন্নাসো অর্য্যমা স্বোষাঃ। ৭।৩৮।৩, ৪।

দেবতত্ব ও হিন্দ্রধর্ম—সবিতা ও গামগ্রী

সবিতার কাল।* সায়নাচার্য্য বলেন যে, উদয়ের পুর্বে যে ম্রিত্ত সেই সবিতা, উদয় হইতে অস্তু পর্য্যন্ত যে ম্রিত, সেই স্থাঃ।† অতএব এই মত পূর্ব্ব পণ্ডিতগণ কর্ত্তক গৃহীত।

৪। সবিতা যে পরব্রহ্ম নহেন, তাহার আর এক প্রমাণ এই যে, পরব্রহ্মবাদীরা ঈশ্বরকে নিরাকার বলিয়াই স্বীকার করেন, অথবা বিশ্বর্প বলিয়া থাকেন কিন্তু সবিতা জনান্য বৈদিক দেবতার ন্যায় সাকার। তিনি হিরণ্যক্ষ, হিরণ্যহস্ত, হিরণজিহ্ব, হিরণসাণি, পৃথ্নপাণি, স্বাণি, স্বাজিহ্ব, মন্দ্রজিহ্ব, হরিকেশ ইত্যাদি শব্দে বণিতি হইয়াছেন। তাঁহার বাহা্র কথা অনেক বার কথিত হইয়াছে। (বাহা্র, কর মাত্র)

বোধ হয় এখন স্বীকার করিতে হইবে যে, সবিতা, পরব্রহ্ম নহেন, জড়িপিও স্থা। তবে গায়ত্রীর সেই "তংসবিতৃঃ" শব্দের অর্থ কি হইল? এত কাল কি ব্রাহ্মণেরা গায়ত্রীতে স্থাকেই ডাকিয়া আসিতেছে, পরব্রহ্মকে নয়? যে গায়ত্রী না জপিয়া ব্রাহ্মণকে জলগুহণ করিতে নাই, যে গায়ত্রী জপ করিয়া ব্রাহ্মণ মনে করেন, আমি পবিত্র হইলাম, আমার সকল পাপের প্রায়িশ্চিত্ত হইল—সে কি কেবল জড়িপিণ্ড স্থেগ্র কথা, জগদীশ্বরের নহে?

রাহ্মণে এমন ভাবে না। এমন ভাবিতে রাহ্মণের প্রাণে বড় আখাত লাগে। রাহ্মণেরা রহ্মপক্ষে গায়ন্ত্রীর কির্পে অর্থা করেন, তাহার উদাহরণম্বর্প মহামহোপাধ্যায় রঘ্নন্দন ভট্টাচার্য্যের কৃত ব্যাখ্যা নোটে উদ্ধৃত করলাম। কিন্তু এখনকার রাহ্মণের। যাই বল্ন, এইর্প ব্যাখ্যাই কি প্রকৃত ব্যাখ্যা? গায়ন্ত্রী সামগ্রীটা কি, তাহা ব্রিকলেই গোল মিটিতে পাবে।

গায়ত্রী আর কিহ্ই নহে। ঋশ্বেদের একটি ঋক্। তৃতীয় মন্ডলে বিষ্ণিত্ম স্তুক্তর ১৮টি ঋক আছে; তন্মধ্যে দশম ঋক্ গায়ত্রী। ঐ স্কুটি সম্দায় উদ্ধৃত করিতে হইতেছে, নহিলে পাঠক "গায়ত্রীর" মন্ম ব্রিধবেন না।

এই স্ক্তের খাষি বিশ্বামিত্র। ইন্দ্রাবর্নো (ইন্দ্র ও বর্ণ একত্রে) নৃহস্পতি, প্রা, সবিতা, সোম, মিত্রাবর্নো (মিত্র ও বর্ণ একত্রে) এই স্কের দেবতা। অর্থাং বিশ্বামিত্র এই স্কের কেরা (প্রণেতা) এবং ইন্দ্রাদি দেবতা ইহাতে স্কৃত হইয়াছেন। ঐ স্কৃত দেবতাদিগের নগো সবিতা এক জন। যে খক্টিকৈ গায়ত্রী বলা যায়, তাহা তাঁহারই স্তব।

স্তুটি এই--

"ইমা উ বাং ভ্ময়ো মনামানা য্বাবতে ন ভ্জ্যা অভ্বন্।

রভ্যদিন্দাবর্ণা যশো বাং যেন সমা সিনং ভরণঃ সখিভাঃ।। ১॥

অয়ম্বাং প্রতমো রয়ীয়ৠয়ৢয়য়মবসে জোহবীতি।

সজোযাবিন্দাবর্ণা মর্ভিদ্বা প্রিবা শ্ণভুতং হবং মে॥ ২॥

অসম তদিন্দাবর্ণা বস্ যাদসেম রয়িম্মর্তঃ সব্বীরঃ।

অসমন বর্লীঃ শর্ণেরবস্পমান হোৱা ভারতী দক্ষিণাভিঃ। ৩১

- তস্য কালো যদা দ্যোরপহততম্কাকীণবিশ্মভবিতি।
- † উদয়াং প্ৰেভাষী সবিতা। উদয়ান্তমধ্যবতী স্বা ইতি।
- "'গায়য়া অথমাহ যোগী যাজ্ঞবন্ধাঃ। দেবস্য সবিত্ব চেনা ভগমন্তগ তং বিভুং। ব্রন্ধবাদিন এবাহ্ৰববেগ্যন্তাস্থ ধীমহি। চিন্তয়ামো বয়ং ভগং ধিয়ো যো নঃ প্রচোদয়ণ। ধন্মাথ কামমেকেয়্ব ব্রিক্তঃ। প্নঃ প্নঃ । ব্রেকেশেচাদয়িতা যন্ত চিদায়া প্র্যো বিরাট্। বরেগাং বরণীয়ণ্ড জন্মসংসায়ভীর্ভিঃ। আদিতান্তগতিং যক্ত ভগাখাং তন্মম্কুভিঃ। জন্মম্ত্যাবনাশায় দ্ঃখস্য বিয়তস্য চ। ধ্যানেন প্র্যো যণ্চ দুন্তাঃ স্যাধাতা। মল্লাথমিপ টেবায়ং জ্ঞাপয়তোবমেবিং। তেন গায়ত্যা অয়মর্থঃ। দেবস্য সবিত্তগাস্বর্পান্তর্যামি রক্ষা বরেগাং ববণীয়ং জ্ঞাপয়তোবমেবিং। তেন গায়ত্যা অয়মর্থঃ। দেবস্য সবিত্তগাস্বর্পান্তর্যামি রক্ষা বরেগাং ববণীয়ং জ্ঞামম্ত্রভীর্ভিঃ তদ্দিনাক্ষ উপাসনীয়ং। ধীমহি প্রাণ্ডেকন সোহহমন্দ্রীতানেন চিন্তয়ায়, যো ভগঃ সম্বান্ত্যামিয়রা নোহন্মাকং সম্বেষাং সংসারিলাং ধিয়ো ব্রুলীঃ প্রচোদয়াং ধন্মার্থকিমমোক্ষেয্ প্রেরয়তি। তথাচ ভগবদ্গীতায়ায়। ক্ষরের সম্বান্ত্রানি বলার্চানি মায়য়া।
 ক্ষরের ত্র্বামী হন্দেশে অভ্যকরণে দ্রাময়ন্ তন্তংকর্মস্য প্রেরয়ন্ ব্রুলার্চানি দার্ব্যত্ত্ল্যানরীয়র্চানি ভূতানি প্রাণিনা জীবানিতি যাবং মায়য়া অঘটনবটনপটীয়স্যা নিজশক্ত্যা। তথাচাশ্বতরাণাং মন্ত্র। "একো দেবং সম্বান্ত্রত্ব্যাপানী সম্বাভ্তান্তরাজ্যা। কন্মাধ্যক্ষঃ সম্বাভ্তাধিবাসঃ সাক্ষী চেতা কেবলো নির্বান্ত ।"

र्वाध्क्य ब्रह्मावना

ব্হস্পতে জ্বস্ব নো হব্যানি বিশ্বদেব্য। রাম্ব রক্নানি দাশ,যে॥ ৪॥ শ্বচিমকৈ বি হম্পতিমধ্বরেষ্ব নমস্যত। অনাম্যোজ আ চকে॥ ৫॥ ব্যভং চর্যণীনাং বিশ্বরূপমদাভাং। বৃহস্পতিং বরেণ্যং॥৬॥ ইয়ং তে প্ষান্নাঘ্দে স্ফ্রতিদেবি নব্যসী। অস্মাভিস্তভ্যং শস্যতে ॥ ৭ ॥ তাং জ বৃষ্ণৰ গিরং মম বাজয়ন্তীমবা ধিয়ং। বধুয়ুরিব ঘোষণাং॥ ৮॥ যো বিশ্বাভি বিপশ্যতি ভুবনা সং চ পশ্যতি। স নঃ প্ৰাবিতা ভূবং॥৯॥ তংসবিতুর্বরেণ্যং ভর্গো দেবস্য ধীর্মাহ। ধিয়ো যো নঃ প্রচোদয়াং॥ ১০॥ দেবস্য সবিতব্বয়: বাজয়ন্তঃ পরেস্ক্যা। ভগস্য রাতিমীমহে॥১১॥ দেবং নরঃ সবিতারং বিপ্রা যজ্ঞৈ সুবৃত্তিভিঃ। নমস্যান্ত ধিয়েষিতাঃ ॥ ১২ ॥ সোমো জিগাতি গাতুবিৎ দেবনামেতি নিম্কৃতং। ঋতস্য যোনিমাসদং॥ ১৩॥ সোমো অম্মভাং দ্বিপদে চতম্পদে চ পশবে। অনমীবা ইফকরং॥ ১৪॥ অস্মাকমায় ুর্ব্বর্ধ য়র্রাভমাতীঃ সহমানঃ। সোমঃ সধস্থমাসদং॥ ১৫॥ আ নো মিত্রাবরুণা ঘটেগবিত্রতিমুক্ষতং। মধনা রজাংসি স্কুত্॥ ১৬॥ উরুশংসা নমোব্ধা মহা দক্ষস্য রাজথঃ। দ্রাঘিষ্ঠাভিঃ শু,চিব্রতা ১৭ 🗓 গুণানা জমদিগ্ননা যোনাবৃত্স্য সীদতং। পাতং সোমম্তাব্ধা ॥১৮॥

শেষ ৪ ঋকের ঋষি কোন কোন মতে জমদিগ্ন। অস্যার্থ।

হে ইন্দ্র ও বর্ণদেব! আপনাদিগের সম্বন্ধীয় মান্যমান এবং ভ্রমণশীল এই প্রজাগণ যুবা এবং বলবান্ রিপ্কর্তৃক যেন বিনন্ধ না হয়। আপনাদিগের তাদৃশ যশ আর কোথায় আছে, যে যশঃদ্বারা সথিভূত আমাদিগকে অল্লপ্রদান করেন। ১। হে ইন্দ্র ও বর্ণ! ধনেচ্ছ্র মহান যজমান রক্ষার নিমিত্ত আপনাদিগকে আহানান করেন। মর্কাণ, দ্বালোক ও প্থিবীর সহিত সংগত হইয়া আপনারা আমাদের স্থৃতি প্রবণ কর্ন। ২। হে দেবন্বয়! আমারা যেন সেই অভিলাষিত বস্ব এবং সেই সম্বক্ষাকরণে সামর্থবিধায়ক অর্থ প্রাপ্ত হই। সকলের বরণীয় দেবপদ্বীগণ রক্ষার সহিত এবং হবনীয় সরক্ষতী গোর্প দক্ষিণার সহিত আমাদিগকে রক্ষা কর্ন। ৩। হে সম্বদ্বিহত বৃহস্পতে! আমাদিগের হব্যাদি গ্রহণ কর্ন এবং আমাদিগকে ধন্দান কর্ন।৪। হে শ্বিস্কৃণণ! বৃহস্পতিদেবকে তোমরা স্তোন্ত্রারা নমস্কার কর। আমারা তাহার অনভিভবনীয় তেজের স্থৃতি করিতেছি। ৫।মন্য্যাদগের অভিমত ফলদাতা অনভিভবনীয় এবং ব্যাপ্তর্প বরেণ্য বৃহস্পতিকে নমস্কার কর। ৬। হে দীপ্তিমন্ প্রণ্ এই মৃতন স্থৃতি আপনার উন্দেশে কীপ্তনি করিতেছি। ৭। হে প্র্যণ্ স্তুতিকারক আমার এই স্থৃতি গ্রহণ কর্ন, যেমন স্থাীকামী প্রুষ্ধ স্ত্রীকৈ গ্রহণ করে। ৮। যে প্রাদেব বিশ্বজ্ঞাং দর্শন করেন, তিনি আমাদিগকে

रमवञ्जू ও হিन्म्, धन्म — देवीमक रमबजा

রক্ষা কর্ন। ১। সবিত্দেবের বরণীয় তেজ আমরা ধ্যান করি, যিনি আমাদিগের বৃদ্ধিবৃত্তি প্রেরণ করেন। ১০। অল ইচ্ছা করিয়া আমরা ছুতির সহিত সবিত্দেবের এবং ভগদেবের দান প্রার্থনা করি। ১১। নেতৃ বিপ্রগণ যজ্ঞে শোভন ছুতিদ্বারা সবিত্দেবের এবং ভগদেবের দান প্রার্থনা করি। ১১। নেতৃ বিপ্রগণ যজ্ঞে শোভন ছুতিদ্বারা সবিত্দেবকে বন্দনা করে। ১২। পথপ্রদর্শক সোমদেব দেবগণের সংস্কৃত আবাসে এবং যজ্ঞস্থানে গমন করেন। ১৩। সোমদেব আমাদিগের আমান্দাকক এবং সব্প্রাণীকে অনাময়প্রদ অল প্রদান কর্ন। ১৪। সোমদেব আমাদিগের আয়ুব্র্দ্ধান এবং পাপনাশ করিয়া হবিধানপ্রদেশে আগমন কর্ন। ১৫। হে শোভনকর্ম্মালীল মিত্র ও বর্ণদেব! আপনারা আমাদিগের গাভীসকলকে দল্পস্থাণ কর্ন এবং জল মধ্ররসবিশিষ্ট কর্ন। ১৬। বহুস্থুত এবং স্কৃতিবৃদ্ধ শল্পন্নত আপনারা দীর্ঘস্থাতিদ্বারা বলের সম্বর হয়েন। ১৭। জমদগ্রি ঋষি কর্তৃক স্তৃত হইয়া যজ্ঞবদ্ধাক আপনারা যজ্ঞস্থলে আগমন কর্ন এবং সোম পান কর্ন। ১৮।

এখন দেখা যাইতেছে, যখন. ইন্দ্র. বর্ণ, মিত্র, সোমাদির সঙ্গে একত্রেই সবিতা স্কৃত হইরাছেন, তখন সবিতা পরব্রহ্ম না হইরা সূর্য্য হইবার সম্ভাবনা। একাদশ ঋক্টিও সবিক্ষুব। ঐ ঋকে সবিতার সঙ্গে ভগদেবও যুক্ত হইযাছেন। অতএব উভযেই সূর্য্যের ম্রিবিশেষ, ইহাই সম্ভব। পাঠক দেখিবেন যে, ঋক্টিকৈ গায়তী বলা যায় (দশম ঋক্) তাহার প্রেব "ভূ" "ভূব" "ম্বর্" এ তিনটি শব্দ নাই। গায়তীর প্রেব এই তিনটি শব্দ সচরাচর উচ্চারিত হওয়ার নিষম থাকায়, অনেকে মনে করেন, "তৎসবিতা" অর্থে. এই ত্রৈলোক্যের প্রস্বিতা।

এই ঋক্টির গায়ত্রী নাম হইল কেন? গায়ত্রী একটি ছন্দের নাম। এই ৬২তম স্কের প্রথম তিনটি ঋক্ ত্রিষ্ট্রপ ছন্দে। আর ১৫টি গায়ত্রীচ্ছন্দে। এই ঋক্টির প্রাধান্য আছে বিলয়াই ইহাই গায়ত্রী নামে প্রচলিত। এই প্রাধান্য, ইহার অর্থগোরব হেতু। সত্য বটে বেং স্বাপক্ষে ব্যাথ্যা করিলে তত অর্থগোরব থাকে না। কিন্তু ইহাও স্বীকার করিতে হইবে যথন ভারতবর্বে প্রধান ঋষিরা ব্রহ্মবাদী হইলেন, আর তাহারা ব্রহ্মবাদ বেদম্লক বলিষা প্রতিপন্ন করিতে চেষ্টা করিতে লাগিলেন, তখন গায়ত্রীর অর্থ ব্রহ্মপক্ষেই করিলেন। এবং সেই অর্থই ব্রহ্মপামশ্চলীতে প্রচলিত হইল।

ইহাতে ক্ষতি কি? রাহ্মণেরই বা লাঘব কি? গায়ব্রীরই বা লাঘব কি? যে ঋষি গায়ব্রীপ্রপায়ন করিয়াছিলেন, তিনি যে অর্থই অভিপ্রেত করিয়া থাকুন না, যথন ব্রহ্মপক্ষে তাঁহার বাকোর সদর্থ হয়, আর যথন সেই অথেই গায়ব্রী সনাতন ধন্মোপিযোগী এবং মনুষোর চিত্ত-শাক্ষিকর, তথন সেই অর্থই প্রচলিত থাকাই উচিত। তাহাতে ব্রাহ্মণেরও গোরব, হিন্দুধন্মেরও গোরব। এই অর্থে ব্রাহ্মণ শারু, ব্রাহ্ম ঞীন্টীয়ান্ সকলেই গায়ব্রী জপ করিতে পারে। তবে আদে বৈদিক ধন্ম কি ছিল, তাহার যথার্থ মন্মা কি, তাহা হইতে কি প্রকারে বর্ত্তমান হিন্দুধন্মা উংপল্ল হইয়াছে, এই তত্ত্বমালি প্রিক্তার করিয়া ব্র্থান আমাদের চেন্টা, তাই গোড়ার কথাটা লইয়া আমাদের এত বিচার করিতে হইল। বৈদিক ধন্মা হিন্দুধন্মের মূল, কিন্তু মূল বৃক্ষ নহে; বৃক্ষ পৃথক্ বন্তু। বৃক্ষ যে শাখা প্রশাখা, পত্র পান্ধ ফলে ভূষিত, মূলে তাহা নাই। কিন্তু মূলের গ্রাগাণ্ণ না ব্রিলে, আমরা বৃক্ষটিও ভাল করিয়া ব্রিকতে পারিব না।—'প্রচার', ১ম বর্ষ, প্. ২২৮-৩৭।

বৈদিক দেবতা

এক্ষণে আমরা অর্থান্ট বৈদিক দেবতাদিগের কথা সংক্ষেপে বলিব। আমরা অঞাশ ও স্থাদেবতাদিগের কথা বলিয়াছি, এক্ষণে বায়্-দেবতাদিগের কথা বলিব। বেশী বলিবার প্রয়োজন নাই। বায়্ দেবতা,—প্রথম বায়্ বা বাত, দিতীয় মর্শাণ। বায়্র বিশেষ পরিচয় কিছ্ই দিবার নাই। স্থেয় নাায় বায়্ আমাদিগের কাছে নিতা পরিচিত। ইনি পৌরাণিক দেবতার মধ্যে স্থান পাইয়াছেন। প্রাণেতিহাসে ইন্দাদির নাায় ইনি একজন দিক্পাল মধ্যে গণা। এবং বায়্ বা পবন নাম ধারণ করিয়াছেন। স্তরাং ইব্লাকে প্রচলিত দেবতাদের মধ্যে ধরিতে হয়।

মর্শাণ সের্প নহেন। ই'হারা এক্ষণে অপ্রচলিত। বায়্ সাধারণ বাতাস, মর্শাণ ঝড়। নামটা কোথাও একবচন নাই; সর্বায়ই বহুবচন। কথিত আছে বে, মর্শাণ গ্রিগানিত বন্দি- সংখ্যক, একশত আশী। এ দেশে ঝড়ের যে দৌরাখ্যা, তাহাতে এক লক্ষ্ক আশী হাজার ব্লিলেও অত্যুক্তি হইত না। ই¹হাদিগকে কখন কখন রুদ্র বলা হইয়া থাকে। রুদ্ ধাতু চীংকারাথের্বিন্দ্র ধাতু হইতে রোদন শব্দ হইয়াছে। রুদ্ ধাতুর পর সেই "র" প্রত্য় করিয়া রুদ্র শব্দ হইয়াছে। ঝড় বড় শব্দ করে, এই জন্য মরুশাণকে রুদ্র বলা হইয়াছে সন্দেহ নাই। কোথাও বা মরুশাণকে রুদ্রের সন্তাতি বলা হইয়াছে।

তার পর অগ্নিদেবতা। অগ্নিও আমাদের নিকট এত স্বর্পারচিত যে, তাঁহারও কোন পরিচয়

দিবার প্রয়োজন নাই। কিছু, পরিচয় দেওয়াই হইয়াছে।

ঋণেবদে আর একটি দেবতা আছেন, তাহাকে কখন ব্হস্পতি কখন ব্রহ্মণস্পতি বলা হইয়া থাকে। কেহ কেহ বলেন, ইনি অগ্নি, কেহ কেহ বলেন, ইনি ব্রহ্মণ্যদেব। সে যাহাই হউক, ব্রহ্মণ-স্পতির সঙ্গে আমাদের আর বড় সম্বন্ধ নাই। ব্হস্পতি এক্ষণে দেবগর্ন, অথবা আকাশের একটি তারা। অতএব তাঁহার সম্বন্ধে বড় বিশেষ বলিবার প্রয়োজন নাই।

সোমকে এক্ষণে চন্দ্র বলি, কিন্তু ঋণেবদে তিনি চন্দ্র নহেন। ঋণেবদে তিনি সোমরসের

দেবতা।

অশ্বীদ্বর প্রাণেতিহাসে অশ্বিনীকুমার বলিয়া বিখ্যাত। কথিত আছে যে, তাঁহারা স্থের ওরসে অশ্বিনীর গর্ভে জন্মগ্রহণ করিয়াছিলেন। এই জন্য তাঁহাদিগের পৌরাণিক নাম অশ্বিনীকুমার। এমন বিবেচনা করিবার অনেক কারণ আছে যে, তাঁহারা শেষরাত্তির দেবতা; উষার প্র্বাগামী দেবতা।

আর একটি দেবতা ছন্টা। প্রাণেতিহাসে বিশ্বকম্মা যাহা. ঋণেবদে হণ্টা তহাই। অর্থাং দেবতাদিগের কারিগর।

যমও ঋশ্বেদে আছেন কিন্তু যমও আমাদিগের নিকট বিশেষ পরিচিত। যমদেবতার একটি গুঢ়ে তাৎপর্য্য আছে, তাহা সময়ান্তরে বুঝাইবার প্রয়োজন হইবে।

গিত আপ্তা অজ একপাদ প্রভৃতি দুই একটি ক্ষুদ্র দেবতা আছেন, কথন কথন বেদে তাঁহাদিগের নামোল্লেথ দেখা যায়। কিন্তু তাঁহাদের সম্বন্ধে এমন কিছুই কথা নাই যে তাঁহাদের কোন পরিচ্য দিবার প্রয়োজন করে।

বৈদিক দেবীদিগের মধ্যে অদিতি প্থিবী এবং ঊষা এই তিনেরই কিঞিং প্রাধান্য তাছে। আদিতি ও প্থিবীর কিঞ্চিং পরিচয় দিয়াছি। ঊষার পরিচয় দিবাব প্রযোজন নাই. কেন না, যাহার ঘ্ম একট্ব সকালে ভাঙ্গিয়াছে সেই তাহাকে চিনে। সর্স্বতীও একটি বৈদিক দেবী। তিনি কখন নদী কখন বাগ্দেবী। গঙ্গা-সিন্ধ প্রভৃতি খংশ্বেদে স্কৃত হইসছেন। ফলতঃ ক্ষুদ্র বৈদিক দেবীদিগের সবিস্তার বর্ণনে কালহবণ করিয়া পাঠকদিগকে আর কণ্ট দিবার প্রয়োজন নাই। আমরা এইখানে বৈদিক দেবতাদিগের ব্যক্তিগত পরিচয় সমাপ্ত করিলাম। কিতৃ আমর্য বৈদিক দেবতাতত্ত্ব সমাপ্ত করিলাম না। আমরা এখন বৈদিক দেবতাতত্ত্বের স্থ্লে মন্ম ব্রিবার চেন্টা করিব। তার পর বৈদিক ঈশ্বরতত্ত্বে প্রবৃত্ত হইবার চেন্টা করিব।—'প্রচার', ১ম বর্ষ, প্রত্য ১৬৬-৬৮।

দেৰতত্ত্ব

আমরা দেখিয়াছি যে, বেদের ইন্দ্রাদি দেবতারা কেহ বা আকাশ, কেহ বা স্মৃত্য, কেহ বা আরি, কেহ বা নদী; এইর্প অচেতন জড়পদার্থ মাত্র। বেদে এইর্প অচেতন জড়পদার্থের উপাসনা কেন? এর্প উপাসনা কোথা হইতে আসিল? ইহার উংপত্তির কি কেন কারণ আছে? অদ্য এই বিষয়ের অনুসন্ধানে প্রবৃত্ত হইব।

বিক্সয়ের বিষয় এই যে, কেবল বৈদিক হিন্দ্রাই এই ইন্দ্রাদির উপাসনা করিতেন না। প্রিবীর সনেক সভ্য এবং অসভ্য জাতি ই'হাদিগের উপাসনা করিতে এবং এখনও করিয়া থাকে। সেই সকল জাতিমধ্যে এই দেবতাদিগের নাম ভিন্ন প্রকার বটে, কিন্তু উপাস্য দেবতা একই। আমরা কেবল প্রাচীন আর্যাজাতিসম্ভূত যোন, রোমক প্রভৃতি জাতিদিগের কথা বলিতেছি না। হিন্দ্রা যে জাতি হইতে জন্মগ্রহণ করিয়াছিল; স্বতরাং একই বংশে একই দেবতার উপাসনা যে প্রচলিত থাকিবে ইহা বিক্সয়কর নহে।

দেবতত্ত্ব ও হিন্দুধর্ম —দেবতত্ত্ব

বিশ্ময়কর এই যে, যে সকল জাতির সঙ্গে আর্যাবংশীর্মাদগের বংশগত, স্থানগত, বা অন্য কোন-প্রকার ঐতিহাসিক সম্বন্ধ নাই, তাহাদিগের মধ্যেও এই ইন্দ্রাদির উপাসনা প্রচালত। আর্মোরকা, আফ্রিকা, অণ্ট্রেলিয়া বা পলিনেসিয়ার অভ্যন্তরবাসীদিগের মধ্যেও এই সকল দেবতাদিগের উপাসনা প্রচালত। আমরা কতকগ্রাল উদাহরণ দিব। অধিক উদাহরণ সঞ্চলনের জন্য প্রচারের স্থান নাই। উদাহরণ দিবার প্রুশ্বে আমাদিগের দুইটি কথা বালবার আছে।

প্রথম, হিন্দুধন্মের ব্যাখ্যায় আমরা পাশ্চান্তা লেখকদিগের সাহায্য গ্রহণ করিতে অতিশব্ধ আনিচ্ছুক। ইংরেজভক্ত পাঠকদিগের তুণ্টির জন্য দুই একবার আপন মতের পোষকতায় পাশ্চান্তা লেখকের মত উদ্ধৃত করিয়াছি বটে, কিন্তু সে আনিচ্ছাপ্র্থেক। এবং আপনার মতের সঙ্গে তাহাদিগের মত না মিলিলে সের্প সাহায্য গ্রহণ করি নাই। কিন্তু এখানে ইউরোপের সাহায্য ব্যতীত আমাদের চলিবার উপায় নাই, কেন না কোন হিন্দুই আমেরিকা, আফ্রিকা, অন্টোলিয়া ও পলিনেসিয়ার আদিবাসীদিগকে দেখিয়া আইসে নাই।

দ্বিতীয়, আমরা প্রধানতঃ অসভ্য জাতিদিগের মধ্য হইতে অধিকাংশ উদাহরণ গ্রহণ করিব। ইহাতে কেহ মনে না করেন যে, আমরা হিন্দর্দিগকে অথবা প্রাচীন বৈদিক হিন্দর্দিগকে, অসভ্য জাতি মধ্যে গণ্য করি। ইহা আমরা বিলতে স্বীকৃত আছি যে, বৈদিক হিন্দরো যে সকল কথা ব্বিঝাছিলেন, ইউরোপে সভ্য জাতিরাও তাহার অনেক কথা এখনও ব্বেন নাই। তবে সাদৃশ্য এই যে, বৈদিক ধন্ম হিন্দ্রধন্মের প্রথম অবস্থা, আব আমরা যে সকল অসভ্য জাতিদের কথা বলিব, তাহাদেরও ধন্মের প্রথম অবস্থা।

এক্ষণে আমরা উদাহরণ সঙ্কলনে প্রবৃত্ত হই। প্রথমতঃ ইন্দ্রদেবতাই আমাদের উদাহরণ হউন। প্রমাণ করিবাছি যে, ইন্দ্র বৃষ্টি-দেবতা। শ্বেত-নীল-নদীতীরবাসী দিংক নামে জাতি ইন্দ্রকে দেনিদদ নামে উপাসনা করে। তিনি ইন্দ্রেব ন্যায় বৃষ্টি-দেবতা এবং ইন্দের ন্যায় বর্গানি দেবতা। 'ডমর' নামে অসভ্য জাতিদিগের মধ্যে 'ওমাকুর্,' নামে দেবতা বৃষ্টি-দেবতাও বটে। ইনিই ডমরদিগের ইন্দ্র। আমেরিকার আদিম জাতিদিগের মধ্যে দুইটি সভাজাতি ছিল,— মেক্সিকোব আদিবাসী 'অজতেক' এবং পিরুরের ন্যায় আদিমবাসী 'ইঙ্কা'দিগের প্রজা। অজতেকেরা ত্যালোকের উপাসনা করিত। তিনি ইন্দের ন্যায় আকাশ-দেবতা এবং ইন্দের ন্যায় বৃষ্টি-দেবতা এবং ইন্দের ন্যায় বজুলী। পিরুবাসীদিগের মধ্যে ইন্দ্র, দেব নহেন, দেবুী। নিকারাগ্রাবাসীদিগের মধ্যে বৃষ্টি-দেবতার প্রজা আছে। ভারতব্যবীয় অসভ্যজাতিদিগের মধ্যে উড়িয্যার খন্দেরা পিঙ্জুপের্ম্ব নামে বৃষ্টি-দেবতা প্রজা করে। কোলেদের বড় পন্বতিকে তাহারা মরংব্রুব্ বলে। তিনিই ইহাদেব বৃষ্টি-দেবতা। প্র্বেব্ আমরা স্থানান্তরে বলিয়াছি যে, রোমকদিগের জ্বপিটার আমাদিগের দেয়ালিগ্র আকাশের উপাসনা চাই। এজন্য তাহারা জ্বপিটার প্র্বির্যস, অর্থাং ক্রিটকারী আকাশের উপাসনা চাই। এজন্য তাহারা জ্বপিটার প্র্বির্যস, অর্থাং ক্রিটকারী আকাশের উপাসনা করিতেন। ইনি রোমক্রিগের ইন্দ্র।

অগ্নিকে দ্বিতীয় উদাহরণস্বর্প গ্রহণ করা যাউক। পৃথিবীতে, বিশেষতঃ আশির্মা প্রদেশে, অগ্নির উপাসনা বড় প্রবলতা প্রাপ্ত হইয়াছিল। আমেরিকার দিলাবরেরা অগ্নিদেবতাকে আমেরিকার আদিমবাসীদিগের আদি প্রব্র (মন্) বিলয়া বংসরে বংসরে উপাসনা করে। অভিন্তির লিখিত প্রত্তকে জানা যায় যে, চিনুক নামে আমেরিকার প্রান্তবাসী আদিমজাতিরা অগ্নির পূজা করিত। সভ্য মেক্সিকোবাসীদিগের মধ্যে অগ্নি একজন প্রধান দেবতা ছিলেন; কিন্তু তাঁহার নামটি এত দর্চ্চার্য্য যে, আমরা তাহা বাঙ্গালায় লিখিতে পারিলাম না।* পলিনেসিয়াতে মহ্ইকা নামে এবং আফ্রিকার ডাহোমে প্রদেশে জো নামে অগ্নি প্র্লিত। আশিয়া প্রদেশে কণ্ডড়লেরা শব প্রজা করে এবং অগ্নিও প্রজা করে। জাপান প্রদেশস্থ্য রেসো প্রদেশে আগ্নিই প্রধান দেবতা। তুঙ্গুক্ত মোগলা এবং তুর্ক জাতীরেরা অগ্নির উপাসনা করিয়া থাকে। উইলর সাহেব মোগলদিগের† একটি বিবাহমন্দ্র উদ্ধৃত করিয়াছেন, তাহা পড়িয়া ঋণ্ডেদের আগ্ন-স্ক্রে মনে পড়ে।

^{*} Xiuhteuctli; also Huchueteotl.

[†] আমরা যাহাদিগকে মোগল বলি তাহারা যথার্থ মোগল নহে। আরবা বা পারসা হইতে আসিয়া

र्वाष्क्रभ ब्रह्मावनी

ইতিহাসে বিখ্যাত আসিরিয়া, কালদিয়া, ফিনিসিয়া প্রভৃতি দেশের লোকেরা প্রধানতঃ আন্ধর উপাসক ছিল। প্রাচীন পারস্যবাসীরা বিখ্যাত আন্ধর উপাসক এবং তাহাদিগের বংশ, বোম্বাইয়ের পাসীরা অদ্যাপিও বিখ্যাত আন্ধির উপাসক। ইউরোপেও গ্রীকদের মধ্যে Vulcan, Hephaistos, Hestia আন্ধদেবতা। তৎপরবত্তী ইউরোপীয়দের মধ্যে প্রাচীন প্রন্সয়েরা এবং র্বিয়েরা এবং লিখ্য়ানীয়েরা আন্ধির প্রা করিত। এখনও ইউরোপ একট্ব একট্ব আন্ধপ্রজা আছে। উদাহরণম্বর্প টইলর সাহেবের গ্রন্থ হইতে একট্ব উদ্ধৃত করিলাম।*

স্বেগ্রাপাসনা জগতে অতিশয় বিস্তৃত। সভ্য এবং অসভ্য সকলেই তাঁহার উপাসনা করে। আমেরিকার অসভ্য জাতিদিগের মধ্যে ইডসন বের উপক্লবাসী আদিমজাতিরা প্রাতঃস্বর্ষ্যের উপাসনা করে। বঙ্কবর দ্বীপবাসীরা মধ্যাহ্নসূর্য্যের উপাসনা করে। দিলাবর্রাদগের দ্বাদশ দেবতার মধ্যে সূর্য্য দ্বিতীয় দেবতা। বিজিনিয়ার আদিমবাসীরা উদয় এবং অন্তকালে সূর্য্যের উপাসনা করিত। পোত্তবিভূমিরা ছাদের উপর উঠিয়া সূর্য্যের ভোগ দিত। আল্লাে কুইন্দিগের চিত্রলিপি মধ্যে স্থেরি চিত্র প্রধান দেবতার চিত্রের প্ররূপ লিখিত হইযাছে। সিউস জাতিরা সূর্য্যকে জগতের সূজনকর্ত্তা ও পালনকর্ত্তা স্বরূপ বিরেচনা করে। ক্রীক্ জাতিরা সূর্য্যকে স্বন্ধরের প্রতিমান্বরপে বিবেচনা করে। আরোকানিয়ের। সূর্য্যকে সূর্বপ্রেষ্ঠ দেবতা বলিয়া **ऐभाम**ना करत । भूरखन रहता भूरयोत निक्हे भक्न मञ्जन कार्रना करत । हेक्सानवामीता भूरयोत মন্দির গঠন করিয়া, তন্মধ্যে তাহার উপাসনা করে। লুইসিয়ানাবাসী নাটেজ জাতিদিগের মধ্যে সুযোর পুরোহিতেরাই রাজা হইত এবং সুযোর মন্দিব নিম্মাণপূর্বেক বীতিমত প্রতাহ তাহার উপাসনা করিত। ফ্রোরিদার আদিমবাসী অপলশেরা প্রকৃত সৌব ছিল। তাহারা প্রতাহ প্রাতে ও সন্ধ্যাকালে স্থা উপাসনা করিত এবং বংসরে চারিবার স্থেতির উৎসব করিত। এদেশে দুর্গোপ্রজায় যেমন ঘটা, মেক্সিকো নিবাসী অজতেকদিগের মধ্যে সূর্যাপ্রজার সেইর প ঘটা ছিল। তাহাদিগের নিম্মিত সূর্যোর বৃহৎ স্থাপ অদ্যাপি বর্ত্তান আছে এবং প্রেম্কটের মনোহর রচনায এই সূর্য্যের ভীষণ উপাসনা চিরস্মরণীয় হইয়া গিয়াছে। ফলতঃ সূর্য্যকেই অজতেকেরা ঈশ্বর বলিয়া মানিত। দক্ষিণ আনেরিকার বোগোটা নিবাসী মুইস্কা জাতিরা সুযোর নিকট নরবলি দিত। পিবার সুর্য্যোপাসনা অতি বিখ্যাত এবং পিরবোসীদিগের **জীবনের সমস্ত কর্ম্ম এই স্থোগাসনার দারা শাসিত হইত। পিব**ুব রাজাবা আমাদিগের <u> तामक मामित नाम मार्था वर्शनीय विलया भित्रिक हिल्लन। जाँदाता मार्थाव প্রতিনিধি विलया</u> রাজ্য করিতেন। পির্দেশে স্বর্ণ খচিত অসংখ্য সূর্য্যমন্দিরে সূর্যের স্বর্ণনিন্মিত প্রতিমর্ত্তি সকল স্থালোকের দ্বাবা উপাসিত হইত।

ভারতবধী গৈ অসভ্য জাতিদিগের মধ্যে বোড়ো ও ধীমাল জাতিরা স্বা উপাসনা করে। বাঙ্গালার প্রান্তবাসী কোল, মাণ্ডা, ওরাও এবং সাওতাল জাতিবা সিংবোঙ্গা নামে স্বাদেবের উপাসনা করে। উড়িষ্যার খন্দিগের মধ্যে স্বাদেবের নাম বাড়াপেলা । তিনি স্রুণ্টা এবং বিধাতা। তিন্তির তাতাব, মঙ্গল, পুঙ্গাল, সাইবিরিয়াবাসীরা এবং লাপ জাতিরা স্বাের উপাসনা করিয়া থাকে।

আর্যাঞ্জাতিদিগের মধ্যে প্রাচীন পার্রাসকদিগের স্থেত্বপাসনার কথা বলিয়াছি। গ্রীক-দিগের মধ্যে স্থাদেবতা হিলিয়স্ বা আপোলন নামে উপাসিত হইতেন। সক্রেটিস্প্রভৃতিও

ষাহারা ভারতবর্ষে বাস করিয়াছে আমর। তাহাদিগকেই মোগল বলি তাহাব মোগল নহে। মধ্য-আশিয়ায় মোগল নামে একটি ভিন্ন জাতি আছে।

*"The Esthoman bride consecrates her new hearth and home by an offering of money cast into the fire, or laid on the oven for Tule-Ema, fire mother. The Carinthian peasant will 'fodder' the fire to make it kindly and throw lard or dripping to it, that it may not burn his house. To the Bohemian it is a godless thing to spit into the fire, God's fire as he calls it. It is not right to throw away the crumbs after a meal, for they belong to the fire. Of every kind of dish some should be given to the fire and if some runs over, it is wrong to scold, for it belongs to the fire. It is because these rights are now so neglected that harmful fires so often break out." Primitive Culture, p. 285.

रेपवरुषु ७ । स्याह्यान**िरावरुषु**

তাঁহার উপাসনা করিতেন। আধ্বনিক ইউরোপীয় পণ্ডিতেরা অনেকেই বলেন ষে, গ্রীক প্রভৃতি আর্যাক্তাতিদিগের দেবোপাখ্যান সকল অধিকাংশই সৌরোপন্যাস- স্থ্যর্পক। তাঁহারা এ বিষয়ে কিছ্ব বাড়াবাড়ি করিয়াছেন, পাঠকেরা তাহা অবগত থাকিতে পারেন।

প্রাচীন মিশরবাসীদিগের মধ্যে স্থোগাসনার বড় প্রাধানা ছিল। বৈদিক হিল্বাদিগের নায় তাহারাও স্থোর নানা ম্তির উপাসনা করিতেন। এক ম্তির রা আর এক ম্তির ওসাইরিস, তৃতীর ম্তির হাপর্কোত।* প্রাচীন সিরীর, ও আসিরীয় ও টিরীয়াদিগের মধ্যে স্থার বালস্মেস্, বেল বা বাল নামে উপাসিত হইতেন। সিরিয়া হইতে স্থোগাসনা রোমকে আনীত হইরাছিল। এই স্থাদেবের নাম এলোগবল্। তাহার প্রোহত হেলিওগবলস্রোমকের একজন স্মাট্ হইরাছিলেন। পরে রোমক খৃষ্টান হইলেও খুষ্টোপাসনার সঙ্গে সঙ্গে স্থানে স্থোগাসনার সঙ্গে সঙ্গে হানে স্থোগাসনা চলিয়াছিল এবং এখনও চলিতেছে। যেখানে স্থোগাসনা লম্প্ত হইয়াছে সেখানেও খৃষ্টমাস্ প্রভৃতি উৎসবে তাহার উপাসনার চিহ্ন অদ্যাপি বর্ত্তমান আছে। পক্ষান্তরে, বিডুইন আরবের।

হইয়াও অদ্যাপি স্থোগর উপাসনা করিয়া থাকে।

চতুর্থ উদাহরণম্বরূপ আমরা বায়ুদেবতাকে গ্রহণ করি। ইন্দ্রাগ্নিস্থোর ন্যায় বায়ুরও উপাসনা বহুদেশে প্রচলিত। আলাগঞ্চইন জাতিদিগের বায়ুদেবচতুষ্ট্যের উপাখ্যান লংফেলো কৃত ·liawatha নামক কাব্যে বণিতি আছে। দিলাবরদিণের দ্বাদশ দেবতার মধ্যে উত্তর, পশ্চিম, পূর্ব্ব, দক্ষিণ, এই চারিটি দেবতা চারি প্রকাব বায়, মাত্র। ইরকোয়া জাতিদিগের মধ্যে বায়,র অধিপতি দেবতার নাম গাওঃ। বেদে থেমন বায় ব্বং মর্শাণ প্থক্ প্থক্ দেবতা, অসভ্য জাতিদিগের মধ্যেও তেমনি কোথাও বায় কোথাও মর শূলণ প্রিজত। পলিনেসীয়দিগের মধ্যে মরুদ্যাণের পূজা আছে। তাহাদিগের মধ্যে প্রধান বেরোমতৌতর, এবং তৈরিব,। বন্ধুজন বড়ের সময় সমুদ্রে থাকিলে উহারা এই মরুদ্র্গণের প্রজা করে। উহাদিগের বিশ্বাস, ঐ প্রজায় প্রার্থনামত ঝড় বন্ধ হয় এবং প্রার্থনামত ঝড় উপস্থিত হয়। অন্ট্রেলেসিয়ার উপদ্বীপ মধ্যে মোই প্রধান দেবতা। তিনি কোন কোন স্থানে বায়াদেবত। বলিয়া প্রিজত হন। টাহিটিতে তিনি পূৰ্বে বায়:। নবজিল্যান্ডে তিনি বায়্বগণের শাসনকর্ত্তা। ফিন্জাতিদিগের প্রধান দেবতা উক্রো ঝড়ের অধিপতি। গ্রীকদিগের মধ্যে বোরিয়স্, জেফিরস্ এবং ইয়লস্ বায়ৢদেবতা। হার্পিগণ মর,ন্দেবতা। স্ক্যান্ডিনেভীয়দিগের বিখ্যাত ওডিন মর,ন্দেবতা। এই মর,ন্দেবের প্জার চিহ্ন আজও ইউরোপে বর্তমান আছে। বারিন্থিয়ার ক্ষকের। মাংসপূর্ণ কাণ্ঠপার গাছে ঝুলাইয়া দিয়া বায়,দেবতাকে ভোগ দেয়। জার্ম্মানির অন্তর্গত স্বাবিয়া, টাইরোল এবং উপর-পালাটিনেট প্রদেশে ঝড় হইলে ঝড়কে ঐর্প মাংস উপহার দিয়া শান্ত করিবার চেন্টা করে।

বেদে বর্ণ প্রধানতঃ আকাশদেবতা, কিন্তু তিনি স্থানে স্থানে জলেশ্বর বলিয়াও অভিহিত হইয়ছেন। প্রাণে তিনি কেবল জলেশ্বর। গ্রীকদিগের মধ্যে বর্ণ এইর্প দুই ভাগ হইয়ছেন। ব্রেনস্ (Uranos) আকাশ ধর্ণ এবং পোসাইডন (l'oseidon) বা নেপচ্ন (Neptune) জলবর্ণ। অসভ্য জাতিদের মধ্যেও এই দ্বিধ বর্ণের উপাসনা আছে। আকাশ বর্ণের কথা আমরা পরে বলিব, এক্ষণে জলেশ্বর বর্ণেরই কথা বলি। পালনেসিয়া প্রদেশে তুয়ারাতাই এবং র্য়াহাতু এই দুই জলেশ্বর বর্ণ উপাসিত হইয়া থাকেন। আফ্রিকায় বোসমান জাতিদিগের মধ্যে জলেশ্বরের প্রা খ্ব ধ্মধামের সহিত হইয়া থাকে। আফ্রিকায় অন্যান্য প্রদেশেও জলেশ্বরের প্রা আছে। দক্ষিণ আমেরিকায় পির্বাসীয়া মামাকোচা নামে সমন্ত্রদ্বের প্রা করে। প্র্ আসিয়ার কামচকট্কা প্রদেশে মিংক্ নামে জলেশ্বর উপাসিত হইয়া থাকেন। জাপানে দ্বিধ জলেশ্বর আছেন। শ্বলমধ্যগত জলেশ্বরের নাম মিধস্নোকামি, এবং জলমধ্যগত জলেশ্বরের নাম জেবিস্ম।

আগামী সংখ্যার আমরা আর দুইটি বৈদিক দেবতাকে উদাহরণস্বরূপ গ্রহণ করিব। পরে যে তত্ত্ব ব্রাইবার জন্য এই সকল উদাহরণ সংগ্রহ করিতেছি, তাহার অবতারণা করিব।—'প্রচার', ১ম বর্ষ, পূ. ৩০১-১০।

^{*}Harpokrates.

म्यावाभ,थिवी

আকাশের একটি নাম দা বা দ্যোঃ। নামটি এখনও অর্থাৎ আধানিক সংস্কৃতে ব্যবহৃত হয়। এই দা বা দ্যো বেদে দেবতা বিলয়া স্কৃত হইয়াছেন, ইহা বলিয়াছি। ইনি একজন আকাশ-দেবতা। ইন্দ্র বৃষ্টিকারী আকাশ, বর্ণ আবরণকারী আকাশ, অদিতি অনন্ত আকাশ। কিন্তু দ্যো বা দা আকাশের কোন্ ম্তি—এ কথাটা বলা হয় নাই।

বেদে যেমন আকাশের স্তৈতি আছে, তেমনি প্থিবীরও আছে। আকাশ দেব বলিয়া, প্থিবী দেবী বলিয়া স্তৃত হইয়াছেন। একটা কাজের কথা এই যে, এই দৃত্য বা দেৱী. আর এই প্রিথবী, একত্রে এক স্তুক্তেই স্তৃত হইয়াছেন। তাঁহাদের যুক্তনাম দ্যাবাপ্রথিবী।

আরও কাজের কথা এই যে, কেবল তাঁহারা একত্রে স্থৃত হইয়াছেন, এমত নহে, তাঁহারা দম্পতি বালিয়া বার্ণতি হইয়াছেন। আকাশ প্রেয়্ব্য, প্রিথবী স্ত্রী।

কেবল তাই নহে। এই দম্পতি সমস্ত জাবনের পিতা ও মাতা বলিয়া বণিত হইয়ছেন। দ্যো পিতা, প্থিবী মাতা। আজি আমরা প্থিবীকৈ মা বলিয়া থাকি বাঙ্গলা সাহিত্যেও "মাতবর্বস্মাত!" এমন সম্বোধন পাওয়া যায়। কিন্তু আকাশকে পিতা বলিয়া ডাকিতে আমরা ছুলিয়া গিয়াছি। বৈদিক ঋষিয়া যেমন প্থিবীকে মাতা বলিতেন, তেমনি অকাশকে পিতা বলিতেন। "তন্মাতা প্থিবী তংপিতা দ্যোঃ।" (১,৮৩,৪) এই "পিতা দ্যোঃ" বা "দ্যোগিপতা" অর্থাৎ "দ্যোগিপত্" শব্দ গ্রীকদিগের ''Zeus Pater'' এবং রোমকদিগের ''Jupiter'' ইহা প্রেব্বে বলা হইয়ছে।

হিন্দ্র দর্শনিশান্তে বলে. আকাশ পঞ্চুতের একটি। কিন্তু ইহাই আদিম। আকাশ হইতে বায়, বায়, হইতে তেজঃ, তেজঃ হইতে জল, জল হইতে ক্ষিত। ঋণ্বদসংহিতায় দর্শনিশান্ত্র নাই —অতএব ঋণ্বদসংহিতায় এ সকল কথা নাই। কিন্তু তাহাতে আছে যে. আকাশ হইতে সম্বভূতের উৎপত্তি হইয়াছে। যথা, "দ্যাবাপ্থিবী জনিত্রী।" "দ্যোগিপতা প্থিবী মাতরপ্ত্র গণ্পে ভ্রাতর্বসবো" ইত্যাদি।

তবেই, যেমন ইন্দ্র আকাশের বর্ষকম্তি, বর্ণ আবরকম্তি, অদিতি অনভুম্তি, দার বা দায় তেমনি জনকম্তি। মন্ত বলিয়াছেন, "মাতা প্রথিব্যাঃ ম্তিঃ।"

এখন আধ্বনিক বিজ্ঞানে এমন কথা বলে না যে, আকাশ এই বিশ্বব্যাপী জীবপুঞ্জের জনক। এরপে কথার কোন "প্রমাণ" নাই। কিন্তু বিজ্ঞান লইয়া প্রাচীন ধর্ম্ম সকল গঠিত হয় নাই। বখন বিজ্ঞান হয় নাই, তখন বিজ্ঞান কিছুরই গঠনে লাগিতে পারে না। তবে এই জনকপদে প্রতিষ্ঠিত হইবার আকাশের কি কোন দাবি দাওয়া ছিল না, তাহা আমাদের বিলবার প্রয়োজন করে না, কেবল ইহাই বলিলে যথেষ্ট হইবে যে, পৃথিবী জ্বড়িয়া এই দাবি স্বীকার করিয়াছিল। সকল আদিম ধন্মে আকাশ জনক। অনেক ধন্মে আকাশের নামে ঈশ্বরের নাম।

বেদে দ্যোঃ স্বামী, প্থিবী স্থা। প্রাচীন গ্রীকদিগের মধ্যেও আকাশ স্বামী, প্থিবী স্থা। আমরা বলিরাছি যে, এই "দ্যোঃ" শব্দই ''Zeus,'' কিন্তু Zeus গ্রীকপ্রানে প্থিবীর স্বামী নহে। গ্রীকপ্রানে Ouranos দেবের পত্নী Gaia দেবী। Gaia সংস্কৃত "গোঁ। গো শব্দে প্থিবী সকলেই জানে। কিন্তু ইহার পতি Zeus নহেন, Ouranos পতি। Ouranos দ্যোঃ নহেন— Ouranos বর্ণ। বর্ণও আকাশ। অতএব গ্রীকপ্রাণেও আকাশ প্থিবীর স্বামী। এবং ইহারাই সেই প্রাণমতে সর্বজীবের জনক-জননী। আমাদের পাঠকেরা, দুই এক জন ছড়ো, বোধ হয় লাটিন ও গ্রীক ব্বেন না—এবং আমরাও দুর্ভাগাক্রমে এই অপরাধে অপরাধী। স্তুতরাং এ কথার পোষকতায় বচন উদ্ধৃতি করিতে পারিলাম না।*

উত্তর আমেরিকার হ্রেণ, ইরিকোওয়া প্রভৃতি জাতির মধ্যে, আফ্রিকার জ্বল্জাতি, বল্লিজাতি প্রভৃতি জাতির মধ্যে এই আকাশ-দেবতা প্রিজত। উত্তর আশিয়ার সামোয়েদ জাতির মধ্যে,

এই তত্ত্ব পাঠক ব্রিতে পারিবেন, যখন আকাশ ও প্থিবীর পরিণয় কলিপত হইয়ছিল, তখন
লাোঃ শব্দ জিয়স্ শব্দে পরিণত হয় নাই।
 অধন আর্ধাবংশীয়েয়া প্থক্ প্থক্ দেশে বালা করে নাই।
 অনেক কালের প্রাচীন কথা।

प्तवज्जु ७ हिन्त्रु वर्ष - देठजनावान

কিন্ জাতিদ্গের মধ্যে এবং চীনজাতিদিগের মধ্যে আকাশ জনক বলিয়া প্রতিষ্ঠিত। অনেক স্থানে আকাশবাচক শব্দই ঈশ্বরবাচক শব্দ।

ঐর প আর্যাঞ্জাতীয়দিগের মধ্যে, নানা অসভা জাতিদিগের মধ্যে এবং চৈনিক জাতিদিগের মধ্যে আকাশ পিতা, প্থিবী মাতা, প্থিবী আকাশের পত্নী, প্থিবী ও আকাশের সংযোগে বা বিবাহে জীবস্ভিট।

চৈনিক দার্শনিকেরা ইহার উপর একট্ব বাড়াইলেন। আকাশ পিতা, প্থিবী মাতা; ইহা হইতে তাঁহারা করিলেন যে, স্ভিতিত দুইটি শক্তি আছে—একটি প্রবৃষ, একটা স্থা, একটি

স্বগাঁর একটি পাথিব। একটির নাম ইন্, আর একটির নাম ইযঙা।

ইহাতে পাঠকের, ভারতবম্বীয় প্রকৃতি প্রন্ধ মনে পড়িবে। ভারতবম্বীয়েরা যে চৈনিক্দিপের নিকট হইতে এ কথা পাইয়াছিলেন, অথবা চৈনিকেরা যে ভারতবম্বীয়িদিগের নিকট হইতে পাইয়াছিলেন, এমন কথা বলিবার কোন কারণ পাওয়া যায় না। বোধ হয়, দ্বই জাতির মধ্যে এক কারণেই এই প্রকৃতি-প্র্বতত্ত্ব উদ্ভূত হইয়াছিল। উভয় দেশেই আকাশ পিতা, প্থিবী মাতা, এবং উভয়ের সংযোগে বিশ্বজনন, এই বিশ্বাস ছিল, তাহা হইতেই প্রকৃতি-প্র্বৃষতত্ত্ব উদ্ভূত হইয়া থাকিবে। সাংখ্যের প্রবৃষ্ব আকাশ নহে, এবং প্রকৃতি প্থিবী নহে। তাহা আমরা জানি। বোধ হয় এই দ্যাবাপ্থিবীতত্ব, উপনিষদের আত্মতত্ত্ব ও মায়াবাদে মিলিত হইয়া প্রকৃতি প্রত্বেষ পরিণত হইয়া থাকিবে। সেই প্রকৃতি-প্রবৃষতত্ত্ব হইতে তান্দ্রিক উপাসনার উৎপত্তি ক না, এবং ভৈরব ও ভৈরবীর ম্লে দ্যাবাপ্থিবী কি না, সে স্বতন্ত্র কথা। এক্ষণে আমরা তাহাব বিচারে প্রবৃত্ত নহি।

আমরা এত দিনে যে দুইটি স্থ্ল কথা ব্ঝাইলাম, তাহা পাঠককে এইখানে সমরণ

করাইয়া দিই।

প্রথম। ইন্দ্রাদি বৈদিক দেবতা বিশ্বের নানা বিকাশ মাত্র, যথা—আকাশ, সুর্য্য, অগ্নি বা বায়:।

দ্বিত্রীয়। এইরপে ইন্দ্রাদির উপাসনা কেবল ভারতবর্ষে নহে, অনেক স্থানে আছে। **এক্ষণে**

আমরা বিচার করিব,

প্রথম। কেন এর প ঘটিয়াছে। দ্বিতীয়া এখানে উপাসনা বস্তুটা কি।

'প্রচার', ১ম বর্ষ, প্. ৩৬৩-৬৭

চৈতন্যবাদ

প্রতিবাতে ধন্ম কোথা হইতে আসিল?

অনেকেই মনে করেন, এ কথার উত্তর অতি সহজ। প্রীষ্টারান বলিবেন, মৃসা ও যীশ্ব ধর্ম্ম আনিয়াছেন। মৃসলমান বলিবেন, মহম্মদ আনিয়াছেন, বৌদ্ধ বলিবেন, তথাগত আনিয়াছেন, ইত্যাদি। কিন্তু তাহা ছাড়া আরও ধর্ম্ম আছে। প্রাচীন গ্রীক প্রভৃতি জাতির ধর্মের মুসা মহম্মদ কেহ নাই। প্রথিবীতে কভ জাতীয় মন্যা আছে, তাহার সংখ্যা নাই বলিলেও হয়। সকলেরই এক একটা ধর্ম্ম আছে, এমন কোন জাতি আজি পর্যান্ত আবিক্তত হয় নাই, যাহাদের কোন প্রকার ধর্ম্ম জ্ঞান নাই। এই অসংখ্য জাতিদিগের ধর্ম্মে প্রায় মহম্মদ মুসা খ্রীষ্ট বৌদ্ধের তুল্য কেহ ধর্ম্ম প্রষ্টা নাই। তাহাদের ধর্ম্ম কোথা হইতে আসিল?

আর যাঁহারা বলেন যে, এভি বা বৃদ্ধ, মৃদা বা মহম্মদ ধর্ম্ম সৃষ্টি করিরাছেন তাঁহাদের কথার একটা ভূল আছে। ই'হারা কেহই ধর্মের সৃষ্টি করেন নাই, প্রচলিত ধর্ম্মের উন্ধান্ত করিরাছেন মান্ত। প্রতিটব প্রের্ব রিহুদার রিহুদার ধর্ম্ম ছিল, এতি ধর্ম তাহারই উপর গঠিত হইরাছে; মহম্মদের প্রের্ব আরবে ধর্ম্ম ছিল, ইস্লাম তাহার উপর ও রিহুদী ধর্মের উপর গঠিত হইরাছে; শাক্যসিংহের আগে বৈদিক ধর্ম্ম ছিল, বৌদ্ধ ধর্ম্ম হিন্দুর্থম্মের সংক্রপ মান্ত। মুসার ধর্ম্ম প্রচারের প্রের্ব ও এক রিহুদী ধর্ম্ম ছিল; মুসা তাহার উন্নতি করিরাছিলেন। সেই সকল আদিম ধর্ম্ম কোথা হইতে আসিল—তাহার প্রণেতা কাহাকেও দেখা বার না।

অর্থাৎ কদাচিৎ ধন্মের সংস্কারক দেখা যায়, কোথাও ধন্মের দ্রন্টা দেখা যায় না। সৃষ্ট ধর্ম্ম নাই: সকল ধন্মই প্রম্পরাগত, কদাচিৎ বা সংস্কৃত।

বৈজ্ঞানিকদিগের মধ্যে এমনই একটা প্রশ্ন আছে—প্থিবীতে জীব কোথা হইতে আদিল? যদি বলা যায়, ঈশ্বরেছায় বা ঈশ্বরের স্ভিট্রেমে পৃথ্নীতলে জীবসণ্ডার হইয়াছে, তাহা হইলে বিজ্ঞান বিনন্দ হইল। কেন না, সকলই ঈশ্বরেছায় ঘটিয়াছে; সকল বৈজ্ঞানিক প্রশ্নের এই উত্তর দিয়া অনুসন্ধান সমাপন করা যাইতে পারে। অতএব কি জীবোৎপত্তি কি ধন্মোৎপত্তি সম্বন্ধে এ উত্তর দিলে চলিবে না।

কেন না, ধন্মেশিংপত্তিও বৈজ্ঞানিক তত্ত্ব। ইহারও অন্সন্ধান বৈজ্ঞানিক প্রথায় করিতে হইবে। বৈজ্ঞানিক প্রথা এই যে, বিশেষের লক্ষণ দেখিয়া সাধারণ লক্ষণ নিন্দেশ করিতে হয়।

ইউরোপীয় পণিডতেরা অনেকেই এই প্রণালী অনুসারে ধন্মের উৎপত্তির অনুসন্ধান করিয়াছেন। কিন্তু নানা মর্নার নানা মত। কাহারও মত এমন প্রশস্ত বলিয়া বোধ হয় না ষে, পাঠককে তাহা গ্রহণ করিতে অনুরোধ করিতে পারি। আমি নিজে যাহা কিছ্ব ব্রিঝ পাঠক-দিগকে অতি সংক্ষেপে তাহার মম্মার্থ ব্রুঝাইতেছি।

ধন্দের উৎপত্তি ব্রিঝতে গেলে সভ্য জাতির ধন্দের মধ্যে অন্সন্ধান করিলে কিছ্ পাইব না। কেন না, সভ্য জাতির ধর্ম্ম প্রোতন হইয়াছে, সে সকলের প্রথম অবস্থা আর নাই. প্রথমবস্থা নহিলে আর কোথাও উৎপত্তি লক্ষণ দেখিতে পাওয়া যায় না। গাছ কোথা হইতে হইল, অন্কুর দেখিলে ব্রুঝা যায়; প্রকাশ্ড ব্রুক্ষ দেখিয়া ব্রুঝা যায় না। অতএব অসভ্য জাতি-দিগের ধন্দের্মর সমালোচনা করিয়া ধন্দের্মর উৎপত্তি ব্রুঝাই ভাল।

এখন, মনুষ্য যতই অসভ্য হোক না কেন, একটা কথা তাহারা সহজে ব্রিষতে পারে। ব্রবিতে পারে যে, শরীর হইতে চৈতন্য একটা পূথক্ সামগ্রী।

এই একজন মানুষ চলিতেছে, খাইতেছে, কথা কহিতেছে, কাজ করিতেছে। সে মরিরা গেল, আর সে কিছুই পাইল না। তাহার শরীর যেমন ছিল, তেমনই আছে, হস্তপদাদি কিছুরই অভাব নাই, কিন্তু সে আর কিছুই করিতে পারে না। একটা কিছু তার আর নাই, তাই আর পারে না। তাই অসভা মনুষ্য ব্রিকতে পারে যে, শরীর ছাড়া জীবে আর একটা কি আছে. সেইটার বলে জীবছ, শরীরের বলে জীবছ নহে।

সভা হইলে মনুষ্য ইহার নাম দেয়, "জীবন" বা "প্রাণ" বা আর কিছু। অসভ্য মনুষ্য নাম দিতে পারুক না পারুক, জিনিষটা বুবিষা লয়। বুরিনলে দেখিতে পারে যে, এটা কেবল জীবেরই আছে, এমত নহে, গাছ পালারও আছে। গাছ পালাতেও এমন একটা কি আছে যে. সেটা যত দিন থাকে, তত দিন গাছে ফুল ধরে, পাতা গজার, ফল ধরে, সেটার অভাব হইলেই আর ফুল হয় না, পাতা হয় না, ফল হয় না, গাছ শুকাইয়া যায়, মরিয়া যায়। অতএব গাছ পালারও জীবন আছে। কিন্তু গাছ পালার সঙ্গে জীবের একটা প্রভেদ এই যে, গাছ পালা নড়িয়া বেড়ায় না, খায় না, গলায় শব্দ করে না, মার্রিপট লড়াই বা ইচ্ছাজনিত কোন কিয়া করে না।

অতএব অসভ্য মনুষ্য জ্ঞানের সোপানে আর এক পদ উঠিল। দেখিল, জীবন ছাড়া জীবে আর একটা কিছু আছে, যাহা গাছ পালায় নাই। সভ্য হইলে তাহার নাম দেয়, "চৈতন্য"। অসভ্য নাম দিতে পারুক না পারুক, জিনিষ্টা বুঝিয়া লয়।

আদিম মন্য দেখে যে, মান্য মরিলে, তাহার শরীর থাকে—অন্ততঃ কিরৎক্ষণ থাকে, কিন্তু চৈতন্য থাকে না। মান্য নিদ্রা বায়, তখন শরীর থাকে, কিন্তু চৈতন্য থাকে না। মান্য নিদ্রা বাবে না। তখন সে সিদ্ধান্ত করে যে, চৈতন্য শরীর ছাড়া একটা স্বতন্ত বস্তু।

এখন অসভা হইলেও, মনুষোর মনে এমন কথাটা উদয় হওয়ার সম্ভাবনা যে, এই শরীর হইতে চৈতন্য যদি পৃথক্ বস্তু হইল, তবে শরীর না থাকিলে এই চৈতন্য থাকিতে পারে কি না? থাকে কি না?

মনে করিতে পারে, মনে করে, থাকে বৈ কি? স্বপ্নে দেখি; স্বপ্নে শরীর এক স্থানে রহিল, কিন্তু চৈতন্য গিয়া আর এক স্থানে দেখিতেছে বেড়াইতেছে, সূখ-দুঃখ ভোগ করিতেছে, নানা কাজ করিতেছে। ভূত আছে, এ কথা স্বীকার করিবার আমাদের প্রয়োজন নাই, কিন্তু সভ্য কি অসভ্য মনুষ্য কখন ভূত দেখিয়া থাকে. এ কথা স্বীকার করিবার বোধ হয় কাহারও আগত্তি

নাই। মন্তিন্দের রোগে, কিম্বা দ্রমবশতঃ মনুষ্যে ভূত দেখে, ইহা বলা যাউক। যে কারণে হউক মনুষ্য ভূত দেখে। মরা মানুষের ভূত দেখিলে অসভা মানুষের মনে এমন হইতে পারে যে শরীর গেলেও চৈতন্য থাকে। এই বিশ্বাসই পরলোকে বিশ্বাস, এইখানেই ধন্মের প্রথম স্ত্রপাত।

ইহা বলিয়াছি যে, অসভা মনুষ্য বা আদিম মানুষ্ যাহাকে ক্রিয়াবান্ আপনার ইচ্ছানুসারে ক্রিয়াবান্ দেখে, তাহারই চৈতন্য আছে বিশ্বাস করে। জীব, আপন ইচ্ছান,সারে ক্রিয়াবান্, এজন্য জীবের চৈতন্য আছে, নিজ্জীব ইচ্ছান্সারে ক্রিয়াবান্নহে, এজন্য নিজ্জীব চেতন নহে। কিন্তু আদিম মন্ত্রা সকল সময়ে ব্রিঝতে পারে না, কোন্টা চৈতন্যযুক্ত, কোন্টা চৈতন্যযুক্ত नरह । भाराष् भन्द ७. জष्भार्थ प्रक्रताहत रेष्ट्रान, भारत कियावान् नरह, प्रह्रताहत रेरार्पत অচেতন বলিয়া ব্রিকতে পারে, কিন্তু মধ্যে মধ্যে এক একটা পাহাড় অগ্নি উল্গীরণ করিয়া অতি ভয়াবহ ব্যাপার সম্পাদন করে। সেটাকে ইচ্ছান্সারে ক্রিয়াবান্ বলিয়া বোধ হয়; আদিম भन्दारात रमिंग मर्टिणना विलया ताथ द्या। कलनामिनी नमी वाधि मिन इतिहरू मुक् করিতেছে, বাড়িতেছে, কমিতেছে, কখন ফাঁপিয়া উঠিয়া দুই কলে ভাসাইয়া দিয়া সর্ধনাশ করিতেছে, কথন পরিমিত জলসেচ করিয়া শস্য উৎপাদন করিতেছে, ইহাকেও ইচ্ছান, সারে ক্রিয়াবতী বলিয়া বোধ হয়। স্থেরির কথা বড় আশ্চর্য্য। জগতে যাহাই হোক না কেন, ইনি ঠিক সেই নিয়মিত সময়ে পূৰ্বাদিকে হাজির। আবার ঠিক আপনার নিন্দিন্ট পথে সমস্ত দিন ফিরিয়া, ঠিক নিয়মিত সময়ে পশ্চিমে লক্কায়িত। ইহাকেও স্বেচ্ছাক্রিয় বলিয়া বোধ হয়, ইহাও সচৈতন্য বোধ হয়। চন্দ্র ও তারা সম্বন্ধেও এইর্প হইতে পারে। কোথা হইতে আকাশে মেঘ আসে? মেঘ আসিয়া কেন বৃণ্টি করে? বৃণ্টি করিয়া কোথায় চলিয়া যায়? মেঘ আসিলেই वा नकल नमरत वृष्टि रह ना रकन? य नमह वृष्टित श्वरहाङन य नभरव वृष्टि **रहेल नम** হইবে, সচরাচর ঠিক সেই সময়ে বৃণ্টি হয় কেন? সচরাচর তাহা হয়, কিন্তু এক এক সময়ে তাই বা হয় না কেন? কখন কখন অনাব্যন্তিতে দেশ জর্মলয়া যায় কেন? এ সব আকাশের ইচ্ছা, মেঘের ইচ্ছা, বা ব্রণ্টির ইচ্ছা, এজন্য আকাশ সচেতন, মেঘ সচেতন, বা ব্রণ্টি সচেতন বলিয়া বোধ হয়। ঝড়, বা বায়, সন্বন্ধেও ঐর্প। বজু বা বিদ্যুৎ সন্বন্ধেও ঐর্প ঘটে। অগ্নি সম্বন্ধেও যে ঐরপে ঘটিবে, তাহা অগ্নিব কিয়া সকলের সমালোচনা করিলে সহজে বুঝা যাইতে পারে। অগাধ, দুন্তর, তরঙ্গ-সঙ্কল, জলচরে সংক্ষার রক্লাকর সমাদ্র সন্দর্বন্ধও সেই কথা হইতে পারে। ইত্যাদি।

এইর্পে জড়ে চৈতন্য আরোপ, ধন্মেবি দ্বিতীয় সোপান। ইহাকে ধন্মিনা বিলয়া, উপধন্মিবিলতে কেই ইচ্ছা করেন, আপত্তি নাই। ইহা সমরণ রাখিলে যথেন্ট ইইবে যে, উপধন্মিই সত্য ধন্মের প্রাথমিক অবস্থা। বিজ্ঞানের প্রথমাবস্থা যেমন ভ্রমজ্ঞান, ইতিহাসের প্রথমাবস্থা যেমন ভ্রমজ্ঞান, ইতিহাসের প্রথমাবস্থা যেমন লোকিক উপন্যাস বা উপকথা, ধন্মের প্রথমাবস্থা তেমনি উপধন্মি। মতান্তর আছে, তাহা আমরা জ্ঞানি, কিন্তু মনুষ্যের আদিম অবস্থায় বিজ্ঞান নিকৃষ্ট, ইতিহাস নিকৃষ্ট, দর্শনে কাব্য সাহিত্য-শিল্প, সর্বপ্রকার বিদ্যা বৃদ্ধি, সবই নিকৃষ্ট, কেবল তত্ত্বজ্ঞান উৎকৃষ্ট ইইবে ইহা সম্ভব নহে।

তার পর ধন্মের তৃতীয় সোপান। যে সকল জড়পদার্থে মন্মা চৈতনারোপ করিতে আরম্ভ করে, তাহার মধ্যে অনেকগর্নল অতিশয় ক্ষমতাশালী, তেজস্বী, বা স্কুদর। সেই আরেয়াগিরি একেবারে দেশ উৎসয় দিতে পারে, তাহার ক্রিয়া দেখিয়া মন্মাব্দির ভিন্তত, ল্পুপ্রাম হইয়া য়য়। সেই ক্লপরিপ্রাবিনী, ভূমির উৎপাদিকা শক্তির সন্ধারিণী নদী, মঙ্গলে অতিশয় প্রশারনা, অমঙ্গলে অতি ভরতকরী বলিয়া বোধ হয়। য়ড়, ব্লিট, বায়্র বল্প, বিদ্যুৎ, অগ্নি, ইহাদের অপেক্ষা আর বলবান্ কে? ইহাদের অপেক্ষা ভীমকর্মা কে? যদি ইহাদের অপেক্ষা শ্রেষ্ঠ কেহ থাকে, তবে স্মুর্য; ইহার প্রচণ্ড তেজ, আশ্চর্য্য গতি, ফলোৎপাদন জীবোৎপাদন শক্তি, আলোক, সকলই বিক্ময়কর। ইহাকে জগতের রক্ষক বলিয়া বোধ হয়, ইনি যতক্ষণ অনুদিত থাকেন, ততক্ষণ জগতের ক্রিয়াকলাপ প্রায় বন্ধ হইয়া থাকে।

এই সকল শক্তিশালী মহামহিমাময় জড় পদার্থ, যদি সচেতন, স্বেচ্ছাচারী বলিয়া বোধ হইল, তবে মানুষের মন ভয়ে বা প্রীতিতে অভিভূত হয়। ইহাদের কেবল শক্তি এত বেশী তাই নহে, মনুষোর মঙ্গলামকল ইহাদিগের অধীন। সচরাচর দেখা যায় যে, যে চৈতনাযুক্ত, সে ভূষ্ট হইলে ভাল করে, রুট্ট হইলে অনিষ্ট করে। এই সকল মহাশক্তিযুক্ত মঙ্গলামকল-সম্পাদক

र्वाष्क्रम ब्रह्मावनी

পদার্থ বাদ চৈতন্যবিশিষ্ট হয়, তবে তাহারাও সেই নিয়মের বশীভূত, ইহা আদিম মন্ত্রা মনে করে। মনে করে, তাহাদের তৃষ্ট রাখিতে পারিলে সর্ব্য মঙ্গল, তাহারা রুষ্ট হইলে সর্ব্বনাশ হইবে। ইহাতে উপাসনার উৎপত্তি। ইহাই ধন্মের তৃতীয় সোপান। এই জন্য সর্বদেশে স্থা, চন্দ্র, বায়, বর্ণ, ঝড়, ব্লিট, আগ্ল, জলধি, আকাশাদির উপাসনা। এই জন্য বেদের ইন্দ্রাদি আকাশ দেবতা, স্থা দেবতা, আগ্ল দেবতা প্রভৃতির উপাসনা।

কিন্তু ইহার মধ্যে একটা কথা আছে। উপাসনা দ্বিবধ। যাহার শক্তিতে ভীত হই, বা যাহার শক্তি হইতে স্ফল পাইবার আশা করি, তাহার উপাসনা করি। কিন্তু তা ছাড়া আরও এমন সামগ্রী আছে, যাহার উপাসনা করি, সেবা করি, আদর করি। যাহার ভয়দায়িতা শক্তি নাই, অথচ হিতকর তাহারও আদর করি। অচেতন ওর্ষাধ বা ঔ্তমধের আমরা এর্প আদর করি। ছায়াকারক বট বা স্বাস্থ্যদায়ক শেফালিকা বা তুলসীর তলায় জল সিঞ্চন করি। উপকারী অশ্বের ভ্তাবং সেবা করি। গৃহরক্ষক কুরুরকে যত্ন করি। দ্বদ্ধদায়িনী গাভী, এবং কর্ষণকারী বলদকে আরও আদর করি। ধার্ম্মিক মনুষাকে ভক্তি করি। এ এক জাতীয় উপাসনা। এই উপাসনার বশবন্তী হইয়া হিন্দু ছুতার কুড়ালি প্রজা করে, কামার হাতুড়ি প্রজা করে, বেশ্যা বাদ্যবন্দ্র প্রজা করে, লেখক লেখনী প্রজা করে, রাহ্মণ পর্বথি প্রজা করে।*

আরও আছে। যাহা স্কুলর, তাহা আমরা বড় ভালবাসি। স্কুলর হইতে আমরা সাক্ষাৎ সম্বন্ধে, কোন উপকার পাই না, তব্ আমরা স্কুলরের আদর করি। যে ছেলে চন্দ্র হইতে কি উপকার বা অপকার পাওয়া যায়, তাহার কিছ্ই জানে না. সেও চাঁদ ভালবাসে। যে ছবির প্তুল, আমাদিগের ভাল মন্দ কিছ্ই করিতে পারে না, তাহাকেও আদর করি। স্কুলর ফ্লিটি, স্কুলর পাখিটি, স্কুলন মেরেটিকে বড় আদর করি। চন্দ্র কেবল সৌন্দর্য্য গ্ণেই দেবতা, সাতাইশ কক্ষত তাঁহার মহিষী।

প্রকৃত পক্ষে ইহা উপাসনা নহে, কেবল আদর। কিন্তু অনেক সময় ইহা উপাসনা বলিয়া গণিত হয়। বৈদিক ধর্ম সম্বন্ধে তাই অনেক সময়ে হইয়াছে। কথাটা ঊনবিংশ শতাব্দীর ভাষায় অনুবাদ করা ষাউক তাহা হইলেই অনেকেই বুঝিতে পারিবেন।

যাহা শক্তিশালী, তাহা নৈসর্গিক পদার্থের কোন বিশেষ সম্বন্ধ বিশিষ্ট বলিয়াই শক্তিশালী। কার্ম্বনের প্রতি অন্জানের নৈস্গিকি অনুরাগই অগ্নির শক্তির কারণ। তাপ. জল, ও বায়ন্ এই তিন পদার্থের পরস্পরে বিশেষ কোন সম্বন্ধ বিশিষ্ট হওয়াতেই মেঘের শক্তি।

এই যে জার্গতিক পদার্থের প্রস্পরের সম্বন্ধের কথা বলিলাম. এই সম্বন্ধের বৈজ্ঞানিক নাম সত্য। সতাই শক্তি। কেবল জড়শক্তি, আধ্যাত্মিক শক্তি সম্বন্ধেও এই কথা সত্য। যীশ্র বা শাক্যাসংহের উক্তি সকল বা কর্ম্ম সকল সমাজের সহিত নৈস্গিক শক্তিবিশিন্ট, অন্ধেকি জগৎ আজিও তাহাদের বশীভূত।

যাহা হিতকর, শক্তিশালী হউক বা না হউক: কেবল হিতকর, ঊনবিংশ শতাব্দী তাহার নাম দিয়াছে, শিব! স্কুদর বা সোম্যের ন্তন নাম কিছু হয নাই, স্কুদর স্কুদরই আছে, সৌম্য সৌমাই আছে।

এই সত্য (The True), শিব (The Good) এবং স্কুন্দর (The Beautiful) এই বিবিধ ভাব মানুবের উপাসা। এই উপাসনা দিবিধ হইতে পারে। উপাসনার সময়ে অচেতন উপাসাকে সচেতন মনে করিয়া উপাসনা করা যাইতে পারে, আদিম মনুব্য তাহাই করিয়া থাকে। এই উপাসনা-পদ্ধতি প্রান্ত, কাজেই আহিতকর। দ্বিতীর্যাবিধ উপাসনায়, অচেতনকে অচেতন বিলায়া জ্ঞান থাকে। গেটে (Goethe) বা বর্ডস্বর্থ (Wordsworth) এই জাতীয় জড়োপাসক। ইহা অহিতকর নহে, বরং হিতকর, কেন না ইহার দ্বারা কতকগুলি চিত্তবৃত্তির স্ফুর্তি ও পরিণতি সাধিত হয়। ইহা অনুশীলন বিশেষ। এখনকার দেশী পণ্ডিতেরা (বিশেষ বালকেরা) তাহা ব্রিকতে পারিয়া উঠে না. কিন্তু কতকগুলি বৈদিক শ্বষি তাহা ব্রিতেন। বেদে দ্বিবিধ উপাসনাই আছে।

^{*} এই কথা শ্নিরা সর আলফ্রেড লারেল লিখিলেন, কি ভরানক উপধর্মণ ! এমন নিরুষ্ট জাতির কি গতি হইবে। কাজেই ব্লিব্র জোরে লেফটেনেন্ট গবর্ণর হইলেন। ৮০৮

দেৰতত্ত্ব ও হিন্দ্যকর্ম উপাসনা

'প্রচারে'র প্রথম সংখ্যা হইতে বৈদিক দেবতাতত্ত্ব সম্বন্ধে আমরা কি কি কথা বলিলাম তাহা একবার সমরণ করিয়া দেখা যাউক।

- ১। ইন্দ্রাদি বৈদিক দেবতা, আকাশ, স্বা, অগ্নি, বায় প্রভৃতি জড়ের বিকাশ ভিন্ন লোকাতীত চৈতন্য নহেন।
- ২। এই সকল দেবতাদিগের উপাসনা যেমন বেদে আছে, এবং ভারতব্যবিরো ষেমন ই'হাদিগের দেবতা বিলয়া মানিয়া থাকে, সেইরূপ প্রিথবীর অন্যান্য জাতিগণ করিত বা করে।

৩। ইহার কারণ এই ষে, প্রথমাবস্থায় মন্যা জড়ে চৈতন্য আরোপণ করিয়া, তাহার শক্তি, হিতকারিতা, বা সোল্ধ্য অনুসারে, তাহার উপাসনা করে।

৪। সেই উপাসনা ইন্টকারী এবং অনিন্টকারী উভয়বিধ হইতে পারে। এখন দেখিতে হইবে, বেদে কির্প উপাসনা আছে। তাহা হইলেই আমরা বৈদিক দেবতাতত্ত্ব সমাপ্ত করি।
—'প্রচার', ১ম বর্ষ, পূ. ৩৭৪-৮৩।

উপাসনা

প্রেব উপাসনা সন্বন্ধে যাহা বলা গিয়াছে, তাহাতে দেখা গিয়াছে যে, উপাসনা দ্বিধ।
এক, যাহাদের ফলপ্রদ বিবেচনা করা যায়, তাহাদের কাছে ফলকামনাপ্র্বাক তাহাদের উপাসনা,
আর, এক যাহাকে ভালবাসি, বা যাহার নিকট কৃতজ্ঞ হই, তাহার প্রশংসা বা আদর। প্রথমান্ত
উপাসনা সকাম, দ্বিতীয় নিজ্বাম। এইব্প সামান্য নিজ্বাম উপাসনা কেবল ঈশ্বর সন্বন্ধে হইতে
পারে এমত নহে, সামান্য জড়পদার্থ সন্বন্ধে হইতে পারে। ভিম্নজাতীয় মহাত্মাদিগের বিশ্বাস
যে, হিন্দ্র গোর্র উপাসনা করে। বস্তুতঃ এমন হিন্দ্র কেইই নাই যে, বিশ্বাস করে যে,
আমি আমার গাইটির শুবস্তৃতি বা প্জা করিলে সে আমাকে কোন ফল দিবে। গোর্হ ঘাস
থায়, আর দ্বধ দেয়, তাহা ছাড়া আর কিছ্ব পারে না, তাহা সকলেট জানে। তবে সাধারণ
হিন্দ্রের এই বিশ্বাস যে গোশ্কে বত্ব করিলে, আদর করিলে, দেবতা প্রসন্ন হয়েন। এ কথাটা
তত অসঙ্গত নহে। যাহা উপকারী, তাহা আদরের। যাহা আদরের, তাহার আদর অনুষ্ঠেয়
কার্য্য ঈশ্ববান্মাদিত। এইর্প গোর্ব্ব আদরের একটা উদাহরণ বেদ হইতে উদ্ধৃত

শ্বুক্র যজ্ববৈদি সংহিতায় দশ'প্রশাস যজ্ঞে বংসাপাকরণ কার্য্যের মন্ত্রে আছে:

"হে বংসগণ, তোমরা ক্রীড়াপরবশ, সন্তরাং বায়নেসে দিশ্দিগন্তরে ধাবমান হও। বায়ন্দবৈতাই তোমাদিগের রক্ষক। ৩॥

হে গাভীগণ, আমরা শ্রেষ্ঠতম কার্য্য আরম্ভ করিয়াছি। তৎসাধনার্থ সবিতা-দেবতা তোমাদিগকে প্রভৃত তৃপ বন প্রাপ্ত করান। ৪॥

হে (স্বল্প বা বহুতর) বোগশ্না অচিরপ্রস্তা অবধ্য গাভীগণ! তোমরা অক্ষ্র চিত্তে নিঃশৎক ভাবে গোন্ডে প্রচুর তৃণ শস্য ভোজন করতঃ ইন্দ্র দেবতার ভোগের উপযোগী দুদ্ধের পরিবর্ধান কর। তোমাদিগকে ব্যান্ত্রাদি হিংস্র জন্তুব বা চৌর প্রভৃতি পাপিগণ কেহই আয়ত্ত করিতে সমর্থ হইবে না। তোমরা এই যজমানের গৃহে চিরদিন বহুপরিবাব হইতে থাক। ৫॥"*

ঐ যজ্ঞের দূজকে সম্বোধন করিয়া ঋত্বিক্ বলেন,

"হে দৃষ্ণ, যজ্ঞীয় সৃত্পবিত্র শতধার এই পবিত্রে তুমি শোধিত হও। সবিতা-দেবতা তোমাকে পবিত্র কর্ম।"

উথা অর্থাৎ হাঁড়িকে সন্স্বোধন করিয়া বলিতে হয়। "হে উথে! তুমি মৃন্যয়, স্তরাং প্রিবীর্পিনী ত বটেই। অধিকস্থ তোমার সাহায্যে ষজমানগদের দাবলোক প্রাপ্তি হয়। অতএব দাব্রপাও তোমাকে বলিতে পারি। ২॥

'হে উখে, তোমার উদরে অবকাশ আছে। স্তরাং বায়্র স্থান অন্তরীক্ষলোকও তোমার অধীন। অতএব তোমাকে অন্তরীক্ষলোকও বলিতে পারি। এতাবতা তুমি তিলোকস্বরূপ।

* এই প্রবন্ধে যজুর্মান্দের যে যে অনুবাদ উদ্ধৃত হইল, তাহা শ্রীষ্ক্ত সভারত সামশ্রমীকৃত বাজসনেরী সংহিতার অনুবাদ হইতে।

সমস্ত দৃদ্ধে ধারণেই সক্ষম হইতেছ। স্বীয় উৎকৃষ্ট তেন্তে দৃঢ় থাকিবে। বক্র হইবে না। সাবধান! তোমার দার্টোর ন্যুনতা বা বক্রতা হইলেই যজ্ঞবিদ্যু উপস্থিত হইবে। স্ত্রাং বজমান আমাদিগের প্রতি বক্র হইতে পারেন, অতএব তিনি যাহাতে বক্র না হন। ৩॥*

এখানে সকলেই দেখিতে পাইতেছেন, যাহার উপাসনা হইতেছে. উপাসক তাহাকে অচেতন জড়পদার্থ বালিয়াই জানেন। হাঁড়ি কি দ্বাকে কেহই ইন্টানিন্টফলপ্রদানে সক্ষম চৈতন্যবিশিষ্ট বস্তু বালিয়া মনে করিতে পারে না। অথচ তাহার উপাসনা হইতেছে। এ উপাসনা কেবল আদর মাত্র। গোবংস সন্বন্ধেও ঐর্প। অন্য যজের মন্ত্র হইতে কিছু উদ্ধৃত করিতেছি।

চাতৃষ্মাস্য যাগে দৰ্বী অর্থাৎ হাতাকে বলা হইতেছে,

"হে দব্দি, তুমি অস্ত্রে পরিপ্র্নি হইবার অপ্ন্থি শোভা ধারণ করিয়াছ। এই আকারেই ইন্দ্র দেবতার সমাপে গমন কর। ভরসা করি প্রনরাগমনকালেও ফলে পরিপ্র্নি হইয়া এইর্প শোভিত হইবে।"

অগ্নিটোম যজে প্রথমেই যজনানের মন্তক কেশ ও শ্যাশ্র প্রভৃতি ক্ষ্রের দ্বারা মুশ্তন করিতে হয়। আগে কৃশা কাঢিয়া ক্ষ্র পরীক্ষা করিতে হয়। সেই সময় কুশাকে বালিতে হয়, "হে কুশা সকল! অতীক্ষ্যধার ক্ষ্রের দ্বারা কোরে যে কষ্ট হইতে পারে তাহা হইতে গ্রাণ কর। অর্থাৎ তোমাদের দ্বারাই তাহা পরীক্ষিত হউক।"

পরে ক্ষোরকালে ক্ষ্রকে বলিতে হয়, "হে ক্ষ্র, তুমি যেন ই'হার রক্তপাত করিও না।"
পরে মান করিয়া ক্ষোম বদ্দ পরিধান করিতে হয়। বদ্দ পরিধানকালে বদ্দকে বলিতে হয়,
"হে ক্ষোম! তুমি কি দীক্ষণীয় কি উপসদ উভয় প্রকার বজ্ঞেরই অঙ্গীভূত হইতেছ। আমি এই
মানে স্কুদর কান্তি লাভ করতঃ স্কুখ্পপর্শ কল্যাণকব তোমাকে পরিধান করিতেছি।"

তার পর গালে নবনীত মন্দর্শন করিতে হয়। মন্দর্শনে নবনীতকে বলিতে হয়, "হে গব্য নবনীত! তমি তেজ সম্পাদনে সমর্থ হইতেছ। আমাকে তেজঃপ্রদান কর।"

এ সকল স্থানে কি কুশা কিংবা ফরে বা বহর বা নবনীতকে কেহ ফলপ্রদানে সক্ষম চৈতন্যবিশিষ্ট দেবতা মনে করিতেছে না। বাতল ভিন্ন অপরের দ্বারা এর্প বিবেচনা হওয়া সম্ভব
নহে। এ সকল কেবল যত্নের বস্তুতে সকলক বিধি প্রয়োগ মাত্র। ইণ্রাদি দেবের যে স্তৃতি সকল
ঋণেবদে আছে আদো তাহা প্রশংসনীর বা আদরণীয়ের প্রশংসা বা আদর মাত্র ছিল। উদাহরণক্বর্প আমরা একটি ইণ্দুস্তু উদ্ধৃত করিতেছি।

"ইন্দুস্য নু বীর্য্যাণি প্র বোচং যানি চকার প্রথমানি বজ্লী। অহর হিমন্বপন্ততন্দ্র প্র ক্ষণা অভিনং পর্বতানাং॥ অহর্রাহং পব্দতে শিগ্রিয়াণাং জ্টাসৈন বজ্রং স্বর্যাং ততক্ষ। বাশ্রা ইব ধেনবঃ সান্দমানা অংজঃ সম্দূমবজংমারাপঃ॥ ব্যায়মনোহবৃণীত সোমং ত্রিকদুকেব্রাপবং স্কুতসা। আ সায়কং মঘবাদত্ত বজ্লমহঙ্গেনং প্রথমজামহীনাং॥ যদিন্দাহন প্রথমজামহীনামান্মায়িনাম্মিনাঃ প্রোত মায়াঃ। আৎ স্থাঃ জনয়ন্ দ্যাম ষাসং তাদিছা শত্রং ন কিলাবিবিংসে॥ অহন বৃত্তং বৃত্তবং বাংসমিশ্রো বজ্রেণ মহতা বধেন। স্কুলাংসীব কুলিশেনাবিব্রুণাহিঃ শয়ত উপপ্রু প্থিবাাঃ॥ অযোদ্ধেব দুর্মদ আ হি জুহের মহাবীরং ত্রিবাধম্জীষম্। নাতারীদস্য সমৃতিং বধানাং সংব্দ্রানাঃ পিপিষ ইন্দ্রশনুঃ॥ অপাদহস্তো অপ্তন্যদিন্দ্রমাস্য বজুমধি সানো জঘান। ব্ৰেগ বিধঃ প্ৰতিমানং বভ্ষন্ প্রেত্রা ব্রো অশয়ং ব্যস্তঃ॥ নদং ন ভিন্নমম্যা শ্রানং মনো রুহাণা অতিযন্ত্যাপঃ। যাশ্চিৎ ব্রো মহিনা পর্যাতষ্ঠং তাসামহিঃ পংস্তঃশীর্বভব॥ নীচাবয়া অভবং ব্রপ্তেক্র অস্যা অব বধর্জভার। উত্তরা স্বেধরঃ পত্র আসীং দানঃশয়ে সহবংসা ন ধেনঃ॥ অতিষ্ঠন্তীনামনিবেশনানাং কাষ্ঠানাং মধ্যে নিহিতং শরীরং। ব্রুস্য নিশাং বিচরস্ত্যাপো দীর্ঘং তম আশর্যদিন্দ্রশন্তঃ॥

দাসপদ্ধীরহিগোপা অভিস্ঠান্তর ক্রা আপঃ পণিনেব গাবঃ।
অপাং বিলমপিহিতং যদাসাঁং ব্রং জ্বছবাঁ অপ তদ্ববার॥
অধ্যাে বারাে অভবন্তদিন্দ্র স্কে যকা প্রতাহদেব একঃ।
অজয়াে গা অজয়ঃ শ্র সােমমবাস্জঃ সর্ত্রে সপ্ত সিদ্ধুন্॥
নাদ্রে বিদ্যুন্ন তন্যুত্রঃ সিষেধ ন যাং মিহুমিকরংরাদ্রানং চ।
ইন্দ্রুন্ত বংযুধ্যতে অহিশ্চোতাপরীভাাে মঘবা বিজিগাে॥
অহের্যাতারং কমপশা ইন্দ্র হদি যত্তে জ্বারুষাে ভীরগচ্ছং।
নব চ যল্লবিতং চ প্রবন্তীঃ শােনাে ভীতাে অতরাে রজাংসি॥
ইন্দ্রে যােতােহ্বসিতসা রাজা শমস্য চ শ্লিসনাে বজ্রবাহ্রঃ।
সেদ্র রাজা ক্রমতি চর্ষণীনামরাল্ল নেমিঃ পরি তা বভ্ব॥"

অনুবাদ

- ১। বজ্লধর ইন্দ্রদেব প্রথমে যে সমস্ত প্রাক্রমস্চক কার্য্য করিয়াছিলেন তাং। আমি বর্ণনা করিতেছি। তিনি অহিনামে অভিহিত ব্তাস্ত্রকে বিনাশ করিয়াছিলেন। জলসমূহ ভূমিতে পতিত করিয়াছিলেন। এবং পার্শ্বতা প্রদেশের রুদ্ধ বহনশীল নদী সকলের ক্ল ভগ্ন করিয়া জল প্রবাহিত করিয়াছিলেন।
- ২। ইন্দ্রের প্রতি ল্লায়িত ব্রাস্রকে বধ করিয়াছিলেন। ওপ্ট্রেন ইন্দ্রেরের নিমিত গ্রুজনিশীল বজু নিশ্মণি করিয়া দিয়াছিলেন। ব্রাস্ত্র হত হইলে পর র্ভ্রাতি নদী সকল বেগের সহিত সম্দ্রে প্রবাহিত হইয়াছিল, যদ্প গো সকল হন্বারেব রিয়া সম্বর বংসের নিক্ট গ্রুন করে।
- ৩। বলশান্ ইন্দ্রদেব সোমরস পান কবিতে ইচ্ছা করিয়াছিলেন এবং উপার্থ পার ষজ্ঞরারে সোমরস পান করিয়াছিলেন। তৎপরে বলবান্ ইন্দ্রদেব মারকবক্ত গ্রহণপূব্দক আহিদিগের শ্রেষ্ঠ ব্রাস্ক্রকে বধ করিয়াছিলেন।
- ৪। হে ইন্দদেব! আপনি যখন অহিদিগের শ্রেষ্ঠ ব্রাসারকে বধ করিয়া মায়াবী অসার-দিগের মায়া নঘ্ট করিয়াছিলেন এবং তৎপরে যখন স্বায় উয়াগাল এবং আঞাশ স্থিত করিয়াছিলেন তখন আর কোন শত্রু দেখিতে পান নাই।
- ৫। ইন্দ্রদেব তাঁহার বৃহৎ ও বর্ষকারী বড়ের সহিত লোকের উপদ্রবকারী বৃত্তাস্থ্রকৈ লোকে যেমন কুঠার দ্বারা স্ক্রুসকন্ধ ছেদন করে, তদুপে বাহুচ্ছেদনপূর্থক বধ করিয়াছিলেন, এবং বৃত্তাস্থ্রকৈ তদবস্থ ভূমির উপর পাতিত করিয়াছিলেন।
- ৬। আমার সমান যোদ্ধা আর কেহ নাই এইর প দর্পায় কুর বহাসর মহাবীর ও বহু শন্ত্রনিবারক ইন্দ্রদেবকে যুদ্ধার্থে স্পর্কা করিয়াছিলেন। কিন্তু ইন্দ্রদেবের অস্প্রপ্রহার হইতে কোন
 প্রকারে আপনাকে রক্ষা করিতে না পারিয়া অবশেষে হত হইয়া নদী সকলের উপর পতিত হইয়া
 তাহাদের কুলাদি ভগ্ন করিয়াছিল।
- ৭। হস্ত ও পদশ্ন্য হইয়াও ব্তাস,র ইন্দ্রের সহিত যান্ধ করিয়াছিল এবং ইন্দ্র ইহার পাষাণসদৃশ স্কন্ধের উপর বন্ধু নিক্ষেপ করিয়াছিল। পোর্ববিন্ধিত ব্যক্তির সমকক্ষ হইতে ইচ্ছা করে, তদ্পে ব্তাস,র ইন্দ্রের সমকক্ষ হইতে ইচ্ছা করিয়া ইন্দ্র কর্তৃক শরীরের নানা স্থানে আহত হইয়া ভূমিতে পতিত হইয়াছল।
- ৮। নদীর জল সকল ভন্ন ক্লের উপর যেমন বেগের সহিত প্রবাহিত হয় তদুপে নদীর উপর পতিত ব্রাস্কের দেহের উপর প্রবাহিত হইয়াছিল। ব্রাস্কের জীবনদশায যে জল সকল বলের দারায় রুদ্ধ রাখিয়াছিল সেই জল সকলের নিন্দে মৃত্যুর পর তাহার দেহ পতিত রহিল।
- ৯। ব্রাসনুরের মাতা প্রদেহ রক্ষা করিবার নিমিত্ত স্বরং ব্রকে ব্রবহিত করিয়াছিল।
 কিন্তু ইন্দদেব ব্রের মাতার উপর বক্ত প্রহার করেন, তাহাতে ব্রমাতা হত হইয়া গাভী বংসের
 সহিত বেমন শরন করে, তদুপে মৃত প্রের উপর পতিত হইয়া তাহা আচ্ছাদিত করতঃ শরন
 করিয়াছিল।
 - ১০। অবিশ্রান্ত প্রবহনশীল নদী সকলের জলমধ্যে ব্রাস্করের দেহ পতিত হইল। জল

विष्क्य ब्रह्मावणी

সমূহ বন্ধনমূক্ত হইয়া অন্তর্হিত ব্রুদেহের উপর প্রবাহিত হইতে লাগিল। ইন্দ্রদেবের সহিত শ্বতা করিয়া ব্রাস্ত্র চির্নিদ্রায় নিদ্রিত হইল।

১১। দাস এবং অহিনামে প্রসিদ্ধ ব্রাস্ত্রর যে সকল নদীর প্রবাহ নিরোধ করিয়াছিল যদুপ পণি নামক অসার গো সকল গাহাতে নিরাদ্ধ করিয়া রাখিয়াছিল, ইন্দ্রদেব ব্রাসারকে বধ

করিয়া সেই সকল নিরোধ দূরে করিয়া প্রবাহমার্গ মুক্ত করিয়া দিয়াছিলেন।

১২। হে ইন্দ্রদেব! যখন অসহায় ব্রাসার আপনার বজ্রে প্রতিপ্রহার করিয়াছিল তখন আপনি অনায়াসে ব্তাস্বকে নিরাকৃত করিয়াছিলেন, যদুপ অশ্বপ্চছগত বালসমূহ মক্ষিকাদি অনায়াসে নিরাকৃত করে। তদন্তর আপনি পণি নামক অসুর কর্ত্তক অপহৃত অনিরাদ্ধ ও নিরুদ্ধ গোসমূহ জয় করিয়া স্ববশে আনয়ন করিয়াছিলেন। জয়লাভ করিয়া সোনরস পান করিয়াছিলেন এবং সপ্ত নদীর প্রবাহ নিরোধ অপনয়নপূর্ব্বক তাহাদিগকে প্রবাহিত করিয়াছিলেন।

১৩। ব্রাস্কর ইন্দ্রকে নিরন্ত করিবার নিমিত্ত যে বিদ্যুৎ প্রহার, যে গর্জন, যে বর্ষণ, যে অর্শান নিক্ষেপ, এবং যে অপরাপর কৌশল প্রয়োগ করিয়াছিল, তৎসমাদায়ই ইন্দ্রের অনিষ্ট করিতে বার্থ হইয়াছিল এবং অবশেষে ইন্দ্র ব্রাস্ত্রকে অভিভূত করিয়াছিলেন।

১৪। হে ইন্দ্রদেব! আপনি যখন ব্রাস্ক্রেকে বধ করিয়া ভীত হইয়াছিলেন, এবং ভীত হইয়া শ্যেন পক্ষীর ন্যায় একোনশত সংখ্যক প্রবহনশীল নদী পার হইয়াছিলেন, তখন ব্রাস্কর বধের নির্য্যাতনেচ্ছ, কোন্ জনকে দেখিয়াছিলেন।

১৫। বছ্রধর ইন্দ্রদেব স্থাবর এবং জঙ্গম জগতের রাজা, শাস্ত এবং দুর্দান্ত জীবগণের অধীশ্বর। এবন্দৃত ইন্দুদেব মনুষাদিগের প্রভু। রথচক্রের নেমি যদ্র্প চক্রগত অরাখ্য কাষ্ঠ সকল বেণ্টন করিয়া থাকে. তদুপে তিনি মনুষ্যাদিগকে সন্বত্যভাবে বেণ্টনপূৰ্বক রক্ষা করেন।"*

এই স্ত্তের তাৎপর্যা বড় স্পন্ট। প্রের্ব ব্রুমান গিয়াছে, ইন্দ্র বর্ষণকারী আকাশ। বৃত্ত বৃষ্টিনিরোধকারী নৈস্গিক ব্যাপার। বর্ষণশক্তির দ্বারা সেই সকল নৈস্গিক ব্যাপার অপহত হুইলে ব্রবধ হুইল। এই স্কু বর্ষণকারী আকাশের সেই ক্রিয়ার প্রশংসা মাত। ইন্দ্র এখানে कान के कार्यानिमन्द्र भारत्य नार्यन, व्यवः व मार्रक जारात कान मकाम छेभामना व नार्य।

স্বীকার করি, এক্ষণে বৈদিক সংহিতায় যে উপাসনা আছে, তাহার প্রায় অধিকাংশই সকাম, এবং উপাসোরা তাহাতে চৈতন্যাবিশিষ্ট দেবতা বলিয়া বর্ণিত হইয়াছে। কিন্ত জডশক্তির প্রশংসা-পদ্ধতি দ্রুমে প্রচলিত হইয়া আসিলে, শব্দের আড়ুম্বরে তাহার প্রকৃত তাৎপর্য্য লোকের চিত্ত হইতে অপস্ত হইল। "জগতের রাজা," এবং "জীবগণের অধীশ্বর" ইত্যাকার বাক্যের যথার্থ তাৎপর্য্য যে, ব্যন্থি হইতেই জগৎ ও জীবের রক্ষা, লোকে ইহা ক্রমে ভূলিয়া যাইতে লাগিল, এবং ইন্দ্রকে বথার্থ জগতের চৈতন্যবিশিষ্ট রাজা এবং জীবগণের চৈতন্যবিশিষ্ট অধীশ্বর মনে করিতে লাগিল। তখন জগতের জড়শক্তির নিম্কাম প্রশংসার স্থানে সকাম উপাসনা আসিয়া উপস্থিত হইল। যাহা চিত্তরঞ্জিনী ব্তিগ্রেলির অনুশীলন মাত্র ছিল, তাহা দেবতাবহল উপধন্মে পরিণত হইল।

বৈদিক ধন্মের উৎপত্তি কি তাহা উপরি উদ্ধৃত অপেক্ষাকৃত প্রাচীন স্ক্রেণ্ডলৈ হইতেই আমরা ব্রবিতে পারি। ঋশ্বেদ-সংহিতার সকল স্কুল্যলি এক সময়ে প্রণীত হয় নাই: এবং ঋশ্বেদের সর্বা বহু দেবতার উপাসনাত্মক উপধর্মাই যে আছে, এমত নহে। অনেকগালি এমত স্কুত আছে যে, তাহা হইতে আমরা একেশ্বরবাদই শিক্ষা করি। সময়ান্তরে আমরা তাহার আলোচনা করিব। সেইগালি যে বৈদিক ধন্মের অপেক্ষাকৃত শেষাবস্থায় আর উপরি উদ্ধৃত স্তের সদৃশ স্তেগ্রি যে আদিম অবস্থার আর সচেতন ইন্দ্রাদির উপাসনাত্মক স্তেগ্রিল প্রধানতঃ যে মধ্যাবস্থায় প্রণীত হইয়াছিল, ইহা যে মনোযোগপূর্বিক বেদাধায়ন করিবে সেই ব্বিয়তে পারিবে। বেদব্যাস, বেদ বিভাগ করিয়াছিলেন। সংকলন ব্যতীত চতুর্ব্বেদের বিভাগ হয় নাই। যাহা সঞ্চলিত, তাহা নানা ব্যক্তির দ্বারা নানা সময়ে প্রণীত হইয়াছিল। অতএব, আদিম, মধ্যকালিক, এবং শেষাবস্থার সক্তে বলিয়া সক্তগলেকে বিভাগ করা যাইতে পারে।

प्तवञ्ज ও रिन्म् अर्थ-रिन्म् कि अर्फाभानक?

ধন্মের প্রথমাবস্থা জড় প্রশংসা, মধ্যকালে চৈতন্যবাদ, এবং পরিণতি একেশ্বরবাদে অতএব স্তের তাৎপর্য্য বৃত্তিষয়া তাহার সময় নিদেশেশ করা যায়।

এক্ষণে 'প্রচারে'র দ্বিতীয় সংখ্যা হইতে এ পর্য্যন্ত বৈদিক দেবতাতত্ত্ব সম্বন্ধে যাহা বলিলাম

পাঠক তাহা স্মরণ কর্ন। তাহার স্থ্ল তাৎপর্য্য এই;—

১। ইন্দ্রাদি বৈদিক দেবতা আকাশ, স্থা, আম, বায়, প্রভৃতি জড়ের বিকাশ ভিন্ন কোন লোকোত্তর চৈতন্য নহে।

২। এই সকল দেবতাদিগের উপাসনা যেমন বেদে আছে, সেইর্প ভারতবর্ষ ভিন্ন অন্যান্য দেশে ছিল বা আছে।

৩। তাহার কারণ এই যে, প্রথমাবস্থায় মন্যা জড়ে চৈতন্য আরোপণ করিয়া তাহার শক্তি. হিতকারিতা, বা সোন্ধর্য অনুসারে তাহার উপাসনা করে।

৪। এই উপাসনা গোড়ায় কেবল শক্তিমান, স্কুদর বা উপকারী জড়পদার্থের প্রশংসা বা আদর মাত্র। কালে লোকে সে কথা ভুলিয়া গেলে, ইহা ইতর দেবতার উপাসনায় পরিণত হয়।

হিন্দ্ধন্মে ইতর দেবোপাসনা এই অবস্থায় পরিণত হইয়াছে। ঈদৃশ উপাসনা অনিষ্টকর এবং উপধন্ম। কিন্তু ইহার মূল অনিষ্টকর নহে। জড়শক্তিও ঈশ্বরেব শক্তি। সে সকলের আলোচনার দ্বারা ঈশ্বরের মহিমা এবং কৃপা অন্ভূত করা এবং তন্দ্বারা চিত্তরঞ্জিনী বৃত্তি সকলের অনুশীলন করা বিধেয় বটে।

বৈদিক ধন্মের এই স্থলে তাৎপর্য। আধ্নিক হিন্দ্ধন্মেও সেই সকল বৈদিক দেবতারা উপাসিত। অতএব এখনকার হিন্দ্ধন্মের সংস্কারে সেই কথা আমাদের মনে রাখা উচিত। জড়ের শক্তির চিন্তার দ্বারা জ্ঞানান্জনি এবং চিন্তরঞ্জিনীব্যির সকলের অনুশীলন করিব, এবং ঈশ্বরের মহিমা ব্রঝিবার চেন্টা করিব, কিন্তু জড়ের উপাসনা করিব না। ইহাই হিন্দ্ধন্মের একটি স্থলে কথা।

এক্ষণে বৈদিক তত্ত্বভগতি দেবতাতত্ত্ব সমাপ্ত করিয়া, আমরা বৈদিক তত্ত্বভগতি ঈশ্বরতত্ত্বর সমালোচনায় প্রবৃত্ত হইতে পারি। হিন্দ্ধন্মের এই ব্যাখ্যার প্রথম অধ্যায় সমাপ্ত করিলাম।-'প্রচার', ১ম বর্ষ, প্র. ৩৯৭-৪০৭।

হিন্দ্র কি জড়োপাসক?

যতক্ষণ আমার অঙ্গনিটি আমা হইতে বিচ্ছিন্ন নহে ততক্ষণ ঐ অঙ্গনিটি চেতনাময়, কিন্তু অঙ্গনিটি কটিয়া ফেলিলে, উহা আমা হইতে বিচ্ছিন্ন হইলে, উহাতে আর চেতনা থাকে না, তথন উহা অচেতন জড় পদার্থ।

এই সমগ্র বিশ্ব চৈতনাময় এক প্রে,ষের দেহ। ভিন্ন ভিন্ন প্রকার শক্তির আধার সকল, অর্থাৎ অগ্নি বায় ইত্যাদি পদার্থ সকল সেই দেবতার অঙ্গবিশেষ। অগ্নিকে যদি সেই এক চৈতনাময় প্রে,ষের অঙ্গ বলিয়া জানি, অগ্নিকে যদি সেই চৈতনাময় প্রে,ষ হইতে বিচ্ছিমভাবে না দেখি, তবে অগ্নির চেতনা আছে বলিয়া ব্রিব। আর যিনি অগ্নির সহিত সেই চৈতনাময়ের কোন সম্বন্ধ দেখিতে পান না তাঁহার কাছেই অগ্নি জড় পদার্থ।

আজকালকার পাশ্চান্ত্য পশ্ভিতগণ অগ্নিকে (Igneous principle) জড় বলিয়া জানেন কিন্তু প্রাচীন হিন্দর্গণ অগ্নির সহিত চৈতন্যের সম্বন্ধ বর্বিয়া উহাকে চেতন বলিয়া ব্বিতেন। আজকালকার পাশ্চান্তাগণ অগ্নিগত শক্তিকেই (Heat) জগতের আদি শক্তি বলিয়া প্রতিপল্ন করিতে চেন্টা করিতেছেন। হিন্দর খবিগণও এই অগ্নিকে জগতের আদি শক্তি বলিয়া স্থির করিয়াছিলেন, তবে প্রভেদ এই পাশ্চান্ত্য পশ্ভিতদিগের অগ্নি জড়শক্তি, প্রাচীন হিন্দর খবিদের অগ্নি চেতনাযুক্ত।

প্রণব মন্দ্র হইতে এই জগতের স্থিট স্থিতি লয় কার্য্য চলিতেছে। এই প্রণব মন্দ্রের দেবতা অগ্নি। হিন্দরের ব্রিঝয়াছিলেন বে, এই অগ্নিগত শক্তি হইতেই এই জগৎচক ঘ্রিরতেছে। কিন্তু এই অগ্নিগত শক্তি যে চৈতন্য সম্বন্ধ রহিত ইহা তাঁহারা কখনও ভাবিতেন না। হিন্দরেদের কাছে প্রণব মন্দ্রের লক্ষ্য অগ্নিগত শক্তি ব্রন্ধানৈতন্য চেতনাযুক্ত।

खैकातमा बन्नाश्वीयः भारतीष्टरनाश्चित्रप्तंवजा मन्दर्कन्यात्रस्त विनिरहानः।

প্রণাব মন্দ্রের লক্ষ্য অগ্নিগত শক্তি সম্বন্ধে যিনি চিন্তা করিতে চান, অথবা উক্ত শক্তির সাহায্যে যিনি কোন কর্মা করিতে চান, তাঁহাকে সর্বাপ্রথমে উক্ত মন্দ্রের ক্ষায়ি কে—তাহা জানিতে হইবে। মন্দ্রের ক্ষায়ি কে—ইহা না জানিয়া অর্থাৎ মন্দ্রের লক্ষ্য শক্তি কির্প চেতনাযুক্ত ইহা না জানিয়া যিনি মন্দ্র সাহায্য গ্রহণ করেন তাঁহাকে পাপভাক্ হইতে হয়, ইহা শ্রুতির কথা।

যোহহরহরবিদিত্থবিচ্ছদেন দৈবতবিনিয়োগেন রাশাণেন বা মন্ত্রণ বা যজাতি যাজয়তি

বা অধীতে অধ্যাপয়তি বা হোমে কর্ম্মাণি অন্তর্জলাদো বা স পাপীয়ান্ ভবতি।

এখন দেখ বেদোক্ত ধর্ম্মাচারী ঋষিগণকে জড়োপাসক বলা কি কোন দ্রুমে সঙ্গত হয়? যে পাশ্চান্তাগণ হিন্দুদের জড়োপাসক বলেন, প্রকৃতপক্ষে তাঁহারাই জড়োপাসক। পাশ্চান্তাগণ আজকাল নানা প্রকার প্রাকৃতিক শক্তির সাহাষ্য অবলম্বন করিয়া নানাবিধ কম্মে প্রবৃত্ত ছইয়াছেন; কিন্তু ঐ সকল শক্তি যে চৈতন্যময়ের চেতনাযুক্ত, ইহা একবারও ভাবেন না। জগতে ঐ সকল শক্তি দ্বারা চৈতন্যময়ের কি প্রকৃত উদ্দেশ্য সাধিত হইবে পাশ্চান্তাগণ তাহা একবার অনুসন্ধান করেন না। পাশ্চান্ত্যগণ ঋষি বিনিয়োগাদি না জানিয়া প্রাকৃতিক শক্তির সহিত খেলা করিতেছেন। শু,তি মতে উংহারা পাপভাগী হইতেছেন।

আমার বোধ হয় যেদিন হইতে ডাইনামাইট সূচ্টি হইয়াছে সেই দিন হইতে পাশ্চাত্তাগণের

উক্ত পাপের ফল ফলিবার সূত্রপাত হইয়াছে।

হিন্দরা জড়োপাসক নহে। চেতনািহেনি পদার্থ হিন্দর্দের কাছে অপ্স্শা পদার্থ। আজকাল যাহাকে জড় পদার্থ বলা হয়. যেমন অগ্নি বায় নদী পর্বত ইত্যাদি, ইহারা হিন্দর্দের কাছে চৈতনাময়ের চেতনাযুক্ত পদার্থ। চেতনাবিহীন পদার্থ আর মৃত শরীর এই দুইটি কথায় হিন্দর একই অর্থ ব্রিয়া থাকেন। মৃত শরীরের সংস্পর্শে হিন্দর থাকিতে চান না।—'প্রচার', ১ম বর্ষ, প্. ৪২৭-৩০।

हिन्म् अर्म्य अन्वरक्ष এकीं ऋल कथा

আমরা বেদের দেবতাতত্ত্ব সমাপন করিয়াছি। এক্ষণে ঈশ্বরতত্ত্ব সমালোচনে প্রবৃত্ত হইব। পরে আননদময়ী ব্রহ্ম কথায় আমরা প্রবেশ কবিব।

একজন ঈশ্বর যে এই জগৎ সৃষ্ট করিয়াছেন. এবং ইহার স্থিতিবিধান ও ধ্বংস করিতেছেন, এই কথাটা আমরা নিতা শ্রনি বলিয়া, ইহা যে কত গ্রেত্র কথা, মন্যাব্দির কত দ্রে দ্বেপ্রাপ্য, তাহা আমরা অনুধাবন করিয়া উঠিতে পারি না। মন্যাজ্ঞানের অগম্য যত তত্ত্ব আছে, স্বাপিক্ষা ইহাই মন্যায়ের ব্লির অগম্য।

এই গ্রেব্তব কথা, যাহা আজিও কৃতবিদ্য সভ্য মন্ব্যরা ভাল করিয়া ব্রিক্তে পারিতেছে না, তাহা কি আদিম অসভ্য জাতিদিগের জানা ছিল? ইহা অসম্ভব। বিজ্ঞান প্রভৃতি ক্ষ্রুতর জ্ঞানের উন্নতি ক্ষতি ক্ষান্ত বর্তিজ্ঞান হইতে ক্রমণঃ হইয়া আসিতেছে; তথন সন্বাপেক্ষা দ্বুপ্রাপ্য ও দ্বুন্বোধ্য যে জ্ঞান তাহাই আদিম মন্ব্য সন্বাগ্রে লাভ করিবে, ইহা সম্ভব নহে। অনেকে বালবেন, ও বালয়া থাকেন, ঈশ্বরকুপায় তাহা অসম্ভব নহে; যাহা মন্ব্য উদ্ধারের জন্য নিতান্ত প্রয়োজনীয়, তাহা কৃপা করিয়া তিনি অপকব্যদ্ধ আদিম মন্বের হৃদয়ে প্রকটিত করিতে পারেন; এবং এখনও দেখিতে পাই যে, সভা সমাজস্থিত অনেক অকৃতবিদ্য মুর্খেরও ঈশ্বরজ্ঞান আছে। এ উত্তর যথার্থ নহে। কেন না, এখন প্রথবীতে যে সকল অসভ্য জাতি বর্ত্তমান আছে, তাহাদের মধ্যে অন্সন্ধান করিয়া দেখা হইয়াছে যে, তাহাদের মধ্যে প্রাই ঈশ্বরজ্ঞান নাই। একটা মন্বেরর ক্ষাদি প্রস্থা কিন্দ্রা একটা বড় ভূত বলিয়া কোন অলোকিক চৈতনো কোন কোন অসভ্য জাতির বিশ্বাস থাকিতে পারে, কিন্তু তাহা ঈশ্বরজ্ঞান নহে। তেমনি সভ্য সমাজস্থ নিব্রেণ্ড অনুশ্রীলত ঈশ্বর নাম শ্রনিয়া তাহার মোখিক ব্যবহার করিতে পারে, কিন্তু যাহার চিত্তব্যত্তি অনুশ্রীলিত

^{*} হিন্দুশান্তে বাঁহারা অভিজ্ঞ তাঁহাবা জানেন যে, "বিজ্ঞান" অর্থে Science নহে। কিন্তু একণে ঐ অর্থে তাহা বাবহৃত হইয়া আমিতছে বলিয়া আমিও ঐ অর্থে ব্যবহার করিতে বাধ্য। "নীতি" শব্দেরও ঐর্প দশা ঘটিয়াছে। নীতি অর্থে Politics কিন্তু এখন আমরা "Morals" অর্থে ব্যবহার করি।

হয় নাই, তাহার পক্ষে ঈশ্বরজ্ঞান অসম্ভব। বহি না পড়িলে যে চিত্তবৃত্তি সকল অনুশীলিত হয় না এমন নহে। কিন্তু যে প্রকারেই হউক, বর্ণিন, ভত্তি প্রভৃতির সমাক্ অনুশীলন জিম ঈশ্বরজ্ঞান অসম্ভব। তাহা না থাকিলে, ঈশ্বর নামে কেবল দেবদেবীর উপাসনাই সম্ভব।

অতএব বৃদ্ধির মান্তির্ভাবস্থা ভিন্ন মন্যহেদরে ঈশ্বরজ্ঞানোদরের সদ্ভাবনা নাই। কোন জাতি যে পরিমাণে সভ্য হইয়া মান্তির্ভাব বৃদ্ধি হয়, সেই পরিমাণে ঈশ্বরজ্ঞান লাভ করে। এ কথার প্রতিবাদে যদি কেই প্রচান বিহৃদীদিগের দৃষ্টান্ত দেখাইয় বলেন যে, তাহারা প্রাচীন প্রীক প্রভৃতি জ্ঞাতির অপেক্ষায় সভ্যতায় হীন ইইয়াও ঈশ্বরজ্ঞান লাভ কবিযাছিল, তদ, এরে বক্তব্য এই যে, য়িহুদীদিগের যে ঈশ্বরজ্ঞান বস্থতঃ ঈশ্বরজ্ঞান নহে। ফিহোনে ক আনরা আমাদের পাশ্চান্তা শিক্ষকদিগের কৃপায় ঈশ্বর বিলিয়া বিশ্বাস করিতে শিথিয়াছি, কিন্তু জিহোঝা য়িহ্মদীদিগের একমায় উপাস্য দেবতা হাইলেও ঈশ্বর নহেন। তিনি রাগন্বেষপরতক্ষ পক্ষপাতী মন্যাপ্রকৃত দেবতামায়। পক্ষান্তরে স্মাণিকিত গ্রাকের, ইহার অপেক্ষা উমত ঈশ্বরজ্ঞানে উপস্থিত ইইযাছিলেন। খৃত্টধন্মাবলন্বীদিগেব যে ঈশ্বরজ্ঞান, যিশ্ম যিহ্মদী হইলেও, সে জ্ঞান কেবল য়িহ্মদীদিগেরই নিকট প্রাপ্ত নহে। খৃত্টধন্মার যথাগা প্রণেতা সেন্ট পল। তিনি গ্রীকদিগের শান্তে অত্যন্ত স্মাণিকত ছিলেন।

সর্ব্বাপেক্ষা বৈদিক হিন্দু,রাই অংপকালে সভ্যতার পদবীতে আন্ত হইয়া ঈশ্বরজ্ঞানে উপস্থিত হইয়াছিলেন। আমবা এ পথাও বৈদিক ধনের বেবল দেবত।তওই সমালোচনা করিয়াছি। কেন না সেইটা গোড়া, কিন্ত প্রকৃতপক্ষে পবিপক্ক যে বৈদিক ধর্ম্মা, তাহা অতি উন্নত ধর্মা, এবং এক ঈশ্বরের উপাসনাই তাহার স্থান মন্মা। তবে বলিবাব কথা এই যে, প্রথম হিন্দরো, একেবারে গোড়া হইতে ঈশ্বরজ্ঞান প্রাপ্ত হয় নাই। জাতিকত্রক **ঈশ্ববজ্ঞান প্রাপ্তির** সচরাচর ইতিহাস এই যে, আগে নৈসাগকি পদার্থ বা শক্তিতে ক্রিয়মান চৈতনা আরোপ করে, অচেতনে চৈতন্য আরোপ করে। তাহাতে কি প্রকারে দেবোৎপত্তি হয় তাহা প্র্রেব দেখাইয়াছি। এই প্রণালী অনুসারে, বৈদিবেরা কি প্রকাবে e-দ্রাদি দেব পাইবাছিলেন, তাহা দেখাইয়াছি। এই অবস্থায় জ্ঞানেব উন্নতি হইলে উপাসেবেরা দেখিতে পান যে, আকাশের উপাসনা করি, বায়ারই উপাসনা করি, মেঘেরই উপাসনা করি, আর অগ্নিরই উপাসনা করি, এই সকল পদার্থই নিয়মের অধীন। এই নিয়মেও সর্বাত একড়, এক ২বভাব দেখা যায়। ঘোল মউনির তাডনে ঘোল, আর বাত্যাতাতিত সম্পু এক নিয়মে বিলেটিত হয়: যে নিযমে আমার হাতের গণ্ডাষের জল পড়িয়া যায়, সেই নিয়নেই আকাশের বৃষ্টি প্রথিবীতে পড়ে। এক নিয়তি **সকলকে** শাসন করিতেছে: সকলই সেই নিয়মের অধীন হইয়া আপন আপন কর্ম্ম সম্পাদন করিতেছে. কেহই নিয়মকে ব্যতিক্ষান্ন করিতে পারেন না। তবে ইহাদেরও নিশমকর্ত্তা, শাস্তা এবং কারণ-স্বরূপ আর একজন আছেন। এই বিশ্বসংসারে যাহা কিছু আছে সকলই সেই এক নিয়মে চালিত: অতএব এই বিশ্বজগতের স্থাংশই সেই নিয়মকর্ত্তার প্রণীত এবং শাসিত। ই+এদি হইতে রেণ্ফেণা পর্য্যন্ত সকলই এক নিয়মের অধীন, সকলই এক জানর সূষ্ট ও রাক্ষত, এনং এক জনই তাহার লয়কন্ত্রা। ইহাই সরল ঈশ্বরজ্ঞান। জড়েন উপাসনা হইতেই ইহা অনেক সময়ে উৎপন্ন হয়, কেন না, জড়ের একতা ও নিয়মাধীনতা ক্রমণঃ উপাসকের ফ্রন্যক্সম হয়।

তবে ঈশ্বরজ্ঞান উপস্থিত ইইলেই যে দেবদেবীর উপাসনা লুপ্ত হইবে এমন নহে। বাহাদিগকে চৈতন্যবিশিষ্ট বলিয়া প্রের্থ বিশ্বাস হইয়াছে, জ্ঞানের আরও অধিক উয়তি না হইলে, বিজ্ঞানশান্দের বিশেষ আলোচনা ব্যতীত, তাহাদিগকে জড় ও অচে এন বলিয়া বিশ্বেচনা হয় না। ঈশ্বরজ্ঞান এই বিশ্বাসের প্রতিষেধক হয় না। ঈশ্বরজ্ঞান এই বিশ্বাসের প্রতিষেধক হয় না। ঈশ্বর জগংস্রুণ্টা হউন, কিন্তু ইন্দ্রাদিও আছে, এই বিশ্বাস থাকে—তবে ঈশ্বরজ্ঞান হইলে উপাসক ইহা বিবেচনা করে য়ে, এই ইন্দ্রাদিও সেই ঈশ্বরের সৃষ্টা, এবং তাঁহার নিয়োগান্মারেই দ্ব দ্ব ধন্ম পালন করে। ঈশ্বর মেনন মন্ত্রাও জীবগণকে সৃষ্টি করিয়াছেন, তেমনি ইন্দ্রাদিকেও করিয়াছেন: এবং মন্ত্রাও জীবগণকৈ যেমন পালন ও কলেপ ধনংস করে, ইন্দ্রাদিকেও সেইর্ল্প করিয়া থাকেন। তবে ইন্দ্রাদিও মন্ব্রের উপাস্যা, এ কথাতেও বিশ্বাস থাকে, কেন না, ইন্দ্রাদিকে লোকোন্তর শক্তিসম্পন্ন ও ঈশ্বর কর্ত্তুক লোকরক্ষার নিমৃক্ত বলিয়া বিশ্বাস থাকে। এই কারণে ঈশ্বরজ্ঞান জন্মিলেও, জাতি মধ্যে দেবদেবীর উপাসনা উঠিয়া বায় না। হিন্দুখন্মে তাহাই ঘটিয়াছে। ইহাই প্রচলিত সাধারণ হিন্দুখন্ম —অর্থাৎ লোকিক হিন্দুখন্ম বিশ্বাস্থা হিন্দুখন্ম নহে। লোকিক হিন্দুখন্ম এই যে,

একজন ঈশ্বর সর্ব্বস্রন্থী, সর্ব্বকর্তা, কিন্তু দেবগণও আছেন, এবং তাঁহারা ঈশ্বর কর্ত্বক নিযুক্ত হুইয়া লোক রক্ষা করিতেছেন। বেদে এবং হিন্দ্র শাস্তের অন্যান্য অংশে স্থানে স্থানে এই ভাবের বাহ্মল্য আছে।

তার পর, জ্ঞানের আর একট্ উর্নাত হইলে, দেবদেবী সম্বন্ধে ভাবান্তরের উদয় হয়। জ্ঞানবান্ উপাসক দেখিতে পান যে, ইন্দ্র বৃণ্টি করেন না, ঈশ্বরের শক্তিতে বা ঈশ্বরের নিয়মে বৃণ্টি হয়; ঈশ্বরই বৃণ্টি করেন। বার্ম্ব নামে কোন স্বতন্ত্র দেবতা বাতাস করেন না; বাতাস ঐশিক কার্য্য। স্ব্য্য চৈতন্যবিশিষ্ট আলোককর্ত্রা নহেন; স্ব্য্য জড় বস্থু, সৌরালোকও ঐশিক কিয়া। যথন বৃণ্টিকর্ত্রা, বায়্কর্ত্রা, আলোকদাতা প্রভৃতি সকলেই সেই ঈশ্বর বলিয়া জানা গেল, তখন ইন্দ্র, বায়্ম, স্ব্য্য, এ সকল উপাসনাকালে ঈশ্বরেরই নামান্তর বলিয়া গৃহীত হইল। তিনি এক, কিন্তু তাঁহার বিকাশ ও ক্রিয়া অসংখ্য, কার্য্যভেদে, শক্তিভেদে, বিকাশভেদে তাঁহার নামও অসংখ্য। তখন, উপাসক যখন ইন্দ্র বলিয়া ভাকে, তখন তাঁহাকেই ভাকে, যখন বর্ণ বলিয়া ভাকে, তখন তাঁহাকেই ভাকে।

ইহার এক ফল হয় এই ঘে, উপাসক ঈশ্বরের শুবকালে ঈশ্বরেক প্র্বেপরিচিত ইন্দ্রাদি নামে অভিহিত করে। ঈশ্বরই ইন্দ্রাদি, কাজেই ইন্দ্রাদিও ঈশ্বরের নামান্তর। তখন ইন্দ্রাদি নামে তাঁহার প্রজাকালীন, ইন্দ্রাদির প্রতি সন্ধাঙ্গীণ জগদীশ্বর আরোপিত হয়। কেন না, জগদীশ্বর ভিন্ন আর কেইই ইন্দ্রাদি নাই।

বেদের স্তে এই ভাবের বিশেষ বাহ্নল্য দেখিতে পাই। এ স্তে ইন্দ্র জগদীশ্বরত্ব, ও স্তে বর্ণে জগদীশ্বরত্ব, অন্য স্তে অগ্নিতে জগদীশ্বরত্ব, ম্লোজরে স্বেগ্র জগদীশ্বরত্ব, এইর্প প্রাং প্রাং আছে। পাশ্চান্ত্য পশ্ডিত মাক্ষম্লর ইহার মন্মা কিছ্রই ব্রিক্তে না পারিবা, একটা কিছ্তেতিকমালার ব্যাপার ভাবিরা কি বলিয়া এর্প ধন্মের নামকরণ করিবেন, তিশ্বিষারণী দ্রশিস্তার হিয়মাণ! এর্প কাণ্ডটা ত কোন পাশ্চান্ত্য ধন্মের নাই, ইহা না Theism না Polytheism, না Atheism কোন ism ই নর! ভাবিষা চিন্তিয়া পণ্ডিতপ্রবর গ্রীক ভাষার অভিধান খ্রলিয়া খ্র দেড়গজী রকম একটা নাম প্রস্তুত করিলেন—Kakenotheism বা Henotheism এই সকল বিদ্যা যে এ দেশে অধীত, অধ্যাপিত, আদ্ত, এবং অন্বাদিত হয়, ইহা সামান্য দ্বংথের বিষয় নহে। আচার্য্য মাক্ষম্লর বেদ বিশেষ প্রকারে অধীত করিয়াছেন, কিছু প্রাণেতিহাসে তাঁহার কিছুই দর্শন নাই বলিলেও হয়। যদি থাকিত, তাহা হইলে জানিতেন যে, এই দ্বেশ্বাধ্য ব্যাপার—অর্থাৎ সকল দেবতাতেই জগদীশ্বরত্ব আরোপ, কেবল বেদে নহে, প্রাণেতিহাসেও আছে। উহার তাৎপর্য্য আর কিছুই নহে—কেবল সমস্ত নৈসাগক ব্যাপারে ঈশ্বের ঐশ্বর্য দর্শন। তাঁহার Henotheism বা Kakenotheism আর কিছুই নহে, কেবল Polytheism নামক সামগ্রীর উত্তর্যাধ্বরারী Pure Theism.

এই গেল বৈদিক ধন্মের তিন অবস্থা—

- (১) প্রথম, দেবোপাসনা—অর্থাৎ জড়ে চৈতন্য আরোপ, এবং তাহার উপাসনা।
- (२) ঈश्वरताभाजना, এবং তৎসঙ্গে দেবোপাসুনা।
- (७) ঈश्वरताभामना, धवश प्रविश्वरात केश्वरत विनय ।

বৈদিক ধন্মের চরমাবস্থা উপনিষদে। সেখানে দেবগণ একেবারে দ্বীকৃত বলিলেই হয়। কেবল আনন্দময় ব্রহ্মাই উপাস্যাস্বর্প বিরাজমান। এই ধর্ম্ম অতি বিশন্ধ, কিন্তু অসম্পূর্ণ। ইহা চতুর্থাবস্থা।

শৈষে গীতাদি ভক্তিশান্দের আবিরভাবে এই সচিদানদের উপাসনার সঙ্গে ভক্তি মিলিতা হইল। তথন হিন্দুখর্ম্ম সম্পূর্ণ হইল। ইহাই সর্পাঙ্গ সম্পূর্ণ ধর্মা, এবং ধর্মের মধ্যে জগতে শ্রেষ্ঠ। নিগ্নে রক্ষের স্বর্প জ্ঞান, এবং সগ্নে ঈশ্বরের ভক্তিযুক্ত উপাসনা ইহাই বিশন্ধ হিন্দুখর্মা। ইহাই সকল মন্যোর অবলম্বনীয়। দৃঃথের বিষয় এই যে হিন্দুরা এ সকল কথা ভূলিয়া গিয়া কেবল ধর্মশান্দের উপদেশক বা দেশাচারকে হিন্দুখর্মের স্থানে প্রতিষ্ঠিত করিয়াছেন। ইহাতেই হিন্দুখর্মের অবনতি এবং হিন্দুজাতির অবনতি ঘটিয়াছে।

এক্ষণে যাহা বলিলাম তাহা আরও স্পন্ট করিয়া ব্র্ঝাইয়া প্রমাণের দ্বারা সপ্রমাণ করিবার চেন্টা করিব। সফল হইব কিনা, তাহা যিনি এই ধন্মের উপাস্য, তাহারই হাত। কিন্তু পাঠকের যেন এই কয়টা স্থলে কথা মনে থাকে। নহিলে পরিশ্রম বৃথা হইবে। হিন্দুখন্ম

দেবতত্ত্ব ও হিন্দ্যধর্ম —বেদের ঈশ্বরবাদ

সম্বন্ধে প্রচারে যে সকল প্রবন্ধ প্রকাশ পায়, তাহা ধারাবাহিক ক্রমে না পড়িয়া, মাঝে মাঝে পড়িলে সে সকলের মন্ম গ্রহণের সম্ভাবনা নাই। হস্ত্রীই হউক, আব শৃগালই হউক, অন্ধের ন্যায় কেবল তাহার কর চরণ বা কর্ণ স্পর্শ করিয়া তাহাব স্বর্প অনুভব করা ধায় না। 'এটা রাজস্বারে আছে, স্বতরাং বান্ধব", এ রকম কথা আমরা শ্বনিযাছি।—'প্রচাব', ২য বর্ষ, প্ ৭৮-৮০।

বেদের ঈশ্বরবাদ

প্রবাদ আছে হিন্দ্দিগের তোহ্রশ কে টি দেবতা, কিন্তু বেদে বলে মোটে তেতিশাঁচ দেবতা। এ সম্বন্ধে আমরা প্রথম প্রবন্ধে যে সকল ঋক্ উদ্ধৃত করিষাছি, পাঠক তাহা স্থান কর্ম। আমরা দেখিয়াছি, বেদে বলে এই তেতিশাটি দেবতা তিন শ্রেণীভূত; এগারটি আকাশে, এগারটি অন্তরিক্ষে, এগারটি প্রথিবীতে।

ইহাতে যাস্ক কি বলেন শ্না যাউক। তিনি আঁত প্রাচীন নির্ক্তকার—আধ্নিক ইউরোপীয পশ্চিত নহেন। তিনি বলেন,

তিস্ত্র এব দেবতা ইতি নৈর্জাঃ। অগ্নিঃ পৃথিবাস্থানো বাযুবা ইন্দ্রো বা অভরিক্ষস্থানঃ সূ্যোদ্যাদ্যানঃ। তাসাং মহাভাগ্যাদ এবে বস্থাপি বহুনি নামধ্যোনি ভবিত। গাঁপ বা কর্মান্থাক্সাং যথা হোতা অধ্যাদ্যাক্সা উভাসোকসা সতঃ।" ৭।৫।

অর্থাৎ 'নৈর্ক্তদিগের মতে বেদের দেবতা তিন জন। প্নিবীতে অগ্নি. অন্তরিকে ইন্দ্র বা বাম্ এবং আকাশে স্থা। তাঁহাদেব মহাভাগত্ত কাবণ এক এক জনের অনেকগ্রিল নাম। অথবা তাঁহাদিগেব কন্মের পার্থক্য জন্য, যথা হোতা অধ্নাহ্ ব্লা, উণ্যাতা, এক জনেরই নাম হয়।

তেত্রিশ কোটির স্থানে গোড়ায় তেত্রিশ পাইযাছিল।ম. এখন নির্ভের মতে, তেত্রিশের স্থানে মোটে তিন জন দেখিতেছি—অগ্নি, বায়ু বা ইন্দ এবং স্থান। বহুসংখ্যাক প্থক্ প্থক্ ঠৈতন্য দ্বারা যে জগং শাসিত হয় না—জাগতিকী শাতি এক বহুনিধা নহে, প্রিবাতে সন্ধান এক নিয়মের শাসন অন্তরিক্ষে সন্ধান এক নিয়মের শাসন এবং আকাশে সন্ধান এক নিয়মেন শাসন এবং আকাশে সন্ধান এক নিয়মেন শাসন এবং আকাশে কর্ত্বি এক নিয়মেন শাসন এবং আকাশে সন্ধান এক নিয়মেন শাসন এবং আকাশে সন্ধান এক নিয়মেন শাসন এবং ক্ষান্তি পৃথক্ দেবত। নাই এক দেবতা, তাঁহার কর্মান্তেদে অনেক নাম, কিন্তু বস্তুতঃ তিনি এক অনেক দেবতা নহেন। তেমান অন্তবিক্ষেও এক দেবতা।

এখনও প্রকাশ পাইতেছে না যে, ঋষিরা জাগতিক শক্তির সম্পূর্ণ ঐব্য অন্তুভ করিয়াছেন। এখন প্থিবীর এক দেবতা, অভবিক্ষেব অন্য দেবতা আকাশেব তৃত্যীয় দেবতা। জাঁব উন্তিদাদিব উংপত্তিও রক্ষা হইতে বাম্ব বৃণ্ডি প্রভৃতি অভরিক্ষেব কিনা এত ভিন্নপ্রকৃতি, আবাব সে সকল হইতে আলোকাদি আকাশব্যাপার সকল এত ভিন্ন যে, এই তিনেব ঐক্য এবং একনিসমাধীনাই অনুভূত করা আরও কালসাপেক্ষ। কিন্তু অসীম প্রতিভাসম্পান বৈদিক ঋষিদিগেব নিক্ট তাহাও অধিক দিন অস্পন্ট থাকে নাই। ঋণ্বেদসংহিতাতেই পাওনা যায়, 'মৃর্জা ভূরো ভর্তিন কর্ম্মিস্কতঃ স্বর্ষ্যা জায়তে প্রতির্দান্।" (১০-৮৮) "অগ্নি রাত্রে প্রথবির মন্তক; প্রাতে তিনি সূর্য্য হইয়া উদয় হন।" প্রনশ্চ "যদেনমদধ্র্য্যজ্ঞিবাসে দিবি দেবাঃ স্র্য্যাদিতেযম্।" ইহাতে "এবং অগ্নং স্বর্ষাই আদিতেয়ং" ইত্যাদি বাক্যে অগ্নই সূর্য্য ব্রুঝাইতেছে।

এই স্তেব ব্যাখ্যায় যাস্ক বলেন, "ত্রেধা ভাবায় প্থিব্যামন্তরিক্ষে দিবি ইতি শাকপ্লিঃ" অর্থাং শাকপ্লি (প্রের্গামী নির্ক্তকার) বলিয়াছেন যে, "পূথিবীতে, অন্তরিক্ষে এবং আকাশে, তিন স্থানে অগ্নি আছেন।" ভৌম, অন্তরিক্ষ, ও দিব্য, এই ত্রিবিধ দেবই তবে অগ্নি।

অতি সম্বন্ধে এইর্প আরও অনেক কথা পাওয়া যায়। দ্রুমে উলতের একশক্তাধীনঃ ঋষিদিগের মনে আরও স্পন্ট ইইয়া আসিতেছে। "ইন্দুং মিয়ং বব্দুমাগ্রমাহ্রথে দিব্যুঃ স্ম্পর্ণো গর্জান্। একং সদ্প্রাঃ বহুধা বদন্তি অতি যমং মাতরিশ্বানং।" ইন্দু, বর্ণ, অতি বল, বা দিব্য স্পূর্ণ গর্জান্ বল, এক জনকেই বিপ্রগণে অনেক বলেন, যথা, "অতি যম মাতরিশ্বন্।" প্রন্শ, অথবর্ধ বেদে, "স বর্ণঃ সায়মাগ্রভবিতি স মিলো ভবতি প্রাতর্দ্যন্। স্পরিতা ভূষা অন্তরিক্ষেণ যাতি, স ইন্দ্রো ভূষা তপতি মধ্যতো দিবং" সেই অত্তিই সায়ংকালে বর্ণ হয়েন। তিনিই প্রাতঃকালে উদয় হইয়া মিল হয়েন। তিনিই সবিতা হইয়া অন্তরিক্ষেণ যান করেন, এবং ইন্দু হইয়া মধ্যাকাশে তাপ বিকাশ করেন।

ব ২--৫২

र्वाष्क्रम त्रहनावली

এইর পে ঋষিরা বর্মিতে লাগিলেন যে, র্জার, ইন্দ্র, সূর্য্যা, প্রিথবীর দেবগণ, দেবগণ, এবং আকাশের দেবগণ, সব এক। অর্থাৎ যে শক্তি দ্বারা প্রথিবী শাসিত হয়, যে শক্তির দারা অন্তরিক্ষের প্রক্রিয়া সকল শাসিত হয়, আর যে শক্তির দ্বারা আকাশের প্রক্রিয়া সকল শাসিত হয়, সবই এক। জগৎ একই নিয়মের অধীন। একই নিয়ন্তাব অধীন। "মহন্দেবানাম-স্রত্মেকম্" (ঋণেবদসংহিতা ৩।৫৫) এইর পে বেদে একেশ্বরবাদ উপস্থিত হইল। অতএব বিশক্ষে বৈদিক ধর্ম্ম তেত্রিশ দেবতারও উপাসনা নহে, তিন দেবতারও উপাসনা নহে, এক ঈশ্বরের উপাসনাই বিশক্তর বৈদিক ধন্ম। বেদে যে ইন্দ্রাদির উপাসনা আছে, তাহার যথার্থ তাংপর্য্য কি তাহা আমরা পূর্বের্ব ব্যাইয়াছি। স্থূলতঃ উহা জড়ের উপাসনা। সেইটি বেদের প্রাচীন এবং অসংস্কৃতাবস্থা। স্ক্রেতঃ উহা ঈশ্বরেব বিবিধ শক্তি এবং বিকাশের উপাসনা - ঈশ্বরেরই উপাসনা। ইহাই বৈদিক ধন্মের পরিণাম, এবং সংস্কৃতাবস্থা। সাধাবণ হিন্দু যদি জানিত যে বেদে কি আছে, তাহা হইলে কখন আজিকাৰ হিন্দ্ৰেম্ম এমন কসংস্কাৰাপন্ন এবং অবনত হইত না: মনসা মাকালের প্রজায় পে'ছিত না। জ্ঞান চাবি তালার ভিতৰ বন্ধ থাকাই উন্নতিপ্রাপ্ত সমাজের অবন্তির কাবণ। ভাবতবর্ষে সচরাচব জ্ঞান চাবি-তালার ভিতৰ বন্ধ থাকে: যাঁহার হাতে চাবি তিনি কদাচ কথন সিন্ধাক খুলিয়া, এক আধ টুকরা কোন প্রিয় শিষ্যকে বকশিশ করেন। তাই, ভারতবর্য অনস্ত জ্ঞানের ভাণ্ডার হইলেও সাধারণ ভারতসন্তান অজ্ঞান। ইউরোপের পর্টান্ন পাটা অপেক্ষাকৃত অলপ কিন্তু ইউরোপীয়ের। জ্ঞান বিতরণে সম্পূর্ণ মুক্তহন্ত। এই জনা ইউরোপের ক্রমশঃ উর্নাত, আব এই জন্য ভারতবর্ষের ক্রমশঃ অবন্তি। বেদ এত দিন চাবি-তালার ভিতর ছিল, তাই বেদমূলক ধম্মেবি ক্রমশঃ অবনতি সৌভাগ্যক্রমে, বেদ এখন সাধাবণ বাঙ্গালিব বোধগম্য হইতে চলিল। বাঙ্গালা ভাষায় তাহার অনুবাদ সকল প্রচার হইতেছে। বাব, মহেশচন্দ্র পাল উপনিষদ্ ভাগেরে সান্বাদ প্রকাশ আরম্ভ করিয়াছেন। বেদজ্ঞ পণিডত শ্রীয়ুক্ত সভারত সামশ্রমী যজুবের দের বাজসনেয়ী সংহিতা প্রভৃতির অন্বাদ প্রকাশ করিয়াছেন। এক্ষণে বাব, বমেশচন্দ্র দত্ত ঋণেবদ সংহিতাব অনুবাদ প্রকাশ আবম্ভ করিয়াছেন। এই তিন জনেই আমাদের ধনবোদের পার।'

। এম্বলে বাব্র রমেশ্রন্দ দত্তের বিশেষ প্রশংসা না কবিয়া থাকা যায় না।

ঋশেবদ সংহিতার অনুবাদ অতি গ্রেত্র ব্যাপাব। রমেশ বাব্ যেব্প ক্ষিপ্রকাশিতা, বিশ্বিদ্ধ, এবং সম্বাঙ্গীণতাৰ সহিত এই কাষ্ট স্নিশ্বিহ করিতেছেন, ইউরোপে হইলে এত দিন বড় জয় জয়কার পড়িয়া যাইত। আমাদের সমাজে সেব্প হইবার সভাবনা নাই বলিষা, ভরসা করি তিনি ভগোংসাহ হইবেন না। আমরা যত দ্ব ব্রিতে পারি, এবং প্রথম অন্টকের অনুবাদ দেখিয়া যতদ ব ব্রিতে পারিয়াছি, তাহাতে তাহাব ভূয়ো ভূয়ো প্রশংসা করিতে আমরা বাধা। পাঠকেরা বোধ কবি জানেন ইউনোপীয় পশ্ভিতেরা অনেক স্থানে সায়নাচার্যোব ব্যাখ্যা পরিতাগ কবিষাছেন। আমরা দেখিয়া স্থা হইলাম যে, রমেশ বাব্ সম্বাতই সায়নের অনুগামী হইয়াছেন।

বেদ সন্দাসে কতকগুলি বিলাভী মত আছে। খানক স্থানে সেই মতগুলি অপ্রক্রেম, অনেক স্থান তাহা অতি শ্রাক্রেম। শ্রাক্রেম হউক অপ্রক্রেম হউক, হিশ্বের সোণাল জানা আবশ্যক। জানিলে বৈদিক তত্ব সম্দাযের তাহার সম্মীমাংসা কবিতে পাবেন। আমার যাহা মত, তাহার প্রতিবাদ রা কেন তাহার প্রতিবাদ কবে, তাহা না জানিলে আমার মতের সত্যাসত্য কথনই আমি ভাল কবিয়া ব্রিকতে পারিব না। আতএব সেই সকল মত সঞ্জলন কবিয়া টীকাতে উহা সনিবেশিত কবাতে সমেশ বাব্ অন্বাদ বিশেষ উপকাবক হইয়াছে। দেখিয়া সম্ভূট হইলাম যে, রমেশ বাব্ ৩০০ পৃষ্ঠা প্রকেব ৮৮০ মূল্য নিশ্ধারিত করিয়াছেন, বোধ করি ইহা কেবল ছাপাব খরতেই বিক্রীত হইতেছে।

যিনি যাহাই বলুন, রমেশচদের এই কীর্তিটি চিরম্মরণীয় হইবে। ইউরোপে গখন বাইবেল প্রথম ইংরেজি প্রভৃতি প্রচলিত ভাষায় অনুবাদিত হয় তখন রোমকীয় পুরোহিত এবং অধ্যাপক সম্প্রদায়, অনুবাদেব প্রতি খলহন্ত হইয়াছিলেন। বমেশ বাব্ব প্রতিও সেইব্প অত্যাচার হওয়াই সন্তবে। কিন্তু ষেমন বাইবেলের সেই অনুবাদে, ইউবোপ উপধর্ম্ম হইতে মুক্ত হইল, ইউরোপীয় উর্য়তিব পথ অনপলি হইল, রমেশ বাব্র এই অনুবাদে এ দেশে তদুপ স্কল ফলিবে। বাঙ্গালী ই'হার ঋণ কখন প্রতিশোধ করিতে পারিবে না।

প্রথম অন্টকের অনুবাদ এক খণ্ড আমাদিগের নিকট সমালোচনার জন্য প্রেরিত ইইয়াছে। প্রচারে কোন গ্রন্থের সমালোচনা হয় না, এবং বর্ত্তমান লেখকও গ্রন্থসমালোচনার কার্ব্যে ইস্তক্ষেপকবলে পরাত্ম্য।

रावज्ज ७ हिन्म्यम्ब-दवरम्ब **ঈश्वतवा**म

এইর্পে বৈদিক শ্বিরা ক্রমে ক্রমে এক বেদে আসিয়া উপস্থিত হইলেন। জ্ঞানিলেন বে, এক জনই সব করিয়াছেন ও সব করেন। যাস্ক বলেন—"মাহাগ্যান্দেবতায়াঃ এক আত্মা বহু,ধা শুরুরতে। একস্যাগ্রনোহন্যে দেবাঃ প্রত্যঙ্গান ভবন্তি।"

মাহাত্ম্যপ্রযুক্ত এক আত্মা বহু দেবতা স্বরূপ স্তুত হন। দেবতা সকলেই একই আত্মার প্রত্যঙ্গমাত্র। অতএব ঈশ্বর এক ইহা ভির।

- (১) তিনি একাই এই বিশ্ব নিম্মিত করিয়াছেন, এই জন্য বেদে তাহার এক নাম বিশ্বকম্মা। ঋণেবদসংহিতার দশম মন্ডলের ৮১ ও ৮২ স্তে জগংকর্তার এই নাম—প্রাণেতিহাসে বিশ্বকম্মা দেবতাদের প্রধান শিল্পকর মাত্র। স্তে আছে যে, তিনি আকাশ ও প্থিবী নিম্মাণ করিয়াছেন (১০।৮১।২) বিশ্বময় (বিশ্বতঃ) তাঁহার চক্ষ্ম, মুখ, বাহ্ম, পদ (ঐ, ৩) ইত্যাদি।
- (২) তিনি হিরণ্যার্ভ। এই হিরণ্যার্ভের নানা শাস্ত্রে নানা প্রকার ব্যাখ্যা আছে। হেমতুল্য নারায়ণসূষ্ট অন্ড হইতে উৎপশ্ল বালয়া ব্রহ্মাকে মন্সংহিতায় হিরণ্যার্ভ বলা হইয়াছে এবং প্রাণোতহাসেও হিরণ্যার্ভ শন্তের ঐর্প ব্যাখ্যা আছে। ঐ দশম মন্ডলের ১২১ স্তেভ হিরণ্যার্ভ সম্বান্তির জাত, সম্বাভূতের একমাত্র পাত, স্বর্গ মন্ত্রের সৃষ্টিকন্তা, আত্মদ, বলদ, বিশ্বের উপাসিত, জগতের একমাত্র রাজ্যা, ইত্যাদি ইত্যাদি।
- (৩) তিনি প্রজাপতি। তাঁহা হইতে সকল প্রজা স্থিত হইয়ছে। স্থানে স্থানে স্থানে স্থান স্বা বা সবিতাকে প্রজাপতি বলা হইয়ছে। কিন্তু পরিশেষে যাঁহাকে খাষিরা জগতের একমার চৈতন্য-বিশিষ্ট সর্ব্বপ্রতা বলিয়া ব্রিকলেন তখন তাঁহাকেই এই নামে অভিহিত করিতে লাগিলেন। ঐতিহাসিক ও পৌরাণিক দিনে ব্রহ্মাই এই নাম প্রাপ্ত হইলেন। খাপেবদসংহিতায় ব্রহ্মা শব্দ নাই।
- (৪) রক্ষ শব্দও আমি ঋণেবদসংহিতায় কোণাও দেখিতে পাই নাই। অথচ বেদের যে পরভাগ, উপনিষদ্, এই রক্ষ নির্পণ তাহার একমাত্র উদ্দেশ্য। রাক্ষণ ভাগে ও বাজসনের-সংহিতায় ও অথবব্বদে রক্ষকে দেখা যায়। সে সকল কথা পরে হইবে।
- (৫) ঋশেবদসংহিতার ৯০ স্কুকে প্র্যুষস্কু বলে। ইহাতে সর্ব্ব্যাপী প্রেবের বর্ণনা আছে। এই প্রুষ্ শতপথব্রাহ্মণে নারায়ণ নামে কথিত হইয়াছে। অদ্যাপি বিষ্ণুপ্জায় প্রুষ্-স্কের প্রথম ঋক্ ব্যবহৃত হয়—

সহস্রশীর্ষঃ প্রেব্রঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ স ভূমিং বিশ্বতো বৃদ্ধা অত্যতিতঠং দশাস্ক্রং

কথিত হইয়াছে যে. এই প্রশ্নেকে দেবতারা হবির সঙ্গে যজ্ঞে আহ্বিত দিয়াছিলেন। সেই যজ্ঞফলে সমন্ত জীবের উংপত্তি। এই প্রশ্নেষ "সব্ধং যদ্ভূতং যচ্চ ভাবাং"—সমস্ত বিশ্ব ইহার এক পাদ মাত্র। বিশ্বকশ্র্মা হিরণাগভ ও প্রজাপতির সঙ্গে, এই প্রশ্ন্ম একীভূত হইলে বৈদান্তিক পরব্বদ্ধে প্রায় উপস্থিত হওয়া যায়।

অতএব অতি প্রাচীন কালেই বৈদিকেরা জড়োপাসনা হইতে ক্রমশঃ বিশ**ুদ্ধ একেশ্বরবাদে** উপস্থিত হইয়াছিলেন। কিছু দিন সঙ্গে সঙ্গে ইন্দাদি বহু দেবের উপাসনা রহিল। ক্রমে ক্রমে দেখিব যে, সেই ইন্দাদিও প্রমান্থায় লীন হইলেন। দেখিব যে, হিন্দা্ধ্দর্শ্বর প্রকৃত মন্ম্ম একমাত্র জগদীশ্বরের উপাসনা। আর সকলই তাঁহার ভিন্ন ভিন্ন নাম মাত্র।

যেহপান্যদেবতাভক্তা যজক্তে শ্রন্ধয়ান্বিতাঃ।

তেহপি মামেব কোঁন্ডের যজস্তার্বাধপ্র্বকং॥ গীতা ৯।২৩। আমরা ঋণ্বেদ হইতেই আরম্ভ করি, আর রামপ্রসাদের শ্যামা বিষয়* হইতেই আরম্ভ করি,

এজন্য 'প্রচারে' উহার সমালোচনার সন্তাবনা নাই। তবে, যে উন্দেশ্যে 'প্রচারে' এই বৈদিক প্রবন্ধগৃলি লিখিত হইতেছে, এই অনুবাদ সেই উন্দেশ্যের সহায় ও সাধক। এই জন্য এই অনুবাদ সন্বন্ধে এই কয়টি কথা বলা প্রয়োজন বিবেচনা করিলাম। বেদে কি আছে তাহা যাহারা জ্ঞানিতে ইচ্ছা করেন, তাহাদিগকে বেদের অনুবাদ পাঠ কবিতে হইবে—আমরা বেশী উদাহরণ উন্ধৃত করি—'প্রচারে' এত স্থান নাই।

* রামপ্রসাদ কালী নামে পররক্ষের উপাসনা করিতেন।

প্রসাদ বলে, ভত্তি মৃত্তি, উভয়কে মাথে ধরেছি। এবার শ্যামার নাম রক্ষা জেনে, ধর্ম্ম কর্ম্ম সব ছেড়েছি। সেই কৃষ্ণোক্ত ধন্মেই উপস্থিত হইতে হইবে। ব্রিঝ্য-এক ঈশ্বর আছেন, অন্য কোন দেবতা নাই। ইন্দ্রাদি নামেই ডাকি, সেই এক জনকেই ডাকি। ইহাই কৃষ্ণোক্ত ধর্ম্ম।—'প্রচার', ২য় বর্ষ, প্. ১৪৭-৫২।

হিন্দ্রধম্মে ঈশ্বর ভিন্ন দেবতা নাই

প্রথমে জড়োপাসনা। তখন জড়কেই চৈতন্যবিশিষ্ট বিবেচনা হয়, জড় হইতে জাগতিক ব্যাপার নিষ্পন্ন হইতেছে বোধ হয়। তাহার পর দেখিতে পাওয়া যায়, জাগতিক ব্যাপার সকল নিয়মাধীন। এক জন সন্ধানিয়ন্তা তখন পাওয়া যায়। ইহাই ঈশ্বরজ্ঞান। কিন্তু যে সকল জড়কে চৈতন্যবিশিষ্ট বিলয়া কল্পনা করিয়া লোকে উপাসনা করিত, ঈশ্বরজ্ঞান হইলেই তাহাদের উপাসনা লোপ পায় না। তাহারা সেই সন্ধাস্থ্যটা ঈশ্বর কর্তৃক স্ট চৈতন্য এবং বিশেষ ক্ষমতা প্রাপ্ত বালয়া উপাসিত হইতে থাকে।

তবে দেবগণ ঈশ্বরসূষ্ট, এ কথা ঋণ্ডেবদের স্তুক্তের ভিতর পাইবার তেমন সম্ভাবনা নাই। কেন না, স্তুক্ত সকল ঐ সকল দেবগণেরই স্তোত্ত; স্তোত্তে স্তুতকে কেহ ক্ষুদ্র বলিয়া উল্লেখ করিতে চাহে না। কিন্তু ঐ ভাব উপনিষদ্ সকলে অত্যন্ত পরিস্ফুট। ঋণ্ডেবদীয় ঐতরেয়োপনিষদের আরম্ভেই আছে.

আত্মা বা ইদমেক এবাগ্র আসীং। নান্যং কিণ্ডন মিষং

অর্থাৎ সৃষ্টির প্রের্বে কেবল একমাত্র আত্মাই ছিলেন—আর কিছুমাত্র ছিল না। পরে তিনি জগৎ সৃষ্টি করিয়া দেবগণকে সৃষ্টি করিলেন:

স ঈক্ষতে মে নঃ লোকা লোকাপালারঃ সূজা ইতি। ইত্যাদি।

আমরা বিলয়াছি যে, পরিশেষে যথন জ্ঞানের আধিক্যে লোকের আর জড় চৈতন্য বিশ্বাস্থাকে না, তথন উপাসক ঐ সকল জড়কে ঈশ্বরের শক্তি বা বিকাশ মাত্র বিবেচনা করে। তথন ঈশ্বর হইতে ইন্দ্রাদির ভেদ থাকে না, ইন্দ্রাদি নাম, ঈশ্বরের নামে পরিণত হয়। ইহাই আচার্য্য মাক্ষম্বলরের Henotheism. শুণেবদ হইতে তিনি ইহার বিস্তর উদাহরণ উদ্ধৃত করিয়াছেন, স্বতরাং বিনি এই কথার বৈদিক প্রমাণ চাহেন, তাঁহাকে উক্ত লেখকের গ্রন্থাবলীর উপর বরাত দিলাম। এখানে সে সকল প্রমাণের প্রনঃ সংগ্রহের প্রয়োজন নাই। যে কথাটা আচার্য্য মহাশয় ব্রেন নাই, তাহা এই। তিনি বলেন, এটি বৈদিক ধন্মের বিশেষ লক্ষণ যে, যখন যে দেবতার স্থৃতি করা হয়, তখন সেই দেবতাকে সকলের উপর বাড়ান হয়। স্থুল কথা যে, উহা বৈদিক ধন্মের বিশেষ লক্ষণ নহে—প্রাণেতিহাসে সর্ব্যর আছে;—উহা পরিণত হিন্দ্রধন্মের একেশ্বরবাদের সঙ্গে প্রচান বহু দেবোপাসনার সংমিলন। যখন দেবতা একমাত্র বিলয়া স্বীকৃত হইলেন, তখন ইন্দ্র, বার্ব্বাদি নামগ্র্লি তাঁহারই নাম হইল। এবং তিনিই ইন্দ্রাদি নামে স্কৃত হইতে লাগিলেন।

এই ইন্দ্রাদি যে শেষে সকলই ঈশ্বর স্বরূপ উপাসিত হইতেন, তাহার প্রমাণ বেদ হইতে দিলাম না। আচার্য্য মাক্ষম্পরের গ্রন্থে সকল উদ্ধৃত Henotheism সন্বন্ধীয় উদাহরণ্ফালিই তাহার যথেষ্ট প্রমাণ। আমি দেখাইব ষে, ইহা কেবল বেদে নহে, প্রাণেতিহাসেও আছে। তম্জন্য মহাভারত হইতে কয়েকটি স্তোৱে উদ্ধৃত করিতেছি।

ইন্দ্র স্তোর আদিপন্থের পণ্ডবিংশ অধ্যায় হইতে উদ্ধৃত করিতেছি। "হে স্রপতে! সম্প্রতি তোমা ব্যতিরেকে আমাদিগের প্রাণ রক্ষার আর কোন উপায়ান্তর নাই—যেহেতু তুমিই প্রচুর বারি বর্ষণ করিতে সমর্থ। তুমি বায়্ব; তুমি মেঘ; তুমি আগ্ন; তুমি গগনমন্ডলে সোদামিনী রূপে প্রকাশমান হও এবং তোমা হইতেই ঘনাবলী পরিচালিত হইয়া থাকে; তোমাকেই লোকে মহামেঘ বলিয়া নিন্দেশ করে; তুমি ঘোর ও প্রকাশ্ড বল্পজ্যোতিঃস্বর্প; তুমি আদিত্য; তুমি বিভাবস্ম; তুমি অত্যাশ্চর্য মহাভূত; তুমি নিখিল দেবগণের অধিপতি; তুমি সহস্রাক্ষ; তুমি দেব; তুমি পরমগতি; তুমি অক্ষর অমৃত; তুমি পরম প্রভিত সৌমাম্রতি; তুমি মহ্রত্র; তুমি তিখি; তুমি বল; তুমি ক্ষণ; তুমি শ্রুপক্ষ, তুমি ক্ষপক্ষ, তুমিই কলা, কাণ্ডা, রুটী, মাস, ঋতু, সন্বংসর ও অহোরাত্র; তুমি সমস্ত পর্যতি ও বনসমাকীর্ণ বস্কুরা;

দেবতত্ব ও হিন্দ্রধর্ম—হিন্দ্রধর্মে ঈশ্বর ভিন্ন দেবতা নাই

তুমি তিমিরবিরহিত ও স্থ্যসংস্কৃত আকাশ; তুমি তিমিতিমিঙ্গিল সহিত উত্তরঙ্গকরঙ্গক্লসংকুল মহার্ণব।" এই স্তোত্রে জগদ্ব্যাপী প্রমেশ্বরের বর্ণনা করা হইল।

তার পর আদিপব্বের দুই শত উনবিংশ অধ্যায় হইতে অগ্নি স্তোত্র উদ্ধৃত করি।

"হে হ,তাশন! মহর্ষিগণ কহেন, তুমিই এই বিশ্ব স্ভি করিয়াছ, তুমি না থাকিলে এই সমস্ত জগৎ ক্ষণকালমধ্যে ধরংস হইয়া যায়; বিপ্রগণ স্থাপন্ত সমভিব্যাহারে তোমাকে নমস্কার করিয়া স্বধন্মবিজিত ইন্টগাতিপ্রাপ্ত হন। হে অগ্নে! সম্জনগণ তোমাকে আকাশবিলগ্ন সবিদ্যুৎ জলধর বিলয়া থাকেন; তোমা হইতে অস্ত্র সমন্দায় নিগতি হইয়া সমস্ত ভূতগণকে দক্ষ করে; হে জাতবেদঃ! এই সমস্ত চরাচর বিশ্ব তুমিই নিম্মাণ করিয়াছ; তুমিই সম্বাপ্ত জলের স্ভি করিয়া তৎপরে তাহা হইতে সমস্ত জগৎ উৎপাদন করিয়াছ; তোমাতেই হব্য ও কব্য যথাবিধি প্রতিষ্ঠিত থাকে; হে দেব! তুমি দহন; তুমি ধাতা; তুমি বৃহস্পতি; তুমি আন্বনীকুমার; তুমি মিত্র: তুমি সোম এবং তুমিই পরন।"

বনপন্ধের তৃতীয় অধ্যায়ে সুর্যা স্তোত এইর্প—"ওঁ স্র্যা; অর্যামা. ভগ, বছটা, প্রা, অর্ক, সবিতা, রবি, গভডিমান্, অজ, কাল, মৃত্যু, ধাতন, প্রভাকর, পৃথিবী, জল তেজঃ, আকাশ, বায়্ব, সোম, ব্হস্পতি, শ্রুক, ব্রুধ, অঙ্গারক, ইন্দু, বিবস্বান্, দীপ্তাংশ্র, শর্চি, সৌরি, শনৈশ্চর, ব্রুমা, বিষ্ণু, র্রুচ, শ্রুক, বর্ণ, যম, বৈদ্যুতানি, জঠরানি, ঐন্ধানি, তেজঃপতি, ধন্মধনজ বেদকর্তা, বেদাঙ্গ, বেদবাহন, সত্য, তেতা, দ্বাপর, কলি, কলা, কাষ্ঠা, মৃহ্রু, ক্ষপা, যাম, ক্ষণ, সন্বংসরকর, অশ্বত্থ, কালচক্র, বিভাবসা, ব্যক্তাবাক্ত, প্রব্যু, শাশ্বত্যোগী, কালাধ্যক্ষ, প্রজাধাক্ষ, বিশ্বকন্মা, তমোন্দ, বর্ণ, সাগর, অংশ, জীম্ত, জীবন, অরিহা, ভূতাশ্রয় ভূতপতি, প্রষ্টা, সন্বর্ত্বক, বহিং, সর্বাদি, অলোল্মপ, অনন্ত, কপিল, ভান্র, কামদ জন্ম, বিশাল বরদ, মন, সম্পর্ণ, ভূতাদি, শীঘ্রগ, ধন্বন্তরি ধ্মকেতু, আদিদেব, দিতিস্বৃত, দ্বাদশাক্ষর, অরবিন্দাক্ষ, পিতা, মাতা, পিতামহ, প্রগদ্বার, প্রজাদ্বার, মোক্ষদ্বার, ত্বিন্টপ, দেহকর্ত্বা, প্রশান্তাআ, বিশ্বাআ, বিশ্বতামন্থ, চরাচরাআ, স্ক্রীআ। ও মৈত্রেয়, প্রয়ন্ভু ও অমিততেজা।"

তাৰ পর আদিপব্দের্ণ তৃতীয় অধ্যায়ের অশ্বিনীকুমারম্বয়ের স্ত্রোর উদ্ধৃত করিতেছি:--

"হে অশ্বিনীকুমার! তোমরা স্থির প্রার্ভে বিদ্যমান ছিলে; তোমরাই সব্পভ্তপ্রধান হিরণা-গর্ভাব্পে উৎপন্ন হইষাছ. পরে তোমরাই সংসারে প্রপঞ্চবর্পে প্রকাশমান হইয়াছ। দেশকাল ও অবস্থাদারা তোমাদিগের ইয়ত্তা করা যায় না; তোমরাই মাখা ও মায়ার্চ্ চৈতন্যর্পে দ্যোতমান থাছ ভোমবা শ্রীরবৃক্ষে পক্ষির্পে অবস্থান করিতেছ; তোমবা স্থিব প্রক্রিয়ার পর্মাণ্ন্ স্যাভি ও প্রকৃতির সহযোগিতার আবশাকতা রাখ না; তোমবা বাক্য ও মনেব অগোচর; তোমরাই স্বীধপ্রকৃতি বিক্ষেপশিক্তি দ্বারা নিখিলবিশ্বকে স্প্রকাশ করিয়াছ।"

দুই শত একচিশ অধ্যাদে, কার্ত্তিকেয়েব স্তোত্ত এইবূপ:-

"তুমি ন্বাহা, তুমি ন্বধা, তুমি পরম পবিত্ত; মন্ত্র সকল তোমারই ন্তব করিয়া থাকে; তুমিই বিখ্যাত হৃতশন, তুমিই সংবংসর, তুমিই ছয় ঋতু, মাস, অন্ধ্র মাস, অয়ন ও দিক্। হে রাজীব-লোচন। তুমি সহস্রম্থ ও সহস্রবাহ্ন; তুমি লোক সকলের পাতা, তুমি পরমপবিত্র হবি, তুমিই স্বাস্বগণের শান্ধিকতা; তুমিই প্রচন্ড প্রভু ও শত্রুগণের জেতা; তুমি সহস্রভঃ তুমি সহস্রভুজ ও সহস্রশীর্ষ; তুমি অনন্তঃপ্র, তুমি সহস্রপাং, তুমিই গ্রুব্শক্তিধারী।"

তার পব আদিপবের্ব ক্যোবিংশ অধ্যায়ের গর্ভ স্তোত্তে—

"হে মহাভাগ পতগেশ্বর! তুমি খাষ তুমি দেব, তুমি প্রভু, তুমি স্বর্গ, তুমি প্রজাপতি, তুমি ব্রহ্মা, তুমি ইণ্দ্র, তুমি হয়াবীব, তুমি শর, তুমি জগৎপতি, তুমি স্বৃথ, তুমি দৃঃখ, তুমি বিপ্র, তুমি অলি, তুমি সবন তমি ধাতা তুমি বিধাতা, তুমি বিষ্ণু, তুমি অমৃত, তুমি মহংবশঃ, তুমি প্রভা তুমি আমাদিগের পবিত্র স্থান তমি বল, তুমি সাধ্ব, তমি মহাত্মা, তুমি সমৃত্ধিমান্, ত্মি অন্তক, তুমি হিবান্থির সমস্ত পদার্থা, তাম তাম হইতেই ঘটিতেছে, তুমি স্বকীয় প্রভাপঞ্জে সংব্যর তেজারাশি সমাক্ষিপ্ত কবিতেছ হৈ হৃতাশনপ্রভ! তুমি কোপাবিষ্ট দিবাক্রের নাগে প্রজা সকলকে দক্ষ করিতেছ তুমি স্বর্শসংহারে উদ্যুত হ্যান্ত বায্র নায়ে নিতান্ত ভ্রত্কর রূপ ধারণ করিবাছ। আমরা মহাবলপরাক্রান্ত বিদাৎসমানকান্তি গগনবিহারী, অমিতপরাক্রমশালী, খগকুলচ্ড্যমণি, গর্ডের শরণ লইলাম।"

বঙ্কিম রচনাবলী

রন্ধা, বিষ্ণু, এবং শিব সম্বন্ধে এইর্প স্তোত্তের এতই বাহ্বল্য প্রোণাদিতে আছে যে, তাহার উদাহরণ দিবার প্রয়োজন হইতেছে না, এক্ষণে আমরা সেই ভগবদ্বাক্য সমরণ করি—

যেহপান্যদেবতাভক্তাঃ যজন্তে শ্রন্ধয়ান্বতাঃ।

তেহপি মামেব কোন্তেয় যজন্তাবিধিপ্ৰকং॥ গীতা। ৯।২৩। অর্থাং ঈশ্বর ভিন্ন অন্য দেবতা নাই। যে অন্য দেবতাকে ভজনা করে সে অবিধিপ্ৰৰ্বক ঈশ্বরকেই ভজনা করে।—'প্রচার', ২য় বর্ষ, প্র. ২৭৪-৭৮।



চতুর্থ ভাগ

সম্পাদিত গ্রন্থের ভূমিকা

ताय मीनवक्ष, भित वाराम् (तत कीवनी उ शन्थावलीत स्मारलाहना

জীবনী

দীনবশ্ধরে জীবনচরিত লিখিবার এখনও সময় হয় নাই। কোন ব্যক্তির জীবনের দটনাপরম্পরার বিব্তিমাত্র জীবনচরিতের উদ্দেশ্য নহে। কিয়ং-পরিমাণে তাহাও উদ্দেশ্য বটে, কিন্তু যিনি সম্প্রতি মাত্র অন্তর্হিত হইয়াছেন, তাঁহার সম্বন্ধীয় প্রকৃত ঘটনা সকল বিবৃত করিতে হইলে. এমন অনেক কথা বালিতে হয় যে, তাহাতে জীবিত লোক লিপ্ত। কখন কোন জীবিত ব্যক্তির নিন্দা করিবার প্রয়োজন ঘটে; কখন জীবিত ব্যক্তিদিগের অন্য প্রকার পীড়াদায়ক কথা বালিবার প্রয়োজন হয়; কখন কখন গাইয় কথা ব্যক্ত করিতে হয়, তাহা কাহারও না কাহারও পীড়াদায়ক হয়। আর, একজনের জীবনবৃত্তান্ত অবগত হইয়া অন্য ব্যক্তি শিক্ষা প্রাপ্ত হউক, ইহা যদি জীবনচরিত-প্রণয়নের যথার্থ উদ্দেশ্য হয়, তবে বর্ণনীয় ব্যক্তির দোষ গা্ল উভরেরই সবিস্তার বর্ণনা করিতে হয়। দোষশা্ল্য মন্যা প্থিবীতে জন্মগ্রহণ করে নাই;- দীনবন্ধরেও যে কোন দোষ ছিল না, ইহা কোন্ সাহসে বলিব যে কারণেই হউক, এঞ্চণে তাহার জীবনচরিত লিখিতব্য নহে।

আর লিখিবার তাদৃশ প্রয়োজনও নাই। এই বঙ্গদেশে দীনবন্ধকে না চিনিত কে? কাহার সঙ্গে তাঁহার আলাপ ও সোহাদর্শ ছিল না? দীনবন্ধ যে প্রকৃতির লোক ছিলেন, তাহা কে না জানে ? সতুরাং জানাইবার তত আবশ্যকতা নাই।

এই সকল কারণে আমি এক্ষণে দীনবন্ধনে প্রকৃত জীবনচরিক লিখিব না। ধাহা লিখিব, তাহা পক্ষপাত-শুন্য হইয়া লিখিতে যত্ন করিব। দীনবন্ধনে ক্ষেত্রখনে আমি ঋণী কিন্তু তাই বলিয়া আমি মিথ্যা প্রশংসার দ্বারা সে ঋণ পবিশোধ কবিবাব যত্ত কবিব না।

পূৰ্ব বাঙ্গালা রেলওফের কাঁচরাপাড়া তেঁশনের কম ক্রোশ প্রেবি।ন্তরে চৌর্গেড্যা নামে গ্রাম আছে। যম্না নামে ক্রুদ্র নদী এই গ্রামকে প্রাম চারি দিকে বেল্টন করিয়াছে; এই জন্য ইহার নাম চৌর্গেড্যা। সেই গ্রাম দীন্বস্ব জন্মভূমি। এ গ্রাম নদীয়া জেলার অন্তর্গত। বাঙ্গালা সাহিত্য, দর্শন ও ধন্মশাস্ত্র সন্বন্ধে কুনুষ্টা ভেল্মর বিশেষ গোবব আছে দীনবন্ধাব নাম নদীয়ার আর একটি গোরবের স্থল।

নাম নদায়ার আর একটি গোরবের স্থল।
সন ১২৩৮ সালে দীনবন্ধ জন্মগ্রহণ করেন। তিনি কালাচাদ মিত্রের পত্ন। তাঁহার বাল্যকাল-সন্বন্ধীয় কথা অধিক বাল্বার নাই। দনিবন্ধ অলপবয়সে কাল্যকাতায় আসিয়া, তেয়ার স্কুলে ইংরেজি শিক্ষা আরম্ভ করেন। সেই বিদ্যালয়ে থাকিতে থাকিতেই তিনি বাঙ্গালা বচনা আরম্ভ করেন।

সেই সময় তিনি প্রভাকর-সম্পাদক ঈশ্বরচন্দ্র গানুপ্তের নিকট পরিচিত হয়েন। বাঙ্গালা সাহিত্যের তথন বড় দ্বেবন্ধা। তথন প্রভাকর সম্বেণিংকুট সংবাদ-পত্র। ঈশ্বর গানুপ্ত বাঙ্গালা সাহিত্যের উপর একাধিপত্য করিতেন। বালকগণ তাঁহার কবিতায় মান্ধ হইষা তাঁহাব সঙ্গে আলাপ করিবার জন্য বাগ্র হইত। ঈশ্বর গানুপ্ত তর্ণবয়দ্ক লেখকদিগকে উৎসাহ দিতে বিশেষ সমাংসাক ছিলেন। হিন্দু পেট্রিয়ট যথাথই বলিয়াছিলেন, আধ্ননিক লেখকদিগের মধ্যে অনেকে ঈশ্বর গাপ্তের শিষ্য। কিন্তু ঈশ্বর গাপ্তের প্রদত্ত শিক্ষার ফল কত দ্বে স্থায়ী বা বাঞ্ছনীয় হইয়াছে তাহা বলা যায় না। দীনবন্ধা প্রভৃতি উৎকৃট লেখকের ন্যায় এই ক্ষান্ত লেখকও ঈশ্বর গাপ্তের নিকট ঋণী। সাত্তরাং ঈশ্বর গাপ্তের কোন অপ্লেশংসার কথা লিখিয়া আপনাকে অকৃতন্ত্র বলিয়া পরিচয় দিতে ইচ্ছাক নহি। কিন্তু ইহাও অন্বীকার করিতে পারি না যে, এক্ষণকার পরিমাণ ধরিতে গোলে, ঈশ্বর গাপ্তের রন্চি তাদ্শ বিশাদ্ধ বা উয়ত ছিল না, বলিতে হইবে। তাঁহার শিষ্যেরা অনেকেই তাঁহার প্রদত্ত শিক্ষা বিস্মৃত হইয়া অনা পথে গমন করিয়াছেন।

विष्क्रम तहनावली

বাব্ব রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় প্রভৃতির রচনামধ্যে ঈশ্বর গত্বপ্তের কোন চিহ্ন পাওয়া যায় না। কেবল দীনবন্ধুতেই কিয়ং-পরিমাণে তাঁহার শিক্ষার চিহ্ন পাওয়া যায়।

"এলোচুলে বেণে বউ আল্তা দিয়ে পায়, নলক নাকে, কলসী কাঁকে, জল আন্তে যায়।"

ইত্যাকার কবিতায় ঈশ্বর গুনুপ্তকে সমরণ হয়। বাঙ্গালা সাহিত্যে চারি জন রহস্যপট্ম লেখকের নাম করা যাইতে পারে,—টেকচাঁদ, হুটোম, ঈশ্বর গুনুপ্ত এবং দীনবন্ধন্। সহজেই বুঝা যায় যে, ইহার মধ্যে দ্বিতীয় প্রথমের শিষ্য এবং চতুর্থ তৃতীয়ের শিষ্য। টেকচাদের সহিত হুটোমের যত দ্বে সাদৃশ্য, ঈশ্বর গুটুপ্তর সঙ্গে দীনবন্ধন্ব তত সাদৃশ্য না থাকুক, অনেক দ্বর ছিল। প্রভেদ এই যে, ঈশ্বর গুটুপ্তর লেখায় ব্যঙ্গ (wit) প্রধান; দীনবন্ধন্ব লেখায় হাস্য প্রধান। কিন্তু বাঙ্গ এবং হাস্য উভর্যাবধ রচনায় দুই জনেই পট্ম ছিলেন.—তুল্য পট্ম ছিলেন না। হাস্যরসে ঈশ্বর গুনুপ্ত দীনবন্ধন্ব সমকক্ষ নহেন।

আমি যতদ্বে জানি, দীনবন্ধবে প্রথম রচনা "মানব-চরিত্র"-নামক একটি কবিতা। ঈশ্বর গুপুর কর্তৃক সম্পাদিত "সাপ্বপ্রন"-নামক সাপ্তাহিক পত্রে উহা প্রকাশিত হয়। অতি অসপ বয়সের লেখা, এজন্য ঐ কবিতায় অনুপ্রাসের অতান্ত আড়ন্বর। ইহাও, বোধ হয়, ঈশ্বর গুপ্তের প্রদন্ত শিক্ষার ফল। অন্যে ঐ কবিতা পাঠ করিয়া কির্প বোধ করিয়াছিলেন বলিতে পাবি না, কিন্তু উহা আমাকে অতান্ত মোহিত করিয়াছিল। আমি ঐ কবিতা আদ্যোপান্ত কণ্ঠন্থ করিয়াছিলাম এবং যত দিন সেই সংখ্যার সাধ্বঞ্জনখান জীর্ণাগলিত না হইগাছিল, তত দিন উহাকে ত্যাগ করি নাই। সে প্রায় সাত্রাহশ বংসর হইল; এই কাল মধ্যে ঐ কবিতা আর কখন দেখি নাই; কিন্তু ঐ কবিতা আমাকে এমনই মন্ত্রম্ব্রুম করিয়াছিল যে, অদ্যাপি তাহার কোন কোন অংশ সমরণ করিয়া বালিতে পারি। পাঠকগণের ঐ কবিতা দেখিতে পাইবার সন্তাবনা নাই, কেন না, উহা কখন প্রমা্তিত হয় নাই। অনেকেই দীনবন্ধব্র প্রথম রচনার দ্বৈ এক পঙ্জি শ্বনিলেও প্রতি হইতে পারেন; এজন্য স্মাতিব উপব নির্ভর করিবা ঐ কবিতা হইতে দ্বেই পঙ্জি উদ্ধৃত করিবাল। উহার আরম্ভ এইরপে—

মানব-চরিত্র-ক্ষেত্রে নেত্র নিক্ষেপিয়া।
দ্বঃখানলে দহে দেহ বিদরয়ে হিয়া॥

একটি কবিতা এই

যে দোষে সরস হয় সে জনে সরস। যে দোষে বিরস হয় সে জনে বিরস॥

আর একটি

যে নয়নে রেণ্ব অণ্ব অসি অন্মান। বায়সে হানিবে তায় তীক্ষা চণ্ড-বাণ॥ ইত্যাদি

সেই অন্ধি, দীনবন্ধন্ন মধ্যে মধ্যে প্রভাকরে কবিতা লিখিতেন। তাঁহার প্রণীত কবিতা সকল পাঠক-সমাজে আদৃত হইত। তিনি সেই তর্প বয়সে যে কবিছের পরিচয় দিয়াছিলেন, তাঁহার অসাধারণ "স্বরধ্নী" কাব্য এবং "দ্বাদশ কবিতা" সেই পরিচয়ান্র্প হয় নাই। তিনি দ্বই বংসর, জামাই-ষণ্ঠীর সময়ে, "জামাই-ষণ্ঠী" নামে দ্বইটি কবিতা লেখেন। এই দ্বইটি কবিতা বিশেষ প্রশংসিত এবং আগ্রহাতিশয্যের সহিত পঠিত হইয়াছিল। দ্বিতীয় বংসরের "জামাই-ষণ্ঠী" যে সংখাক প্রভাকরে প্রকাশিত হয়, তাহা প্নম্দিত করিতে হইয়াছিল। সেই সকল কবিতা যের্প প্রশংসিত হইয়াছিল, "স্বরধ্নী" কাব্য এবং "দ্বাদশ কবিতা" সের্প প্রশংসিত হয় নাই। তাহার কারণ সহজেই ব্ঝা যায়। হাসারসে দীনবন্ধ্বর অদ্বিতীয় ক্ষমতা ছিল। "জামাই-ষণ্ঠী"তে হাসারস প্রধান। স্বরধ্নী কাব্যে ও দ্বাদশ কবিতায় হাসারসের আশ্রয় মায় নাই। প্রভাকরে দীনবন্ধ্ব যে সকল কবিতা, লিখিয়াছিলেন, তাহা প্নম্দ্রিত হইলে বিশেষর্পে আদৃত হইবার সম্ভাবনা।

আমরা দেখিয়াছি, কোন কোন সংবাদপত্তে "কালেজীয় কবিতায, ক্ষের"র উল্লেখ হইষাছে। তাহাতে গৌরবের কথা কিছু নাই, সে সম্বন্ধে আমি কিছু বলিব না। তর্গ বয়সে গালি দিতে

मीनवक्ष, भिटात जीवनी... मभारलाहना

কিছ্ম ভাল লাগে; বিদ্যালয়ের ছাত্রগণ প্রায় পরস্পরকে গালি দিয়া থাকে। দীনবন্ধট্ চিরকাল রহস্যাপ্রয়, এজন্য এটি ঘটিয়াছিল।

দীনবদ্ধ প্রভাকরে "বিজয়-কাহিনী" নামে একটি ক্ষুদ্র উপাখ্যান কাব্য প্রকাশ করিয়াছিলেন। নায়কের নাম বিজয়, নায়িকার নাম কামিনী। তাহার, বোধ হয়, দশ বার বংসব পরে "নবীন তপস্বিনী" লিখিত হয়। "নবীন তপস্বিনী"র নায়কের নামও বিজয়, নায়িকাও কামিনী। চরিত্রগত উপাখ্যান কাব্য ও নাটকের নায়ক নায়িকার মধ্যে বিশেষ প্রহেদ নাই। এই ক্ষুদ্র উপাখ্যান-কাব্যথানি সন্শর হইয়াছিল।

দীনবন্ধ হেয়ার দ্কুল হইতে হিন্দ কালেজে যান, এবং তগায় ছাত্রবৃত্তি গ্রহণ করিয়া কয় বংসর অধায়ন করেন। তিনি কালেজের একজন উংকৃতি ছাত্র বলিয়া গণ্য ছিলেন।

দীনবন্ধরে পাঠ্যবিস্থাব কথা আমি বিশেষ জানি না, তংকালে তাঁহার সঙ্গে আমার সাক্ষাৎ পরিচয় ছিল না।

বোধ হয় ১৮৫৫ সালে দীনবন্ধ কালেজ পরিভাগে করিয়া, ১৫০ বেতনে পাটনার পোটমাটারের পদ গ্রহণ করেন। ঐ কন্মে তিনি ছয় মাস নিষ্কু থাকিয়া সংখ্যাতি লাভ কবেন। দেড় বংসর পরেই তাহার পদক্ষি হইয়াছিল। তিনি উড়িয়া বিভাগের ইন্দেপক্টিং পোটনাটার হইয়া যান। পদক্ষি হইল বটে কিন্তু তথন নেতনক্ষি হইল না: প্রে ইইনাছিল।

এক্ষণে মনে হয়, দীনবন্ধ চিরদিন দেড় শত টাকার পেছেঁমান্টার থাকিতেন, সেও ভাল ছিল, তাঁহার ইন্দেপক্টিং পোদ্টমান্টার হওয়া মঙ্গলের বিষয় হয় নাই। প্রেশ এই পদের কার্য্যের নিয়ম ছিল যে, ই'হাদিগকে অবিএত নানা স্থানে দ্রমণ করিয়া পোদ্ট আপিসেব কার্য্য সকলের তত্তাবধারণ করিতে হইবে। এক্ষণে ই'হারা ছয় মাস হেডকোগার্টারে স্থাম হইতে পারেন। প্রেশ সে নিয়ম ছিল না। সংবংসরই দ্রমণ করিতে হইত। কোন স্থানে এক দিন কোন স্থানে দ্বই দিন, কোন স্থানে তিন দিন- এইর্প কাল মাত্র অবস্থিতি। বংসর বংসব ক্রমাণত এইর্প পরিশ্রমে লোহের শরীরও ভক্ম হইয়া যায়। নিয়ত আবর্ত্তনে লোহেবে চক্র ক্রম প্রাপ্ত হয়। দীনবন্ধ্রর শরীবে আর সে পরিশ্রম সহিল না, বঙ্গদেশের দ্রাদ্যেবশতঃই তিনি ইন্দেশক্টিং পোষ্টমান্টার হইবছিলেন।

ইহাতে আমাদের ম্লধন নন্ধ হইয়াছে বটে, কিন্থ কিছ্, লাভ হয় নাই এমত নহে। উপহাসনিপ্ন লেখকের একটি বিশেষ শিক্ষার প্রয়োজন। নানা প্রকার মন্ব্রের চরিত্রের পর্য্যালোচনাতেই সেই শিক্ষা পাওয়া যায়। দীনবন্ধ, নানা দেশ ভ্রমণ করিয়া নানাবিধ চরিত্রের মন্ব্রের সংস্পশে আসিয়াছিলেন। তম্জনিত শিক্ষার গ্লো তিনি নানাবিধ রহসাজনক চরিত্র- স্জনে সক্ষম হইয়াছিলেন। তাঁহার প্রণীত নাটক সকলে যের্প চরিত্রবৈচিত্র আছে, তাহা বাদ্যালা সাহিত্যে বিরল।

উড়িষ্যা বিভাগ হইতে দীনবন্ধ, নদীয়া বিভাগে প্রেরিত হয়েন, এবং তথা হইতে ঢাকা বিভাগে গমন করেন। এই সময়ে নীলবিষয়ক গোলযোগ উপস্থিত হয়। দীনবন্ধ, নানা স্থানে পরিভ্রমণ করিয়া নীলকরিদিগের দৌরাজ্য বিশেষর পে অবগত হইয়াছিলেন। তিনি এই সময়ে "নীল-দপ্ণ" প্রণায়ন কবিয়া বন্ধীয় প্রভাগণকে অপরিশোধনীয় ঋণে ব্দ্ধ করিলেন।

দীনবন্ধন নিলক্ষণ জানিতেন যে তিনি যে নীল-দর্পণেন প্রণেতা, এ কথা ব্যক্ত হইলে, তাহ।র জানিট ঘটিবার সম্ভাবনা। যে সকল ইংরেজের অধীন হইয়া তিনি কন্মা করিতেন, তাহারা নীলকরের সক্রেদ্। বিশেষ, পোন্ট আপিসের কার্যো নীলকর প্রভৃতি অনেক ইংরেজের সংস্পর্শো সর্বাদা আসিতে হয়। তাহারা শব্রুতা করিলে বিশেষ অনিও করিতে পার্ক না পার্ক, সর্বাদা উদ্বিগ করিতে পারে; এ সকল জানিযাও দীনবন্ধন নীল-দর্পণ-প্রচারে প্রাজ্ম্ব হয়েন নাই। নীল-দর্পণে গ্রন্থকারের নাম ছিল না বটে, কিন্তু গ্রন্থকারের নাম গোপন করিবার জন্য দীনবন্ধন জন্য কোন প্রকার বন্ধ করেন নাই। নীল-দর্পণ-প্রচারের পরেই বঙ্গদেশের সকল লোকেই কোন প্রকারে না কোন প্রকারে জানিয়াছিল যে, দীনবন্ধন ইহার প্রণেতা।

দীনবন্ধন্ পরের দর্বথে নিতান্ত কাতর হইতেন, নীল-দর্পণ এই গর্ণের ফল। তিনি বঙ্গদেশের প্রজাগণের দ্বেখ সক্ষরতার সহিত সম্পূর্ণর্পে অন্তৃত করিয়াছিলেন বিলয়ই নীল-দর্পণ প্রণীত ও প্রচারিত হইয়াছিল। যে সকল মন্যা পরের দর্বথে কাতর হন, দীনবন্ধন্ব তাহার মধ্যে অগ্রগায় ছিলেন। তাঁহার হৃদয়ের অসাধারণ গ্রেণ এই ছিল ফে. হাহার দ্বঃখ সে যেরপে কাতর হইত, দীনবন্ধ, তদুপে বা ততোধিক কাতর হইতেন। ইহার একটি অপ্নুৰ্ব উদাহরণ আমি প্রত্যক্ষ করিয়াছি। একদা তিনি যশোহরে আমার বাসায় অবিস্থৃতি করিতেছিলেন। রাত্রে তাঁহার কোন বন্ধুর কোন উৎকট পীড়ার উপক্রম হইল। যিনি পীড়ার আশঙ্কা করিতেছিলেন, তিনি দীনবন্ধ,কে জাগারিত করিলেন, এবং পীড়ার আশঙ্কা জানাইলেন। শানিয়া দীনবন্ধ, মা্চ্ছিত হইলেন। যিনি স্বয়ং পীড়িত বলিয়া সাহার্য্যার্থ দীনবন্ধ,কে জাগাইয়াছিলেন, তিনিই আবার দীনবন্ধ,র শা্র্যুষায় নিয়ক্ত হইলেন। ইহা আমি স্বচক্ষে দেখিয়াছি। সেই দিন জানিয়াছিলাম যে, অন্য যাহার যে গ্রণ থাকুক, পরের দ্বঃথে দীনবন্ধ,র ন্যায় কেহ কাতর হয় না। সেই গ্রেমের ফল নীল-দর্পণ।

নীল-দর্পণ ইংরেজিতে অনুবাদিত হইয়া ইংলন্ডে যায়। লং সাহেব তংপ্রচারের জন্য সন্প্রীম কোর্টের বিচারে দন্ডনীয় হইয়া কারাবদ্ধ হয়েন। সীটনকার সাহেব তংপ্রচার-জন্য অপদস্য হইয়াছিলেন। এ সকল ব্যন্তান্ত সকলেই অবগত আছেন।

এই গ্রন্থের নিমিত্ত লং সাহেব কারাবদ্ধ হইয়াছিলেন বলিয়াই হউক, অথবা ইছার কোন বিশেষ গুণে থাকার নিমিত্তই হউক, নীল-দপণি ইউরোপের অনেক ভাষায় অনুবাদিত ও পঠিত হইয়াছিল। এই সৌভাগ্য বাঙ্গালায় আর কোন গ্রন্থেরই ঘটে নাই। গ্রন্থের সৌভাগ্য যতই रुपेक. किन्न रा या वार्षिक रेरारा निश्व हिरानन, जाँराता मकरानरे किन्न किन्न विभाग्यन হইয়াছিলেন। ইহার প্রচার করিয়া লং সাহেব কারাবদ্ধ হইয়াছিলেন; সীটনকার অপদস্থ হইয়াছিলেন। ইহার ইংরেজি অনুবাদ করিয়া মাইকেল মধ্যসূদন দত্ত গোপনে তিরস্কৃত ও অবমানিত হইয়াছিলেন এবং শ্রনিয়াছি শেষে তাঁহার জীবননিব্বাহের উপায় সপ্রীম কোর্টের চাকুরি পর্যান্ত ত্যাগ করিতে বাধা হইয়াছিলেন। গ্রন্থকন্ত্রা নিজে কারাবদ্ধ কি কম্মচ্যুত হয়েন নাই বটে, কিন্তু তিনি ততোধিক বিপদাগ্রন্ত হইয়াছিলেন। এক দিন রাগ্রে নীল-দর্পণ লিখিতে লিখিতে দীনবন্ধ, মেঘনা পার হইতেছিলেন। কূল হইতে প্রায় দুই ক্রোশ দুরে গেলে নৌকা रठाए जनमन रहेरा नानिन। माँजी भावि प्रकर्णर प्रख्या आवस कविन: मीनवस्त जाराख অক্ষম। দীনবন্ধ, নীল-দর্পণ হস্তে করিয়া জলমজ্জনোন্ম,খ নৌকায় নিস্তব্ধে বসিয়া রহিলেন। এমন সময়ে হঠাং একজন সন্তরণকারীর পদ মৃত্তিকা স্পর্শ করিয়া সে সকলকে ডাকিয়া বলিল. "छग्न नारे, **এখানে जल जल्म, निकार्ट जवना हत जाए**छ।" वाखव निकार्ट हत छिल, उथाग्न नौका আনীত হইয়া চরলগ্ন হইতে দীনবন্ধ, উঠিয়া নোকার ছাদের উপর বসিয়া রহিলেন। তথনও সেই আর্দ্র নীল-দর্পণ, তাঁহার হস্তে রহিয়াছে। এই সময় মেঘনায় ভাঁটা বহিতেছিল, সম্বরেই জোয়ার আসিয়া এই চর ডুবিয়া যাইবে এবং সেই সঙ্গে এই জলপূর্ণ ভগ্ন তরি ভাসিয়া যাইবে. তথন জীবনরক্ষার উপায় কি হইবে, এই ভাবনা দাঁড়ী, মাঝি সকলেই ভাবিতেছিল, দীনবন্ধত্ব ভাবিতেছিলেন। তথন রাত্রি গভীর, আবার ঘোর অন্ধকার, চারি দিকে বেগবতীর বিষ্ম স্রোতধর্নন, কচিৎ মধ্যে মধ্যে নিশাচর পক্ষীদিগের চীংকার। জীবনরক্ষার কোন উপায় না দেখিয়া দীনবন্ধ, একেবারে নিরাশ্বাস হইতেছিলেন, এমত সময়ে দুরের দাঁডের শব্দ শুনা গেল। সকলেই উচ্চৈঃস্বরে প্রনঃ প্রনঃ ডাকিবায় দরেবতী নৌক।রোহারা উত্তর দিল, এবং সম্বরে আসিয়া দীনবন্ধ, ও তৎসমভিব্যাহারীদিগের উদ্ধার করিল।

ঢাকা বিভাগ হইতে দীনবন্ধ, প্রনন্ধার নদীয়া প্রত্যাগমন করেন। ফলতঃ নদীয়া বিভাগেই তিনি অধিক কাল নিয**়ক্ত ছিলেন**; বিশেষ কার্য্য-নিন্ধাহ জনা তিনি ঢাকা বা অন্যব্র প্রেরিত হইতেন।

ঢাকা বিভাগ হইতে প্রত্যাগমন-পরে দীনবন্ধ, "নবীন তপদ্বিনী" প্রণয়ন করেন। উহা কৃষ্ণনগরে মুদ্রিত হয়। ঐ মুদ্রায়ন্দ্রটি দীনবন্ধ, প্রভৃতি কয়েক জন কৃত্বিদ্যের উদ্যোগে স্থাপিত হইয়াছিল, কিন্তু স্থায়ী হয় নাই।

দীনবন্ধন্ন নদীয়া বিভাগে হইতে প্রনর্ধার ঢাকা বিভাগে প্রেরিত হয়েন। আবার ফিরিয়া আসিয়া উড়িয়া বিভাগে প্রেরিত হয়েন। প্রনর্ধার নদীয়া বিভাগে আইসেন। কৃঞ্চনগরেই তিনি অধিক কাল অবিস্থিতি করিয়াছিলেন। সেখানে একটি বাড়ী কিনিয়াছিলেন। সন ১৮৬৯ সালের শেষে বা সন ১৮৭০ সালের প্রথমে তিনি কৃঞ্চনগর পরিত্যাগ করিয়া, কলিকাতায় সন্পরনিউমরির ইন্স্পেক্টিং পোষ্টমান্টার নিযন্ত হইয়া আইসেন। পোষ্টমান্টার জেনেরলের সাহাযাই এ পদের কার্য্য। দীনবন্ধন্ব সাহাযায় পোষ্ট আপিসের কার্য্য কয় বংসর অতি স্কুচার্ন্ন-

দীনবন্ধ, মিত্রের জীবনী...সমালোচনা

র্পে সম্পাদিত হইতে লাগিল। ১৮৭১ সালে দীনবদ্ধ লুশাই যুদ্ধের ডাকের বন্দোবস্ত করিবার জন্য কাছাড় গমন করেন। তথায় সেই গ্রুব্তর কার্য্য সম্পন্ন করিয়া অলপকালমধ্যে প্রত্যাগমন করেন।

কলিকাতায় অবিশ্বিত কালে, তিনি "নায় বাহাদ্রন" উপাধি প্রাপ্ত ইইথাছিলেন। এই উপাধি যিনি প্রাপ্ত হয়েন, তিনি আপনাকে বত দ্বে কৃতার্থ মনে করেন বালতে পারি না। দীনবন্ধর অদ্ষ্টে ঐ প্রক্রার ভিন্ন আর কিছ্র ঘটে নাই। কেন না. দীনবন্ধর বাঙ্গাল-কুলে জন্মগ্রহণ করিয়াছিলেন। তিনি প্রথম শ্রেণীর বেতন পাইতেন বটে, কিন্তু কালসাহায়ে প্রথম শ্রেণীর বেতন চতুৎপদ জন্মগ্রন্ত প্রাপা হইসা থাকে। প্রথিবীর সন্ধ্রন্তই প্রথম শ্রেণীভূক্ত গদ্দভ দেখা বায়।

দীনবন্ধন্ব এবং স্থানারায়ণ এই দ্ই জন পোণ্টাল বিভাগের কম্মচার দিলের মবে সম্বানারায়ণ এই দ্ই জন পোণ্টাল বিভাগের কম্মচার দিলের মবে সম্বানারায়ণ বাবন্ব আসামের কাষ্ট্রের গ্রন্থভার লইষা তথান অবিস্থিতি কবিতেন; অন্য যেখানে পোন কঠিন কাষ্ট্র পাড়িত, দীনবন্ধন্ব সেইখানেই প্রেনিত ইইতেন। এইর্প কার্য্যে চাকা, উড়িষ্যা, উত্তব পাচ্চম, দারজিলিঙ্গ, কাছাড় প্রভৃতি স্থানে সম্বাদা যাইতেন। এইর্পে, তিনি বাঙ্গালা ও উড়িষ্যার প্রায় সম্বান্থনেই গমন করিয়াছিলেন, বেহাবেবত্ত অনেক স্থান দেখিয়াছিলেন। পোন্টাল বিভাগের যে পরিশ্রমের ভাগ তাহা তাঁহাব ছিল, প্রস্কারের ভাগ অন্যের কপালে ঘাটল।

দীনবন্ধর যের্প কার্যাদক্ষতা এবং বহু দার্শতা ছিল, তাহাতে তিনি থাদ বাঙ্গালী না হইতেন, তাহা হইলে মৃত্যুব অনেক দিন প প্রেই তিনি পোণ্টমাণ্টার জেনেবল হইতেন, এবং কালে ডাইরেক্টর জেনেরল হইতে পারিতেন। কিন্তু যেমন শতবার ধাতি করিলে অঙ্গাবের মালিনা যায় না তেমনি কাহারও কাহারও কাছে সহস্র গুনুণ থাকিলেও রুষ্ণবর্ণের দোষ যায় না। Charty যেমন সহস্র দোষ ঢাকিয়া রাখে, কুষ্ণচন্দের তেমনি সহস্র গুনুণ ঢাকিয়া রাখে।

পর্রস্কার দারে থাকুক, শেষাবস্থায় দানবন্ধন লাজনা প্রাপ্ত ১ইয়াছিলেন। পোণ্টমাণ্টার জেনেরল এবং ডাইরেক্টর জেনেরলে বিবাদ উপস্থিত ১ইল। দীনবন্ধন্ব অপরাধ, তিনি পোণ্টনমাণ্টার জেনেরলের সাহায্য করিতেন। এজন্য তিনি কার্য্যান্তরে নিযুক্ত হইলেন। প্রথম কিচাদন বেলওগের কার্য্যে নিযুক্ত হইয়াছিলেন। তাহার পরে হাবড়া ডিবিজনে নিযুক্ত ২ থেন সেই শেষ পরিবর্ত্তন।

শ্রমাগিক্যে অনেক দিন ইইতে দীনশন্ধ, উৎকটরোগালান্ত হইয়াছিলেন। কেই কেই বলেন. বহু মুন্ন রোগ প্রায় সাংঘাতিক হয়। সে কথা সত্য কি না বলা যায় না কিন্তু ইদানীং মনে কিন্তাছিলান যে দীনবন্ধ, ব্লিঝ রোগের হাত ইইতে ম্লিজ পাইবেন। রোগালান্ত ইইয়া অর্বাধ দীনবন্ধ, আতি সাবধান, এবং অবিহিতাচারবিজ্জতি ইইয়াছিলেন। আতি অপপ পরিমাণে অহিফেল সেবন আরম্ভ করিয়াছিলেন। তাহাতে রোগের কিন্তিং উপশম ইইয়াছে বলিতেন। পরে সন ১২৮০ সালের আশ্বিন মাসে অকস্মাং বিস্ফোটকক্ত্র্ক আক্রান্ত ইইয়া শ্ব্যাগত ইইলেন। তাঁহার মৃত্যুর বৃত্তান্ত সকলে অবগত আছেন। বিস্তারিত লেখার আবশাক নাই। লিখিতেও পারি না। যদি মন্ব্যার প্রার্থনা সফল ইইবার সম্ভাবনা থাকিত, তবে প্রার্থনা করিতাম যে, এর্প স্কুদের মৃত্যুর কথা কাহাকেও যেন লিখিতে না হয়।

নবান তপান্দনার পর "বিয়েপাগলা ব্ডো" প্রচার হয়। দীনবন্ধরে অনেকগালিন গ্রন্থ প্রকৃত-ঘটনা-মূলক এবং অনেক জাবিত ব্যক্তির চরিত্র তাহার প্রণীত চরিত্রে অন্কৃত হইয়াছে। "নীল-দপণে ব অনেকগালি ঘটনা প্রকৃত: "নবান তপান্দনী"র বড় রাণী ছোট রাণীর ব্তান্ত প্রকৃত। "সধবার একাদশী"র প্রায় সকল নায়ক-নায়কাগালিন জাবিত ব্যক্তিব প্রতিক্রিত তর্ঘাণিত ঘটনাগালিন মধ্যে কিয়দংশ প্রকৃত ঘটনা। "জামাই-বারিকে"র দুই দ্বীব বস্তান্ত প্রকৃত। "বিষেপাগলা ব্ডো"ও জাবিত ব্যক্তিকে লক্ষ্য করিষা লিখিত হইয়াছিল।

প্রকৃত ঘটনা, জীবিত ব্যক্তির চরিত্র, প্রাচীন উপন্যাস, ইংরেজি গ্রন্থ এবং "প্রচলিত খোসগল্প" হইতে সারাদান করিয়া দীনবন্ধ, তাঁহার অপ্কে চিত্তরঞ্জক নাটক সকলের স্থিটি করিতেন। নবীন তপস্বিনীতে ইহার উত্তম দৃষ্টান্ত পাওয়া যায়। রাজা রমণীমোহনের ব্তান্ত কতক প্রকৃত। হোদলকু শকু তৈব ব্যাপার প্রাচীন-উপন্যাসম্লক; "জলধর" "জগদন্বা" "Merry Wives of Windsor" হইতে নীত।

বঙ্কিম রচনাবলী

বাঙ্গাল-পাঠক-মধ্যে নিতান্ত অশিক্ষিত অনেক আছেন। তাঁহারা ভাবিলেন, বদি দীনবন্ধর এদেথর মলে প্রাচীন উপন্যাসে, ইংরেজি প্রদেথ বা প্রচলিত গঙ্গেপ আছে, তবে আর তাঁহার প্রশেষর প্রশংসা কি? তাঁহারা ভাবিবেন, আমি দীনবন্ধর অপ্রশংসা করিতোছ। এ সম্প্রদায়ের পাঠক-দিগকে কোন কথা ব্রুঝাইরা বলিতে আমি আনিছরুক, কেন না, জলে আলিপনা সম্ভবে না। সেক্ষপীররের প্রায় এমন নাটক নাই যাহা কোন প্রচীনতর গ্রুণথম্লক নহে। স্কটের অনেকগর্নল উপন্যাস প্রাচীন কথা বা প্রাচীন-গ্রুথম্লক। মহাভারত রামায়ণের অনুকরণ। ইনিদ্, ইলিয়দের অনুকরণ। ইহার মধ্যে কোন গ্রুণথ অপ্রশংসনীয়?

"সধবার একাদশী "বিশেপাগলা বুড়ো"র পরে প্রকাশিত হইয়াছিল, কিন্তু উহা তংপক্রের্ব লিখিত হইয়াছিল। সধবার একাদশীর যেমন অসাধারণ গর্ণ আছে, তেমনি অনেক অসাধারণ দোষও আছে। এই প্রহসন বিশান্ধ রর্নাচর অনামোদিত নহে, এই জন্য আমি দীনবন্ধকে বিশেষ অনুরোধ করিয়াছিলান থে, ইহার বিশেষ পরিবর্ত্তন বাতীত প্রচার না হয়। কিছু দিন মাত্র অনার্রোধ রক্ষা হইয়াছিল। অনেকে বালবেন, এ অন্রোধ রক্ষা হয় নাই ভালই হইয়াছে, আন্তা শানমাটাদাকৈ দেখিতে পাইয়াছি। অনেকে ইহার বিপরীত বালবেন।

"লীলাবতী" বিশেষ যথের সহিত রাচত, এবং দীনবন্ধার অন্যান্য নাটকাপেক্ষা ইহাতে দোষ অব্প। এই সময়কে দীনবন্ধার কবিত্বস্থেরি মধ্যাহ্নকাল বলা যাইতে পারে। ইহাব পর হইতে কিন্তি তেজঃকতি দেখা যায়। এরপে উদাহরণ অনেক পাওয়া যায়। স্কট প্রথমে পদ্যগ্রন্থ লিখিতে আরম্ভ করেন। প্রথম তিনখানি কার্য অত্যংকুট হয়, "Lady of the Lake" নামক কার্যের পর আর তেমন হইল না। দেখিয়া, স্কট পদ্য লেখা ত্যাগ করিলেন, গদ্যকার্য লিখিতে আরম্ভ করিলেন। গদ্যকাব্য-লেখক বলিয়া স্কটের যে যশ, তাহান মূল প্রথম পনের বা ষোলখানি নবেল। "Kenilworth" নামক গ্রন্থের পর স্কটের আর কোন উপন্যাস প্রথম শেনীতে স্থান পাইবার যোগ্য হয় নাই। মধ্যাহ্লের প্রথম রোদ্রের সঙ্গে সন্ধ্যাকালীন ক্ষীণালোকের যে সন্দক্ষ ivanhoe" এবং "Kenilworth" প্রভৃতির সঙ্গে স্কটের শেষ দুইনানি গদ্যকারের সেই সম্বন্ধ।

"লীলাবতী"র পর দীনবন্ধর লেখনী কিছুকাল বিশ্রাম লাভ করিয়াছিল। সেই বিশ্রামের পর সরধুনী কাব্য" "জামাই-বারিক" এবং "দ্বাদশ কবিতা" অতি শীঘ্র শীঘ্র প্রকাশিত হয়। "স্রধুনী" কাব্য অনেক দিন প্রের্ব লিখিত হইয়াছিল। ইহার কিষদংশ "বিষেপাগলা ব্রুড়া"রও প্রের্ব লিখিত হইয়াছিল। ইহাও প্রচার না হয়, আমি এমত অন্রেরাধ কবিয়াছিলাম, --আমার বিবেচনায় ইহা দীনবন্ধর লেখনীর যোগ্য হয় নাই। বােধ হয়, অন্যান্য বন্ধ্র্যাণও এইরুপ অন্ররাধ করিয়াছিলেন। এই জন্য ইহা অনেক দিন অপ্রকাশ ছিল।

দীনবন্ধর মৃত্যুর অলপকাল প্রের্ব "কমলে কামিনী" প্রকাশিত হইয়াছিল। যখন ইহা সাধারণে প্রচারিত হয়, তখন তিনি রুগ্রশ্যায়।

আমি দীনবন্ধর গ্রন্থ সকলের কোন সমালোচনা করিলাম না। গ্রন্থ-সমালোচনা এ প্রবন্ধে উদিদট নহে: সমালোচনার সময়ও নহে। দীনবন্ধর যে স্লেখক ছিলেন, ইহা সকলেই জানেন, আমারে বলিতে হইবে না। তিনি যে অতি স্বৃদক্ষ রাজকর্ম্মচারী ছিলেন, তাহাও কিণ্ডিং উল্লেখ করিয়াছি। কিন্তু দীনবন্ধর একটি পরিচয়ের বাকি আছে। তাহার সরল, অকপট, দ্লেহময় হদয়ের পরিচয় কি প্রকারে দিব? বঙ্গদেশে আজকাল গ্র্ণবান্ ব্যক্তির অভাব নাই, স্লেক্ষ কর্মাচারীর অভাব নাই, স্লেখকেরও নিভান্ত অভাব নাই, কিন্তু দীনবন্ধর অন্তঃকরণের মত অন্তঃকরণের অভাব বঙ্গদেশে কেন—মন্ব্যলোকে—চিরকাল থাকিবে। এ সংসারে ক্ষুদ্র কীট হইতে স্যাট্ প্রেণ্ড সকলেরই এক স্বভাব—অহৎকার, অভিমান, ক্রোধ, স্বার্থপরতা, কপটতায় পরিপ্র্দা। এমন সংসারে দীনবন্ধর ন্যায় রক্ষই অম্ল্যু রত্ন।

সে পরিচয় দিবারই বা প্রয়োজন কি? এই বঙ্গদেশে দীনবন্ধুকে কে বিশেষ না জানে? দারজিলিঙ্গ হইতে বরিশাল পর্যান্ত, কাছাড় হইতে গঞ্জাম পর্যান্ত, ইহার মধ্যে কয়জন ভদুলোক দীনবন্ধুর বন্ধুমধ্যে গণা নহেন? কয়জন তাঁহার স্বভাবের পরিচয় না জানেন? কাহার নিকট পরিচয় দিতে হইবে?

দীনবন্ধন বেখানে না গিয়াছেন বাঙ্গালায় এমত স্থান অলপই আছে। যেখানে গিয়াছেন সেইখানেই বন্ধনু সংগ্ৰহ করিয়াছেন। যে তাঁহার আগমন-বার্ত্তা শর্নিত, সেই তাঁহার সহিত

দীনবন্ধ মিত্রের জীবনী...সমালোচনা

আলাপের জন্য উৎস্কুক হইত। যে আলাপ করিত, সেই তাঁহার বন্ধু হইত। তাঁহার ন্যায় স্বর্রাসক লোক বঙ্গভূমে এখন আর কেহ আছে কি না বালিতে পারি না। তিনি যে সভায় বাসিতেন, সেই সভার জীবনস্বর্প হইতেন। তাঁহার সরস, স্বামণ্ট কথোপকথনে সকলেই ম্মা হইত। শ্রোত্বর্গ, মন্মের দুঃখ সকল ভূলিয়া গিয়া, তাঁহার স্থুট হাস্যরস-সাগরে ভাসিত। তাঁহার প্রণীত গ্রন্থ সকল বাঙ্গালা ভাষায় সন্বেশিংক্ট হাস্যরসের গ্রন্থ বটে, কিন্তু তাহার প্রকৃত হাস্যরসপট্বতার শতাংশের পরিচয় তাঁহার গ্রন্থে পাওয়া যায় না। হাস্যরসাবতারগায় তাহার যে পট্বতা, তাহার প্রকৃত পরিচয় তাঁহার কথোপকথনেই পাওয়া যাইত। এনেক সময়ে, তাহাকে সাক্ষাৎ ম্রির্জান্ হাস্যরস বালিয়া বোধ হইত। দেখা গিয়াছে যে, অনেকে 'অ'ব হাসিতে পারি না" বালিয়া তাঁহার নিকট হইতে পলায়ন করিয়াছেন। হাস্যরসে তিনি প্রকৃত ঐশ্রন্থিকি ছিলেন।

অনেক লোক আছে যে, নিৰ্দ্বোধ অথচ অত্যন্ত আত্মাভিমানী। এর্প লোকের পক্ষেদীনবন্ধ্ব সাক্ষাং যম ছিলেন। কদাচ তাহাদিগের আত্মাভিমানের প্রতিবাদ করিতেন বা বরং সেই আগ্বনে সাধ্যমত বাতাস দিতেন। নির্দ্বোধ সেই বাতাসে উন্মন্ত হইয়া উঠিত। তখন তাহার রঙ্গভঙ্গ দেখিতেন। এর্পুপ লোক দীনবন্ধ্বর হাতে পড়িলে কোনর্পে নিম্কৃতি পাইত না।

ইদানীং কয়েক বৎসর হইল. তাঁহার হাস্যরসপট্তা ক্রমে মন্দীভূত হইয়া আসির্ভোছল। প্রায় বৎসরাধিক হইল, এক দিন তাঁহার কোন বিশেষ বন্ধ্ব জিজ্ঞাসা করিয়াছিলেন "দীনবন্ধ্ব, তোমার সে হাস্যরস কোথা গেল? তোমার রস শ্ব্যাইতেছে. তুমি আর অধিক কাল বাঁচিবে না।" দীনবন্ধ্ব কেবলমাত্র উত্তর করিলেন. "কে বলিল?" কিন্তু পরক্ষণেই অনামনস্ক হইলেন। এক দিবস আমরা একত্রে রাত্রিয়াপন করি। তাঁহার বস-উদ্দীপন-শক্তি শ্ব্যাইয়ছে কি না আর্পান জানিবার নিমিন্ত একবার সেই রাত্রে চেষ্টা করিয়াছিলাম; সে চেষ্টা নিতান্ত নিষ্ফল হয় নাই। রাত্রি প্রায় আড়াই প্রহর পর্য্যন্ত অনেকগর্বল বন্ধ্বকে একেবারে মন্ধ্র করিয়াছিলেন। তথন জানিতাম না যে, সেই তাঁহার শেষ উদ্দীপন। তাহার পর আর কয়েক থার দিবারাত্রি একত্রে বাস করিয়াছি, কিন্তু এই রাত্রের ন্যায় আর তাঁহাকে আনন্দ-উৎফ্ক্ল দেখি নাই। তাঁহার অসাধারল ক্ষমতা ক্রমে দ্বর্শ্বল হইতেছিল। তথাপি তাহার বাঙ্গশক্তি একেবারে নিস্তেজ হয় নাই। মৃত্যুদাযায় পড়িযাও তাহা ত্যাগ করেন নাই। অনেকেই জানেন যে, তাঁহার মৃত্যুর কারণ বিস্ফোটক, প্রথমে একটি পৃষ্ঠদেশে হয়, তাহার কিন্তিং উপশম হইলেই আর একটি পশ্চাংভাগে হইল। তাহার পর শেষ আর একটি বামপদে হইল। এই সময তাঁহার প্রশেভিত বন্ধ্বটি কার্যান্থনে হইতে তাঁহাকে দেখিতে গিয়াছিলেন। দীনবন্ধ্ব অতি দ্বেবন্ত্রী মেঘের ক্ষীণ বিদ্যুতের ন্যায় ঈষং হাসিয়া বলিলেন, "ফোড়া এখন আমার পায়ে ধরিয়াছে।"

মন্যামান্তেরই অহঙ্কার আছে:—দীনবন্ধ্র ছিল না; মন্যামান্তেরই রাগ আছে:—দীনবন্ধ্র ছিল না। দীনবন্ধ্র কোন কথা আমার কাছে গোপন ছিল না, আমি কখন তাঁহার রাগ দেখি নাই। অনেক সময়ে তাঁহার ক্রোধাভাব দেখিয়া তাঁহাকে অন্যোগ করিয়াছি, তিনি রাগ করিতে পারিলেন না বলিয়া অপ্রতিভ হইয়ছেন। অথবা ক্লুদ্ধ হইবার জন্য যত্ন করিয়া, শেষে নিজ্ফল হইয়া বলিয়াছেন. "কই, রাগ ষে হয় না।"

তাঁহার যে কিছু দ্রোধের চিহ্ন পাওয়া যায়, তাহা জামাই-বারিকের "ভোঁতারাম ভাটে'র উপরে। যেমন অনেকে দীনবন্ধর গ্রন্থের প্রশংসা করিতেন, তেমনি কতকগ্রলি লোক তাঁহার গ্রন্থের নিন্দক ছিল। যেখানে যশ, সেইখানেই নিন্দা, সংসারের ইহা নিয়ম। প্থিবীতে যিনি মশস্বী হইয়ছেন, তিনিই সম্প্রদার্যাবিশেষকর্ত্বক নিন্দিত হইয়ছেন। ইহার অনেক কারণ আছে। প্রথম, দোষশ্রা মন্মা জন্মে না; যিনি বহুগার্ণবিশিষ্ট, তাঁহার দোষগ্রিল, গ্র্ণসায়িধ্য হেতু, কিছু অধিকতর স্পন্ট হয়, স্বভারং লোকে তৎকীর্ত্তনে প্রব্যুত্ত হয়। দ্বিতীয়, গ্রের সঙ্গেদাবের চিরবিরোধ, দোষযাক্ত ব্যক্তিশা গ্র্ণশালী ব্যক্তির স্বতরাং শার্ হইয়া পড়ে। তৃতীয়, কম্মন্দেরে প্রবৃত্ত হইলে কার্য্যের গতিকে অনেক শার্ হয়; শার্গণ অন্য প্রকারে শার্তা সাধনে অসমর্থ হইলে নিন্দার দ্বারা শার্তা সাধে। চতুর্থ, অনেক মন্ব্রের স্বভাবই এই প্রশংসা অপেকা নিন্দা করিতে ও শ্রনিতে ভালবাসে; সামান্য ব্যক্তির নিন্দার অপেকা বশ্দ্বী ব্যক্তির নিন্দা বস্তা ও গ্রোতার স্থেদায়ক। পঞ্চয়, ঈর্ষা মন্যোর স্বাভাবিক ধর্মা; অনেকে পরের যশে

र्वाध्कम ब्रह्मावली

অত্যন্ত কাতর হইয়া যশস্বীর নিন্দা করিতে প্রবৃত্ত হয়েন। এই গ্রেণীর নিন্দকই অনেক, বিশেষ বঙ্গদেশে।

দীনবন্ধ স্বয়ং নিন্ধি রে।ধ, নিরহ জার, এবং ক্রোধশন্য হইলেও এই সকল কারণে তাঁহার অনেকগর্নি নিন্দক হইয়া উঠিয়াছিল। প্রথমাবস্থায় কেহ তাঁহার নিন্দক ছিল না, কেন না, প্রথমাবস্থাতে তিনি তাদ্শ যশস্বী হয়েন নাই। যখন "নবীন তপাস্বনী" প্রচারের পর তাঁহার যশের মাত্রা প্র্ণ হইতে লাগিল, তখন নিন্দকগ্রেণী মাথা তুলিতে লাগিল। দীনবন্ধ্র প্রশেষ যথার্থই অনেক দোষ আছে,—কৈহ কেহ কেবল সেই জন্যই নিন্দা করিতেন। তাহাতে কাহারও আপত্তি নাই; তবে তাঁহারা যে দোষের ভাগের সঙ্গে গ্রুণের ভাগ বিবেচনা করেন না, এই জন্যই তাহাদিগকে নিন্দক বলি।

অনেকে দীনবন্ধনুর নিকট চাকরির উমেদারী করিয়া নিজ্ফল হইয়া সেই রাটো দীনবন্ধনুর সমালোচক-শ্রেণী মধ্যে প্রবেশ করিয়াছিল। এ শ্রেণীস্থ নিন্দকদিগের নিন্দায় দীনবন্ধনু হাসিতেন, —িনন্দন শ্রেণীর সংবাদপত্রে তাঁহার সমন্চিত ঘৃণা ছিল, ইহা বলা বাহন্তাঃ। কিন্তু, "কলিকাতা রিবিউ'র ন্যায় পত্রে কোন নিন্দা দেখিলে তিনি ক্ষনুন্ধ এবং বিরক্ত হইতেন। কলিকাতা বিবিউতে সন্মধন্নী কাব্যের যে সমালোচনা প্রকাশিত হইথাছিল, তাহা অন্যায় বোধ হয় না। দানবন্ধনু যে। ইহাতে রাগ করিয়াছিলেন, ইহাই অন্যায়। "ভোঁতারাম ভাট" দীনবন্ধনুর চরিত্রে ক্ষন্ত্র কলঙক!

ইহ। প্রণাত করিয়া বলা যাইতে পানে যে. "দানবদ্ধ কথন একটিও অসং কার্য্য করেন নাই। তাহার স্বভাব তাদৃশ তেজস্বী ছিল না বটে, বদ্ধরে অন্ধরোধ বা সংসর্গদোষে নিন্দনীয় কার্য্যের কিঞ্চিং সংস্পর্শ তিনি সকল সময়ে এড়াইতে পারিতেন না; কিন্তু যাহা অসং, যাহাতে পরের অনিষ্ট আছে, যাহা পাপের কার্য্য, এমত কার্য্য দীনবদ্ধ কথনও করেন নাই। তিনি অনেক লোকের উপকার করিয়াছিলেন, তাঁহার অন্ত্রহে বিস্তর লোকের অমের সংস্থান হইয়ছে।

একটি দ্লেভি সাখ দীনবন্ধার কপালে ঘটিয়াছিল। তিনি সাধাী ক্ষেইশালিনী পতিপরায়ণা পান্ধীর দ্বামা ছিলেন। দীনবন্ধার অলপবয়সে বিবাহ হয় নাই। হাগলীর কিছা উত্তর বংশবাটী আমে তাহার বিবাহ হয়। দীনবন্ধা চির্নাদন গ্রস্থে সাখী ছিলেন। দম্পতি-কলহ কখন না কখন সকল ঘরেই হইয়া থাকে, কিন্তু কম্মিন্ কালে মাহাত্তি নিমিন্ত ইংহাদেব কথান্তর হয় নাই। একবার কলহ করিবার নিমিন্ত দীনবন্ধা দৃঢ়প্রতিজ্ঞ হইয়াছিলেন, কিন্তু প্রতিজ্ঞা বৃথা হইয়াছিল। বিবাদ করিতে পারেন নাই। কলহ করিতে গিয়া তিনিই প্রথমে হাসিয়া ফেলেন, কি ভাহার সহধম্মিশী রাগ দেখিয়া উপহাস দ্বারা বেদখল করেন, তাহা এক্ষণে আমার সমরণ নাই।

দীনবন্ধ, আটটি সস্তান রাখিষা গিষাছেন।

দীনবন্ধন্ব ক্ষাব্ৰগেরি প্রতি বিশেষ স্নেহবান্ছিলেন। আমি ইহা বলিতে পারি যে, তাঁহার ন্যায় বন্ধার প্রীতি সংসারের একটি প্রধান সন্থ। যাঁহারা তাহা হারাইয়াছেন, তাঁহাদের দ্ঃখ বর্ণনীয় নহে।

কবিত্ব

যে বংসর ঈশ্বর্ডন্দ্র গ্রন্থের মৃত্যু হয়, সেই বংসর মাইকেল মধ্ম্দ্নন দত্ত প্রণীত "তিলোত্তমাসম্ভব কাব্য" রহস্যসন্দর্ভে ['বিবিধার্থ'-সংগ্রহে'? | প্রকাশিত হইতে আরম্ভ হয়। ইহাই মধ্ম্দ্নের প্রথম বাঙ্গালা কাব্য। তার পর-বংসর দীনবন্ধর প্রথম গ্রন্থ "নীল-দর্পণ" প্রকাশিত হয়।

সেই ১৮৫৯।৬০ সাল বাঙ্গালা সাহিত্যে চিরস্মরণীয়—উহা নৃতন প্রাতনের সন্ধিস্থল। প্রাণ দলের শেষ কবি ঈশ্বরচন্দ্র অন্তমিত, নৃতনের প্রথম কবি মধ্সদেনের নবোদয়। ঈশ্বরচন্দ্র খাঁটি বাঙ্গালী, মধ্সদেন ভাহা ইংরেজ। দীনবন্ধন ইহাদের সন্ধিস্থল। বলিতে পারা যায় যে, ১৮৫৯।৬০ সালের মত দীনবন্ধন্ত বাঙ্গালা কাব্যের নৃতন প্রাতনের সন্ধিস্থল।

দীনবন্ধ, ঈশ্বর গ,প্তের একজন কাব্যাশষ্য। ঈশ্বরচন্দ্রের কাব্যাশষ্যাদিগের মধ্যে দীনবন্ধ, গ,র,র যতটা কবিস্বভাবের উত্তর্রাধিকারী হইয়াছিলেন, এত আর কেহ নহে। দীনবন্ধ,র হাস্যরসের যে অধিকার, তাহা গ,র,র অন,কারী। বাঙ্গালীর প্রাত্যহিক জীবনের সঙ্গে দীনবন্ধ,র

দীনবন্ধু মিত্রের জীবনী...সমালোচনা

কবিতার যে ঘনিষ্ঠ সম্বন্ধ, তাহাও গা্রার অনাকারী। যে রাচির জন্য দীনবন্ধকে অনেকে দ্বিষয়া থাকেন, দে রাচিও গা্রার ।

কিন্তু কবিত্ব সম্বন্ধে গ্রেব্র অপেক্ষা শিষাকে উচ্চ আসন দিতে হইবে। ইহা গ্রেব্রও অগোরবের কথা নহে। দীনবন্ধরে হাসারসে অধিকার যে ঈশ্বর গুপ্তের অনুকারী বলিয়াছি, সে কথার তাংপর্য্য এই যে. দীনবন্ধ, ঈশ্বর গুপ্তের সঙ্গে এক জাতীয় বাঙ্গ-প্রণেতা ছিলেন। আগেকার দেশীয় ব্যঙ্গ-প্রণালী এক জাতীয় ছিল-এখন আর এক জাতীয় ব্যক্তে আমাদিগের ভালবাসা জন্মিতেছে। আগেকার লোক কিছু মোটা কাজ ভালবাসিত: এখন সরুর উপর লোকের অনুরাগ। আগেকার র্মিক, লাঠিয়ালের ন্যায় মোটা লাঠি লাঠি লাঠি নি মাথায় মারিতেন, মাথার খুর্নল ফাটিয়া যাইত। এখনকার রসিকেরা ভাক্তাবের মত, সর লান সেটখানি বাহির করিয়া কখন কুচ করিয়া বাথার স্থানে বসাইয়া দেন, কিছ, জানিতে পারা যায় না, কিন্তু হৃদয়ের শোণিত ক্ষতমূথে বাহির হইয়া যায়। এখন ইংরেজ-শাসিত সমাজে ভাক্তারের শ্রীবাদ্ধি—ল। ইথালের বড় দ রক্ষা। সাহিত্য সমাজে লাঠিয়াল আর নাই, এমন নতে -म्बू जागक्रात्म मरभाग किছ, वाजिशाएह, किछ टाराएमत लाठि घुए धता. वार्युट वल नार्ट, তাহারা লাঠির ভয়ে কাতর, শিক্ষা নাই, কোথায় মারিতে কোথায় মারে। লোক হাসায বটে, কিন্তু হাস্যের পাত্র তাহারা প্রয়ং। ঈশ্বর গর্প্ত বা দীনবন্ধর এ জাতীয় লাঠিযাল ছিলেন না। তাঁহাদের হাতে পাকা বাংশর মোটা লাঠি, বাংনতেও অমিত বল, শিক্ষাও বিচিত্র। দীনবঞ্চর লাঠির আঘাতে অনেক জলধর ও রাজীব মুখোপাধ্যায় জলধর বা রাজীব-জীবন পরিত্যাগ কবিয়াছে।

কবির প্রধান গণে, স্থিতি-কোশল। ঈশ্বর গণ্পের এ ক্ষমতা ছিল না। দীনবন্ধন্ব এ শিঙি অতি প্রচুর পরিমাণে ছিল। তাঁহার প্রণীত জলধর, জগদন্দা, মিপ্লিকা, নিমচাদ দত্ত প্রভৃতি এই সকল কথার উজ্জনল উদাহরণ। তবে, যাহা স্কা, কোমল, মধ্রে, অকৃত্রিম, কর্ণ, প্রশান্ত—সে সকলে দীনবন্ধা তেমন অধিকার ছিল না। তাঁহার লীলাবতী, মালতী, কামিনী, সোঁরণধী, সরলা প্রভৃতি রসজের নিকট তাদৃশ আদরণীয়া নহে। তাঁহার বিনায়ক, রমণীমোহন, অর্বিন্দ, লালতমোহন মন মৃদ্ধ করিতে পারে না। কিন্তু যাহা স্থুল, অসঙ্গত, অসংলগ্ন, বিপর্যান্ত, তাহা তাঁহার ইঙ্গিত মাত্রেরও অধীন। ওঝার ডাকে ভূতের দলের মত স্মরণমাত্র সারি দিয়া আসিষ্য দাঁডায়।

িক উপাদান লইযা দীনবন্ধ, এই সকল চিত্র রচনা করিয়াছিলেন, তাহার আলোচনা করিলে বিস্মিত হইতে হয়। বিস্মানের বিষয়, বাঙ্গালা সমাজ সম্বন্ধে দীনবন্ধ্র বহুদার্শতা। সকল শ্রেণীর বাঙ্গালীর দৈনিক জীবনের সকল খবর রাখে, এমন বাঙ্গালী লেখক আর নাই। এ বিষয়ে বাঙ্গালী লেখক দিগের এখন সাধারণতঃ বড় শোচনীয় অবস্থা। তাঁহাদিগের অনেকেরই লিখিবার যোগ্য শিক্ষা আছে, লিখিবার শক্তি আছে, কেবল যাহা জানিলে তাঁহাদের লেখা সাথিক হয় তাহা জানা নাই। তাঁহারা অনেকেই দেশবংসল, দেশের মঙ্গলার্থ লেখেন, কিন্তু দেশের অবস্থা কছুই জানেন না। কলিকাতার ভিতর স্বশ্রেণীর লোকে কি করে, ইহাই অনেকের স্বদেশ সম্বন্ধীয় জ্ঞানের সামা। কেহ বা অতিরিক্ত দাই চারিখানি পঙ্গীগ্রাম, বা দাই একটা ক্ষদে নগর দেখিয়াছেন, কিন্তু সে ব্রিম কেবল পথ ঘাট, বাগান বাগিচা, হাট বাজার। লোকের সঙ্গে মিলেন নাই। দেশ সম্বন্ধীয় তাঁহাদের যে জ্ঞান তাহা সচরাচর সংবাদপত হইতে প্রাপ্ত। সম্বাদপত্ত লেখকেরা আবার সচরাচর (সকলে নহেন) ঐ শ্রেণীর লেখক -ইংরেজেরা ত বটেনই। কাজেই তাঁহাদের কাছেও দেশ সম্বন্ধীয় যে জ্ঞান পাওয়া যায়, তাহা দার্শনিকদিশ্যের ভাষায় রজ্জত্বতে সপ্জ্ঞানবং ভ্রম জ্ঞান বলিয়া উড়াইয়া দেওয়া যাইতে পারে। এমন বলিতেছি না যে, কোন বাঙ্গালী লেখক গ্রাম্য প্রদেশ ভ্রমণ করেন নাই। অনেকে করিয়াছেন, কিন্তু লোকেব সঙ্গে মিশিয়াছেন কি? না মিশিলে, যাহা জানিয়াছেন তাহার মূল্য কি?

বাঙ্গালী লেখকদিগের মধ্যে দীনবন্ধই এ বিষয়ে সর্বোচ্চ স্থান পাইতে পারেন। দীনবন্ধকে রাজকার্য্যান্বরোধে, মাণপর্র হইতে গঞ্জাম পর্যান্ত, দাজ্জিলিঙ্গ হইতে সমূদ পর্যান্ত, পানঃ পানঃ ভ্রমণ করিতে হইরাছিল। কেবল পথ ভ্রমণ বা নগর দর্শন নহে, ডাকঘর দেখিবার জন্য গ্রামে গ্রাহতে হইত। লোকের সঙ্গে মিশিবার তাঁহার অসাধারণ শক্তি ছিল। তিনি আহ্মাদ-প্রবিক সকল শ্রেদীর লোকের সঙ্গে মিশিতেন। ক্ষেত্রমণির মত গ্রাম্য প্রদেশের ইতর লোকের

কন্যা, আদুর্রার মত গ্রাম্যা ব্যার্থিসী, তোরাবের মত গ্রাম্য প্রজা, রাজীবের মত গ্রাম্য বৃদ্ধ, ন্শীরাম ও রতার মত গ্রাম্য বালক, পক্ষান্তরে নিমচাদের মত সহত্রে শিক্ষিত মাতাল, অটলের মত নগর্বহারী গ্রাম্য বাব, কাণ্ডনের মত মনুষ্যাশোণতপায়িনী নগর্বাসিনী রাক্ষ্সী, নদেরচাঁদ হেমচাদের মত "ঊনপাঁজারে বরাখারে" হাপ পাড়াগৈ'য়ে হাপ সহ্বরে বয়াটে ছেলে, ঘটীরামের মত ডিপর্টি, নীলক্ঠির দেওয়ান, আমীন তাগাদগীর, উডে বেহারা দুলে বেহারা, পে'চোর মা কাওরাণীর মত লোকের পর্যান্ত তিনি নাড়ী নক্ষর জানিতেন। তাহারা কি করে, কি বলে, তাহা ঠিক জানিতেন। কলমের মূথে তাহা ঠিক বাহির করিতে পারিতেন,—আর কোন বাঙ্গালী লেখক তেমন পারে নাই। তাঁহার আদুরীর মত অনেক আদুরী আমি দেখিয়াছি—তাহারা ঠিক আদুরী। নদেরচাদ হেমচাঁদ আমি দেখিযাছি, তাহারা ঠিক নদেরচাঁদ বা হেমচাঁদ। মিল্লাকা দেখা গিয়াছে,—ঠিক অমান ফটেও মল্লিকা। দীনবন্ধ, অনেক সময়েই শিক্ষিত ভাস্কর বা চিত্রকরের ন্যায় জীবিত আদর্শ সম্মন্তথ রাখিয়া চরিত্রগাল গঠিতেন। সামাজিক বক্তে সামাজিক বানর সমারতে দেখিলেই, অমান তুলি ধরিয়া তাহার লেজশক্ত আঁকিয়া লইতেন। এটাকু গোল তাঁহার Realism, তাহার উপর Idealize করিবারও বৈলক্ষণ ক্ষমতা ছিল। সম্মূরে জীবন্ত আদর্শ রাখিয়া, আপনার স্মৃতির ভাণ্ডার খুলিয়া, তাহার ঘাডের উপর অনোর গুণ দোষ চাপাইয়া দিতেন। যেখানে যেটি সাজে, তাহা বসাইতে জানিতেন। গাছের বানরকে এইর্পে সাজাইতে সাজাইতে সে একটা হন্মান্ বা জাম্ব্বানে পরিণত থইত। নিমচাঁদ, ঘটারাম, ভোলাচাদ প্রভৃতি বন্য জন্তুর এইরপ উংপত্তি। এই সকল স্ভিত্তর বাহ্বল্য ও বৈচিত্র। বিশেচনা করিলে, তাঁহার অভিজ্ঞতা বিসম্যক্র বলিয়া বোধ হয়।

কিন্তু কেবল অভিজ্ঞতায় কিছু হয় না, সহানুভাতি ভিন্ন সূষ্টি নাই। দানবন্ধুর সামাজিক অভিজ্ঞত।ই বিস্মানকর নহে—তাঁহার সহানভেতিও অতিশয় তীব্র। বিস্মায় এবং বিশেষ প্রশংসার কথা এই যে, সকল শ্রেণীর লোকের সঙ্গেষ্ট তাঁহার তীব্র সহানুভূতি। গরিব দুঃখীর দুঃখেব মামা ব্রবিতে এমন আর কাহাকে দেখি না। তাই দীনবন্ধ অমন একটা তোরাপ কি রাইচবণ, একটা আদ্বরী কি রেবতী লিখিতে পারিয়াছিলেন। কিন্তু তাঁহার এই তীব্র সহান্তৃতি কেবল গারব দঃখীর সঙ্গে নহে; ইহা সর্বব্যাপী। তিনি নিজে পবিএচরিত্র ছিলেন, কিন্তু দুশ্চরিতের দুঃখ ব্রাঝতে পারিতেন। দীনবশ্বর পবিত্রতার ভান ছিল না। এই বিশ্বব্যাপী সহানুভতির গুলেই হউক বা দোষেই হউক, তিনি সম্বস্থানে যাইতেন, শুদ্ধাত্মা পাপাত্মা সকল শ্রেণীর লোকের সঙ্গে মিশিতেন। কিন্তু অগ্নিমধাস্থ অদাহ্য শিলার ন্যায় পাপাগ্নিক্ডেও আপনার বিশা, দ্বি রক্ষা করিতেন। নিজে এই প্রকার পবিহতেতা হইয়াও সহানাভূতি শক্তির গালে তিনি পাপিন্ঠের দঃখ পাপিন্ঠের ন্যায় ব্রবিতে পারিতেন। তিনি নিমচাদ দত্তের ন্যায় বিশহক-জীবন-সাখ বিফলীকৃতিশিক্ষা, নৈরাশ্যপীড়িত মদ্যপের দুঃখ বা্ঝিতে পারিতেন, বিবাহ বিষয়ে ভন্ন-মনোরথ রাজীব মুখোপাধ্যায়ের দুঃখ বুঝিতে পারিতেন গোপীনাথের ন্যায় নীলকরের আজ্ঞাবব্রিতার যন্ত্রণা বর্রাঝতে পারিতেন। দীনবন্ধকে আমি বিশেষ জানিতাম: তাঁহার হৃদয়ের সকল ভাগই আমার জানা ছিল। আমার এই বিশ্বাস, এরপে পরদুঃখকাতর মনুষ্য আর আমি দেখিয়াছি কি না সন্দেহ। তাঁহার গ্রন্থেও সেই পরিচয় আছে।

কিন্তু এ সহান,ভূতি কেবল দ্বংখের সঙ্গে নহে; সুখ দ্বংখ রাগ দ্বেষ সকলেরই সঙ্গে তুল্য সহান,ভূতি। আদ্রীর বাউটি পৈছার স্থের সঙ্গে সহান,ভূতি, তোরাপের রাগের সঙ্গে সহান,ভূতি, ভোলাচাদ যে শ্বভ কারণ বশতঃ শ্বশ্বরবাড়ী যাইতে পারে না. সে স্থের সঙ্গেও সহান,ভূতি। সকল কবিরই এ সহান,ভূতি চাই। তা নহিলে কেহই উচ্চ শ্রেণীর কবি হইতে পারেন না। কিন্তু অন্য কবিদিগের সঙ্গে ও দীনবদ্ধর সঙ্গে একট্ব প্রভেদ আছে। সহান,ভূতি প্রধানতঃ কলপনাশক্তির ফল। আমি আপনাকে ঠিক অন্যের স্থানে কলপনার দ্বারা বসাইতে পারিলেই তাহার সঙ্গে আমার সহান,ভূতি জন্মে। যদি তাহাই হয় তবে এমন হইতে পারে যে, আতি নিন্দার নিন্তার ব্যক্তিও কলপনাশক্তির বল থাকিলে কাব্য প্রণায়ন কালে দ্বংখীর সঙ্গে আপনার সহান,ভূতি জন্মাইরা লইয়া কাব্যের উন্দেশ্য সাধন করেন। কিন্তু আবার এমন শ্রেণীর লোকও আছেন যে, দয়া প্রভৃতি কোমল বৃত্তি সকল তাহাদের স্বভাবে এত প্রবল যে, সহান,ভূতি তাহাদের স্বতর্যাসদ্ধ, কলপনার সাহায্যের অপেক্ষা করে না। মনস্তত্ত্বিদেরা বলিবেন, এখানেও কলপনাশক্তি ল্কাইয়া কান্তা করে, তবে সে কার্য্য এমন অভ্যন্ত, বা শীঘ্র সম্পাদিত যে, আমরা

দীনবন্ধ, মিত্রের জীবনী সমালোচনা

ব্রিক্তে পারি না যে এখানেও কম্পনা বিরাজমান। তাই না হয় হইল, তথাপিও একটা প্রভেদ হইল। প্রথমোক্ত শ্রেণীর লোকের সহান্ত্রিত তাঁহাদের ইচ্ছা বা চেণ্টার অধীন দ্বিতীয় শ্রেণীর লোকের সহান্ত্রিত তাঁহাদের ইচ্ছা বা চেণ্টার অধীন। এক শ্রেণীর লোকের সহান্ত্রিত তাঁহাদের ইচ্ছাধীন নহে, তাঁহারাই সহান্ত্রিতর অধীন। এক শ্রেণীর লোক যখন মনে করেন, তখনই সহান্ত্রিত আসিয়া উপস্থিত হয়, নহিলে সে আসিতে পারে না: সহান্ত্রিত তাহাদের দাসী। অপর শ্রেণীর লোকেরা নিজেই সহান্ত্রিতর দাস, তাঁহারা তাকে চান বা না চান, সে আসিয়া ঘাড়ে চাপিয়াই আছে, হদ্য ব্যাপিয়া আসন পাতিথা বিরাজ করিতেহে। প্রথমোক্ত শ্রেণীর লোকের কম্পনার্শান্তি বড় প্রবল, দ্বিতীয় শ্রেণীর লোকের প্রীতি দ্যাদি ব ত্রি সকল প্রবল।

দীনবন্ধ, এই দ্বিতীয় শ্রেণীর লোক ছিলেন। তাহার সহান,ভূতি তাহার অধীন বা আয়ন্ত নহে: তিনিই নিজে সহানুভূতির অধীন। তাহার সর্বব্যাপী সহানুভূতি তাহাকে বখন যে পথে লইয়া যাইত. তখন তাহাই করিতে বাধ্য হইতেন। তাঁহার গ্রন্থে যে রুচির দোষ দেখিতে পাওয়া যায়, বোধ হথ, এখন তাহা আমরা বুকিতে পানিব। তিনি নিজে সুমিক্ষিত এবং নিম্মলিচরিত্র, তথাপি তাঁহার প্রতেথ যে রুচির দোষ দেখিতে পাওয়া যায়, তাহার প্রবলা, দ্বন্দ্মনীয়া সহান্ত্রতিই তাহার কারণ। যাহার সঙ্গে তাহার সহান্ত্রতি, যাহার চরিত্র আঁকিতে বসিয়াছেন, তাহার সম্দায় অংশই তাঁহার কলমের আগায় আসিয়া পড়িত। কিং, বাদসাদ দিবার তাঁর শক্তি ছিল না. কেন না. তিনি সহান,ভূতিব অধীন, সহান,ভূতি ভাহার অধীন নহে। আমরা বলিয়াছি যে তিনি জীবন্ত আদর্শ সম্মুখে রাখিয়া চরিত প্রণয়নে নিযুক্ত হইতেন। সেই জবিও আদশের সঙ্গে সহান্ত্রতি হইত বলিয়াই তিনি ভাহাকে আদশ করিতে পারিতেন। কিন্তু তাঁহার উপন আদশের এমনই বল যে, সেই আদশের কোন অংশ ত্যাগ করিতে পাবিতেন না। তোরাপের স্বাণ্টিকালে তোবাপ যে ভাষায় রাগ প্রকাশ করে, তাহা বাদ দিতে পারিতেন না। আদুরীর স্থিতালে আদুরী যে ভাষায় রহস্য কবে, তাহা বাদ দিতে পারিতেন না। নিমান্দ গড়িবার সমযে, নিমান্দ যে ভাষায মাতলামি কবে, তাহা ছাড়িতে পারিতেন না। অন্য কবি হইলে সহানুভূতির সঙ্গে একটা বন্দোবন্ত করিত,—বলিত -- তুমি আমাকে তোরাপের বা আদূরীর বা নিমচাদের স্বভাব চরিত্র ক্রোইয়া দাও—কিন্ত ভাষা আমাক পছন্দমত হইবে - ভাষা তোমাব কাছে লইব না।" কিন্তু দীনবন্ধার সাধ্য ছিল না, সহানাভূতির সঙ্গে কোন প্রকার বন্দোবস্ত করেন। সহান,ভূতি তাহাকে বলিত, আমার হাকুম—সবটা,কু লইতে হইবে – মাধ ভাষা। দেখিতেত না যে, তোরাপের ভাষা ছাড়িলে, তোরাপের রাগ আর তোরাপের রাগের মত থাকে না, আদুরীব ভাষা ছাড়িলে আদুরীর তামাসা আর আদুরীর তামাসার মত থাকে না, নিমচাঁদের ভাষা ছাড়িলে নিমচাঁদের মাতলামি আর নিমচাঁদের মাতলামির মত থাকে না? সবর্চারু দিতে হইবে।" দীনবন্ধরে সাধ্য ছিল না যে বলেন—যে "না তা হবে না।" তাই আমরা একটা আন্ত তোরাপ, আন্ত নিমচাদ আন্ত আদুরী দেখিতে পাই। বুচিব মুখ রক্ষা করিতে গেলে. ছে'ডা তোরাপ, কাটা আদুরী, ভাঙ্গা নিমটাদ আমরা পাইতাম।

আমি এমন বলিতেছি না যে, দীনবন্ধ যাহা করিয়াছেন, বেশ করিয়াছেন। গ্রন্থে র্ছির দোষ না ঘটে, ইহা সব্পত্তভাবে বাঞ্চনীয়, তাহাতে সংশয় কি? আমি যে কয়টা কথা বলিলাম তাহার উদ্দেশ্য প্রশংসা বা নিন্দা নহে। মান্মটা ব্ঝানই আমার উদ্দেশ্য। দীনবন্ধ্র র্ছির দোষ তাহার ইচ্ছায় ঘটে নাই, তাঁহার তীব্র সহান্ভাতির গ্রুণেই ঘটিয়াছে। গ্রুণেও দোষ জন্মে, ইহা সকলেই জানে। কথাটায় আমরা মান্মটা ব্রিকতে পারিতেছি। গ্রন্থ ভাল হউক আর মন্দ হউক, মান্মটা বড় ভালবাসিবার মান্ম। তাঁহার জীবনেও তাই দেখিয়াছি। দীনবন্ধকে যত লোক ভালবাসিত, আর কোন বাঙ্গালীকে যে তত লোকে ভালবাসিয়াছে, এমন আমি কখন দেখি নাই বা শ্রনি নাই। সেই সব্ব্যাপিনী তীব্রা সহান্ভাতিই তাহার কারণ।

দীনবন্ধার এই দুটি গুন্—(১) তাঁহার সামাজিক অভিজ্ঞতা, (২) তাঁহার প্রবল এবং স্বাভাবিক সম্ব্র্যাপী সহান্ভূতি, তাঁহার কাব্যের গুন্ন দোষের কারণ—এই তত্ত্বটি ব্ঝান এই সমালোচনার প্রধান উদ্দেশ্য। আমি ইহাও ব্ঝাইতে চাই যে, যেখানে এই দুইটির মধ্যে একটির অভাব হইয়াছে. সেইখানেই তাঁহার কবিত্ব নিষ্ফল হইয়াছে। যাহারা তাঁহার প্রধান নায়ক নায়কা (hero এবং heroine), তাহাদিগের চরিত্র যে তেমন মনোহর হয় নাই. ইহাই তাহার কারণ। আদ্বরী বা তোরাপ জীবন্ত চিত্র, কামিনী বা লীলাবতী, বিজয় বা লালিতমোহন সের্প নয়।

ব ২—৫৩

বঙ্কিম রচনাবলী

্বভাত আদুরী বা তোরাপের বেলা তাহাদের স্বভাবসিদ্ধ ভাষা পর্যান্ত আনিয়া কবির কলমের আগায় বসাইয়া দিয়াছিল; কামিনী বা বিজয়েব কেলা, লীলাবতী বা লালিতের বেলা, চরিত্র ও ভাষা উভয় বিকৃত কেন? যদি ভাহার সহান্ভুতি স্বাভাবিক এবং সন্ধ্ব্যাপী, তবে এখানে সহানুভৃতি নিজ্ফল কেন? কথাটা বুঝা সহজ। এখানে অভিজ্ঞতার অভাক। প্রথমে নায়িকাদের कथा धर्व। नीनावणी वा कामिनीत त्युगीत नारिका मन्दरत जांदाव कान जिल्ला हिन ना। ছিল না কেন না কোন লীলাবতী বা কামিনী শঙ্গালা সমাজে ছিল না বা নাই। হিন্দুর ঘরে ধেড়ে মেয়ে, কোর্টশিপের পারী হইয়া, যিনি কোর্ট করিতেছেন, তাঁহাকে প্রাণ মন সমর্পণ করিয়া বসিয়া আছে, এমন মেথে বাদালী সমাজে ছিল না- কেবল আজিকাল নাকি দুট একটা হইতেছে শর্নিতেছি। ইংরেজের ঘরে তেমন মেয়ে আছে: ইংরেজ কন্যা-জীবনই তাই। আমাদিগের দেশের প্রাচীন সংস্কৃত গ্রন্থেও তেমনি আছে। দীনবন্ধ ইংরেজি ও সংস্কৃত নাটক नत्वल हेर्साम পिछ्या এই क्रांस পिछ्याहिलन त्य. वान्नाला कात्या वान्नालात नमार्काञ्चर नायक নায়িকাকেও সেই ছাচে ঢালা চাই। কাজেই যাহা নাই, যাহার আদর্শ সমাজে নাই, তিনি তাই গড়িতে বসিষাছিলেন। এখন, আমি ইহাও ব্নাইয়াছি যে, তাঁহার চরিচ প্রণয়ন প্রথা এই ছিল যে, জীবন্ত আদর্শ সম্মুখে রাখিয়া চিত্রকধের ন্যায় চিত্র আঁকিতেন। এখানে জীবন্ত আদর্শ নাই কাজেই ইংরেজি ও সংস্কৃত গ্রুপের মধাগত মংপ্রভলগর্মাল দেখিয়া সে চবিত্র গঠন করিতে হঠত। জীবন্ত আদর্শ সম্মুখে নাই, কাজেই সে সম্ব্র্যাপিনী সমন্ত্রিতও সেখানে নাই। কেন না, স্থাবিদ্যাপিনী সহান্ত্রিত জীবত ভিন্ন জীবনহীনতে ব্যাপ্ত কবিতে পাবে না-জীবনহানের সঙ্গে সহানুভূতিব কোন সম্বন্ধ নাই। এথানে পাঠব দেনিবলেন যে দৌনবন্ধরে সামাজিক অভিজ্ঞতাও নাই - বাভাবিক সহানুভূতিও নাই। এই দুইটি লইযা দীনবন্ধন কবিও। কাজেই এখানে কবিও নিম্ফল।

যেখানে দীনবন্ধরে প্রধান নামিকা কোটশিপের পাত্রী নহে—যথা সৈরিন্ধরী -সেখানেও দীনবন্ধর জীবন্ত আদর্শ পবিভাগে কবিশা পর্স্তকগত আদর্শ অবল্যান্ত কবিশান্তন। কাজেই সেখানেও নামিকার চবিত্র প্রভাবিক হইতে পায় নাই।

দীনবন্ধরে নায়কদিগের সম্বন্ধে ঐর্প কথা বলা যাইতে পালে না। দীনবন্ধরে নায়কগর্নলি সন্দর্শন্পসম্পন্ন বাঙ্গালী যুবা—কাজ কম্ম নাই, কাজ নামেরি মধ্যে কালাক Philanthropy, কাহারও কোর্টশিপ। এর্প চরিত্রের জীবন্ত আদর্শ বাঙ্গালা সমাতেই নাই, কাজেই এখানেও অভিজ্ঞতা নাই, সহানভূতি নাই। কাজেই এখানেও দীনবন্ধনে কবিত্ব নিজ্ফল।

যে প্রণালী অবলম্বন করিয়া দীনবন্ধ জলধর বা জগদেশ্য বা নিমচানৈর চরিত্র প্রণীত করিয়াছিলেন. যদি এখানে সেই প্রথা অবলম্বন করিতেন, তাহা হইলেও এখানে তাঁহার কবিত্ব সফল হইত। যদি একতে, একাধারে বাঞ্ছনীয আদর্শ পাইলেন না তবে বহুসংখ্যক জীবন্ত আদর্শের অংশবিশেষ বাছিয়া লইযা যদি বিনাস্ত করিতেন, তাহা হইলে এখানেও কবিত্ব সফল হইত। তাঁহার সে শক্তি যে বিলক্ষণ ছিল, তাহা প্রের্ব বিলয়াছি। বোধ হয়, তাঁহার চিত্তের উপর ইংরেজি সাহিত্যের আধিপতা বেশী হইয়াছিল বলিয়াই এ খুলে সে পথে যাইতে ইচ্ছা করেন নাই। পক্ষান্তরে ভিন্ন প্রকৃতিব কবি অর্থাৎ যাইাদের সহান্ত্তি কন্পনার অধীনা ম্বাভাবিকী নহে, তাঁহারা এমন স্থলে কন্পনার বলে সেই জীবনহীন আদর্শকে তাীবন্ত কবিয়া সহান্ত্তিতক জোর করিয়া ধবিষা আনিয়া বসাইযা, একটা নবীনমাধ্ব বা লীলাবতীব চরিত্রকে জীবন্ত কবিতে পারিতেন। সেক্ষপীশ্র অবলীলাক্রমে শ্রীক্ত Caliban বা জীবন্ত Ariel স্থিট করিয়াছেন, কালিদাস অবলীলাক্রমে উমা বা শক্তলার স্থিট করিয়াছেন। এখান সহান্ত্রিত কন্পনার আজ্ঞাকারিণী।

দীনবন্ধরে এই অলোকিক সমাজজ্ঞতা এবং তীর সহান্ভূতির ফলেই তাঁহার প্রথম নাটক প্রণয়ন। যে সকল প্রদেশে নীল প্রস্তুত হইত সেই সকল প্রদেশে তিনি অনেক ভ্রমণ করিয়াছিলেন। নীলকরের তংকালিক প্রজাপীড়ন সবিস্তারে স্বক্ষেত্রে অবগত হইযাছিলেন। এই প্রজাপীড়ন তিনি যেমন জানিয়াছিলেন, এমন আর কেহই জানিতেন না। তাঁহার স্বাভাবিক সহান্ভূতির বলে সেই পীড়িত প্রজাদিগের দ্বংখ তাঁহার হদয়ে আপনার ভাগ্য দ্বংখের ন্যায় প্রতীয়মান হইল, কাজেই হদয়ের উৎস কবিকে লেখনীম্থে নিঃস্ত করিতে হইল। নীলদর্শণ বাঙ্গালার Uncle Tom's Cabin. "টম্ কাকার কুটীর" আমেরিকার কাফিদিগের দাসত্ব

ঈশ্বরচন্দ্র গুপ্তের কবিতাসংগ্রহ—ভূমিকা

ঘ্টাইয়াছে; নীলদর্পণ, নীল দাসদিগের দাসত মোচনের অনেকটা কাজ করিয়াছে। নীলদর্পণে, গ্রন্থকারের অভিজ্ঞতা এবং সহান্ত্তি পূর্ণ মাত্রায় যোগ দিয়াছিল বালয়া, নীলদর্পণ তাঁহার প্রণীত সকল নাটকের অপেক্ষা শক্তিশালী। অন্য নাটকের অন্য গুণু থাকিতে পারে, কিন্তু নীলদর্পণের মত শক্তি আর কিছুতেই নাই। তাঁর আর কোন নাটকই পাঠককে বা দর্শককে তাদৃশ বশীভূত বরিতে পারে না। বাঙ্গালা ভাষায় এমন অনেকগ্রলি নাটক নবেল বা অন্যবিধ কার্য প্রণীত হইয়াছে, যাহার উদ্দেশ্য সামাজিক অনিভেঁর সংশোধন। প্রায়ই সেগ্লি কার্যাংশে নিকৃষ্ট, তাহার কারণ্ কার্যের মুখ্য উদ্দেশ্য সোশবর্ষ্যস্থিতি! তাহা ছাড়িয়া, সমাজ সংস্করণকে মুখ্য উদ্দেশ্য করিলে কার্ডেই কবিস্থ নিজ্ফল হয়। কিন্তু নীলদর্পণের মুখ্য উদ্দেশ্য এবন্বিধ হইলেও কার্যাংশে তাহা উৎকৃষ্ট। তাহাব কারণ এই যে, গ্রন্থকারের মোহময়ী সহান্ত্রিত সকলই মাধ্য্যমির করিয়া তলিয়াছে।

উপসংহারে আমার কেবল ইহাই বক্তব্য যে, আমি দীনবন্ধার কবিত্বের দোষ-গালের যে উৎপত্তিস্থল নিশ্দিষ্ট করিলাম, ইহা তাঁহার গ্রন্থ ইইতেই যে পাইয়াছি, এমন নহে। বহি পাঁড়রা একটা অন্দালি Theory খাড়। বনিয়াছি, এমন নহে। গ্রন্থকারের হৃদয়ে আমি বিশেষ জানিতাম, তাই এ কথা বলিয়াছি ও বলিতে পারিয়াছি। যাহা গ্রন্থকারের হৃদয়ে পাইয়াছি, গ্রন্থেও তাহা পাইয়াছি বলিয়া এ কথা বলিলাম। গ্রন্থকারকে না জানিলে, তাঁহার গ্রন্থ এরপে বাঝিতে পারিতাম কি না বলিতে পারি না। অন্যে, যে গ্রন্থকারের হৃদয়ের এমন নিকটে স্থান পাল নাই সে বলিতে পাবিত কি না জানি না। কথাটা দীনবন্ধার গ্রন্থের পাঠকমন্ডলীকে ব্রাইয়া বলিব, ইহা আমার বড় সাধ ছিল। দীনবন্ধার প্রেই ও প্রীতির ঋণের যতট্বকু পারি পারিশোধ করিব, এই বাসনা ছিল। তাই, এই সমালোচনা লিখিবার জন্য আমি তাঁহার প্রতিদেশ্য নিকট উপ্যাচক হইয়াছিলাম। দীনবন্ধার প্রশ্বর প্রশংসা বা নিন্দা করা আমার উদ্দেশ্য নহে। কেবল, সেই অসাধারণ মন্যা কিসে অসাধাবণ ছিলেন, তাহাই ব্রুকান আমার উদ্দেশ্য।

श्रीर्वाध्क्रमहम्म हटद्वाभाधास् ।

ঈশ্বরচন্দ্র গ্রপ্তের কবিতাসংগ্রহ—ভূমিকা

জীবনচরিত ও কবিজ

উপক্রম,ণক।

বাঙ্গালা সাহিত্যে আর যাহারই অভাব থাকুক, কবিতার অভাব নাই। উৎকৃষ্ট কবিতারও অভাব নাই—বিদ্যাপতি হইতে রবীন্দ্রনাথ পর্য্যন্ত অনেক স্কৃতিব বাঙ্গালার জন্ম গ্রহণ করিয়াছেন, অনেক উত্তম কবিতা লিখিয়াছেন, বলিতে গোলে বরং বলিতে হয় যে বাঙ্গালা সাহিত্য, কাব্যরাশি ভারে কিছ্ব পীড়িত। তবে আবার ঈশ্বর গ্রপ্তের কবিতা সংগ্রহ করিয়া সে বোঝা আরও ভারি করি বেন? সেই কথাটা আগে ব্রুঝাই।

প্রবাদ আছে যে, গরিব বাঙ্গালীর ছেলে সাহেব হইয়া, মোচার গণ্টে অভিশয় বিশ্নিত হইয়াছিলেন সামগ্রীটা কি এ? বহুক্টে পিসীমা তাঁহাকে সামগ্রী ব্ঝাইয়া দিলে, তিনি স্থির করিলেন যে, এ "কেলা কা ফ্ল"। রাগে সর্ব্বান্থ জর্মালিয়া যায় যে, এখন আমরা সকলেই মোচা ভূলিয়া কেলা কা ফ্ল বলিতে শিখিয়াছি। তাই আজ ঈশ্বর গ্রপ্তর কবিতা সংগ্রহ কবিতে বিসয়াছি। আর যেই কেলা কা ফ্ল বলকে, ঈশ্বর গ্রপ্ত মোচা বলেন।

একদিন বর্ষাকালে গঙ্গাতীরস্থ কোন ভবনে বাসয়াছিলাম। প্রদোষকাল—প্রস্ফাৃটিত চন্দ্রালোকে বিশাল বিস্তার্গি ভাগারথী লক্ষবাচিবিক্ষেপশালিনী—মৃদ্ধ পবনহিল্লোলে তরঙ্গভঙ্গ-চণ্ডল চন্দ্রকরমালা লক্ষ তারকার মত ফ্টিতেছিল ও নিবিতেছিল। যে বারান্ডায় বাসয়াছিলাম তাহার নীচে দিয়া বর্ষার তীরগামী বারিরাশি মৃদ্ধ রব করিয়া ছ্টিতেছিল। আকাশে নক্ষর, নদীবক্ষে নৌকায় আলো, তরঙ্গে চন্দ্ররাশ্ম! কাবোর রাজ্য উপস্থিত হইল। মনে করিলাম, কবিতা পড়িয়া মনে তৃপ্তি সাধন করি। ইংরেজি কবিতায় তাহা হইল না—ইংরেজির সঙ্গে এ ভাগারথীর ত কিছুই মিলে না। কালিদাস ভবভূতিও অনেক দ্রে।

মধ্সদেন, হেমচন্দ্র, নবীনচন্দ্র কাহাতেও তৃপ্তি হইল না। চুপ করিয়া রহিলাম। এমন সময়ে গঙ্গাবক্ষ হইতে মধ্র সঙ্গীতধর্নি শ্না গেল। জেলে জাল বাহিতে বাহিতে গায়িতেছে—

"সাধো আছে মা মনে। দ্বৰ্গা ব'লে প্ৰাণ ত্যজিব, জাহুবী-জীবনে।"

তথন প্রাণ জন্ডাইল—মনের সন্ত্র মিলিল—বাঙ্গালা ভাষায়—বাঙ্গালীর মনের আশা শন্নিতে পাইলাম—এ জাহুবী-জীবন দুর্গা বলিয়া প্রাণ ত্যাজিবারই বটে, তাহা ব্রিফলাম। তথন সেই শোভাময়ী জাহুবী, সেই সৌন্দর্যাময় জগৎ সকলই আপনার বলিয়া বোধ হইল—এতক্ষণ পরেব বলিয়া বোধ হইতেছিল।

সেইর্প, আজিকার দিনের অভিনব এবং উন্নতির পথে সমার্চ সোন্ধর্গিশিণ্ট বাঙ্গালা সাহিত্য দেখিয়া অনেক সময়ে বােধ হয়—হােক সন্দর, কিন্তু এ বন্ধি পরের—আ্যাদের নহে। খাঁটি বাঙ্গালী কথায়, খাঁটি বাঙ্গালীর মনের ভাব ত খালিয়া পাই না। তাই ঈশ্বন গ্রেপ্তর কবিতা সংগ্রহে প্রবৃত্ত হইয়াছি। এখানে সব খাঁটি বাঙ্গা। মধ্বস্দন, হেমচন্দ্র, নবীনচন্দ্র, রবীনদ্রনাথ, শিক্ষিত বাঙ্গালীর কবি ঈশ্বর গর্প্ত বাঙ্গালীর কবি। এখন আর খাঁটি বাঙ্গালী কবি জন্মে না জিন্মার যাে নাই—জন্মিয়া কাজ নাই। বাঙ্গালার অবস্থা আবার ফিরিয়া অবর্নাতর পথে না গেলে খাঁটি বাঙ্গালী কবি আর জন্মিতে পারে না। আমরা "ব্রসংহার" পরিত্যাগ করিয়া "পােষপার্বণ" চাই না। কিন্তু তব্ বাঙ্গালীর মনে পােষপার্শ্বণে যে একটা স্থ আছে—ব্রসংহারে ত'হা নাই। সে জিনিষটা একেবারে আমাদের ছাড়িলে চালবে না; দেশশন্দ্র জোনস্, গামিসের তৃতীয় সংস্করণে পরিণত হইলে চালবে না। বাঙ্গালী নাম রাখিতে হইবে। জননী জন্মভূমিকে ভালবাাসিতে হইবে। যাহা মার প্রসাদ, তাহা যত্ন কবিয়া তুলিয়া রাখিতে হইবে। এই দেশী ভিনিসগ্লাল মার প্রসাদ। এই খাঁটি বাঙ্গালাটি, এই খাঁটি দেশী কথাগ্রিল মার প্রসাদ। মার প্রসাদে পেট না ভরে, বিলাতী বাজার হইতে কিনিযা খাইতে পাািব -কিন্তু মার প্রসাদ ছাডিব না। এই কবিতাগ্রিল মার প্রসাদ। তাই সংগ্রহ করিলাম।

এই সংগ্রহের জন্য বাব্ গোপাল চন্দ্র ম_{ন্}খোপাধ্যায়ই পাঠকের ধন্যবাদেব পা<u>র্টির উদ্যোগ ও পরিশ্রম ও যত্নেই ইহা সম্পন্ন হইয়াছে। ইহাতে যে পরিশ্রম আবশ্যক তাহা আমাকে করিতে হইলে, আমি কখন পারিয়া উঠিতাম না।</u>

এক্ষণে পাঠককে ঈশ্বরচন্দ্র গৃত্তের যে জীবনী উপহার দিতোছ, তাহার জন্যও ধন্যবাদ গোপাল বাব্রই প্রাপ্য। তাঁহার জীবনী সংগ্রহ করিয়া গোপাল বাব্ আমাকে কতকগ্লি নোট দিয়াছিলেন। আমি সেই নোটগর্নল অবলম্বন করিয়া এই জীবনী সংকলন করিয়াছি। গোপাল বাব্ নিজে স্কেশ্বক, এবং বাঙ্গালা সাহিত্যসংসারে স্কর্পরিচিত। তাঁহার নোটগর্নল এর্প পরিপাটী যে, আমি তাহাতে কাটাকুটি বড় কিছ্ব করি নাই কেবল আমার নিজের বক্তব্যের সঙ্গে গাঁথিয়া দিয়াছি। প্রথম পরিচ্ছেদটি বিশেষতঃ এই প্রশালীতে লিখিত। দ্বিতীয় পরিচ্ছেদে, গোপাল বাব্র নোটগর্নল প্রায় বজায় রাখিয়াছি—আর কিছ্বই গাঁথিতে হয় নাই। ছতীয় পরিচ্ছেদের জ্ন্য আমি একাই সম্প্র্ণর্পে দায়ী।

এই কথাগনলৈ বলিবার তাৎপর্য্য এই যে, গোপাল বাবনুই এই সংগ্রহ ও জীবনী জন্য আমার ও সাধারণের নিকট বিশেষ কৃতজ্ঞতার পাত্র।

প্রথম পরিচ্ছেদ—বাল্য ও শিক্ষা

প্রয়াপে ব্রুপ্রেণী—বাঙ্গালার ধান্যক্ষেত্র মধ্যে ম্রুপ্রেণী—কলিকাতার ১৫ ক্রোশ উত্তরে গঙ্গা, যম্না, সরস্বতী ত্রিপথগামিনী হইয়াছেন। ষেখানে এই পবিত্র তীর্থস্থান, তাহার পশ্চিম পারস্থ গ্রামের নাম "ত্রিবেণী"—প্রুপ পারস্থিত গ্রামের নাম "কাঞ্চনপাল্লী" বা কাঁচড়াপাড়া।

কাঁচড়াপাড়ার দক্ষিণে কুমারহট্ট, কুমারহট্টের দক্ষিণে গোরীভা বা গরিফা। এই তিন গ্রামে অনেক বৈদ্যের বাস। এই বৈদ্যদিগের মধ্যে অনেকেই বাঙ্গালার মুখ উজ্জ্বল করিয়াছেন।

ঈশ্বরচন্দ্র গুপ্তের কবিতাসংগ্রহ—ভূমিকা

গরিফার গৌরব রামকমল সেন. কেশবচন্দ্র সেন, কৃষ্ণবিহারী সেন, প্রতাপচন্দ্র মজনুমদার। কুমারহট্টের গৌরব কবিরঞ্জন রামপ্রসাদ। কাঁচরাপাড়ার একটি অলংকার ঈশ্বরচন্দ্র গৃত্ব।*

কাঁচরাপাড়া গ্রামে রামচন্দ্র দাস একটি বৈদাবংশের আদি প্রর্ষ। তাঁহার একমান্ত প্রের নাম রামগোবিন্দের দ্বই প্রে, (১) বিজয়রাম, (২) নিধিরাম। বিজয়রাম পশ্ডিত বিলয়া খ্যাত ছিলেন। সংস্কৃত ভাষায় তাঁহাব বিলক্ষণ অধিকার ছিল। সেই জন্য তিনি বাচস্পতি উপাধি প্রাপ্ত হয়েন। তাঁহার একটি টোল ছিল, তথায় অনেক ছাত্র সংস্কৃত, সাহিত্য, ব্যাকরণ, কাব্য, অলঙ্কার প্রভৃতি তাহার নিকট শিক্ষা করিত। তিনি সংস্কৃত ভাষায় কয়েকখানি গ্রন্থ প্রণয়ন করেন, কিন্তু তাহা প্রকাশিত হয় নাই।

কনিষ্ঠ নিধিরাম, আয়্বের্পে চিকিৎসা শাস্ত্রে বিলক্ষণ ব্যুৎপত্তি লাভ করিয়াছিলেন। তিনি কবিভূষণ উপাধি পাইয়াছিলেন। নিধিরামের তিনটি প্র জন্মে, (১) বৈদ্যনাথ, (২) ভোলানাথ এবং (৩) গোপীনাথ।

গোপীনাথের প্রথম পক্ষের দ্বিতীয় পুত্র হারনারায়ণ দাসের ঔরসে শ্রীমতী দেবীর গর্ভে (১) গিরিশচন্দ্র, (২) ঈশ্বরচন্দ্র, (৩) রামচন্দ্র, (৪) শিবচন্দ্র এবং একটি কনা। জন্ম গ্রহণ করেন। ঈশ্বরচন্দ্র, পিতার দ্বিতীয় পুত্র। তিনি ১৭৩৩ শকের (বাঙ্গালা ১২১৮ সালো) ২৫এ ফালগুনে শ্কেবারে কাঁচরাপাড়া গ্রামে জন্ম গ্রহণ করেন।

গ্রপ্তেরা তাদৃশ ধনী ছিল না: মধ্যবিত্ত গৃহস্থ। পৈতৃক ধানাক্ষেত্র পর্করিণী, উদ্যান, এবং রাইর্যাত জমির আয়ে এই একালভুক্ত পরিবারের কোন অভাব ঘটিত না। সমাজ মধ্যে এই গৃহস্থেরা মান্য গণ্য ছিল।

ঈশ্বরচন্দ্রের পিতা, চিকিৎসা-ব্যবসায় তাাগ করিয়া, স্বগ্রামের নিকট শেয়ালভাঙ্গার কৃটিতে মাসিক ৮, টাকা বেতনে কাজ করিতেন।

কলিকাতা জোড়াসাঁকোয় ঈশ্বরচন্দ্রে মাতামহাশ্রম। ঈশ্বরচন্দ্র শৈশব হইতেই প্রবীয় জননীর সহিত কাঁচরাপাড়া, এবং মাতামহাশ্রমে বাস করিতেন। মাতামহ রামমোহন গ্রপ্ত উত্তর পশ্চিমাণ্ডলে কানপুরে বিষয়-কর্ম্ম করিতেন। মাতামহের অবস্থা বড় ভাল ছিল না।

ঈশ্বরচন্দ্রেব বালাকালের যে দুই একটা কথা জানা যায়, তাহাতে বোধ হয়, ঈশ্বর বড় দুরস্ত ছেলে ছিলেন। সাহসটা খুব ছিল। পাঁচ বংসর বযসে কালীপ্রজার দিন অমাবস্যার রাত্তে, একা নিমন্ত্রণ রাখিতে গিয়াছিলেন। অন্ধকারে, একজন কেহ পথে তাঁহার ঘাড়ে পড়িয়া গিয়াছিল। সে ঘোর অন্ধকারে তাঁহাকে চিনিতে না পারিয়া জিজ্ঞাসা করিল --

"কেরে?—কে যায়?"

"আমি ঈশ্বর।"

"একেলা এই অন্ধকারে অমাবস্যার রাগ্রিতে কোথায় যাইতেছিস?"

"ঠাকুর মশায়ের বাড়ী লু চি আনিতে।"

দেশকাল গুলে এ সাহসের পরিণাম—হোগলকু'ড়িয়ায় বসিয়া কবিতা লেখা!

ঈশ্বরচন্দ্রের বয়ঃক্রম যৎকালে ১০ বর্ষ, সেই সময়ে তাঁহার মাতার মৃত্যু হয়।

স্থাবিয়োগের কিছুদিন পরেই তাঁহার পিতা হরিনারায়ণ দ্বিতীয় বার বিবাহ করেন। তিনি বিবাহ করিয়া শ্বশ্রালয় হইতে বাটী না আসিয়া কার্যস্থলে গমন করেন। নব বধ্ একাকিনী কাঁচরাপাড়ার বাটীতে আসিলে, হরিনারায়ণের বিমাতা (মাতা জীবিতা ছিলেন না) তাঁহাকে বরণ করিয়া লইতেছিলেন। ঈশ্বরচন্দ্র সেই সময়ে যাহা করিয়াছিলেন, তাহা তাঁহার চরিরের উপযোগী বটে। ঈশ্বরচন্দ্রের এই মহৎ গুল ছিল যে, তিনি খাঁটি জিনিষ বড় ভালবাসিতেন, মেকির বড় শাত্র। এই সংগ্রহন্থিত কবিতাগালি পড়িলেই পাঠক দেখিতে পাইনেন যে, কবি মেকির বড় শত্র—সকল রকম মেকির উপর তিনি গালি বর্ষণ করিতেছেন—গবর্ণর জেনেরল হইতে কলিকাতার মুটে পর্যান্ত কাহারও মাফ নাই। এই বিমাতার আগমনে কবির সঙ্গে মেকির প্রথম সম্মুখ সাক্ষাং। খাঁটি মা কোথায় চলিয়া গিয়াছে— তাহার স্থানে একটা মেকি মা আসিয়া দাঁড়াইল। মেকির শত্র ঈশ্বরচন্দ্রের রাগ আর সহা হইল না, এক

^{*} এই প্রদেশের বৈদাগণ রাজকার্যেও বিশেষ প্রতিপত্তি লাভ করিয়াছেন। নাম **ক**রিলে অনেকের নাম করা যাইতে পারে।

विष्कम ब्रह्मावली

গাছা র্ল লইয়া স্বীয় বিমাতাকে লক্ষ্য করিয়া বিষম বেগে তিনি নিক্ষেপ করিলেন। কবি-প্রযুক্ত র্ল সোভাগ্যক্রমে, বিমাতার অপেক্ষা আরও অসার সামগ্রী খ্রিল—বিমাতা ত্যাগ করিয়া একটা কলা গাছে বিধিয়া গেল।

অস্ত্র ব্যর্থ দেখিয়া কিরাতপরাজিত ধনঞ্জয়ের মত ঈশ্বরচন্দ্র এক ঘরে ঢ্রকিয়া সমস্ত দিন দ্বার র্দ্ধ করিয়া রহিলেন। কিন্তু বরদানার্থ পিনাকহস্তে পশন্পতি না আসিয়া, প্রহারার্থ জনুতাহস্তে জ্যোঠা মহাশয় আসিয়া উপস্থিত। জ্যোঠা মহাশয় দ্বার ভাঙ্গিয়া ঈশ্বরচন্দ্রকৈ পাদন্কা প্রহার করিয়া চলিয়া গেলেন।

কিন্তু ঈশ্বরচন্দ্রের পাশ্পত অস্ত্র সংগ্রহ হইল সন্দেহ নাই। তিনি ব্রিনলেন, এ সংসার মেকি চলিবার ঠাই—মেকির পক্ষ হইয়া না চলিলে এখানে জবতা খাইতে হয়। ইহার পর, যখন তাঁহার লেখনী হইতে অজস্ত্র তাঁর জনলাবিশিষ্ট বক্রোক্তি সকল নিগতি হইল, তখন প্থিবীর অনেক রকম মেকি তাঁহার নিকট জবতা খাইল। কবিকে মারিলে, কবি মার তুলিয়া রাখেন। ইংরেজ সমাজ বায়রণকে প্রপাঁড়িত করিয়াছিল—বায়রণ, ডন জবয়ানে তাহার শোধ লইলেন।

পরে ঈশ্বরচন্দ্রের পিতামহ আসিয়া সান্থনা করিয়া বলেন, "তোদের মা নাই, মা হইল,

তোদেরই ভাল। তোদেরি দেখিবে শর্নিবে।"

আবার মেকি! জ্যোঠা মহাশয় যা হোক—খাঁটি রকম জ্বতা মারিয়া গিরাছিলেন, কিন্তু পিতামহের নিকট এ দ্বেহের মেকি ঈশ্বরচন্দ্রের সহ্য হইল না। ঈশ্বরচন্দ্র পিতামহের মুখের উপর বলিলেন,—

"হাঁ! তুমি আর একটা বিয়ে করে যেমন বাবাকে দেখ্ছ বাবা আমাদের তেমনই দেখ্বেন।" দরুত্ত ছেলে, কাজেই ঈশ্বরচন্দ্র লেখা পড়ায় বড় মন দিলেন না। ব্লিদ্ধর অভাব ছিল না। কথিত আছে ঈশ্বরচন্দ্রের যখন তিন বংসর বয়স, তখন তিনি একবার কলিকাতায় মাতুলালয়ে আসিয়া পীড়িত হয়েন। সেই পীড়ায় তাঁহাকে শ্যাগত হইয়া থাকিতে হয়। বালিকাতা তংকালে নিতান্ত অস্বাস্থ্যকর ছিল এবং মশা মাছির বড়ই উপদ্রব ছিল। প্রবাদ আছে, ঈশ্বরচন্দ্র শ্যাগত থাকিয়া সেই মশা মাছির উপদ্রবে একদা স্বতঃই আব্রতি করিতে থাকেন।—

"রেতে মশা দিনে মাছি.

এই তাড়্য়ে কল্কেতায় আছি।"

I lisped in numbers, for the numbers came!

তাই নাকি? অনেকে কথাটা না বিশ্বাস করতে পারেন—আমরা বিশ্বাস করিব কি না জানি না। তবে যখন জন ভটুয়ার্ট মিলের তিন বংসর বয়সে গ্রীক শেখার কথাটা সাহিতাজগতে চলিয়া গিয়াছে, তখন এ কথাটা চলুক।

ঈশ্বরচন্দ্রে প্রেবিপ্রেব্র্যদিগের মধ্যে অনেকেই, তংকালে সাধারণ্যে সমাদ্ত পাঁচালি কবি প্রভৃতিতে যোগদান এবং সংগাঁত রচনা ক্রিতে পারিতেন। ঈশব্রচন্দ্রের পিতা ও পিতৃত্যদিগের

সংগীত রচনা শক্তি ছিল। বীজ গুণে নাকি অনেক আশ্চর্য্য ঘটনা ঘটে।

কিন্তু পাঠশালার গিয়া লেখা পড়া শিখিতে ঈশ্বরচন্দ্র মনোযোগী ছিলেন না। কংনও পাঠশালার যাইতেন, কখনও বা টো টো করিয়া খেলিয়া বেড়াইতেন। এ সমর ম্থে মুখে কবিতা রচনায় তংপর ছিলেন। পাঠশালার উচ্চশ্রেণীর ছাত্রেরা পারস্য ভাষায় যে সকল প্রুত্তক অর্থ করিয়া পাঠ করিত, শ্নিয়া, ঈশ্বর তাহার এক এক স্থল অবলন্দ্রন প্রের্ক বাঙ্গালা ভাষায় কবিতা রচনা করিতেন।

ঈশ্বরচন্দ্রকে লেখা পড়া শিক্ষায় অমুনোযোগী দেখিয়া, গ্রেক্নেরা সকলেই বলিতেন,

ঈশ্বর মূর্থ এবং অপরের গলগ্রহ হইবেন। চিরজীবন অল্লবস্পের জন্য কণ্ট পাইবে।

সেই অনাবিষ্ট বালক সমাজে লব্ধপ্রবিষ্ট হইয়াছিলেন। আমাদের দেশে সচরাচব প্রচালত প্রথান,সারে লেখা পড়া না শিখিলেই ছেলে গেল স্থির করা যায়। কিন্তু ক্লাইব বালককালে কেবল পরের ফলকরা চুরি করিয়া বেড়াইতেন, বড় ফ্রেড্রিক বাপের অবাধ্য বয়াটে ছেলে ছিলেন, এবং আর আর অনেকে এইর্শ ছিলেন। কিম্বদন্তী আছে, স্বয়ং কালিদাস নাকি বাল্যকালে ঘোর মূর্থ ছিলেন।

মাতৃহীন হইবার পরই ঈশ্বরচন্দ্র কলিকাতায় আসিয়া মাতুলালয়ে অবস্থান করিতে থাকেন।

ঈশ্বরচন্দ্র গ্রপ্তের কবিতাসংগ্রহ—ভূমিকা

কলিকাতায় আসিয়া সামান্য প্রকার শিক্ষা লাভ করিয়াছিলেন। প্রভার্বাসদ্ধ কবিতা রচনায় বিশেষ মনোযোগ থাকায়, শিক্ষার প্রতি দৃণ্টি দিতেন না।

স্থারচন্দ্র যে শ্রমে পতিত হইয়ছিলেন, আজ কাল অনেক তেলাকে সেই শ্রমে পতিত হইতে দেখি। লিখিবার একট্ন শক্তি থাকিলেই, অমনি পড়া শ্বনা ছাড়িরা দিয়া কেবল রচনায় মন। রাতারাতি যশস্বী হইবার বাসনা। এই সকলে ছেলেদের দ্বই দিক নদ্ট হয়—রচনাশক্তি যেট্রকুথাকে, শিক্ষার অভাবে তাহা সামান্য ফলপ্রদ হয়। ঈশ্বরচন্দ্র শালে। পড়া শ্বনায় আননোযোগী হউন, শেষে তিনি কিছু শিখিঝাছিলো। তাহার গদ্য রচনায় তাহার বিলক্ষণ প্রমাণ আছে। কিছু তিনি বাল্যকালে যে সম্পূর্ণ শিক্ষালাভ করেন নাই, ইহা বড় দ্বঃথেরই বিশ্বন। তিনি স্মেশিক্ষিত হইলে, তাহার বিত্ত গ্রেরা বিহিত প্রয়োগ হইলে, তাহার কবিত্ব কার্য্য এবং সমাজের উপর আধিপত্য অনেক বেশী হইত। আনার বিশ্বাস যে, তিনি যদি তাহার সনসানিয়ক লেখক কৃষ্মোহন বন্দ্যোপাধ্যায় বা পরবন্তী ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ন্যায় ত্ম্বিশিক্ষত হইতেন, তাহা হইলে তাহার সমরেই বাঙ্গালা সাহিত্য অনেক দ্ব অগ্রসর হইত। বাঙ্গালার তিরতি আরও ত্রিশ বংসর অগ্রসর হইত। তাহার রচনায় দ্ইটি অভাব দেখিয়া বড় দ্বঃখ হয় মাজির্জত র্তির অভাব এবং উচ্চ লক্ষ্যের অভাব। অনেকটাই ইয়ারিক। আধ্বনিক সামাজিক বানরাদিগের ইয়ারিকর মত ইয়ারিক নয়—প্রভাবশালী মহাত্মার ইয়ারিক। তামু ইয়ারিক বটেট। জগদীখ্রের সঙ্গেও এক্ট্র ইয়ারিকি—

কহিতে না পার কথা—িক রাখিব নাম? তুমি হে আমার নাবা হাবা আত্মালাম।

ঈশা গ্রপ্তের যে ইয়ার্কি তাহা আমরা ছাড়িতে রাজি নই। শাসাল। সাহিত্যে উহা আছে বিলিয়া, বাঙ্গালা সাহিত্যে একটা দ্বাভ সামগ্রী আছে। অনেক সময়েই এই ইয়ার্কি বিশহ্ন, এবং ভাগবিলাসের আকাশ্সন বা পরের প্রতি বিদ্বেদশূন্য। রঙ্গাল পাইনা হাবাইতে আমর। রাজি নই, কিন্তু দুঃখ এই যে—এতটা প্রতিভা ইয়ার্নিতেই ফুলেইল।

একজন দেউলেপড়া শহুড়ী, নিত শীলের গলপ শ্রনিয়া, দহুংখ করিয়া বিল্যাছিল "বত লোড়ে খালি বোতল বেচিয়া বড় মানুষ হইল—এমি ভর। বোতল বেচিয়া বিজ্ঞা বরিতে পারিলান না?" সহশিকার অভাবে ঈশ্বন গণ্ডের ঠিক তাই ঘটিয়াছিল। তাই এখনকার ছেলেদের সতক্র করিতেছি – ভাল শিক্ষা লাভ না কবিংশ কালিব আঁচড় পাডিও না। মহাবা দিগের জীবনচরিতের সমালোচনায় অনেক গাব্তেন নাহি আমবা শিখিনা থাকি। ঈশ্বচদের জীবনের সমালোচনায় অনেক গাব্তেন নাহি আমবা শিখিনা থাকি। ঈশ্বচদের জীবনের সমালোচনায় অনেক গাব্তেন নাহি আমবা শিখিনা থাকি। ঈশ্বচদের জীবনের সমালোচনায় আমবা বি

দির্মান্দ্রের সমৃতিশক্তি শাল্যকাল হইতে অতত্ত প্রথর ছিল। একবার যাহ। শ্নিতেন, ভাহা আর ভূলিতেন না। কঠিন সংস্কৃত ভাষা দ্বেশ্যা শ্লোকসম্বের সাখ্যা একবার শ্লিয়াই ভাহা অবিকল কবিভাষ রচনা করিতে পাশিতেন।

ঈশ্বরচন্দ্রের মৃত্যুর পব তাঁহার একজন বালাসখা ১২৬৬ সালেব ১লা বৈশাখের 'সংবাদ প্রভাকরে' নিম্নলিখিত মন্তব্য প্রকাশ করিয়া গিয়াজেন—

"ঈশন বান, দ্বাধাপোষ্যাবন্ধার পরই বিশাল ব্রন্ধিশালিতা ব্যক্ত কবিতে আছে করেন। ধংকালীন পাঠশালায় প্রথম শিক্ষায় অতি শৈশবকালে প্রবর্ত ইইয়াছিলেন, তখন তাঁচা অপেক্ষা অধিকবয়ন্দ্র বালকেরা পারস্য শাক্ষা পাঠ করিত। তাহাতেই যে দুই একটি পারস্য শাক্ষা প্রত্যুত ইউত, তাহার অর্থ শুতি মারেই বিশেষ বিদিত ইইয়া, বঞ্চ শাক্ষাব সহিত সংযোজনা করিয়া, উভস ভাষায় মিলিত অথচ অর্থবিশিষ্ট কবিতা অনায়াসেই প্রস্তুত করিতেন। ১১।১২ বংসর বয়ঃক্রম ইইতেই অপ্রমে অত্যুৎপ পরিপ্রমে ঈদ্শ মনোরম বাঙ্গালা গান প্রস্তুত কবিতে পারগ ইইয়াছিলেন যে, সথের দলের কথা দুরে গাকুক, উক্ত কাণ্ডনপল্লীতে বারোইয়ারী প্রভৃতি প্রজাপলক্ষে যে সকল ওস্তাদী দল আগমন করিত, তাহাদের সমাভিব্যাহারী ওস্তাদেলাক উত্তর গান স্বরায় প্রস্তৃত করিতে অফম হওয়াতে ঈশ্বর বাব্ অনাযাসে অতি শীঘ্রই অতি স্মুশ্রায় চমংকার গান পরিপাটী প্রশালীতে প্রস্তুত করিয়া দিতেন।"

লেখক পরে লিখিয়া গিয়াছেন "ঈশ্বর বাব্ব অপ্রাপ্তব্যবহারাবস্থাতেই ইংরাজি বিদ্যাভ্যাস এবং জীবিকান্বেষণ জন্য কলিকাতায় আগমন করেন। আমার সহিত সন্দর্শন ইইয়া প্রথমতঃ

ৰণ্কিম রচনাবলী

ষথন তাঁহার সহিত প্রণয় সণ্ডার হয়, তখন আমারও পঠন্দশা, তিনি যদিও আমার অপেক্ষা কিণ্ডিং অধিক বয়ন্দক ছিলেন, তথাপি উভয়েই অপ্রাপ্তবয়ন্দক, কেবল বিদ্যাভ্যাসেই আসন্ত ছিলাম। আমি সে সময় সন্বর্দা তাঁহার সংসর্গে থাকিতাম, তাহাতে প্রায় প্রতিদিনই এক একটি অলোকিক কান্ড প্রত্যক্ষ হইত। অর্থাৎ প্রতাহই নানা বিষয়ে অবলীলাক্রমে অপ্ন্থা কবিতা রচনা করিয়া সহচর সন্তংসমত্থের সন্পূর্ণ সন্তোষ বিধান করিতেন। কোন ব্যক্তি কোন কঠিন সমস্যা প্রণ করিতে দিলে, তৎক্ষণাং তাহা যাদ্শ সাধ্য শব্দে সন্প্রণ করিতেন. তদুপ প্রেণ্
কর্দাপি প্রতাক্ষ হয় নাই।"

উক্ত বাল্যসখা শেষ লিখিয়া গিয়াছেন. "ঈশ্বর বাব্ যংকালাঁন ১৭।১৮ বর্ষবয়স্ক, তংকালান দিবা রাগ্রি একত্র সহবাস থাকাতে আমার নিকট ম্মুদ্রবোধ ব্যাকরণ অধ্যয়ন করিতে আরম্ভ করেন। অনুমান হয়, এক মাস কি দেড় মাস মধ্যেই মিশ্র পর্যান্ত এককালাঁন ম্বুখহু ও অর্থের সহিত কণ্ঠস্থ করিয়াছিলেন। শ্রুতিধরদিগের প্রশংসা অনেক শ্রুতিগোচর আছে, ঈশ্বর বাব্র অন্তুত শ্রুতিধরতা সর্ব্বদাই আমার প্রত্যক্ষ হইয়াছে। বাঙ্গালা কবিতা তাহার প্রপ্রশীতই হউক বা অন্যক্তই হউক, একবার রচনা এবং সমক্ষে পাঠ মাত্রই হদরঙ্গম হইয়া, একেবারে চিত্রপটে চিত্রিতের ন্যায় চিত্রস্থ হইয়া চিরদিন সমান স্থারণ থাকিত।"

কলিকাতার প্রসিদ্ধ ঠাকুর-বংশের সঙ্গে ঈশ্বর গ্রেপ্তর মাতামহ-বংশের পরিচয় ছিল। সেই স্ট্রে ঈশ্বরচন্দ্র কলিকাতায় আসিয়াই ঠাকুর বাটীতে পরিচিত হয়েন। পাথবরিয়াঘাটার গোপী-মোহন ঠাকুরের তৃতীয় পরে নন্দকুমার ঠাকুরের জ্যেষ্ঠ পরে যোগেন্দুমোহন ঠাকুরের সহিত ঈশ্বরচন্দ্রের বিশেষ স্থ্য জন্ম। ঈশ্বরচন্দ্র তাহার নিকট নিয়ত অবস্থানপ্রেক কবিতা রচনা করিয়া স্থ্য বৃদ্ধি করিতেন। যোগেন্দুমোহন, ঈশ্বরচন্দ্রের সমবয়৸৵ ছিলেন। লেখা পড়া শিক্ষা এবং ভাষান্দ্রীলনে তাহার অন্রাগ ও যত্ন ছিল। ঈশ্বরচন্দ্রের সহবাসে তাহার রচনাশক্তিও জন্মিয়াছিল। যোগেন্দুমোহনই ঈশ্বরচন্দ্রের ভাবী সৌভাগোর এবং যশকীতির সোপানস্বর্প।

ঠাকুর বাটীতে মহেশচন্দ্র নামে ঈশ্বরচন্দ্রের এক আত্মীয়ের গতিবিধি ছিল। মহেশচন্দ্রও কবিত। রচনা করিতে পারিতেন। মহেশের কিঞ্চিৎ বাতিকের ছিট থাকায় লোকে তাঁহাকে 'মহেশ পাগলা' বলিত। এই মহেশের সহিত ঠাকুর বাটীতে ঈশ্বরচন্দ্রের প্রায়ই মুখে মুখে কবিতা-যুদ্ধ হইত।

ঈশ্বরচন্দের যংকালে ১৫ বর্ষ বয়স, তৎকালে গ্রেপ্তীপাড়ার গৌরহার মল্লিকের কন্যা দ্বর্গামণি দেবীর সহিত তাহার বিবাহ হয়।

দ্রগামণির কপালে সাখ হইল না। ঈশ্বরচন্দ্র দেখিলেন, আবার মেকি! দ্রগামণি দেখিতে কুংসিতা! হাবা! বোবার মত! এ ত স্ত্রী নহে, প্রতিভাগালী কবির অন্ধ্রাঙ্গ নহে—কবির সহধন্মিণী নহে। ঈশ্বরচন্দ্র বিবাহের পর হইতে আর তাহার সঙ্গে কথা কহিলেন না।

ইহার ভিতর একট্ন Romance ও আছে। শুনা যায়, ঈশ্বরচন্দ্র, কাঁচরাপাড়ার একজন ধনবানের একটি পরমা স্বন্দরী কন্যাকে বিবাহ করিতে অভিলাষী হয়েন। কিন্তু তাঁহার পিতা সে বিষয়ে মনোযোগী না হইয়া, গ্রন্থীপাড়ার উক্ত গৌরহরি মাল্লিকের উক্ত কন্যার সহিত বিবাহ দেন। গৌরহরি, বৈদ্যাদিগের মধ্যে একজন প্রধান ক্লীন ছিলেন, সেই কুল-গৌরবের কারণ এবং অর্থ দান করিতে হইল না বলিয়া, সেই পাত্রীর সহিতই ঈশ্বরচন্দ্রের পিতা প্রের বিবাহ দেন। ঈশ্বরচন্দ্র পিতার আজ্ঞার নিতান্ত অনিচ্ছায় বিবাহ করেন, কিন্তু বিবাহের পরই তিনি বালিয়াছিলেন যে, আমি আর সংসারধন্দর্শ করিব না। কিছ্ কাল পবে ঈশ্বরচন্দ্রের আত্মীয় মিত্রগণ তাঁহাকে আর একটি বিবাহ করিতে অনুরোধ করিলে, তিনি বলেন যে, দুই সতীনের ঝণড়ার মধ্যে পড়িয়া মারা যাওয়া অপেক্ষা বিবাহ না করাই ভাল।

ঈশ্বরচন্দ্র গ্রপ্তের জীবনী হইতে আমরা এই আর একটি মহতী নীতি শিক্ষা করি। ভরসা করি আধুনিক বর কন্যাদিগের ধনলোল্বপ পিতৃমাতৃগণ এ কথাটা হৃদয়ঙ্গম করিবেন।

ঈশ্বর গর্প্ত, স্ত্রীর সঙ্গে আলাপ না কর্ন, চিরকাল তাঁহাকে গ্রে রাখিয়া ভরণ-পোষণ করিয়া, মৃত্যুকালে তাঁহার ভরণ-পোষণ জন্য কিছ্ন কাগজ রাখিয়া গিয়াছিলেন। দুর্গামণিও সচ্চরিত্রা ছিলেন। কয়েক বংসর হইল, দুর্গামণি দেহ ত্যাগ করিয়াছেন।

এখন আমরা দুর্গামণির জন্য বেশী দুঃখ করিব, না ঈশ্বরচন্দ্রের জন্য বেশী দুঃখ করিব? দুর্গামণির দুঃখ ছিল কি না তাহা জানি না। যে আগ্বুনে ভিতর হইতে শরীর পুড়ে, সে

ঈশ্বরচন্দ্র গাপ্তের কবিতাসংগ্রহ—ভূমিকা

আগন্ন তাঁহাব হৃদ্যে ছিল কি না জানি না। ঈশ্বচন্দ্রে ছিল—কবিতায় দেখিতে পাই। অনেক দাহ কবিষাছে দেখিতে পাই। যে শিক্ষাট,কু স্বীলোবেব নিকট পাইতে হয় তাহা তাহাব হয় না। যে উন্নতি স্বীলোকেব সংসর্গে হয় স্বীলোকেব প্রতি শ্লেহ ভক্তি থাকিলে হয় তাহাব তাহাব তাহা হয় নাই। স্বীলোকেব সংসর্গে হয় স্বীলোকেব পাত্র। ঈশ্বব গ্লেগু তাহাদেব দিগে আঙ্গুল দেখাইয়া হাসেন মুখ ভেঙ্গান গালি পাডেন তাহাবা যে প থিলীন পাপের আকব তাহা নানা প্রকাব অঞ্চীলতাব সহিত বলিষা দেন—তাহাদেব স্বাহাণী বসম্বা প্রাম্মী কবিতে পাবেন না। এক একবাব স্বীলোককে উচ্চ আসনে বসাইয়া কবি যাত্রাব সাধ মিটাইতে যান—কিন্তু সাধ মিটে না। তাহাব উচ্চাসনস্থিতা নাযিকা বানবীতে পবিণত হয়। তাহাব প্রণীত মানভঞ্জন নামক বিখ্যাত কাবোৰ নাযিকা ঐব্প। উক্ত বিখ্যা শানবা এই সংগ্রহে উদ্ধৃত কবি নাই। স্বীলোক সম্বন্ধীয় কথা বড অলপই উদ্ধৃত কবিয়াছি। অনেক সন্ময়ে ঈশ্বব গ্রেগ স্বীলোক সম্বন্ধে প্রাচীন শ্বিদিগেব ন্যায় মাকুকণ্ঠ—অতি কদর্য্য ভাষায় ব্যবহাব না কবিলে গালি প্রা হইল মনে কবেন না। কাজেই উদ্ধৃত কবিবতে পাবি নাই।

এখন দ্বৰ্গমিণিৰ জন্য দ্বেখ কৰিব না ঈশ্বৰ গ্ৰেপ্ত জন্য ভবসা কৰি পাঠক বলিবেন ঈশ্বৰ গ্ৰেষ্ট্ৰ জন্য।

১২৩৭ সালেব কার্ত্তিক মাসে ঈশ্ববচন্দ্রেব পিতা হবিনাবায়ণের মৃত্যু হয়।

মাতাব মৃত্যুব প্ৰই ঈশ্ববচন্দ্ৰ কলিকাতাম আসিমা মাত্লালথে থাকিয়া ঠাকুব বাচীতই প্ৰতিপালিত হইতেন। পিতাৰ মৃত্যুৰ পৰ অথোপাৰ্জনি আবশাক হইষা উঠে। জ্যেষ্ঠ গিবিশচন্দ্ৰ এবং সৰ্ধ্বকিন্ঠ শিবচন্দ প্ৰেবই মবিষাজ্ঞিলন। বামচন্দ্ৰেৰ লালন পালন ভাব ঈশ্বং শেনুৰ উপৰ্থ অপি ত হয়।

দ্বিতীয় পৰিচ্ছেদ-কন্দ্ৰ

প্রবাদ আছে লক্ষ্মী সবহবতীতে চিকলল বিবাদ। সবহবতীব ব্যপ্, ত্বা প্রায় লক্ষ্মীছাডা লক্ষ্মীৰ ববপ্, ত্বো সবহবতীব বিষ্কাশ। পতিত। কথাটা কতক সত্য হইলেও হইতে পাবে কিন্তু সে বিষয়ে লক্ষ্মীব বড অপবাধ নাই। কিন্তুমাদিতা হইতে ক্ষচণ্ড পর্যান্ত পোই লক্ষ্মীব ববপ্, ত্বো সবহবতীব প্রগণেব বিশেষ সহায়। লক্ষ্মী চিবকাল সবহবতীকে হাত ধবিষা ত্লিয়া খাডা কবিষা বাখিতেন নাহলে বোধ হা সবহবতী অনেক দিন বিষ্ণুপার্শে অনন্ত শ্যায় শ্যন কবিষা ঘোব নিদায় নিমায় হইতেন তাহাব পালিত গন্ধভিগ্লিল সহস্ত চিকোব কবিলেও উঠিতেন না। এখন হৃত সে ভাবটা তেমন নাই। এখন সবহবতী কতকটা আপনাব বলে বলবতী, অনেক সম্বেই আপনাব বলেই পদ্মবনে দাডাইয়া বীণায় ঝংকাব দিতেছেন দেখিতে পাই। হ্যত দেখিতে পাই দুই জনে একাসনে বিস্থাই স্থা সবচ্ছণে কাল যাপন কবিতেছেন—সতীনেব মত কোণ্ডল ঝকডা নাব কাটাকাটি কিছু নাই অনেক সময়ে দেখি সবহবতী আসিয়াছেন দেখিয়াই লক্ষ্মী আসিয়া উপন্তিত হন। কিন্তু যথন ঈশ্বৰ গাপ্ত সবহবতীৰ আব্যবনায় প্রথম প্রবৃত্ত তথন সে দিন উপন্থিত হয় নাই। লক্ষ্মীব একজন ব্যপ্ত তথন সহায় হইলেন। লক্ষ্মীব একজন ব্যপ্ত তথন সহায় হইলেন। লক্ষ্মী সবহ্বতীকৈ হাত ধ্বিয়া ত্লিলেন।

যোগ্যন্তমোহন ঠাকুব ঈশ্ববচন্দ্রে কবিত্বশক্তি এবং বচনাশক্তি দশনে এই সময়ে অর্থাৎ ১২৩৭ সালে বাঙ্গালা ভাষায় একথানি সংবাদপত্ত প্রচাব কবিতে অভিলাষী হয়েন। ইহাব প্রত্বে ৬ থানি মাত্র বাঙ্গালা সংবাদপত্ত প্রকাশ ইইগাছল।

(১) বাঙ্গালা গেন্ডেট"—১২২২ সালে গঙ্গাধব ভট্টাচার্য্য বর্ত্ত প্রকাশ হয়। ইহাই প্রথম বাঙ্গালা সংবাদপত্র। (২) 'সমাচাব দর্পণ —১২২৪ সালে শ্রীবামপুরেব মিশনবিদিগেব দ্বাবা প্রকাশ হয়। (৩) ১২২৭ সালে বাজ্য বামমোহন বাথের উদ্যোগে— সংবাদ-কৌম্দী' প্রকাশ হয়। (৪) ১২২৮ সালে 'সমাচাব চন্দ্রিকা' (৫) "সংবাদ তিমিবনাশক' এবং (৬) বাব্ নীলবত্ন হালদাব কর্ত্ত্ব 'বঙ্গদ্ত" প্রকাশ হয়।

ঈশ্বন্দদ্র যোগেন্দ্রমোহনের সাহায়ে, উৎসাহে এবং উদ্যোগে সাহসী হইয়া সন ১২৩৭ সালেব ১৬ই মাঘে 'সংবাদ প্রভাকব' প্রচাবাবম্ভ কবেন। তৎকালে প্রভাকব সপ্তাহে একবার মাত্র প্রকাশ হইত।

र्वाष्क्रम ब्रह्मावली

ঈশ্বরচন্দ্র ১২৫০ সালের ১লা বৈশাখের প্রভাকরে প্রভাকরের জন্ম-বিবরণ সন্বন্ধে লিখিয়া গিয়াছেন, "বাব্ যোগেন্দ্রমোহন ঠাকুরের সন্পূর্ণ সাহাযাক্রমে প্রথমে এই প্রভাকর পত্র প্রকটিত হয়। তখন আমাদিগের যালালয় ছিল না। চোরবাগানে এক মুদ্রায়ার ভাজা করিয়া ছাপা হইত। ৩৮ সালের শ্রাবণ মাসে প্রেবাজি ঠাকুর বাব্দিগের বাটীতে স্বাধীনর্পে যালালয় স্থাপিত করা যায়। তাহাতে ৩৯ সাল পর্যান্ত সেই স্বাধীন যান্তে আঁত সম্প্রমের সহিত মুদ্রিত হুয়াছিল।"

কিণ্ডিদধিক ১৯ বর্ষবয়স্ক নবকবি-সম্পাদিত নব প্রভাকর অলপ দিনের মধ্যে সম্ম্রান্ত কৃতিবিদ্য সাধারণের দ্বিট আকর্ষণ করিতে সমর্থ হয়। কলিকাতার যে সকল সম্ম্রান্ত ধনবান এবং কৃতিবিদ্য লেখক, সাপ্তাহিক প্রভাকরের সহায়তা করেন, ঈশ্বরচন্দ্র ১২৫৩ সালের ১লা বৈশাখের প্রভাকরে তাঁহাদিগের নামের নিম্নলিখিত তালিকা প্রকাশ করিয়া গিয়াছেন.—

"শ্রীযুক্ত রাজা রাধাকান্ত দেব বাহাদ্রের, 'বাব্ নন্দলাল ঠাবুর, 'বাব্ চন্দ্রুমার ঠাকুর, 'বাব্ নান্দুরুমার ঠাকুর, 'বাব্ রামকমল সেন, শ্রীযুক্ত বাব্ হরকুমার ঠাকুর, বাব্ প্রসারকুমার ঠাকুর, 'হিলিরাম টে'কিয়াল ফ্রুরন, শ্রীযুক্ত জয়গোপাল তর্কালঙকার, শ্রীযুক্ত প্রেমাচাদ তর্কবাদানি, বাব্ নালর্জ হালদার, বাব্ রজদোহন সিংহ, 'কৃষ্ণচন্দ্র বস্ম, বাব্ রাসকচন্দ্র গঙ্গোধ্যায়, বাব্ ধার্মাদান পালিত, বাব্ শার্মাচরণ সেন, শ্রীযুক্ত নাল্মাণ মতিলাল ও অন্যান্য। শ্রীযুক্ত প্রেমাচাদ তর্কবাদানি এ অন্যান্য। শ্রীযুক্ত প্রেমাচাদ তর্কবাদানি থান এক্ষণে সংস্কৃত কলেভের অলঙকারশান্দের অধ্যাপক, তিনি লিপি বিষয়ে বিস্তর সাহা্যা করিতেন। তাহার রচিত সংস্কৃত শ্লোকদ্বর্য অদ্যার্বাধ প্রভাকরের শিরোভ্ষণ রহিয়াহে। জয়গোপাল তর্কালঙ্কার মহাশ্য অনেক উত্তম উত্তম গদ্য পদ্য লিখিয়া প্রভাকরের শোভা ও প্রশংসা ব্রিদ্ধ করিয়াছিলেন।"

এই প্রভাকর ঈশ্বরচন্দ্র গরেপ্তর অদ্বিতীয় ক্রীর্ত্তি। মধ্যে একবার প্রভাকর মেঘে ঢাকা পাঁড়য়াছিলেন বটে, কিন্তু আবার প্রনর,দিত হইয়া অদ্যাপি কর বিতরণ করিতেছেন। বাঙ্গালা সাহিতা এই প্রভাকরের নিকট বিশেষ ঋণী। মহাজন মরিয়া গেলে খাতক আর বড় তার নাম করে না। ঈশ্বর গরেপ্ত গিয়াছেন, আমরা আরু সে খাণের কথা বড় একটা মুখে আনি না। কিন্তু এক দিন প্রভাকর বাঙ্গালা সাহিত্যের হর্ত্ত। কর্ত্তা বিধাতা ছিলেন। প্রভাকর বাঙ্গালা রচনার রীতিও অনেক পারবর্ত্তন করিয়া যান। ভারতচন্দ্রী ধরণটা তাহার অনেক ছিল বর্টে—অনেক **ष्टर्रल िर्जान ভाরতচন্দ্রের অন**ুসামী মাত্র, কিন্তু আর একটা ধরণ ছিল, যা কখন বাঙ্গালা ভাষায় ছিল না, যাহা পাইয়া আজ বাঙ্গালার ভাষা তেজপ্রিনী হইয়াছে। নিতা দৈমিভিকের ব্যাপার, রাজকীয় ঘটনা, সামাজিক ঘটনা, এ সকল যে রসময়ী রচনার বিষয় হইতে পারে, ইহা প্রভাকরই প্রথম দেখায়। আজ শিখের যুদ্ধ, কাল পোষপার্ব্বণ আজ মিশুনরি, কাল উমিদারি, এ সকল যে সাহিত্যের অধীন, সাহিত্যের সামগ্রী, তাহা প্রভাকরই দেখাইয়াছিলেন। আর ঈশ্বর গ্রপ্তের নিভার কার্ডি ছাড়া প্রভাকরের শিক্ষানবিশাদিগের একটা কার্ডি আছে। দেশের অনেকগুর্নিল नक्रशिज्छे लायक প्रजाकरतत भिकानिक्य हिलान। वाव, तक्रलाल वर्तमाभाषाय अवजन। वाव, দীনবন্ধ, মিত্র আর একজন। শর্নিয়াছি, বাব্ মনোমোহন বস্ আর একজন। ইহার জনাও বাঙ্গালার সাহিত্য, প্রভাকরের নিকট ঋণী। আমি নিজে প্রভাকরের নিকটে বিশেষ ঋণী। আমার প্রথম রচনাণ্ডলি প্রভাকরে প্রকাশিত হয়। সে সময়ে ঈশ্বরচন্দ্র গপ্তে আমাকে বিশেষ উৎসাহ দান করেন।

১২০১ সালে যোগেন্দ্রমোহন প্রাণত্যাগ করায়, সংবাদ প্রভাকরের তিরোধান হয়। ঈশ্বরচন্দ্র ১২৫৩ সালের ১লা বৈশাথের প্রভাকরে লি থরা গিয়াছেন, "এই সময়ে (১২৩১ সালে) জগদীশ্বর আমাদিগের কম্ম এবং উৎসাহের শিরে বিষম বদ্ধ নিক্ষেপ করিলেন, অর্থাং মহোপকারী সাহায্যকারী বহুক্ষধারী আশ্রয়দাতা বাব, যোগেন্দ্রমোহন ঠাকুর মহাশ্যর সাংঘাতিক রোগ কর্ত্বক আক্রান্ত হইয়া কুতান্তের দত্তে পতিত হইলেন। স্তরাং ঐ মহাত্মার

সতাং মনস্তামরসপ্রভাকরঃ সদৈব সন্ধ্বেষ্ স্বপ্রভাকরঃ।
উদ্যেতি ভাস্বং সকলাপ্রভাকরঃ সদর্থাসম্বাদনবপ্রভাকরঃ।
নক্তং চন্দ্রকরেণ ভিমেম্কুলেন্বিন্যাম্ব্রক্রিক্রিয়াম্বর্যাম্বর্যাম্বর্যাম্বর্যাম্বর্যাদ্বর্যাম্বর্যাদ্বর্যার্যাদ্বর্যাদ্বর্যাদ্বর্যাদ্বর্যান্ত্বর্যাদ্বর্যাদ্বর্যাদ্বর্যাদ

লোকান্তরগমনে আমরা অপর্য্যাপ্ত শোকসাগরে নিমগ্ন হইয়া এককালীন সাহস এবং অন্বাগশ্না হইলাম। তাহাতে প্রভাকর করের অনাদরর্প মেঘাচ্ছন্ন হওন জন্য এই প্রভাকর কর প্রচ্ছন্ন করিয়া কিছ্ব দিন গ্রপ্তভাবে গ্রপ্ত হইলেন।"

প্রভাকব সম্পাদন দ্বারা ঈশ্বরচন্দ্র সাধারণ্যে খ্যাতি লাভ কবেন। তাঁহার বাঁবর্ব এবং নচনা-শক্তি দর্শনে আন্দর্শের জমীদার বাব্ জগন্নাথপ্রসাদ মল্লিক, ১২৩৯ সালের ১০ গ্রাবণে "সংবাদ রক্নাবলী" প্রকাশ করেন। ঈশ্বরচন্দ্র সেই প্রেব সম্পাদক হয়েন।

১২৫৯ সালের ১লা বৈশাথের প্রভাকরে ঈশ্বরচন্দ্র বাঙ্গালা সংবাদপ্রসম্থের যে ইতিবৃত্ত প্রকাশ করেন, তন্মধ্যে এই রত্নাবলী সন্বন্ধে লিখিয়া গিয়াছেন, "বাব্ জগয়াথপ্রসাদ মাল্লক মহাশরের আন্মক্লো মেছ্রয়াবাজারের অতঃপাতী বাঁশতলাব গাঁলতে "সংবাদ বরাবলী" আবিভূতি হইল। মহেশচন্দ্র পাল এই পারের নামধারী সন্পাদক ছিলেন। তাহাব কিছ মার রচনাশক্তি ছিল না। প্রথমে ইহার লিপিকার্ব্য আমরাই নিজ্পান করিতাম। বরাবলী সাবাবল সমীপে সাতিশয় সমাদ্ত হইয়াছিল। আমরা তৎকন্মে বিরত হইলে, রঙ্গপা্র ভ্রমধানারী সভার প্র্বতন সন্পাদক রাজনারায়ণ ভট্টাচার্য্য সেই পদে নিযুক্ত হয়েন।"

ঈশ্বরচন্দ্রের অন্যুজ রামচন্দ্র, ১২৬৬ সালের ১লা বৈশাথের প্রভাকরে লিগিলা গিরাছেন, "ফলতঃ গ্রেণাকর প্রভাকর কব বহুকাল রব্বাবলীর সম্পাদকীয় কার্যো নিয়ন্ত ছিলেন না, তাহা পরিত্যাগ কবিয়া দক্ষিণ প্রদেশে শ্রীক্ষের্যাদ তীর্থ দর্শনে গমন কবিয়া, কটকে পরন প্রেন্যি শ্রীয়ন্ত শ্যামামোহন রায় পিতৃষ্য মহাশয়ের সদনে কিছু দিন অবস্থান কবিয়া, একজন অতি স্বৃপন্তিত দন্তীর নিকট তার্যাদি অধ্যয়ন কবেন। এবং তাহার কিয়দংশ বঙ্গভাষায় স্ম্মিন্ট কবিতায় অনুবাদও করিয়াছিলেন।"

১২৪০ সালের বৈশাখ মাসে ঈশ্বরচন্দ্র কঢ়ক হইতে কলিবাতায় প্রত্যাগমন কবেন। তিনি কলিবাতার আসিষাই প্রভাকরের প্রনঃ প্রচাব কনা চেণ্টিত হবেন। তাহার সে বাসবাও সংল হয়। ১২৫৩ সালের ১লা বৈশাখের প্রভাকরে ঈশ্বরচন্দ্র, প্রভাকরের প্রবিত্তান্ত প্রকাশ স্বেলিখিয়া গিয়াছেন, "১২৪৩ সালের ২৭০ প্রাবণ ব্রুবার দিবসে এই প্রভাবরকে পর্নবর্গার বারর্হায়ক র্পে প্রকাশ করি, তখন এই গ্রুব্তর কম্ম সম্পাদন কবিতে পারি, আমাদিশের এমত সন্থাবনা ছিল না। জগদীশ্বরকে চিন্তা কবিয়া এতং অসমসাহসিক কম্মে প্রয়ত ১৬৫০ পাতুরেঘাটানিবাসী সাধারণ-মঙ্গলাভিলাষী বাব্ কানাইলাল ঠাকুর, এবং তদন্তে বাব্ গোপাললাল ঠাকুর মহাশয় যথার্থ হিতকারী বন্ধ্রর স্বভাবে ব্যযোপ্যতে বহল বিত্ত প্রদান করিলেন, এবং অদ্যাবধি আমাদিগের আবশাক কমে প্রার্থনি করিলে তাহাব সাধ্যমত উপকার করিতে হাটি করেন না। এ কারণ আমরা উল্লিখিত ভ্রাতান্বরের পরোপকারিতা গ্রেণের খণের নিমিত্ত জীবনের স্থায়িম্ব কাল পর্যান্ত দেহকে বন্ধর রাখিলাম।"

অলপকালের মধ্যেই প্রভাকরের প্রভা আবার সম্বৃত্তকে হুইরা উঠে। নগব এবং গ্রামাপ্রদেশের সম্ভ্রান্ত জমীদার এবং কৃতবিদাগণ এই সময়ে ঈশ্বরচন্দ্রকে যথেণ্ট সহাযতা কবিতে পাকেন। ক্ষেক্র বর্ষের মধ্যেই প্রভাকর এত দ্ব উন্নতি লাভ করে যে ঈশ্বরচন্দ্র ১২৪৬ সালেব ১লা আষাত ইইতে প্রভাকরকে প্রাত্যহিক পত্রে পরিণত করেন। ভারতবর্ষের দেশীয় সংবাদপত্রের মধ্যে এই প্রভাবরই প্রথম প্রত্যহিক।

প্রভাকর প্রাত্যহিক হইলে, যে সকল ব্যক্তি লিপি সাহায়্য এবং উৎসাহ দান এবেন উপ্তরচন্দ্র ১২৫৪ সালের ২রা বৈশাথেব প্রভাকরে তাহাদিগের সম্বন্ধে লিখিয়া গিলাছেন, -

"প্রভাকরের লেখকের সংখ্যা অনেক বৃদ্ধি হইয়াছে প্রভাকরের প্রণাতন লেখকদিগের মধ্যে যে যে মহোদর জাবিত আছেন, তাঁহাদের নাম নিম্নভাগে প্রকাশ কণিলাম :—

শ্রীযুক্ত প্রেমচাঁদ তর্কবাগাঁশ, রাধানাথ শিরোমাণ গোরাশৎকর তর্কবাগাঁশ, বাব, নালরর হালদার, গঙ্গাধর তর্কবাগাঁশ, রজমোহন সিংহ, গোপালকৃষ্ণ মিত্র, বিশ্বন্তর পাইন, গোবিন্দচন্দ্র সেন, ধন্মদাস পালিত, বাব, কানাইলাল ঠাকুর, অক্ষরকুমার দত্ত, নবীনচন্দ্র মুখোপাধায় উমেশচন্দ্র দত্ত, শ্রীশছুচন্দ্র বন্দ্যোপাধ্যায়, প্রসন্নচন্দ্র ঘোষ রায রামলোচন ঘোষ বাহাদ্ব, হরিমোহন সেন, জগন্নাথপ্রসাদ মলিক।"

"সীতানাথ ঘোষ, গণেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়, যাদবচন্দ্র গঙ্গোপাধ্যায়, হরনাথ মিত্র, পর্ণচন্দ্র ঘোষ, গোপালচন্দ্র দত্ত, শ্যামাচরণ বস্কু, উমানাথ চট্টোপাধ্যায়, শ্রীনাথ শীল, এবং শদ্ভুনাথ পণ্ডিত ই'হারা কেহ তিন চারি বংসর পর্য্যন্ত প্রভাকরের লেখক বন্ধ্র শ্রেণী মধ্যে ভুক্ত হইয়াছেন।"

"শ্রীযা্ক হরচন্দ্র ন্যায়রত্ব ভট্টাচার্য্য মহাশার, আমাদিগের সম্প্রদায়ের এক জন প্রধান সংযাক্ত বন্ধ্যু শ্যামাচরণ বন্দ্যোপাধ্যায় সহকারী সম্পাদকের ন্যায় তাবং কর্ম্ম সম্পন্ন করেন, অতএব ই'হাদিগের বিষয় প্রকাশ করা অতিরেক মাত্র। বিশেষতঃ শেষোক্ত ব্যক্তির শ্রমের হন্তে বথন আমরা সম্দের কর্ম্ম সমর্পণ করি, তথন তাঁহার ক্ষমতা সকলেই বিবেচনা করিবেন।"

"রঙ্গলাল বল্দ্যোপাধ্যায় অন্ধান্দগের সংযোজিত লেখক বন্ধ, ই'হার সদ্গুন্ণ ও ক্ষমতার কথা কি ব্যাখ্যা করিব! এই সময়ে আমাদিগের প্রম ক্ষেহান্বিত মৃত বন্ধু বাব্ প্রসন্নচন্দ্র ঘোষের শোক প্রাঃ প্রাঃ শেল স্বর্প হইয়া হদয় বিদীণ করিতেছে। যেহেতু ইনি রচনা বিষয়ে তাঁহার ন্যায় ক্ষমতা দর্শাইতেছেন, বরং ক্বিছ ব্যাপারে ই'হার অধিক শক্তি দৃষ্ট হইতেছে। কবিতা নর্জকীর ন্যায় অভিপ্রায়ের বাদ্য তালে ই'হার মানসর্প নাটাশালায় নিয়ত নৃত্য করিতেছে। ইনি কি গদ্য উভয় রচনা দ্বারা পাঠকবর্গের মনে আনন্দ বিতরণ করিয়া থাকেন।"

"ঠাকুরবংশীয় মহাশয়দিগের নামোল্লেখ করা বাহ্লা মাত্র, যেহেতু প্রভাকরের উল্লাতি সোভাগ্য প্রতিষ্ঠা প্রভৃতি যে কিছু তাহা কেবল ঐ ঠাকুরবংশের অন্ত্রহ দ্বারাই হইয়াছে। মৃত বাব্ব যোগেল্রমোহন ঠাকুর প্রথমতঃ ইহাকে স্থাপিত করেন। পরে বাব্ব কানাইলাল ঠাকুর ও গোপাল-লাল ঠাকুর, 'চন্দ্রকুমার ঠাকুর, 'নন্দলাল ঠাকুর, বাব্ব হরকুমার ঠাকুর, বাব্ব প্রসমকুমার ঠাকুর, মৃত্ব বাব্ব দাবকানাথ ঠাকুর, বাব্ব রমানাথ ঠাকুর, বাব্ব মদনমোহন চট্টোপাধ্যায়, বাব্ব মথ্রানাথ ঠাকুর, বাব্ব দেবেল্রনাথ ঠাকুর প্রভৃতি মহাশয়েরা আমাদিগের আশার অতীত কৃপা বিতরণ করিয়াছেন. এবং ই'হালিগের যঙ্গে অদ্যাপি অনেক মহাশয় আমাদিগের প্রতি যথোচিত ক্লেই করিয়া থাকেন।"

"এই প্রভাকরের প্রতি বাব্ গিরিশচন্দ্র দেব মহাশ্রের অত্যন্ত অনুগ্রহ জন্য আমরা অত্যন্ত বাধা আছি। বিবিধ বিদ্যাতংপর মহানুভব বাব্ কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায় মহাশয় প্রভাকরের প্রতি অতিশয় স্লেহ করতঃ ইহার সোভাগ্যবর্জন বিষয়ে বিপ্লল চেন্টা করিয়া থাকেন। বাব্রমাপ্রসাদ রায়, বাব্ কাশীপ্রসাদ ঘোষ, বাব্ মাধবচন্দ্র সেন, বাব্র রাজেন্দ্র দন্ত, বাব্ হরচন্দ্র লাহিড়া, বাব্ব অম্লদাপ্রসাদ বন্দ্যোপাধ্যায়, রায় বৈকৃষ্ঠনাথ চৌধ্রী, রায় হরিনারায়ণ ঘোষ প্রভৃতি মহাশয়েরা আমাদিগের পত্তে সমাদর করিয়া, উম্লতিকন্থে বিলক্ষণ যক্ত্রশীল আছেন।"

প্রভাকরের বর্ষ বৃদ্ধির সঙ্গে সঞ্চে লেখক এবং সাহায্যকারী সংখ্যা বৃদ্ধি হইতে থাকে। বঙ্গদেশের প্রায় সমস্ত সম্প্রান্ত জমীদার এবং কলিকাতার প্রায় সমস্ত ধনবান এবং কৃতবিদ্য ব্যক্তি প্রভাকরের গ্রাহক ছিলেন। মূল্যদানে অসমর্থ অনেক ব্যক্তিকে ঈশ্বরচন্দ্র বিনাম্ল্যে প্রভাকর দান করিতেন। তাহার সংখ্যাও ৩।৪ শত হইবে। উত্তর পশ্চিমাঞ্চল প্রভৃতি স্থানের প্রবাসী বাঙ্গালীগণও গ্রাহকশ্রেণীভুক্ত হইয়া নিয়ত স্থানীয় প্রয়োজনীয় সংবাদ পাঠাইতেন। সিপাহী-বিদ্রোহের সময়ে সেই সকল সংবাদদাতা সংবাদ প্রেরণে প্রভাকরের বিশেষ উপকার করেন। প্রভাকর এই সময়ে বাঙ্গালার সংবাদপত্রসম্বহের শীর্ষস্থান অধিকার করিয়া লয়।

১২৫৩ সালে ঈশ্বরচন্দ্র "পাষন্ডপণ্ডন" নামে একখানি পত্রের সৃণ্ডি করেন। ১২৫৯ সালের ১লা বৈশাখের প্রভাকরে সংবাদপত্রের ইতিবৃত্ত মধ্যে ঈশ্বরচন্দ্র লিখিয়া গিয়াছেন. "১২৫৩ সালের আষাঃ মাসের সপ্তম দিবসে প্রভাকর যন্তে পাষন্ডপণ্ডনের জন্ম হইল। ইহাতে প্রেব কেবল সর্ম্বজন-মনোরঞ্জন প্রকৃষ্ট প্রবন্ধপর্প্ত প্রকৃতিত হইত, পরে ৫৪ সালে কোন বিশেষ হেতুতে পাহন্ডপণ্ডন, পাষন্ডপণ্ডন করিয়া, আপনিই পাষন্ড হস্তে পণ্ডিত হইলেন। অর্থাৎ সণ্ডানাথ ঘোষ নামক জনৈক কৃত্যা ব্যক্তি যাহার নামে এই পত্র প্রচারিত হয়়, সেই অধান্মিক ঘোষ বিপক্ষের সহিত যোগদান করতঃ ঐ সালের ভাদ্র মাসে পাষন্ডপণ্ডনের হেড চুরি করিয়া পলায়ন করিল, স্ত্রাং আমাদিগের বন্ধুগণ তৎপ্রকাশে বিশ্বত হইলেন। ঐ ঘোষ উক্ত পত্র ভাষ্করের করে দিয়া পাতরে আছডাইয়া নন্ট করিল।"

সম্বাদ ভাষ্কর-সম্পাদক গোরীশঙ্কর তর্কবাগীশের সহিত ঈশ্বরচন্দ্রের অনেক দিন হইতেই মিত্রতা ছিল। ঈশ্বরচন্দ্র ১২৫৩ সালের হরা বৈশাখের প্রভাকরে লিখিয়া গিয়াছেন, "স্ক্রিখ্যাত পশ্ডিত ভাষ্কর-সম্পাদক তর্কবাগীশ মহাশয় প্রেব বন্ধ্ররূপে এই প্রভাকরের অনেক সাহাষ্য করিতেন, এক্ষণে সময়াভাবে আর সের্প পারেন না।"

১২৫৪ সালের ১লা বৈশাথের প্রভাকরে ঈশ্বরচন্দ্র পন্নরায় লেখন, "ভাষ্কর-সম্পাদক

ঈশ্বরচন্দ্র গ্রন্থের কবিতাসংগ্রহ—ভূমিকা

ভট্টাচার্য্য মহাশয় এইক্ষণে যে গ্রুর্তর কার্য্য সম্পাদন করিতেছেন, তাহাতে কি প্রকারে লিপি দ্বারা অক্ষং পত্রের আনুক্লা করিতে পারেন? তিনি ভাষ্কর পত্রকে অতি প্রশংসিত রুপে নিষ্পন্ন করিয়া বন্ধনণের সহিত আলাপাদি করেন, ইহাতেই তাহাকে যথেষ্ট ধন্যবাদ প্রদান করি। বিশেষতঃ সুখের বিষয় এই যে, সম্পাদকের যে যথার্থ ধম্ম, তাহা তাহাতেই আছে।"

এই ১২৫৪ সালেই তর্কবাগীশের সহিত ঈশ্ববচন্দ্রে বিবাদ আরম্ভ এবং ক্রমে প্রবল হয়। ঈশ্বরচন্দ্র "পাষণ্ডপীড়ন" এবং তর্কবাগীশ "রসরাজ" পত্র অবলম্বনে কবিতায়্দ্ধ আরম্ভ করেন। শেষে নিতান্ত অক্সলিতা, প্লানি, এবং কুংসাপ্র্ল কবিতায় পরস্পর পরস্পরকে আক্রমন করিতে থাকেন। দেশের সর্ব্বসাধারণে সেই লড়াই দেখিবার জন্য মন্ত হইয়া উঠে। সেই লড়াইয়ে ঈশ্বরচন্দ্রেরই জয় হয়।

কিন্তু দেশের রুচিকে বলিহারি! সেই কবিতা-যুদ্ধ যে কি ভয়ানক ব্যাপার, তাহা এবানকার পাঠকের বৃথিয়া উঠিবার সম্ভাবনা নাই। দৈবাধীন আমি এক সংখ্যা মাএ বসরাজ একদিন দেখিয়াছিলাম। চারি পাঁচ ছত্তের বেশী আর পড়া গেল না। মন্যাভাষা যে এত কদর্য্য হইতে পারে, ইহা অনেকেই জানে না। দেশের লোকে এই কবিতা-যুদ্ধে মুদ্ধ হঠযাছিলেন। বলিধান রুচি! আমার সমরণ হইতেছে, দুই পত্তের অশ্লীলতায় জন্মলাতন হইয়া, লং সাহেব অশ্লীলতা নিবারণ জন্য আইন প্রচারে যত্নবান ও কৃতকার্য্য হয়েন। সেই দিন হইতে অশ্লীলতা পাপ আব বড় বাঙ্গালা সাহিত্যে দেখা যায় না।

অনেকের ধারণা যে, এই বিবাদ স্তে উভয়ের মধ্যে বিষম শার্তা ছিল। সোঁচ এন। তকবাগাীশ গ্রেত্র পাঁড়ায শ্যাগত হইলে, ঈশ্বরচন্দ্র তাহাকে দেখিতে গিয়া বিশেষ আধানিত। প্রকাশ করেন। ঈশ্বরচন্দ্র যে সময়ে মৃত্যুশ্য্যায় পতিত হন তকবাগাঁশও সে সময়ে র্মেশ্যায় পতিত ছিলেন, স্তরাং সে সময়ে তিনি ঈশ্বরচন্দ্রকে দেখিতে আসিতে পারেন নাই। ঈশ্বরচন্দ্রের মৃত্যুর পর তকবাগাশ সেই র্মশ্য্যায় শ্য়ন করিয়া ভাস্ক্রে যাহা লিখিয়াছিলেন্ নিন্দ্র তাহা দেওয়া গেল.—

"প্রশ্ন। প্রভাকর-সম্পাদক ঈশ্বরচন্দ্র গু,প্ত কোথায়?

উত্তর। স্বগে ?

প্র। কবে গেলেন?

উ। গত শনিবার গঙ্গাযাত্রা কবিয়াছিলেন, বাত্তি দুই প্রহব এক ঘণ্টাকালে গমন কবিয়াছেন।

প্র। তাঁহার গঙ্গাযাত্রা ও মৃত্যুশোকের বিষয়, শনিবাসরীয় ভাগ্ধরে প্রকাশ হয় নাই কেন্দ্র

উ। কে লিখিবে? গোরীশ কর ভট্টাচায্য শ্যাগত।

প্র। কত দিন?

উ। এক মাস কুড়ি দিন। তিনি ঈশ্বরচন্দ্র গর্প্ত ও গৌরীশ কব ভট্টাচার্য) এই দ্রহিটি নাম দক্ষিণ হন্তে লইয়া বক্ষঃস্থলে রাথিয়া দিয়াছেন, যদি মৃত্যুম্ব হইতে রক্ষা পান তবে আপনার পীড়ার বিষয় ও প্রভাকর-সম্পাদকের মৃত্যুশোক স্বহস্তে লিখিবেন, আর যদি প্রভাকর-সম্পাদকের অনুগমন করিতে হয়, তবে উভয় সম্পাদকের জীবন বিবরণ ও মৃত্যুশোক প্রকাশ জগতে অপ্রকাশ রহিল।"

তকবোগীশ মহাশয়, ঈশ্বরচন্দ্রের মৃত্যুর ঠিক এক পক্ষ পরেই অর্থাৎ ১২৬৫ সালের ২১এ মাঘ প্রাণত্যাগ করেন।

পাষণ্ডপীডন উঠিয়া যাইলে, ১২৫৪ সালের ভাদ্র মাসে ঈশ্বরচন্দ্র "সাধ্রঞ্জন" নামে আর একখানি সাপ্তাহিক পত্র প্রকাশ করেন। এখানিতে তাঁহার ছাত্রমণ্ডলীর কবিতা ও প্রবন্ধ সকল প্রকাশ হইত। "সাধ্রঞ্জন" ঈশ্বরচন্দ্রের মৃত্যুর পর কয়েক বর্ষ পর্যান্ত প্রকাশ হইয়াছিল।

অলপ বয়স হইতেই ঈশ্বরচন্দ্র কলিকাতা এবং মফঃশ্বলের অনেকগ্নলি সভায় নিযুক্ত হইয়াছিলেন। তত্ত্ববাধিনী সভা, টাকীর নীতিতরঙ্গিণী সভা, দক্তিপাড়ার নীতিসভা প্রভৃতির সভ্যপদে নিযুক্ত থাকিয়া মধ্যে মধ্যে বক্তৃতা, প্রবন্ধ এবং কবিতা পাঠ করিতেন। তাঁহার সোভাগান্তমে তিনি আজিকার দিনে বাঁচিয়া নাই; তাহা হইলে সভার জনলায় ব্যতিব্যস্ত হইতেন। রামরঙ্গিণী, শ্যামতরঙ্গিণী, নববাহিনী, ভবদাহিনী প্রভৃতি সভার জনলায়, তিনি কলিকাতা ছাড়িতেন সন্দেহ নাই। কলিকাতা ছাড়িতেন সন্দেহ নাই। কলিকাতা ছাড়িতেন গ্রামরঞ্গিণী, ঘাটে ঘটসাধনী, জলে দেখিতেন, গ্রামে গ্রামরঞ্গিণী সভা, হাটে হাটভঞ্জিনী, মাঠে মাঠসগ্যারিণী, ঘাটে ঘটসাধনী, জলে

জলতরঙ্গিণী, স্থলে স্থলশায়িনী, খানায় নিখাতিনী, ডোবায় নিমান্জনী, বিলে বিলবাসিনী, এবং মাচার নীচে অলাব,সমাহারিণী সভা সকল সভ্য সংগ্রহের জন্য আকুল হইয়া বেড়াইতেছে।

সে কাল আর এ কালের সন্ধিস্থানে ঈশ্বর গুনুপ্তের প্রাদ্বর্ভাব। এ কালের মত তিনি নানা সভার সভা, নানা স্কুল কমিটির মেন্বার ইত্যাদি ছিলেন—আবার ও দিকে কবির দলে. হাফ আখড়াইরের দলে গান বাঁধিতেন। নগর এবং উপনগরের সথের কবি এবং হাফ আখড়াই দলসমুহের সংগীতসংগ্রামের সময় তিনি কোন না কোন পক্ষে নিযুক্ত হইয়া সংগীত রচনা করিয়া দিতেন। অনেক স্থলেই তাঁহার রচিত গীত ঠিক উত্তর হওয়ায় তাঁহারই জয় হইত। সথের দলসমূহ সন্ধাগ্রে তাঁহাকেই হস্তগত করিতে চেন্টা করিত, তাঁহাকে পাইলে আর অন্য কবির আশ্রম লইত না।

সন ১২৫৭ সাল হইতে ঈশ্বরচন্দ্র একটি ন্তন অনুষ্ঠান করেন। নববর্ষে অথাং প্রতি বর্ষের ১লা বৈশাখে তিনি স্বীয় বন্দারে একটি মহতী সভা সমাহতে করিতে আরম্ভ করেন। সেই সভায় নগর, উপনগর, এবং মফস্বলের প্রায় সমস্ভ সম্ভান্ত লোক এবং সে সময়ের সমস্ভ বিদ্বান ও ব্রাহ্মণ পন্ডিতগণ আমন্তিত ইইয়া উপস্থিত ইইতেন। কলিকাতার ঠাকুরবংশ, মিল্লকবংশ, দেন্তবংশ, শোভাবাজারের দেববংশ প্রভৃতি সমস্ত সম্ভান্ত বংশের লোকেরা সেই সভায় উপস্থিত হইতেন। বাব্ব দেবেন্দ্রনাথ ঠাকুর প্রভৃতির ন্যায় মান্যগণ্য ব্যক্তিগণ সভাপতির আসন গ্রহণ করিতেন। ঈশ্বরচন্দ্র স্বাত্তায় মন্যোরম প্রবন্ধ এবং কবিতা পাঠ করিয়া, সভাস্থ সকলকে তৃষ্ট করিতেন। পরে ঈশ্বরচন্দ্রের ছাত্রগণের মধ্যে যাহাদিগের রচনা উৎকৃত্ট ইইত, তাঁহারা তাহা পাঠ করিতেন। যে সেকল ছাত্রের রচনা উৎকৃত্ট ইইত, তাঁহারা নগদ অর্থ প্রক্রকার বর্ষে পাইতেন। নগর ও মফস্বলের অনেক সম্ভান্তলোক ছাত্রদিগকে সেই প্রক্রকার দান করিতেন। সভাভক্রের পর ঈশ্বরচন্দ্র সেই আমন্ত্রিত প্রায় চারি পাঁচ শত লোককে মহাভোজ দিতেন।

প্রাত্যহিক প্রভাকরের কলেবর ক্ষান্ত, এবং তাহাতে সম্পাদকীয় উক্তি এবং সংবাদাদি পর্যাপ্ত পরিমাণে প্রদান করিতে হইত, এজন্য ঈশ্বরুদ্র তাহাতে মনের সাধে কবিতা লিখিতে পারিতেন না। সেইজন্যই তিনি ১২৬০ সালের ১লা তারিথ হইতে এক একখানি স্থ্লকায় প্রভাকর প্রতি মাসের ১লা তারিথে প্রকাশ করিতেন। মাসিক প্রভাকরে নানাবিধ খণ্ড কবিতা বাতীত গদ্য-পদ্যপূর্ণ গ্রন্থও প্রকাশ করিতে থাকেন।

প্রভাকরের দ্বিতীয় বার অভ্যুদয়ের কয়েক বর্ষ পর হইতেই ঈশ্বরচন্দ্র দৈনিক প্রভাকর সম্পাদনে ক্ষান্ত হয়েন। কেবল মধ্যে মধ্যে কবিতা লিখিতেন এবং বিশেষ রাজনৈতিক বা নামাজিক কোন ঘটনা হইলে, তৎসম্বন্ধে সম্পাদকীয় উক্তি লিখিতেন। সহকারী সম্পাদক নাব্ব শ্যামাচরণ বন্দ্যোপাধ্যায় সমস্ত কার্য্য সম্পাদন করিতেন। মাসিক পর স্ভিটর পর হইতে ঈশ্বরচন্দ্র বিশেষ পরিশ্রম করিয়া, তাহা সম্পাদন করিতেন। শেষ অবস্থায় ঈশ্বরচন্দ্রের দেশ-পর্যাটনে বিশেষ অনুরাগ জন্মে। সেই জন্যই তিনি সহকারীব হস্তে সম্পাদকভার দান করিয়া, পর্যাটনে বহির্গত হইতেন। কলিকাতায় থাকিলে, অধিকাংশ সময়ে উপনগনের কোন উদ্যানে বাস করিতেন।

শারদীয়া প্জার পর জলপথে প্রায়ই ভ্রুমণ বহিগত হইতেন। তিনি প্রেবাঙ্গালা ভ্রমণে বহিগত হইয়া, রাজা রাজবঙ্গালের কীতিনাশ দর্শনে কবিতা প্রণয়নপ্রের প্রভাশ করেন। আদিশ্রের বজ্ঞস্থলের ইতিব্তও প্রকাশ করিয়াছিলেন। গোড় দর্শনি করিয়া তাহার ধরংসাবশেষ সন্বন্ধে কবিতা রচনা করেন। গয়া, বারানসী, প্রয়াগ প্রভৃতি প্রদেশ ভ্রমণে বর্ষাধিক কাল অতিবাহিত করেন। তিনি যেখানে যাইতেন, সেইখানেই সমাদর এবং সন্মানের সহিত গ্রহীত হইতেন। যাঁহারা তাহাকে চিনিতেন না, তাহারাও তাহার মিন্টভাষিতায় মুদ্ধ হইয়া আদর করিতেন। এই ভ্রমণস্ত্রে স্বদেশের সকল প্রান্তের সন্ভ্রান্ত লোকের সহিতই তাহার আলাপ পরিচয় এবং মিরতা হইয়াছিল। তাহাকে প্রাপ্ত হইয়া, মফ্স্বলের ধনবান জমীদারগণ মহানন্দ প্রকাশ করিতেন এবং অ্যাচিত হইয়া পাথেয়ন্বর্র্গ পর্য্যাপ্ত অর্থ এবং নানাবিধ ম্লাবান দ্বা উপহার দিতেন। যাঁহার সহিত একবার আলাপ হইত, তিনিই ঈশ্বরচন্দের মিরতা-শৃত্থলে আবদ্ধ হইতেন। মিন্টভাষিতা এবং সরলতার দ্বারা তিনি সকলেরই হদয় হরণ করিতেন। ভ্রমণকালে কোন অপরিচিত স্থানে নোকা লাগিলে, তীরে উঠিয়া পথে যে সকল বালককে খেলিতে দেখিতেন, তাহাদিগের সহিত আলাপ করিয়া, তাহাদিগের বাটীতে যাইতেন। তাহাদিগের

ঈশ্বরচন্দ্র গ্রপ্তের কবিতাসংগ্রহ—ভূমিকা

বার্টীতে লাউ, কুমড়া প্রভৃতি কোন ফল মলে দেখিতে পাইলে চাহিয়া আনিতেন। ইহাতে কোন হীনতা বোধ করিতেন না। বালকদিগের অভিভাবকগণ শেষে ঈশ্বরচন্দ্রের পরিচয় প্রাপ্ত হইলে, বথাসাধ্য সমূদ্র করিতে বুটি করিতেন না। ভ্রমণকালে বালকদিগকে দেখিতে পাইলে, তাহাদিগকে ডাকিয়া গান শুনিতেন এবং সকলকে প্রসা দিয়া তৃষ্ট করিতেন।

প্রচান কবিদিগের অপ্রকাশিত লুপ্তপ্রায় কবিতাবলী, গাঁত, পদাবলী এবং তৎসহ তাহাদিগের জীবনী প্রকাশ করিতে অভিলাষী হইনা ঈশ্বরচন্দ্র ক্রমাগত দশ্বর্ষ কাল নানা স্থান পর্য্যটন, এবং যথেন্ট প্রম করিয়া শেষ সে বিষয়ে সফলতা লাভ কবেন। বাঙ্গালীভাতির মধ্যে ঈশ্বরচন্দ্রই এ বিষয়ের প্রথম উদ্যোগী। সম্বাদৌ ১২৬০ সালের ১লা পৌষের মাসিন প্রভাকরে ঈশ্বরচন্দ্র বহুক্টে সংগৃহাত রামপ্রসাদ সেনের তীবনী ও তৎপ্রণীত কালীকীভাগ ও ক্ষকাত্তিন" প্রভৃতি বিষয়ক অনেকগ্লি লুপ্তপ্রায় গাঁত এবং পদাবলী প্রকাশ করেন। হৎপরে পর্য্যায়ক্রমে প্রতি মাসের প্রভাক্তর রামনিধি সেন (নিধ্বাব্), হরঠাকুর, রাম বস্, নিভাগোন বৈরাগাঁ, লক্ষ্মীকান্ত বিশ্বাস বাস্ত্র ও ন্সিংহ এবং আবও কয়েক জন প্রাচীন খ্যাতনামা কশ্বি জাবনচারত, গাঁত এবং পদাবলী প্রকাশ করেন। সেগ্যলি স্বত্তর প্রস্তুব্যকারে প্রকাশ করিয়া যাইতে পারেন নাই।

মৃত কবি ভারতচন্দ্র রান্দের জীবনী এবং তংপ্রণীত অনেক ল,প্রপ্রায় কি তা এবং পদাবলী বহুপরিশ্রমে সংগ্রহ করিয়া, সন ১২৬২ সালের ১লা লৈনেওটা প্রভাবনে প্রকাশ করেন। সেই সনের আষাঢ় মাসে তাহা স্বতন্ত্র প্রকাকানে প্রকাশ করেন। ২০।ই ঈশ্বরচন্দেন প্রথম প্রস্তুক প্রকাশ।

১২৬৪ সালের ১লা বৈশাখেন প্রভাকরে "প্রনোধ প্রভাকর" নামে গ্রন্থ প্রকাশারস্ত হইনা, সেই সনের ১লা ভাদ্রে তাহা শেষ হয়। পদ্মলোচন নাায়রত্ব সেই পল্পুক প্রণান কালে তাহার বিশেষ সহায়তা করেন। উক্ত সনের ১লা চৈতে প্রনোধ প্রভাকর" স্বতন্ত্র পল্পুকাকারে প্রকাশ হয়।

তংপরে প্রতি মাসের মাসিক প্রভাকব ক্রমাণ্বরে "হিতপ্রভাকর" এবং "বোধেন্দ্বিকাশ" প্রকাশ ও সমাপ্ত করেন। ঈশ্ববচন্দ্র নিজে তাহা স্বতন্ত পুস্তকাকারে প্রকাশ করিয়া যাইতে পারেন নাই। তাঁহার অনুজ বাবু রামচন্দ্র গুনুপ্ত পরে পুস্তুকাকারে "হিতপ্রভাকর" ও "বোধেন্দ্র্বিকাশে"ব প্রথম খন্ড প্রকাশ করেন। তিনখানি পুস্তকেরই দ্বিতীয় খন্ড অপ্রকাশিত আছে।

কয়েকটি ক্ষ্মুদ্র ক্ষ্মুদ্র উপন্যাস এবং নীতিবিষ্ণক অনেকগালি কবিতা 'নীতিহান" নামে প্রভাকরে প্রকাশ করেন।

১২৬৫ সালের মাঘ মাসের মাসিক প্রভাকর সম্পাদনের পর ঈশ্বরচন্দ্র শ্রীমন্তাগব্যতন বাসাল। কবিতায় অনুবাদ আরম্ভ করিয়াছিলেন। মঙ্গলাচন্দ এবং প্রবন্তী ক্রেকটি শ্লোকের অনুবাদ করিয়াই তিনি মৃত্যুশ্য্যায় শ্য়ন করেন।

অবিশ্রান্ত মন্ত্রিক চালনাস্ত্রে মধ্যে মধ্যে ঈশ্রচন্দ্রের স্বাস্থ্য ভঙ্গ হইত। সেই জন্যই মধ্যে জলপথে এবং স্থলপথে শ্রমণ করিয়া বেড়াইতেন। ১২৬০ সাল হইতে ঈশ্রচন্দ্রের শ্রম বৃদ্ধি হয়। মাসিক পত্র সম্পাদন এবং উপর্য্যুপবি কয়্তথানি গ্রন্থ এই সমস্থাইত লিখেন। কিন্তু এই সময়্টিই তাহার জীবনের মধ্যাক্ষলাক্ষ্ববৃপ সাম্ভত্ত ল।

১২৬৫ সালের মাসেক প্রভাকর সম্পাদন করিয়াই ঈশ্বরচন্দ্র জ্বররোগে আক্রান্ত হয়ে। দেব তাহা বিকারে পরিণত হয়। উক্ত সনের ৮ই মাঘের প্রভাকবের সম্পাদকীয় উজিতে নিম্নালিখিত কথা প্রকাশ হয়:—

"অদ্য করেক দিনস হইতে আমাদিগের সর্ধ্বাধ্যক্ষ কনিকুলকেশরী শ্রীষ্কু বাব; ঈশ্ববচন্দ্র গ্রন্থ মহাশয় জনুরবিকার রোগান্ধান্ত হইয়া শ্যাগত আছেন। শারীরিক প্লানি যথেত হইয়াছিল, সদ্পযুক্ত গ্লযুক্ত এতদেশীয় বিখ্যাত ডাক্তার শ্রীষ্ক্ত বাব; গোবিন্দচন্দ্র গ্রন্থ শ্রীষ্ক্ত বাব; দুর্গাচরণ বন্দ্যোপাধ্যায় প্রভৃতি মহোদয়েরা চিকিৎসা করিতেন। তন্দ্রারা শারীরিক প্লানি অনেক নিব্তি পাইয়াছে। ফলে এক্ষণে রোগ নিঃশেষ হয় নাই।"

ঈশ্বরচন্দ্রের রোগের সংবাদ প্রকাশ হইবামাত্র দেশের সকলেই উদ্বিগ্ন হইয়া উঠেন। কলিকাতার সম্ভ্রান্ত লোকেরা এবং মিত্রমণ্ডলী দুঃখিতান্তকরণে ঈশ্ববচন্দ্রকে দেখিতে যান। অনেকে বহ্ন্দ্রণ প্রযান্ত ঈশ্বরচন্দ্রের নিকট অবস্থান, তত্ত্বাবধান এবং চিকিৎসা বিষয়ে প্রামর্শ দান করিতে থাকেন।

र्वाष्क्रम त्रुठनावनी

ঈশ্বরচন্দ্রের পণীড়ায় সাধারণকে নিতান্ত উদ্বিগ্ন এবং বিশেষ বিবরণ জ্ঞানিবার জন্য আগ্রহ প্রকাশ করিতে দেখিয়া, প্রদিনের অর্থাৎ ৯ই মাঘের প্রভাকরে তাঁহার অবস্থার ও চিকিৎসার বিবরণ প্রকাশিত হয়।

তৎপর্রাদন অর্থাৎ ১০ই মাঘের প্রভাকরে তাহার পর বৃত্তান্ত লিখিত হয়। পীড়ায় সকল মন্ধ্যেরই দ্বংখ সমান—সকল চিকিৎসকেরই বিদ্যা সমান এবং সকল ব্যাধিরই পরিণাম শেষ এক। অতএব সে সকল কিছুই উদ্ধৃত করিবার প্রয়োজন দেখি না।

১০ই মাঘ শনিবারে ঈশ্বরচন্দের জীবনাশা ক্ষীণ হইয়া আসিলে, হিন্দ্পপ্রথামত তাঁহাকে গঙ্গাযাতা করান হয়। ১২ই মাঘ সোমবারের প্রভাকরে ঈশ্বরচন্দ্রে অনুজ রামচন্দ্র লেখেন.—

"সংবাদ প্রভাকরের জন্মদাতা ও সম্পাদক আমার সহাদর প্রমপ্তাবর 'ঈশ্বরচন্দ্র গাপ্ত মহোদর গত ১০ই মাঘ শানবার রজনী অনুমান দুই প্রহর এক ঘটিকা কালে ভাগারিথীতীরে নীরে সজ্ঞানে অনবরত ধ্বীয়াভিন্টদেব ভগবানের নাম উচ্চারণ প্রবাক এতন্মায়ামর কলেবর পরিত্যাগ পু.ধ্বাক পরলোকে পরমেশ্বর সাক্ষাৎকারে গমন করিয়াছেন।"

এক্ষণে স্পান্ধরচন্দ্রের চরিত্র সম্বন্ধে দুই একঢা কথা বলিষা এই পরিচ্ছেদ শেষ করিব। ঈশ্বরচন্দ্রের ভাগ্য তাঁহার স্বহস্তুগঠিত।

তিনি কলিকাতার আগমন করিয়া, অন্জ রামচন্দ্রের সহিত পরামে প্রতিপালিও হইয়াছিলেন। একদা সেই সময়ে রামচন্দ্রেকে বলিয়াছিলেন. "ভাই, আমাদিগের মাসিক ৪০, টাকা আয় হইলে, উত্তমর্পে চলিবে।" শেষ প্রভাকরের উন্নতির সঙ্গে সঙ্গে ঈশ্বরচন্দ্রের দৈন্দশা বিদ্বিরত হইয়া, সম্ভ্রান্ত ধনবানের ন্যায় আয় হইতে থাকে। প্রভাকর হইতেই অনেক টাকা আসিত। তদ্বাতীত সাধারণের নিকট হইতে সকল সম্থেই বৃত্তি প্রভৃতি প্রাপ্ত হইতেন। একদা অনুজ রামচন্দ্রকে অর্থোপার্জনে উদাসীন দেখিয়া বলিয়াছিলেন "আমি এক দিন ভিক্ষা করিতে বাহির হইলে, এই কলিকাতা হইতেই লক্ষ্ক টাকা ভিক্ষা ক্রিয়া আনিতে পারি, তোর দশা কি হইবে?" বাস্তিবিক দশ্বরচন্দ্রের সেইরপে প্রতিপত্তি হইযাছিল।

অথের প্রতি ঈশ্বরচন্দ্রের কিছ্মাত্র মমতা ছিল না। পাত্রাপাত্র ভেদ জ্ঞান না করিয়া সাহাযা-প্রাথি মাত্রকেই দান করিবেন। রান্ধণ পশ্চিতগণ প্রতিনিয়তই তাঁহার নিকট যাতায়াত করিতেন, ঈশ্বরচন্দ্রও তাঁহাদিগকে নির্মামত বার্ষিক বৃত্তি দান বাতীত সময়ে সময়ে অর্থসাহায্য করিতেন। পরিচিত বা সামান্য পরিচিত ব্যক্তি, ঋণ প্রার্থনা করিলে, তম্পশ্চেই তাহা প্রদান করিতেন। কেহ সে ঋণ পরিশোধ না করিলে, তাহা আদায় জন্য ঈশ্বরচন্দ্র চেন্টা করিতেন না। এই স্ত্রে তাঁহার অনেক অর্থ পরহন্তগত হয়। সমধিক আয় হইতে থাকিলেও তাহার রীতিমত কোন হিসাবপত্র ছিল না। বায় করিয়া যে সময়ে যত টাকা বাঁচিত, তাহা কলিকাতার কোন না কোন ধনী লোকের নিকট রাখিয়া দিতেন। তাহার রিসদপত্র লইতেন না। তাঁহার মৃত্যুর পর অনেক বড়লোক (!!) সেই টাকাগ্রনিল আত্মসাৎ করেন। রিসদ অভাবে তদীয় ভ্রাতা তৎসমস্ত আদায় করিতে পারেন নাই।

ঈশ্বরচন্দ্রের বাটীর দ্বার অবারিত ছিল। দুই বেলাই ক্রমাগত উন্দুন জর্বালত, যে আসিত, সেই আহার পাইত। তিনি প্রায় মধ্যে মধ্যে ভোজের অন্ত্রান করিয়া, আত্মীয় মিত্র এবং ধর্নী লোকদিগের আহার করাইতেন।

ঈশ্বরচন্দ্র প্রতি বৎসর বাঙ্গালার অনেক সন্দ্রান্ত লোকের নিকট হইতে মূল্যবান শাল উপং । পাইতেন। তৎসমন্ত গাঁটার বাঁধা থাকিত। একদা একজন পরিচিত লোক বাললেন, 'শাল গুলা ব্যবহার করেন না. পোকায় কাটিবে. নন্ট হইয়া যাইবে কেন; বিক্রয় করিলে, অনেক টাকা পাওয়া যাইবে। আমাকে দিউন, বিক্রয় করিয়া টাকা আনিয়া দিব।" ঈশ্বরচন্দ্র তাহার কথায় বিশ্বাস করিয়া করেক শত টাকা মূল্যের এক গাঁটার শাল তাহাকে দিলেন। কিন্তু সেব্যক্তি আর টাকাও দেয় নাই, শালও ফিরিয়ের দেয় নাই, ঈশ্বরচন্দ্রও তাহার আর কোন তত্ত্বও লয়েন নাই।

ঈশ্বরচন্দ্র গর্প্ত বাল্যকালে যদিও উদ্ধাত. অবাধ্য এবং স্বেচ্ছান্ত্রক্ত ছিলেন, বয়োব্দ্ধিসহকারে সে সকল দোষ যায়। তিনি সদাই হাস্যবদন; মিষ্ট কথা, রসের কথা, হাসির কথা নিয়তই মূথে লাগিয়া থাকিত। রহস্য এবং বাঙ্গ তাঁহার প্রিয় সহচর ছিল। কপটতা, ছলনা, চাতুরী জানিতেন না। তিনি সদালাপী ছিলেন। কথায় হউক, বকুতায় হউক, বিবাদে হউক, কবিতায়

ঈশ্বরচন্দ্র গ্রেপ্তর কবিতাসংগ্রহ—ভূমিকা

হউক, গীতে হউক, লোককে হাসাইতে বিলক্ষণ পট্ব ছিলেন। সামান্য বালক হইতে বৃদ্ধ পর্যান্ত সকলের সহিত সমান ব্যবহার করিতেন। শুলুরাও তাঁহার ব্যবহারে মুদ্ধ হইত।

চরিত্রটি সম্পূর্ণ নিম্পোষ ছিল না। পানদোষ ছিল। প্রকাশ আছে যে, যে সময় তিনি স্বরাপান করিতেন, সে সময়ে লেখনী অনর্গল কবিতা প্রসব করিত। যে কোন শ্রেণীর যে কোন পরিচিত বা অপরিচিত ব্যক্তি যে কোন সময়ে তাঁহাকে যে কোন প্রকার কবিতা, গীত বা ছজ় প্রস্তুত করিয়া দিতে অন্বরোধ করিত, তিনি আনন্দের সহিত তাঁহাদিগের আশা পূর্ণ করিতেন। কাহাকেও নিরাশ করিতেন না।

ঈশ্বরচন্দ্র প্নঃ পান্নঃ আপন কবিতায় প্রীকার করিয়াছেন, তিনি স্বরাপান করিতেন।—
এক (১) দ্বই (২) তিন (৩) চারি (৪) ছেড়ে দেহ ছয় (৬)।
পাঁচেরে (৫) করিলো হাতে রিপ্ন রিপ্ন নয়॥
তঞ্চ ছাড়া পঞ্চ সেই অতি পরিপাটি।
বাব্ সেজে পাটির উপরে রাখি পাটি॥
পাত্র হোয়ে পাত্র পেয়ে ঢোলে মারি কাটি।
ঝোলমাখা মাছ নিয়া চাটি দিয়া চাটি॥

তিনি সুরাপান করিতেন, এজন্য লোকে নিন্দা করিত। তাই ঈশ্বর গ্রন্থ মধ্যে মধ্যে কবিতায় তাহাদিগের উপর ঝাল ঝাড়িতেন। ঋতু কবিতার মধ্যে পাঠক এই সংগ্রহে দেখিতে পাইবেন। যথন ঈশ্বর গ্রপ্তের সঙ্গে আমার পরিচয়, তখন আমি বালক, স্কুলের ছাত্র, কিন্তু তথাপি ঈশ্বর গ্রন্থ আমার স্মৃতিপথে বড় সম্ভেরল। তিনি স্প্রেষ, স্ফার কান্তিবিশিন্ট ছিলেন। কথার স্বর বড় মধ্রে ছিল। আমরা বালক বলিয়া আমাদের সঙ্গে নিজে একটা গম্ভীরভাবে কথাবার্ত্তা কহিতেন—তাঁহার কতকগ্মলা নন্দীভূঙ্গী থাকিত—রসাভাসের ভার তাহাদের উপর পড়িত। ফলে তিনি রস ব্যতীত এক দণ্ড থাকিতে পারিতেন না। স্বপ্রণীত কবিতাগালি পাড়িয়া শুনাইতে ভাল বাসিতেন। আমরা বালক হইলেও আমাদিগকেও শুনাইতে ঘূলা করিতেন না। কিন্তু হেমচন্দ্র প্রভৃতির ন্যায় তাঁহার আবৃত্তিশক্তি পরিমান্ত্রিত ছিল না। যাহার কিছ্ম রচনাশক্তি আছে. এমন সকল যুবককে তিনি বিশেষ উৎসাহ দিতেন, তাহা প্রের্বে বলিয়াছি। কবিতা রচনার জন্য দীনবন্ধকে, দ্বারকানাথ অধিকারীকে এবং আমাকে একবার প্রাইজ দেওয়াইয়াছিলেন। দ্বারকানাথ অধিকারী কৃষ্ণনগর কলেজের ছাত্র—তিনিই প্রথম প্রাইজ পান। তাঁহার রচনাপ্রণালীটা কতকটা ঈশ্বর গুপ্তের মত ছিল—সরল স্বচ্ছ-দেশী কথায়, দেশী ভাব তিনি ব্যক্ত করিতেন। অলপ বয়সেই তাঁহার মৃত্যু হয়। জীবিত থাকিলে বোধ হয় তিনি একজন উৎকৃষ্ট কবি হইতেন। দ্বারকানাথ, দীনবন্ধ, ঈশ্বরচন্দ্র, সকলেই গিয়াছেন—তাঁহাদের কথাগুলি লিখিবার জন্য আমি আছি।

স্রাপান কর্ন, আর পাঁটার স্তোত্ত লিখন, ঈশ্বরচন্দ্র বিলাসী ছিলেন না। সামান্য বেশে, সামান্য ভাবে অবস্থান করিতেন। যথেণ্ট অর্থ থাকিলেও ধনী ব্যক্তির উপযোগী সাজসম্জা কিছুই করিতেন না। বৈঠকখানায় একখানি সামান্য গালিছা বা মাদ্র পাতা থাকিত, কোন প্রকার আসবাব থাকিত না। সম্ভ্রান্ত লোকেরা আসিয়া তাহাতে বসিয়াই ঈশ্বরের সহিত আলাপ করিয়া তৃপ্ত হইয়া যাইতেন।

তৃতীয় পরিচ্ছেদ—কবিত্ব

ঈশ্বর গত্বপ্ত কবি। কিন্তু কি রকম কবি?

ভারতবর্ষে প্রেব জ্ঞানীমান্তকেই কবি বলিত। শাদ্রবেক্তারা সকলেই "কবি"। ধর্ম্মশাদ্র-কারও কবি, জ্যোতিষশাদ্রকারও কবি।

তার পর কবি শব্দের অর্থের অনেক রকম পরিবর্ত্তন ঘটিয়াছে। "কাব্যেষ্ট্র মাঘঃ কবিঃ কালিদাসঃ" এখানে অর্থটা ইংরেজি Poet শব্দের মত। তার পর এই শতাব্দীর প্রথমাংশে

(১) কাম, (২) ক্রোধ, (৩) লোভ, (৪) মোহ, (৬) মাৎসর্য্য, (৫) মদ। "রিপত্নর্রপ্ত নয়" অর্থাৎ "মদ" শব্দ এখানে রিপত্ন অর্থে ব্রিধবে না।

"কবির লড়াই" হইত। দুই দল গায়ক জর্টিয়া ছন্দোবন্ধে পরস্পরের কথার উত্তর প্রত্যুত্তর দিতেন। সেই রচনার নাম "কবি"।

আবার আজকাল কবি অথে Poet, তাহাকে পারা যায়, কিন্তু "কবিদ্ব" সম্বন্ধে আজকাল বড় গোল। ইংরেজিতে যাহাকে Poetiy বলে, এখন তাহাই কবিদ্ব। এখন এই অর্থ প্রচলিত, সতেরাং এই অর্থে ঈশ্বর গ্রন্থে কবি কি না আমরা বিচার করিতে বাধ্য।

পাঠক বাধ হয় আমার কাছে এমন প্রত্যাশা করেন না যে, এই কবিত্ব কি সামগ্রী, তাহা আমি ব্রাইতে বিসব। অনেক ইংরেজ বাঙ্গালী লেথক সে চেন্ডা করিয়াছেন। তাঁহাদের উপর আমার বরাত দেওয়া রহিল। আমার এই মাত্র বক্তব্য যে, সে অর্থে ঈশ্বর গুলুকে উচ্চাসনে বসাইতে সমালোচক সম্মত হইবেন না। মন্যা-হদয়ের কোমল, গল্ভীর, উন্নত, অস্ফুট ভাবগর্লি ধরিয়া তাহাকে গঠন দিয়া, অব্যক্তকে তিনি বাজ করিতে জানিতেন না। সৌন্দর্যাস্থিতে তিনি তাদ্শ পট্ই ছিলেন না। তাঁহার স্থিই বড় নাই। মধ্স্দ্দন, হেমচন্দ্র, নবীনচন্দ্র, রবীন্দ্রনাথ ইংহারা সকলেই এ কবিত্বে তাঁহার অপেক্ষা শ্রেণ্ডা প্রাত্তিক্র নায় হীরামালিনী গড়িবার তাঁহার ক্ষমতা ছিল না; কাশীরামের মত স্ভেল্ডাহরণ কি শ্রীবংসচিন্তা, কীর্তিবাসের মত তরণীদেন বধ, ম্কুন্দরামের মত ফ্রেরা গড়িতে পারিতেন না। বৈষ্ণব কবিদের মত বীণায় ঝঙকার দিতে জানিতেন না। তাঁহার কাব্যে স্কুন্দর কর্ণ, প্রেম এ সব সামগ্রা বড় বেশী নাই। কিন্তু তাঁহার যাহা আছে, তাহা আর কাহারও নাই। আপন আধিকারের ভিতর তিনি রাজা।

সংসারের সকল সামগ্রী কিছু ভাল নহে। যাহা ভাল, তাও কিছু এত ভাল নহে যে, তার অপেন্দা ভাল আমরা কামনা করি না। সকল বিষয়েই প্রকৃত অবস্থার অপেন্দা উৎকর্ম আমরা কামনা করি। সে উৎকর্মের আদর্শ সকল, আমাদের হৃদযে অস্কুট রকম থাকে। সেই আদর্শ ও সেই কামনা, কবিব সামগ্রী। যিনি তাহা হৃদয়গ্রম করিয়াছেন, তাহাকে গঠন দিয়া শরীরী করিয়া, আমাদের হৃদযগ্রাহী করিয়াছেন সচরাচের তাহাকেই আমরা ববি বলি। মধ্সদ্দর্নাদ তাহা পারিয়াছেন, ঈশ্বরচন্দ্র তাহা পারেন নাই বা করেন নাই, এই জন্য এই অর্থে আমরা মধ্সদ্দর্নাদিকে শ্রেষ্ঠ কবি বলিয়া, ঈশ্বরচন্দ্রকে নিন্দ্রগ্রেণীতে ফেলিয়াছি। কিন্তু এইখানেই কিকবিন্ধের বিচার শেষ হইল? কাব্যের সামগ্রী কি আর কিছু রহিল না?

রহিল বৈকি। যাহা আদর্শ, যাহা কমনীয়, যাহা আকাঞ্চিত, তাহা কবির সামগ্রী। কিন্তু যাহা প্রকৃত, যাহা প্রত্যক্ষ, যাহা প্রাপ্ত, তাহাই বা নয় কেন? তাহাতে কি কিছ্নু রস নাই? কিছ্নু সৌন্দর্যা নাই? আছে বৈকি? ঈশ্বর গর্প্ত, সেই রসে রসিক, সেই সৌন্দর্য্যের কবি। যাহা আছে, ঈশ্বর গ্রপ্ত তাহার কবি। তিনি এই বাঙ্গালা সমাজের কবি। তিনি কলিকাতা সহরের কবি। তিনি বাঙ্গালার গ্রাম্যদেশের কবি। এই সমাজ, এই সহর, এই দেশ বড় কাবাময়। অন্যেতাহাতে বড় রস পান না। তোমরা পৌষপার্বাণে পিটাপর্নুলি খাইয়া অজীর্ণে দ্বঃখ পাও, তিনি তাহার কাব্যরস্ট্রক্ সংগ্রহ করেন। অন্যে নবর্বে মাংস চিবাইয়া, মদ গিলিয়া, গাঁদাফ্লুল সাজাইয়া কন্ট পায়, ঈশ্বর গর্প্ত মক্ষিকাবং তাহার সারাদান করিয়া নিজে উপভোগ করেন, অন্যকেও উপহার দেন। দ্বিত্শিকর দিন, তোমরা মাতা বা শিশ্বর চক্ষে অগ্রন্থবিদ্ধন্থেশী সাজাইয়া মন্তাহারের সঙ্গে তাহার উপমা দাও – তিনি চালেব দর্বিট কষিয়া দেখিয়া তার ভিতর একট্র রস পান।

মনের চেলে মন ভেঙ্গেচে ভাঙ্গা মন আর গড়ে না কো।

তোমরা স্বাদরীগণকে প্রেপাদ্যানে বা বাতায়নে বসাইয়া প্রতিমা সাজাইয়া প্রজা কর, তিনি তাহাদের রায়াঘরে, উন্ন গোড়ায় বসাইয়া, শাশ্ড়ী ননদের গঞ্জনায় ফেলিয়া, সতোর সংসাদেব এক রকম খাঁটি কাব্যরস বাহির করেন;—

বধ্র মধ্র খান. মুখশতদল। সলিলে ভাসিযা যায়, চক্ষ্ম ছল ছল।

ঈশ্বর গ্রপ্তের কাব্য চালের কাঁটায়, রামাঘরের ধ'্রায়, নাট্ররে মাঝির ধর্জির ঠেলায়, নীলের দাদনে, হোটেলের খানায়, পাঁটার অন্থিন্থিত মঙ্জায়। তিনি আনারসে মধ্র রস ছাড়া কাব্যরস পান, তপ্সে মাছে মৎস্যাভাব ছাড়া তপস্বীভাব দেখেন, পাঁটার বোকাগন্ধ ছাড়া একট্ন দধীচির

ঈশ্বরচন্দ্র গুপ্তের কবিতাসংগ্রহ—ভূমিকা

গায়ের গন্ধ পান। তিনি বলেন, "তোমাদের এদেশ, এ সমাজ বড রক্তভরা। তোমরা মাথা কুটাকুটি করিয়া দূর্গোৎসব কর, আমি কেবল তোমাদের রঙ্গ দেখি—তোমরা এ ওকে ফাঁকি দিতেছ এ ওর কাছে মেকি চালাইতেছ, এখানে কাষ্ঠ হাসি হাস, ওখানে মিছা কাম্না কাঁদ, আমি তা বসিয়া বসিয়া দেখিয়া হাসি। তোমরা বল. বাঙ্গালীর মেয়ে বড় স্কুলরী, বড় গুণবতী, বড় মনোমোহিনী—প্রেমের আধাব, প্রাণের সম্সার, ধন্মের ভান্ডার:—তা হইলে হইতে পারে, কিন্ত আহি দেখি উহারা বড় রঙ্গের জিনিষ। মানুষে যেমন রূপী বাদর পোষে, আমি বলি পরেষে তেমনি মেয়েমান্য পোষে—উভগকে মুখ ভেঙ্গানতেই সুখ।" স্থালোকের রূপ আছে—তাহা তোমার আমার মত ঈশ্বর গত্পেও জানিতেন, কিন্তু তিনি বলেন, উহা দেখিয়া মৃষ্ণ হইবার কথা নহে—উহা দেখিয়া হাসিবার কথা। তিনি স্ত্রীলোকের রূপের কথা পাডলে হাসিয়া লুটাইযা পড়েন। মাঘ মাসের প্রাতঃস্নানেব সময় যেখানে অন্য কবি রূপ দেখিবার জন্য যুর্বতিগণের পিছে পিছে যাইতেন, ঈশ্বরচন্দ্র সেখানে তাহাদেব নাকাল দেখিবার জন্য থান। তোমরা হয়ও, সেই নীহাবশীতল স্বচ্ছসলিলধৌত ক্ষিতকান্তি লইষা আদুৰ্শ গড়িবে, তিনি বলিলেন, "দেখ -দেখি 'কেমন তামাসা ! যে জাতি স্নানের সময় পরিধেষ বসন লইয়া বিব্রত, তোমরা তাদের পাইয়া এত বাড়াবাড়ি কর!" তোমনা মহিলাগণের গৃহেকন্মে আস্থা ও যত্ন দেখিয়া, বলিনে, ধন্য স্বামিপ্রেসেবারত! ধন্য স্ত্রীলোকের স্নেহ ও ধৈর্য্য!" ঈশ্বরচন্দ্র তখন তাহাদের হাঁডিশালে গিণা দেখিবেন, রন্ধনের চাল চর্ব্রণেই গেল, পিটুলির জন্য কোন্দল বাধিয়া গেল, স্বামীভোজন করাইবাব সময়ে শাশ্বভূমী ননদের মুল্ড ভোজন হইল, এবং কুট্ম্পুভোজনের সময় লভ্জার মুল্ড ভোজন হইল। স্থাল কথা, ঈশ্বব গ্রপ্ত Realist এবং ঈশ্বর গ্রপ্ত - Satinst । ইহা তাঁহার সামাজ্য এবং ইহাতে তিনি বাঙ্গালা সাহিত্যে অদ্বিতীয়।

বাদ্দ অনেক সময়ে বিদ্বেষপ্রস্ত। ইউবোপে অনেক বাদ্দকশল লেখক জন্মিয়াছেন। তাঁহাদের বচনা অনেক সময়ে হিংসা, অস্য়া, অকৌশল, নিরানন্দ, এবং পরশ্রীকাতরতাপরিপ্র্ণ। পড়িয়া লোধ হয় ইউরোপীয় ব্যুদ্ধ ও ইউরোপীয় বিদকতা এক মার পেটে জন্মিয়াছে দ্বেব কাজ মান্যকে দ্বংখ দেওয়া। ইউবোপীয় অনেক কুসামগ্রী এই দেশে প্রবেশ করিতেছে—এই নর্যাতিনী রিদকতাও এদেশে প্রবেশ কবিয়াছে। হ্তোম পে'চার নক্সা বিদ্বেষপরিপ্রেণ। ঈশ্বর শ্বেপ্তর বাঙ্গে কিছ্মাত্র বিদ্বেষ নাই। শত্রুতা করিয়া তিনি কাহাকেও গালি দেন না। কাহারও অনিন্ট কামনা করিয়া কাহাকেও গালি দেন না। মেকির উপব রাগ আছে বটে, তা ছাডা সাটাই রঙ্গ, সবটা আনন্দ। কেবল ঘোর ইমাবি। গোনীশাব্দককে গালি দিবার সময়েও বাগ কবিয়া গালি দেন না। সেটা কেবল জিগীষা--বান্ধাণকে কুডাষায় পরাজ্য করিতে হইবে এই জিদ। কবির লড়াই, ঐ রক্ম শত্রতাশ্বনা গালাগালি। ঈশ্বর গ্রেপ্ত "কবির লড়াইয়ে" শিক্ষিত—সে ধরনটা তাঁহার ছিল।

অনাত্র তাও না—কেবল আনন্দ। যে যেখানে সমুখে পড়ে, তাহাকেই ঈশ্ববচন্দ্র তাহার গালে এক চড়, নহে একটা কাণমলা দিয়া ছাডিয়া দেন—কারণ আব কিছ্ই নয়, দুই জনে একটা হাসিবার জনা। কেহই চড় চাপড় হইতে নিস্তার পাইতেন না। গবর্গর জেনেএল, লেপ্টেনান্ট গবর্গর, কোন্সিলের মেন্বর হইতে, মুটে, মাঝি উড়িয়া বেহাবা কেহ ছাড়া নাই। এক একটি চড় চাপড় এক একটি বজ্ব—যে মারে, তাহার রাগ নাই, কিন্তু যে খায তাব হাডে হাড়ে লাগে। তাতে আবার পাত্রাপাত্র বিচার নাই। যে সাহসে তিনি বলিয়াছেন,—

বিড়ালাক্ষী বিধ্যম্খী, মুখে গন্ধ ছুটে।

আমাদের সে সাহস নাই। তবে বাঙ্গালীর মেয়ের উপর নীচের লিখিত দুই চরণে আমাদের ঢেরা সই রহিল—

সিন্দ,েরে বিন্দুসহ কপালেতে উল্কি।
নসী জশী ক্ষেমী বামী, রামী শ্যামী গ্লুকী॥
মহারাণীকে স্কৃতি করিতে করিতে দেশী Agitatorদের কাগ ধরিরা টানাটানি—
তুমি মা কম্পতর্, আমরা সব পোষা গোর,,
শিখি নি সিং বাঁকানো,
কেবল খাব খোলা বিচালি খাস।

र्वाष्क्रम ब्रह्मावली

যেন রাঙ্গা আমলা.

তুলে মামলা,

গামলা ভাঙ্গে না। আমরা ভূসি পেলেই খুসি হব, ঘুসি খেলে বাঁচব না॥

সাহেব বাব্রা কবির কাছে অনেক কাণমলা খাইয়াছেন—একটা নম্না— যখন আস্বে শমন, করবে দমন,

কি বোলে তায় বুঝাইবে।

ব্ৰি হ্ট্ বোলে

বুট পায়ে দিয়ে

চুর্ট ফ্লে স্বর্গে যাবে?

এক কথায়, সাহেবদের নৃত্যগাত-

গ্ৰুড় গ্ৰুছ গ্ৰুম গ্ৰুম লাফে লাফে তাল। তারা রারা রারা রারা লালা লালা লাল॥

সথের বাব, বিনা সম্বলে,—

তেড়া হোয়ে তুড়ি মারে, টপ্পা গীত গেয়ে। গোচে গাচে বাব্ হন, পচাশাল চেয়ে॥ কোনর্পে পিত্তি রক্ষা, এ'টোকাঁটা খেয়ে। শাদ্ধ হন ধেনো গাঙ্গে, বেনো জলে নেয়ে॥

কিন্তু অনেক স্থানেই ঈশ্বর গৃত্তের ঐ ধরন নাই। অনেক স্থানেই কেবল রঙ্গরস. কেবল আনন্দ। তপ্সে মাছ লইয়া আনন্দ—

> কষিত কনক কান্তি, কমনীয় কায়। গালভরা গোঁপদাড়ি, তপঙ্বীর প্রায়॥ মানুষের দৃশ্য নও, বাস কর নীরে। মোহন মণির প্রভা ননীর শ্রীরে॥

অথবা আনারসে—

লন্ন মেখে লেব্রুস, রসে যুক্ত করি। চিন্ময়ী চৈতন্যর্পা, চিনি তায় ভরি॥

অথবা পাঁটা---

সাধ্য কার এক মুখে, মহিমা প্রকাশে।
আপনি করেন বাদ্য, আপনার নাশে॥
হাড়কাটে ফেলে দিই, ধােরে দুটি ঠ্যাঙ্গ।
সে সময়ে বাদ্য করে, ছাাড্যাঙ্গ ছ্যাড্যাঙ্গ॥
এমন পাঁটার নাম, ষে রেখেছে বাকা।
নিজে সেই বােকা নয়, ঝাড়ে বংশে বােকা॥

তব ইহা স্বীকার করিতে হয় যে, ঈশ্বর গ্রন্থ মেকির উপর গালিগালাজ করিতেন। মেকির উপর বথার্থ রাগ ছিল। মেকি বাব্রা তাঁহার কাছে গালি খাইতেন, মেকি সাহেবেরা গালি খাইতেন, মেকি রাহ্মণ পণ্ডিতেরা "নস্যলোসা দধি চোসার" দল, গালি খাইতেন। হিল্বুর ছেলে মেকি খ্রীফীয়ান হইতে চালল দেখিয়া তাঁহার রাগ সহ্য হইত না। মিশনরিদের ধন্মের্ব ফেকির উপর বড় রাগ। মেকি পলিটিক্সের উপর রাগ। যথাস্থানে পাঠক এ সকলের উদাহরণ পাইবেন, এজন্য এখানে উদাহরণ উদ্ধৃত করিলাম না।

অনেক সময়ে ঈশ্বর গ্রন্থের অঞ্চলিতা এই চ্যোধসম্ভূত। অঞ্চলিতা ঈশ্বর গ্রপ্তের কবিতার একটি প্রধান দোষ। উহা বাদ দিতে গিয়া, ঈশ্বর গ্রপ্তকে Bowdlerize করিতে গিয়া, আমরা তাঁহার কবিতাকে নিস্তেজ করিয়া ফেলিয়াছি। যিনি কাব্যরসে যথার্থ রিসক, তিনি আমাদিগকে নিন্দা করিবেন। কিন্তু এখনকার বাঙ্গালা লেখক বা পাঠকের যের্প অবস্থা, তাহাতে কোনর্পেই অঞ্চলিতার বিন্দ্রমান রাখিতে পারি না। ইহাও জানি যে, ঈশ্বর গ্রপ্তের অগ্লীলতা, প্রকৃত অঞ্চলিতা নহে। যাহা ইন্মিয়াদির উন্দ্রীপনার্থ, বা গ্রন্থকারের হদর্যন্তিত কদর্যাভাবের অভিবাক্তি জনা লিখিত হয়, তাহাই অঞ্চলিতা। তাহা পবিত্র সভ্যভাষায় লিখিত হইলেও

ঈশ্বরচন্দ্র গুপ্তের কবিতাসংগ্রহ—ভূমিকা

অশ্লীল। আর যাহার উদ্দেশ্য সের্প নহে, কেবল পাপকে তিরস্কৃত বা উপহাসিত করা যাহার উদ্দেশ্য. তাহার ভাষা রুচি এবং সভ্যতার বিরুদ্ধ হইলেও অশ্লীল নহে। শ্লষিরা এর্প ভাষা ব্যবহার করিতেন। সেকালের বাঙ্গালীদিগের ইহা এক প্রকার স্বভাবাসিদ্ধ ছিল। আমি এমন অনেক দেখিয়াছি, অশীতিপর বৃদ্ধ, ধর্মাত্মা, আজন্ম সংযতেন্দ্রির সভ্য, সুশীল, সঙ্জন, এমন সকল লোকও, কুকাজ দেখিয়াই রাগিলেই "বদ্জোবান" আরম্ভ করিতেন। তখনকার রাগ প্রকাশের ভাষাই অশ্লীল ছিল। ফলে সে সমরে ধর্মাত্মা এবং অধ্যম্মাত্মা উভয়কেই অশ্লীলতার সপট্র দেখিতাম—প্রভেদ এই দেখিতাম, যিনি রাগের বশীভূত হইরা অশ্লীল, তিনি ধর্ম্মাত্মা। যিনি ইন্দ্রিয়ান্তরের বশে অশ্লীল তিনি পাপাত্মা। সোভাগ্যক্রমে সের্প সামাজিক অবস্থা ক্রমে ক্রমে বিল্প্প হইতেছে।

ঈশ্বর গৃত্বপ্ত ধন্মাত্মা, কিন্তু সেকেলে বাঙ্গালী। তাই ঈশ্বর গৃত্বপ্তর কবিতা অগ্নাল। সংসারের উপর, সমাজের উপর, ঈশ্বর গৃত্বপ্তর রাগের কারণ অনেক ছিল। সংসার, বালাকালে বালকের অম্লা রক্ষ যে মাতা, তাহা তাঁহার নিকট হইতে কাড়িযা লইল। খাঁটি সোনা কাড়িয়া লইয়া, তাহার পরিবর্ত্তে এক পিতলের সামগ্রী দিয়া গোল—মাব বদলে বিমাতা। তার পর যৌবনের যে অম্লারক্স—শৃধ্ব যৌবনেব কেন. যৌবনের, প্রোচ্ বয়সের, বার্দ্ধকোর তুলার্পেই অম্লারক্ষ যে ভার্য্যা, তাহার বেলাও সংসার বড় দাগা দিল। যাহা গ্রহণীয় নহে, ঈশ্ববচন্দ্র তাহা লইলেন না, কিন্তু দাগাবাজির জন্য সংসারের উপর ঈশ্বরের রাগটা রহিয়া গেল। তার পর অলপ বয়সে পিতৃহীন, সহায়হীন হইয়া, ঈশ্বরচন্দ্র অয়কণ্টে পড়িলেন। কত বানরে, বানরের অট্রালিকার শিকলে বাঁধা থাকিয়া ক্ষার সর পায়সাম ভোজন করে, আর তিনি দেবতুলা প্রতিভা লইয়া ভূমন্ডলে আসিয়া, শাকামের অভাবে ক্ষ্বার্ত্তা। কত কুক্তর বা মর্কট বর্ষে জৃড়ী জ্বতিয়া, তাঁহার গায়ে কাদা ছড়াইয়া যায়, আর তিনি হদযে বান্দেবী ধারণ করিয়াও থালি পায়ে বর্ষার কাদা ভাঙ্গিয়া উঠিতে পারেন না। দৃশ্বলৈ মন্ম্য হইলে অভ্যাচারে হারি মানিয়া, রণে ভঙ্গ দিয়া পলায়ন করিয়া দৃঃথেব অন্ধকার গহনুরে ল্বকাইয়া থাকে। কিন্তু প্রতিভাশালীরা প্রায়ই বলবান।

ঈশ্বর গান্পু সংসারকে, সমাজকে, স্বীর বাহা্বলে পরান্ত করিয়া, তাহার নিকট হইতে ধন, বশা, সম্মান আদার করিয়া লইলেন। কিন্তু অত্যাচারজনিত যে ক্রোধ তাহা মিটিল না। জাঠা মহাশায়ের জাতা তিনি সমাজেব জন্য তুলিয়া রাখিয়াছিলেন। এখন সমাজকে পদতলে পাইয়া বিলক্ষণ উত্তম মধ্যম দিতে লাগিলেন। সেকেলে বাঙ্গালীর ক্রোধ কদর্য্যের উপর কদর্য্য ভাষাতেই অভিব্যক্ত হইত। বোধ হয ইহাদের মনে হইত বিশান্ত পবিত্র কথা, দেবজিজাদি প্রভৃতি ষে বিশান্ত ও পবিত্র তাহারই ব্যবহার্যা—যে দারাম্মা, তাহার জন্য এই কদর্য্য ভাষা। এইর্পে ঈশ্বরচন্দ্রের কবিতায অগ্লালিতা আসিয়া পড়িয়াছে।

আমরা ইহাও দ্বীকার করি যে, তাহা ছাড়া অন্যবিধ অপ্পালতাও তাঁহার কবিতায় আছে। কেবল রঙ্গদারির জন্যে, শুধু ইয়ারকির জন্য এক আধট্ব অপ্পালতাও আছে। কিন্তু দেশ কাল বিবেচনা করিলে, তাহার জন্য ঈশ্বরচন্দ্রের অপরাধ ক্ষমা করা যায়। সে কালে অপ্পালতা ভিন্ন কথার আমোদ ছিল না। যে বাঙ্গ অপ্পাল নহে, তাহা সরস বলিয়া গণ্য হইত না। যে কথা অপ্পাল নহে, তাহা সতেজ বলিয়া গণ্য হইত না। যে গালি অপ্পাল নহে, তাহা কেহু গালি বলিয়া গণ্য করিত না। তখনকার সকল কাবাই অপ্পাল। চোর, কবি, চোরপণ্ডাশং দুই পক্ষে অর্থ থাটাইয়া লিখিবেন—বিদ্যাপক্ষে এবং কালীপক্ষে—দুই পক্ষে সমান অপ্পাল। তখন প্রোপারণ অপ্পাল—উৎসবগ্রেলি অপ্পাল—দুর্গেণংসবের নবমীর রাত্র বিখ্যাত ব্যাপার। যাত্রার সঙ্গ অপ্পাল হইলেই লোকরঞ্জক হইত। পাঁচালি হাফআকড়াই অপ্পালতার জন্যই রচিত। ঈশ্বর গ্রন্থ সেই বাতাসের জীবন প্রাপ্ত ও বন্ধিত। অতএব ঈশ্বর গ্রপ্তকে আমরা অনায়াসে একট্খানি মার্ড্জনা করিতে পারি।

আর একটা কথা আছে। অল্পানিতা সকল সভ্যসমাজেই ঘৃণিত। তবে যেমন লোকের রুচি ভিন্ন ভিন্ন, তেমনি দেশভেদেও রুচি ভিন্ন ভিন্ন প্রকার। এমন অনেক কথা আছে, ষাহা ইংরেজরা অল্পানি বিবেচনা করেন, আমরা করি না। আবার এমন অনেক কথা আছে, ষাহা আমরা অল্পানি বিবেচনা করি, ইংরেজরা করেন না। ইংরেজের কাছে, প্যানটালনে বা উর্দেশের নাম অল্পানি—ইংরেজের মেরের কাছে সে নাম মুখে আনিতে নাই। আমরা ধুতি পারজামা বা

छेत्र मन्मग्रामितक अभ्रोम मत्न कित्र ना। मा. र्छागनी वा कन्ना कारात्र अम्मार्थ थे मकन कथा ব্যবহার করিতে আমাদের লম্জা নাই। পক্ষান্তরে দ্রীপুরুষে মুখ্চুন্দ্রনটা আমাদের সমাজে অতি অশ্লীল ব্যাপার। কিন্তু ইংরেজের চক্ষে উহা পবিত্র কার্য্য—মাতৃপিতৃ সমক্ষেই উহা নির্ন্বাহ পাইয়া থাকে। এখন আমাদের সোভাগ্য বা দ্বভাগ্যক্রমে, আমরা দেশী জিনিষ সকলই হেয় বালিয়া পরিত্যাগ করিতেছি, বিলাতী জিনিষ সবই ভাল বালিয়া গ্রহণ করিতেছি। দেশী সুরুচি ছাড়িয়া আমরা বিদেশী সুরুচি গ্রহণ করিতেছি। শিক্ষিত বাঙ্গালী এমনও আছেন যে, তাঁহাদের পরস্থীর মুখচুন্বনে আপত্তি নাই, কিন্তু পরস্থীর অনাবৃত চরণ! আলতাপরা মলপরা পা! দশনে বিশেষ আপত্তি। ইহাতে আমরা যে কেবলই জিতিয়াছি এমত নহে। একটা উদাহরেণর দ্বারা ব্যাই। মেঘদ্তের একটি কবিতায় কালিদাস কোন পর্বতশঙ্গকে ধরণীর खन विषया वर्गना क्रियाह्न। इंटा विनाजी त्रीर्हितत्र का विनाजी त्रीर्ह अन्यात अभीन कथा। कार्क्सरे এर উপমাটি নবোর কাছে অभ्रोत। नवावाव, रयु रेरा भूनिया कारन आमून দিয়া পরস্তার মুখ্যুদ্বন ও করম্পণের মহিমা কীর্ত্তনে মনোযোগ দিবেন। কিন্তু আমি ভিন্ন রকম বুঝি। আমি এ উপমার অর্থ এই বুঝি যে, প্রথিবী আমাদের জননী। তাই তাঁকে ভক্তিভাবে শ্লেহ করিয়া "মাতা বসম্মতী" বলি: আমরা তাঁহার সন্তান: সন্তানের চক্ষে মাতন্তনের অপেকা সান্দর, পবিত্র, জগতে আর কিছাই নাই-থাকিতে পারে না। অতএব এমন পবিত্র উপমা আর হইতে পারে না। ইহাতে যে অঞ্চালতা দেখে, আমার বিবেচনায় তাহার চিত্তে পাপচিন্তা ভিন্ন কোন বিশুদ্ধে ভাবের স্থান হয় না। কবি এখানে অঞ্চাল নহে.—এখানে পাঠকের रुपय नत्रक। এখানে ইংরেজি রুচি বিশাদ্ধ নহে—দেশী রুচিই বিশাদ্ধ।

আমাদের দেশের অনেক প্রাচীন কবি, এইর্প বিলাতী র্ন্চির আইনে ধরা পঞ্জা বিনাপরাধে অপ্লালতা অপরাধে অপরাধী হইয়াছেন। স্বরং বাল্মীকি কি কালিদাসেরও অব্যাহতি নাই। যে ইউরোপে মস্বর জোলার নবেলের আদর, সে ইউরোপের র্ন্চি বিশন্ধ, আর যাঁহারা রামায়ণ, কুমারসম্ভব লিখিয়াছেন, সীতা শকুন্তলার স্থিত করিয়াছেন, তাঁহাদের র্ন্চি অপ্লাল! এই শিক্ষা আমরা ইউরোপীয়ের কাছে পাই। কি শিক্ষা। তাই আমি অনেক বার বিলিয়াছি, ইউরোপের কাছে বিজ্ঞান ইতিহাস শিক্ষা শোল শেখ। আর সব দেশীয়ের কাছে শেখ।

অন্যের ন্যায় ঈশ্বর গ্রন্থও হাল আইনে অনেক স্থানে ধরা পড়েন। সে সকল স্থানে আমরা তাঁহাকে বেকস্বর খালাস দিতে রাজি। কিন্তু ইহা অবশ্য স্বীকার করিতে হয় যে, আর অনেক স্থানেই তত সহজে তাঁহাকে নিষ্কৃতি দেওয়া যায় না। অনেক স্থানে তাঁহার র্চি বান্ত্রিক কদর্য্য, যথার্থ অঞ্চীল, এবং বিরক্তিকর। তাহার মাঞ্জনা নাই।

ঈশ্বর গ্রন্থের যে অশ্লীলতার কথা আমরা লিখিলাম, পাঠক তাহা এ সংগ্রহে কোথাও পাইবেন না। আমরা তাহা সব কাটিয়া দিয়া, কবিতাগ্র্লিকে নেড়া ম্ড়া করিয়া বাহির করিয়াছি। অনেকগ্রলিকে কেবল অশ্লীলতাদোষ জনাই একেবারে পরিত্যাগ করিয়াছি। তবে তাঁহার কবিতার এই দোষের এত বিস্তারিত সমালোচনা করিলাম, তাহার কারণ এই যে, এই দোষ তাঁহার প্রসিদ্ধ। ঈশ্বর গ্রেপ্তর কবিছ কি প্রকারের তাহা ব্র্নিডে গেলে, তাহার দোষ গ্র্ণ দ্ই-ই ব্র্নাইতে হয়। শ্র্ম তাই নয়। তাঁহার কবিত্বের অপেক্ষা আর একটা বড় জিনিম পাঠককে ব্র্নাইতে চেন্টা করিতেছি। ঈশ্বর গ্রপ্ত নিজে কি ছিলেন, তাহাই ব্র্নাইবার চেন্টা করিতেছি। কবির কবিত্ব ব্রিয়া লাভ আছে, সন্দেহ নাই, কিন্তু কবিত্ব অপেক্ষা কবিকে ব্র্নিডে পারিলে আরও গ্রন্ত্বর লাভ। কবিতা দর্শণ মান্ত—তাহার ভিতর কবির অবিকল ছায়া আছে। দর্শণ ব্রের্মা কি হইবে? ভিতরে যাহার ছায়া, ছায়া দেখিয়া তাহাকে ব্রিঝব। কবিতা, কবির কীর্ত্তি—তাহা ত আমাদের হাতেই আছে—পড়িলেই ব্রিঝব। কিন্তু যিনি এই কীর্ত্তি রাখিয়া গিয়াহেন, তিনি কি গ্র্নে, কি প্রকারে, এই কীর্ত্তি রাখিয়া গেলেন, তাহাই ব্রিডেে হইবে। তাহাই জীবনী ও সমালোচনাদন্ত প্রধান শিক্ষা ও জীবনী ও সমালোচনার মুখ্য উদ্দেশ্য।

ঈশ্বরচন্দ্রের জীবনীতে আমরা অবগত হইয়াছি যে, একজন অশিক্ষিত যুবা কলিকাতার আসিয়া, সাহিত্য ও সমাজে আধিপত্য সংস্থাপন করিল। কি শক্তিতে? তাহাও দেখিতে পাই — নিজ প্রতিভা গুণে। কিন্তু ইহাও দেখিতে পাই যে, প্রতিভানুবারী ফল ফলে নাই। প্রভাকর মেঘাছের। সে মেঘ কোথা হইতে আসিল? বিশৃদ্ধ রুচির অভাবে। এখন ইহা এক প্রকার বাভাবিক নিয়ম যে, প্রতিভা ও স্বরুচি পরস্পর স্থী—প্রতিভার অনুগামিনী স্বুচি। ঈশ্বর

ঈ্বরচন্দ্র গুপ্তের কবিতাসংগ্রহ—ভূমিকা

গর্প্তের বেলা তাহা ঘটে নাই কেন? এখানে দেশ, কাল, পাত্র ব্রিকার দেখিতে হইবে। তাই আমি দেশের রুচি ব্রুবাইলাম, কালের রুচি ব্রুবাইলাম, এবং পাত্রের রুচি ব্রুবাইলাম। বে পাত্রের রুচির অভাবের কারণে, (১) পর্স্তকদন্ত স্কুশিক্ষার অলপতা, (২) মাতার পবিত্র সংসর্গের অভাব, (৩) সহর্ধান্দর্শণী, অর্থাৎ ঘাঁহার সঙ্গে একত্রে ধন্ম শিক্ষা করি, তাহার পবিত্র সংসর্গের অভাব, (৪) সমাজের অত্যাচার, এবং তম্জানিত সমাজের উপর কবির জাতক্রোধ। যে মেঘে প্রভাকরের তেজোহ্রাস করিয়াছিল এই সকল উপাদানে তাহার জক্ম। স্থুল তাৎপর্যা, এই যে, ইশ্বরচন্দ্র ঘন্মন অশ্বালি তখন কুরুচির বশীভৃত হইয়াই অশ্বালি, ভারতচন্দ্রাদির ন্যায় কোথাও কুপ্রবৃত্তির বশীভৃত হইয়া অশ্বালি নহেন। তাই দর্পণতলন্থ প্রতিবিশ্বের সাহাযোে প্রতিবিন্ধারী সন্তাকে ব্রুবাইবার জন্য আমরা ঈশ্বরচন্দ্র গ্রুপ্তের অশ্বালিতা দোষ এত সবিস্তারে সমালোচনা করিলাম। ব্যাপারটা রুচিকর নহে। মনে করিলে, নমঃ নমঃ বলিয়া দুই কথায় সারিয়া যাইতে প্রারিতাম। অভিপ্রায় ব্রুবিয়া বিস্তারিত সমালোচনা পাঠক মান্জন্ন করিবেন।

মানুষটাকে আর একট্ব ভাল করিয়া ব্রুঝা যাউক—কবিতা না হয় এখন থাক। দিওীয় পরিছেদে আমরা বলিয়াছি ঈশ্বর গ্রুপ্ত বিলাসী ছিলেন না। অথচ দেখিতে পাই, মুখের আটক পাটক কিছুই নাই। অশ্লীলতায় ঘোর আমোদ, ইয়ারকি ভরা—পাটার স্ত্যোত্ত লেখেন, তপ্সে মাছের মজা ব্রুঝন, লেব্ব দিয়া আনারসের পরমভক্ত, স্বুরাপান সম্বন্ধে মুক্তকঠ—আবার বিলাসী কারে বলে? কথাটা ব্রুঝিয়া দেখা যাউক।

এই সংগ্রহের প্রথম খণ্ডে পাঠক ঈশ্বর গম্পে প্রণীত কতকগলে নৈতিক ও পারমার্থিক বিষয়ক কবিতা পাইবেন। অনেকের পক্ষে ঐগুলি নীবস বলিয়া বোধ হইবে কিন্তু যদি পাঠক ঈশ্বর গুপুকে ব্বিতে চাহেন, তবে সেগ্নলি মনোযোগপ্বক পাঠ কবিনেন। দেখিবেন সেগ**্লি** ফরমারেশি কবিত। নহে। কবির আন্তরিক কথা তাহাতে আছে। অনেকগ্রালির মধ্যে ঐ কর্মটি বাছিয়া দিয়াছি--আর বেশী দিলে রসিক বাঙ্গালী পাঠকের বিরজ্জিকর হইয়া উঠিবে। ইহা বলিলেই যথেষ্ট হইবে যে প্রমার্থ বিষয়ে ঈশ্বরচন্দ্র গদ্যে পদ্যে যত লিখিয়াছেন, এত আর কোন বিষয়েই বোধ হয় লিখেন নাই। এ গ্রন্থ পদাসংগ্রহ বলিয়া, আমরা তাঁহার গদা কিছাই উদ্ধৃত করি নাই, কিন্তু সে গদ্য পড়িয়া বোধ হয় যে, পদা অপেক্ষাও বুঝি গদো তাহার মনের ভাব আরও স্কেল্ট। এই সকল গদ্য পদ্যে প্রণিধান করিয়া দেখিলে, আমরা ব্রিকতে পারিব যে, ঈশ্বর গ্রপ্তের ধর্ম্ম একটা কৃত্রিম ভান ছিল না। ঈশ্বরে তার আগুরিক ভক্তি ছিল। তিনি মদাপ হউন, বিলাসী হউন কোন হবিষ্যাশী নামাবলীধারীতে সেরপে আন্তরিক ঈশ্বরে ভক্তি দেখিতে পাই না। সাধারণ ঈশ্বরবাদী বা ঈশ্বরভক্তের মত তিনি ঈশ্বরবাদী ও ঈশ্বরভক্ত ছিলেন না। তিনি ঈশ্বরকে নিকটে দেখিতেন, যেন প্রত্যক্ষ দেখিতেন, যেন মুখোমুখী হইয়া কথা কহিতেন। আপনাকে যথার্থ ঈশ্বরের পত্তা, ঈশ্বরকে আপনাব সাক্ষাৎ মৃত্তিমান পিতা বলিয়া দৃঢ় বিশ্বাস করিতেন। মুখামুখী হইয়া বাপের সঙ্গে বচসা করিতেন। কখন বাপের আদর খাইবার জন্য কোলে বসিতে যাইতেন, আপনি বাপকে কত আদর করিতেন—উত্তর না পাইলে কাদাকাটা বাধাইতেন। বলিতে কি, তাঁহার ঈশ্বরে গাঢ় পত্রবং অকৃত্রিম প্রেম দেখিয়া চক্ষের জল রাখা যায় না। অনেক সময়েই দেখিতে পাই যে, মান্তিমান ঈশ্বর সম্মুখে পাইতেছেন না, কথার উত্তর পাইতেছেন না বলিয়া, তাঁহার অসহ্য যন্ত্রণা হইতেছে, বাপকে বকিয়া ফাটাইয়া দিতেছেন। বাপ নিরাকার নিগণৈ চৈতন্য মাত্র, সাক্ষাং মত্তিমান বাপ নহেন, এ কথা মনে করিতেও অনেক সময়ে কণ্ট হইত।†

> কাতর কিৎকর আমি, তোমার সন্তান। আমার জনক তুমি, সবার প্রধান॥ বার বার ডাকিতোছ, কোপা ভগবান্। একবার তাহে তুমি, নাহি দাও কান॥

^{*} স্রাপানের মার্চ্জনা নাই। মার্চ্জনার আমিও কোন কারণ দেখিতে ইচ্ছ্ক নাই। কেবল সে সম্বন্ধে পাঠককে ভারতবর্ষের শ্রেষ্ঠ কবির এই উক্তিটি স্মবণ করিতে বলি— একোহি দোযো গ**্রাসন্মি**পাতে নিমন্ত্রতীন্দোঃ কির্ণোম্বিবাংকঃ।

[†] কবিতাসংগ্রহের ৫৯ পৃষ্ঠার কবিতাটি পাঠ কর।

সন্ধাদিকে সন্ধালোকে, কত কথা কয়।
প্রবাদে সে সব রব. প্রবেশ না হয়॥
হায় হায় কব কায়, ঘটিল কি জনালা।
জগতের পিতা হোয়ে, তুমি হলে কালা॥
মনে সাধ কথা কই, নিকটে আনিয়া।
অধীর হ'লেম ভেবে, বধির জানিয়া॥

এ ভত্তের স্থাত নহে—এ বাপের উপর বেটার অভিমান। ধন্য ঈশ্বরচন্দ্র! তুমি পিতৃপদ লাভ করিয়াছ সন্দেহ নাই। আমরা কেহই তোমার সমালোচক হইবার যোগ্য নহি।

ঈশ্বরচন্দ্রের ঈশ্বরভাক্তর যথার্থ স্বর্প যিনি অন্ভূত করিতে চান, ভরসা করি তিনি এই সংগ্রহের উপর নির্ভর করিবেন না। এ সংগ্রহ সাধারণের আয়ত্ত ও পাঠ্য করিবার জনা ইহা নানা দিকে সংকীর্ণ করিতে আমি বাধ্য হইয়াছি। ঈশ্বর সম্বন্ধীয় কতবর্গনি গদ্য প্রবন্ধ মাসিক প্রভাকরে প্রকাশিত হয়। যিনি পাঠ করিবেন, তিনিই ঈশ্বরচন্দ্রের অক্তিম ঈশ্বরভক্তি ব্রিক্তে পারিবেন। সেগর্নিল যাহাতে প্রনম্প্রিত হয়, সে যত্ন পাইব।

বৈষ্ণবগণ বলেন, হন্মানাদি দাস্যভাবে, প্রীদামাদি সথ্যভাবে, নন্দরশোদা প্রভাবে, এবং গোপীগণ কান্তভাবে সাধনা করিয়া ঈশ্বর পাইয়াছিলেন। কিন্তু পোরাণিক ব্যাপার সকল আমাদিগের হইতে এত দ্রে সংস্থিত যে, তদালোচনায় আমাদের যাহা লভনীয়, তাহা আমরা বড় সহজে পাই না। যদি হন্মান্, উদ্ধর, যশোদা বা প্রীরাধাকে আমাদের কাছে পাইতাম, তবে সে সাধনা ব্রিবার চেণ্টা কতক সফল হইত। বাঙ্গালার দ্রই জন সাধক, আমাদের বড় নিকট। দ্বই জনই বৈদ্য দ্বই জনই কবি। এক রামপ্রসাদ সেন, আর এক ঈশ্বরচন্দ্র গ্রেও। ই'হারা কেহই বৈশ্ব ছিলেন না, কেহই ঈশ্বরকে প্রভু, স্থা, প্রত্র, বা কান্তভাবে দেখেন নাই। রামপ্রসাদ ঈশ্বরকে সাক্ষাৎ মাত্ভাবে দেখিয়া ভক্তি সাধিত করিয়াছিলেন—ঈশ্বরচন্দ্র পিত্ভাবে। রাম-প্রসাদের মাত্তেমে আর ঈশ্বরচন্দ্রের পিতৃপ্রেমে ভেদ বড় অলপ।

তুমি হে ঈশ্বর গর্পু ব্যাপ্ত ত্রিসংসার।
আমি হে ঈশ্বর গর্পু কুমার তোমাব॥
পিতৃ নামে নাম পেয়ে, উপাধি পের্যোছ।
জন্মভূমি জননীর কোলেতে বর্সোছ॥
তুমি গর্প্ত আমি গর্প্ত, গর্প্ত কিছর নগ।
তবে কেন গর্প্ত ভাবে ভাব গর্প্ত রয?

প্রনশ্চ--আরও নিকটে--

তোমার বদনে যদি, না সরে বচন।
কেমনে হইবে তবে, কথোপকথন॥
আমি যদি কিছু বলি, বুঝে অভিপ্রায়।
ইসেরায় ঘাড় নেড়ে সায় দিও তায়॥

যার এই ঈশ্বরভক্তি—যে ঈশ্বরকে এইর্পে সর্ম্বাদা নিকটে, অতি নিকটে দেখে—ঈশ্বর-সংসর্গতৃষ্ণায় যাহার হৃদয় এইর্পে দশ্ধ—সে কি বিলাসী হইতে পারে? হয় হউক। আমরা এর্প বিলাসী ছাড়িয়া সম্যাসী দেখিতে চাই না।

তবে ঈশ্বর সম্মাসী, হবিষ্যাশী বা অভোক্তা ছিলেন না। পাটা, তপ্সে মাছ, বা গুল গায়িতে ও রসাদ্বাদনে, উভয়েই সক্ষম ছিলেন। যদি ইহা হয়, তিনি বিলাসী ছিলেন। তাঁহার বিলাসিতা তিনি নিজে স্পষ্ট করিয়া বর্ণনা

লক্ষ্মীছাড়া যদি হও, খেয়ে আর দিয়ে।
কিছ্মাত্র স্থ নাই, হেন লক্ষ্মী নিয়ে॥
যতক্ষণ থাকে ধন, তোমার আগারে।
নিজে খাও, খেতে দাও, সাধ্য অন্সারে॥
ইথে যদি কমলার, মন নাহি সরে
পাঁচা লয়ে যান মাতা, রুপণের ঘরে॥

ঈশ্বরচন্দ্র গ্রপ্তের কবিতাসংগ্রহ—ভূমিকা

শাকান্নমান্র যে ভোজন না করে, তাহাকেই বিলাসী মধ্যে গণনা করিতে হইবে, ইহাও আমি স্বীকার করি না। গীতায় ভগবদ্যক্তি এই—

আয়:সত্বলারোগ্য স্থপ্রীতিবিবর্দ্ধনাঃ। শ্লিমারস্যান্থিরাহ্নদ্যাঃ আহারাঃ সাত্তিকপ্রিয়াঃ।

স্থুল কথা এই, যাহা আগে বলিয়াছি—ঈশ্বর গুন্পু মেকির বড় শন্ত্ব। মেকি মান্বের শন্ত্ব, এবং মেকি ধন্মের শন্ত্ব। লোভী পরদ্বেষী অথচ হবিষ্যাশী ভন্ডের ধন্ম তিনি গ্রহণ করেন নাই। ভন্ডের ধন্মের শন্ত্ব। লোভী পরদ্বেষী অথচ হবিষ্যাশী ভন্ডের ধন্ম তিনি গ্রহণ করেন নাই। ভন্ডের ধন্মের ধন্মের বলিয়া তিনি জানিতেন না। তিনি জানিতেন ধন্মের স্থাবান্বাগে, আহার ত্যাগে নহে। যে ধন্মের ঈশ্বরান্রাগ ছাড়িয়া পানাহারত্যাগকে ধন্মের স্থানে খাড়া করিতে চাহিত—তিনি তাহার শন্ত্ব। সেই ধন্মের প্রতি বিদ্বেষণতঃ পাঁটার স্থোন, আনাবসের গ্ণগানে, এবং তপ্সের মহিমা বর্ণনায় কবির এত স্থ হইত। মান্র্যটা ব্রিঝাম, নিজে ধান্মিক, ধন্মের খাঁটি, মেকির উপর খজাহস্ত। ধান্মিকের কবিতায় অগ্লীলতাম কেন দেখি, বোধ হয় তাহা ব্রিঝাছি। বিলাসিতা কেন দেখি, বোধ হয় তাহা এখন ব্রিঝান।

ঈশ্বর গ্রপ্তের কবিতার কথা বালতে বালতে তাঁহার বাঙ্গের কথায় বাঙ্গের কথা হইতে তাঁহার অশ্লীলতার কথায়, অশ্লীলতার কথা হইতে তাঁহাব বিলাসিতার কথায় আসিয়া পড়িয়াছিলাম।

এখন ফিরিয়া যাইতে হইতেছে।

এই গ্রন্থ এবং ইহার পরে যে গ্রন্থের উল্লেখ করা যাইতেছে, এই দুই গ্রন্থের সমালোচনায় প্রবৃত্ত হইয়া, আমরা একটি আন্দ অনুভব কবিতেছি। আমবা সচরাচব বাঙ্গালা গ্র**েথর** অপ্রশংসা করিলা থাকি। তাহাতে লেখকদিলেরও অস্থ, আসাদিলেরও অস্থ। লেখক মাত্রেন দুড় বিশ্বাস থাকে যে "আমার প্রণীত গ্রন্থ সংবাদসক্রেব, অনিন্দনীয়, এবং রামায়ণ হইতে আজি পর্যান্ত যত এক প্রণীত হইয়াছে, সর্ব্বাপেক। উৎকৃট।" সমালোচক যদি ইহার অন্যথা লেখেন, তবেই হু-থকাবের বিষম রাগ উপস্থিত হয়। দুভাগারুমে প্রথিবী মধ্যে যত দেশে যত গ্রন্থকার জন্মগ্রহণ করিয়া লোকপাটা জন্মাইযাছেন, তন্মধ্যে সাধাবণ বাঙ্গালী গ্রন্থকার সর্ব্বাপেক্ষা অপকৃষ্ট। স্বতরং তাঁহাদিগের আমর। প্রশংসা করি না। **অপ্রশংসা** দেখিয়া, লেখক সম্প্রদায় আমাদিগের প্রতি রাগ করেন। সভ্য জাতীর্যাদগের মধ্যে কাহারও এর্প বাগ হটলে, তিনি সে রাগ গায়ে মারেন; দুই একজন ব্যাকুল গ্রন্থকার এদাচিং সমা-लाहनात প্রতিবাদ করেন। কিন্তু বাঙ্গালীর স্বভাব সের্প নহে। বাঙ্গালী অন্য যে কার্যের পরাঙ্মুখ হউন না কেন, কলহে কদাপি পরাঙ্মুখ নহেন। সমালাচনায় অপ্রশংসা দেখিলেই তাহার প্রতিবাদ করিতে হইবে—প্রতিবাদ করিতে গেলে এ সম্প্রদায়ের লেখকদিগের দুট বিশ্বাস আছে যে ভদ্রলোকের ভাষা এবং ভ্রলোকের ব্যবহার বংর্জনীয়। যে দেশে অপ্পকাল হইল, কবিব লডাই ভদ্রলোকের প্রধান আমোদ ছিল—যে দেশে অদ্যাপিও পাঁচালি প্রচালত, যে দেশের লোক অপ্লাল গালিগালাজ ভিন্ন অন্য গালি জানে না, সে দেশেব কুদ্ধ লেখকেবা যে রাগের সময়ে আপনাপন শিক্ষা এবং সংসদেরি স্পষ্ট পরিচয় দিতে কুণ্ঠিত হুইবেন না. তাহা সহজেই অনুমেয়। কখন কখন দেখিয়াছি যে মহাসম্ভ্রান্ত দেশমান্য ব্যক্তিও আপনার সম্মানের হুটি হইযাছে বিবেচনা করিয়া রাগান্ধ হইয়া ইতরের আশ্রয় অবলম্বন করিয়াছেন এবং মাতৃভাষাকে কল মিত করিয়াছেন। কথন কখন দেখিয়াছি, রাগান্ধ লেখকেরা সমালোচনার মন্ম গ্রহণ করিতেও অক্ষম। যদি আমরা কোন প্স্তুকান্তগতি চন্দিত চন্দিত ব্যঙ্গ করিয়া "ন তন" বলিয়াছি, গ্রন্থকার মনে করিয়াছেন যে, সত্য সতাই তাঁহার কথাগালিকে নতেন বলিয়াছি। যদি কোন গ্রন্থে দুই আর দুই চারি হয়, এমত কথা পাঠ করিয়া তাহা দুজের্যে বলিয়া বাঙ্গ করিয়াছি, অমনি গ্রন্থকার মনে করিয়াছেন যে, আমার আবিষ্কৃত তত্ত্ব সতা সতাই দুর্জ্জের বলিয়া নিন্দা করিয়াছে। স্তরাং তিনি অধীর হইয়া প্রমাণ করিতে বিসয়াছেন সে, তাঁহার কথাগ**্রিলন অতি** প্রাচীন এবং সকলেরই জ্ঞানগোচর। কখন কখন দেখিয়াছি, কোন সামান্য অপরিচিত লেথক মনে মনে স্থির করিয়াছেন, আমরা ঈর্ষাবশতই তাঁহার গ্রন্থের নিন্দা করিয়াছি। এ সকল রহস্যে

বঙ্কিম রচনাবলী

বিশেষ আনোদ প্রাপ্ত হইয়া থাকি বটে, কিন্তু কতকগর্মান ভাল মান্মকে যে মনঃপীড়া দিয়া থাকি, এবং তাঁহাদিগের বিরাগভাজন হই, ইহা আমাদিগের বড় দ্বঃখ। অতএব বঙ্গীর প্রেক্ত সমালোচনা আমাদিগের বড় অপ্রীতিকর কার্য্য হইয়া উঠিয়াছে। কেবল কর্ত্তব্যান্বরোধেই আমরা তাহাতে প্রবৃত্ত। কর্ত্তব্যান্বরোধেই আমরা আনচ্ছুক হইয়া অপ্রশংসনীয় প্রশেষর অপ্রশংসা করিয়া থাকি। আমাদের নিতান্ত কামনা যে, প্রশংসনীয় গ্রন্থ আমাদিগের হাতে পড়ে আমরা প্রশংসা করিয়া লেখক সমাজকে জানাই যে, আমরা বিশ্বানিশ্বক নহি। আমাদের দ্বর্ভাগ্যক্রমে এবং বাঙ্গালা ভাষার দ্বর্ভাগ্যক্রমে সের্প গ্রন্থ অতি বিরল। অদ্য দ্বইখানি প্রশংসনীয় গ্রন্থ আমাদিগের হস্তগত হইয়াছে। তাই আজি আমাদিগের এত আহ্মাদ। তাহার মধ্যে রাজনারায়ণ বাব্র গ্রন্থখানি প্রথমেই সমালোচনীয়।

হিন্দ্ন ধর্ম্ম যে সকল ধর্মের শ্রেষ্ঠ, এই কথা প্রতিপন্ন করা এই প্রবন্ধের উদ্দেশ্য। গত ভাদ্র মাসে জাতীয় সভায় রাজনারায়ণ বাবনু উপস্থিত মতে একটি বক্তৃতা করেন। তংপরে তাহা স্মারণ করিয়া লিপিবন্ধ করিয়াছেন। তাহাতেই এ প্রস্তাবের উৎপত্তি।

বঙ্গদশনের প্রথম প্রচারকালে কার্য্যাধ্যক্ষ সাধারণ সমক্ষে প্রতিশ্রুত হইয়ছিলেন যে. এই পত্রে ধর্ম্ম সম্প্রদারের মতামতের সমালোচনা হইবে না। আমরা সেই প্রতিজ্ঞায় বদ্ধ। সেই প্রতিজ্ঞালখনে না করিলে আমরা এ প্রবন্ধের উপযুক্ত সমালোচনা করিতে পারি না, কেন না তাহা করিতে গেলে হিন্দু ধন্মের দোষ গ্র্ণ বিচার করিতে হয়। অতএব আমরা ইহার প্রকৃত সমালোচনায় প্রবৃত্ত হইতে পারিলাম না, ইহা আমাদের দুঃখ রহিল।

কিন্তু সে তত্ত্বৈ আলোচনায় প্রবৃত্ত না হইয়াও যদি একজন হিন্দ্বংশজাত লেখক বলেন যে, আমাদের দেশের ধর্ম্ম সর্ব্বশ্রেষ্ঠ ধর্ম্ম, ইহা একজন স্বৃপন্তিত লোকের নিকট শ্নিনয়া স্থ হইল, তবে বোধ করি, অন্য ধর্ম্মবিলম্বী লোকেও তাঁহাকে মার্চ্জনা করিবেন।

আমরা বলিতেছি, এ কথা শর্নারা আমাদের স্ব্রখ হইল, কিন্তু এ কথা আমরা যথার্থ বলিয়া দ্বীকার করিতেছি না, বা অযথার্থ বলিয়া অগ্রাহ্য করিতেছি না। হিন্দ্র ধর্ম্ম অন্য ধর্ম্মাপেক্ষা শ্রেষ্ঠ কি না, তদ্বিষয়ে কোন অভিমত ব্যক্ত না করিয়া নিম্নালিখিত কয়েকটি কথা, বোধ হয়, বলা যাইতে পারে।

লেখক যাহাকে স্বাং হিন্দ্ব ধর্ম্ম বলেন, তাহারই শ্রেণ্ডের সংস্থাপনই যে তাঁহার উদ্দেশ্য, ইহা অবশ্য অনুমেয়। তিনি বলেন যে, ব্রক্ষোপাসনাই হিন্দ্ব ধর্ম্ম। অতএব বন্ধোপাসনা যে শ্রেণ্ড ধর্ম্ম, কেবল তাহাই সমর্থন করা তাঁহার উদ্দেশ্য। এ দেশের সাধারণ ধর্ম্মের শ্রেণ্ডতা প্রতিপাদন করা তাঁহার উদ্দেশ্য নহে। হিন্দ্ব ধর্ম্ম সন্বাপেক্ষা শ্রেণ্ড—কিন্তু আমাদের দেশের চলিত ধর্ম্ম শ্রেণ্ড, এমত কথা তিনি বলেন না। যে ধর্ম্মকে তিনি শ্রেণ্ড বলেন, তংসন্বন্ধে লোকের বড় মতভেদ নাই। পরব্রন্ধের উপাসনা—সকল ধর্মের অন্তর্গত—সকলেরই সারভাগ।

রাজনারায়ণ বাব্ নিজ প্রশংসিত ধন্মের ম্লম্বর্প বেদাদি হিন্দ্ শান্দের উল্লেখ
করিরাছেন। তিনি যে ধন্মের উল্লেখ
তাহার ম্ল হিন্দ্ শান্দের আছে, ইহা যথার্থ।
কিন্তু উহা হিন্দ্ ধন্মের একাংশ মাত্র—অতি অল্পাংশ। কোন পদার্থের অংশ মাত্রকে সেই
পদার্থ কলপনা করায় সত্যের বিঘা হয়। অংশ মাত্র গ্রহণ করিয়া সকল পদার্থেরই প্রশংসা করা
য়ায়। রাজনারায়ণ বাব্ যেমন হিন্দ্ ধন্মের অংশবিশেষ গ্রহণ করিয়া ঐ ধন্মের প্রশংসা
করিয়াছেন, তেমনি ঐ ধন্মের অপরাংশ গ্রহণ করিয়া তাঁহার সকল কথাই খন্ডন করা যাইতে
পারে। যেমন অঙ্গুরীয় মধ্যস্থ হীরককে অঙ্গুরীয় বলা যায় না, তেমনি কেবল ব্রন্ধোপাসনাকে
হিন্দ্ ধন্মে বলা যায় না। যেমন কলিকাতাকে ভারতবর্ষ বলা য়ায় না, তেমনি কেবল ব্রন্ধোপাসনাকে
হিন্দ্ ধন্মে বলা যায় না। উপধন্ম হইতে বিচ্ছিল্ল পরিশা্দ্র ব্রন্ধোপাসনা কোন কালে
একা ভারতবর্ষে বা ভারতবর্ষের কোন প্রদেশে বা আধ্বনিক ব্রাহ্ম খিন্সেরই শ্রেণ্ঠতা সংস্থাপন
লেখকের উন্দেশ্য বিলতে হইবে। বোধ হয়, রাজনারায়ণ বাব্ এ কথা অন্বীকার করিবেন না।

ইহাতে আমরা লেখকের অপ্রশংসা করিতেছি না। স্বমত সংস্থাপনে সকলেরই অধিকার আছে। বিশেষ ব্রাহ্ম পরিবর্ত্তে হিন্দ্র কথাটি ব্যবহারে বিশেষ উপকার আছে। হিন্দ্র ধন্মের সহিত ব্রাহ্ম ধন্মের একতা স্বীকার করার আমাদের বিবেচনায় উভয় সম্প্রদায়ের মঙ্গল। আমি যদি অন্যের সহিত পৃথক হইয়া একা কোন সদন্তানে রত হই, তবে আমার একারই উপকার:

প্রাপ্ত গ্রন্থের সংক্ষিপ্ত সমালোচন

র্যাদ সকলের সঙ্গে মিলিত হইয়া সে সদন্দ্রতানে রত হই, তবে সকলেই তাহার ফলভোগী থইবে। অলপ লোক লইয়া একটি ন্তন সম্প্রদায় স্থাপনের অপেক্ষা বহু লোকের সঙ্গে পুরাতন ধন্মের পরিশোধন ভাল। কেন না তাহাতে বহু লোকেব ইন্ট সাধন হয়। আমর হিন্দ্র, কোন সম্প্রদায়ভুক্ত নহি; কোন সম্প্রদায়ের আন্ক্লো এ কথা বলিলাম না; হিন্দ্র জাতির আন্ক্লোই এ কথা বলিলাম।

অন্যান্য বিষয়ে আমরা কোন কথা বলিতে ইচ্ছ্ক নহি বলিয়া গ্রন্থকারের রচনার প্রশংসা করিয়া আমরা ক্ষান্ত হইব। এই প্রবন্ধের রচনাপ্রণালা অতি পরিপাটি। লেখক অতি পরিশন্ধ, অথচ সকলের বোধগম্য এবং শ্রন্তিস্থদ ভাষায় আপন বক্তব্য প্রকাশিত করিয়াছেন। মিথ্যা বাগাড়ন্বর পরিত্যাপ করিয়া প্রয়োজনীয় কথায় স্বচার্র্পে কার্য্য সমাধা করিয়াছেন। তাঁহার সংগ্রহও প্রশংসনীয়। সর্বাপেক্ষা তাঁহার প্রবন্ধের শেষ ভাগে সারিবেশিত জয়োচারণ আমাদের প্রীতিপদ হইয়াছে। আমরা তাহা উদ্ধৃত করিয়া পাঠকদিগকে উপহার দিলাম। ইহাতে ন্তন কথা কিছ্ন নাই, কিন্তু এর্প প্রবাতন কথা যদি হৃদ্য হইতে নিঃস্ত হ্য তবে ভাহাতেই আমাদের স্থা। রাজনারায়ণ বাব্র হৃদ্য হইতে এ কথা নিঃস্ত হইযাছে বাল্যাট ভাহাতে আমাদের স্থা।

"আমার এইর্প আশা হইতেছে, প্রেব যেমন হিন্দু জাতি বিদ্যা বৃদ্ধি সভাতা জনা বিখ্যাত হইয়াছিল, তেমনি প্নরায় সে বিদ্যা বৃদ্ধি সভাতা ধর্ম্ম জন্য সমন্ত পৃথিবীতে বিখ্যাত হইবে। মিন্টন তাঁহার স্বজাতীয় উয়তির সম্বন্ধে এক স্থানে বিলয়াছেন ——

Methinks I see in my mind a noble and pur-sant nation rousing herself like a strong man after sleep and shaking her invincible looks; methinks I see her as an eagle mewing her mighty youth and kindling her undazzled eyes at the full mid-day heaven.

আমিও সেইর,প হিন্দ্র জাতি সন্বন্ধে বলিতে পারি, আমি দেখিতেছি, আবার আমার সম্মুখে মহাবল পরাক্রান্ত হিন্দ্র জাতি নিদ্রা হইতে উত্মিত হইরা বীরকুণ্ডল প্রনরায় স্পন্দন করিতেছে এবং দৈববিক্রমে উপ্লাতির পথে ধাবিত হইতে প্রবৃত্ত হইতেছে। আমি দেখিতেছি যে, এই জাতি প্রনরায় নবযোবনান্বিত হইরা প্রনরায় জ্ঞান ধর্ম্ম ও সভ্যতাতে উজ্জ্বল হইয়া প্থিবীকে স্কুশোভিত করিতেছে; হিন্দ্র জাতির কীর্ত্তি হিন্দ্র জাতির গরিমা প্থিবীময় প্রনবায় বিস্থারিত হইতেছে। এই আশাপ্রণ কদ্বে ভারতের জনোচ্চারণ করিয়া আমি সদ্য বক্ততা সমাপন করিতেছি।

"মিলে সব ভারতসন্তান এক তান মনঃ প্রাণ: গাও ভারতের যশোগান। ভারতভূমির তলা আছে কোন স্থান? কোন অদি হিমাদি সমান? ফলবতী বস্মতী, স্লোতম্বতী প্লাবতী, শতর্থান রতনের নিধান। হোক ভারতের জয় জয় ভারতের জয গাও ভারতের জয়, কি ভয় কি ভয়. গাও ভারতের জয়। রূপবতী সাধনী সতী ভারতললনা। কোথা দিবে তাদের তলনা? শম্মিকা সাবিত্রী সীতা, দময়ন্তী পতিরতা, অতলনা ভারতললনা। হোক ভারতের জয়, रेजामि।

বাশণ্ঠ গোতম অতি মহাম্নিগণ
বিশ্বামিত্র ভ্রত্তগোধন।
বাল্মীকি বেদব্যাস, ভবভূতি কালিদাস.
কবিকুল ভারতভূষণ।
হেকে ভারতের জয়,
ইত্যাদি।
কেন ডর, ভারতি, কর সাহস আশ্রয়,
যতোধন্ম স্ততো জয়।
ছিয় ভিয় হীনবল, ঐক্যেতে পাইবে বল,
মায়ের মুখ উজ্জ্বল করিতে কি ভয়?
হোবা ভারতের জয়,
জয় ভারতের জয়,
গাও ভারতের জয়,
গাও ভারতের জয়,

রাজনারায়ণ বাব্বর লেখনার উপর প্রভপ চন্দন বৃষ্টি হউক! এই মহাগীত ভারতের সংব্র গীত হউক। হিমালয়কন্দরে প্রতিধর্ননত হউক! গঙ্গা যম্মান সিন্ধ নন্দর্শনা গোদাবরী তটে বৃক্ষে নৃক্ষে মন্মারিত হউক! প্রুব্ধ পান্চম সাগরের গন্তীর গন্ধানে মন্দীভূত হউক! এই বিংশতি কোটি ভারতবাসীর কদযয়ন্ত্র ইহার সঙ্গে বাজিতে থাকুক!

কিণিং জলযোগ। প্রহসন, কলিকাতা বাল্মীকি য•<u>छ।</u>

একেই কি বলে সভ্যতার জন্মাবাধি প্রহসনের কিছ্ব ছড়াছড়ি হইয়ছে। সেই সকল পাঠে আমরা শ্বির করিয়াছি যে হাস্যরসবিহীন অশ্লীল প্রলাপকেই বঙ্গদেশে প্রহসন বলে। দ্বইখানি প্রহসন এই পরিভাষা হইতে বিশেষর্পে বিভর্গত, একেই কি বলে সভ্যতা এবং সধবার একাদশী। সধবার একাদশী অশ্লীলতাদোষে দ্বিত হইলেও, অন্যান্য গ্ণে ভারতবষীর ভাষায় এর্প প্রহসন দ্বর্লভ। "কিঞ্চিং জলযোগ" ঐ দ্বই প্রহসনের তুল্য নহে বটে কিন্তু ইহাকেও বিজ্পত করিতে পারি। ইহাও একখানি উংকৃষ্ট প্রহসন। এ প্রহসনের একটি গণ্ণ এই যে, তংপ্রণেতা প্রহসন লিখিতে নাটক লিখিয়া ফেলেন নাই। অনেকেরই প্রণীত প্রহসন, প্রহসন নহে, অপকৃষ্ট নাটক মাত্র; এ প্রহসন প্রহসন মাত্র. কিন্তু অপকৃষ্ট নহে। ইহাতে হাস্যের প্রত্নর্থা না থাক্ক, নিতান্ত অভাব নাই, এবং ব্যঙ্গ যথেন্ট। সেই ব্যঙ্গ যদি কোন শ্রেণীবিশেষের প্রতি লক্ষ্য হইয়া থাকে তথাপি নিন্দনীয় নহে, কেন না ব্যঙ্গের অন্পযুক্ত বিষয় লইয়া কোথাও ব্যঙ্গ দেখিলাম না। যাহা ব্যঙ্গের যোগ্য, তংপ্রতি ব্যঙ্গ প্রযুক্তা; তাহাতে অনিন্ট নাই, ইন্ট আছে। কে ব্যঙ্গের যোগ্য, তাহার মীমাংসার স্থান এ নহে: সংক্ষেপে কিঞ্চিং বলিব।

কার্য্যের যে সকল গুণ আছে, তাহার মধ্যে একটি ফলোপধায়কতা। কার্য্য হয় সফল, নয় নিম্ফল। কার্য্য সফল হইলে. তাহার ফলে যদি অন্যের ইণ্ট হয়, তবে তাহাকে প্র্ণ্য বলি। যদি তাহার ফলে পরের অনিষ্ট হয়, তবে তাহাকে কর্ত্তার অভিপ্রায়ভেদে পাপ বা দ্রান্তি বলি। যদি অসদভিপ্রায়ে সেই অনিষ্টজনক কার্য্য কৃত হইয়া থাকে, তবে তাহা পাপ বা দ্রান্তির্মা। যদি অসদভিপ্রায় ব্যতীত ঘটিয়া থাকে, তবে তাহা দ্রান্তি মাত্র।

দেখা যাইতেছে যে, প্র্ণা, পাপ, বা দ্রান্তি, কেহই ব্যঙ্গের যোগ্য নহে। প্র্ণা প্রতিণ্ঠার যোগ্য, তংপ্রতি ব্যঙ্গ অপ্রযুক্তা। পাপ, ভংশনা, দন্ড, বা শোচনার যোগ্য তংপ্রতিও ব্যঙ্গ অপ্রযুক্তা। যাহাতে দ্বংখ করা উচিত, তাহা ব্যঙ্গের যোগ্য নহে। তদ্রুপ, দ্রান্তিও ব্যঞ্জর যোগ্য নহে—উপদেশ তংপ্রতি প্রযুক্তা।

নিষ্ফল ক্রিয়ার প্রতি অবস্থাবিশেষে বাঙ্গ প্রযজ্ঞ। ক্রিয়া যে নিষ্ফল হয়, তাহার সচরাচর কারণ এই যে উদ্দেশ্যের সহিত অন্কানের সঙ্গতি থাকে না। যেখানে অনুষ্ঠানে উদ্দেশ্যে অসঙ্গত, সেইখানে বাঙ্গ প্রযুজ্ঞ। বাঙ্গালার কথার অপ্রতুল হেতু ইহাকেও প্রমাদ বলিতে হয়, কিস্তু প্রথমোক্ত দ্রান্তির সহিত ইহার বিশেষ প্রভেদ আছে। ইংরাজি ভাষায় এই দুইটির জন্য প্থক্ প্থক্ নাম আছে। একটিকৈ Error বলে আর একটিকে Mistake বলে। Error ব্যক্তের যোগ্য নহে, Mistake ব্যক্তের যোগ্য।

ক্রিয়া সন্বন্ধে যের্প, ক্রিয়ার অপরিণত মনের ভাব সন্বন্ধেও সেইর্প। প্রাের উপযােগী চিত্তভাবকে ধর্ম্ম বলা যায়; পাপের উপযােগাী ভাবকে অধন্ম বলি, এবং দ্রান্তির উপযােগাী ভাবকে অধন্ম বলি, এবং দ্রান্তির উপযােগাী ভাবকে অজ্ঞানতা বলি। এই তিনই ব্যান্তের অযােগা। কিন্তু যে চিত্তব্তি হইতে প্রমাদ জন্মে, তাহা ব্যান্তের যােগা। আমরা দুইটি ইংরাজি কথা ব্যবহার করিবাছি, আর একটি ব্যবহার করিলে অধিক দােষ হইবে না। Mistake যের্প ক্রের যােগা, Follyও তদুপ। এই নাটকে বিধ্নমুখীর বা প্রতিদ্রু বা পের্রামের চিত্রে যে বাঙ্গ দেখা যায়, তাহা ঐর্প অসঙ্গত কার্যা বা ভাবের উপর লক্ষিত। স্ত্তরাং নিন্দনীয় নহে। পর্ভু এই প্রহসনের আদ্যােপান্ত পাঠ বা অভিনয় দর্শন প্রীতিকর। ইহা সামান্য প্রশংসা নহে কেন না অনাান্য বাঙ্গালা প্রহসনে প্রায় তাহা অসহা কন্টকর।

পরিতাপের বিষয় এই যে, এ প্রহসনের কোন কোন শুলে এমত ভাষা ব্যবহৃত হইয়াছে যে ভদ্রলোক পরস্পরের সাক্ষাতে উচ্চারণ করেন না। ইহাকে অগ্লীলতা বলা যাউক বা না যাউক, একট্ব দোষ বটে। কিন্তু ইহা মৃত্যুক্তে বলা যাইতে পারা যায় যে, ইহাতে কদর্যাভাবজনক কথা কিছুই নাই। এমত কোন কথা নাই যে তাহাতে পাঠকের বা দর্শকের মন কল্বিত হইতে পারে।—'বঙ্গদর্শন', চৈত্র ১২৭৯, পৃ. ৫৭১ ৭৬।

मुर्गा

শ্রীকৃষ্ণ এবং দুর্গা এই বঙ্গদেশের প্রধান আরাধা দেবতা। ইংছাদিগের প্রজা না করে এমত হিন্দ্র প্রায় বঙ্গদেশে নাই। কেবল প্রজা নহে, কৃষ্ণভক্তি ও দুর্গাভিত্তি এ দেশের লোকের সম্বর্কম্মব্যাপী হইযাছে। প্রভাতে উঠিয়া শিশ্বরাও "দুর্গা দুর্গা" বিলয়া গারোখান করে। যে কিছু লেখা পড়া আরম্ভ করিতে হইলে, আগে দুর্গা নাম লিখিতে হয়। "দুর্গা" "দুর্গা" "দুর্গা" "দুর্গালমই নির্গাত হয়। আমাদের প্রধান পর্বাহ দুর্গাৎসব। সেই উৎসব অনেকের প্রতিনাম্বাসেই নির্গাত হয়। আমাদের প্রধান পর্বাহ দুর্গাৎসব। সেই উৎসব অনেকের জীবনমধ্যে প্রধান কম্মা বা প্রধান আনন্দ। সম্বংসর তাহারই উদ্যোগে যায়। পথে পথে কালীর মঠ। অমাবস্যায় অমাবস্যায় কালীপুজা। কোন গ্রামে পীড়া আবদ্ধ হইলে রক্ষাকালীপুজা। কাহারও কিছু অশ্বত সম্ভাবনা হইলেই চণ্ডীপাঠ —অর্থাৎ কালীর মহিমা কীর্ত্তন। ইংলুর প্রতিয়েথ পুস্ববিঙ্গে অনেক প্রচীন বিজ্ঞ ব্যক্তিও মদ্যপান ও অন্যান্য কুর্গাতত কম্মো রত। ফলে এই দেবী বঙ্গদেশ শাসন করিতেছেন। ডাকাইতেরা ইংহার প্রজা না দিয়া ডাকাইতি করে না।

এই দেবী কোথা হইতে আসিলেন? ইনি দে? আমাদিগের হিন্দু ধন্ধকৈ সনাতন ধন্ধ বিলবার কারণ এই যে, এই ধন্ধ বেদম্লক। যাহা বেদে নাই, তাহা হিন্দু ধন্ধের অন্তর্গত কি না সন্দেহ। যাদ হিন্দু ধন্ধ সন্বন্ধে কোন গার্তর কথা বেদে না থাকে, তবে হয় বেদ অসন্প্র্ণ, না হয় সেই কথা হিন্দু ধন্ধের মূলোভেদ করিতে হব। তবে দ্বিতীয় পক্ষই এমন স্থলে অবলন্দ্রনীয় কি না, তাহা হিন্দুদিগের বিচার্ধ্য।

দ্রগার কথা বেদে আছে কি? সকল হিন্দ্রেই কন্তব্যি যে এ কথার অন,সন্ধান করেন। আমরা অদ্য তাহাদেব এ বিষয়ে কিছন সাহাস্য কবিব।

অনেকেই জানেন যে বেদ একখানি গ্রন্থ নয়। অথবা চারি বেদ চারিখানি গ্রন্থ মাত্র নহে। কতকগর্নিন মন্ত্র, কতকগর্নিন "ব্রাহ্মণ" নামক গ্রন্থ এবং কতকগর্নিন উপনিষদ্ লইয়া এক একটি বেদ সম্পূর্ণ। তন্মধ্যে মন্ত্রই বেদের শ্রেস্ঠাংশ বলা যাইতে পারে।

ইহা একপ্রকার নিশ্চিত যে কোন বৈদিক সংহিতায় এই দেবীর বিশেষ কোন উল্লেখ নাই। ইন্দ্র, মিত্র, বর্ণ, বায়, সোম, অগ্নি, বিষ্ণু, র.দ্র, অস্থিনীকুমার প্রভৃতি দেবতার ভূরি ভূরি উল্লেখ ও জুতিবাদ আছে; প্রুণ, অর্ধামন প্রভৃতি এক্ষণে অপরিচিত অনেক দেবতার উল্লেখ আছে, কিন্তু দুর্গা বা কালী বা তাঁহার অন্য কোন নামের বিশেষ উল্লেখ নাই।

ক্ষণেবদ সংহিতার দশম মণ্ডলের অন্টমান্টকে "রাত্রি পরিশিন্টে" একটি দ্র্গা-স্তব আছে

বঙ্কিম রচনাবলী

মাত্র। কিন্তু তাহাতে বদিও দুর্গা নাম ব্যবহৃত হইয়াছে তথাপি তাহাকে আমাদের প্রিজ্ঞতা দুর্গা বলা যাইতে পাবে না। উহা রাত্তি-স্তোত্ত মাত্র। সন্দিহান পাঠকের সন্দেহ ভঞ্জনার্থ, আমরা উহা উদ্ধৃত করিলাম।

আরাত্রি পাথিবং রজঃ পিতুরপ্রায়ি ধার্মাভঃ।
দিবঃ সদাংসি বৃহতী বিতিঠেসে থেবাং বর্ততে তমঃ॥ ১॥
যে তে রাত্রি ন্চাক্ষসো যুক্তাসো নবতিনব।
অশাতিঃ সম্পুটা উতো তে সপ্ত সপ্ততীঃ॥ ২॥

রাত্রিং প্রপদ্যে এননীং সন্পভ্তনিবেশনীং।
ভদ্রাং ভগবতীং কৃষ্ণাং বিশ্বস্য জগতো নিশাং॥ ৩॥
সন্দোশনীং সংযমনীং গ্রহনক্ত্রমালিনীম্।
প্রপদ্যোহং শিবাং বাণিঃ
ভদ্রে পাবং অশীমহি ভদ্রে পাবং অশীমহি ওঁ নমঃ॥ ৪॥

স্তোষ্যামি প্রযতো দেবীং শরণ্যাং বহন্চপ্রিযাং।
সহস্রসংমিতাং দুর্গাং জাতবেদসে স্নুন্বাম সোমম্॥ ৫॥
শাস্ত্যপ্র চদ্বিজাতীনাম্বিভিঃ সোমপাশ্রিতাঃ (সম্পাশ্রিতাঃ?)
ঋশ্বেদে ছং সম্বংপ্রাবাতীযতো নিদহাতি বেদঃ॥ ৬॥
যে ছাং দেবি প্রপদ্যতে ব্রহ্মণাঃ ধ্ব্যবাহিনাং।
অবিদ্যা বহুবিদ্যা বা স নঃ প্রদ্যিতদুর্গানি বিশ্বাঃ॥ ৭॥

অগ্নিবর্ণাং শন্তাং সৌম্যাং কীন্ত যিষ্যান্ত যে দ্বিজাঃ।
তান্ তারয়তি দ্বর্গানি নাবেব সিন্ধাং দ্বারতাত্যগিঃ॥ ৮॥
দ্বর্গেষ্ব বিষমে ঘোরে সংগ্রামে রিপন্সঞ্চটে।
অগ্নিচোরনিপাতেষ্ব দুক্টগ্রহনিবারশে॥ ৯॥

দুর্গেষ্ বিষমেষ্ ছাং সংগ্রামেষ্ বনেষ্ চ।
মোহ্যিছা প্রপদ্যন্তে তেষাং মে অভযং কুর্ তেষাং মে অভযং কুর্ ওঁ নমঃ॥ ১০ ॥
কেশিনীং সর্ব্বভ্তানাং পঞ্চমীতি চ নাম চ।
সা মাং সমা নিশা দেবী সর্ব্বতঃ পরিবক্ষতু সর্বতঃ পরিবক্ষতু ওঁ নমঃ॥ ১১ ॥
তামক্রিবণান্তপসা জন্তন্তীং বৈরোচনীং কম্মফলেষ্ জন্টাম্।
দুর্গাং দেবীং শরণমহং প্রপদ্যে সন্ত্বীস তরসে নমঃ॥ ১২॥
দুর্গা দুর্গেষ্ব স্থানেষ্ সমোদেবীরভীন্ট্যে।
য ইমং দুর্গান্তবং পুনাং রাজ্যে রাজ্যে সদা পঠেও।
রাজ্যিং বুশিকঃ সোভবো বাজিন্তবো গায়তী রাজ্যিস্তং জপেন্তিতাং তংকালম্পপদ্যতে॥ ১৩॥

এই সংস্কৃত এক এক স্থানে অত্যন্ত দ্বর্হ, এজন্য আমরা ইহার অন্বাদে সাহসী হইলাম না। ডাক্তার জন মিযোর কৃত ইংরোজ অন্বাদের অন্বাদ নিন্দে লিখিলাম। তাঁহার অন্বাদও সস্তোষজনক নহে।

"হে রাত্র! পাথিব রজঃ তোমার পিতার কিরপে পরিপ্র ইরাছিল। হে বৃহতি! তুমি দিবালেযে থাক, অতএব তমঃ বর্ত্তে। যে নরদর্শকেরা তোমাতে যুক্ত তাহারা নবনবতি বা অন্টাশীতি বা সপ্তসপ্ততি হউক (অর্থ কি?) সর্ব্বভূতনিবেশনী, জননী, ভদ্রা, ভগবতী, কৃষ্ণা, এবং বিশ্বজগতের নিশাস্বর্পে রাত্রিকে প্রাপ্ত হই। সকলের প্রবেশকারিণী শাসনকত্রী (?) গ্রহনক্ষ্যমালিনী, মঙ্গলযুক্তা রাত্রিকে আমি প্রাপ্ত হইয়াছি; হে ভদ্রে! আমরা যেন পারে যাই, আমরা যেন পারে যাই, ওঁ নমঃ। দেবী, শরণ্যা বহুনুচপ্রিয়া, সহস্রতুল্যা দ্বর্গাকে আমি যঙ্গে তুন্ট কবি। আমরা জাতবেদাকে (অগ্নি) সোমদান করি। দ্বিজ্ঞাতিগণের শান্ত্যর্থ তুনি শ্বিশিগের আশ্রর (?) খণেবদে তুমি সমুংপ্রমা অগ্নি অরাতিদিগের দহন করেন (?) দেবি! যে

রাহ্মণেরা, অবিদ্যা হউন, বা বহুবিদ্যা হউন, তোমার কাছে আসেন, তিনি (?) আমাদের সকল বিপদে ত্রাণ করিবেন। যে রাহ্মণেরা অগ্নিবর্ণা শত্বা. সৌম্যাকে কণিত্রতি করিবে, সম্দ্রেনোকার ন্যায় অগ্নি ত হাদিগকে বিপদ হইতে পার করিবেন। বিপদে ঘোর বিষম সংগ্রামে, সংকটে বিষয় বিপদে সংগ্রামে বনে অগ্নিনিপাতে, চোরনিপাতে, দৃষ্টগ্রহ নিবারণে, তোমার কাছে আসে, এ সকল হইতে আমাকে অভয় কর! এ সকল হইতে আমাকে অভয় কর! ও নমঃ। বিনি সন্ব্রভূতের কেশিনী পঞ্চমী নাম যাঁর, সেই দেবী প্রতিবাত্রে সকল হইতে পরিবক্ষণ কর্ন! ও নমঃ। অগ্নিবর্গ। তপেব দ্বাবা জ্বালাবিশিষ্টা, বৈবোচনী, কন্মণ্যলে জুক্টা দ্বর্গাদেবীর শরণাগত হই, হে স্বরেগবিত! তোমার নেগকে নমস্কার। দ্বর্গাদেবী বিপদস্থলে আমাদের মঙ্গলার্থ হউন। এই পবিত্র দ্বর্গা ন্তব যে রাত্রে রাত্র সদা পাঠ করিবে নর্যাক্র কুশিক, সৌরভ, রাত্রিন্তব, গায়ক্রী, যে ব্যক্রিস্কৃত্র নিত্র জপ করে সেতংকাল প্রাপ্ত হয়।"

ইহার সকল খলে অনুবাদ হইয়া উঠে নাই, এবং যাহা অনুবাদ হইয়াছে তাহার সকল স্থলের কেহ অর্থ করিতে পারে না। কিন্তু এত দ্বে ব্বা যাইতেছে যে, যদি এই দেবী আম.দের প্রিজতা দ্বর্গা হথেন, তবে দ্বর্গা রাহির অন্যেতর নাম মাত্র।

ইহা ভিন্ন যজনুৰ্বেদের (বাজসনেয়) সংহিতায় এক স্থানে অন্বিকার উল্লেখ আছে। কিন্তু সেখানে অন্বিকা শিবের ভগিনী, যথা–

"এষ তে রুদ্র ভাগঃ প্রস্রা অন্বিক্যা থং জুমুস্ব প্রাহা॥"

আর কোন সংহিতায় কোথাও দুর্গার কোন নামেব কোন উল্লেখ নাই।

তৎপবে ব্রহ্মণ। কোন ব্রাহ্মণে কোন নামে ই'ছার কোন উল্লেখ নাই। তারপর উপনিষদ্। উপনিষদে দ্বর্গাব নাম কোথাও নাই; এক স্থানে উমা হৈমবতী, আর এক স্থানে কালী করালী নামে উদ্রোখ আছে। ঐ দুইটি স্থানই আমরা ক্রমশঃ উদ্ধাত করিতেছি।

প্রথম, কেনোপনিষদে আছে -

অথ ২ কুম্ অৱবন্ মঘবয়েতি বিজ্ঞানীহি কিমেতদ্যক্ষমিতি। তথেতি তদভাদ্ৰবভ্সমাভি রোদধে।

স তাস্মিরোকাশে দির্যমাজগাম বহুশোভমানামুমাং হৈমবতীম্।

তং হোবাচ কিমেতদাক্ষমিতি।

সা রক্ষোতি হোবাচ রক্ষণো বা এতদ্বিজয়ে মহীয়ধ্বমিতি। ততো হৈব বিদাপকার রক্ষোতি।" "তাঁহারা তথন ইন্দ্রকে বালিলেন, "মঘবন্ এ যক্ষ কি জান্ব।" ইন্দু "তাই" বালিয়া তাহার কাছে গেলেন, সে অন্তর্জান হইল।

সেই আকাশে বহুশোভমানা উমা হৈমবতী নামক দ্বীলোকের নিকট আসিলেন। তাঁহাকে বলিলেন, "কি এ যক্ষ?" তিনি কহিলেন, "এ ব্রহ্মা, ব্রহ্মার এই বিজয়ে আপনারা মহং হউন।" তাহাতে জানিলেন যে, ইতি ব্রহ্ম।"

ইহার অর্থ কি, আমরা ব্রিকতে পারিব না, কিন্তু সায়নাচার্য্য ব্রিঝাছিলেন সন্দেহ নাই। সাবনাচার্য্য এই উমা হৈমবতীকে ব্রহ্মজ্ঞান বলেন। তৈত্তিরীয় আরণ্যকান্তর্গতি এক শ্বানে সোম শব্দের ব্যাখ্যায় বলেন, "হিমবংপ্র্যা গোর্য্যা ব্রহ্মবিদ্যাভিমানির্পত্বাং গোরীবাচকো উমাশব্দে। ব্রহ্মবিদ্যাং উপলক্ষর্যতি। অতএব তলবকাবোপনিষদি (ইহারই নামান্তর কেনোপনিষদ্) ব্রহ্মবিদ্যাম্ত্রিপ্রস্তাবে ব্রহ্মবিদ্যাম্ত্রিপ্রস্তাবে ব্রহ্মবিদ্যাম্তির্গ পঠ্যতে। বহুশোভমানাম্মাং হৈমবতীং তাং হোবাচ ইতি। তির্ধ্বত্বা ত্যা উম্যা সহিত্বর্জ্মানত্বাং সোমঃ।"

তবে কেনোপনিষদের উমা হৈমবতী ব্রহ্মবিদ্যামাত্র। মহাভারতীয় ভীষ্মপর্ব্বে সম্প্র্নকৃত একটি দুর্গান্তব আছে তাহাতে দুর্গাকে "ব্রহ্মবিদ্যা" বলা হইয়াছে। যথা—

জং ব্রহ্মবিদ্যা বিদ্যানাং মহানিদ্রা চ দেহিনাং।

দিতীয়, মাণ্ডকোপনিষদে এক স্থানে কালী ও করালী নামের উল্লেখ আছে। কিন্তু সে কোন দেবীর নাম বলিয়া উদ্লিখিত হয় নাই—অগ্নির সপ্তজিহনার নামের মধ্যে কালী ও করালী দুইটি নাম, ইহাই কথিত আছে, যথা—

কালী করালী চ মনোজবা চ স্লোহিতা যা চ স্থ্যুবর্ণা।
স্ফ্লিঙ্গিনী বিশ্বরূপী চ দেবী লোলায়মানা ইতি সপ্ত জিহ্না॥

ৰণ্কিম রচনাবলী

কালী, করালী, মনোজবা, স্লোহিতা, স্থ্যুবর্ণা, স্ফ্রিলিঙ্গিনা, এবং বিশ্বর্পী এই সাতটি অগ্নির জিহন।

ইহা ভিন্ন বেদে আর কোথাও দ্র্গা, কালা, উমা, অন্বিকা প্রভৃতি কোন নামে এই দেবীর কোন উল্লেখ নাই।

তৈত্তিরীয় আরণ্যকে দুর্গাগায়ত্তী আছে। তাহা এই—

কাত্যয়নায় বিশ্মহে কন্যাকুমারী ধীর্মাহ। তলো দুগাঁঃ প্রচোদয়াং।

পাঠক দেখিবেন, স্বালিঙ্গান্ত দুর্গা শব্দের পরিবর্ত্তে প্রংলিঙ্গান্ত দুর্গা শব্দ ব্যবহৃত হইরাছে। ইহার জন্য সায়নাচার্য্য লিখিয়াছেন, "লিঙ্গাদিব্যত্যয়ঃ সর্ব্বপ্র ছান্দ্র্রো।" তিনি কাত্যয়ন শব্দের এই ব্যাখ্যা করেন, "ফুতিং বস্তে হাতি কত্যো রুদ্রঃ। স এবায়নং যস্য সা কাত্যায়নী। অথবা কতস্য ঋষিবিশেষস্য অপত্যং কাত্যঃ।" কন্যাকুমারীর এই রুপ ব্যাখ্যা করেন, "কুংসিতং অনিষ্ঠং মায়রতি ইতি কুমারী, কন্যা দীপ্যমানা চাসো কুমারী চ কন্যাকুমারী।"

এতভিন্ন ঋণেবদান্তর্গতে রাত্রিপরিশিন্ট হইতে যে দ্বর্গান্তব উদ্ধৃত হইযাছে, তাহার ১২ সংখ্যক শ্লোক ঐ তৈতিরগীয আরণ্যকের দ্বিতীয় অনুবাকে অগ্নিন্তবে আছে। তাহাতে দ্বর্গার উল্লেখ আছে, দেখা গিয়াছে।

কৈবল্যোপনিষদে "উমা সহায়ম্" বলিয়া মহাদেবের উল্লেখ আছে। কৈবল্যোপনিষদ্
অপেক্ষাকৃত আধুনিক। ঐস্থলে আশ্বলায়ন বক্তা।

ওয়েবর বলেন, তৈত্তিরীয় আরণ্যকের অন্টাদশ অনুবাকে "উমাপতয়ে" শব্দ আছে -কিন্তু ঐ বচন আমরা দেখি নাই।

উপনিষদে বা আরণ্যকে আর কোথাও দ্বর্গার উল্লেখ পাওয়া যায় না।

এক্ষণে জিজ্ঞাস্য, আমাদিগের প্রিজত দুর্গা কি রাহি, না মহাদেবের ভাগনী, না ব্রহ্মবিদ্যা, না অগ্নিজিহ্বা?*—'বঙ্গদর্শন', জ্যৈষ্ঠ ১২৮০, প্. ৪৯-৫৩।

জন ভাষার্ট মিল

মিলের মৃত্যু হইযাছে! আমরা কখন তাঁহাকে চক্ষে দেখি নাই; তিনিও কখন বঙ্গদর্শনের পরিচয় গ্রহণ করেন নাই। তথাপি আমাদিগের মনে হইতেছে যেন আমাদিগের কোন পরম আত্মীয়ের সহিত চিরবিচ্ছেদ হইয়াছে!

২৭ বৈশাথ তারিখের টেলিগ্রাম ২৮ তারিখে প্রকাশ হয় যে মিল সংকটাপারর পে পাঁড়িত। পরিদিন প্রাতে মিলের কুশল জানিবার জন্য সাতিশার আগ্রহচিত্তে সম্বাদপত্ত খুলিলাম, দেখিলাম যে, চিকিংসকেরা মিলের জীবনের আশা পরিত্যাগ করিয়াছেন। সেই দিবস অপরাহে সম্বাদ আইসে যে মিল নাই!

ছয় হ জার মাইল দ্রে থাকিয়া আমরা এই শোক পাইয়াছি. না জানি ইংলন্ডবাসীরা কতই দ্বংখ করিতেছেন! কিন্তু কেনই দ্বংখ করি তাহা বলা যায় না! যে মহোদয় অপেন ব্রন্ধিবলে প্রায় সমস্ত মানব জাতিকে ঋণী করিয়াছেন, যিনি যাবজ্জীবন ঋণ প্রদানে নিযুক্ত ছিলেন এবং যিনি এতাদ্শ কীর্ত্তি রাখিয়া গিয়াছেন যে, যে কেহ হউক যত্নসহকারে আবেদন করিলেই তাঁহার বদান্যতার ফলভোগী হইতে পারিবে, এর্প মহাপ্রন্ম এত কাল পরে বিপ্রাম লাভ করিয়াছেন বলিয়া কেনই এত কাতর হই? তথাচ ম্ত্যুশোক দ্র হইবার নহে, "মিল নাই" এই কথা মনে করিলে চিত্ত স্বভাবতঃই ব্যথিত হয়।

মিল অতি স্ক্রেব্দ্রিসম্পন্ন নৈয়ায়িক ছিলেন। তাঁহার কৃত ইংরাজি ন্যায়শাস্ত্র এবং অর্থব্যবহারশাস্ত্র তাঁহার প্রধান কীর্ত্তি। ইহাতে তিনি যে কোন ন্তন কথার উদ্ভাবন করিয়াছেন তাহা নহে কিন্তু এতংসংক্রান্ত সম্পায় কথা এমন স্বশৃত্থল করিয়া লিখিয়াছেন এবং প্রত্যেক বিষয় এত পরিষ্কার করিয়া ব্র্ঝাইয়াছেন যে, তাঁহার গ্রন্থ পাঠ না করিলে কাহারই উক্তশাস্ত্র অধ্যয়ন সম্পূর্ণ হইবেক না।

* এই প্রবন্ধে যাহা কিছু বেদ হইতে উদ্ধৃত হইয়াছে তাহা ডাক্তার জন মিয়োরের সংগ্রহ (Sanskrit Texts) হইতে নীত। সেই সংগ্রহই প্রবন্ধের অবলম্বন। তিনি রাজ্যশাসনপ্রণালী বিষয়ে যে সমস্ত কথা বিলয়া গিরাছেন, বোধ হয় যে, কিছুকাল পরে ইংলন্ডে তাহা ফলধারণ করিবে। তাহার পরামর্শ ইংলন্ডীর্য়াদগের প্রকৃতির উপযোগী বটে তথাপি অপর সাধারণে এখনও তাহার সম্পূর্ণ মর্ম্মগ্রহণ করিয়া উঠিতে পারে নাই।

বিদ্যান,শীলন বিষয়ে তিনি যে পথ প্রদর্শন করিয়াছেন এখন সম্বাচ সকলেই সেই পথান,সারী হইতেছে। মিল বিলয়াছেন যে, যেমন চৌর্যা প্রভৃতি অপরাধ নিবারণের উপায় রাজা কর্ত্ত্ব নিন্দিণ্ট হওয়া আবশ্যক, তদুপে তাবং লোককে লেখাপড়া শিক্ষা দেওয়াও রাজার কর্ত্তব্য। তাঁহার ঐকান্তিক বাসনা ছিল যে উত্তম অধম, ধনী দরিদ্র, ভদ্র অভদ্র সকলেই বিদ্যাভ্যাস করিবে; সম্বাচ বিজ্ঞানশান্তের চচ্চা বিদ্ধাত হইবে এবং ধন্মোপদেশ বিষয়ে রাজার হস্তক্ষেপ করা কর্ত্তব্য নহে। কাজে না হউক মনে মনে প্রধান প্রধান রাজকর্ম্মাচারিগণ প্রায় সকলেই এই সকল কথার যোঁক্তিকতা দ্বীকার করিয়াছেন।

মনোবিজ্ঞানশান্দ্রে মিল অনেকের যথেচ্ছচারিতা দমন করিয়াছেন। এখন Λb -olutist বিলয়া কাহারও পরিচয় দিলে তাঁহার একপ্রকার নিন্দা করা হয়। এতাদৃশ সংস্কার বিস্তার করণ পক্ষে মিলের আয়াস যথেষ্ট ফললাভ করিয়াছে।

মিল শেষাবস্থায় সামাজিক ব্যবস্থা বিষয়ে দুটি ন্তন কার্যে হস্তক্ষেপ করিয়াছিলেন। প্রথমতঃ তাঁহার মতে স্বীজাতি সন্বতোভাবে প্রুবের তুলা, অতএব যাহাতে উভয় জাতির শ্রেষ্ঠ নিকৃষ্ট সন্বন্ধ দ্বাকৃত হয় মিল তাহার জনা অতিশয় চেষ্টিত ছিলেন। পরিণামে ইহার কি হয় বলা যায় না কিন্তু ইউরোপ ও আমেরিকার অবস্থার প্রতি মনোনিবেশ করিয়া দেখিলে বোধ হয় না ষে, যে উদ্যম আরম্ভ হইয়াছে তাহা সহসা ভঙ্গ হইবেক। এই বিষয়ক চিস্তাকালে আমাদিগের মনে হয় যেন মিল আপন স্বীবিয়োগের পর তাহার গাঢ় পত্নীভক্তি কার্যেণ পর্য্যাসত করণার্থ ব্রস্ত স্বর্ব ওই চেষ্টাতে প্রবৃত্ত হয়েন।

এস্থলে এ কথা বলিলে তাঁহার মনের ভাব কতক প্রকাশ হইবেক যে, ফরাসিদেশে আডিনে নামক নগরের এক গির্জার সমাধিক্ষেত্রে মিলের দ্বী সমাধিস্থ হয়েন এবং ঐ সমাধি সব্বদাদেখিতে পাইবেন বলিয়া মিল তাহার নিকটবন্তী একটি বাটী ক্রয় করেন। সেই বাটীতে এরিসিপেলাস রোগে তাঁহার মৃত্যু হইয়াছে।

দিতীয়; মিলের কলপনা এই যে প্থিবীর ভূমিসম্পত্তির উপস্বত্ব ক্রমশঃই বিদ্ধিত হইতেছে; ইহার কিয়দংশ কেবল মাত্র সভ্যতার উন্নতিজনিত; তাহাতে কাহারও আয়াস বা অর্থব্যর হয় না, কিন্তু কেবল কতিপর ভূমাধিকারীই তাহার ফলভোগী হয়েন। যদ্যপি উপস্বত্বের এই বিদ্ধিত অংশ রাজহন্তে সমিপিত হয়়, তবে ক্রমশঃ রাজকরের লাঘব হইয়া রাজাস্থ তাবৎ লোকেই ইহার কিছু কিছু অংশ পাইতে পারেন। অতএব ইহার সদ্পায় করা কর্তব্য। মিল এই কার্যে অতি অল্পদিন হইল হস্তক্ষেপণ করিয়াছিলেন, তাঁহার মৃত্যুর পরে যে হঠাৎ আর কেই ইহাতে প্রবত্ত হইবেন, বোধ করি তাহার সন্ভাবনা অল্প।

মিল প্রথমাবস্থার অনেক বিষয়ে কোম্তের সহিত একমত ছিলেন কিন্তু পরিণামে নানা মতভেদ উপস্থিত হয়। আমরা মনে করি যে পরস্পরের বিবাদের স্থলে কথা এই যে,—

ব্যক্তিবিশেষ ও জনসমাজ এতদন্ভর মধ্যে, মিলের মতে ব্যক্তির প্রাধান্য রক্ষা করিয়া সমাজের উন্নতিসাধন করিতে হইবেক নতুবা প্রথিবী ক্রমশঃ নিস্তেজ হইয়া যাইবেক।

আর কোম্থ বলেন যে, সহস্ত্র চেন্টা করিলেও মনুষ্যের স্বার্থান,রাগ পরহিতিষিতা অপেক্ষা ক্র্ম হইবেক না; ব্যক্তিবিশেষের প্রাধান্য রক্ষার্থ যত্ন প্রয়োগ হইলে, সেই বত্নের দ্বারা সমাজের যে উন্নতি হইতে পারিত তাহার ব্যাঘাত হইবেক। অতএব স্বার্থান,রাগ কেবল দমন করিবার চেন্টা করাই কর্ত্রবা।

মিল ও কোম্তের ন্যায় মহোপাধ্যায়গণ যে সকল বিষয়ের ঐক্সমত সংস্থাপন করিতে পারেন নাই, তাহার কোন পক্ষের মত সমর্থন করা সামান্য লোকের পক্ষে অবশাই অসাধ্য। স্কুতরাং মতম্বয় মধ্যে কোন্টি শ্রেণ্ঠ এবং কোন্টি নিকৃষ্ট তিম্বয়ে আমরা কোন কথা বিলতে পারি না। কিন্তু এই পর্যান্ত বলিতে ইচ্ছা করি যে, মিলা কোম্ং দর্শন বিচার করিবার জনা Auguste Comte and Positivism নামক যে প্রক্তক রচনা করিয়াছেন, তাহাতে জনসমাজের ক্ষণিং ক্ষতি হইয়াছে। কিন্তু তাহা মিলের অভিপ্রেত নহে বলিয়া তম্জনা মিলকে বিশেষ

र्वाष्क्रम ब्रह्मावनी

দোষ দেওয়া যায় না। অনেকে কোম্তের গ্রন্থ পাঠ করা দ্রুহ বলিয়া মিলের গ্রন্থ হইতে তাঁহার মতের সার সংগ্রহ করিবার চেণ্টা করেন। কিন্তু ইহার পরিণাম কেবল এই মাত্র হয় যে, যেমন কিছুদিন প্রেব্র খৃষ্টান মহাশয়েরা সকল কথা না ব্রিয়া কেবল হিন্দ্র্বদর্শর প্রতি বাঙ্গ করিতেই পাট্র ইইতেন, মিলকৃত কোম্ংভাষ্যের পাঠক মহাশয়েরাও তদ্রুপ কেবল বাঙ্গ করিবার ক্ষমতা লাভ করেন।

মিলের ধর্ম্ম বিষয়ে আমরা কোন কথা বলিতে ইচ্ছা করি না, কারণ তিনি নিজে তাহা পরিক্ষারর্পে ব্যক্ত করেন নাই। ইহাতে তিনি নিন্দাভাজন হইয়াছেন কি না তদ্বিষয়ে দ্বিমন্ত থাকিতে পারে। কিন্তু যদি তিনি দ্বয়ং আপন প্রকৃত বিশ্বাস গোপন করিবার চেট্টা করিয়া থাকেন, তবে অনোর পক্ষে তাহার আন্দোলন করা বন্ধরে কার্য্য হইতে পারে না।

আমরা এতক্ষণ যে সকল বিষয়ের আলোচনা করিতেছিলাম, তাহাতে আমরা সমগ্র মানবজাতির সহিত দ্রাত্সম্পর্কে আবদ্ধ। কিন্তু ভারতবাসী বিলয়া মিলের সহিত আমাদের আরো কিছু সম্পর্ক আছে। যংকালে ভারতবর্ষ ইণ্ট ইন্ডিয়া কোম্পানির কর্তৃ ঘাধীন ছিল তখন মিল প্রথমতঃ ইণ্ট ইন্ডিয়া হাউসের একজন কেরানি এবং পরিশেষে চিঠিপত্র-পরীক্ষকের কার্য্য করিতেন। কোর্ট অব্ ভাইরেকটর হইতে ভারতবর্ষে যে সকল আজ্ঞালিপি আসিত তাহা মিলের পরীক্ষা ভিন্ন প্রেরিত হইত না। কিম্বদন্তী আছে যে, ভারতবর্ষের বিদ্যাশিক্ষাবিষয়ক সন ১৮৫৪ সালের প্রিক্ষ লিপিরচনাকার্য্যে মিলের বিশিষ্ট সাহাষ্য ছিল। ফলতঃ উহাতে যের্প নিয়ম নিন্দিণ্ট হইযাছে তাহার সহিত মিলের Liberty নামক প্রস্তকোক্ত মতের সম্পূর্ণ ঐক্য লক্ষিত হইবেক।

ভারতবর্ষের রাজকার্য্য মহারাণীর কর্মাচারিগণের হস্তে অপিত হইবার সময় মিলকে ইণ্ডিয়া কৌশিলের মেন্বর হইতে অন্রোধ করা হয়। কিন্তু ঐ ন্তন বন্দোবস্ত মিলের মতে অযৌজিক বিলায়া তিনি উক্ত পদ গ্রহণ করেন নাই। তৎকালে ইণ্ট ইণ্ডিয়া কোম্পানির পক্ষ হইতে মহারাণীকে এই কার্য্য হইতে ক্ষান্ত করিবার জন্য এক আবেদন করা হয়। কথিত আছে যে, মিল তাহার রচনা করিয়াছিলেন। উক্ত আবেদনে লিখিত ছিল যে, ভারতনর্ষের নায় রাজ্য পার্লিয়ামেন্টের অধীন না হইয়া কোম্পানির অধীন থাকিলে ভারতবাসীদিগের মঙ্গল হইবেক, নতুবা তাহারা ইংলন্ডের দলাদলির আন্টোশে পড়িয়া নিতান্ত উৎপীড়িত হইবেক। তৎকালে এই কথার প্রতি কেহই তাদৃশ মনোযোগ করেন নাই; কিন্তু এখন ইহাকে তুচ্ছ করিতে পারে এমন লোক কে আছে?

জীবনব্তান্ত লিখিবার প্রথা অনুসারে মিলের বিষয়ে, নিম্নলিখিত তারিখগালি সংগ্রহ করিয়া দেওয়া গোল।

মিলের জন্ম		2408
তংকৃত System of Logic নামক ন্যায়শাস্ত্র প্রকাশ		2480
Essay on Unsettled Questions of Political Economy	,	2488
মিল ইন্ট ইন্ডিয়া হোসের Examiner of Indian Correspondence		
পদে नियुक्त		2866
মিল উক্ত কর্ম্ম ত্যাগ করেন		2464
মিলকৃত Essays on Liberty প্রকাশ		2862
Dissertations and Discussions Political &c. প্রকাশ		2862
Thoughts on Parliamentary Reforms প্রকৃষ্		2862
Principles of Political Economy (অথব্যবহারশাস্ত্র) প্রকাশ		2442
Considerations on Representative Government প্রকাশ		2462
Utilitarianism প্রকাশ		2495
Auguste Comte & Positivism প্রকাশ		24.P.G
মিল পালিয়ামেন্টের মেশ্বর হয়েন		2496
Examination of Sir W. Hamilton's Philosophy প্রকাশ ডংকত Inaugural Address delivered to the University	•	2496
of St. Andrew প্রকাশ		১৮৬৭

भ्र भारेत्वन भश्नामन मस

England and Ireland Subjection of Women প্রকাশ মিলের মৃত্যু

... 249A

... 2840

-'বঙ্গদর্শন', শ্রাবণ ১২৮০, প. ১৪৫-৪৮।

भ्र भारेरकल भ्रथ्यापन पख

আজি বঙ্গভূমির উন্নতি সম্বন্ধে আর আমরা সংশয় করি না—এই ভূমণ্ডলে বাঙ্গালি জাতির গোরব হইবে। কেন না বঙ্গদেশ রোদন করিতে শিথিয়াছে—অকপটে বাঙ্গালী, বাঙ্গালী কবির জন্য রোদন করিতেছে।

যে দেশে এক জন স্কৃবি জন্মে, সে দেশের সোভাগ্য। যে দেশে স্কৃবি যশঃ প্রাপ্ত হয়, সে দেশের আরও সোভাগ্য। যশঃ, মৃতের প্রস্কার—জীবিতের যথাযোগা যশঃ কোথায়? প্রায় দেখা যায়, বিনি যশের পায়, তিনি জীবিতকালে যশস্বী নহেন; যিনি যশের অপায়, তিনি জীবিতকালে যশস্বী। সক্রেতিস্ এবং যীশ্রীভেটর দেশীয়েরা, তাঁহাদিগকে অপমান করিয়া প্রাণদন্ড করিয়াছিল। কোপরনিকৃস্, গেলিলীয়, দাস্তে প্রভৃতির দ্বংখ কে না জানে? আবার হৈলি, সিওয়ার্ড মহাকবি বলিয়া খ্যাত হইয়াছিলেন। এ দেশে, আজিও দাশরিথ রায়ের একট্ব যশঃ আছে। যে দেশের প্রেণ্ঠ কবি যশস্বী হইয়া জীবন সমাপন করেন, সে দেশ প্রকৃত উয়াতির পথে দাঁভাইয়াছে। মাইকেল মধ্স্দেন দত্ত যে যশস্বী হইয়া মরিয়াছেন, ইহাতে বর্ঝা যায় য়ে, বাঙ্গালা দেশ উয়তির পথে দাঁভাইয়াছে।

বাঙ্গালা প্রাচীন দেশ। যাঁহাবা ভূতত্ত্বেক্তাদিগের মুখে শ্নেন যে, বাঙ্গালা নদীম্খনীত কর্ম্পাত রচিত, তাঁহারা যেন না মনে করেন যে, কালি পরশ্ব হিমাচলপদতলে সাগরোদিন প্রহত হইত। সের্প অনুমানশক্তি কেবল হুইলর সাহেবের ন্যায় পশ্ডিতেরই শোভা পায়। কিন্তু এই প্রাচীন দেশে, দ্ই সহস্র বংসর মধ্যে কবি একা জন্মদেব গোস্বামী। শ্রীহর্ষের কথা বিবাদের স্থল—নিশ্চনস্থল হইলেও শ্রীহর্ষ বাঙ্গালী নহেন। জন্মদেব গোস্বামীর পর শ্রীমধ্যসদেন।

র্যাদ কোন আধ্যুনিক ঐশ্বর্য্য-গব্বিত ইউবোপীয় আমাদিগের জিজ্ঞাসা করেন, তোমাদের আবার ভরসা কি?—বাঙ্গালির মধ্যে মন্য্য জিম্য়াছে কে? আমবা বলিন, ধন্মোপিদেশকের মধ্যে প্রীটেতনাদেব দার্শনিকের মধ্যে রম্বনাথ, কবির মধ্যে প্রীজয়দেব ও প্রীমধ্যসূদন।

সমরণীয় বাঙ্গালির অভাব নাই। কুপ্লকে ভটু, রঘ্নন্দন, জগলাথ, গদাধর, জগদীশ, বিদ্যাপতি, চন্ডীদাস, গোবিন্দদাস, মুকুন্দরাম, ভারতচন্দ্র, রামমোহন রায় প্রভৃতি অনেক নাম করিতে পারি। অবনতাবস্থায়ও বঙ্গমাতা রত্নপ্রস্বিনী। এই সকল নামের সঙ্গে মধ্সন্দন নামও বঙ্গদেশে ধন্য হইল! কেবলই কি বঙ্গদেশে?

আমাদের ভরসা আছে। আমরা স্বয়ং নিগ্রেণ হইলেও, রত্নপ্রসিবনীর সন্তান। সকলে এই কথা মনে করিয়া, জগতীতলে আপনার যোগ্য আসন গ্রহণ করিতে যত্ন কর। আমরা কিসে অপট্র? রণে? রণ কি উন্নতির উপার? আর কি উন্নতির উপায় নাই? রক্তদ্রোতে জাতীয় তরণী না ভাসাইলে কি স্থের পারে যাওয়া যায় না? চিরকালই কি বাহ্বলই একমাত্র কল বিলয়া স্বীকার করিতে হইবে? মন্বোর জ্ঞানোম্রতি কি ব্থার হইতেছে? দেশতেদে, কাল-ভেদে কি উপায়ান্তর হইবে না?

ভিন্ন ভিন্ন দেশে জাতীয় উন্নতির ভিন্ন ভিন্ন সোপান। বিদ্যালোচনার কারণেই প্রাচীন ভারত উন্নত হইরোছল, সেই পথে আবার চল, আবার উন্নত হইবে। কাল প্রসন্ন—ইউরোপ সহার—স্কুবন বহিতেছে দেখিয়া, জাতীয় পতাকা উড়াইয়া দাও—তাহাতে নাম লেখ "শ্রীমধ্সদেন।"

বঙ্গদেশ, বঙ্গ কবির জন্য রোদন করিতেছে। বঙ্গ কবিগণ মিলিয়া বঙ্গীয় কবিকুলভূষণের জন্য রোদন করিতেছেন। কবি নহিলে কবির জন্য রোদনে কাহার অধিকার?—'বঙ্গদর্শন', ভার ১২৮০, প. ২০৯-১০।

জাতিবৈর

ভারতবর্ষীয় যে কোন ইংরেজ সম্বাদপত্র (ইংরেজ সম্বাদপত্র অর্থ ইংরেজের দ্বারা সম্পাদিত সম্বাদপত্র) আমরা হস্তে গ্রহণ করি না কেন, সন্ধান করিলে অবশ্যই দেখিব যে, তাহার কোন স্থানে না কোন স্থানে দেশীয় লোকদিগের উপর কিছু গালি—কিছু অন্যায় নিন্দা আছে। আবার যে কোন বাঙ্গালা সম্বাদপত্র পড়ি না কেন, সন্ধান করিলে তাহার কোন অংশে না কোন অংশে—ইংরেজের উপর দ্রোধ প্রকাশ—ইংরেজের নিন্দা—অবশ্য দেখিতে পাইব। দেশী পত্র মাত্রেই ইংরেজের অন্যায় নিন্দা থাকে, ইংরেজি পত্র মাত্রেই দেশী লোকের অন্যায় নিন্দা থাকে। বহুকাল হইতে এরুপ হইতেছে—ন্তন কথা নহে।

সম্বাদপতে যের্প দেখা যায়, সামাজিক কথোপকথনেও সেইর্প। ইহা জাতিবৈরের ফল। এতদ্ভয় জাতির মধ্যে যে বিষেষ ভাব, তাহাকেই জাতিবৈর বিলতিছি। প্রায়্ম অধিকাংশ সদাশয় ইংরেজ ও দেশীয় লোক এই জাতিবৈরের জন্য দৃঃখিত। তাঁহারা এই জাতিবৈরেক মহা অশন্তকারী মনে করিয়া ইহার শান্তির জন্য যত্ন করেন। যে সকল সম্বাদপতে এই জাতিবৈরের পরিয় পাওয়া যায়, তাহাতেই আবার ইহার নিবারণার্থ নানাবিধ ক্টার্থ, অলঞ্কারবিশিষ্ট, প্রবদ্ধ দেখিতে পাওয়া গিয়াছে। ইহার নিরাকরণার্থ অনেক বিজ্ঞাতীয়, সমাজ, সভা, সোসাইটি, এসোসিয়েশন স্থাপিত হইয়া, শ্বেতকৃষ্ণ উভয় বর্ণে রঞ্জিত হইয়া সতরঞ্জের ছকের দশা প্রাপ্ত ইইয়াছে। ইহার শমতা জন্য কত ইউনিয়ন ক্লব সংস্থাপিত হইয়া স্পকার এবং মদ্যবিক্রেতাকুলের আনন্দ বৃদ্ধি করিয়াছে। কিন্তু কিছ্বতেই এ রোগের উপশম হইল না, এ বিষ নামিল না। দৃঃখের বিষয় যে, কেহ কথন বিবেচনা করিয়া দেখিল না যে, এই জাতিবৈর শমিত করিয়া, আমরা উপকৃত হইব কি না? আর উপকৃত হই বা না হই, বান্তবিক ইহার শমতা সাধ্য কি না?

ইংরেজরা যে এ দেশের লোকের অপেক্ষা সাধারণতঃ শ্রেষ্ঠ, তাহা আত্মগোরবান্ধ ব্যক্তি ব্যতীত কেহই অস্বীকার করিবেন না। ইংরেজরা আমাদের অপেক্ষা বলে, সভাতায়, জ্ঞানে, এবং গোরবে শ্রেষ্ঠ। কোন এক জন ইংরেজের অপেক্ষা, কোন এক জন বাঙ্গালীকে শ্রেষ্ঠ দেখা যাইতে পারে, কিন্তু সাধারণ বাঙ্গালীর অপেক্ষা, সাধারণ ইংরেজ যে শ্রেষ্ঠ তদ্বিষয়ে সংশয় নাই। যেখানে এরপে তারতম্য সেখানে যদি শ্রেষ্ঠ পক্ষ নিম্প্ত হিতাকাঞ্চী এবং শমিতবল হইয়া থাকিতে পারেন, নিকৃষ্ট পক্ষ তাঁহাদিগের নিকট বিনীত আজ্ঞাকারী এবং ভক্তিমান হইয়া থাকিতে পারেন, তবেই উভয়ে প্রীতির সম্ভাবনা। যে নিকৃষ্ট হইয়া, বিনীত, বশ্য এবং ভক্তিমান না হইবে, শ্রেষ্ঠ তাহার উপর কাজে কাজেই বিরক্ত হইবেন। আর যে শ্রেষ্ঠ হইয়া বল প্রকাশ এবং অনিষ্টকারী হইবে, নিকৃষ্ট সতেরাং তাহার উপর রাগ করিবেন। অতএব ইংরেজেরা যদি আমাদিগের প্রতি নিস্পত্ত, হিতাকাশ্কী এবং শমিতবল হইয়া আচরণ করিতে পারেন, আর আমরা যদি তাঁহাদিগের নিকট নমু, আজ্ঞাকারী, এবং ভক্তিমান হইতে পারি, তবে জাতিবৈর দূরে হইতে পারে। কিন্তু ইংরেজেরা জেতা, আমরা বিজিত। মনুষোর স্বভাবই এমত নহে যে, বিজিত হইয়া জেতার প্রতি ভব্তিমান হয় অথবা তাহাদিগকে হিতাভিলাষী, নিস্পূহ মনে করে: এবং জেতাও কখন বল প্রকাশে কৃতিত হইতে পারেন না। আজ্ঞাকারী আমরা বটে, কিন্ত বিনীত নহি এবং হইতেও পারিব না। কেন না আমরা প্রাচীন জাতি; অদ্যাপি মহাভারত রামায়ণ পড়ি. মন, যাজবল্কোর ব্যবস্থা অন,সারে চলি, স্নান করিয়া জগতে অতুলা ভাষায় ঈশ্বর আরাধনা করি। यक मिन ध मकन विस्तार हरेरा ना भारित एक मिन विनीक रहेरा भारित ना. मार्थ विनन्न করিব, অন্তরে নহে। অতএব এই জাতিবৈর, আমাদিগের প্রকৃত অবস্থার ফল-যত দিন দেশী বিদেশীতে বিজ্ঞিত-জ্ঞেত-সম্বন্ধ থাকিবে, যত দিন আমরা নিকৃষ্ট হইয়াও প্রের্গারর মনে রাখিব, তত দিন জাতিবৈরের শমতার সম্ভাবনা নাই।

এবং আমরা কারমনোবাক্যে প্রার্থনা করি যে, যত দিন ইংরেজের সমতৃল্য না হই, তত দিন যেন আমাদিগের মধ্যে এই জাতিবৈরিতার প্রভাব এমনই প্রবল থাকে। যত দিন জাতিবৈর আছে, তত দিন প্রতিযোগিতা আছে। বৈরভাবের কারণই আমরা ইংরেজদিগের কতক কতক সমতৃল্য হইতে বন্ধ করিতেছি। ইংরেজদের নিকট অসমানগ্রন্ত, উপহাসত হইলে, যত দ্বে আমরা ভাহাদিগের সমকক্ষ হইবার জন্য যন্ধ করিব, তাহাদিগের কাছে বাপ্র বাছা ইত্যাদি আদর পাইলে ততদরে করিব না—কেন না সে গায়ের জনলা থাকিবে না। বিপক্ষের সঙ্গেই প্রতিযোগিতা ঘটে
—স্বপক্ষের সঙ্গে নহে। উন্নত শন্ত উন্নতির উন্দীপক—উন্নত বন্ধ, আলস্যের আল্লয়।
আমাদিগের সোভাগান্তমেই ইংরেজের সঙ্গে আমাদিগের জাতিবৈর ঘটিযাছে।

বাদ শ্ভান্ধ্যায়ীদিগের ষত্ম সফল হইয়া, সম্প্রতি জাতিবৈরিতার উপশম ঘটে, তাহা হইলেই আমরা যে মানসিক সম্বন্ধের কথা উপরে বলিয়াছি. তাহা অবশ্য ঘটিবে; জাতিবৈর উচ্ছিয় হইলেই নিকৃষ্ট জাতি উৎকৃষ্টের নিকট বিনীত, আজ্ঞাকারী এবং ভক্তিমান হইবে,—কেন না সে অবস্থা না ঘটিলে জাতিবৈর যাইবে না। এইর্প মানসিক অবস্থা, উর্মাতির পথরোধক। যে বিনীত, সে আত্মক্ষাতার বিশ্বাসশ্ন্য — যে পরের আজ্ঞান্কারী, সে আত্মান্বর্তিতাশ্ন্য—এবং ষে প্রত্র প্রতি ভক্তিমান্ সে প্রভুর প্রতি সকল ভার অপণি করিয়া আত্মকার্যে বিমুখ হয়। যথন বাঙ্গালী ইংরেজের তুল্য না হইয়াও ইংরেজের প্রতি জাতিবৈবশ্ন্য হইবে, তখন বাঙ্গালী আত্মোল্লতির সন্ভাবনায় বিশ্বাস করিবে না, তাহার চেণ্টাও করিবে না, আত্মারক্ষায় যত্ন করিবে না। তখন ভাবী উন্নতির মূল এককালীন উৎপাটিত হইবে। সে দ্বেবস্থা কখন না ঘট্কং জাতিবৈর এখনও বহুকাল বঙ্গদেশে বিরাজ কর্ক।

অতএব জাতিবৈর স্বভাবসঙ্গত, এবং ইহার দ্রীকবণ স্পৃহণীয় নহে। কিন্তু জাতিবৈর স্পৃহণীয় বলিয়া, পরস্পরের প্রতি দেষভাব স্পৃহণীয় নহে। দ্বেষ. মনের অতি কুংসিত অবস্থা; যাহার মনে স্থান পায তাহাব চরিত্র কল্বিত করে। বাঙ্গালী ইংরেজের প্রতি বিরক্ত থাকুন, কিন্তু ইংরেজের অনিষ্ট কামনা না করেন; ইংরেজ বাঙ্গালীর প্রতি বিরক্ত থাকুন, কিন্তু বাঙ্গালীর অনিষ্ট কামনা না করেন। জাতিবৈরের ফলে প্রতিযোগিতা ভিন্ন বিশ্বেষ ও অনিষ্ট কামনা না

ঘটে। অনেক স্থানে তাহা ঘটিতেছে—'সাধাবণী' ১১ কার্ত্তিক ১২৮০।

মানস বিকাশ*

বাঙ্গালা সাহিত্যের আর যে দুঃখই থাকুক, উৎকৃষ্ট গাঁতিকাব্যের অভাব নাই। ববং অন্যান্য ভাষার অপেক্ষা বাঙ্গালায় এই জাতীয় কবিতার আধিক্য। অন্যান্য কবির কথা না ধরিলেও, একা বৈশ্বব কবিগণই ইহার সম্দ্রবিশেষ। বাঙ্গালার সর্ব্বেশ্কেষ্ট কবি—জয়দেব—গাঁতিকাব্যের প্রণেতা। পরবন্ত্রী বৈশ্বব কবিদিগের মধ্যে বিদ্যাপতি, গোবিন্দদাস, এবং চন্দ্রীদাসই প্রসিদ্ধ, কিন্তু আবও কতকগালিন এই সম্প্রদায়ের গাঁতিকাব্য-প্রণেতা আছেন; তাঁহাদের মধ্যে অন্যান্ত গাঁচ জন উৎকৃষ্ট কবি বালিয়া গণ্য হইতে পাবেন। ভারতচন্দ্রের রসমঞ্জবীকে এই শ্রেণীর কাব্য বলিতে হয়। রামপ্রসাদ সেন, আর একজন প্রসিদ্ধ গাঁতি-কবি। তৎপরে কতকগালি "কবিওয়ালাব" প্রাদ্রভাব হয়, তম্মধ্যে কাহারও কাহারও গাঁত অতি সমুন্দর। রাম বস্ম, হর্ম ঠাকুর, নিতাই দাসেব এক একটি গাঁতি এমত সমুন্দর আছে যে, ভারতচন্দ্রের রচনার মধ্যে তন্ত্রক্যা কিছুই নাই। কিন্তু কবিওয়ালাদিগের অধিকাংশ রচনা, অপ্রদ্ধেয় ও অপ্রাব্য সন্দেহ নাই। আধ্বনিক কবিদিগের মধ্যে মাইকেল মধ্যমুদ্দন দত্ত এক জন অত্যুৎকৃষ্ট। হেম বাব্র গাঁতিকাব্যের মধ্যে এমত অংশ অনেক আছে যে, তাহা বাঙ্গালা ভাষায় তুলনারহিত। অবকাশরঞ্জনীর কবি, আর একজন উৎকৃষ্ট গাঁতিকাব্য-প্রণেতা। বাব্ রাজকৃষ্ণ মুখোপাধ্যায় প্রশাত কাব্যনিচয়ের মধ্যে এক একথান অতি স্কুন্দর গাঁতিকাব্য পাওয়া যায়। সম্প্রতি "মানস বিকাশ" নামে যে কাব্যগ্রম্প পাওয়া গিয়াছে, তৎসম্বন্ধও সেই কথা বলা যাইতে পারে।

সকলই নিয়মের ফল। সাহিত্যপ্ত নিয়মের ফল। বিশেষ বিশেষ কারণ হইতে, বিশেষ বিশেষ নিয়মান,সারে, বিশেষ বিশেষ ফলোৎপত্তি হয়। জল উপরিস্থ বায়্ এবং নিশ্নস্থ প্রিবনীর অবস্থান,সারে, কতকগর্নল অলক্ষ্য নিয়মের অধীন হইয়া কোথাও বাল্প, কোথাও বৃন্দিবিল্দ,, কোথাও শিলির, কোথাও হিমকণা বা বরফ, কোথাও কুজ্বটিকার,পে পরিণত হয়। তেমনি সাহিত্যও দেশভেদে, দেশের অবস্থাভেদে, অসংখ্য নিয়মের বশবন্তী হইয়া র্পাল্ডরিত হয়। সেই সকল নিয়ম অত্যন্ত জটিল, দ্ভের্মের, সন্দেহ নাই; এ পর্যান্ত কেহ তাহার সবিশেষ তত্ত্ব নির্পাণ করিতে পারেন নাই। কোম্খ বিজ্ঞান সম্বন্ধে যের্শ তত্ত্ব আবিন্দৃত করিয়াছেন, সাহিত্য সম্বন্ধে

[🔹] মানস বিকাশ। কলিকা্তা প্রাচীন ভারত বন্দ্র।

কেহ তদ্রপ করিতে পারেন নাই। তবে ইহা বলা যাইতে পারে যে, সাহিত্য দেশের অবস্থা এবং জাতীয় চরিতের প্রতিবিশ্ব মাত্র। যে সকল নিয়মান,সারে দেশভেদে, রাজবিপ্পবের প্রকারভেদ, সমাজবিপ্লবের প্রকারভেদ, ধর্ম্মবিপ্লবের প্রকারভেদ ঘটে, সাহিত্যের প্রকারভেদ সেই সকল কারণেই ঘটে। কোন কোন ইউরোপীয় গ্রন্থকার সাহিত্যের সঙ্গে সমাজের আভ্যন্তরিক স্ববন্ধ ব্রুবাইতে চেন্টা করিয়াছেন। বক্ল ভিন্ন কেহ বিশেষরূপে পরিশ্রম করেন নাই, এবং হিতবাদ মতপ্রিয় বক্ল-এর সঙ্গে কাব্যসাহিত্যের সম্বন্ধ কিছু অলপ। মনুষাচারত হইতে ধর্ম্ম এবং নীতি মুছিয়া দিয়া, তিনি সমাজতত্তের আলোচনায় প্রবৃত্ত। বিদেশ সম্বন্ধে যাহা হউক, ভারতবর্ষ সম্বন্ধে এ **তত্ত্র কেহ কথন উত্থাপন করিয়াছেন এমত আমাদের স্মরণ হয় না। সংস্কৃত সাহিত্য সন্বন্ধে** मक्तमालातत श्रन्थ वरामाला वर्ते, किन्न श्रक्रक मारिएतत महा एन श्रुत्थेत मामाना मन्द्रका ভারতবর্ষীয় সাহিত্যের প্রকৃত গতি কি? তাহা জানি না, কিন্তু তাহার গোটাকত খুলে খুল চিচ্ছ পাওয়া যায়। প্রথম ভারতীয় আর্যাগণ আদিমবাসীদিগের সহিত বিবাদে বাস্তঃ তথন ভারতব্যীরেরা অনার্য্যকুলপ্রমথনকারী ভীতিশন্যে, দিগন্তবিচাবী, বিজয়ী বীর জাতি। সেই জাতীয় চরিত্রের ফল রামায়ণ। তার পর ভারতবর্ষের অনার্য্য শন্ত্র সকল ক্রমে বিজিত, এবং দরেপ্রস্থিত: ভারতবর্ষ আর্য্যালের করস্থ, আয়ত্ত, ভোগ্য, এবং মহা সম্দ্রিশালী। তখন আর্যাগণ বাহা শত্রুর ভর হইতে নিশ্চিন্ত, আভ্যন্তরিক সম্ভিদ্ধ সম্পাদনে সচেণ্ট, হন্তগতা অনন্তরত্ব-প্রসবিনী ভারতভূমি অংশীকরণে ব্যস্ত। যাহা সকলে জয় করিয়াছে, তাহা কৈ ভোগ করিবে? এই প্রশ্নের ফল আভ্যন্তরিক বিবাদ। তখন আর্য্য পৌরুষ চর্মে দাঁডাইয়াছে—অন্য শত্রুর অভাবে সেই পোর ষ পরস্পরের দমনার্থ প্রকাশিত হইয়াছে। এই সময়ের কাব্য মহাভারত। বল যাহার, ভারত তাহার হইল। বহুকালের রক্তব্ ি শমিত হইল। স্থির হইয়া উল্লতপ্রকৃতি আর্য্যকল শান্তিসূথে মন দিলেন। দেশের ধন ব্রন্ধি, শ্রী ব্রন্ধি ও সভাতা ব্রন্ধি ইইতে লাগিল। রোমক হইতে যবদ্বীপ ও চৈনিক পর্যান্ত ভারতবর্ষের বাণিজ্য ছুটিতে লাগিল: প্রতি নদীকলে অনস্তসোধমালাশোভিত মহানগৰী সকল মন্ত্ৰক উত্তোলন করিতে লাগিল। ভাৰতব্যীয়েরা मृथी टरेल्न । मृथी এবং कृषी । এই मृथ ও कृष्ठिए कल, कालिमार्गामित नाएक ও মহাকার সকল। किन्रु लक्ष्मी वा সরস্বতী কোথাও চিরস্থায়িনী নহেন; উভয়েই চণ্ডলা। ভারতবর্ষ ধন্ম শূৰ্খলে এরপে নিবদ্ধ হইয়াছিল যে, সাহিত্যরসগ্রাহিণী শক্তিও তাহার বশীভতা হইল। প্রকৃতাপ্রকৃত বোধ বিলাপ্ত হইল। সাহিত্যও ধর্ম্মানাকারিণী হইল। কেবল তাহাই নহে, বিচার-**শক্তি ধর্ম্মমোহে বিকৃত হইয়াছিল—প্রকৃত ত্যাগ করিয়া অপ্রকৃত বাসনা করিতে লাগিল। ধর্ম্মই** তম্বা, ধর্ম্ম ই আলোচনা, ধর্ম্ম ই সাহিত্যের বিষয়। এই ধর্ম্ম মোহের ফল পরোণ।

ভারতবর্ষীয়েরা শেষে আসিয়া এমন প্রদেশ অধিকার করিয়া বর্সাত স্থাপনা করিয়াছিলেন যে, তথাকার জলবায়য়র গ্লুণে তাঁহাদিগের স্বাভাবিক তেজালায় হইতে লাগিল। তথাকার তাপ অসহা, বায়য় জলবাষপ্রশ্ন, ভূমি নিশ্না এবং উর্বরা, এবং তাহার উৎপাদ্য অসার, তেজাহানিকারক ধানা। দেখানে আসিয়া আর্যাতেজঃ অন্তর্হিত হইতে লাগিল, আর্যপ্রকৃতি কোমলতাময়ী আলসাের বশবন্তিনী, এবং গ্রুসমুখাভিলামিশী হইতে লাগিল। সকলেই ব্রিতে পারিতেছেন যে, আময়া বাঙ্গালার পরিচয় দিতেছি। এই উচ্চাভিলায়শ্না, অলস, নিশ্চেট, গ্রুসমুখপরায়দ চরিয়ের অন্করণে এক বিচিয় গীতিকাব্য স্টুট হইল। সেই গীতিকাব্যও উচ্চাভিলায়শ্না, অলস, তেগাসক্ত, গ্রুসমুখপরায়দ। সে কাব্যপ্রশালী অতিশয় কোমলতাপ্র্ণ, অতি সমুখর্ম দম্পতিপ্রণয়ের শেষ পরিচয়। অন্য সকল প্রকারের সাহিতাকে পশ্চাতে ফেলিয়া, এই জাতিচরিয়ান্কারী গীতিকাব্য সাত আট শত বংসর পর্যান্ত, বঙ্গদেশের জাতীয় সাহিত্যের পদে দাঁডাইয়ছে। এই জন্য গীতিকাব্যের এত বাহ্লা।

বন্ধার গাঁতিকাব্য-লেখকদিগকে দ্বই দলে বিভক্ত করা যাইতে পারে। এক দল, প্রাকৃতিক শোভার মধ্যে মন্ব্যকে স্থাপিত করিয়া, তংপ্রতি দৃথি করেন; আর এক দল, বাহ্য প্রকৃতিকে দ্বে রাখিয়া কেবল মন্ব্যহদয়কেই দৃথি করেন। এক দল মানবহদয়ের সন্ধানে প্রবৃত্ত হইয়া বাহ্য প্রকৃতিকে দীপ করিয়া, তদালোকে অন্বেষ্য বস্তুকে দীপ্ত এবং প্রস্ফুট করেন; আর এক দল, আপনাদিগের প্রতিভাতেই সকল উচ্জনল করেন, অথবা মন্ব্যচরিত্ত-খনিতে বে রক্স মিলে, তাহার দাঁপ্তির জন্য অন্য দাঁপের আবশ্যক নাই, বিবেচনা করেন। প্রথম প্রেদার প্রধান জয়দেব, বিতীয় প্রেদার বিদ্যাপতি। জয়দেবাদির কবিতায়, সতত মাধবী বামিনী, মলয়সমীর, লালতলতা

कुरनाशनन सामी, न्यापिक कुम्म, मतकन्त, मध्कद्रवृत्न, काकिनक् क्रिकक्क, नवसन्धत, धवर जरभाक काभिनीत भारधमन्छल, खारळी, वादालाठा, विरम्वाध्ये मत्रमीताहरालाहन, जलमनिरमय, धरे সকলের চিত্র, বাতোল্ম থিত তটিনীতরঙ্গবং সতত চাকচিকা সম্পাদন করিতেছে। বাস্তবিক এই শ্রেণীর কবিদের কবিতায় বাহ্য প্রকৃতির প্রাধান্য। বিদ্যাপতি যে শ্রেণীর কবি, তাঁহাদিগের কাব্যে বাহ্য প্রকৃতির সম্বন্ধ নাই এমত নহে—বাহ্য প্রকৃতির সঙ্গে মানবহুদয়ের নিতা সম্বন্ধ সূতরাং কাব্যেরও নিতা সম্বন্ধ: কিন্তু তাঁহাদিগের কাব্যে বাহ্য প্রকৃতির অপেক্ষাকৃত অপপটতা লক্ষিত হয়. जश्मित्रदर्ख मन् साहामरायत गृह जनहाती जार मकन क्षयान मान श्रहण करत। जयरापवामिराज विदः-প্রকৃতির প্রাধান্য, বিদ্যাপতি প্রভৃতিতে অভ্যপ্রকৃতির রাজ্য। জয়দেব, বিদ্যাপতি উভয়েই রাধাককের প্রণয়বথা গীত করেন। কিন্তু জয়দেব যে প্রণয় গীত করিয়াছেন, তাহা বহিরিন্দ্রিরের অনুগামী। বিদ্যাপতির কবিতা বহিরিন্দ্রিয়ের অতীত। তাহার কারণ কেবল এই বাহা প্রকৃতির শক্তি। স্থাল প্রকৃতির সঙ্গে স্থাল শরীরেরই নিকট সম্বন্ধ, তাহার আধিক্যে কবিতা একটা ইন্দ্রিয়ানা-সারিণী হইয়া পড়ে। বিদ্যাপতি মন যাহ্রদয়কে বহিঃপ্রকৃতি ছাড়া করিয়া কেবল তৎপ্রতি দুটি করেন, স্তুতরাং তাঁহার কবিতা, ইন্দ্রিয়ের সংস্রবশ্না, বিলাসশ্না, পবিত্র হইয়া উঠে। জয়দেবের গীত, রাধাকুষ্ণের বিলাস পূর্ণ; বিদ্যাপতির গীত রাধাকুষ্ণের প্রণয় পূর্ণ। এয়দেব ভোগ; বিদ্যাপতি আকাৎকা ও স্মৃতি। জয়দেব সূখ, বিদ্যাপতি দৃঃখ। জয়দেব বসন্ত, বিদ্যাপতি বর্ষা। জয়দেবের কবিতা উৎফল্ল কমলজালশোভিত বিহঙ্গমাকুল, স্বচ্ছ বারিবিশিণ্ট সন্দর সরোবর: বিদ্যাপতির কবিতা দ্রগামিনী বেগবতী তবঙ্গসতকলা নদী। জয়দেবের কবিতা দ্বর্ণহার বিদ্যাপতির কবিতা রুদ্রাক্ষমালা। জন্দেরের গান, মুরজ্বীণাসঙ্গিনী স্থাকিণ্ঠগীতি; বিদ্যাপ।তর গান, সায়াক সমীরণের নিঃশ্বাস।

আমরা জরদেব ও বিদ্যাপতির সম্বন্ধে যাহা হালয়াছি, তাহাদিগকে এক এক ভিনে শ্রেণীর গতিকবিব আদর্শ দ্বর্প বিবেচনা করিয়া তাহা বিলয়াছি। যাহা জয়দেব সম্বন্ধে বালয়াছি, তানা ভারতচন্দ্র সম্বন্ধে বত্তে, যাহা বিদ্যাপতি সম্বন্ধে বালয়াছি তাহা গোবিন্দদাস চন্ডীদাস প্রতিত বৈশ্বব কবিদিগের সম্বন্ধে তদ্রপেই বত্তে।

আধ্বনিক বাঙ্গালি গাঁতিকাব্য-লেখকগণকে একটি তৃতীয় শ্রেণীভুক্ত করা যাঠতে পারে। তাঁহারা আধ্বনিক ইংরেজি গাঁতকাবিদিগের অনুসামী। আধ্বনিক ইংরেজ কবি ও আধ্বনিক বাঙ্গালি কবিগণ সভ্যতা বৃদ্ধির কারণে স্বতন্ত্র একটি পথে চলিয়াছেন। পূর্ব্ব কবিগণ কেবল আপনাকে চিনিতেন, আপনার নিকটবন্ত্রী যাহা তাহা চিনিতেন। যাহা আভ্যন্তরিক, বা নিকটস্থ, তাহার প্রুখ্যানুপ্রুখ্য সন্ধান জানিতেন তাহার অনুকরণীয় চিত্র সকল রাখিয়া গিষাছেন। এক্ষণবার কবিগণ জ্ঞানী—বৈজ্ঞানিক, ইতিহাসবেন্তা, আধ্যাত্মিকতন্ত্রিং। নানা দেশ, নানা কাল, নানা বন্ধু তাঁহাদিগের চিন্তমধ্যে স্থান পাইয়াছে। তাহাদিগের বৃদ্ধি বহুবিষায়ণী বলিয়া তাঁহাদিগের কবিতাও বহুবিষায়ণী হইয়াছে। তাহাদিগের বৃদ্ধি ব্রসম্বন্ধপ্রাত্তি বিদ্যাত তাহাদিগের কবিতাও দ্রসম্বন্ধ-প্রকাশিকা হইয়াছে। কিন্তু এই বিস্তৃতিগ্র্কা হেতু প্রগাঢ়তা গ্রেমের লাঘব হইয়াছে। বিদ্যাপতি প্রভৃতির কবিতার বিষয় সঙ্কীর্ণ, কিন্তু কবিত্ব প্রগাঢ় মধ্মস্কুদন বা হেমচন্দ্রের কবিতার বিষয় বিস্তৃত, বা বিচিত্র, কিন্তু কবিত্ব তাদ্শ প্রগাঢ় নহে। জ্ঞানবৃদ্ধির সঙ্গে সক্রে ভালের হাস হয় বলিয়া যে প্রবাদ আছে ইহা তাহার একটি কারণ। যে জল সঙ্কীণ ক্রেপ গভাীর, তাহা তড়াগে ছড়াইলে আর গভাীর থাকে না।

কাব্যে অক্তঃপ্রকৃতি ও বহিঃপ্রকৃতির মধ্যে যথার্থ সন্বন্ধ এই যে, উভয়ে উভয়েব প্রতিকিন্দ্র নিপতিত হয়। অর্থাৎ বহিঃপ্রকৃতির গ্লে হদয়ের ভাবান্তর ঘটে, এবং মনের অবস্থাবিশেষে বাহ্য দ্শ্য স্থেকর বা দ্বঃখকর বােধ হয়—উভয়ে উভয়ের ছায়া পড়ে। যখন বহিঃপ্রকৃতি বর্ণনীয় তাহা অক্তঃপ্রকৃতির সেই ছায়া সহিত চিত্রিত করাই কাবাের উদ্দেশ্য। যখন বহঃপ্রকৃতি বর্ণনীয় তখন বহিঃপ্রকৃতির ছায়া সমেত বর্ণনা তাহার উদ্দেশ্য। যিনি ইহা পারেন, তিনিই স্কৃতি। ইহার ব্যতিক্রমে এক দিকে ইন্দ্রিপরতা, অপর দিকে আধ্যাত্মিকতা দােষ জল্ম। এ স্থলে শারীরক্র ভাগাসক্তিকেই ইন্দ্রিপরতা বিলতেছি না—চক্ষ্রাদি ইন্দ্রিরের বিষয়ে আন্রাক্তিকে ইন্দ্রিপরতা বিলতেছি। ইন্দ্রিপরতা দােষের উদাহরণ, কালিদাস ও জয়দেব। আধ্যাত্মিকতা দােষের উদাহরণ, কালিদাস ও জয়দেব। আধ্যাত্মিকতা দােষের উদাহরণ, সোপ ও জনসন।

ভারতচন্দ্রাদি বাঙ্গালি কবি, যাঁহারা কালিদাস ও জয়দেবকে আদর্শ করেন, তাঁহাদের কাব্য

ইন্দিয়েপর। কোন মুর্খ না মনে করেন যে, ইহাতে কালিদাসাদির কবিছের নিন্দা হইতেছে— কেবল কাব্যের শ্রেণী নির্ম্বাচন হইতেছে মাত্র। আধ্বনিক, ইংরেজি কাব্যের অন্বকারী বাঙ্গালি কবিগণ, কিয়দংশে আধ্যাত্মিকতা দোষে দৃষ্ট। মধ্বস্দন, ষের্প ইংরেজি ক্বিদিগের শিষা, সেইর্প কতক দ্বে জয়দেবাদির শিষা, এই জন্য তাহাতে আধ্যাত্মিক দোষ তাদ্শ স্পষ্ট নহে। —'বঙ্গদর্শন', পৌষ ১২৮০, প্. ৪০২-৪০৭।

नत् উই नियम ११ ७ नत् जर्ज कारन्वन

প্ৰবিশ্ববাসী কোন বর, কলিকাতানিবাসী একটি কন্যা বিবাহ করিয়া গ্রে লইয়া যান। কন্যাটি পরমাস্বদরী, বৃদ্ধিমতী, বিদ্যাবতী, বন্ধিশিটা এবং সৃষ্ণীলা। তাঁহার পিতা মহা ধনী, নানা রক্ষে ভূষিতা করিয়া কন্যাকে শ্বশ্রগ্রে পাঠাইলেন। মনে তাবিলেন, আমার মেয়ের কোন দোষ কেহ বাহির করিতে পারিবে না। সঙ্গের লোক ফিরিয়া আসিলে তিনি জিজ্ঞাসা করিলেন, "কেমন হে, বাঙ্গালেরা মেয়ের কোন দোষ বাহির করিতে পারিয়াছে?" সঙ্গের লোক বলিল, "আজ্ঞা হাঁ—দোষ লইয়া বড় গশ্ভগোল গিয়াছে।" বাব্ব জিজ্ঞাসা করিলেন—"সে কি? কি দোষ?" ভূত্য বলিল "বাঙ্গালেরা বড় নিন্দা করিয়াছে, মেয়ের কপালে উল্কি নাই।" আমরা এই বঙ্গদর্শনে, কখন সর্জের্জ কান্বেল সাহেব সম্বন্ধে কোন কথা বলি নাই। যাঁহার নিন্দা তিন বংসরকাল বাঙ্গালাপত্রের জীবনস্বর্প ছিল, তাঁহার কোন উল্লেখ না থাকাতে, আমাদের ভয় করে ষে পাছে কেহ বলে যে, বঙ্গদর্শনের উল্কি নাই। আমরা অদ্য বঙ্গদর্শনেক উল্কি পরাইতে প্রবৃত্ত হইলাম।

তবে এই উল্কি বড় সামান্য নহে। যে পত্র বা পত্রিকা (কোন্গর্বলি পত্র আর কোন্গর্বলি পত্রিকা তাহা আমরা ঠিক জানি না— কি করিলে পত্র পত্রিকা হইয়া যায়, তাহাও অবগত নহি) একবার কপালে এই উল্কি পরিয়াছে. তিনি বঙ্গদেশ মোহিয়াছেন, মৃদ্ধ হইয়া বঙ্গীয় পাঠকগণ তাঁহার পশ্চাং পশ্চাং ছুর্টিয়াছে—এবং সাম্বংসরিক অগ্রিম ম্বলো বরণ করিয়া তাঁহাকে ঘরে

তলিয়াছে। যে এই উল্কি পরে, তাহার অনেক সুখ।

এক্ষণে সর্ জর্জ কান্বেল এতন্দেশ ত্যাগ করিয়া গিয়াছেন—ইহাতে সকলেই দৃঃখিত। এ পৃথিবীতে পর্নিন্দা প্রধান স্থ—বিশেষ যদি নিন্দিত ব্যক্তি উচ্চপ্রেণীস্থ এবং গ্রুণবান্ হয় তবে আরও স্থ। সর্ জর্জ কান্বেল গ্রুণবান্ হউন বা না হউন উচ্চপ্রেণীস্থ বটে। তাঁহার নিন্দায় যে স্থ, তাহাতে এক্ষণে বঙ্গদেশের লোক বিশিত হইল। ইহার অপেক্ষায়, আর গ্রুতর দৃষ্টিনা কি হইতে পারে? এই যে গ্রুত্র দৃষ্টিনা কি হইতে পারে? এই যে গ্রুত্র দৃষ্টিকাহিতে দেশ দম্ম হইতেছিল—তাহাতেও আমরা কোন মতে প্রাণ ধারণ করিতেছিলাম—খবরের কাগজ চলিতেছিল, বাঙ্গালি বাব্ গল্পের মজলিশে অগ্নীল গল্প ছাড়িয়া সর্ জর্জের নিন্দা করিয়া বোতল শেষ করিতেছিলেন। কিন্তু এক্ষণে? হায়! এক্ষণে কি হইবে!

এইর্প সন্ধ্জননিন্দার্থ হওয়া সচরাচর দেখা যায় না। অনেকে বলিবেন, সর্জর্জ কান্থেলের অসাধারণ দোষ ছিল, এই জন্যই তিনি এইর্প অসাধারণ নিন্দনীয় হইয়াছিলেন। আমাদিগের বিশ্বাস আছে যে এইর্প সন্ধ্জননিন্দনীয় হয়, যাহার নিন্দায় সকলের তুণ্টি জন্মে, সে হয় অসাধারণ দোষে দোষী বা অসাধারণ গ্লেগ গ্লেগনান্—নয়ত দুই। জিজ্ঞাস্য, সর্জর্জ কান্থেল, অসাধারণ দোষে দোষী, না অসাধারণ গ্লেগ গ্লেগান্ বলিয়া তাঁহার এই নিন্দাতিশয্য

হইয়াছিল ?

তহাির প্রের্গামী শাসনকর্তা সর্ উইলিয়ম গ্রের। সর্ উইলিয়ম গ্রের নার কোন লেঃ গ্রেকর্ম প্রতিষ্ঠা প্রাপ্ত হরেন নাই। সর্ জর্জ কান্তেল ও সর্ উইলিয়ম গ্রের এই ভাগাতারতম্য কোন্ দোবে বা কোন্ গর্ণে? কোন্ গর্ণে সর্ উইলিয়ম সকলের প্রিয়, কোন্ দোবে সর্ জর্জ

সকলের অপ্রিয়?

ষাঁহারা এই কথার মীমাংসা করিতে ইচ্ছ্বক তাঁহাদিগকে একটা কথা ব্বাইতে হয়। এই বিটিশ ভারতীয় শাসনপ্রণালী দ্বে হইতে দেখিতে বড় জাঁক, শ্বনিতে ভয়ানক, ব্বিতে বড় গোল—ইহার প্রকৃতি কি প্রকার? এক লেঃ গবর্ণর কর্তৃক বে এই বৃহৎ রাজ্য শাসিত হয় সেকেন্ রাভি অবলম্বন করিয়া?

সর্উইলিয়ম গ্রেও সর্জর্কানেক

সে রীতি দূই প্রকার। একটি রীতি, একটি সামান্য উদাহরণের দ্বারা বুঝাইব। মনে কর বাঁধের কথা উপস্থিত। কমিশানরের রিপোর্টে হউক, বোর্ডের রিপোর্টে হউক, ইঞ্জিনিয়রদিনের রিপোটে হউক, সংবাদপত্তে হউক, লেঃ গবর্ণার জানিলেন যে নদীতীরস্থ প্রাচীন বাঁধ সকল রক্ষিত হইতেছে না—তাহার উপায় করা কর্ত্বা। তখন লেঃ গবর্ণরের হৃকুম হইল যে, রিপোর্ট তলব কর। এই হুকুমে যদি কোন বিশেষ গুণশালিত বা যোগাতা থাকে, তবে সে গুণশালিত বা যোগ্যতা লেঃ গবর্ণরের। সেক্রেটরি সাহেব হুকুম পাইয়া, বোর্ডে চিঠি লিখিলেন—তাঁহার চিঠিতে কথাটা একট, বিস্তৃতি পাইল—তিনি বলিলেন ইহার বিশেষ অবস্থা জানিবে—অংশিনস্থ কর্মা চারীদিসের অভিপ্রায় কি তাহা লিখিবে, ইহার কির্পুপ উপায় হইতে পারে তাহা লিখিবে। বোর্ড, ঐ পত্রখানির একাদশ খণ্ড অতি পরিজ্ঞার অন্ধলিপি প্রস্তুত করিয়া, একাদশ কমিশানরের নিকট পাঠাইলেন। একাদশ কমিশ্যনর, অনুলিপি প্রাপ্ত হইয়া তাহার কোণে পেন্সিলে প্রাপ্তির তারিখ লিখিয়া বাক্সে ফেলিলেন, তাঁহার গ্রেতর কর্ত্তব্য কার্য্য সমাপ্ত হইল। বাক্স প্রাচীন প্রথান,সারে যথাসময়ে চাপরাশির স্কন্ধে আরোহণ করিয়া, কেরাণীর নিকট পেণছিল। কেরাণী তাহার আর এক খণ্ড পরিক্কার অনুনিলিপ প্রস্তুত করিয়া সাত দিনের মিয়াদ লিখিয়া দিয়া, কালেক্টর্নিদেরে নিকট পাঠাইলেন। যে পথে মহাজন যায় সেই পথ,—দোর্ন্দ'ন্ড প্রচন্ড প্রতাপান্বিত শ্রীল শ্রীযুক্ত কালেক্টর বাহাদ্বর, চুর্ট খাইতে খাইতে চিঠির কোলে লিখিলেন "সাব্ভিবিজন ও ভেপ, টিগণ বরাবর।" চিঠি এইর পে বড় ডাকঘর হইতে মেজো ডাকঘরে, মেজো ডাকঘর হইতে ছোট ডাক্ঘরে, এবং তথা হইতে শেষে আট্টালা নিবাসী বোতামশন্যে চাপকানধারী কালকোল নাদ্যে নাদ্যে ভিপাটি বাহাদ্যরের ছিল পাদ্যকামণ্ডিত শ্রীপাদপদ্ময়গলে মধ্লাক ভামরের নাার আসিয়া পড়িল। ডিপর্টি বাহাদরেররা প্রায় উদরস্থ মহাত্মাদিগের অনুকরণ করিয়া, ইংরৌজ ডিঠির वाञ्राला পরওয়ানা করিয়া সব-ইনস্পেক্টরগণের নিকট ফেলফোর রিপোর্ট তলব করিলেন-সব-ইনদেপক্টর পরওয়ানা কনন্টেবলের হাওয়ালা করিল-কনন্টেবল যে গ্রামে বাঁধ সেইখানে. কাল কোন্তা কাল দাড়ি এবং মোটা রুল লইয়া, দর্শন দিয়া এক অমাভাবে শীর্ণ ক্লিষ্ট চৌর্কিদারকে র্ধারল। ধরিয়াই জিজ্ঞাসা করিল যে, "তোদের গাঁয়ের বাঁধ থাকে না কেন রে?" চৌকিদার ভীত হইয়া বলিল, "আজ্ঞা, জমীদারে মেরামত করে না, আমি গরিব মানুষ কি করিব?" কনভৌবল তখন জমীদারী কাছারিতে পদরেণ, অপণ করিয়া গোমস্তাকে কিছা তম্বী করিলেন। গোমস্তা জমীনারী খাতায় পাঁচ টাকা খরচ লিখিয়া কনন্টেবল বাবুকে দেড টাকা পারিতোষিক দিয়া বিদায় করিলেন। কনন্টেবল আসিয়া সব-ইনস্পেক্টর সমক্ষে রিপোর্ট করিলেন "বাঁধ সব বেমেরামত—জমীদার মেরামত করে না—জমীদার মেরামত করিলেই মেরামত হইতে পারে।" ডিপর্টি বাহাদ্রর লিখিলেন, "বাঁধ সব বেমেরামত,—জমীদারেরা মেরামত করে না—তাহারা মেরামত করিলেই হয়।" কালেক্টর বাহাদরে সেই সকল কথা লিখিলেন, অধিকন্তু "এক্ষণে জ্জমীদার্রাদগকে বাঁধ মেরামত করিতে বাধ্য করা উচিত।" কমিশানর সেই সকল কথা লিখিরা বোর্ডে জিজ্ঞাসা করিলেন, "এক্ষণে কি প্রকারে জমীদার বাঁধ মেরামত করিতে বাধা হইতে পারে?" বোর্ড তত্তদুক্তি পুনরুক্ত করিয়া, একটা যাহা হয় উপায় নিম্পিন্ট করিলেন। সেলেটরি সাহেব সেই সকল কথা সাজাইয়া লিখিয়া এক রিজলিউশনের পাণ্ডলিপি প্রস্তুত করিয়া পাঠাইলেন, লেঃ গবর্ণর সাহেব সম্মত হইয়া তাহাতে দম্ভথত করিয়া দিলেন। আজ্ঞা দেশে প্রচারিত হইল: লেঃ গ্রণরি বাহাদ্রের যশ দেশে বিদেশে ঘোষিল। ষাহারা মিত্রপক্ষ তাহারা গবর্ণর বাহাদুরের প্রশংসা করিতে লাগিল-শনুপক্ষ নানা জাতীয় ইংরেজি বাঙ্গালায় তাঁহাকে গালি পাড়িতে লাগিল। নভের গোড়া চৌকিদার নিবিধা স্বদেশে কোদালি পাড়িতে माजिम ।

বান্তবিক যে এইর্প কোন প্রকৃত ঘটনা ঘটিয়াছে, এমত নহে। একটি কলিপত ঘটনা অবলন্দন করিয়াই এ সকল কথা লিখিলাম। এইর্প যে সচরাচরই ঘটিয়া থাকে, এমত নহে। কিন্তু অনেক সময়ে ঘটে। সোভাগাদ্রমে যাঁহারা স্যোগ্য শাসনকর্ত্তা, তাঁহারা এ প্রথা অবলন্দন করেন না, অযোগ্যোরা করিয়া থাকেন, এইর্প কার্যাপ্রশালীকে "কলে শাসন" বলা যাইতে পারে। ধন্মের কলের নাায় শাসনের কলও বাতাসে নড়িয়া থাকে; কোন দিক্ হইতে কোন কন্ম্রচারীর রিপোর্টের বাতাস, বা অন্য প্রকার ফাঁপি উঠিয়া, কলে লাগিলে, কল চলিতে আরম্ভ করে; তদন্তের হ্রুম হইতে কলের দম আরম্ভ হইয়া বোর্ড কমিশ্যনর প্রভৃতি অধোধঃ পর্যায়ক্ষমে

ঘ্রিয়া আবার লেঃ গবর্ণর পর্যান্ত আসিরা সহি মোহরের মঞ্জরি মর্নাত করিয়া দিয়া বন্ধ হয়। বেমন কলের ধ্রতি, কলের স্তা প্রভৃতি সামগ্রী আছে, তেমনি কলে তৈয়ারি রাজাজ্ঞাও আছে।

যে লেঃ গবণর এইর্প কলে শাসন করেন, তিনি স্মান্য হইলে হইতে পারেন; তন্তিম ভাঁহার ব্দিমন্তা, যোগ্যতা বা অন্য কোন গুণের প্রশংসার কারণ দেখা যায় না। তিনি কখন আপন ব্দির চালনা করেন না, কোন বিষয়ের সন্ধিবেচনা করিবার জন্য তাঁহাকে নিজে কঘট পাইতে হয় না। তিনি পরিশ্রম স্বীকার করিয়া কখন কোন ন্তন বিষয়ে প্রবৃত্ত হয়েন না; পরিশ্রম স্বীকার করিয়া কোন বিষয়ের যাথার্থা স্বয়ং মীমাংসা করেন না। তিনি শাসনমন্তের একটি অংশ মান্ত—যখন রাজ্যের কল বাতাসে নড়িল. তখন তিনিও নড়িলেন. কলে চালিত হইয়া মঞ্জারি লিপি সমেত সহিমোহর করিয়া দিয়া কলে থামিলেন। সেইর্প ঘণ্টা পর্ণ হইলে, ঘড়র মারদ, বাহির হইয়া, ঠংঠং করিয়া ঘণ্টা বাজাইয়া, আবার বলে মিশিয়া য়য়া।

সর্ উইলিয়ম গ্রে ও সর্ জর্জ কাম্বেলে প্রধান প্রভেদ এই যে, সর্ উইলিয়ম গ্রে কলে শাসন

क्रीतर्ह्म, मत् कर्क कास्यम हारा क्रीतर्ह्म ना।

কলে শাসনের অনেক গুল আছে। তাহার ফল ভাল হউক, ফল হউক, লোকের অসন্তোষের সম্ভাবনা অতি অপপ। যাহা প্রশাপর চলিয়া আসিতেছে, তাহা নিতান্ত অনিষ্টকর হইলেও লোকে তাহাতে সন্তুষ্ট; প্রশ্পেচলিত রীতি অত্যন্ত অনিষ্টকাবী হইলেও লোকে তাহার সংশোধনে অসন্তুষ্ট। প্রাতনের মন্দও ভাল, ন্তনের ভালও মন্দ। কলের শাসন, শাসনই নহে; যিনি কলে শাসন করেন, তিনি কিছু করেন না বলিলেই হয়। অতএব কলের শাসনে প্রাতনের কিণ্ডিলান্ত সংস্করণ ভিন্ন ন্তন কখন ঘটে না; যাহা আছে, তাহাই প্রায় বজায় থাকে; যাহা নাই অথচ আবশাক, প্রার তাহা ঘটিয়া উঠে না। এজন্য লোকেরও অসন্তোষ জন্মে না। বিশেষ এদেশীয় লোক প্রাতনের অত্যন্ত অন্ত্রাগী, ন্তনে অত্যন্ত বিরক্ত।

সর উইলিয়ম গ্রে. কলে শাসন করিতেন, স্বতরাং লোকের বড় প্রিয় ছিলেন। সর্জ্ঞ কান্ত্রেল, কলে শাসন করিতেন না, এজন্য লোকের বড় অপ্রিয় হইয়া উঠিয়াছিলেন। রাজ্যশাসন উভয়েরই উদ্দেশ্য; কিন্তু সর্ উইলিয়ম গ্রের উদ্দেশ্য ছিল কেবল শাসনের কল চালান: সর कक्ष कारन्त्रतात উल्लिशा भामतात উल्लिशा मधन कता। এমত र्वानरिक ना राय मता कर्क কাম্বেল সে উদ্দেশ্য সিদ্ধ করিয়াছিলেন। তাঁহার শাসনে সক্রল ফলিয়াছে, সর্ উইলিয়ম গ্রের শাসনে কফল ফলিয়াছে এ কথা বলাও আমাদের অভিপ্রায় নহে। কেবল বলিতে চাই যে, সর্ জর্জ কান্দেল আপন বৃদ্ধিতে চলিতেন; এ বৃহৎ রাজ্যশাসন জন্য চিন্তা করিতেন: উদ্দেশ্যসূলি শ্হির করিয়া, তাঁহার সাধনে প্রাণপণে যত্ন করিতেন; যে কার্য্য কর্ত্তব্য এবং সাধ্য বলিয়া বুকিতেন. কিছাতেই তাহা হইতে বিরত হইতেন না। সর্ উইলিয়ম গ্রে এ সকল কিছাই করিতেন না। যাহা হয় আপনি হউক, কেহ কল টিপিয়া দেয় ত কল চল,ক—আমি কিছুর মধ্যে থাকিব না। নিজের ব্রন্ধি গ্রে সাহেব প্রায় খরচ করিতেন না: জমার অধ্কে কিছ, ছিল কি না বলা যায় না। নিজের যত্ন প্রায় তাঁহার কোন বিষয়ে ছিল না। তাঁহার দ্বারা যে কিছ, সংকার্য্য সিদ্ধ হইয়াছে— তাহা কলে; তাঁহার দ্বারা যে কিছু অনিষ্ট ঘটিয়াছে, তাহা কলে। তিনি উচ্চ শিক্ষার পোষক ছিলেন বলিয়া বাঙ্গালি মহলে বড় প্রশংসিত: কিন্তু বাঙ্গালি বাব দিগের মত, আসল কথাটা কি তাহা ব্ৰেন নাই: কেবল আট্কিসন সাহেব কল টিপিয়া দিয়াছিলেন বলিয়া কলের পত্রেলী সর উইলিয়ম গ্রে উচ্চ শিক্ষার পোষকতা করিলাছিলেন, ঘড়ির মাবদ ঘড়ি টিপিয়া দিয়া কলে ল,কাইয়াছিলেন।

এমন নহে যে, সর্ জর্জ কান্দ্রেলের সময় কলে শাসন একেবারে ছিল না। শাসনের কল চিরকাল বজায় আহে: যিনি ইচ্ছা তিনি শাসনকর্তা হউন, সে কল মধ্যে মধ্যে বাতাসে নড়িবে; সকল শাসনকর্তাকেই শাসনের কল চালাইয়া কতকগ্নিল কার্যা সম্পন্ন করিতে হইবে। তবে সর্ জর্জ কান্দ্রেল কলে সিদ্ধ তত্ত্বপূলি অবশাগ্রাহ্য মনে করিতেন না; ইচ্ছান্সারে তাহা ত্যাগ করিতেন; ইচ্ছান্সারে তত্তংস্থানে ন্তন সিদ্ধান্ত আদিল্ট করিতেন। সর্ জর্জ কান্দ্রেল কল নিজে চালাইতেন, স্বয়ং কলের অংশ ছিলেন না।

সর্উইলিয়ম গ্রে সকলের মন রাখিয়া কাজ করিতেন; গালিগালাজকে বড় ভয় করিতেন। সম্বাদপত্রের ভয়ে তটস্থ ছিলেন; রিটিশ ইণ্ডিয়ান আসোসিয়েশনকে ম্র্ক্বিব বলিয়া মানিতেন। স্থাতির আশার এবং গালির ভয়ে, তিনি সম্বাদপত্রের আক্তাকারী ছিলেন। রি. ই.

সর্ উইলিয়ম গ্রে ও সর্ জর্জ কাম্বেজ

আসোসিরেশনের প্রধান মেশ্বরণিগের কেনা বেচার মধ্যে ছিলেন। সর্ জর্জ কান্তেল, কাহারও নিকট স্থাতি ধ্রিজতেন না; কাহারও অনুরোধ রাখিতেন না। সম্বাদপত্র সকলকে ঘ্ণা করিতেন, বিটিশ ইঃ আসোসিরেশনকে বাঙ্গ করিতেন। অতএব একজন যে লোকের প্রিয়, আর একজন অপ্রিয় হইবেন ইহা সহজেই অনুমেয়।

সর্ উইলিয়ম গ্রে কিয়দংশ প্রিরবাদী ছিলেন, সর্জর্জ কান্বেল বড় অপ্রিযবাদী ছিলেন। সকলকে কট্বলায় সর্জর্জ কান্বেলের বিশেষ আমোদ ছিল। তাঁহার গ্রুত্র অহঞ্চারই এই অপ্রিযবাদিছের একটি প্রধান কারণ। তিনি জানিতেন যে, প্থিবীতে ব্দিমান পশ্ডিত এবং বিজ্ঞ, একা সব্জর্জ কান্বেল; আর সকল মন্মাই মুর্খ, নিব্বোধ, অসার, ভশ্ড এবং স্বার্থপর। তিরুস্কাবই তাহাদের প্রতি উপযুক্ত ব্যবহার। এইর্প তানোভিভূত হইথ। সব্জর্জ কান্বেল কাহারও পরামর্শ গ্রাহ্য করিতেন না। নিজেও দেশের অবস্থা কিছুই জানিতেন না। অথচ সকল বিষয়েই আত্মব্দিমত মীমাংসা করিষা হস্তক্ষেপ করিতেন। তাহাতে অনেক আন্টাইয়াছেন।

সর্জ্জ কান্দেবল এদেশীয়গণকে বিশেষ ঘৃণা করিতেন। তিনি বিদেচনা করিতেন, ইহারা অক্সর্মণ্য—কোন গ্রত্বর ভাবের অযোগ্য। এই ঘৃণা তাহাব শাসন্কার্য্যের আর একটি ঘোরতর বিঘা হইষা দাঁড়াইয়াছিল। যাহার প্রতি ঘৃণা আছে তাহাব সন্থ দৃঃথের ভাগী হওবা যায না. প্রজাব সন্থ দৃঃথের ভাগী না হইলে, কখন প্রদার সন্থ বৃদ্ধি দৃত্ধ নি দ্বাধ করা যায় না।

সর্ উইলিয়ম গ্রেও জর্জ কান্দেবল উভয়েই দেবচ্ছাচারী ও দ্,৮৪।তিজ হিলেন। বিনি বাহা ধরিতেন, তিনি তাহা আর ছাড়িতে চাহিতেন না। দুই জনের "রোখ" বড় ভ্যানক ছিল ---দণ্ড প্রণযনের সাধ দুই জনেরই বড় গ্রুতর ছিল। দুই জনেরই এনটি নিতান্ত নিদ্দানীয় দোষ ছিল যে, বিনাপরাধেও দণ্ডবিধান করিতেন। বিশেষ সর্ জর্জ কান্দেবলৈন ন্যামনিন্দ্রতা কিছুই ছিল না।

শুলে কথা এই যে, সর্জর্জ কান্দেলে অত্যন্ত গব্বিত, আত্মাভিমানী, ক্ষচণের্ম ঘৃণাবিশিষ্ট, পরোপদেশে বিরক্ত, দেবচ্ছাচারী, অপ্রিয়বাদী, অপ্রিয়বারী, অন্যামপর শাসনকর্তা ছিলেন। সর্উইলিয়ন গ্রের এত দোষ ছিল না; তিনি কেবল শুলেব্দ্নি ছিলেন; কোনর্পে লোকের মন রাখিয়া, কলে শাসন করিয়া, নিন্দাব হাত হইতে ম্ক্তিলাত তাঁহার উদ্দেশ্য ছিল।

গুণ পক্ষে, সর্জর্জ কান্দেরল সাহেবের নিতান্ত অভাব ছিল না। তিনি ব্রিমান্, স্বুপিডত পরিশ্রমী, এবং অধ্যবসায়সম্পন্ন। দ্ভিক্ষির ব্যাপারে দেখা গিয়াছে, তিনি ক্ষিপ্রকারী এবং দ্রদশী। তিনি সামাবাদী। প্রজার কোন মঙ্গল সিদ্ধ করিয়া থাকুন, বা না থাকুন, তিনি প্রজার হিতৈষী। সর্ উইলিয়ম গ্রের গুণেব মধ্যে কেবল ইহাই আনাদের স্মর্ক হইতেছে যে, তিনি অপেক্ষাকৃত নিরপেক্ষ ছিলেন। সর্ জর্জ কান্দেরলের মত বহু গুণে গুণবান্ ও বহু দোষে দোষী শাসনকর্তা কেহই এদেশে আসেন নাই; সর্ উইলিয়ম গ্রের মত দোষশ্না ও গুণশ্না কেহ আসেন নাই। গুণবান্ ও দোষযুক্তের শুলু অনেক, নিশ্পেষ ও নিগ্লের শুলু থাকে না। সর্ জর্জ কান্দেরলের নিশ্দা এবং সর্ উইলিয়ম গ্রের স্থ্যাতির কারণই এই।

িকস্তু কিছু, বিবেচনা করিয়া দেখিলে, সে নিন্দা ও স্ব্থ্যাতির সকল কারণ বজায় থাকে না।

দ্বই একটা উদাহরণের দ্বারা এ কথা প্রতিপন্ন করিতেছি।

লোডশেষের আইন প্রচার করার জন্য সর্জর্জ কান্দেবল বিশেষ নিশিন্ত, কিন্তু এ বিষয়ে সর্জেজ কান্দেবলের দোষ কি? তিনি কেবল উপরিস্থ কর্মাচারীর আজ্ঞা প্রতিপালন করিয়াছিলেন। রোডশেষের দায়ী ডিউক্ অব আর্গাইল; অধন্তন কর্মাচারীর সাধ্য নাই উপরিস্থ কর্মাচারীর আজ্ঞা লণ্ড্যন করেন। সর্জর্জ কান্দেবল রোডশেষ বিগিবদ্ধ কবিষা অলণ্ড্যনীয় আজ্ঞাপালন করিয়াছেন মান্ত।

न् एन कार्याविधि आहेत्नद्र म् इति नियस्त्र कना मन् कर्क कार्यक निम्म हरेया थारकन।

প্রথম, জারির বিচারের অলম্মনীয়তার উচ্ছেদ: দ্বিতীয় সরাসরি বিচারের প্রথা।

সরাসরি বিচার প্রথার আমরা অনুমোদন করি না। অনুমোদন করি না, তাহার করেণ এই বে, এ দেশীর বিচারকগণ অনেকেই এই ক্ষমতার অবোগ্য। কিন্তু বিচারক অবোগ্য বলিয়া আইন

অসম্পূর্ণ থাকিবে কেন? একটি কথা বিশেষ বিবেচনা করা আবশ্যক। যেরপে লিখিত বিচারপ্রণালী প্রচলিত, তাহাতে একটি ফৌজদারী মোকন্দমা করিতে অনেক বিলম্ব হয়। বিচারকেরা যে কয়েকটির বিচার কাঁরতে পারেন, সেই কয়টির বিচার করিয়া অবশিন্টের দিন ফিরাইয়া দেন। এইরূপ অনেক মোকন্দমার দিন, পুনঃ প্নঃ ফিরিয়া যায়। অর্থী প্রত্যথী অনেকবার কন্ট পাইয়া, রফা করিয়া চলিয়া যায়। না হয়, সাক্ষী পলায়: নয়, ধনী পক্ষ সময় পাইলে অর্থ ব্যয় করিয়া সাক্ষিণদকে বশীভূত করে। এইরূপে বিচারকের অনবকাশে অনেক মোকন্দমার বিচার একেবারে হয় না। ইহার দুইটি মাত্র উপায় সম্ভবে: প্রথম, বিচারকের সংখ্যা বৃদ্ধি: দ্বিতীয় বিচারকের অবকাশ বৃদ্ধি। প্রথম উপায়, অর্থব্যয়সাপেক্ষ: বিচারকসংখ্যা বৃদ্ধি করিতে গেলে, আবার নতেন টেক্স বসাইতে হয়। টেক্সের নামে লোকের যেরপ ভয়, টেক্স বসিলে লোকের যেরপে কণ্ট, টেক্সের জন্য গবর্ণমেন্টের উপর প্রজার যেরপে অসন্ডোষ তাহাতে আর টেক্স বসান সম্ভব নহে। সত্রাং বিচারকের সংখ্যা বাডাইবার কোন উপায় নাই। অতএব বিচারকের অবসর বৃদ্ধি ভিন্ন এ অবিচার নিবারণের উপায়ান্তর নাই। বিচারকের অবসর বৃদ্ধির একমাত্র উপায় আছে। যাহাতে মোকন্দমায় অলপ সময় লাগে, তাহা করিলেই অবসর বৃদ্ধি ইইতে পারে। এই জন্য সরাসরি বিচারের সূতি। ইহার অন্য কোন উপায় নাই—কেবল কতকগুলি মোকন্দমায় লেখাপড়ার অম্পতা করা একমাত্র উপায়। যদি বল, আপিল উঠিয়া গেল কেন? উত্তর, প্রমাণ লিপিবন্ধ না থাকিলে কি করিয়া আপিল আদালত বিচার নিষ্পত্তি করিবেন।

জ্রারর বিষয়েও একটি বিশেষ কথা আছে। যদি হাঁড়ি গড়া, ঘটি গড়ায় নৈপুণ্য শিক্ষার অধীন, তবে বিচারকার্য্যেই শিক্ষার প্রয়োজন নাই, এ কথা নিবেবাধ বা কুসংস্কারাবিষ্ট লোকেই বলিবে। বিচারকার্য্য শিক্ষিত জজেব দ্বারা হওয়াই কর্ত্তব্য-যে অনেক দিন ধরিয়া কোন একটি কাজ অভ্যাস করিয়াছে, তাহাকেই শিক্ষিত বলিতেছি। যদি কাঁসারীকে ঘটি গড়িতে না দিয়া, তাঁতিকে কাপড় বুনিতে না দিয়া, পাঁচজন মাটি কাটা মজুরকে দিয়া ঘটি গড়ান, বা বন্ধ বুনান **जान** ना इस. তবে যে বিচারকার্য্য শিলপক-ম্মাপেক্ষা শতগ্রেশে কঠিন, তাহাতেই কি কেবল শিক্ষিতাপেক্ষা অশিক্ষিতের কার্য্য ভাল? অনেকে বলেন, এক জন বিচারকের উপর নির্ভর कतिरम जुरमत महारना, अठ अर अर अर अर अर अर अर अर और अन अर्तित विठात जाम। देश বিলালে বলিতে হয় যে একজন নিউটন অপেক্ষা পাঁচ জন পাঠশালার গরে গণনায় ভাল, এক জন হক্সলী অপেক্ষা পাঁচটি নেটিব ডাক্তার শারীরতত্তে ভাল এক জন ক্যালিদাস অপেক্ষা বাঙ্গালা সম্বাদপত্তের পাঁচ জন পত্রপ্রেরক কবিজে ভাল। আমাদিগের সংস্কার আছে যে যাহা বিলাতী তাহাই ভাল, বিলাতে জারির প্রথা প্রচলিত আছে, সাতরাং আমাদের দেশেও ঠিক সেই জ্বরির বিচার চালাইতে হইবে! এর্প কুসংস্কারবিশিষ্ট লোকে জানেন না যে, ইংলন্ডে যখন বিচারকেরা পক্ষপাতী ছিলেন ধনীর বশীভত হইয়া দীনের অন্যায় দণ্ড করিতেন তখন দীনের बकार्थ मीत्नत बाता मीत्नत विठात, धनीत बाता धनीत विठात, समात्नत बाता समात्नत विठात, এই প্রথা সূত্ত হইয়াছিল। এইক্ষণে ইংলন্ডে সে অবস্থা নাই, কিন্তু ইংলন্ডের নাায় দেশাচারপ্রিয় দেশে দেশাচার শীঘ্র লোপ পায় না বলিয়াই উহা অদ্যাপি চলিতেছে। এবং কতকগুলি অনুকরণভক্ত দেশেও গ্রেণত হইরাছে। এক্ষণে ইংলন্ডীয় কুতবিদ্য চিন্তাশীল ব্যক্তিগণ জুরির বিচারের প্রথার বিরোধী হইয়া দাঁড়াইতেছেন। ভারতবর্ষ, বিশেষ প্রকারে জাবির বিচার প্রথার অযোগ্য। জ্বরির স্থি ইইয়া অবধিই ভারতবর্ষে অবিচার ইইতেছে—দোষী দোষ করিয়া, সেসন হইতে প্রায় খালাস পাইরা আসিতেছে—হুগলীতে নবীনের বিচার ইহার একটি জাল্জ্বলামান প্রমাণ। এই ঘোর অবিচার নিবারণের জনাই সর্ জর্জ কান্দেবল জ্বরির আইনের কিণ্ডিৎ পরিবর্ত্তন করাইয়াছেন। সে জন্য তাঁহার নিন্দা না করিয়া তাঁহাকে ধন্যবাদ করিতে হয়। তিনি বে জারির প্রথার একেবারে উচ্ছেদ করেন নাই, ইহাতেই আমরা দঃখিত।

কার্য্যবিধি আইন সম্বন্ধে আর একটি কথা আমাদিগের বলিতে বাকি আছে। বিটিশ-ভারতব্যীর রাজ্যে সর্ম্বাপেক্ষা তিমিরমর কলৎক—দেশী বিদেশীতে বিচারাগারে বৈষম্য। দেশীর জন্য এক আইন আদালত—সাহেবের জন্য ভিন্ন আইন আদালত। এই লম্জাকর কলৎক মেকলে হইতে লরেন্স পর্যান্ত অনেকে অপনীত করিতে চেষ্টা করিরাছিলেন—কেহ শক্ত হরেন নাই। সর্ম্বর্জ কান্বেল হইতে সেই কার্য্য কির্দাংশে সিদ্ধ হইতেছে। এ বিষরে তিনি দেশীর লোকের পরম বন্ধুর কার্য্য করিরাছিলেন। অন্য কেহ করিলে, এত দিন ভাঁহার সন্খ্যাতিতে দেশ পর্নিরা যাইত। সর্জজ্জ কান্সেল এ কার্য্য করিয়াছেন বলিয়া সে কথার কোন উচ্চবাচ্য নাই।

উচ্চশিক্ষার বিরুক্ষাচরণ তাঁহার আর একটি নিন্দার কারণ। যিনি কোন প্রকার শিক্ষার বিরুক্ষাচরণ করেন, তিনি মনুষ্যজাতির শন্তর মধ্যে গণ্য। তবে ইহা স্মরণ করিতে হইবে বে, সকল মনুষ্যেরই শিক্ষার সমান অধিকার। শিক্ষার ধনীর পুত্রের যে অধিকার, কৃষকপুত্রের সেই অধিকার। রাজকোষ হইতে ধনীদিগের শিক্ষার জন্য অধিক অর্থবার হউক, নির্ধানিগের শিক্ষার জন্য অধিক বার, এবং ধনীদিগের শিক্ষার্থ অপে বারাই ন্যায়রবিগাহিত কথা। বরং নির্ধানিগের শিক্ষার্থ অধিক বার, এবং ধনীদিগের শিক্ষার্থ অপে বারাই ন্যায়সঙ্গত; কেন না ধনীগণ আপান ব্যয়ে শিক্ষাপ্রাপ্ত হইতে পারে, কিন্তু নির্ধানগণ, সংখ্যার অধিক, এবং রাজকোষ ভিন্ন অননাগতি। কিন্তু ভারতব্যবির্ধিরিটিশ গ্রণমেণ্ট পুর্বাপের শিক্ষার্থে যে প্রণালীতে বারা করিয়া আসিয়াছেন, তাহা ন্যায়ান্বমোদিত নহে। ধনীর শিক্ষার্থই সে বারা হইয়া আসিতেছে; দরিদ্রের শিক্ষার্থ প্রায় নহে। যখন ইণ্ডিয়ান গ্রণম্পিই ইতে এ প্রথা পরিবর্তন করিয়া, ধনীর শিক্ষার বায়ের লাঘব করিয়া, দরিদ্র শিক্ষার বায় বায়াইবার প্রস্তাব হইয়াছিলে, তখন সর্ উইলিয়ম গ্রে "উচ্চশিক্ষা!" করিয়া সে প্রস্তাবের প্রতিবাদ করিয়া, দেশের লোকের প্রিয় হইয়াছিলেন বটে, কিন্তু দেশের মঙ্গল করেন নাই। যদি উচ্চশিক্ষার বায় হইতে কিছু টাকা লইয়া তাহা দরিদ্রশিক্ষায বায় করিবার জন্য সর্ জর্জ কান্তেল উচ্চশিক্ষার বায় ক্যাইযা থাকেন, তবে আমর। তাঁহার নিন্দা করিতে প্রারি না।

আরও কয়েকটি বিষয়ে সমালোচনার ইচ্ছা ছিল, কিন্তু স্থানাভাবে এ প্রস্তাবের আব সম্প্রসারণ করিতে পারিলাম না। উপসংহারে বক্তব্য যে, যদি কেহ আমাদিগকে জিজ্ঞাসা করে যে, সর্জর্জ কাম্বেলের কৃত এমন কি কার্য্য আছে যে তন্জনা সর্জর্জের কিছু প্রশংসা করিতে পারি? আমরা তাহা হইলে বলিব যে, দুর্ভিক্ষ সম্বন্ধে তিনি উপকার করিয়াছেন, রিটিশজাত প্রজাকে এতদ্দেশীয় আদালতের বিচারাধীন করিয়াছেন, প্রবিনসিয়াল আয় বায়, তাহার হস্তে যের্প স্ন্নিয়মবিশিন্ট ছিল। পক্ষান্তবে বদি কাহাকে আমরা জিজ্ঞাসা করি যে, সর্ উইলিয়ম গ্রের কৃত এমন কোন কার্য্য আছে যে, তন্জন্য আমরা তাহার নাম সমরণ করিয়া প্রশংসা করিতে পারি, তাহা হইলে তিনি কি উত্তর দিবেন? উচ্চশিক্ষার পক্ষ সমর্থন?

অনেকে এই প্রস্তাব পাঠ করিয়া লেখকের প্রতি অত্যন্ত অসমুন্ট হইবেন। এদেশীয় লোকেব মধ্যে অনেকের বিশ্বাস আছে যে, সর্ জর্জ কাম্বেল মন্য্যাকারে পিশাচ ছিলেন। আমনা পিশাচ বিলা তাঁহাকে বিশিত করি নাই। তিনি বহু দোষযুক্ত ছিলেন, কিন্তু তাহার দোষেব বর্ণনার অভাব নাই। যাহার অনেক দোষ, তাহার কোন গুণ আছে কি না, এ বিষয়ে সমালোচনাব ফল আছে—যে এক চক্ষে দেখে সে অর্জেক অন্ধ। এ প্রস্তাবের জন্য, যদি কেহ রাগ করেন, আমাদের আপত্তি নাই। কোন শ্রেণীর পাঠকের সন্তোষেব কামনায় কোন প্রকার কথা এ পত্রে লিখিত হয় না; কোন শ্রেণীর পাঠকের অসন্তোষের আশুক্রায় কোন কথা ব্যক্ত কবিয়া বলিতে, এ পত্রের লেখকেরা সম্কুচিত নহেন। বর্ত্তমান লেখক সর্ জর্জ কান্যেল কর্ত্তক কোন অংশে উপকৃত বা সর্ উইলিয়ম গ্রে কর্ত্তক কোন অংশে অপকৃত নহেন; যাহা লিখিত হইল, সত্যান্রোধেই লিখিত হইল। এদেশে অন্ধ অন্ধকে পথ দেখাইতেছে; প্রান্ত প্রান্তকে উপদেশ দিতেছে। বদি এই প্রবন্ধের সাহায্যে কেহ এ কথাটি হৃদয়ক্ষম করিতে পারেন, তাহা হইলেই এ প্রস্তাবের সাথাকতা হইল। প্রীভজ্ঞরাম।—বিশ্বদর্শন', জ্যৈষ্ঠ ১২৮১ প্র. ৭০-৮২।

वस्त्र एवश्ङा

পতিৰাদ

কার্ত্তিক মাসের শ্রমরে শ্রীঃ স্বাক্ষরিত "বঙ্গে দেবপ্সা" নামক প্রবন্ধ সম্বন্ধে আমার কিছু বিশ্বার কথা আছে।

প্রীঃ মহাশরের কথার বীতিমত প্রতিবাদ করিতে গোলে যে সমর লাগে তাহা আমার নাই; এবং যে স্থান লাগে তাহা শ্রমরের নাই। কিন্তু কথা সহজ—সংক্রেপে বলিলেই চলিবে।

विष्क्य क्रानावनी

তাহার স্থ্য কথা এই যে, পোত্তলিকমত, সত্য হউক, মিথ্যা হউক, ইহা বঙ্গদেশে প্রচলিত থাকাতে, দেশের বিশেষ উপকার আছে। কি কি উপকার?

তিনি, প্রথম উপকার, এই দেখান যে, দেবসেবার অন্বরোধে সেবক ভাল খায় পরে। এবং এই কথা প্রতিপন্ন করিবার জন্য বৈশ্ববের বাড়ী ব্রাহ্ম অতিথির উদাহরণ দিয়াছেন। প্রীঃ মহাশয়কে জিজ্ঞাসা করি, বাহারা ঠাকুরপ্রজা করে না, তাহারা কি কখন ভাল খায় পরে না? শ্রীঃ মহাশয় কি কখন সাহেবদিদোর আহার দেখেন নাই, তাহারা কয়টা শালগ্রামের ভোগ দেয়? হিন্দ্র প্রেল প্রজা করে, ইংরেজ করে না: ইংরেজ ভাল খায়, না হিন্দ্র ভাল খায়? ইংরেজ। তবে আহারাদির পারিপাট্য যে ঠাকুরপ্রজার ফল নহে, তাহা শ্রীঃ মহাশয়কে স্বীকার করিতে হইবে।

তিনি হয়ত বলিবেন, ইহা সত্য, তবে বাঙ্গালি এমনি জ্ঞাতি যে, যাহা কিছু, ভাল খায়, তাহা ঠাকুরের অন্বরোধে, ঠাকুর না থাকিলে খাইত না। এ কথা মিথ্যা। অনেক ঘোর নাস্তিক, উৎকৃষ্ট আহার করে, এবং অনেক দ্ঢ়ভক্ত কানাইয়া লালকে এমন কদন ভোগ দেয যে, তাহার গন্ধে ভূত প্রেত পলায়। স্থ্ল কথা এই যে, যাহার শক্তি ও সংস্কার আছে, সেই ভাল খায়। যে এখন ঠাকুরকে উপলক্ষ করিয়া ভাল খায়, বা খাওয়ায় সে পৌর্তালিক না হইলে উদরের অন্বরোধে ভাল খাইত, খাওয়াইত। শ্রীঃ মহাশয় দ্বিতীয় উপকারটি বঙ্গমহিলা সম্বন্ধে দেখাইয়াছেন। লিখেন, "প্রকৃত ঈশ্বরের নিকট থাকায় যে ফল, তাহা তাহাদের ফ্লিতেছে।" শ্রীঃ মহাশয় সে ফল কি আপনি জানেন? সে ফল প্রের্থান্তম, কাশী, প্রভৃতি তীর্থস্থানে প্রকটিত আছে। ঈশ্বরসামিধ্য হিন্দু, মহিলার নিকট নিঃশঙ্কচিত্তে পাপ করিবার স্থান বলিয়া পরিচিত।

তিনি বলেন, সাকারে প্রার্থনা আন্তরিক হয়, নিরাকারে তত হয় না। কে বলিযাছে? কেন হয় না? যাহাকে চাক্ষর মাটি বা পাতর দেখিতেছি, তাহার কাছে যদি আন্তরিক কাঁদিতে পারি, তবে যাহাকে চক্ষে দেখিতেছি না, কিন্তু মনে জানিতেছি তিনি ব্রহ্মাণ্ড ব্যাপিয়া আছেন, কেন তাঁহার কাছে আন্তরিক কাঁদিতে না পারিব? কেন সেইর্প সাক্ষনা লাভ না করিব? প্রীঃ যুবতীর মুখে যে কর্মাট কথা বসাইয়াছেন, তাহা মেয়েলি কথা বলিয়া উত্তব দিতে ইচ্ছা করে না। যুবতী স্থাবিদ্ধিতে অলীক কথা বলিয়াছে, ভক্ত নিরাকারবাদীর অন্তঃকরণ ব্যাঝিতে পারে না বলিয়া বলিয়াছে। দেবতার কাছে আছি বলিয়া, তাহার যে স্ব্ধ, যে সাহস, সর্ধব্যাপী ঈশ্বরের কাছে আছি বলিয়া নিরাকার ভক্তেরও সেই স্ক্ , সেই সাহস। বিশ্বাসের দার্চ্য থাকিলে সাকার নিরাকারে কোন প্রভেদ নাই।

তৃতীয় উপকার, তারকেশ্বর, বৈদ্যনাথ রোগ ভাল করেন, শ্রীঃ বলেন, রোগ বিশ্বাসে ভাল হয়, বিশ্বাস দেবতার উপর। যদি বিশ্বাসে রোগ ভাল হয় তবে বিশ্বাসযোগ্য ডাক্তারের সংখ্যা বাডিলেই দেবতারা পদচ্যত হইতে পারেন।

চতুর্থ উপকার, উৎসব, যথা দুর্গোৎসবাদি। জিজ্ঞাসা করি এই হতভাগা অন্নক্লিট, বৃথা হট্টগোলে ব্যতিবান্ত বঙ্গসমাজে একটা উৎসবের কি প্রয়োজন আছে? এখন কতকগর্নল কঠিন-হৃদয়, ভোগপরাখ্মুখ, উৎসববিরত সম্প্রদায়ের অভ্যুদয় না হইলে, ভারতবর্ষের কি উদ্ধার হইবে?

পণ্ডম, শ্রীঃ বলেন, এই উপধর্ম্ম বঙ্গের সমাজবন্ধন; এ বন্ধন রাখিরা, সমাজ রক্ষা কর। বঙ্গসমাজবন্ধন ছিল্ল করিয়া, সমাজ ভঙ্গ করা, বিচলিত, বিপ্লাত করারই প্রয়োজন হইয়াছে; এই খইয়ে বন্ধনে বাঙ্গালির প্রাণ গেল। এ পচা গোরার দড়ি আর আমাদের গলায় রাখিও না। যদি দেবতাপ্জাই এই নরক তুলা সমাজের মূল গ্রন্থি, তবে আমি বলি যে, শীঘ্র শাণিত ছারিকার দ্বারা ইহা ছিল্ল কর। নৃতন সমাজ পত্তন হউক।

র্পক একটি শ্রমের কারণ। "বন্ধন" শব্দটি বাবহার করিলে লোকে মনে করিবে "বড় আঁটাআটি—দড়ি ছাড়িস না, বাঁধন ঠিক রাখিস।" বন্ধুতঃ সমাজবন্ধন মানে কি? শ্রীঃ কি মনে করেন যে, দেবতার প্রাণ উঠিয়া গেলেই সমাজ খসিয়া পড়িবে, সমাজের লোক সকল, সমাজ ছাড়িয়া গোশালাবিম্বুত গোর্র ন্যায় বনের দিকে ছ্টিবে? তাহা নহে। আসল কথা এই দেবতাভক্তি, বঙ্গসমাজের একটি ধন্দবিভিত্তি। এ ভিত্তি ভাঙ্গিয়া গেলে ধন্দের্ব অন্য ভিত্তি হইবে; সমাজ নত হইবে না। যত দিন না ন্তন ভিত্তি পত্তন হয়, তত দিন কেহ এই ভিত্তি বিন্দট করিতে পারিবে না। শিক্ষা এবং লোকবাদ (public opinion) এবং উৎকৃত্ত নীতিশাসকোনত ন্তন ভিত্তি চারিদকে স্থাপত হইতেছে। শ্রীঃ বলেন, "ভক্তি শ্রমা, প্রভৃতি যে করেকটি গ্রেপর

वरक रमवश्का-शकिवाम

নিমিত্ত বাঙ্গালা বিখ্যাত, তাহা এই দেবতাদিগের প্রসাদাং।" ইত্যাদি। পত্তেলপ্রেলা ভিন্ন ৰে ভক্তাদি গার্হস্থা ধন্মের অন্য মূল নাই, এ কথা এর প অমূলক এবং অশ্রন্ধের যে ইহার প্রতিবাদ আবশ্যক করে না।

আমি সংক্ষেপতঃ দেখাইলাম যে, খ্রীঃ বঙ্গীয় দেবতাগণকে যে করেক বিষয়ে উপকারক মনে করেন, তাহা কেবল তাঁহার দ্রান্তি। সকল দ্রান্তি দেখাইতে গেলে, তিন নন্বর দ্রমর আমাকেই ইজারা করিতে হইবে। কিন্তু বিচারার্থ আমি স্বীকার করিতে প্রস্তুত আছি যে, কোন কোন বিষয়ে সাকার-পূজা উপকার করে। তাই বলিয়া কি সাকার পূজা অবলম্বনীয়? এ জগতে এমন অপকৃষ্ট সামগ্রী কি আছে যে, তম্বারা কোন না কোন উপকার নাই। মদ্য উৎকৃষ্ট ঔষধ: অনেক বিষে উৎকৃষ্ট ঔষধ প্রস্তুত হয়; তাই বলিয়া কি মদ্য এবং বিষ নিতা সেবা করা কর্ত্তবা? কয়েদী জেলে গিয়া, পরের খরচে খাইতে পায়, তাই বলিয়া কি কারাবাস কামনীয? অপ্রুক্তর বার অলপ, সেই জন্য কি অপ্রেকতা কামনীয়? অনেক শ্রীলোক অসতী হইয়াই প্রেবতী হইয়াছে; তাহাতে কি অসতীম্ব ইন্টবস্ত হইল? সাকার প্রভায় কিছু বিছু, উপকার আছে বলিয়াই কি সাকার পূজা প্রচলনীয় বলিয়া সিদ্ধ হইল?

সকলেবই কিছু, भू कल আছে, সকলেতেই কিছু, অশুভ ফল আছে। শুভাশুভের তারতম্য বিচার করিয়া, কোন্টি কামনীয়; কোন্টি পরিহার্য্য মন্যেয় বিচার এরে। একটি গেল, তাহার স্থানে আর একটি হইল; র্যোট ছিল, তাহার যে সকল শুভ ফল, তাহা আর রহিল না, কিন্তু যেটি হইল, তাহার জন্য নতেন কতকগুলি শুভ ঘটিবে। এইগুলি যদি পুর্বে শুভের অপেক্ষা গুরুতর হয় তবে ইহাই বাঞ্চনীয়। সাকার প্রেয়য় শুভ ফল অনেক থাকিতে পারে, কিন্তু নিরাকার প্রাব শুভফল যে তদপেক্ষা গুরুতর নহে, তাহার আলোচনায় খ্রীঃ একেবারে প্রবৃত্ত হয়েন নাই।

যথন এদেশে রেলের গাড়ি ছিল না, তখন ভ্রমণ পদরভো, নৌকায়, বা পাল্কীতে করিতে হইত। নৌকা বা পাল্কীতে যাতায়াতের দুই একটি সুফল ছিল—তাহা বাষ্পীয় যানে নাই। নৌকাযাত্রা স্বাস্থ্যকর। যেদেশ দিয়া রেইল গাড়িতে যাও তাহার কিছুই দেখা হয় না গড়গড় করিয়া তাহা পার হইয়া যাও। পাল কীতে বা পদরজে গেলে, সকল দেশ দেখিয়া যাওয়া যায়: তাহাতে বহুদর্শিতা এবং কোত্ত্রল নিবারণ লাভ হয়। তাই বলিয়া যে বলিবে রেইলগাড়ি উঠাইয়া দাও, দেশের সর্ম্বানাশ হইতেছে, তাহাকে খ্রীঃ কির্পু বোদ্ধা বলিয়া গণ্য করিবেন? নিরাকারভক্তও তাঁহাকে সেইরূপে বোদ্ধা বলিয়া মনে করিতে পারে।

তিনি সাকার প্জার গুণ কতকগুলি দেখাইয়াছেন: দোষ একটিও দেখান নাই। তাহার

দুই একটি অশুভ ফলের উল্লেখ করা প্রয়োজনীয় হইতেছে। উল্লেখমাত্র করিব।

প্রথম, সাকার ধর্ম্ম, বিজ্ঞানবিরোধী। যেখানে সাকার ধর্ম্ম প্রচলিত, সেখানে জ্ঞানের উন্নতি হয় না। সেখানে সকল প্রশেনরই এক উত্তর—"দেবতায় করেন।" অন্য উত্তরের সন্ধান হয় না। অতএব সাকার প্জো জ্ঞানোহ্মতির কণ্টক।

যদি কেহ বলেন যে, অনেক যুনানী এবং অনেক আর্য্য পশ্চিত জ্ঞানের উর্ন্নাত করিয়া-ছিলেন, তাঁহারাই কি সাকারবাদী ছিলেন না? উত্তর, না—কেহই না। যুনানী তওজ্ঞ দার্শনিক এবং বিজ্ঞানবেত্গণ, এবং আর্য্য মহর্ষিরা, যাঁহারা কিছু জ্ঞানের উন্নতি করিয়াছিলেন, সকলেই নিরাকারবাদী ছিলেন। সাকারবাদী কর্ত্তক জ্ঞানের উন্নতি প্রায় দেখা যায় না।

দ্বিতীয়। সাকার প্রজা, স্বান্ববিত্তিরে বিরোধী। চারিদিকে মনুষ্যচিত্তকে বাঁধিয়া, মনুষ্য-

চরিত্রের স্ফুর্তি, উন্নতি এবং বিস্তৃতি লোপ করে।

ততীয়। জ্ঞান এবং স্বান্বেত্তিতার গতি রোধ করিয়া, এবং অন্যান্য প্রকারে সাকার প্রজা সমাজের গতিরোধ করে।

পক্ষান্তরে, ইহা স্বীকার করিতে হয় যে, সাকার প্রন্তার একটি গুরুতর সূফল আছে, 🕮 তাহা ধরেন নাই। সাকার প্রজা কাব্য এবং স্ক্রে শিলেপর অত্যন্ত প্রতিটকারক। সাকারবাদী-দিলের প্রধান কবিদিলের তুল্য কবি, নিরাকারবাদীদিলের মধ্যে একজন মাত্র আছেন-একা সেক্ষপিয়র। ক্রদেশেও, সাকার প্রভার ফল, বৈষ্ণব কবিদিগের অপ্রের্থ গীতিকাবা।

শ্রীঃ সাকার নিরাকারের মধ্যে কোন্টি প্রকৃত ঈশ্বরোপাসনা তাহার মীমাংসা করেন নাই: আমিও তাহা করিব না। বাবি বিচার করিতে গেলে, গুলের একটিও টিকিবে না। ছাল্ডিতে কৃষ্ণ পাওয়া যার, কিন্তু তকে কৃষ্ণ বা ঈশ্বর কাহাকেও পাওয়া যার না। কিন্তু যদি দুইটির মধ্যে একটি প্রকৃত হর, তবে যেটি প্রকৃত সেইটি প্রচলিত হওয়াই কর্ত্তব্য, অপ্রকৃতের সহস্র শন্ত ফল থাকিলেও তাহা প্রচলিত হওয়াই অকর্ত্তব্য। যদি সাকার প্রকৃত ঈশ্বরোপাসনা হয়, তবে তংপ্রদন্ত উপকার সকল এক এক করিরা গণিবার আবশ্যকতা নাই; তাহাতে কোন উপকার না থাকিলেও, সহস্র অনুপকার থাকিলেও তাহাই অবলম্বনীয়। আর যদি তাহা না হইয়া নিরাকার প্রকৃত ঈশ্বর ম্বর্প হয়, তবে সাকার প্রজায়, সহস্র উপকার থাকিলেও, নিরাকার প্রজায় কোন ইন্ট না থাকিলেও, সাকার প্রজা লাপ্ত হওয়াই উচিত। ইহার কারণ সত্য ভিন্ন অসত্যে কখন মঙ্গল নাই। সতাই ধর্ম্ম, সত্যই শন্ত, সতাই বাঞ্চনীয়, সত্যমেব জয়তি। বঃ—'ভ্রমর', অগ্রহায়ণ ১২৮১, প্তু. ১৮১-৮৭।

কল্পতরু*

গদ্যোপন্যাসকে সচরাচর আমরা কাবাই বলিয়া থাকি। কাব্যের বিষয় মন্বাচরিত্র। মন্বাচরিত্র ঘোরতর বৈচিত্র্যবিশিষ্ট। মন্বা প্রভাবতঃ দ্বার্থপির, এবং মন্বা প্রভাবতঃ পরদ্বংথে দুঃখাঁ এবং পরোপকারাঁ। মন্বা পশ্বাত্ত, এবং মন্বা দেবতুলা। সকল মন্যের চরিত্রই এইর্প বৈচিত্র্যবিশিষ্ট; এমন কেহ নাই যে, সে একান্ত দ্বার্থপির, এবং এমন কেহ নাই যে, সে একান্ত দ্বার্থপির, এবং এমন কেহ নাই যে, সে একান্ত দ্বার্থবিদ্যাত পরহিতান্বরক্ত; কেহই নিতান্ত পশ্বান্ধের, কেহই নিতান্ত দেবতা নহে। এই পশ্বাত্ত দেবতা একাধারে, সকল মন্যেই কিয়ৎপ্রিমাণে আছে; তবে সর্বাত্ত উভয়ের মাত্রা সমান নহে। কাহারেও সদ্গানের ভাগই অধিক, অসদ্গানের ভাগ অধিক, তাহাকে মান্বা ভাল লোক বলি; যাহার সদ্গানের ভাগই অলপ, অসদ্গানের ভাগ অধিক, তাহাকে মান্বা। কিন্তু এইব্প দ্বিপ্রকৃতিত্ব সকল মন্যেরই আছে; মন্যাচরিত্রই দ্বিপ্রাকৃতিক; দ্বইটি বিসদৃশে ভাগে মন্বাহান্য বিভক্ত।

কাব্যের বিষয় মনুষাচরিত্র; যে বাক্য সম্পূর্ণ, তাহাতে এই দুই ভাগই প্রতিবিদ্বিত হইবে। কি গদ্য, কি পদ্য প্রথম শ্রেণীর গ্রন্থ মাত্রেই এইর্পু সম্পূর্ণতায্ত্র। কিন্তু কোন কোন কবি, এক একভাগ মাত্র গ্রহণ করেন। তাহারা যে মনুষার দ্বিপ্রকৃতিছ অবগত নহেন, এমত নহে; তবে তাহারা বিবেচনা করেন ষে, ষেমন একতে সমাবিষ্ট মনুষাচরিত্রের ভাল মন্দ অধীত এবং পর্যাবেক্ষিত করা আবশ্যক, তেমনি উহা পৃথক্ পৃথক্ করিয়া অধীত এবং পর্যাবেক্ষিত করাও আবশ্যক। যেমন একটি যুক্তবর্ণের উচ্চারণ শিখিবার প্রেশ্ব যে বর্ণধ্রের যোগে তাহা নিষ্পন্ন ইয়াছে, তত্তং উচ্চারণ অগ্রে পৃথক্ পৃথক্ করিয়া শিখা কর্ত্রবা, তেমনি মনুষাচরিত্রের অংশছয়কে বিযুক্ত কবিয়া পৃথক্ পৃথক্ অধ্যয়ন করা বিধেয়। এইর্পু বিশ্বাসের বশবন্তী হইয়া কতকগ্নিল কবি মনুষাচরিত্রের অংশনাত্র গ্রহণ করেন। যাহারা মহদংশ গুহণ করিয়াছেন, তাহাদিগের গ্রন্থের এক বিশিষ্ট উদাহরণ বিক্রর হ্যুগোর গদ্যকাব্যাবলী। যাহারা অসন্ভাব গ্রহণ করেন, তাহারা প্রায় রহস্যলেখক। ইংহাদিগের চুড়ামণি সর্ বিন্টিস্। ইংহাদিগের গ্রন্থ সকল আতি উৎকৃষ্ট হইলেও, অসম্পূর্ণ কাব্য।

এই সম্প্রদায়ের কেবল দুই জন লেখক বাঙ্গালা ভাষায় স্পরিচিত; প্রথম টেকচাঁদ ঠাকুর; দ্বিতীয় হ্তোম পে'চা লেখক। অদ্য সেই সম্প্রদায়ের তৃতীয় লেখকের পরিচয় দিতেছি।

বাব্ ইন্দুনাথ বন্দ্যোপাধ্যায়, একখানি মাত্র গ্রন্থ প্রচার করিয়া, বাঙ্গালায় প্রধান লেখকদিলের মধ্যে স্থান পাইবার যোগ্য বলিয়া পরিচিত হইয়াছেন। রহস্যপট্বতায়, মন্য়াচরিত্রের বহ্দশিভায়, লিপিচাত্রের। ইনি টেকচাদ ঠাক্র এবং হ্তোমের সমকক্ষ, এবং হ্তোম ক্ষমতাশালী হইলেও পরদ্বেষী, পরিনিন্দক, স্ন্নীতির গাত্র, এবং বিশ্ব্ র্চির সঙ্গে মহাসমরে প্রবৃত্ত। ইন্দুনাথ বাব্ পরদ্বেথ কাতর, স্ন্নীতির প্রতিপোষক এবং তাঁহায় গ্রন্থ স্ব্রুচির বিরোধী নহে। তাঁহায় যে লিপিকোন্দল, যে রচনাচাত্র্ব্য, তাহা আলালের ঘরেয় দ্লালে নাই—সে বাক্শক্তি নাই। তাঁহায় গ্রন্থে রক্ষদর্শনিপ্ররতার ঈবং, মধ্র হাসি ছত্রে ছত্রে প্রভাসিত আছে, অপাক্তে যে চতুরের বক্ত দ্লিটট্বকু পদে পদে লক্ষিত হয়, তাহা না হ্তোমে, না টেকচানে, দ্বইরের

^{*} কলপতর্। শ্রীইন্দুনাথ কলোগাধ্যার প্রশীত। কলিকাতা। ক্যানিঙ লাইরেরি। ১২৮১। ৮৯৬

একেও নাই। তাঁহার প্রশ্ব রক্ষমর, সন্দ্র্যানেই মুক্তা প্রবালাদি জনুলিতেছে। দীনবদ্ধ বাব্রে মত তিনি উচ্চ হাসি হাসেন না, হুতোমেব মত 'বেলেপ্লাগিবিতে" প্রবৃত্ত হবেন না, কিন্তু ভিজ্ঞান্ধ রুসের বিশ্রাম নাই। সে রসও উগ্র নছে, মধ্ব, সন্দ্র্যান সংনীয়। কম্পতর্ত্ত বঙ্গভাষার একখানি

বাহাকে সম্পূর্ণ কাব্য বাল্যছি, এ প্রশ্য ভাহাব মধ্যে গণ্য নহে। যিনি মনুষ্যেব শক্তি, মনুষ্যেব মহণ্ড,—সুখেব উচ্ছবাস, দুঃখেব অন্ধকাব দেখিতে চাহেন, তিনি এ প্রন্থ পাইবেন না। যিনি মনুষ্যেব ক্ষুত্রতা, দীচাশযতা, স্বার্থপিরতা, এবং বৃহিন্ধর বৈপরীত্য দেখিতে চাহেন, তিনি ইহাতে বথেন্ট পাইবেন। যিনি তমোভিভূত ভীব্, নিশ্বোধ, ভন্ড, ইল্রিমপববণ আধ্যানক যুবা দেখিতে চাহেন, তিনি নবেল্যাথকে দেখিবেন। যিনি শঠ, বন্ধক, লুক্ক অপবিণামদশী, বাচাল 'চালাকদাস" দেখিতে চাহেন তিনি বামদাসকে দেখিবেন। যে সকল বন্য জক্ত্যণ অনতিপ্র্যুবালে সাহেবেব কাছে নথি পড়িয়া অর্থ ও মেদ সঞ্যয় করিত, কালিনাথ ধরে, তাহারা জাজ্বলামান, এবং ধরপত্নী গাহিদীব চুড়া। গবেশচন্দ্র নায়কেব চুড়া। তাহাব মত স্বৃদক্ষ, অস্বার্থপিব মনুষ্যবত্বেব পবিচ্য—পাঠক স্বয়ং লইবেন।

এই সকল চিত্র প্রকৃতিম্লেক—কিন্তু তাহাদিদেব কার্য্য আত্যান্তকতাবিশিষ্ট। যে বাহাতে উপহাসেব বিষয়, বহস্যলেখক তাহাব সেই প্রবৃত্তিঘটিত কার্য্যকে আত্যান্তক বৃদ্ধি দিয়া চিত্রিত কবেন। এ আত্যান্তিকতা দোষ নহে—এটি লেখকেব কোশল। এই গ্রন্থে বিবৃত সকল কার্যান্ত আত্যান্তিকতাবিশিষ্ট। গ্রন্থে এমন কিছুই নাই যে আত্যান্তিকতাবিশিষ্ট নহে।

মন্বাহদ্যেব যে সকল সংবৃত্তি গ্রন্থকাব তাহা প্রন্থমধ্যে একেবাবে প্রবেশ করিতে দেন নাই। মধ্সদেন দ্রাত্বংসল এবং নিতান্ত নিবীহ—তত্তিন্ন প্রশোক্ত নাষক নাষিকাব কাহারও কোন সদ্গান নাই। মন্বাহদ্যেব সদ্গান্দেব পবিচয়ও লেখকেব অভিপ্রেত নহে। বাহা তাহার অভিপ্রেত তাহাতে তিনি সিদ্ধকাম হইষাছেন বলিতে হইবে।

গলপটি অতি সামান্য, সহজে বলিতে ছত্র দুই লাগে। আলালেব ঘরের দুলাল ইহা অপেক্ষা বৈচিন্ত্যবিশিষ্ট। আব আলালেব ঘবেব দুলাল উচ্চনীতির আধাব—ইহা সেবৃপ নহে। আলালেব ঘবেব দুলালেব উদ্দেশ্য নাঁতি, কলপতর্ব উদ্দেশ্য ব্যঙ্গ। আলালেব ঘবের দুলালের লেখক মনুষ্যেব দুন্ধ্যব্তি দেখিয়া কাতব, ইনি মনুষ্যচবিত্ত দেখিয়া ঘৃণায়ুক্ত। কলপতর্ব অপেক্ষা আলালেব ঘবেব দুলালেব সম্পূর্ণতা এবং উচ্চাশ্যতা আছে।

ষে প্রশেষৰ আমবা এত প্রশংসা কবিলাম তাহা হইতে কিণ্ডিং উদ্ধৃত করিষা লেখকের লিপিপ্রশালীব পবিচয় দিব। যে অংশ উদ্ধৃত করিলাম প্রশ্বকাব তাহাতে একট্ বীভংস রসের অন্যায় অবতাবণা করিষাছেন এটি ব চিব দোষ বটে। ভবসা কবি অন্যান্য গালে প্রতি হইষা পাঠক তাহাকে মার্জনা কবিবেন।

"মধুন্দন থবার্কাত কৃষ্ণবর্গ কৃশ, এবং তাহাব চুল কাফ্রিব মত এই অপবাধে নরেন্দ্রনাথ তাহাকে বিশেষ ভালবাসিতে পাবিতেন না। এব্প সহোদবকে বারংবার 'পবম প্রেলনীয় শ্রীযুক্ত অগ্রন্ধ মহাশয' বলিয়া পর লিখিতে ঘূলা হইত এই হেতু প্রতিবার বন্ধের পর বাটী হইতে কলিকাতা যাইবার সময়, যত দিন থাকিতে হইবে অনুমান কবিয়া, খবচের টাকা একেবারে সঙ্গে লাইতেন। পাছে নবেন্দের কোন কন্ট হইবে, এই ভাবিষা মধ্স্দেনও বেমন কবিয়া হউক সমস্ত টাকা সংগ্রহ কবিষা দিতেন।

দ্মাস আডাই মাস অন্তরে নবেন্দ্রনাথ বাটীতে নিজদেহেব কুশল লিখিতেন। একৰার, বহুকাল পত্র না পাইবা মধ্যসূদন চিন্তাকুল হন, এবং পিসার পরামশে নবেন্দ্রকে কলিকাতার দেখিতে যান। নরেন্দ্রনাথ ই'হাকে দ্রই দিবসের অধিক বাসায থাকিতে দেন নাই, এবং বদ্ধবেচার নিকট জ্যোষ্ঠতকে বাটীব সরকার বলিয়া পরিচিত কবেন, ইহা আমরা উন্তমর্শ জ্যান। নরেন্দ্রনাথ সেই অবধি জ্যোষ্ঠের প্রতি অনিবার্যা খ্লাকে স্থদয়ে লালনপালন করিছে লালিজেন।

পূর্ব্ব পূর্ব্ব পরিছেদে বর্ণিত হইয়াছে নরেন্দ্রনাথ কলিকাতার কি কি করিয়া অবলেরে কি রূপে সেই ভ্যক্তর রজনীতে তদীর শ্রীচরণ-হরকে কণ্ট দিয়াছেন। এই সমস্ত ঘটনার বহুকাল, এমন কি ৪।৫ মান পূর্ব্ব ইইডে নরেন্দ্রনাথ ঘটীর কথা একেবারে ভূলিরা নির্মান্ত না। রুমে অক্তরারণ শ্লান দেব হইল, পরীক্ষার কাক উত্তবিধ হইরা দেবা, ভথালি নরেন্দ্র বার্ক্তী আবিদ্যান



না। চমে পৌষ মাঘ মাদও গোলা। তখন মধ্মদেনের মনে বড়ই ভাবনা হইল। পিসী গৃহকার। ক্ষাপন করিয়া প্রতিদিন বিকালে কালা ধরিলেন।

'একে পিসী, তায় বয়সে বড়' সন্তরাং শক্ষরী ঠাকুরাণীকে আমরা কখন নাম ধরিয়া ভাকিব না। পিসী অথবা পিসীমা বলিতে থাকিব। হে হৃদয়গ্রাহিপাঠক মহাশয়! যদি আপনার পিসী —আপনাদের 'পরমারাধ্য পরমপক্ষনীয়' পিতামহের চিরবিধবা কন্যা থাকেন, তবেই আমাদের ভাক্তর স্বর্প ব্রিষ্তে সমর্থ হইবেন।

দিন যায়, রাহি আইসে; কিন্তু মধ্মুদ্দেনের 'ভাই নরেন্দ্র' বাটী আইসে না। রাহি যায় দিন আইসে, কিন্তু পিসীমার 'নরেন' ঘরে আইসে না। দিন রাহির কেহ নাই, কাজেই তাহারা না চাইতে আইসে, না চাইতে যায়। আমাদের 'নরেনের' পিসী আছেন, স্তরাং তিনি কাঁদিয়াও নরেন্দ্রশাথকে পান না। পাইবেন কেমনে? ছেলের যথন ব্রহ্মজ্ঞান জন্মে, তখন বাপ মায় পান না, তার, পিসী কোন ছার?

মধ্সদেন পিসীমার অন্বোধে তাঁহাদের গ্রামের গণিয়ান বাব্বেক নরেন্দ্রনাথের সংবাদ জানিবার জন্য একখানি সজলনয়ন পত্র কলিকাতায় লিখিলেন। উত্তর আসিল যে অগ্রহায়ণ মাস অবধি গণিয়ান বাব্য নরেন্দ্রনাথের কোন সমাচার পান নাই।

তখন বাড়ীতে হ্লুক্স্ল পড়িয়া গেল। পিসীমার নাকঝাড়াতে উঠান সর্থা সপ্ সপ্ করিতে লাগিল; ঘরের মিন্টাল্ল পর্যান্ত পিসীমাব চক্ষের জলে লোণা হইতে লাগিল। শোক-সম্ভপ্তা পিসী সর্প্রদাই নাক ঝাড়িতে আরম্ভ করিলে, প্রতিবেশিনীরাও তাঁহার বাড়ী যাওয়া পরিত্যাগ করিল।

পিসী মধ্সদেনকে কলিকাতায় নরেন্দের সন্ধান করিতে যাইবার জন্য বলিলেন। মধ্ব একবার মাত্র কলিকাতায় গিয়াছিলেন; তখন গবেশ রায় সঙ্গে ছিল। এখন গবেশ বিদেশ গিয়াছেন; স্বতরাং কলিকাতার গলির ভবে, বিনা গবেশ রায়ে, মধ্বস্দুদনের ষাওয়া ঘটিল না।

একদিন রান্তি-প্রভাতে পিসামা ভারি মুখভার করিয়া শ্যা হইতে উঠিলেন, এবং গুণু গুণু স্বরে গৃহকার্য্য আরম্ভ করিলেন। কাজ সারা হইলে ল্লানে যাইবার জন্য তেলের বাটি গামছা লইরা ঘর হইতে বাহির হইলেন; কিন্তু যাইতে পারিলেন না। প্রচালাধ, বাম হস্ত ভূমিতে পাতিরা, দুই পা ছড়াইয়া চাংকার করিয়া কাঁদিতে আরম্ভ করিলেন।

গ্রামের উত্তর পাড়ায় একটি স্নালাক পরম্পরায় শ্ননিতে পাইল যে, মধ্র পিসাকাদিতেছেন। ইহার একট্ কবিকল্পনা ছিল; পাড়াগাঁয়ে অনেক স্নালাকেরই থাকে। 'ঘটকদের নরেন্দ্র কাল্ রেতে বাড়া এসেছিল, সকাল বেলা তারে সাপে খেয়েছে, তাই তার পিসাকিদে গাঁ মাথায় করেছে' যাহাকে দেখে এই কথা বলিতে বলিতে সে ঘটকবাড়া অভিমুখে চলিল। যখন প'হ্ছিল, তখন বাড়া লোকারণা; বোধ হয যেন ব্রহ্মান্ডে আর স্নালাক নাই। সকলেই বলিতেছে 'অমন ছেলে হয় না, হবে না।' ইহার মধ্যে কেহ আর এক জনের নিকট স্বদের পয়সা কটা চাহিতেছে। পিসার দিকে যেই মুখ ফিরায়, অমনি তাহার চক্ষ্কু ছলছল, কে যেন লক্ষা বাটয়া দেয়; যেই বিমুখ হয়, অমনি ভাবান্তর যেন 'পিসার' দ্রুখের কথা তাহারা শ্বনেও নাই। কিন্তু পিসামা এক-চিত্তে এক-ভাবে বিসায়া কেবল চাংকার করিতেছেন। রেমানের বিরাম নাই, বৈজাত্য নাই। অলপবয়স্কা একটি স্নালাক—সেও কাদিতে গিয়াছিল—ফিরিয়া যাইবার সময় বলিয়া গেল 'বেটা বসে কাদ্ছে, যেন আলকাংরা মাখান বড় চরকা দ্বুরছে।'

একটা একটা কাঁদিয়া বখন সকলেই একে একে চলিয়া বাইতে লাগিল, তখন পিসীমা রোদনের বেগ কিণ্ডিং সুস্বরণ করিলেন, দুটি একটি কথা কহিতে লাগিলেন।

'আহা বাছা আমার এত গলের ছেলে। এমন ছেলে কি কারও হয়। ভাই মরেছে, সম্রেছে। বাল, নরেন্দ্র বড় হবে, আমার সকল দুঃখ যাবে,—' গিসীমা নাক ঝাড়িলেন, একটি স্থালাকের গায় লাগিল, সে নাক তুলিয়া চলিয়া গেল। গিসীর কি দুঃখ, নরেন্দ্র হইতে কেমন করিয়াই বা সে দুঃখ মোচন হইবে, তাহা আমরা জানি না। গিসী-লোকের জ্ঞান গিসীদেরই আছে, নরলোকের সম্ভবে না।

পিস্টা প্রেণ্ড চীংকার ধরিলেন; আবার কানার কো থামাইলেন, আবার কথা আরম্ভ হইল। করেন আমার পিসীমা বৈ পিস্ট বলে না, একন ছেলে কোখার পাব? আর কি এমন ছবে হ নক্রেন তুই একবার দেখা দে, আবার বাস্। প্রাণ না বের্লে যে মরণ হয় না। এখন আমি কোথায় যাই?

নানা ছাঁদে বিনাইয়া পিসী কাঁদিতেছেন, কথা কহিতেছেন, আবার কাঁদিতেছেন। কিন্তু ইহার মূল কারণ কেহই কিছ্ম জানিতে পারে না। অবশেষে এক জন বৃদ্ধা বলিল, খা হয়েছে, তা ফের্যার নয়, এখন তোমার মধ্ম বে'চে থাকুক, আশীর্ষ্বাদ কর। কপালে যা ছিল, হ'ল; কাঁদ্লো কি হবে। শুন্ন্লে কবে? এ দার্শ কথা বঙ্গে কে, কেমন ক'রেই বা ব'ল্লে?'

পিসীমা চম্ফিয়া উঠিলেন। বলিলেন, 'ষাট! ষাট। বুড়ীব দাস আমার! তা কেন হবে?

ছেলের খপর পাই নাই; তাই রেতে স্বপন দেখেছি, তাই বড় ভাবনা হযেছে।

নরেন্দ্রনাথের মৃত্যু হয় নাই, একথা তখন জানিতে পাবিয়া দ্রই জন অত্যন্ত বিরক্ত হইয়া

চলিয়া গেল। পিসী তখন স্বপ্নবৃত্তান্ত বলিতে লাগিলেন।

'নিজের ভাল দেখিলে মন্দ হয়' তাহাতেই পিসীর এত শোক দ্বংখ উপস্থিত হইয়াছিল। রাত্তি-শৈষে পিসী স্বপ্ন দেখেন যে, মূল্বকের ছোট লাটসাহেব মরেছে, তাতে লাটহন্তী ক্ষেপে বেড়ায়। পথে নরেন্দ্রনাথকে দেখিতে পাইয়া, তাহাকে শ্বংড়ের দ্বারা মন্তকে তুলিয়া লইয়া গিয়া লাটসিংহাসনে বসাইয়া দেয়, তাহার পর নরেন্দ্রনাথ মেম বিবাহ করিয়াছে। তাহাতে পিসীমা বিলিলেন, 'জাত যা'ক তব্বও বউ নিয়ে ঘরে এস'—নরেন্দ্রনাথ এল না। তখন পিসী নরেন্দ্রনাথের হাতে ধরিয়া আনিতে চাহিলেন। নরেন্দ্র হাত ছাড়াইয়া লইল। অমনি পিসীর নিরাভঙ্ক।

ইহাতেই পিসীর শৎকা. শৎকা হইতে দ্বংখ, দ্বংখ হইতে শোক, শোক হইতে গ্ল্ গ্ল্ স্বরে গ্রহকার্য সারা, গ্ল্ গ্ল্ স্বর হইতে পরিশেষে পা ছড়াইয়া চীংকার ধর্নিতে কায়া ও

পাড়ার লোক জোটা।

অনেক প্রবাধে পিসীমাব কান্নাব 'ইতি' হইল। আমরাও পাঠকবর্গকে বিরাম দিবার জন্য পবিচ্ছেদেব উপসংহার করিলাম।"—'বঙ্গদর্শন', পোষ ১২৮১, প্. ৪১৫-২০।

ব্রসংহার

এই মহাকাব্যেব বিষয়, ইন্দ্রকৃত ব্রের বধ। হেমবাব্ পোরাণিক ব্তান্তের আবিকল অনুসরণ করেন নাই—অনেক স্থানেই নিজ কলপনাকে স্ফ্ররিত করিয়াছেন। পাতালে, ব্রাজিত, নির্ন্তাসিত দেবগণ মল্রণায় নিয়ন্ত। এই স্থানে গ্রন্থাবন্ত। প্রথম সর্গা পড়িয়া অনেকেরই পাণিডমোনিযামে মন্ত্রণানিযুক্ত দেবদ্তুগণের কথা মনে পড়িবে। হেমবাব্ স্বয়ং স্বীকার করিয়াছেন যে, "বাল্যাবিধ আমি ইংরাজিভাষা অভ্যাস করিয়া আসিতেছি এবং সংস্কৃতভাষার অবগত নহি, স্তরাং এই প্রত্কের অনেক স্থানে যে ইংরাজি গ্রন্থকারণিগের ভাষসক্ষন এবং সংস্কৃতভাষার অনভিজ্ঞতা-দোষ লক্ষিত হইবে তাহা বিচিত্র নহে।" হেমবাব্, মিন্টনের অনুসরশ করিয়া থাকুন বা না থাকুন, তিনি এ অংশেও যে স্বকীয় কবিদ্বাক্তির বিশেষ পরিচর দিয়াছেন, তাহা পাঠমারেই সহান্য ব্যক্তি ব্রবিতে পারিবেন। "নিবিভ্রন্ত্রল ঘোর" সেই পাতালপারীয় মধ্যে, সেই দীপ্তিশ্ন্য অমরগণের দীপ্তিশ্ন্য সভা—অলপণাক্তির সহিত বর্ণিত হয় নাই। একটি জ্যেক বিশেষ ভয়ভকর—

চারি দিকে সম্খিত অস্ফ্রট আরাব কমে দেব-বৃন্দম্থে ফ্রটে ঘন ঘন, কটিকার প্রেব যেন ঘন ঘনচ্ছনাস বহে যুড়ি চারি দিক আলোড়ি সাগর।

স্বৰ্গ দ্ৰুক্ট দেবগণ সেই তমসাজ্জ্ব, ভীমশব্দণ্ সভাতলে বসিরা, প্নব্ধার স্বৰ্গ আক্রমদের প্রমেশ করিতে লাগিলেন। দেব্যুক্তে সমিবেশিত বাকাগ্যনিতে একটি অর্থ আছে; বোধ করি,

ব্রুসহোর কাব্য। প্রথম কভ। প্রতেমকন্দ্র বন্দেরাপাধ্যার বির্বিচত। প্রকেশনাথ ভট্টারার্ব্য কর্তৃত্ব
 প্রক্রেন্ত । কলিকাজ্য।

সকলেই বিনা টিপ্ননীতে তাহা ব্ৰিডতে পারিবেন। অধিক উদ্ধৃত করিবার আমাদিলের স্থান নাই; উদাহরণপ্রত্বপ তিনটি শ্লোক উদ্ধৃত করিতেছি।

> "ধিক্দেব! ঘ্লাশ্না, অক্ষ্র-হলর, এত দিন আছ এই অন্তমপ্রে; দেবম্ব, বিভব, বীর্ষা, সর্ব্ব তেরাগিরা দাসম্বের কলত্তেকতে ললাট উল্প্রেলি।

"পিক্সে অমরনামে, দৈত্যভরে যদি অমরা পশিতে ভব কর দেবগণ, অমরতা পরিণাম পরিশেষে যদি দৈত্য-পদরজঃ প্রুণ্ঠে কবহ ভ্রমণ।

"বল হে অমরগণ—বল প্রকাশিয়া দৈতাভয়ে এইরুপে থাকিবে কি হেথা? চির অশ্বকার এই পাতাল প্রদেশে, দৈত্য-পদ-রজঃ-চিচ্ছ বক্ষে সংস্থাপিয়া?"

এই সর্গো অনেক দ্বানে আশ্চর্য্য কবিত্ব প্রকাশ আছে, তাহা দেখ।ইবার আমাদিগের অবকাশ নাই। অন্যান্য সর্গা সম্বন্ধে অধিকতব বক্তব্য আছে।

এই দেবসমাজে ইন্দ্র ছিলেন না। তিনি কুমের নিগতের আরাধনা করিতেছিলেন। অমরগণ বিনা ইন্দেই পুনুষ্ঠ্বন্ধ অভিপ্রেত করিলেন।

দ্বিতীয় সর্গ ইন্দ্রালয়ে। প্রথম সর্গোরোদ ও বার রসের তরঙ্গ তুলিয়া কুশলময় কবি সহসা সে ক্ষান্ত কারলেন। সহসা এক অপুনর্ব মাধ্যম্মী স্থি সম্প্রসারিত করিলেন। নন্দনবনে ব্রমহিষী ঐন্দ্রিলা নবপ্রাপ্ত স্বর্গসাথে সাখ্যম্যী—

> রতি ফ্রলমালা হাতে দেয় তুলি, পরিছে হরিষে স্বমাতে তুলি বদন মণ্ডলে ভাসিছে রীড়া।

এই চিত্রমধ্যে বসস্ত-পবনের মাধ্বর্য্যের ন্যায় একটি মাধ্বর্য্য আছে—কিসের সে মাধ্বর্য্য, পবন-মাধ্বর্য্যর ন্যায় তাহা অনিস্র্বাননীয়—স্বশ্লবং—

করিছে শয়ন কভু পারিজাতে মৃদ্বল মৃদ্বল স্শীতল বাতে মুদিরা নয়ন কুসুমে হেলি।

এই সন্থশব্যায় শরন করিয়া, ঐন্দ্রিলা স্বামীর কাছে সোইটো বাড়াইতে লাগিলেন। তিনি স্বর্গের অধীশ্বরী হইয়াছেন, তথাপি তাঁহাব সাধ প্রে না—শচীকে আনিয়া দাসী করিয়া দিতে হইবে। ব্রাস্ত্রর তাহাতে স্বীকৃত হইলেন। এই কথোপকথন আমাদিগের তত ভাল লাগে নাই। ইন্দুজয়ী মহাস্ত্রের সঙ্গে মহাস্ত্রের মহিষী নন্দনে বসিষা এই কথোপকথন করিতেছেন প্রন্থ পড়িতে পড়িতে ইহা মনে থাকে না, মর্ত্যাভূমে সামান্য বঙ্গগৃহিণীর স্বামিসভাষণ বলিয়া কথন কম হয়!

ভূতীয় সর্চো, ব্রাস্ক্র সভাতলে প্রবেশ করিলেন

নিবিড় দেহের বর্ণ মেঘের আভাস, পর্বতের চড়ো বেন, সহসা প্রকাশ—

্"প্ৰান্ধিতৰ চড়ো বেন, সৰ্বা প্ৰকাশ" ইয়া প্ৰথম শ্ৰেমীৰ কবিব কিন্তু-মিন্টুলের রোলা। মুহুসংহার কাবা মধ্যে এর্প উল্লি অনেক আছে।—বিকাশনি, মাধ ১২৮১, শ্লু প্রবন্ধিত বু

প্রাপ্ত প্রশ্বের সংক্রিপ্ত সমালোচনা

(সম্পাদকীয় উক্তি)

বহুসংখ্যক গ্রন্থ আমাদিগের নিকট অসমালোচিত রহিয়ছে। গ্রন্থকারগণও বাস্ত হইয়ছেন। কিন সে সকল গ্রন্থ এ পর্য্যন্ত সমালোচিত হয় নাই, তাহা যে ব্রেঝ না, তাহাকে ব্রুঝান দায়। ব্রুঝাইতেও আমরা বাধ্য কি না তরিষয়ে সন্দেহ। কিছু ব্রুঝাইলেও ক্ষতি নাই। প্রথম, স্থানাভাব। বঙ্গদর্শনের আকার ক্ষ্রুল; অন্যান্য বিষয়ের সনিংবেশের পরে প্রায় স্থান থাকে না। দ্বিতীয়, অনবকাশ। আজি কালি বাঙ্গালা ছাপাখানা ছারপোকার সঙ্গে তুলনীয় ইইয়ছে; উভয়ের অপত্য ব্রিরুর সীমা নাই, এবং উভয়েরই সন্তানসন্ততি কদর্য্য এবং ঘ্লাজনক। যেখানে হারপোকার দোরাজ্য সেখানে কেহ ছারপোকা মারিয়া নিংশেষ করিতে পারে না; আর যেখানে বঙ্গালা গ্রন্থ সমালোচনার জন্য প্রেরিত হয়, সেখানে তাহা পড়িয়া কেহ শেষ করিতে পারে না। আমরা যত গ্রন্থ সমালোচনার জন্য প্রাপ্ত হইয়া থাকি, তাহা সকল পাঠান্তর সমালোচনা করা যায়, এত অবকাশ নিক্ষম্মা লোকের থাকিতে পারে, কিন্তু বঙ্গদর্শন-লেখকদিগের কাহারও নাই। থাকিলেও, বাঙ্গালা গ্রন্থমান্ত পাঠ করা যে যন্তালা, তাহা সহ্য করিতে কেইই পারে না। "ব্রুসংহার" "কলপতর্" বা তহাং অন্যান্য বাঙ্গালা পাঠ করা স্থেমর বটে, কিন্তু অধিকাংশ বাঙ্গালা গ্রন্থ পাঠ করা এর্শ গ্রন্তর যন্তালা যে, তাহার অপেকা অধিকতর দশ্ত কিছুই আমাদের আর স্মরণ হয় না।

অনেকে বলিতে পারেন, যদি তোমাদিগের এ অবকাশ বা ধৈর্যা নাই. তবে এ কাজে রতী হইয়াছিলে কেন? ইহাতে আমাদিগের এই উত্তর যে, আমরা বিশেষ না জানিয়া এ দক্ষেশ্র করিয়াছি। আর করিব না। বঙ্গদর্শনে যাহাতে সংক্ষিপ্ত সমালোচনা আর না প্রকাশ হয় এমত চেন্টা করিব।

আমাদের স্থূল বক্তব্য এই যে, আমাদের নিকট যে সকল গ্রন্থ এক্ষণে অসমালোচিত আছে বা যাহা ভবিষাতে প্রাপ্ত হইব, তংসাবদ্ধে সংক্ষিপ্ত সমালোচনা আর বঙ্গদর্শনে প্রকাশিত হইবেনা। কোন কোন গ্রন্থের সামলোচনা করিব।——'বঙ্গদর্শন', মাঘ ১২৮১, প্রতা. ৪৮০।

জ্ঞান সন্বন্ধে দার্শনিক মত*

ন্যায়দর্শনের সঙ্গে বাঙ্গালি মাত্রেরই একটি বিশেষ সন্দন্ধ আছে। যদি কেই আমাদিশকে বলে যে, তোমরা এত বড়াই কর. কিন্তু কোন্ বিষয়ে তোমাদের প্র্বপন্র,বেরা প্থিববিসেদী অন্যান্য জাতির অপেক্ষা গোরব লাভ করিয়াছিলেন, তাহা হইলে, আমরা আর কিছ্ বিলজে পারি বা না পারি, ন্যায়শান্তের উল্লেখ করিতে পারি। ইহাই বাঙ্গালিদিগের জাতীয় গোরব ভারতবর্ষীয় প্রয়তত্ত্বের যতই গাঢ়তর অন্সন্ধান হইতেছে—ততই দেখা যাইতেছে রে সাহিত্যে, দর্শনে, গণিতশান্তে,—ছাপতেয়, সঙ্গীতে, ব্যবস্থাশান্তে,—ঐশ্বর্ষা, বাহ্রলে—একদিন ভারতভূমি, ভূমণ্ডলে রাজ্ঞীন্বরুপা ছিলেন। কিন্তু সে গোরব বঙ্গদেশের অংশ মগ্যয় কান্যকুন্দাদির ন্যায় নহে। গ্রেছীন বাঙ্গালা সাহিত্য মধ্যমপ্রকার—জয়দেব গোন্তামা ইহার চ্ডা। মানবাদি ধর্ম্মান্তা বঙ্গীয় নহে। যে স্থাপত্য জনা ফার্লুনন সাহেব ভারতবর্ত্তি ভূমণ্ডলে অতুলা বলিয়াছেন, বঙ্গালা অপেক্ষা ভারতবর্ত্তের অন্যান্যায়েশে তাহা প্রচরতর। যে সঙ্গীতের জন্য সেদিন আলম্বিস্কৃত্তির, ভারতবর্ষকে প্থিবীশ্বরী বলিয়াছেন, তাহার চালনা বঙ্গালাল চিরকালই সামান্য প্রকাল আর্থিটা, ভান্তরাচার্য্য প্রভৃতি, কেইই বাঙ্গালি নহে। কিন্তু ন্যায়শান্তে বাঙ্গালিরা অন্তিতীয়। উল্লেনচার্য্য বোষ হয়, বাঙ্গালি। রশ্বনামা শিরোমণি, মধ্বরানাথ তর্কবাগীল, ভবানন্য সিন্তাক্ষ

^{*} ন্যার পদার্থ তত্ত্ব। বাজালা দর্শন। শ্রীহরিকিশোর তর্কবাগীশ প্রণীত। কলিকাতা। শিরিকা বিশ্বসমূল ক্ষ্মন

বালীল, কৃষ্ণদাস সার্যভাম, গদাধর তর্কালন্ধর, জগদীল ভট্টাচার্ব্য প্রভৃতি বাঙ্গালি। গোতম, কলাদ, কোন্ দেশবাসী তাহা নিশ্চিত করিবার কোন উপার নাই—কিন্তু পরবন্তী প্রধান নৈরায়িকদিগের মধ্যে অনেকেই বাঙ্গালি। নবদ্বীপে, ন্যায়শাস্ত্র ষের্প মাণ্জিত এবং পরিপত্ন ইরাছিল, এর্প ভারতবর্ষের আর কোথাও হয় নাই। নবদ্বীপে, বাঙ্গালির প্রধান কীর্ত্তি ও অকীর্তির জন্মভূমি। নবদ্বীপে ন্যায়শাস্ত্রের অভ্যুদয়, নবদ্বীপে চৈতন্যদেবের অভ্যুদয়—নবদ্বীপে বৈশ্বব সাহিত্যের আকর—কৃষ্ণচন্দ্রীয় সাহিত্যও নবদ্বীপের নামে খ্যাত—আর, নবদ্বীপেই সপ্তদশ পাঠান কৃত বঙ্গবিজয়! 'বঙ্গদশ্ল' ফালান ১২৮১, প্র. ৪৮৭-৮৮।

কৃষ্ণচরিত্র*

বঙ্গদর্শনের দ্বিতীয় খন্ডে মানস বিকাশের সমালোচনায় কথিত হইয়াছে যে, বেমন অন্যান্য ভোতিক, আধ্যাদ্মিক বা সামাজিক ব্যাপার নৈস্গিক নিয়মের ফল, কাব্যও তদ্রুপ। দেশভেদে ও কালভেদে কাব্যের প্রকৃতিগত প্রভেদ জন্মে। ভারতীয় সমাজের যে অবস্থার উক্তি রামায়ণ, মহাভারত সে অবস্থার নহে; মহাভারত যে অবস্থার উক্তি, কালিদাসাদির কাব্য সে অবস্থার নহে। তথায় দেখান গিয়াছে যে বঙ্গীয় গাীতিকাব্য, বঙ্গীয় সমাজের কোমল প্রকৃতি, নিশ্চেণ্টতা, এবং গৃহস্থানরতির ফল। অদ্য সেই কথা স্পণ্টীকরণে প্রবৃত্ত হইব।

বিদ্যাপতি, এবং তদন্বত্তী বৈষ্ণব কবিদিলের গীতের বিষয়. একমাত্র কৃষ্ণ ও রাধিকা। বিষয়ান্তর নাই। তল্জন্য এই সকল কবিতা অনেক আধ্বনিক বাঙ্গালির অর্বচিকর। তাহার কারণ এই যে, নারিকা, কুমারী বা নায়কের শাস্তান্সারে পরিগীতা পত্নী নহে, অন্যের পত্নী: অতএব সামান্য নায়কের সঙ্গে কুলটার প্রদয হইলে যেমন অপবিত্র. অর্বচিকর, এবং পাপে পন্তিকল হয়, কৃষ্ণলীলাও তাঁহাদের বিবেচনায তদ্রপ্—আত কদর্য্য পাপের আধার। বিশেষ এ সকল কবিতা অনেক সময় অঞ্চীল, এবং ইল্টিয়ের প্রিষ্টকর—অতএব ইহা সর্বাথা পরিহার্য্য। যাঁহারা এইর্প বিবেচনা করেন, তাঁহারা নিতান্ত অসারগ্রাহী। যদি কৃষ্ণলীলার এই ব্যাখ্যা হইত, তবে ভারতবর্ষে কৃষ্ণভক্তি এবং কৃষ্ণগীতি কথন এত কাল স্থায়ী হইত না। কেন না অপবিত্র কাব্য কথন স্থায়ী হয় না। এ বিষয়ের যাথার্থ্য নির্বাপণ জন্য আমরা এই নিগ্তু তত্ত্বের সমালোচনায় প্রবৃত্ত হইব।

কৃষ্ণ যেমন আধ্বনিক বৈষ্ণব কবিদিগের নায়ক, সেইর্প জয়দেবে, ও সেইর্প শ্রীমন্তাগবতে।
কিন্তু কৃষ্ণচরিত্রের আদি, শ্রীমন্তাগবতেও নহে। ইহার আদি মহাভারতে। জিজ্ঞাস্য এই বে,
মহাভারতে যে কৃষ্ণচরিত্র দেখিতে পাই, শ্রীমন্তাগবতেও কি সেই কৃষ্ণের চরিত্র? জয়দেবেও কি
তাই? এবং বিদ্যাপতিতেও কি তাই? চারি জন গ্রন্থকারই কৃষ্ণকে ঐশিক অবতার বিলয়া
স্বীকার করেন, কিন্তু চারি জনেই কি এক প্রকার দে ঐশিক চরিত্র চিত্রিত করিয়াছেন? যদি
না করিয়া থাকেন, তবে প্রভেদ কি? যাহা প্রভেদ বিলয়া দেখা যায়, তাহার কি কিছ্ব কারশ
নিশ্দেশি করা ষাইতে পারে? সে প্রভেদের সঙ্গে, সামাজিক অবস্থার কি কিছ্ব সম্বন্ধ আছে?

প্রথমে বক্তব্য, প্রভেদ থাকিলেই তাহা যে সামাজিক অবস্থাভেদের ফল, আর কিছু নহে, ইহা বিবেচনা করা অকর্তব্য। কাব্যে প্রভেদ নানাপ্রকারে ঘটে। যিনি কবিতা লিখেন, তিনি, জাতীয় চরিত্রের অধীন; সামাজিক বলের অধীন; এবং আত্মস্বভাবের অধীন। তিনটিই তাঁহার কাব্যে ব্যক্ত হইবে। ভারতব্যীয় কবি মাত্রেরই কতকগর্লান বিশেষ দোষ গ্রুণ আছে বাহা ইউরোপীর বা পার্রসিক ইত্যাদি জাতীয় কবির কাব্যে অপ্রাপ্য। সোগ্রলি তাঁহাদিলের জাতীর দোষ গ্রুণ। প্রাচীন কবি মাত্রেরই কতকগ্রলি দোব গ্রুণ আছে, যাহা আধ্রনিক কবিতে অপ্রাপ্য। সেইগ্রলি তাঁহাদিগের সামারক লক্ষণ। আর কবি মাত্রের শক্তির তারতম্য এবং বৈচিত্র আছে। সোগ্রলি তাঁহাদিগের নিজগ্রণ।

অতএব, কাবাবৈচিত্রের তিনটি কারণ—জাতীয়তা, সামরিকতা, এবং স্বাতন্ত্র। যদি চারি জন কবি কর্তৃক গীত কৃষ্ণচরিত্রে প্রভেদ পাওয়া যায়, তবে সে প্রভেদের কারণ তিন প্রকারই থাকিবার সম্ভাবনা। বঙ্গবাসী জয়দেবের সঙ্গে মহাভারতকার বা শ্রীমন্তাগবতকারের জাতীয়তা-

^{.*} প্রাচনি কাব্য সংগ্রহ। শ্রীবৃক্ত বাব্ অক্ষরচন্দ্র সরকার কর্তৃক সন্পাদিত। চু'চুড়া—সাবাধানী কন্দ্র1...

জনিত পার্থক্য থাকিবারই সম্ভাবনা; তুলসীদাসে এবং কৃত্তিবাদে আছে। আমরা জাতীরতা এবং স্বাতন্ত্র্য পরিত্যাগ করিয়া, সাময়িকতার সঙ্গে এই চারিটি কৃষ্ণচরিত্রের কোন সম্বন্ধ আছে কি না ইহারই অনুসন্ধান করিব।

মহাভারত কোন্ সময়ে প্রণীত ইইয়াছিল, তাহা এ পর্যান্ত নির্পিত হয় নাই। নির্পিত হওরাও অতি কঠিন। মলে গ্রন্থ একজন প্রণীত বলিষাই বোধ হয়, কিন্তু এক্ষণে যাহা মহাভারত বলিষা প্রচলিত তাহার সকল অংশ কখন একজনের লিখিত নহে। যেমন একজন একটি অট্টালিকা নির্মাণ করিয়া গোলে, তাঁহার পরপ্রুষ্থেরা তাহাতে কেহ একটি ন্তন কুঠারি, কেহ বা একটি ন্তন বারেন্ডা, কেহ বা একটি ন্তন প্রাচীর নির্মাণ করিয়া, তাহার বৃদ্ধি করিয়া থাকেন মহাভারতেও তাহাই ঘটিয়াছে। মলগ্রন্থেব ভিতর পববত্তী লেখকেরা কোথাও কতকগ্রাল কবিতা, কোথাও একটি উপন্যাস, কোথাও একটি পর্যাধ্যায় সামারেশিত করিয়া বহু সবিতেব জলে প্রতি সম্মুদ্রহ বিপলে কলেবর কবিয়া তুলিয়াছেন। কোন্ ভাগ আদি গ্রন্থের অংশ, কোন্ ভাগ আধ্ননিক সংযোগ, তাহা সর্যান্ত নির্পণ কবা অসাধ্য। অতএব আদি গ্রন্থেব বযঃক্রম নির্পণ অসাধ্য। তবে উহা যে শ্রীমন্তাগবতেব প্র্রাণামী ইহা বোধ হয় সম্মিত্রত কেহই অন্বীকাব করিবেন না। যদি অন্য প্রমাণ নাও থাকে, তবে কেবল রচনাপ্রণালী দেখিলে ব্রিতে পারা যায়। ভাগবতেব সংস্কৃত অপেক্ষাকৃত আধ্রনিক; ভাগবতে কাব্যের গাঁত অপেক্ষাকৃত আধ্রনিক পথে।

অতএব প্রথম মহাভাবত। মহাভাবত খ্রীষ্টাব্দেব অনেক প্রেব্ধে প্রণীত হইগাছিল, ইহাও অন্তবে ব্রুথা যায়। মহাভারত পড়িয়া বােধ হয় ভারতব্যুরিদিগের দ্বিতীয়াবন্দা, অথবা তৃতীয়াবস্থা ইহাতে পৰ্বিচিত হইযাছে। তখন দ্বাপব, সত্য য**়**গ <mark>আব নাই। যখন সবস্বতী ও</mark> দ্যম্বতী তীরে, নবাগত আর্য্য বংশ, সবল গ্রাম্য ধর্ম্ম রক্ষা কবিযা, দস্যাভয়ে আকাশ, ভাস্কর, মর্তাদি ভৌতিক শক্তিকে আত্মবক্ষার্থ আহ্বান করিয়া, অপেয় সোমবস পানকে জীবনের সার সুখজ্ঞান করিয়া আর্ব্য জীবন নির্ন্বাহ কবিতেন, সে সত্য যুগ আব নাই। দ্বিতীয়াবস্থাও নাই। ষখন আর্যাগাণ সংখ্যায় পবিবদ্ধিত হইয়া বহু যুদ্ধে যুদ্ধবিদ্যা শিক্ষা করিয়া দস্যাজ্যে প্রবৃত্ত, সে দ্রেতা আব নাই। যখন আর্যাগণ বাহ,বলে বহু, দেশ অধিকৃত কবিয়া শিক্সাদিব উন্নতি করিয়া, প্রথম সভ্যতার সোপানে উঠিয়া, কাশী অযোধ্যা, মিথিলাদি নগর সংস্থাপিত করিতেছেন, সে ত্রেতা আর নাই। যখন আর্যাহ্রদযক্ষেত্রে নতেন জ্ঞানের অঞ্কুর দেখা দিতেছে, সে ত্রেজা আর নাই। এক্ষণে দস্য জাতি বিজিত, পদানত দেশপ্রান্তবাসী শুদ্র, ভারতবর্ষ আর্যান্সাদের করন্থ, আযন্ত, ভোগ্য এবং মহাসম্দ্রিশালী। তখন আর্যাগ্রাণ বাহ্য শত্রর ভয হইতে নিশিচন্ত, আভ্যন্তরিক সমৃদ্ধি সম্পাদনে সচেন্ট, হস্তগতা অনন্তরত্বপ্রসবিনী ভারতভূমি অংশীকরণে ব্যস্ত। যাহা সকলে জয় করিষাছে তাহা কে ভোগ করিবে? এই প্রশেনর ফল আভান্তরিক বিবাদ। তখন আর্য্য পৌরুষ চবমে দাঁড়াইযাছে। যে হলাহল বৃক্তের ফলে, দুই সহদ্র বংসর পরে জয়চন্দ্র এবং পৃথ_বীরাজ পরস্পর বিবাদ করিয়া উভযে সাহাব**্নিদনের করতলস্থ হইলেন, এই** দ্বাপরে তাহার বীজ বপন হইবাছে। এই দ্বাপরের কার্য্য মহাভারত। (১)

এর প সমাজে দ,ই প্রকার মন্ত্রা সংসারচিত্রের অগ্রসামী হইবা দাঁড়ান; এক সমরবিজয়ী বীর, দ্বিতীর রাজনীতিবিশারদ মন্ত্রী। এক মন্তকে, দ্বিতীয় বিস্মার্ক; এক গারিবলাদ, দ্বিতীয় কাব্রর; মহাভারতেও এই দুই চিন্র প্রাধান্য লাভ করিয়াছে, এক অর্জনে, দ্বিতীয় শ্রীকৃষণ।

এই মহাভারতীয় কৃষ্ণচরিক্রনার্ব্য সংসাবে তুলনারহিত। যে ব্রজলীলা জয়দেব ও বিদ্যাপতির কাব্যের একমার অবলন্দ্রন, যাহা শ্রীমন্তাগবতেও অত্যন্ত পরিস্ফট্, ইহাতে তাহার স্ট্রনাও নাই। ইহাতে শ্রীকৃষ্ণ অদ্বিতীর রাজনীতিবিদ্—সামাজ্যের গঠন বিশ্লেষণে বিধাত্তুলা কৃতকার্যা—সেই জন্য ঈষ্ণরাবতার বলিয়া কলিপত। শ্রীকৃষ্ণ ঐশিক শক্তিধর বলিয়া কলিপত, কিন্তু মহাভারতে ইনি অস্থাবানী নহেন সামান্য জড় শক্তি বাহ্বলে ইংহার বল নহে; উচ্চতর মান্সিক বলই ইংহার বল। যে অবধি ইনি মহাভারতে দেখা দিলেন, সেই অবধি এই মহতেতিহাসের মূল প্রশিষ্প কর্মার হাতে—প্রকাশ্যে কেবল পরামর্শদাতা—কৌশলে সম্বাক্তা। ইংহার কেহ মন্দ্র্য ব্যারিক্ত পারে না, কেহ অন্ত পায় না, সে অনন্ত চক্তে কেহ প্রকেশ করিতে পারে না। ইংহার বেষন সক্ষপ্রা

⁽५) भार्कक द्विष्ट भारित्वन दव किन्ना भारतमीरक क्रथारमं "ब्र्म" बना वहेरकरहा

एकानोरे रेश्यां। छेछदारे रमवजुना। भाषिनीत वीत्रमण्डनी धक्तिच रहेशा गृहक क्षव्यः स्व सन् ধরিতে জানে সেই কুরুক্তেতা যুদ্ধ করিতে আসিয়াছিল; কিন্তু শ্রীকৃষ্ণ, পাণ্ডবদিগের পরমান্ত্রীর হইরাও, কুরুক্ষেত্রে অস্য ধরেন নাই। তিনি মানসিক শক্তি মুর্তিমান, বাহুবলের আশ্রর লইবেন না। তাঁহার অভাষ্ট, প্রথিবীর রাজকুল ক্ষর প্রাপ্ত হইয়া, একা পান্ডব প্রথিবীশ্বর খাকেন: স্বপক্ষ বিপক্ষ উভযের নিধন না হইলে তাহা ঘটে না; তিনি ঈশ্বরাবতার বলিয়া কল্পিত, তিনি म्बार तरा श्वास हरेल, य शकावनम्बन कतित्वन, त्मरे शक्कत मम्मार्ग तका महावना। किन् ভাহা তাঁহার উদ্দেশ্য নহে। কেবল পাণ্ডবদিগকে একেশ্বর করাও তাঁহার অভীষ্ট নহে। ভারতবর্ষের ঐক্য তাঁহার উদ্দেশ্য। ভারতবর্ষ তথন ক্ষাদ্র ক্ষাদ্র থতে বিভক্ত: থতে খতে এক একটি ক্ষাদ্র রাজা। ক্ষাদ্র ক্ষাদ্র রাজগণ পরস্পরকে আক্রমণ করিয়া পবস্পরকে ক্ষীণ করিত, ভারতবর্ষ অবিরত সমরানলে দদ্ধ হইতে থাকিত। শ্রীকৃষ্ণ ব্রাঝলেন যে, এই সদাগরা ভারত একজ্ঞাধীন না হইলে ভারতের শান্তি নাই; শান্তি ভিন্ন লোকের রক্ষা নাই; উন্নতি নাই। অতএব এই ক্ষাদ্র ক্ষাদ্র পরস্পর্ববিদ্বেষী রাজগণকে প্রথমে ধরংস করা কর্ত্তবা, জাহা হইলেই ভারতবর্ষ একাযত্ত, শাস্ত এবং উন্নত হইবে। কুরুক্ষেত্রের যুদ্ধে তাহাবা পরস্পরের **অস্তে** পরস্পরে নিহত হয়, ইহাই তাঁহাব উদ্দেশ্য ছিল। ইহারই পোরাণিক নাম প্রথিবীর ভারমোচন। শ্রীকৃষ্ণ প্রয়ং যান্ধ করিয়া, এক পক্ষের রক্ষা চেন্টা করিয়া, কেন সে উন্দেশ্যের বিঘা করিবেন? তিনি বিনা অস্ত্রধারণে, অৰ্জ্জুনেব বথে বসিষা ভাবতরাজকুলের ধরংস সিদ্ধ করিলেন।

এইব্প, মহাভারতীয় কৃষ্ণ চিব্র যতই আলোচনা কবা যাইবে ততই তাহাতে এই কুরকদ্মা।
দ্রদদ্য রাজনীতিবিশারদের লক্ষণ সকল দেখা যাইবে। তাহাতে বিলাসপ্রিযতার লেশ মান্ত
নাই—গোপবালকের চিহ্ন মান্ত নাই।

তৃতীয় লাভ, রাজকীয় শক্তি। রাজকীয় শক্তি কতকটা ঐক্যের ফল বটে, কিন্তু ঐক্য থাকিলেই যে শক্তি থাকে, এমত নহে। সকল সমাজেই, সমাজই রাজা। রাজা সমাজ শাসন করেন বটে, কিন্তু সে সমাজের প্রতিনিধিন্বর্প। সমাজ রাজার উপর আবার রাজা। কেবল সমাজ রাজার দণ্ড প্রস্কারের কর্তা। যে সমাজ রাজাকে দণ্ডিত বা প্রস্কৃত করিয়া থাকে, সেই সমাজেরই রাজনৈতিক শক্তি আছে। প্রকৃত রাজদণ্ড সেই সমাজেরই হাতে। আজ, লর্ড রিপণকে স্থাসনের জন্য প্রস্কৃত করিয়া ভারতব্ধীয় সমাজ সেই রাজদণ্ড স্বহস্তে গ্রহণ করিয়াছে। ইহাই স্বাধীনতা।

আমাদের চতুর্থ লাভ,—এট্রকু কেবল বাঙ্গালার লাভ;—সমাজের কর্ত্ব ভূমাাধিকারীদের হাত হইতে এই প্রথম মধ্যবিত্ত লোকের হাতে গেল। অর্থাৎ কর্ত্ব্ব, ধনের হাত হইতে বৃদ্ধিবিদ্যার হাতে গেল। এখন হইতে বাঙ্গালায ধনবানেরা আর কেহই নহেন, শিক্ষিত সম্প্রদারই কর্ত্তা। ইহা সমাজের পক্ষে বিশেষ মঙ্গলকর উন্নতির লক্ষণ, এবং উন্নতির সোপান। এখনকার নৃত্তন সমাজ নেতৃগণের নিকট আমাদের নিবেদন, তাঁহারা সমাজ ধীরে ধীরে স্কৃথে চালাইলে, বিপ্লব না ঘটে।

এই গেল লাভেব অধ্ক জমা। এক্ষণে খরচটা দেখা যাউক।

সামাদের প্রথম ক্ষতি এই যে, এ উৎসবে দ্বেষক ইংরেজ-সম্প্রদায়ের সঙ্গে বৈরিতা বড় বাড়িয়া উঠিল। মুখে যিনি যাহা বলুন, তাঁহারা এ উৎসব কখন মার্ল্জনা করিবেন না। তাঁহাদের সঙ্গে আর গোল মিটিবে না। ইহাতে সময়ে সময়ে আমাদিগকে ক্ষতিগ্রন্ত হইতে হইবে।

আমাদের দ্বিতীয় ক্ষতি এই যে, কিছু "দ্বীম" ছাড়া হইয়াছে. যে সন্ধিত বলে সমাজ-বন্দ্র দ্রতবেগে চলিবে, তাহার কিছু বায় হইয়াছে। সেটা নিতান্ত মন্দও হয় নাই। বড় বেশী দ্বীম জমিলে বিপ্লব উপস্থিত হয়।

আমাদের তৃতীয় ক্ষতি এই যে, গলাবান্ধির দোরাখ্যটো বড় বাড়িয়া গেল। কথার ছড়াছড়ি বড় বেশী হইয়া গিয়াছে। সেটা কুশিক্ষা। একে ত বাঙ্গালী সহজেই কেবল বাক্য-বাহাদরে, তার উপর বক্তৃতা নামে বিলাতি মালের আমদানি হইয়াছে। সোণা বলিয়া সোহাগা বিশ্বর ইতৈছে। আমাদের ভর, পাছে আপনাদের বাক্জালে আপনায়াই জড়াইয়া পড়ি, কথার কুরাশায় আর পথ দেখিতে না পাই; তুবড়ী বান্ধির মত মুখে সোঁ সোঁ করিয়া ফাটিয়া বাই।

সে বাহাই ছোক, থরচের অপেক্ষা জমা যে বেশী, তাহাতে কোন সন্দেহই নাই। খরচসর্বলি ছোট ছোট, লাভস্বলি বড় বড়। উৎসবে আমরা মুনাফা করিয়াছি, এখন রেখে ঢেকে চালাইতে পারিলেই হয়। তবে লাভ কি, লোক্সান কি তাহা না ব্বিঝয়া, "বেড়ে হয়েছে! বেড়ে হয়েছে!" বলিয়া বেড়ান জাতীয় শিক্ষার পক্ষে ভাল নহে। 'প্রচার', পোষ ১২৯১, প্.. ২৯৮-২২০।

আগামী বংসরে প্রচার যেরূপ হইবে

আমরা প্রেবেই বলিয়াছি, যাহা সঞ্চলপ করা যায়, তাহা সকল সময়ে সম্পন্ন হয় না। যথন প্রচার প্রথম প্রকাশ হয়, তখন আমাদের এমন অভিপ্রায় ছিল না যে, প্রচার কেবল ধর্ম্ম-বিষয়ক পত্র হইবে। কিন্তু প্রচারের লেখকদিগের র্নচির গতিকে, বিশেষতঃ প্রধান লেখকের অভিস্রায় অনুসারে, ইহাতে এক্ষণে ধর্ম্মবিষয়ক প্রবন্ধ ভিন্ন আর কিছু থাকে না।

ইহাতে প্রচারের উদ্দেশ্য সিদ্ধ হইবার সম্ভাবনা নাই। জ্ঞানের মধ্যে ধন্মজ্ঞানই সর্বপ্রেণ্ড বটে, কিন্তু অন্যান্য জ্ঞান ভিন্ন ধন্মজ্ঞানের সম্যক্ ক্ষাত্তি হয় না। বিশেষ মন্যাজীবন বিচিত্র ও বহুবিষয়ক; এজন্য জ্ঞানেরও বৈচিত্র ও বহুবিষয়কতা চাই। যাহা বিচিত্র ও বহুবিষয়ক নহে, তাহা সাধারণের নিকট আদরণীয় হইতে পারে না। সাধারণের নিকট আদরণীয় না হইলে ধন্মবিষয়ক প্রবন্ধেও সফলতা ঘটে না। অতএব আগামী বংসরে যাহাতে প্রচার বিচিত্র ও বহুবিষয়ক হয়, আম্রা তাহা করিবার উদ্যোগী হইয়াছি। প্রচারের প্রধান লেখকেরাও এ বিষয়ে অনুমতি প্রদান করিয়াছেন।

কিন্তু প্রচারের বর্ত্তমান ক্ষ্মদাকার থাকিলে, সে উল্দেশ্য সিদ্ধ হইতে পাবে না। আমরা ধর্ম্মালোচনা পরিত্যাগ করিতে পারি না, অথবা তাহার অলপতা করিতে পারি না। কাজেই প্রচারের কলেবর ব্রিদ্ধ করিতে হইবে। কলেবর ব্রিদ্ধ করিয়া, আমরা নিম্নলিখিত নির্মান্সারে প্রচার সম্পাদিত করিতে পারিব।

১। ধন্মবিষয়ক প্রবন্ধ এক্ষণে যেরপে প্রকাশিত হইতেছে সেইর্প হইতে থাকিবে। এখন খাঁহারা তাহা লিখিতেছেন, তাঁহারাই তাহা লিখিবেন।

২। স্থানাভাবপ্রযাক্ত আমরা উপন্যাস বন্ধ করিতে বাধ্য হইয়াছিলাম। এক্ষণে স্থানাভাব থাকিবে না। অতএব উপন্যাস প্নঃ প্রকাশিত হইতে আরম্ভ হইবে। "সীতারাম" বন্ধ হওয়ায়, অনেক পাঠক দ্বঃখ বা অসন্তোষ প্রকাশ করিয়াছেন। অতএব আগামী প্রাবণ মাস হইতে "সীতারাম" প্নঃ প্রকাশিত হইতে থাকিবে।

 ৩। এতত্তির সামাজিক, ঐতিহাসিক, রাজনৈতিক, দার্শনিক, এবং অন্যান্য প্রবন্ধ ও রহস্য প্রকাশিত হইবে।

এই সঞ্চলপ পাঠকদিগের অনুমোদিত না হইলে, সিদ্ধ হইবে না। কেন না পত্রের কলেবর বৃদ্ধি করিলে কাজেই মূল্য বৃদ্ধি হইবে। এই জন্য দুই মাস অগ্রে পাঠকদিগকে সম্বাদ দিলাম। পত্রের কলেবর এবং মূল্য কি পরিমালে বৃদ্ধি পাইবে, তাহা পাঠকেরা বিজ্ঞাপনে দৃষ্টি করিবেন।
—'প্রচার' জ্যোষ্ঠ ১২৯১, প্. ৩৬১-৬২।

भाजिक जश्वाम

গঙ্গাতীরে পাটনা নামে কোন নগর আছে। তথায় কর্কুড নামা প্রথিতযখা অতি জ্ঞানবান্
এক বিচারপতি জনসমাজের প্রতি কৃপা করিয়া মাসিক আড়াই হাজার টাকামাত্র বেতন লইয়া
বিচার বিতরণ করিতেন। তাহাতে প্রশক্ষেত্র পাটলিপ্র পবিত্রিত হইতেছিল। একদা, ব্রিষয়
নাম্নী অপ্রাপ্ত-যৌবনা কচিৎ কুমারী তাঁহার বিচারাগারে বিচার প্রার্থিত হইল। বিলঙ্গ—
"ধম্মাবিতার! গ্রুত্রণ দোসাদ নামে চোর, আমার ঘটি বাটি চুরি করিয়াছে।" বিচারনিধান
এই অপ্রতেপ্র্থে অভাবনীয় অঘটনীয় সম্বাদপ্রবদে বিস্মিত ও চমংকৃত হইয়া মনে মনে নানাবিধ
তর্ক বিতর্ক করিতে লাগিলেন। ভাবিলেন—"কালের কি বিচিত্র গতি! হায়! কুমারীর ঘটি
বাটি চুরি! এমন কি হয়! মলিম্কুত যুক্তপাণি হইয়া বিচারাসনতলে নিবেদন করিল—"হে
ধম্মাব্রর্প! এমন কি হয়! বরং আকাশে শুরে শুরে সহস্রদল প্রশ্ব প্রস্ফুটিত হইতে পারে

—বরং প্রভাতে পশ্চিমে দ্বাদশ আদিত্য উদিত হইতে পারে, বরং হিমালয়-শিশ্বর-দেশে যুশ্বে যথে মকর কুজীর সন্তরণ করিতে পারে, তথাপি হে, ধন্মান্দর্প! কুমারীর কথন ঘাঁট বাটি চুরি যাইতে পারে না। ধন্মাবিতার! এই দুশ্চারিণী ব্রিধ্য়া ঘারতর অসতী—ইহার কথা বিশ্বাসযোগ্য নহে।" তথন বিচারাসন হইতে সেই জ্ঞানসমুদ্রের কল্লোল সমু্ত্বিত হইল—"রে মালিন্দর্কা! সাধ্যু সাধ্যু! এ অতি সঙ্গত কথা। আমি অনস্ত জ্ঞানী বিচারক; আমি অচিরেই পরীক্ষার দ্বারা এ কঠিন সমস্যার মীমাংসা করিব।" তথন ধন্বর্জারর প্রতি মহা বিচারক আজ্ঞা প্রচার করিলেন, "বিবস্তা করিয়া এই দুশ্চারিণীকে পরীক্ষিত কর।" দুশ্চারিণী পরীক্ষিতা হইয়া চরিতার্থ ইইল। কিন্তু কালের কি অনন্ত মহিমা! সেই প্রদেশে "বেহার হেরল্ড" নামে অতি দুন্দান্ত রাক্ষ্য ধন্মহিংসা করিয়া দিন যাপন করে। সেই মহাধন্ম্বরি, পার্টালপত্র নগরে এইর্প সাক্ষাও ধন্মের অবতারণা শ্রবণ করিয়া মহা চোধভরে বিচারপতির প্রতি এমন এক শর প্রযোগ করিলেন যে, তাহা ত্যাগে এক মনুদ্রাকনে সহস্ত্র, পতনকালে লক্ষ্ক, এবং সংহারকালে কোটি কোটি হইয়া পড়িল। প্রথিত্যশা বিচারনিধি শরজালে বিদ্ধ হইয়া, বিচারাসন হইতে ভূপতিত হইলেন। ইতি ককুডি-বধ।

He comes, nor law, nor justice his course delay, Hide! blushing Glory, hide Budhia's day. The vanquished hero leaves his broken bands. And shows his misery in distant lands. His fate was destined on Patna's sand, A petty niggeress, and a Baboo's hand!

কৃষ্ণনগরের মুক্সেফ শ্রীযুক্ত ঢণ্ডীচরণ সেন মহাশয় তাঁহার একটি রায়ে লিখিয়াছেন, হিন্দুর্ বিধবাদিগের মধ্যে শতকরা ৯৯ জন অসতী। আমাদের একটি গল্প মনে পড়িল। গুরুদ্ধের শিষ্যালারে গিয়াছেন, আদর অভ্যর্থনার পর যথাসময়ে শিষ্য রন্ধনের যোগাড় করিয়া দিল। ঝোল রাধিতে বড় বড় দশটি কই মাছ আনিয়া দিল: অভিপ্রায়, গুরুদেবের সেবা হইবে, অবশিষ্ট শিষ্য সহ স্হীপত্র প্রসাদ পাইবেন। রন্ধন শেষ হইল, গুরুদেবের ভোজনে বাসলেন। ঝোলে নুন ঝাল সমান হইয়াছিল একটি একটি করিয়া অমৃত বোধে গুরুদেব নাটি মাছ খাইয়া ফেলিলেন। তখন তিনি অস্ল রসাম্বাদে প্রবৃত্ত হইলেন। এদিকে কিন্তু গুরুদেবের কার্যা শিষ্যের হক্তির সীমা অতিক্রম করিয়া উঠিয়াছিল, সে জিদ করিয়া বিলল- "এখন অস্বল থাকুক, আগে ও মাছটি খান।" গুরুদেব কিন্তু কিছুকেই স্বীকার পাইলেন না। শিষ্য তখন বংপরোনান্থি বিরক্ত ও কুদ্ধ হইয়া কহিল--"উটি যদি না খান, ত আপনার বেটার মাথা খান।" আমরাও চণ্ডী বাবুকে অনুরোধ করি, যদি নিরানন্বইটির মাথাই খাইলেন, তবে আর একটি রাখিয়া ফল কি? আর একবার রায় লির্মথয়া উটিকেও টানিয়া লউন।—'প্রচার', প্রাবদ ১২৯৫. প্র. ১৫৪-৫৫।



[কালীপ্রসন্ন ঘোষকে লিখিত]

স,হান্বরেষ,—

আপনার পরগর্বালর যে উত্তর দিতে পারি না, তাহার অন্যান্য কারণের মধ্যে একটি কারণ এই যে, তাহার উত্তর অদেয়। আপনি যাহা লেখেন তাহা এত মধ্রে যে, উত্তর যাহাই দিই না কেন তাহা কর্কশ হইবে। আপনার পরের উত্তর দেওয়া, আর অমৃত পান করিয়া ধন্বস্তরিকে ম্লা দেওয়া সমান বালয়া বোধ হয়। আপনার পরের উত্তর না দেওয়াই ভাল – কােকিলকে Thanks দিয়া কি হইবে? আপনার নববর্ষ প্রভৃতি দিবসের সম্ভাষণ সন্বন্ধে এই কথা বিশেষ খাটে। আপনি নিজে পাঁড়িত; চক্ষের যক্ত্রণায় লিখিতে অসমর্থ তথািপ আমাদের মঙ্গল আস্তরিক কামনা করিয়া পত্র লিখিয়াছেন। আপনার তুলা মন্মা অতি দ্লভি। আপনাকে কায়মনোবাক্যে আশাবিশিদ করিতেছি, আপনি অচিরাং স্কৃত্ত হইয়া স্বদেশের উলাতি সাধন করিতে থাকুন।

স্যার আশালি ইডেনের স্বদেশ গমন উপলক্ষে কলিক।তায় হ্লুস্থূল পড়িয়া গিয়াছে। কেহ বলে, গোবর জল ছড়া দাও। বেল শতাবে নিদার্গ প্রাণ! কোন পথে, যান, আগে ফারে পথ দেখাইয়া" ইত্যাদি ইত্যাদি। আন দর লাভের মধ্যে দুইে একটা সমারোহ দেখিতে যাইব।

আমার দৌহিরটি এ পর্যাও আরোগ্য লাভ করিতে পারে নাই, তবে প্র্বাপেকা ভাল আছে। আর ইন্দ্র, চন্দ্র, বায়্র, বর্ণ, যম কুরের প্রভৃতি দিক্পালগণ প্র্বামত দিক্পালন করিতেছেন—চন্দ্রের মধ্যে মধ্যে প্রেণিদয় হয়, মধ্যে মধ্যে আমাবস্যা। এখন কালী প্রসায় হইলেই আননন্দমঠ বজায় হয়। ইতি তাং ৪-বৈশাখ | ১২৮৯ সাল | | ১৬ এপ্রিল, ১৮৮২ |

বঙ্কিমচন্দ্র চটোপাধ্যার।

'ঢাকা রিভিউ ও সম্মিলন'।

[কালীপ্রসয় ঘোষকে লিখিত]

স্ক্ৰৱেষ্---

আপনার অনুগ্রহ পত্র পাইয়া আনন্দ লাভ করিলাম।

আমি যথন প্রথম এখানে আসি, তখন দুই এক মাসের জন্য আসিতেছি এর্প কর্তৃপক্ষের নিকট শ্রনিয়াছিলাম। এজন্য একাই আসিয়াছি। বিশেষ পরিবার আনিবার স্থান এ নহে। এক্ষণে জানিলাম ইহার ভিতব অনেক চক্র আছে। বংশং সেই মন্থরার দল আমাদের স্বদেশী স্বন্ধাতি, আমার তুল্য পদস্থ; আমার ও আপনার বন্ধাবগের মধ্যে গণ্য। আমিই বা আনন্দমঠ লিখিয়া কি করিব, আপনিই বা তাহার মূলমন্ত্র ব্ঝাইয়া কি করিবেন? এ ঈর্বাপরবশ্য আমোদরপরায়ণ জাতির উন্নতি নাই। বল, "বন্দেউদরং"।

বৈশাথের "বান্ধব" পাইয়াছি। এবং "মূলমশ্র" "জাতীয় সঙ্গীত" এবং অন্যান্য প্রবন্ধ পড়িয়া অতিশয় প্রীত হইয়াছি।

আপনিও "শাপেনাস্তং গমিতমহিমা," শ্রনিয়া দ্বঃখিত হইলাম। তবে আপনি মহৎ কর্ত্তব্যান্রেরাধেই এ দশা প্রাপ্ত, কাজেই তাহা সহা হয়, কিন্তু আমি যে কি জন্য বৈতরণীসৈকতে পড়িয়া ঘোড়ার ঘাস কাটি তাহা ব্রবিতে পারি না। যে ব্যক্তি লিখিয়াছিল "যমদ্বারে মহাঘোরে তপ্তা বৈতরণী নদী" সে ব্যক্তি নিশ্চিত জানিত উড়িষ্যার বৈতরণীপারেই যমদ্বার বটে।

দশমহাবিদ্যার কিয়দংশ হস্তলিপি হইতে হেম বাব্র ম্থেই শ্নিয়াছিলাম। সেট্কু আমার বড় ভাল লাগিয়াছিল। বোধ হয় সেট্কু আপনিও গ্রন্থকারের ম্থে শ্নিয়া থাকিবেন। অবশিষ্টাংশ এখনও ভাল করিয়া পাড় নাই। যেট্কু পড়িলাম তাহাতে ব্রিলাম যে গ্রন্থকারের ম্থে না শ্নিলে গ্রন্থের সকল রসট্কু পাওয়া যায় না। বিশেষ তাঁহার ছন্দ ন্তন—আমার আব্তির সম্পূর্ণ আয়ত্ত নহে। এ জন্য স্থির করিয়াছি, যদি কখন রজনী প্রভাত হয়, তবে তাঁহারই মুখে অবশিষ্টাংশ শ্নিয়া হৃদয়ক্ষম করিব।

আনন্দমঠে বিন্তর ছাপার ভূল দেখিলাম। অনুগ্রহ করিয়া মার্চ্জনা করিবেন। ইতি ২৩শে পোষ [১২৮৯] [৬ জানুয়ারি ১৮৮৩]

অন্গ্রহাকা**ঙ্কী** শ্রীবিঙ্কমচন্দ্র চট্টোপাধ্যায়।

'ঢাকা রিভিউ ও সন্মিলন'।

। সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়কে লিখিত।

শ্রীচরণেয:--

অঘোর বরাটকে একট্ন পত্র লিখিবেন, যে ২।ঘ মাসের বঙ্গদর্শন বাহিব কবার পক্ষে আপত্তি নাই ভবিষাৎ সংখ্যাব প্রতি আপত্তি আছে। অর্থাৎ মাঘ সংখ্যা ভিঃ তাব বাহির কবিতে দিবেন না। ইহা লিখিবেন।

পত্র পাঠ মাত্র ইহা লিখিবেন। চন্দ্র অপ্রতিভ হইষা অনেক কার্কাত মিনতি কবিচ্ছে।
কিন্তু এটাকু লইলে বিবাদ সম্পূর্ণ মিটিবে না। ইতি তাং ২৩ ফেব্রুয়াবি | ১৮৮৪ |
"শ্রীশচন্দ্র মজামদার" স্থাহতা-সাধক-চবিত্মালা- পাঠ্যা ৩৫ |

শ্রীবাঙ্কমচন্দ্র চট্টোপাধ্যায়।

। শ্রীশচন্দ্র মজ্মদারকে লিখিত।

প্রিয়তমেয়

সামি হাঁপানির পাঁডায় অত্যন্ত অসমুস্থাকাষ তোমাব পত্রেব উত্তব দিতে বিলম্ব হইযাছে। গেজেটে তোমার বা pontment দেখিল অত্যন্ত আই মুদিত ইইলাম। ভ্রসা কবি শীগুই চাকরী চিরস্থায়ী হইবে।

"পদরত্বলী" পাইয়ছি। বিস্তু স্ব্খ্যাতি কাহার করিব? কবিদিণের না সংগ্রহকারদিণের বিদিপের প্রশংসা করিতে বল, বিস্তর প্রশংসা করিতে পাবি। আর যদি সংগ্রহকারদিণের প্রশংসা করিতে বল, তবে কি কি বলিব আমায় লিখিবে, আমি সেইর্প লিখিব। ত্মি এবং রবীন্দ্রনাথ যথন সংগ্রহকার তথন সংগ্রহ যে উৎকৃষ্ট হইয়ছে তাহা কেইই সন্দেহ করিবে না এবং আমার সার্টিফিকেট নিম্প্রয়োজন। তথাপি তোমবা যাহা লিখিতে বলিবে, লিখিব।

কৃষ্ণ সম্বন্ধে যে প্রশ্ন করিয়াছ, পত্রে তাহার উত্তর সংক্ষেপে দিলেই চালিবে। আমি যাহা লিখিযাছি (নবজীবনে ও প্রচাবে) ও যাহা লিখিয, তাহাতে এই দুইটি তওু প্রমাণিত হইবে।

১। গ্রীকৃষ্ণ ইচ্ছান্রমে কদাপি যুদ্ধে প্রবৃত্ত নহেন।

২। ধন্মযুদ্ধ আছে। ধন্মাথেই মন্ষাকে অনেক সময় যুদ্ধে প্রবৃত্ত হইতে হয় (যথা William the Silent) ধন্মযুদ্ধে অপ্রবৃত্তি অধন্ম। সে সকল স্থানে ভিন্ন শ্রীকৃষ্ণ যুদ্ধে কখনও প্রবৃত্ত নহেন।

৩। অনো যাহাতে ধশ্মযুদ্ধ ভিন্ন কোন যুদ্ধে কথন প্রবৃত্ত না হয়, এ চেষ্টা তিনি সাধ্যান-সারে করিয়াছিলেন।

মন্যে ইহার বেশী পাবে না। কৃষ্ণচরিত্র মন্যাচরিত। ঈশ্বর লোকহিতার্থে মন্যাচরিত্র গ্রহণ করিয়াছিলেন।

কৃষ্ণনগরে কবে যাইবে? ইতি তাং ২৫শে আশ্বিন। ১২৯২। [১০ অক্টোবর ১৮৮৫] শ্রীবিভিক্সচন্দ্র চট্টোপাধ্যায়।

'MET 9']

^{*} অগ্রহারশ ও পৌষ সংখ্যা 'বঙ্গদশনে' প্রকাশিত চন্দ্রনাথ বস্ত্র "পশ্পেতি সম্বাদ" বিংকমচন্দ্রকে ক্ষ্প করিষাছিল বলিয়া মনে হয়। এই প্রসক্তে বিংকমচন্দ্র তাঁহার মেজদাদা সঞ্জীবচন্দ্রকে উক্ত প্রখানি লেখেন।

[গিরিজাপ্রসন্ন রায়কে লিখিত]

সাদর সম্ভাষণম্-

আপনার পত্র পাইয়া প্রীত হইয়াছি। আপনি যে সঞ্চল্প করিয়াছেন তাহাতে আমার বিন্দ্মাত্র আপত্তি হইতে পারে না। কেবল এই কথা যে, আমার প্রণীত নরনারীচরিত্তগর্মলি আপনাদিগের এতদ্বে পরিশ্রমের যোগ্য কিনা সন্দেহ।

তবে, আপনি স্লেখক এবং উৎকৃষ্ট বোদ্ধা, তাহার পরিচয় প্রেব পাইয়ুছি। আপনার

যত্নে আমার রচনা আশার অতীত সফলতা লাভ করিতে পারিবে, এমন ভরসা করি।

আমার প্রস্তুক হইতে যেখানে যতদ্রে উদ্ধৃত করা আবশ্যক বোধ করিবেন, তাহা করিবেন। তাহাতে আমার কোন ক্ষতি হইবার সম্ভাবনা নাই।

পক্তকের নাম যাহা নির্বাচিত করিয়াছেন, তাহাতেও আমার কোন আপত্তি হইতে পারে না। আমি চন্দ্রাব্র মতের অপেক্ষা না করিয়াই আপনার পত্তেব উত্তর দিলাম, কেননা আপনার

বিচাব-শক্তি পরিচয় পূর্বেই পাইয়াছি।

'কৃষ্ণকান্তের উইল' সম্বন্ধে একটা কথা বলিয়া রাখা ভাল। প্রথম সংস্করণে করেকটা গ্রন্থর দোষ ছিল, দ্বিতীয় সংস্করণে তাহা কতক কতক সংশোধন করা হইয়াছে। প্রস্তকের অন্ধেকি মাত্র সংশোধিত হইয়া মাদ্রিত হইলে আমাকে কিছু দিনের জন্য কলিকাতা হইতে অতিদ্বের যাইতে হইয়াছিল। অতএব অর্বাশিষ্ট অংশ সংশোধিত না হইয়াই ছাপা হইয়াছিল। তাহাতে প্রথমাংশে ও শেষাংশে কোথাও কিছু অসঙ্গতি থাকিতে পারে।

ঢন্দ্র বাব, ও অক্ষয় বাব, **আপনার সহায়তা ক**রিবেন, আমার সম্পূর্ণ বিশ্বাস আছে।***

ইতি ১১ই জ্বৈষ্ঠ [১২৯৩] [২৪ মে ১৮৮৬]

প্রীবভিক্মচন্দ্র শম্মণঃ।

'বঙ্কিমচন্দ্ৰ' |

| জ্যোতিশচনদ্র চট্টোপাধ্যায়কে লিখিত |

। ১৮৮৭ সনে সঞ্জীবচন্দ্রের একমাত্র পরে জ্যোতিশচন্দ্র চট্টোপাধ্যায় মেহেরপরের প্রিলসইন্দেপক্টরের পদে নিযোগের পর চাকরিতে পাকা হইয়া পর্যলিসের চাকরি কিভাবে নির্ন্ধাহ
করিবেন, তাহার উপদেশ চাহিয়া বিষ্কমচন্দ্রকে এক পত্র দিয়াছিলেন। ইচাব উত্তরে নিম্নলিখিত
উপদেশ সম্বলিত পত্র বিষ্কমচন্দ্র তাঁহাকে লেখেন।
প্রিয়তমেষ,

তুমি বোধ করি প্জার সময় বাড়ী গিয়াছিলে, এতদিনে ফিরিয়া আসিয়া থাকিবে।

আমার নিকট উপদেশ চাহিয়াছিলে, আমি এই পত্রের মধ্যে সাতটি উপদেশ লিখিয়া পাঠাইলাম। ঐ সাতটি ক্রিনি শেটে বিবেচনা করিবে। বিশেষ প্রথম পাঁচটি। উহার অনুবত্তী হইলে সর্ব্বত মঙ্গল ঘটিবে। এখানকার সমস্ত মঙ্গল। ভরসা কবি এই মাস হইতে ভূমি সংসারের ভার লইতে পারিবে। ইতি ১৩ আদ্বিন।

শ্রীবি কমচন্দ্র চট্টোপাধ্যায।

বিশেষ উপদেশ

প্রথম প্রয়োজনীয় কথা। সত্য ভিয় কখন মিখ্যা পথে ঘাইবে না। কলমের মুখে কখন
মিখ্যা নির্গত না হয়। তাহা হইলে চাকরি থাকে না। নিতান্ত পক্ষে কর্ত্ত্পক্ষের
অবিশ্বাস জন্মে। অবিশ্বাস জন্মিলে আয় উয়তি হয় না।

II. দ্বিতীয় প্রয়োজনীয় কথা। পরিশ্রম। বিনা পরিশ্রমে কখন উর্নাত হয় না। কখন

কোন কাজ পড়িয়া না থাকে।

III. উপরওয়ালাদের আজ্ঞাকারী তাঁহাদিগের নিকট বিনীতভাব। চাকরি রাঞ্মর পক্ষে এবং উন্নতির পক্ষে ইহা নিতান্ত প্রয়োজনীয়। তর্ক করিও না।

VI. আপনার কাজের Rules & Laws বিশেষরূপে অকাত হইবে।

- V. কাহারও উপর অত্যাচার করিবে না। পর্বালসের লোকে আসামীর উপর বড় অত্যাচার করে। অনেকের বিশ্বাস যে তা নহিলে কাজ চলে না। তাহা দ্রান্তি। না চলে সেও ভাল। ইহা নিজে কখন করিবে না, বা অধীনশ্ব কাহাকে করিতে দিবে না। ইহার কারাদশ্ত আছে।
- IV. সকলের সঙ্গে সন্ধাবহার করিবে। অধীনস্থ ব্যক্তিদিগকে ব্যবহার দ্বারায বশীভূত করিবে। কেহ শন্ত্র না হয়। কর্ত্তব্য কন্দেরি অন্যুরোধে অনেকেব অনিন্ট করিতে হয়। তাহার উপায় নাই। দোষীর অবশ্য দন্ড চাই।

VII. নিষ্কারণে ভীত হইবে না।

'প্রবাসী', শ্রাবণ ১৩৫৮]

[ভূদেব মুখোপাধ্যায়কে লিখিত]

[२१ क्रिके ३२৯६ | ४।७।४४

শ্রদ্ধাস্পদেয

তিনকড়ি বাব্র নিকট এক সেট প্রস্তুক দিয়াছি। তদমধ্যে আর একটি ন্তন প্রেক ধন্মতিত্ব আছে। ঐ গ্রন্থ পাঠকালে আপনার বাহা কিছ্ন মনে উদয় হয অথবা গ্রন্থকারকে, বালবার প্রয়োজন হয়. তাহা যদি অনুগ্রহ করিয়া মান্তির্ধানে নোট করিয়া রাখেন, তবে ভবিষাতে উপকৃত হইতে পারিবে।

'ভূদেব-চবিত' ।

[ভূদেব ম,খোপাধ্যায়কে লিখিত]

৫ নং প্রতাপ চাট্যার গলি কলিকাতা—১৩ জ্ন [১৮৮৮] [৩২ জোষ্ঠ ১২৯৫]

শ্রদ্ধাস্পদেয়-

আপনার অনুগ্রহপত্র পাইয়াছি। আমার পুস্তকগুলি আপনি নিজে স্টেশনে আসিয়া লইয়া গিয়াছেন, এবং অনুরুদ্ধ না হইয়াও পাড়িয়া থাকেন, ইহার অপেক্ষা পুস্তুকের আদর আর কি বেশী হইতে পারে? ইহাই আমার আশার অতীত ফল।

প্রক্রণ লি যের্প বাজারে বিক্র হয়, সেইর্প বাঁধানই আপনাকে পাঠান হইয়াছে, ভাল করিয়া বাঁধান হয় নাই। সকলগর্নাল, এক রকম বাঁধান, এবং বাঁধান ইহার অপেক্ষা ভাল হয় এইর্প করিয়া বাঁধাইয়া পাঠাইবার ইচ্ছা ছিল। কিন্তু বাঁধান প্রেক আবার বাঁধাইতে গেলে, ছেটে মান্দ্র্র্যন আরও ছাঁটা পড়িয়া যাইবে, এবং আবাঁধা প্রেক এক সেট প্রা হয় না. এজন্য যেমন ছিল তেমনি পাঠাইতে বাধ্য হইয়াছি। উনবিংশ শতাব্দাতে বাঙ্গালা গ্রন্থেরও একট্র বাহ্য সোষ্ঠিব চাই, এজন্য প্রক্রগ্রালি সোণার জলে এবং কাপড়ে বাঁধাইয়া বিক্রয় করিয়া থাকি।

গীতা পনেশ্চ প্রচারে প্রকাশিত হইতেছে। যদি আপনার দেখিবার ইচ্ছা হয়, তবে পাঠাইতে পারি। উহাতে আপনার দেখিবার যোগ্য কিছু নাই, ইহা বলা বাহ্না। তবে, আমরা কি ভাবি কি করি, ইহা বোধ হয় দেখিতে আপনার ইচ্ছা হইতে পারে। ইতি

श्रीर्वा॰क्यात्रम् हत्ह्वाशायात् ।

[কুমার বিনয়কৃষ্ণ দেবকে লিখিত]

অশেষ গ্রেসম্পন্ন শ্রীযুক্ত কুমার বিনয়কৃষ্ণ দেব আশীব্যাদ ভাজনেয

আগনি আমাকে যে করেক প্রশ্ন জিজ্ঞাসা করিরাছেন, ধর্ম্মশাস্করাবসারীরাই তাহার উপযুক্ত উত্তর দিতে সক্ষম। আমি ধর্ম্মশাস্করাবসারী নহি, এবং ধর্ম্মশাস্করেক্তার আসন গ্রহণ করিতেও প্রস্তুত নহি। তবে সমন্দ্রযালা সম্বন্ধে যে আন্দোলন উপন্থিত, তৎসম্বন্ধে দন্ই একটা কথা বলিবার আমার আপত্তি নাই।

প্রথমতঃ—শান্দের দোহাই দিয়া কোন প্রকার সমাজ সংস্কার যে সম্পন্ন হইতে পারে, অথবা সম্পন্ন করা উচিত, আমি এমন বিশ্বাস করি না। যখন মৃত মহাত্মা ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশন্ধ বহুবিবাহ নিবারণ জন্য শান্দের সাহায্য গ্রহণ করিয়া আন্দোলন উপস্থিত করিয়াছিলোন, তখনও আমি এই আপত্তি করিয়াছিলাম, এবং এখনও পর্যন্তি সে মত পরিবর্তন করার কোন কারণ আমি দেখি নাই। আমার এর্প বিবেচনা করিবার দুইটী কারণ আছে। প্রথম এই যে, বাঙ্গালী সমাজ শান্দে বশীভূত নহে,—দেশাচার বা লোকাচারের বশীভূত। সত্য বটে যে, অনেক সময়ে লোকাচার শাস্তানন্যায়ী, কিন্তু অনেক সময়ে দেখা যায় যে, লোকাচার শাস্তাবির্দ্ধ। যেখানে লোকাচার এবং শান্দের বিরোধ, সেখানে লোকাচারই প্রবল।

উপরিউক্ত বিশ্বাসের দ্বিতীয় কারণ এই যে, সমাজ সর্বাত্ত শাস্ত্রের বিধানান, সারে চলিলে. সামাজিক মঙ্গল ঘটিবে কি না সন্দেহ। আপনারা সমান্ত্রযাত্রার সম্বত্তে শান্তের বিধান সকল অনুসন্ধান দারা বাহির করিয়া, সমাজকে তদন্সাণে চলিতে পরামর্শ দিতে ইচ্ছা কবিতেছেন; কিন্তু সকল বিষয়েই কি সমাজকে শাস্তের বিধানান,সারে চলিতে বালতে সাহস করিবেন? ধন্ম শতেরর একটি বিধি এই, ব্রাহ্মণাদি শ্রেষ্ঠ বর্ণের পবিচ্যাট্য শতের ধন্ম। বাঙ্গালার শতের কি সেই ধর্ম্মবিলম্বী? শাসের ব্যবস্থা এখানে চলে না। আপ্নারা কেহ চালাইতে সাহসী ছাড়িয়া, বা সৌভাগ্যশালী শুদু জমিদার জমিদারের আসন ছাড়িয়া, ধন্মশান্তের গৌরবার্থ লুচিভাজা ব্রাহ্মণের পদ সেবায় নিযুক্ত হইবেন কি? কোন মতেই না। বাঙ্গালী সমাজ প্রযোজন মতে ধন্মশান্তের কিষ্দংশ মানে, প্রযোজন মতে অর্থাশ্টাংশ অনেক্কাল বিস্জ্পন দিয়াছে। এবং সেইরূপ প্রযোজন ব্রাঝলে, অর্বাশংটাংশ বিসম্জান দিয়া। এমন ভলে ধন্মশাসের ব্যবস্থা খ্রিয়া কি ফল > সামার নিজের বিশ্বাস যে ধন্ম সন্বন্ধে এনং নীতি সন্বন্ধে সামাজিক উন্নতি (Religious and moral regeneration, না ঘটিলো চেবল পাস্তর বা গ্রাথ বিশেষের দোহাই দিয়া, সামাজিক প্রথা বিশেষ পরিবর্ত্তন করা যাথ না। আমার প্রণীত ক্রঞ্চ-চরিত্র বিষয়ক প্রতথে, ইহা আমি সবিস্থাবে ব্যঝাইয়াছি। আমি উপবে বলিয়াছি যে সমাজ দেশাচারে। অধীন, —শাস্তের অধীন নহে। এই দেশাচার পরিবস্তান জন্য ধ্নুর্যা সম্বন্ধীয় এবং নাতি সম্বন্ধীয় সাধারণ উন্নতি ভিন্ন উপাশান্তর নাই। এই সাধারণ উন্নতি কিখং পবিমাণে বটিলাছে বলিবাই এই আন্দোলন উপস্থিত হইষাছে। এই উর্নাত ক্রমশঃ বৃদ্ধি পাইলে সম্দ্রুষাত্রায় সমাজের কাহারও কোন আপত্তি থাকিবে না, কাহারও আপত্তি থাকিলেও সে আপত্তির কোন বল থাকিবে না। ফিল্ড যতদিন না সেই উল্লাভিব উপযুক্ত মাত্রা পবিপূর্ণ হয়, ততদিন কেহই সমুদ্রবাত্রা সাধারণে প্রচলিত করিতে পারিবেন না।

তবে ইহাও বক্তব্য যে, সম্দ্র্যান্তার পক্ষে বাঙ্গালী সমাজ বর্ত্তমান সময়ে কতদ্রে বিরোধী, তাহা এখন আমাদের কাহারও ঠিক জানা নাই। দেখিতে পাই যে, যাঁহাব অর্থ ও অংশু সম্দ্র্যান্তার অন্কুলে, তিনিই ইচ্ছা করিলে ইউবোপ যাইতেছেন। সম্দুর্যান্তা শাদ্র্যানিষদ্ধ বিলয়াকেহ কেহ যে যান নাই. ইহা আমাব দ্ণ্টিগোচরে কখনও আসে নাই। তবে ইহা স্বাক্তার করিতে আমি বাধ্য যে, যাঁহারা ইউরোপ হইতে ফিরিয়া আসেন, তাঁহাদের মধ্যে অনেকেই এক প্রকার সমাজ হইতে বহিষ্কৃত হইয়া আছেন, কিন্তু তাঁহাদের দোষে কি আমাদের দোবে, তাহা ঠিক বলা যায় না। তাঁহারা এ দেশে আসিয়াই সাহেব সাজিয়া ইচ্ছাপ্র্বেক বাঙ্গালী সমাজের বাহিরে অবন্থিতি করেন। বিদেশীয় পরিচ্ছদ, বিদেশীয় ভোজন প্রথা এবং বিদেশীয় বাবহার ম্বারা আপনাদিগকে পৃথক্ রাখেন। যাঁহারা ইউরোপ হইতে আসিয়া সের্প আচরণ না করিয়াছেন, তাঁহাদের মধ্যে কেহ কেহ অনায়াসে হিন্দুসমাজে প্রনিম্বিত হইয়াছেন। ইউরোপ হইতে প্রত্যাগত মহাশ্রেরা সকলেই দেশে ফিরিয়া আসিয়া হিন্দুসমাজসম্মত ব্যবহার করিলে, সাধারণতঃ তাঁহারা যে পরিত্যক্ত হইবেন, একথা নিশ্চিত করিয়া বলা যায় না।

পরিশেষে আমার এই বক্তবা, সম্প্রযাতা হিন্দুদিগের ধন্দ্রশিলালানুমোদিত কি না, তাহা বিচার করিবার আলে দেখিতে হয় যে, ইহা ধন্দ্রশিলালাদিত কি না? যাহা ধন্দ্র্যাদিত কিন্তু ধন্মানাস্ত্রবির্দ্ধ তাহা কি ধন্মানাস্ত্রবির্দ্ধ বলিয়া পরিহার্যা? অনেকে বলিবেন ধে যাহা ধন্মানাস্ত্রসমত, তাহাই ধন্মা, বাহা হিন্দ্র্গিলের ধন্মানাস্ত্রবির্দ্ধ, তাহাই অধন্মা? এ কথা আমি স্বালার করিতে প্রস্তুত নহি। হিন্দ্র্গিলের প্রাচীন গ্রন্থে এর্প কথা পাই না। মহাভারতে কৃষ্ণোক্তি এইর্প আছে।

ধারণাদ্ধ-ম মিত্যাহ্বদ্ধ শ্রেমা ধারণতে প্রজাঃ। যং স্যাদ্ধান প্রযক্তং স ধন্ম ইতি নিশ্চয়ঃ। বর্ণপর্বে একোনসপ্ততিতমোহধ্যায়, ৫৯ শ্লোক।

ধন্ম লোক সকলকে ধারণ (রক্ষা) কবেন, এই জন্য ধর্ম্ম বলে। যাহা হইতে লোকের রক্ষা হয়, ইহাই ধর্ম্ম নিশ্চিত জানিবে।

যদি মহাভারতকার মিথ্যা না লিখিয়া থাকেন, যদি হিন্দ্রদের আরাধ্য ঈশ্বরাবতার বলিয়া সমাজে প্রিজত কৃষ্ণ মিথ্যাবাদী না হন, তবে যাহা লোকহিতকর তাহাই ধন্ম। এই সম্দ্রযাত্তা পদ্ধতি লোকহিতকর কি না ? যদি লোকহিতকর হয়, তবে ইহা স্মৃতিশাপ্তবিব্দ্ধ হইলেও কেন পরিত্যাণ করিব ?

আমি এইর্প বৃণি ধন্ম শাশের যাহাই আছে, তাহাই হিন্দ্ধন্ম নিহে। হিন্দ্ধন্ম অভিশয উদার। সমার্ত্ত ঋষিদিগের হাতে—বিশেষতঃ আধানিক সমার্ত্ত রঘুনন্দনাদির হাতে—ইহা অতিশয় সংকীণ হইয়া পড়িয়াছে। সমার্ত্ত ঋষিগণ হিন্দ্ধন্মের স্রন্থা নহেন, -হিন্দ্ধন্ম সনাতন- তাঁহাদিগের পূর্ব হইতেই আছে। অতএব সনাতন ধন্মে এবং এই ধন্মশান্তে বিরোধ অসম্ভব নহে। যেখানে এর্প বিরোধ দেখিব, সেখানে সনাতন ধন্মের আশ্রয় গ্রহণ করাই উচিত। ধন্মে এবং হিন্দ্ধন্মে কোন বিরোধ আমি স্বীকার করিতে পারি না। ধন্মের সঙ্গে হিন্দ্ধন্মের বদি কোন বিরোধ থাকে, তবে হিন্দ্ধন্মের গোরব কি? উহাকে সনাতন ধন্ম্ম বিলব কেন? এর্প বিরোধ লাই। সম্ভূষাতা লোকহিতক্য বলিষা ধন্মান্মোদিত। স্ত্রাং ধন্মশান্তে যাহাই থাকত সম্দ্র্যার হিন্দ্রন্মান্ত্রাদিত।

কলিকাতা

২০ জ্লাই. ১৮১২ 'হিত্রাদী'। আপনার একান্ত মঙ্গলাকাৎকা, গ্রীবা-কমচন্দ্র চট্টোপাধ্যায়

। গ্রেদাস বন্দোপাধ্যাথকে লিখিত।

নমস্কান প্র্বেক নিবেদন

আপনার যাহা বক্তব্য তাহা কাল বৈকালে মুখে মুখেই বালতে পারিতেন, তথাপি পত্রখানি যে নিজে হাতে করিয়া আনিয়াছিলেন, ইহা আমার বিশেষ সোভাগ্য, কারণ মুখের কথা তথনই অন্তর্হিত হইত, কিন্তু পত্রখানি যর করিয়া রাখিলে শত বংসর থাকিতে পারে। আমি উহা যত্ন করিয়া তুলিয়া রাখিব এবং আমার মৃত্যুর পর, ঐর্প যত্ন করিয়া তুলিয়া রাখিব র জন্য আমার দোহিত্রদিগকে বলিয়া যাইব। কারণ উহাতে আপনি আমাকে বলিয়াছেন যে "আপনার সম্মানে বঙ্গবাসী মাত্রেরই সম্মান করা হইয়াছে ও সম্মানও সম্মানিত হইয়াছে"। মন্যে এ কথা বলিলে, তাহার মূল্য যাহাই হউক, আপনি সভাবাদী ও সমাজের শিবোভ্রণ স্বব্প, অতএব আপনার এই উক্তি আমার বংশে চিরস্মরণীয় ও চিররক্ষণীয়।

যখন বিষব্দ অনুবাদিত হইয়া প্রথম পরিচিত হয় তখন একখানি ইংরেজি সংবাদপদ্র (Scotsman) বালিয়াছেন যে, ঐ প্রণ্থ সংস্কৃত Epic কাব্যের Episode গালির সহিত তুলনীয় এবং একজন বলিয়াছেন যে Sophocles প্রণীত Antigone চরিত্রের পর আর ইহার তুলা দ্বী চরিত্র কোন সাহিত্যে সৃষ্ট হর নাই। এই সকল কথা আমি বড় গোরবের কথা মনে করিয়াছিলাম। কিন্তু আপনার উক্তি আমার পক্ষে তদপেক্ষা অধিকতর গোরবের হইয়াছে। ইতি ১৯ পোষ ১০০০। ২ জানুয়ার ১৮৯৪]

हीर्वाञ्चमहन्त्र हर्षेशाशास

পাঠ্যপুস্তক

সহজ রচনাশিক্ষা

উপক্রমণিকা

আমরা যাহা মনে করি, তাহা লোকের কাছে প্রকাশ করিতে হইলে, হয় মুখে মুখে বলি, নয় লিখিয়া প্রকাশ করি। মুখে মুখে বলিলে, লোকে তাহাকে কথোপকথন, বা অবস্থাবিশেষে বক্তৃতা বলে। লিখিয়া প্রকাশ করিতে হইলে, চিঠি, সংবাদপত্র, পুস্তুক ইত্যাদিতে প্রকাশ করা বায়।

কিন্তু মুখেই বলি, আর লিখিয়াই বলি, বলিবার সময়ে বথাগুনিল একট্ব সাজাইয়া লইতে হয়। সাজাইয়া না বলিলে, হয়ত তুমি যাহাকে বলিতেছ, সে তোমার সকল কথা ব্যক্তিত পারিবে না. নয়ত সে কথাগুনিল গ্রাহ্য করিবে না। এই সাজানকে রচনা বলে।

রচনা অতি সহজ। মুখে মুখে কহিবার সময়েও আমরা সাজাইয়া কথা কই, তাহা না করিলে কেহ আমাদের কথা ব্রিবতে পারিত না। অতএব যে মুখে মুখে কথোপকথন করিতে পারে, লিখিতে জানিলে সেও অবশ্য লিখিত রচনা করিতে পারে। তবে সকল কাজই অভ্যাসাধীন। মৌখিক রচনায সকলেরই অভ্যাস আছে। লিখিত রচনায যাহাদের অভ্যাস নাই, তাহাদিগকে অভ্যাস করিতে হইবে। সেই অভ্যাস করাইবার জন্য এই প্রস্তুকের প্রথম অধ্যায় লিখিলাম।

আর মৌখিক বচনার সঙ্গে লিখিত রচনার একটা প্রভেদ এই আছে যে, লিখিত রচনার কতকগালি নিয়ম আছে; সে নির্মাগালি মৌখিক রচনার বড় মানা যায় না—না মানিলেও বিশেষ ক্ষতি নাই, কিন্তু লিখিত রচনায় না মানিলেই নয়। দ্বিতীয় অধ্যায়ে সেই নির্মাগালি বা্ঝাইব। তৃতীয় অধ্যায়ে প্ররচনা শিখাইব।

প্রথম অধ্যায়

রচনা অভ্যাস

প্রথম পাঠ

রাম খাইতেছে। পাখী উড়িতেছে। হরি পর্নীড়ত হইরাছে। মান্ষ মরিযা যায়। এইগুলিকে এক একটি বাক্য, উক্তি বা পদ বলা যায়।

"রাম খাইতেছে"—এই বাক্যে কাহার কথা বলা যাইতেছে? রামের কথা। অতএব রাম এই বাক্যের "বিষয়"।

"পাথী উড়িতেছে"—কাহার কথা বলিতেছি? পাখীর কথা। "হার পাঁড়িত হইরাছে"— কাহার কথা বলিতেছি? হারের কথা। "মান্য মারিয়া যায়"—কাহার কথা বলিতেছি? মান্ত্রের কথা। পাখী, হার, মান্য, ইহারা ঐ ঐ বাক্যের বিষয়।

"রাম খাইতেছে"—এখানে রামের কথা বলিতেছি বটে, কিন্তু রামের কি কথা বলিতেছি? সে
"খাইতেছে"—তাহার খাবার কথা বলিতেছি। "খাইতেছে" হইল বক্তব্য।

"পাখী উড়িতেছে।" "উড়িতেছে" বক্তব্য। "যদ্ পাঁড়িত হইয়াছে।" "পাঁড়া" এখানে বক্তব্য। "মানুষ মরিয়া যায়।" "মরা" এখানে বক্তব্য।

অতএব সকল বাক্যে, দুইটি বস্তু থাকে; একটি "বিষয়" আর একটি "বক্তব্য"।

এই দুইটিই না থাকিলে বাক্য বলা সম্পূর্ণ হয় না। শুধু "গোর্" বলিলে, তুমি বুনিতে পারিবে না যে, আমার বলিবার কথা কি। কিন্তু "গোর্ চরিতেছে" বলিলেই তুমি বুনিতে পারিলে। বাক্য সম্পূর্ণ হইল। শুধু "ভাসিতেছে" বলিলে তুমি বুনিতে পার না যে, আমার বলিবার ইচ্ছা কি। তুমি জিজ্ঞাসা করিবে, কি ভাসিতেছে? কিন্তু যদি বলি যে, "কুন্তীর ভাসিতেছে" বা "নোকা ভাসিতেছে" বাক্য সম্পূর্ণ হইল—তুমি বুনিতে পারিলে।

অভ্যাসার্থ

১। নীচের লিখিত বিষয়গন্লি লইষা, তাহাতে বক্তব্য যোগ কর।

ঘোড়া, আকাশ, নক্ষত্র, সমূত্র, বালক, মাতা, শিক্ষক, প্রস্তুক, ঈশ্বর, বৃক্ষ, ঠক, ঘট প্রাণ । ২। নীচের লিখিত বক্তব্য লইযা তাহাতে বিষয় যোগ কর।

হাসিল। ভাঙ্গিরা গেল। উচিত নম। বাড়িয়াছে। অধীন ছিল। ডুবিরাছিল। প্রকাশ হইল।

দ্বিতীয় পাঠ

কখন কখন বিষয়ের কোন গাণ কি দোষ আগে লিখিয়া তার পর বক্তবা লিখিতে হয়। বেমন—"সাক্ষর পাখা উড়িতেছে।" "দাঃখা হরি পাড়িত হইয়াছে।" এখানে, পাখাটির একটি গাণ যে, সে সাক্ষর; ইহা বলা হইল। হরির একটি দোষ যে, সে দাঃখাঁ: ইহা বলা হইল। এগালিকে বিশেষণ বলে। "সাক্ষর" "দাঃখাঁ" এই দাটি বিশেষণ। যাহার বিশেষণ, তাহাকে বিশেষ্য বলে। "পাখাঁ" "হরি" ইহারা বিশেষ্য।

বিশেষণ উপযুক্ত হইতে পাবে অনুপযুক্তও হইতে পাবে। উপযুক্ত বিশেষণ, যেমন ফলবান্ বৃহ্দ। নিশ্ম লু আকুশ।

বলবান্ মন্যা।

বেগবতী নদী।

অনুপযুক্ত বিশেষণ, যেমন,—

निर्माल तृकः। कलवान् भन्याः। द्वावान् आकामः।

এইগর্নি অনুপ্যাকত। ব্কের সমলতা বা নিশ্মলিতা নাই, এই জন্য নিশ্মলি বৃক্ষ বলা যায় না। মানুয়ে কোন ফল ফলে না, এই জন্য ফলবান্ মনুষ্য বলা যায় না। আকাশের বেগ নাই, এজন্য বেগবান্ আকাশ বলা যায় না। যে বিশেষণ উপযাক্ত তাহ।ই লিখিবে, যাহা অনুপ্যাক্ত তাহা লিখিও না।

অভ্যাসার্থ

৩। নীচের লিখিত বিশেষ্যের সঙ্গে উপযুক্ত বিশেষণ যোগ কর। সমন্ত্র, চন্দ্র, স্বর্গ, হস্তী, বন, সংসার, স্ব্রী, কন্যা, প্র বালিকা, দেশ, রাত্রি, আসন, প্রুকুল, হংস।

৪। নীচের লিখিত বিশেষদের পর উপয**ৃক্ত** বিশেষ্য যোগ কর। নশ্বর, পবিত্র, দীন, অযোগ্য, কন্টসাধ্য গুণ্বতী, স্থুলভ, সদাচার, শাস্ত, পরিম্কার, অ**ঞ্জা**ত।

তৃতীয় পাঠ

"ফলবান্ বৃক্ষ", "বলবান্ প্রের্য", "নিম্মল আকাশ", "বেগবতী নদী" বলিলে বাক্য সম্পূর্ণ হইল না। "ফলবান্ বৃক্ষ" সম্বন্ধে কি বলিতেছ ? "বলবান্ প্রের্য" সম্বন্ধে কি বলিতে চাও ? এখানে "ফলবান্ বৃক্ষ", "বলবান্ প্রের্য" বিষয় ; কিন্তু বক্তব্য কই ? বক্তব্য লিখিলে তবে বাক্য সম্পূর্ণ হইবে। বেমন—

> क्वतान् तृक्क काण्डित ना। वनतान् भृतृत्व माहमी दश्रः

নিশ্মলি আকাশ দেখিতে স্বন্ধর। কোবতী নদী বহিতেছে।

অভ্যাসার্থ

৫। নীচের লিখিত বিষয়ে বক্তব্য যোগ কর।

দরাময় ভগবান্। স্নেহময়ী মাতা।
অবোধ শিশ্। অনহীন ভিক্ষাকু ।
নিক্ষল কার্যা। স্বচ্ছ স্রোবর।
সহজ কার্জ। মানুবাত বাশা।
অন্ধকার রাহি। পাকা আটচালা।

"ফলবান্ বৃক্ষ", "বলবান্ প্রের্ষ" বলিলে বাক্য সম্পূর্ণ হয় না,বটে, কিছু যদি বলি "বৃক্ষ ফলবান্", "মন্ত্র্য বলবান্" তাহা হইলে বাক্য সম্পূর্ণ হয়। তাহার কারণ সহজে বৃত্ত্বিতে পারিবে। "ফলবান্ বৃক্ষ" বলিলে, "ফলবান্ বৃক্ষ"ই বিষয় হইল, বক্তব্য নাই। কিছু "বৃক্ষ ফলবান্" বলিলে বৃক্ষ বিষয় হইল—ফলবত্বা তাহার বক্তব্য। "বৃক্ষ ফলবান্" এ কথায় এই বৃঝায় যে, বৃক্ষে ফল হয়। "মান্য বলবান্ বলিলে বৃঝাইবে, "মান্ত্রের বল আছে।"

(मथ, मूरे तकरम এक वक्तना श्रकाम कता यात्र। यथा —

বৃক্ষ ফলবান্।
বৃক্ষে ফল হয়।
(আকাশ নিশ্মল।
আকাশের নিশ্মলিতা আছে।
আকাশের নিশ্মলিতা আছে।
(আকাশ নিশ্মলি হইয়াছে।

"আছে" "হয়" "হইয়াছে" এইগ্র্লিকে ক্রিয়া বলে। যাহাতে একটা কাজ ব্রুঝায়, কিস্বা অবস্থান্তরপ্রাপ্তি ব্রুঝায়, তাহাকেই ক্রিয়া বলে। ধরিল থাকিল, যাইল, শয়ন করিল, ভক্ষণ করিল, নিবেদন করিল—এ সব ক্রিয়া।

অতএব বক্তব্য দুই প্রকারে প্রকাশ করা যায়, এক প্রকার বিশেষণ দ্বারা, যেমন "বৃক্ষ ফলবান্"; আর এক প্রকার ক্রিয়া দ্বারা যেমন-"বৃক্ষে ফল হয়।"

অভ্যাসার্থ

৬। নীচের লিখিত বাকাগালির বক্তব্য বিশেষণের দ্বারা বল।

বাঙ্গালির বৃদ্ধি আছে। সন্দেশের স্বাদ ভাল লাগে। ইংরেজের বিদ্যা আছে। বসন্তের বাতাস আস্তে বয় মংসো খারাপ গন্ধ পাওয়া যায়। জলে ভিজিলে পীড়া হয়।

৭। নীচের লিখিত বাকাগ্যলিতে বক্তব্য ক্রিয়ার দ্বারা প্রকাশ কর।

প্থিবী ঘ্র্ণামান। তাহার স্বর গম্ভীব। স্ব্যক্তিরণ অসহা। মাতাল চিরদ্রংখী।

ব্যাঘ্র মাংসাশী।

চতুৰ্থ পাঠ

বিশেষণের আবার বিশেষণ হয়, যেমন—
আতিশয় ভারী। প্রচন্ড তেজস্বী। প্রগাঢ় অন্ধকাব।
ইহাতে বিশেষ্য যোগ করা যায়; যথা—

অতিশর ভারী লোহা। প্রচশ্ড তেজ্ঞস্বী অগ্নি। প্রগাঢ় অন্ধকার রাগ্রি।

অথবা, লোহা অতিশয় ভারী। স্বা প্রচম্ড তেজস্বী। বর্ষার রাত্রি প্রগাঢ় অঞ্চকার। আবার ক্রিয়ারও বিশেষণ আছে, যেমন--

भूम् राजिएकः। मात्र्य अन्ति। मात्र्य अन्तिमार्कः। भूम् राजिएकः। मात्र्य अन्तिमार्कः। भौन्न यारेककः। ভानत्र्य स्मतामञ् कृतिरुक्तः।

পণ্ডম পাঠ

এখন বিষয়, বক্তব্য, বিশেষণ, ক্রিয়াব বিশেষণ, এই সকল লইখা বাক্যরচনা করিতে শিখ। একটা বিষয় লও। "রাক্ষস"। বক্তব্য—তাহার বিনাশ। বাক্য এইর্পে লিখিতে হইবে। "রাক্ষস বিনন্ধ হইল।"

এখন বিশেষণ যোগ কর। প্রথম বিষয়ের বিশেষণ লেখ।
"প্রাপিষ্ঠ রাক্ষ্যেরা বিনন্ট ইইল।"

তার পর ক্রিয়ার বিশেষণ লেখ।

"পাণিষ্ঠ রাক্ষসেরা নিঃশেষে বিনষ্ট হইল।" তার পর ইচ্ছা করিলে. "পাণিষ্ঠে" বিশেষণের বিশেষণ দিতে পার। "চিরপাণিষ্ঠ রাক্ষসেরা নিঃশেষে বিনষ্ট হইল।"

পরীক্ষার্থ

নিন্দালিখিত বিষয় ও বক্তবা লইয়া বিশেষণ, বিশেষণের বিশেষণ ও ক্রিয়ার বিশেষণ যোগপূস্ব ক বাক্য রচনা কর।

বিষয	বক্তব্য
পৰুহ	পিতামাতার উপকার করা।
রালা	প্রজাপালন করা।
⁵∗ଘି।	প্রামীর সেবা করা।
विमा	এভ্যাসের এধীন।

ষষ্ঠ পাঠ

কখন কখন বাক্য সম্পূর্ণ হইলেও, আরও কিছুর আকাক্ষা থাকে। "চিরপাপিষ্ঠ রাক্ষসেরা নিঃশেষে বিনন্ট হইল" এই বাক্যটি সম্পূর্ণ বটে, কিস্তু ইহাতে কিছু আকাক্ষা রহিল। কম্ম আছে কিস্তু কর্তা নাই। রাক্ষসেরা বিনন্ট হইল, আমরা জানিতেছি; কিস্তু কে তাহাদের বিনন্টকারী, তাহা জানিতে পারিতেছি না। অতএব আকাক্ষা পূরণ কর। যথা:--

"বানরের দ্বারা চিরপাপিষ্ঠ রাক্ষসেরা নিঃশেষে বিনষ্ট হইল।" আবার বানরের বিশেষণ্

দিতে পার, যথা :--

"দৃশ্রু বানরের দ্বারা চিরপাপিষ্ঠ রাক্ষসেরা বিনষ্ট হইল।"
আবার দৃশ্রুত্তিরও বিশেষণ দেওয়া যায়।
কখন কখন আকাৎক্ষা প্রেণ না করিলে বাক্যই সম্পূর্ণ হয় না, যেমন —
"যদি আমি সেখানে যাই।"
"তমি এমন কথা বলিয়াছিলে।"

এ সকল বাক্য সম্পূর্ণ নহে। সম্পূর্ণ করিতে গেলে, বালতে হইবে,
"যদি আমি সেখানে যাই, তবে তুমি আমার সঙ্গে সাক্ষাং করিও।"
"তুমি এমন কথা বালয়াছিলে যে, তুমি আমাকে কিছ্ টাকা দিবে।"

পৰীক্ষাৰ্থ

নিন্দালিখিত বাক্যগ্রিতে আকাঞ্চা প্রণ করিরা বাক্য সম্পূর্ণ কর। হাতীর গারে যে বল আছে, রামধন এমন দান্তিক, রাজা দশরথ বিজ্ঞ ছিলেন বটে, সাঁতার জানিরাও যে সম্বে ঝাঁপ দের, যদি তোমার এতই অভিমান যে, রাজার দান গ্রহণ করিবে না, ভামাকু যদি এমন অন্যান্থকর,

সপ্তম পাঠ

এখন ক্ষরুদ্র ক্ষরুদ্র বাক্য রচনা করিতে শিখিয়াছ। এখন একটি বিষয় লইয়া তৎসন্বন্ধে দুই তিনটি বাক্য রচনা করিতে অভ্যাস কর।

একটি বিষয় লও, যথা—অশ্ব। অশ্ব সম্বন্ধে দুই তিনটি বাক্য লেখ। যথা :—
"অশ্ব চতুষ্পদ। অশ্ব বড় দুত্যামী। মন্মা অশ্বের উপর আরোহণ করে।"

এখানে তিনটি বাক্যের বিষয় একই অশ্ব, কিন্তু বক্তব্য তিনটি। যথা—১। চতুষ্পদত্ব। ২। দ্রুতগন্ধন। ৩। মন, লগণেবে তদ্পরি আরোহণ। এই জন্য তিনটি পৃথক্ বাক্য হইল। এইরূপ এক বিষয়ে অনৈ বালি বাক্যের এক্য করিলে প্রবন্ধ বা বক্ততা হইল।

আর একটি বিষয় লও প্রান্ত ।

"পृथिवी लाल।कात। পृथिवीत् छल ७ म्हल আছে। পृथिवी সূर्यात्क সংবেণ্টন करत।"

পর কার্য

হস্তা, কুরুরে, চন্দু স্থা, বৃক্ষ, বিদ্যা, মাতাপিতা রাগ, সাহস শিফক দ্য়া।

অন্ট্রম পাঠ

অনেক বালককে প্রবন্ধ লিখিতে বলিলে তাহারা খ্রিজ্যা পায় না যে, কি লিখিতে হইবে। যদি বলা যায় যে, অশ্ব সম্বন্ধে একটি প্রবন্ধ লেখ, তাহারা খ্রিজ্যা পায় না যে, অশ্ব সম্বন্ধে কি প্রবন্ধ লিখিবে। এই সকল বালকের সাহায্য জন্য কতক্ত্মলি যুক্তি বলিয়া দিতেছি।

১। প্রথমে বিষয়টি কি তাহা বর্ণন করিবে।

- ২। তার পর তাহার জ্যাতিভেদ বা প্রকারভেদ বা সে সম্বন্ধে মতভেদ থাকিলে তাহা ব্যথাইবে।
 - ৩। তাহার দোষগ ্রণের বা কার্যোর বিচার করিবে।
- ৪। কিসে সেই বিষয়ে মনুয়েয়র উপকার বা উয়তি হইতে পারে তাহার বিচার করিবে।
 জন্মের উদাহরণে ইহা বৢয়াইতেছি।

১। **বর্ণনা** অশ্ব চতুষ্পদ জন্তু বিশেষ।

২। জাতিভেদ

অশ্ব অনেক জাতীয আছে।—হথা আববী, কাব্লী, তুরকী, ওয়েলর টাট্র ইত্যাদি।

। गून प्लाय विठात

অশ্ব. পশ্বজাতি মধ্যে বিশেষ বলবান ও দ্বতগামী। অশ্বের আরও গৃংগ এই যে, অশ্ব সহজে মনুষ্যের বশ হয়। এজন্য মানুষ অশ্ব হইতে অনেক উপকার পার।

৪। উপকার

মনুষা অশ্বকে বশ করিয়া তাহার প্রেষ্ঠ আরোহণ প্র্বক যথেচ্ছা দ্রমণ করে। যে পথ অনেক বিলন্দে যাইতে হইত. অথবা শ্রমাধিক্যবশতঃ যাওয়াই যাইত না. অশ্বের সাহায্যে তাহা অলপ সময়ে যাওয়া যায়। মনুষ্য গাড়ি প্রস্তুত করিয়া, তাহাতে অশ্বযোজন করিয়া, সূত্রে আসীন হইয়া বিচরণ করে। যুদ্ধকালে অশ্ব, যোদ্ধার বিশেষ সহায়। ইহা ভিন্ন অনেক দেশে অশ্বের দ্বারা ভারবহন ও হলাকর্ষণ কার্য্যও নির্বাহ হয়।

এই যে উদাহরণ দেওয়া গোল. ইহা সংক্ষিপ্ত। ইচ্ছা করিলে ইহার সম্প্রসারণ করিতে পার। যথা, বর্ণনায়—"অশ্ব চতুম্পদ জল্প বিশেষ" লেখা গিয়াছে। কিন্তু, চতুম্পদ জল্প কেহ মাংসাহারী, কেহ উদ্ভিক্তাহারী, কেহ উভয়াহারী। অতএব অশ্ব ইহার কোন্ শ্রেশীভুক্ত, তাহা লেখা উচিত। বধা—

্ত্র "অস্ব **উত্তিক্ত মাত্র খা**র, মাংস খার না।" কিন্তু আরও *অনেক চ*তুম্পদ আছে বে. ডাছারা

কেবল উত্তিম্প খায়। যথা, গোমহিবাদি। অতএব আরও বিশেষ করিরা লিখিতে পার বে, "যে সকল চতুম্পদ উত্তিম্পাহারী, তাহাদের মধ্যে কতকগন্ত্রির শৃঙ্গ আছে, কতকগন্ত্রির শৃঙ্গ নাই। অশ্ব দ্বিতীয় শ্রেণীর মধ্যে।"

এইরূপ আরও সম্প্রসারণ করা যায়।

এইর্পে (২) জাতিভেদ, (৩) দোষ-গা্ণ, (৪) উপকার—এ সকলেরও সম্প্রসারণ করা যায়।

পরীক্ষার্থ

নিম্নলিখিত ক্ষেক্টি বিষয়ে এইর্পে সম্প্রসারিত প্রবন্ধ লেখ।

হন্ত্রী, কুরুর, চন্দ্র, সূর্য্য, বৃক্ষ, বিদ্যা, মাতাপিতা, রাগ, সাহস শিক্ষক, দয়া।

ইহাও স্মারণ রাখিবে যে, সকল বিষয়েই প্রবন্ধকে ঐর্প চারি ভাগে বিভক্ত করা যায় না। কখন কোনটি ছাড়িয়া দিতে হয়। যথা চন্দ্র স্যোর জাতিভেদ নাই—উহা ছাড়িয়া দিবে; তবে চন্দ্র স্যা সম্বন্ধে লোকের মতভেদ আছে, পার ত, তাহা লিখিবে। আব এই চারিটি ভাগ ছাড়া আর যাহা কিছু বক্তব্য লিখিতে চাও তাহাতে আপত্তি নাই। বিশেষ কোন বিষয়ে প্রবন্ধ লিখিতে গেলে প্র্বাগামী লেখকদিগের মত সঞ্চলন কবা প্রথা আছে; আবশাক মতে তাহা কবিতে পার। ভাল ব্রিকলে তাহার প্রতিবাদ করিতে পাব।

দ্বিতীয় অধ্যায়

প্রথম পাঠ-বিশ্বদি

রচনার চাবিটি গ্র্ণ বিশেষ করিয়া শিখিতে হইবে। এই চারিটির নাম ১১) বিশর্মিন, (২) অর্থব্যক্তি, (৩) প্রাঞ্জলতা, (৪) অল্ডকার।

প্রথমে বিশন্তিন। রচনার ভাষা শত্ত্ব না হইলে সব নণ্ট হইল। বিশন্তির প্রতি সর্ব্বাস্ত্রে মনোযোগ করিতে হইবে। বিশন্তি সর্ব্বপ্রধান গণে।

যাহা বিশন্ধ নহে, তাহা অশন্ধ। কি হইলে রচনা অশন্ধ হম তাহা বনুঝিলেই, বিশন্ধি কি তাহা বনুঝিবে।

প্রেবিই বিলয়ছি যে মোখিক রচনা যের প, লিখিত রচনাও সেইর প: তবে কিছ্ প্রভেদ আছে। লিখিত রচনা কতকগর্নল নিয়মের অধীন, মোখিক বচনা সে সব নিয়মের অধীন নয়। অধবা অধীন হইলেও মৌখিক রচনায় সে সকল নিয়ম লংখনে দোষ ধবা যায় না। লিখিত রচনায় যে সকল নিয়ম লাখিত হইলে দোষ ধরিতে হয়, সেই সকল নিয়ম লাখিত হইলেই রচনা অশুদ্ধ ইল। সেই সকল দোষের কথা এখন লিখিতেছি।

১। বর্ণ শিনুদ্ধি। মনুথে সকলেই বলে, "পন্ট" "মেগ" "শপত" "শট" "বাদ" "দৃৰ্বল" "নেতা" কিন্তু, লিখিতে হইবে "স্পন্ট, মেঘ, শপথ, শঠ, বাধ, দুৰ্বল, নৃত্য।"

২। সংক্রিপ্ত। মূথে বলি, "কোবে" "কচ্চি" কর্ব" "কল্ল্ম" কিন্তু লিখিতে হইবে, "করিয়া" "করিতেছি" "করিব" "করিলাম" "করিতেছিলাম" ইত্যাদি।

৩। প্রাদেশিকতা। বাঙ্গালার কোন প্রদেশের লোকে বলে, "কল্ল্ম্ম", কোন প্রদেশে, "কল্লেম", কোথাও, "কল্লাম", কোথাও "কল্ল্ম"। কোন প্রদেশবিশেষেরই ভাষা ব্যবহার করা হইবে না;— ষাহা লিখিত ভাষায় চিরপ্রচলিত, তাহাই ব্যবহৃত হইবে।

অন্যান্য স্থানের অপেক্ষা রাজধানীর ভাষাই সমধিক পরিচিত। অতএব রাজধানীর ভাষ-সমাজে যে ভাষা চলিত তাহা লিখিত রচনায় বাবহৃত হইতে পারে। কোন দেশে বলে "ছড়ি" কোন দেশে বলে "নিড়।" "ছড়ি" কলিকাতার ভদ্রসমাজে চলিত। উহা ব্যবহৃত হইতে পারে। "লিগি" "লগা" "টেড়"—ইহার মধ্যে লগিই কলিকাতাষ চলিত, উহাই ব্যবহৃত হইতে পারে। অপর দুইটি ব্যবহৃত হইতে পারে না।

৪। গ্রাম্যতা। কেবল ইতর লোক বা গ্রাম্য লোকের মধ্যে যে সকল শব্দ প্রচলিত, তাহা ব্যবহৃত ইইতে পারে না। "কৌশল্যার পো রাম," "দশরথের বেটা লক্ষ্মণ," এ সকল বাক্য গ্রাম্যতা-দোবে দুক্ট। নাটক ও উপন্যাস গ্রন্থে, যে স্থানে কথোপকথন লিখিত হইতেছে. সেখানে এই চারিটি দোষ অর্থাৎ বর্ণাশনুদ্ধি, সংক্ষিপ্তি, প্রাদেশিকতা ও গ্রাম্যতা থাকিলে দোষ ধরা যায় না। কেন না মোখিক রচনা এ সকল নিয়মের অধীন নহে বলিয়াছি। কথোপকথন মোখিক রচনা মাত্র। কবিতা রচনাতেও অনেক স্থানে এ সকল নিয়মের ব্যতিক্রম দেখা থায়।

৫। ব্যাকরণ-দোষ। রচনায় ব্যাকরণের সকল নির্মগর্নাল বজান রাণিতে হইবে। ব্যাকরণের সকল নির্মগর্নাল এখানে লেখা যাইতে পারে না—তাহা হইলে এইখানে একখানি ব্যাকরণের গ্রন্থ লিখিত হয়। কিন্তু উদাহরণস্বরূপ দুই একটা সাধানণ নির্ম ব্যাইয়া দেওয়া যাইতেছে।

সন্ধি। সংস্কৃতের নিয়ম, সন্ধির যোগ্য দুইটি বর্ণ একত্রে থাকিলে সকল স্থানেই সন্ধি হইবে। কিন্তু বাঙ্গালার নিয়ম তাহা নহে, বাঙ্গালার সমাস ব্যতীত সন্ধি হল না। যে দুইটি শব্দে সমাস হয় না, সে দুইটি শব্দে সন্ধিও হইবে না।

সহজ উদাহরণ;—"সঃ অস্ত্রি." সংস্কৃতে, "সোহস্তি" ইইবে; কি বু বাঙ্গালায় "তিনি আছেন" "তিন্যাছেন" হইবে না। "ভাঙ্গালি" "উত্থিত" এই দুইটি শব্দ সংস্কৃতে যে অবস্থায় থাকুক না কেন, মধ্যে আর কিছন না থাকিলে, "অঙ্গালানুয়িখত" হইরা যাইবে, কি বু বাঙ্গালায় যদি বলি, "তিনি অঙ্গালি উত্থিত করিলেন," সে স্থলে "তিনি অঙ্গালি তিবি করিবলেন," এর্প কথনই লিখিতে পারিব না। কেন না এখানে সমাস নাই।

বাঙ্গালায় পরির দ্বিতাগ নিশম এই যে সম্সংগ ও সংস্কৃতে এখন সনি ইইবে না। "আমার অঙ্গুলি" বলিতে হইবে, "আমারাঙ্গুলি" হয় না। পরি কবিতে হইবে, "মনসম্পূলি" বলিবে, সেও ভাল বাঙ্গালা হয় না কেন না সংগ্যালাই। "মড্যালাই পক্ষী বলা বাষ না: "শবাহারী" বলিতে হইবে। "গাধাক্ত পশ্"ে বলা বায় না; "গশ্পিত্ত হৈ বলিতে হইবে। সকলেই মনান্তর" বলে, কিন্তু ইয়া অশ্যেষ্ধ। কেন না কি বলা কিছি; সাজকৃত মনস্, প্রথমায় মনঃ, এজন্য, "মনোদ্ঃখ", 'মনোর্থ" শ্যেষ্ধ।

তৃতীয় নিষম। যদি দুইটি শব্দ অসংস্কৃত হুফ তবে কংশাই স্কি বুইবে না। "থা, "পাকা আতা" সন্ধি হুফু না।

সমাস। সমাসেনও নিমা ঐর্প; সংস্কৃতে এবং অসং-কৃতে সম্স ং । যেমন, "মহক্মাধ্যক্ষ"; "উক্লীলাগেলা" - মোভাবাদি" এ সকল অশ্চ । এক এব্প অশ্চি এখন সচরাচর দেখা যায়।

উভষ শব্দ সংস্কৃত হইলেও সনাস করা না করা লেখকেব ইচ্ছ ধন। "তাধবেব অমৃত" বলিতে পার, অথবা "অধরামৃত" বলিতে পাব। "তাধরামৃত" বলিলে সমাস হইল "তাধবের অমৃত" বলিলে সমাস হইল না। সন্ধি করা না কবাও লেখকের ইচ্ছাধন। কেহ লেখেন "অধরামৃত", কেহ লেখেন "অধর অমৃত"।

বাঙ্গালায় সন্ধি সমাসের বাহ্বা ভাল নহে। সহজ রচনায উহা যত কম হয়, তত ভাল।
প্রত্যায়। প্রত্যা সম্বন্ধে সংস্কৃতের যে নিয়ম বাঙ্গালা রচনায় সংস্কৃত প্রত্যা বাবহাবকালে
সেই সকল বজায় রাখিতে হইবে। "সৌজনাতা" "ঐক্যতা" এ সকল অশ্ব্ধ। "সৌজন্য"
"ঐক্য" এইর্প হইবে।

সংস্কৃত শব্দের পার অসংস্কৃত প্রতাষ ব্যবহাব হইতে পালে না। "ম্খামি" বলা যায় না, কেন না "ম্খ" সংস্কৃত শব্দ, "মি" সংস্কৃত প্রতায় নহে: "ম্খতা" বলিতে হইবে। "অহস্মখ" সংস্কৃত শব্দ: এজন্য "আহাস্ম্যুখি" অশ্ব্দ্ধ, "অহস্ম্যুখতা" বলিতে হইবে।

দ্বীদ্ব। সংস্কৃতে এই নিয়ম আছে যে, বিশেষ্য যে লিঙ্গান্ত হইবে, বিশেষ্ণও সেই লিঙ্গান্ত হইবে। যথা, সুন্দরী বালিকা, সুন্দর বালক; বেগবান নদ, বেগবতী নদী।

বাঙ্গালায় এই নিযমের অন্বত্তী হওরা লেখকের ইচ্ছাধীন। অনেকেই স্ক্রণী বালিকা লেখেন; কিন্তু স্ক্রের বালিকাও বলা যায়। বিশেষতঃ বিশেষণ বিশেষোর পরে থাকিলে ইহাতে কোন দোষই হয় না। যথা, "এই বালিকাটি বড় স্ক্রে।" "রামের স্ক্রী বড় মুখর।" অনেক সময়ে বিশেষণ স্ক্রীলিঙ্গান্ত হইলে বড় কদর্য্য শ্লায়। যথা, "রামের মা উত্তমা পাচিকা" এখানে "উত্তম পাচিকা" বলিতে হইবে।

वाजाना तहनास न्योष मन्दर्भ करसकीं निसम श्रवन :--

১। স্ত্রীলিঙ্গান্ত বিশেষের বিশেষণকৈ প্রংলিঙ্গান্ত রাখিতে পার। যেমন স্কুলর বালিকা,

উব্বর ভূমি। কিন্তু পর্ংলিক্সান্ত বা ক্লীবলিক্সান্ত বিশেষোর বিশেষণকৈ কখন দ্বীলিক্সান্ত করিতে পার না। "পঞ্চমী দিবস" "মহতী কার্য্য" "সুবিস্কৃতা জনপদ" এ সকল অশুদ্ধ।

- ২। স্থালিকান্ত বিশেষের বিশেষণকে ইচ্ছামত স্থালিকান্ত না করিলে, না করিতে পার; কিন্তু যদি কতকগর্নল বিশেষণ থাকে আর তাহার একটিকে স্থালিকান্ত কর, তবে আর সকলগ্নিকেও স্থালিকান্ত করিতে হইবে। 'স্কুদর বালিকা" বলিতে পার, কিন্তু "স্কুদরে বালিকা" বলিতে পাব না, "স্কুদিন্তা স্কুদর বালিকা" বলিতে হইবে। 'প্রথর নদী" বলিতে পার না কিন্তু "কুলপ্লাবিনী প্রথর নদী" বলিতে পাব না এখানে 'প্রথরা" বলিতে হইবে।
- ৩। বিশেষণ হইলে সংস্কৃত শব্দ ই শ্বীলিঙ্গান্ত হয়, অসংস্কৃত বিশেষণ স্বালিঞ্জান্ত হয় না। যথা "একটা বড় বাঘিনী" ভিন্ন "একটা বড়ী বাঘিনী" বলা যায় না; "ডেঙ্গা সেয়ে" ব্যাতীত "ডেঙ্গী মেয়ে" বলা যায় না। "ফ্টো কোডি." "ফ্টো কোডি" নহে। হিন্দীর নিয়ম বিপরীত। হিন্দীতে "ফ্টো কোডি" বলিতে হইবে।
- ৪। অসংস্কৃত শব্দেব স্বীলিঙ্গান্ত বিশেষণ ভাল শ্নোম না। "গর্ভবিতী মেমে" না বলিয়া "গর্ভবিতী কনা" বলাই ভাল। "স্শীলা বউ" না বলিয়া "স্শীল বউ" বা "স্শীলা বধ্" বলা উচিত। "মুখুৱা চাকরাণী" না বলিয়া "মুখুৱা দাসী" বলিব।

কারক। সকল বাকো কর্ত্তা ও কক্ষা মেন নিশ্দিতি থাতে। ব জালায় এ বিখনে তুল সপদ। হয়। আমাকে মারিয়াছে।" কে মারিয়াছে ভাহার ঠিক নাই। "বর্ঝি দেশে রহিতে দিল না।" কে বহিতে দিল না তাহার ঠিক নাই।

দ্বিতীয় পাঠ

অর্থ ব্যক্তি

ভোমার খাহ। বালিবার প্রনোজন, রচনাস ভাহা যদি প্রকাশ করিতে না পারিলে তবে বচনা বৃথা হইল। অর্থব্যক্তিব বিশেষ কোন নিয়ম নাই, তবে দুই একটা সঙ্কেত আছে।

যে কথাটিতে তোমার কাজ হইবে, সেই কথাটি ব্যবহার করিবে। তাহা শ্রনিতে ভাল নাম, কি বিদেশী কথা, এর প আপত্তি গ্রাহা করিও না। এক সমযে লেখকদিলোব প্রতিজ্ঞা ছিল যে, সংস্কৃতমূলক শব্দ ভিন্ন অন্য কোন শব্দ বাবহার করিবে না। কিন্তু এখনকার উৎকৃষ্ট লেখকেরা প্রায়ই এ নিষম ত্যাগ করিয়াছেন। যে কথাটিতে মনের ভাব ঠিক বাক্ত হয়, তাঁহাবা সেই কথাই বাবহার করেন।

একটি উদাহরণ দিতেছি। তুমি কোন আদালতের ইশ্তিহারের কথা লিখিতেছ। আদালত হইতে যে সকল আজ্ঞা. সকলের জানিবার জন্য প্রচারিত হয়, তাহাকে ইশ্তিহার বলে। ইহার আর একটি নাম "বিজ্ঞাপন"। "বিজ্ঞাপন" সংস্কৃত শব্দ, ইশ্তিহার বৈদেশিক শব্দ, এজন্য অনেকে "বিজ্ঞাপন" শব্দ ব্যবহার করিতে চাহিবেন। কিন্তু বিজ্ঞাপনের একটা দোষ আছে. তাহার অনেক অর্থ হইয়া উঠিয়াছে। গ্রন্থকর্তা গ্রন্থ লিখিয়া গ্রন্থের পরিচয় জন্য প্রথম যে ভূমিকা লেখেন তাহার নাম "বিজ্ঞাপন"। দোকানদার আপনার জিনিস বিদ্রের জনা খবরের কাগজে বা অন্যন্ত যে খবর লেখে, তাহার নাম "বিজ্ঞাপন"। সভা কি রাজকর্ম্মানারীর রিপোর্টের নাম "বিজ্ঞাপন"। "বিজ্ঞাপন" শব্দের এইর্প গোলযোগ আছে। এস্থলে, আমি ইশ্তিহার শব্দই ব্যবহার করিব। কেন না. ইহার অর্থ সকলেই ব্রুমে লোকিক ব্যবহার আছে। অর্থেরিগ্রন্তি লোল গোল নাই।

দ্বিতীর সন্দেকত এই বে, বদি এমন কোন শব্দই না পাইলাম বে তাহাতে আমার মনের ভাব ঠিক ব্যক্ত হয়. তবে বেটি উহারই মধ্যে ভাল. সেইটি ব্যবহার করিব। ব্যবহার করিরা তাহার পরিভাষা করিয়া অর্থ বুঝাইয়া দিব। দেখ. "জ্বাতি" শব্দ নানার্থ। প্রথম, জ্বাতি (Ca-te) অর্থে হিন্দুসমাজের জাতি; বেমন ব্রাহ্মণ, কারস্থ, কৈবর্ত্ত ইত্যাদি। দ্বিতীয়. জ্বাতি অর্থে দেশবিদেশের মনুষ্য (Nation); বেমন ইংবেজজাতি, ফরাসীজাতি, চীনজাতি। ভূতীয় জ্বাতি অর্থে মনুষ্যবংশ (Race); বেমন আর্য্যজাতি, সেমীয়জাতি, তুরাদীজাতি ইত্যাদি। চত্তর্থ, জ্বাতি অর্থে কোন দেশের মনুষ্যদিগের শ্রেণীবিশেষ মাত্র (Tribe); বেমন, মিহুদায়

দশব্দাতি ছিল। পশুম, 'নানাজাতি পক্ষী', 'কুকুরের জাতি' (Species) বাললে যে অর্থ ব্রুনায়, তাই। ইহার মধ্যেও কোনও অর্থ প্রকাশ করিতে গেলে, জাতি ভিন্ন বাঙ্গালায় অন্য শব্দ নাই। এন্থলে জাতি শব্দই ব্যবহার করিতে হইবে। কিন্তু ব্যবহার করিয়া তাহার পরিভাষা করিয়া ব্রুনাইয়া দিতে হইবে যে, কোন্ অর্থে 'জাতি' শব্দ ব্যবহার করা যাইতেছে। ব্রুনাইয়া দিয়া উপরে যেমন দেওয়া গেল, সেইর্পে উদাহরণ দিলে আরও ভাল হয়।

তৃতীয় পাঠ

প্রাঞ্জলতা

প্রাঞ্জলতা রচনার বড় গ্ল। তুমি যাহা লিখিবে, লোকে পড়িবামাত্র যেন তাহা ব্রিকতে পারে। যাহা লিখিলে, লোকে যদি তাহা না ব্রিকতে পারিল, তবে লেখা ব্থা। কিন্তু অনেক লেখক এ কথা মনে রাখেন না। কতকগ্লি নিয়ম, আর কতকগ্লি কৌশল মনে রাখিলে রচনা খ্ব প্রাঞ্জল করা যায়। দুই বকমই বলিয়া দিতেছি।

১। একটি বস্তুর অনেকগর্নল নাম থাকিতে পারে, যেমন আগ্রনের নাম অগ্নি, হ্তাশন অথবা হ্তভুক্, অনল, বৈশ্বানর, বায়্দখা ইত্যাদি। এখন, আগ্রনের কথা লিখিতে গেলে ইহার মধ্যে কোন্ নামটি বাবহার করিব? যেটি সবাই জানে, অর্থাং অল্ন বা অগ্নি। র্যাদ বিলি, "হ্তভুক্ সাহায্যে বাষ্পীয় ফল্ম সঞ্চালিত হয়," তবে অধিকাংশ বাঙ্গালী আমার কথা ব্রিকবে না। যদি বলি যে, "অগ্নির সাহায্যে বাষ্পীয় ফল্ম চলে" সকলেই ব্রিকবে।

২। অন্থাক কতকগ্নলা সংস্কৃত শব্দ লাইয়। সন্ধি সমাসের আড়ম্বর করিও না—অনেকে ব্রিকতে পারে না। যদি বলি, "মীনক্ষোভাকুল কুবলয" তোমরা কেহ কি সহজে ব্রিকে? আর যদি বলি, "মাছের তাড়নে যে পদ্ম কাঁপিতেছে," তবে কে না ব্রিকবে?

৩। অনর্থক কথা বাড়াইও না। অলপ কথায় কাজ হইলে, বেশী কথার প্রযোজন কি? "এবন্দিবধ বিবিধ প্রকার ভয়াবহ ব্যাপারেব বশীভূত হইষা, যখন স্খ্যাদেব প্র্রেগগনে অধিষ্ঠান করিয়া প্থিবীতে স্বীয় কিরণমালা প্রেরণ কবিলেন, তখন আমি সেই স্থান পরিত্যাগ প্র্রেক অন্যর গমন করিলাম।" এর্প না বলিয়া যদি বলি, "এইর্প অনেক বিষয়ে ভয় পাইষা, যখন স্খ্য উঠিল তখন আমি সেস্থান হইতে চলিয়া গোলাম" তবে অথের কোন ক্ষতি হয় না, অথচ সকলে সহজে ব্রিয়তে পারে।

৪। জটিল বাক্য বচনা করিও না। অনেকগর্নল বাক্য একত্র জড়িত কবা হইলে বাক্য জটিল হয়। যেখানে বাক্য জটিল হইয়া আসিবে, সেখানে জটিল বাক্যটি ভাঙ্গিবা ছোট ছোট সরল বাক্যে সাজাইবে। উদাহরণ দেখ —

"দিন দিন পল্লীগ্রাম সকলের ষের্প শোচনীয় অবস্থা দাঁড়াইতেছে, তাহাতে অক্পকাল মধ্যে পল্লীগ্রাম যে জলহীন হইবে, এবং তদ্ধেতুক যে কৃষিকার্য্যের বিশেষ ব্যাঘাত ঘটিবে, এর্প অনুমান করিয়াও অনেক দেশহিতৈষী ব্যক্তি তাহার প্রতিবিধানে যত্ন করেন না, দেখিয়া আমরা বড় দুঃখিত হইয়াছি।"

এই বাক্য অতি জটিল। সহজে বৃঝা ষায় না। কিন্তু ছোট ছোট বাক্যে ইহাকে বিভক্ত করিয়া লইলে কত সহজ হয় দেখ। "দিন দিন পল্লীগ্রাম সকলের শোচনীয় অবস্থা দাঁড়াইতেছে। মেরুপ শোচনীয় অবস্থা দাঁড়াইতেছে, তাহাতে অলপকাল মধ্যে অনেক পল্লীগ্রাম জলহীন হইবে। পল্লীগ্রাম সকল জলহীন হইলে কৃষিকার্যোর বিশেষ ব্যাঘাত ঘটিবে। অনেক দেশহিতৈষী ব্যক্তি ইহা অনুমান করিয়াছেন। কিন্তু অনুমান করিয়াও তাঁহারা ইহার প্রতিবিধানের ষম্ন করেন না। ইহা দেখিয়া আমরা বড় দৃত্তখিত হইয়াছি।"

একটি বাক্যের স্থানে ছর্মাট হইয়াছে। কিন্তু ব্রিথবার আর কোন কন্ট নাই।

৫। উদাহরণ। বেখানে স্থ্রল কথাটা ব্রিখতে কঠিন, সেখানে উদাহরণ প্রয়োগে বড় পরিক্ষার হয়। এই প্রকেষ কথার উদাহরণ দেওয়া গিয়াছে, স্ত্রাং উদাহরণের আর প্রকৃ উদাহরণ দিবার প্রয়োজন নাই।

७। मन्द्रकातमा। चुन वाकाणि वर् मर्शकश्च श्हेल जातक ममरा व्यक्तित कच्छे हम्।

এমন স্থলে সম্প্রদারণ করিবে। অশ্বের উদাহরণ প্রতে প্রথম অধ্যায়ে সপ্তম পাঠে দিরাছি; তাহা দেখিলেই ব্যবিতে পারিবে।

"অশ্ব, শৃক্ষহীন উদ্ভিদ্ভোজী চতুষ্পদ বিশেষ।"

ইহাতে অনেক কথা বৃৃথিবার কন্ট আছে। যাহা যাহা বৃ্থিবাব কন্ট, তাহা প্রথম অধ্যায়ে সপ্তম পাঠে সম্প্রসারিত বাকাগ্র্নিতে পরিষ্কার হইয়াছে। আর এক প্রকারের উদাহরুশ দেখ।

মনে কর, এ বংসর বৃণ্টি কম হইয়াছে। লোকে বলে "উন বর্ষায় দুনো শীত।" অর্থাৎ বে বার বৃণ্টি কম হয় সে বার শীত বেশী হয়। মনে কর তৃমি সে কথা জান না। এমন অবস্থায় ভাদ্র মাসে তোমাকে যদি কেহ বলে, "এ বংসর শীত বেশী হইবে," তাহা হইলে তুমি ভাহার কথার মন্মা কিছ্ব বৃনিতে পারিবে না, হযত তাহাকে পাগল মনে করিবে। কিছু সে যদি নিজ বাক্যের সম্প্রসারণ করিষা বলে, "যে যে বংসব কম বর্ষা হইয়াছে, সেই সেই বংসব বেশী শীত হইয়াছে দেখা গিয়াছে। এ বংসর কম বর্ষা হইয়াছে, অতএব এ বংসর বেশী শীত হইবে।" তাহা হইলে বৃনিবার কণ্ট থাকে না।

ন্যায়শান্তে ইহাকে "অব্যব" বলে। ন্যাযশান্তে অব্যবেব এইব্প উদাহবণ দেয় যথা—
"পর্বতে আগ্নুন লাগিযান্তে,

কন না প্ৰতি ধব্য দেখিতেছি।"
বেখানে বেখানে ধব্য দেখিতেছি।"
বেখানে বেখানে ধব্য দেখা গিযাছে, সেইখানে আগ্ন দেখা গিযাছে।
এই প্ৰতিত ধব্যা দেখা যাইতেছে
অতএব ইহাতে আগ্ন লাগিয়াছে।
অনেক সময়ে এইবৃপ লিখিলে রচনা বড পরিষ্কাব হয়।

চভূথ পাঠ

অলঙ্কার

অলংকার ধারণ কবিলে যেমন মনুষ্যের শোভা বৃদ্ধি পায, অলংকার ধারণ করিলে রচনারও সেইর্প শোভা বৃদ্ধি পায। কিন্তু অলংকাব প্রযোগ বড় কঠিন। আব, সকল প্রকার রচনার অলংকারের সমাবেশ কবা যায় না, বিশেষ, যাহারা প্রথম রচনা করিতে শিখে, তাহাদিগের পক্ষে অলংকার প্রযোগ বিশেষ নহে। অতএব অলংকাব সম্বন্ধে কিছু লেখা গেল না।

তৃতীয় অধ্যায়

পত্রজিপি

পত্র লিখিতে জানা, সকলেরই পক্ষে নিতাস্ত প্রযোজনীয়। অন্য প্রকার রচনার ক্ষমতা, অনেকের পক্ষে নিষ্প্রয়োজন হইতে পারে, কিন্তু পত্র লিখিবার ক্ষমতা সূকলের পক্ষে প্রযোজনীয়। এই জন্য পত্র লেখার পদ্ধতি বলিয়া দিবাব জন্য একটি স্বতন্ত্র অধ্যায় লিখিলাম। পত্র লেখা অতি সহজ। বাঙ্গালায় পত্র লেখার কয়েক প্রকার পাঠ প্রচলিত আছে।

প্জা ব্যক্তি, যাঁহাকে প্রণাম করিতে হয় তাঁহাকে "সেবক" ও "প্রণাম" পাঠ লিখিতে হয়। বথা—

সেবক শ্রীরমানাথ দেবশর্মণঃ প্রশামাঃ শতসহন্তানবেদনও বিশেষং। এই "দেবশর্মণঃ" শব্দ সন্বন্ধে একটা কথা ব্যাঝিবার আছে। ব্রাক্ষণেরা সকলেই আপন নামের পর "শব্দা" বা "দেবশর্মা" লিখিতে বা বলিতে পারেন। রমানাথ বল্দ্যোপাধ্যায়কে বাদ কেই জিজ্ঞাসা করে, মহাশরের নাম কি? তিনি উত্তর করিতে পারেন, "আমার নাম শ্রীরমানাথ শব্দা" অথবা শ্রীরমানাথ দেবশর্মা"। কিন্তু দেখিবে পত্রের পাঠে লিখিত হইল "দেবশর্মা"। নহে। ইহার কারণ এই যে, আসল শব্দটি "শব্দাশ্"। প্রথমায় ইহা শব্দা হয়—"শব্দাশ্য" মঠান্ত। শব্দা বহাত হইলে সন্বন্ধ পদ হয়। অভএব "শব্দাণ্য" কি "দেবশব্দাণ্য" বলিলে

विश्वका ब्रह्मावली

'শন্দর্শার' ও 'দেবশন্দর্শাব'' ব্যুঝাষ। উপবে যে পাঠ লেখা হইয়াছে, তাহাব অর্থ এই যে "আপনান দেবক শ্রীবনানাথ দেবশন্দর্শাব শতসহস্ত্র প্রথাম ও নিবেদন।" ব্রাহ্মণ ভিন্ন অন্য জাতীয লেখন ২ইলেও লেখকেব নামটি ঐবংপ ফঠান্ত ছইবে স্থা—

'সেবক শ্রীবমানাথ দাস ঘোষস্য প্রণামাঃ শতসহস্রনিবেদনও বিশেষং'।

'সেবক শ্রীরাম্চন্দ্র সেন গর্প্তস্য প্রণামাঃ" ইত্যাদি সেবক শ্রীরাম্নিধি দাস বসোঃ প্রণামাঃ" ইত্যাদি।

রাহ্মান্ত্রান্ত্রা বালা ব্যান্ত্র প্রাম্থার ত্রান্ত্রান্ত্র বাহ্মান্তর বাহ্মান্ত্রান্ত্রান্ত্র বাহ্মান্ত্রান্ত্র বাহ্মান্ত্র বাহ্মান্ত্র বাহ্মান্ত্র বাহ্মান্ত্র বাহ্মান্ত্র বাহ্মান্ত্র বাহ্মান্তর বাহ্মান্ত্র বাহ্মান্ত বাহ্মান্ত বাহ্মান্ত্র বাহ্মান্ত বাহ্মান্ত্র বাহ্মান্ত্র বাহ্মান্ত্র বাহ্মা

"মোক্ষদা দেবাাঃ প্রণামাঃ" ইত্যাদি 'কৃষ্ণপ্রিমা দাস্যা, প্রণামাঃ ইত্যাদি।

এইরপে ষষ্ঠান্ত পদ পত্রেব ভিত্বে নিষ্ঠিত হয় বলিষা এ দেশেব লৌকিক সাচাবে একটা ঘোবতর প্রম প্রবেশ কবিষাছে। লোকেব বিশ্বাস হইষাছে যে, প্রীলোকেব নামই ব্রিথ দেবাঃ" ও 'দাস ঃ । সাধাবণ লেখবে বা ব োদােকেও 'দেবাঃ" লেখেন কন্দ্রিলাকেও 'দেবাঃ" লেখেন কন্দ্রিলাকেও 'দেবাঃ" লেখেন কন্দ্রিলাকেও 'দেবাঃ" লেখেন কন্দ্রিলাক ক্রিক না এবাইলে ব্যবহৃত হইকে না।

সৈইন্প 'নেৰশম্পাঃ । আজিও এমন মনেক মুখা রাহ্মাক্ষ্যাৰ আছে যে নাম বলিতে লোলে বলে আমাৰ নাম প্রীম্মান্ন দেশি । ইহা ভ্লাই াং অহা আখাৰ নাম শ্রীক্ষান্ন দেশি । না বলিতে ২ইবে 'আখাৰ নাম শ্রীক্ষান্ন দেশি শানি। না বলিতে ২ইবে 'আখাৰ নাম শ্রীক্ষান্ন দেশি শানি।

এ া সেহ সেবব ' পাঠ প্রনন্দা। ১ডিয়া । দহ

সেবক শ্রীবামনাথ দেবশর্মণঃ

প্রণামাঃ শতসহস্রনিবেদনও বিশেষ, এখন ডোম বিশে ।কবেদন কি এবা সহজ বাসালায় লিখিবে, যথা

'মহাশ্যের আজ্ঞাপত প্রাপ্ত ইইষা শিবেনা । র লান আপনি যের্প লেবা পড়া ও আহারাদি নিয়ম বলিষা দিয়াছেন আনি সেই নিয়মান্না ই চলিয়। আমি দ্বের কিছ্ন কণ্ট পাইতেছি। চিকিৎসা করাইতেছি। ইতি, তাবিখ সন ১২৮২। ২ শে শ্রাবন।

এই 'ইতি" শব্দেব অন্বয় উপৰে য়ে নিবেদন্ত িশেষং"– লিখিয়াছ, তাহাৰ সঙ্গে। "নিবেদনত বিশেষং ইতি", অৰ্থাৎ এই আমাৰ িশেষ নিবেদন।

উপবে লেখকেব নান আছে পত্রেব নীচে আব তোনা নাম লিখিতে হইবে না। কিন্তু অনেকে শেষ নাম লেখেন। তাঁহাবা সেবক পাঠ উপবে না লিখিয়া নীচে লেখেন। ষথা—

'প্রণামাঃ শতসহস্রনিবেদনও বিশেষং—

মহাশ্যেব আজ্ঞাপত্র পাইযা" ইত্যাদি লিখিয়া শেষে লেখেন ইতি তাবিখ সন ১২৮২। ২৭শে শ্রাবণ।

সেবব শ্রীবমানাথ দেবশম্মণঃ।

উপরে "নিবেদনং" পদ আছে, এজন্য "দেবশম্ম'ণঃ" লেখা হইল "দেবশর্ম্মাব নিবেদন" বুঝাইল। নহিলে "দেবশর্মা" লিখিতে হইত।

এক্ষণে পত্র সমাপ্ত হইল। এখন পত্র মাড়িয়া তাহাব উপবে শিবোনাম লিখিতে হইবে। বেমন পত্রের পাঠ আছে, তেমনই শিরোনামেরও পাঠ আছে। প্জা ব্যক্তি, যাঁহাকে সেবক পাঠ লিখিতে হয়, তাঁহাকে শিরোনামে "পবমপ্জনীয" লিখিতে হয়। নামের পব "শ্রীচবণেষ্" বা "শ্রীচরণকমলেষ্ট্" কি এইবুপ অন্য কোন সম্মানসূচক পদ লিখিতে হয়। যথা—

"পরমপ্জনীয়,

শ্রীষাক্ত বাবঃ মাধবচন্দ্র ঘোষাল

মাতৃল মহাশয় শ্রীচরণকমলেব্।" নীচে পদ্ধের ঠিকানা লিখিয়া দিবে, যথা—দের (বা দেনা) মোং বন্ধমান। প্রে ব্যক্তিকে "প্রণাম" করিতে হয়, তুলা ব্যক্তিকে "নমস্কাব" করিতে হয়। এই জন্য তুলা ব্যক্তিকে যে পত্র লেখা যায়, তাহাব পাঠের নাম "নমস্কার" পাঠ। যথা-

· সবিনয নমস rigis নিবেদনণ্ড বিশেষং অথবা বাঙ্গালায়--

াবনষপ্ত কি নমস্যার নিবেদন। অনেকে সংক্ষেপ কবিয়া শ্বঃ লেখেন

'नभन्कार्व निर्यमन।"

পৃথিবী ভাসাইব। পর্বতের মাথায় চড়িয়া, তাহার গলা ধরিয়া, বৃকে পা দিয়া, পৃথিবীতে নামিব: নির্বারপথে স্ফটিক হইযা বাহির হইব। নদীক্লের শ্নাহদর ভরাইযা, তাহাদিগকে রূপের বসন প্রাইয়া, মহাকল্লোলে ভীম বাদ্য বাজাইয়া তরক্ষের উপব তরঙ্গ মারিয়া, মহারঙ্গে ক্রীড়া করিব। এসো, সবে নামি।

কে যুদ্ধ দিবে—বায়। ইস্! বায়ার ঘাড়ে চড়িয়া দেশ দেশান্তরে বেড়াইব। আমাদের এ বর্ষাযুদ্ধে বায়া ঘোড়া মাত্র; তাহার সাহায্য পাইলে স্থলে জলে এক করি। তাহার সাহায্য পাইলে, বড় বড় গ্রাম, আটুালিকা, পোত মুখে করিয়া ধ্ইয়া লইয়া যাই। তাহার ঘাড়ে চড়িয়া, জানালা দিয়া লোকের ঘরে ঢাকি। যুবতীর যন্ত্নিম্পিত শ্য্যা ভিজাইয়া দিই—সামুপ্ত সাক্ষেরীর গায়ের উপর গা ঢালি। বায়া! বায়া ত আমাদের গোলাম।

দেখ ভাই, কেহ একা নামিও না—ঐক্যেই বল—নহিলে আমরা কেহ নই। চল—আমরা ক্ষুদ্র বৃষ্টিবিন্দ্ব—কিন্তু পৃথিবী বাখিব। শস্যক্ষেত্রে শস্য জন্মাইব—মন্ম্য বাঁচিৰে। নদীতে নোকা চালাইব—মন্ম্যের বাণিজ্য বাঁচিবে। তুল লতা বৃক্ষাদির প্রিণ্ট করিব—পশ্ব পক্ষী কীট পতক্ষ বাঁচিবে। আমরা ক্ষুদ্র বৃষ্টিবিন্দ্ব—আমাদের সমান কে? আমরাই সংসার রাখি।

তবে আয়, ডেকে ডেকে, হৈকে হৈকে, নবনীল কাদদ্বিনী! বৃণ্টিকুলপ্রস্তি! আয় মা
দিজ্জাতলব্যাগিনি; সৌরতেজঃসংহারিণি! এসো গগনমত্তল আছ্লয় কর, আমরা নামি! এসো
জাগনি স্কার্ত্তাসিনি চণ্ডলে! বৃত্তিকুলম্খ আলো কর! আমরা ডেকে ডেকে, হেসে হেসে,
নেচে নেচে, ভূতলে নামি। তুমি ব্রম্মতিদী বস্তু, তুমিও ডাক না—এ উৎসবে তোমার ইড

বাজনা কে? তুমিও ভূতলে পড়িবে? পড়, কিন্তু কেবল গন্ধোশ্লতের মন্তকের উপর পড়িও। এই ক্ষুদ্র পরোপকারী শসামধ্যে পড়িও না—আমরা তাহাদের বাঁচাইতে যাইতেছি। ভাঙ্গ ত এই পব্বতশ্প ভাঙ্গ; পোড়াও ত ঐ উচ্চ দেবালয়চ্ড়া পোড়াও। ক্ষ্মুদ্রকে কিছ্ব বালও না--আমরা ক্ষ্মুদ্র—ক্ষ্মুদ্রের জন্য আমাদের বড় বাথা।

দেখ, দেখ, আমাদের দেখিয়া প্থিবীর আহ্মাদ দেখ! গাছপালা মাথা নাড়িতেছে—মদী দর্নিতেছে, ধান্যক্ষেত্র মাথা নামাইয়া প্রণাম করিতেছে—চাষা চাষতেছে—ছেলে ভিজিতেছে—কেবল বেনে বউ আমসী ও আমসত্ব লইয়া পলাইতেছে। মর্ পাপিষ্ঠা! দৃই একখানা রেখে যা না—আমরা খাব। দে, মাগীর কাপড় ভিজিয়ে দে।

আমরা জাতিতে জল, কিন্তু রঙ্গরস জানি। লোকের চাল ফ্রটা করিয়া ঘরে উকি মারি—দম্পতির গ্রেছাদ ফ্রটা করিয়া ট্রু দিই। যে পথে স্কুদর বৌ জলের কলুসী লইয়া যাইবে, সেই পথে পিছল করিয়া রাখি। মায়্লিকার মধ্যু ধ্রইয়া লইয়া গিয়া, দ্রমরের অয় মারি। মায়্রিদর মধ্যু ধ্রইয়া লইয়া গিয়া, দ্রমরের অয় মারি। মায়্রিদর দাকান দেখিলে প্রায় ফলার মাখিয়া দিয়া যাই। রামী চাকরাণী কাপড় শ্রুতে দিলে, প্রায় তাহার কাজ বাড়াইয়া রাখি। ভব্ড বাম্নের জনা আচমনীয় যাইতেছে দেখিলে, তাহার জাতি মারি। আমরা কি কম পারে! তোমরা স্বাই বল—আমরা রাসক।

তা যাক্—আমাদের বল দেখ। দেখ, পর্বতকলর দেশ প্রদেশ ধ্ইয়া লইয়া, ন্তন দেশ নিম্মাণ করিব! বিশীণা স্তাকারা তামনীকে ক্লপ্লাবিনী দেশমজ্জিনী অনস্তদেহধারিণী অনস্ত তরঙ্গিণী জলরাক্ষসী করিব। কোন দেশের মান্য রাখিব—কোন দেশের মান্য মারিব—কত জাহাজ বহিব, কত জাহাজ ডুবাইব—প্থিবী জলময় করিব—অথচ আমরা কি ক্ষ্রে! আমাদের মত ক্ষ্রে কে? আমাদের মত বলবান্ কে?

খদ্যোত

খদ্যোত যে কেন আমাদিগের উপহাসের স্থল, তাহা আমি ব্রিডে পারি না। বোধ হয়, চন্দ্র স্থ্যাদি বৃহৎ আলোকাধার সংসারে আছে বলিয়াই জোনাকির এত অপমান। যেখানেই অলপার্শবিশিষ্ট ব্যক্তিকে উপহাস করিতে হইবে, সেইখানেই বক্তা বা লেখক জোনাকির আশ্রেষ গ্রহণ করেন। কিন্তু আমি দেখিতে পাই যে. জোনাকির অলপ হউক, অধিক হউক, কিছু আলো আছে—কই, আমাদের ত কিছুই নাই। এই অন্ধকারে পৃথিবীতে জন্মগ্রহণ করিয়া কাহার পথ আলো করিলাম? কে আমাকে দেখিয়া অন্ধকারে, দ্বন্তরে, প্রান্তরে, দ্বান্দ্র্বনে, বিপদে, বিপাকে বলিয়াছে, এস ভাই, চল চল, ঐ দেখ আলো জর্বলতেছে, চল, ঐ আলো দেখিয়া পথ চল? অন্ধকার! এ পৃথিবী ভাই বড় অন্ধকার! পথ চলিতে পারি না। যথন চন্দ্র স্থা থাকে, তখন পথ চলি—নহিলে পারি না। তারাগণ আকাশে উঠিয়া, কিছু আলো করে বটে, কিন্তু দ্বন্দ্রিন ত তাহাদের দেখিতে পাই না। চন্দ্রস্থাও স্বাদনে—দ্বন্দ্রিন, দৃহসময়ে, যথন মেযের ঘটা, বিদ্যুতের ছটা, একে রাহি, তাহাতে ঘোর বর্ষা, তখন কেহু না। মন্ব্যানিশ্র্মত যন্তের ন্যায় তাহারাও বলে— ''Hord non numero ni servnas!'' কেবল তুমি খদ্যোত,—ক্ষুদ্র, হীনভাস, ঘৃণিত, সহজে হনা, সর্বাদ হত—তুমিই সেই অন্ধকার দ্বন্দ্রিন বর্ষাবৃত্তিতে দেখা দাও। তুমিই অন্ধকারে আলো। আমি তোমাকে ভাল বাসি।

আমি তোমায় ভাল বাসি. কেন না. তোমার অলপ, অতি অলপ আলো আছে— আমিও মনে জানি, আমারও অলপ, অতি অলপ আলো আছে—তুমিও অন্ধকারে, আমিও ভাই. ঘোর অন্ধকারে। অন্ধকারে সন্থ নাই কি? তুমিও অনেক অন্ধকারে বেড়াইয়াছ—তুমি বল দেখি? যখন নিশীখমেষে জগৎ আছের, বর্ষা হইতেছে ছাড়িতেছে, ছাড়িতেছে হইতেছে; চন্দ্র নাই, তারা নাই, আকাশের নালিমা নাই, পৃথিবার দাপ নাই—প্রস্ফুন্টিত কুস্নুমের শোভা পর্যান্ত নাই—কেবল অন্ধকার, অন্ধকার! কেবল অন্ধকার আছে—আর তুমি আছ—তখন, বল দেখি, অন্ধকারে কি সন্থ নাই? সেই তপ্ত রোদ্রপ্রদেশিপ্ত কর্কশ স্পশপাড়িত, কঠোর শব্দে শব্দায়মান অসহ্য সংসারের পরিবর্ত্তে সংসার আর তুমি! জগতে অন্ধকার; আর মুদ্তি কামিনীকুস্নুম জলনিষেকতর্গায়িত ব্লেক্সর পাতায় পাতায় তিমি! বল দেখি ভাই, সন্থ আছে কি না?

আমি ত বলি আছে। নহিলে কি সাহসে, তুমি ঐ বন্যান্ধকারে, আমি এই সামাজিক

অন্ধকারে এই ঘোর দৃশ্বিদ্ধিনে ক্ষরে আলোকে আলোকিত করিতে চেন্টা করিতাম। আছে—
আক্ষনরে মাতিয়া আমোদ আছে। কেহ দেখিবে না—আক্ষনরে তুমি জর্বাবে—আর অক্ষনরে
আমি জর্বাব; অনেক জর্বারায় ক্রিবার। জীবনের তাৎপর্য্য ব্রিকতে অতি কঠিন—অতি গ্রে
তাত ভরঙ্কর—ক্ষর ইইয়া তুমি কেন জর্বা, ক্ষর ইইয়া আমি কেন জর্বাবা? তুমি তা, ভাব কি?
আমি ভাবি। তুমি বাদ না ভাব, তুমি স্ব্রা। আমি ভাবি—আমি অস্ব্রা। তুমিও কীট—
আমিও কীট, ক্ষ্মাধিক ক্ষ্ম কটি—তুমি স্বা,—কোন পাপে আমি অস্ব্রা? তুমি ভাব কি?
তুমি কেন জগৎসবিতা স্বা ইইলো না, এককালীন আকাশ ও সম্বের শোভা যে স্বাকর, কেন
তাই হইলো না—কেন গ্রহ উপগ্রহ ধ্মকেত নীহারিকা,—কিছু না ইইয়া কেবল জোনাকি ইইলো,
ভাব কি? বিনি এ সকলকে স্জন করিয়াছেন, তিনিই তোমায় স্জন করিয়াছেন, বিনিই
উহাদিগকে আলোক দিয়াছেন, তিনিই তোমাকে আলোক দিয়াছেন—তিন একের বেলা বড়
ছাদৈ—অন্যের বেলা ছোট ছাদে গড়িলেন কেন? অন্ধকারে এত বেড়াইলে, ভাবিয়া কিছু
পাইয়াছ কি?

তুমি ভাব না ভাব, আমি ভাবি। আমি ভাবিয়া স্থির করিয়াছি যে, বিধাতা তোমার আমার কেবল অন্ধকার রাত্রের জন্য পাঠাইয়াছেন। আলো একই—তোমার আলো ও স্বের্গর উভরই জগদীশ্বরপ্রেরিত—তবে তুমি কেবল বর্ষার রাত্রের জন্য।

এসো কাদি।

এসো কাদি—বর্ষার সঙ্গে, তোমার আমার সঙ্গে নিতা সম্বন্ধ কেন? আলোকমর, নক্ষ্য-শ্রেজ্বল বসন্তগগনে তোমার আমার স্থান নাই কেন? বসন্ত চন্দ্রের জন্য, স্থার জন্য, নিশ্চিন্তের জন্য;—বর্ষা তোমার জন্য, দৃঃখার জন্য, আমার জন্য। সেই জন্য কাদিতে চাহিতেছিলাম—কিন্তু কাদিব না। যিনি তোমার আমার জন্য এই সংসার অন্ধকারময় করিয়াছেন, কাদিয়া তাঁহাকে দোষ দিব না। যদি অন্ধকারের সঙ্গে তোমার আমার নিত্য সম্বন্ধই তাঁহার ইচ্ছা, আইস, অন্ধকারই ভালবাসি। আইস, নবীন নীল কাদদ্বিনী দেখিয়া, এই অনস্ত অসংখ্য জ্লান্ময় ভাষণ বিশ্বমশ্ভলের করাল ছায়া অন্ভূত করি; মেঘগভর্জন শ্রনিয়া, সর্ম্বধ্বংসকারী কালের অবিশ্রান্ত গভর্জন স্মরণ করি;—বিদ্যুম্পাম দেখিয়া কালের কটাক্ষ মনে করি। মনে করি, এই সংসার ভয়ঙ্কর ক্ষণিক,—তুমি আমি ক্ষণিক, বর্ষার জন্যই প্রেরিত ইইয়াছিলাম: কাদিবার কথা নাই। আইস, নীরবে জনলিতে জনলিতে, অনেক জনলায় জনলিতে জনলিতে সকল সহ্য করি।

নহিলে, আইস, মরি। তুমি দীপালোক বেড়িয়া বেড়িয়া প্রিড়য়া মর, আমি আশার্প প্রক প্রেচজন্ল মহাদীপ বেড়িয়া বেড়িয়া প্রিড়য়া মরি। দীপালোকে তোমার কি মোহিনী আছে জানি না—আশার আলোকে আমার যে মোহিনী আছে, তাহা জানি। এ আলোকে কত বার ঝাপ দিয়া পড়িলাম, কত বার প্রিড়েলাম, কিন্তু মরিলাম না। এ মোহিনী কি. আমি জানি। জ্যোতিম্মান্ হইয়া এ সংসারে আলো বিতরপ করিব—বড় সাধ; কিন্তু হায়! আমরা খদ্যোত! এ আলোকে কিছুই আলোকিত হইবে না! কাজ নাই। তুমি ঐ বকুলকুঞ্জকিসলয়কৃত অন্ধকাব-মধ্যে, তোমার ক্ষান্ত আলোক নিবাও, আমিও জলে হউক, স্থলে হউক, রেগে হউক, দঃখে হউক,

ध काम मीश निवारे।

মন্ব্য খদ্যোত।

বালা বাচলা

্রেই কবিতাগালি লেখকের পঞ্চদশ বংসর বরসে লিখিত। লিখিত হওয়ার তিন বংসর পরে মাদ্রিত ও প্রকাশিত হয়। প্রকাশিত হইয়া বিক্রেতার আলমারীতেই পচে—বিক্রয় হয় নাই। তাহার পর আর এ সকল প্রনর্মাদ্রিত করিবার যোগা বিবেচনা কবি নাই, এখনও আমার এমন বিবেচনা হয় না বে, ইছা প্রনর্মাদ্রিত করা বিধেয়। বাল্যকালে কির্প লিখিয়াছিলাম, তাহা দেখাইয়া বাহাদ্রে করিবার ভরসা কিছ্মান্ত নাই; কেন না, অনেকেই অলপ বয়সে এর্প কবিতা লিখিতে পারে। যাহা অপাঠা, তাহা বালক-প্রশীত হউক বা ব্রজ্ঞপতি হউক, তুলার্পে পরিহার্যা। অতএব কিছ্ম পবিবর্ত্তন না করিয়া "লালডা" নামক কাব্যখানি প্রমান্তিত করিতে পারিলাম না। "মানস" নামক কাব্যখানিতে পরিবর্ত্তন বজ্ সহজ্ঞ নহে, এ জন্য সে চেন্টা করিলাম না। তথাপি সামান্যর্প পরিবর্ত্তন কবা গিয়ছে।।

ললিতা

ভৌতিক গম্প

"O Love! in such a wilderness as this. Where transport with security entwine. Here is the Empire of thy perfect bliss. And here art thou a God indeed divine."

Gertrude of Wyoming.

"But mortal pleasure, what art thou in truth! The torrents' smoothness ere it dash below."

প্রথম সগ

মহারণ্যে অন্ধকার, গভীর নিশায় নিৰ্মাল আকাশ নীলে, শশী ভেসে যায়॥ কাননের পাতা ছাদ, নাচে শশিকরে। পবন দোলায় তারে সুমধ্ব স্বরে । নীচে তার অন্ধকারে, আছে ক্ষুদ্র নদী। অন্ধকার মহান্তর, বহে নিরবিধ।। ভীম তর্শাখা যথা পড়িয়াছে জলে. কল কল করি বারি সরেবে উছলে॥ আঁধারে অস্পন্ট দেখি, যেন বা স্বপন! কলিকান্তবকময় ক্ষুদ্র তর্গণ॥ শাখার বিচ্ছেদে, কভ, শশধরকর, স্থানে স্থানে পডিয়াছে, নীল জলোপর॥ যোর শুরু নদীতটে : শুরু ক্ষণে ক্ষণে. कान कीं वास आत्म नाष्ट्रा निरंत्र वतन॥ শ্ব, অন্ধকার মাঝে, অলক্ষা শরীর। কোন হিল্লে পশ্ব ছাড়ে নিশ্বাস গভীব।। অসংখ্য পরের শৃধ্য, ভীষণ মন্মর। আর শুধু শুনি এক, সঙ্গীতের স্বর॥ গভীর সঙ্গীত সেই! ভাসে নদী দিরে। ভাঙ্গিল গভীর দ্রব্ধ স্বরে সিহারের---

কথন কোমল স্থির কর্ণার স্বরে,
যেন কোন বিরহিণী কে'দে কে'দে মরে॥
শ্নিরে তা মনে হয়, ঈয়ৎ আভাস,
যেন কত স্থান্বপ্প, হয়েছে বিনাশ;
কি কারণে দঃংখোদয় কিসের স্মরণে,
কিছ্ই বরিম না তব্ল, উচাটন মনে॥
ফ্লিয়া উঠেছে ধর্নি, স্থির শ্না কেটে।
ইচ্ছা কবে গগনেতে উঠে যাই ফেটে॥
ছে'ডে হদরের ডোর গভীর যাতনে।
ইচ্ছা করে গলি গিয়ে মিশি গান সনে॥
আব যদি সঙ্গীতের দেহ দেখা পাই!
যতনেতে আলিঙ্গিয়া, মোহে মরে বাই॥

নদীতীরে বৃক্ষ নাহি ছিল এক ছানে।
দীর্ঘ তৃণে চন্দ্রকর জর্মলছে সেখানে॥
ছোট গাছে তারামত ফ্রেল প্রুপদলে।
ছির তার প্রতির্প ছির নদীজলে॥
স্থাব্দপ্রে যেন তারা, নিদ্রান্তরে হাসে।
গগন গ্রেম্বে মরে, সূখমর বাসে॥
দেই স্থানে বসি এক নারী একাকিনী।
ফ্লেহীন বনে যেন ছলক্মালিনী॥

বঙ্কিম রচনাবলী

মিশেছে সে চন্দ্রিকায়; ভাবে তায় চিত্ত
শ্ব্ সে স্বপ্লের ছায়া, অসত্য অনিত্য॥
যৌবন আশার সম ফ্রের রূপ তার।
দেখিয়া ফিরালে অথি, দেখি ফিরে বার॥
ছিরা ধীরা স্কোনলা বিমলা অবলা।
সবে নব প্রিতেছে যৌবনের কলা॥
মোহন সঙ্গীতে মন বে'বেছে যতনে।
প্রেম যেন শ্নিতেছে আশার বচনে॥
বদনে ললিত রেখা কত হরে যায়।
রিস্তিম নীরদ যেন শাবদ সদ্ধায়।
গলিল নয়নপদ্ম: মৃদ্ধ তাব মন,
প্রাণ মন জ্ঞান ধন দৌবন যোনে
স্বলি করেছে যেন গীতে সমর্পণি॥
কোথা হতে আসে সেই স্মুম্বুর গান স্কেন তাতে এত আশান কে হবিল প্রাণ

লাগিতা তাহার নাম-রাজাব নান্দনী। জননী না ছিল তাা, বিমাতা বাঘিনী। বাজা বড় নিষ্ঠার সতত দেয় জনলা: গোপনে কতই ফাঁদে মাতৃহীনা বালা। দ্বভর্জানের সাথে তার বিবাহ সম্বন্ধ--শ্বনে কে'দে কে'দে তার চক্ষ্ম যেন অন্ধ। মন্মথ নামেতে যুবা, সুঠাম সুন্দর, বচনে অমিয ক্ষরে নাবীমনোহব। মোহিল ললিতাচিত তার দরশনে। গোপনে বিবাহ হৈল মিলিল দুজনে। জানিল বিবাহবার্তা দরেন্ত রাজন্। কন্যাবে ডাকিয়া বলে পর্ষ বচন॥ u পরে বী আধার কেন কর কলাজ্কনী। শীষ্ক যাও দেশান্তরে না হতে যামিনী॥ কাল যদি দেখি তোরে, বাধব পরাণ। ভয়ে বালা সেই দশ্ডে কবিলা প্রস্থান॥ মন্মথ লইয়া তারে তুলিল নোকায়। ভয়ে ভীত দুই জনে নদী বেয়ে যায়॥ পথিমধ্যে দস্যুদল আসিয়া রোধিল। ললিতারে কাড়ি লরে বনে প্রবেশিল।। অলব্দার কেড়ে নিয়ে ছেড়ে দিল তারে। ললিতা একাকী ফিরে নদী ধারে ধারে॥ কোথায় মন্মথ গেল, তরি কোন্ ভিতে। রজনী গভীরা তব্ব ভর নাই চিতে। এমন সময়ে শোনে সঙ্গীতের ধর্নি। মন্মথ গাইছে গীত ব্ৰিল অমনি॥ ব্ৰবিল সন্কেত করে সেই প্রিয়জন, নদীতীরে চন্দ্রালোকে বসিল তখন।

তীরেতে লাগিল তরি অতিদ্রুত হরে।
দেখিতে দেখিতে দর্মে দর্মের হদয়ে॥
কতই আদর করে, পেরে সোহাগিনী।
কতই রোদন করে কাতরা কামিনী॥

8

তথন ললিতা ক্য. "আর জ্বালা নাহি সয়, পড়িয়া দস্যুর হাতে, যে দঃখ হে পেরেছি। কাড়ি নিল অলংকাব লাঞ্চনা কত আমার. তীরে তীরে বে°নে কে'দে এতদরে এয়েছি॥ দেখা হবে তব সাথ, হেন নাহি জানি নাথ. দযা কবি কালী আজি বেখেছেন চরণে।" পতি বলে "শনে প্রিযে. তোমা ধনে হারাইয়ে, মরিব বলিয়ে আজি, প্রবেশিন, কাননে॥ দেখিলাম দুই ধাব. মহাবণ্যে অন্ধকার. নীকবে নিশ্মলা নদী, তার মাঝে বহিছে। ভীষণ বিজন শুরূ. নাহি জীব নাহি শব্দ. তব্দলে ঢুলে জলে, ঘুমাইয়া রহিছে॥ বে স্থিম অরণ্ড নদী, যেন বা স্জনাবধি, কোন কীব বোন কীট, তথা নাহি নডেছে। প্রথমে যে ছিল যথা. এখনও রয়েছে তথা. মৃত্যুব ভীষণ ছাষা, সৰ্বস্থানে পড়েছে॥ ভয়েতে গগন পানে. চাহিলে ভূলিন, প্রাণে, বিমল স্নীলা নশে, শশী হেসে যেতেছে। ভাবিলাম প্রকৃতিব, সকলি গভীব স্থির, শ্ব্ৰু এ কদ্য কেন, এত দুঃখ পেতেছে! মবি যদি পাবিতাম, গোলে জল হইতাম. এ স্থিব সলিলে মিশে, হদর ঘ্নাইত। তথা বিপা, চিন্তাহীন, রহিতাম চিরদিন, ললিতাব দঃখ তবে, কিসে হলে আইত॥

ছাড়িতে হ্ৰুকার, "তাবি এ প্রকার, কাঁপিল কানন শুদ্ধ। শিহবি অন্তরে, কি জানি কি ডরে. কাঁপে হৃদি শ্বনি শব্দ।। হতাশ নাশিতে. সঙ্কেত বাঁশীতে. গায়িলাম দৃখ যত। বাজাইয়া তায়, মরি লো তোমার, সংকত করেছি কত! भ्रवणी वाकारे. একবার যাই, আর্থান নয়ন ঝোরে। গলে হৃদি দুখে, धक मात मृत्य; বাঁশী কি মোহিল মোরে! र्लाथ निमायत्न, গাই পরক্ষণে, একাকিনী রূপবতী।

হয়ে চমকিত, তবি এই ভীত,
লইলাম শীঘ্ৰগতি॥
কৈ জানে কেমনে, আশা এলো মনে,
আমাবি ললিতা হবে।
কত ভাগ্য ধনি, পাই হাবা মণি,
আব ছাড়া নাহি হবে?"

e Cara

ললিতা

আব হে তোমানে "নাবে প্রাণ নাবে আঁথি ছাডা কবিব না। গোপন কাননে, বহিব দুজনে, দেখিবে না কান জনা॥ তথা শ্ধ দায় বাজ নাই দেশে रहत रक्षम नाम वर्गा কলাক বটনা গঙ্গন যন্ত্ৰণা. মিলন না হয ডবে॥ कप्रथ ना नय যেখান পুণ্য. যেখান তোনা না পাই। त्भ शार विस्त्रभ, ट्रम तमा कि तमन কখন যেন না যই॥ এখানে মনময প্রণয়ের পথ कलाध्या वाँछै शीन। নিবমল সংখ তেবি তব ম্থে হ্বগসি,খে বে লীন্দ স্ব হবে ভিব জনুলা পথিবীৰ শুপ সুখমন মন। যাহা মনোমত महेरा मन्मथ. কবিব সবল ক্ষণ॥"

মন্যথ

শহে বিধি হে বিধি, কব কব বিধি
এই কপালে আমাব।
বল তাব চেষে স্বৰ্গপদ পেষে,
কি সুখ আছে তে আব॥
বিচ্ছেদ যাতনা, দিব না দিব না
এ জনমে প্ৰেষসীবে।
কাল পূৰ্ণ হলে সুখে তব কোলে,
মতে যাব ধীরে ধীবে॥"

দ্বিতীয় সূগ্

>

মরি প্রেম যাব মনে, সে কি চায রাজ্ঞাধনে, প্রিথমন্থ হিসংসাব তায। হলে তার যে রতন, আঙ্গো কবে হিভুবন, অন্য মণি নিবায বিভাব॥

ना खात्न जार्शन मर्खाः, এক মোহে সদা মন্ত. হাতা দেখে তাই প্রেমাকুল। বনি শশী তাবাকাশ, পয়োদ প্রনশ্বাস, সাগৰ শিখৰ বনফুল !! যেন লক্ষ বিদ্যাধ্যে সদা কর্ণে গান করে. বি মধ্য শব্দহীন ভাষা। হেবিয়ে সামানা কলি नयन जिल्ला जीन. ছৈল অনন্ত ভালবাসা॥ প্রেয়ে হ'ব মন বাঁধা না পাৰে দিবাৰে বাধা, সমুদ্র শিখন নদী বনে। ত্রবে যদি করে বিধি ঢিব বিবহেব বিধি, তব, স্বগ্ মনেব মিলনে॥ কলৎক বিপদ ক্রেশ ক্রিকাব ধবি বেশ. শিলোপনি গ্ৰন্ধযে যত। আশ্ৰয় কিয়া আশা প্রণয়ীত ভালবাসা. প্রণমীন প্রাণে বাডে তত।। সেও ভাল পায় যদি, कवाला भय निनर्वीम একবাৰ আখিব মিলন। দঃখেব গভীব বনে সেই স্বাপে স্থ মনে, প্রেম বীতি কে জানে কেমন॥

> চবিত্র চবৰ চন্দ্রবদনী। র্চা জিলাম মনদ্বণী। উষাৰ প্ৰথব তাবকা ধনী। চলিল গজেশগামিনী॥ উভन शलका क्रीम **शा**लका हे ना न्यामा सामकाराम। वारत कीश धीन हाल कानरन। গতীব নীৰে যামিনী। শিবোপৰ শাখা বিনান ঘন। আসিবে কেমনে শশিবিবণ। তবল তিমিব ভীষণ বন। দেখিয়া শিহবে কামিনী। আঁধাব আকাশে নক্ষরাবলি। তেমনি কাননে কুসুম কলি। আমোদে হৃদায় যেতেছে গলি। সে নব নীবদ দামিনী॥ ভীষণ তিমিবে ভীষণ শ্বির। মাঝে মাঝে খনে পর শাখীব। ধীরে ধীরে ঝরে নির্মাব নীর। আঁধারে নিবথে রঙ্গিণী॥ नाशिया निर्वारत जैयर आरमा। प्राप्थ स्थानस्य तम सम कारणा। আঁধাবে কৃস্ম পরশে গাল। শিহরে সরোজ অঙ্গিনী।।

विका ब्रह्मावनी

ষেতে পতি সনে চন্দ্রবদনী
মার কি সঙ্গীত শুনিক ধনী।
লালত মোহন গভীর ধর্নি।
নিবর্ধের নিনাদ সঙ্গিনী॥
নীরব কানন উঠে শিহরি।
শিহরে দৃষ্ধনে দৃষ্ধনে ধরি।
হদয়ে হদয়ে গাঁথিল মার।
বাঁধিল মনঃকুর্জিনী॥

0

শুদ্ধ বনে অন্ধকারে, ভেসে ভেসে চারি ধারে মোহে তায় प्रदे अत्न, আপনাকে ভুলিল। দুজনার মুখ চেরে, দূজনারে বুকে পেয়ে. প্রেম আর সেই গানে, এক হয়ে মিলিল।। জ্ঞান পেয়ে কহে কেন. এ গহনে ধর্নি হেন. এ ধর্নন দেবের যেন, চল দেখি যাইয়ে। আ মরি! কহিছে ধনী, শ্বনি নাই হেন ধর্নি, হরিল কানন ভয়, হৃদয় নাচাইয়ে ॥ বনমাঝে যায় যত. ধর্নি স্থানকট তত. দেখে শেষে তর, কত, কুঞ্জ এক ঘেরেছে। শ্বির শোভা কিবা তার. বুঝি প্রেম আপনার, সাধের প্রমোদাগার, তার মাঝে করেছে।।

8

এ কৃপ্ত হইতে যেন আসিছে সঙ্গীত। হেন ভাবি দুই জনে আইল ছারত॥ নিকুঞ্জ প্রবেশ মাত্র থামিল সে ধর্নি। কানন প্ৰেব্র মত নীরব অমনি॥ আশ্চর্য্য হইয়া দোহে রহিলেক শ্বির। দেখিতেছে শোভা কুঞ্জ গগন শরীব॥ কেহ নাই বন কিম্বা গগন ভিতর। তথাপি কেমনে এলো এ মধ্র স্বরঃ লালিতার জ্ঞান হলো প্রবেশ সময়। যেন কোন স্বপ্ন-দৃষ্ট মত শোভাময় मृदे भत्नातम त्भ नात्रौ नवाकात्त. দেখিল চকিত মত নিক্ঞার ধারে॥ মন্মথ মোহিনী প্রতি কহিছে হে প্রিয়ে। দেখি কালিকার দিন এখানে রহিয়ে॥ আজিকার মত যদি কালিকায় হবে। দেব কি মানব যক্ষ জানা যাবে তবে॥ আজিকার মত এসো রই এই স্থানে। এমন মোহন স্থান পাবে কোন খানে॥

Ġ

মোহিনী মন্মথ সনে মনোমত ছলে। এমন বামিনী বাপে এমন বির্লে॥ এমন বিপদহীন বিজ্ঞন কানন।
এমন বিরল প্রেম গভীর এমন॥
কে জানে সে সত্য কি না স্বপন নিশার।
বনে এলে কে জানিত হেন হবে তার॥
রবে না এমন সুখ মানব কপালে।
ভাবিয়ে বিচল চিন্ত এ সুখের কালে॥
এই ভয় মনোমাঝে হয় আর য়য়।
ঝন কোন মেঘ-ছায়া পডিছে ধরায়॥
এই মত গেল নিশি নিকুঞ্জ মন্দিরে।
সে দিন কাটালে সুখে নিশি এলো ফিরে॥

Ŀ

কাননে যামিনী পরকাশে, নির্মল নীলে শশী ভাসে। নিশীথে নিদ্রিত বন, নিদ্রা যায় মেঘগণ, নিদ্রা যায় বাতাস আকাশে॥ উঠিল নীরবে আচন্বিত, প্রেমময় ললিত সঙ্গীত। স্থির শ্নো ভেসে যায়, গগন গহন তার, শিহরিছে প্রক প্রিত॥ যেন (⊕হ বিরহের জনরে, প্রেমময়ী পরশো শিহরে। নাথকদে ছিল ধনী. গলিল শুনিয়ে ধ্রনি, মোহে মিশে প্রাণে প্রাণেশ্বরে॥ গভীব নিশ্বাসে থামে গান অবকাশে তারা **পায়** खान।

জানিল সে কালিকার, সেই ধর্নি প্নেৰ্বার, হেথা হতে গেছে অন্য স্থান॥ প্রেযসীবে কহিছে মন্মথ, ধর্নি যে জন্তার প্রতিপথ।

এখানে গেয়েছে কাল, কামিনি লো কি কপাল!

আজ ধর্নি অন্য স্থান গতে॥

আজি গতি গাইছে যথাষ, চল মোরা যাইব তথায়।

কে গায় কিসের তরে. কেন গায় স্থানান্তরে,

করি চল যাহে জানা যায়॥

নাথ সনে লক্ষ্য কবি ধর্নি, চলে বনে শশাভকবদনী।

ঘন গাঁথা তর্দলে, ঘন তম তার তলে,

ভরত্বর নীরব কেমিন।।

প্ৰেৰ্বমত নিকুঞ্জ মণ্ডলে, আসিল সে প্ৰেমিক ব্যালে

প্ৰব্যত ধ্বপ্লসম, দুই রূপ নির্পম, যথা হইতে দুত গেল চলে॥

q

কাঁপিয়ে বিষম ভয়ে বলে হাঁ রে বিধি। এমন স্থেতে কেন হেন কর বিধি॥ প্থিবীতে কোন স্থান স্থের কি নয়? কানন বাসেও কি গো বিপদ নিশ্চয়॥ দেবতা কুপিত বলি দ্রনাতে ভীত।
কি হবে তৃতীয় রাত্রে দেখিতে চিভিত।
কৃতীয় নিশিথে গীত আর এক স্থানে।
প্রেমত তথা গিয়া ভবে মরে প্রাণে॥
সেই মত পেলে ভর চতুর্থ রজনী।
পঞ্চম রজনীযোগে কোথায় সে ধ্রনি?

Ь

তমিস্তা পঞ্চম নিশা, গগন মন্ডলে। ভীষণ আঁধার বাস, ঘন বনতলে॥ নীরব নিম্পন্দ তম, সঙ্গীতের আশে। সময় হইল তব, সে ধর্নি না আসে॥ विकरे जानत छत्र, घ्रात्र कानता। দেখে স্তব্ধ স্পন্দহীন, যত তব্যুগণে--পাপান্ধ-তিমিরময়, যেন কার মন, নীরবে করাল কার্য্য, করিছে কম্পন॥ শুধু শুৰু পাতা খাস, মাঝে মাঝে পড়ে। ষথা পড়ে তথা পচে, নাহি আর নডে॥ পাইয়া অলক্ষ্য লক্ষ্য, কুস,মের বাস। আমোদে আঁধার দেহ, না ছাড়ে নিশ্ব।স।। পত্র-চন্দ্রাতপ তলে, ক্ষুদ্র খাল চলে। নাহি দেখা যায় ভাল, নাহি শব্দ জলে॥ ঘুমায়ে পড়িয়ে জলে, পুল্পবৃক্ষাবলী। আঁধাবে কলিকাগুচ্ছ, নির্বাথ কেবলি॥ নীরবে ঝরিয়া ফলে, স্তব্ধে ভেসে যায়। পতিহীনা বিরহীব, প্রেম আশা প্রায়॥ শুক্ক ফল খাস জলে, পড়ে একবাব। অমনি ১মকে বুক, মন্মথ বানাব।। অন্ধকাব মাঝে আলো দ্বয়েব বদন। বরষার শশী যেন, মেঘে আচ্ছাদন॥ ভীম শুকে ভয়ে ভীত, বসি তারা তথা। উড়ু উড়ু করে প্রাণ, নাহি সরে কথা।। ভাবে আজি কেন, এত কাঁদিছে অন্তর। বলিতে বলিতে নারে, হাদ গরগর॥ সংখের কাননে আজি, কেন কাল ভাব। ভীষণ স্বপন বেন, দেখিছে স্বভাব॥ আপনি নম্ন কেন, ঝরে অকারণ। ব্ৰি আজি ছেড়ে যাবে, জীবন রতন ॥ इत्प थित शतन्भात, मूथभात हाय। কে'দে যেন কি বলিবে, বলিতে না পার॥ লীপতা ল্কাল মাথা, প্রাণনাথ কোলে। কাদিরে মুছার পতি, প্রিরা আখিজকো।

5

এখনো এলো না কেন সঙ্গীতের ধর্নি। ভীষণ নীরব! হা রে! আছে কি ধরণী? অকসমাৎ কোথা হয় গভীর গভান।
কাপিল গভীব বন কাপিল দুজন॥
অন্ত্ত নিনাদ উড়ে যায় বন দিয়ে।
অন্ধনার ভীমতল হইল আদিয়ে॥
ভীমতর নাদে যেন কাপে নভ হদি।
কাদিয়া উঠিল দোহে, "হা বিধি! হা বিধি!"

20

গভাব জলদ নাদ, গড়ায় আকাশ ছাদ, থেকে থেকে উচ্চতর স্বনে। প্রথন করিছে জ্বোর, যেন সাগরের সোর, হু কারে গবজে প্রাণপণে।। प्रिच नीम स्मा भारा, বারেক ৮ণ্ডলাভায়, কটা মাথা নাড়ে ক্ষিপ্তবন। পাতা উড়ে ঢাকে ঘনে, পড়িতেছে ঘোর স্বনে, বড বড় মহীর,হগণ॥ লক্ষ লক্ষ অনিবার. ঘোৰতৰ চীৎকাৰ. মানুষ চিবায ভূতগণে। বরিষা আছাড়ে জারে সমুদ্র সমান সোবে, েগে বেগে গজ্জে বায়, সনে॥ উপাৰ উপাৰ ধৰ্নন. আছাড়ে সহস্রাশনি, খাতে খাতে ছেব্ড়ে বা গগন। বিদাবিষে বিটপীরে. বজাগ্নি পোড়ায় শিরে, কাদে যত সিংহ ব্যাঘ্রগণ॥

22

ভীষণ নীরব! যেন মনেছে ধরণী।

হে পাতঃ কপিপলো শুরু আবার কি ধ্রনি॥

বলিছে গছীব স্বরে, "রে নবযুগল।

দেবের নিকুঞ্জে এসে পাও কর্মফল॥"

ফিরে বাব ঘর ঘব গরিজল জলধর,

মাতিল মর্ং ফিরে বার।

চেচাব অর্শনি ঘন, ভীমবলে তরুগণ,

মন্ত শিব নাডিছে আবার॥

52

থামিল থাটিকারণ, হলো নিশাশেষ।
শ্বেত্মেঘময়াকাশে, উদিল নিশেশ।
জলে করে জলময়, কানন নিকুজা।
তর্ লতা হল ভূম, প্পেলতা প্রা।
ফ্লময় ছোট খাল বিমল চণ্ডল।
ছায়াকারী শাখা হতে করে বিশ্বজ্ঞল।
উজ্জ্বল প্রিলনতলে শ্লান তারা মত।
মরিয়ে রয়েছে ঝড়ে শলিতা মশ্মধা।

বঙ্কিম রচনাবলী

মানবের কি কপাল! সংসার কি ছার! বহিতে জীবন ভার কে চাহিবে আর? নাথভুজে মাথা দিয়ে পড়েছে মোহিনী। भूत्य भूत्य कौरन त्यन मृति मत्त्राजिनौ॥ ললিতার মুখদানী ভিজে বরিষায়। সরোজ শিশির মাথা মাটিতে লোটায়॥ শীতল ললাটে জলে জবলে শশধর। জলে ভিজে পড়ে আছে অলকানিকব।। ফুটায় কবরী চারু, দীর্ঘ তৃণোপনে। মন্মথ রয়েছে তব, নাহি তুলে ধরে॥ এখনো সুস্থির মুখ রূপের ছায়ায়। প্রাণ গেল তব্ রূপ নাহি ছাডে তায়॥ स्मत्भ घुमाय स्थन, मक्ता धनाभरनः ভরে প্রকৃতির যেন নিশ্বাস না সরে॥ স্থির শ্বেত ভাল সেই, নহে নিরমল। দেখিলে শিহৰ হয় শ্রীর বিকল।। পড়ি তায় মরণের ভয়ত্কর ছায়া। চান্দ্রকায় যেন কালো, কাদন্বিনী কাষা ৷ যেন চন্দ্রকরে স্থির বার্বিধ বিশ্রার। পড়ে তায় শিখরীর ছায়া অন্ধকা।।। কোমল পল্লব নীল মুদেছে নয়ন। এরি কি কটাক্ষে ছিল স্থের স্বপন? এখনি কে'দেছে কত কাঁদিবে না আর। সফবী সমান নাহি নাচিবে আবান।। ব্রথি তাব প্রিয় তারা মন্মথ বদান। চাহিতে চাহিতে বুঝি মুদেছে মকণ। মানবের কি কপাল! এই সে হাদা। কোথা তার প্রেম মোহ কোথা আশ। ভ্য ! বিবাস বিমল পড়ি শশীর কিরণে। ভিতরে নিম্পন্দ যেন জগৎ এক্ষণে । এक त्रा पृष्ठि कृत मृत्य मृथ पिता। সে হাদি কুস,মাসনে পড়েছে ছি'ড়িলে॥ তেমনি একাঙ্গে এরা থেকে চিবকাল। মরিল অধরাধরে কি সূখ কপাল।। যার লাগি ছিল বে'চে পারিত বাঁচিতে। তারি সনে মরে গেল তাহারি হদিতে ৷৷ সুখের কপাল! কত সংসার যাতনা। বিকার বিয়োগ শোক সহিতে হলো না॥ ছি পুরাছে ভীম ঝড়ে একই প্রহারে। কাটে নি ক্রমশঃ কীট, প্রাণের স্কুসারে॥

গভীর গোপনগামী সুখ-স্রোতোপরে।
পড়ে নাই ভেসে ভেসে ভূবিতে সাগরে॥
বা হবার হইয়াছে এই মান্ত স্থির।
এই আছে অবশেষ, সে প্রেমশশীর॥
ওইখানে দেশেব্রু মাটি হয়ে যাবে।
জানিবে কেন্দ্রখিবে কেন্দ্রকে ভিজাবে?

চন্দ্রিকার নীলাকাশ গায়, দুটি দেবদার, দেখা যায়। ভীম বনে তলে তাব, অতি শুদ্ধ অনিবার, কাল যেন প্রহরী তাহায।। সেই নদী সেই তব্বুবরে, দুখময় তর তর স্বরে, বারেক না ক্ষান্ত আছে, নক্ষত্রমণ্ডলী কাছে, অদ্যাপি বিলাপ কেন কবে॥ গন্তীব সে ধর্নন নিববধি, যেন বা সন্ধার শবরদী। শ্রনিলে শিহণি সমবি, মেধাব মারুতোপরি, জানিনে যেতেছি কি জলপি।। শ্যামলা গুলিমনী চিব নব ব্যাপিয়াছে সেই স্থান সব। তাবাফুল তরা ধব, অনন্ত আমোদ করে, স্গপনে শিহরিছে নভ॥ এ কাননে গভীব এমন, কে করে বে বাঁশরী বাদন। অনিবার নিশাভাগে, যেন কাব অনুরাগে গ্রু সাধে মনের যাতন। মোহমূলে ত্ৰ স্থিব বন. শোনে ধর্নি-বিহুীন क्रमम्बर्ग । পর্নাটি নাহিক সরে, যেতে যেতে শ্রনে স্বরে, নাহি সরে নীবধরগণ॥ চন্দ্রিকার শ্না কুঞ্জোপব, মোহন স্বপ্নজ শোভাধর। কারা যেন শ্বনে তায়, উড়ে নীল নভ গায়, মন্মর্গিত প্রচুর অন্বর॥ তাহে কত স্থাবাস ঝরে, কুস্ম বরিষে কুঞ্জোপরে। ভাঙ্গে স্বপ্ন উষা আসি, অমনি নীরব বাঁশী, গল্যে যায় সে রূপ নিকরে॥ ধ্লি হয়ে এই কুঞ্জবনে মন্মথ-মোহিনী নাথ সনে। প্রতি নিশি এই মত, হয় যথা নিদ্রাগত, ললিতা মন্মথ দুই জনে॥

वानम

ফলানি ম্বানি চ ভক্ষান্বনে
গিরীংশ্চ পশ্যন্ সবিতঃ সবাংসি চ।
বনং প্রবিশ্যেব বিচিত্রপাদপং
স্থী ভবিষামি তবাস্তু নির্বৃতিঃ।
বালমীকি।

There is pleasure in the pathless woods, There is a rapture on the lonely shore.

(wide Harold

হা ধরণি ধর কি বে হৃদয়মন্ডলে. ধৰ কি কোথাও মম, মনোনত হলে কি আছে সংসাবে আব বাধিবাবে মাত। যে কালে কেটেছে কাল ভাসাব ডোবে। মনে কবি কাঁদিব না বব অহৎকাবে। আপনি নয়ন তব্ ঝরে পারে ধারে। গোপনে কাদিবে প্রাণ সকলি আঁধান। জীবন একই স্লোতে চলিবে আমাব¹¹ আঁবাৰ নিকুঞ্জে যেন নীরকেত নদী। একাকী কুসুম ভাষ চলে নিরব্ধি॥ कारत नारि वात्रि छान. कर नारि कार्य হদে চাপা প্রেমাগনে, হদা বিনাশে॥ সংসার বিজন বন, অন্তলে আঁধাল। দেখিতে অপ্রেমী মুখ, না পাবি বে আব॥ বিজন বিপিনময় দ্বীপে একা থাকি: ভাবিষা মনেব দঃখ ভ্রমিব একাকী। দেখিব দ্বীপের শে ভা মোহিত নয়নে। বিপিন বাবিধি নীল বিশাল গগনে । চাবি পাশে গরজিবে ভীষণ তবঙ্গে। শ্বেত ফেনা শিরোমালা নাচাইব রক্তে। শিরে মত্ত সমীবণ, শব্দ মিশে তার। থেকে থেকে রেগে রেগে ছাড়িব হঃকার।। নির্রাখিব নীরধারে, ভীষণ ভূধর। ফ্রলায়ে বিশাল বক্ষ জ্বলিধ উপর॥ তুলিয়া ললাট ভীম প্রবেশে গগনে। গরজে গভীর স্বরে নব মেঘগণে। পদে তার আছাড়িবে প্রমন্ত তবন্ধ, ব,কে তার প্রহারিবে পাগল পবন। মহীধর মানিবে না অধমের রঙ্গ. ললাটের রাগে করি ভয় প্রদর্শন।। কর্মে সানতে তার বিহরি বিজনে। আ মরি এসব কবে হেরিব নরনে॥ মোহে মন মজাইবে প্রকৃতি মোহিনী। खाँवन बाहेर्य स्वन न्यशत बाजिनी ॥

আলোল বা কালো বাস ইয়া পরে যরে। শানিব সে ২০তৰ জলনিধিবনে ৷ দেখিব বিশাল বক্ষ মিনিছে আকাশে। শেত শশিছায়া নীয়ে ধীরে ধীরে তাসে। াশহ িব কদি নোত যে লিগ স্থাবে। পাল কলা লতা ফল নাচাল সংগাবে। ি ' প শশী শ্বেড গগন-ভেলে। ুল্ল নাধান্তবে শোলবাশে চলে। शिं शिं शिंत अध्य-ाता जारह निर्ण था।। र्यः भाग क्य सामा निर्माणी नासा। নাচাইনে কৰ তাৰ জ্বেৰ ভিতৰ। उल्हि अ दार रहत वन निगनन শর্নির সাবের যাদ, সমীবল করে। সাধাৰ মিশ্ব মাথা নিকল নিকৰে॥ পালাক ক্ষেত্ৰত আলি লোহিত আকাশে। পরোধিন পাশ থেকে ওপন প্রকাশে। ত্রন ওণ্ড মেঘ অন্যা সাগবে। ব্যব নিজে নভগ্রজ দেখাইরে করে। ্ণল স্নীল জলে তব্ৰ তপন, চিকিমিক চিকিমিকি নাচাইবে কব।

ত্বলতা তৃণ মাঝে কদিবে তথন,
বিকিমিক বিকিমিক নীলারনিকব।
বিপ্রত্বে ঘননীল বিমল অস্বরে,
বাগিয়া বহিলে রবি অনলসাগবে,
শ্বেত মেঘ আঁগ্য মেখে ফিরিয়া বেড়ায়
বব তবে অন্ধলর নিকুঞ্জ মাঝায়॥
দীর্ঘ ভীম তর্গণ আছোদে আধাব,
কবিবেক চার্লতা লিন্ধ চারি ধার॥
নীবব নিশ্চল ঘীপে বহিবে সকল।
স্পদ্দহীন পত্র আর কুস্মেমর দল॥
দানিব গরজে ঘোর তর্জনিকরে।
অথবা বিদবে বন এক পিক্সবরে॥
তর্লতা মাঝে দিয়া বিমল গগন।
কিন্বা জলে রবিকর হবে দর্শন॥

কালো জলে ঢাকা দিলে প্রদোষ আঁধার-অনিবার তরতর বিশাল বিস্তার— সেই দঃখদ্বরে হাদি, শিহার চঞ্চল, কাদিবে: না জানি কেন আখিময় জল! মনে হয় যেন কোন স_ংথের সঙ্গীত। নাচাইয়ে ফুদি ডোরে জাগে আচন্বিত।। আপনি ভাসিবে আখি দব দর ধারে। অনন্ত স্মারিব চেয়ে পয়োধির পারে॥ নবানা র পসা একা কাঁপে এক তারা. যেন নব প্রণাযনী প্রণয়সাগরে। ছেভে গেছে কর্ণধার একা পথহারা. কত আশা কত ভয়ে কাঁপিছে অন্তবে।। যথন সন্ধ্যায় খেত অৰ্ধ শশধবে ধীবে ধীবে ভেসে যাবে নীলের সাগবে আকাশ বারিধি সনে করি পরশন চারি পাশে ধরিবেক বিঘার বসন বারেক ভাবিব সেই রমণীরতন রেখেছিল বে'ধে যার প্রেমমোহে মন॥ যবে ভাসি অন্ধ শশী তাবাময়াকাশে স্বপ্নভূমি সম ধরা অস্পন্ট প্রকাশে ঝঝর বাতাস বয় ক্ষীণালোকে যবে ধাইবে সমৃদ্র স্থির অনিবার রবে আনবার সর সব উদ্ধের তর্গণ দেখিব মিশিবে শ্নের রমণীবতন।। আঁথি আব নীলাকাশ মাঝে তার ছাযা। जालाभय (वर्ग स्मर्टे युन्नभय काया। নিবিড় কুন্তল দাম খেলিছে পবনে। ম্দ্র শ্বির মোহময় প্রণ্য বদনে॥ দেখিতে দেখিতে মোহে হাবাব চেতন। চেযে রব: জানিব না মিলাল কখন॥ পূর্ণ শশী মোহমন্তে চন্দ্রিকায় যবে গিরি বারি বনাকাশ নিদ্রিত নীরবে॥ মনঃসূথে মনোদ্বথে মোহিত হৃদয়ে। তার মাঝে বেড়াইব চার্ ত্রি লযে।। ভাসিবে নিবিড নীলে এক। শশধর। দেখিব জনলিছে ভির নক্ষর্তানকর॥ পাশে নীল জল স্থির বব অনিবাব। যেমন স্বপনে কথা যৌবনে আশার॥ একবার পর্বাশবে মলয়সমীরে। যেমন সে পরশিত ভাগীরথীতীবে॥ ধ্যেতে আকাশে মিশে তর্দলভীরে। পরস্পর গার পড়ে তলে ধীবে ধীরে॥ প্রেমমোহ ভরে ষেন, আবেগের রক্তে। প্রণয়ী ঢুলিয়া পড়ে প্রণয়ীর অঙ্গে॥ ভীম স্থির মাঝে কোন রব শনিব না। তবে বদি নির পমা স্বগীয় ললনা

শ্ন্যভৱে শশিকরে স্বপ্নসম মিশে বাজার ম্রলী মৃদ্ মনোমোহ ভরে, প্রকাশিয়ে যত জনালা প্রণয়ের বিষে গভীব কোমল ধীর যাতনার স্বরে ৷৷ মনোসাধে মজে তায় ভাবিবেক মন স্বপনে নিবাশা সঙ্গে আশার মিলন॥ মনি বে মোহিত মনে শুনিব সে স্বরে, মোহভরে মুখ পানে চেয়ে রব তার। হা বিধাতঃ বল বল বারেক বল বে. হবে কি এমন দিন কপালে আমার॥ অথবা দেখিব শুদ্ধ লতিকার কুঞো। জনলে যথা শশিকব স্থির পাতাপ**ুঞ্জে**॥ নবীন কুস্ম হাসি ছাড়িছে স্বাস। যেন তণ লতা মাঝে নক্ষর প্রকাশ।। দেবেব ললন। দলে নাচে মাঝে তার। চন্দ্রেব কিবণে যেন চম্পকের হাব।। শত বীণা স্বৰ্গসূবে অপ্সরে বাজায়। শত গান এক সুবে শ্নোতে মিশায়॥ ঝবে ফুল জনলে মণি দেহের বর্তনে। কতই তবঙ্গ বয় আলোক বসনে॥ তাবা গেলে হবে ক্রঞ্জ বিজন আঁধাব। একাকী কাঁদিব দেখে ঝবা ফুলহার। নিমিথে ঘুচিবে স্বপ্ন বিজনমণ্ডলে। সেই ফুল সেই লতা ধীবে ধীরে দোলে॥ কাননে সাগবে যবে অমাবস্যা বসি---কালো থেছে ঢাকা শিব ভীষণ বাক্ষসী--গিবিগহো মাঝে গভেজ ক্রোধ ঝটিকাব। শ,নে তাহে মিশাইব, অংশ হব তাব॥ ভীমবলে প্রাণপণে পাগল প্রন। ঘ্রিয়া ঘরিয়া থাগে করে গরজন॥ গরজিবে যেগে কেগে অসংখ্য তবঙ্গ। তমোমাঝে শ্বেত ফেনা আছাভিবে অঙ্গ। শ্রনিব গভীব ধীন জলধবধরনি। ফাটাবে গগন কদি চেচায়ে অশনি॥ উপবি উপবি বেগে ছিডিবে শিখর। পর্বতে পর্বতে যেন হতেছে সমব॥ ভষত্কৰ ভূতগণ, নেচে নেচে ঝড়ে, উচ্চৈঃস্ববে কাঁদিবেক ঝডনাদ সঙ্গে। বিকট বদন ভঙ্গী গিরি পরি চডে. ভীম শ্বেত দন্তাবলী দেখাইবে রঙ্গে ৷৷ পবেতে গভীর স্থির জগৎসংসার। কাঁদিয়া ঘুমালো ষেন নবীন কুমার॥ যেন তাঁর কর্পাব প্রতিমা প্রকাশ। প্জিব গভীর মোহে, বিগত বিলাস।। স্পিয়া জীবন মন, যৌবন রতন।

এমন স্ধীর মনে হইবে পতন॥

ভাবিব ঝটিকা মত ছিল মম মন।
এ গভীর স্থির মত হয়েছে এখন॥
কারো অনুরাগী নই বিনা সনাতন।
জ্ঞাপিয়া পবিত্র নাম হইব পতন॥

অনন্ত মহিমা স্মির ছাড়িব এ দেহ। জানিবে না শানিবে না কাঁদিবে না কেহ॥ অনিবার জঙ্গরব কাদিবে কেবল। আছে কি প্থিবি হেন বিমোহন শ্বল!

প্রেকাকারে অপ্রকাশিত বাল্যরচনা

[সংবাদ পত্র ও সামরিক পত্র হইতে]

शमा

(হ্বলী কলেজে ছাত্রবস্থায় লিখিত)

চন্দ্রাস্য সহাস্য করে, ঊষাক,লে সতী। প্রিয়করে করি করে, কহে পতি প্রতি॥ প্রিয়া প্রতি পতি তার, করিছে উত্তর। চরণে চরণে দেয়, উত্তর সম্বর॥

স্ক্রীং। কোথার যাইছে সব, মধ্করগণ। পং। বদন কমল তব, করে অন্বেষণ॥

-- 'সংবাদ প্রভাকর,' ২৫ ফেব্রুয়ারি, ১৮৫২

প্রথম চরণে স্ত্রীর উক্তি দিতীয় চরণে পতির উত্তর

পয়ার

न्दौर। कर ना कि दर्जू, काछ, भभी अख हाल। পং। তব মুখে মুক হোয়ে, চলে অস্তাচলে॥ স্তীং। দশদিগ্ কেন প্রাণ, প্রকাশিত হয়। পং। তব মুখ আলোকেতে, হয় প্রভামর॥ म्तीः। कि दर्ज कार्किनकृत, कुर, कुर, करता। পং। তোমার মধ্র স্বর, পাইবার তরে॥ স্ত্রীং। সে রবে কি হেতু প্রাণ, হোরেছে বিকল। পং। আমারে নির্দায় বোলে, পাও প্রতিফল।। স্থাং। গন্ধবহ গন্ধ বহে, দ্ৰমে কি কারণ। পং। তব মুখ পদ্মগন্ধ, করিবে গ্রহণ॥ স্ত্রীং। অনিল অনল সম, কেন হয় জ্ঞান। পং। পরস্পর স্থা তারা, জান না কি প্রাণ॥ স্চীং। স্থা হোলে একাঙ্গ কি, হয় গ্ৰমণি। পং। ভাবের এমনি ভাব, এভাব এমনি॥ স্হাং। তবে কেন ভূমি আমি, এক অঙ্গ নই। স্মীং। কেন পতি, দীনপতি, উঠিছে গগনে। পং। ওমুখ নলিনী ফ্রে, করণ কারণে।।

विव्रदन वान

শ্রীযুক্ত দর্পণ সম্পাদক মহাশয় ববাবরেষ্।
অনুগ্রহপূর্ব্বক অ মাব কএক পংক্তি আপনকার
দর্পণে প্রকাশ করিতে আজ্ঞা হয়।

বিষয়ে বিরক্ত হয়ে, সিয় কুঞ্জবনে।

যেই জন বাস করে সূথী সেই জনে॥

সেই নিশ্জন বটে কিন্তু একা নয়।

নিত্য প্রেম সঙ্গে কথা নিত্য নিতা কয়॥

কতমত কাণাকাণি রাজার গোচরে।
ভালকে অবজ্ঞা যাহে মন্দে শ্রন্ধা করে॥
তাহাতে স্মিন্ট মিন্ট, পক্ষির বিলাপ।
বিয়োগিনী পক্ষিণীর, কঠোর সন্তাপ॥
তুক্ত মান হতে জন্মে, যে প্রশংসা বায়।
তাহা হতে মলয়েলে, মিন্ট বলা বায়॥

আর মিন্ট নবপ্রেপ স্কারি পবন।
ধন বিব হতে মিন্ট, নদীর জীবন॥

চাত্রী আশংকা দুংখে প্রিত সংসার।
সত্য স্থ বনে, শ্ব্দ ছায়া সহকার॥

শ্রীবিক্ষাচন্দ চটোপাধাায়।

—'সমাচার দর্পণ', ২৮ ফের্রারি, ১৮৫২

* 'সমান্তর দর্শপে' ম্দুশকালে কবিভানিতে করেকটি মারান্তর ভূল হইরাছিল। বিদ্কমন্তর, ১০ মার্চ্চ ১৮৫২ তারিখের 'সংবাদ প্রভাকরে' এই ভূলগুলি সংশোধন করিয়া একখানি সত্ত লেখেন। ('শনিবারের চিঠি' ১৩০৮, সূ. ২৮৯-৯১ মুন্টবা।) এই কবিভানিতে ভূলগুলি সংশোধন করা হইরাছে।

জীবন ও সোন্দর্য অনিত্য

চোপদী

যামিনী যামেক যায়, সেবিতে শীতল বায়. সঙ্গে করি ললনায়, রসময় বসিয়া। বাস নিশাকর করে, ধরিয়ে প্রেয়সীকরে, প্রেম আল।পন করে, সরসেতে রসিয়া॥ শান ওলো প্রাণেশ্বরি, তব মাখ রূপ ধরি, उरे कि गगतार्थात, तुर्थ भता रत ला। द्धि वा स्म भभो १८५, द्धिलाम अन् ज्र নহিলে কে আব তবে, হেন রূপ ধরে লো॥ কিম্বা তব মুখ ছায়া, ধার তব মুখ কায়া, গগনে শোভল গিয়া, আলো করি কবে লো। তা নয় তা নয় সথি, উহাতে কলৎক লখি, কলংক তো না নির্রাথ, ও মুখ উপরে লো॥ যদি তব মুখোপনে, সে কলঙক না বিহৰে, রবে তো কেমন কোরে, ছায়ার ভিতরে লো। দেখ লো নয়ন তারা, গগনে যতেক তারা, কত শোভা করি তারা, সুথেতে বিহরে লো॥ ষেন তব নেত্রবর, তারা হেন দাপ্তিকর, আহা কিবা মনোহর, অন্তর শীহরে লো। কিন্তু দেখ হায় হায়, চপল চপলা প্রায়, তারা এক খীস যায়, কি দুখের তরে লো। বুর্ঝোছ বুঝি লো প্রিয়ে, তব নেগ্র নির্রাখনে, হইয়ে ব্যথিত হিয়ে, লুক লে। অন্তবে লো। কিন্তু বিপরীত হায়, গগনেব তারা যাষ, দেখিয়ে পলায়ে যায়, অভিমান ভরে লো। তায় করি দরশন, মম নের ভারাগণ, অভিমানে পলায়ন, না করে না করে লো। কিন্তু যত দেখে তায়, যত আরো, দৃঢ় চায়, কুম, দিনী যেন পায়, পতি শশ্ধরে লো॥ যতেক বলিল পতি, না শানিল রসবতী, চাহিয়ে গগন প্রতি, স্থির নেত্রে রহিল। পল্লব নাহিক সরে, বিষ্কমাক্ষে ভাব ভরে; এক দৃষ্টে দৃষ্টি কবে, অন্য দিক্ নহিল॥ তবে মুখ অধোকরে, অতিশয় দুঃখভরে, কম্পাইয়ে পয়োধবে, দীর্ঘশ্বাস বহিল। তখন নয়ন তার, উজ্জ্বল হীবকাকাব, ফেলিলেক অগ্রহার, দৃঃথে পতি কহিল।। ওলো প্রাণ প্রেমাধার, সহে না সহে না আর. এই বিন্দ্র অগ্র্বার, প্রাণে নাহি সহিল। শ্রেছি প্রবলানল, জলে করে স্থাতিল, কিন্তু তব অগ্রহজল, মোরে আরো দহিল।। চন্দ্রম্থী কয় তায়, দেখ সখা হায় হায়, এখনি দেখিন, বার, গগন উপরি হৈ।

এই দেখি যে তারায়, প্রজ্বলিত স্বর্ণ প্রায়, অপর্প শোভা পায়, কতবার ধরি হে॥
মৃহ্রের্জেকে মধ্য তায়, কেহ না দেখিতে পায়, কোথা গেল হায় হায়, স্থান পরিহরি হে।
বোথা তার এ সময়, মনোহর অঙ্গ রয়,
কোথা বয় করচয়, মরি মরি মরি হে॥
কিন্তু তো তাহারি সম, জীবন যৌবন মম,
তবে কেন তার তম, মিছামিছ করি হে।
যৌবন লাবণ্য নিয়ে, তোমার হইয়ে প্রিয়ে,
আজি আছি বিনাশিয়ে, কাল যাব মরি হে।

— 'সংবাদ প্রভাকব', ২৮ মে, ১৮৫২

হেমন্ত বর্ণনাছলে স্থার সহিত পতির কথোপকথন

পতি

लघ्द विभमी

ৰাখ রাখ প্রিয়ে, বসনে ঢাকিয়ে. জলদ চাঁচর চয়। দেখে জলধব. ভয়ে শশধর. হ্তাশেতে স্লান হয় ৷৷ আরে। মোধ প্রাণ, ভয়ে মিয়মাণ. দেখে নিজ প্রাণ শশী। ক্মনিদ্নী সভী স্লান প্রাণপতি, বিষাদিত জলে পশি॥ পেরে মনস্তাপ, দেহ অভিশাপ, যে সতিনী তব কোলে। যে সতিনী তার, তাহারি প্রকার, ভূবিয়ে মরিবে জলে॥ পাছে সিদ্ধি হয়. তাহে এই ভয়, যে পাপ কুম, দিনীর। সতিনী তাহার, নয়নে তোমার, পাছে স্থি বহে নীর্ম তাই লো সংখদে कलम कलटम, কর কর আচ্ছাদন। নিশাপতি তবে. ভীত আর নবে, শাপ হবে বিমোচন 11 নাৰী বে ছিল তপন, থর বিকাক্ষণ, যখন শর্দ দিবা। এ যে দিনপতি. তেলে ক্লি অতি.

তাহার কারণ কিবা ৷৷

পতি

দ্বাদশ তপন, বিহবি গগন,
বিভবিত খব কব।
কিন্তু খাস পরে, দশ দিবাকবে,
গেল তব নখোপব।
এক ববি খাস, তব ভালে পশি,
সিন্দ্র বিন্দ্র ব্পে।
দ্বাদশ দিনেশ, এক অবশেষ,
উজ্জ্বল হবে কি ব্পে।

नावी

কেন ধে কমল, তাজিল কমল, হেমন্তেব আগমনে। পাছে বা পলাষ, প্রাণ পদম তায, এ ভয তা দবশনে।

পতি

কৰান মবাল, মনে জানি কাল
কমল ব মল হবি।
ভয় যাক্ত হিষে, বহে পলাইয়ে,
তোমাবে আশ্রয় করি॥
কাবিষ নখবে, পতি দিবাকবে,
তাহার নিকটে যায়।
কোমাব গমন, হংস নিদর্শন,
দেখিলেক সে তথায়॥
ভয়ে হয়ে ভাঁত পলাতে চিন্তিত,
তাল হানে নিন্পায়।
ধ্বীয় অগতি, ৬)জে বসম্ভাঁ,
শেষেতে প্শালে যায়॥

नावी

শবদ স্বভাব গ্রাক্ত ব স্বভাব,
ধবিল মলিন ভাব।
আতি মনোহব, পদার্থ নিকর,
হইলেক বসাভাব॥
বিধ্যুলান আভি, দীন দিনপতি,
নলিনী মলিনী হয।
আব তব্দলে, ফল নাতি ফলে,
পূর্ণে পক্ষ প্রচয়॥

প্রতি

না লো প্রাণ সখি, াবচপি নিবখি, হেমন্তে তোমাধ প্রাল। নব প্রমাবিত, ফলে স্কোভিত, তুমি তব্ম কবি জ্ঞান॥

অধরেতে ওব, নবীন পঞ্লব, পঙ্লবিত তর তাই। সেই ৩ ফেল ও দুই শ্রীফল, তোমাতে দেখিতে পাই॥

नावी

বেন বেন কান্ত ধ্যাছে একান্ত নীবৰ কাোবলৰু । কি হেড় বন না, না বৰে ব না, হিমে কেন প্ৰতিশ্য ।

পতি

শান প্রাণ বলি, কোকিল কাকলী,
ব্যহেত্ হইল হাবা।
মধ্যুপ্রকে তব, হইযে নীবর,
তোমারে শালিছে তাবা॥
তব বিধ্মুখ, ইংবেক মুক,
ব্যেমন তাহাবা হয়।
তাই বুঝি প্রাণ, যবে কর মান,
ও মুখ নীববে বরা॥

नावरी

কেন ফণিবৰ প্ৰবেশি বিবৰ, পাতালে গমন কৰে।

পতি

त्यन । त्यामा।, प्रियुट मा भारत, পলাইল বিষধরে 🏾 र्शाप नल नीन प्र द दल कान, অবনী মণ্ডল ২৫১। আব ধবাতল কিছু, হলাহল, বহিবে না কোনমতে॥ তানৰ তানয, বহু বিষ ১য, তোমার নয়নে প্রাণ। সে গ্রন্থ পারে, সংহার সংসারে, কবিবাবে সমাধান॥ কিন্তু চমংকাব, সপ' বিযাধান, সবে তাজে যত্ন বরি। নসন গ**দলে, বাজ্ঞা করে ডুবে** মবি॥ গবল অহির, শ্রু ব লাহিব, रेक क्टम रहा भान। নবন গর**ল**, প্রেমিকে কেবল, পান করে ওবে প্রাণ॥ किन्तु र्घमस्कात, विवनानकान, অমৃত বৈবেরি কাছে।

वींक्का त्रहमावणी

কেন রে এ বিধি, নরন সমিধি,
অধরে অমৃত আছে ॥
ব্বেছে কারণ, একচে স্থাপন,
যেহেতু গরলামৃত।
সপের দংশনে, ছিল ওঝাগণে,
গরলে করিতে মৃত ॥
নরন গরল, করিতে বিফল,
অবনীতে কেহ নাই।
মুখ স্থাধার, নিকটে তাহার,
নাশার্থ রয়েছে তাই॥

नात्री

ত।ড়ায়ে মলর, কাল হিমালর, এলো কোথা হোতে বল। হয় অন্মান, জনমেব স্থান, সে গিরি অতি শীতল॥

পতি

মোর বোধ হয়, এলো হিমালয়.
কুচ গিরি হোতে তোর।
কেন না সে স্থল, বড়ই শীতল,
রিক্ষ কর হদি মোর॥

নারী

কোথায় মলর, এমন সময়, রহিলেক লুকাইযে। হেরি হিমালেরে, বোধ হয় ভযে, সে গেল বা পলাইয়ে॥

পতি

হিমালর ভয়ে, গ্রিভূবন মরে, আর তার স্থান নাই। পার তব পাশে, আগ্রর নিশ্বানে, এ সৌরভ তথা তাই॥

नहारी

কেন হে নীহার, বর্ষে আনিবার, গগনে রজনীভাগে। কিবা শোভা মরি, সদা ইচ্ছা করি, রাখিব নয়ন আগো॥

-6-

পতি শশধরে, দরশন করে, রজনী মলিন ভাব। বলে কেন নাথ, হেরি অকল্মাং, হেলে হান্যরসাভাব॥ করি অপরাধ, দিরেছে বিবাদ, বুঝি এই অভাগিনী। কাতরে নাথরে, এ মিনতি করে, শেষে কালে সে রজনী॥ ट्रिंग द्यापन ছटल, नয়त्नित ড়टल, নীহার বর্ষণ করে। এই সে কারণ, নীহার বর্ষণ, কহে যত মৃত নরে॥ কিন্তু আমি বলি, সে মিথ্যা কেবলি, সত্য যাহা আমি কই। শশাঙক গগনে, ও মুখ দশনে, মলিন কাঁদিছে ওই॥ তোমার নয়নে, যত তারাগণে কাঁদিতেছে অবিরত। নীহারের ছলে, नरात्नव कला, পতন করিতে রত॥

নরী

হযেছে শীতল, দেখিতেছি জল, পুন শীত কি কাবগ।

পতি

ব্ৰিফ কি কাবণে, কুরক্স নয়নে,
কেন্দৈছিল প্রাণধন॥
সেই অগ্রুজল, বহি বক্ষন্থল,
কুচ হিমালয় শৈলা॥
সে গিরি পর্শনে, নয়ন জীবনে,
অতিশয় হিম হৈল॥
সেই বিন্দু জল, পড়িয়ে ভূতল,
জলে গিয়ে মিশাইল।
অগ্রু পরশনে, জল সেইক্ষণে,
অতি শীতল ইইল॥
—-সংবাদ প্রভাকর', ১০ জানুয়ারি, ১৮৫৩

শিশির বর্ণনাছলে দ্বী-পত্তির কথোপকথন

লঘুললিভ

শ্রী। হইয়াছে জল বড়ই শীতল, হুইলে বিকল, হইতে হয়। আগে বে জীবন, জ্বাড়াত জীবন, সে বন এখন, নাহিক সর॥ স্বাদ মলর, হইলেক লর, এলো হিমালর, শীতল অন্তি।

পদার্থ সকল. কি বাল শীতল হলো সম্প্রতি॥ সকল শীতল কব্য বিকল কিন্তু অপবূপ নিবাথ তায। সমস্ত শীতল প্রতপ্ত কেবল বোব হয প্রাণ তোমাব গায। পতি। মোবে নিবস্তব, পাবক প্রথব, দাহন বাব। বাহ খন তন মম দেহোপব তাই টফভাব এ দে ধাব॥ म्बी। किन विश्वारी मोघ कर वी। ধ্বায় বিশ্বি বতে এখন। ত্যাজ্ঞতে ধ্বণী না চাষ বজনা বল গুণমণি শুনি বাবণ ৷ পতি। ন্যন মুদিযে থাব ঘ্ফাইযে তথান হোবয়ে তোমাব মুখ। সতী বিভাববী শশী জ্ঞান কবি হেবি প্রাণপতি পাণ কি স্থা ত্যাছ যতক্ষণ শশী প্রাণবন, পাইয়ে বতন না তাজে তাষ। ৩৫ বিভাবৰী পতি বোধ বাব বৰুক্ষণ ধাৰ ব্য ধ্বায়॥ াকস্ত লৈ যেকি গ নিদাৰ ৩ ৭০ে চাহিয়া ন্যান টা প্রভাতে। হোৰ ও নয়নে । বুদা না। প্র কুন্দী সহি পায হাত। স্কা। অতিশ্য ঘন नल वि नानन নিব্যি প্রভাতে এ কর্মার্টব।। বেন সা হয ধমৰাৰ মৰ বি ব্ম হইল ধ্যা গাপিকা৷ পাত। এবে আন দ্র না ববে বংগপ তহাৰ ক'ৰণ শন ইহাষ। আসিল মদন তৰ নিকেতন আপন যাতন দিতে তোমায।। বিভ তব স্থান হবেব সমান যে বঞ্চি নযনে, সে ভদ্ম হয। তাই ধনি তব. শক্তি সে প্রকাব অবনীতে অব নাহিব ব্য ভস্ম হৈল শব াব কলেবৰ প্রবল দহান দাহন হয়। नारत ध्य. বাপে না গ্রাভূম প্রমেতে কৃঅ শা, লোকে কয। স্তী। কি কাবণ প্রাণ, শৃৎকর সমান মোবে কর জ্ঞান, উন্মন্ত প্রায। কোথায় কি মম. হের হর সম তোম রে ব্ঝাতে, হইল দাব।।

সমীবদ জল, পতি। বিবেচনা ববি তোবে প্রাণেশ্ববী, বলি ত্রিপুরাবি প্রলাপ নয়। হাৰেব ভ্ৰহণ স্থ বিলক্ষণ তোমার অঙ্গেতে, তুলনা হয।। इराव हेन्सूव সমান সিন্দুব শিবে লো ভোমাব কি শোভা পায়। আছ সিণ্থপবি সদা শিবোপবি, তিন ধাবা ধবি, গঙ্গা খেলায।। भ्यक माराभार সদা ফালববে ভাষণ মাং। বেণা ফাণবব তব নিবস্থব ম্বন্ধ শিবোপন ব্য তেমতি॥ ফেইমত হবে কণ্ঠে বিষধ্বে. তেমতি গবল, তুমিও ধব। किस कान्छ नय বিছু অধাে ব্য বিশেষিয়া বলি ৩ প্রশোধবা। र्य पाल इतन বণ্ঠদেশে ধরে শাষ্ঠ না এনে সে নাশিতে নবে। কিন্ত প্রশাধ্ব रग भनना था। भ । १९८० हे भागाव भारत ॥ যদি কা প্রয়ে ार्क ना वी*रर*ग न महाला हुन । साल नहा करकी तिन्दा गर মুখ কছে ৰূৰে ম,খানতে বিষ নিস্তে হয।। স্ত্রী। বি নচ মনব r. 1709 निक अव · · अ शाव ाया होता। সেই সে পাবব বিশ্বাস্থাত * বাাবে দহন তাহা না জানি॥ পতি। দোফ দাও পৰে িনত দোযোপবে দাও নাহি বব কি অপবাপ। আপনি কেমনে আপন নয়নে, শেখাভা অনল কং স্বরূপ॥

দ্দী। তবে প্রেমাধান বাখিব ন আন, নযনে আমাব, কাল অনল। দেখ প্রাণ ধন মুদিয়া নযন, তাডাই আগন্ন শধায় চলা।

পতি। যদি তুমি প্রাণ শাহি দিলে শ্বনে,
কোথায় অনল, যাইবে আন।
প্রিবীতে আব, শ্বান নাহি তার,
তাহে বলী শীত, বিপক্ষ তার॥
যাইবে যথায়, যাইবে তথায়,
দুবন্ত শাহব, শীত ধাইরে।
এমতে ধরায়, নাহি শ্বান পার,
দেশেষ জলে বার, রয় ভূবিরে॥

বঙ্কিম রচনাবলী

তাই দেখ কাল, নিশা শেষকাল, উঠে জল হোতে, ধ্মের রাশি। তাই বলি প্রিয়ে, স্থান না পাইরে, হয়েছে অনল, সলিল বাসি॥ —'সংবাদ প্রভাকর', ৫ ফের্য়ারি, ১৮৫৩

দ্রেদেশ গমনের বিদায় পতি

লালত

এবার দেখি আর. দেখি দেখি এইবার. দেখি আখি ভরি লো। र्माथ फिरत विध्याय, আজিকার নিশি ভোরে লয়ে যাবে কোথা মোরে. কত দিন তোমা বিনে বহিব কি করি লো॥ বিদবে বিদরে বুক. হেরিব না বিধুমুখ, বিধুমুখ হাসি ভরা. রব স্বপ্নে স্মরি লো। আসি কি না আসি ফিরে, হেবি কি না প্রেয়সীরে, বাঁচি কি না মরি লো।। জানি নে জানি নে কিছ. শশিম্থে ফিবে বার. হেরি কি না হেরি আর. হেরি ভাল করি লো। জনমের মত তাই বিধি বুঝি লয় হরি, সেই শেষ সূথ মরি, বুঝি নিশি পোহাইল. তাই হৃদে ডরি লো॥ कि भूनि कि भूनि थीन कुर, कुर, कांत्र थर्नन, হৃদয়ে শিহরি মরি. যে শ্বনেছি কালে রে। পোহাইল বিভাবরী, ব্ৰেছি ব্ৰেছি মরি. মন তান। মানে রে॥ পোহাইল পোহাইল. হা রজনি একবার, বহ রহ রহ আর. একবার চাহি আমি. চন্দ্রমুখী পানে রে। মুখ পানে চেয়ে রই, নয়নে নয়নে হই একবাব দীর্ঘাস, সলিল নয়নে রে॥ একবার মরি মরি. হৃদয়ে হৃদয়ে করি. অধরে অধর ধরি. জ্বড়াইব প্রাণে রে। ধরি জদি জদি পরে. কত দিবসের তরে. জনমের মত কি না. কে জানে কে জানে রে॥ যামিনী গিয়াছে চলি. না লো না লো মিছে বলি. ফিবিবার নয় লো। ফিরিবে না, ফিরিবে না, মৃদ্ধ আলো সনে মিশি, ওই দেখ নীল নিশি. ফিরিছে বিঘোর আলো. চারিদিক ময় লো।। নাহি রবি নাহি শশী, অসীম আকাশে পশি. গগনে নিভেছে যেন. ষত তারাচয় লো। কি বলি গগনোপরে. একাকী মধ্যে করে. কিবা শোভা হয় লো॥ প্রভাতের সূত্রতারা, প্রকাশিবে প্রভাকর, এর্থান আকাশোপর, এর্থান যাইব কোথা. ভেবে হ্লি দয় লো। আসি লো আসি লো প্রিয়ে আসি লো বিদায় নিয়ে. চলিলাম কডদরে কি কপালে রয় লো।।

যথা যাব তথা রব,
অন্তরে অন্তরে বাঁধা,
স্বপনে নরনে মনে,
হেরিব সে বিধ্মুখ,
তোমা চিন্তা সন্ধান্দণ,
এক আশে রবে প্রাণ,
সুখ শশী হলে হারা,
হবে মোব অন্ধকাব,

প্রেমডোরে বাঁধা তব, প্রশরোর পাশে লো। হোরব সে চন্দ্রাননে, মৃদ্ মৃদ্ হাসে লো॥ শরনে স্বপনে মনে, ফিরি দেখা আশে লো। একা প্রভাতের তারা, হৃদর আকাশে লো।

স্থা

ত্রিপদী

কেন আরে বিভাবরি, পোহাইল মরি মরি. পোহাইল দিবাবে যাতনা। কেন রে যামিনী ভাগে. স্বপ্নে জানিবার আগে. কেন কেন মরণ হলো না॥ জেনেছি জেনেছি আগে. যখন যামিনী ভাগে. হ্নদি মোর হইল চণ্ডল। তখন জেনেছি মনে. পাইব প্রাণের জনে যাবে মোব যা আছে সকল।। তথান ভেবেছি মনে. কেন কেন কি কারণে, হদি মোর চণ্ডল বিকল। কেন রে অভির হিয়া. ক্ষণে উঠি শিহরিয়া. কে'দে কে'দে উঠিছে কেবল। প্রাণনাথ হ্বদি পবে, হাদি পরশিলে পরে. অভির হৃদয় হব ভিরে। স্বৰ্গসূখ সম হিয়ে, তদ্মপরে হ্রদি দিয়ে কত সূথে ঘুমাই গভীর॥ মরি মরি সে প্রকার. যাইতে পাব না আর. নিদা তব হাদর উপর। হৃদিপরে হৃদি দিয়ে. পয়োধরে পরশিয়ে. জ্বড়াব না কাতর অন্তর? সেখানে ষতেক জনালা, নাহি করে ঝালাপালা. শুধু যত সুথের স্বপন। আর কি মধ্রাকার, হেরিব না ফিরে বার. শশধর সমান বদন॥ নযনে নয়নে কবি. অধর অধরোপরি, করিব না কি আর চুম্বন। আব কি হে করে করে, মিলাব না পরস্পবে, স্কন্ধে কর করিয়ে ধারণ॥ ना रह ना रह मर्थकाल. হয়েছে অতীত। বিবহ বারিধি মাঝে. হয়েছে পতিত॥ कानि कानि स्मरे कराला. ञহরহ ঝালা পালা. করিবে আমারে মনে মনে। না দেখে প্রিয়ের মুখ, একেলা দহিবে বক. মনাগ্রনে গোপনে গোপনে॥

শ্ব্ধ প্রাণনাথ আশা, রবে এক হদে আশা, সপ্রবল শয়নে স্বপনে। রব প্রাণে তার লাগি, আসা দিন অনুরাগী, শ্ব্ধ্ন সেই দিন আশামনে॥ যেন যবে বিভাবরী. তমসা বসন পরি, শশধর না করে প্রকাশ। যদ্যপি তাহারোপরে, ভয়ঞ্কর জলধরে. তাহা সহ ঢাকয়ে আকাশ।। নিবিড় তিমিরময়, শ্বধ্ব দরশন হয়, শশী তারা নাহিক আকাশে। শুধু ভেদি জলধর, যদি হয় ক্ষীণ কর, এক তারা একাকী বিকাসে॥ তেমতি আমার বুকে, অন্ধকার দুখে দুখে, গেছে যত আশা যত সুখ। তারি প্রাণ ভরা আশা, শুধু প্র.ণনাথ আসা একাকী বিহরে মোর ব্ক॥ সে মুখ বাসর কবে, नल वल करव रूरव, কবে হবে ফিরে দরশন। ভুলিব বিরহ জনালা করি তাহা জপমালা যদি পারি ভলিতে রতন ৷৷

পতি চৌপদী

যদি দেহে প্রাণ ধরি আসিব হৈ ছরা করি,
তোরে ফেলে প্রাণে মরি,
অন্তরে প্রণর ডোরে,
প্রাণেতে ত্যক্তিতে তোরে,
কর্ত্ব লা তর্ণ করে,
আর কথা পরস্পরে
তবে ষাই স্নর্মনি,
যাই কিন্তু পদ ধনি,
—'সংবাদ প্রভাকর' ১৭ ফেব্রুয়ারি, ১৮৫৩

কামিনীর প্রতি উক্তি

(রুপক)

তোমাতে লো বড় ঋতৃ

পয়ার

অপর্পু দেখ একি, শরীরে তে।মার।
একঠাই বড় ঋতু, করিছে বিহার॥
নিদাঘ, বরষা, আর, শরদ হেমন্ত।
নির্রাখ শিশির আর দ্রন্ত বসন্ত॥
এ সবার সেনা আদি, তোমাতে বিহরে।
গ্রীষ্ম, বর্ষা, শরদাদি, কহি পরে পরে॥

তথন সিন্দুর বিন্দু, অতি ধরতর। লোধভরে করে কর, বিস মুখোপর॥ সে রবি রঞ্জিম রাগে, শুন হেত তার। নিরখিল নিজ প্রিয়া, চরণে তোমার ॥ প্রফালিনী, প্রেমভরে বাস। নখরের ছলে কোলে, উপপতি শশী॥ নলিনী শশাৎক সহ', করিতেছে বাস। প্রভাকর করে তাই, প্রকোপ প্রকাশ। অতি ক্রোধযুক্ত রবি, হোয়েছে এবার। তাই লো আবক্ত ছবি, দেখিতেছি তার॥ ঠেকে শিখে দিবাকর, রমণীর রীতি। সার্মালতে অন্য নারী, ধাইল ঝাটতি॥ তে।মার পৎকজ মৃখ, প্রাণের রমণী। আগ্রলিতে আগে ভাগে, আইল অমনি॥ বদন সরোজ কোলে, সিন্দ্র তপন। বিশেষ কারণ তার, বুঝেছি এখন॥ পতিরে পাইয়া কোলে, সুখে আনন্দিত। তোমার বদন পদ্ম, হোলো বিকসিত॥ প্রবল প্রভাবে ঘন, বহে সমীরণ। তোমা হেরে দীর্ঘশ্বাস, ছাড়িছে প্রন॥ যে অনল নিদাঘেতে, দহে গ্রিভুবনে। সে অনল আছে ওই, তোমার নয়নে॥ গ্রীষ্ম ভয়ে হরি সহ, বাস করে করী। তাহাও তোমাতে সথি, দরশন করি॥ করিয়াছে স্থিতি তব, কটিতে কেশরী। আছে কুম্ভ জাগাইয়া, কক্ষোপরি করী ৷৷ গ্রীন্মে তর্মশোভিত, ফলে অহরহ। তুমি তর শোভিতেছ দুই ফল সহ॥ এ সবেতে পরাভব, নিদাঘ পলায়। আইল স্বদল সহ. বরষা তথায়॥

বৰ্ষা

নিরস্তর, নীরধর, নিরখি চাঁচরে।
হাসি ছলে সোদামিনী, নাচিছে অধরে॥
হানিছে তাহার সদা, অর্শনি আমার।
হদর নিদরে তার, জর জর কায়॥
যে সময়ে ঘাম বারি, ও দেহে নিরখি।
বরধার বারিধারা, তারে বলি সাখি॥
ঘোমটায় যবে ঢাকো, মুখ শশধরে।
বরধার শশী ঢাকা, যেন জলধরে॥
ধরিতে আমার কর, মুদিয়াছ করে।
কমল মুদিত যেন বরধার ডরে॥
উপরে ধোরেছে কালো, তব পরোধর।
গিরিশিরে শোভে যেন, নব পরোধর॥

বঙ্কিম রচনাবলী

বিধ্মুখি তাহে এই, বিনতি হে করি।
চাতক হইতে মোরে, দেহ প্রাণেশ্বরী॥
বরষায় মনোহর, তরু শোভাকর।
দাড়িন্ব দেখি লো ধনি, তব পয়োধর॥
গিরি পরি নব লতা, শোভে এ সময়।
সে গিরি তোমার কুচ, হার লতা হয়॥
এ সবেতে, পরাভব, বরষা পলায়।
ফাইল স্বদল সহ, শরদ ওথায়॥

শ্রদ

শরদের স্থাকবে, স্থা করে কত। সে ভাব নির্রাথ তব, মুখে অবিরত॥ কিন্তু যে কলঙক কালি, থাকে শশধরে। সে কলঙ্ক নাহি তব, মুখের ভিতরে॥ যদিও নাহিক মৃগ, আছে কিছ, তার। মালের নয়ন করে, বদনে বিহার॥ বসন বারিদ প্রন, হইষাছে দ্র। প্রনরায় প্রকাশিত, তপন সিন্দ্র।। কৰ কৰ্মালনী সদা, আছে বিকাসত। কংকণের নাদে অলি. গায় স্লালিত॥ শরদে মরাল কুল, স্বথে কেলি করে। তোমাতে মরাল ভাব, গমনের তরে॥ চান্দ্রকা হোয়েছে প্রিয়ে, অতি পরিকার। নির্বাথ তাহার আভা, বরণে তোমার॥ প্রফর্লিত। কুম্বিদনী, চন্দ্র মনোহরা। হেরি তব নয়নেতে, বিষামৃত ভবা ৷৷ যদি বল চন্দ্রকোলে, আছে কুম্বদিনী। দূর ঘুচে একত্রিত, অপূর্ব্ব কাহিনী॥ তার হেতু ইন্দীবর, তোমার নয়নে। শরণ লে।য়েছে গিয়ে. পতি নিকেতনে ॥ এ সবেতে পরাভব, শরদ পলায়। আইল স্বদল সহ, হেমন্ত তথায়॥

হেমন্ড

... [অস্পষ্ট]

কখনো সদয় হও, কড় মান কর॥
নিদাঘ, শরদ, বর্ষা, এই ঋতু চয়।
বিশেষ বসস্ত কাল, হয় রসময়॥
এই হেতু ধনি এই, য়ড় ঋতুগাণ।
তোমার সরস ভাব, করিছে বর্ণনা।
কিস্তু তাহে বর্ণিত, না হবে, তব মান।
সে মান বর্গিতে আমি, হই ফ্রিয়মাণা।
এ কথা ষদ্যপি তুমি, কহ স্লোচনা।
হেমস্ত, শিশির ছলে, মানের রচনা।।
ফলত ঘটিল তাই, আমার কপালে।
মান করি নিজ দেহে, হিম দেখাইলে।

বিরস হোরেছে তব, মৃথ সুধাকর।
ম্লিত হোরেছে দেখি, আখি ইন্দীবব॥
এখন কমল কর, নহে বিকসিত।
সিন্দ্র রবির ছবি, নহে প্রভান্বিত॥
নীহার নয়ন নীর, নিরবাধ বহে।
মে জল শীতল অতি, সে আমারে দহে॥
শীতের হ্বভাবে বারি, হোরেছে শীতল।
কিন্তু তব অগ্রুব্পে, দহে মোরে জল॥
শীতের প্রতাপে বহিন, তাপহীন হয়।
মানে তাই জ্যোতিহীন, তব নেয়য়য়॥
এ সবেতে পরাভব, হেমন্ত পলায়।
মাইল হ্বদল সহ, শিশির তথায়॥

শিশির

নয়নের দীপ্তি হর, ঘন ঘোরতর।
কুআশার ঢাকিরাছে, রবি শশধর॥
ঘোমটা কুআশা ঘোর, করি দরশন।
মুখ শশী, ভালে রবি, করে আচ্ছাদন॥
থর থর কলেবর, শীতে যে প্রকার।
সের্প কাঁপিছে দেহ, পরশে তোমার॥
তেছে রোমাণ্ডিত, বিকল শরীব।

উহ্ন, ভীম-হিম, করিছে অস্থির॥
বেমন শিশিরে, কালে, রিদ্ধ হয় জল।
তেমনি তোমাব অঙ্গ, কালো, স্থা-তিল॥
জল হোতে উঠে ধ্ম, অনল সমান।
তোমার নিশ্বাসে ধ্ম, যদি কর মান॥
এ সবেতে পরাভব, শিশির পলায়।
আইল স্বদল সহ, বসস্ত তথায়॥

বসন্ত

সবস বসন্ত করে, মৃদ্ধ গ্রিভূবন। তুমিও স্বর্পে মার্ম, করিছ তেমন !৷ স্চার্ বিমল শশী. তোমার বদন। ইন্দীবর, নেত্রবর, প্রফল্লে এখন ॥ কমলে কমল কত, কমল কাননে। হাতে পায় পদম, পদম, হৃদয় বদনে॥ প্রকটিত ফ্লেকুল, সোরভ কি কব। কিন্তু সে সৌরভ পাই, মুখপদেম তব॥ ভ্রমর ভ্রমণ করে, শ্রনি গুণ গুণ। ব্রেছি ন্প্র তব, করে রুণ রুণ ॥ কিবা কুহ্ব কুহ্ব করে, কোকিল কলাপ। ব্ৰেছি সে রব তব, মধ্র আলাপ॥ তোম।র সুগন্ধ যুক্ত, কমল বদন। তাহা হোতে আসিতেছে, মৃদু স্বাস ঘন ৷৷ ম্বের সৌরভ লোরে, আসিছে নিশ্বাস। নাব্ৰে কহিছে, লোক, দক্ষিণ বাতাস ৷৷

वालात्रह्मा-भग

বসস্ত ব্দেশ্বর ডালে, নবীন পল্লব।
তাহার প্রমাণ দেখি, অধরেতে তব।
বসতে প্রকাশ পায়, স্মরধন্দর।
তা হেরি কটাক্ষে তব, দ্র্যুগ উপর।।
কিন্তু প্রাণ তব স্থানে, নিজে নাই স্মর।
কেবল রোয়েছে তার, ধন্ব আর শর।।
ব্বেছি কারণ সখি, যাহে নাহি স্মর।
পলায়েছে মনসিজ, হেরে কুচ হর।।
শক্ত নহে শিব সহ, করিবারে রণ।
ধন্ববাণ ফেলে দিয়ে, পলালো মদন।।
দেখ দেখ বিধ্মাখি, ঈশ্বর কৌশল।
স্থাপিত কোরেছে ঋতু, তোমাতে সকল।।
—'সংবাদ প্রভাকর', ১৮ মার্চে, ১৮৫৩

ठन्मुम् उ

(রুপক)

ত্রিপদী

দ্বিযাম যামিনী যায়, আ মরি কি শোভা তায়, নির্থি নিশ্মল নদী তীরে। নিরমল নীলাকাশ, সীমা বিনা স্প্রকাশ, মাঝে হেরি মধ্র শশিরে॥ পাইয়া বিরহ জন্মলা, ষেন কোন নব বালা. মলিনতা মধ্র বদনে। মনোদ্বথে মরি মনে. গগন গহন বনে. ভামিতেছে গজেশ গমনে॥ সেই বাপ মনোহন, ৰূপ ধরি শশধর আলো করে ধরণী আক'শ। হইয়াছে কর হারা, গগনের যত তারা. অলপ তার। আকাশ প্রকাশ॥ ঢাকে ক্ষীণ জলধরে মাঝে মাঝে শশধরে মবি যেন নাথ দরশনে। মোহিনী মহিলা লাজে, রহি গুরুজন মাঝে. ঢাকা দেয় বদন বসনে॥ চন্দ্রিকা বসন পরা. গভীর নিশীথে ধরা, মোহ মন্তে যেন নিদ্রা যায়। ঘোর শুরু ত্রিভূবন, দেখিয়া চাহিছে মন. আরাধিতে অচিন্তা দ্রন্টায়॥ শ্ব্ধ হয় শব্দ তায়, প্রশি নিকুঞ্জ গায়, **जिल्हा अभीत भूषः ज्वारत।** পূর্ণ নদী স্থির নীরে भारा भक्त भीता भीता, মধ্র মলয় মন্দ করে॥ আহা মরি মরি কি রে, এমন নদীর তীরে,

কে রে শত শোভা ধরি বসি।

বুঝি এ বিরহ লাগি, প্রণায়নী অনুরাগী যুবক জনেক যেন শশী॥ ত্ণেব কুস্ম কুঞ্জ, ললিতা লতিকা প্ৰে. ঘেরি তারে বারি ধারে রয়। যেমন মলিন শশী, মলিন বদনে বসি, দীর্ঘসাসে বিদরে হৃদয়॥ আঁখি হতে বারে বারে. ধারা বহে ধারে **ধারে**, তাহাতে কতই শোভা ধরে। যেন সে নয়ন জলে, শশী পশি ছায়া ছলে. চুম্বন গণ্ডেতে তার করে॥ নির্থি নয়ন ভরি. মধ্র চন্দ্রমাপরি, শেষে শশী সম্বোধিয়া কয়। আরে মনোহর শশী. গগন মণ্ডলে পশি পার যেতে ত্রিভ্বন ময়॥ তাই বলি শশধর, আমার বচন ধর, যাও সেই মোহিনীর কাছে। আরোহিয়া মনোরথে, যাব তরে আশা পথে আগে মোর পরাণ গিয়াছে॥

পয়ার

4 জু বে কি হেরি তোর, হৃদয় মাঝায়।
কি রে সে কালীর রেখা, লেখা দেখা যায়॥
ব্বি নম মনোরমা, ভাবিয়া আমায়।
আসিবার কথা লিখে, দেছে তোর গায়॥
না রে আর কেন মজি, মিছার স্বপনে।
জানি ভাল ভাবে না সে, অনুগত জনে॥

রিপদী

বুঝি মোর দুখে দুখী, নাহি দেখি বিধ্নুখী, ব্যবি চাঁদ করেছ রোদন। আখি ধারা চিহ্ন রয়, হৃদয়েনি নেখাচয়, ও যে নহে কলৎক কখন॥ বুঝি তার দেখা তরে. আকাশ রোদন কবে, তারার**্প সহস্র নয়নে।** নীহাব ন্যন ধারা, ফেলিছে যতেক তারা, শত শত বিন্দ্য বরিষণে॥ তাই বলি নিশাপতি. রতনে যতনে অতি. ঝটিতি কর হে দরশন। এই ভ ষা কহ গিয়ে, আশা বিনে ফাটে হিয়ে, তার লাগি মলো একজন॥

পয়ার

শশি হে বসিয়ে আর, বিলম্ব না কর।
এমন অচল কেন, রও শশধব।
ব্রেছি ব্রি হে তব, থেই ভাব মনে।
বে কারণে যেতে নারো, নারী নিকেতনে॥

विष्क्रम त्रानावली

মোহিনীর মুখ র্প, করি দরশন।
কত লাজ কত জনলা, পেরেছ তখন॥
তত আর নাহি দুখ, তার অদর্শনে।
সুখেতে আকাশ মাঝে, প্রকাশ আপনে॥
সাধেতে সাধিতে বাদ, আপনার প্রতি।
বাবে না যামিনীনাথ, বথার যুবতী॥
ইহা যদি নিশানাথ, না মান আপনি।
আদি অস্ত জানি আনি, বলিব এখনি॥

চোপদী

नन्ना नभत नाज, পেয়ে মানে দ্বিজরাজ, লুকালে মেঘের মাঝ. ঘোমটা ধরিয়া রে। এই কথা মূঢ়ে কয়, তাই অমানিশা হয়. কেহ কহে ভাহা নয়. গিযাছে মরিয়া রে॥ মহিলার মুখাকারে. অভিযানে আপনারে. একেবারে নাশিবারে. গমন করিয়া রে। মহেশ ললাট স্থলে. থিকি থিকি বহি জনলে. ঝাঁপ দিলে সে অনলে. পরাণ হবিয়া বে॥ বিমল বারিধি জলে, ডুৰ্বেছিলে কেহ বলে. মড়ে বলে বারি তলে. ছায়া সে পডিয়া বে। ভয় এই পাছে তায়. কামিনী তথায় যায়. ছিলে কম্পমান কায়. র্সাললে লভিয়া রে॥ পরেতে জানিয়া ভাল. করিছে বিরহ কাল. তাই ফিবে আইলে। কামিনী বদন কাল, ফিরে এলে সিন্ধ, হতে, বলে নব শতে শতে, যে তুমি এমনি মতে. সমন্দ্র জন্মাইলে॥ বিধ, মুখ মহিলার, দেখ নাহি ফিরে বার. আজো না পলাইলে। নাহি দেখি শোভা তার. যেতে বলি যতবার. তত কর অস্বীকার. बदाना भारव यारेल। ব্যঝেছি কারণ তার.

পয়ার

নাহি ডর শশধর, ধর হে বচন।
চরলে শরণ তার, করিও গ্রহণ॥
প্রমদার পদতলে, পড়ি নিরন্তর।
তোমার সদৃশ আছে, দশ শশধর॥
বিশেষতঃ পদে বদি, না পড় প্রথমে।
মুখের সম্মুখে কথা, কহ বদি তমে॥
তর্খনি ঘটিবে কুহু, বেন নিশাকর।
ললনা ললাটে আছে, সিন্দুর ভাস্কর॥

গ্রিপদী

তাহে বদি বল তবে, কেন দিন-পতি রবে, ললনার ললাট উপর। প্রেয়সীর পদম্বর, সদা কিবা শোভা হর, যুগল কমল মনোহর॥ নথর নিকর তায়, শশী সম শোভা পায়, কমলের কোলে শশধর। ক্রোধে রক্ত দিবাপতি. জানিল অসতী অতি. পদর্পা নলিনী নিকর॥ ঠেকে শিখে নারী রীতে. আর পদ্ম আগর্যলতে. বদন কমল কামিনীর। সিন্দর বিন্দর র্প, নারী মূখে অপরূপ. দিনেশ বসিল হয়ে স্থির॥ যদি বল কি প্রকারে, চিনিবে তুমি হে তারে. দেখ নাই আগে তো সে জনে। জান যদি আপনার. কুম্দিনী প্রেমাধার, তারে তবে চিনিবে নয়নে॥

চৌপদী

কেন হে বিশম্ব কব. যাও যাও সুধাকর, যাও যাও যাও বে। একব, া শশ্ধব, প্রাণের প্রেয়সী পাশে. বল গিয়ে যদি আসে. ধবিব **পরাণ পাশে**, বধিও না তাও রে॥ নহে বহ এই স্থলে. অহরহ কোন ছলে. যেও না হে অস্তাচলে. এই ভিক্ষা দাও বে। মোহিনীর মুখ তোরে. জ্ঞান করি প্রেম ডোরে. র্ণাধিয়া বাঁচাব মোরে. যেও না কোথাও রে 11 মনে হয় সে রজনী. যথন র**মণী মণি**. অধবে অধরে ধনী. ধরিল আমায় রে। সে কি এই নদী তীবে. এই সে নিক্ঞা কি রে. তোরি তবে কলঙ্কী রে. দেখেছি কি তায় রে ৷ হা নিকুঞ্জ মনোহর, হা মধুর শশধর, ধরি সবে পায় রে। হে তটিনী স্থিরতর, মোহিনী মধ্রাকার. ফিরে দেখা একবার. कीन रक्टि याय रत्।। একবার দেখা আর. ফিরে দরশন করি. তটিনীর তটোপরি, চম্পকের শাখা ধরি. আমা পানে চায় রে। কি শর্নি কি শর্নি মরি, মোহন স্বরেতে করি, কেরে মোর নাম ধরি. ডাকিল কোথার রে॥ ব্যবি মোর প্রাণেশ্বরী, এহো অনুগতে স্মরি. রাখি গে হৃদয়োপরি. আঁখি আঁখি করি রে। না রে মিছে কেন আর, স্বপ্ন দেখে বারে বারে, মজি সুখে মিছে কার, যাতনায় মরি রে ॥ নাহিক কপাল তার, প্রাণেশ্বরী পাইবার, সম্বরি সম্বরি রে। এত আশা অভাগার. যত সূখ আশা আর, সব করি পরিহার, তা কিসে পাসরি রে॥ শেষ আসা আশা সার, পাইব না প্রিয়ন্জনে, যদিও জানি রে মনে. তব্ব আশা ধরি রে। গোপনেতে প্রাণপণে, यमाणि न्वरक्ष वा खरम, ছারা সূথে কোন ক্রমে, পাই যদি প্রিয়তমে, হৃদর ভিতরি রে॥

বাল্যরচনা-পদ্য

দার্শ বিধির বিধি, চেতনে হরিল নিধি, জনালা জনালাইল বিধি, মরি মরি মরি রে। কিস্তু আশা পাছে পাছে, তাই চাঁদ তোর কাছে, যেতে বলি যথা আছে, আমার স্ক্রিরী বে॥ —'সংবাদ প্রভাকর', ৩০ মার্চ্চ, ১৮৫৩

বসত্তের নিকট বিদায়

<u>রিপদী</u>

হা মোহন রূপধর, হা বসন্ত মনোহর. হারে হবি বিচণ্ডলকর। লইয়ে রূপের ভার. কেন কর পরিহাব, এ মহী মন্ডল মনোহর।। বহুরে ধরণী পরে, আর কিছু দিন ওরে, বিদায় তোমাবে নাবি দিতে। জানি জানি মরি মরি. এ পাপ প্রথিবী পরি, নারো আব দিনেক রহিতে॥ যতেক তোমার শোভা, মোহকর মনোলোভ।, উডে যায় নহে স্থিরতর। খর দিনকর করে, ক্রমেতে মালন কবে. মোহকর সে শোভা নিকর॥ তাপিত কুস্ম ফ্লে, भाषा जूल म्राल म्राल, মৃদু রবে মরুতেরে কয়। বসন্ত আনিয়া দেহ. "পাপ তাপে দহে দেহ, মরি সে কি ফিরিবার নয়॥" আসিবে আসিবে ফিরে, না কুসমুম সম্পরী বে. সাধের বসস্ত মনোহর। কিন্তু সে আসিলে ফের, তোরা তো পাবি নে টের, আজি যাবে পড়িয়া ভূপর॥ আ মরি অমনি দুখে. বিদরে আমার বৃকে, এ অসার সংসারে রহিয়ে। ফুলের বসন্ত মত, আশার যতন যত. যে সকল সুখের লাগিয়ে॥ বুঝি আমি হলে অন্ত. আশা মোর সে বসন্ত. তবে আসি হবে রে ঘটনা। প্রথর দুখের রবি. চির্নদন বৃত্তির রবি, অভাগারে দিবারে বন্যণা ৷৷ কে'দে মরি এ প্রকার. মরি আরে কেন আর. মানবেরি এমন কপাল। ইহ লোকে চির দীন. হ্রাদ রবে সুখহীন, মনে।দুখে কাটাইবে কাল ॥ পরিণামে নিত্য নামে. পাবে সেই নিতা ধামে, নিতাই বসস্ত বিকশিত। যাই তথা যাই তুৰ্ণ, পরম প্রণর পূর্ণ, স্থারে বচন ধর, পরমেশে প্রেমে করি প্রীত॥

কি ছার মিছার আর, মুখাম্ব্জ মহিলার, মোহ ভরে করি নিরীক্ষণ। তেমতি মোহিত মতি. সে প্রীতি প্রকৃতি প্রতি. রাখিবেক করিয়া যতন॥ হ। মলয় কেন তুমি, উন্মাদের প্রায়। বেগ ভরে যাও দ্রত, যথায় তথায় ॥ প্রাণের প্রণয়েশ্বরী, কুস্কােব কুলে। নাহিক নির্রাথ নেত্রে, জ্ঞান গেছ ভূলে॥ না রে চল ধীরে ধীরে. আসিবে বসন্ত ফিরে. ফিরে আসি ফুটাইবে ফুল। ফিরে ফুটাইলে ফুলে, লইও সৌবভ তুলে, ঢ়ািমায়া সে কুস্মের কুলা। কিন্তু বে কভু কি আর, আহে আশা ফিরিবার, মানবেব যৌবন বসন্ত। क्योनस्य अवस क्यूल, মানবেরে দিবে তুলে. স্থ বুপী সোবভ অনন্ত॥ নারে সে কখনো আর. নহেকো রে ফিরিবার, গেলে কাল আর নাহি ফেরে। কেবলি চালিবে কাল. যদিন না ধরে কাল, ছাড়ায়ে মায়ার যত ফেরে॥ আসিবে সে দিন যবে, কি সূখ দিবারে রবে, যোবন যুবতী প্রেম সূখ। শ্বধ্ব তারা দেবে জবালা, মনে হবে ঝালাপালা, ভাবিষা পাপের যত দুখা তাই বলি পরিণামে, অধরেতে ধরি নামে, ঈশ্ববে অন্তরে ভাবে যেই। পনমেশ প্রেমাস্পদ. লাভ কবি মোক্ষপদ. নিতাই বসস্ত পাবে সেই॥ — 'সংবাদ প্রভাকর', ২৮ এপ্রিল, ১৮৫৩

विवित्त नावेक

(তিন মিত্রের কথোপকথন)

প্রথম মির কি বিষাদে মুখখানি, হাসি-ভরা নাই। বেণা-বনে বোসে কেন, উঠ উঠ ভাই॥

দিতীয় মিত্র দেখিয়া দেশের গতি, কে'দে মরি মনে। সে দুখে বসিয়া আছি, বিরস বদনে॥

ত্তীর মিত সথারে বচন ধর, মিছা দৃখ পরিহর, নিজ সুখে সুখীহও ভাই।

र्वाष्क्रम त्रहनावली

দ্বিতীয় মিত্র

নিজ সুখ এ সংসারে, বন বন বল কারে, আমি তো সে সুখ দেখি নাই॥

তৃতীয় মিত্র
না জেনে কহিছ ভাই, সংসারে সে সন্থ নাই,
জান না তো কার কাছে পাবে।
রাথ রে মানস প্রী, প্রমদার প্রেমে প্রির,
কত স্থে তোমানে মজাবে॥
পদে পদে প্রেম পথে, মজাইবে মনোরথে,
মহিলার মে।হন বদনে।
মোহ মন্তে রবে বাঁধা, মানিবে না কোন বাধা,
কত সূথে রবে মনে মনে॥

প্রথম মিত্র
এ কথাটি ভাল বটে, রটে ধরাময়।
পরম প্লকপ্রদ, প্রমদা প্রণয়॥
বিশেষতঃ কত তাহে, ধন্মের সঞ্চার।
বিবাহ বিশেষ তাই, বিধি বিধাতার॥
নর নারী উভরেতে, হইয়। মিলিত।
আরাধনে করিবেক, পরমেশে প্রীত॥

দ্বিতীয় মিত্র

ছিছি ছিছি কেন ছার, মুখাম্ব্রে মহিলার,
মরিয়াছ মোহিত হইয়া।
জানি জানি যত জনালা, দেয় প্রণিযনী বালা,
হারিয়াছি বারেক ঠেকিয়া॥
সবে তার এক দিন, চই আমি প্রেমাধীন,
নাকে কালে খং দি হে তায়।
আদরে ভাঙ্গাতে মান, হইয়াছি অপমান,
না ভাঙ্গিল আমার কথ্য়॥

প্রথম মিত
সব তাব সহিলাম, কত কথা কহিলাম,
মধ্র মিনতি কত কলি।
রামায়ণ আদি নিয়া, সব কথা কাটাইয়া,
তব্ব মানে রহিলা স্বদরী।
সামান্য রতন নহে, রমণী র্পসী।
তার না ভাঙ্গিবে মান, বেণা-বনে বসি॥
তাই বলি উঠ ভাই, পরিহরি দ্বা।
বল তুমি বল কারে, প্রথিবীর স্বাধা।

দ্বিতীয় মিত্র অনিত্য সকল স্ব্থ, নিত্য কারে বলি। সকল সংসার স্ব্থ, স্বপনে কেবলি॥ প্থিবীতে আছে স্থ, কেবলি স্বপনে।
স্বপ্ন বিনে আর স্থ, নাহি জানি মনে॥
স্বপনে স্বকরে পাই, সংসার মন্ডল।
স্বপনে নারীর দেখি, লপন কমল॥
ভারত জনম ভূমি, সতীত্ব অঙ্গনা।
শশিম্খী সরক্বতী, আর কত জনা॥

হৃতীয় মিদ্র সে সব স্বপন ভাই, প্রবলে তোমার। প্রবণে প্রবেশ কবে, শত সন্ধাধার॥ কবি দেখ ছেলে দেখ, দেখ গিয়া মেয়ে। স্বপনে জিনেছ ভাই, সকলের চেয়ে॥ নধ্র সরল ভাবে, মৃদ্ধ কর মন। কর্ণায় ভেসে বায়, নীরেতে নয়ন॥ বিশেষ বসিব তুমি, জানি ইহাতেই। স্বপ্ন দবশনে দেখ, সতীত্ব নিজেই॥

প্রথম মিত্র এখন হে জানিলাম, স্বপ্নে যত সন্থ। এসো মিত স্বপ্নে মোবা, ঘ্নচাইব দুখা।

তৃতীয় মির শিপনে আমান ভাই, মন নাহি ভজে। আসল পাইলে নল, নফলে কে মজে॥ বিশেষ একেতে আমি, ভবি হে কতক। একেবানে হাডাবে না দেশেব র*ক॥

প্রথম মিত্র এই দোবে চিরকাল, মরিলি রে তুই। ভাল কথা তোব মাথে, শুনি নি কভই॥

তৃতীয় মিত্র
তৃমিই তো ওই রসে, মজিরাছ ভাই।
সে কথা শন্নেছি ভাল, কমিনীর ঠাঁই॥
চতুর জামাই হও, শ্বশ্রের ঘরে।
ফন্ল খেলা কত জানো, বাগান ভিতরে॥
কিন্তু আহা মরি মরি, কামিনীর র্প।
কি মোহন মল্ফ দিয়ে, বর্দেছ স্বর্প॥
মধ্র মোহন ভাষে, মোহিনী বর্ণন।
ব্ঝি হে কখনো আর, ভূলিবে না মন॥
এই সময়ে শ্যামাচন্দ্র বিশ্বদাস ও গ্রন্থ নাম কয়েক
জন প্লিস সংক্রান্ত শস্ত্রধারী আসিয়া কহিল যে,
চোর চোর ধর চোর, এই জন চোর।
পর ধন কর চুরি, এত সাধ্য তোর॥

বাল্যরচনা—পদ্য

তৃতীয় মিত্র বাহারে! এ যে হে বড়, বাহারে চাড়ুরী। বল দেখি কার কিবা, করিয়াছি চুরি॥

গ**্**প্ত কার কি করেছো চুরি, এ তো নাহি জানি।

বিশ্বদাস বলোছে তোমাবে চোর, শুধু অনুমানি॥

তৃতীয় মিত্র ভাল ভাল এত বৃদ্ধি, প্রশংসার বটে। না জানিয়া চোর বলা, সুবৃদ্ধিতে ঘটে॥

শ্যামাচন্দ্র
না জানিয়া তোবে কভু, চোর বাল নাই।
তাহার কারণ তবে, শুন মোর ঠাই॥
সে কালের কালী বাব্, বড় ধনবান
পোরেছিল ছ পাড়ের, ধর্তি একখান॥
তুমিও তো ছ পাড়ের, ধর্তি পরিয়াছ।
তাই বলি তাব ধর্তি, চুরি কবিয়াছ॥

তৃতীয় মিত্র বটে বটে দিব্য আছে, এই পৃথিবীতে। দ্যু খানি ছপেড়ে ধ্যুতি, নাারবে জন্মিতে॥

> শ্যামাচন্দ্র চোপ্চোপ্রহ, ম

চোপ্চোপ্চোপ্রহ, মৎ কর সোর। পর্নিসের ম্যাজিন্টোট, পদ আছে মোর॥ আমি বলিতেছি তুই, চুরি কোরেছিস্। আমার কথায় হয, ডিক্রী বা ডিস্মিস্॥

তৃতীয় মিত্র যো হাকুম খোদা-বন্দ, হইল ইয়াদ্। বল দেখি কত দিন, খাটিব মিয়াদ॥

গ্ৰেপ্ত মানিলাম নাহি তুমি, করিয়াছ চুরি। তব্দোষ দেখাইতে, পারি ভূরি ভূরি॥

প্রথম মিত্র কেবলি দেখায়ে দোষ, কি লাভ তোমার।

গুপ্ত দোষ দেখানো হে বাপু, বাবসা আমার॥ তোমারো সহস্র দোষ, দেখাইতে পারি। বিশ্বদাস তাহে মোর, আছে সহকারী॥ প্রথম মিত্র ভাল ভাল সাধ্য সাধ্য কি নাম তোমার। অসাব সংসারে শৃধ্য, তুমি প্রশংসার॥

গ্ৰুপ্ত
গ্ৰে বাখিলাম বাপৰ, নামটি আমার।
গ্ৰাছে প্ৰগমে তার মধোতে পকার॥
তিন জন প্ৰিলস প্ৰহরী
কথাব গাতক বড়, উত্তম না ঘটে।
স্বস্থানে প্ৰস্থান করা, যুক্তি মত বটে।
ইতিয়া প্ৰস্থান কর্ন।

তৃতীয় মিত্র যাই নিজ নিজ নাস, সমান হোতেছে নাশ, কি করিব ভেবে দেখি মনে। ত্যি যাও এই বেলা, কণ গিয়া ফুল শেলা. যামিনীতে কামিনীর সনে॥ তুমি হাজিবে না বনে, ভাবো গিয়ে নিজ মনে, আজিকে দেখিবে কি স্বপন। অগমি বাডী গিগে ভাই, মনসংখে নিদ্রা যাই, স্বপন কি. না জানি কখন॥ তবে গো বিদায় হই, প্রণয়েতে যেন রই, এই আশা করে মোর মন। হয়ে থাকে অতি জোর. যদি কে'ন কথা মোর, then beg you pardon. 'সংবাদ প্রভাকর', ২৭ মে, ১৮৫৩

বর্ষা বর্ণনাছলে দম্পতির রসালাপ

কামিনী চিপদী

দেখি কি হে ভরজন্র, গরেজিয়ে গরে গরে,
ন্যাপিন গগনে নবঘনে।
নবনীল নির্পম, অন্ধ তমস্বিনী সম,
দ লিছে দামিনী ক্ষণে ক্ষণে॥
ঘন ঘোব গরঙানে, বিদাবে গগনে বনে,
তীক্ষা তীর সম বরিষয়।
বল বল প্রাণনাথ, বেন কেন অকস্মাৎ,
গরজন বরিষণ হয়॥

পতি

প্রাণেশ্বরি শ্ন শ্নে, যে কারণে প্নে প্নে, গবজন বরিষণ হয়। অতিশয় দন্তভরে, বর্ষা আগমন করে, সঙ্গে সব সহচর হয়॥

विष्क्रम ब्रह्मावनी

ভেবেছিল যুবরাজ, রূপবান তাহার সমান। সে গৰ্ব হইল নাশ. হারিল তোমার পাশ, বরষার পূর্ণ অপমান॥ তাহে কার্দাম্বনী নব. নিবিড চাঁচর তব. রূপেতে কির্পে তোমা সমা। তব মৃদ্ধ হাসি স্থানে. পদে পদে অপমানে, দূরিখনী দামিনী নির পমা॥ মান কি স্কুদর পশি, মুদিতা সুন্দরাবসি, আগে ছিল সুধাকর, কোমল কমল কলি জলে। তাহে পরাজিত করে. তোমার হৃদয়োপরে, নব কুচ কলিকা যুগলে॥ তাহাতে অধর তব. বর্ধাণ পঞ্লব নব. শতগুণে সুকোমল শোভা। नम नमी जल ऐल. তাহাতে যৌবন জলে, তব দেহ কিবা মনোলোভা॥ আরো দেখ করিবরে. বরষায় মত্ত করে, দ্বিগাণ উন্মত্ত তুমি কর। হেরি তব পয়োধরে হেনিয়া তোমার করে. চিংকাব করিছে কুঞ্জর॥ যে দাডিম্ব বরষার, সকল গব্বের সার. তব কুচে পূর্ণে মান নাশ। মেঘে রবি ঢাকা ঢাকি. কেশেতে সিন্দ্র মাখি. তাহা হতে লাবণ্য প্রকাশ ॥ পদে পদে এইরুপে হারিয়া তোমার রুপে, কত অপমান বরষার। এত দুখ সহিবারে. বরষা নাহিক পারে, রোদন করিছে অনিবার।। সে রোদনে অনিবার. পড়ে বৃ,ষ্টিধার তার, ঘননাদ দীর্ঘসাস ছাড়ে। তাই প্রাণ নিরন্তর, বর্রাষছে জলধর, তাই মেঘ গজ্জে অনিবারে॥

কামিনী

বিঘোর নীরদোপরে, কত হাব ভাব ভরে, চপলা চণ্ডলা চমকার। ক্ষণেক প্রকাশি প্রভা. কেন কেন ক্ষণপ্রভা ক্ষণ পরে বারিদে লুকার॥

পতি

গিরির শিখর পরে, থাকে যত জলধরে, দেখিল তোমার কুচাগরি। রৈতে পয়োধর পরে. পরিহরি সে ভূখরে, আসিতে সাগিল ধিরি ধিরি॥ এনে দেখে হার হার, নীলবস্থা মেঘে তার. বসিয়াছে মনের প্রলকে।

নাহি ভূবনের মাঝ, কুন্দ্ধে মেঘ নাহি রক্ষে. অগ্নিশিখে উঠে চক্ষে. তাই সখি বিদ্যুৎ চমকে॥ আদেশিল সমীরণে. জলধর ক্রোধমনে, উড়াইতে বুকের বসন। তাই বায়া, আসে ডেকে, যাবে ব্ৰুক খুলে রেখে, ধরিয়ে রাখিবে কতক্ষণ॥

কামিনী

বিমল কোমল কর, নিরমল গগন মণ্ডল। এমন কেন গো শশী. গগন মণ্ডলে পশি. ঢাকিয়াছে জলদ সকলে॥

পতি

শশধর বিধিমতে. তোমার সমান হতে. বাঞ্চা করে আকাশে থাকিয়া। দেখে তমি কর মান. জেনে সে মানের মান. মুখমেঘ বসনে ঢাকিয়া॥ বুণ্টিগারে ধীরে ধীরে. ফেলিয়া অপ্রর নীবে. ম্লানমুথে করিষাছে মান। দেখিবারে অবিরত, হলো কিনা তোমা মত. ক্ষণে ক্ষে হয় দৃশ্যমান॥

কামিনী

খয় কর ধবি রবি, মেঘে ঢাকা দেখে ছবি. নহে প্রকাশিত প্রভাকর। না হেরি পতির মুখে, नयन म्हिम्या मृत्थ, কর্মালনী কতই কাতর॥ সাধে কি সকলে কয়. পুরুষ পরস ময়. কি কঠিন তাদের হৃদয়। এই দেখ দিনকর. কেমন নিদয়ান্তর. রমণীরে কেমন নিম্পর।। সতত বিলাপ করে. কর্মালনী যার তরে, মৌনমুখী মুদিত নয়ন। ফিরিয়া নাহিক চায়, দয়া করি সেও তায়. मना करत প্রাণে জবালাতন।।

পতি

কেন লো রমণি মণি, গ্ৰেমণি দিনমণি, না ব্রিষয়ে দোষ দিবাকরে। দিনেশ করেছে রোষ. নলিনীর পেয়ে দোষ, তার সনে দেখা নাহি করে॥ कारन थरत विस्तापिनी. তব মুখে কমলিনী, সিন্দ্রের বিন্দ্র প্রভাকর। কোলে অন্য দিবাকর. क्रमालनी करलवत्र, দেখিয়ে স্থান দিনেশ ঈশ্বর॥

वालाब्रुह्मा-अम्

মনে জানিলেন দড়, নালনী অসতী বড়, পাছে বা দেখিতে পাই, নাহি করে মুখ দরশন। আকাশের দা প্রমাণ, দিনমাণ, কেন লো রমণি মণি, তব্ও তো নিরপ্তর, না জানিয়া দোষ লো তপন॥ উর্ণিক মেনে

পাছে বা দেখিতে পাই, নিভাইরে দেছে তাই, আকাশের দীপ তাবাগণে। তব্ও তো নিরন্তর, স্থির নহে শশধর, উর্ণিক মেনে দেখে ক্ষণে ক্ষণে॥

কামিনী

এ সময় মধ্করে, কি জনলায় জনলে মরে, মুদিত সকল শতদল। যদি কোন পদ্ম পায়. অপ্রফাল্ল দেখে তায়, মধুহীন যতন বিফল॥ ভ্রমে ভ্রমি সে ভ্রমরে. যুদাপি গমন করে. জন্য কর্মালনী নিকেতন। ছিল অঙ্গ হয়ে রেগে. মূণাল কণ্টকে লেগে. অন্য পশ্মে করিলো গমন॥ অপ্রকাশ্য সেই কলি. বাতাস লাগিল বলি. হেলে দলে ফেরে তাহা হতে। শেষে মধ্কর যার, নির পায় নিরাশায়, কলিকা উপরে স্থান লতে॥

পতি

সেই মত এক দিনে. আ মরি লো এ অধীনে. ঘটাইলে প্রাণের রতন। তুমি লো কমলবন. ছয় পদ্ম সংশোভন. কর পদ হাদয় বদন॥ ষবে প্রিয়ে মান করি. মজাইলে প্রাণেশ্বরি, লক্ষ্য করি মুখ শতদল। গিয়ে তার মধ্যপানে. তপ্ত করিবারে প্রাণে, অপ্রফল্ল দেখি সে কমল॥ তাহাতে বণিলে ছলে. যাই কর শতদলে. হাতে ধরে ঘটাইতে মান। গহনা মূণালে কাঁটা. অঙ্গুলি যাইল কাটা, পরে পাদ পদ পড়ি প্রাণ॥ লটোইয়া শতদলে, दिल मृत्न स्म क्यान. ফিরাইলে প্রাণের ললনা। শেষে যাই কলিপারে, শোভিছে যা হ্রাদপরের म् त राम भारतत **इ**नना ॥

কামিনী

বল বল তারাচর কেন কেন ম্লান হয়, ছিল কিবা শোভাকর কর।

পতি যামিনী কামিনী সতী, লইয়ে যামিনী পতি, বিলাসিছে মেঘের ভিতর॥

কামিনী

পেয়ে নীরধর নীর, পুর্ণাকার ধরে নীর, আহা মরি শোভা তার কত। জলপ্রণ সবোবর, যদাপি হে মোহকব, কর্মালনী বিনে শোভা হত॥

পতি

না লো প্রণ মনোলা, দেখিতেছি সবোৰৰ, সবোজিনী সহ শোভা পায়। ধাণী সলিনাৰতা, যেন সরো স্বোভিতা, তুমি প্রাণ ক্মলিনী তারা॥

কামিনী

এর বা বারণ কিবা, এই বরষার দিবা,
দীর্ঘ দেহ করেছে ধারণ।
কমে গেছে তমন্দিনী, তব্ তাহে বিষাদিনী,
বিবহিণী বিনোদিনী গণ॥

পতি

সন্মের্ শিখর আর,

এ তিন শিখন নিরখিয়া।

হইল তপন ব্যস্ত, কোন্টায় যাবে কপ্ত,

তাই ভাবে বিলম্ব করিয়া॥

ঘন ঘোর ঘন আত, ঢেকেছে যামিনী পতি,

বিরহিনী বিষাদে রজনী।

কে'দে কে'দে বৃক্ ফাটি, দুখে দেহ করে মাটি,

যৌবনেই মরে গেল ধনী॥

—'সংবাদ প্রভাকর', ১৭ সেপ্টেম্বর, ১৮৫৩

কালেজীয় কবিতার মারামারি*

বিষম "বিচিত্ৰ নাটক"

অর্থাৎ

কেন কেন ম্লান হয়, কবিদের মজ্জ্বিশ এবং ঐ নাটক দর্শন
চাকর কর।
দলমল ঝলমল, শত দীপ সচগুল,
নিশাবোগে অট্টালিকা মাঝে।
লইয়ে যামিনী পতি, সে আলোর কিবা নিভা, চল্মিকার দিবা বিভা,
ধর ভিতর ॥
যেন তথা মিশিয়ে বিরাজ্ঞা।

* শহুনিতে পাই প্রভাকরে না কি দুটো বার আসিয়া বড় যুদ্ধ আরম্ভ করিয়াছে? একটি না কি আবার আশে পাশে কামড় মারিতে আরম্ভ করিয়াছে, বেশ আমিও একবার এই সময় সাহেবদের সেলাম ঠুকিয়া বাই, কিন্তু নিজে বার নহি, যুদ্ধ করিব না, চড়টা চাপড়টা মারামারিই ভাল।

विध्कम ब्रह्मावणी

কোটী দীপ ফাঁচ মাঝে, কোটী তারা স্থাবিরাজে, জনলে যেন হিরাময় বাসে। কতই কুসুম তায়, ঝলমল শোভা পায়, প্রভাময় সকলি প্রকাশে॥ আলো মাঝে সচণ্ডল, ঝক্মক্ ঝলমল, নৃত্যকার বসন ভূষণ। ঝকমোকে বেশ ধরি, বসেছে বিরাজ করি, কবীশ্বর পাশে কবিগণ॥ थीरत थीरत वीना वारक. भीरत भीरत निर्म भारब. মৃদ্র মৃদ্র গার বামাস্বরে। বিদ্যা আর অবিদ্যার, নৃত্য হবে দ্জনার, কে ছোট কে বড জানিবারে॥

বিদ্যার নাচ

নাচে শশিমুখী, গজেশ গতি। ললনা নলিতা, লাবণ্যবতী॥ কেমল কুসুম, কলিকা প্রায়। কনক ভূষণ, কনক কায়॥ নিবিড় নিতম্ব, যৌবন ভার। হাব ভাব হেলা, কত প্রকার॥ दर्शनत्य पर्जानत्य, नाहित्व घरता। ভূষা ঝলমল, কুসমুম ঝুরে॥ প্রেমমর নীল, কোমল আখি। িস্থর রাখিয়তে, ধরায় রাখি॥ বঙ্কিম নয়নে, বারেক চায়। বিদ্যুৎ সমান, তথনি যায়॥ ঝাণ্টার মাঝে, বদন চাঁদ। আশে পাশে ফেবে, বসন ফাঁদ॥ হাব ভাব কত লাবণ্যে মাখা। যেমন নাচিছে, কেমন বাঁকা॥ ফিরিয়ে ফিরিয়ে, ফিরিয়ে ফেরে। কখন কি রূপে, কোথায় আছে। সমীরে সরোজী, যেমন নাচে॥ কির্প কি ভাব, কেমন ছবি। দেখে গেল গলে, যতেক কবি॥ মন্ত্র মৃদ্ধ সবে, অচল আখি। বিদ্যা চলে গেল, তাদের রাখি॥

অবিদ্যার নাচ
আইল অবিদ্যা তবে, দেখে কাঁপে বৃক।
ডেন্সা মাগা পেটমোটা, হাঁডি পানা মুখে॥

বরণে হাঁড়ির তলা, ঝকু মেরে যায়।
দীর্ঘ চুল দীর্ঘ দাঁত, সাঁচিপান খায়।
বসন মালন অতি, পচা গন্ধ গায়।
তিনি ফের নাচিবেন, নমস্কার পায়॥
ধ্পু ধাপু কোরে নাচে, মেঝে করে চুর॥
পাঁকেতে নাফান যেন, ব্যাঙ্গ বাহাদ্র॥
কবিগণ হেসে মরে, বলে এ কি পাপ।
পলাতে পারিলে বাঁচি, বাপু বাপু বাপু।

অবিদারে প্রতি কবিদের রহসোগিক্ত

অবিদ্যা এতেক বিদ্যা, শিখিল কোথায়।
মোহিত হইয়া মোরা, জিজ্ঞাসি তোমায়॥
পরিচয় দাও ধনি, কেন এত বিদ্যা।
আ মরি স্নুদরি তুমি, কাহাব অবিদ্যা॥

অবিদ্যা

"প্রবল প্রত।পশালী, অসভ্য রাজন।
সসাগরা ধরা নিজে, করিল শাসন।।
তাঁহার স্থের মোরা, দ্ই পাট রাণী।
প্রথমা অবিদ্যা আমি, দ্বিতীয় দ্বর্ধাণী॥"
প্র এক পেরে মেনে, পরাণে বে'চেছি।
কিন্তু আগে বল সবে, কেমন নেচেছি॥

ক্বিগণ

এমন স্কেব নাচ, কভু দেখি নাই।
তাই এক অভিলাষ, করেছি সবাই॥
স্থী হব প্রে তব, দেখিবাবে পেলে।
কে জানে সে কতগালৈ, তোমার তো ছেলে॥

কুবিদ্যা*

ছেলের গুণের কথা, কি কহিব আদ।
রপেতে আমারি মত, বাছা বাঁচা ভার॥
ভাল যাত্রা করে সে, যে, নিজে অধিকারি।
নাচিতে গাহিতে বাছা, স্বর্প আমারি॥
কিন্তু আজ পারে কি না, নাহি যায় বলা।
কেবল ঝক্ড়া কোরে, ভাঙ্গিয়াছে গলা॥
সাতিনী পালিত পতে, আছে এক ছোঁডা।
সেই কালাম্কো হলো, ঝক্ড়ার গোড়া॥
এক দিন তাবে দেখে, আমার তনয়।
মাই ধোরে কোলে বোসে, ম্দু ম্দু কয়॥
"ওমা ওমা হেদে দেখ, দাদার এখন।
রাজ ভোগ থেয়ে দেহ, ফুলেছে কেমন॥

কৃবিদ্যা ও অবিদ্যা এক জনেরই নাম বিবেচনা করিতে হইবে, অবিদ্যা শব্দের অনা অর্থ আছে
এজন্য তাহা বাবহার করা উচিত বোধ হইতেছে না, তাহার হেতৃ পরে জানা যাইবে।

বাল্যরচনা—পদ্য

আমি কহিলাম উহা, বলো না বে আব।
ওপোড়া কপালে কাল, হয়েছে তোমার॥
সব কথা শ্লিতে না, শেষে কবি ভালো।
মনে মনে কাল অর্থে করিলেন কালো।
হইল বিষম মনে, অভিমান বোধ।
বাবে বাবে কট্, বোলে, দেষ প্রতিশোধ॥
তাই তাবে গালি দিল ব্যাব আমাব।
সে দক্ষে মেবেছে হ্যুড়ো, ব্রি কাকে আব॥
দক্ষনের সনে দক্ষ, এ আব কেমন।
একা গাই দই যাঁড, সে জন্নলা শ্যমন॥

কবি ঈশ্বব

সে তোমাব প্র নয, ভাল জানি আমি।
তা হইলে হবে কেন, বিদ্যাপথগামী॥
বিদ্যান্যে থাকে ছেলে, বিদ্যা অনুবাগী।
তোব ছেলে হবে কেন, দূব বুড়ো মাগী॥

ক্বিদ্যা

তুং চুপ্ৰা নেনে, সে ছেলে আমান।
তাই পনিচয় দেছে, আপনি কুমাব॥
নে কথা শ্নেছে সবে, জগৎ সংসাবে।
প্ৰভাবৰ সাক্ষ্য আছে জিজ্ঞাসং তাৰে॥

ক্বিগণ

হত। হোক্, ডাক তাবে, শানিব গো গা। । ছেলেব মুখেব গতি অমৃত সমান॥

কুবিদ্যাব ছেলে ডাকা

আয় যাদ, আয় যাদ, আয় ঝপ কোনে।
মশা গুৰ্নি কবি যত, ডাকিতেছে তোবে।
গুৰ্নি তে ডাকিছে তোবে, পাবি বে থাবাব।
অয় আয় আয় বাবা যাদুৰে আমাব।
গাহিবে সন্তোষ মনে, খাবে যাহা দিবে।
এতেকবিমল মুখে, মিন্টদে খাইবে॥
শাষ আয় ধনমণি, মুখ রাখ্ মার।
আমাব হোস্ গো তুই, সুবর্ধ ধন সাব।

ছেলে আসিতে আসিতে বলিতেছে মাকো তোর চাবালেবে, ডাক্ দিলি ক্যান্। যতে নাব্লাম মাগো, হাঁ—

মিত্র কবি Walk up man

ক্যাশ্ব বিধাৰে কি নাম তোৱ, বাস কি নগৰে।

চ্ছেলে নাম বুনো অধিকাৰী, বেণাবনে গ্ৰন্থ

মিও কবি ২প কব বাণ বাপে, দুটো দিশি বোলে। বল দেশি কিশ্য আলো উপাৰ*ে বোলে*॥

272

চাতালেতে ওড়া ব্ৰি, ডোমেতে বা বেচে। কাঠিচব দোচনাওলা, স্ধোনাইয়া দেচে॥

Бb

ল দেখি সাদা বেন, ঘবের দেয়াল। মহা ব্যাধি হোয়েছে কি ভোলা গেছে ছাল ন

বুনো বজি বা এ হাল, পাদে দোষে চিতাইচে। ি বাংগাদে দৈবাং, বাদে হাগাইচে॥†

মিত

চট্ট এক ভাষা এ যে, বোঝা হোলো দায়। অনুবাদ কোকে বল তথ্য যোৱা যায়।

কুবিদ্যা

তেকো হোলে কেন বাছা, কথা কও দড।
মিছে কেন খাটো হ'ও, জোবে ১ও বছ॥
দাঁতায়ে কি কব, গাাল, দেও ফার্থাচিত।
না হয় গানেতে কব, সবাবে মোহিও॥

ব্লোর গীত

নাগিণী ঝি ঝিট্। ভাল খেম টা সব সন্ন্যাসী এবাব। হব সন্ন্যাসী এবার। বোণেব ভিতৰ শুক্নো নাড়ী, সইতে নারি আর। তোব সনে লো পিবীত কোরে,

শিবের পাজা গোন ছাবে, অধিকারী নামটি ধোরে, ঘণ্টা নাড়া সার॥ কমন গোর্যোছ সবে, কও তো বিশেষ।

- * এতেক বিমল মুখে মিষ্ট দেখাইবে।
- † অর্থাৎ বৃত্তির বা এটাকে পাড়িয়া ধরিয়া চিত্র কবিষাছে, কিম্বা কাক্তে দই ভাত খাওরাইরা হাগাইরাছে।
 - তাই কবি।

विष्कम तहनावली

সব কবি বেশ বেশ বেশ ব্লো, বেশ বেশ বেশ॥

চট

বেশ ভাই ফিরে গাও, আর একবার।
শর্নিয়া জর্ডাই ফের, শ্রবণের দ্বার॥
অথবা শর্নেছি তুমি, কবি মহাগ্রেণী।
একটি কবিতা ভাল, পড় দেখি শর্নি॥
শব্প বা ধশ্মের ক্লেশ, ফেলে দাও জলে।
কহ তো প্রেমের গ্রেণ, কবিতা কৌশলে॥

বুনোর কবিতা পাঠ

প্রেম সবে কর সার, প্রেমময় এ সংসার, আকাশ, পাতাল মহীতলে। সত্য ত্রেতা দ্বাপরাদি, প্রগাঢ় প্রণয়ে বাঁধি, ভাসায়েছে স্বখেতে সকলে॥ প্রেম তরে কত লোক. হয়ে গেল পরলোক, শিবের হইল ধ্যান ভঙ্গ। মোহিনীর প্রেমজালে, সমূদ মন্থন কালে, গিরীশের ঘটিল কি রঙ্গ।। কতই রোদন করে, শ্রীরাম প্রেমের তরে, एमर्ग एमर्ग উल्फिनशा नाजी। জনালা পায় কতবার, শেষেতে সে প্রেমে তার, হইল বানর অধিকারী॥ দারকানাথ গো আর, গোপাল মাঝেতে তার, মন বাঁধা গরু রাধিকার। বরিল বানরী মেয়ে, দ্বারকায় লাজ খেয়ে, দাস জাম্ব্বানের কথায়॥

বিনি নিজে রামেশ্বর, রসিকের মাণ।
ছিল তাঁর কত আর, রসিকা রমণী।
রুবিশী রুপসী রামা, সত্যভামা সতী।
দারকা স্বর্গের সম, ছিল শোভাবতী॥
সে শোভা এখন কোথা, কোথা সেই হরি।
মোহিনী মণ্ডল কোথা, সব গেছে মরি॥
যত ছার পশ্ব পক্ষী, বাসা করে তায়।
শ্গাল কুকুরে হাগে, দারকার গায়॥
তাইতে হইল মোর, কবিতার শেষ।

সব কবি

বেশ বেশ বেশ বুনো, বেশ বেশ বেশ॥

কবীশ্বর

ভাল বটে দেখি তব, কবিতার ছটা। পরে গালি দিতে তবে, এত কেন ঘটা॥ কেহ হোলো অসভ্যের, বল সেনাপতি। কেহ বা যুদ্ধের মন্দ্রী, নিজে সাধ্য অতি॥ পর দোষে দেও হাত, নিজ দোষ ঢাকি। তুমি তো বোসেছ হোরে, নিজে জয়ঢাকী॥

বুনোকবি

না প্রভু নাহিক আমি, অসভ্যের কেহ। পালিত হোয়েছে শ্ব্ধ, তাঁর অহে দেহ॥ ভাল কোরে গালাগালি, দিতে যারে তারে। আশ্রয় লয়েছি এসে, অসভ্য আগারে॥ কত লোক দিছে কত, মুখে চ্ণ কালি। তব্ যারে তারে দিই, দোহাতিয়া গালি॥ কিন্তু অসভ্যের ছেলে, পা**ছে কেউ ক**য়। পরকে বলেছি তাই, অসভ্য তনয়।। চটু ভাবে দিছে গালি, আমি নহি পট্। তাকেও বলেছি তায়, গোটা-দুই কটু॥ গেলের বাজারে নাম, লিখেছি রাখিয়া। চটু মির মোর গাল, গিয়াছে খাইয়া॥ কোন মূড় বলে ওরে, গালে আমি কম। তারা জানে গাল মোর, শক্ত কি নরম॥ কিন্তু ভয় করে, পাছে, ফিরে গালি খাই। হাতে পায় ধোরে মানা, করিয়াছি তাই॥

চট্ট

ব্রেছি চতুর বট, ব্রদ্ধি ঢের ঘটে।
গালি দিয়ে মৃখ চাপা, ব্রন্তিমত বটে॥
আঙ্গর হইল টক্, পেলে না নাগাল।
ভ্য খেয়ে সভা হলে, লিখিবে না গাল॥
যেমন নবাঢ়া হয়ে, রতিরসে বালা।
দর্দিন ঠেকিয়ে শিখে, তার যত জ্বালা॥
দিন দুই ঘরে গিয়ে, স্বামিঘর ছাড়ে।
যত আয়ো পতি সাধে, তত আয়ো বাড়ে॥
কোলেতে বসায় পতি, উঠে য়য় কেল।
সেই রঙ্গ দাদা ভাই, বিসয়াছে ফেলে।
ছোঁড়াও তেমন নয়, ধায়ে এনে জায়ে।
ব্রুক প্রের মনোরঞ্জ, লবে প্রণ্ কোরে॥

ব্দানর্গব তুমি যে হে বোর্লোছলে, কট্ব কহিবারে। আমি নাকি পারিনেকো, দেখ এই বারে॥

চট্ট

বটে বটে খ্ব গালি, মিত্রে দেছ ভাই।
"মলম্ত্র" আহারাদি, কিছু বাকি নাই॥
এক জোর ঘারে সব, করিয়াছ শেষ।
পাগল ব্নোর ঘায়ে, যাব কোন্ দেশ॥

বেমন জনেক ম্থ্, রমণীর স্থান।
অরসিক বোলে কড, হৈল অপমান॥
পিরীতে রমণী দিল, কাণ ম্লে তার॥
ম্থ বলে রসিকতা, শিখেছি এবার॥
কড রস শিখিয়াছি, এই দেখ রামা।
কসালো ছু;ড়ির ঘাড়ে, বারো ইণ্ডি ঝামা॥
সেই রঙ্গ হলো তব, শ্ন ভাই ব্নো।
কবিছে বাড়ালে তুমি, গালি দিয়ে দ্নো॥
কেবল তোমার ম্থে, গালি না যুরায়।
কিন্তু হে একটি কথা, জিজ্ঞাসা তোমায়॥
কট্বতে অপট্যু তুমি, বলিয়াছি বটে।
তুমি তা জানিলে বলো, কাহাব নিকটে॥

ব্নোকবি

ষে হোক্না কেন তাতে, কি কার্য তোমার। আগে বল দিছি গালি, কেমন এবার॥ তোমারে যা বলিয়াছি, ব্ঝেছ ত সব। গোপনে বলেছি ঢের কব অনুভব॥

ठप्रे

গাল দেছ দড় দড়. হলো বাহাদর্ক্তর বড়, বাড়িবেক যশ অবিরত। আমরা শুনিষা তায়, এসেছি কৃতজ্ঞতায়, সেলাম বাজাতে গোটাকত॥ স্ব্ভিদ্ধ উড়ায় হাসে" "নীচ যদি উচ্চ ভাষে, স্বৃদ্ধি মহং তুমিও ত। তাই সব নমস্কার. ফিবিয়ে দিবে না আর. স্বাদ্ধি মহৎ জন মত॥ কি স্বাদ্ধি স্ক্যু তব, লোকে করে অনুভব, যার কি না যায় দেখা কিছু। কেহ বলে কই কই, কেহ বলে, আছ ওই क्ट वल मीज़ वाँखा निष्ट्*॥ একবার তেজে শোক. হে উত্তরে মহল্লোক, সম্বোধিও নীচে মুখ ফুটে। মনসূথে সব স'ব, কিছ, মাত্র নাহি কব, অঙ্গীকার কবি কবপুটে॥

মিত্র কবি গালি দিলে প্রতিফল, অবশ্য পাইবে। যেই মতি, সেই মতি, কেন না হইবে॥

ব্দোকবি এ মতি আমার নাহি, ছিল এত কাল। কবিদ্যা কুর্মাত দিয়ে, ঘটালো জঞ্জাল॥ স্বিদ্যা স্মাতা ছেড়ে, এসে তার কাছে। এই মতি এই গতি, শেষ ঘটিয়াছে॥

কুবিদ্যা

আমি তোর মাতা নহি, সে তোমার মাতা।
সে তোমার প্রিয হলো, খেলি মোর মাতা।
আমি চলে যাই দেখি, কে কি করে তোর।
এখন কবিবি তুই, কোন্ মাব জোব।
কুবিদ্যা প্রস্থান ও বিদ্যা প্ররাগমন করিলেন

বিদ্যা

কেন বাছা তোবা সবে, কলহ কবঃ।
ভাই ভাই ভাবে সদা, ভাই ভাই রঃ॥
সকলে একত্রে মোরে, আরাধনা কব।
সকলেই উপদেশ, দেন কবীশ্বন॥
সদাই সন্তাবে তবে, কেন না চলঃ।
কি কাবণে কর সবে, কেবল কলহ॥

মিত্র তাই আমি কতবার, ব্ঝায়ে লিখেছি। তাব ফল গালাগালি, কেবল দেখেছি॥

অধিকারী

আমি ত দিই নে গালি, ওদের দ্জনে।
শ্ব্ কবিশ্রেষ্ঠ আমি, জেনে মনে মনে।
কবিলাম অপর্প, স্বপন রচনা।
জগতেরে জানাবাবে, নিজ গণেপনা।

বিদ্যা কিসে তুমি শ্রেষ্ঠ কবি, নিজ মনে লাগে। কবিতা কাহাকে বলে, বল দেখি আগে॥

অধিকারী

যে জন মিলায় শব্দ, সুকোমল ভাবে। সেই ত সুকবি বলি, আপনা প্রকাশে॥

বিদ্যা

তা নথ কবিতা বাছা, তা নয় তা নয়।
বামায়ণ পোড়ে তত, স্কবি না হয়॥
ন্ম বাদ, প্রকৃতির, মোহন বদন।
যেই মনোমত ভাবে, করে দরশন॥
স্থ দ্থ রিপ্নে রসে, হৃদয় মাঝার।
প্রকৃতিব মোহসনে, জন্মে যে বিকাব॥

विष्क्य ब्रह्मावली

যেই ভাষে সেই ভাব, স্বরূপ প্রকাশে। যে ভাষে আপনা সনে, হৃদয় সম্ভাষে॥ যথার্থ কবিতা সেই, সদা মোহময়। শুধু রাম রাম বলা, কবিতা তো নয়।। কি পুরামনাম তুমি, ছাড়িবে না দেখি। বতে প করিয়ে কবি, কয় যত ঢেকি।। সত্য কবিতায় রাখ, যতন বিশেষ। কবি ঈশ্বরের ঠাই, লহ উপদেশ॥ -- 'সংবাদ প্রভাকর', ২৭ সেপ্টেম্বর, ১৮৫৩

বর্ষার মানভঞ্জন

নায়কের উক্তি

বিপদী

কিন্পে দেখালে প্রাণ বিধ্যান্থ করে মান, ধেরিতেছি অপর্গ ভাব। প্রকল্প সক্স ভাবে, বরষার আবিভাগে, বাংয়াছে সকল স্বভাব। বন উপবন চয়, বসময় সমুদ্র রসপূর্ণ যত জীবগণ। কিন্ত যি আন্টো, কব, এ স্বার মাঝে তব কেন প্রিয়ে বিরস বদন। বুৰোহি কারণ তাব. দোষ দিব কি তোমার বর্ষাকালেতে সব করে: স্মাকর এই কালে. জডিত জলদ ভালে স্বভাবে মলিন ভাব ধরে। যদি এই ভাব ধরে গগনের শশধরে, শোভাহীন হয়ে সদা রয়; কেন বল নাহি হবে তব মুখচন্দ্র তবে. সের্প বিরূপ অতিশয়। আকাশেতে জলধর, মনোহর নিশাকর ঢাকি আছে দিবস যামিনী; কেন না তোমার তবে, শশীমুখ ঢাকা রবে অম্বরে অম্বরে বিনোদিনী। ধরিলাম দুই করে মান ভাঙ্গিবার তরে, মুখ-পদ্মে কর পদ্ম দিলে; বুঝি এই ভাব তার, আগমনে বরষার কর্মালনী মুদিতা সলিলে। এ কালের প্রতিক্ল, কাননে কোকিলকুল कूर, कूर, कार्कान ना करता। रकांकिन वामिनी व्यक्ति, তাই আছে মুখ বুজি থাক থাক মানে থাক. মৌনবতী বরষার ডরে। গগনের যত তারা, বরষা কালেতে তারা नमा काम नरह श्रकिंछ:

তাই বু.ঝি জ্যোতিহারা, তোমার নয়ন-তারা অভিমানে রোয়েছে মুদিত। বরষার অনুক্ষণ, বারিধারা বরিষণ বারে বারে ধরা পূর্ণ তায়: তাই বু,ঝি নিরন্তর, তব নেত্র-নীরধর নীর-ধারে ফে:লিছে ধরায়।

नाशिकाव डेस्टि

2017 শ্বিয়া শেষে। শ্লেষ কুপিল কামিনী, বিধ্যুথে মৃদ্যুবে কহিল মানিনী। বর্ষার ধর্ম্ম যাদ বারি বরিষণ, তবে কেন বলগীন তোমার নয়ন। দুর্গখনীর দুখতাপে হইয়া সদয়. লোমাৰ নয়নে কেন বৃণ্টি নাহি হয়।

নায়কের উব্ভি

তিপদী

অধীনের অগ্রেধান চেও না চেও না আর. এক বিন্দু নাহি প্রাণধন. তোমার মিলন ছেদে, কাঁদিয়া কাঁদিয়া খেদে নীর-হীন করেছি নয়ন। নাহি আব জলধান, কোথা বল পাব ধার গ্ৰেমাধার, ধাব বটে ধারি; প্রাণের সম্বল বল, দ্ই এক ফোটা জল যদি থাকে, দিতে নাহি পারি। যে হেতৃ যখন প্রনঃ, ভোমার নয়নাগনে করিবেক দহন আমারে; নিবারিতে সে অনল, তখন না পেলে জল প্রাণান্ত হইবে একেবারে।

শ্নিয়া শ্নিল না ভামিনী কামিনী, প্ৰেবিং মৌনভাব রহিল মানিনী। ঘোমটা টানিয়া দিল মুখের উপরে, বাবিদে বসনে বিধ্য আচ্চাদন ক'রে।

নায়কের প্রের্জি

<u>তিপদী</u>

বদনে বসন রাখ ঢাক ঢাক শশী ঢাক মেঘে, এখনি করিয়া জোর দীর্ঘাস বায়, মোর, জলদে উড়াবে অতি বেগে।

পয়ার

তব্ না কহিল কথা মানিনী রমণী, হাসিয়া কহিছে শুন কান্ত গুণুমণি।

ত্রিপদী

এ কি বিপরীত ভাব, হোলে বর্ষা আবিভাবি সতত চপলা চমকার, তোমার অধরে আর, হাস্যাকার চপলার চমক নাহিক হায় হায়।

পয়ার

দ্বিগ্র বাড়ায় মান যত পতি সাধে,
ফলতঃ বাহিরে সেটা সাধে বাদ সাধে।
পরে নিজ গাঢ় মান জানাবার তরে,
ঘর ছেড়ে ছলেতে বাহিরে যাতা করে।
মধ্ভামে ব'ধ্ কহে কি কর ললনা,
যেও না যেও না ধনি, বাহিরে যেও না।

<u>নিপদী</u>

প্রণায়নী মান পাল।, ঘোর কাল মেখমালা করিল আমাবে:

শত ফিবে ফিরে চাও, মাথা খাও ঘরে যাও
দোহাই দোহাই বারে বারে।
দ্বস্থ অবোধ মন, ঢাফিতেছে ঘন ঘন
গগন শোভন শাধবে;
কি জানি যদ্যপি পুন, প্রকাশিয়া নিজগ্র্শ
তব্ মুখশশী গ্রাস করে।
তাহা হ'লে আর প্রাণ, আমার চকোর প্রাণ
বহিবে না শ্বীর-পিজালে:

তাই বলি প্রাণগ্রিয়ে, বাঁচাও ঘরেতে গিয়ে এসো এসো ধরি দুই করে।

পয়ার

নিবিড় নীরদ নব নির্রাথ নয়নে,
বাহিবেতে গিয়া ধনি ভাবিতেছে মনে।
ঘন ঘন ঘননাদ, গভীরা যামিনী,
পলকে পলকে তার নলকে দামিনী।
মানে মানে মান হার মানিনী ভামিনী,
গরবেতে গ্রে যায় গজেন্দ্রগামিনী।
মানের নিগ্ড়ে ভাব শেষে গেল বোঝা,
স্থেতে বিংকমচন্দ্র হইলেন সোজা।
--সাহিত্য', শ্লাবণ, ১০০১

গদ্য

ছাত্র হইতে প্রাপ্ত

গুগুনুমুন্ডলে বিরাজিতা কাদন্বিনী উপরে কম্পায়মানা শম্পা সংকাশ ক্ষণিক জীবনের অতিশয় প্রিয় হওত মৃঢ় মানবম ভলী অহবহঃ বিষয় বিধাণ বে নিমজ্জিত রহিয়াছে। প্রমেশ প্রেম পরিহার প্রকঃসর প্রতিক্ষণ প্রমদা প্রেমে প্রমন্ত রহিয়াছে। আবর্বিন্দ্রপম জীবনে চণ্ডার্ক সদৃশ চিরস্থায়ী জ্ঞানে বিবিধ আনন্দোৎসব করিতেছে, কিন্তু প্রমেও ভাবনা করে না যে, সেসব উৎসব শ্ব হইলে কি হইবে এবং প্রম নিধি প্রিয় পিতা প্রাংপরের প্রতি প্রীতি প্রভাবের অভাব করে, বিবেচনা করে না যে, তাঁহার সমীপে উত্তরকালে কি উত্তর করিবে। কদাপিও মূঢ় মানব মণ্ডলী মনোমধ্যে মুহুত্রেকও বিবেচনা করে না যে, তাহারা কি অনিত্য পদার্থ প্রয়ত্ত্ব প্রঃসর প্রতিপালন করিতেছে। এখন যে দেহে ধ্লিকণা পতনে পাবাণ প্রহার প্রায় বোধ হয়, আশ, সেই দেহ শ্বসমূহের করাল পদাঘাতে বিদীপ হইবেক, এখন যাহার রাজীব রাজী বিরাজিত শ্বাতেও নিদ্রা হয় না, জীবনান্তে সে ধ্লি কর্দমি অভি্তণা কীণ লক্ষ লক্ষ রক্ষো যক্ষ, ভূত প্রেতাদির বাসন্থান শ্মশানে চিরনিদ্রিত ইইবেক। এবং যে অঙ্গ কোমল কমল স্পর্শনে বিশীর্ণ হয় সে অঙ্গে গ্রাধনী চণ্ড নু আঘাতে খণ্ড খণ্ড করিবেক। যে লপনেন্দ, শত ২ শশধর শোভা পাইতেছে, সে বদন কন্দম মণ্ডিত হওত ম্মণ্ডলে পতিত থাকিবেক। যে নয়নে অণ্করেণ, অসি অনুমান হয় বায়স বায়সী নথাঘাতে সে নয়নোৎপাটন করিবেক। যে রসনা প্রমদাধর রস না পান করিয়া অনা রস পান করে না, সে ওপ্ট নন্ট হইয়া লোণ্ট্র ভক্ষণে কন্ট পাইবেক। যে নাসিকা স্থলে চন্দনও বন্দনা পায় না, সে নাসিকা দুর্গক কীটাদি এবং গলিত শব-মাংসের ঘাণ গ্রহণে বাধ্য হইবেক, যে প্রবণ কামিনী কাকলী প্রবণে সস্তোষ প্রাপ্ত হয় না. সে প্রবণ শিবাগণের চীৎকার প্রবণ করণে বাধ্য হইবেক, দিবাকর কর প্রকাশে মধ্কর নিকর যে করে কর্মালনী প্রমে মকরন্দ লোভে ভ্রমিত সে কর কদর্য্য কীট নিকরে ব্যাপ্ত হইবেক। যে পদ কখন বিপদগ্রস্ত হয় নাই, এবং যে পদ কথন সম্পদ সংরক্ষণেও ধুলি সহ সাক্ষাৎ করে নাই, সে পদ স্বপদ পরিত্যাগ

र्वाष्क्रम ब्रह्मावली

প্রঃসর ধ্লি হইয়া যাইবেক। ধরাবাসিদিগের এই ধারা দর্শনে অশ্রন্থ ধারা ধারে ধারে ধারণ হয় অতএব হে মানবগণ অনিত্য যত্নে ক্ষান্ত হও।

—'সংবাদ প্রভাকর', ২৩ এপ্রিল, ১৮৫২

(গ্রেণাকর জনসহ সাক্ষাদভিলাষে নিরাশ জনসা বির্চিত)

বৰ্ষাঋতু

স্বনাথ শশধর বিরহিণী বিঘার তমসান্বরাব্তা গভীরা নিশীথিনী সংকাশ নিবিড় জলধারমাল গগনমন্ডলে নিরত নিরীক্ষণ করিতেছি। মন্মথোন্মথিত জনরাজী হ্বদয় বিদারক ঘোরঘন নির্ধোষ নিনাদ প্রবণে চমকিতচিত্ত চাপল্য প্রাপ্ত হইতেছে। নিবিড় নীলঙ্গিন যমনুনা-প্রনিনে শ্রীরাধা চাডকী নীরদ কদন্ববিহারি শ্যাম শরীরোপরি তর্রালত বিকচ বিমল বনমালা তুলিয়া নীলজলধরোপরি শন্পা কন্পায়মানা হইতেছে, কর্পকুহর-বিদারক ভীষয়ার্শনি নিনাদে ভূবন চমকিত হইতেছে, কার্দনিবনী বর্ষিত বারি বিন্দু বিশালবেগে ধরাতলে পতিত হইতেছে। চিরাশাবলন্বিনী চাতকী ধরাধর বর্ষিত জলকণা পানে প্রাণ্ড প্রইতেছে, বিঘোর সজল জলদাবলী সন্দর্শনে শিথাবল শত শত নীল নিশাকর বিরাজিত প্র্ছবিস্তারিত প্রয়সর নৃত্য করিতেছে, নিদার্শ প্রথর কর ধর বিভাকর বিশালজীম্ত জালাচ্ছয় রহিয়াছে, লিলত লপনা ললনা করান্তোজ স্বর্পা বিমলা কমলিনী ব্লানম্ব্য ম্বিদতা হইল মনোমোহিনী মহিলা মালা মুখছায়া কনক চকাকার চার্চন্দ্রমালা জলধর জালাচ্ছয় রহিয়াছে, নিশান্বর শোভনতারকানন্ডলী অদৃশ্য হইল।

নিদাঘীয় প্রথর প্রভাকর প্রতাপে ম্লান স্বভাবাচ্ছয় বিপ্রল লাবণাবতী হইল মহীর হর।জী নবদলমালায় ঝলমলায়মান হইতেছে। বিদ্যাল্লতা তুলিতা নবীনা কুমারী মাতুর কাবলম্বন সদৃশ নব লাতিকামালা মহামহীর হরাজীকে অবলম্বন করিতেছে ব্ ক্ষলতা স্বশোভিতা বস্ক্ররা স্বন্ধরী বহুল কনকাল কারমাণ্ডতা চন্দ্রলপনাস কাশ প্রেক্ষণীয়া হইয়াছে, জলধর রস প্রাপনে প্র্ণিযৌবনা, বিশাল বেগবতী, ভীষণ কল্লোলোমন্তা, তরল তরঙ্গ রঙ্গিণী, স্লোতস্বতী, স্বনাথ সাগরে শরীর সমর্পণ করিতেছে, হে নয়ন যুগল! এতন্মনোরম পদার্থপ রঞ্জে সন্দর্শন সার্থক হও।

—'সংবাদ প্রভাকর', ১০ই জ্বলাই, ১৮৫২

অসম্পূর্ণ রচনা

রাজমোহনের

মধ্মতী নদীতীরে রাধাগঞ্জ নামক একটি ক্ষ্র গ্রাম আছে। প্রভূত ধনসম্পন্ন ভূম্বামীদিগের বসতি-স্থান বলিয়া এই গ্রাম গণ্ডগ্রামন্বর্প গণ্য হইয়া থাকে। একদা চৈত্রের অপরাস্ত্রে
দিনমণির তীক্ষ্য কিরণমালা ম্লান হইয়া আসিলে দ্বঃসহ নৈদাঘ উত্তাপ ক্রমে শতিল হইতেছিল;
মন্দ সমীরণ বাহিত হইতে লাগিল; তাহার মৃদ্য হিল্লোল ক্ষেত্রমধ্যে কৃষকেব ঘর্ম্মান্ত ললাতে
দেবদবিন্দ্র বিশ্বাহ্ন করিতে লাগিল, এবং সদাশয্যোখিতা গ্রাম্য ব্যাণীদগের ম্বেদবিজড়িত
অলকপাশ বিধ্ত করিতে লাগিল।

গ্রিংশংবর্ষবয়ংকা একটি রমণী একটি সামান্য পর্ণ কুটীর অভ্যন্তরে মাধ্যাহ্নিক নিদ্রা সমাপনান্তে গাল্রোখান করিয়া বেশভূষায় ব্যাপ্তা হইলেন। দ্বীছাতির এই বৃহং ব্যাপার সম্পাদনে করণীর কালবিলম্ব হইল না; একট্ব জল, একখানি চিনে-মোড়া চাবি আঙ্গবল বিস্তাব দর্পণ, সেইর্প দীর্ঘকায় একখানি চির্নিণর দ্বারা এ ব্যাপার স্কান্স্রা হইল। এতদ্ব্যাত্রেকে কিছ্ব সিন্দ্রের গ্র্ডায় ললাট বিশোভিত হইল। পরিশেষে একটি তাম্বলের বাগে অধর রঞ্জিত হইল। এইর্পে জগদ্বিজারনী রমণী জাতির একজন মহারথী সম্পত্র হইয়া কলসীকক্ষে যাত্রা করিলেন, এবং কোনও প্রতিবাসীর বংশ-রচিত দ্বার স্বলে উদ্ঘাটিত করিয়া গ্রাভান্তরে প্রবিষ্টা হইলেন।

যে গ্রেমধ্যে ইনি প্রবেশ করিলেন, তাহার মধ্যে চারিখানি চালা ঘর—মাটির পোতা— ঝাঁপের বেড়া। কুটীরমধ্যে কোথাও দারিদ্রালক্ষণ দৃষ্ট হইতোছল না—সর্বাত্ত পরিষ্কার পরিক্ষর। চতুত্বেল উঠানের চারিদিকে চারিখানি ঘর। তিনখানির দ্বার উঠানের দিকে—একখানির দ্বার বাহিরের দিকে। এই ঘরখানি বৈঠকখানা—অপর তিনখানি চতুত্পাধ্যে আবরণ বিশিষ্ট হইয়া অস্তঃপ্রত্বত্ব প্রাপ্ত হইয়াছিল। সদর বাটীর মন্ডপ সম্মুখে স্কর্ষিত ভূমিখন্ডে কিছু বাস্তাকু শাকাদি জিম্মাছিল। চারিপাধ্যে নলের বেড়া; দ্বারে ঝাঁপের আগড়; স্ত্রাং অবলা অনায়াসে গ্রে প্রবেশ করিল।

বলা বাহ্লা যে, লক্ষপ্রবেশা প্রথমেই অন্তঃপ্রাভিম্থে চলিলেন। প্রবাসী বা প্রবাসিনী-বর্গ মাধ্যাহিক নিদ্রা সমাপনান্তে হব হব কার্যে কে কোথায় গিয়াছিল, তাহা বলিতে পারি না। কেবলমান্ত তথায় দ্বই ব্যক্তি ছিল; একটি অন্টাদশবষীযা তর্গী বন্দ্রোপবে কার্কার্যে ব্যাপ্তাছিলেন, আর একটি চারি বৎসরের শিশ্ব খেলায় মর্মচিত্ত ছিল। তাহার জ্যেন্ঠ দ্রাতা পাঠশালায যাইবার সময় জানিয়া শ্রনিয়া মস্যাধার ভূলিয়া গিয়াছিল। শিশ্ব সেই মসীপান্ত দেখিতে পাইয়া অপর্য্যাপ্ত আনন্দ সহকারে সেই কালি মুখে মাখিতেছিল; পাছে দাদা আসিয়া দোয়াত কাড়িয়া লয়, বাছা যেন এই ভয়ে সকল কালিট্রক একেবারে মাখিয়া ফেলিতেছিল। অভ্যাপতা, কার্কার্যারণিরার নিকট ধরাসনে উপবেশন করিয়া জিজ্ঞাসা করিলেন, "কি করিতেছিস্লো?"

সন্তেবাধিতা রমণী হাসিয়া উত্তর করিলেন, "আজ যে দিদি, বড় অনুগ্রহ; না জানি আজ কার মুখ দেখে উঠেছিলাম।"

অভ্যাগতা হাসিয়া কহিল, "আর কার মৃথ দেখে উঠ্বে? রোজ যার মৃথ দেখে উঠ আজও তার মৃথ দেখে উঠেছ।"

এই কথা শ্নিরা তর্ণীর ম্খমণ্ডল ক্ষণেকের জন্য মেঘাচ্চন্ন হইল; অপরা নারীর অধর-মলে হাস্য অন্ধ্রপ্রতিত রহিল। এই স্থলে উভয়ের বর্ণনা করি।

অভ্যাগতা যে গ্রিংশংবর্ষবরুক্তা এ কথা প্রেবই বলিয়াছি। সে শ্যামবর্ণা—কাল নয়—
কিন্তু তত শ্যামও নয়। মুখকান্তি নিতান্ত স্কুলর নয়, অথচ কোন অংশ চক্ষরে অপ্রিরকর নয়;
তক্মধ্যে ঈষং চণ্ডল মাধুরী ছিল, এবং নয়নের হাসি হাসি'-ভাবে সেই মাধুরী আরও মধুর
হইয়াছিল। দেহময় যে অলংকারসকল ছিল, তাহা সংখ্যায় বড় অধিক না হইবে, কিন্তু একটি
মুটের বোঝা বটে। যে শৃংখবশিক সেই বিশাল শৃংখ নিশ্বশি করিয়াছিলেন, তিনি বিশ্বক্ত্রার

অতিবৃদ্ধ প্রপোত্ত সন্দেহ নাই। আভরণময়ীর স্থুলাঙ্গে একথানি মোটা শাটী ছিল; শাটীখানি বৃঝি রন্ধকের উপর রাগ করিয়াছিল, তাই সে পথে অনেক কাল গতিবিধি করে নাই।

অন্টাদশবষী রার কোমল অঙ্গে এতাদৃশ অলঙ্কার বেশী ছিল না। বস্তুতঃ তাহার বাক্যালাপে পূর্ব্ববঙ্গীয় কোনরূপ কণ্ঠবিকৃতি সং**লক্ষিত হইত** না: ইহাতে প্লন্ট অনুভূত হইতে পারে যে. এই সর্বাঙ্গসূন্দর রমণীকুস্ম মধ্মতী-তীরজ নহে-ভাগীরথী-ক্লে রাজধানী সন্নিহিত কোনও স্থানে জাতা ও প্রতিপালিতা হইয়া থাকিবেক। তর্ণীর আরক্ত গৌরবর্ণছটা মনোদঃখ বা প্রগাঢ় চিন্তাপ্রভাবে কিণ্ডিং মলিন হইয়াছিল: তথাচ যেমন মধ্যাহ্ন রবির কিরণে স্থলপামনী আন্ধ প্রোজ্জ্বল, আন্ধাশুক্ক হয়, রুপসীর বর্ণজ্যোতি সেইরূপ কমনীয় ছিল। অতিবদ্ধিত কেশজাল অযুদ্ধিল গ্রান্থতে স্কর্মদেশে বন্ধ ছিল: তথাপি অলককুন্তল সকল বন্ধন দশায় থাকিতে অসম্মত হইয়া ললাট কপোলাদি ঘিরিয়া বসিয়াছিল। প্রশন্ত প্রণায়ত ললাটতলে নিদেশ্যে বঙ্কিম দ্র্যুগল ব্রীড়াবিকম্পিত; নয়নপল্লবাবরণে লোচনযুগল সচরাচর অন্ধাংশমাত্র দেখা যাইত: কিন্তু যখন সে পল্লব উদ্ধেব্যাখিত হইয়া কটাক্ষ স্ফ্রেল করিত, তখন বোধ হইত যেন নৈদাঘ মেঘমধ্যে সৌদামিনী-প্রভা প্রকৃতিত হইল। কিন্তু সে যৌবনমদমত্ত তীক্ষা দ্লিটকেপে চিন্তাকুলতা প্রতীত হইত: এবং তথায় ক্ষ্মদ্র ওষ্ঠাধর দেখিলেই বুঝা যাইত, সে হুদয়তলে কত সুখ দুঃখ বিরাজ করিতেছে। তাহার অঙ্গসৌষ্ঠব ও নিম্মাণ-পারিপাট্য, শারীরিক বা মানসিক ক্লেশে অনেক নন্ট হইয়াছিল; তথাচ পরিধেয় পরিষ্কার শাটীখন্ডমধ্যে যাহা অন্ধর্ণ দৃষ্ট হইতেছিল. তাহার অনুরূপে শিল্পকর কখনও গড়ে নাই। সেই সুঠাম অঙ্গ প্রায় নিরাভরণ কেবলমাত্র প্রকোষ্ঠে 'চুড়ি' ও বাহাতে 'মাড়কিমাদালি' ইহাও বড় সাগঠন।

তর্শী হস্তান্থিত স্চ্যাদি একপার্শ্বে রাখিয়া অভ্যাগতার সহিত বাব্যালাপে প্রবৃত্ত হইলেন।
অভ্যাগতা কথোপকথনকালে নিজ গৃহ্যক্রণা-বর্ণনে বিস্তর সদ্বক্ত প্রকাশ করিলেন: দোষের
মধ্যে এই যে যক্রণাগৃন্ধিন বর্ণনা করিলেন, তাহা প্রায়্ম কাল্পনিক। বক্ত্রী নিজ কন্দ্রময়
বক্ষাণ্ডলের অগ্রভাগ কইয়া প্রনঃ প্রনঃ চক্ষে দিতে লাগিলেন; বিধাতা তাঁহাকে যে চক্ষর্যগল
দিয়াছিলেন সে কিছু এমত অবস্থার যোগ্য নয়; কিছু কি হবে?—অবস্থাবিশেষে শালগ্রামেরও
মৃত্যু ঘটে। চক্ষরে ঘটে নাই, যতবার কাপড়খানা এসে ঠেকে ততবার চক্ষ্ম দুইটি কামধেন্র
মত অজস্র অল্রু বর্ষণ করে। বক্ত্রী-চুড়ামণি অনেকবার অল্রুবৃণ্টি করিয়া একবার জাঁকাইয়া
কালিয়য় মুখের উপর পড়িল; শিশ্বটি মসীপার শ্না করিয়া অক্ষনায়য় মুখি লইয়া দন্ডাযমান
ছিল, বালকের এই অপর্প অঙ্গরাগ্য দেখিযা গৃহ্যক্রণাবাদিনী কাদিতে গিয়া হাসিয়া ফোললেন:
রসের সাগর উথলিয়া যক্ষণাদি ভাসাইয়া দিল।

রোদনাদির ব্যাপার সমাপ্ত হইলে, স্থাদেবকে সত্য সতাই অস্তাচলে যাইবার উদ্যোগী দেখিয়া বক্ত্রী তর্মীকে জল আনিতে যাইবার আমল্রণ করিলেন। বস্তুতঃ এই আমল্রণের জন্যই এত দ্বে আসা। নবীনা বারি-বাহনার্থ যাইতে অম্বীকৃতা হইলেন; কিন্তু তাঁহার সান্ধনী বিশেষ উত্তেজনা করিতে লাগিলেন। নবীনা কহিলেন, "মধ্মতীতে বড় কুমীর, গেলে কুমীরে খাবে।"

ইহা শ্বনিয়া সঙ্গিনী যে ঘোর হাস্য করিল, নবীনা তাহাতেই ব্বিথলেন,—তাঁহার আপত্তি গ্রাহ্য হইল না। তিনি প্রনরায় কহিলেন, "যাবি কখন লা কনক, আর কি বেলা আছে?" "এখনও দ্বপুর বেলা" বলিয়া কনক অঙ্গ্রলী নিম্পেশে দেখাইলেন যে, এ পর্যান্ত স্থাকর ব্লোপরে দীপ্তিমান্ রহিয়াছে।

নবীনা তথন কিঞিৎ গাছীর্য সহকারে বলিলেন, "তুই জানিস্ত কনক দিদি, আমি কখন জল আনিতে যাই না।"

কনক কহিল, "সেই জনাই ত বাইতে কহি. তুই কেন সারাদিন পি'জরেতে কয়েদ থাক্বি? আর বাড়ীর বউমান্ধে জল আনে না?"

नवीना शिक्षं उठित केहिलन, "कल याना मानीत कर्मा।"

"क्न, क ज्ल जल प्रत एम ला? मानी ठाकत काथा?"

"ঠাকুরবি জল আনে।"

"ঠাকুরঝি যদি দাসীর কর্ম্ম করিতে পালে, তবে বৌ পারে না?"

তখন তর্শী দ্তৃপ্রতিজ্ঞ স্বরে কহিল, "কথায় কাজ নাই কনক! তুমি জান আমার স্বামী আমাকে জল আনিতে বারণ করিয়াছেন। তুমি তাঁহাকে চেন ত?"

কনকময়ী কোনও উত্তর না করিয়া সচকিত কটাক্ষে চতুন্দিকে নিরীক্ষণ করিলেন, যেন কেই আসিতেছে কি না দেখিলেন। কোখাও কেই নাই দেখিয়া সমভিবাহারিণীর মুখপ্রতি চাহিয়া গহিলেন, যেন কিছু বলিতে বাসনা আছে, কিন্তু তংক্ষণাং আশব্দাপ্রত্ত কথনেচ্ছা দমন করিয়া অধ্যাদ্ধি করতঃ চিন্তা করিতে লাগিলেন। তর্ণী জিল্ঞাসা করিলেন, "কি ভাবিতেছিস ?"

কনক কহিল—"যদি—ৰদি তোর চোথ্থাকত্—"

নবীনা আর না শ্নিয়া ইঙ্গিতের দ্বারা নিষেধ করিয়া কহিল, "চুপ্ কর্ চুপ্ কর্— ব্রিয়াছি।"

কনক বলিল, "বুঝিয়া থাক ত কি করিবে এখন?"

তর্নী কিরংক্ষণ স্তব্ধ হইরা রহিলেন, ঈষং অধ্রকশ্পে এবং অলপ ললাট-রক্তিমার প্রকাশ পাইতে লাগিল যে, য্বতীর মনোমধ্যে কোন্ চিন্তা প্রবল। তাদৃশ ঈষং দেইকম্পনে আরও দেখা গেল যে, দে চিন্তার হৃদর অতি চণ্ডল ইইতেছে। ক্ষণেক পরে কহিলেন চল যাই, কিন্তু ইহাতে কি পাপ আছে?"

কনক হাসিতে হাসিতে কহিল, "পাপ আছে! আমি ছুঁড়ে ভট্টাচার্য্য নহি, শান্ত্রের খবরও রাখি না: কিন্তু আমার আড়াই কুড়ি মিন্সে থাকিলেও যাইতাম।"

"বড় ব্বের পাটা" বলিয়া হাসিতে হাসিতে য্বতী কলসী আনিতে উঠিল: "পণ্ডাশটা! হাঁলো, এতগ্লো কি তোর সাধ?"

কনক দ্বংখের হাসি হাসিয়া কহিল, "মুখে আনিতে পাপ; কিন্তু বিধাতা যে একটা দিয়াছেন. পণ্ডাশটাও যদি তেমনি হয় তবে কোটীখানেকেই বা কি ক্ষতি ই কাহারও সঙ্গে যদি দেখা সাক্ষাং না হইল তবে আমি কোটী প্রবুষের স্ত্রী হইয়াও সতী সাধনী পতিব্রতা।"

"কুলীনে কপাল" বালিয়া তর্ণী চণ্ডল পদে পাকশালা হইতে একটি ক্ষ্ণুত কলসী আনয়ন করিলেন। যেমন বারিবাহিনী তেমনই কলসী। তথন উভয়ে প্রবাহিণী অভিমূখে যাত্রা করিলেন। কনক হাসিতে হাসিতে কহিল, "এখন এস দেখি মোর গোরবিণী, হাঁ-করাগ্লোকে একবার রূপের ছটাটা দেখাইয়া আনি।"

"মর্ পোড়ার বাঁদর" বালিয়া কনকের সমভিব্যাহারিণী অবগ্যান্ঠনে সলম্ভ বদন আচ্ছল

দ্বিতীয় পরিচ্ছেদ

অপনীত স্থাকর নারিকেলাদি বৃক্ষাগুভাগ ইইতে অন্তর্থিত ইইয়াছে; কিছু এখনও পর্যান্ত নিশা ধরাবাসিনী হয় নাই। এমন সময় কনক ও তাহার সমাভিব্যাহারিণী কলসীকক্ষে গৃহে প্রত্যাবর্ত্তন করিতেছিল। পথিপাশ্বে একটি ক্ষুদ্র উদ্যান ছিল; পূর্ব্বন্ধ মধ্যে তদুপে উদ্যান বড় বিরল। স্থানাভন লোহ রেইলের পরিধি মধ্য ইইতে অসংখ্য গোলাপ ও মাল্লকার কলি পথিকার নেত্রমাদন করিতেছিল। পূর্ব্বতন পদ্ধতিমত চতুন্কোল ও অন্ডাকার বহূতর চানকার মধ্যে পরিন্ধার ইন্টকচূর্ণ পথ স্কুর্রিচত ছিল। উদ্যানমধ্যে একটি প্র্করিণী। তাহার তীর কোমল ত্লাবলিতে স্কুর্নজ্জত; একদিকে ইন্টক্রিনিন্মিত সোপানাবলী। ঘাটের সম্মুখে বৈঠকখানা। বৈঠকখানার বারাণ্ডায় দাঁড়াইয়া দুই ব্যক্তি কথোপকথন করিতেছিল।

বয়োধিক যে ব্যক্তি, তাহার বয়স তিশ বৎসরের উদ্ধর্ব হইবে; দীর্ঘ শরীর, স্থলোকার পরেষ।
আতি স্থলকায় বলিয়াই সর্গঠন বলা যাইতে পারিল না। বর্ণ কঠোর শ্যাম; কান্তি কোনও
অংশে এমত নহে যে, সে ব্যক্তিকে সর্পরেষ বলা যাইতে পারে; বরং মর্থে কিছ্ন অমধ্রেতা
ব্যক্ত ছিল। বছতঃ সে মর্থাবয়ব অপর সাধারণের মর্থাবয়ব নহে; কিস্তু তাহার বিশেষত্ব কি
যে, তাহাও হঠাৎ নিশ্চয় করা দ্বর্ঘট। কটিদেশে ঢাকাই ধ্তি, লম্বা লম্বা পাকান ঢাকাই
চাদরে পাগড়ি বাঁধা। পাগড়িটির দৌরাজ্যো, যে দ্বই এক গাছি চূল মাধায় ছিল, তাহাও
দেখিতে পাওয়া ভার। ঢাকাই মলমলের পিরহাণ গাত্তে;—স্তুবাং তদভান্তরে অশ্বকারময় অসীম

र्वाध्कम तहनावली

দেহখানি বেশ দেখা ষাইতেছিল; আর সঙ্গে সঙ্গে সোনার কবচখানিও উ'কিঝুকি মারিতেছিল। কিন্তু গলদেশে যে হেলেহার মন্দর পর্শ্বতে বাস্কির ন্যায় বিরাজ করিতেছিল, সে একেবারে পিরহাণের বাহিরে আসিয়া দাঁড়াইয়াছিল। পিরহাণে সোনার বোজাম, তাহাতে চেন্ লাগান; প্রায় সকল আঙ্গ্বলেই অঙ্গ্বরীয়; হস্তে যমদশ্ভতুল্য পিচের লাঠি। বামনদেবের পাদপশ্মতুল্য দুইখানি পায়ে ইংরাজি জ্বতা।

ইহার সমভিব্যাহারী প্রম স্কুলর, বয়স অনুমান বাইশ বংসর। তাঁহার স্বাব্যাল শ্লিম বর্ণ, শারীরিক ব্যায়ামের অসম্ভাবেই হউক, বা ঐহিক স্থ সন্ডোগেই হউক, ঈষং বিবর্ণ হইয়াছিল। তাঁহার পরিছেদ অনতিম্ল্যবান্,—একখান ধ্বতি, অতি পরিপাটী একখানি চাদর, একটি কেম্প্রিকের পিরাণ; আর গোরার বাটীর জ্বতা পায়। একটি আঙ্গ্লে একটি আংটি; কবচ নাই, হারও নাই।

বয়োজ্যেষ্ঠ ব্যক্তি অপরকে কহিল, "তবে মাধব, তুমি আবার কলিকাতা ধরিয়াছ! আবার এ রেমা কেন?"

মাধব উত্তর করিলেন, "রোগ কিসে? মধ্রে দাদা, আমার কলিকাতার উপর টান যদি রোগ হয়, তবে তোমার রাধাগঞ্জের উপর টানও রোগ।"

মথুর জিজ্ঞাসা করিল, "কিসে?"

মাধব। নয় কিসে? তুমি রাধাগঞ্জের আমবাগানের ছায়ায় বয়স কাটাইয়াছ, তাই তুমি রাধাগঞ্জ ভালবাস; আমি কলিকাতার দ্বর্গন্ধে কাল কাটাইয়াছি, আমিও তাই কলিকাতা ভালবাসি।
মথ্বর। শ্ব্ধ দ্বর্গন্ধ! ভেরেনের শ্বকো দ্বই; তাতে দ্বটো একটা পচা ইপ্রের, পচা বেরাল
উপকরণ—দেবদ্বস্ক্রভ।

মাধব হাসিয়া কহিল, "শুধু এ সকল স্থের জন্য কলিকাতায় যাইতেছি না, আমার কাজও আছে।"

মথ্র। কাজ ত সব জানি।—কাজের মধ্যে ন্তন ঘোড়া ন্তন গাড়ি—ঠক্ বেটাদের দোকানে টো টো করা—টাকা উড়ান—তেল প্রভান—ইংরাজিনবিশ ইয়ার বক্শিকে মদ খাওয়ান—আর হয়ত রসের তরঙ্গে ঢলাঢল্। হাঁ করিয়া ওদিক কি দেখিতেছ? তুমি কি কখন কন্কিকে দেখ নাই? না ওর সঙ্গের ছইড়িটা আস্মান থেকে পড়েছে?--তাই ত বটে! ওর সঙ্গে ওটি কে?

মাধব কিণ্ডিৎ রক্তিমকান্তি হইলেন; কিন্তু তংক্ষণাৎ ভাবান্তর প্রকাশ করিয়া কহিলেন, "কনকের কি স্বভাব দেখেছ? কপালে বিধাতা এত দর্যথ লিখেছেন, তব্ হেসে হেসে মরে।" মথুরে। তা হউক—সঙ্গে কে?

মাধব। তা আমি কেমন করিয়া বলিব, আমার কি কাপড় ফ‡ড়ে চোখ চলে? ঘোনটা দেখিতেছ না?

বস্তুতঃ কনক ও তাহার সঙ্গিনী কলসীকক্ষে প্রত্যাবর্ত্তন করিতেছিল। কনককে সকলেই চিনিত; কিন্তু দ্বিতীয় কুলকামিনীর প্রতি পদসঞ্চারে যে অনিন্ধচিনীয় লাবণ্য বিকাশ হইতেছিল, তাহার বন্দ্র ভেদ করিয়া যে অপ্নের্থ অঙ্গসোষ্ঠাব দেদীপ্যমান হইতেছিল, তাহাতে প্রথমে মাধবের, পশ্চাৎ মথ্বের দ্দি মৃদ্ধ হইল; এবং উভয়ে সঙ্গীতধ্বনিদন্তচিত্ত কুরঙ্গের ন্যায় অবহিত মনে তৎপ্রতি নিরীক্ষণ করিতে লাগিলেন।

শেষ লিখিত কয়েকটি কথা যে সময়ে মাধবের মূখ হইতে নিগতি হইল, সেই সময় একবার মন্দ সমীরণ-হিল্লোল রমণীদিগের শিরোপরে বাহিত হইল; এই সময় তর্ণী স্বীয় কক্ষন্থিত কলসী অনভান্ত কক্ষে উত্তমর্পে বসাইবার জন্য অবগ্রুঠন হইতে হস্ত লইবার সময়, দুষ্ট সমীরণ অবগ্রুঠনটি উড়াইয়া ফেলিল। মূখ দেখিয়া মাধব বিস্মিতের ন্যায় ললাট আকৃষ্ঠিত করিলেন। মথুর কহিল, "ওই দেখ—তুমি ওকে চেন?"

"চিনি।"

"চেন? তুমি চেন, আমি চিনি না; অথচ আমি এইখানে জন্ম কাটাইলাম, আর তুমি কয়দিন! চেন যদি, তবে কে এটি?"

"আমার শ্যালী।"

"তোমার শালী? রাজমোহনের স্ত্রী?" "হাঁ।"

अमम्भागं तहना—ताखरमाहरनत न्ही

"রাজমোহনের স্ত্রী, অথচ আমি কখন দেখি নাই?"

"एर्गिथरव कित्रुट्भ? छीन कथन वाष्ट्रीत वाश्ति शरहन ना।"

भथात करिन. "रायन ना, তবে আজ रहेग्राष्ट्रन कन?"

মাধব। কি জানি।

मध्रत। मान्य कमन?

মাধব। দেখিতেই পাইতেছ—বেশ স্কুনর।

মথ্র। ভবিষাদ্বক্তা গণকঠাকুর এলেন আর কি? তা বলিতেছি না-বলি, মান্ষ ভাল?

মাধব। ভাল মান, ব কাহাকে বল?

মথ্র। আঃ কলেজে পড়িয়া একেবারে অধঃপাতে গিয়াছ। একবার যে সেখানে গিযা রাঙ্গাম্বোর শ্রান্ধর মন্ত্র পড়িয়া আসে, তাহার সঙ্গে দ্টো কথা চলা ভার। বলি ওর কি—? মাধ্বের বিকট ভ্রুভঙ্গ দূষ্টে মথুর যে অগ্লীল উক্তি করিতে চাহিতেছিলেন তাহা হইতে

ক্ষান্ত হইলেন।

মাধ্ব গন্বিত বচনে কহিলেন, "আপনার এত স্পষ্টতার প্রয়োজন নাই; ভদ্রলোকের স্বী

পথে যাইতেছে, তাহার সম্বন্ধে আপনার এত বক্ততার আবশ্যক কি?"

মথ্র কহিল "বলিযাছি ত দ্ব' পাত ইংরেজি উল্টাইলে ভায়ারা সব আগ্ন-অবতার হইয়া বসেন। আর ভাই, শ্যালীর কথা কব না ত কাহার কথা কব? বসিষা বসিয়া কি পিতামহীব যোবন বর্ণনা করিব? যাক্ চুলায় যাক্: মুখখানা ভাই, সোজা কব—নইলে এখনই কাকের পাল পিছনে লাগিবে। রাজমুহুনে গোবর্জন এমন পদ্মের মধ্ব খাষ?"

মাধব কহিল, "বিবাহকে বলিয়া থাকে স্বতি খেলা।"

এইরূপ আর কিঞ্চিৎ কথোপকথন পবে উভয়ে স্ব স্ব স্থানে গমন করিলেন।

তৃতীয় পরিচ্ছেদ

কনকম্মনী এবং তংসঙ্গিনী নীরবে গৃহাভিম্বথ চলিলেন। লোকের সম্মুথে কথা কহিতে কনকের সহচরী অতি লংজাকর বোধ করিতে লাগিলেন। তাহাকে নীরব দেখিয়া কনকও নীরব। কিন্তু এমন লোকালয়মধ্যে রসনার্গিণী প্রচন্ডা অন্থিনী যে নিজ প্রাথর্য্যাদি গর্ণ দেদীপ্যমান করিতে পারিল না, কনকের ইহাতে বড় মনোদ্বঃথ রহিল। তাহারা আপনাপন গৃহ-সামিধ্যে আসিলেন; তথায় লোকের গতিবিধি অধিক না থাকায় কনীয়সী কথোপকথন আরম্ভ করিলেন; বলিলেন, "কি পোড়া কপালে বাতাস দিদি, আমাকে কি নান্তানাব্রুদই করিল।"

কনক হাসিয়া কহিল, "কেন, তোমার ভন্নীপতি কি কখন তোমার মুখ দেখে নাই?"

कनीशमी। आমি ত তাহার জনা বলিতেছি না-অন্য একজন যে কে ছिল।

কনক। কেন, সে যে, মথ্ববাব্; তাহাকে কি কখন দেখ নাই?

কনীয়সী। করে দেখিলাম—আমার ভগ্নীপতির জোঠাত ভাই মথ রবাব,?

কনক। সেনাত কে?

कनीयमी। कि लब्जा द्यान, काशाव माकार् विमन् ना।

কনক। মরণ আর কি! আমি লোকের কাছে গলপ করিতে ষাইতেছি যে, তুমি জল আনিতে ঘোমটা খলে মুখ দেখাইয়াছিলে।

এই বলিয়া কনক মুখ টিপিয়া হাসিতে লাগিল। তর্নী সরোধে কহিল, "তুমি ভাগাড়ে পড় না কেন? কথার রকম দেখ। এমত জানিলে কি আমি তোমার সঙ্গে আসিতাম?"

কনক প্রনরায় হাস্য করিতে লাগিল; ঝুরতী কহিলেন, "তোর ও হাসি আমার ভাল লাগে

ना-मन्दर्नाम ! मूर्गा या करतन ।"

এই বলিয়া নবীনা গৃহাভিমুখে নিরীক্ষণ করিয়া কম্পিতকলেববা হইল। কনক্ষয়ীও সেই দিকে নিরীক্ষণ করিয়া এই আক্সিমক ভাতির হেতু অনুভূত করিলেন। তাঁহারা প্রায় গৃহ-সামিষো উপনীতা হইরাছিলেন। কনক দেখিতে পাইল ষে. ঘারে অগ্নিবিচ্ছ্রিত নয়নে কালম্ভির নায় রাজমোহন দন্ডায়মান রহিয়াছে। সঙ্গিনীর কর্ণে কর্ণে সে কহিল,—"আজ্বদেখিতেছি মহাপ্রলার; আমি তোর সঙ্গে যাই, যদি অক্লে কাণ্ডারী হইতে পারি।"

विष्क्रम ब्रह्मावनी

রাজমোহনের স্থাী তদ্রপ মৃদ্দুস্বরে কহিল, "না, না, আমারও সহা আছে—তুমি থাকিলে হয়ত হিতে বিপরীত হবে, তুমি বাজী যাও।"

ইহা শ্নিয়া কনক পথান্তরে নিজ গ্রে পমন করিল। তাঁহার সহচরী যথন নিজ গ্রে প্রবেশ করিলেন, তথন রাজমোহন কিছুই বলিল না। তাহার স্থী জলকলসী লইয়া পাকশালায় রাখিলেন। রাজমোহন নিঃশব্দে সঙ্গে সাক পাকশালায় যাইলেন। স্থাী কলসীটি রাংখিলে রাজমোহন কহিল, "একট্ব দাঁড়াও।" এই বলিয়া জলের কলসী লইয়া আঁশুকুড়ে জল ঢালিয়া ফেলিলেন। রাজমোহনের একটি প্রাচীনা পিসী ছিল। পাকের ভার তাঁরই প্রতি; তিনি এইর্প জলের অপচয় দেখিয়া রাজমোহনকে ভংশনা করিয়া কহিলেন. "আবার জলটা অপচয় করিতেছিস কেন রে? তোর কগশ্ডা দাসী আছে যে, আবার জল আনিয়া দিবে?"

"চুপ কর্ মাগী হারামজাদী" বলিয়া রাজমোহন বারিশ্না কলসীটা বেগে দ্রে নিক্ষেপ করিল; এবং স্থার দিকে ফিরিয়া অপেক্ষাকৃত মৃদ্দ্ব অথচ অন্তর্জনালাকর স্বরে কহিল, "তবে রাজরাদী কোথায় যাওয়া হইয়াছিল?"

রমণী অতি মৃদুম্বরে দার্ট্য সহকারে কহিল, "জল আনিতে গিয়াছিলাম।"

যথার স্বামী তাঁহাকে দাঁড়াইতে বলিয়াছিল তিনি তথার চিত্রাপিত প্রেলিকার নাায় অস্পন্দিতকার দাঁড়াইয়া ছিলেন।

রাজমোহন বাঙ্গ করিয়া কহিল, "জল আনিতে গিয়াছিলে? কাকে ব'লে গিছ্লে ঠাকুরাণি?"

"কাহারেও বলে যাই নাই।"

রাজমোহন আর ক্রোধপ্রবাহ সম্বরণ করিতে পারিল না, চিৎকার স্বরে কহিল, "কারেও বলে যাও নাই— আমি দশ হাজার বার বারণ করেছি না?"

অবলা প্ৰৰ্মত মৃদুভাবে কহিল "করেছ।"

"তবে গেলি কেন হারামজাদি?"

রমণী অতি গব্ধিত বচনে কহিল, "আমি তোমার স্ত্রী।" তাঁহার মুখ আরক্ত হইয়া ৬ঠিল. কণ্ঠস্বর বন্ধ হইয়া আসিতে লাগিল।

"গেলে কোন দোষ নাই বলিয়া গিয়াছিলাম।"

অসমসাহসের কথা শ্নিরা রাজমোহন একেবারে অগ্নিসম হইয়া উঠিলেন; বজ্বনাদবং চিংকারে কহিলেন, "আমি তোকে হাজার বার বারণ করেছি কি না? এবং ব্যাঘ্রবং লম্ফ দিয়া চিত্রপত্তিলিসম স্থিরর্গুপিণী সাধনীর কোমল কর বজ্রম্পেট এক হস্তে ধরিয়া প্রহারার্থ দ্বিতীয় হস্ত উত্তোলন করিলেন।"

অবলাবালা কিছু ব্রিঝলেন না; প্রহারোদ্যত হস্ত হইতে একপদও সরিয়া গোলেন না, কেবল এমন কাতর চক্ষে দ্বী-ঘাতকের প্রতি চাহিয়া রহিলেন যে, প্রহারকের হস্ত যেন মন্ত্রম্ম রহিল। ক্ষণেক নীরব হইয়া রহিয়া রাজমোহন পঙ্গীর হস্ত ত্যাগ করিল; কিন্তু তৎক্ষণাৎ প্র্থমত বিজ্ঞাননাদে কহিল, "তোরে লাখিয়ে খ্রন করব।"

তথাপি তিরস্কৃতা কোন উত্তর করিল না, কেবল চক্ষে অবিরল জলধারা বিগলিত হইতেছিল। সদ্শী মানসিক যন্ত্রণা নীরবে সহা করিতে দেখিয়া নিষ্ঠ্রর কিণ্ডিং আর্র হইল। সহধন্মিণীর অচলা সহিষ্কৃতা দৃষ্টে প্রহারোদ্যমে বিতথপ্রয়ন্ন হইলেন বটে, কিন্তু রসনাত্রে অবাধে বন্ধুতাড়ন হইতে লাগিল। সে মধ্মাখা শব্দাবলী এ স্থলে উদ্ধৃত করিয়া পাঠকের কর্ণ পীড়ন করা অবিধেয়। ধীরা সকলই নীরবে সহা করিল। ক্রমে রাজমোহনের প্রচণ্ডতা খব্ব হইয়া আসিল; তথন প্রাচীনা পিসীর একট্ সাহস হইল। তিনি ধীরে ধীরে ভাতুক্প্রত্র-বধ্র কর ধারণপ্র্কিক তাহার গ্রেছ্যন্তর্গের লইয়া গেলেন; এবং ষাইতে ঘাইতে ভাতুক্প্রত্রক দ্বই এক কথা শ্রনাইয়া দিলেন; কিন্তু তাহাও সাবধানে, সাবধানে—সাবধানের মার নীই। যথন দেখিলেন যে, রাজমোহনের কোধ, মন্দীভূত হইয়া আসিয়াছে, তখন বয়ীয়সী একেবারে স্বীয় কণ্ঠকুপ হইতে প্রচণ্ড তিরস্কার-প্রবাহ ছাড়িয়া দিলেন, প্রাত্তর্পার যতগ্রনিন কুকথা মুখনিগতি করিয়াছিল, প্রায় সকলগর্নলিরই উপযুক্ত মুল্যে প্রতিশোধ দিলেন। রাজমোহন তথন নিজের ক্রোধ লইয়া বান্ত, পিসীর মুখনিঃস্ত ভাষাঞ্চালিত্যের বড় রসাম্বাদন করিতে পারিলেন না: আর প্রের্থ সে রস অনেক আম্বাদন করা হইয়াছিল, স্তেরাং তিনি এক্ষণে তাহা অপন্বর্ণ বিলয়া বোধ করিলেন না। দুই

জনে দুই দিকে গেলেন; পিসী বধ্কে সাম্থনা করিতে লাগিলেন। রাজমোহন কাহার মাথা ভাঙ্গিবেন ভাবিতে ভাবিতে চলিলেন।

চতুর্থ পরিচ্ছেদ

এক্ষণে পাঠক মহাশয়ের সহিত যাঁহাদিগের পরিচয় হইল, তাঁহাদিগের প্রের্ব বিবরণ কথনে প্রবৃত্ত হই।

প্রেণিণ্ডলে কোন ধনাতা ভূম্বামীর আলয়ে বংশীবদন ঘোষ নামে এক ভ্তা ছিল। এই ভূম্বামীর বংশ ও নাম এক্ষণে লোপ হইয়ছে, কিন্তু প্রেশ তাঁহার যথেণ্ট খ্যাতি প্রতিপত্তি ছিল। বৃদ্ধকাল পর্যন্ত সন্তানের মুখাবলোকন না করিয়া শেষ বয়সে তিনি দ্বিতীয় দার পবিগ্রহ করিলেন। কিন্তু বিধির নিশ্বদ্ধি কে শুন্ডাইতে পারে? দ্বিতীয় পঙ্গীও সন্তানরক্ষপ্রসবিনী হইবেন না। না হউন, বাদ্ধকাৈ তর্ণী দ্বী একাই এক সহস্র। সত্য বটে মধ্যে মধ্যে দুই সপঙ্গীতে কিছ্মুগোল্যোগ উপন্থিত করিতেন; কখন কখন কর্তার নিকট আসিয়া উভ্যে চীংকারের মহলা দিতেন; কখন বা কনিষ্ঠা জ্যোন্ডার কাপড় টানিয়া ছি'ডিতেন; জোষ্ঠা কনিষ্ঠার চুল টানিয়া ছি'ডিতেন। এমনও কখন হইয়াছে যে ছে'ড়া ছি'ড়ি নাক কাণ পর্যন্ত উঠিয়াছে। রাজায় বৃদ্ধ হইলেই প্রায় উল্লু খাক্ডার প্রাণ বধ হইয়া খাকে,—বৃদ্ধ, সহধাম্মণীদিগের সমর সময়ে নিকটে থাকিলেই লাখিটা গ্রাটায় বন্ধিত হইতেন না; কনিষ্ঠার পদাঘাত পাইলেই মনে করিতেন,—এইবার প্রেপ্রার্মেরা দ্বর্গে উঠিলেন; এমনই লাখির জোর। জ্যোন্ঠা সম্বদা বলিতেন, "বড়র বড়, ছোটর ছোট।" শেষে করাল কাল মধ্যন্ত হইয়া "বড়র বড়, ছোটর ছোট।" বালয়া বড়কে আগে অন্তর্হিত করিল।

বর্ষোধিকা পত্নীর মৃত্যু দেখিয়া প্রাচীন মনে করিলেন, "ঘুঁটে পোড়ে গোবর হাসে; আমাকেও কোন্ দিন ডাক পড়ে এই। মরি তাতে ক্ষতি নাই, বার ভূতে বিষয়টা খাবে।"

প্রেয়সী য্বতীর সাক্ষাতে মনের কথা বলিলে প্রেয়সী বলিলেন, "কেন আমি আছি, আমি কি তোমার বার ভূত?" বৃদ্ধ কর্ত্তা কহিলেন, "তৃমি যেখানে এক বিঘা জমি স্বহপ্তে দান বিশ্রম্ব করিতে পারিবে না, সেখানে তৃমি আর বিষয় ভোগ করিলে কি?" চতুরা কহিল, "তৃমি মনে করিলে সব পার; বিষয় বিশ্রম্ব করিয়া আমায় নগদ টাকাটা দাও না।" তথান্তু বলিয়া ভূস্বামী ভূমি বিশ্রয় করিয়া অর্থসঞ্চয়ে মন দিলেন। স্থাীর আজ্ঞা এমনই ফলবতী যে, যখন বৃদ্ধ লোকান্তরৈ গমন করিল, তখন তাহার বিপত্নে সম্পত্তি প্রায় স্বর্ণরোপারাশিতেই ছিল—ভূমি আত অলপ ভাগ। কর্ণাময়ী বড় বৃদ্ধিমতী; তিনি মনে মনে ভাবিলেন, "এখন ত সকলই আমার; ধন আছে, জন আছে, যৌবনও আছে। ধন জন যৌবন সকলই বৃথা; যত দিন থাকে তত দিন ভোগ করিতে হয়।"

ভগবান্ শ্রীরামচন্দ্র অবতারে যথন জানকী বিচ্ছেদে কাতর হন তথন কি করেন, সীতার একটি স্বর্গ প্রতিম্ত্রি গঠন করিয়া মনকে আশ্বাস দিয়াছিলেন। কর্ণাময়ীও সেইর্প প্রামীর কোনও প্রতিম্ত্রির ম্থ নিরীক্ষণ করিয়া এ দ্বঃসহ বিরহ যন্ত্যা নিবারণ না করেন কেন? আরও ভাবিলেন, রামচন্দ্র ধাতুময় প্রতিম্ত্রিতে হদয় রিয় করিতেন: নিজীব ধাতুতে যদি মনোদ্বঃখ নিবারণ হয়, তবে যদি একটা সজীব পতিপ্রতিনিধি করি তাহ'লে আরও স্ব্থদ হইবে সন্দেহ কি? কেন না, সজ্জীব প্রতিনিধিতে কেবল যে চক্ষর তৃপ্তি হইবে এমত নহে, সময়ে সময়ে কার্য্যোদ্ধারও সম্ভাবনা। অতএব একটা উপ-স্বামী ক্ষির করা আবশ্যক। পতি এমন পরম পদার্থ যে, একেবারে পতিহীন হওয়া অপেক্ষা একটা উপপতি রাখাও ভাল; বিশেষ শ্রীরামচন্দ্র যাহা করিয়াছেন তাহাতে কি আর কিন্তু আছে?

রামধন। বটে! তবে রাজার এত স্খ্যাতি কেন?

রামকৃষ্ণ। রাণীব গ্ণে।

विष्क्रम ब्रह्मावनी

রামধন। তাঁহাকে দেখিতে পাওয়া যায়? তিনি কি প্রাচীনা?

রামকৃষ্ণ। না, তিনি বড় অলপবয়স্কা তবে সকলের মা বলিয়া সকলকেই দেখা দেন। চল না আমরা মাত-দর্শনে যাই।

রামধন। চল।

SCENE II

রাজার অন্তঃপার

রাজা রাজেন্দ্র একা

রাজা। কে না জানে আকাশে মেঘ উঠে? তবে কেন এত ভাবি—মেঘ উঠে মেঘ ছাড়ে। এ মেঘও উড়িয়া যাইবে—তবে কেন এত চিন্তা করি? মনে করিয়াছিলাম এ নিম্মল আকাশে কখনও বুনি মেঘ উঠিবে না, আমি মুখ তাই এত ভাবি। হায়! কোথা হইতে আবার এ প্রবল শন্ত্ব দেখা দিল?

(কলাবতীর সজ্জিতা স্থাদিসের প্রবেশ)

তোরা কেন গো? এত সাজগোজ যে।

দিবা। আমরা নাচব।

রাজা। খানখা নাচবে কেন গো?

নিশা। রাণী কলাবতীর হুকুম। [নৃত্য আরম্ভ]

রাজা। কেন নাচের **হ**র্কুম কেন?

দিবা। আগে নাচি। [নৃত্য]

রাজা। আগে বল্।

निमा। आला नाहि।

রাজা। আ মর! তোর পা যে থামে না—জোর করে নেচে যাবি নাকি—আমি দেখিব না— এই চোক বুজিলাম। [চোখ বুজিয়া]

দিবা। দেখন মহারাজ! আপনাকে মন্থ ভেঙ্গাচে।

নিশা। দেখুন মহারাজ আপনাকে কলা দেখাচে।

রাজা। মরগে যা তোরা! আমি চোক চাব না।

নিশা। আচ্ছা কান তো খোলা আছে।

(করতালি দিয়া গীত)

নয়ন মর্নিয়া, দেখিন সজনী. কানুর কৃটিল রূপ।

গলেতে বাধিয়া পিরীতি কলসী

সাগরে দিন, যে ডুব।

রাজা। শ্নবো না। [কর্ণে হস্তাপণ]

দিবা। তবে ফুলের দ্রাণ নিন।

(কবরী হইতে প্রুপ লইয়া রাজার নাসিকার নিকট ধারণ)

রাজা। নিঃশ্বাস বন্ধ করিলাম।

নিশা। চক্ষ্ম কর্ণ নাসিকা বন্ধ। রসনা বাকি আছে—চল ভাই রাশ্নামহলে খবর দিই।

রাজা। মুখ বৃজিয়া থাকিব।

নিশা। তবে বড় মা ঠাকুরাণীকে ডেকে দিই।

রাজা। কেন সে ভরৎকর ব্যাপার কেন?

নিশা। ইন্দ্রিয়ের মধ্যে আপনার বাকি আছে পিঠের চামড়া।

(কলাবতীর প্রবেশ)

কলা। আ মলো, তোরা বড় বাড়ালি, দ্র হ!

্যখীৰয় নিজ্ঞান্ত

রাজা। দেখত কলাবতী, তোমার লোকজন আমার কিছ্ব মানে না, আমার উপর বড় অত্যাচার করে! কলা। কি অত্যাচার করেছে মহারাজ? একট্ন হাসিয়েছে? সেটা আমারই অপরাধ। তোমার মুখে কয় দিন হাসি দেখি নাই বলিয়া আমি ওদের পাঠাইয়া দিয়াছিলাম।

রাজা। আমার মাথার পাহাড় ভেঙ্গে পড়ে—আমি হাসিব কি?

কলা। কি পাহ। ড় মহারাজ ! আমায় ত কিছ্ব বল নাই। যা ইচ্ছা করিয়া বল না—তা সাহস করিয়া জিজ্ঞাসা করি না। কি পাহাড় মহারাজ ! পড়িলে তোমার একার ঘাড়ে পড়িবে না।

রাজা। পাহাড় আর কিছ, নয—খোদ দিল্লীশ্বর ঔরঙ্গজেব। এই ক্ষ্মুধ রাজ্যের উপর নজর পড়িয়াছে, বাদশাহের যাহাতে নজর পড়ে তাহা তিনি না লইয়া ছাড়েন না।

কলা। এ সম্বাদ কোথা পাইলেন?

রাজা। আত্মীয়লোকে দৃত্যনুখে বলিয়া পাঠাইয়াছে। বিশেষ, ঢাকায স্বাদার অনেক সৈন্য জমা করিতেছেন। লোকে বলে প্রতাপনগবের জন্য।

কলা। কেন আমরা কি অপরাধ করিয়াছি?

রাজা। অপরাধ বিস্তর। প্রতাপনগর ধনধানা প্র্ণ-লোক এখানে দারিদ্রাশ্না—আর আমরা হিন্দ্র! হিন্দুর ঐশ্বর্য বাদশাহের চক্ষ্মশূল।

কলা। यদি এ সম্বাদ সত্য হয়, তবে আমবাও যুদ্ধের উদ্যোগ না কবি কেন?

রাজা। তুমি পাগল। দিল্লীশ্বরের সঙ্গে যুদ্ধ কি আমাব সাধা। এয কি হইবে

वला। ना, তবে विना युक्त भीतव किन?

রাজা। দেখি যদি বিনা যুদ্ধে কার্য্যোদ্ধার হয়। আমার ইচ্ছা একবাব ঢাকাঘ যাই। আপনি সুবাদারের মন বুঝি, কোন ছলে যদি বশীভূত করিতে পারি করি।

কলা। এমন কর্ম্ম করিও না—উরঙ্গজেবের নাথেবকে বিশ্বাস কি? আব আসিতে দিবে না।

রাজা। সম্ভব—কিন্ত তাহাতে তাহার লাভ হইবে কি?

কলা। রাজহীন রাজ্য সহজে হস্তগত করিরে।

রাজা। আমি গেলে তুমি রাজ্যের রক্ষক থাকিলে।

कना। ছि! भ्वीत्नारकेत वाद् , एठ वन कि?

রাজা। এখানে বাহাবলের কাজ নয়। বাদ্ধিবলই ভরসা। প্রতাপনগরে বাদ্ধিবল তুমি একা।

কলা। মহাবাজ, আপনাকে যাইতে দিতে আমার মন সনিতেছে না।

রাজা। থাকিলেই কোন মঙ্গল! যুদ্ধেই কোন মঙ্গল!

कला। भावशाष्ट्री युक्त कतिएउट्ह-आभता कि भान व नरे?

রাজা। না আমরা মানুষ নই। শিবাজীর কাজ কি আমার দ্বারা সন্তবে? আমি যাওয়াই স্থির করিতেছি। এখন শয়নঘরে চলিলাম।

কলাবতী। (প্রগত) বিধাতা, যদি আমায় স্ত্রীলোক কবিয়াছিলে তবে আমায়—দ্র হোক সে কথায় এখন আর কাজ কি? হায়! আমি রাণী কিন্তু রাজা কই? রাজা অভাবে প্রতাপ-নগর রক্ষা হইবে না। হায! রাণী হইলাম ত রাজা পাইলাম না কেন?

(দিবার প্রবেশ)

(চক্ষ, ম,ছিয়া) কি লো দিবি?

দিবা। এই কাগজট্বু কুড়িয়ে পেয়েছি। [এক পত্র দিল]

কলা। (পড়িলেন) "আমি রাজা রাজেন্দ্রের আজিও প্রবল শত্র—প্রতাপনগর ধ্বংস করিষা তোমাকে গ্রহণ করিব। নইলে ভালোয় ভালোয় এসো।"

এ পত্র কোথায় পাইলি?

দিবা। আজ্ঞে আমি কুড়িয়ে পেয়েছি।

कला। তোকে काँनि मित्। आतमाक इट्टल आमि इन्क्रम निर्टे, ठा जूटे जानिन?

দিবা-জানি-তা আমি কুড়িয়ে না পেল্ম ত কোথা পেল্ম?

কলা। কোথা পেলি? তুই হাতে হাতে নিয়েছিস!

দিবা। মাইরি রাণীমা, আমি হাতে হাতে নিই নে।

कना। তবে কোখার পেলি বল, নইলে ফাঁসি দিব।

ৰঙ্কিম রচনাবলী

দিবা। আমি পাররার গলার পেরেছি।

কলা। সে পায়রা কোথায়?

দিবা। পায়ে দড়ি দিয়ে বে'ধে রেখেছি।

कला। कानि कनम निस्म आय-जिय तिथ्।

দিবা। কালি কলম আছে—কি লিখিব?

কলা। **লেখ**্, "আমি তোমার পরম শন্ত্—তোমায় ধ্বংস কবিয়া প্রতাপনগর রক্ষা করিব।" লেখা হইল?

দবা লিখেছি—পায়রার গলায় বে'ধে দিয়ে আসি ?

কলা দে গিয়ে।

দিবা হাঁ রাণীমা এ কে মা-

ুকলা চুপ! কথা নুখে আনিলে মাথা মুড়িয়ে ঘোল ঢেলে দিব। [দিবা নিচ্চ. ভ কলা পায়ে কটো ফুটিলৈ কটো দিয়ে বাহির কবিতে হয়, বুঝি আমাকে ভাষাই করিতে হইবে।

Scene III

রাজার অন্তঃপ্র

দিবা-নিশা

দিবা। রাজা ঢাকায চলিল কেন ভাই?

নিশা। তোর জনা ঢাকাই কাণড় আন্তে।

দিবা। আমি ত এমন হাকুম দিই নে আমাৰ যে ঢাকাই কাপত আছে।

নিশা। তবে তোৰ কৰ আন্তে।

দিবা। কেন এ দেশে কি বৰ পাওয়া যায় না ?

নিশা। এ দেশে তেমন দাড়ি পাওয়া মায় না—তোমাকে একটা নেড়ে বর এনে দেবে।

দিবা। তা তার জন্য আর রাজার নিজে যাবাব দবকার কি? আমার বললে আমি একটা খাজে পেতে নিজ্ম। • যথ গোবিন্দ ব:শীকে একটা পারত্বো দাতি পারতা ঘান নিষে আসতুম। নিশা। অচ্ছা, বংশী মশাইকে বলে ব খব।

দিবা। দ্বাহ পাপিছিট—তোল কাছে কোন কথাই বলবার যোলাই। তালাক্সতা সভাবালা চাকাষ চলল কেন্

নিশা। কি জানি কেন –রাজা রাজড়ার মন তুমি আমি কি বুঝ্ব।

দিবা। তা, রাজা কি ফিরিবে না নাকি?

নিশা। সে কি কথা? অমন কথা মুখে আনতে আছে!

দিবা। রাণী কলাবতী অত কে'দে কে'দে চোখ ফুলিয়েছে কেন²

নিশা। প্ৰামী বিদেশে গেলে একটা কাদ্তে হয।

দিবা। দ্র! স্বামী ছেড়ে স্বামীর বাবার কনা আমি কাঁদি নে।

নিশা। তোর সাত প্রের্থের ভিতব স্বামী নাই, তৃই আবার কাঁদবি কাব জনো বরং বাজার জন্য একট্র কাঁদিস ত কাঁদ।

मिता। ना ভাই তা পারিব না। বরং মনেব দ্বংথে বসে বসে লাচি মন্ডা খাই গে চল।

নিশা। তাও মন্দ নয়।

ষিতীয়াজ্ক

SCENE I

স্বাদার--রাজা

রাজ্ঞা। আমার কি অপরাধ? কি জন্য দিল্লীশ্বর আমার উপর প্রীড়ন করিতে উদ্যত? সন্বা। আপনি মনুসলমানের দ্বেষক। বাদশাহ মনুসলমানের ধন্মরক্ষক। সত্তরাং বাদশাহ— ১০২০ রাজা। আমি কিসের মুসলমানের দ্বেষক? আমার রাজ্যে হিন্দু মুসলমান তুল্য-

সূবা। প্রতাপনগরে একটি মসজাদ নাই—মুসলমানে ন্যাজ কবিতে পায় ন।

রাজা। আমি মসজীদ প্রস্তুত করিয়া দিব।

স্বা। প্রতাপনগরে একটি কাজি নাই-মুসলনানের বিচার কি হিন্দুর কাছে হয়।

রাজা। আমি কাজি নিযুক্ত করিব।

সূরা। মহারাজ—আপান যদি বাদশাহের এরপে বশ্যভাপর হন তবে বাদশাহ কেন এপনাকে রাজাচ্যত করিবেন? কিন্তু আসল কথা এখনও ব্যাক আছে—প্রতাপনানে মুফলমানে জবাই করিতে পায় না—তার কি হইবে?

রাজা। গোর, ভিন্ন অন্য জবাইয়ে আপত্তি করিব না।

भूवा। किन्नु शांत्र च जामन कथा।

রাজা। হিন্দ, হইথা গোহত্যা করিতে দিব কি প্রকাবে

সুবা। তবে হিন্দুয়ানি ত্যাগ করুন।

রাজা। ধর্ম্মতাগ করিব? ইহকাল পবকাল খোওয়াইব? এ কথাও কানে শর্নিতে হইল।

भूता। रेरकान नष्टे ररेत ना। आर्थान रेमलात्मत धम्म धरण कतिता वर रेरकातन भूशी হইবেন। রাজ্য বজায় থাকিবে বরং আরও বাড়াইয়া দিব। আর পরকালও যাইবে না। ইসলামই সত্য ধন্ম –-দেখনে কত বড় বড় হিন্দ্র এখন মাসলমান হইতেছে। তাহারা কি না ব্রিয়া ধর্মত্যাগ করিতেছে? বরং আপনার যদি সন্দেহ থাকে, তবে আমি ভাল ভাল মোল্লা মুফ্তি আপনার কাছে পাঠাইয়া দিতেছি। তাহাদের সঙ্গে চিচার কর্ন--বিচারে যদি ইসলাম সত্য ধর্ম্ম বলিষা নোধ হয়, তবে গ্রহণ করিবেন ত

বাজ।। ইচ্ছা হয় মোল্লা মুফ্তি পাঠাইবেন। কিন্তু কিছা ফলেদেয় সম্ভাবনা নাই। সম্প্রতি আমি যাহা নিবেদন করিলাম, অনুগ্রহ করিয়া বাদশাহেব নিকট জানাইবেন। গোহত্যা ভিন্ন আর সকলেই আমি সম্মত-বার্ষিক কব দিতেও সম্মত। আজ আমি বিদাশ হইব -যে

र क्र इश अन शह का तथा का नाइरवन।

সূবা। কোথা যাইবেন?

রাজা। অনেক দিন আসিয়াছি, স্বদেশে থাইব।

সূরো। সে কি? আপনার শভোগমনের সম্বাদ আমি দিল্লীতে এতেলা কবিয়াছি। সেখান হইতে খেলওয়াত আসিবে—তাহা না গ্রহণ করিয়া কি যাওয়া হয়।

রাজা। বড় অনুগৃহীত হইতেছি কিন্তু আমাব অবস্তমানে রাজ্য বিশৃংখল হইতেছে।

সুবা। নাচার--আপনাকে অবশ্য অবশ্য অপেক। কবিতে হইতেছে। আপনার ফোজ সকল বিদায় দিন।

রাজা। সে কি আমাকে কয়েদ রাখিতে চাহেন?

সূবা। ও সব কথা বেন? তবে দিনকত আপনাকে এখানে থাকিতে ইইবে। দিল্লীব হত্ত্বম না আসিলে ছেডে দিতে পারিব না।

রাজা। (श्वराष्ट) হায়! কলাবতী তুমি যা বলিযাছিলে ভাহাই হইল। (সুবাদানকে) याहा হুকুম হয় তাহাই তামিল করিব।

স্বা। তছলীম।

। স্বাদা । निष्कास

বাজা। করেদই ए হইলাম। প্রমথ-প্রমথ

(প্রমথেব প্রবেশ)

আমার আজকাল ফিরিয়া যাওয়া হইতেছে না, তুমি প্রতাপনগরে এই সন্বাদ লইবা যাও। প্রমথ। যাইব কি প্রকারে? সকল পথে পাহারা--আমাদের করেদ কবিয়াছে।

রাজা। আমার শিপাহী সব কোথা?

প্রমুখ। নবাবের লোকে তাহাদের হাতিয়ার কাডিয়া লইয়াছে- ত হাদিগকে প্রত পনগবে ির্ণারয়া যাইবার হুকুম হইয়াছে।

রাজা। ভল, তাহারাই গিয়া সম্বাদ দিবে।

প্রমথ। দিলেই বা কি হইবে।

Scene 11

কলাবতী-নিশা

কলা। আজ একুশ দিন হইল মহারাজ ঢাকায় গিয়াছেন, আজও কই কোন সম্বাদ ত পাইলাম না। নিশা। হা রাণীমা, রাজরাণীতেও কি এমনি করে দিন গণে?

কলা। কই আমি দিন গণিলাম?

নিশা। কাঁদ কেন মা. আমি ত এমন কিছু বলি নাই।

কলা। নিশা, তুই একবার শহরের ভিতর একটা শিয়ানা লোক পাঠাইতে পারিস্—অবশ্য কেহ কোন সম্বাদ শ্রনিয়াছে, কেন না ঢাকায় ঢের লোক যায় আসে। আমি এত লোক পাঠালাম, কেহ ত ফিরিল না। বোধ হয়, মন্দ সম্বাদই আসিয়াছে—লোকে সাহস করিয়া আমার সাক্ষাতে বলিতে পারিতেছে না।

নিশা। আপনাকে বাস্ত দেখিয়া আমি আপনার ব্দ্ধিতেই শহরে অন্সন্ধান করিতে লোক পাঠাইয়া দিলাম—কিস্তু—

কলা। কিন্তু কি?

নিশা। লোকে বলে যে মহারাজকে স্বাদার আটক করেছে—অমন কর কেন মা' এই জনা ত বলি নাই। একট্ম শেও আমি বাতাস করি। উড়ো কথার বিশ্বাস কি?

(কলার শয়ন)

কলা। বিশ্বাস সম্পূর্ণ। আমি আগেই বলিয়াছিলাম যে গেলে তাঁকে আটক করিবে। নিশি! এখন আমার দশা কি হইবে! (রোদন)

নিশা। কাদিলে কি হবে মা। আমাদের সকলেরই ত এক দশা হইবে। আমরাও নিরাশ্রয় হইলাম—এখন মুসলমানের হাতে জাতি মান প্রাণ সব ধারে।

কলা। কি বলিলি স্বার এক দশা? তোদের যে রাজা মাত্র--আমার যে স্বামী। তুই কি জানিস স্বামী কি ধন!

নিশা। তা বটে। রাজ্য যায় তব্ প্রাণটা থাকিলে আমরা বহায় থাকিব। ভাল মা এক কাজ কর না কেন? রাজার কাছে কেন লোক পাঠাও না যে স্বাদায়কে রাজ্য ছাড়িয়া দিয়া আস্ব —আমরা না হয তাঁকে গহনা পত্র বিক্রয় কবিয়া খাওয়াইব। কাঁদ কেন মা এ কথায়?

কলা। তুই কেন আমায় অপমান করিস্? কি! আমার প্রামীকে আমি রাজ্যত্যাগ করিষা প্রাণ বাঁচাইতে বলিব! নিশা—তোদের ভয় হইয়া থাকে তোরা চলিয়া যা--আমার প্রামী রাজা -তিনি রাজার কাজ করিবেন।—কিসের গোল ঐ?

[নেপথ্যে বহু লোক "জয় মা কলাবতীর জয়"]

আজিকার দিনে কে বলে কলাবতীর জয়?

দিবার প্রবেশ)

দিবা। মহার পী! নগরের সকল প্রজা আসিয়া রাজবাড়ী ঘেরিল।

वला। कि श्राह्य ?

দিবা। সকলে বলিতেছে ঢাকার স্বাদার রাজাকে কয়েদ করিয়াছে।

কলা। তার পর প্রজারা কি বলে। | নেপথ্যে "মহারাণী কলাবতীর জয়"। ওরা কি চায় দিবা?

দিবা। আপনি স্বকর্ণে শুনুন।

কলা। প্রজারা আমার প্রত, আমার [নিকট] অবারিতদ্বার। প্রধানদিগকে আমার কাছে ডাকিয়া আন।

(দিবার প্রস্থান। কতিপয় নগরবাসীর সহিত প্রনঃপ্রবেশ)

প্রজাবর্গ । জয় কলাবতীর জয়।

কলা। কি চাও বাবা তোমরা?

১ম প্রজা। মা, আমাদের রাজা কোথায়?

২য় প্রজা। মা. আমাদের রাজাকে নাকি দৃষ্ট যবন করেদ করিয়াছে? মা, আমাদের বাহনতে কি বল নাই যে বাপের উদ্ধার করি?—বিষ্কিম-কণিকা, প', ১-২২।

मश्यां जना

বিরহিণীর দশ দশা

>

প্রথম দশা দিনে, বেরি বেরি বোওল, শেক্তে পাড়ি কাঁদে ভূমি লুটি।

দ্বিতীয় দশা দিনে, আখি মেলি হেবল, শেজ ছাড়ি গা ভাঙ্গিল উঠি॥

2

তৃতীয় দশা দিনে, ম্দ্ ম্দ্ হাসিল,

বলে কোথা গেলে প্রাণনাথ।

চউঠ দশা দিনে, সিনান কবি আওল,

হাঁড়ি পাড়ি খাওল পাস্তা ভাত॥

9

পণ্ডম দশা দিনে, বাঞ্চি চাব্ কবৰী,
ঢাকাই শাড়িতে দিল ফেব।

ষষ্ঠম দশা দিনে, পিঠা প্রান বানাওল, কাঁদিতে ২ তাব গিলিল তিন সেব॥

8

সপ্তম দশা দিনে, সজিনা খাড়া রাখিল বলে প্রাণ বংশু কোথা গেলে।

যে খাড়া বেংগছি ভাই, তুমি ব'ধ্ কাছে নাই, যদি পেট ফাঁপে একা খেলে॥

3

অন্টম দশা দিনে, বিরহ বিষাদিনী,

মন দ্ঃখে কিনিল ইলিশ। তিতিয়া নয়ন জলে, ভাজায় ঝোলে অম্বলে,

খাষ ধনী খান বিশ তিশ।।

৬

নবম দশা দিনে, পেট ফে'পে ঢাক হলো, আইল কান্ট কবিবাজ।

সই বলে কম্মভোগ, এ ঘেব বিবহ বোগ, কবিবাজে নাহি ইথে কাজ॥

9

দশম দশা দিনে, বিবহিণী মবে নবে, আই ঢাই বিছানায় পড়ি।

কাতরে কহিছে সতী, কোথা পাব প্রাণপতি, কোথা পাব পাচকের বড়ি॥

b

বিরহীর দশ দশা, পন্পন্করে মশা, মাছি উড়ে ছেলে কাঁদে কোলে।

চাকরাণীর চীৎকার, সইসাসতির টিট্কার,

থেদে কবি ছন্দোবন্ধ ভোলে॥

—'वत्रमर्थन', काल्यद्न, ১२५৯

ভারতব্যায়ি বিজ্ঞান সভা

অনুষ্ঠান পত্ৰ

"জ্ঞানাৎ পরতরো নাহ"

১। বিশ্বরাজ্যের আশ্চর্যা ব্যাপার সকল স্থিরচিত্তে আলোচনা করিলে অন্তঃকরণে অন্তুত রসের সন্ধার ২য়, এবং কি নিয়মে এই আশ্চর্যা ব্যাপার সম্পন্ন হইতেছে, তাহা জানিবার নিমিত্তে কৌত্যুল জামে। যান্দারা এই নিয়মের বিশিষ্ট জ্ঞান হয়, তাহাকেই বিজ্ঞানশাস্ত ক্রে।

২। প্ৰবিকালে ভারতব্যে বিজ্ঞানশানের ব্যেশত সমাদর ও চন্দ্র ছিল, তাহার ভূরি ভূরি প্রমাণ অদ্যাপি দেদীপ্রমান রহিয়াছে। বর্ত্তমান কালে বিজ্ঞানশানের যে সকল শাখা সমাক্ উন্নত হইয়াছে, তংসমুদায়ের মধ্যে অনেকগ্রনির প্রথম বীজরোপণ প্রাচীন হিন্দু খবিরাই করেন। জ্যোতিষ, বীজগণিত, মিশ্রগাণিত, রেখাগণিত, আয়ুন্বেদি, সামুনিক, রসায়ন, উত্তিদতত্ত্ব, সঙ্গীত, মনোবিজ্ঞান, আত্মতত্ব প্রভৃতি বহুনিধ শাখা বহুনুর বিস্তাণি ইয়াছিল। কিন্তু আন্ফেপের বিষয় এই, এক্ষণে অনেকেরই প্রায় লোপ হয়াছে, নামমান্ত অবশিষ্ট আছে।

৩। এক্ষণে ভারতবর্ষার্মিদগের পক্ষে বিজ্ঞানশাশ্যের অনুশীলন নিতান্ত অবশ্যক হইরাছে; তার্মামন্ত ভারতবর্ষার্মি বিজ্ঞান-সভা নামে একটি সভা কলিকাতায় স্থাপন করিবার প্রস্তাব হইরাছে। এই সভা প্রধান সভারূপে গণ্য হইবে, এবং আবশাক মতে ভারতবর্ষের ভিন্ন ভিন্ন অংশে ইহার শাখা-সভা

ষ্ঠাপিত হইবে।

৪। তারতবর্ষীর্মাদগকে আহ্বান করিয়া বিজ্ঞান অনুশীলন বিধরে প্রোৎসাহিত ও সক্ষম করা এই সভার প্রধান উদ্দেশ্য; আর ভারতবর্ষ সম্পকীয়ে যে সকল বিষয় লুপ্তপ্রায় হইয়াছে, তাহা রক্ষা বরা (মনোরম ও জ্ঞানদায়ক প্রাচীন গ্রন্থ সকল মুদ্রিত ও প্রচারিত করা) সভার আনুযুক্তিক উদ্দেশ্য।

- ৫। সভা স্থাপন করিবার জনা একটী গৃহ, কতকগালি বিজ্ঞানবিষয়ক প্রেক্ত ও যক্ত এবং কতকগালি উপযুক্ত ও অনুবক্ত ব্যক্তি বিশেষের আবশাক। অতএব এই প্রস্তাব হইয়াছে যে, কিছু ভূমি কয় কয়া ও তাহার উপর একটি আবশাকান্র্প গৃহ নিশ্মাণ কয়া, বিজ্ঞানবিষয়ক প্রেক্ত ও যক্ত চয় কয়া এবং যাহায়া একাণে বিজ্ঞান্ত্রীলন কয়িতেছেন, কিল্বা যাহায়া একাণে বিলালয় পরিত্যাগ য়য়য়য়ছেন, অলচ বিজ্ঞানশাল অধ্যয়নে একান্ত অভিলাষী, কিন্তু উপায়াভাবে সে অভিলাষ প্রে করিতে পারিতেছেন না, এর প বাজিদিগকে বিজ্ঞানচর্চা করিতে আহ্বান কয়া হইবে।
- ৬। এই সম্পায় কার্য্য সম্পান করিতে হইলে অর্থই প্রধান আবশ্যক, অতএব ভারতবর্ষেব শ্ভান্ধ্যায়ী ও উন্নতীচ্ছু জনগণের নিকট বিনীতভাবে প্রার্থনা করিতেছি বে, তাঁহারা আপন আপন ধনেব কিয়দংশ অর্পাণ করিয়া উপস্থিত বিষয়ের উন্নতি সাধন কর্ন।
- ৭। যহি।রা **চাঁদা গ্রহণ** করিবেন, তাঁহাদের নাম পরে প্রকাশিত হইবে, আপাততঃ যাঁহারা স্বাক্ষণ করিতে কিম্না চাঁদা দিতে ইছো করিবেন তাঁহাবা নিম্ন স্বাক্ষ্যকারীব নিক্ট প্রেরণ করিলে সাদবে গ্রাভ হইবে।—অনুষ্ঠাতা, শ্রীমহেন্দ্রলাল সরকার।

অনুষ্ঠান পত্নের সাতটি ধারা ক্রমে গ্রহণ করিয়া প্রত্যেক ধারা সম্বন্ধে আমাদের যাহ। বক্তবা, ভাহা বলিব।

১। "বিশ্বরাজ্যের আশ্চর্যা ব্যাপার সকল স্থিরচিত্তে আলোচনা করিলে অন্তঃকরণে অন্তুত রসের সঞ্চার হয়।"

নিশাঘ ঋতুতে নিশানাথহীনা নিশাকালে উচ্চ প্রাসাণোপরি উপবিষ্ট হইয়া একবার গ্রহ নক্ষর তারকা বিক্রণীবিত মন্দাকিনী মধ্য প্রবাহিত গগনপ্রাঙ্গণে দ্বিট উৎক্ষিপ্ত কর। সেই অমল নীলিমা, সেই অনন্তবিস্তব্যি, সেই অসংখ্য জর্লন্ত বিন্দ্বপ তোজনুলাকুতা শোভা, সেই অসংখ্য জর্লন্ত বিন্দ্বপ তোজনুলাকুতা শোভা, সেই অসংখ্য জর্লন্ত বিন্দ্বপ কাশ্বনা মাধ্য মহাগর্ভ ক্রান্ত কটাহ দেখিলে বিস্কার পারপ্রিত্ত মনে আপনা আপনি জিল্ঞাসা করিবে, এগ্রাল কি? কে.ধা হইতে আসিল? কি নিরমে আকাশে বিচরণ করিতেছে?

আধ্নিক বিখ্যাতনামা দার্শনিকেরা বলেন, তোমার প্রথম প্রশেনর অর্থা নাই। ঈশ্বরবাদীরা বলেন, তোমার দ্বিতীয় প্রশন আন্তিকতার ম্লস্ত। তে মার শেষ প্রশন যে বিজ্ঞান প্রবৃত্তিলতার প্রথমাধ্কুর, ত্রিষয়ের দুইমত নাই।

তুমি ভাবিতে লাগিলে, কি নিয়মে ইহারা আকাশেতে বিচরণ করিতেছে। ভাবিতে ভাবিতে এক দিনে, দুই দিনে, এক মানে, দুই মাসে দেখিতে দেখিতে জানিতে পারিলে বে, ঐ আকাশে সকল নক্ষ্যই দ্রুষণাশীল, কেবল একটাই ছির। এই ছির তারাটি প্রুবনক্ষ্য। সেটি সর্ব্বদাই উত্তরে আছে। এত দিনে

ভারতবর্ষীয় বিজ্ঞান লভা

তুমি একটী সামান্য জ্যোতিষ নিরম পরিজ্ঞাত হইলে; সামান্য নিরমপরিজ্ঞানেই কত মহৎ উপকার দশিতে পারে। দিগ্রোন্ত পথিকের পক্ষে এই সামান্য সতাটি অককার রাহিতে কত উপকার সাধন করে। এক্ষণে জটিল নিরমে সকলের বিশিষ্ট জ্ঞান হইলে কত ফল দ'শিতে সারে।

কত ফল ফলিতেছে, তাহা ত আমরা এক্ষণে অহরহ প্রতাক্ষ করিতেছি। কোন প্রজাপাদ ব্যক্তি বিজ্ঞানবেত্তার সহিত রাবণ রাজ্ঞার তুলনা করিয়া বিজ্ঞানের ক্ষমতার পরিচয় প্রদান করিয়াছেন। তিনি বলেন, মহর্ষি বাল্মীকি দোর্ম্পণ্ড দশাননের অসীম প্রতাপ বর্ণনন্ধনা কবিকশল কল্পনাবলৈ অমর্গণকে তাঁহার দাসত্বে নিযুক্ত করিয়া লংকাধিপতির প্রাধান্য স্থাপন করিয়াছেন, কিন্তু বিজ্ঞানবেতার প্রভুত্ব এই কম্পনা-প্রসূতে রাবণের প্রতাপ অপেক্ষা সমধিক খ্লাঘনীয়। সত্য বটে, দশানন কোন দেবকে মালাকার কার্যো, কাহাকেও বা অশ্বসেবক কম্মে, কাহাকেও বা গৃহপরিজ্ঞারক দাস্যে, নানা কার্যো নানা দেবগণকে নিযুক্ত করিয়াছিলৈন, কিন্তু বিজ্ঞানবেতা কি করিতেছেন? তিনি বাষ্পর্পী ইন্দ্রদেবকে মহায়সশকট-চালনে নিযুক্ত করিয়াছেন। দেবকন্যা ক্ষণপ্রভা তাঁহার প্রভা ল কাইয়া বিশ্বানের সম্বাদবাহিনীভাবে অবিরত সম্বাদ বছন করিতেছেন। অসীমতেজা প্রভাকর অন্তরালে থাকিয়া নিঞ্চকরে সহধার্ম্মণী ছায়ার সাহাষ্যে বৈজ্ঞানিক সমক্ষে লিপিকর কার্য্যে ব্যাপ্ত আছেন। পৃথিবী দেবী, দিক্পাল বর্ণ, পবনরাঞ্জ, সকলকেই তিনি দাসত্ত্বে আবন্ধ রাখিয়াছেন। তাঁথারা কখন বিশ্বানের ক্ষুদ্রিবৃত্তি জন্য ময়দা ভাঙ্গিতেছেন, কখন শীত নিবারণ জন্য বন্দ্র বয়ন করিতেছেন, কখন কাগজ প্রস্তুত করিতেছেন, কখন ঔষণ প্রশ্নুত क्रीतराज्यस्त। क्ष्रु या विख्वानियरक म्कल्क क्रिया न्यर्गलाक नदेश यादेखस्त। कथन भूखक मृतिष् করিয়া আনিয়া বিশ্বানকে উপঢ়োকন দিতেছেন। কখন বা তাহার প্রমোদভবনে, বান্ধবর্থে আলো জুরালিতেছেন। কি বিদ্যালয়ে কি গৃহকার্য্যে কি বিচারালয়ে কি ধর্ম্মশিদরে একাকী, সজন, অমরগণ, সকল কালেই সকল অবস্থাতেই বিজ্ঞানবিতের ক্রীতদাস। হরিদ্বারসাগর প্রবাহিতা ভাগীরথীকে ভগীরথ তাঁহার জন্যই অবনীতলে আনিয়াছিলেন। সেই ভাগীরখী তাঁহার জল পরিচারিকা, তাঁহার অভার্থনা জন্ম অগস্তা মনি বিশ্বাচলকে অবন্ত করিয়া থাকিতে বলিয়া গিয়াছেন। হিমাচল বিদ্বানের জন্টে স্বকীর আগারে তবার ভান্ডার রক্ষা করিতেছেন। বনস্পতিগণ তাঁহার জন্য ফলভার বহন করে। খনি তাঁহারি জন্য উদরে করিয়া বহু মূল্য ধাতৃ ধারণ করে।

এখন "রত্নাকর হরেছেন দাস, কুবের তাঁর আজ্ঞাকারী"—। দশানন সমরক্ষেত্রে দেবগণের সহারতা পান নাই। বিশ্বানের সমরক্ষেত্রে স্বরং অগ্নিদেব লোহগোলক বাহনে বিপক্ষদলে মহামার উৎপাদন করিতেছেন। তাহাতেই বলি কলিপত রাবণাপেক্ষা আধ্নিক বিদ্বানের প্রভূষ অধিকতর শ্লাঘনীয়। কবিগরের বালমীকি কলিকালে পন্ঃপ্রাদ্বর্ভূত হইরা স্বরং বিশ্বানের নিকটে রামায়ণ পাঠ করিতেছেন। ভাষাবিজ্ঞান বলে বৈজ্ঞানিক মীনর্পী ভগবানের ন্যায় আবার বেদোদ্ধার করিতেছেন। বৈজ্ঞানিক ঈশ্বরের অবতার। রাবণগোরবলোপী, প্রতাপশালী শিবিকর্ণ সদৃশ প্রোপকারী পরমধ্যোগীর ন্যায় দৃঢ় নিবিক্ষ, সম্বাদ্যি হন্ট ও সকল অবস্থাতেই স্বত্নট।

এই বিজ্ঞান বলেই আধ্নিক ইউরোপীয়গণ এই প্থিবীতে একাধিপত্য স্থাপন করিয়াছেন। দেখুন, বিলাতে খাদ্য সামগ্রী অতি দ্র্ম্বা, প্রমোপজীবিগণ "আমার" বলিতে পারে, "আমার পূর্বপ্রেরেশ্বন্ধ বলিতে পারে, এমন বাসন্থান তাহাদের অনেকেরই নাই; বিলাতে কাপাসত্তা এক ছটাক পরিয়িত উৎপল্ল হয় না; হয় আমেরিকা নয় ভারতবর্ষ হইতে বিলাতীয়েরা ত্লা আমদানি করেন। অথচ মুক্ত বিজ্ঞানের এমনি ক্ষমতা, মাণেগুটরের তভুবায়েরা লক্ষ্মাহীনা ভারতের লক্ষ্মা নিবারণ করিতেছে। লাক্ষাশারারে দ্বিক্ত্ম হইল, আর যে দেশে ঢাকা আছে, শান্তিপ্রে শিমলে কলমে আছে, বাল্কের বালারস আছে, মুক্তের পাটনা আছে, কালিকট কাশ্মীর আছে, মহীসুর অন্বর সহর আছে—সেই দেশে, যেখানে লক্ষ্ম মুক্তর পাটনা আছে, কালিকট কাশ্মীর আছে, মহীসুর অন্বর সহর আছে—সেই দেশে, যেখানে লক্ষ্ম মুক্তর পাটনা প্রতি বর্ষে উৎপল্ল হয়, যেখানে তভুবায়কে লিপিকর ভাশ্কর বা স্কুরায় অপেক্ষা অবিক প্রদান করে, সেই দেশে, যে দেশের তভুকাত রোম সমাটের রাজপরিচ্ছণ ছিল, যে দেশের সহিত কন্দ্রবাণিজ্য ব্যবসায়ের রতী থাকিয়া মধ্যকালে বিনিবনগর সম্বিশালা হয়—সেই দেশে লাক্ষা-শায়েরে দ্বিভিক্ষ হইল বলিয়া হা বন্য যো বন্য শব্দে কর্ণ বিধর হইয়া ঘাইতে লাগিল।

হা অদৃষ্ট! বিজ্ঞান অবহেলার এই ফল। বিজ্ঞানের সেবা করিলে বিজ্ঞান তোমার দাস, যে বিজ্ঞানতে তজে, বিজ্ঞান তাহারে তজিবে। কিন্তু যে বিজ্ঞানের অবমাননা করে, বিজ্ঞান তাহার কঠোর শার্ । মনে কর্ন, কোথাকার অব্যক্তে কোথার পরিজ্ঞানকত হইল। ঐল্যক্তালিক বিজ্ঞান স্বীর অবমাননা জন্য এইর্পে বৈরসাধন করিল। এখন ভূক্তভোগী লোক শিক্ষাগ্রহণ কর।

অনেকে বলেন, ইউরোপীয়েরা কৈবল বাহ্বলে এই ভারতবর্ষে আধিপত্য স্থাপন করিয়াছেন। বাহ্বলেই বল্ন, আর বাহা বল্নে সে কথা কতক দ্র সত্য, তাহার অল্মান্ত সন্দেহ নাই। কিছু একথাটিও অত্যক্তি দোবে দ্বিত কথনই বলা বাইতে পারে না বে ইউরোপীয়েরা বিজ্ঞানবলে এই ভারতবর্ষ জর করিরাছেন, বিজ্ঞান বলেই ইহা রক্ষা করিছেছেন। বিজ্ঞানই সতত চালনা করিয়াছি বিদেশীর বিপকদিসকে ভারতত্তীরে অলবন করেন, বিজ্ঞানই নানা ব্যক্ষে সহারতা করিয়াছিলেন—এখনও

विष्क्य ब्राज्यावली

বিজ্ঞান মহারসশকট বাহনে, তড়িংতার সঞ্চালনে, কামান সন্ধানে, অয়োগোলক বর্বলে এই বীরপ্রস্ম ভারত-ভূমি হস্তামলকবং আরম্ভ করিয়া শাসন করিতেছে। শুধু তাহাই নহে। বিদেশীর বিজ্ঞানে আমাদিগকে কমশঃই নিজীব করিতেছে। যে বিজ্ঞান স্বদেশী হইলে আমাদের দাস হইত, বিদেশী হইরা আমাদের প্রভূ হইরাছে। আমরা দিন দিন নির্পায় হইতেছি। অতিখিশালার আজীবনবাসী অতিথির ন্যায় আমরা প্রভূব আশ্রমে বাস করিতেছি। এই ভারতভূমি একটি বিস্তীর্ণ অতিথিশালা মাত্র।

দ্বিতীয় ধারার কথার প্রমাণার্থ তদ্বিল্লিখিত শাস্ত্র সকলের কি প্রকার সমালোচনা ছিল, দেখা যাউক। জ্যোতিষ। জ্যোতিষ বিজ্ঞানশাস্ত্র বটে, কিন্তু প্রাচীন বেদাঙ্গ। স্ত্রাং ইহার প্রাচীনরে সন্দেহ করা ধ্র্টতা ভিন্ন আর কি বলা যাইতে পারে? রন্ধানেশীর চন্দ্র স্ব্যা গ্রহণ তালিকা পঞ্জিকার প্রাচীনম্ব বিষয়ে ফরাসী ও বিলাতি পশ্ভিতগণের মধ্যে নানা বাগ্বিতণ্ডা ইইয়াছে। অনেক বিদেশীয় পশ্ভিত,

হিন্দরো অতি প্রাচীন জ্বাতি স্বীকার করা, স্বজাতির গৌরব হানিকর বিবেচনা করেন।

হিন্দুজাতি অথবা আর্ব্যেরাই বে জ্যোতিত্বগণের প্রথম পর্যাবেক্ষক, নিয়মানুসন্ধারক ও তত্তোজ্ঞাবক, তাহা ভাষাবিজ্ঞানবিংগণের অবশ্য স্বীকার্যা। যে সপ্তার্যার উল্লেখ প্রদেশ করিয়াছি, তাহাকে ইয়ুরোপীয়গণ উর্য মেজর বা বৃহৎ ভঙ্গাক বলেন। প্রাচীন বেদেও সপ্তার্য শব্দের স্থালে (জ্জাক) শব্দ ব্যবহার আছে। কেবল সংস্কৃত ভাষায় দেখা যায় যে ঋচ্ ধাতুর অর্থ দ্যাতি। ঐ তারা কর্মাট অতিশায় উন্জ্বলা। উন্জ্বলাতা দেখিয়া দ্যাতিবাচক কোন নাম দিয়া পরে সেই নামের অর্থ প্রমাক ব্যোধ করা ও আকার সাদৃশ্য উপলব্ধি করা অত্যন্ত সঙ্গত বোধ হয়। ও এইর্প করা কেবল আর্ব্যগণেরই সম্ভব হইতে পারে।

হিন্দ্রা দ্রবীক্ষণ, অণ্বৌক্ষণ, আলোকবীক্ষণ প্রভৃতি কাঁচ যদ্যের সাহায়্য ব্যতীত স্ক্যোতিষ চালনা ক্রিয়া যে সফলতা লাভ ক্রিয়াছিলেন তাহা ভাবিলে বিষ্ময়াপন্ন হইতে হয়। সামান্য নবন্ধীপপঞ্জিকা সেই

বিজ্ঞানের ধরংসাবশেষ মাত।

দিবামান, রাহিমান, তিথিমান নির্ণয়, চন্দ্রস্থাের উদয়ান্ত নিন্ধারণ—গ্রহ নক্ষত্র সন্থার চিন্রা ছির করা, অয়ন গ্রহণ ও সংক্রমণ গণনা—সে সকল এখন অতি প্রমসংকুল হউক না কেন, লাপ্তবিজ্ঞানের ধরংস চিহ্ন তাহার আর সন্দেহ নাই। এখন জাবিতবিজ্ঞান নাই, তাহার ছানে কতকগ্রিল অকৃতজ্ঞ পিত্মাতৃ-শ্রের দুবেল সন্ধেত আছে মাত্র। বিজ্ঞান বলে আর্যাভট্ট প্রথিবীর অক্ষরেখার তির্যাকভাব অবধারণ করিরাছিলেন ও তাহার পরিমাণ সান্ধা তেইশ অংশ নির্দারণ করেন। আর এখনকার জ্যোতিবিজ্ঞানাভিমানীরা সামান্য সা্র্যা গ্রহণ গণনায় এক দন্ড বা দ্ইে দন্ড প্রম করিয়া বিজ্ঞানের পরিচয় প্রদান করিলেন। যদি বাপ্দেশ শাস্থা না থাকিতেন, ত কি লজ্জার কথা হইত! ইচ্ছা ছিল, প্রের্যাল্লিখিত বিজ্ঞানগ্রনি ক্রমে ক্রম গ্রহণ করিয়া একে একে একে সকলগ্রিলর বিস্তৃত বিবরণ প্রদান করি, প্রবন্ধের দৈর্যাভয়ের তাহা করিতে পারিলাম না। সংক্রেপে দুই চারি কথা লেখা বাইতেছে।

বীন্ধগণিত। কি করা কর্ত্বা, স্থির করিতে না পারিয়া লোকে সচরচের যে বলিয়া থাকে, "আমি অস্থিরপঞ্চে পড়িয়ছি।" সেই অস্থিরপণ্ড বীন্ধগণিতান্তর্গত এক প্রকার অব্দ। যে অব্দ প্রচান বীন্ধগণিতে অতি শাীন্ত সমাধা হইতে পারে। আর যে অব্দ যুনানী দেশে দ্যাফান্ত প্রথম উদ্ভাবন করেন, ও সেইজনা যাহাকে দ্যোফান্তান বলে, যাহা সপ্তদশ শতাব্দীতে প্রথম সিদ্ধ হয়, তাহাও হিন্দুবীজগণিত মধ্যে আমারা শুনিয়াছি। যে দেশে দ্যোফান্তের বহু পূর্বে দ্যোফান্তান ক্ট সাধ্য হইত, সেই দেশারী শোভকরিক বীরগণ সামান্য ভয়াংশে "এক পর্বতিপ্রমাণ দেউল" দেখিয়া ক্লোকোন্ত বীর ভাহা ভাঙ্গিতে সমর্থ হওয়া দ্রের থাকুক, উন্দেশ্য প্রমাণ করিয়া পলায়নপর হয়েন। (*) তথাপি আশা করিবার অনেক স্থল আছে, কেননা আবার সেই দেশেই দেখিতেছি যে দিল্লী কলেজে স্বিখ্যাত অধ্যাপক রামচন্দ্র স্বান্ধ অপ্রবর্ধ গ্রন্থ "গরিমা লাঘমা" প্রচার দ্বারা বিলাতীর বিখ্যাতনামা ডিমরগণ বৈজ্ঞানিকেরও বিস্ময় উৎপাদন করিয়াছেন ও ভূরো প্রশাসান্য আকর্ষণ করিয়া লইয়াছেন। ভরসা এই, যদি মরভূমি মধ্যে আম্বার এর্শ বটবৃক্ষ দেখিতে পাইলাম, তাহা হইলে কর্ষিত ক্ষেত্রে উৎসাহবারি সেচনে ভারতভূমি কন্পতর্ব বা ক্লপ্লতাই উৎপাদন করিবে।

মিশ্রগণিত। মিশ্রগণিতে অজ্ঞতানিবন্ধন কত অনর্থ হইতেছে, তাহা কে গণনা করিতে পারে? আমরা উদাহরণের জন্য একটি সামান্য অনুর্থের উল্লেখ করিতেছি। মানদন্ডের (পাল্লার দাঁড়ির) উভর

(*) আছিল দেউল এক পর্বাত প্রমাণ।
ক্রোধ করি ভাঙ্গে তাহা পবন নন্দন॥
অন্ধেকি পণ্ডেকতে তার তেহাই সলিলে।
দশম ভাগের ভাগ সেবালার দলে॥
উপরে বার্ম্ম গব্দ দেউল প্রমাণ॥

ভারতবয়ীয় বিজ্ঞান সভা

সীমা মধ্যরক্ষ্ম হইতে সমান ব্যবধানে স্থিত না থাকিলে মানদাণ্ড জলতলের সন্থিত সমানান্তরাল হইবে না, অর্থাৎ এক দিক অন্য দিক অপেকা কিছু বোক্তা হইবে। এইর্প স্থলে যে দিক উচ্চ হইরাছে, সেই দিকে পাত্রে কিছু ভার দেওরা অর্থাৎ পাষাণ ভাঙ্গিরা ওজন দেওরার প্রথা আছে, কখন ফেরে, ফেরে অর্থাৎ দ্বই সের দ্রব্য দিতে হইলে এক সের ঝোক্তা দিকে ওজন করিয়া আর এক সের উচ্চ দিকে ওজন করিয়া দ্রব্য দেওয়া হইয়া থাকে, কিন্তু এর্প ফেরে ফেরে মাপে সন্ধাদাই বিদ্রোতার ক্ষতি হইয়া থাকে। একথাটি মিশ্রগণিতের একটি সামান্য সতা। মহাজনগণ বখন ঝরতি-পড়তি দ্বিক্ত বালয়া মান ন্যুনভার সমাধা করিবেন, তখন বিজ্ঞান অবহেলাকে কিছু অংশ দিলে সভাবাদীর কার্য্য কবেন।

রেখাগণিত। লীলাবতী গ্রন্থই রেখাগণিত চক্তার প্রচুর প্রমাণ। লীলাবতী ভারতের গোরবও বটে, ভারতের কলভক্ত বটে। কোহিন্র হারক মুসলমান সমাটগণের গোরব চিহুও বটে, কলভক্মণিও বটে। লীলাবতী নামোক্লেখে আমাদের একটি কথা মনে পড়িয়াছে, আমরা সেইটি এই ছানে বলিয়া পাঠককে হাসিতে বা কাঁদিতে অনুরোধ করি না। এক দিন দীনবন্ধ বাব্র লীলাবতী নাটকের কথা হইতেছিল। বাঙ্গালি, যিনি পিরান গায়ে দেন, তিনিই সমালোচক। একজন বিজ্ঞ সমালোচক একজন আগস্তুককে লক্ষ্য করিয়া বলিলেন, "এই খনার স্থাী লীলাবতী বড় (Mathematicial) ছিলেন; দীনবন্ধ বাব্ তাঁরি বিষয়ে নাটক লিখেছেন। এই পাঁচটা মিছি কথাবার্তা আর কি?" আমরা উপস্থিত ছিলাম; হাসি কাঁদি নাই। তাহাতেই কাহাকেও হাসিতে বা কাঁদিতে বলি না। হা দীনবন্ধা! ভাসকরাচার্য্য! লীলাবতী! নাটক! কাব্য! সত্য! সমালোচনা! তোমাদেব এই দশা হইল! কলভিকনী লীলাবতী বদি না থাকিত, তাহা হইলে আমাদিগকে কখনই লভজাকর সমালোচন শ্রনিতে হইত না।

আয়্রের্বদ, রসায়ন, উভিদ্তত্ত্ব। এগালি মন্বোর কেবল শরীরধারণ পক্ষে বিশেষ প্রয়েজনীয় ও প্রচান ভারতে এগালির বিশেষ সমাদর ছিল। অন্ত্রাতা বাব্ মহেশুলাল সরকারের সামায়িক আয়্রের্বদ পত্রে তাহার প্রচুর প্রমাণ পাওয়া যায়। অন্য প্রমাণ অন্যুসমানের প্রয়োজন কি, এত যে অধঃপাতে গিয়াছে—ইয়্রোপায় অতি পারদশা চিকিৎসকেরা প্রাতন রোগ চিকিৎসায় বৈদ্যাদগের সমকক হইতে পারিতেছেন না। তৈল চিকিৎসা যে অতি অশুকার্য পদ্ধতি, তাহাও স্বীকার করিতে হয়। সামান্য বাণকবিপাশতে এক পাত অভাদশ মাল পাচনে দেখিবেন, কত বিভিন্ন ধন্মের বিভিন্ন প্রদেশের মাল একচিত থাকে। কোন বিশেষ রোগের প্রতীকার জন্য সেইগালি একচিত করিতে প্রচান পাতিতগশের কত অধ্যবসায় এবং কত সময় লাগিয়াছে। কিন্তু যের্প তাড়িত গতিতে সমস্ত লোপ পাইতেছে, বোধ হয়, এইর্পে চলিলে পরে আর কিছ্বিদন কপিরাজ ও কবিরাজ শব্দে কেবল বর্ণগতও নয়, অর্থাগতও অনেক সাদশ্য হইবে।

সঙ্গতি। সঙ্গতির চিয়াসিজের উৎকর্ষ দেখিরা ও স্কার্পে আলোচনা করিয়া আমাদের বিশ্বাস যে, ভারতবর্ষে মুসলমানদিগের সমরে অতি উন্নত সঙ্গীতিবিজ্ঞান ছিল। সোমেশ্বর, কাণামাদ, হন্মত প্রভৃতি, মতভেদ দেখিলে বিজ্ঞানের অন্তিষ্ঠ সদ্পরে সন্দেহ হর বটে, কিন্তু শ্রীরাগে ও ভৈরবে কেইই সাদ্ধা দ্বাপন করেন নাই। করেন নাই কেন? বিজ্ঞান তংসম্বায়কে প্রক্ করিয়া দিরাছিল, বিজ্ঞানবাকা অলগ্যনীয়। বৈজ্ঞানিক ভিন্ন এই প্রশেবর কেইই উত্তর দিতে পারেন না। আধ্নিক সঙ্গীত শাল্ফা-জ্ঞানাভিমানিদিগের মধ্যে আমরা অনেককে জিজ্ঞাসা করিয়াছি যে কেন এগ্রালকে বিশাদ্ধ ও অনাগ্রালিকে জঙ্গলা বলেন? খাঁহারা স্কা জ্ঞানী তাঁহাদের উত্তরের তাংপর্যা এই যে, এর্প ভেদনিদর্শে আপ্তোদেশম্লক মান্ন। ইহা বৈজ্ঞানিকের উত্তর নহে। বৈজ্ঞানিক বিজ্ঞান ভিন্ন কাহাকেও ওভাদ স্বীকার করেন না। মানবীয় ওভাদের দোহাই দেখিয়া অতান্ত আক্ষেপের সহিত স্বীকার করিতে ইইতেছে বে

প্ৰেতিন অতি উন্নত সেই বিচিত্র সঙ্গীতবিজ্ঞান একেবারে লপ্তে হইয়াছে।

আত্মতত্ত্ব ও মনোবিজ্ঞান। বেদানের স্ক্রা গ্রে ঈশ্বত হে (Theology) ও মায়াবাদম্লক অপ্র্বা সংসারতত্ত্ব (Sensational Cosmology), ক্লিল সাংখ্যার বেদার্জাবরোধী প্রকৃতিবাদ (Materialism), অক্ষপাদ গোতমের আদবীক্ষিকী দশন ও নায়ে দাস্ত্র (Inductive Philosophy and Logic এবং কলাদের পদার্থ-বিচার (Categorical analysis) এগুলি এক এক বিষয়ের চড়ান্ত সীমা বলিলেও অত্যান্তি হয় না। প্রতিনিধি ডাইরেক্টর উল্লো সাহেব নবদীপন্ত নায়-শিবাগাদের বিতন্ডাসমরণ করিয়া লিখিয়াছেন, "আহা, এই বিচাবশন্তি কেবল ব্যাপ্তি অব্যান্তি অন্যান্যভাব বিতন্ডার পরিচারিকা না হইয়া বেদিন বস্ত্রবিচারের সহধন্মিণী হইবে সেদিন কি শুভ দিন হইবে।" যে মঙ্গলাকাক্ষ্মী আশীব্রণিদ করিতেছেন, তাঁহাকে কে না নমস্কার করিবে? বিশেষতঃ উল্লো সাহেবকে বাঙ্গালির শুভান্ধ্যায়ী বলিয়া সকলেই জানিতেন। আমরা তাঁহাকে নমস্কার করি।

এতন্তিম আরো কত বিজ্ঞান ছিল, এখন লোপ পাইরাছে। সামান্য ভূতের ওঝারা বে এক ছানে শব্দ করিরা, সেই শব্দ ভিত্র ছিল খেলাত শব্দের ন্যার অন্ত্রুত করাইতে পাবে, একথা প্রায় সকলেই জানেন। কত দ্রে শব্দবিজ্ঞান (Acoustics) জ্ঞান ব্যতীত এই শব্দান্তরণ বিদ্যার (Ventri-locution) অনুস্থানা অত্যন্ত দুরুহ বলিরা বোধ হর। হরত শব্দবিজ্ঞানের কোন ছুল সত্য উদ্ধানিত

विष्कम बहुनावणी

হইরা থাকিবে। কিন্তু এসকল ছিল, চর্চ্চা ছিল, মহা মহা পণিডত সকল ছিলেন, এখন কি? এখন আক্ষেপের বিষয় এই যে আমাদের আলস্য দোষে, পারতদা্য দোষে, নানা দোষে, অনেকগন্নিরই "প্রায় লোপ হইরাছে, নামমান্ত অবশিশ্ব আছে।" জিজ্ঞাসা করি। আর কত কাল এভাবে যাইবে?

- ত। প্রেথই বলা হইরাছে, বিজ্ঞান অবহেলা জন্য আমরা দিন ২ বিদেশীর জাতিগণের আর্ব্ডাধান হইতেছি; বঙুবিচারে অক্ষম হইরা কদর ভোজনে, অপের পানে, অপরিশ্বে বার সেবনে দিন দিন
 দ্বর্শল হইতেছি। চিকিৎসাশান্দে নিভান্ত অজ্ঞ হওরার বৈদেশিক প্রথাগত চিকিৎসকগণের হস্তে পভিত
 হইরা সম্প্রদাই জ্বর জ্বলার কাতর থাকিতে হয়। বিজ্ঞানের ক্রমেই লোপ সম্ভাবনা। "স্তরাং এক্ষপে
 ভারতবর্ষীর্বের পক্ষে বিজ্ঞানশান্দের অনুশীলন করা নিভান্ত আবশাক হইরাছে। ও তার্রামিত ভারতবর্ষীর বিজ্ঞান সভা নামে একটি সভা কলিকাতার স্থাপন করিবার প্রস্তাব হইরাছে। এই সভা প্রধান
 সভার্পে গণ্য হইবে এবং আবশাক মতে ভারতবর্ষের ভিন্ন ভিন্ন ভার অংশে ইহার শাখা-সভা স্থাপিত হইবে।"
 আমরা এই প্রস্তাবের কার্মনোবাকো অনুমোদন কবিতেছি। অনুষ্ঠাতার মঙ্গল হউক, অনুষ্ঠান সফল
 হউক।
- ৪। "ভারতবর্ষীর্মাদগকে আহনান করিয়া বিজ্ঞান অনুশীলন বিষয়ে প্রোৎসাহিত ও সক্ষম করা এই প্রভার প্রধান উদ্দেশ্য।" উদ্দেশ্য অতি মহৎ, তার আর সন্দেহ কি? "আর ভারতবর্ষ সম্পর্কীয় যে সকল বিষয় লুপ্তপ্রায় হইয়াছে" বা হইতেছে "ভাহা রক্ষা করা (য়থা মনোরম ও জ্ঞানদারক প্রাচীন গ্রন্থ সকল মাদ্রত ও প্রচারিত করা ইত্যাদি) সভার আনুর্যাঙ্গক উদ্দেশ্য।" কেবল পুঞ্জক মাদুর ব্যাতীত লুপ্তপ্রায় বিধয়ের অন্যবিধ রক্ষা করা আবশ্যক বোধে আমরা অনুষ্ঠানপত্রেব অর্থাৎ শব্দের স্থানে বথা ও পরে ইত্যাদি শব্দ ব্যবহার করিলাম। উদাহরণ দেওয়া যাইতেছে; যেমন বারাণসীন্থ মানমন্দিরের বৈজ্ঞানিক সংক্ষার অথবা প্রাচীন মন্ত্রা, লামুক্ত বা বন্দ্রখন্ড সকল সংগ্রহ করা, প্রাচীন মাদ্রা, দানফলক বা আদেশ-ফলক সকল সংগ্রহ করা, লামুর্গ বিষয়ের রক্ষার জন্য এগানি সকলই আবশ্যক। কিন্তু এর্ডান্ডয়ের আরো আনেকগালি আনুর্যাঙ্গক উদ্দেশ্য হইতে পারে, ও হওয়া উচিতও বোধ হইতেছে। ভারতবয়ীয়িদিগকে বিজ্ঞানে যঙ্গশীল করিতে হইবে, ও তাহারা যন্ধ করিয়েতিছেন কি না তাহা সর্ব্বদা দেখিতে হইবে। আর (কথাটা বলিতে কিন্তু লক্ষা হয়) তাহারা বিজ্ঞানে যন্ধ করিয়া কিছু আর্থিক উপকার পাইতেছেন কি না, ডাহাও দেখিতে হইবে। সে বিষয়ের আমাদিগের যাহা বক্তব্য সমাজ স্থাপিত হইলে বলিব।
- ৫। এই সম্পার কার্য্য সম্পার করিতে হইলে অর্থই প্রধান আবশ্যক, অতএব ভারতবর্ষের শন্তান্ধ্যারী, ও উমতীচ্ছ, জনগণের নিকট বিনীতভাবে প্রার্থনা যে, "তাহারা আপন আপন ধনেব কিরদংশ অপশি করিয়া উপস্থিত বিষয়ের উমতিসাধন করেন।"

७। अनुष्ठां आरम्स वाद् गीमा वा न्वाक्षतिमत्भव नाम मामत्व शहन कविराजस्म।

এই অনুষ্ঠানপত্ত আজ আড়াই বংসর হইল প্রচারিত হইয়াছে, এই আড়াই বংসরে বঙ্গসমাজ ৪০ চিক্লিশ সহস্র টাকা প্রাক্ষর করিয়াছেন। মহেন্দ্র বাব্ লিখিয়াছেন যে, এই তালিকাখানি একটি আ্যুন্চর্য্য দিলিল। ইহাতে ষেমন কতকগ্রলি নাম থাকাতে স্প্রভাৱিত হইয়াছে, তেমনি কতকগ্রিল নাম না থাকাতে উজ্জ্বলীকৃত হইয়াছে। তিনি আর কিছু বলিতে ইচ্ছা করেন না।

আমরা উপসংহারে আর গোটা দুই কথা বলিতে ইচ্ছা করি। বঙ্গধনীগণ, আপনারা মহেন্দু বাব্রর ক্ষবং বলেন্ডি অবশাই ব্রিরা থাকিবেন। তবে আর কলকভার শিরে কেন বহন করেন? স্কলেই অগ্রসর হউন। বিনি এক দিনে লক্ষ মুদ্রা বার করেন, তিনি কেন পশ্চাতে পড়েন? প্রকন্যার বিবাহে বাঁহারা লক্ষ লক্ষ মুদ্রা বার করেন, তাঁরা কেন নিশ্চিত বসিয়া থাকেন? উড্রো সাহেব তয়ানক বিজ্ঞানগুদ্ধভ্রেম্বার্টার বসসমাজ-মন্তকে আরোপ করিবার চেন্টা করিয়াছেন। একবার মুক্ত হস্তে গান করিয়া
সমাজ স্থাপন করিয়া স্বীর শ্রম দুর কর্ন। বঙ্গীর যুবকগণের অবস্থার উমতি সাধন কর্ন; বঙ্গের
শিক্ষবিদ্যার প্রন্মন্ধার কর্ন। মহাত্মা উড্রো সাহেবকে বাল, তিনি কাম্বেল সাহেবকে চিঠিতে যা
বিলারছেন, তাহার কথার আমাদের কাজ নাই, তিনি কেন একবার স্বজাতীয়গণকে এই মঙ্গলকর কার্বের সাহাত্য করিতে বল্ন না। যদি তালিকাতে একটিও স্বেতাঙ্গের নাম না প্রকাশিত হয়, তাহা হইলে কত
আক্ষেপর বিষয় হইবে।

-प्रमण्या, कास ३२१३



প্ৰথম ভাগ

লোকরহস্য

ষিতীয় বারের বিজ্ঞাপন

লোকরহস্যের দিতীয় সংস্করণে অন্ধেকি প্রাতন ও অন্ধেক ন্তন। সতেবটি প্রবন্ধের মধ্যে আটটি ন্তন, আটটি প্রাতন; এবং একটি (রামায়ণের সমালোচন) প্রাতন হইলেও ন্তন করিয়া লিখিত হইয়াছে। সক্ষপন্নিই বঙ্গদর্শন ও প্রচার হইতে প্নমন্দ্রিত।

ক্ষণাকান্ত

প্রথম বারের বিজ্ঞাপন

কমলাকান্তের দপ্তর বঙ্গদর্শন হইতে প্রনর্মানিত করা গেল। বঙ্গদর্শনে যে কয় সংখ্যা প্রকাশ হইয়াছে, তাহার মধ্যে "চন্দ্রালোকে," "মশক" এবং "স্থালোকের রূপ" এই তিন সংখ্যা আমার প্রণীত নহে, এই জন্য ঐ তিন সংখ্যা প্রনর্মানিত করিতে পারিলাম না।

বঙ্গদর্শনে কমলাকান্তেব দপ্তর সমাপ্ত হয় নাই। এই জন্য এই গ্রন্থের নামকরণে "প্রথম খণ্ড" লেখা হইল।

श्रीविक्कम्ब ह्राह्मानामान

ৰিজ্ঞাপন

এই গ্রন্থ কেবল "কমলাকান্তের দপ্তরের" পন্নঃ সংস্করণ নহে। "কমলাকান্তের দপ্তর" ভিন্ন ইহাতে "কমলাকান্তের প্রত" ও "কমলাকান্তেব জোবানবন্দী" এই দুইখানি নতন গ্রন্থ আছে।

ক্ষলাকান্তের দপ্তরেও দুইটি নৃত্ন প্রবন্ধ এবার বেশী আছে। "চন্দ্রালোক" এবং "স্থালোকের রুপ" এই দুইটি প্রবন্ধ ক্ষলাকান্তের দপ্তরেব প্রথম সংস্করণে পরিত্যাগ করা গিয়াছিল। তাহার কারণ এই যে, ঐ দুইটি আমাব প্রণীত নহে। "চন্দ্রালোকে" আমার প্রিয় সূত্রং শ্রীমান্ বাব্ অক্ষরচন্দ্র সরকারের রচিত; এবং "স্থালোকের রুপ" আমার প্রিয় সূত্রং শ্রীমান্ বাব্ রাজকৃষ্ণ মুখোপাধ্যারের রচিত; উত্থারা স্ব স্ব রচনার সঙ্গে ঐ প্রবন্ধন্ধ প্রন্মর্ন্দিত কবিবেন, এই ইচ্ছার আমি ক্ষলাকান্তের দপ্তরের প্রথম সংস্করণে ঐ দুইটি পরিত্যাগ করিয়াছিলাম। এক্ষণে লেখকদিগের নিকট জানিয়াছি যে, তাঁহারা ঐ দুইটি প্রবন্ধ নিক্রে প্রন্মর্ন্দিত করিবার কোন সন্তাবনা নাই। অত্রব্ধ, তাঁহারাে ইচ্ছান্মসারে ঐ দুইটি প্রবন্ধ ক্ষলাকান্তের দপ্তরেব দ্বিতীয় সংস্করণ-ভব্ত করা গেল।

ক্মলাকান্তের পদ্র তিনথানি মান্র বঙ্গদর্শনে প্রকাশিত হয়। তিনথানি ভাঙ্গিয়া এখন চারিখানি হইরাছে। "ব্ডা বরসের কথা" যদিও বঙ্গদর্শনে ক্মলাকান্তের নাময্ত হইয়া প্রকাশিত হয় নাই, তথাপি উহার মন্মা ক্মলাকান্তি বলিয়া উহাও "ক্মলাকান্তের পন্ত" মধ্যে সন্নির্বোশত ক্রিয়াছি। মোটে পাঁচখানি। "ক্মলাকান্তের জোবানবন্দনী" সমেত সন্বাশ্যন্ধ আটটি ন্তন পুনর্মান্তিত করা গেল। গ্রম্থের আকরে

जरमक वािफ्राष्ट्र विनन्ना अवर जमाना कात्रपाउ शस्यत म्याउ वृक्षि कीत्ररूप वाश देशाहि।

श्रीविक्त्रकारम् ह्योगानाम

দ্বিতীয় বারের বিজ্ঞাপন

"ঢো'কি" শীৰ্ষক প্ৰবন্ধটি ভূলকমে প্ৰেসংস্করণভূক হয় নাই। উহাও বঙ্গদৰ্শনে প্ৰকাশিত হইরাছিল কিন্তু এই প্রথম প্নেম[দিত হইল।

मर्गिताम ग्रस्क जीवनप्रतिक

বিজ্ঞাপন

পাঠকদিশকে বলিয়া দেওয়া আবশ্যক বে, এই গ্রন্থ কোন ব্যক্তিবিশেষ বা প্রেণীবিশেষের লোককে লক্ষ্য করিয়া লিখিত হয় নাই। সাধারণ সমাজ ভিন্ন, কাহারও প্রতি ইহাতে বাল নাই। ইহাতে পাঠক বের্প মনুষাচরিত দেখিবেন, সের্প মনুষাচরিত সকল সমাজে, সকল কালেই বিদ্যান। আধানিক বাঙ্গালী সমাজ, এই প্রশেষ বিশেষ লক্ষ্য বটে; কিন্তু তর্গস্থিত কোন ব্যক্তিবিশেষ বা শ্রেণীবিশেষ তাহার লক্ষ্য নহে। যদি কেহ বিবেচনা করেন যে, তিনিই ইহার লক্ষ্য, তবে ভরসা করি, তিনি কথাটা মনে মনেই রাখিবেন। প্রকাশে তাঁহার গোঁরব ব্যক্তির সম্ভাবনা দেখি না।

ষিতীয় ভাগ

বিবিধ প্রবন্ধ

প্রথম ভাগ। বিজ্ঞাপন

ইতিপ্ৰেৰ্ব কতকগ্নিল প্ৰবন্ধ "বিবিধ সমালোচনা" নামে আর কতকগ্নিল "প্ৰবন্ধ প্ৰেক" নামে প্ৰকাশিত করা গিয়াছিল। এক্ষণে উভয় গ্ৰন্থই অপ্ৰাপ্য।

দ্ইখানি প্ৰক সংগ্ৰহ নিষ্প্ৰয়োজন বিবেচনায়, এফণে ঐ প্ৰবন্ধগৃহিল এক প্ৰকে সঞ্চলন কৰিয়। "বিবিধ প্ৰবন্ধ" নাম দেওয়া গেল। যে সকল প্ৰবন্ধ প্ৰেৰ্থ "বিবিধ সমালোচনা" এবং "প্ৰদান প্ৰত্ত" প্ৰকাশিত কয়া গিয়াছিল, তাহার মধ্যে কোন কোন প্ৰবন্ধ এবার পরিত্যাগ কয়া গিয়াছে।

এই সকল প্রবন্ধ অনেক বংসর প্রের্থ বঙ্গদর্শনে প্রকাশিত হইয়াছিল। কোন কোন বিধ্যে এক্ষণে আমার মত পরিবত্তিত হইয়াছে; কোন কোন স্থানে ক্রম সংশোধন করা গিয়াছে। কিন্তু অনেক স্থান বিশেষ কারণবশতঃ প্রবন্ধ যেমন ছিল, তেমনি রাখিতে হইয়াছে।

দিতীয় ভাগ। বিভাপন

যে সকল প্রবন্ধ এই সংগ্রহে প্নমন্দ্রিত হইল, তাহার আধিকাংশ বঙ্গদর্শনে প্রকাশিত হইবাছিল: অকপভাগ প্রচারে।

১২৭৯ সালে আমি বঙ্গদর্শন প্রকাশ আরম্ভ করি। চারি বংসর আমি উহার সম্পাদকতা নির্বাহ করি। ঐ চারি বংসরের বঙ্গদর্শন আর পাওয়া যায় না। কিন্তু ঐ চারি বংসরের বঙ্গদর্শন, বাঙ্গালা সাহিত্যের ইতিহাসে—যেমন সামানাই হউক, একট্ স্থান লাভ করিয়াছে। এজন্য অনেকে উহা পাইবার অভিসাষ করেন। অনেকে আমাকে সে জন্য পত্র লেখেন; কিন্তু যাহা নাই তাহা আমি দিতে পারি না। জনেকে পরামর্শ দেন যে, বঙ্গদর্শন প্রন্মর্শ্বিত করি। কিন্তু বঙ্গদর্শনের আমি একমাত্র লেখক ছিলাম না। জন্যের রচনা আমি কি প্রকারে প্রন্মর্শ্বিত করিব? যাহা পারি, তাহা করিয়াছি। আমার নিজের রচনার অধিকাংশই ইতিপ্র্বেশ প্রমর্শ্বিত করিয়াছি। যাহা বাকি ছিল, তাহার মধ্যে কতকগ্রাল এই প্রবঙ্গে প্রমর্শ্বিত করিলাম।

সকলগ্রিল প্নেম্বিত করিবার যোগ্যও নহে। যাহা এ পর্যান্ত প্নেম্বিত হয় নাই, তাহা হইতে বাছিয়া বাছিয়া কয়েকটি মাত্র প্নেম্বিত করিলাম। ইহার সঙ্গে প্রচার নামক পত্রে প্রকাশিত কয়েকটি প্রবন্ধও প্নেম্বিত করিলাম। অবশিশুট প্রবন্ধগারীল প্নম্বিত করিব কি না, তাহা এক্ষণে বলিতে পারি না।

যাহা প্নম্দিত হইল, তাহার মধ্যে কতকগ্লি প্নম্দিত কবা উচিত হইরাছে কি না, এ বিষয় বিচারের স্থল। "বঙ্গদেশের কৃষক" তাহার মধ্যে একটি। যে সকল কারণে ঐ প্রবন্ধ প্নম্দিত করিলাম, তাহা ঐ প্রবন্ধের শিরোভাগে কতক কতক লিখিয়াছি। কিন্তু ঐখানে সকল কথা লিখিবার স্থান করিতে পারা যার নাই। আমি সেখানে স্বীকার করিয়াছি যে, ঐ প্রবন্ধ অর্থশাশ্রুঘটিত বিচারে কতকগ্লি শ্রুম আছে। শ্রুমাদি সংশোধিত না করিয়া প্রবন্ধটি প্নম্দিত করার একটি কারণ সেইখানে লিখিয়াছি। আর একটি কারণ নিশ্লুট করিবার উপবৃত্ত স্থান এই। ঐ প্রবন্ধটি বঙ্গদর্শনে বেমন বাহির হইয়াছিল, তেমনই প্নম্দিত করিতে চাই। যে মান্য খ্যাতি লাভ করে, তাহার দোয গণ্ণ আমরা দ্ই-ই দেখিতে ইচ্ছা করি। এই প্রবন্ধটিও খ্যাতি লাভ করিয়াছিল; অনেক পাঠক ঐ প্রবন্ধটিও দোষ গণ্ণ সমেত দেখিতে ইচ্ছা করিতে পারেন।

এর প বিবেচনা করিয়াও বহুনিবাহবিষয়ক প্রবন্ধটি অখন্ড প্রনর্মনিত করিতে পারিলাম না। বিদ্যাসাগর মহাশয় এক্ষণে স্বর্গার্ড, তাঁর সমালোচনায় তাঁহার আর কোন ক্ষতিবৃদ্ধি নাই। কিন্তু তাঁহার জাবদশায় কর্ত্ববান্রেরাধে তাঁহার গ্রন্থ বের প তাঁরতার সহিত সমালোচনা করিয়াছিলাম, এখন আর তাহা পারা বায় না। কেন না, এখন তাঁহার শোকে আমরা সকলেই কাতর। যাঁহায় জন্য সকলেই রোদন করিডাছ, তাঁহার কোন ব্রুটির সমালোচনা এ সমতে সাধারণ সমাপে উপস্থিত করিতে পারা বায় না। অতএব বেটুকু তাঁহার গ্রন্থের সমালোচনা, এবং বাহা মালাখিত প্রবন্ধের তাঁরাংশ, তাহা পরিস্কাশ

করিরাছি। বাহা পুনর্মন্থিত করিলাম, তাহা বাঁহারই রাজবাবস্থার দ্বারা অথবা প্রাচীন ধন্মশান্তের বিচারের দ্বারা সমাজসংস্কার বা সমাজবিপ্পর উপস্থিত কবিতে চাহেন, তাঁহাদের সকলের পক্ষেই খাটে। তাঁহাদের দল এখনও অপরাজিত ও অক্ষুর। সেই সম্প্রদায়ভূক্ত খ্যাতি বা অখ্যাতির জনা লালায়িত মালাবরী নামে একজন পারসী সে দিন একটা হ্লস্থল উপস্থিত করিরাছিল। অভএব স্বলীয়া বিদ্যাসাগর মহাশয়ের প্রতি বিশেষ শ্রদ্ধাভিত্তিসম্পন্ন হইরাও এ প্রবন্ধের সম্পূর্ণ বিলোপও করিতে পারিলাম না।

বাঙ্গালার ইতিহাস সম্বন্ধে অনেকগালি প্রবন্ধ প্নমান্ত্রিত হইল, তাহার দর বড় বেশী নর। এক সময়ে ইচ্ছা করিয়াছিলাম, বাঙ্গলার ঐতিহাসিক তত্ত্বে অন্সন্ধান করিয়া, একথানি বাঙ্গালার ইতিহাস লিখিব। অবস্বরের অভাবে, এবং অনাের সাহায়ের অভাবে সে অভিপ্রার পরিতাাগ করিতে বাধা হইয়াছিলাম। অনাকে প্রবৃত্ত করিবার জন্য বঙ্গদর্শনে বাঙ্গালার ইতিহাস সম্বন্ধ করেকটি প্রবন্ধ লিখিরাছিলাম। বঙ্গদর্শনের দ্বারা সম্বাঙ্গসম্পন্ন সাহিত্য স্থির চেড়ায় সচরাচর আমি এই প্রথা অবক্রমন করিতাম। বেমন কুলি মজনুর পথ খালিয়া দিলে, অগম্য কানন বা প্রান্তরমধ্যে সেনাপতি সেনা লাইয়া প্রবেশ করিতে পারেন, আমি সেইর্প সাহিত্যসেনাপতিদিগের জন্য সাহিত্যের সকল প্রদেশের পথ খালিয়া দিলে, অগম্য কানন বা প্রান্তরমধ্যে সেনাপতি সেনা লাইয়া প্রবান চেড়া কনিতাম। বাঙ্গালার ইতিহাস সম্বন্ধে আমার সেই মজনুরদারির ফল এই করেকটি প্রবন্ধ। ইহার প্রণরনজন্য অনবসরবশতঃ এবং অন্যান্য কারণে ইচ্ছান্ত্রপ অনুসন্ধান ও পরিপ্রম করিতে পারি নাই। কাজেই বলিতে পারি না যে, ইহার দর বেশী। দব বেশী হউক বা কম হউক, ইহা পরিত্যাগ করিতে পানি না। যে দক্রি, সে সোনা রূপা জনুটাইতে পারিল না বলিয়া কি বনক্রল দিয়া মাড়পদে অঞ্জলি দিনে না? বাঙ্গালিতে বাঙ্গালার ইতিহাস যে যাহাই লিখ্ক না কেন,—সে মাতৃপদে প্রশান্ধান। কিন্তু কৈ, আমি ত বলি মজনুরের কাজ করিয়াছি—এ পথে সেনা লইয়া কোন সেনাপতির আগমনবার্সত ভার্নিলাম না।

বলিতে কেবল বাকি আছে "মন্বাথ কি ?" ইতি শীর্ষক প্রবন্ধ, জন্ ভাষ্যার্ট মিলের জীবনচরিতের সমালোচনাব জ্যাংশ মাত। ধন্মতিত নামক প্রদেখ যে অনুশীলনধন্ম ব্রাইয়াছি, তাহার বীজ ইহাতে

আছে। "রামধন পোদ" ইতি শীর্ষক প্রবন্ধের অন্য নাম ছিল।

সাম

বিজ্ঞাপন

এই প্রবন্ধের প্রথম, দ্বিতীয় ও পণ্ডম পবিচ্ছেন বঙ্গদর্শনের সংমাধীর্যক প্রবন্ধ। তৃতীয় ও চতুর্থ পরিচ্ছেদ ঐ পত্রে প্রকাশিত "বঙ্গদেশের কুবক" নামক প্রবন্ধ ইইতে নাঁও। ক্বকের কথা যে আধ্নিক সামাজিক বৈবম্যের উদাহরণস্বরূপ লিখিত হইয়াছে, এমত নতে। প্রাচীন বর্ণ-বৈষম্যের ফগস্বরূপ বর্ণিত হইয়াছে। পাঠক বেন এই কথাটি স্মরণ রাখেন।

সামানীতি ন্তন তত্ত্ব নহে, কিন্তু ইউরোপীয়েরা যে ভাবে ইহার বিচার করেন, আমি তাহা করি নাই। আমি সামানীতি যেমন মোটামন্টি ব্নিয়াছি—সেইর্প গলখিয়াছি। অভএব ইউরোপীয় নীতিশান্তের সহিত প্রভেদ দেখিলে, কেহ রাগ করিবেন না। আরও, স্বদেশীয় সাধারণজনগণকে এই তত্ত্বিট ব্রাহিবার জন্য লিখিয়াছি। স্নিশিক্ষত যাদ ইহাতে কিছু পঠিতবা না পান, আমি দুর্যারত হইব না। আশিক্ষত পঠিকদিগের হ্রদয়ে এই নীতি অঞ্ক্রিও হইলে আমি চরিতার্থে হইব।

श्रीविक्ष्मित्य हरकेशायात्र

ভূতীর ভাগ

কৃষ্ণচরিত্র

প্রথম বারের বিজ্ঞাপন

ধৰ্ম সন্বন্ধে আমার বাহা বলিবাব আছে, তাহার সমস্ত আনুপ্রন্থিক সাধারণকে ব্রাইতে পারি, এমন সন্তাবনা অভগই। কেন না, কথা অনেক, সময় অভগ। সেই সকল কথার মধ্যে তিনটি কথা, আমি তিনটি প্রবন্ধে ব্রাইতে প্রবৃত্ত আছি। ঐ প্রবন্ধ তিনটি দ্ইখানি সাম্যিক পরে ক্যান্থ্যে প্রকাশিত ফুইডেছে। উক্ত তিনটি প্রবন্ধের একটি অনুশীলন ধন্মবিষয়ক; ছিতীয়টি দেবতত্ত্ব বিষয়ক; তৃতীরটি কৃষ্ণরিয় । প্রথম প্রবন্ধ "নবজাবনে" প্রকাশিত হইতেছে; দ্বিতীয় ও তৃতীয় "প্রচার" নামক পরে প্রকাশিত হইতেছে। প্রায় দ্বে বংসর হইল এই প্রবন্ধালে প্রকাশ আরম্ভ হইয়াছে; কিন্তু ইহার মধ্যে একটিও আজি পর্বাক্ত সমাপ্ত করিতে পারি নাই। সমাপ্তি দ্বে থাকুক, কোনটিও অধিক দ্বে অগ্রসর হইতে পারে নাই। তাহার অনেকগালি করেণ আছে। একে বিষয়গালি অতি মহৎ, অতি বিস্তাগিত সমালোচনা ভিন্ন তথ্যধ্যে কোন বিষয়েরই মীমাংসা হইতে পারে না; তাহাতে আবার দাসম্বশৃত্থলে বন্ধ লেখকের সময়ও অতি অক্স; এবং পরিশ্রম ক্রিবার শক্তিও মন্বোর চিরকাল সমান থাকে না।

এই সকল কারণের প্রতি মনোযোগ করিয়া, এবং মন্যোর পরমায়্র সাধারণ পরিমাণ ও আপনার বয়স বিবেচনা করিয়া, আমি আমার বস্তব্য কথা সকলগালি বলিবার সময় পাইব, এমন আশা পরিত্যাগ করিয়াছ। যে দেবমালির গঠন করিবার উচ্চাভিলাযকে মনে স্থান দিয়া, দ্ই একখানি করিয়া ইন্টক সংগ্রহ করিবেছি, তাহা সমাপ্ত করিবতে পারিব, এমন আশা আর রাখি না। যে তিনটি প্রবন্ধ আরম্ভ করিয়াছি, তাহাও সমাপ্ত করিতে পারিব কি না, জগদীশ্বর জানেন। সকলগালি সম্পূর্ণ হইলে তাহা পন্নম্নিত করিব, এ আশার বাসিয়া থাকিতে গেলে, হয়ত সময়ে কোন প্রবন্ধ পন্নম্নিত হইবে না। কেন না, সকল কাজেরই সময় অসময় আছে। এই জন্য কৃষ্ণরিক্রের প্রথম খন্ড এক্ষণে পন্নম্নিত করা গেল। বোধ করি এইর্প পাঁচ ছয় খন্ডে গ্রন্থ সমাপ্ত হইতে পারে। কিন্তু সকলই সময় ও শক্তি এবং ঈশ্বরান্ত্রহের উপর নির্ভর্ব করে।

আলে অন্দালন ধর্ম প্নম্দ্রিত হইরা তৎপরে কৃষ্ণচরিত্র প্নম্দ্রিত হইলেই ভাল হইত। কেন
না, "অন্দালন ধর্মে" যাহা তত্ত্ব মাত্র, কৃষ্ণচরিত্রে তাহা দেহবিশিষ্ট। অন্দালনে যে আদর্শে উপস্থিত
হইতে হয়, কৃষ্ণচরিত্র কর্মাক্ষেত্রস্থ সেই আদর্শ। আগে তত্ত্ব ব্যাইয়া, তার পর উদাহরণের দ্বারা তাহা
স্পাদীকৃত করিতে হয়। কৃষ্ণচরিত্র সেই উদাহরণ; কিন্তু অন্দালন ধর্মে সম্পূর্ণ না করিয়া প্নমর্দ্রিত
করিতে পারিলাম না। সম্পূর্ণ হইবারও বিলম্ব আছে।

श्रीविष्क्रम् हरहोशाशाम

দিতীয় বারের বিজ্ঞাপন

কৃষ্ণচরিত্রের প্রথম সংস্করণে কেবল মহাভারতীয় কৃষ্ণকথা সমালোচিত হইয়াছিল। তাহাও অলপাশে মাত্র। এবার মহাভারতে কৃষ্ণ সন্দর্কীয় প্রয়োজনীয় কথা যাহা কিছু পাওয়া যায়, তাহা সমস্তই সমালোচিত হইয়াছে। তা ছাড়া হরিবংশে ও প্রোণে যাহা সমালোচনার যোগ্য পাওয়া যায়, তাহাও বিচারিত হইয়াছে। তাহা ছাড়া উপক্রমণিকাভাগ প্রালিখিত এবং বিশেবর্পে পরিবন্ধিত হইয়াছে। ইহা আমার অভিপ্রেত সম্পূর্ণ গ্রন্থ। প্রথম সংস্করণে যাহা ছিল, তাহা এই দ্বিতীয় সংস্করণের অল্পাংশ মাত্র। অধিকাংশই ন্তন।

এত দ্বেও যে কৃতকার্য্য হইতে পারিব, প্রের্থ ইহা আশা করি নাই। কিন্তু সম্পূর্ণ কৃষ্ণচরিত্র প্রকাশ করিয়াও আমি স্থা হইলাম না। তাহার কারণ, আমার চ্টিতেই হউক, আর দ্রদ্ভ বশতঃই হউক, ম্বাঞ্কনকার্য্য এত শ্রম প্রমাণ ঘটিরাছে বে, অনেক ভাগ প্নের্ম্যিত করাই আমার কর্ত্র্য ছিল। নানা কারণবশতঃ তাহা পারিলাম না। আপাততঃ একটা শ্রিছপার দিলাম। যেখানে অর্থবাধে কল্ট উপস্থিত হইবে, অন্ত্রহপ্রের্ক পাঠক সেইখানে শ্রিছপারখানি দেখিয়া লইবেন। শ্রিছপারও বোধ হয়, সব ভূল ধরা হয় নাই। যাহা চক্ষে পড়িয়াছে, তাহাই ধরা হইয়াছে। ইহা ভিন্ন করেকটি প্ররোজনীয় বিবর বখান্থানে লিখিতে ভূল হইয়া গিয়াছে। তাহা তিনটি ফ্রোড়পারে সমিবিক্ট করা গেল। পাঠক ব প্র্তার হি পংক্তির পর ক্ষেত্র ক্ষিত্র ক্রিছর ক্রিছর বিশ্বর বিশ্বর বিশ্বর বিশ্বর বিশ্বর বিশ্বর বিশ্বর সির্মার্থ করা গেল। পাঠক ব প্রতার হি পংক্তির সর বিশ্বর বিশ্বর ক্রিছেনের হি ১০৯ প্রতার ১২ পংক্তির সর বেণ্ড এবং ১৩৬ প্রতার হিব পংক্তির পর বিশ্ব ও বিং ২২২ প্রতার ফুট নোটে। ফ্রোড়পার বিশ্ব পাঠ করিবেন।

আমি বলিতে বাধ্য বে, প্রথম সংস্করণে যে সকল মত প্রকাশ করিরাছিলাম, এখন তাহার কিছু কিছু পরিত্যাগ এবং কিছু কিছু পরিবর্তিত করিরাছি। কৃষ্ণের বালালীলা সন্বন্ধে বিশিন্তর্পে এই কথা আমার বন্ধবা। এর্প মতপরিবর্তনের স্বীকার করিতে আমি লন্ধ্যা করি না। আমার জীবনে আমি অনেক বিষয়ে মতপরিবর্তনের স্বীকার করিতে আমি লন্ধ্যা করি না। আমার জীবনে আমি অনেক বিষয়ে মতপরিবর্তনে করিয়াছি কে না করে? কৃষ্ণবিষরেই আমার মতপরিবর্তনের বিচিন্ন উদাহরণ লিপিবন ইইরাছে। বঙ্গদর্শনে যে কৃষ্ণবিষরিছিলাম, আর এখন বাহা লিখিলাম, আলোক অন্ধবারে বত দ্ব প্রভেদ, এতদ্ভরে তত দ্ব প্রভেদ। মতপরিবর্তন, বয়োব্দ্ধি, অনুস্বানের বিভার, এবং ভাবনার ক্লা। বাঁহার কখন মত পরিবর্তন হয় না, তিনি হয় অপ্রান্ত ইনবক্সনবিশিশ্ট, নয় বৃদ্ধিহীন এবং জ্ঞানহীন। বাহা আর সকলের ঘটিয়া থাকে, তাহা স্বীকার করিতে আমি লক্ষাব্যেশ করিলাম লা।

এ গ্রন্থে ইউরোপীর পশ্ভিতদিগের মত অনেক ছলেই অগ্রাহ্য করিয়াছি, কিন্তু তাইাদের নিকট সন্ধান্ত সাহার্য না পাইরাছি এমত নহে। Wilson, Goldstucker, Weber, Muir—ইণ্ডাদেরে নিকট আমি ধান স্থানিকার করিতে বাধ্য। দেশী লেখকদিগের মধ্যে আমাদের দেশের মুখেনজুলকারী শ্রীব্রন্ত রমেন্দ্রন্ত দত্ত, C.I.E., শ্রীব্রুক্ত সতারত সামশ্রমী, এবং মৃত মহাত্মা অক্ষরকুমান দত্তের নিকট আমি বাধ্য। অক্ষর বাব্ উত্তম সংগ্রহকার। সম্বাপেকা আমার ধান মৃত মহাত্মা কালীপ্রক্রম সিংহের নিকট গ্রেত্র। বেখানে মহাভারত ইইতে উদ্ধৃত করিবার প্রয়োজন ইইরাছে, আমি তাঁহার অনুবাদ উদ্ধৃত করিরাছি। প্রয়োজনমতে মুলের সঙ্গে অনুবাদ মিলাইয়াছি। বে দুই এক স্থানে মারাত্মক শ্রম আছে ব্রিয়াছি, সেখানে নোট করিরা দিয়াছি। প্রয়োজনানুসারে, স্থানবিশেষে ভিন্ন, গ্রন্থের কলেবরবৃদ্ধি ভয়ে মহাভারতের মৃত্যু সংস্কৃত উদ্ধৃত করি নাই। হরিবংশ ও প্রোণ হইতে যাহা উদ্ধৃত কবিয়াছি, মৃত্যু উদ্ধৃত করিরাছি, এবং তাহার অনুবাদের দায় দোয় আমার নিজেব।

পরিলেবে বক্তব্য কুক্তের ঈশ্বরত্ব প্রতিপল করা এ গ্রন্থের উল্লেণ্য নহে। তাঁহার মানবচরিত্র সমালোচন করাই আমার উল্লেণ্য। আমি নিজে তাঁহার ঈশ্বরত্বে বিশ্বাস করি;—সে বিশ্বাসও আমি লংকাই নাই।

কিন্তু পাঠককে সেই মতাবলম্বী করিবার জন্য কোন যত্ন পাই নাই।

श्रीविष्क्रम् हत्यानावास

ভূমিকা

গ্রন্থেব ভূমিকার যে সকল কথা বলিবাব প্রযোজন হইযা থাকে, তাহা সকলই আমি গ্রন্থের মধ্যে বলিরাছি। যাহারা কেবল ভূমিকা দেখিয়াই প্রন্তুক পাঠ কবা না করা ন্থিব করেন, তাহাদিগেব এই গ্রন্থ পাঠ করার সম্ভাবনা অলপ। এজন্য ভূমিকায় আমার অধিক কথা বলিবাব প্রয়োজন নাই।

বিশেষ, গ্রন্থের প্রথম দশ অধ্যায়েই একপ্রকাব ভূমিকা মাত্র। আমাব কথিত অনুশীলনতত্ত্বর প্রধান

কথা বাহা, তাহা একাদশ অধ্যায়ে আছে। অন্য ভূমিকায কোন ফল নাই।

এই দশ অধ্যায় নীবস, এবং মধ্যে মধ্যে দুব্হ, এই দোষ স্বীকাৰ করাই আমার এই ভূমিকার উল্লেখ্য। সপ্তম অধ্যায় বিশেষতঃ নীবস ও দুব্হ। শ্রেণীবিশেষের পাঠক, সপ্তম অধ্যায় পবিত্যাগ করিতে পারেন।

প্রধানতঃ, শিক্ষাপ্রাপ্ত পাঠকদিগের জন্যই এই গ্রণ্থ লিখিত হইযাছে, এজন্য সকল কথা সকল ছানে বিশদ করিয়া ব্ঝান যায় নাই। এবং সেই জন্য স্থানে স্থানে ইংবাজি ও সংস্কৃতেব অন্বাদ দেওয়া যায় নাই।

এই প্রন্থের কিয়দংশ 'নবজীবনে' প্রকাশিত হইষাছিল। তাহাবও কিছু কিছু পরিবর্ত্তিত হইরাছে।

শ্রীমন্তগবদগীতা

ভূমিকা

ভগবান্ শব্দরাচার্য্য প্রভৃতি প্রশীত গীতার ভাষা ও টীকা থাকিতে গীতার অন্য ব্যাখ্যা অনাবশ্যক। তবে ঐ সকল ভাষা ও টীকা সংস্কৃত ভাষায় প্রণীত। এখনকার দিনে এমন অনেক গাঠক আছেন বে, সংস্কৃত ব্রেথন না, অথচ গীতা পাঠে বিশেষ ইচ্ছ্রেন। কিন্তু গীতা এমনই দ্রেহ গ্রন্থ যে, টীকার সাহাষ্য ব্যতীত অনেকেরই বোধগাম্য হয় না। এই জন্য গীতার একখানি বাঙ্গালা টীকা প্ররোজন।

বাঙ্গালা টীকা দ্ই প্রকার হইতে পারে। এক, শংকরাদি-প্রণীত প্রাচীন ভাষ্যের ও টীকার বাঙ্গালা অনুবাদ দেওয়া যাইতে পারে। থিতীয়, ন্তন বাঙ্গালা টীকা প্রণয়ন করা যাইতে পারে। কেই কেই প্রথমাক্ত প্রথা অবলম্বন করিয়াছেন। বাব্ হিতলাল মিশ্র নিজকৃত অনুবাদে, কখন শংকরভাষোর সারাংশ, কখন প্রীধরস্বামিকৃত টীকার সারাংশ সংকলন করিয়াছেন। পরম বৈষ্পব ও পশ্ডিত শ্রীযুক্ত বাব্ কেদারলাখ দস্ত নিজকৃত অনুবাদে, অনেক সম্যে বিশ্বনাথ চক্রবন্ত্তী প্রণীতা টীকার মন্মার্থ দিরাছেন। ই'হাদিগের নিকট বাঙ্গালী পঠিক তম্জনা বিশেষ কণী। প্রিয়বর শ্রীযুক্ত বাব্ ভূষ্রচন্দ্র চন্ট্রাপাধায়ের গাঁতার আর একথানি সংক্রমণ প্রকাশে উদ্যত হইয়াছেন; বিজ্ঞাপনে দেখিলাম, তাহাতে শংকরভাষোর অনুবাদ থাকিবে। ইহা বাঙ্গালী পাঠকের বিশেষ সোঁভাগোর বিষয়।

শ্রীষ্ক্ত বাব্ শ্রীকৃতপ্রসম বিতীয় প্রথা অবসম্বন করিয়াছেন। তিনি নিম্নকৃত জন্বাদের সহিত শ্রীডানন্দীপনীশ নামে একথানি বাসালা টীকা প্রকাশ করিতেছেন। ইহা সংখ্যে বিষয় বে, শ্রীডান সম্পীপনীশতে গীভার মন্ম প্রেপিডিডেরা বের্প ব্রিরাছিলেন, সেইর্প ব্রান হইতেছে। বাঙ্গালী পাঠকেরা শ্রীকৃষ্ণপ্রসম বাব্রর নিকট তম্জনা কৃতজ্ঞ হইবেন সন্দেহ নাই।

এই সকল অনুবাদ বা টীকা থাকাতেও মাদৃশ ব্যক্তির অভিনব অনুবাদ ও টীকা প্রকাশে প্রবৃত্ত হওরা বাধা পরিশ্রম বলিরা গণিত হইতে পারে। কিন্তু ইহার বথার্থ প্ররোজন না থাকিলে, আমি এই

পরেতর কার্ম্যে হস্তক্ষেপ করিতাম না। সে প্ররোজন কি তাহা ব্রুথাইতেছি।

এখনকার পাঠকদিগের মধ্যে প্রায় অধিকাংশই "শিক্ষিত"-সম্প্রদায়ভূক্ত। বাঁহারা পাশ্চান্ত্য শিক্ষায় িশক্ষিত, তাঁহাদিগেরই সচরাচর "শিক্ষিত" বলা হইয়া থাকে: আমি প্রচলিত প্রথার বশবভী^{*} হইয়াই তদর্থে "শিক্ষিত" শব্দ ব্যবহার করিতেছি। কাহারও শিক্ষা বেশী, কাহারও শিক্ষা কম, কিন্তু কম হউক, বেশী হউক, এখনকার পাঠক অধিকাংশই "শিক্ষিত" সম্প্রদায়ভুক্ত, ইহা আমার জানা আছে। এখন গোলযোগের কথা এই বে. এই শিক্ষিত সম্প্রদার প্রাচীন পশ্ভিতদিগের উক্তি সহজে ব্রবিতে পারেন না। বাঙ্গালার অনুবাদ করিয়া দিলেও তাহা ব্রবিতে পারেন না। বেমন টোলের পণ্ডিতেরা, পাশ্চান্ডাদিগের উত্তির অনুবাদ দেখিয়াও সহজে ব্রাঝিতে পারেন না, যাঁহারা পাশ্চান্তা শিক্ষার শিক্ষিত, তাঁহারা প্রাচীন প্রাচা পণ্ডিতদিশের বাকা কেবল অনুবাদ করিয়া দিলে সহচ্ছে ব্রিষ্ঠে পারেন না। ইছা তাঁহাদিশের দোষ নহে, তাঁহাদিগের শিক্ষার নৈস্গিকি ফল। পাশ্চান্ত্য চিন্তা-প্রণালী প্রাচীন ভারতব্যীর্দ্রাদগের চিন্তা-প্রশালী হইতে এত বিভিন্ন যে, ভাষার অনুবাদ হইলেই ভাবের অনুবাদ হদয়ক্ষম হয় না। এখন আমাদিগের "শিক্ষিত" সম্প্রদায়, শৈশব হইতে পাশ্চাত্য চিন্তা-প্রণালীর অনুবন্তী, প্রাচীন ভারতব্বীযা চিন্তা-প্রণালী তাঁহাদিগের নিকট অপরিচিত: কেবল ভাষান্তরিত হইলে প্রাচীন ভাব সকল তাঁহাদিগেব হৃদয়ঙ্গম হয় না। তাঁহাদিগকে ব্রুঝাইতে গোলে পাশ্চান্ত্য প্রথা অবলম্বন করিতে হয়, পাশ্চান্ত্য ভারেব সাহায্য গ্রহণ করিতে হয়। পাশ্চান্তা প্রথা অবলম্বন করিয়া পাশ্চান্তা ভাবেব সাহায্যে গীতার মর্ম্ম তাঁহাদিগকে ব্ঝান, আমার এই টীকার উদ্দেশ্য।

ইহার আরও বিশেষ প্রয়োজন এই যে, পাশ্চাতা শিক্ষায় শিক্ষিত সম্প্রদায়ের মনে যে সকল সংশয় **উপস্থিত হইবার সম্ভাবনা, পূর্ব্বেপিন্ড**র্ভাদগের ক্বত ভাষ্যাদিতে তাহার মীমাংসা নাই। থাকিবারও সম্ভাবনা নাই: কেন না, তাঁহারা যে সকল পাঠকের সাহায্য জন্য ভাষ্যাদি প্রণয়ন করিয়াছিলেন, তাঁহাদিগের মনে সে সকল সংশয় উপস্থিত হইবার সম্ভাবনাই ছিল না। এই টীকায় যত দরে সাধ্য, সেই সকল সংশয়েব মীমাংসা করা গিয়াছে।

অতএব ষে সকল পশ্ভিতগণ গীতার ব্যাখ্যা বাঙ্গালার প্রচার করিরাছেন বা করিতেছেন, আমি তাঁহাদিদের প্রতিযোগী নহি: যথাসাধ্য তাঁহাদিদের সাহায্য কবি, ইহাই আমার ক্ষুদ্রভিলাষ। আমিও বত দুর পারিরাছি, পূর্বপণ্ডিতদিগের অনুগামী হইয়াছি। আনন্দর্গার-টীকা-সন্বলিত শব্দরভাষা, শ্রীবরস্বামিকৃত টীকা রামান্কভাষা, মধ্সুদন সরস্বতীকৃত টীকা, বিশ্বনাথ চক্রবাত্তিকত টীকা ইত্যাদিব প্রতি দ, ষ্টি রাখিয়া এই টীকা প্রণয়ন করিয়াছি। তবে ইহাও আমাকে বলিতে হইতেছে যে, যে ব্যক্তি পাশ্চান্তা সাহিত্য, বিজ্ঞান এবং দর্শন অবগত হইয়াছে, সকল সময়েই যে, সে প্রাচীনদিগের অনুগামী হইতে পারিবে, এমন সম্ভাবনা নাই। আমিও সম্পান তাঁহাদের অনুগামী হইতে পারি নাই। যাঁহারা বিবেচনা করেন, এদেশীয় প্র্বাপি-ডতেরা যাহা বলিয়াছেন, তাহা সকলই ঠিক এবং পাশ্চান্তাগণ জার্গতিক তত্ত্ব সম্বন্ধে যাহা বলেন, তাহা সকলই ভুল, তাঁহাদিগের সঙ্গে আমার কিছুমাত্র সহানুভূতি নাই।

छैकि जामात छेल्मना, किन्न मृत जिल्ल छैकि हता ना, अहे जना मृत्य एन एता एन । जानक शार्ठक অনুবাদ ভিন্ন মূল বুকিতে সক্ষম নহেন, এজন্য একটা অনুবাদও দেওয়া গেল। বাঙ্গালা ভাষার গীতার ज्यत्नक छेरकको जन्दवान जाएह। भाठेक स्वां छात्र विरावधना करतन, म्मट्रो ज्यवनन्यन करिएक भारतन। সচরাচর বাহাতে অনুবাদ অবিকল হর সেই চেণ্টা কবিরাছি। কিন্তু দুই এক স্থানে অর্থবান্তির অনুরোধে এ নির্মের কিন্তিং ব্যতিক্রম ঘটিয়াছে।

কলিকাতা

हीर्वान्कबन्स हरहाभागास

১২৯৩ সাল

व्यक्त स्था वहना भिका

ADVERTISEMENT

It is a standing reproach against the educated Bengali that he cannot write in his mother tongue. The reproach has perhaps an application still more forcible in the case of those who receive only an elementary education in the vernacular schools than in the case of their more educated bretheren turned out of the colleges. But the Bengali student labours under a serious disadvantage in this respect; there exist no rules for his guidance, none at least which an ordinary teacher is able to prescribe for his study. The compiler of this little primer on Composition has endeavoured to collect in it some rules derived from the practice of the best writers in the language and from his own experience in Bengali composition. He has tried to render it suited to the capacity of beginners and to be as brief as well as clear as possible.

The first chapter of this primer seeks nearly to teach the beginners to form words into sentences and then to collect sentences into little essays. In the second chapter he has explained the existing practice of the best writers under three heads, (1) Correctness, (2) Precision, and (3) Perspicuity. He has entered into no elaborate discussions, but has simply laid down rules easily understood. In the third chapter he has explained the existing practice regarding that particular species of composition, with which, of all others, every person, in whatever rank of life is required to be most conversant—I mean letter-writing, the most useful of all forms of composition. He wished to add a chapter teaching the drawing up of ordinary legal instrument, such as leases and bonds. But he prefers to wait to see the reception which the little work meets with, before adding further to its bulk. The same consideration, viz —a wish to avoid adding to the size and therefore to the cost of a primer which ought to be in every beginner's hand, has led him to content himself with a limited number of illustrations and examples under each head. More can be easily supplied by the teacher.

In conclusion he begs to say that this little primer is based on the English model, and that the only two terms used by English writers on the subject which he has rendered into Bengali are Subject (বিষয়) and Predicate (ব্ৰহ্ম)।

পশুষ ভাগ

गमा भमा ता कविजागास्त्रक

বিজ্ঞাপন

ষে করেকটি ক্ষুদ্র কবিতা, এই কবিতাপ্ত্রকে সমিবেশিত হইল, প্রায় সকলগ্লিই বঙ্গণশনে প্রকাশিত হয়। বাল্যরচনা দুটি কবিতা, বাল্যকালেই প্তকাকারে প্রচারিত হয়।

বাঙ্গালা সাহিত্যের আর যে কিছ্ অভাব থাকুক, গাঁতিকাব্যের অভাব নাই। বিদ্যাপতির সময় হইতে আজি পর্যান্ত, বাঙ্গালী কবিরা গাঁতিকাব্যের বৃষ্টি করিয়া আসিতেছেন। এমন সময়ে এই বয়খানি সামান্য গাঁতিকাব্য প্নেম্ট্রিত করিয়া বোধ হয় জনসাধারণের কেবল বির্ক্তিই জন্মাইতেছি। এ মহা-সম্দ্রে শিশিববিন্দ্রনিবেকের প্রেজন ছিল না। আমারও ইচ্ছা ছিল না। ইচ্ছা ছিল না বলিয়াই এতদিন এ সকল প্নেম্ট্রিত করি নাই।

তবে কেন এখন এ দ্বুক্তম্প প্রবৃত্ত হইলাম? একদা বঙ্গদর্শন আপিসে এক পত্র অ'সিল—তাইাতে কোন মহান্তা লিখিতেছেন ব্রে, বঙ্গদর্শনে যে সকল কবিতা প্রকাশ হইরাছিল, তাহার মধ্যে কতকর্মান প্রনম্প্রিত হর নাই। তিনি সেই সকল প্রনম্প্রিত করিতে চাহেন। অন্যে মনে করিবেন যে, রহস্য মন্দ নহে। আমি ভাবিলাম, এই বেলা আপনার পথ দেখা ভাল, নহিলে কোন দিন কাহার হাতে মারা পড়িব। সেই জন্য পাঠককে এ বন্দুশা দিলাম। বিশেষ, বাহা প্রচারিত হইরাছে, ভাল হউক, মন্দ হউক, ভাছার প্রন্থপ্রচারে নৃত্ন পাপ কিছুই নাই। অনেক প্রকার রচনা সাধারণসমীপন্থ করিরা জামি অনেক

অপর্বে অপরাধী হইরাছি; শন্ত অপরাধের বদি মার্কনা হইরা থাকে, তবে আর একটি অপরাধেরও

মার্ক্সনা হইতে পারে।

কবিতাপ্তকের ভিতর তিনটি গদ্য প্রবদ্ধ সন্নিবেশিত হইরাছে। কেন হইল, আমাকে জিজ্ঞাসা করিলে আমি ভাল করিয়া ব্রাইতে পারিব না। তবে, এক্ষণে বে রাঁতি প্রচলিত আছে বে, কবিতা পদ্যেই লিখিতে হইবে, তাহা সঙ্গত কি না, আমার সন্দেহ আছে। ভরসা করি, অনেকেই জানেন বে, কেবল পদ্যই কাব্য নহে। আমার বিশ্বাস আছে বে, অনেক স্থানে পদ্যের অপেক্ষা গদ্য কাব্যের উপযোগী। বিষয়বিশেষে পদ্য কাব্যের উপযোগী হইতে পারে, কিন্তু অনেক স্থানে গদ্যের ব্যবহারই ভাল। যে স্থানে ভাষা ভাবের গোরবে আপনা আপনি ছন্দে বিন্যুত্ত হইতে চাহে, কেবল সেই স্থানেই পদ্য ব্যবহার গদ্যের কিছে কেবল কবিনাম কিনিবার জন্য ছন্দ মিলাইতে বসা এক প্রকার সং সাজিতে বসা। কাব্যের গদ্যের উপবোগিতার উদাহরণ স্বর্প তিনটি গদ্য কবিতা এই প্রতক্তে সন্নিবেশিত করিলাম। অনেকে বলিবেন, এই গদ্যে কোন কবিন্ধ নাই। সে কথার আমার আগত্তি নাই। আমার উত্তর যে, এই গদ্য বের্শ কবিন্ধশ্র, আমার পদ্যও তদ্রুপ। অতএব তুলনায় কোন ব্যাঘাত হইবে না।

অন্য কবিতাগৃলি সম্বন্ধে বাহাই হউক, যে দুইটি বালারচনা ইহাতে সমিবেশিত করিরাছি, তাহার কোন মার্ম্পর্না নাই। ঐ কবিতাছযের কোন গৃণ নাই। ইহা নীবস, দুর্হ, এবং বালক-দুলুভ অসার কথায় পরিপূর্ণ। যখন আমি কালেজের ছাত্র, তখন উহা প্রথম প্রচারিত হয়। পড়িয়া উহার দুর্হতা দেখিয়া, আমার একজন অধ্যাপক বালয়াছলেন, "ওগ্লি হিয়ালি।" অধ্যাপক মহাশয় তন্যায় কথা ধলেন নাই। ঐ প্রথম সংস্করণ এখন আর পাওয়া বার না—অনেক কাপি আমি স্বযং নত্ট করিরাছিলাম। এক্ষণে আমার অনেকগ্রনি বন্ধু, আমার প্রতি স্নেহবশতঃ ঐ বালারচনা দেখিতে কোত্রভালী। তাঁহাদিগের

তপ্তাৰ্থই এই দুইটি কবিতা পুনুমানিত হইল।

দিতীয় বারের বিজ্ঞাপন

বাঙ্গালা কবিতা প্রনর্মান্তিত করিবার জন্য পাঠকের কাছে ক্ষমা চাহিতে হয়। তবে সাহিত্য সম্বন্ধে অনেকে অনেক অপরাধ করিতেছেন, সে সকল পাঠক যদি ক্ষমা কবেন, সামার এ অপরাধও ক্ষমা করিবেন।

ক্ষমার একট্ কারণ এই আছে যে, এবার একটি গদা প্রবন্ধ ন্তন দেওয়া গেল। "প্রপ্রনাটক" প্রথম "প্রচারে" প্রকাশিত হইয়াছিল, এই প্রথম প্রন্মাদিত হইল।

"দ্রেগিংসব" "বঙ্গদর্শন" হইতে এবং "বাজাব উপব রাজা" "প্রচাব" হইতে প্নন্নিচত করা গোল। "কবিতাপ্তেক" অপেক্ষা "গদ্যপদ্য" নামটি এই সংগ্রহেব উপযোগী, এই জন্য এইব্প নামেব কিছ্ম্ পরিবর্তন করা গোল।

अ (याजन

মধ্যমাগ্রন্ধ সঞ্জবিচন্দ্র চট্টোপাধ্যায়, বিপিন্চন্দ্র চট্টোপাধ্যায় এবং বহরমপ্রেরের রামদাস সেন ও প্রাতৃন্পত্র জ্যোতিষ্টন্দ্র চট্টোপাধ্যায়কে লিখিত বিক্রমচন্দ্রের কয়েকখানি পরের পান্দ্রেলিশি নৈহাটী বিন্দ্রেম ভবনে রক্ষিত আছে। এই পরগর্নাল কোন কোন পরিকার ইতিপ্রের্থ প্রকাশিত হয়। হেমেন্দ্রনাথ দাশগর্ভের "খবি বিন্দ্রেমচন্দ্র" শীর্ষ ক প্রতক্তেও এ সম্পূর্ম প্রথিত হইয়াছে। আমরা এখানে ভিঠিগ্রাল দিলাম। পাঠক লক্ষ্য করিবেন কোন কোন পরে সম্পূর্ম তারিখ নাই। বিন্দ্রমচন্দ্রের শেষ উইলটিও এখানে দেওয়া হইল।

বিংকমচন্দ্রের একখানি অসম্পূর্ণ নাটিকা বিমলচন্দ্র সিংহ "বিৎকম কণিকা" নামক প্রুতকে প্রকাশিত করিয়াছেন। ঐ প্রন্থের ভূমিকায় অন্যান্য বিষয়ের মধ্যে নাটিকাটি সম্বন্ধেও বিমলচন্দ্র লিখিয়াছেন: "প্রের ন্যায় এগ্র্লিও আমার পিতামহন্দেরের সহধ্যানী ও স্কং শ্রম্থের শ্রীষ্ট্র হেমেন্দ্রপ্রসাদ ঘোষ মহাশ্যের নিকট পাইয়াছি এবং তাহারই সন্দেহ অন্ত্রহে এগ্র্লি প্রকাশ করা সম্ভব হইল। ইহার মধ্যে প্রথমটি একটি অসম্পূল নাটক—এ পর্যাশত অপ্রকাশিত ছিল।"

সঞ্জীৰচন্দ্ৰ চট্টোপাধ্যায়কে লিখিত পত্ৰ

১৫ নভেম্বর ১৮৭৪

To Babu Sanjib Chandra Chatterjee

সেবক শ্রীবা কমচন্দ্র শন্মণঃ

প্রণামা শত সহস্র নিবেদনণ্ড বিশেষ-

আপনি যতীশের বিবাহ সম্বদ্ধে যে পত্র লিখিয়াছেন, তাহার উত্তর আমি বাঙ্গলায় লিখিলান। ইহার কারণ এই যে, আবশ্যক হইলে বা উচিত বিবেচনা করিলে পিতাঠাকুরকে

পড়িতে পাঠাইয়া দিবেন।

শ্রীযানুন্ত — আপনাকে যতাঁশের বিবাহ সম্বন্ধে ১৬০০, ষোলশত টাকা কম্জ করিছে বিলিয়াছেন। কম্জ পাওয়া আশ্চর্য্য নহে। আপনি না পান শ্রীষ্ত্র আছ্মা করিলে অনেকে কম্জ দিবে। কম্জ করিলে আপনার বর্ত্ত মান পাঁচ হাজার টাকা খণের উপর ৭০০০, টাকা হইবে। ইহা পরিশোধের সন্তাবনা কি? এক্ষণে আপনি কত করিয়া মাসে কম্জ শোধ করিযা থাকেন। কোন মাসে কুড়ি টাকা কোন মাসে কিছুই না। অদ্য ২০ বৎসর অবিধি আপনি খণগ্রুত, কখনও খণের বৃদ্ধি বাতাঁত পরিশোধ করিতে পারেন না। ভবিষতে যে অন্য প্রকার হইবে, তাহার কি লক্ষণ দেখা কার? কিছুই না। তবে ইহা নিশ্চিত বলা যাইতে পারে যে, এক্ষণে আপনি যে খণ করিবেন, তাহা পরিশোধের সন্তাবনা নাই।

যে ঋণ পরিশোধ করিতে পারিবেন না মনে জানিতেছেন তাহা গ্রহণ করা পরকে ফাঁকি দিয়া টাকা লওয়া হয়। আপনি বাদ এখন ১৫০০, টাকা কর্ম্জ করেন, তবে ঋণ গ্রহণ করাকে বন্ধনা বালতে হইবে। বরং ভিক্ষাবৃত্তি ভাল, তথাপি বন্ধনা ভাল নহে। পিতৃ-আজ্ঞা পালনার্থ অথবা পিতার সংখবর্জনের জন্য তাহা কর্ম্তব্য নহে। এরূপ অধন্যাচরণ অপেক্ষা পিতার জাঞ্জা

লক্ষন কর্ত্রব্য।

২। এই ৭০০০, টাকার ঋণ পরিশোধ হইবে না। ইহার পরিশাম কি হইবে? মহাজ্পন ছাড়িবে না, ভাইারা নালিশ করিয়া জিফি করিবে। এমন কোন সম্পত্তি আমাদের নাই যাহা বিক্রম করিয়া টাকা আদার হইতে পারিবে। স্তরাং আপনি যে পরিমাণে পরামর্শের কলা লিখিয়ার্ক্টন, তাহা অন্যার ইইল কি প্রকার? এমন সন্ধনাশ বাহাতে ছটিবার সঞ্চাবনা সে ক্ষম কেন ফ্রিবেন? ইহা জানেন যে, ডিক্রি হইলে একৃথানি ওয়ারেণ্ট বাহির হইলেই আপনার চাকুর্নীটি যাইবে এরুপ নিয়ম হইয়াছে।

০। আপনি যদি এই ঋণ বৃদ্ধি করেন তবে যতীশের যাবজ্জীবনের জন্য যে কি গ্রেত্র অনিষ্ট করিবেন তাহা নলা যার না। যতীশ সে স্বেরই দায়িক। যেদিন সে প্রথম উপাজ্জন করিতে দিখিবে সেই দিন হইতে এই ঋণের ভার তাহার মাথার উপর চাপিবে। আর ইহজকে তাহা নামাইতে পারিবে কি না বলা যার না। আপনাদিগের অবস্থা দেখিয়া ভরসা হয় না যে কখনও উদ্ধার পাইবে। যাহার স্ককে ঋণের ভার চাপে তাহার অপেক্ষা অস্থী পৃথিবীতে আর কেহ নাই। যত টাকা উপাজ্জন করে তাহার একটী পয়সাও আপনার বলিয়া বোধ করিবার অধিকার থাকে না। উদাহরণ আমাকেই দেখিতেছেন। রমেশ মিত্র হাইকোর্টের জজ্জ্, আর আর্ম মালদহের ক্ষুদ্র চাকুরীজীবী, পিতৃঋণই ইহার কারণ। অতএব আপনি যদি আর ঋণবৃদ্ধি করেন তবে আপনাকে যতীশের শত্র বিবেচনা করিব। যদি বলেন, ঋণ না করিলে পিতার এই শেষ অবস্থায় অত্যন্ত মনঃপীড়া পাইবেন। আমার বিবেচনায় তাঁহাকে এই সকল কথা ব্রুবাইলে তিনি কদাচ ঋণ করিতে বলিবেন না। তিনি পত্রবংসল, অবশ্য আপনার এবং যতীশের ভবিষাৎ মঙ্গলের প্রতি দৃষ্টি করিবেন। যদি না করেন, তবে তাঁহার আজ্ঞা লঙ্খন করিতে হইবে। পিতার অনুরোধে পত্রের অনিষ্ট করিলে আপনি ধন্মে পতিত হইবেন।

আমার নিশ্চিত বিশ্বাস যে, এই সকল কথা তাঁহাকে ব্রাইরা বলিলে, তিনি আপনাকে খণ করিতে দিবেন না। কিন্তু স্বরং খণ করিয়া যতীশের বিবাহ দিবেন। আপনার কাছে বিশেষ ভিক্ষা এই ষে, কোন মতে তাহা করিতে দিবেন না। তিনি যদি খণ করিতে প্রবৃত্ত হয়েন, তবে তাঁহাকে জিজ্ঞাসা করিবেন যে, তিনি যে খণ করিতেছেন, তাহা কে পরিশোধ করিবে? তিনি বলিবেন যে, আমার ২২৫, টাকা পেশ্সন আছে, আমি তাহা হইতে পরিশোধ করিব। তখন ব্র্ঝাইয়া দিবেন যে, তাহা ভ্রম মাত্র। আজি নয় বংসর হইল আমরা পৃথক হইরাছি। তখন শ্রীযুক্তের ৮০০০, টাকা দেনা ছিল। এক্ষণে ৩৬০০, আছে, অতএব এই ১ বংসরে ৪৪০০, টাকা মাত্র পরিশোধ হইরাছে। আমাতে ও দাদাতে খণ পরিশোধার্থে এই নয় বংসরে ৪৪০০, টাকা দিরাছি। অতএব নয় বংসরের মধ্যে শ্রীযুক্ত পেশ্সন হইতে একটী পরসাও কল্প শোধ করেন নাই। অতএব ভবিষ্যতে করিবেন তাহার কোন সম্ভাবনা নাই।

অতএব তিনি এক্ষণে ঋণ করিলে পরিশোধ করিবে কে? তিনি বলিবেন, প্রুগণ। কিন্তু প্রুগণের মধ্যে মধ্যম নিজের দেনাই পরিশোধ করিতে অশক্ত, পিতৃঋণের এক পরসাও পরিশোধ করিবার সম্ভাবনা নাই। কনিষ্ঠও তদ্রুপ, তাহার যে আর তাহাতে কোনমতে সংসার নির্ন্ধাহ হয়, ঋণ পরিশোধ হইতে পারে না। জ্যোষ্ঠ এক পরসাও দিবেন না, ইহা নিশ্চিত, বাকী আমি কেবল একা দায়ে ধরা পড়ি। অতএব তিনি যদি এখন যতীশের বিবাহের জন্য ঋণ বরেন, তবে আমার ঘাড়ে ফেলিবার জন্য। উহা আমার প্রতি কতবড় অত্যাচার হইবে তাহা তাঁহাকে আপনি ব্রুথাইবেন।

আর একটি কথা যদিও অবক্তব্য, তথাপি এন্থলে না বলিলে নর। আমার উপর রাগ করিবেন না, আমার দেহের প্রতি বিশ্বাস নাই। আমার শরীরে শ্বাস কাশাদির বীজ রোপিত আছে, অন্যান্য উৎকট রোগেরও লক্ষণ আছে। তাহার প্রতিকারের চেন্টা করি না, কেন না দীর্ঘজীবন বাসনা করি না। অধিক দিন বাঁচিলে অধিক কন্ট পাইতে হয় এবং প্রতিকারের চেন্টায় কন্ট পাইতে হয়, প্রায়ই কোন না কোন ব্যাধিতে আমার শরীর রোগগ্রন্ত।

অতএব কতদিন বাঁচিয়া থাকিব তাহা বলিতে পারি না, বােধহয় ঋণ পরিশােধ পর্যান্ত আমাকে বাঁচিতে হইবে না। আর কেবল ঋণ পরিশােধের জন্য বাঁচিয়া কি হইবে? বাদি ঋণ হইতে মাজি না পাই, তবে রােগের কোন চিকিৎসা হইবে না।

ষতীশের বিবাহে আর্পনি বা শ্রীষ্ক্ত এক পরসাও ঋণ করিতে পারিবেন না। ইহাতে বিলবেন যতীশের কি বিবাহ দেওয়া হইবে না? আমার বিবেচনায় যতীশের বিবাহ দুই বংসর পরেও ভালা, তথাপি ঋণ কর্ত্তব্য নহে। নিতান্ত বদি বিবাহ দেওয়া কর্ত্তব্য হয়, (কিন্তু তাহার প্রয়োজন নাই); অক্ষয় সরকারের কাছে আপনার চারিশত টাকা পাওনা আছে, সে এখন দিবে না সত্য বটে, কিন্তু গ্রসাচরণকে ধরিতে পারিবে সে দিতে পারে, সেই চারিশত টাকা আদার কর্ন। আর আপনি ২০০, টাকা দিতে পারেন, শ্রীষ্কে

২০০, আমিও দুইশত টাকা দিব। এই হাজার টাকা বার করিয়া বিবাহ দিন। ঋণ করিতে পারিবেন না। এই সকল টাকা সংগ্রহ করিতে দুই তিন মাস লাগিবে। অতএব এই ফাল্যান মাসে বিবাহ হইতে পারে।

প্ৰণতঃ ব**িক্**ম ৩০ কান্ত্ৰিক

শ্রীচরণেয,---

অঘোর পাঠককে একট্ন পত্ত লিখিবেন যে মাঘ মাসে বঙ্গদর্শন বাহির করিবার পক্ষে আপত্তি নাই, ভবিষ্যাৎ সংখ্যার প্রতি আপত্তি আছে। অর্থাৎ মাঘ সংখ্যা ভিন্ন আব বাহিব কারতে দিবেন না। ইহা লিখিবেন।

পরপাঠ ইহা লিখিনেন। চন্দ্র অপ্রতিভ হইয়। অনেক কার্কুতি মিনতি কবিতেছে। কিন্তু এটাকু হইলেও বিপদ মিটিবে না। তাং ২৪ ফেব্রুয়ারী, ১৮৮৪।

শ্রীবাঞ্চমচন্দ্র চট্টোপাধ্যায়

শ্রীচরণেয়,

আপনি মঙ্গলবার যে পত্র লিখিয়াছিলেন তাহা আমি বৃহস্পতিবারে পাইয়াছি। আর ব্ধবারে যে পত্র লেখেন তাহা শ্রুবার পাইয়াছি। এর্প বিলম্বের কারণ আপনার চিঠি সময়ে post হয় না। তিনটার মধ্যে চিঠি post কারতে হয়।

দাদার পীড়া মারাত্মক নহে তম্জন্য বাস্ত হইনেন না। গোড়ায় Homeopathic treatment করিলে tap কবিবার প্রয়োজন হইত না। এক্ষণে হইয়াছে ঔষধ আমি তাঁহাকে বিলিয়া দিব যদি আর কথনও হয তবে প্রথমাবস্থায় ব্যবহার করিলে সহজে আরাম হইবে। আমার ভবসা আছে রক্ষা পাইবেন।

যতদিন না নিঃশেষ আরাম হন ততদিন কলিকাতায় রাখিবেন। বােধ কবি তাঁহার চিকিৎসার বায় তাঁহাকে কিছুই বহন করিতে দেন নাই। বা্য আমার বায়ে হওয়া কর্তবা। টাকার প্রযোজন হইলে উমাচরণকে বালিবেন সে সরববাহ করিবে। দাদার নিঃশেষ আরোগ্য সম্বাদের প্রতীক্ষায় রহিলাম। ১০ই মাঘ।

শ্রীবঙ্কমচন্দ্র চট্টোপাধ্যায়

গ্রীচরণেষ,—

আপনার একখানা পর পাইলাম, তাহার তারিখ নাই, প্রায় থাকে না।

বরদা ভট্টাচার্ব্য ৫, খাজানা পায় তম্জন্য সে ৫×২০=১০০, পাইতে পারে। High ('ourt ruling এই যে Every person should receive amount of compensation proportionate to his interest in the land. উহার interest ৫, annually এ জন্য ১০০, পাইতে পারে। আমি ঐ ১০০, কাইয়া সাধাসাধি করিয়াছি তাহাতে সে আমাকে কট্,বিং করিয়া গিয়াছে।

তার উপর উহাকে বলিরাছি যে যদি তুমি না লও তবে তোমাকে চিরকাল ঐ থাজানা দিব।
এবং তাহার থাজানা আদারের জন্য আমার অন্য সম্পত্তি আবদ্ধ রাখিরা লেখাপড়া করিরা
registry করিরা দিতে চাহিরাছিলাম। তাহাতে সে রাজী না হইরা কড়া কথা বলিয়া
গিমাছে।

তাহাকে কেহ ব্রাইরাছে যে আমি ১২০০, টাকা পাইরাছি তাহার মধ্যে ৮০০, তাহার প্রাপ্য, বড়বাব্ আমাকে আটশত টাকা দিবার জন্য পনেঃ পনেঃ অন্রোধ করিরাছেন এবং নিজে চন্ডী ভট্টাচার্যা প্রভৃতিকে ফাঁকি দিবার জন্য আমার সাহাব্য চাহিতেছেন। বখন জমি মার্প হর তখন আমি ঝিনাইশহ ছিলাম, আমার লোকজন জরিপের সমরে কেই উপস্থিত ছিল না।
তথাপি।এই ভট্টাচার্ব্য বলিয়া বেড়াইতেছেন বে আমি জ্বাচুরি করিয়া খরিদা রক্ষোন্তর বলিয়া
তাহা খাইরাছি এবং আপনাকেও ঐর্প লিখিতে সাহস করিয়াছি। বখন কটিলপাড়ার সকল
লোকের আমার প্রতি এই বাবহার, তখন কাজেই কটিলপাড়ার বাড়ী ফেলিয়া দিলাম।

PARTS (Y.D.)

ইতি ১১ জনুন শ্রীবৃত্তিমচন্দ্র চটোপাধ্যায়

1 BRARY TO A

Midnapore, 1887 17th Aug., ২রা ভার

শ্রীচরণেষ্,—

কাঁটালপাড়ায় স্কুল বা কলেজ বা University যাহাই হ'ক তাহাতে আমি কোন সাহায্য করিব না। কাঁটালপাড়ার প্রোয় আমি টাকা দিব না। এ বংসর আমি ও আমার পরিবার প্রোর সময়ে মেদিনীপ্রেই থাকিব। স্তরাং কলিকাতাতেও প্রো করিতে পারিলাম না।

যেখানে বরদা ভট্টাচার্য্যের মত ব্যক্তি আমাকে জনুয়াচোর বলে, যে ছানে রামকৃষ্ণ ও ব্রজনাথের মত লোক আমার পিতাকে জালসাজ বলে, যে দেশে বসস্ত ও চন্ডী ভট্টাচার্য্যের মত লোকের সঙ্গে দলাদলি এবং যেখানে বড়বাবার মত সহোদরের মন্থদর্শন করিতে হয়, নে দেশের সঙ্গে আমি কোন সম্বন্ধ রাখিব না। সেখানে আমার দুর্গোৎসব হইবে না।

শ্রীবি কমচন্দ্র চট্টোপাধ্যায়

আপনি বাড়ী আসিয়াছেন জানিয়া আনন্দিত হইলাম। আসিবেন তাহা জানিতাম। জানিতাম, কেন না আমি দেখিয়াছি আপনার মনে রাগ ভিন্ন বৈরাগ্য উপস্থিত হয় নাই রাগ পড়িয়া যায়, বৈরাগ্য ভিন্ন সংসার ত্যাগ হইতে পারে না। এজন্য আমি যতীশের মাতাকে বিলয়াছিলাম যে চারিমাস অপেক্ষা কর, কেননা টিকিটের মায়াদ ৪ মাস। চারিমাসে না আসেন তখন ব্যস্ত হইও। যাহা হউক আসিয়া ভালই...

অনেক দৃত্রথ পাইরাছেন; ইহাই প্রমাণ যে বৈরাগ্যের অনেক দেরী, মমতা পরিত্যাগই বৈরাগ্য, যাহা হউক আসিরাছেন ভালই হইরাছে, এখন আমার বোধ হইতেছে যে আমাকে আপনার ঠিকানা বলিয়া দিতে নিষেধ না করিলে ভাল হইত। কেননা আমি ঠিকানা বলিতে অস্বীকৃত হইরা অনেকের কাছে শন্ত্র, হইরাছি, অন্ততঃ বড়বাব্ ঐর্প প্রতিপল্ল করিতেছেন। চিরণ প্রভৃতির...অবস্থা তাহাও আমারই দোষ বলিতে হইবে, কেননা আমি মানে দ্রিশ

চিন্নণ প্রভৃতির...অবস্থা তাহাও আমারই দোষ বলিতে হইবে, কেননা আমি মাসে চিল্ল টাকা মাত্র দিয়াছি কিন্তু আমারও দোষ বড় নাই কেননা আমি আপনাকে টাকা পাঠাইয়াছি। আপনি বিদেশ যাত্রার প্র তাহাকে কিছু, দিই নাই বটে...সে খুচরা ১০/২০ টাকা নিতে নারাক্ত এককালীন বেশী দিতে হইবে। আমি টাকার সাপ্রর করিবার জন্য বাড়ীর চিল্ল টাকা বরাম্ম করি নাই। কিন্তু অনেকের সেই বিশ্বাস এবং সেইজন্য আমি নিন্দিত হইরাছি। বড়বাবুর কাছে অনেক গালি খাইয়াছি। কপালী বে তাহার ভাইকে ২৫, টাকা দের সেই দৃষ্টান্ত ছারা আমার চরিত্রের শোধন করিবার চেন্টা পাইয়াছেন। বড়বাবু...

তিনি আলাকে সুস্প্রতি লিখিরাছেন তাঁহার সহিত শান্তা করাই ভারেদের কার্বা, তিনি

মরিলে আমরা কি করিব জিজালা করিরাছেন। আমি কোন উত্তর দেই নাই।

27.12.87

শ্রীচরণেষ্ট্র---

জ্যোতিশের নিজ পরিবার প্রতিপালন.. কিন্তু আপনার ভার তাহার উপর আমার দিবার ইচ্ছা নাই। তাহা প্র্বেপিরে লিখিয়াছিলাম। এবং এক্ষণে সবিস্তার বিবেচনা করিয়া লিখিতেছি— স্বগাঁরি কর্ত্তা মহাশয় জাঁবিত থাকিতে তাঁহার (১) আহাব (২) পরিধেয় (৩) চিকিৎসা

শ্বণায়ি কন্তা মহাশয় স্থানিতে থাকিতে তাহার (১) আহাব (২) পরিধের (৩) চিকিৎসা এই তিন প্রকারের বার আমরা নিশ্বাহ করিতাম। আপনার সম্বন্ধেও আমি তাহাই করিতে চাহি। অতএব ইহার বন্দোবস্তু আমি নিশ্বালিখিতভাবে করিলাম।—

(১) নিজ প্রয়োজনীয় ঘৃত ময়দা কিনিয়া দিয়া আসিবে। /১॥· সের দৃষ বরান্দ থাকিতে

পারে তাহার মূল্য মাস মাস আমি দিব...

- (২) বন্দ্র. তা এবং শয্যা গাত্রবন্দ্র প্রভৃতি যখন বাহা নিজের জন্য প্রয়োজনীর হইবে উমাচরণকে বা আমাকে জানাইলে পাঠাইয়া দিব।
- (৩) আপনার নিজ চিকিৎসার বিল ডাক্তারকে আমার কাছে পাঠাইতে বলিয়া দিলাম।

 ক্তর্যার প্রতি যাহা করিতান আপনার প্রতি তাহা করিতে চাহিতেছি ইহাতে আপনার
 অনভিমত হুইবে না বিবেচনা করি।

দ্বারা লেপের খোল পাঠাইয়া দিয়াছি পেশছ সংবাদ দিবেন। ১৩ পোষ।

জ্যোতিষ্চন্দ্র চট্টোপাধ্যায়কে লিখিত পত্র

নীলমণি কি পাইবে না পাইবে তাহা জানি না। তুমি আমার বড় সংসময় দেখিয়াছ। রথবাত্রা ঠাকুর বাড়ীর মেরামত, তোমার কন্যার বিবাহ, বাকী দেনার পরিশোধ (তোমার ছোটকাকা কিছুই দিলেন না।) ইত্যাদিতে ব্যতিবাস্ত, এই সময় তুমি গচ্ছিত টাকার মত ব্যতিবাস্ত করিয়াছ। আমাব অসাধ্য হইরাছে—ইতি—

শ্রীবন্দিমচন্দ্র চট্টোপাধ্যার তাং ২৩লে আবাঢ

কাল তোমাকে যখন পত্র লিখিয়াছিলাম, তখন আমার তেতলা ঘরে আগন্ন লাগিরাছিল। বর পোড়ে নাই কিন্তু বিশুর দ্রব্য সামগ্রী পর্ড়িয়া ক্ষতি হইয়াছে। সেই সময়ে তোমার পত্র পাইয়া উত্তর দিয়াছিলাম, তাই অমন পত্র লিখিয়াছিলাম। নহিলে লিখিতাম না। টাকাকড়ি এক পরসা হাতে নাই। পর্ইজ ভাঙ্গিয়া বিবাহের উদ্যোগ করিতেছি—

ইতি—তাং ২৪শে আবাঢ় 1st Aug. 1889

প্রিয়তমেব,—

তোমার পর পাইয়া ও তুমি কঠিন রকম পড়িয়া যাওয়ার সন্বাদ পাইয়া চিন্তিত আছি। কোখায় কি রকম জখম হইয়াছে কির্প চিকিৎসা হইতেছে এক্ষণে কেমন আছ আর এখন লোক পাঠান আবশাক কিনা লিখিবে।

তুমি বাড়ী আসিলে সপি-ডীকরণ হইবে। আমি সেই সময় দিনস্থির করিয়া দিব। ভাষ্ট

মাস পুড়িতে না পড়িতে ধাহাতে পরিবার লইয়া যাওয়া হয় সে চেন্টা করা আবশাক।

কটিলপাড়ার সব ভাল আছে, সংবাদ পাইরাছি।

কল্যালবরেব,--

তোমার পত্র পাইরাছি। তুমি সম্পূর্ণ আরোগ্য লাভ করিরাছ কিনা লিখিবে। তোমার কনিষ্ঠ প্রের অমপ্রাশন এক্ষণে হইতে পারে না, কেননা তাহার সর্ব্বাক্তে ফোঁড়া ও জররও কখনও কখনও হইরা থাকে। অসুস্থ শরীরে অমপ্রাশন দিতে নাই। উপনয়নের সময়ে হইবে।

সত্তরাং এক্ষণে সপিন্ডীকরণের প্রয়োজন নাই। নীলমণি মত্ডাগাছায় গিয়াছিল। প্রন্ত আসিয়াছে; সে মত্ডাগাছায় যাওয়ার পর আমার পরিবারবর্গ লইয়া রাখিতে কাঁটালপাড়ায় গিয়াছিল, এক্ষণে তাহারা সেইখানেই আছে অতএব চিন্তার বিষয় নাই।

টাকা মাসকাবারে কৈলাসের নিকট পাঠাইব। কৈলাসকে টাকা মজত রাখিতে বলিবে,

আমি বাড়ী গিয়া খরচপত্র করিব। আমি সংসারের সকল বন্দোবন্ত করিতেছি।

যদি মেহেরপরে পীড়া বেশী না থাকে তবে পরিবার লইয়া বাওয়াই ভাল। কেননা তোমার নিজের তত্ত্বাবধান না হইলে ছেলেগর্নল ভাল থাকে না। আর তোমাদের বাড়ীর কয়ো-পায়খানা অতিশয় অনিষ্টকারী জানিবে।

অনিলার একটী সম্বন্ধ আসিয়াছে। পার ধনী ব্যক্তি, সব ভাল কিন্তু বয়স ৩৬ বংসর। তোমার মত কি-না। অনিলার বিবাহে ব্যয় করা তোমার বা আমার ক্ষমতা নাই, অতএব যাহাতে অলপব্যয় হয় তাহাই ধ্রাজিতে হয়। কৃতদার পারে বায় হইবে না।

শ্রীবঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ২৮শে শ্রাবন

প্রাণাধিকেষ্---

এবার যখন কোন স্থোগ পাইবে আমার ঘরের চাবির গোছা পাঠাইয়া দিও। তোমার পিতার আমলের বঙ্গদর্শন তিন বংসর আমার জন্য বাঁধাইয়া দিও।

আমি এক বেল কাগজ পাঠাইয়াছি, পে'ছিয়াছে কিনা সংবাদ পাই নাই। সংবাদ লিখিবে।

त्राध्यत स्म ১৫ होका कि रहेन निश्यत । तक्तात् मिसाएकन कि?

আনন্দমঠ যে সংখ্যায় বাহির হইয়াছে সেই সংখ্যা হইতে এক কপি বঙ্গদর্শন অক্ষয় সরকারকে দিও। "With B. C. Chatterjee's compliments" লিখিয়া দিও। তাহা হইলে তোমাদের দেওরা ব্র্ঝাইবে না। আনন্দমঠ শেষ হইলে দেওয়া বন্ধ করিবে।

আমায় হাবড়ায় পত্ত লিখিও। বঙ্গদর্শন অচল হইলে আমাকে লানাইও। টাকা বা matter

সম্বন্ধে যাহা উপকার করিতে পারি করিব।

রাধানাথ আমাকে আন্দাজি ৩০ দিয়াছে। তোমাদের যদি despatch বন্ধ থাকে তবে বিশিখও, আমি টাকা পাঠাইব।

ইতি তাং ১৪ জ্বলাই শ্রীবন্ধিকমচন্দ্র চাটান্দ্রি বিনাইদহ, ২২শে কার্ত্তিক

প্রিয়তমেয়ু—

তোমার পিতাকে আর অধিক কুইনাইন খাওয়াইবা না। কলিকাতার পাঠাইবা। আমি জনুরে বড় কন্ট পাইয়াছি। যশোহর হইতে ডাব্ডার ও ঔষণ আনাইয়া চিকিৎসা হইয়াছে। কাল রাচিতে জনুর ছাড়িয়াছে। এই পত্রের সহিত তোমাদের সাংসারিক খরচ ১০০, টাকা, প্রজার ১০, টাকা, 'ঠাকুর সেবার বাকী ১৬,, একুনে ১২৬, টাকা পাঠাইলাম। তোমার পিতার হাতে দিবে।

श्रीविष्क्रमहन्त्र हर्ष्ट्राशासास

প্রাণাধিকেব...

বারাসতের ডেপর্টি-ম্যাজিন্টেট কেদার বস্বরবিবার দিন প্রাতে কটিজপাড়ার বাইকেন ও বৈঠকখানার দ্ইদিন বাস করিবেন। বৈঠকখানাটি বাঁট দিয়া সাফ করাইয়া টেবিল চেচিকি ১০৪২ পাতিয়া রাখিবা। শয়ন জন্য একখানি তক্তপোষ পাতিয়া দিবা। রন্ধন জন্য কোন চালা সাফ করাইয়া রাখিবা, রাতিতে শয়ন জন্য আমায় ষের্প বিছানা দাও, সেইর্প দিবা। কেদারবাব, বড় ভদ্রলোক, পরম বৈশ্ব ও শ্ব্দাচার। তাঁহাকে আনাইবার জনা দেউশনে ৮॥ টার টেপে লোক উপস্থিত থাকিলে ভালা হয়।

প্রঃ কর্তার সপিশ্ত সময়ে সমাজ খাওয়ানো হয় নাই আগামী ব্রধবার উদ্যোগ করার ইচ্ছা আছে, আম দধি ইত্যাদির বন্দোবস্ত রাখিবা। ভাল গ্লাস দেওয়ার জন্য কুছকার ঠিক করিবা। কেদারবাব্বকে আনিতে ভৌশনে তুমি নিজে গেলে ভাল হয়।

আং শ্রীবাঞ্কমচন্দ্র চট্টোপাধ্যায়

প্রিয়তমেষ,

ম্রলী যে কাঁটালপাড়ায় যায় এমন কোন সম্ভাবনা নাই। বড়বাব্রও চাকর নাই। চাকর বাহাকে বাহাকে বহাল করিয়াছিলেন তাহারা পালাইয়াছে। কেহ থাকিতে চাহে না। আজ তিনি পৃথক্ বাসা করিয়াছেন তাঁহার বাসায় অটল মোতায়েন আছে, অতএব ম্রলীকৈ পাঠাইলে আমার বাসায় কাজ চলিবে না। অটল ম্রলী উভয়ে উপস্থিত না থাকিলে বড়বাব্র কার্যা চলে না। কেননা তাঁহার বাসায় জনপ্রাণী নাই। আমার কাঁটালপাড়া যাইবার কোন সম্ভাবনা নাই। বড়বাব্র অবস্থা ঘণ্টায় ঘণ্টায় পরিবর্তনি হইতেছে, কখন কি রকম হয় তাহার স্থির নাই। তিনি আমাকে কোথাও যাইতে দেন না। রাত্রে উঠাইয়া আনেন। স্তরাং তাঁহাকে ফেলিয়া আমি কাঁটালপাড়া যাইতে পারিব না।

তোমার জ্যেন্টতাতের এই মরণাপল অবস্থা, আর তোমার পিতার শ্ব্যাগত এই অবস্থার তমি যে ভোজের ঘটা বাধাইয়াছ তাহা অতি বিস্ময়কর। তোমার বালকবা্রিক আজও যায় নাই।

যাহা হউক সেখানে ম্রলীর যাওষা হইল না। সেখানে লোকাভাবে অটলকে পাঠান হইল না। আমার ছ্রিকাটা যাহা ছিল তাহা ঝিনাইদহ হইতে আসিবার সময় Shirres সাহেবকে দিয়া আসিয়াছি। বেসেট যাহা আছে তাহা টেবিলে বাহির করা যায় না।

আমার বিবেচনায় যদি গোপেন্দ্রকৃষ্ণকে খাওয়াইতে হয়, তবে আমাদের দেশী বাঞ্চনাদি উত্তম করিয়া খাওয়াইলে ভাল হইতে পারে। তুমি যে ২॥ পাঠাইয়াছিলে তাহা ফেরত পাঠাইলাম।

ইতি তাং ব্রধবার শ্রীবন্দিমচন্দ্র চট্টোপাধ্যার ১লা ফেররারী ১৮৮৬

প্রিয়তমেষ,—

তেমোর চাকরী হওরার সংবাদ পাইয়া আমার বিশেষ আনন্দ হইরাছে। তোমার চাকরীতে আমার নিজের বিশেষ উপকার; কিন্তু তাহা তত আনন্দের কারণ নহে। তুমি অমান্য হইয়া যাইতেছিলে, এক্ষণে মন্যাক্ষাভ করিতে পারিবে। আর আমি আজ মরিলো কাল তোমাদের সংসার নির্বাহের উপায় ছিল না। সে উপায় হইল, ইহাই আমার আনন্দের কারণ।

কোন organic disease না থাকিলে কেহই certificate দিতে অস্বীকার করে না। তোমার সের্প কোন পীড়া নাই। কর্মকার্য্য সম্বন্ধে উপদেশ চাহিয়াছ তাহা আমি দিব। অন্বস্তুত্তী হইলে তোমার উপকার হইবে। আপাততঃ নিম্নলিখিত বইগ্লি মনোবোগ প্র্ব্বক অধারন করিতে আরম্ভ করিবে।

- (1) Code of Cr. Procedure Chap. 5, 6, 7, 14, cal 8 sub, II,
- (2) Penal Code.
- (3) Evidence Act.
- (4) Police Manual.

বিশ্বমানর চট্টোলাখ্যার ১০৪৩

विक्का जिल्लावणी

কল্যাশবরেষ,---

তোমার পর পাইরাছি, আঙ্গুলের একটা বেদনা হওয়ায় নিজহাতে পর লিখিতে পারিলাম না। তুমি নৃত্ন কার্ব্যে প্রবৃত্ত হইয়া বের পভাবে ব্যবহার করিতেছ ভাহাতে স্ক্রিধা হওয়ার महावना नारे। উপরওরালা সাহেবরা যখন যাহা বালবেন তখনই তাহা স্বীকার করিতে হইবে এবং সাধ্যান,সারে তাহা সম্পন্ন করিতে হইবে। রাসবিহারীবাব, কলোক হইলেও তাঁহার উপর কিছুমাত অসন্তোষ প্রকাশ করিবে না। তাঁহার সন্বন্ধে কোন কথা সাহেবের নিকট রা অপর কাহারও নিকট কিছুমান্ত বলিবে না এবং তাঁহার খ্ব আন্গত্য করিবে। তিনি কাজ শেখান বা না শেখান আপনি কাজ শিখিবে। বে আপনি কাজ শিখিতে জানে তাহার পরের সাহাব্যের প্ররোজন হয় না, যে আপনি কাজ শিখিতে না জানে পরের সাহায্যে তাহার কোন উপকার হয় না। সাহেব বদ্যাপি তোমাকে প্রনর্থার "কৃষ্টিয়া" বাইতে বলেন তখনই তাহা স্বীকার করিবে, কান্সের জনা আটকাইবে না। অপরজনকৈ জিল্ঞাসা করিয়া কান্স করা যাইতে পারে। Magistrate সাহেবের সহিত সাক্ষাৎ হইলে তোমাকে সদরে রাখার জনা কৈন কথা বলিবে না। ইহাকে "ঘোড়া ডিঙ্গাইরা ঘাস খাওয়া বলে।" District সাহেব তাহাতে খবে রাগ क्रितात मुझानना। वर्णभर्याामा महेता ध्वण्यात व्हारे क्रित्र ना छेटाएँ लाक वित्रस्य हरू. উপহাস করে এবং বংশেও এমন কিছ, গোরবের কথা নাই যে সকলের কাছে সে বড়াই করা যার। जम्करक कृष्टिया माछ, जामि यादेव ना, अमन जरुन कथा जारद्वतंत्र कार्ष्ट् वीनार्व ना। जन्दीमा নমভাবে চলিবে। নমতা শিক্ষা তোমার নিতান্ত আবশাক। যাহারা তোমাকে পরামর্শ দিয়াছে বে, তুমি ছরমাসকাল সদরে থাকিতে চাও একথা তুমি জোর করিয়া বলিতে পার, তাহারা তোমার পরম শত্র। জ্ঞার করিয়া কোন কথা বলিলে তোমার চাকরী থাকিবে না। সাহেবের বাহা ইচ্ছা তাহা করিতে পারে। বাঙ্গালী বিশেষতঃ তোমার মত ক্ষুদ্র চাকরের কোন কথার खात प्रत ना देश निष्ठि कानिए। कार्या धरुख दहेशाह तार्तारदातीयात, कि अना कारारक ख শ্যু করিও না। ইতি-১৭ই ভাদ

শ্রীবিক্সম চট্টোপাধ্যায়

তুমি বোধকরি প্রার সময় বাড়ী গিয়াছিলে, এতদিনে ফিরিয়া আসিয়া থাকিবে। আমার নিকট উপদেশ চাহিয়াছিলে, আমি এই পত্রের মধ্যে সাতটী উপদেশ লিখিয়া পাঠাইলাম। এই সাতটী Golden Rule বিবেচনা করিবে। বিশেষ প্রথম পাঁচটি। ইহার অন্বত্তী হইলে স্বর্থ মঞ্চল ঘটিবে।

এখানকার সমস্ত মঙ্গল। ভরসা করি এই মাস হইতে তুমি সংসারের ভার লইতে পারিবে। ইতি—১লা আশ্বিন

बीर्वाञ्चमहन्त्र ह्रिलायाश

বিশেষ উপদেশ :

- ১। প্রথম প্রয়োজনীয় কথা—সত্য ভিন্ন মিথ্যা পথে যাইবে না। কলমের মুখে কখন মিথ্যা নিগতি না হয়। তাহা হইলে চাকরী থাকে না। নিতান্তপক্ষে কর্তৃপক্ষের অবিশ্বাস জন্ম। অবিশ্বাস জন্মিল আর উন্নতি হয় না।
- ২। দিতীয়-প্রয়োজনীয় কথা পরিশ্রম। বিনা পরিশ্রমে কখন উন্নতি হয় না। কখনও কোন কাজ পড়িয়া না থাকে।
- ৩। উপরওয়ালাদের আজ্ঞাকারিতা। তাঁহাদিগের নিকট বিনীত ভাব। চাকরী রাখার এবং উমতির পক্ষে ইহা নিতান্ত প্রয়োজনীয়। তর্ক করিও না।
- . 81 जाभमात कारकात Rules & Hours विरागवद्दां व्यवश्य इहेरव।

- ৫। কাহারও উপর অত্যাচার করিবে না। পর্নিশের লোকে আসামীর উপর বড় অত্যাচার করে। অনেকের বিশ্বাস তাহা না হলৈ কাজ চলে না, তাহা দ্রান্তি। না চলে সেও ভাল। ইহা নিজে কথন করিবে না বা অধীনস্থ কাহাকেও করিতে দিবে না। ইহার কারাদশ্য আছে।
- ৬। সকলের সঙ্গে সদ্বাবহার করিবে। অধীনস্থ ব্যক্তিদিগকে সদ্বাবহার দ্বারা বশীভূত করিবে। কেহ শন্ত্রনা হয়। কর্ত্তব্য কম্মের অন্বরোধে অনেকের অনিষ্ট করিতে হয়। উহার উপায় নাই। দোষার অবশ্য দল্ড চাই।
 - ৭। নিষ্কারণে ভীত হইও না।

রামদাস সেনকে লিখিত প্র

আপনার প্রণয়োপহার স্বর্প প্রশ্থ দুইখানি পাইয়াছি। পীড়াপ্রযুক্ত এতদিন পুরুক প্রাপ্তির সংবাদ ও পত্রের উত্তর লিখিতে পারি নাই। অপরাধ মার্চ্জনা করিবেন। কমলাকান্তের দিতীর সংস্করণ একখণ্ড আপনার নিকট পাঠাইবার জন্য কলিকাতার আমার কার্য্যকারককে লিখিয়াছি। ভরসা করি আপনার সন্বাঙ্গীণ মঙ্গল। ১লা অগ্রহায়ণ

বািক্ষচন্দ্র চট্টোপাধ্যায়

বিপিনচন্দ্র চট্টোপাধ্যায়কে লিখিত পত্র

প্রিয়তমেস,—

মেজবাব্র রীতিমত চিকিৎসা করাইবে। বার জন্য কুণ্ঠিত হইবে না। আমার কাঁটাল-পাড়া বাওয়া দ্বটি। Suburban Police Court এর চাল্জ আমার নিকট, Confession or Dying Declaration লিখিতে হয়, এজন্য কোথাও যাইতে বাসনা করি না। তবে নিতান্ত আবশ্যক হইলে তথন বিবেচনা করা যাইবে।

ডাক্তার যেরপে বলিয়াছে আমার সেরপে বোধ হয় না। কোন চিন্তার বিষয় নাই। মেঞ্চবাব্র ওরপে জনুর হইয়া থাকে। এক্ষণে কেমন থাকে আগামী কালই আমাকে সম্বাদ দিবে।

আমার নিজের ব্যবস্থা, এক আধ dose China দিবে। China এই অবস্থার বলকারক।

প্রঃ আমি রবিবার কাঁটালপাড়া যাইব।

र्वाञ्कमहन्त्र हत्योशायात्र

विष्कमहत्मुत्र त्थव छेरेन

লিখিতং শ্রীবিক্ষমচন্দ্র চট্টোপাধ্যার পিতা 'ষাদবচন্দ্র চট্টোপাধ্যার জাতি রাক্ষণ সাং কটিলেপাড়া পরগণা হাবিলীসহর ভৌগন ও স্বরেজিন্টারী নৈহাটী ডিন্টির্ট রেজিন্টারী ২৪ পরগণা হাল সাকিন কলিকাতা পটলভাঙ্গা ৫নং প্রতাপ চাট্রেরের লেন কস্য উইল প্রাম্থাং কার্যাঞ্চাপে, বেহেতু আমার শরীর অস্ত্র হওরার এবং আমার সাবেক উইল পরিবর্ত্তন করা আবশ্যক বোধ হওরার আমি নিন্দালিখিত উইল করিতেছি—

र्वाष्ट्रम महनावणी

- ১ দফা কলিকাতা পটলভাঙ্গার ৫ নন্দর প্রতাপ চাট্রেরের গাঁলর ভ্রাসন বাটীর ও ৪ নন্দর দর্গাপ্রসাদ ঘোরের নামীয় জাঁম যাহাতে আমি স্বজাধিকারী ও দর্থালকার জাছি, আমার মৃত্যুর পর হইতে আমার বনিতা শ্রীমতী রাজলক্ষ্মী দেবী তদ্ভরের সম্পূর্ণ স্বজাধিকারিলী হইবেন এবং তদ্ভরের তাঁহার দান বিক্র ও হস্তান্তর করিবার সম্পূর্ণ অধিকার এবং তিনি উইল করিরা অন্যকে দিয়া যাইতে পারিবেন কেবল উপদেশ বা পরামর্শ স্বর্প আমি লিখিতেছি যে তিনি ঐ উভর সম্পত্তি আমার জ্যোষ্ঠা কন্যা শ্রীমতী শরংকুমারী দেবীকে উইল করিরা দিয়া বাইবেন কিন্তু এই উপদেশের দ্বারা তাঁহার অন্যপ্রকার হস্তান্তর করার ক্ষমতা কিছুমার ক্রম করিতেছি না।
 - ২ দফা আমার অপরাপর স্থাবর সম্পত্তি সম্বন্ধে উইন্স করার কোন প্রয়োজন দেখি না।
- ৩ দফা আমার মৃত্যুর পর আমার সমস্ত অস্থাবর সম্পত্তিতে আমার বনিতা আইনান,সারেই সম্পূর্ণ অধিকারিণী হইবেন এজন্য সে সম্বন্ধেও কোন উইলের প্রয়োজন নাই, আমার প্রস্তুকের কপিরাইট অস্থাবর সম্পত্তির মধ্যে গণ্য।
 - ৪ দফা আমার কৃত সাবেক উইল সমস্ত বাতিল ও নামঞ্জুর হইল। ইতি—১৮৯০। ২৩ মে—

अञम्भाग नावेक

DRAMATIS PERSONAL

রামধন— রামকৃষ্ণ— কলাবতী--দিবা-— নিশা—

প্রথম অঙক

SCENE I

প্রতাপ নগনেব বাজবর্থা বামধন—বামক্ষণ

রামধন। কিসের এত গোল।
[নেপথ্যে বহুলোকে 'জয জয় কলাবতী"]
ও কিসের জয়ধননি।

রামকৃষ্ণ জানন। রাণী কলাবতী স্নান করিয়া যাইতেছেন।

রামধন। রাণী ল্লান করিয়া যাইতেছেন, তার এত জন্মধরনি কেন?

্রেপথ্যে "জয় জয় রাণীজিকি শ্র"। ঐ শ্রে।

রামকৃষ্ণ। তুমি বিদেশী তাই অবাক হইতেছ। রাণী কলাবতীকে এ নগরেব লোক ভব্তি করে। বড়ই ভালবাসে।

রামধন। কেন রাণীর কিছু বিশেষ গ্রণ তাছে?

রামকৃষ্ণ। তা আছে—রাণী অতিশার দান-শীলা আর বড় প্রজাবংসলা। বার যে দুঃখ থাকে, রাণীকে জানাইতে পারিলেই—হইল— তার দুঃখ ঘুচিবে।

্নেপথেয় "জার জার মা মা কলাবতীর জার" ৷

ঐ শোন সকলেই রাণীকে মা বলিতেছে তিনি প্রজামান্তেরই মার মত। তার গুলেই এখানকার প্রজারা এত সুখা।

রামধন। বটে! তবে রাজার এত সংখ্যাতি কেন? নামকৃষ্ণ। বাণীব গ্রুণে।

বামধন। তাঁহাকে দৈখিতে পাওয়া যায় ? তিনি কি প্রাচীনা।

রামকৃষ্ণ। না তিনি বড অলপবয়স্কা তবে সকলের মা বিলয়া সকলকেই দেখা দেন। চল না আমবা মাত-দশনে বাই ?

বাম। চল।

টেডযে নিশ্বান্ত

SCENL II

বাজাধ অন্তঃপূৰ

বান্ডা বাজেন্দ্র এক।।

বাজা। কে না জানে আকাশে মেঘ উঠে?
তবে কেন এত ভাবি—মেঘ উঠে মেঘ ছাড়ে।
এ মেঘও উড়িয়া ষাইবে—তবে কেন এত চিন্তা
করি? মনে করিয়াছিলাম এ নিশ্মল আকাশে
কখনও ব্বি মেঘ উঠিবে না, আমি মুখি তাই
এত ভাবি। হার! কোথা হইতে আবার এ প্রবন্ধ
শগ্র দেখা দিল?

কলাবতীর সন্ধিতা স্থীদিগের প্রবেশ

তোরা কেন গো ? এত সাজ গোভ বে।

দিবা। আমরা নাচব।

রাজা। খামকা নাচবে কেন গো?

নিশা। রাণী কলাবতীর হ্কুম (ন্তা

আরম্ভ |*

त्राखा। दकन नाराज्य र्क्य दकन?

দিবা। আগে নাচি [ন্তা]

রাজা। আগে বল।

নিশা। আগে নাচি।

विष्क्रभ ब्रह्मावनी

রাজা। আ মর! তোর পা বে থামে না— জোর করে নেচে বাবি নাকি—আমি দেখব না—এই চোক ব্যক্তিলাম।

[চোখ বুজিয়া]

দিবা। দেখন মহারাজ! আপনাকে মুখ ভেঙ্গাচ্চে।

নিশা। দেখন মহারাজ, আপনাকে কলা দেখাচেচ।

রাজ্ঞা। মরগে যা তোরা! আমি চোক চাব না।

নিশা। আছে। কান তো খোলা আছে।

করতালি দিয়া গীত

নয়ন মুদিয়া, দেখিন সজনী. কান্বর কুটিল রুপ। গলেতে বাঁধিয়া পীরিতী কলসী সাগরে দিন যে ডুব

ताका। ग्रान्ति ना (कर्ण रहार्थण) मिया। তবে ফ্रान्ति द्वाण निन।

(কবরী হইতে প্রুম্প লইয়া রাজার নাসিকার নিকট ধারণ)

রাজা। নিঃশ্বাস বন্ধ করিলাম।

নিশা। চক্ষ্ব কর্ণ নাসিকা বন্ধ। রসনা বাকি আছে—চল ভাই রামা মহলে খবর দিই।

রাজা। মুখ বৃজিয়া থাকিব।

নিশা। তবৈ বড় মা ঠাকুরাণীকে ডেকে দিই।

রাজা। কেন সে ভরত্কর ব্যাপার কেন? নিশা। ইন্দ্রিরের মধ্যে আপনার বাকি আছে পিটের চামড়া।

কলাবতীর প্রবেশ।

কলা। আ মলো তোরা বড় বাড়ালি দ্রে হ!
। সংবীদ্ধ নিক্ষান্ত

রাজা। দেখ ত কলাবতী তোমার লোকজন আমায় কিছ্ব মানে না আমার উপর বড় অত্যাচার করে!

কলা। কি অত্যাচার করেছে মহারাজ? একট্ব হাসিরেছে? সেটা আমারই অপরাধ। তোমার মূখে কর্মদন হাসি দেখি নাই বলিয়া আমি ওদের পাঠাইয়া দিয়াছিলাম।

রাজা। আমার মাধার পাহাড় ভেক্তে পড়ে
—আমি হাসিব কি?

কলা। কি পাহাড় মহারাজ! আমার তো কিছ্ন বল নাই। যা ইচ্ছা করিরা বল নাই— তা সাহস করিয়া জিল্ঞাসা করি নাই। কি পাহাড়! মহারাজ; পড়িলে তোমার একার ঘাড়ে পড়িবে না?

রাজা। পাহাড় আর কিছ্ব নয়—খোদ দিল্লীশ্বর ঔরঞ্জেব। এই ক্ষ্বদ্র রাজ্যের উপর নজর পড়িয়াছে, বাদশাহের যাহাতে নজর পড়ে তাহা তিনি না লইয়া ছাড়েন না।

কলা। এ সম্বাদ কোথায় পাইলেন?

রাজা। আত্মীয়লোকে দৃত্যুখে বলিয়া পাঠাইয়াছে। বিশেষ, ঢাকায় স্বাদার অনেক সৈন্য জমা করিতেছেন। লোকে বলে প্রতাপ-নগরের জন্য।

কলা। কেন আমরা কি অপরাধ করিয়াছ? রাজা। অপরাধ বিস্তর। প্রতাপনগর ধন-ধানা পূর্ণ—লোক এখানে দারিদ্রাশ্না—আব আমরা হিন্দ্! হিন্দ্র ঐশ্বর্য বাদশাহের চক্ষ্মশূল।

কলা। না তবে বিনা যুদ্ধে মরিব কেন । রাজা। দেখি যদি বিনা যুদ্ধে কার্য্যোদ্ধার হয়। আমার ইচ্ছা একবার ঢাকায় যাই। আপনি সুবাদারের মন বুনি, কোন ছলে যদি বশী-ভত করিতে পারি করি।

কলা। এমন কর্ম্ম করিও না—ঔরঙ্গজেবের নাএনকে বিশ্বাস কি? আর আসিতে দিবে না। রাজা। সম্ভব—কিন্তু তাহাতে তাহার লাভ হইবে কি?

কলা। **রাজ্ঞা সহজ্ঞে হস্তগত** করিবে।

রাজা। আমি গেলে তুমি রাজ্যের রক্ষক থাকিবে।

কলা। ছি। স্থালোকের বাহুতে বল কি? রাজা। এখানে বাহুবলের কাজ নয়। বুদ্ধি-বলই ভরসা। প্রতাপনগরের বুদ্ধিবল তুমি একা।

কলা। মহারাজ আপনাকে যাইতে দিতে আমার মন সরিতেছে না।

রাজা। থাকিলেই কোন মঙ্গল! বুদ্ধেই কোন মঙ্গল!

কলা। মারহাট্টা যুদ্ধ করিতেছে—আমরা কি মানুষ নই?

রাজা। না আমরা মানুষ নই। শিবাজীর কাজ কি আমার ধারা সম্ভবে? আমি বাওয়াই স্থির করিতেছি। এখন শরন ঘরে চ**লিকাত্র**। কলাবতী। (স্বগত) বিধাতা, বদি আমার স্থীলোক করিরাছিলে তবে আমার দ্বে হৌক সে কথার এখন আর কান্ধ কি? হার! আমি রাণী কিন্তু রান্ধা কই? রান্ধা অভাবে প্রতাপ-নগর রক্ষা হইবে না। হায়! রাণী হইলাম ত রান্ধা পাইলাম না কেন?

मिवात श्रावश।

(চক্ষ্ম মুছিরা) কি লো দিবি? দিবা। এই কাগজট্বুকু কুড়িয়ে পেরেছি। [এক পত্র দিল।]

কলা। (পড়িলেন) "আমি রাজা রাজেন্দ্রের আজিও প্রবল শন্ত্—প্রতাপনগর ধ্বংস করিয়া তোমাকে গ্রহণ করিব। নইলে ভালোয় ভালোয় এসো।" এ পত্র কোথায় পাইলি?

দিবা। আজ্ঞে আমি কুড়িরে পেরেছি। কলা। তোকে ফাঁসি দিব। আবশ্যক হইলে আমি হকুম দিই তা তুই জানিস?

দিবা। জানি—তা আমি কুড়িয়ে না পেল্ম ত কোথা পেল্ম?

কলা। কোথা পোল? তুই হাতে হাতে নির্মোচন!

দিবা। মাইরি রাণীমা আমি হাতে হাতে নিইনি।

কলা। তবে কোথা পেলি বল, নইলে ফাঁসি দিব।

দিবা। আমি পাররার গলায় পেরেছি।

কলা। সে পাররা কোথার?

দিবা। পারে দড়ি দিরে বে'ধে রেখেছি। কলা। কালী কলম নিরে আর—জবাব

लगा काना काम । नदा आत-ज्याप लग्। निता। कानी कनम आह्—िक निश्व।

কলা। লেখ "আমি তোমার পরম শত্র— তোমার ধ্বংস করিয়া প্রতাপনগর রক্ষা করিব।" লেখা হইল?

দিবা। লিখেছি—পাররার গলায় বে'থে দিরে আসি?

कला। एन निरत।

দিবা। হাঁ রাণীনা এ কে মা--

क्ला। हूण। कथा प्रदश्च आनित्न प्राथा भूष्टित पान एउटन नियः

[দিবা নিম্ফান্ত

কলা। পারে কটা ফ্টিলে কটা দিয়া বাহির করিতে হয়, বুরি আমাকে তাহাই করিতে হইবে।

SCENE III

রাজার অন্তঃপত্র দিবা—নিশা।

দিবা। রাজা ঢাকায় চলিল কেন ছাই? নিশা। তোর জন্য ঢাকাই কাপড় আনুতে। দিবা। আমি ত এমন হুকুম দিই নে, আমার যে ঢাকাই কাপড় আছে।

নিশা। তবে তোর বর আন্তে।

দিবা। কেন এদেশে কি বর পাওয়া ষায় না?

নিশা। এ দেশে তেমন দাড়ী পাওরা বার না—তোকে একটা নেড়ে বর এনে দেবে।

দিবা। তা তার জন্য আর রাজার নিজের যাবার দরকার কি? আমায় বললে আমি একটা খাজে পেতে নিতুম। না হয় গোবিন্দ বখশীকে একটা পরচুলো দাড়ি পরিয়ে ঘরে নিয়ে আসতুম।

নিশা। আচ্ছা বখশী মশাইকে বলে রাখ্বো।

দিবা। দুর হ পাপিষ্ঠ—তোর কাছে কোন কথাই বলবার বো নাই। তা যাক্—সত্য সত্য রাজা ঢাকার চল্ল কেন?

নিশা। কি জানি কেন—রাজা রাজভার মন তুমি আমি কি বৃক্ব।

দিবা। তা, রাজা কি ফিরিবে না নাকি? নিশা। সে কি কথা? অমন কথা মুখে আনতে আছে!

দিবা। রাণী কেলাবতী অত কে'দে কে'দে চোথ ফুলিয়েছে কেন?

নিশা। স্বামী বিদেশে গেলে একট্র কাঁদতে হয়।

দিবা। দ্রে! স্বামী ছেড়ে স্বামীর বাবার জন্য আমি কাদিনে।

নিশা। তোর সাত প্রর্বের ভিতর স্বামী নাই তুই আবার কাঁদিবি কার জন্য? বরং রাজার জন্য একট্ব কাঁদিস ত কাঁদ।

দিবা। না ভাই তা পারিব না। বরং মনের দ্বংথে বসে বসে ল'র্চি মন্ডা খাই গে চল।

নিশা। তাও মন্দ নর।

र्वाध्क्य क्रमावनी

দ্বিত ীয়াজ্ক

SCENE I

রাজা। আমার কি অপরাধ? কি জন্য দিল্লীশ্বর আমার উপর পীড়ন করিতে উদ্যত। স্বা। আপনি ম্সুলনানের ধেষক। পাদশাহ ম্সুলমানের ধন্মরিক্ষক। স্বতরাং বাদশাহ—

রাজা। আমি কিসে মুসলমানের দ্বেষক। আমার রাজ্যে হিম্মু মুসলমান ত্লা--

স্বা। প্রতাপনগরে একটি মসজীদ নাই-মুসলমানে নমাজ করিতে পায় না।

রাজা। আমি মসজীদ প্রস্তৃত করিয়া দিব। সংবা। প্রতাপনগরে একটি কাজি নাই মুসলমানের বিচার কি হিন্দুর কাছে হয়? রাজা। আমি কাজি নিযুক্ত করিব।

স্বা। মহারাজ—আপনি যদি বাদশাহের এর প বশ্যতাপন্ন হন, তবে বাদশাহ কেন আপনাকে রাজ্যন্তাত করিবেন? কিন্তু আসল কথা এখনও বাকি আছে—প্রতাপনগরে মুসলমানে জবাই করিতে পায় না--তার কি হইবে?

রাজা। গোর ভিন্ন অনা জবাইয়ে আপত্তি করিব না।

স্বা। কিন্তু গোরেই আসল কথা। রাজা। হিন্দ্র হইরা গোহত্যা করিতে দিব কি প্রকারে?

স্বা। তবে হিন্দ্রানি ত্যাগ কর্ন।
রাজা। ধন্মত্যাগ করিব? ইহকাল পরকাল
খোওয়াইব? এ কথাও কানে শ্নিতে হইল।
স্বা। ইহকাল নন্ধ ইইবে না। আপনি
ইসলামের ধন্ম গ্রহণ করিলে বরং ইহকাল
স্থী ইইবেন। রাজ্য বজার থাকিবে বরং
আরও বাড়াইয়া দিব। আর পরকালও যাইবে
না। ইসলামই সতাধন্ম—দেখন কত বড় বড়
হিন্দ্ এখন মুসলমান হইতেছে। তাহারা কি
না ব্বিয়ায় ধন্মত্যাগ করিতেছে? বরং আপনার
বাদ সন্দেহ থাকে, তবে আমি ভাল ভাল
মোলা মফ্তি আপনার কাছে পাঠাইয়া
দিতেছি। তাদের সঙ্গে বিচার কর্ন—বিচারে
বাদ ইসলাম সত্য ধন্ম বিলয়া বোধ হয়, তবে
গ্রহণ করিবেন ত

রাজা। ইচ্ছা হর মোলা মফ্তি পাঠাইবেন। কিন্তু ফলোদর সম্ভাবনা দাই। সম্প্রতি আমি যাহা নিবেদন করিলাম, অনুগ্রহ করিরা বাদশাহের নিকট জ্ঞানাইবেন। গোহত্যা ভিন্ন আর সকলেই আমি সম্মত—বার্ষিক কর দিতেও সম্মত। আজু আমি বিদার হইব—যে হুকুম হয় অনুগ্রহ করিরা জ্ঞানাইবেন।

সুবা। কোথা যাইবেন?

রাজা। অনেকদিন আসিয়াছি স্বদেশ যাইব।

নুবা। সে কি? আপনার শ্ভাগমনের সম্বাদ আমি দিল্লীতে এতেলা করিয়াছি। সেথান হইতে খেলওয়াত আসিবে –তাহা না গ্রহণ করিয়া কি যাওয়া হয়।

রাজা। বড় অনুগৃহীত হইন্টেছি কিন্তু আমার অবর্ত্তমানে রাজা বিশৃত্থল হইতেছে। স্বা। নাচার—আপনাকে অবশ্য অবশ্য অপেক্ষা করিতে হইতেছে। আপনার ফৌজ সকল বিদায় দিন।

রাজা। সে কি? আমাকে কয়েদ রাখিতে চাহেন।

স্বা। ও সব কথা কেন? তবে দিনকত আপনাকে এখানে থাকিতে হইবে। দিল্লীর হুকুম না আসিলে ছেড়ে দিতে পারিব না। রাজাু। (স্বাত) হার! কলাবতী তুমি যা বলিয়াছিলে তাহাই হইল। (স্বাদারকে) যাহা হুকুম হয় তাহাই তামিল করিব।

স্বা। তছলীম।

্সন্বাদাণ নিন্দাও রাজা। কয়েদই ত হইলাম। প্রমথ—প্রমথ--প্রমথের প্রবেশ।

আমার আজ কাল ফিরিয়া যাওয়া হইতেছে
না, তুমি প্রতাপনগরে এই সম্বাদ লইয়া যাও।
প্রমধ। যাইব কি প্রকারে? সকল পথে
পাহারা—আমাদের করেদ করিয়াছে।

রাজা। আমার শিপাহী সব কোথার?
প্রমথ। নবাবের লোকে তাহাদের হাতিরার কাড়িয়া লইয়াছে—তাহাদিগকে প্রতাশনগর ফিরিয়া বাইবার হুকুম হইয়াছে।

রাজা। ভাল, তাহারাই গিয়া সম্বাদ দিবে। প্রমথ। দিলেই বা কি হইবে।

SCENE II

কলাবতী-নিশা।

কলা। আৰু একুশ দিন ত্ইল মহারাজ ঢাকায় গিয়াছেন আজও কই কোন সন্বাদ ত পাইলাম না। নিশা। হাঁ রাণীমা, রাজ্বরাণীতেও কি এমন করে দিন গণে?

কলা। কই আমি দিন গণিলাম?

নিশা। কাঁদ কেন মা. আমি ত এমন কিছ্ বলি নাই।

কলা। নিশা, তুই একবার শহরের ভিতর একটা শিয়ানা লোক পাঠাইতে পারিস্— অবশ্য কেহ কোন সন্বাদ শর্মারাছে কেন না ঢাকায় ঢের লোক যায় আসে। আমি এত লোক পাঠাইলাম কেহ ত ফিরিল না। বোধ হয়, মন্দ সন্বাদই আসিয়াছে—লোকে সাহস করিয়া আমার সাক্ষাতে বলিতে পারিতেছে না।

নিশা। আপনাকে বাসত দেখিযা আমি আপনার বৃদ্ধিতেই সহরে অনুসন্ধান করিতে লোক পাঠাইয়া দিলাম—কিস্কু—

কলা। কিন্তু কি?

নিশা। লোকে বলে যে মহারাজকে সন্বাদার আটক করেছে—অমন কর কেন মা! এই জন্য ত বলি নাই। একট্ব শোও আমি বাতাস করি। উড়ো কথায় বিশ্বাস কি?

(কলার শরন)

কলা। বিশ্বাস সম্পূর্ণ। আমি আগেই বলিরাছিলাম যে গেলে তাঁকে আটক করিবে। নিশি! এখন আমার দশা কি হইবে! (রোদন)

নিশা। কাঁদিলে কি হবে মা। আমাদের সকলেরই ত এক দশা হবে। আমরাও নিরাশ্রয় হইলাম—এখন ম্ললমানের হাতে জাতি মান প্রাণ সব যাবে?

কলা। কি বলিলি সবার এক দশা? তোদের যে রাজা মাত—আমার যে স্বামী। তুই কি জানিস স্বামী কি ধন!

নিশা। তা বটে। রাজ্য যার তব্ প্রাণটা থাকিলে আমরা বজার থাকিব। ভাল মা. এক কাজ কর না কেন? রাজার কাছে কেন লোক পাঠাও না যে স্বাদরকে রাজ্য ছাড়িয়া দিয়া আস্নুন—আমরা না হর তাঁহাকে গহনাপর বিক্র করিয়া খাওয়াইব। কাঁদ কেন মা এ কথার?

কলা। তৃই কেন আমার অপমান করিস্ কি! আমার স্বামীকে আমি রাজা ত্যাগ করিরা প্রাণ বাঁচাইতে বলিব। নিশা—তোদের ভর হইরা থাকে তোরা চলিরা যা—আমার স্বামী রাজা—তিনি রাজার কাজ করিবেন।— কিসের গোল ঐ?

(নেপথো বহু লোকে 'জর মা কলাবতীর জর") আফ্রিকার দিনে কে বলে কলাবতীর জর? (पियात প্रत्या)

দিবা। মহারাণী! নগরের সকল প্রজ্ঞা আসিয়া রাজবাড়ী ঘেরিল।

कना। कि इस्राइ!

দিবা। সকলে বলিতেছে ঢাকার স্বাদার এজাকে কয়েদ করিসাছে।

কলা। তারপর প্রজারা কি বলে।

l নেপথে। "মহাবাণী কলাবভীর জয়"।

ওরা কি চায় দিবা?

দিবা। আপনি স্বকণে শ্নুন্ন।

কলা। প্রজারা আমার পুরুর, আমার [নিকট] অব্যারতম্বার। প্রধানদিগকে আমার কাছে ডাকিয়া আন।

। দিবার প্রস্থান। কতিপন্ন নগরবাসীর সহিত প্নেঃপ্রবেশ।

প্রজাবর্গ । জর কলাবতীর জয়। কলা। কি চাও বাবা তোমরা?

১ম প্রজা। মা আমাদের রাজা কোথাস দ ২য় প্রজা। মা, আমাদের রাজাকে নাকি দুষ্ট ববন কয়েদ করিয়াছে। মা, আমাদের বাহনুতে কি বল নাই যে বাপের উষ্ণার করি?

পরিশিষ্ট ক

র্গাধ্বমচন্দ্র লিখিত নাটবটীর পরিত্যক্ত অংশগ্রনি নিন্দে দেওয়া হ**ইল। ব্যধ্মচন্দ্র** প্রথমে নাটকটী এইভাবে **আরম্ভ** করিয়াছিলেন :—

DRAMATIS PERSONAL

মেঘ রায় অকলৎক গণিকা

প্রথম অধ্ক

SCENE I

প্রতাপনগব রাজবর্মা

🛔 মেৰ বারের প্রবেশ।

মেঘ। সংগ্রী উত্তীর্ণ হইল—আর বাইব কি? এখন আর নগরের ভিতর যাইরা কি

र्वाण्क्य ब्रह्मावनी

হইবে? আর একটা রাত্তি হোক্। এই বটতলে বাসিয়া। অপেক্ষা। করা বাউক।

বৈশ্বতলে আসন।
কেনই এত পরিশ্রম করিতেছি? যত্ন সফল
হইলেই কি স্বুখী হইব? না তা নয় তবে যত্নে
স্বুখ আছে—পরিশ্রমেই আরাম। পরিশ্রম বড়
মন্দ হইতেছে না—ইহারই মধ্যে তৃষ্ণা পাইযাছে
—যে ক্ষুধা তৃষ্ণায় কাতর, তার দ্বাবা কোন
কার্যা উদ্ধার হইবে?

অকলভেকর প্রবেশ।

তুমি কি জাতের মেয়ে গা? অক। আমাদের কি জাত আছে মশাই? মেঘ। তুমি বেশ্যা? তা হোক তোমাব দোকানপাট আছে?

অক। একখানি দোকান করি—পথিক লোক রে'ধে বেড়ে খেষে যায়। আপনাকেও ত বিদেশীব মত দেখছি—বিশ্রাম কবেন ত আমার দোকানেই আসুন না।

মেখ। আমাব রাঁধা বাড়া নাই একটা ডাব খেতে পেলেই ভূষ্ণা নিবারণ হয়। অক। তবে আমার দোকানে আস্বন— হাতে পারে জল দিরে ঠাণ্ডা হবেন তারপর ডাব কেটে দেব।

মেঘ। (জনান্তিকে) এও কপালে ছিল. আপনার কাজের জন্য কেন না বাইব। (প্রকাশ্যে) তবে চল।

[উভরের প্রস্থান।

SCENE II

অকলভেক্ব দোকান

মেঘ--অকলংক।

মেঘ। হা গা তোমার দোকানে এত লোকের ভীড কেন?

অক। এখন শহবে ঢের লোক আসছে যাচ্ছে আপনি বিদেশী তাই জানেন না।

মেঘ। কেন গা?

অক। লড়াই বাধবে জান না।

মেঘ। কাতে কাতে?

অক। আমার।

